শ্রীশম্ভু গোপাল দাস : গ্রামাঞ্চলের লোকেরা ১২ মাস চিনি ব্যবহার করে না। কিন্তু বিশেষ জরুরী প্রয়োজনে বিশেষ করে অসুখের সময় ২।৪ পয়সার চিনির প্রয়োজন হয়। সেই সময় রেশনের দোকানে কিভাবে চিনি পাবে, সে সম্বন্ধে গভর্নমেণ্টের পলিসি কি ?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি : তারা কার্ড নিয়ে গেলেই যে ক'জন লোকের জন্য কার্ড সে ক'জন লোক প্রত্যেকে আধ কিলো গ্রাম চিনি পাবে। আর তাছাড়া মুদির দোকান থেকে এক সের করে পাবে।

শ্রীশম্ভুগোপাল দাস : এত চিনির যাদের দরকার নেই অল্প চিনি হলে চলে বিশেষ করে অসুখের সময়, তাদের জন্য কি হবে ?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি : বিনা কার্ডে যে কোন লোক মুদির দোকান থেকে এক কিলো গ্রাম করে পাবে।

শ্রীশম্ভু গোপাল দাস : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন মুর্শিদাবাদ জেলায় একটা গ্রামও নেই যেখানে বিনা কার্ডে আজকে এক ছটাকও চিনি পাওয়া যাচ্ছে এবং এমন কোন দোকান নেই যেখানে কার্ড না দেখালে চিনি পাওয়া যাচ্ছে না ?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি : সেটা আমি জানি না।

[Shri Sanat Kumar Raha rose to speak]

Mr. Speaker : Mr. Raha, this question has been sufficiently answered. So, let us come to the next question.

শ্রীসনৎকুমার রাহা : পশ্চিমবঙ্গে নিয়ন্ত্রিত দরে চিনি বিলি করবার জন্য দৈনন্দিন প্রয়োজনের বাইরে যদি চিনির দরকার হয় যেমন কাজে, অনুষ্ঠানে, শ্রাদ্ধে, ভোজে, বিবাহে, তাহলে তার জন্য সরকারের কোন নীতি আছে কিনা ?

দি অনারেবেল চারুচন্দ্র মোহান্তি : দৈনন্দিন খরচ ছাড়া আপনাদের বিশেষ বিশেষ কার্যে যেমন শ্রাদ্ধে, বিবাহে, পূজায়, এতেও পেতে পারবেন।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার কয়েকটা সাপ্লিমেণ্টারী আছে প্রথম হচ্ছে কলকাতায় মাসে যে চিনিটা দরকার হয় তার শতকরা ৬০ ভাগ চিনি আনবার জন্য মাত্র দুটো কোম্পানীর উপর ভার দেওয়া হয়েছে কিনা ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : আমার জানা নেই, এই রকম প্রশ্ন নোটিশে নেই। এই প্রশ্ন থেকে এই রকম সাপ্লিমেণ্টারী উঠে না।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : রেশনের দোকান মারফৎ যে চিনি সরবরাহ করা হয় সেই চিনি ছাড়া নিয়ন্ত্রিত দরে নয় যে কোন দরে খোলা বাজারে রেশন কার্ড ছাড়া যে কোন দোকানে বিক্রি করবার জন্য প্রতি মাসে কত হাজার টন চিনি বিশেষ বিশেষ লোকের হাতে ছেড়ে দেওয়া হয় ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : রেশন ছাড়া মুদির দোকানে যা দিয়েছি তা ছাড়া চিনি থাকতে পারে না।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : রেশন কার্ড ছাড়া চিনি বিক্রি করবার জন্য মুদির দোকানে ফ্রি সেলের জন্য প্রতি মাসে কত হাজার টন চিনি বিশেষ বিশেষ ব্যক্তিকে দিয়ে থাকেন ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : বিশেষ বিশেষ ব্যক্তিকে দেওয়া হয় না, আমাদের রেজিস্টার্ড মুদির দোকান আছে তাদের দেওয়া হয়, সকল মুদির দোকানে দেওয়া হয় না।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : খোলা বাজারে কত দিয়ে থাকেন প্রতি মাসে ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : এপ্রিল মাসে কলকাতায় ১৪ হাজার ১ শো ৬৪ টন এবং জেলাতে ৬ হাজার ৮ শো ৪৩ টন। মে মাসে কলকাতায় ১৩ হাজার ৫৪ টন, আর জেলাতে ৮ হাজার ৬ টন। জুন মাসে কলকাতায় ১৩ হাজার ৬ শো ৪৭ টন, আর জেলাগুলিতে ৭ হাজার ২ শো ৯০ টন।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : এই যে খোলা বাজারে চিনিটা দিয়া থাকেন কোন প্রতিষ্ঠানের মাধ্যমে খোলাবাজারে এই চিনিটা দিয়া থাকেন ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : এগুলি সব খোলা বাজারে নয়—রেশন সপ প্লাস খোলাবাজার।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : খোলাবাজারে ডিস্ট্রিবিউসনের এজেণ্ট কে ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : খোলাবাজারে রেজিস্টার্ড মুদির দোকান।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : যে চিনি ইনডেন্ট করে আনেন এটা কার উপর ভার থাকে ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : আমাদের রেশনিং অফিসার সব দেন। আগে ইমপোরটার তার নীচে আছে হোলসেলার।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : ইমপোরটার কে ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি : ইমপোরটারের নাম আমার কাছে নেই, নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীনারায়ণ চৌবে : রেজিস্টার্ড মুদির দোকানে যে চিনি দেয়া হয় সেই চিনি প্রপারলি সাপ্লাইড হচ্ছে কিনা, সেই চিনি ব্ল্যাকে যাচ্ছে কিনা সেটা চেক করার কোন মেসিনারী গভর্নমেণ্টের কি আছে ?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি: হ্যাঁ, নিশ্চয়ই আছে—ইনস্পেক্টর আছেন, সাব ইনস্পেক্টর আছেন সকলেই আছেন।

শ্রীনারায়ণ চৌবে: তাঁরা যেমন রেশন দোকানে চেক করতে পারেন রেশন কার্ড দেখে, মুদির দোকানে তাঁরা কি করে দেখবেন?

দি অনারেবল চারু চন্দ্র মহান্তি: কে নিয়ে গেল, কত নিয়ে গেল, কত বিক্রী হচ্ছে এই সব দেখেন।

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন: মাননীয় সদস্য অত্যন্ত সমীচীন প্রশ্ন করেছেন আমরা চেষ্টা করছি যাতে প্রত্যেকে তাঁদের নাম রেশনের দোকানে রেজিস্ট্রি করান, অর্থাৎ প্রত্যেকে রেশন কার্ড নেন। মুদির দোকানে আমাদের চিনি দেয়ার মোটেই ইচ্ছা ছিল না কিন্তু যেহেতু প্রত্যেক লোক তাঁদের নাম রেশনের দোকানে রেজিস্ট্রি করাইনি অর্থাৎ রেশন কার্ড নেয়নি সেজন্য ট্রানজিসান পিরিয়াডের জন্য আমরা মুদির দোকানে দিতে বাধ্য হয়েছি এবং আমরা দেখতে পাচ্ছি যে যারা মুদির দোকান থেকে নিচ্ছেন তাঁরা কম পাচ্ছেন, আর রেশন সপ থেকে যাঁরা নিচ্ছেন তাঁরা বেশী পাচ্ছেন। সেজন্য ধীরে ধীরে প্রত্যেক সপ্তাহে রেশন কার্ডের সংখ্যা বাড়ছে এবং আমার মনে হয় যে আর মাস খানেকের মধ্যে মুদির দোকানে খুব সম্ভব আমাদের চিনি দিতে হবে না।

শ্রীসনৎ কুমার রাহা: গরীব লোক যারা ২ আনা ১ আনা চিনি কিনবে তারা কোথা থেকে কিনবে?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন: চিনি যতটা আমরা রেশন কার্ডে বরাদ্দ করেছি পরিবারের প্রত্যেক লোকের মাথা পিছু তিনি একজনেরটা নিতে পারেন ৫ জনেরটা নাও নিতে পারেন। একজনেরটা নিলেই যথেষ্ট হবে তাঁর।

শ্রীনারায়ণ চৌবে: রেশনের দোকানে যদি গম এবং চাল না নেয় তাহলে চিনি পাওয়া যাবে তো?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন: গম এবং চালের সঙ্গে চিনির কোন সম্পর্ক নেই।

শ্রীমনোরঞ্জন হাজরা: আপনি যে কথা বল্লেন তার সত্যতা সম্বন্ধে আমাদের বিশ্বাস আছে কিন্তু আপনার যা মেসিনারী গ্রামাঞ্চলে এভাবে দেয়া হয় না যাতে করে এই ভাবে চিনি পাওয়া যেতে পারে। সেজন্য আপনাকে অনুরোধ করবো এই প্রশ্নের মাধ্যমে যে আপনি কি এটার দ্রুত ব্যবস্থা করবার জন্য চেষ্টা করবেন?

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন: একটু আগে আমি যে উত্তর দিলাম গ্রাম সম্বন্ধে আমি বলি নাই—আমি কোলকাতা ও ইণ্ডাস্ট্রীয়াল এরিয়া যে অঞ্চলে প্রায় ৮৮ লক্ষ লোক বাস করে তাদের কথা বলেছি। গ্রামাঞ্চলে সত্যিই খুব অসুবিধা আছে। একজন মাননীয় সদস্য যেমন প্রশ্ন করলেন যে কারো একদিন একটু চিনি দরকার হলে তারা কি করে পাবেন। গ্রামাঞ্চলে রেশন করা মুস্কিল, চিনি বিতরণ করাও মুস্কিল এটা আগেও হয়েছে। কাজে কাজেই এখানে যে কি করতে হবে আমরা সে সম্বন্ধে কোন স্থির সিদ্ধান্ত করতে পারিনি।

শ্রীঅপূর্ব লাল মজুমদার: এটা কি ঠিক যে কেন্দ্রীয় গভর্নমেণ্ট যে নীতি অনুসরণ করছেন তাতে আগামী এক বছরের মধ্যে আমাদের দেশে চিনির দাম কমবার কোন সম্ভাবনা নেই?

মি: ডেপুটি স্পীকার: ইট ইজ এ কোশ্চেন অব ওপিনিয়ন।

দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেন: চিনির দাম কমবে কিনা বলতে পারি না।

শ্রীকাশীকান্ত মৈত্র: এই রকম অভিযোগ কি এসেছে যে ব্ল্যাক মার্কেটে যে চিনি পাওয়া যায় ১ টাকা ১২ আনা করে সেগুলি কণ্ট্রোলে যা পাওয়া যায় তার চেয়েও মিষ্টি বেশী।

দি অনারেবেল প্রফুল্ল চন্দ্র সেন: এরকম কোন অভিযোগ আসে নি।

মি: ডেপুটি স্পীকার: কোশ্চেন টাইম ওভার।

Starred questions to which answers were laid on the table.

Subdivisional Hospital at Tamluk

***3.** (Admitted question No. *29.)

শ্রীঅনঙ্গমোহন দাস : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুকে প্রতিষ্ঠিত মহকুমা হাসপাতালের বেড-সংখ্যা কত;

(খ) এম এল এ-গণ উক্ত হাসপাতাল যে-কোন সময়ে পরিদর্শন করিতে পারেন কিনা;

(গ) ইহা কি সত্য যে,

(১) এইরূপ আদেশ দেওয়া হইয়াছে যে, আউটডোর রোগী প্রত্যহ ১৯ নয়া পয়সার বেশি মূল্যে ঔষধ পাইবে না এবং ইণ্ডোর রোগী প্রত্যহ ৫০ নয়া পয়সার বেশি মূল্যের ঔষধ পাইবে না,

(২) গত ৬ মাস ধরিয়া উক্ত হাসপতালে অপারেশনের জন্য কোন রবার কুথ নাই এবং সেলাই করার জন্য কোন নিডল নাই, এবং

(৩) পেনিসিলিন হাসপাতালে একেবারে নাই; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Health :

(ক) ৬৮।

(খ) না।

(গ) (১) হাঁ: সাধারণ ঔষধের জন্য আউটডোর রোগাপ্রতি প্রত্যহ গড়ে ১৯ নয়া পয়সা এবং ইণ্ডোর রোগীপ্রতি প্রত্যহ গড়ে ৫০ নয়া পয়সা বরাদ্দ আছে। যক্ষ্মা নিরোধক, শৃগাল-কুকুর দংশনের এবং সর্প দংশনের ঔষধের মূল্য ইহার মধ্যে ধরা নাই। এই সকল ঔষধ প্রয়োজন মত সরবরাহ করা হয়।

ইণ্ডোর রোগীদের বিশেষ ঔষধ সরবরাহের জন্য শয্যা প্রতি বার্ষিক ৫০ টাকা বরাদ্দ আছে।

(২) নূতন রবার কুথ ছিল না এবং পুরাতন কুথে কাজ চালানো হইয়াছে। কিন্তু নিডল সর্বদাই আছে।

(৩) পেনিসিলিন সর্বদাই আছে।

(ঘ) রবার কুথ যথাসময়ে ক্রয় করিতে পারা যায় নাই বলিয়া অল্প সময়ের জন্য উহা সরবরাহ করা সম্ভব হয় নাই।

Sinking of tubewells in Contai subdivision

***4.** (Admitted question No. *34.)

শ্রীসুধীরচন্দ্র দাস : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ সালে পানীয় জল সরবরাহের জন্য কাঁথি মহকুমার কোন্ কোন্ স্থানে কয়টি নূতন নলকূপ বসিয়াছে; এবং কয়টি নলকূপ তুলিয়া বসান হইয়াছে;

(খ) ঐ বাবদে মোট কত টাকা ব্যয় হইয়াছে এবং

(গ) ১৯৬৩-৬৪ সালে কাঁথি মহকুমার পানীয় জল সরবরাহের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

The Minister for Health :

(ক) থানাওয়ারী হিসাব

থানার নাম			নূতন নলকূপের সংখ্যা		পুনর্খনিত নলকূপের সংখ্যা
এগরা	..	..	৬	..	১৪
খেজুরি	..	..	২	..	১২
ভগবানপুর	..	..	১৪	..	১৯
রামনগর	..	..	৮	..	৬
পটাশপুর	..	..	১০	..	২০
কণ্টাই	..	..	২৫	..	২৮
মোট	..	..	৬৫	..	৯৯

(খ) ২,২৩,০৮০ টাকা ।

(গ) পূর্ব মঞ্জুরীকৃত পরিকল্পনার অসমাপ্ত কার্যগুলির জন্য ১৯৬৩-৬৪ সালে ২১,৭০০ টাকা বরাদ্দ আছে। চলতি বৎসরের জন্য নূতন পরিকল্পনা বিবেচনাধীন আছে।

Pay-scales of Chowkidars and Dafadars

***5.** (Admitted question No. *36.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চৌকিদার দফাদারের বর্তমান বেতনের হার কি ; এবং

(খ) তাহাদের বেতনের হার বৃদ্ধি করার কোন প্রস্তাব করিবেন কিনা ?

The Minister for Home (Police) :

বর্তমানে চৌকিদারগণ সর্বনিম্ন মাসিক ১১৲ টাকা এবং দফাদারগণ সর্বনিম্ন মাসিক ১৪৲ টাকা পান।

বর্তমানে উহাদের বেতনের হার বৃদ্ধি করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

Free diet for the T. B. Patients

***6.** (Admitted question No. *37.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে সকল যক্ষ্মারোগী হাসপাতালে সংস্থান না পাইয়া বাড়িতে সরকারী ঔষধ পাইতেছে, সেই সকল দরিদ্র রোগীকে বিনামূল্যে পথ্য সরবরাহ করিবার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কিনা ?

The Minister for Health :

সরকার গুড়াদুধ পথ্য হিসাবে সরবরাহ করিবার বিষয় বিবেচনা করিতেছেন।

Reservation of seats for admission of students in Medical Colleges

***7.** (Admitted question No. *52.)

ডা: গোলাম ইয়াজদানি: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ছাত্র ভর্তির ব্যাপারে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ মেডিকেল কলেজে জেলাভিত্তিক আসন সংখ্যা নির্দিষ্ট আছে এবং তাহা কত ;

(খ) কোনো জেলার কোটা অন্য জেলার ছাত্র দ্বারা পূর্ণ করা হয় কি ; এবং

(গ) পূর্ণ করা হইলে, তাহা কিভাবে করা হয় ?

The Minister for Health :

(ক) কলিকাতা মেডিক্যাল কলেজ, নীলরতন সরকার মেডিক্যাল কলেজ এবং আর, জি, কর মেডিক্যাল কলেজে প্রি-মেডিক্যাল কোর্সের ৮০টি আসন জেলার ভিত্তিতে বণ্টিত হইয়াছে। জেলাভিত্তিক আসন-সংখ্যার একটি তালিকা টেবিলে রাখা হইয়াছে।

(খ) ও (গ) কোনও জেলার জন্য নির্দিষ্ট আসনগুলি সেই জেলা হইতে প্রথম-বিভাগে উত্তীর্ণ প্রার্থীগণদ্বারা পূর্ণ করা হয়। কিন্তু কোন জেলার আসনগুলি পূর্ণ করিবার পক্ষে পর্যাপ্ত-সংখ্যক প্রথম বিভাগে উত্তীর্ণ প্রার্থী সেই জেলা হইতে পাওয়া না গেলে, বাকী আসনগুলি অন্যান্য জেলার প্রথমবিভাগে উত্তীর্ণ উদ্বৃত্ত প্রার্থীদ্বারা মেধার ভিত্তিতে পূর্ণ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। কিন্তু অন্যান্য জেলায়ও প্রথমবিভাগে উত্তীর্ণ উদ্বৃত্ত প্রার্থী না থাকিলে শূন্য আসনগুলি সংশ্লিষ্ট জেলার দ্বিতীয়বিভাগে উত্তীর্ণ প্রার্থীদ্বারা মেধার ভিত্তিতে পূর্ণ করিবার ব্যবস্থা আছে।

Statement referred to in clause (ক) of starred question No. 7.

(১)	বর্ধমান	৫টি আসন
(২)	বীরভূম	৩টি "
(৩)	বাঁকুড়া	৩টি "
(৪)	মেদিনীপুর	৬টি "
(৫)	হুগলী	৫টি "
(৬)	হাওড়া	৭টি "
(৭)	২৪ পরগণা	১২টি "
(৮)	কলিকাতা (পৌর এলাকা)	১৫টি "
(৯)	নদীয়া	৬টি "
(১০)	মুর্শিদাবাদ	৪টি "
(১১)	মালদা	২টি "
(১২)	পশ্চিম দিনাজপুর	২টি "
(১৩)	জলপাইগুড়ি	৪টি "
(১৪)	দার্জিলিং	২টি "
(১৫)	কুচবিহার	২টি "
(১৬)	পুরুলিয়া	২টি "
	মোট—	৮০টি "

Sugar stock in Government Stores and Godowns

***8.** (Admitted question No. *75.) **Shri Kashi Kanta Maitra :** Will the Hon'ble Minister-in charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the number of Government Stores and Godowns where sugar imported from outside the State is stored :

(b) what were the total stocks of sugar that were lying stored in these stores or godowns in Calcutta including the Katapur Jeta Shed (Calcutta) on the date of promulgation of Sugar Control Order :

(c) who are the traders who indented these stocks that were lying stored on the date of commencement of the Sugar Control Order ; and

(d) what happened to all that stock after the promulgation of Sugar Control Order ?

The Minister for Food and Supplies : (a) No sugar is imported and stored on Government account.

(b) 1,56,791 quintals were stored in the traders godowns at the time of promulgation of control order (as on 15-4-63—two days before the orders were issued from Delhi)

(c) A list is enclosed.

(d) The stock was sold in the open market as usual.

Statement referred to in clause (c) of starred question No. 8

Stock of sugar in Calcutta as on 15-4-63

	Name and address of the sugar dealers	Quantity in Bags
1.	M/s. Swadeshi Sugar Suppliers (P) Ltd., 4 Ramkumar Rakshit Lane ..	10,086
2.	M/s. Hind Sugar Company Ltd., 9 Ram K. Rakshit Lane ..	25,106
3.	M/s. Abinash Chandra Dutta and Sahay Narayan Dutta, 153 Cotton Street	90
4.	M/s. A. H. Bhiwandiwalla & Co. (Bombay) Private Ltd., 2 Digambar Jain Temple Road.	16,067
5.	M/s. Sadhan Chandra Srimany (P) Ltd., 3 Ram K. Rakshit Lane ..	295
6.	M/s. Nafar Dulal Srimany 9 Ram Rakshit Lane	120
7.	M/s. K. N. Bhattacharjee & Co. Pvt. Ltd., /2/ Orphangunge Market ..	281
8.	M/s. Bhattacharyya & Co., 3 Ram K. Rakshit Lane	11
9	M/s. S. C. P. B. Tapadar, 89 Burtalla Street	Nil
10.	M/s. Liladhar Dinanath, 9/1 Ram Kumar Rakshit Lane, ...	745
11.	M/s. A. R. Osman & Co. Private Ltd., 3 Rajmohan Street ..	1,998
12.	M/s. B. N. Srimany & R. P. Srimany, 1 Mirbahar Ghat Street ..	132
13.	M/s. Harakhchand Feriwal, 74 Jamunalal Bajaj Street	587
14.	M/s. Basudeo Co., 26 Burtalla Street	250
15.	M/s. Ramchandra Gulzarilal, 137/3 S. N. Banerjee Road ..	137
16.	M/s. Nishikanta Madhusudan Sen, 23 Kali Kumar Banerjee Lane ..	Nil
17.	M/s. Sree Sree Lakshminarayan Bhandar, 4/5 Orphangunge Market ..	632

Name and address of the sugar dealers	Quantity i Bags
18. M/s. B. L. Dey & C. B. Nandy (P) Ltd. 67/49 Strand Road ..	3,998
19. M/s. Sugar Agents (P) Ltd., 23/24 Radhabazar Street	2,436
20. M/s. P. N. Paul & Sons. 20 Ram K. Rakshit Lane ..	14
21. M/s. Osman Hazi Adam & Co. 2 Rajmohan Street	411
22. M/s. Sind National Sugar Mills Pr. Ltd., 4 Ram K. Rakshit Lane ..	6,810
23. M/s. S. N. Paul & Sons., 74A Nalini Sett Road.	141
24. M/s. Nirmal Himmatsingka & Co., 4 Ram Kumar Rakshit Lane ..	502
25. M/s. Keshaodew Harlalka & Co., 7 Ram K. Rakshit Lane	709
26. M/s. Atmaram Jawala Prasad, 26A Corporation Place	226
27. M/s. Britania Biscuit Co. Ltd., 15 Taratala Road	255
28. M/s. Nirmal Ch. Banerjee, A/3/1 Jagannath Ghat Road ..	99
29. M/s. Biswanath Fatesaria, 5 Ram Kumar Rakshit Lane	1
30. M/s. Shiw Kumar Agarwalla, 49 Strand Bank Road	170
31. M/s. Ramniwas Marwari, Kasba Sen Market	11
32. M/s. Radheshyam & Co., 51/3/2 Strand Road	1,256
33. M/s. Ram Tarak Shaw, 31 A. T. Mookherjee Road	33
34. M/s. Satya Charan Sett, A/3 Jagannath Ghat Road	113
35. M/s. D. N. Saha & Co., 32/1 Mahim Halder Street	138
36. M/s. Deshapriya Stores, 26/A R. G. Kar Road	17
37. M/s. Kanailal Chowdhury, P239 C. I. T. Road	10
38. M/s. Shyam Sundar Stores, 27 Mohanlal Street	144
39. M/s. West Bengal Trading Agency, 34/D Simla Road	39
40. M/s. Sri Hanuman Sugar & Industries Ltd., 178 Mahatma Gandhi Road	7,220
41 M/s. Parsuram Perumal & Co., 4 Ram Kumar Rakshit Lane ..	2,129
42. M/s. Harinagar Sugar Mills Ltd., 14 Grant Street	530
43. M/s. Shyamlal Dharamraj, 1 R. G. Kar Road	118
44. M/s. S. N. Srimany & Co., 165A Netaji Subhas Road	23
45. M/s. Sitaram Omprakash, 128 Hazra Road	147
46. M/s. Lakshminarayan Sugar Traders, ...	Nil
47. M/s. Dawson & Co., (P) Ltd. 27 Dr. Suresh Sarkar Road ..	19
48. M/s. East India Pharmaceutical Works, 102 Shyamaprasad Mookerjee Road.	281
49. M/s. Sambhudayal Mangilal, Kasba Sen Market	44

	Name and Address of the sugar dealers	Quantity in Bags
50.	M/s. Calcutta Ghee, Sugar & Oil Stores, 10 Kalachand Dutta Street ..	3
51.	M/s. Mulchand Muralidhar, 107/A Rashbehari Avenue	8
52.	M/s. Nitya Gopal Khan & Sons, 67/50/A/1 Strand Road ..	108
53.	M/s. Gournadi Trading Company, 143/1 Ultadanga Main Road ..	33
54.	M/s. Premananda Jugal Kishore, 128 Hazra Road	179
55.	M/s. Keshewdeo Gupta, 145 Narkeldanga Main Road	20
56.	M/s. Garib Shah, 1 R. G. Kar Road	43
57.	M/s. Gupta Flour Mills, 51/3/2/B Strand Road	1,167
58.	M/s. Rabindra Nath Guha, 8/B Mohim Halder Street	57
59.	M/s. Rameswar Lal Baluram, 67/46 Strand Road	62
60.	M/s. Sri Harisankar Company, P/35 New C. I. T. Road	108
61.	M/s. New Sugar Agency, 2 Dai Hata Street	Nil
62.	M/s. Juthalal Surajmall, 33 Dr. Suresh Sarkar Road	52
63.	M/s. Sundar Ram Bajranglal, 128 Hazra Road	270
64.	M/s. Renupada Dey, A/4 Jagannath Ghat Road	27
65.	M/s. Madanlal Gupta & Co., 20 Mohanlal Street	126
66.	M/s. Irishna Trading Co., 1/B Convent Road	96
67.	M/s. Mahalaxmi Sugar Co., 45/B Adyasradha Ghat Road	106
68.	M/s. Ghanashyam & Co., 45 Strand Bank Road	104
69.	M/s. Kishan Lal Ratan Lal, 5/1 D. H. Road	6
70.	M/s. Nirmal Chandra Sadhukhan, 8 Raicharan Sadhukahan Road ..	40
71.	M/s. Noor Hossain, 100 Dilkhusa Street	81
72.	M/s. Luxmi Stores, 24 Mohan Lal Street	108
73.	M/s. Kaluram Nagarmal, 57 Clive Street	15
74.	M/s. Ramosswarlal Rajendra Prosad, 57/47 Strand Road	134
75.	M/s. Guljarimal Kishorilal, 7 Hatibagan Road	4
76.	M/s. Hindusthan Dealers Ltd., 54 Ezra Street	3,472
77.	M/s. Lily Biscuit Co., 3 Ramakanta Sen Lane	124
78.	M/s. Kundu Syndicate, 35 Sovabazar Street	22
79.	M/s. Surajmall Bhhadurmall, 1 Convent Road	350
80.	M/s. Ramnibas & Co., 52 Kaliprosad Tagore Street	200
81.	M/s. Sudhir Kumar Sett, 67/45 Strand Road	204
82.	M/s. Thanduram Dwarka Prosad, 155/2 Bowbazar Street ..	160
83.	M/s. Laxminarayan Surgacandy Works, 7 Ultadanga Main Road ..	74
84.	M/s. Sundarlal Sonee, 4 R. K. R. Lane	240

	Names and Address of the sugar dealers	Quantity in Bags.
85.	M/s. Ashoke Vandar, 28 R. G. Kar Road	1,118
86.	M/s. Bisweswarlal Provudayal, 1 Munsibazar Road	80
87.	M/s. Kalpataru Vandar, 12/B Lower Chitpur Road	36
88.	M/s. Krishna Sugar Co., 58/1 Strand Bank Road	1,184
89.	M/s. Shri Annapurna Vandar, 4 R. K. R. Lane	4,473
90.	M/s. Krishna Kumar Rakshit, 164 Baithakkhana Road	63
91.	Messrs. Makhanlal Hazarilal, 13 Corporation Place	284
92.	Messrs. Mohabirprosad Prohllad Roy, 4 Ramkumar Rakshit Lane ..	Nil.
93.	Messrs Lord Bakery, 2 Prince Golam Mohammed Sah Road	38
94.	Messrs. Bharatya Sugar & Industries P. Ltd, 7 R. K. R. Lane ..	6,439
95.	Messrs. Panchanan Ash & Co., 2-B R. K. R. Lane	264
96.	Messrs. Dughlal Lakshmi Narayan, 46 Strand Road	290
97	Messrs. Sugar Merchanrt P. Ltd., 7 R. K. R. Lane	5
98.	Messrs. Shyamsundar Rajendra Kumar, 2 Digambar Jain Temple Road	179
99.	Messrs. Binod Sugar Co., 144 Cotton Street	1,539
100.	Messrs. Raghuram & Sons P. Ltd. 55 Sir Gurudas Road	101
101.	Messrs. Sewlal Laxminarayan, 59-1B Pathuriaghat Street	37
102.	Messrs. Star Sugar Agency, 15 Corporation Place	350
103.	Messrs. James Lord & Sons., 100 Dum Dum Road	5,707
104.	Messrs. Royal Trading Co, 159 Ramdayal Sarkar Street	12
105.	Messrs. Shamsundar Gupta, 1 Dr. Suresh Sarkar Road	100
106.	Messrs. Agarwalla Sugar Co., 51-3-2-B Strand Road	80
107.	Messrs. K. P. Pal & B. B Pal, B-1 Jagannath Road	82
108.	Messrs. Vijoy Sugar Agency P. Ltd., 54-B Kalikrishna Tagore Street ..	861
109.	Messrs. Basudev Benarasi Lal, 27-1B Beliaghata Main Road ..	18
110.	Messrs. Hiralal Duranmall, 50 Clive Street	39
111.	Messrs. Fatechand Mohendra Kumar, 104-A Upper Circular Road ..	13
112.	Messrs. Giridharilal Sital Prosad, 56 Kalikrishna Tagore Street ..	99
113.	Messrs. Jugalkishore Agarwalla, 130 Narkeldanga Main Road ..	32
114.	Messrs. Santilal Guljarilal, 4-1 Rifle Road	52
115.	Messrs. Nijamuddin, 1 Fulbagan Road	9
116.	Messrs. Panchanan Mallik, 23 R. G. Kar Road	95
117.	Messrs. Surajmall Agarwalla, 53 Rashbehari Avenue	15
118.	Messrs. Nandy Dey Traders, 67-49 Strand Road	221
119.	Messrs. Indermal Biswanath, 4 R. K. R. Lane	2,390

Name and address of the sugar dealers	Quantity in Bags.
120. Messrs. Kaluram Rampartap, 155 Upper Chitpur Road	10
121. Messrs. Chiranjeelal Agarwalla, 46 Strand Road, ...	16
122. Messrs. Mahesh Kumar Bejoy Kumar, 48-E Mcleod Street	150
123. Messrs Ashoke Kumar Lohia, 128 Hazra Road.	80
124. Messrs. Belsund Sugar Co., 14 Netaji Subhas Road	1,252
125. Messrs. Baidyanath Pal, 1 Ahiritola Street.	235
126 Messrs. Brigmohan & Co., 47-46 Strand Road	275
127. Messrs. Roormal Manna Lal, 47-46 Strand Road	128
128. Messrs. Suresh Vegetable Stores, 62-A Kalikrishna Tagore Street. ..	564
129. Messrs. Ahmad Ali, 3 Phulbagan Road	8
130. Messrs. Amarnath Hazra, 52-5 Strand Road	145
131. Messrs. Mohanlal & Co., 24 Mohanlal Street	43
132. Messrs. Nandy Doy Nandy Ltd., 6A Adyasradha Ghat Road ..	55
133. Messrs. Sarada Vegetable Stores, 54A Kalikrishna Tagore Street ..	172
134. Messrs. Radhakrishna Stores P. Ltd., 17-2 Kaliprasanna Chakravorty Street.	66
135. Messrs. Mahendra Kumar Rajendra Kumar, 9-B Rani Rashmoni Road	104
136. Messrs. Sudhanshu Sekhar Pal and Subal Chandra Pal, 32-7, B. B. Street	157
137. Messrs. Purusottamlal Dowakinand, 4 R. K. R. Lane	504
138. Messrs. A. L. Chaudhury & Co., 1 Western Street	66
139. Messrs. New Bengal Trading Co., 43-A Adyasradha Ghat Road ..	132
140. Messrs. Murarilal Hazarilal, 30-C Russa Road	11
141. Messrs. Rameswarlal Agarwalla, 7-A Gas Street	57
142. Messrs. Ganesh Export & Import Co., 18-A Rupchand Roy Street ..	Nil.
143. Messrs. R. S. Vakat & Co. P. Ltd., 4 R. K. R. Lane	184
144. Messrs. Rama Trading Co., 56 Kalikrishna Tagore Street ..	140
145. Messrs. Babulal Halui, 6 Baniapukur Lane	336
146. Messrs. Sree Gopal Trading Co., 19 Sovabazar Street	10
147. Messrs. Raghunandan Shaw, 1 R. G. Kar Road	45
148. Messrs. Sree Sree Siva Durga Vandar, 88-11 Orphangunge Market ..	57
149. Messrs. Rameshwarlal Dayasankar, 45 Canal West Road ..	125
150. Messrs. Mrityunjoy Dey, 25 Orphangunge Market	192
151. Messrs. Kidderpore Trading Co., 25-2 Orphangunge Market	101
152. Messrs. Guljarimall Dwarkadas, 1 Kalidas Singhi Lane	13
153. Messrs. Rameswarlal Sowalal, 2 Munshibazar Road	5
154. Messrrs. Rajendra Company, 9 R. K. R. Lane	-

	Names and addresses of the sugar dealers	Quantity in Bags.
155.	Messrs. Nandy Trading Agency, 11 Gangaprosad Mukherjee Road ..	77
156.	Messrs. Purusottam Lal Vagat, 4 R. K. R. Lane	5
157.	Messrs. Bishnu Sugar Mills, 8 Netaji Subhas Road	5
158.	Messrs. Bholanath & Co., 51-3-1-B Strand Road	507
159.	Messrs. Bharamal Agarwalla, 51-3-2-A Strand Road	385
160.	Messrs. Omprakash & Co., 25 Sir Gurudas Road	52
161.	Messrs. Sagarmal Agarwalla, 57 Clive Street	140
162.	Messrs. Bistucharan Dey & Co., Ltd., 58-A Acharya Profulla Chandra Road.	135
163.	Messrs. Basudev Dutt & Co., 67-45-B Strand Road	53
164.	Messrs. Guljarimal Surajmal, 110-A Mechuabazar Street	36
165.	Messrs. Satyanarayan Jhunjhunwalla, 2 Digambar Jain Temple Road	41
166.	Messrs. Bharat Sugar Mills Ltd., 15 India Exchange Place, India ..	1,608
167.	Messrs. New Sugar Mills Ltd., 15 India Exchange Place	1,507
168.	Messrs. Gobinda Sugar Mills Ltd., 15 India Exchange Place	1,935
169.	Messrs. The Oudh Sugar Mills Ltd., 15 India Exchange Place	734
170.	Messrs. Upper Ganges Sugar Mills Ltd., 15 India Exchange Place ..	2,720
171.	Messrs. Pal & Co., 35 N. Block, New Alipore	43
172.	Messrs. Asoka Company, 21-A Corporation Place	266
173.	Messrs. Onkarmall Aagzrwalla, 22-A Corporation Place	121
174.	Messrs. Bhagabat Chandra Sett, 123 Beliaghata Main Road ..	7
175.	Messrs. Our Stores, 107, D. H. Road	57
176.	Messrs. Ramkaran Jagannath Prosad, 48 Canal Road, West ..	24
177.	Messrs. Sindhi & Co., P. Ltd., 4 R. K. R. Lane	235
178.	Messrs Gopal Trading Co. P. Ltd., 9 R. K. R. Lane	1,592
179.	Messrs. Mansukh Rai Sagarmal, 57 Clive Street	139
180.	Messrs. Sri Gobinda Stores, 106 Beliaghata Main Road	63
181.	Messrs. Chaturbhuj Gupta, 57-47 Strand Road	198
182.	Messrs. Bangshi Lal Agarlal, 1 Baitakkhana Road	115
183.	Messrs. Mahabir Sugar Control, 2 Digambar Jain Temple Road ..	55
184.	Messrs. Laxminarayan Seddeshwar Vandar, 151-B Raja Dinendra Street	52
185.	Messrs. Sri Ganesh Supply Agency, 166-E Upper Chitpur Road ..	46
186.	Messrs. Sri Gopal Trading Co., 4 Badridas Temple Street	19
187.	Messrs. Brijraj Hamrij Pal, 253 Kalighat Road	40
188.	Messrs. Luxminarayan Stores, 26 Mohanlal Street	71

	Names and address of the sugar dealers	Quantity in Bags.
189.	Messrs. Ramsarup Shaw, 62-A Park Street	13
190.	Messrs. Joy Narayan Prohallad Rai, 2-31 Dr. A. Kabir Road ..	19
191.	Messrs Bholanath Bnagshidhar, 24 Mohanlal Street	90
192.	Messrs. Jeotmall Kaloomall, 8-1 Suklal Jahuri Lane	1,840
193.	Messrs. Prokash Trading Co., 144 Cotton Street	245
194.	Messrs. Srikrishna Cyanodoy Sugar Ltd., 11 Clive Row	4,711
195.	Messrs, Bisweswar Lal Kanaialal, 174 M. G. Road	34
196.	Messrs. Srilal Agarwalla, 31 Russa Road	12
197.	Messrs. Jhumarmal Kotari, 147 M. G. Road	216
198.	Messrs. Srikrishnadas Bhagiratiimall, 134 M. G. Road . ..	11,823
199.	Messrs. Vijoy Banaspati Stores, 142-1 Lansdown Road	96
200.	Messrs. Satyanarayan Stores, 47/49 Strand Road	170
201.	Messrs. Lalit Mohan Kundu, 5-8 Canal West Road	124
202.	Messrs. Hindusthan Sugar Corporation, 59-12A Pathuriaghata Street	218
203.	Messrs. Sri Narayan Sugar Traders, 2 Digambar Jain Temple Road ..	325
	Grand Total	1,56,971

Development of Squatters' Colonies of Tollygunj

***9.** (Admitted question No. *81.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(a) if the Calcutta Metropolitan Planning Organisation (C.M.P.O.) will undertake development of areas comprising Squatters' Colonies of Tollygunj, Jadavpur, Dhakuria-Haltu-Kasba and provide in particular for underground sewer, drainage, roads, and sanitation ;

(b) if the State Government has any comprehensive plan for developing these areas ; and

(c) if so, when the work will start ?

The Minister for Development and Planning: (a)The Calcutta Metropolitan Planning Organisation is preparing a comprehensive Master Plan for the development and re-development as the case may be, of all areas within Greater Calcutta including the Squatters' Colonies of Tollygunj, Jadavpur, Dhakuria-Haltu-Kasba. An Emergency Water Supply Scheme for these areas has already been submitted to the Planning Commission and the Government of India , whose approval is being awaited. Execution of the schemes, when approved, will, however, be undertaken by other Agencies entrusted for the purpose by the Government.

(b) Government have only an outline plan for all-round development of these areas, but no detailed working plan.

(c) Does not arise.

Rrcruitment of Red-Cap Lamas for education in Delhi

***10.** (Admitted question No. *82.) **Shri Kashi Kanta Maitra**: Will the Hon'ble Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) if the Government is aware that a lady had been recruiting incarnate Lamas from the Red-Cap seat of such Lamas from among the Tebetan refugees from Kalimpong on the plea of giving them lessons in Hindi and English in a school in New Delhi ;

(b) if she had recently made any representation in that behalf to the Frontier Inspector at Kalimpong ;

(c) if the State Government has any information as to the number of such Red-Cap Lamas recruited in this way from Kalimpong, prior to the proclamation of emergency following Chinese invasion of India and if the Home Department will enquire about the whereabouts of these Lamas who received lessons in Hindi or English at the New Delhi School started by this lady ; and

(d) if the Government is aware of the fact that this lady had collectdd huge funds from foreign countries for her so-called private institution for the above object ?

The Minister for Home (Political): (a) Government have received information that a lady visited Kalimpong and Sikkim with a view to getting recruits from Tibetan for her school at Dalhousie (Punjab);

(b) A letter was sent by the lady to the Frontier Inspector, Kalimpong, requesting him to allow eighteen Tibetans of Kalimpong to go to Dalhousie (Punjab) to join her school;

(c) There is no information that the lady had recruited any Red Sect Lama (Tibetan) from Kalimpong, for her School at Dalhousie (Punjab) prior to the proclamation of Emergency;

(d) It is reported that the lady has been collecting donations for her school both from foreign countries and from private individuals in India. The exact amount of collection is not known to Government.

Availability of sugar at controlled rate

***11.** (Admitted question No. *143.)

শ্রীসনৎকুমার রাহা : খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রাজ্যে সাধারণ লোক যাহাতে সহজে ন্যায্যমূল্যে চিনি কিনিতে পারে তজ্জন্য সরকার হইতে কি ব্যবস্থা হইয়াছে ?

The Minitser for Food and Supplies:—

কলিকাতা ও তৎসংলগ্ন শিল্পাঞ্চলে ন্যায্য মূল্যের দোকান মারফৎ রেশন কার্ড হোল্ডারদের রাজ্য সরকারের নির্দ্ধারিত মূল্যে মাথাপিছু সাপ্তাহিক বরাদ্দ অনুযায়ী চিনি বণ্টন করা হইতেছে এবং খোলা বাজারে মুদীর দোকান হইতেও উক্ত মূল্যে চিনি পাইবার ব্যবস্থা করা হইয়াছে।

কলিকাতা ও শিল্পাঞ্চল ব্যতীত পশ্চিমবঙ্গের অন্যান্য এলাকায় যাহাতে নির্দ্ধারিত মূল্যে চিনি পাওয়া যায় সেই বিষয়ে জেলা শাসকগণ প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিয়াছেন।

Distribution of rice and wheat through ration shops

***12.** (Admitted question No. *144.)

শ্রীসনৎকুমার রাহা : খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আংশিক রেশনের দোকান ও খয়রাতি সাহায্যের জন্য যে সকল দোকান নির্দিষ্ট হয় তাহাদের প্রত্যেকটিতে কমপক্ষে কত ইউনিট গম বা চাউল সরবরাহের জন্য দেওয়া হয় ;

(খ) এই সরবরাহ কি প্রত্যেক দোকানগুলিতে ব্যবসাভিত্তিকভাবে লাভের জন্য দেওয়া হয় ; এবং

(গ) যদি উত্তর 'হ্যাঁ' হয় তা হ'লে তাহা কি পশ্চিমবঙ্গে এই একই নীতি চালু আছে ?

The Minister for Food and Supplies:

(ক) সপ্তাহে অন্যূন মোট ১০।১২ কুইণ্টাল পরিমাণ চাউল ও গম প্রতি আংশিক রেশনের দোকানে রাখা হয়।

(খ) ও (গ) হ্যাঁ।

Engineers under Rural Water Supply Schemes

***13.** (Admitted question No. *200.)

শ্রীসনৎকুমার রাহা : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য রাজ্যসরকারের আর ডব্লিউ এস স্কীমের অধীনে মোট ইঞ্জিনীয়ার, ওভারসিয়ার, সাব-ওভারসিয়ার সহ কত জন আছেন ;

(খ) এই সকল ইঞ্জিনীয়ারগণের কাজ কি ; এবং

(গ) এই সকল ইঞ্জিনীয়ারগণের জন্য রাজ্য সরকারের ব্যয় হয় কত ?

The Minister for Health :

(ক) মোট ১১৮ জন

(খ) এই সকল ইঞ্জিনিয়ারগণ পল্লী অঞ্চলে জল সরবরাহ করিবার জন্য নলকূপ, ইন্দারা এবং পাতকুয়া (সিমেণ্টের) প্রভৃতি খনন পুনঃসংস্কার এবং সংরক্ষণ কার্যের তদারক করিয়া থাকেন।

(গ) বাৎসরিক প্রায় ২,৯৩,০০০ টাকা ব্যয় হয়।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Minor Irrigation Scheme

1. (Admitted question No. 5.) **Shri Ananga Mohan Das :**

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষুদ্র সেচ পরিকল্পনার প্রত্যেকটির জন্য ১৯৬৩-৬৪ সালে সর্বোচ্চ কত টাকা খরচ হইবে ;

(খ) ঐগুলি কে মঞ্জুর করিবেন এবং কিভাবে উহার কাজ সম্পন্ন হইবে ;

(গ) মেদিনীপুর জেলায় কোন থানাতে কত টাকার ঐরূপ পরিকল্পনার জন্য আবেদ পাইয়াছেন ; এবং

(ঘ) তন্মধ্যে কোনগুলি মঞ্জুর হইয়াছে ?

The Minister for Irrigation and Waterways :

(ক) সেচ ও জলপথ দপ্তর এক লক্ষ টাকার উর্দ্ধ হইতে দশ লক্ষ টাকা পর্যন্ত ব্যয়ের প্রতিটি ক্ষুদ্র সেচ পরিকল্পনা (মাইনর ইরিগেশন স্কীম) কার্য্যকরী করিয়া থাকে। এক লক্ষ টাকা পর্যন্ত ব্যয়ে প্রতিটি সেচ পরিকল্পনা কৃষিদপ্তর রূপায়ন করে। নিম্নস্থ তালিকায় বর্ণিত ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য সেচ ও জলপথ দপ্তর ১৯৬৩-৬৪ সালে মোট ৬,৯০,০০০৲ টাকা খরচ করিবে বলিয়া আশা করা যায়।

(খ) এই পরিকল্পনাগুলি সেচ ও জলপথ দপ্তর মঞ্জুর করিয়া থাকে এবং সেচ ও জলপথ দপ্তরের অধীনস্থ ইঞ্জিনীয়ার ও ওভারসিয়ার ইত্যাদির তত্বাবধানে ঐ পরিকল্পনাগুলি রূপায়নে কাজ সম্পন্ন হইয়া থাকে।

(গ) সেচ ও জলপথ দপ্তর থানা হিসাবে কোন সেচ পরিকল্পনা রূপায়ণ করে না, কাজেই কোন থানাতে কত টাকার পরিকল্পনার আবেদন পাওয়া গিয়াছে তাহার আলাদা কোন হিসাব রাখা হয় না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

List referred to in reply to clause (Ka) *of unstarred question No.* 1

অধিক খাদ্য ফলাও প্রোগ্রামের মাধ্যমে সেচ ও জলপথ দপ্তর কর্তৃক কার্যকরী পরিকল্পনার তালিকা

	১৯৬৩-৬৪ সালের অনুমানিক ব্যয় বরাদ্দ (টাকা)
(১) মালদহ জেলার বাটিজোড় সেচ পরিকল্পনা ...	৩,০০০
(২) পুরুলিয়া জেলার তারাজোড় সেচ পরিকল্পনা ...	৩,০০,০০০
মোট	৩,০৩,০০০ টাকা

সমাজ উন্নয়ন (কম্যুনিটি ডেভেলপমেণ্ট) প্রোগ্রামের মাধ্যমে সেচ ও জলপথ দপ্তর কর্তৃক গৃহীত পরিকল্পনার তালিকা

		১৯৬৩-৬৪ সালের আনুমানিক ব্যয় বরাদ্দ টাকা
(১) মেদিনীপুর জেলার পাঁশকুড়া (১) ব্লকে সাহালালপুরে সেচের জন্য কপাটকল (স্লুইস গেট) নির্মাণ	...	৩,০০০
(২) ঐ জেলায় নয়াগ্রাম ব্লকে রংগিয়াম বাঁধ সেচ পরিকল্পনা	...	৪০,০০০
(৩) কোচবিহার জেলায় তুফানগঞ্জ ব্লকে জোড়াই সেচ পরিকল্পনা		২০,০০০
(৪) জলপাইগুরি জেলার ফলাকাটা ব্লকে বিরকুটি সেচ পরিকল্পনা		৯০,০০০
(৫) দার্জিলিঙ জেলার ফুলবাজার ব্লকে মুংমুং খোলা সেচ পরিকল্পনা	...	২৮,০০০
(৬) দার্জিলিঙ জেলায় ফুলবাজার ব্লকে কালিখোলা সেচ পরিকল্পনা	...	৫০,০০০
(৭) দার্জিলিঙ জেলায় কালিম্পঙ ব্লকে পেমব্রিং নিমবং সেচ পরিকল্পনা	...	১৩,০০০
(৮) বাঁকুড়া জেলার রানিবাঁধ ব্লকে মহাদের সিনান সেচ পরিকল্পনা	...	৪৩,০০০
(৯) ঐ জেলায় বারজোড়া ব্লকে কানজোড় জলাধার হইতে একটি খাল কাটার পরিকল্পনা	...	১,০০,০০০
		৩,৮৭,০০০
	মোট	৬,৯০,০০০ টাকা

Construction of a sluice gate in P.S. Pingla, Midnapore

2. (Admitted question No. 6.) **Shri Ananga Mohan Das :**

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা থানার লখিবাড়ী গ্রামের নিকটে সেচ বিভাগের বাঁধের উপর একটি স্লুইসের জন্য জনসাধারণ হইতে সরকার কোন আবেদনপত্র পাইয়াছেন কি ;

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত স্লুইসটি প্রস্তুত না হইলে লখিবাড়ী ও পার্শ্ববর্তী গ্রামের জলনিকাশের অসুবিধা হইবে ;

(গ) উক্ত স্লুইস নির্মাণের জন্য কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে উহার কাজ কবে আরম্ভ হইবে ?

The Minister for Irrigation and Waterways :

(ক) (খ) ও (গ) হ্যাঁ।

(ঘ) পরিকল্পনাটি এখনও বিবেচনাধীন আছে। সুতরাং উহার কাজ কবে আরম্ভ হইবে বলা সম্ভব নহে।

Grants to Higher Secondary Schools for construction of building and for purchase of equipment for Science Course

3. (Admitted question No. 3.) **Shri Ananga Mohan Das :**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬২-৬৩ সনে যে সমস্ত হায়ার সেকেণ্ডারী বিদ্যালয়ে সায়েন্স মঞ্জুর করা হইয়াছে, তাহারা গৃহনির্মাণ বা যন্ত্রপাতি ক্রয়ের জন্য সরকার হইতে কোন আর্থিক সাহায্য পায় নাই;

(খ) যন্ত্রপাতির অভাবে পড়াশুনার অসুবিধা হইতেছে বলিয়া মেদিনীপুর জেলার কয়টি ঐ প্রকারের বিদ্যালয় অর্থ সাহায্যের জন্য সরকারের নিকট আবেদন করিয়াছে; এবং

(গ) উক্ত আবেদনের ভিত্তিতে কয়টি বিদ্যালয়কে কিরূপ পরিমাণ অর্থ সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Education :

(ক) ইহা সত্য যে, গৃহনির্মাণের জন্য কোন আর্থিক সাহায্য মঞ্জুর করা হয় নাই। কিন্তু যন্ত্রপাতি ক্রয়ের জন্য প্রতিটি বিদ্যালয়ের জন্য ২৫,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) কেহই করেন নাই।

(গ) এই প্রশ্ন উঠে না।

Bridge over the river Kansabati on Moyna-Tamluk Road

4. (Admitted question No. 9.) **Shri Ananga Mohan Das :**

পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়না-তমলুক রাস্তার উপরের কাঁসাই নদীর পুলের মোট এস্টিমেট কত; এবং

(খ) উক্ত নির্মাণকার্য শেষ করিতে মোট কত দিন লাগিবে?

The Minister of State for Public Works (Roads) :

(ক) এই সেতু নির্মাণের কোন কাজ এই বিভাগ কর্তৃক গৃহীত হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Patlakhowa-Jaigaon Road, Jalapiguri

5. (Admitted question No. 20.) **Shri A. H. Besterwitch :** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased state—

(a) whether the Government has any immediate plan for the construction of the Patlakhowa-Jaigaon Road ; and

(b) whether the Government is considering to extend the Silbari-Salkumar Hat Road to Jaigaon Road through Jaldapara Forest ?

The Minister for Public Works : (a) There is an already existing road from Jaigaon to Hashimara. Patla-Khowa-Hashimara Road is under improvement as a connecting road to Torsa Bridge at Hashimara.

(b) No.

A new road from Purusottampur to Arangkeyarana, Midnapore

6. (Admitted question No. 25.)

শ্রীঅনঙ্গমোহন দাস : পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার পাশকুড়া থানার পুরুষোত্তমপুর হইতে ময়না থানার আড়ংকিয়ারানা পর্যন্ত একটি নূতন রাস্তার পরিকল্পনা ৩য় পরিকল্পনাকালে গ্রহণের জন্য মেদিনীপুর জেলার উন্নয়ন সংস্থা কর্তৃক সুপারিশ হইয়াছিল ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত পরিকল্পনা সরকারের মঞ্জুরী পাইয়াছেন কিনা ;

(২) উহার প্ল্যান ও এস্টিমেট প্রস্তুত হইয়াছে কিনা ; এবং

(৩) উহার কাজ কবে আরম্ভ হইবে ?

The Minister for Public Works (Roads)

(ক) প্রস্তাবিত রাস্তাটির মাত্র প্রজাবরঘাট হইতে আড়ংকিয়ারানা পর্যন্ত অংশ জেলা উন্নয়ন সংস্থা সুপারিশ করিয়াছিলেন।

(খ) (১) না।

(২) ও (৩) এ প্রশ্ন উঠে না।

New roads in Midnapore district during the Third Five-Year Plan

7. (Admitted question No. 26. 6.)

শ্রীঅনঙ্গমোহন দাস : পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার হাউর স্টেশন হইতে মালিগ্রাম বাজার হইয়া বুড়ালহাট পর্যন্ত একটি রাস্তা এবং মেদিনীপুর জেলার দাসপুর থানার চক্কৃপাল হইতে রাধামোহনপুর স্টেশন হইয়া পিংলা থানার নয়া পর্যন্ত একটি রাস্তা তৃতীয় পরিকল্পনা কালে মঞ্জুর হইবার জন্য মেদিনীপুর জেলার উন্নয়ন সংস্থা কর্তৃক সুপারিশ করা হইয়াছিল ?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ ২টি রাস্তার সার্ভে ইত্যাদি করা হইয়াছে কি না ;

(২) উহাদের প্ল্যান ও এস্টিমেট করা হইয়াছে কিনা ;

(৩) যদি হইয়া থাকে তবে কত টাকার এস্টিমেট হইয়াছে ; এবং

(৪) উহাদের কাজ কবে আরম্ভ হইবে ?

The Minister for Public Works (Roads) :

(ক) হ্যাঁ।

(খ) (১) প্রস্তাবিত রাস্তা দুইটির মধ্যে একমাত্র চক্কৃপাল রাধামোহনপুর নয়া রাস্তার চক্কৃপাল হইতে লোবাদা হইয়া ৩টি রোডের উপর বিষ্ণুপর পর্যন্ত অংশটি ৩য় পরিকল্পনায় স্থান পাইয়াছে। জরীপের কাজ এখনও হয় নাই।

(২) না।

(৩) চককৃপাল হইতে বিষ্ণুপুর পর্যন্ত রাস্তার জন্য তৃতীয় পরিকল্পনায় দশ লাখ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(৪) প্রয়োজনীয় প্রাথমিক কার্য্যাবলী শেষ হইলেই চককৃপাল-বিষ্ণুপুর রাস্তার কাজ আরম্ভ হইবে।

Plan for small sluice gates

8. (Admitted question No. 27)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বন্যা নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন এলাকাতে কয়েকটি নূতন স্লুইসের জন্য সরকার পরিকল্পনা করিয়াছেন;

(খ) মেদিনীপুর জেলার ময়না থানার বন্যা নিবারণের জন্য ময়না থানার পশ্চিমবাঁধে কোন ছোট স্লুইস নির্মাণের পরিকল্পনা আছে কি না; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কয়টি স্লুইস হইবে এবং তাহার কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) স্থানের নাম নির্দেশ করা নাই বলিয়া এই প্রশ্নের সঠিক উত্তর দেওয়া সম্ভবপর নহে। তবে সেচের জন্য ও বন্যা নিয়ন্ত্রণের জন্য সময় সময় ছোট ছোট স্লুইসের পরিকল্পনা গ্রহণ কর হয়।

(খ) বন্যা নিয়ন্ত্রণের জন্য কোন নূতন স্লুইসের পরিকল্পনা নাই তবে সেচের জন্য আছে।

(গ) সেচের জন্য বিভিন্ন স্থানে ৬টি স্লুইসের পরিকল্পনা বর্তমানে পরীক্ষাধীন আছে। কবে কাজ আরম্ভ হইবে বলা সম্ভব নয়।

Construction of a bridge over the Haldi river on Mechada-Digha Road

9. (Admitted question No. 31.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগীয় মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার মেচাদা-দীঘা রাস্তার অন্তগত হলদী নদীতে নরঘাটের নিকট পুল না থাকায় রাস্তাটি বিচ্ছিন্ন অবস্থায় রহিয়াছে এবং যাত্রিগণকে বহু অসুবিধা ভোগ করিতে হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) চতুর্থ পরিকল্পনাকালে একটি সেতু নির্মাণের জন্য প্রয়োজনীয় নক্সা ও প্রাথমিক ব্যবস্থা গ্রহণের জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্থ বরাদ্দ করা হইয়াছে এবং সেইমত সেতুটির জন্য উপযুক্ত স্থান নির্দিষ্ট করিবার এবং তথাকার মাটি ইত্যাদি পরীক্ষা করিবার ব্যবস্থা করা হইতেছে।

Rice supplied to ration Shops of Muffusil area in the last week of May

10. (Admitted question No. 33.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় । অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও তৎসংলগ্ন শিল্পাঞ্চল ব্যতীত মফঃস্বল এলাকায় গত মে মাসের শেষ সপ্তাহে কত চাউল রেশন দোকানে সরবরাহ করা হইয়াছে ;

(খ) ঐ মফঃস্বল এলাকায় জুন মাসের প্রথম সপ্তাহে মোট কত চাউল রেশন দোকানের জন্য সরবরাহ করা হইয়াছে ; এবং

(গ) এই বৎসর জুন মাসের দ্বিতীয় সপ্তাহে চাউলের দাম বিভিন্ন জেলায় কি?

The Minister for Food and Supplies

(ক) ১৮৫৯ মেঃ টন ।

(খ) ২০৬৭ মেঃ টন ।

(গ) প্রয়োজনীয় মূল্যতালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল ।

Statement referred to in reply to clause (6a) of unstarred question No. 10.

Statement showing the average minimum retail prices of rice in the districts of West Bengal during the second week of June, 1963,

In rupees per kilograms.

	Price as on 12-6-63
Calcutta	0.80
Burdwan	0.82
Birbhum	0.82
Bankura	0.80
Midnapore	0.79
West Dinajpore	0.74
Malda	0.78
Cooch Bihar	0.77
Nadia	0.81
Hooghly	0.80
Howrah	0.81
Darjeeling	0.80
24-Parganas	0.80
Murshidabad	0.80
Jalpaiguri	0.79
Purulia	0.72
State average	0.79

Adjournment motions

(1—1-10 p.m.

Mr. Deputy Speaker: Notices of eight adjournment motions have been received on the following subjects:—

(1) Famine condition in Purulia - from Shri Girish Mahato;

(2) Rise of prices of essential commodities - from Shri Sanat Kumar Raha;

(3) Rise of prices of essential commodities - from Shri Hemanta Kumar Basu;

(4) Rise of prices of essential commodities - from Shri Gopal Banerjee, Shri Monoranjan Hazra, Shri Tarun Kumar Sen Gupta, and Dr. Golam Yazdani;

(5) Rise of prices of essential commodities - from Shri Sailendra Nath Adhikari, Shri Kashi Kanta Maitra, and Shri Balailal Das Mahapatra;

(6) Hunger strike by eight public leaders on the demand of a radical change of the current food policy of the Government from Shri Hemanta Kumar Basu, Shri Anadi Das, and Shri Nani Bhattacharjee;

(7) Starvation death of about thirty persons in Purulia - from Shri Sailendra Nath Adhikari, Shri Balailal Das Mohapatra, Shri Kashi Kanta Maitra and Shri Syed Nawab Jani Meerza; and

(8) Rise of prices of essential commodities - from Shri Apurba Lal Mazumdar.

Mr. Speaker has considered all these adjournment motions. He cannot give his consent to the adjournment motions.

শ্রীহেমন্ত কুমার বোস:
মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বাংলাদেশের খাদ্যপরিস্থিতি দিন দিন যেভাবে শোচনীয় হয়ে পড়ছে তাতে দুঃখ বেদনা এবং অভাবে মানুষের জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। সেই জন্য আজকে এই এ্যাডজোর্নমেণ্ট মোশন আমরা সকলে দিয়েছিলাম এবং ভেবেছিলাম যে আপনি সেটা এ্যাকসেপ্ট করবেন এবং মন্ত্রী মণ্ডলীও তাদের বক্তব্য বলবেন। আমরা চাই যে গভর্নমেণ্ট তাদের খাদ্যনীতি পরিবর্তন করুন—তারা যদি তাদের খাদ্যনীতি পরিবর্তন না করেন তাহলে আমাদের পরে এই এ্যাসেম্বলী কাজে সাহায্যকরা সম্পূর্ণ অসম্ভব হয়ে পড়বে। সেজন্য আমি বলছি যে এই এ্যাডজোর্নমেণ্ট মোশন আপনি বিবেচনা করুন। আজকে দেশের যে অবস্থা, যে পরিস্থিতি তাতে আজকে খাদ্যের ব্যাপারে আমাদের সকলকে ভাবতে হবে। খাদ্যের যে দুরবস্থা আজকে বেড়েছে এবং তাতে কোন মতে তাদের জীবনযাত্রা নির্বাহ হচ্ছে না। কষ্টকর হয়ে যাচ্ছে। কাজেই আমি বলছি স্যার, আমাদের মুখ্যমন্ত্রী তাঁর খাদ্য নীতি পরিবর্তন করুন এবং আপনি জানেন যে বাইরে আমাদের ৮ জন লোক যারা বহুদিন জেল খেটেছেন দুঃখ বরণ করেছেন সেই সমস্ত নেতৃবৃন্দ তারা অনশন বরণ করেছেন। আজকে যদি এই অবস্থা এখানে চলে তাহলে আমরা কি করতে পারি। আপনি ফুড ডিবেটের জন্য একদিন দিয়েছেন কিন্তু ফুড ডিবেট দিয়ে কি কাজ হবে—এ দিয়ে কোন কাজ হবে না। আমি বলবো স্যার, সরকারের যে নীতি সেই নীতি তারা রেখে যাবেন তা হবে না। আমরা চাচ্ছি এই নীতির সম্পূর্ণভাবে পরিবর্তন করা হোক এবং এ্যাডজোর্নমেণ্ট মোশন এলাউ করা হোক। আপনি জানেন যে পুরুলিয়ায় যে দুর্ভিক্ষ হতে চলেছে তাতে আজ সারা বাংলাদেশে হাহাকার আরম্ভ হয়েছে। কাজেই সরকার তাদের খাদ্য নীতি পরিবর্তন করুন।

মিঃ ডেপ্টি স্পীকারঃ এই বিষয় আমার কিছু বলবার আছে.........

(হট্টগোল)

(ভয়েসঃ আমাদের কথা আপনাকে শুনতে হবে।)

ওয়াক আউট

শ্রীদেবী বসুঃ এই জাতিদ্রোহী দেশদ্রোহী সরকারের কাজের প্রতিবাদে আমরা এই সভা ত্যাগ করে যাচ্ছি। এ'দের সঙ্গে সহযোগিতার কোন প্রশ্নই উঠে না।

(কম্যুনিস্ট পার্টির সভাকক্ষ ত্যাগ)

শ্রীননী ভট্টাচার্য্যঃ মাননীয় স্পীকার মহাশয়, আমরা মনে করি যে আজকে সমস্ত বিজনেস হাউসে চলার আগে সব থেকে বড় ব্যাপার বাংলা দেশ আজকে একটা কঠিন সমস্যার সম্মুখে এসে দাঁড়িয়েছে। এই খাদ্য পরিস্থিতি খুব খারাপের দিকে যাচ্ছে একথা মন্ত্রী মণ্ডলী স্বীকার করুক আর না করুক, মুখ্যমন্ত্রী স্বীকার করুক আর না করুক, অনাহারে মৃত্যু ঘটছে এই অবস্থা আলোচনা করবার জন্য, কংক্রীট ঘটনা দিয়ে আলোচনা করবার জন্য আমরা এই এ্যাডজোর্নমেণ্ট মোশন এখানে এনেছিলাম। এবং সেটা যত কিছু এই সভায় আইন কানুন আছে সেই অনুযায়ী এনেছিলাম। তাই আমি অনুরোধ করছি সেটা আপনি পুনর্বিবেচনা করুন এবং এই এ্যাডজোর্নমেণ্ট মোশন এখানে আনুন।

মিঃ ডেপুটি স্পীকারঃ আপনি বসুন।

(হট্টগোল)

শ্রীননী ভট্টাচার্য্যঃ বিশেষ করে বাংলা দেশের ৮ জন জননায়ক আজকে খাদ্যের দাবীতে অনশন করেছেন। তাঁদের প্রধান দাবী আজকে চালের ব্যাবসা রাষ্ট্রায়ত্ত করতে হবে। তাঁদের প্রধান দাবী ২২ টাকা মণ দরে চালের দর বেঁধে দিতে হবে। তাঁদের প্রধান দাবী হচ্ছে যারা চালের চোরাকারবারী মজুতদার তাদের বিরুদ্ধে ডি. আই. রুল প্রয়োগ করতে হবে। এই সমস্ত দাবী নিয়ে তাঁরা অনশন সত্যাগ্রহ করছেন। আমি মনে করি এই পার্লামেণ্ট বলুন বা এ্যাসেম্বলী বলুন, তার যে রুলস তৈরী হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখেই আজকে এই খাদ্য-পরিস্থিতির উপর এ্যাডজোর্নমেণ্ট মোশন আমরা এনেছি সেটা যেন সঙ্গত। সেই জন্য সেটা পুনর্বিবেচনা করুন সেই অনুরোধ আপনার কাছে করছি।

মিঃ ডেপুটি স্পীকারঃ আমার কাছে অনুরোধ করবার কিছু নেই। আপনাদের যা বলছি আপনারা তা শুনছেন না।

(হট্টগোল)

শ্রীকমল কান্তি গুহঃ স্যার, আজকে বাংলাদেশের মধ্যে যে হাহাকার উঠেছে, সমস্ত সারা জেলার মানুষ ছুটে আসছে কলকাতার দিকে, আজকে এই অবস্থায় এই সমস্ত বিল এখানে এসেছে, প্রেসেশন কণ্ট্রোল বিল, হাই ওয়েজ বিল, আমি মনে করি তার চেয়েও জরুরী হচ্ছে আজকে এই খাদ্য পরিস্থিতি সম্পর্কে আলোচনা করা। আমি তাই একথা বলতে চাই সমস্ত বিল মুলতুবী রেখে এই খাদ্য পরিস্থিতি আলোচনা করা হোক। আর তা যদি না করেন তাহলে বাংলা দেশের বিভিন্ন জেলা থেকে আমরা চেষ্টা করবো যাতে প্রফুল্ল বাবুর সরকার আমাদের কথা শোনেন।

(হট্টগোল)

যদি এই ব্যবস্থা না করতে পারেন, প্রফুল্ল বাবু যদি মনে করেন যে তিনি আজকে এই সমস্ত অগ্রাহ্য করে যাবেন তাঁর ক্ষমতার দ্বারা তাহলে আমরা এই কথা শুনিয়ে যাবো যে বিধান সভা মানুষকে বাঁচাবার বিধান করতে পারেনা সেই বিধান সভা চালাবার কোন অধিকার প্রফুল্ল বাবুর নেই

[1-10—1-20 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : ডেপুটি স্পীকার মহোদয় আপনার কাছে দুটো কথা বলতে চাই। এত বড় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের প্রতি যে বিচার করা উচিত ছিল ঠিক সেভাবে বিচার করলেন না। আজ পশ্চিমবাংলায় প্রতিটি ঘরে ঘরে হাহাকার আরম্ভ হয়েছে আমরা জনসাধারণের প্রতিনিধি আমরা ওদের দয়ায় আসিনি এবং যেভাবে বুভুক্ষু মানুষ ধুঁকে ধুঁকে মরছে তাদের কথা বলবার জন্য আমরা বিধানসভায় এসেছি। এমন কোন রুল নেই যে রুলে আমাদের সেই অধিকার ক্ষুণ্ন করা যেতে পারে। আজকে বাংলা দেশের মুখ্যমন্ত্রী যিনি বসে আছেন তিনি এবং এই মন্ত্রীসভা যারা এই খাদ্যনীতির ব্যর্থতা স্বীকার করেন না আমি বলছি ইতিহাস এদের ক্ষমা করবে না।

[Voices & interruptions]

আজ পুরুলিয়ায় অনাহারে মৃত্যু হয়েছে। মুর্শিদাবাদ জেলায় অনাহারে মৃত্যু শুরু হয়েছে এবং যেভবে লোকে অখাদ্য খেতে বাধ্য হচেছ আজ তাতে এই মন্ত্রীসভার গদীতে বসে থাকবার কোন অধিকার নেই। তারা ইউসাপারস্ দেশ যখন চীনা আক্রমণের মুখে দাঁড়িয়ে আছে তখন মানুষের ক্ষুধার অন্ন নিয়ে এরা যেভাবে খেলছেন তাতে এদের জনসাধারণের কাঠগড়ায় দাড়াতে হবে। আমাদের এ্যাডজোর্নমেণ্ট মোশন নাকচ করত পারেন আমরা চেষ্টা করব এই মন্ত্রীসভাকে পদত্যাগ করতে বাধ্য করতে।

শ্রীঅনাদি দাস : ডেপুটি স্পীকার স্যার, আজ আমরা দেখছি মানুষ অনাহারে মৃত্যুমুখে পতিত হচেছ—গাছের পাতা পর্যন্ত ক্ষুধার জ্বালায় তারা খাচেছ। এই সব ঘটনা আমরা স্বচক্ষে দেখতে পাচিছ। আজকে যে সব বিষয় আলোচনা করতে যাচিছ তার প্রথম কথা হচেছ মানুষের বেঁচে থাকবার দাবী। চালের দর কমান আজ প্রথম কাজ এবং সেটা আজকে অ্যাসেম্বলীতে প্রথম আলোচিত হবে এটা মানুষ চায়। আমাদের সেই মোশন অ্যালাউ করলেন না। তবুও মুখ্যমন্ত্রীর কাছে দাবী করব তিনি খাদ্য সম্পর্কে কি পলিশি গ্রহণ করবেন সেটা নিশ্চয় করে বলুন। বাইরে ৮ জন জনপ্রতিনিধি তাদের দিকে চেয়ে। সমস্ত দিক চেয়ে এটা প্রথম আলোচিত হওয়া উচিত। তা যদি না হয় তাহলে এর চেয়ে লেশার ইমপর্টাণ্ট যেগুলি সেগুলি আলোচিত হতে দেব না।

Point of Order regardnig Adjournment Motions

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, I rise on a point of order which is my right as a member of this House. Sir, a motion for adjournment of the House can be moved by any member of this House. I find that such a motion has been tabled but that motion under certain condition has not been allowed by the Speaker. Whether such a motion should be admissible by the Speaker there are certain rules.

The Speaker has not given his consent to the moving of the adjournent motion My point of order is this. Is the Speaker entitled to refuse giving his consent without giving reasons as to why he has done so? As members of this House, we have not heard as to what are the reason which impelled the Speaker to withdraw his consent. After all, we are a legislative body elected by the people and no matter is more important than the present food situation which is sought to be discussed It concerns the entire West Bengal population. We, as elected representatives want to discuss this subject. Many of us want to speak on this subject and perhaps many more on the other side also want to speak but perhaps for the party mandate or for whatever reasons they cannot speak. Sir, may I ask through you the Government if this is a matter which can be postponed even for one hour when there are cases of death, cases of silent death which are not recorded and even in the city of Calcutta, people are dying in broad day light for want of food? So, if we do not discuss this vital matter, shall we be discharging our duties conscientiously to the people whom we represent here? I would, therefore, with all humility request you, Mr. Deputy Speaker, to consider the urgency of this matter and not to stick to

:he rules. Let us at least show to the world that we are really a democratic institu- :ion which has its past and which has its glorious tradition. Let not the old British nethod be enacted here by refusing the consent of the Speaker to such an urgent natter.

1-20—2 p.m.)

Shri Asoke Krishna Dutta: On a point of privilege, Sir.

(Noise and table-thumpings)

্যার, আমি এই প্রিভিলেজ মোশন আনতে চাচ্ছি যে আজকে এখানে যে অ্যাডজোর্নমেণ্ট মোশান দওয়া হয়েছে তাতে একটা রুলিং দিয়েছেন সেই রুলিং চ্যালেঞ্জ করে যে সমস্ত সভ্যরা এই সভায় ভাপতি হিসাবে আপনার অধিকার ক্ষুণ্ন করছেন আপনি তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন এবং যাতে সভায় কাজ ঠিকভাবে চলতে পারে তার ব্যবস্থা করুন।

শ্রীনিখিল দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বলতে চেয়েছিলাম

(Noise and interuption)

At this stage Hon'ble members of both sides went near the table of Mr. Deputy Speaker)

(Noise)

The honourable members came back to their seats.)

আমি এই কথাই বলতে চেয়েছিলাম, এই যে এ্যাডজোর্নমেণ্ট মোশন দেওয়া হয়েছে তার আগে আমরা অন্য কোন আজ করতে পারি না।

(গোলমাল)

খাদ্যনীতি পরিবর্তনই আমাদের দাবী, জনগণ দুর্গতির মধ্যে আছে, আর এরা এখানে সে হাসছেন।

(গোলমাল)

[ক্ল]লিয়ায় লোক না খেতে পেয়ে আছে, আমরা খাদ্য নীতির পরিবর্তন চাই।

(তুমুল হট্টগোল)

কারণ অন্য কাজ সুরু হবার আগে মুখ্যমন্ত্রী মহাশয়কে তাঁর খাদ্য-নীতিকে পরিবর্তন করতেই হবে তার আগে আমরা অন্য কাজ চালাতে দেব না, না, না, না।

শ্রীঅবনী কুমার বসু: অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার

(হট্টগোল)

গোলমাল করার কোন প্রয়োজন ছিল না....

মি: ডেপুটি স্পীকার: শুনুন, শুনুন.....

(হট্টগোল)

The House is not in a mood to transact business. The House stands adjourned for half and hour.

(After adjournment)

(2—2-10 p.m.) .

Hunger Strike by Members in the Assembly precincts

শ্রীহেমন্ত কুমার বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই সরকারের খাদ্য নীতির ফলে দেশের মধ্যে যে বিরাট অসন্তোষ এবং হাহাকারের সৃষ্টি হয়েছে এবং যার ফলে আট জন অনশন করে আছেন এবং পদযাত্রীরা আসছেন সরকারের কাছে দাবী জানাতে, সরকার কিন্তু এ ব্যাপারে কোন মতেই খাদ্য নীতি পরিবর্তন করতে পারছেন না। এজন্য তারই প্রতিবাদে আমরা ১৮ই জুলাই অবধি প্রতীক অনশন ধর্মঘট এই হাউসে করবো।

শ্রীননী ভট্টাচার্য: স্যার, আজকে আমরা আশা করেছিলাম খাদ্য নীতির উপর আলোচনা প্রথম এখানে হবে কিন্তু সেটা হল না। আজকে দেশে সব থেকে জরুরী যে বিষয়—এক দিকে বাংলাদেশের জননায়ক আট জন অনশন করছেন, দেশে অনাহার ঘটছে, দুর্ভিক্ষ অবস্থা, পুরুলিয়া ও অন্যান্য জায়গায় দুর্ভিক্ষ ছড়িয়ে পড়েছে, অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি লোক না খেতে পেয়ে পদযাত্রা করে আসতে সুরু করেছে, এই অবস্থায় এখানে আমরা মনে করে ছিলাম অন্যান্য আইন সম্বন্ধীয় আলোচনা সুরু হবার আগে, যে সমস্ত রুটিন বিজিনেস আছে সেগুলি হাতে নেওয়ার আগে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পরিবর্তিত খাদ্যনীতি এখানে ঘোষণা করবেন, খাদ্য আন্দোলনকারী নেতাদের দাবী সহানুভূতির সঙ্গে বিচার বিবেচনা করে পরিবর্তিত নীতি ঘোষণা করবেন, কিন্তু খুবই দুঃখের বিষয় আপনিতো এ্যাড্‌জোর্নমেণ্ট মোশন এ্যালাউ করলেন না, মুখ্যমন্ত্রী মহাশয়ও তাঁর খাদ্যনীতি পরিবর্তন বিষয়ে ঘোষণা করলেন না, সেজন্য পশ্চিমবঙ্গ সরকারের খাদ্যনীতির প্রতিবাদে শান্তিপূর্ণভাবে এখানে ফ্লোরের মধ্যে সত্যাগ্রহ অনশন সুরু করছি, এই অনশন ১৮ই জুলাই পর্যন্ত চলবে। এই প্রসঙ্গে আমি বলছি এখানে আমাদের ব্লকে যাঁরা আছেন তার মধ্যে মিঃ বেষ্টারবীচ যিনি অসুস্থ তাঁকে বাদ দিয়েছি, আর শ্রীন্যাতানীয়েল মুর্মু যিনি ব্রঙ্কাইটিসে ভুগছেন তাঁকেও বাদ দিয়েছি, এ ছাড়া আর বাকী আমরা সবাই আর এস পি ব্লকের যারা আছি অনশন সত্যাগ্রহ সুরু করছি এবং সেই সত্যাগ্রহ এখন থেকেই সুরু হল।

শ্রীঅনাদি দাস: মাননীয় স্পীকার মহাশয়, যে কথা আমার পূর্ববর্তী বক্তা বলে দিলেন আমারও বক্তব্য সেইরূপ। আজকে সারা পশ্চিমবাংলায় আমরা দুর্ভিক্ষ অবস্থা দেখতে পাচ্ছি যে কথা বার বার এই এসেম্বলী ফ্লোরে বলা হয়েছে, আজকে বিভিন্ন জায়গায় মন্ত্রী মহাশয় নিজে যান যদি তাহলে সেই অবস্থা অস্বীকার করতে পারবেন না। বাংলার জনতা দরদী মুখ্যমন্ত্রীর কাছে তথা খাদ্যমন্ত্রীর কাছে আশা নিয়ে এসেছে তা পূরণ হয়নি। শুধু আজকে নয় বহুদিন ধরেই তাদের সেই আশা পূরণ হয়নি তারই প্রতিবাদে আজ শ্রেষ্ঠ মানুষ ৮ জনকে জনতার প্রতিনিধি হয়ে অনশন ধর্মঘট করতে হচ্ছে। তার জন্য আজকে আমরা যে অ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছিলাম তা আলোচনা করবার সুযোগ না দেওয়ায় এবং সে সম্পর্কে সরকারের কি বক্তব্য আছে না বলায়, তার যে উপেক্ষা প্রদর্শন করলেন তদুপরি সরকারের পরিবর্তিত খাদ্য নীতি ঘোষণা না করার আমরা তার বিরুদ্ধে ক্ষোভ জানাচ্ছি, কেননা তাঁরা মনে করছেন তাঁরা এই খাদ্য নীতিই চালিয়ে যাবেন। ফলে আমরা দেখছি চালের দর, অন্যান্য খাদ্যবস্তুর দর এবং অন্যান্য প্রয়োজনীয় বস্তুর দর ক্রমাগত বেড়ে চলেছে। সেজন্য সরকারের এই উপেক্ষা এবং তাচ্ছিল্যের প্রতিবাদে আজ থেকে এই এসেম্বলীর ফ্লোরে অনশন ধর্মঘট সুরু করছি, আগামী ১৮ই জুলাই পর্যন্ত এই অনশন চলবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বিধান সভার প্রথম অধিবেশনে আশা করেছিলাম যে পশ্চিম বাংলায় যে গুরুতর খাদ্য সঙ্কট সুরু হয়েছে, মানুষ অনাহারে অর্দ্ধাহারে যেভাবে মরতে সুরু করেছে এবং র‍্যাকেটিয়াররা যেভাবে পশ্চিম বাংলার মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে তাতে অপজিসন পার্টির তরফ থেকে আমাদের পার্টি প্রজাসোসালিস্ট পার্টির তরফ থেকে যে অ্যাডজোর্নমেণ্ট মোশন দেওয়া হয়েছিল সেই প্রস্তাবের উপর আপনি আমাদের আলোচনা করতে দেবেন, কিন্তু আপনি সম্মতি দেন নি। তথাপি আমরা আশা করেছিলাম কয়েক ঘণ্টা পরে মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই এই হাউসের মনোভাব বুঝেছেন এবং বুঝে তিনি তার নীতি বিবৃতির পর ঘোষণা করবেন। এ আশা করা

আমাদের সঙ্গত হয়েছিল এজন্য যে মুখ্যমন্ত্রী মহাশয় জনসাধারণেরই নির্বাচিত প্রতিনিধি, এই জনসাধারণের দু:খ দুর্দশা যখন গোঙানী থেকে আর্তনাদে এসেছে, মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই এগিয়ে এসে অপোজিসন-এর আহ্বানে সাড়া দেবেন। কিন্তু দেখলাম যে বৃটিশ আমলে যেভাবে কর্মকর্তারা, শাসন কর্তারা অপোজিসন-এর প্রতিটি ন্যায্য নীতির প্রতি, জনসাধারণের প্রতিটি ন্যায্য দাবীর প্রতি উপেক্ষার মনোভাব ও দায়িত্বহীনতার মনোভাব দেখাতেন ঠিক সেইভাবে কংগ্রেস সরকারের যারা নায়ক তারাও জনগণের ন্যায্য দাবীর প্রতি উপেক্ষা দেখাচ্ছেন। সবচেয়ে দু:খের বিষয় হচ্ছে এই ওখানে যাঁরা বসে আছেন তাদের মধ্যে অনেকেই জাতীয় সংগ্রামের সঙ্গে জড়িত ছিলেন, তাঁরা সংগ্রামে বৃটিশের হাতে লাঞ্ছিত হয়েছিলেন এবং তারাই অনশন ধর্মঘট করেছিলেন কিন্তু আজকে যখন তাদেরই অনেক প্রাকসাথী

(Noise)

জনসাধারণের খাদ্যের দাবীতে অনশন করছেন তখন তাদের অন্তত: মানবিকতার দাবীতে এগিয়ে আশা উচিত ছিল।

আজ যখন খাদ্যের দাবীতে অনশন করছে তখন অন্তত: মানবিক অধিকারের দাবীতে ওঁদের এগিয়ে আশা উচিত ছিল। আমরা আমাদের পার্টি'র তরফ থেকে ফাস্টিং বা অনশন এ্যাজ এ ওয়েপন বিশ্বাস করি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা হাঙ্গার স্ট্রাইক করে হৃদয় পরিবর্তনের য নীতি সেই গান্ধীয়ান নীতিতে বিশ্বাস করি না।

(তুমুল হট্টগোল)

শ্রীনরেন্দ্র নাথ সরকার: অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, কোন আইটেমের উপর ডিসকাসন হচ্ছে?

মি: ডেপুটি স্পীকার: শৈলেনবাবু এবারে বসুন।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী: স্যার, আমার যে বক্তব্য সেটা আপনার সামনে উপস্থিত করবার সময় দিন।

(তুমুল হট্টগোল)

মি: ডেপটি স্পীকার: আমাকে কিছু বলতে দিন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমাদের পার্টির তরফ থেকে আমরা প্রত্যক্ষ সংগ্রামের ডাক দিয়েছি। আমরা যদি জনসাধারণের এই হাহাকারের অনশনের কোন প্রতিকার করতে না পারি তাহলে আমরা বিশ্বাসঘাতকতা করব।

(হট্টগোল)

শ্রীনরেন্দ্রনাথ সরকার: ডেপুটি স্পীকার মহাশয় দাঁড়িয়েছেন, আপনি বসুন।

Mr. Deputy Speaker: You must obey the Chair. When I am on my legs, you must resume your seat. I am on my legs. So, you must resume your seat.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমি মনে করেছিলাম ডেপুটি স্পীকার মহাশয়ের কাছে আমরা ন্যায় বিচার পাবো, কিন্তু আজকে দু:খের কথা আমরা অপোজিসান যখন.............

Mr. Deputy Speaker: You are disobeying the Chair. Unless you resume your seat, it will be my painful duty to name you.

(2-10—2-20 p.m.)

শ্রীগিরিশ মহাতো: স্যার, আমার মুলতুবী প্রস্তাব, শুধু খাদ্য পরিস্থিতি সম্বন্ধে নয়, আমার জেলায় মানুষ যে তিলেতিলে মারা যাচ্ছে না খেতে পেয়ে তার বিচার সম্বন্ধেও আমার মুলতুবী প্রস্তাব ছিল। আমার জেলায় যে তিলেতিলে লোক না খেয়ে মারা গেছে তার উত্তর দিতে সরকার অগ্রসর হননি। এবং এ ব্যাপারে যে অসত্য রিপোর্ট দেয়া হয়েছে তার বিচার আমরা চেয়েছিলাম মলতুবী প্রস্তাবের মধ্যে।

(ভয়ানক হট্টগোল)

শ্রীআবদুল বারী মোক্তার : স্যার, এই সমস্ত আনপার্লামেণ্টারী কথা কি আমাদের শুনতে হবে ? রুলস অব প্রোসিডিওর এ্যাণ্ড কনডাক্ট অব বিজনেস ওঁরা মানবেন না।

শ্রীগিরিশ মহাতো : আমি বলছিলাম সেই সমস্ত অসত্য রিপোর্টের ভিত্তিতে ওঁরা কথা বলছেন।

শ্রীনরেন্দ্রনাথ সরকার : এই রকম বক্তৃতা চলবে কি স্যার ?

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : ওঁরা উঠছেন কেন স্যার ?

মি: ডেপুটি স্পীকার : আপনারা যদি এই রকম করেন তাহলে হাউস চলবে কি করে ?

শ্রীনিখিল দাস : এতগুলো লোক হাঙ্গার স্ট্রাইক করছেন অথচ চীফ মিনিস্টার কোন উত্তর দেবেন না—কোন ডেমোক্রাটিক স্টেটের চীফ মিনিস্টার এ ধরণের ব্যবহার করতে পারেন, স্যার, এ কল্পনা করা যায় না। লোক মরে যাচ্ছে, আর ফুড সম্বন্ধে কোন স্টেটমেণ্ট দেবেন না ? ওঁরা আবার জাতির জনক গান্ধীজীর নাম বলেন অথচ এই গান্ধীজী এই পথ দেখিয়েছেন অন্যায় যারা করে তারা যদি অন্যায়ের পথ থেকে সরে না যায়, তাদের যদি সেই জ্ঞানের উদয় না হয় তাহলে এটাই হচ্ছে শান্তিপূর্ণ প্রতিরোধের পথ যে পথ আমরা নিয়েছি। মুখ্যমন্ত্রী বলেন যে তিনি গান্ধীজীর শিষ্য, তিনি গান্ধীজীর পথের অবমাননা করেছেন একথা আমি বলবো। তাঁর মুখে গান্ধীজীর নাম করার কোন মানে হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার কাছে বলতে চাই যে মুখ্যমন্ত্রীকে একটা নীতি পরিবর্তনের উপর দাঁড়িয়ে বক্তৃতা দিতে হবে—বাংলাদেশের সাধারণ মানুষের দাবী তাঁকে মেনে নিতে হবে।

শ্রীঅপূর্বলাল মজুমদার : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়......

(হট্টগোল)

[কংগ্রেস বেঞ্চ হইতে কণ্ঠস্বর : আপনারা ডেপুটি স্পীকারের কথা না শুনলে আমরাও আপনাদের কথা শুনবো না]

শ্রীনিখিল দাস : আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা বিবৃতি চাই।

(গোলমাল)

(কংগ্রেস পার্টি'র তরফ থেকে—আপনারা থামুন)

শ্রীনিখিল দাস : মুখ্যমন্ত্রীর বিবৃতি আমরা চাই—উনি কোন কথা শুনছেন না কেন। আপনাদের মত চুনোপুটির কথা আমরা শুনতে চাই না। মি: ডেপুটি স্পীকার স্যার, আপনি চেয়ারে বসে আছেন আপনি নির্দেশ দিন—তিনি আমাদের কিছু বলুন। আমরা খাদ্যনীতি সম্বন্ধে কিছু শুনতে চাই।

(গোলমাল)

শ্রীকমল গুহ : মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে স্টেটমেণ্ট না দিলে আমরা হাউস চলতে দেবো না।

(আপনারা বসুন, আপনারা বসুন................কংগ্রেস পার্টির তরফ থেকে)

শ্রীনিখিল দাস : আমার বক্তব্য হচ্ছে আপনি যে চেয়ারে বসে আছেন সেই চেয়ারের সম্মান দিয়ে আপনি মুখ্যমন্ত্রীকে নির্দেশ দিন—তাঁকে বলুন যে বিবৃতি দিতে হবে—খাদ্য নীতি সম্বন্ধে তাঁকে ঘোষণা করতে হবে। আপনি আসনের সম্মান রাখুন—আপনি যেমন নিরপেক্ষ আছেন সেই নিরপেক্ষতা আপনি রক্ষা করুন।

Noise and Interruptions.

Appeal from the Chair to the House.

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: I request my honourable members that if the leaders of the parties come to my chamber after the day's work the matter can be talked

over and discussed, instead of making this type of trouble on the floor of the House. I am here, my honourable members of all parties are here, the leaders of the parties are here, we are all here to do something, not for us but for the country and the people. This is the view-point of each and every member here. I appeal to all leaders of the different parties that after we transact the day's business, let all come to my chamber, and I will ask the leader of the other side to be there also. Let us meet and discuss the matter instead of carrying on in this way. I once again appeal to all of you..

শ্রীঅপূর্বলাল মজুমদার : আপনি এই হাউস এর মধ্যে ছিলেন না। আমাদের অ্যাডজোর্নমেণ্ট মোশন যা ছিল সেগুলি সব আপনি ডিজঅ্যালাউ করলেন তার পরে হাউস অ্যাডজোর্নড হয়ে যাওয়ার পর আধ ঘণ্টা বাদে যখন আবার হাউস বসল তখন আমরা ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলাম দেশের সামনে সব চেয়ে গুরুতর সমস্যা যদি থাকে এই ভয়াবহ খাদ্যাবস্থা হল সেটি। আমরা আশা করেছিলাম মুখ্যমন্ত্রী দাঁড়িয়ে উঠে আজকে তাঁর নীতি পরিবর্তনের একটা ঘোষণা করবেন এবং চালের দাম নামিয়ে আনবেন। কিন্তু এখনও পর্যন্ত তাঁর কাছ থেকে একটা কথাও পাইনি। সেজন্য ফরওয়ার্ড ব্লক-এর তরফ থেকে আমাদের নেতা ঘোষণা করলেন যে তিনি যখন এত বড় সমস্যার প্রতি উপেক্ষা প্রদর্শন করলেন আমরা সেখানে অনশন ধর্মঘট শুরু করছি এবং এই হাউস-এর মধ্যে অনশন ধর্মঘট করছি এবং আগামী ১৮ তারিখ পর্যন্ত এই হাউস-এর মধ্যে আমাদের টোকেন স্ট্রাইক চলবে। ডাক্তার কানাই ভট্টাচার্য ডাক্তারী কারণের জন্য অনশন করবেন না তাছাড়া সবাই অনশন ধর্মঘট করবেন এবং সঙ্গে সঙ্গে আর এস পি পার্টির নেতা শ্রীননী ভট্টাচার্য : তিনিও ঘোষণা করেছেন তার পার্টি ও এই অবস্থায় দেশবাসীর সামনে এই ভয়াবহ খাদ্যাবস্থার পরিপ্রেক্ষিতে এবং সরকারের চরম ঔদাসীন্যের প্রতিবাদে এবং মুখ্য-মন্ত্রীর ব্যাঙ্গোক্তির প্রত্যুত্তরে, সরকার কর্তৃক মুনাফা শিকারীদের প্রশ্রয় দানের বিরুদ্ধে এই অনশনে যোগদান করছেন। মিঃ বেঙ্গারউইচ এবং শ্রীনাথানুয়েল মুর্মু এই দু'জন ডাক্তারী কারণে অনশন ধর্মঘটে যোগদান করবেন না—আর সবাই করবেন। আর. সি. পি. আই. এর শ্রী অনাদি দাস তিনি জানিয়েছেন এই অনশন ধর্মঘটে অংশ গ্রহণ করছেন। পি. এস. পি. থেকে শ্রীশৈলেন অধিকারী অনশন ধর্মঘটে যোগদানের সিদ্ধান্ত নিয়েছেন।

মিঃ স্পীকার : উনি কি বলছেন, তিনি কি বলছেন সেটা তো যিনি এখানে ছিলেন, ডেপুটি স্পীকার শুনেছেন।

Mr. Majumdar. I was not here. Mr. Deputy Speaker was in the chair. So, don't talk of all these things. What you will do, what will be your future action, what will be your decision for the future, that will be your business. That I cannot dictate or control or amend or vary. But the point is this. As I have said, after the day's work, I would request all the leaders of all the parties to come to my chamber because the matter which you have raised this morning, I mean the food situation, is an important matter, it is a serious matter. Not only you but all members of all sides of the House will admit that there is no denying that fact. But the point is we have to find out what is to be done and how it is to be done and for that purpose, I would request all the leaders of all the parties to meet together and discuss this matter instead of standing and opposing and spoiling the valuable time of the House. Mr. Majumdar, please tell me whether I am correct or not I am not asking you to give up your fast or do this or do that. What I am suggesting is that let us sit together in my chamber and try to find out any solution to this problem. Let us decide what should be done. Yo ill be here today, tomorrow and the day after. So. let us make an attempt to fi a solution.

(2-30—2-40 p.m.)

শ্রীঅপূর্বলাল মজুমদার : মাননীয় স্পীকার মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, আজকে এই হাউসে এক ঘণ্টা ধরে বিরোধী পক্ষের সদস্যরা মানবার খাতিরে মুখ্যমন্ত্রীর কাছে বর্তমান খাদ্য নীতির পরিবর্তনের দাবী জানিয়েছেন, এবং মাননীয় সদস্যদের মধ্যে কয়েকজন এই দাবীতে

অনশন ধর্মঘট করার সিদ্ধান্ত নিয়েছেন। আমরা আপনার কথা মাথা পেতে নিচ্ছি, কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের তরফ থেকে আমরা একথা জানাচ্ছি যে, একঘণ্টা আলোচনার পরও কোনরকম উপায়ান্তর না দেখে উক্ত মাননীয় সদস্যরা অনশন ধর্মঘট করার সিদ্ধান্ত নিয়েছেন। এবং আপনি জানেন যে, বাইরেও আটজন দেশনেতা অনশন করছেন, এবং বাংলা দেশের বিভিন্ন জায়গা থেকে পদযাত্রীরা সরকারের কাছে তাদের দাবি জানাবার জন্য হেঁটে আসছেন। আজকে বাংলাদেশে সর্বত্র বুভুক্ষু মানুষের হাহাকার উঠেছে। আজ বাংলাদেশের সামনে এক ভয়াবহ খাদ্যাবস্থা দেখা দিয়েছে, জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে, দেশের প্রতিটি মানুষ আজকে আর্তনাদ করে উঠছে, কেন্দ্রীয় ফুড মিনিস্টার শ্রীপাতিলও স্বীকার করেছেন খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হয়েছে।

Mr. Speaker. Let us confine ourselves to my request and to your suggestion for the time being. As I have said, the course of action or the course of the speeches, everything will be with you. But let us confine ourselves to what I have suggested, for the moment.

ডা: কানাইলাল ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, আমরাও আপনার অনুরোধ রাখতে চাই, কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে, সকলে মিলে বসে—

মি: স্পীকার লেট আস ট্রাই

শ্রীনিখিল দাস : স্যার, সরকার পক্ষ থেকে বর্তমান খাদ্য নীতি পরিবর্তন করা হবে কিনা এটা মখ্যমন্ত্রী যদি বলেন তাহলে এই বিষয়ে আলোচনার জন্য বিভিন্ন দলের নেতাদের আপনার ঘরে যেতে খুব বেশী আপত্তি হবে না। কিন্তু মুখ্যমন্ত্রী যদি এরকমভাবে চুপ করে থাকেন তাহলে আপনার ঘরেও গিয়ে কোন লাভ হবে না। আমাদের বক্তব্য হচ্ছে, যদি খাদ্যনীতির পরিবর্তন না করেন তাহলে আমরা মনে করি এই অবস্থায় হাউসে অন্য কোন বিজনেস চলা উচিত নয় এবং চলতেও পারে না। আপনি আমাদের যে অনুরোধ করেছেন সেটা আমরা অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে শুনেছি। আমাদের বক্তব্য হচ্ছে, খাদ্যনীতির পরিবর্তন সম্পর্কে আমরা বহুদিন থেকে মুখ্যমন্ত্রীর কাছে বলে আসছি। কিন্তু তা সত্বেও অত্যন্ত দু:খের কথা এই যে, যারা হাঙ্গারস্ট্রাইক করে আছেন তাদের পক্ষে থেকে এ সম্পর্কে মুখ্যমন্ত্রীকে চিঠি দেওয়া হয়েছিল, কিন্তু তার জবাব পর্যন্ত দেওয়া মুখ্যমন্ত্রী প্রয়োজন মনে করেন নি, কিম্বা এ সম্পর্কে কোন গভর্নমেণ্ট প্রেস কমিউনিকও দেননি। আমরা তাঁকে বারবার অনুরোধ করেছি চিফ মিনিস্টার একবার অন্তত: ঘোষণা করুন খাদ্যনীতির পরিবর্তন করে কি কি জিনিস করবেন। প্রশ্নোত্তরকালে আমরা সেই চেষ্টাই করেছি। তিনি বলেছেন খাদ্যনীতির কোন পরিবর্তন হবে না। খাদ্যনীতি যদি পরিবর্তন না করেন তাহলে আলোচনা করে খুব লাভ হবে বলে মনে করি না। তা সত্তেও যদি আপনি আমাদের আপনার ঘরে যেতে বলেন তবে আমাদের যেতে হবে, কিন্তু. . .

মি: স্পীকার : আমার ঘরে যেতে এজন্যই বলছি সিচুয়েশন যাতে বেটার হয়।

Let us try. You want to help the country; you want to help the administration. They are also keen to carry on the administration. Our aim and object be the same.

Mr. Speaker: You know that our object is the same, i.e. to help the administration. I would request the honourable members not to go on in this way. No useful purpose can be served in the manner in which you are carrying on in this House for the moment. Let us think over this matter and let us try to come to a dicision.

শ্রীঅপূর্বলাল মজুমদার : স্যার, আমরা আপনার সমস্ত কথা মেনে নিচ্ছি—কিন্তু স্যার, আপনি শুনেছেন কোশ্চেন টাইমএ মুখ্যমন্ত্রী বলেছেন "আমি মনে করি নাএণ্টি প্রোফিটিয়ারিং অ্যাক্ট অ্যাপ্লাই করা উচিত"। তিনি মনে করেন না ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করা উচিত। তিনি মনে করেন না চাল এবং ধানের দাম বেঁধে দেওয়া উচিত।

Mr. Speaker: Honourable Members. I am speaking on a different line. What I am suggesting is that, instead of trying to create a situation like this, you should think over this matter calmly. It is no good going on in this way. What I say is that this will not help you or your party in any way. You are all responsible members and you should try to help the administration.

শ্রীঅপূর্বলাল মজুমদার: মুখ্যমন্ত্রী যদি আমাদের ডাকেন আমরা যেতে রাজী আছি। The other side is not willing to talk with us in this matter.

Mr. Speaker: I would ask you all to come to my chamber. I will ask the Leader of the House to be there. Doors are open to you and the doors are open to them. Let us try to help the administration instead of spoiling the business. Let us not miss the chance. Let us try to arrive at a solution. This is my request to you.

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার, আমার রিকোয়েস্ট আপনার কাছে হচ্ছে এই মুখ্যমন্ত্রী এখানে একবার দাঁড়িয়ে বলুন না প্রাইস লাইন স্টেডি রাখার জন্য প্রোফিটারদের শায়েস্তা করবেন তিনি কি এই হাউসে একটা অ্যানাউমেণ্ট করতে পারেন না?

মিঃ স্পীকার: আমি বলছি আপনারা আসুন, দেখা যাক চেষ্টা করে—

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমারা দেখেছি তাতে কোন ফল হয় না, তিনি একেবারে অ্যাডামেণ্ট—

Mr. Speaker: Instead of creating an animosity in this way, I would request you all to come to my chamber. Let us try to arrive at some decision.

শ্রীঅপূর্বলাল মজুমদার: তা হলে স্যার..........

(Noise and interruptions)

2-40—2-50 p.m.]

স্যার, ন্যাসনাল ফুড নিয়ে যারা ব্ল্যাক মার্কেটিং করছে তাদের উনি সেল্টার দিচ্ছেন, তাদের উনি এ্যালাউ করছেন। যারা চোরাকারবার করে এক্স্‌ট্রা প্রফিট করছে তাদের এরা সেল্টার দিচ্ছেন। স্যার, আপনি কি জানেন এই চিনি নিয়ে কত লক্ষ লক্ষ টাকা এরা আয় করেছে? মুখ্যমন্ত্রিমহাশয় বলবেন মাতাদিন খৈতান এবং ঘনশ্যাম ভকত প্রভৃতির সঙ্গে তাঁর কি সম্পর্ক আছে। শঙ্করদাসবাবু বলবেন পলাশী এবং আহমদপুরের ১২০০ টন চিনি কিভাবে ব্ল্যাক মার্কেটে বিক্রি হয়েছে। স্যার, এঁরা যদি ব্ল্যাক মার্কেটিয়ারদের সেল্টার দেন তাহলে সেইসব আলোচনা না হয়ে অন্য বিজনেস কি করে চলতে পারে?

মিঃ স্পীকার: তাহলে ইউ আর নট এ্যাকসিডিং টু মাই রিকোয়েস্ট।

শ্রীনিখিল দাস: স্যার, আমার বক্তব্য ২টি। আপনার কাছে আমার প্রথম সাবমিসন হচ্ছে খাদ্য সমস্যার মত জরুরী সমস্যা সম্পর্কে আলোচনা করার পূর্বে অন্য কোন ব্যাপার নিয়ে আলোচনা চলতে পারে না। তারপর, আমার সেকেণ্ড আপিল হচ্ছে চিফ মিনিস্টার বলুন ফুড পলিসি চেঞ্জ করবেন কিনা?

শ্রীঅপূর্বলাল মজুমদার: আপনি যেভাবে অনুরোধ করছেন তাতে আপনার অনুরোধ আমরা মাথা পেতে নিচ্ছি এবং যদি বলেন তাহলে এখনই আপনার ঘরে যেতে রাজী আছি।

মিঃ স্পীকার: এটা কোন জেদাজেদির কোশ্চেন নয়, আমি বলছি আপনারা বিকেলবেলা আসুন।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আপনি যদি বলেন তাহলে আপনার ঘরে গিয়ে আমরা কথাবার্তা বলতে রাজী আছি এবং সেইজন্যই অনুরোধ করছি ১৫ মিনিটের জন্য হাউস এ্যাডজোর্ন করুন। ট্রেজারী বেঞ্চ-এর সঙ্গে বসে যদি মীমাংসা হয় তাহলে খুবই ভাল কথা। আপনি যে প্রস্তাব করেছেন আমরা সেটা এগ্রি করছি।

মিঃ স্পীকার: যদি বলেন ডিমাণ্ড, ডিক্টেসন, তাহলে সেটা চলতে পারে না। হাউ ইউ ক্যান এক্সপেক্ট যে এখনই হাউস পোস্টপন হয়ে যাবে? ইন অ্যান আওয়ার অর টু উই আর মিটিং টুগেদার। কাজেই ঐ যে বলছেন এখুনিই সেই "এখুনিটা" ছেড়ে দিন।

শ্রীনিখিল দাস: আমরা বসে আলোচনা করতে রাজী আছি। কিন্তু এই আলোচনা যখন করব তখন হাউসের অন্য কোন বিজনেস চলতে পারবে না। খাদ্য সম্পর্কে আলোচনা শেষ করে তারপর অন্য কাজ এবং এটা আমাদের সাবমিসন।

মিঃ স্পীকার: এটা কি একটা ডিসিসন হোল যে, এ পার্টি হোয়েদার ইন দি মেজোরিটি অর মাইনরিটি উইল ফোর্স এ ডিসিসন ইন দিস ম্যানার?

শ্রীনিখিল দাস: স্যার, আমাদের দেশের যা সাংঘাতিক অবস্থা তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে আমাদের যেটা সাবমিসন সেটা হচ্ছে এই খাদ্য সমস্যা এমন একটা জায়গায় এসেছে যার জন্য এই বিষয় নিয়ে আলোচনা করার আগে অন্য কোন সমস্যা নিয়ে আলোচনা করা উচিত নয়। আমরা আপনার সাজেসন মেনে নিয়ে আপনার কাছে এ্যাপিল করছি যে, এর চেয়ে বড় সমস্যা পশ্চিমবাংলায় নেই। আপনি বসে আলোচনা করবার কথা যা বলেছেন আমরা তাতে রাজি আছি, কিন্তু তার আগে অন্য কোন বিষয় নিয়ে আলোচনা করবার মত মানসিক অবস্থা আমাদের নেই।

মিঃ স্পীকার: আলোচনার মধ্যে গোটাকতক আছে, অর্থাৎ লেয়িং অব সার্টেন ম্যাটার্স। দেয়ার আর সার্টেন বিলস অলসো। বাট আই অ্যাম নট গোয়িং টু টেক আপ দি বিলস।

শ্রীনিখিল দাস: স্যার, এটা একটা নীতির প্রশ্ন, কাজেই বাংলাদেশের তরফ থেকে, ৮ জন নেতার তরফ থেকে আমি আপনার কাছে অ্যাপিল করছি, এবং যে মুখ্যমন্ত্রী একদিন গান্ধীজীর শিষ্য ছিলেন তাঁর কাছে আবেদন করছি যে এরূপ অবস্থায় এই আলোচনা ছাড়া অন্য কোন আলোচনা হওয়া উচিত নয়।

Mr. Speaker: Don't force a decision. Don't dictate a decision. That is my appeal to the members because, after all, everyone—whether you are in the majority or whether you are in the minority - everyone has to bow down to the decision of the House.

শ্রীনিখিল দাস: স্যার, এটা আমাদের ডিক্টেশন নয়, আপনার মাধ্যমে সরকার পক্ষের কাছে আমাদের এটা আপিল যে, এটা এ্যাকসেপ্ট করে হাউস-এর প্রেসটিজ রাখা উচিত।

Mr. Speaker: After all, I will say that as members of the House you have got to look to the prestige of the House. So, don't force it now, don't dictate it now. I am making the last appeal to you. I know what will happen will happen. I have been elected as you have been elected and, as members, we are expected to do some work for our country. But will that purpose be served if you go on in the manner in which you are doing now? Please tell me that. If you say that it will be achieved in the way in which it is being done, then I will take my seat and ask you to carry on. You want a real solution of the problem. The members on the other side also want that and the Cabinet also wants that. There is no denying that fact. So, let us try to do something.

শ্রীঅনাদি দাস: স্যার, মানবতার দিক থেকে গভর্ণমেন্ট-এর কাছে আমাদের হামবেল রিকোয়েস্ট হচ্ছে যে, খাদ্য সম্পর্কে মুখ্যমন্ত্রী সরকারের নীতি ঘোষণা করুন। এটা যদি আজকে তাঁরা হাউসে বলতে না পারেন তাহলে তার জন্য তাঁরা দায়ী হবেন। বাংলা দেশের মানুষের কথা আমি হাউসের সামনে রাখছি।

Mr. Speaker: I will make my last request to you that you should not do like this. Let us all meet together afterwards. But if your conviction is that the problem will be solved in this manner, then certainly you can proceed in you own way.

Shri Kashi Kanta Maitra: Sir, after you took the chair, there was a noticeable change in the atmosphere of this august body and this great institution. The situation particularly changed because of a very generous offer that dropped from you, you expressed your anxiety for the members of the various political parties who are pressing their points here in this House and who are asking the Hon'ble Chief Minister as Leader of the House to make a statement on the floor of this House here and now if he is going to declare a new food policy. When that demand was there, you suggested that all the parties should meet together and try to find out if the differences could be ironed out and a new policy followed. That is a very magnanimous gesture on your part and I believe I am expressing the sentiment of all the members

in the Opposition that everyone of us is agreeable to it. But a proposal having come from you and you, Sir, having made the suggestion, I think there is no member in the House, there is no power in this House which can restrict or whittle down the scope of your offer. You have thrown the offer, and it is up to you, Sir, to carry out or to see that the offer is honoured. We are agreeable to sit along with other members of the House to discuss, but in the meantime the most legitimate demand is that the business of the House cannot be carried on the House should adjourn: the whole House should be adjourned, and the whole House should discuss. I know, Mr. Banerji is nodding his head. (The Hon'ble Sankardas Banerji: I have the right to nod my head, as anybody has that right.) Although the Chief Minister is here, he has not expressed himself in that vein. The Hon'ble Finance Minister who sometimes out-tries to outshine the Chief Minister poses as if he is the Leader of the House gives a threat—Mr. Speaker, Sir, you have the power to carry out your offer—he is holding out a threat to the members of the House. He has no business to do so. Mr. Speaker, Sir, you have made an offer, and I appeal to you to see that your offer is respected and the House should adjourn.

[2-50—3-25 p.m.]

The Hon'ble Sankardas Banerji: He has said that you have ordered; there cannot be any order.

Mr. Speaker: I have heard him. I know what he hass aid.

Shri Kashi Kanta Maitra: We all know in what great esteem you are held by the members, particularly by the members of the Opposition in this House. On many occasions you have respected our rights; we know that. Therefore, it was in the fitness of things, that you suggested that all the members should sit and discuss. Therefore, I would appeal to you, Sir, to see that the ruling party is not allowed to hustle through its legislative programme, and what they could not do directly they should not be allowed to do indirectly. Therefore, I am asking you, Sir, with very great humility that you please see to it that today's business stands adjourned and we discuss that matter, if you so like but in the absence of adjournment no discussion should be held in this House—that is my appeal.

Mr. Speaker: Mr. Maitra, as an astute lawyer I put it to you after the decision that has been arrived at today during my absence, will it increase the dignity of the House or will it lower the dignity of the House, if we go against that decision here and now? After all it is my duty to uphold the dignity of the House: so it is the duty of each and every member of the House to uphold its dignity whether one member may be in the right or one member may be in the wrong—that does not matter. Dignity is dignity. As an astute lawyer, I put it to you, Mr. Maitra, if I now suggest that instead of doing anything today just now, let us go and sit and discuss, will it lower the dignity or it will increase the dignity of the House? Tell me, Mr. Maitra. It is only for this reason that I have said that as loyal member of this House, let us be loyal for the time being. Let us meet in the afternoon; let us do a little business, may not be much. Let the dignity of the House be preserved Let the members realise that we are here to do some business and we have done it. What is the main problem, what is the serious problem before us? The way we are discussing that course is open to you tomorrow—whatever course you have got—whatever right you have got—whatever right the party has got—everything will be there—the competition of exercise of powers—but nothing beyond that. But why do it just now? Let us have an hour or two afterwards. Let us do some business, otherwise if you say, "Let the House be adjourned immediately", then you are forcing that decision which has been given; that should not be done. After all, it should not come out from you, Mr. Maitra.

Shri Kashi Kanta Maitra: Sir, since you have asked me to express my views I would like to say something. Sir, I would humbly submit that if you take a right decision, that will raise you in the estimation of the people. I would respectfully

submit, Sir, that you are the repository of the rights and privileges of this House. It is necessary that, in the interest of the country and in the interest of this urgency, the House should stand adjourned for some time and we should not transact any legislative business today. I do not think, if we do that, that would at all belittle or whittle the dignity of the House. I ask you, Sir, would it suit the dignity of the House if, in spite of all these things happening in this House, we go on transacting the rest of the business that is on the day's list? Sir, I submit that it will not enhance the prestige of the House if the business is carried on in the teeth of the strong feeling of the Opposition. The ruling party wants to rubber stamp its own decision. I think that will not be fair at all.

Mr. Speaker: There is no question of ruling party or non-ruling party. What I have simply said is this that for the time being let us go on with the day's work. Then let us meet together in my chamber so that something fair can be decided. I would request you all to please help me in carrying out the work of this House satisfactorily. Courses are open to you to do whatever you like. You know how can it be possible immediately for me to say that we rise for the day? That cannot be done. It is only for this reason I have thought of some solution. I have placed before you the suggestion that we should carry on with the day's work for the time being and then I have requested you all to meet me in my chamber so that something can be done to arrive at a fair decision.

Shri Kashi Kanta Maitra: Sir, there is one precedent here so far as this House is concerned. I believe during the last budget session when the Opposition Members on this side were pressing for some assurance from the Hon'ble Labour Minister, i.e., to make a statement as to the future fate of the unemployed goldsmiths because of the Gold Control Order, there was a great noise in this House and thereafter the House stood adjourned for some time and we all went to the Chamber of the Hon'ble the Chief Minister. There was some discussion and he came to the House and made a statement. Therefore, Sir, I submit that there is already a precedent for this.

Mr. Speaker: I have already made an appeal to each and every member of this House so that they can come to a satisfactory decision. I now adjourn the House for twenty minutes. We will be meeting again and I expect the honourable members will accept my suggestion.

(At this stage the House was adjourned for twenty minutes.)

(After adjournment)

[3-25—3-32 p.m.]

শ্রীঅপূর্বলাল মজুমদার : মি: স্পীকার স্যার, আপনি ২০ মিনিট আগে হাউস এ্যাডজোর্ন করার সময় আমাদের উদ্দেশ্য করে অনুরোধ করেছিলেন যে হাউস এ্যাডজোর্নমেণ্ট হবার পর সরকারের সঙ্গে, মুখ্যমন্ত্রীর সঙ্গে বসে আলোচনার মাধ্যমে যদি তাঁরা তাদেব খাদ্যনীতি পরিবর্তন করেন। আপনার অনুরোধ রক্ষা করে আমি একথা জানাচ্ছি যে আমাদের পক্ষে এই দুর্ঘটনাটা যেভাবে আমাদের তরফ থেকে তাঁদের কাছে কথা বলেছি বা যে উত্তপ্ত আবহাওয়ার সৃষ্টি হয়েছে তাতে কোন রকম ডিসকাসন হবার মত অবস্থা নেই। সেইজন্য আমি আজকে বামপন্থী সদস্যদের তরফ থেকে অনুরোধ করবো যে আজকে হাউসের মধ্যে কোন রকম ডিসকাসন না হওয়া।

মি: স্পীকার : লিভ দ্যাট টু মি।

শ্রীননী ভট্টাচার্য : আমিও ঠিক ঐ একই অনুরোধ অপূবব বু যেটা কবেছেন সেটা করতে চাই। আপনার অনুরোধ আমরা রেখেছি কিন্তু এখন কোন বিষয় আলোচনা করার মত মনের অবস্থা নেই এবং নীতির দিক থেকে এটা ঠিক হবে না

শ্রীঅনাদি দাস: আমি এই কথা বলবো যে আজকে হাউসে আমরা যে জিনিসের উপর আলোচনা করতে চাই সেই জিনিসটা হচ্ছে সরকারের খাদ্য নীতি। কিন্তু তারপর অবস্থার গতি প্রকৃতি অন্য দিকে যাবার দরুন আমরা মনে করি যে আজকে এই সভায় আর কোন আলোচনা না হওয়া এবং এটাই আমরা চাই।

মিঃ স্পীকার: অ্যাজ আই হ্যাভ অলরেডি সেইড, দিজ মে বি লেফট টু মি। অনারেবল মেম্বারস্‌, আই অ্যাম গ্ল্যাড ইউ হ্যাভ এ্যাক্সিডেড্‌ টু মাই রিকোয়েস্ট।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: I have received 4 notices of Calling Attention on the following subjects:—

(a) Collapse of the Bhagirathi Bridge at Berhampore in connection with the construction of the National Highway—by Shri Sanat Kumar Raha.

(b) Breakdown of the bridge in the making on the river Bhagirathi near Berhampore, in the district of Murshidabad—by Shri Deb Saran Ghosh.

(c) Allegation and charges aginst the Hon'ble Minister-in-charge of Local Self-Government by a Congress Councillor of the Calcutta Corporation—by Shri Bhakti Bhusan Mandal.

(d) Distress of the people due to rise of price of foodstuff in West Bengal—by Shri Birendra Narayan Ray.

I have selected the notices of Shri Sanat Kumar Raha and Shri Deb Saran Ghosh regarding collapse of the Bhagirathi bridge in the district of Murshidabad. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date for making the statement.

The Hon'ble Khagendra Nath Das Gupta: I will make the statement tomorrow.

GOVERNMENT BUSINESS

Laying of Ordinance

The West Bengal Estates Acquisition (Amendment) Ordinance, 1963

The Hon'ble Syamadas Bhattacharyya: I lay before the Assembly the West Bengal Estates Acquisition (Amendment) Ordinance, 1963 (West Bengal Ordinance No. II of 1963), under Article 213(2) (a) of the Constitution of India.

Laying of Reports, Rules, etc.

The Annual Report of the Public Service Commission, West Bengal, for the year 1958-59

The Hon'ble Sankardas Banerji: In accordance with the provision contained in sub-clause (2) of Article 323 of the Constitution of India, I lay before the House the Annual Report of the Public Service Commission, West Bengal, for the year ending 31st March, 1959, together with a memorandum explaining, as respects the cases where the advice of the Commission was not accepted, the reason for such non-acceptance.

Ad-Hoc Public Service Commission (Consultation by Governor) Regulation

The Hon'ble Sankardas Banerji: In accordance with provision contained in clause (5) of Article 320 of the Constitution of India I lay before the House an Ad-Hoc West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulation.

Amendment to the West Bengal Premises Tenancy Rules, 1956

The Hon'ble Syamadas Bhattacharyya: I lay before the Assembly an amendment to rule 21 of the West Bengal Premises Tenancy Rules, 1956.

Amendments to the West Bengal Industrial Disputes Rules, 1958

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to lay before the Assembly amendments to the West Bengal Industrial Disputes Rules, 1958.

Report of the Joint Committee on the West Bengal Zilla Parishads Bill, 1962

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to present before the Assembly the Report of the Joint Committee of the Houses on the West Bengal Zilla Parishads Bill, 1962.

Annual Report of the Small Scale Industries Corporation

The Hon'ble Tarun Kanti Ghosh: Sir, I beg to lay before the Assembly the First Annual Report of the Small Scale Industries Corporation for the year ending the 31st March, 1962.

Business Advisory Committee

Mr. Speaker: I beg to present before the House the Fourteenth Report of the Business Advisory Committee.

The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 3-32 p.m. till 12 noon on Wednesday the 17th July, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 17th July, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 14 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 7 Deputy Ministers and 185 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Settlement of land

***14.** (Admitted question No. *21.) **Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be please to state—

(a) if the Government has received a joint petition from the villagers of Totopara in Jalpaiguri district, dated 30th July, 1962, for the settlement of land; and

(b) if so, what action has been taken by the Government

The Hon'ble Syamadas Bhattacharyya : (a) Yes.

(b) The petition has been referred to the Additional Collector (Estates Acquisition), Jalpaiguri, for necessary action.

Shri A. H. Besterwitch : Will the Hon'ble Minister please let the House know when this letter was sent to the Additional Collector, Jalpaiguri ?

The Hon'ble Syamadas Bhattacharyya : It was sent in the month of December, I believe.

Shri A. H. Besterwitch : Will the Hon'ble Minister please let the House know, if the letter was sent in the month of December last what was the reason for non-compliance with the petition as yet ?

The Hon'ble Syamadas Bhattacharyya : There is no question of non-compliance with any petition or with any direction. The present system is this : agricultural **khas** lands are being settled with cultivators for a period of two years from the current Bengali year on a licence issued in consultation with an Advisory Committee consisting of certain members. I made a statement on this subject sometime back in this Assembly. The village that is referred to by the honourable member is in Police Station Madarihat, which is included in the L. R. Circle Falakata, where a Committee has been formed to advise Government with regard to the distribution of land.

Shri A. H. Besterwitch : Will the Minister let the House know if similar petitions have been lying with the S. R. L. O. for the last two or three years ?

The Hon'ble Syamadas Bhattacharyya : I do not think that my answer was followed by the honourable members. I said that the distribution of land does not lie with Government officers. Committees have been formed in different circles—a Committee has been formed in the

village which my honourable friend has mentioned, which is situated in a particular circle which I have mentioned, and the land will be distributed in accordance with advice of that Committee.

Shri Birendra Narayan Ray: What are the names of the members of the Committee ?

The Hon'ble Syamadas Bhattacharyya: I have not got the names.

Shri Nani Bhattacharjee:
মন্ত্রীমহাশয় বললেন অ্যাডভাইসরি কমিটি করা হয়েছে জমি ডিস্ট্রিবিউট করার জন্য—ভেস্টেড ল্যান্ড এর ক্ষেত্রে আমরা জানি যে অ্যাডভাইসরি কমিটি সেট আপ করা হয়েছে, কিন্তু যেগুলি খাস জমি বহুদিন থেকে গভর্ণমেন্টের খাসে আছে সে জমি ডিস্ট্রিবিউট করার জন্য অ্যাডভাইসরি কমিটি করা হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:
সর্বপ্রকার জমি বিলি বন্দোবস্ত দেবার জন্য উপদেষ্টা কমিটির পরামর্শ গ্রহণ করা হবে।

Shri Narayan Choubey:
জেলায় জেলায় কবে এই কমিটি করা হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:
এগুলি অনেকদিন হল করা হয়েছে, কোন বিশেষ অঞ্চলের উপদেষ্টা কমিটি গঠন সম্পর্কে যদি জানতে চান আমি পরে জানাতে পারব।

Shri Sanat Kumar Raha:
ভূমি বন্টনের এই উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে তার নীতি নির্দেশটা জানতে পারি কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যদি আদেশ দেন তাহলে আমি উত্তর দিতে পারি, কিন্তু মাননীয় সদস্য সনৎ বাবুর এই ধরনের আরেকটা প্রশ্ন আছে পরে একসংগে—

Shri Sanat Kumar Raha:
এই যে উপদেষ্টা কমিটি করা হয়েছে বাংলাদেশের প্রত্যেকটা সার্কেলে গঠিত হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
বাংলাদেশের প্রত্যেকটা সার্কেল-এ গঠিত হয়নি, অনেক সার্কেল-এই হয়েছে এবং কোন্ কোন্ সার্কেলে গঠিত হবে সে সম্পর্কে আমরা নির্দেশ দিয়েছি।

Shri Nani Bhattacharjee:
মন্ত্রীমহাশয় বললেন অ্যাডভাইসরি কমিটির অনুমোদনের উপর জমি বিতরণ করা হবে—মাঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি সেই অ্যাডভাইসরি কমিটির কাছে যে জয়েন্ট পিটিশন করা হয়েছে ৩০এ জুলাই তারিখে সেটা পাঠান হয়েছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:
আমি আগেই বলেছি সেই পিটিশন অ্যাডিশন্যাল কলেক্টর-এর কাছে পাঠান হয়েছে?

Dr. Golam Yazdani:
আমি একটা ক্ষুদ্র প্রশ্ন করতে চাই—উপদেষ্টা কমিটিতে স্থানীয় এম-এল-এ মেম্বার হিসাবে নেওয়া সম্পর্কে সরকারী নীতি কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
এই সম্পর্কে কথা হচ্ছে, এই যে উপদেষ্টা কমিটি হবে তার গঠন সম্পর্কে এই বিধিবিধান করা

হয়েছে যে, স্থানীয় বি-ডি-ও অথবা একাধিক বি-ডি-ও থাকবেন, লোকাল এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার অথবা অফিসারস, লোকাল জে এল আর ও, সেই সার্কেল-এর অঞ্চলপ্রধান যাঁরা তাঁরা, যেখানে অঞ্চল গঠিত হয়নি সেখানে য়ুনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট যাঁরা, কো-অপারেটিভ বিভাগের প্রতিনিধি এবং সরকার মনোনীত ২ জন,—কাজেই এম-এল-এ হিসাবে অথবা এম-এল-সি অথবা এম-পি বলেই কেউ সেই কমিটির সদস্য হবেন এমন কোন নীতি গ্রহণ করা হয়নি।

[12-10—12-20 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

রাজস্ব মন্ত্রীমহাশয় বললেন যে দুজন সরকার কর্তৃক মনোনীত হবে, সে মনোনয়নের মানদণ্ড কি হবে সেটা কি লিখিতভাবে নির্দেশ দেওয়া আছে?

The Hon'ble Syamadas Bhattacharyya :

লিখিতভাবে কোন নির্দেশ দেওয়া হয় নি।

Shri Sailendra Nath Adhikary:

এই যে অ্যাডভাইসরি বোর্ড গঠন করা হচ্ছে এই বোর্ডে যেভাবে মেম্বার দেওয়া হচ্ছে সেটা কি জেলা পরিষদ বিল আসার পরিপ্রেক্ষিতে করা হচ্ছে তাদের যে দায়িত্ব তার সংগে ট্যালি করে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আজ্ঞে না মশাই।

Shri Sanat Kumar Raha:

ভাগচাষীদের পক্ষ থেকে সেখানে তাদের প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা সরকার করেছেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা সরকার কর্তৃক যখন সদস্য মনোনীত করবো সেই সময় নিশ্চয়ই আপনার পরামর্শ মনে রাখবো।

Dr. Golam Yazdani :

এই উপদেষ্টা মেম্বার কিভাবে নেওয়া হবে, আমার জিজ্ঞাসা স্থানীয় এম-এল-এ যাদের স্থানীয় জমি জায়গা সম্বন্ধে ভাল জ্ঞান রয়েছে তাদের স্পেশালী কেন বাদ দেওয়া হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বাদ দেওয়ার কোন প্রশ্ন হয় নি, গ্রহণেরও প্রশ্ন নয়, আপনার সামনে একথা বলছি এম-এল-এ, এম-এল-সি, এম-পি হলেই যে তাদের গ্রহণ করা হবে এই রকম কোন নীতি গ্রহণ করা হয় নি।

Remission of rent

***15.** (Admitted question No. *24.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৩৬৫ সালের যে সময়ে মেদিনীপুর জেলার ময়নায় বন্যা হয় ঠিক সেই সময়ে উক্ত জেলার পিংলা থানার ৮নং ও ৯নং ইউনিয়ন এবং ৫নং ও ৭নং ইউনিয়নের কিয়দংশে বন্যা হইয়াছিল;

(খ) সত্য হইলে, উক্ত বন্যা প্লাবিত স্থানের খাজনা মকুবের কোন আদেশ আজ পর্যন্ত দেওয়া হইয়াছে কি; এবং

(গ) ঐসকল স্থানে যে সমস্ত লোকের নিকট হইতে ১৩৬৫ সালের খাজনা আদায় লওয়া হইয়াছে তাহা অবিলম্বে ফেরত দেওয়ার কোন সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ, ৮, ৯ ও ৭ নং ইউনিয়নের কিয়দংশে বন্যা হইয়াছিল।
(খ) হ্যাঁ।
(গ) হ্যাঁ।

Shri Ananga Mohan Das:

কোন্ কোন্ মৌজার কত অংশ খাজনা মকুব করা হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

নন্দীবিল, সংগ্রামচক, চণ্ডীপুর, চকচণ্ডী, বরিষা, লেচুয়া, বেলদাঁড়িয়া, জলঘাট, নুনগাদা এবং নয়কন্ত, এই কয়টি মৌজার সম্পূর্ণ মকুব করা হয়েছে।

Shri Ananga Mohan Das:

এই আদেশ জে-এল-আর-ওকে এবং বি-ডি-ওকে জানান হয়েছে কি, যারা খাজনা আদায় করেন, তাদের জানান হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ঠিকমত বলতে পাচ্ছি না।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে বাংলাদেশে বিভিন্ন বন্যাক্রান্ত এলেকায়, অনাহারক্লিষ্ট এলেকায় যে সমস্ত চাষী রয়েছে, সেই সমস্ত এলেকায় খাজনা মকুব করার আদেশ দেওয়া হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

তৌজী ম্যানুয়েল একটা জিনিষ আছে, তাতে কোথাও শস্য-হানি প্রকৃতভাবে হলে খাজনা মকুব করার ব্যবস্থা আছে।

Shri Kashi Kanta Maitra:

তৌজী ম্যানুয়েল তাদের ডিস্‌ক্রিশন, আজকে দেশে যখন চরম সংকট দেখা দিয়েছে, তখন রাজ্য সরকার সেখানে সাধারণ নির্দেশ কি দিয়েছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সাধারণ নির্দেশ বলতে যদি এ বছর সকলের খাজনা মকুব করার কথা হয় তাহলে তা হয়নি, বরং অন্যান্য বছরের তুলনায় খাজনা সাধ্যমত দিয়েছে এবং অন্যান্য বছরের থেকে খাজনা বেশী আদায় হয়েছে।

Remittance of money by the Tahasildar

***16.** (Admitted question No. *32.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়না থানার বিভিন্ন ব্লকের তহশীলদারগণকে নিজ খরচায় আদায়ী টাকা এম-ও করিয়া পাঠাইতে হয়; এবং

(খ) সত্য হইলে, তহশীলদারগণকে এম-ও কমিশন বাবত টাকা কাটিয়া লইয়া বাকি টাকা পাঠাইয়া দিতে নির্দেশ দেওয়ার কি ব্যবস্থা সরকার করিবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) এম-ও কমিশনের জন্য অগ্রিম টাকা তহশীলদারগণকে দিবার বিধান আছে। অগ্রিম না লইয়া তহশীলদারগণ যদি নিজ খরচায় মণিঅর্ডার করেন, তবে পরে বিল করিয়া মণিঅর্ডার কমিশনের টাকা লইয়া থাকেন।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Ananga Mohan Das:

অগ্রিম টাকা দেওয়ার যে ব্যবস্থা আছে তার পরিমাণ কত?

The Hon'ble Syamadas Bhattacharyya:

যত টাকা এম-ও কমিশনের জন্য প্রয়োজন হবে সেটা আন্দাজ করে নিতে পারেন।

Shri Ananga Mohan Das:

মেদিনীপুর ময়না থানায় তহশীলদারদের প্রতি মাসে সরকারী প্রো-ফরমা রিটার্ন না দিয়ে মোট ১০৫ দফা নূতন ধরনের রিটার্ন দেবার জন্য বাধ্য হচ্ছে, এ ধরনের কোন ইন্‌ফরমেশন রাখেন কি?

Mr. Speaker:

I think you should have given special notice for the purpose. Mr. Bhattacharyya, will you be able to answer the question ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

I am sorry, I cannot answer it.

Shri Sanat Kumar Raha:

তহশীলদাররা যে টাকা মানিঅর্ডার করবেন সেই টাকা কোথায় থাকবে, তার নিজের কাছে থাকবে ব্যক্তিগতভাবে না কোথায় থাকবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

কিছু পরিমাণ টাকা তারা হাতে রাখতে পারবে। তার বেশী পরিমাণ হলে পাঠিয়ে দিতে হবে।

Shri Sanat Kumar Raha:

কি পরিমাণ টাকা তাদের হাতে থাকবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার মনে হয় ৫০০ টাকা।

Shri Sanat Kumar Raha:

সেই টাকা চুরি চামারি হয়ে গেলে তার সিকিউরিটির ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এ রকম কেস আমার কাছে নেই।

Distribution of lands vested in the Government

***17.** (Admitted question No. *203.)

Shri Sanat Kumar Raha:

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার তেলকার বিল মৌজা ও মাধুনিয়া মৌজায় সরকারের ন্যস্ত খাস জমি অদ্যাবধি বিলি বণ্টন হয় নাই;

(খ) বিলি বণ্টন না হইয়া থাকিলে, তাহার কারণ কি; এবং

(গ) উক্ত খাস জমি বণ্টন হইয়া থাকিলে, কত পরিমাণ জমির মধ্যে কত বণ্টিত হইয়াছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) না। ১৩৬৯ সন পর্যন্ত প্রকৃত আদায়কারীর নিকট হইতে একর প্রতি ১০.০০ টাকা

হারে লাইসেন্স ফী লইয়া বন্দোবস্ত করা হইয়াছিল। ১৩৭০ সালের বন্দোবস্ত স্থানীয় ভূমি বণ্টন উপদেষ্টা কমিটির বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ৩৭·৫৮ শতকের মধ্যে ৩৫·৮৩ শতক ১৩৬৯ সন পর্যন্ত বণ্টিত হইয়াছে।

Shri Sanat Kumar Raha:

এই যে মাধুরিয়া তেলকরের জমি সরকার দখলে নিয়েছেন, সেখান থেকে চাষীদের উচ্ছেদ করা হচ্ছে সে সংবাদ সরকার রাখেন কিনা।

The Hon'ble Syamadas Bhattacharyya:

না জানা নাই।

Shri Sanat Kumar Raha :

এই যে জমি যা ভেস্ট করেছে সেই জমির পুরানো মালিকের নাম কি?

Mr. Speaker:

You should have given special notice for that.

Report on activities of the Advisory Committees meant for the distribution of lands

***18.** (Admitted question No. *219.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ভূমি বণ্টন বিষয়ে উপদেশ দিবার জন্য সার্কেলে সার্কেলে যে কমিটি গঠিত হইয়াছে সেই সকল কমিটির কার্যকারিতা সম্পর্কে জেলার অতিরিক্ত ভূমিরাজস্ব বিভাগের ম্যাজিস্ট্রেটগণ কোন রিপোর্ট দিয়াছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না।

Shri Sanat Kumar Raha :

এই যে কমিটি গঠন করা হয়েছে মাসে কবার বসতে পারবে বা বসবার নিয়ম কানুন আছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাসে কবার বসতে পারবে, কখন বসতে পারবে, বসার সময় নিয়ম কানুন উপদেষ্টা কমিটিগুলি তার ব্যবস্থা বিবেচনা করে নিজেরা স্থির করে নেবে।

Shri Sanat Kumar Raha :

এই কমিটিগুলি কিভাবে কাজকর্ম করছে সে সম্পর্কে কোন রিপোর্ট আছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার কাছে কোন রিপোর্ট আসে নি; অবশ্য আমরা খোঁজ খবর রাখি।

Shri Sanat Kumar Raha :

এই যে সার্কেল কমিটি হয়েছে এই সম্বন্ধে কোরামের অভাবে মিটিং এ্যাট অল হচ্ছে না। এই খবর জানেন কি?

(নিরুত্তর)

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এ্যাডভাইসরি কমিটি বসে এবং তারা ঠিক করে, আমি এখন আপনাকে জিজ্ঞাসা করছি এ্যাডভাইসরি কমিটিগুলি বসার জন্য যে নির্দেশ দেওয়া হয়েছে,

সেখানে তাদের এমন কি কথা বলা হয়েছে যে কারা তাদের কন্ভিন করবে, কারা মেম্বারদের ডাকবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:
আমাদের যে নির্দেশ আছে, সেই নির্দেশ অনুগ্রহ করলে নিতে পারেন, অনেক জায়গায় তা প্রচার করা হয়েছে। জে-এল-আর-ও তিনি হবেন সেক্রেটারী, তিনি ডাকবেন এবং বি-ডি-ও সিনিয়র হবেন, এবং একাধিক বি-ডি-ও যদি থাকেন তবে তিনি হবেন প্রেসিডেন্ট।

Shri Sailendra Nath Adhikary:
মুর্শিদাবাদ জেলায় চরমন্দজপুর ইত্যাদি অঞ্চলে যে হাজার হাজার বিঘা জমি, খাস জমি যা গভর্ণমেন্টের হাতে এসেছে, সেই সমস্ত জমি ভূমিহীন চাষীদের হাতে না দিয়ে বড় বড় গৃহস্থদের বেনামীতে দেওয়া হচ্ছে এবং তার জন্য নানারকম দরখাস্ত আসছে আপনার কাছে কিন্তু তারা কোন প্রতিবিধান পাচ্ছে না।

[12-20—12-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:
আমি এখনই কিছু বলতে পারছি না।

Shri Sailendra Nath Adhikary:
আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে পার্সোনালী একটা টেলিগ্রাম করেছিলাম। সেখানে কি ভাবে গন্ডগোল লাগিয়ে দেওয়া হচ্ছে সে সম্বন্ধে তিনি কি জানেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:
উপদেষ্টা কমিটির মারফৎ এই কাজ হচ্ছে না, আমাদের সরকারী কর্মচারীদের মারফৎ বা তাদের দ্বারা এই কাজ হচ্ছে সেটা যদি মাননীয় সদস্য বলেন তাহলে দেখতে পারি।

Shri Sailendra Nath Adhikary:
আমরা জানি না কি হচ্ছে। আমরা এখানে এসে আপনাদের কাছে শুনি কি হল। ওখানে গিয়ে কিছুই শুনতে পাই না। সেটা কি উপদেষ্টা কমিটির মারফৎ ক্যায়স সৃষ্টি হচ্ছে বা জি-এল-আর-ও, এস-এল-আর-ও, এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাঁদের খেয়ালখুশী মত হয়েছে এবং হয়েছে কিনা, আমি বলছি হয়েছে, আপনি সেটার অনুসন্ধান করেছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:
আমি মাননীয় সদস্যের কোন সাজেসানের সংগে একমত নই। তিনি সর্বত্র ক্যায়স দেখতে পান।

Shri Nani Bhattacharjee :
যেখানে যেখানে এ্যাডভাইসরি কমিটি গঠিত হয়েছে যেমন ধরুন কুমার গ্রাম দুয়ার, সেই কুমার গ্রাম দুয়ার এ্যাডভাইসরি কমিটিতে সেখানে যে জোতদার বহু জমি বেনামী করে রেখেছেন তিনিও নোমিনেটেড মেম্বার অথবা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট হিসাবে রয়েছেন এটা কি জানেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:
যে কথা বলা হয়েছে আমার কাছে সে সম্পর্কে সরকারী নির্দেশের কপি আছে। মাননীয় সদস্য যদি দেখতে চান তাহলে সেটা দেখতে পারেন।

Constitution of Advisory Committee for distribution of lands

***19.** (Admitted question No. *225.)

Shri Sanat Kumar Raha :

ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূমি বণ্টন উপদেষ্টা কমিটি কাহাদের লইয়া গঠিত হইয়াছে; এবং

(খ) এই কমিটির কাজ কি হইবে?

Mr. Speaker:

I think the question has been answered.

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) সম্পর্কে আমার উত্তর আগে দেওয়া হয়েছে,

(খ) এর জবাব দিচ্ছি—সরকারের খাস জমির বন্দোবস্তের সুপারিশ করাই প্রধান কাজ। ইহা ছাড়া গ্রামাঞ্চলে খাস জমির সুষ্ঠুভাবে ব্যবহার ও পতিত জমির উদ্ধার সাধন ইত্যাদি বিষয়ে উপদেশ দান করিবেন।

Shri Sanat Kumar Raha :

এই যে প্রধান কাজ ভূমি বন্টন সম্পর্কে উপদেশ দেওয়া ছাড়া ভূমি ব্যবস্থা সম্পর্কে উপদেশ দেওয়ার অধিকার তাদের থাকবে, আমার প্রশ্ন হচ্ছে সরকার থেকে কোন উপদেশ বা নির্দেশ রিগার্ডিং দি ফাঙ্কস্‌নস্‌ অব দিজ কমিটিস দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি পূর্বেও বলেছি এখনও বলছি এই কমিটির গঠন এবং ফাংকসান সম্পর্কে মোটামুটি-ভাবে সরকারী নীতি কি সে সম্পর্কে আমার কাছে একটা বিজ্ঞপ্তি আছে। আপনারা যদি চান তাহলে দিতে পারি।

Shri Birendra Narayan Ray:

মুর্শিদাবাদ জেলার ভূমি বন্টন উপদেষ্টা কমিটির সরকারী মনোনীত সদস্যদের নাম কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এখনই আমি নামগুলি বলতে পারবো না।

Shri Sanat Kumar Raha :

ভূমিহীন কৃষককে জমি দেবার ব্যবস্থা করা এটা যখন সরকার নীতি হিসাবে গ্রহণ করেছেন তখন সেই শ্রেণীর ভূমিহীন গরীব কৃষকদের প্রতিনিধি এই কমিটিতে থাকার কথা সরকার চিন্তা করেছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমাদের যে কমিটি গঠিত হয়েছে তাতে আমরা যতদূর সম্ভব নমিনেটেড সদস্য সংখ্যা কমিয়ে রেখেছি। যাঁরা আছেন আপনারা অনুগ্রহ করে দেখবেন তাঁরা নির্বাচিত প্রতিনিধি ওখানকার স্থানীয় লোকজন এবং সরকারী কর্মচারী—সরকারী কর্মচারীরা ঐ প্রতিনিধিদের সাহায্য করবার জন্য আছেন, তাঁরা ওখানে কোনরকম বিতর্কের মধ্যে অংশ গ্রহণ করবার জন্য নেই। কাজেই সেই প্রতিনিধিদের মধ্যে আমরা মনে করি ভূমিহীন কৃষকদের প্রতিনিধি থাকবে না।

Shri Sanat Kumar Raha :

তাহলে এর মধ্যে কৃষকদের প্রতিনিধি আনার কোন সুযোগ থাকলো না—এ প্রশ্ন সম্পর্কে সরকার কি চিন্তা করেছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই উত্তর দিয়েছি যে একটা সার্কেলের মধ্যে ৮।১০ জন অঞ্চল প্রধান বা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট থাকার কথা কারণ তাঁরা নির্বাচিত প্রতিনিধি, আমার বক্তব্য হচ্ছে—মাত্র যে একজন নির্বাচিত প্রতিনিধি আসবেন তা নয়, সরকারী কর্মচারীরাও আসবেন ঠিকই। কিন্তু তাঁরা এই নির্বাচিত ৮।১০ জন প্রতিনিধিদের সাহায্য করবার জন্য আসবেন যাতে সুষ্ঠুভাবে জমি বন্টন ব্যবস্থা হয়।

Shri Sanat Kumar Raha :

সরকার কি জানেন যে বর্তমানে যা অবস্থা—আমাদের দেশের বেশীর ভাগ প্রধান তাঁরা প্রচুর সম্পত্তির মালিক এবং বেশীর ভাগ ক্ষেত্রে তাঁরা কমিটির মিটিং-এ আসেন না?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না।

Shri Sanat Kumar Raha :

উপদেষ্টা কমিটির কাজের মধ্যে আপনি প্রধানতঃ ভূমি বন্টন সম্বন্ধে বলেছেন, দ্বিতীয়তঃ আনুসংগিক ব্যাপার সম্পর্কে বলা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে বেআইনী দখল করা জমি থেকে যারা উচ্ছেদ হয়েছে সেই সমস্ত চাষীদের সেই জমিতে বসানোর ব্যবস্থা উপদেষ্টা কমিটি করতে পারেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এ সম্পর্কে সকলেই সাহায্য করতে পারেন—উপদেষ্টা কমিটি যদি সাহায্য করেন তাহলে তা সাদরে গ্রহণ করা হবে।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় জানাবেন কি ভূমি বন্টন ব্যাপারে কারা কারা অগ্রাধিকার পাবে সে সম্পর্কে উপদেষ্টা কমিটিকে কোন নির্দেশ দেয়া হয়েছে কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya:

অধ্যক্ষ মহাশয়, আপনার অবগতির জন্য তাহলে একটু অংশ আমি পড়ে শোনাচ্ছি

The main function of the Committee will be to make recommendations as to whom licence of agricultural lands should be given, but its advice should also be sought regarding the best utilisation of other khas lands in the rural areas, e.g., what areas should be kept open, if any land should be converted into gochar lands or land for other public uses, whether any forest land or other waste lands now lying unutilised should be handed over to the Anchal Panchayats. If big blocks of waste lands exist in the area which can be reclaimed with investment of capital, the Committee may bring it to the notice of the Collector.

The distribution should be made on the principles outlined below:—

No individual cultivator should be given more than five acres of land. In making its recommendations the committee should consider if the individual in question either owns and cultivates or cultivates in barga system any other land. If he does, the total area under his cultivation including the area of Government khas lands to be settled with him should not exceed five acres.

The licence fee payble for these lands should be 1½ times the prevailing rate of rent for similar lands in the locality which should be reduced to the prevailing rate if the licensees from themselves into a Co-operative Farming Society.

The licensees will not have transferable or heritable right on land. On his death the land will revert to Government, fresh licence being given as a matter of policy generally to the most deserving heir to prevent fragmentation.

The licensee will be expected to be a good farmer doing his job efficiently and the licence will be liable to be cancelled if the production falls unduly in comparison with similar land in the neighbourhood. No licence should, however, be cancelled unless the Advisory Committee recommends cancellation and no cancellation order should be passed by any authority below the Subdivisional Land Reforms Officer.

[12-30—12-40 p.m.]

Shri Nani Bhattacharjee :

মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে অ্যাডভাইসরি কমিটি বিভিন্ন জেলায় গঠিত হয়েছে তারা কি পরিমাণ জমি এ পর্যন্ত বন্টন করেছেন এবং কি পরিমাণ পরিবারকে বন্টন করা হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি সে হিসাবটা এখনি দিতে পারছি না।

Dr. Golam Yazdani :

কতদিন এই অ্যাডভাইসরি কমিটি গঠিত হয়েছে এবং কবে থেকে প্রথম কাজ করছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

কবে থেকে প্রথম হয়েছে ঠিক বলতে পারছি না—তবে এ বছরের গোড়া থেকে হয়েছে।

Shri Balai Lal Das Mahapatra:

কোন্ কোন্ জেলায় কত জমি বন্টনের জন্য পাওয়া গিয়াছে।

(No Reply)

Constitution of a Committee for distribution of lands

***20.** (Admitted question No. *31.)

Shri Sudhir Chandra Das:

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ভূমি বন্টনের জন্য যে সকল কমিটি গঠনের নির্দেশ দেওয়া হইয়াছে সেগুলিতে স্থানীয় আইনসভার সভ্যদিগকে গ্রহণ করিবার পরিকল্পনা আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি এ প্রশ্নের উত্তর আগেই দিয়েছি—আইনসভার সদস্যদেরকে এই কমিটিতে সদস্য বলে গ্রহণ করার কোন পরিকল্পনা নেই।

Shri Sudhir Chandra Das:

আপনারা জনপ্রতিনিধিদের এই কমিটিতে থাকা সমীচীন মনে করেন কি না?

Mr. Speaker: It is a question of opinion.

The Hon'ble Syamadas Bhattacharyya:

আগেই বলেছি এরকম জনপ্রতিনিধি গ্রহণ করবার কোন পরিকল্পনা আমাদের নেই।

Shri Sudhir Chandra Das:

এরকম পরিকল্পনা গ্রহণ করা হবে কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না।

Shri Sudhir Chandra Das:

আগে বলেছেন যে দুইজন মনোনীত সদস্য কমিটিতে থাকবেন। এই মনোনীত ব্যক্তিদের কে মনোনীত করে দেবেন? সেই অথরিটি কে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মনোনীত করবেন গভর্নমেন্ট।

Shri Apurba Lal Majumdar:

মন্ত্রিমহোদয় দয়া করে জানাবেন কি তিনি বলেছেন যে গ্রাম পঞ্চায়েৎ কিংবা অঞ্চল পঞ্চায়েতের প্রেসিডেন্ট যেহেতু তাঁরা ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ সেজন্যে তাঁদের এর মধ্যে থাকার প্রয়োজন আছে। সেখানে আমি জিজ্ঞাসা করতে চাই তিনি কি কারণে সেখানে আইনসভার সদস্যদের থাকা উচিৎ বিবেচনা না করে দুইজন মনোনীত সদস্যকে—পার্সন-কে প্রেফার দেওয়ার যুক্তিকে সমর্থন করছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি অত্যন্ত দুঃখিত এর উত্তর আমি দিতে পারব না।

Shri Kashi Kanta Maitra:

আমার প্রশ্ন হচ্ছে যখন আপনারা সিদ্ধান্ত নিলেন আপনাদের এই উপদেষ্টা কমিটিতে বিশেষ বিশেষ ব্যক্তিদের রাখবেন তখন কি কোন নীতির ভিত্তিতে কাদের নেওয়া হবে এবং কাদের নেওয়া হবে না সে সম্বন্ধে কোন সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি এ পর্যন্ত যতদূর তথ্য এ বিষয়ে উপস্থিত করেছি আমার মনে হয় এর বেশী অধিক বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয় জানাবেন কি এই আইনসভার যাঁরা সদস্য তাঁদের উপদেশ গ্রহণ করার ইচ্ছা আপনাদের আছে কি না?

Mr. Speaker:

ও প্রশ্ন হয়ে গেছে।

Shri Sailendra Nath Adhikary:

কিন্তু স্যার, উপদেষ্টা কমিটিতে না নেওয়া মানে আইনসভার সদস্যদের অগ্রাহ্য করা।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি আগেই বলেছি যে আইনসভার সদস্য হিসাবে—এম. এল. এ, এম. এল. সি পদাধিকার বলে এই কমিটির সদস্য করার কোন পরিকল্পনা নেই। একটা জিনিস হচ্ছে আপনারা এত কাজ করেন—এর চেয়ে বেশী কখন সময় পাবেন করবার?

Shri Sambhu Gopal Das:

গত বাজেট বক্তৃতার সময় যখন এ বিষয়ে প্রশ্ন উঠেছিল তখন বলেছিলেন কমিটিতে এম. এল. এ. নেবার প্রশ্ন পরে বিবেচনা করে দেখবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা বিবেচনা করে দেখেছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন যে এম. এল. এ-রা নানা কাজে ব্যস্ত থাকেন—তাঁদের তাই নেওয়া যুক্তিসংগত মনে করি না। কোন মাননীয় সদস্য স্বেচ্ছায় যথেষ্ট টাইম দিতে রাজী আছেন—আমি নিজে রাজী আছি হাওড়া জেলার জন্য আমি যথেষ্ট সময় দিতে রাজী আছি সেক্ষেত্রে সেই সদস্যকে বা আমাকে কি নিতে রাজী আছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আপনি সর্বদা উপদেশ দিতে পারবেন—আপনার উপদেশ সর্বদা আমরা নিতে রাজী থাকব।

Shri Apurba Lal Majumdar:

উপদেষ্টা কমিটিতে যদি যেতে রাজী থাকি নেবেন কি?

(No reply.)

Shri Sudhir Chandra Das:

মনোনীত সদস্যরা কংগ্রেস দলের লোক ছাড়া হবেন না এরকম কোন নীতি আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না, এ রকম কোন নীতি নেই।

Shri Sailendra Nath Adhikary:

এই যে দুইজন মনোনীত—নমিনেটেড মেম্বার নিচ্ছেন তার মধ্যে কি কোন এম, এল, এ, থাকবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

থাকতে পারেন—কোন বাধা নেই। আমি একটু আগেই বলেছি মাননীয় সদস্যদের নিশ্চয়ই যোগ্যতা আছে—উপদেশ দিতে তাঁরা পারবেন। কিন্তু তাঁরা অনেক কাজ নিয়ে ব্যস্ত থাকেন—তা সত্ত্বেও আপনারা যদি কেউ উপদেশ দিতে চান এই সভার সদস্য হিসাবে তা সর্বদা দিতে পারবেন এবং তাঁদের উপদেশ আমরা সাদরে গ্রহণ করব। কিন্তু উপদেষ্টা কমিটির সদস্য হতে গেলে আমরা এমন লোককে সদস্য করতে চাই যিনি সময় বেশী দিতে পারবেন—কাজ দিতে পারবেন।

Shri Apurba Lal Majumdar:

যতগুলি উপদেষ্টা কমিটি হয়েছে তার মধ্যে এখনও পর্যন্ত কোন এম, এল, এ-কে নেওয়া হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না, আমাদের পক্ষেরও না, আপনাদের পক্ষেরও নয়।

Expenditure on Acharya Binova Bhabe's tour in West Bengal

***21.** (Admitted question No. *324.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আচার্য বিনোভা ভাবের পশ্চিমবঙ্গে সাম্প্রতিক পরিক্রমার জন্য কি কি বাবতে মোট কত সরকারী অর্থ এ পর্যন্ত ব্যয় হইয়াছে;

(খ) আচার্য বিনোভা ভাবের সফরসূচী প্রস্তুতের জন্য বা তাঁহার সভায় যোগদানের জন্য কোন্ কোন্ মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী সরকারী টাকায় সফর করিয়াছেন; এবং

(গ) ঐ বাবতে মোট কত টাকা ব্যয় হইয়াছে?

The Hon'ble Sankardas Banerji:

পরে উত্তর দেবো।

Mr. Speaker: The Hon'ble Mr. Banerjee...

(The Hon'ble Sankardas Banerji did not respond)

Manner of answering question by Ministers.

Mr. Speaker: When the Speaker asks any question to any particular member, irrespective of whether other members are standing or not, he should respond.

Mr. Banerji, regarding the answer that you have just now given that it will be given when the materials are available, I may say that in that case this question should not have at all come up today. You must give a date when the complete answer can be given. I do not think this is the way you should reply—it will be given when they are available.

The Hon'ble Sankardas Banerji: It is with the utmost respect to the Chair that I say that the stand taken is the correct stand because it does not concern one particular department. If it had concerned one particular department, then the answer could have been given immediately. As you are aware, Binovaji has been touring round many parts of West Bengal. Many Hon'ble Ministers, State Ministers and Deputy Ministers have travelled

with him. It is not within my power to tell you straightaway how much money was spent on what account and so on. If you will kindly look at the questions, the questions are these, and I do not think the departments have been unreasonable as to the answers which they have given.

আচার্য্য বিনোবা ভাবের পশ্চিমবঙ্গে সাম্প্রতিক সফরসূচীতে কি কি বাবদ মোট কত অর্থ......

[12-40—12-50 p.m.]

Shri Kashi Kanta Maitra: On a point of order. It is absolutely within the power of the Speaker to decide whether to admit a question or not. The question of admissibility is within your jurisdiction, Sir. The departmental officers formulated the question, and all these questions have been sent back to the members concerned with the note that the Hon'ble Speaker has admitted these questions, and that these questions will be tabled for answer. Is it for the Hon'ble Minister to challenge the validity of the question and to say that the Department was wrong, that it was wrong on the part of the Department to have formulated this question?

The Hon'ble Sankardas Banerji: I never challenged the power of admissibility of the question.

Mr. Speaker: The question of admissibility or non-admissibility has not come up at all. The Hon'ble Minister has given an answer that the reply will be given when the particulars will be available. I have asked him to give a date for the answer, otherwise all the questions will be answered in that manner. Sitting in this Chair I cannot take it to be an answer at all.

Shri Kashi Kanta Maitra. Mr. Banerji questioned the propriety of the Department in formulating the question.

The Hon'ble Sankardas Banerji: You have not been able to follow the answer; and you are determined to create a row.

[Noise and interruptions]

Mr. Speaker: Mr. Banerji.........

The Hon'ble Sankardas Banerji: I withdraw it.

[Noise and interruptions.]

The Hon'ble Prafulla Chandra Sen: He has withdrawn the remark.

Mr. Speaker: Can I take it that the question will be answered on your next rotation day?

The Hon'ble Sankardas Banerji: Many Ministers have gone. I want adequate time; any time that you fix but I cannot give the answer in a day or two.

Mr. Speaker: I do not say that you give it in a day or two; you can give the answer on your next rotation day.

The Hon'ble Sankardas Banerji: I will make every attempt to comply with it.

Dr. Kanai Lal Bhattacharyya:

স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, গত অধিবেশনে টাকী মন্ত্রিসভায় কত টাকা খরচ হয়েছিল মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করা হয়েছিল, তখনো তিনি এই উত্তর দিয়েছিলেন যে সমস্ত হিসাব পাইনি, পেলে জানাব—এভাবে তিনি প্রশ্নটা এ্যাভয়েড করে যাচ্ছেন।

Mr. Speaker: It is my duty to see if a question has been answered or not.

Shri Nikhil Das:

অত্যন্ত দুঃখের সংগে বলতে হয় যে, মাননীয় অর্থমন্ত্রীকে তাঁর দপ্তর সম্পর্কে যখনি প্রশ্ন করা হয় তখনি আমরা উত্তর পাই, পরে জানান হবে, ভবিষ্যতে জানান হবে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Constitution of Selection Committees in connection with admission of students to the State Medical Colleges

11. (Admitted question No. 53.)

Dr. Golam Yazdani: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Selection Boards for admission of students into various Medical Colleges are formed each year before admission of students; and

(b) if so, the names and designations of persons of the present Selection Boards of various Medical Colleges ?

The Minister of State for Health: (a) Yes, Selection Committees are constituted each year in connection with admission of students to State Medical Colleges.

(b) List laid on the Table.

List referred to in reply to clause (b) of unstarred question No. 11

A. MEDICAL COLLEGE, CALCUTTA

Chairman

1. Principal, Medical College, Calcutta.

Members

2. Vice-Principal, Medical College, Calcutta.
3. Professor-Director, Department of Medicine, Medical College, Calcutta (or in his absence a Professor of Medicine to be nominated by the Principal of the College).
4. Professor-Director, Department of Surgery, Medical College, Calcutta (or in his absence a Professor of Surgery to be nominated by the Principal).
5. Shrimati Santi Das, M.L.A.
6. Shri Karam Hossain, M.L.A.
7. Shri Dinabandhu Das, M.L.A.
8. Dr. N. Banerjee, President, Calcutta Branch, Indian Medical Association.
9. Principal, Bethune College. Calcutta, or a member of the teaching staff of her College nominated by her.
10. Dr. Kumud Nath Sen, Professor of Pharmacology, Medical College, Calcutta.
11. Dr. Manilal Bose, M.B.

B. NILRATAN SIRCAR MEDICAL COLLEGE, CALCUTTA

Chairman

1. Principal, Nilratan Sircar Medical College, Calcutta.

Members

2. Vice-Principal, Nilratan Sircar Medical College, Calcutta.
3. Professor-Director, Department of Medicine, Nilratan Sircar Medical College (or in his absence a Professor of Medicine to be nominated by the Principal).
4. Professor-Director, Department of Surgery, Nilratan Sircar Medical College (or in his absence a Professor of Surgery to be nominated by the Principal).
5. Shri Brindabon Gayen, M.L.A.
6. Shrimati Biva Mitra, M.L.A.
7. Shri Jagadish Bhattacharyya, M.L.A.
8. Dr. Salil Dutta, Vice-President, Calcutta Branch, Indian Medical Association.
9. Principal, Presidency College, Calcutta, or a member of the teaching staff of his College nominated by him.
10. Shri Khagen Naskar M.L.A.
11. Shri Ahmed Ali Mufti, M.L.A.

C. R. G. KAR MEDICAL COLLEGE, CALCUTTA

Chairman

1. Principal, R. G. Kar Medical College, Calcutta.

Members

2. Vice-Principal, R. G. Kar Medical College, Calcutta.
3. Director-Professor, Department of Medicine, R. G. Kar Medical College (or in his absence a Professor of Medicine to be nominated by the Principal).
4. Director-Professor, Department of Surgery, R. G. Kar Medical College (or in his absence a Professor of Surgery to be nominated by the Principal).
5. Dr. Sushil Kumar Das Gupta, M.L.A.
6. Shrimati Sudharani Dutta, M.L.A.
7. Shri Biswanath Mukherjee, M.L.C.
8. Dr. Debesh Mukherjee, Honorary State Secretary, Indian Medical Association.
9. Principal, Moulana Azad College, Calcutta, or a member of the teaching staff of his College nominated by him.
10. Dr. N. K. Ghosal, Professor of Biochemistry, R. G. Kar Medical College, Calcutta.
11. Dr. Ranjit Kumar Ghosh Chowdhury, M.L.A.

D. BANKURA SAMMILANI MEDICAL COLLEGE, BANKURA

Chairman

1. Principal, Bankura Sammilani Medical College, Bankura.

Members

2. Dr. Durgadas Gupta, Associate Professor of Medicine, Bankura Sammilani Medical College, Bankura.
3. Professor, Department of Medicine, Bankura Sammilani Medical College.
4. Dr. B. N. Banerjee, Professor of Obstetrics and Gynaecology, Bankura Sammilani Medical College.
5. Shrimati Niharika Majumder, M.L.A.
6. Shri Subodh Chandra Maity, M.L.A.
7. Shri Ananda Gopal Mukhopadhyay, M.L.A.
8. Dr. Gopika Ranjan Mitra, M.L.A.
9. Dr. L. M. Ganguli, Honorary Branch Secretary, Bankura Branch, Indian Medical Association.
10. Rev. C. C. Pande, President of the Governing Body, Bankura Christian College, Bankura.
11. Shri Kalidas Roy.

Chanchal-Samsi Road in Malda district

12. (Admitted question No. 61.)

Dr. Golam Yazdani:

পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মালদহ জেলার চাচল-শামসী রাস্তাটি বিভিন্ন জায়গায় ভাঙ্গিয়ে গিয়াছে এবং স্টেট বাস ও অন্যান্য যানবাহন চলার প্রায় অনুপযুক্ত হইয়া পড়িয়াছে;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার হইতে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) কত দিনের মধ্যে রাস্তা মেরামতের কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works:

(ক) হ্যাঁ।
(খ) রাস্তাটির সংস্কারকার্য শুরু হইয়াছে।
(গ) অচিরে উক্ত কার্য সম্পন্ন হইবে।

Posting of doctor in Kharba Health Centre, Malda

13. (Admitted question No. 69.)

Dr. Golam Yazdani:

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা হেল্থ সেন্টারে কোন ডাক্তার নিযুক্ত আছেন কি;

(খ) ডাক্তার নিযুক্ত না থাকিলে, কত দিন হইল নাই;

(গ) বর্তমানে ঐ কাজ কে চালাইতেছেন; এবং

(ঘ) কত দিনের মধ্যে ডাক্তার নিযুক্ত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Health:

(ক) হাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ডাক্তার ব্যোমকেশ সিংহ।

(ঘ) প্রশ্ন উঠে না।

Interception Centre at Banpur, Nadia

14. (Admitted question No. 85.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) if it is a fact that Government had constructed a big Interception Centre at Banpur, Nadia;

(b) if so, when it was constructed and what was the total cost of construction;

(c) if it is a fact that for the last eight years this huge building has not been put to any use; and

(d) if the Government has any plan of utilising this Interception Centre as an Industrial Training Centre and if any proposal has been made to the Relief and Rehabilitation Department from the Social Welfare Department?

The Minister for Refugee Relief and Rehabilitation: (a) Yes.

(b) Construction completed in 1956 at the total cost of Rs. 1,85,115.

(c) The Centre was in use for part of 1957-58. Since then it is empty.

(d) The Social Welfare Department is considering the possibilities of utilising the buildings in this Centre for offering Institutional care to some selected groups of people. Details of the plan have not been finalised yet and the Refugee Relief and Rehabilitation Department has been requested not to dispose of this property otherwise pending a signal from the Social Welfare Department.

Transit of Nepali rice to West Bengal

15. (Admitted question No. 86.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) if it is a fact that the Government of Bihar has declined to respect the suggestion of the Government of India to allow transit of 50,000 tons of Nepali rice through Bihar territory to West Bengal;

(b) if so, on what grounds; and

(c) whether the State Government has any proposal for purchasing stocks of Nepali rice through State Trading Corporation to prevent mal-practice while rice is on the transit?

The Minister for Food and Supplies: (a) No. The Government of Bihar have so far issued transit permits to different merchants for 15,500 metric tonnes of Nepal rice and 5,000 metric tonnes of Nepal paddy for movement to West Bengal via Jogbani, a Railway Station in Bihar.

(b) Does not arise.

(c) No.

Setting up of a Law and a Medical College under North Bengal University

16. (Admitted question No. 88.) **Shri Kashi Kanta Maitra:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে উত্তরবঙ্গ আইন কলেজ ও মেডিকেল কলেজ স্থাপন করার পরিকল্পনা আছে; এবং

(খ) উত্তর যদি "হ্যাঁ" হয়, তাহা হইলে কোথায় এই আইন কলেজ ও মেডিকেল কলেজ স্থাপন করা হইবে?

The Minister for Education:

(ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Retail price of rice in West Bengal

17. (Admitted question No. 133.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) average retail price of rice per maund in each district during March, April, May and June, 1963; and

(b) what steps, if any, have been taken by the Government to bring down the price of rice?

The Minister for Food and Supplies: (a) A statement is laid on the Table.

(b) Supply of rice and wheat at fair prices is being made to consumers through Fair Price/Modified Ration Shops. Distribution of Government stocks of rice and wheat is also being made to deserving persons through Gratuitous Relief and Test Relief operations as and when necessary. To augment supply in the markets, arrangements for importing Orissa's rice and paddy on trade account under the Eastern Rice Zone Scheme are in force though these have been temporarily suspended due to food shortage in Orissa. Arrangements have also been made for some imports on trade account from the States of U.P. and Punjab as also from Nepal. Besides, wheat is being issued by the Regional Director (Food), Government of India, through trade channel, viz., chakkis and flour mills, for ultimate issue of its products to consumers. The Central Government have also been affording necessary assistance of foodgrains, as usual.

As a long-term measure, necessary steps are being taken to step up local production of paddy and other food crops and for this, highest priority has been given in the Third Plan.

Statement referred to in reply to clause (a) of the Unstarred question No. 17.

Statement showing the average minimum retail prices of rice in the districts of West Bengal during the months of March to June, 1963.

(In Rupees per maund.)

Districts	March	April	May	June
Calcutta	26·87	29·49	30·23	30·61
Burdwan	27·62	29·86	30·23	30·98
Birbhum	27·62	29·86	30·23	30·98
Bankura	26·50	29·11	29·49	30·61
Midnapore	25·75	28·37	29·49	29·86
West Dinajpur	25·01	27·25	27·62	27·99
Malda	25·38	27·25	28·74	29·11
Cooch Behar	25·75	28·37	29·11	29·11
Nadia	26·50	28·74	29·86	30·23
Hooghly	26·87	29·11	29·86	30·23
Howrah	26·87	29·49	30·23	30·61
Darjeeling	26·50	28·74	29·49	30·23
24-Parganas	26·87	28·74	29·86	30·23
Murshidabad	26·50	29·11	29·49	29·86
Jalpaiguri	27·25	29·49	29·49	29·49
Purulia	24·26	25·38	26·50	26·87
State Average	26·38	28·65	29·37	29·81

Excavation of an irrigational channel in police-station Pingla, Midnapore

18. (Admitted question No. 4.)

শ্রীঅনন্তমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি মেদিনীপুর জেলার পিংলা থানার কুঞ্জপুরহাট হইতে ক্ষীরাই পর্যন্ত একটি নতুন সেচ খালের জন্য স্থানীয় জনসাধারণের নিকট হইতে কোন আবেদন পাইয়াছেন;

(খ) উক্ত খাল সংস্কারের জন্য কোন পরিকল্পনা গৃহীত হইয়াছে কি;

(গ) পরিকল্পনা গৃহীত হইয়া থাকিলে উহা প্রস্তুত করিতে কত টাকা খরচ পড়িবে; এবং

(ঘ) কবে উহার কাজ আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুর জেলার পিংলা থানার কুঞ্জপুরহাট হইতে ক্ষীরাই পর্যন্ত একটি নতুন সেচখাল খননের পরিকল্পনা গ্রহণ করিবার জন্য প্রয়োজনীয় জরীপ কার্যের বন্দোবস্ত করা হইতেছে। উক্ত জরীপের পর পরিকল্পনা প্রস্তুত করার কথা উঠিবে।

(গ) এখন এ প্রশ্ন উঠে না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Maximum price of jute

19. (Admitted question No. 8.)

শ্রীজনমোহন দাস: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পাটের সর্বোচ্চ মূল্য বাঁধিয়া দিবার কোন সরকারী প্রস্তাব আছে কি?

The Minister of State for Agriculture:

না।

Holding of Panchayat elections

20. (Admitted question No. 40.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত সংক্রান্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—এখনও যেসব জায়গায় পঞ্চায়েত নির্বাচনের কাজ বাকি আছে সেইসব জায়গায় পঞ্চায়েত নির্বাচন কবে আরম্ভ হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

এখনও যেসব জায়গায় পঞ্চায়েত নির্বাচনের কাজ বাকি আছে সেইসব জায়গায় পঞ্চায়েত নির্বাচন আগামী নবেম্বর মাস হইতে শুরু হইবে ও আগামী ফেব্রুয়ারি, ১৯৬৪ সনের মধ্যে সমাপ্ত হইবে আশা করা যায়। পুরুলিয়া জেলায় আগামী সেপ্টেম্বর মাসেই নির্বাচন হইবে।

Amount of money in the accounts of each Gram Panchayat

21. (Admitted question No. 55.) **Dr Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) the amount of money in the account of each Gram Panchayat in various Anchals of Kharba Block, Malda, on 31st March, 1963;

(b) whether these amounts of money are kept deposited in post office or bank; and

(c) what is the instruction of the Local Panchayat Officer to Adhyakshyas about the keeping of such money in all Blocks of Malda district?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক), (খ) ও (গ) উত্তরের জন্য বিস্তারিত তথ্য সংগ্রহ করা হইতেছে।

Levy of taxes by each Anchal Panchayat

22. (Admitted question No. 62) **Dr. Golam Yazdani** : Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats be pleased to state the amount of various kinds of taxes levied on the people by each Anchal Panchayat of various Blocks of Malda district (excepting Kharba Block) year by year for the last three years and total amounts realised in each year by each Anchal Panchayat?

The Minister for Local Self-Government and Panchayats:

বিস্তারিত তথ্য সংগ্রহ করা হইতেছে।

Adjournment Motions

Mr. Speaker: I have received two adjournment motions—one from Shri Gopal Banerjee and Shri Narayan Choubey regarding rise of prices of essential commoditiess and token hunger strike by M.L.As, and the other

from Shri Gopal Banerjee and sixteen others regarding release of political prisoners detained under the Defence of India Rules.

I have refused consent.

Arrest of Shri Mahananda Haldar, M.L.A.

Mr. Speaker: I am to report to the House that communication has been received that Shri Mahananda Haldar, M.L.A. has been arrested on 15th July, 1963, under section 406/120B of Indian Penal Code and has been lodged in Krishnagar District Jail.

Dr. Narayan Chandra Roy:

স্যার, এ সম্বন্ধে আমাদের কিছু বলার আছে. ফুড কোশ্চেন একটা ইমপর্টেন্ট কোশ্চেন, কিন্তু অ্যাবাউট দি পলিটিক্যাল প্রিজনার্স—

Mr. Speaker: I am not to give any reasons for it. Whatever be the decision of the Allahabad Court or any other Court, the matter is sub judice still now.

Dr. Narayan Chandra Roy:

ফুড ডিবেট এ পার্টিসিপেট করবার জন্য আমরা অন্য কোন স্টেপ নিলাম না, কিন্তু আমরা এটা রিফিউজ করবার জন্য আমরা প্রতিবাদ জানাই।

[12-50—1-00 p.m.]

Calling attention to matters of urgent public importance

COLLAPSE OF BHAGIRATHI BRIDGE

The Hon'ble Khagendra Nath Das Gupta: On 10th July, 1963 at 2-30 a.m. a shocking news was received over the phone in Calcutta that the nearly completed one unit (on Khagraghat Side) of the Bhagirathi Bridge under construction at Berhampore had collapsed in the river at about 1-45 a.m. on the same day. The progress of construction of the bridge by the reputed engineering firm, viz., Messrs. Gammon India Ltd., had made much headway and it was expected to be completed by the end of coming September. Close and constant supervision was being maintained by the Executive Engineer, Murshidabad Construction Division, Superintending Engineer, Road Construction, Circle II, Chief Engineer Roads, and also by the Consulting Engineer, Government of India, and his subordinate officers. As a matter of fact, work on the individual sections of the said unit had been completed and the next step, which was shortly to be undertaken, was to join up these sections and do the final prestressing. The affected one-span unit on the Khagraghat side was in three sections. Two of these sections which collapsed were resting on the temporary salballah stagings. Prompt local inspection revealed that the central section of the affected span about 900 tons in weight had completely collapsed in the river bed blocking the water-way. The river side section was lying in an inclined position supported on the top of the permanent pier (No. 3), the other end being on the river. In spite of this sudden fall from such a height the individual sections remained in tact. The third section towards the shore was in position. Fortunately, there was no human casualty as work had to be stopped at about 8 p.m. on 9th July, 1963 due to heavy downpour.

Top ranking Engineers including the Chief Engineer, P. W. Department, Chief Engineer, Roads, Chief Engineer, Farakka Project, Additional Consulting Engineer (Bridges) of the Road Wing of the Ministry of Transport, Government of India, and other reputed Engineers rushed to the

spot on receipt of information and the matter is still under investigation. Yesterday, the Consulting Engineer, Roads, Government of India, who came from Delhi, also visited the spot. Causes for the catastrophy have not yet been definitely ascertained. We are however given to understand that the collapse is not due to any defect in the design of the bridge or in the construction materials, nor is it due to lack of supervision on the part of the Engineers. The financial loss sustained owing to the damage has not yet been fully assessed, but it is likely to exceed 5 lakhs of rupees. It is further apprehended that this unfortunate calamity may considerably delay the completion of the bridge. At the present moment all the top level Engineers of all-India fame are engaged in adopting protective and precautionary measures for preventing further damage to the bridge or any damage to Berhampore town consequential to the blocking of the water passage by the sudden and unexpected collapse of a pillar of the bridge as aforesaid. It is also under contemplation to set up a high-power technical committee consisting of Engineers of all-India repute for holding a thorough and detailed investigation into the causes of this collapse.

Mr. Speaker: I have received three notices of Calling attention, one from Shri Sanat Kumar Raha regarding clash between Central Excise and Land Custom workers and the smugglers near Kaliganj in P. S. Suti; another from Shri Birendra Narayan Ray regarding increase of smuggling and anti-social activities on the borders of West Bengal, and a third from Shri Sanat Kumar Raha regarding release of Shri Dhirendra Nath Bag, a D. I. prisoner. I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of clash between the Central Excise and Land Custom Workers and the smugglers near Kaliganj. The Hon'ble Minister in charge will please make a statement.

Smugglers' activities in Murshidabad district

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, with regard to the Calling Attention notice given by Shri Sanat Kumar Raha regarding alleged clash between Land Customs and Central Excise staff and the black-marketeers at or near Kaliganj hat under Suti police-station, district Murshidabad, it is not a fact that there was a clash between the Land Customs and the Central Excise staff and the black-marketeers at or near Kaliganj hat under police-station Suti, district Murshidabad, on the 14th June, 1963. At about 23 hours a party consisting of the Land Customs and the Central Excise staff kept watch near Kaliganj hat to work out a secret information. They found four to five persons approaching the hat. Two of them had loads on their heads and were challenged by the party. On being challenged, they fled away leaving behind their loads. The Customs and Excise staff failed to arrest them in spite of the hot chase. They, however, seized 35 kilograms of cinnamon and 6 kilograms of cloves, valued at Rs. 1,000, left behind by the smugglers. It is not a fact that this place has become a den of smugglers. The local police, however, are alive to the situation and smugglers are being arrested and prosecuted, as and when possible.

Statement on non-inclusion of Communist Party members Speaker's meeting

Mr. Speaker: Dr. Roy, you had asked my leave for making some statement.

Dr. Narayan Chandra Roy:

আমার দুটি স্টেটমেন্ট করার আছে, সরকারের খাদ্য নীতির প্রতিবাদে আমাদের অনশনকারী বন্ধুদের সঙ্গে কমিউনিষ্ট পার্টির তরফ থেকে, আমাদের পাঁচজন যারা অসুস্থ তাঁরা বাদে, বাকী সবাই আমরা তাঁদের সঙ্গে সহ-অনশনে নামছি। আমি এখানে একটি বিষয়ে প্রতিবাদ

করে রাখছি কাল সন্ধ্যাবেলায় আপনি যখন সকলকে ডেকে, পার্টি [illegible], পার্টি রিপ্রেজেন্টেটিভদের ডেকে মিটিং-এর কথা এ্যানাউন্স করলেন তখন কমিউনিষ্ট পার্টি বলে যে একটা অপোজিশন পার্টি আছে

the Communist Party being a major opposition party.

সেটা বোধ হয় ভুলে গেছলেন। এ সম্বন্ধে আমি প্রতিবাদ জানিয়ে রাখছি।

Mr. Speaker: Dr. Roy, when I made a request on the floor of the House to all parties in the House to attend a meeting, that I would be holding, of all the leaders in my chamber, it was presumed— whether you walked out of the House or not—that the statement made by me on the floor of the House must have reached you and you must have been informed about it. I do not think it was a duty cast on the Chair to carry that message outside. Moreover, yesterday when you were sitting in my chamber, I told you to come to the meeting which I had just begun. However, I will make a note of it. I can assure you that in future I will always see that the representatives of all the parties do come and attend such a meeting when the occasion will require it.

Dr. Narayan Chandra Roy:

যাঁরা অনশন করবেন না তাঁদের নাম হলো শ্রীমতী ইলা মিত্র, শ্রীনারায়ণ চৌবে, শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী, শ্রীবিজয় পাল, শ্রীলখন বাগ্‌দী, এ ছাড়া আর সকলেই আমাদের অনশন করবেন।

Shri Hemanta Kumar Basu:

আজকে মুখ্যমন্ত্রী মহাশয় যে খাদ্য নীতি সম্বন্ধে বিবৃতি দিতে রাজী হয়েছেন তাতে আমি নিশ্চয়ই আনন্দিত। আমি মনে করি কালকে যদি তিনি রাজী হতেন হাউসে তাহলে......

Mr. Speaker: Please forget yesterday's affairs totally.

Shri Hemanta Kumar Basu:

যাই হোক কালকের কথা বাদ দিয়েই বলছি। রাজী হয়েছেন এটা খুবই আনন্দের কথা। আমি মনে করি জনসাধারণের যে দাবী আমাদের যে দাবী সেই দাবী অনুসারে ২২ টাকা চালের মণ যাতে হয় সেই ব্যবস্থা করা হবে, আমরা আশা করি তিনি এসম্বন্ধে স্টেটমেন্ট করবেন।

Mr. Speaker:
আপনার সঙ্গে আমিও করছি।

[1—1-10p.m.]

Business Advisory Committee

The Hon'ble Jagannath Kolay: I beg to move that the 14th Report of the Business Advisory Committee, presented on the 16th July, 1963, be agreed to by the House.

Mr. Speaker: I think it is agreed to.

(The motion was agreed to.)

Non-service of notice convening Business Advisory Committee

Dr. Kanai Lal Bhattacharya:

বিজনেস এ্যাডভাইসারি কমিটির রিপোর্ট সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে রিপোর্ট আমরা এখনও পাইনি। আমরা জানিনা কি হয়েছে। কাজেই রিপোর্টটা ডেফার্ড থাক, আবার বিজনেস এ্যাডভাইসরি কমিটি বসুক।

Mr. Speaker: It has been laid on the table.

Dr. Kanai Lal Bhattacharya: We did not receive the report. What is the suggestion of the Business Advisory Committee?

স্যার, অসুবিধা হচ্ছে বিজনেস এ্যাডভাইসরি কমিটির নোটিশ আমরা সমস্ত পার্টি পাইনি, আমাদের পার্টি পায়নি, কমিউনিষ্ট পার্টি পায়নি এবং আমরা বিজনেস এ্যাডভাইসারি কমিটির রিপোর্ট কি তা জানিনা। কাজেই আমার মনে হয় বিজনেস এ্যাডভাইসরি কমিটির রিপোর্ট পেশ করা মানে আমাদের হাত বেঁধে দেওয়া। কাজেই আমরা যতক্ষণ না পর্যন্ত রিপোর্ট জানতে পারছি ততক্ষণ পর্যন্ত এটা হাউসের এ্যাডপসান থাক। পরে বিজনেস এ্যাডভাইসারি কমিটি বসতে পারে এবং উই ক্যান মডিফাই দি রিপোর্ট।

Mr. Speaker: According to the usual practice, it was laid on the table. Now it has been agreed to. It is always open to honourable members to make any alteration or variation. If there is any difficulty, I am here to remove it.

Shri Kamal Kanti Guha:

আমি বিজনেস এ্যাডভাইসারি কমিটির মেম্বার, অথচ আমি নোটিশ পেলাম না যে বিজনেস এ্যাডভাইসরি কমিটির মিটিং কবে হবে। এইভাবে আলোচনায় বসবার আমার সুযোগ হলনা। কাজেই আমাদের উপর যদি একটা চাপিয়ে দেবার চেষ্টা করেন তাহলে আমাদের উপর অবিচার করা হবে।

Mr. Speaker: I will enquire into the matter about the service of the notices. I am calling another meeting for re-arrangement of the programme.

DEBATE ON FOOD SITUATION

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় শ্রীহেমন্তকুমার বসু মহাশয় বল্লেন তিনি খুবই আনন্দিত হয়েছেন এই কথা শুনে যে আমি একটা বিবৃতি দিয়ে আজকের এই বিতর্ক সুরু করব। এ কথা কালকে তিনি যে কেন জানতেন না আমি জানি না যে যখন ফুড ডিবেট আরম্ভ হত (তুমুল হট্টগোল) তখনই আমি নিশ্চয়ই ইনিসিয়েট করতাম কিছু বলে। কাজে কাজেই আজকে আমি এই ফুড ডিবেট ইনিসিয়েট করছি এবং হেমন্তবাবু খুসী হয়েছেন বলে আমিও খুসী হয়েছি। আমাদের খাদ্যনীতি পরিবর্তন সম্বন্ধে বা সংশোধন সম্বন্ধে কথা উঠেছে। এবং আমাদের বিরোধী দলের বন্ধুরা কয়েকটি দাবি উত্থাপিত করেছেন। আমাদের খাদ্য নীতি পরিবর্তন সম্ভব কিনা এটা আমাদের সকলকেই বুঝতে হবে যদি খাদ্যনীতি পরিবর্তন করা সম্ভবপর হয় দেশের কল্যাণের জন্য তাহলে নিশ্চয়ই করা হবে। কিন্তু বর্তমানে যে খাদ্যনীতি পরিচালন করা হচ্ছে সেটার আমূল পরিবর্তন বা আংশিক পরিবর্তন সম্ভবপর কিনা তা বিচার করে দেখতে হবে। আমাদের খাদ্য নীতি কি—আমাদের খাদ্য নীতি হচ্ছে এই যে১৯৫৪ সালে জুলাই মাসে যখন থেকে বিনিয়ন্ত্রণ হয়েছে তখন থেকে আমরা চেষ্টা করে আসছি যে যাদের শ্রমশক্তি কম তাদের আমরা সস্তা দরে তণ্ডুল জাতীয় পদার্থ দেব।

খাদ্য নীতির কথা যখন আলোচনা হয় তখনই অনেকে মনে করেন যে খাদ্য মানে চাল। আমি যখনই খাদ্যনীতির কথা বলি তখনই চালের সঙ্গে গমের কথাও উল্লেখ করে থাকি। আমাদের ভারতবর্ষে মোটামুটি ৮ কোটি টন তণ্ডুল জাতীয় পদার্থ উৎপন্ন হচ্ছে। তার মধ্যে চালের পরিমাণ প্রায় ৩ কোটি ৪০ লক্ষ টন; আর ২ কোটি টন হচ্ছে অন্যান্য ফসল যথা বাজরা জোয়ার ইত্যাদি আমদের পশ্চিমবাংলায় বাজরা জোয়ারের উৎপন্ন নেই বল্লেই চলে। আমাদের পশ্চিমবাংলায় সকলে কি গ্রামে কি শহরে ভাত খেতে অভ্যস্ত। সেজন্য আমাদের লোক বলে ভেতো বাঙ্গালী। আমরা যদিও ভাত খেতে অভ্যস্ত, কিন্তু বরাবরই পশ্চিমবাংলা চালে ঘাটতি। যখন সমগ্র পূর্ববাংলা পশ্চিমবাংলা এক ছিল তখনও আমাদের চালে ঘাটতি ছিল। সমগ্র বাংলা ঘাটতি ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা তখন বার্মা থেকে চাল

আমদানী করতাম। পূর্ববংলার অনেক জেলা থেকে যেগুলি উদ্বৃত্ত জেলা সারপ্লাস জেলা সেখান থেকেও আমরা চাল আমদানী করতাম। ভারতবর্ষ বিভক্ত হবার পর অখণ্ড বাংলাদেশ দুই ভাগে ভাগ হবার পর পূর্ববাংলার সেই সমস্ত জেলা থেকে আমরা চাল পাচ্ছি না। শুধু তাই নয়, আমাদের পশ্চিমবাংলার লোক সংখ্যা অসম্ভব রকম বেড়ে চলেছে। আমাদের যে অঞ্চল নিয়ে পশ্চিমবাংলা সেই অঞ্চলের লোকসংখ্যা যখন ১ কোটি ৫০ লক্ষ ছিল তখনও পশ্চিমবাংলা চালে ঘাটতি ছিল। আর আজকে পশ্চিমবাংলার লোক সংখ্যা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ৩ কোটি ৪৯ লক্ষ হয়েছে ১৯৬১ সালের সেনসাস অনুসারে। আর ১৯৬৩ সালে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৩ কোটি ৭৯ লক্ষ। আমাদের জমির পরিমাণ বেশী বাড়েনি। আমাদের যে সমস্ত জমিতে আগে ধান হত তার একটা অংশে পাট উৎপাদন করতে আমরা বাধ্য হয়েছি। কারণ, আমাদের পশ্চিমবাংলায় প্রায় ১০০টা পাটের কল আছে এবং আমাদের যা পাটের প্রয়োজন তার শতকরা ৯০ ভাগ পূর্ববাংলা থেকে আমদানী হয়। আজ আমরা বহু জমিতে পাটের চাষ করছি। সেজন্য আমাদের বাংলার অর্থনীতি নানা দিক থেকে পরিবর্তন হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে আজকে আমাদের এই খাদ্য নীতি সম্বন্ধে আলোচনা করতে হবে। ১৯৫৪ সালের ১০ই জুলাই পর্যন্ত আমাদের এখানে নিয়ন্ত্রণ ছিল। সেই নিয়ন্ত্রণ স্বরূপ আমাদের এখানকার অনেক মাননীয় বন্ধুরাও জানেন মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনিও জানেন যে সেই নিয়ন্ত্রণের সময় আমরাও দেখেছি কোন কোন অঞ্চলে চালের দাম ফ্রি মার্কেটে অত্যন্ত বাড়ত। আমাদের এখানে কোচবিহারের কয়েকজন বন্ধু আছেন, তাঁদের আমি স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯৫২ সালের সেপ্টেম্বর, অক্টোবর মাসে কোচবিহার জেলায়, শুনলে আজকে হয়ত বিশ্বাস হবে না যে কোচবিহার জেলায় চালের দাম মণ প্রতি ৩০।৪০।৫০ টাকা নয়, ৭৫ টাকা হয়েছিল। কালকে প্রশ্নোত্তরকালে একজন মাননীয় বন্ধু জিজ্ঞাসা করেছিলেন যে পশ্চিমবাংলায় আজকে যেমন চালের দাম হয়েছে এর পূর্বে এর চেয়ে বেশী হয়েছিল কিনা?

[1-10—1-20 p.m.]

তার অবগতির জন্য আমি জানাচ্ছি যে আমাদের পশ্চিমবাংলায় ১৯৫২ সালের জুন মাসে এখন যা চালের দাম বেশী আছে তার চেয়ে কয়েক আনা বেশী হয়েছিল। কাজে কাজেই পশ্চিমবাংলার চালের দাম এই যে নূতন করে বেড়েছে তা নয়। আমাদের পশ্চিমবাংলা যদি আমরা কন্ট্রোলের নীতিতে চলে যাই তাহলে কি ঘটবে সে কথা আলোচনা করা দরকার। আমাদের মাননীয় বন্ধু বল্লেন যে ২২ টাকা মণ দরে চাল দিতে হবে। ২২ টাকা মণ দরে যদি আমাদের রেসনের দোকান থেকে দেবার কথা উঠে তাহলে তো এখনই আমরা তা দিচ্ছি। আমাদের রেসনের দোকানে ১৯·৪০ নয়া পয়সায় মোটা চাল দিচ্ছি। আর এক রকম চাল আমরা ২১ টাকা ৪০ নয়া পয়সা মণ দরেও দিচ্ছি। কাজেই রেসনের দোকানের মূল্য নির্ধারণের কথা যদি উঠে থাকে তাহলে তো আমরা মূল্য নির্ধারণ করে দিয়েছি। আর যদি আমরা বলে দিই যে রাগী বজরা জোয়ার খাচ্ছে না—আমরা চাল এবং চালের পর যে জিনিস তণ্ডুল জাতীয় পদার্থ-এর স্থান অধিকার করে সেই গম আমরা খাবো যদি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আসি আমাদের ভাররবর্ষে মাননীয় বন্ধুরা যে কথা বল্লেন ২২ টাকা মণ দরে দিতে হবে তাহলে তার চেয়েও তো কম দরে আমরা দিচ্ছি। আজকে ১৫ টাকা ১৬ টাকা দরে গ্রামাঞ্চলে গম কিনে খায় রেসনের দোকান থেকে—২২ টাকা দরে চাল কিনে খায় তাহলে গড়ে ১৬ টাকা করেই সেটা হোল আর যদি আমরা বেশী চালের দাম মনে করে চাল না খেয়ে গম খাই তাহলে ১৬ টাকায় গম কিনে আমরা খেতে পারবো। কাজেই আজকে খাদ্য নীতির কথা, আমরা শুধু চালের উপর নির্ভর করি তাহলে আমাদের খাদ্যের অবস্থা নিশ্চয়ই খুব শোচনীয়। কারণ আমাদের এবারে আমন ধান খুব কম হয়েছে, অনাবৃষ্টির জন্য। আমাদের আমন ধানের উৎপাদন এতদূর কম হয়েছে যে ঠিক ঠিকভাবে যদি হিসাব করা যায় তাহলে মোট আমাদের প্রায় ২২ লক্ষ টন ঘাটতি হবে। ১৭।১৮ লক্ষ টন নয় যদি ঠিক ঠিকভাবে আমরা হিসাব করি তাহলে আমাদের মোট তণ্ডুল জাতীয় খাদ্যের ঘাটতির পরিমাণ হবে ২২ লক্ষ টন। কাজেই ২২ লক্ষ টনের অর্ধেক ১১ লক্ষ টন আমাদের সমগ্র পৃথিবীতে চেষ্টা করলেও আমরা পাবো না—৫ লক্ষ টনও পাবো না। আর একটা কথা বিবেচনা করতে হবে সেটা হচ্ছে আমরা যদি আজকে ষ্ট্যাটুটরী নিয়ন্ত্রণ

করতে চাই তাহলে সেই স্ট্যাটুটরী নিয়ন্ত্রণ চালের এবং গমের মত স্কেল হবে। আমরা দেখেছিলাম যে আমাদের পশ্চিমবাংলায় মাননীয় প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন ১৯৪৭ সালের ডিসেম্বর মাসে তখন রেসনের স্কেল ১ সের ১২ ছটাক কমাতে হয়েছিল। মডিফায়েড রেসনিং নয় স্ট্যাটুটরী রেসনিং। স্ট্যাটুটরী রেসনিং মানে কি?—যে বাজারে কোথাও ফ্রি মার্কেটে চাল পাওয়া যাচ্ছে না। কাজেই আমাদের যদি আজকে রেসন চালু করতে হয় তাহলে আমরা মাথাপিছু আধ সের করেও দিতে পারবো না। গমের পরিমাণ আরও ঢের বেশী বাড়াতে হবে। যদি সেই দিক থেকে জিনিসটা বিচার করি তাহলে আজকে খাদ্য সংকট নেই। যদি মনে করি গম মানুষের অখাদ্য, গম আমরা খেতে পারবো না, গম খেয়ে ক্ষুধা পূরণ হবে না তাহলে নিশ্চয়ই খাদ্য সংকট আছে। খাদ্য নীতির পরিবর্তনের দ্বারা এই খাদ্য সমস্যার সমাধান হবে না। পৃথিবীতে আজকে চালের অভাবে। কাজেই কোন জায়গা থেকে চাল আমদানী করা ভারত গভর্নমেন্টের পক্ষে সম্ভব নয়। আজকে সেইজন্য সমস্ত দিক থেকে বিচার করে আমরা এই নীতি গ্রহণ করেছি। আমাদের দেশে যাদের ক্রয় শক্তি কম এবং যারা গমকে খাদ্য বলে মনে করেন এবং খাদ্য পুষ্টির দিক থেকে চালের থেকে কোন অংশে হীন নয় তাহলে তারা নিশ্চয়ই আমাদের খাদ্যনীতিকে সমর্থন জানাবেন।

দরকার হলে, প্রয়োজন হলে, আমরা দুবেলাই গম খাবো। আমরা যদি দুবেলা গম খাই তাহলে ২২ টাকায় গম কিনতে হবেনা, ১৬ টাকায়, ১৭ টাকায় এক মণ গম পাবো এবং দেখবো তাহলে খাদ্য সমস্যাও আমাদের নেই। আজকে আমাদের অনেক বন্ধু বলেছেন বাংলা দেশে এমন দুর্ভিক্ষ উপস্থিত হয়েছে যাতে করে তাঁদের অনশন করতে হচ্ছে। আজকে বাংলা দেশে যে দুর্ভিক্ষ এসেছে তার প্রমাণ ২৪-পরগণা থেকে পেলাম না, হওড়া জেলা থেকে পেলাম না, হুগলী জেলা থেকে পেলাম না, মুর্শিদাবাদ জেলা থেকে পেলাম না, কোচবিহার জেলা থেকে পেলাম না, জলপাইগুড়ি জেলা থেকে পেলাম না, মালদহ জেলা থেকে পেলাম ন

[হট্টগোল]

[ওকথা সত্য নয়, সে সব জায়গাতেও দুর্ভিক্ষ আছে।]

আমরা শুনছি কেবলমাত্র পুরুলিয়া, পুরুলিয়া, পুরুলিয়া। আজ কোথায়ও দুর্ভিক্ষ নেই, পুরুলিয়াতেও নেই। তাঁরা পুরুলিয়ার কথাই বলেছেন অন্য কোন জেলার কথা বলেন নি। এবং আমি ঘোষণা করছি যে বাংলা দেশের কোথাও দুর্ভিক্ষ নেই ও আমরা দুর্ভিক্ষ হতে দেবো না। এবং আমরা যদি গমকে খাদ্য বলে মেনে নিই তাহলে বাংলাদেশে দুর্ভিক্ষ হবার কোন কারণ নেই। বাংলা দেশে খাদ্য সংকট নেই এবং বাংলা দেশের খাদ্যনীতির পরিবর্তনেরও কোন প্রয়োজন নেই।

Shri Hementa Kumar Basu :

ডেপুটি স্পীকার মহোদয়, আমি প্রথমেই মুখ্য মন্ত্রিমহাশয়ের কাছে যে কথা জানতে চেয়েছিলাম, যে আশা করেছিলাম, যে আশা পূর্ণ হলে আমরা খুশী হতাম, সেই খুশী হবার কথাই বলছিলাম। কিন্তু আমি দেখছি সরকারের যে খাদ্য নীতি, যে নীতি তাঁরা অনুসরণ করছেন, সেই নীতিই তাঁরা বহাল রাখতে চান, সেই নীতির পরিবর্তন করতে চান না। দেশময় জনসাধারণের মধ্যে যে অভাব, যে খাদ্যাভাব আমরা দেখতে পাচ্ছি তার কোন সমাধানের ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না। চালের দাম বাজারে অত্যধিক তা কমাবার চেষ্টা কিছু নেই। ২২ লক্ষ টন চাল কম হোক আর যাই হোক, যে চাল বাজারে পাওয়া যায় সেখানেও দেখছি একটা অরাজকতা চলেছে। মজুতদার, চোরাকারবারীরা চালের দাম যা ইচ্ছে তাই বাড়িয়ে দিয়ে যাবে যার জন্য এখানে যে একটা রাজ আছে, শাসন আছে তা আমরা দেখতে পাচ্ছি না।

[1-20—1-30 p.m.]

Shri Nikhil Das :

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে কালকে খাদ্য নিয়ে এত হৈ চৈ হয়ে গেল। কিন্তু ট্রেজারী বেঞ্চ-এর ব্যাপার দেখুন। এদিকে একটা সিরিয়াস ডিসকাসন হচ্ছে ওদিকে ওঁরা একটা আলাদা কন্‌ফারেন্স করছেন।

Mr. Deputy Speaker :

গোলমাল তো আর আমি করছি না। আপনারা করছেন।

Shri Hemanta Kumar Basu :

বড়ই দুঃখের কথা আজ খাদ্য নিয়ে সারা দেশময় একটা বিরাট অসন্তোষ আমরা দেখতে পাচ্ছি যখন সেই খাদ্য পরিস্থিতি সম্পর্কে গত দিন এবং আজও আলোচনা চলছে এবং এরকম একটা গভীরভাবে বিবেচনা করবার বিষয় যখন আলোচনা হচ্ছে সে সময় এরকমভাবে গোলমাল করে আলোচনার অসুবিধা সৃষ্টি করা, অত্যন্ত অশোভন এবং আপনি যদি তা প্রশ্রয় দেন সেটা অত্যধিক দুঃখের ব্যাপার হবে। মুখ্যমন্ত্রি বললেন যে ২২ লক্ষ টন চাল কম হয়েছে। আচ্ছা আমি ধরলাম যে ২২ লক্ষ টন কম হয়েছে। প্রথম বললেন ৪½ লক্ষ টন এবং তারপরে বললেন ৬ লক্ষ তারপরে, আবার ১৭ লক্ষ টন—শেষে এখন বলছেন ২২ লক্ষ টন। এ ক্ষেত্রে বুঝা যায় সরকারের পরিসংখ্যান বিভাগ কি রকমভাবে চলছে। মন্ত্রিমণ্ডলীর কোন কথা—কোন সংখ্যা কি করে বিশ্বাস করব বলতে পারি না। কাজেই এ সম্পর্কে মনে হয় হয়ত চাল ২২ লক্ষ টন কম হয়নি, হয়ত ১৭ লক্ষ টন কম হয়নি—সরকার হয়ত মজুতদারদের এবং চোরাকারবারীদের একটা অবাধ অধিকার দিয়েছেন যে উচ্চ হারে চাল বিক্রী করো আমরা কিছু বলব না—গগনস্পর্শী দাম তুলে দাও কোন আপত্তি সরকারের নেই। আমাদের আজ বিশেষ করে তাই মনে হচ্ছে ওই চোরাকারবারীদের সংগে সরকারের নিশ্চয়ই একটা স্বার্থের সম্পর্ক আছে—তা না থাকলে মুখ্যমন্ত্রি খাদ্যনীতি সম্পর্কে এই সভায় দাঁড়িয়ে আমরা বার বার যে বলেছি যে মুনাফাখোরদের জব্দ করুন, তাদের ডি আই রুল-এ ধরা হোক সেদিকে তাঁরা গেলেন না কেন? সরকার তাঁদের গায়ে হাত দিতে— তাদের স্বার্থের কোন রকম ক্ষতি যাতে হয় তা করতে চান না। সেদিক থেকে যে খাদ্যনীতি মুখ্যমন্ত্রি ঘোষণা করলেন যে—তোমরা গম খাও সেটা কেমন অদ্ভুত লাগল। গম তো লোক খাচ্ছে। কালকে বললেন রেশন সপ-এ ৫১ নয়া পয়সা দরে চাল পাওয়া যাচ্ছে। সেটা সত্যি নয় সেই চাল পাওয়া যায় না এবং তা খাওয়াও যায় না—৮৬ নয়া পয়সার কমে চাল পাওয়া যায় না এবং সব জায়গায় সেই চাল পাওয়া যায় না। কালকে মান বাজারে রেশন সপ-এর কথা বলা হয়েছিল কিন্তু কোন কোন রেশন সপ খোলা হয়েছে তা সরকার বলছেন না। আমরা এ বিষয়ে খোঁজ খবর নিয়েছি। মুখ্যমন্ত্রি স্টেটমেন্ট দিয়েছেন ডেমোক্রেসি-র কথা এবং পালিয়ামেন্টারি সিস্টেম-এর কথা বলে তিনি ওইভাবে জোর করে যা কিছু বলতে পারেন এবং ভোটের জোরে সব কিছু পাস করিয়ে নিতে পারেন। আমরা মাইনরিটি যাদের কথা বলছি—জনসাধারণের কথাই বলেছি- যদি প্লেবিসাইট নেওয়া হয় দেখা যাবে আমাদের কথা জনসাধারণেরই মনের কথা। আজকের দিনে যদি সাহস থাকে সরকারের উচিৎ জনসাধারণের কাছে গিয়ে দাঁড়ান। তাদের কাছে ভোট চান - দেখি কেমন করে তারা ভোট পান। আমরা জানি কংগ্রেস বেঞ্চ-এর অনেক সদস্য আছেন যারা নিশ্চয়ই আমরা যে কথা বলছি এই মত নিশ্চয়ই সমর্থন করবেন।

[1-30—1-40 p.m.]

আপনারা বলছেন দুর্ভিক্ষ পুরুলিয়াতে হয়নি, আর আমরা নিজেরা প্রত্যেকটি বাড়ীতে বাড়ীতে গিয়েছি, গ্রামের হাজার হাজার লোকের চেহারা দেখেছি, দুইজন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে আর আপনারা বলছেন যে দুর্ভিক্ষ হয়নি এবং সম্পূর্ণ অস্বীকার করছেন। আমি জানি দুইজন লোক না খেতে পেয়ে ঝরিয়ায় কয়লার খনিতে কাজ করতে গিয়েছিল সেখানে তারা কাজ পায়নি তারপর কয়েকদিন পর তারা সেখানে চাকরি পেয়েছিল, কিন্তু দুর্ভিক্ষজনিত তাদের স্বাস্থ্যের জন্য তারা সেখানে মারা যায়, ভোলা লক্ষী তাদের নাম। আমরা শুনেছি তাদের শ্রাদ্ধের জন্য নাকি অনেক টাকা খরচ হয়েছে। আমি বলি সেটা টাকা নিশ্চয়ই কেউ জোগার করে দিয়েছে তার কারণ হচ্ছে আমরা যে কথা বলছি তা যাতে ভুল প্রমাণিত হয় সেইজন্য কিছু টাকা সংগ্রহ করে হয়ত তার শ্রাদ্ধের ব্যবস্থা করা হয়েছে। এটা যে কতদূর অন্যায় কতদূর নক্কারজনক তা আমি বলতে পারিনা। আমি যে কথা বলতে চাই যে সরকারকে ২২ টাকা দরে চাল দিতে হবে। তারা বলবেন ২২ টাকা দরে চাল পাওয়া যায় না। আমি জিজ্ঞাসা করতে চাই যারা কৃষক যারা দরিদ্র কৃষক তাদের ঘরে যখন ধান উঠেছে তারা কত

টাকা মন দরে ধান বিক্রি করেছে। আমি গ্রামে গ্রামে ঘুরে খবর নিয়েছি ১০।১২ টাকার বেশী দর তারা পায়নি। দেড় মণ ধানে যদি এক মণ চাল হয় তাহলে ১৮।১৯ টাকার বেশী দাঁড়ায় না, তার উপর এদিক ওদিক খরচা ৩।৪ টাকা ধরলে ২২ টাকার বেশী হতে পারে না। সুতরাং ২২ টাকা আমাদের সংগত দাবী। কালকে প্রশ্ন উত্তরে বললেন কৃষকরা ধান ধরে রেখেছে এবং কৃষকরা ধানের দর বাড়িয়েছে। কিন্তু আমরা জানি কৃষকদের ঘরে ধান নাই। তাদের ঘরে ধান থাকতে পারে না। কৃষকদের ঘরে ধান উঠা মাত্র—তাদের ঘাড়ে যে ঋণের বোঝা থাকে সেই বোঝা কমাবার জন্য সেই ধান বিক্রি করতে বাধ্য হয়। স্যার আপনি জানেন যে প্যাটের দর বেধে দেওয়া হয়েছে, পাটের দর এমন সময় বেধে দেওয়া হল যখন কৃষকের ঘরে পাট নেই, যখন মজুতদারের ঘরে পাট গেল। সেই রকম ধানের দর যখন ১২।১৩ টাকা সেই সময় তারা কিনেছে, আজকে সেই ধানের দর তারা ২০।২২ টাকা চরিয়েছে সেজন্য আজকে চালের দর ৩৪।৩৪ এমন ৩৭ টাকা বাজার হয়ে গিয়েছে মাননীয় মুখ্যমন্ত্রি মহাশয়ের কাছে আজকে ও সেই পুরানো কথা শুনলাম যে রেশন সপে চাল দেওয়া হচ্ছে এবং সস্তায় দেওয়া হচ্ছে, আর বেশী করে গম খাও—আরে গম তো খাবেই এবং লোকেও খাচ্ছে। কিন্তু কি জন্য এই বাজারের চাল যে চাল পাওয়া যাচ্ছে সেই চাল কেন সাধারণ লোক বেশী দরে কেন খাবে? কেন কিনবে এই কথাটি আমি বুঝতে পারি না। তাই আজকে দেশময় একটা বিরাট অসন্তোষ দেখা দিয়েছে। এই অসন্তোষ-এর প্রতিকারের জন্য আমরা চাইছিলাম এবং দাবী করেছিলাম যে সরকার তাদের খাদ্যনীতি পরিবর্তন করুন। চোরাকারবারীরা মুনাফাখোর এবং মজুতদারদের সায়েস্ত করুন। তাদের লাভের অংক কমিয়ে দিন এবং তাদের উপর চাপ সৃষ্টি করুন। কিন্তু সেদিক থেকে মাননীয় মুখ্যমন্ত্রির কাছ থেকে একটি কথাও শুনতে পেলাম না। কাজেই আমাদের যে , অনশন আমাদের যে আন্দোলন তার পিছনে জনসাধারণের সমর্থন রয়েছে। কাজেই সেদিক থেকে আমাদের আন্দোলন চলবে অনশন চলবে, এরপরে পদযাত্রীরা আসবে বিভিন্ন জেলা থেকে তারা আইন অমান্য করে এ্যাসেম্বলি আসতে চায়, তাদের কথা তারা বলতে চায়, তারা আর ক্ষুধার জ্বালা আর সহ্য করতে পারছেনা, সেই জন্যই তারা আসতে চায় এছাড়া তাদের আর কি উপায় আছে। তারা না খেতে পেয়ে মরছে, তারা বুভুক্ষায় তাদের পুত্র কন্যা নিয়ে না খেতে পেয়ে মারা যাচ্ছে। সেজন্য ১০০।১৫০ মাইল পর্যন্ত পায়ে হেটে আসতে বাধ্য হচ্ছে। যদি আপনারা তাদের গ্রেপ্তার করেন করতে পারেন। কিন্তু আমি বলি মাননীয় মন্ত্রিমহাশয়কে যদি খাদ্য নীতি পরিবর্তন না করেন তাহলে দেশময় একটা বিরাট আন্দোলন বিরাট গণ আন্দোলন সৃষ্টি হবে সে বিষয়ে সন্দেহ নাই। কাজেই সরকারকে এই বিষয়ে সাবধান করে দিতে চাই যে এখনও সময় আছে খাদ্য নীতি পরিবর্তন করুন। এবং দাবী করছি যে মুনাফাখোর চোরাকারবারীদের শায়েস্তা করুন। আজ চীন ভারতকে আক্রমণ করেছে এবং দেশে জরুরী অবস্থার সৃষ্টি হয়েছে তার মাঝখানে আমরা চাইনা কোন রকম বিশৃঙ্খলা সৃষ্টি হয়। কিন্তু মানুষকে তো বাচতে হবে। এই নীতি থাকার ফলে দেশের মধ্যে একটা অসন্তোষ আছে তার দরুন আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা দুর্বল হয়ে পড়বে। তাই আমরা চাচ্ছি যাতে দেশের মানুষ যাতে খেয়ে পড়ে বাচতে পারে তাহলে মানুষ আনন্দের সাথে সাহসের সাথে প্রতিরক্ষা ব্যবস্থাকে সমর্থন করবে। তাই আমি শেষবারের মত সরকারকে সাবধান এবং সচেতন করে দিতে চাচ্ছি যে তারা তাদের খাদ্যনীতি পরিবর্তন করুন তা নাহলে দেশের মধ্যে একটা গন আন্দোলন সৃষ্টি হবে এ বিষয়ে কোন সন্দেহ নাই।

Mr. Deputy Speaker : I am sorry, I did not call the honourable member from the Communist Party first. Shri Panchu Gopal Bhaduri will now speak.

Shri Panchu Gopal Bhaduri :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে খাদ্যসংকট এর গভীরতায় দুটি মূল অপরাধীকে অন্নাভাব অনাহার ক্লিষ্ট দেশবাসীর সামনে তুলে ধরছি। একজন হচ্ছে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রি প্রফুল্লচন্দ্র সেন আরেকজন হচ্ছে কেন্দ্রীয় খাদ্য মন্ত্রী শ্রীপাতিল। এদের অনুসৃত খাদ্য নীতি সমস্ত দেশবাসীর জনজীবনে এক দুর্দৈব সৃষ্টি করেছে। অনাহার ক্লিষ্ট মায়ের কান্না এবং ক্ষুধিত শিশুর চীৎকার আজকে আর অনুমান নয়, সরকারী প্রচার

যতই সে কথা চাপবার চেষ্টা করুন যে সুন্দরবন এবং পুরুলিয়াতে অনাহারে মৃত্যু সুরু হয়ে গিয়েছে। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় গত বাজেট অধিবেশনে খুব দম্ভের সংগে ঘোষণা করেছিলেন যে একটি লোককেও অনশনে অনাহারে মরতে দেবনা। সেই প্রতিজ্ঞা তাঁর থাকেনি। কিন্তু গোপনে তিনি মজুতদার মুনাফাখোরদের আশ্বাস দিয়েছিলেন যে তোমাদের জন্য শত শত কোটী টাকার মুনাফা আমি সৃষ্টি করে দেব সেই প্রতিশ্রুতি রক্ষা পেয়েছে।

[1-40—1-50 p.m.]

আজকে এই ঘর থেকে প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় পলায়ন করলেন। শুধু এই ঘর থেকেই নয় বাংলাদেশের খাদ্য সংকট সমাধানের শুধু নীতি থেকে তিনি পলায়ন করেছেন। আজকে যে কথা জোর দিতে চাচ্ছি সেটা হল বার বার তিনি আমাদের জোর দিয়ে বলেছেন ঘাটতির পরিমাণ বেড়ে চলেছে। তিনি দেখাতে চাইছেন সমস্যা যে প্রকৃত বস্তু-ভিত্তিক, সেটা নিদারুন, সেটা সমাধান করার কোন পথ নাই, কোন উপায় নাই। তিনি বলেছেন ঘাটতির কথা। তিনি বলেছেন ৬।৭ লক্ষ টন ঘাটতি। তারপরে বলেছেন ১২।১৩ লক্ষ টন ঘাটতি, আজকে বলছেন ২২ লক্ষ টন ঘাটতি।

Shri Ananda Gopal Mukhopadhyay : On a point of information Sir, মুখ্য মন্ত্রিমহাশয় এই ঘরেই বসে আছেন।

(A voice from the opposition) : উনি স্যার মানে বুঝতে পারেন নি।

Shri Panchu Gopal Bhaduri :

তিনি খাদ্য ঘাটতির কথা বলেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, বাংলাদেশের লোককে আমরা রাজী করালাম যে ২২ লক্ষ টন ঘাটতি আছে, সেটা তারা গম খাবে। কিন্তু দেশে ৪০ লক্ষ টন চাল তৈরী হচ্ছে যে চাল মুনাফাখোর মজুতদারদের হাতে চলে গেছে সেই ৪০ লক্ষ টন কি করবেন। কতদরে বিক্রী হবে, কিভাবে বিক্রী হবে। শুধু ঘাটতি পূরণ করে অন্নাভাব দূর হবে না। মজুতদারদের হাত দিয়ে এই ৪০ লক্ষ টন বিক্রী হবে নাকি সরকারের হাত দিয়ে ন্যায্য মূল্যে বিক্রী হবে? এই কথাই আমি জিজ্ঞাসা করতে চাই, একথার কোন জবাব প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় দিয়ে যান নি। ঘাটতি পূরণের জন্য আমরা মেনে নিলাম দেশের লোক গম খাবে ২২ লক্ষ টন গম খাবে কিন্তু বাকী যে ৪০ লক্ষ টন দেশের মধ্যে হয় সেই সম্বন্ধে তিনি তো মজুতদারদের গ্রাম্য ধনিক এবং মুনাফাখোরদের আশ্বাস দিচ্ছেন যে মন পিছু ১০ টাকা থেকে ১৫ টাকা মণ তারা লাভ করবে। দরিদ্র জনসাধারণের অসীম দুঃখবোধের কারণ সৃষ্টি করেও তারা লাভ করতে পারবে কারণ ২০ লক্ষ টন চালের উপর মণ পিছু ১০ থেকে ১৫ টাকা লাভ করে। আমরা জানি একদিন ইতিহাস এই অপরাধীদের দলিলপত্র বার করবে, চেকমুড়ি বার করবে। ইতিহাস সমস্ত নথিপত্র ঘেঁটে বার করবে এই কংগ্রেসী নেতৃত্বে যে দুঃশাসন চলে যাবে দুঃস্বপ্নের মত। জনজীবনের এই দুর্ভোগ যখন আর থাকবে না তখন একদিন ইতিহাস এই গোপন অপরাধের চেকমুড়ি সমস্ত খুঁজে বার করবে এবং খুঁজে বার করবে কারা কত টাকা নিয়ে কে কোথা দিয়ে এই খাদ্যনীতি চালু করেছে। স্টেট ট্রেডিং করতে অস্বীকার করেছে এবং যেভাবে জনসাধারণ এই ঘাটতিতে বাংলাদেশে ৪০ লক্ষ টন সুষ্ঠু দরে পেত তা পেতে দেয়নি। আমি এ ব্যাপারে জনসাধারণের তরফ থেকে ইন্‌ডাইট করার দাবী রাখি। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এ কথার জবাব দেবেন কি যে ষ্টেট ট্রেডিং করতে বাধা কোথায়? আমার জেলা পান্‌ডুয়াতে আমি জানি মিল মালিকরা মিল থেকে ৩৫ টাকা মণ দরে চাল বিক্রী করছে। দেশের ভিতর এইভাবে মজুতদারী মুনাফাখোরী চলছে। আমি স্টেটস্‌ম্যানে একটা হিসাব দেখেছি যে সংগত দামে বিক্রী করলে ২৫।২৬ টাকার বেশী কিছুতেই হতে পারেনা, কাজে কাজেই বিদেশী ধনিক বণিক পরিচালিত যে পত্রিকা এবং আজকাল দেশী ধনিক বণিক পরিচালিত পত্রিকা ষ্টেটসম্যানই দেশের ভিতর সংকট ব্যাপারে বলতে গিয়ে বলেছেন এই যে চালের দর ৩৫ টাকা থেকে ৪০ টাকায় উঠেছে তাকে কমিয়ে ২৫।২৬ টাকায় আনা যায়, এবং যে সংযত দাবী বিরোধী পক্ষ থেকে করা হয়েছে তাকে কমিয়ে ২২ টাকা করতে হবে, তা যদি ষ্টেট ট্রেডিং করেও করতে হয় তাহলে

তাই করতে হবে। সরকার কেন ২২ টাকা মণ দরে চাল দিতে পারবেন না? ঘাটতি পূরণের অংশটা বাদ দিয়ে দিন বাকী যা দেশের মধ্যে হচ্ছে, বাকী যা দেশের মধ্যে রয়েছে, বাকী যে চাল নিয়ে মজুতদাররা—মুনাফাখোররা জনসাধারণের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে, সেই অংশ, সেই চাল নিয়ে কি করবেন, সে কথা না বলে প্রফুল্লবাবু কোথায় চলে গেলেন, সেকথা না বলে কোথায় তিনি চলে যাবেন, চলে যাবার তাঁর কোন রাস্তা নেই। শ্রীপাতিল কিছুদিন আগে অনেক করুণ সুরে বললেন [illegible] তোমরা যদি এভাবে খাদ্যের দর বাড়িয়ে দাও তাহলে তা ঠিক হচ্ছে না, তোমাদের ছেড়ে দিয়েছি স্বাধীনতা দিয়েছি, তার তোমরা অপব্যবহার করছ। আমি জিজ্ঞাসা করছি আজকেতো দেশরক্ষার জন্য ইমার্জেন্সী পাওয়ার রয়েছে সেটা কি ব্যবহার করা যায়না এই মজুতদার মুনাফাখোরদের বিরুদ্ধে? আজকে দেশ রক্ষার জন্য কোন জিনিষ যদি দরকার থাকে তাহলে দেশবাসীর মনোবল অটুট রাখাই হচ্ছে অত্যন্ত প্রয়োজনীয় ব্যাপার। কিন্তু এই দেশবাসীর মনোবল বুভুক্ষার মধ্য দিয়ে ভেঙ্গে যেতে সাহায্য করছেন মুখ্যমন্ত্রি প্রফুল্লচন্দ্র সেন মহাশয়। কাজে কাজেই আমরা শুধুমাত্র বিরোধী পক্ষ হলেও, পার্লামেন্টারী গণতন্ত্রে কংগ্রেস পার্টির বিরোধী পক্ষ হলেও আমরা কংগ্রেস পার্টির প্রত্যেকটি লোককে শত্রু বলে মনে করিনা। আমরা মনে করি দেশের মধ্যে খাদ্যাভাব রয়েছে যে খাদ্য সংকট রয়েছে তারজন্য বেদনাবোধ কংগ্রেস পক্ষ থেকে কংগ্রেস পার্টির বহু ব্যক্তির মনে আছে, আমি তাদের সকলের কাছে আবেদন করি খাদ্য নীতি পাল্টাতে আপনারা জোর দিন। যেমন করে অনশন করে বিরোধী পক্ষ আমরা জোর দেব তেমনি করে আপনারা কংগ্রেস বেঞ্চ থেকে আপনাদের নেতৃবৃন্দের উপর জোর দিন স্টেট ট্রেডিং ইন্ট্রোডিউস করবার জন্য, এটা ভারত সরকারের গৃহীত নীতি। আপনারা জোর দিন চালের মণ ২২ টাকায় কমিয়ে আনার জন্য এবং এই জোর দেওয়ার মধ্য দিয়ে যদি দরকর হয় তবে মজুতদার মুনাফাখোর ব্যবসায়ী এবং কংগ্রেসী মন্ত্রিত্বের যে ঘোষিত নীতি তাকে পরিবর্তন করান। যদি পরিবর্তন করান তাহলে এই পরিবর্তনের চেষ্টাকে সমস্ত বিরোধী পক্ষ দুহাত তুলে অভিনন্দন জানাবে। আজকের এই এসেম্বলী কক্ষে আমি বিরোধী পক্ষের সদস্যদের কাছে একটি কথা বলতে চাই। আজকে দেশবাসীর প্রয়োজনে একটি সম্মিলিত আন্দোলনের প্রয়োজন আছে, তার জন্য আমি কমিউনিষ্ট বেঞ্চ থেকে আমাদের সদস্যদের পক্ষ থেকে বিরোধী দলের সংগে অনশন করবো স্থির করেছি, এবং শুধু অনশন নয়, যদি দরকার হয় সরকারী খাদ্য নীতি পরিবর্তন করার জন্য যত রকম আন্দোলন করা দরকার সেই আন্দোলন করবো, এবং মিলিত আন্দোলন করার জন্য যে সুযোগ থাকে সেই সেই আন্দোলন করতে আমরা প্রস্তুত। সেই আন্দোলন করতে গিয়ে আমাদের একথা মনে রাখতে হবে যে আজকে দেশ রক্ষার জন্য জনসাধারণের মধ্যে যে মনোবল অটুট রাখা দরকার সেই মনোবল ফিরিয়ে আনার জন্য কংগ্রেসের এই খাদ্য নীতি পরিবর্তন করা দরকার এই খাদ্য নীতি দেশকে ভেংগে টুকরো টুকরো করে দিচ্ছে। দেশের মধ্যে ব্যাপক অনাহার এবং অর্ধাহারের সৃষ্টি করেছে এটা আমি জানি কারণ আমি শ্রমিক এলাকায় থাকি, শ্রমিকদের মধ্যে কাজ করি, শ্রমিকদের মধ্যে আজকে অনাহারজনিত যে রোগ তা বেড়েই চলেছে, এ সম্বন্ধে আমি ডাক্তারের সংগে পরামর্শ করে জেনেছি। এর ফলে শ্রমিকদের আজকে কামাই এ্যাবসেনটিজম্ বেড়ে যাচ্ছে। আজকে শিল্পকে ঠিক পথে চালাতে গেলে যেভাবে ভর পেট খেয়ে শ্রমিক কাজ করতে পারে সেই অবস্থা তাদের কেড়ে নিয়েছেন। আমি একটা শ্রমিকের দৃষ্টান্ত দেব। তিনি আমাদের ট্রেড ইউনিয়ন সংগঠনের একজন। তিনি মাইনে পান ৭১ টাকা। সেই ৭১ টাকা থেকে প্রভিডেন্ট ফান্ডের

টাকা দিয়ে ২ টাকা নিজের হাত খরচ রেখে বাকি ৬৫ টাকা স্ত্রীকে দেন। তাঁর বাড়ীতে ২ মণ চাল লাগে এবং তা ছাড়া অন্যান্য খরচ আছে। আজকে ২ মণ চালের দাম ৭০ টাকা, বাকি অন্যান্য খরচ তিনি কি করে চালাবেন? তিনি আমাকে বললেন প্রত্যেক মাসের ৮।১০ দিন যখন বায় তখন ভাবি আত্মহত্যা করব। শ্রমিকদের ভেতর ব্যাপকভাবে এই অবস্থা সৃষ্টি করেছে যে নীতি সেই নীতি কি আমাদের দেশের শিল্পের বিকাশের পক্ষপাতী? মোটেই নয়। এবং এর পিছনে যদি ভূমি ব্যবস্থার দিকে তাকিয়ে দেখেন তাহলে দেখবেন প্রফুল্ল সেন মহাশয় বলেছেন কয়েক লক্ষ একর ধানের জমি পাট চাষে ডাইভার্টেড হয়েছে। পাট চাষে সম্যক পরিমান ধানের জমি দিয়ে দেওয়ার জন্য যে ফুল কমপেনসেসান সেই কমপেসেসান দেওয়ার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের আছে, সেই ফুল সমপেনসেসান আমরা পাইনি। আমরা যত লক্ষ একর ধানের জমি পাট চাষের জন্য দিয়েছি তার জন্য কেন্দ্রীয় সরকার এবং পাট কলের মালিকদের যে লাভ হয়েছে তার থেকে যে সম্যক রিটার্ন তা পশ্চিমবঙ্গের লোক পায়নি। পাট চাষের জন্য ধানের জমি দেওয়া হয়েছে এই কৈফিয়েত দিলে বাংলা দেশের লোক সন্তুষ্ট হতে পারবে না। তার সংগে সংগে ভূমি ব্যবস্থার মধ্যে দেখি যে শতকরা ৩ জন গ্রাম্য ধনী যারা গ্রামের ভেতর ৩০ ভাগ জমি আয়ত্ব করে রেখেছে এবং যাদের হাতে প্রচুর ধান মজুত হয় এবং যাদের মারফত ধান গিয়ে মুনাফাখোরদের হাতে জমা হয় সেই শতকরা ৩ জন যে গ্রাম্য ধনী তাদের দমন করবার জন্য ভূমি ব্যবস্থার কোন সংস্কার আজ পর্যন্ত হয়নি। কৃষক তার ভূমি ব্যবস্থা সংস্কারের জন্য ইতিমধ্যে চিৎকার করে এসেছে, সেই সংস্কার হয়নি। সেজন্য সে দিক থেকে সমস্ত ক্যাবিনেটকে অপরাধী করা চলে। ভূমি সংস্কার সম্পর্কে সম্মক আইনের ব্যবস্থা করতে অপারগ হয়ে তাঁরা ধান চালের স্থায়ী ঘাটতির সমস্যা সৃষ্টি করেছেন এবং ধান চালের ফলন বছরের পর বছর কমে গেছে। এই যে অবস্থা এই অবস্থার জন্য ভূমি সংস্কার ব্যবস্থার মধ্যে যে অসংগতি আছে সেই জিনিসকে দায়ী করতে হবে। তাই আজকে সমস্ত ক্যাবিনেটকে ভেবে দেখতে হবে এবং সেই ক্যাবিনেটকে কংগ্রেস বেঞ্চের সদস্যদের ভাবিয়ে তুলতে হবে, বাইরে আন্দোলন করে আমাদের সেই ভাবকে আরো তীব্রতর করে তুলতে হবে, এই খাদ্য নীতি বদলাতে হবে, এই খাদ্য নীতির পিছনে যে ভূমি সংস্কার নীতি সেটা বদলাতে হবে। আশু সমাধান হিসাবে ২২ টাকা মণ চালের ব্যবস্থা করতে হবে। সেই কাজ না করলে এই সরকারের ক্যাবিনেট এবং তার সংগে মুখ্য-মন্ত্রি তথা খাদ্য মন্ত্রি এবং তাঁর অনুসৃত নীতি আজকে অপরাধীর কাঠ গোড়ায় দাঁড়াবে। আজ সমস্ত বাংলা দেশের লোকের যে আর্তস্বর এবং পুঞ্জীভূত ক্রোধ একদিন আন্দোলনের রূপ নেবে আমি সেই দিনের কথা তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই।

Dr. Pratap Chandra Chunder :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলা মা এক সময় তাঁর সন্তানকে আশীর্বাদ করতেন বাছা দুধে ভাতে থাক। কিন্তু আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে ভয়াবহ তথ্য আমাদের সামনে উপ-স্থিত করলেন সেই বিষয়ে এই বিধান সভার সদস্যবৃন্দ তথা বাংলাদেশের অধিবাসীরা যদি সম্যক অবহিত না হন তাহলে দুধ ভাত তো দূরের কথা ভবিষ্যতে বোধ হয় হাওয়া খেয়ে আমাদের জীবন ধারন করতে হবে। বাস্তবিক যে যে তথ্যগুলি তিনি আমাদের সামনে উপস্থিত করেছেন তার পুনরাবৃত্তির দরকার নেই। তিনি আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন যে কি হারে আমাদের জন সংখ্যা বেড়ে যাচ্ছে, সেটা আমাদের অস্বীকার করবার উপায় নেই। কথা মামুলী হতে পারে কিন্তু সত্য কথা পরিষ্কার করে আপনাদের সামনে উপস্থিত করা প্রয়োজন। আজকে চাউল সম্পর্কে যে তথ্য পেশ করা হয়েছে আমি তো মনে করি যে মাননীয় সদস্য শ্রী হেমন্তকুমার বসুর সংগে আমা-দের মুখ্যমন্ত্রীর কোন মূলগত পার্থক্য নেই। শ্রীহেমন্তকুমার বসু মহাশয় পরিষ্কার বলেছেন যে জমির অভাব রয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে জমির অভাব রয়েছে।

[তুমুল হট্টগোল]

[1-50—2-00 p.m.]

আজকে আমরা দেখতে পাচ্ছি বিকল্প প্রস্তাব হিসাবে তাঁরা কি কি কথা আমাদের সামনে উপস্থিত করছেন। আপনি দেখুন হেমন্তবাবু ২২ টাকা মন দর বলেছেন, মুখ্যমন্ত্রী বলেছেন যে তার চেয়ে কম দরে রেশনের দোকান থেকে চাল দেয়া হয় এবং মুখ্যমন্ত্রী একথা বলছেন যে আজকে যে হারে কম উৎপাদন হচ্ছে তার পরিপুরক হিসাবে আমাদের অন্য খাদ্যশস্য গ্রহণ করতে হবে। তাইতে আমাদের মাননীয় বন্ধুরা অত্যন্ত আপত্তি জানাচ্ছেন। আমরা জানি বিকল্প প্রস্তাব হিসাবে কি কি উপায় এখানে উপস্থিত করা হয়েছে। মাননীয় হেমন্তবাবু মহাশয় বলেছেন যে চোরাকারবারী, মজুতদারদের শাস্তি দিতে হবে। তাঁকে আমি সম্পূর্ণ সমর্থন করি। আমি বলি যে বাস্তবিকই যদি এ সম্পর্কে অনুসন্ধান করে জানা যায় যে চোরাকারবারী বা মজুতদার রয়েছে তাহলে তাদের সমস্ত শাস্তি দেয়া প্রয়োজন। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)। দুটো প্রস্তাব এখানে উপস্থাপিত করা হয়েছে—একটা নিয়ন্ত্রিত দরে চাল বিক্রয়ের ব্যবস্থা করা। মাননীয় হেমন্তবাবু মহাশয় এইমাত্র তাঁর ভাষণে বল্লেন যে পূর্বে ১৭ লক্ষ টন ঘাটতি বলা হয়েছে, এখন ২২ লক্ষ টন বলা হচ্ছে—গভর্নমেন্টের এই যে সংখ্যাতত্ত্ব রয়েছে তার উপর আমরা বিশ্বাস করি না অথচ সরকারী বিভাগের উপর বিশ্বাস করেন না, দেশের খাদ্যশস্য তাঁদেরই হাতে বিতরণের সম্পূর্ণ ভার দিয়া দিবেন এটা কি রকম সংগত কথা সেটা আমি বুঝতে পারি না। দ্বিতীয় কথা হচ্ছে আজকে যে প্রস্তাবগুলি তাঁরা দেশবাসীর সামনে উপস্থিত করেছেন বামপন্থী সংযুক্ত ফ্রন্টের নির্বাচনী কর্মসূচীতে এক বছর পূর্বে তাঁরা তা বলেছিলেন। সেই কর্মসূচী এখানে রয়েছে—এখানে বলছেন "দর নিয়ন্ত্রণ করিয়া দেওয়া হইবে এবং নিয়ন্ত্রণকে কার্যকরী করিবার জন্য জনসাধারণের সক্রিয় সহযোগিতা গ্রহণ করা হইবে। এখন আমরা জানি যে ফেয়ার প্রাইস সপ অর্থাৎ নানারকমে বিক্রয়ের ব্যবস্থা করা হচ্ছে। আপনি জানেন মুখ্যমন্ত্রী গতকাল বলেছেন যে ২০ লক্ষ লোক ঐ অল্প দামে চাল ক্রয় করতো, মাত্র এই কয়েক দিনের মধ্যে সেটা বেড়ে ৫৫ লক্ষ হয়েছে কিন্তু আমি আমার বামপন্থী বন্ধুদের জিজ্ঞাসা করি যে যখন ২০ লক্ষ জন লোক নিয়ন্ত্রিত মূল্যে এই সমস্ত ফেয়ার প্রাইস সপ থেকে চাল কিনতো তখন কি তাঁরা আরো বেশী সংখ্যক লোক যাতে ফেয়ার প্রাইস সপ থেকে চাল কেনে তার জন্য কি অন্দোলন করেছিলেন, তাঁরা কি জনসাধারণের কাছে গিয়ে বলেছিলেন—বন্ধুগণ, আপনারা ফেয়ার প্রাইস সপ থেকে চাল ক্রয় করুন।

দ্বিতীয় কথা যে কথা মাননীয় পাঁচুবাবু বলেছেন যে খাদ্যশস্যে রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করতে হবে। পাঁচুবাবু বলেছেন যেটা সেটাও তাদের নির্বাচনী ইস্তাহারে ছিল। আমরা জানি ভারতবর্ষে খাদ্যশস্যে রাষ্ট্রীয় বাণিজ্য এখনও পর্যন্ত হয় নি। কিন্তু যদি কেন্দ্রীয় সরকার মনে করেন যে রাষ্ট্রীয় বাণিজ্য এখানে প্রবর্তন করা প্রয়োজন নিশ্চয় তা হবে। সেটা আমাদের নিজস্ব নীতির উপর নির্ভর করে না—সেটা কেন্দ্রীয় সরকারের নীতির সংগে সংশ্লিষ্ট। কিন্তু আমি একটি কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, যে পৃথিবীর বহু দেশে খাদ্যশস্য সম্পর্কে রাষ্ট্রীয় বাণিজ্য নীতি আছে। আমাদের প্রতিবেশী রাষ্ট্র চীনে রাষ্ট্রীয় বাণিজ্য নীতি আছে খাদ্যশস্যের ব্যাপারে। কিন্তু সেখানে বর্তমানে সেই চীনের দেশ থেকে লক্ষ লক্ষ মানুষ আজকে রাষ্ট্রীয় বাণিজ্য নীতি থাকা সত্ত্বেও খাদ্যাভাবে পালিয়ে এসেছিল।

[গোলমাল]

কিন্তু চীন খাদ্যশস্য নীতি সম্পর্কে ....[গোলমাল]............

পৃথিবীর তথাকথিত বুর্জুয়া রাষ্ট্র সেই কানাডা হতে, অস্ট্রেলিয়া হতে খাদ্য ভিক্ষা করে নিয়ে এসেছিল নিজেদের দেশের লোকদের খাওয়ার জন্য। সেই জন্য আজকে আপনার কাছে নিবেদন করবো রাষ্ট্রীয় বাণিজ্য নীতি প্রবর্তন করলেও খাদ্য সমস্যার সমাধান হবে না। আমি বামপন্থী বন্ধুদের সংগে একমত যে খাদ্য আন্দোলন করা দরকার। কিন্তু খাদ্য আন্দোলন এই সভায় চিৎকার করে হবে না। যে পন্থা তাঁরা গ্রহণ করেছেন সেই খাদ্য আন্দোলনের, পথে বিক্ষোভ মিছিল বার করা এবং খাদ্য আন্দোলনে রাইটার্স বিল্ডিং ঘেরাও করা এই পন্থা গ্রহণ করলে খাদ্য সমস্যার সমাধান হবে না। অনশনের বিরুদ্ধে সামগ্রিক সংগ্রাম সুরু করতে হবে। এই সামগ্রিক সংগ্রামে শুধু কয়েকটা চোরা কারবারীদের ফাঁসি দিলেই এই সমস্যার সমাধান হোত

তাহলে নিশ্চয়ই আমরা তা করতাম। চীন দেশে তাই হয়েছে কিন্তু খাদ্য সমস্যার সমাধান হয় নি। সোভিয়েট রাশিয়ার ইতিহাস পড়েছি আমরা জানি সেখানে কমিউনিজ্ম প্রতিষ্ঠা হবার পর থেকে খাদ্যশস্য সংগ্রহ করবার জন্য কিছু মজুতদারকে সেখানে ফাঁসি দেওয়া হয়েছিল তবুও সেখানে দুর্ভিক্ষ হয়েছে। কিন্তু আজকের দিনে এখনও পর্যন্ত খাদ্য নিয়ে নানা অসুবিধা হচ্ছে সেকথা ক্রুশ্চেফ সাহেব বার বার স্বীকার করেছেন। আমরা জানি সেখানে খাদ্যশস্য উৎপাদন সম্পর্কে নানা রকম অসুবিধা হচ্ছে। [গোলমাল]

যদি সামগ্রিক সংগ্রাম সুরু করতে হয় তাহলে প্রথম এবং প্রধান কাজ হচ্ছে যে উৎপাদন বৃদ্ধি করবার জন্য ব্যাপকভাবে চেষ্টা করা দরকার। আমাদের সরকার উৎপাদন বৃদ্ধির জন্য যে সমস্ত পন্থা গ্রহণ করেছেন আমাদের বামপন্থী বন্ধুরা সেই সমস্ত পন্থায় যদি তাঁরা সহযোগিতা করতেন, তাহলে কিভাবে অল্প জমিতে অধিক উৎপাদন করে আমাদের দেশে খাদ্যশস্য বৃদ্ধি করা যেতো......

[গোলমাল]

Mr. Deputy Speaker :

হেমন্তবাবু আপনি দেখুন এই এতবড় একটা সাবজেক্ট নিয়ে আলো হচ্ছে—তখনও আপনারা এই রকম করবেন।

Shri Kamal Kanti Guha:

ওসব চীন চীনের কথা আমরা শুনতে চাই না আমাদের দেশের কথা গ্রামের লোকের কথা ডিষ্ট্রিক্টের কথা এইসব বলুন.........

Mr. Deputy Speaker :

আপনি জবাব দেবার সময় বলবেন—এখন শুনে যান নোট করুন—এইভাবে গোলমাল করলে কি হবে?

[গোলমাল]

Dr. Pratap Chandra Chunder :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধুদের কাছে যদি কোন তথ্য আমি উপস্থিত করি এবং সেই তথ্য সম্পর্কে অসত্য যদি কিছু থাকে তাহলে সেখানে তাঁরা তাঁদের নিজেদের কথা যথাসাধ্য বলতে পারেন। কিন্তু যাঁরা আমাদের দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য দাবী করেন তাঁরা যদি আমাদের এইভাবে মুখ বন্ধ করবার চেষ্টা করেন তাহলেও আমাদের মুখ বন্ধ হবে না। সে চেষ্টা অনেকবার আমরা তাঁদের করতে দেখেছি।

[হট্টগোল]

[2—2-10 p.m.]

Shri Nepal Chandra Roy:

আমাদের বক্তাকে যদি ও'রা বলতে না দেয় তাহলে আমরাও ও'দের বলতে দেবো না, এবং ডিবেটও তাহলে হবে না খালি চীৎকারই হবে।

[হট্টগোল]

Mr. Deputy speaker :

আমি ফরোয়ার্ড ব্লকের মেম্বারদের বলছি, আপনারা গোলমাল বেশী করছেন।

Shri Kamal Kanti Guha :

স্যার, আপনি বলছেন আমরা শুনতে রাজী আছি। কিন্তু এই রাশিয়া ও চীনের সেন্টিমেন্টাল বক্তৃতা আমরা শুনতে চাই না। বাংলা দেশের কথা বলুন। এই সব ধাপ্পাবাজী আমাদের শুনিয়ে লাভ নেই।

Mr. Deputy Speaker :

আপনারা গোলমাল করবেন না, শুনুন উনি কি বলছেন।

Shri Abdul Bari Moktar :

স্যার, ও'দের গোলমাল করতে বারণ করুন।

Dr. Pratap Chandra Chunder :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধুরা রাশিয়া ও চীনের কথা শুনতে চান না, আমি আমাদের নিজেদের দেশের কথাই বলছি এবং আপনার মারফৎ বাংলা দেশের কথাই বলছি। এই বামপন্থী নির্বাচনী ইস্তাহারে যে কথা রয়েছে সেই ইস্তাহারে দেখছি খাদ্য নিয়ন্ত্রণ এবং রাষ্ট্রীয়করণের কথাই বলা হয়েছে। এই ইস্তাহার তাঁরা সারা বাংলা দেশবাসীর সামনে রেখেছিলেন কিন্তু বাংলার দেশবাসী সেই প্রস্তাব হেলায় ছুড়ে ফেলে দিয়েছিল।

(Throwing of leaflets on the floor of the House)

(এই সময় তিনি নির্বাচনী ইস্তাহারটি ঘরের মধ্যে ছুড়িয়া ফেলিয়া দেন।)

অথচ আজকে তাঁরা সেই পুরণো কথাই বার বার এই সভায় বলছেন।

[হট্টগোল]

Shri Kamal Kantii Guha :

তাহলে আমরাও এ্যাসেম্বলীর মধ্যে সমস্ত প্রসিডিংস ও'দের দিকে ছুড়ে ফেলে দেবো।

[এই সময় ফরোয়ার্ড ব্লকের সভ্যরা কতকগুলি কাগজ ঘরের মধ্যে ছুড়িয়া ফেলিলেন]

আপনার দম্ভ বহু দেখেছি, একটুও ভদ্রতা নেই।

[2-10—2-45 p.m.]

Dr. Pratap Chandra Chunder :

আজকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ও'রা ভাল করে জানেন যে যুক্তি তর্ক আমরা এখানে উপস্থিত করব তার উত্তর দেবার কিছু ও'দের নেই—তাই চীৎকার করে ও'রা আমার মুখ বন্ধ করছেন। কিন্তু কোন চীৎকারে আমার মুখ বন্ধ হতে পারে না। আমি এই কথা বলতে চাইছি যে মুখ্যমন্ত্রী যখন তিনি খাদ্যমন্ত্রী ছিলেন তখন তাকে এখানকার অনেকে দুর্ভিক্ষ মন্ত্রী বলেছেন—বার বার তারা তখন দুর্ভিক্ষের পদধ্বনি নাকি শুনেছেন। আমরা জানি সেই ভেড়ার পালে বাঘ পড়ার কাহিনী। তাই আমার মনে হয় দেশে যদি কোন দিন সত্যিই দুর্ভিক্ষ আসে এর পরে লোকে আর তা বিশ্বাস করবে না। যাঁকে দুর্ভিক্ষ মন্ত্রী বলা হত তিনি আজকে বাংলার মুখ্যমন্ত্রী হিসাবে এখানে উপস্থিত—তিনি সমস্যা সংকুল পশ্চিমবাংলার সমস্ত দায়িত্ব আজ নিজের স্কন্ধে নিয়েছেন। আমরা জানি বাংলাদেশে খাদ্যাভাব আছে, কিন্তু শুধু গম খাওয়ার কথা নয়, আরও তরীতরকারী বেশী করে ফলিয়ে কি করে এই খাদ্যাভাব দূর করা যায়—তা বিচার বিবেচনা করে দেখতে হবে। আজকে সরকার যে সমস্ত গবেষণা করছেন তা আজকে আপনার কাছে নিবেদন এবং বামপন্থী বন্ধুদের কাছে নিবেদন করতে চাই (নয়েজ এ্যান্ড ইন্টারাপ্‌সনস্‌) বাস্তবিক যদি দেশের উন্নতি করতে চান—দেশের উন্নতি কামনা করেন তাহলে খাদ্য নিয়ে রাজনীতি দয়া করে করবেন না। এইটুকু তাদের কাছে নিবেদন করতে চাই।

[নয়েজ এ্যান্ড ইন্টারাপ্‌সনস্‌]

Shri Nikhil Das :

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমরা শুধু একটি প্রশ্ন সরকারী দলের কাছে রাখতে চাই—এই ব্যবহার কি তারা সমর্থন করেন—এটা কি চলবে?

[নয়েজ এ্যান্ড ইন্টারাপ্‌সনস্‌]

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বেশ,গোলমাল চলুক। চলুক—আমরা তো চাই চাই প্যান্ডি-মনিয়াম চাই।

[নয়েজ এ্যান্ড ইনটারাপ্‌সনস্‌]

স্যার, মুখ্যমন্ত্রীর বক্তৃতা আমরা শুনেছি।.................

[নয়েজ এ্যান্ড ইন্টারাপ্‌সনস্‌]

[এ্যাট দিস স্টেজ দি হাউজ ওয়াজ এ্যাডজার্নড্ ফর হাফ এ্যান আওয়ার]

After adjournment

[2-45—2-50 p.m.]

Shri Debi Prosad Basu:

স্যার, এখনি কংগ্রেস বেঞ্চ থেকে যেরকম বাজনাবাদ্য শুরু করেছিলেন আমরা ভেবেছিলাম ও'রা জোড়ায় জোড়ায় খেমটা নাচ শুরু করবেন।

Shri Nepal Chandra Roy:

স্যার, আপনি দুই দিকই সমান দেখবেন।

Mr. Speaker : Mr. Roy, so long as I am on my legs, you cannot stand up.

আপনি এখন দয়া করে বসুন।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা পশ্চিমবঙ্গ সরকারের খাদ্যনীতি সম্পর্কে বিবৃতি শুনলাম, কিন্তু আমরা আশা করেছিলাম যখন পশ্চিমবাংলার ভয়াবহ খাদ্যসংকট চলছে যখন পুরুলিয়া জেলায় ৩১ জন মানুষ অনাহারে মৃত্যুমুখে পতিত হয়েছে, যখন ২৪-পরগণা, বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর প্রভৃতি জেলায় দুর্ভিক্ষের করাল ছায়া দেখা যাচ্ছে, যখন কলিকাতা শহরের অর্ধেক মানুষ অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে তখন আমরা আশা করেছিলাম যে মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা পরিবর্তিত খাদ্যনীতির ঘোষণা আমরা শুনতে পাব। আমরা দুঃখিত হয়েছি এই কথা শুনে যে তিনি তাঁর সেই পুরানো কথাই আমাদের সামনে তুলে ধরেছেন, আমাদের গম খাওয়া অভ্যাস করতে হবে এবং আমরা যদি গম খাই তাহলে চালের দর কমে যাবে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন রাখতে চাই চাল কি লাক্সারি গুডস্-এর পর্যায়ে চলে গিয়েছে, না চাল এসেন্সিয়াল কমোডিটি, চাল অত্যাবশ্যকীয় প্রয়োজনীয় জিনিস, না পেলে লাকসারি গুডস্ যে গম থেকেই ধান চালের দাম কমে যাবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি মুখ্যমন্ত্রী বারবার সাপ্লাই অ্যাণ্ড ডিমাণ্ড এর থিওরি আওড়ান। প্লাণ্ড ইকনমিতে যেখানে সমগ্র জিনিসটা একটা প্লান-এর অধীনে এনে কাজ করা উচিৎ ছিল, তার কিছুই করা হলনা, যেখানে আমাদের এই অবস্থা সেখানে খাদ্য-শস্যের ব্যবসাকে পরিকল্পনা অনুযায়ী নিয়ন্ত্রণ করা দরকার। মাননীয় সদস্য প্রতাপবাবু বলেছেন দুধেভাতে বাঙ্গালী, সেই কথা সত্য। তবু আজকে বাঙ্গালীরা গম খাচ্ছে, গম নিচ্ছে একথা আমরা সরকারী তথ্য থেকেই জানতে পেরেছি, কিন্তু চালের যে প্রশ্ন, চালের দাম কমানোর যে প্রশ্ন সেই প্রশ্নের সমাধানের বেলায় সরকার নীরব। আমরা যখন দুর্ভিক্ষজনিত মৃত্যুর কথা বলি, স্টারভেশন ডেথ্-এর কথা বলি তখন তাঁরা সেই কথা শুনে শিউরে উঠেন এবং এখানে সভায় দাঁড়িয়ে নানা রকম অসত্য ভাষণ করেন যে, কলেরায় মারা গিয়েছে, বসন্তে মারা গিয়েছে, অমুকের শ্রাদ্ধে ৫০০ টাকা খরচ হয়েছে। আমাদের মাননীয় ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি যখন পুরুলিয়া গিয়েছিলেন তখন তাঁকে তোরণ করে অভ্যর্থনা করেছিলেন সেখানকার জনসাধারণ। মাননীয়া ত্রাণমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী এখানে সুউচ্চ গলায় বলেন পুরুলিয়ার দুর্ভিক্ষ নাই, পুরুলিয়ায় মানুষ চুরি করছে না, পুরুলিয়ার শ্মশান চলছে না—ইংরাজ আমলে জেলাম্যাজিস্ট্রেটরা যে ধরণের কথা বলতেন দুর্ভিক্ষ সম্পর্কে মাননীয়া ত্রাণমন্ত্রী সেই ধরণেরই কথা বলেছেন। অত্যান্ত দুঃখ ও ধিক্কারের কথা যে, বাংলাদেশে এখন একজন ত্রাণমন্ত্রী আছেন যিনি দুর্ভিক্ষপীড়িত পুরুলিয়ার মানুষের দুর্দশা নিজে দেখে এসেছেন, কিন্তু সে সম্পর্কে তাঁর মুখে কোন সমবেদনার কথা নাই। যে সমস্ত লোক অনাহারে মারা গিয়েছে তাদের পরিবারের প্রতি কোন রকম সমবেদনার প্রকাশ আমরা যাঁর বিবৃতির মধ্যে পেলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমরা ডেফিসিট-এর খবর শুনছি—কাজেই অধিবেশনে যখন আমরা খাদ্য-সংকট সম্বন্ধে প্রশ্ন তুলেছিলাম তখন বলা হয়েছিল ৪॥ লক্ষ টন ঘাটতি, তারপর হল ৯ লক্ষ, তারপর ১৬ লক্ষ, তারপর ১৭ লক্ষ, আর আজকে ২২ লক্ষ টন—একদিন হয়তো শুনবো বাংলাদেশে

ধান চাল হয়না, বাংলাদেশের লোককে গম খেতে হবে—এসব স্ট্যাটিটিক্স কোথায় পান। এই ডিফিসিট দেখিয়ে, চালের দাম হুহু করে বেড়ে যাচ্ছে, বাংলাদেশে চাল নাই, চালের অভাব আছে এসব কথা বলে যারা চাল মজুত করে রাখছে তাদের আরো সুযোগ করে দেবার জন্য দিনের পর দিন এই ডিফিসিট্-এর অঙ্ক বাড়িয়ে আমাদের সামনে তুলে ধরছেন।—এসব তথ্য তাঁরা কোথা থেকে পান। তাঁদের এই সব স্ট্যাটিস্টিক্স ভুল জায়গা থেকে তাঁরা নিয়েছেন। তিনি বলেছেন ১১ হাজারের বেশি মডিফায়েড রেশনিংসপ করেছেন, এবং ৫০ লক্ষ লোক রেশন নিচ্ছে। এটা এই ধরণের স্ট্যাটিস্টিক্স, স্যার, যেভাবে ৪।। লক্ষ থেকে ২২ লক্ষ টন ডিফিসিট হয়ে গেল। ১১ হাজারের বেশি মডিফায়েড রেশনিং সপ তাঁরা খোলেন নি; এরপর যখন প্রশ্ন করা হবে তখন দেখা যাবে ৯ হাজার, তারপর ৭ হাজার, তারপর ৪ হাজার, তারপর ৩ হাজারে পরিণত হবে। তারপর হয়তো ও'রা বলবেন, আমরা সংতাদরের চাল দিচ্ছি, কিন্তু লোকে চাল নিচ্ছেনা। যখন যেরকম সুবিধা হয় তাঁরা সেইভাবে স্ট্যাটিস্টিক্স দেন। গণতন্ত্রের প্রতি এই ধরণের অবমাননা মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা আশা করিনি। মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের অবস্থা আজকে একটা আশংকার জায়গায় চলে গিয়েছে। বাংলাদেশের বিভিন্ন জায়গায় নেতৃস্থানীয় ব্যক্তিরা অনশন ধর্মঘট করছেন খাদ্যনীতির পরিবর্তনের দাবীতে, বিধানসভার ভিতরে সরকারী খাদ্যনীতির পরিবর্তনের দাবীতে আমরা ৩ দিনের জন্য অনশন শুরু করেছি, বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে দলে দলে লোক কলকাতার দিকে আসছে মন্ত্রীসভার কাছে আবেদন জানাতে। যেদিন হেমন্তদা এবং আমরা মুখ্যমন্ত্রীর সংগে দেখা করতে গিয়েছিলাম খাদ্য সম্পর্কে আলোচনা করবার জন্য, আমরা তাঁকে বলেছিলাম খাদ্য সমস্যা সমাধানের জন্য আমরা সরকারের সংগে সহযোগিতা করতে রাজী এবং তাঁর কাছে আমরা আমাদের বক্তব্য রাখতে রাজী, তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন, আমি আপনাদের সাথে কথা বলতে চাইনা, এ সম্পর্কে যা করবার আমি করব। বাংলাদেশের মুখ্যমন্ত্রী যিনি গণতন্ত্রের ধ্বজা ওড়ান তিনি এই ধরণের কথা বলতে পারেন এটা অত্যন্ত দুঃখের কথা। মাননীয় সদস্য প্রতাপবাবু আমাদের ইলেকশন মেনিফেস্টো ছুড়ে ফেলে দিতে পারেন আজকে তাঁরা ক্ষমতার আসনে বসে আছেন, ক্ষমতার দম্ভে উন্নত হয়ে উঠেছেন, গর্বিত হয়ে উঠেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি আমরা ৫টা দলে মিলে ইলেকসন মেনিফেস্টো-তে যেকথা বলেছিলাম সেই ইলেকসন মেনিফেস্টো যে তিনি ছুড়ে ফেলে দিয়েছেন সেটা গণতন্ত্রের মধ্যে পড়ে কিনা, এটা কন্টেমপট অব দি হাউস-এর মধ্যে পড়ে কিনা—প্রতাপবাবুর মতো মানুষের কাছে এই ধরণের ব্যাপার আমরা আশা করি নি।

[2-50—3 p.m.]

পাঁচটি দলের ইলেকসন মেনিফেস্টো ও'দের মতে ভুল হতে পারে, তার মধ্যে ত্রুটি থাকতে পারে, কিন্তু সেই বইখানাকে ছুড়ে ফেলে দিয়ে, তাকে পা দিয়ে দলিত করে যে নীতি তাঁরা প্রচার করেছেন তাতে আমিও বলতে পারি যে, মুখ্যমন্ত্রী যেসব বিবৃতি দেন সেগুলোকে ছুড়ে ফেলে দিয়ে, পা দিয়ে দলিত করে চলে যাব। স্যার, এ ধরণের জিনিস যে এ্যাসেমব্লীতে চলবে এটা আমরা আশা করি নি। তারপর, খাদ্যনীতি সম্বন্ধে আমি বলতে চাই যে, চালের দর ২২ টাকায় আনতে হবে এবং সেটা আনা সম্ভব। ঘাটতির জন্য আমরা গম খেতে রাজি আছি, কিন্তু সেই ঘাটতির জন্য চালের দর বাড়বে কেন? চালের দর কেন বাড়ছে সেটা সরকার জানেন না বলছেন, কিন্তু চালের দর বাড়ছে ঐ চোরাকারবারী এবং মজুতদারদের জন্য। মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম যে, ডি আই রুলস-এ কত লোককে ধরেছেন? ধরবেন কি করে? তাঁদের সংগে গাটছড়া বাঁধা আছে তাই তাদের ধরতে পারেন নি। তাদের টাকায় দার্জিলিং-এ দীঘায় আনন্দ চলে তাই তাদের বিরুদ্ধে কঠোরহস্তে ডি আই রুলস অ্যাপ্লাই করতে পারেন না এবং করছেনও না। আমরা স্টেট ট্রেডিং ইনট্রোডিউস করবার কথা যা বলেছি প্ল্যানিং কমিশন-ও তাই বলেছেন। তাঁরা বলেছেন খাদ্য শস্যের মত একটা জিনিসের স্টেট ট্রেডিং করা দরকার। প্রতাপবাবু বললেন যে, কেন্দ্রের দিকে চেয়ে থাকতে হবে। স্টেট ট্রেডিং-এর প্রসংগে কেন্দ্র কেন আসবে, এটা তো রাজ্যের খাদ্যের ব্যাপার। রাজ্য সরকার যেমন বাস-কে নিয়েছেন ঠিক খাদ্যের ব্যাপারে তাঁরা স্টেট ট্রেডিং করতে পারেন, এর জন্য কেন্দ্রের দিকে চেয়ে থাকতে হবেনা। এবং কেন্দ্রের নীতির সংগে এর কোন সম্পর্ক নেই। যদি সমস্ত র‍্যাসনিং করতে হয়, প্রকিওরমেন্ট করতে হয় তাহলেও কেন্দ্রের নীতির সংগে কোন সম্পর্ক থাকতে পারেনা এবং স্টেট ট্রেডিং-এর

দপেও নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকার পক্ষের সদস্যদের এবং মন্ত্রীমণ্ডলীকে জানাতে চাই যে, তাঁরা সংখ্যাগরিষ্ঠ ঠিক কথা, ভোটের জোরে এসেছেন ঠিক কথা, কিন্তু বাইরের মানুষ যাঁরা তাঁদের ভোট দিয়ে পাঠিয়েছেন, তাঁদের স্বার্থের বিরুদ্ধে চলার জন্য তাঁরা ক্ষিপ্ত হয়েছেন এবং তার জন্য এ্যাসেম্বলীর ভেতর আন্দোলন হচ্ছে। আটজন নেতা যে আন্দোলন করছেন তার হাওয়া এ্যাসেম্বলীর ভেতরেও এসেছে এবং সেটা আরও বেড়ে উঠবে এবং ঐ গদি থেকে তাঁদের নামিয়ে দিতে পারে এই হুঁসিয়ারী করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Personal Explanation

Dr. Pratap Chandra Chunder :

স্যার, অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্ল্যানেসন। আমি তাঁদের কোন রকম অসম্মান করতে চাই নি। আমি বলেছিলাম যে, ঐ নির্বাচনী ইস্তাহারে যে দুটি নীতির কথা হয়েছিল সেটা বাংলাদেশের লোকেরা গ্রহণ করে নি এবং সেটাই আমি তুলে ধরেছিলাম। তবে এতে তাঁরা যদি দুঃখ পেয়ে থাকেন তাহলে আমি ক্ষমা প্রার্থনা করছি।

Shri Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাল থেকে এখানে যে ঝড় উঠেছে তাতে তাঁরা এই সভায় খাদ্যের উপর আলোচনা করবার সুযোগ দিয়ে তাকে একটা ধারায় এনে দিয়েছেন এবং তার জন্য তাঁদের আমি ধন্যবাদ দিচ্ছি। কিন্তু দুঃখের সঙ্গে একটা কথা বলতে হচ্ছে আজকে মুখ্যমন্ত্রী মহাশয় যেভাবে তাঁর ভাষণ দিলেন তাতে মনে হোল বিরোধী পক্ষকে তিনি আঘাত দিতে চেয়েছেন। আমরা চাইছি বর্তমান খাদ্যনীতি পরিবর্তন করা দরকার, কিন্তু সেটা তিনি বুঝতে পারছেন না। অবশ্য এই না বুঝতে পারার কারণ থাকতে পারে কিন্তু যেটা সত্য সেটাকে কি করে অস্বীকার করবেন। বিরোধী দলে প্রবীন নেতা হেমন্তবাবু পুরুলিয়ার সম্বন্ধে যে বিবৃতি দিলেন তাতে তিনি পরিস্কার বললেন আমরা এটা বিশ্বাস করিনা। আমি তাঁকে জিজ্ঞাসা করি তাহলে তিনি কার কথা বিশ্বাস করেন—তাঁর নিজের দলের লোক? তাঁর নিজের দলের মধ্যে নিশ্চয়ই এরকম লোক আছেন যাঁরা আমাদের কথা স্বীকার করে নিলেও তাঁকে পূর্ণ সমর্থন করবেন। স্যার, বিরোধী দলের পক্ষ থেকে সাধারণ মানুষের দুঃখ দুর্দশার কথা সরকারের সামনে যা তুলে ধরা হয় সেটা সরকারকে ধরিয়ে দেবার জন্য নয়, সরকারের কাছে সত্য তথ্য দেবার জন্য। কাজেই হেমন্তবাবু যখন সেকথা বলেছিলেন তখন তিনি বলতে পারতেন যে, আমি অনুসন্ধান করব। কিন্তু তা তিনি বলেন নি। এখন কথাটা খুব দুঃখের হলেও আমরা আশা করি তিনি অন্ততঃ এটুকু স্বীকার করবেন যে, আমরা আমাদের দেশের খাদ্য সমস্যার সমাধান সঠিকভাবে করতে পারছিনা। আমরা সকলেই এই সভায় ঠাণ্ডাভাবে আলাপ আলোচনা করতে চাই কাজেই তিনি যদি এটুকু স্বীকার করে নিতেন তাহলে সব দিক দিয়েই ভাল হোত। আমরা সকলে মিলে আপনাকে দেখিয়ে দেব কোথায় কোথায় অসুবিধা আছে এবং সেগুলো যদি আলোচনার দ্বারা ঠিক হয় তাহলেই সাধারণ মানুষের দুঃখ দুর্দশা লাঘব হতে পারে। কিন্তু মুখ্যমন্ত্রির মুখ থেকে সেই ভাষা বেরুলনা। যাহোক, এখন তাঁকে জিজ্ঞাসা করি ২২।২৫ টাকা চালের দর হবে এটা কথা নয়, এই বিধানসভার দরজায় যারা পাহারা দিচ্ছে তারা কি ৩৫।৩৮ টাকা মণ দরে চাল কিনে খেতে পারে? তবে শুধু এদেরই এই অবস্থা নয়, বাংলাদেশের শতকরা ৮০টি মানুষের এই অবস্থা। স্যার, রাইটার্স বিল্ডিংস-এর কর্মচারীদের হিসেবে নিয়ে যদি বলা হয় যে আমাদের পক্ষে সম্ভব নয় তাহলে সেটা কোন কাজের কথা নয়। আপনার পক্ষে যেটা সহজ সেটা করুন। বাংলাদেশের মানুষ খেতে পারবেনা অভাবে মরবে এবং আপনি তাদের প্রতি একটুকু সহানুভূতি দেখাবেন-না বা সজাগ হয়ে তাদের কথা চিন্তা করবেন-না এটা কি করে সম্ভব? এরকম করে দেশ চলেনা বা এরকম করে বেশীদিন আসন রাখা যায়না। কাজেই আমি উভয় পক্ষকে অনুরোধ করব এই আলোচনার সময় যাতে গোলমাল কম হয় সেটার প্রতি সকলে লক্ষ্য করুন। তবে যদি আমরা মুখ্যমন্ত্রীকে বোঝাতে না পারি তাহলে আমাদেরও পথ আছে এবং সেই পথ হচ্ছে সংগ্রামের পথ। তবে আমরা আমাদের বক্তব্য মাথা ঠান্ডা রেখে বলব এবং বোঝাবার চেষ্টা করব আমাদের যে নীতি সেটা তাঁরা অনুসরণ যদি না করেন তাহলে অন্ততঃ দেশে এমন একটা অবস্থা আনুন যাতে দেশের কল্যাণ হয়। মুখ্যমন্ত্রী বলেন গম খাও। কিন্তু

আমরা যে গম খাই সেটা কি আমাদের দেশে হয়? আমরা গম খেয়ে কি বিদেশী মুদ্রা অপচয় করছিনা? তিনি আর একটা কথা বলেছেন যে আমাদের দেশের জমি বাড়বেনা। জমি বাড়ে যদি জমি থেকে অধিক উৎপন্ন করবার চেষ্টা করা হয়। স্যার, এখনও আমাদের আলোচনা চলছে কাজেই যদি সুযোগ হয় তাহলে আলোচনার সময় বলব যে, জমি বাড়ে যদি আপনি চাষীদের উৎসাহ দেন, আলগুলো ভেঙ্গে ফেলেন, ঠিক সময় জল দেন, ঠিক সময় সার দেন এবং চাষীর মনে এই উৎসাহ আনতে পারেন যে, সে যে খাদ্য উৎপন্ন করবে সেটা সে নিজে খাবে এবং দেশের মানুষকে খাওয়াবে। আজকে বড় কথা হচ্ছে দেশের শ্রমিকের মনে উৎসাহ জাগে কি কারণ তারা জানে এতে আমার ব্যবস্থা কিছু হবে না। তারা জানে যতটুকু খাটব ততটুকু খেতে পারব এবং যেদিন খাটতে পারব না সেদিন অনাহারে মরব।

[3-00—3-10 p.m.]

সেজন্য এই দুর্দিনে বিপদের দিনে শ্রমিক, কৃষক, মেহনতী মানুষ, প্রত্যেকটি মানুষের মনোবল খুব ভাল করে বজায় রাখা উচিত ভারতবর্ষের স্বাধীনতা রক্ষা করবার জন্য ভারতবর্ষের সমৃদ্ধির জন্য। আমি বলব যারা আজকের দিনে এইভাবে দেশের মানুষকে অনাহারে ফেলে দিয়ে তার সমাধানের চেষ্টা করছেন না তারা সত্যই দেশকে ভালবাসেন না। তাঁদের চোখে এই জিনিসটা পৌঁচাচ্ছে না। আমি সেজন্য তাঁদের অনুরোধ করব সকলে এক হয়ে বসে আলোচনার মধ্য দিয়ে কোন উত্তাপের সৃষ্টি না করে কিভাবে দেশের মানুষকে খেতে দেওয়া যায় তার চিন্তা করুন। আমি বলব অন্ততঃ অধ্যক্ষ মহাশয় সেই আলোচনা করবার যে সুযোগ দিয়েছিলেন সেই সুযোগ নষ্ট করছেন মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তব্য। আজ আপনারা ভাবছেন যে আমাদের এই আন্দোলন যেভাবে বার বার ব্যর্থ হয়ে এসেছে সেইভাবে ব্যর্থ হবে। কিন্তু ব্যর্থ কোনবারই হয়নি, এবারও হবে না। মানুষের এই চোখে জল পড়ে আবার এই চোখে আগুন জ্বলে উঠে। দুইই হয় এই চোখে। আজকে জল পড়ছে কালকে আগুন যে জ্বলবেনা কেউ বলতে পারে না। গ্রামে মানুষ মরতে আরম্ভ করেছে না খেতে পেয়ে। তাদের চিতার যে আগুন তা একটা গ্রাম থেকে আর একটা গ্রামে ছড়াবে এবং শহরও বাদ পড়বে না। আমি তাই বলি বিরোধী দলের নেতাদের সঙ্গে নিয়ে আলাপ আলোচনা করুন; একদিন নয়, দুদিন নয়, চার দিন নয়, আমি জানি আজ যদি আমরা বলি যে সরকার এখনই তাঁর নীতি পরিবর্তন করুক তাতে অসুবিধা আছে। তাঁকে দিল্লীর সঙ্গে পরামর্শ করতে হবে, তাঁকে তাঁর নিজের দলের সঙ্গে পরামর্শ করতে হবে এবং সংগঠণ গড়ে তুলবার জন্য সরকারী কর্মচারীদের সঙ্গে পরামর্শ করতে হবে। কিন্তু মুখ্যমন্ত্রী আজ যদি এখানে দাঁড়িয়ে বলেন যে সত্যই দেশ খারাপ অবস্থায় এসেছে, সত্যই দেশে খাদ্যাভাব এসেছে এবং তা দূর করবার চেষ্টা আমি করব তাহলে আমি মনে করি বিরোধী দলের প্রত্যেকেই সাড়া দেবে। কিন্তু যদি বলেন যে না কিছু নেই, সব ঠিক আছে, আমরা যেভাবে চলছি সেইভাবে চলব তাহলে আমরা কিছুতেই তা সমর্থন করতে পারব না এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abani Kumar Basu:

মিঃ স্পীকার, স্যার, আজকে আমরা যে বিষয় নিয়ে আলোচনা করছি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। খাদ্য পরিস্থিতি দেশের সামনে যে একটা অত্যন্ত জটিল আকার ধারণ করেছে এই বিষয়ে আমার মনে কোন সন্দেহ নেই। সামনের কয়েকটা মাস খুব সঙ্কটপূর্ণ মাস। এ সম্বন্ধে আমরা যথেষ্ট উদ্বেগ অনুভব করছি। এই উদ্বেগ কেবল বিরোধীদলগুলির একচেটিয়া বলে আমরা মনে করি না। আমরাও জনপ্রতিনিধি হিসাবে জনসাধারণের সুখদুঃখের অংশ গ্রহণ করে থাকি এবং আমরা এই বিষয়ে চিন্তা করছি। কিন্তু আমরা এই কথা মনে করিনা যে আন্দোলনের পথে সংগ্রামের পথে এর কোন সমাধান হতে পারে। আজকে পশ্চিমবঙ্গে যে ২২ লক্ষ টন খাদ্য ঘাটতি হয়েছে এর সমাধানআন্দোলন করে কিভাবে সম্ভব হবে তা আমি স্যার বুঝতে পারছি না। আজকে আমরা একথা জানি যে আমাদের সরকার এই বিষয়ে নিশ্চেষ্টভাবে বসে নেই। তাঁরা বার বার জনসাধারনকে সতর্ক করে এসেছেন। তাঁরা বলেছেন যে আমাদের যে ফুড প্যাটার্ন সেটা যতদূর সম্ভব পরিবর্তন করার প্রয়োজন আছে একথা অস্বীকার করে লাভ নেই। আজকে শুধু যে আমার চাল দিয়ে অভাব পূরণ করব সেটা সম্ভব নয়। আজকি অন্যান্য

ভুট্টা জাতীয় সিরিলস দিয়ে যদি আমাদের এই অভাব পূরণ করবার চেষ্টা করি তাহলে আমি মনে করি যে আগামী যে কয়েকটা সংকটপূর্ণ মাস সেই সংকটপূর্ণ মাস আমরা অতিক্রম করতে পারব। আমাদের এই রাজ্যসরকারের কাছে দাবী জানান হয়েছে যে নতুন একটা খাদ্য নীতি গ্রহণ করা হোক। আমি বুঝতে পারছি না যে যেখানে ২২ লক্ষ টন খাদ্য ঘাটতি রয়েছে সেখানে তাঁরা নতুন নীতি কিভাবে গ্রহণ করতে পারেন। আজকে সেই খাদ্য ঘাটতি পূরণ করবার জন্য কেন্দ্রের কাছে দরবার করতে হবে। কারণ, কেন্দ্রীয় নীতিতে আমাদের রাজ্য সরকারির খাদ্য নীতি নিয়ন্ত্রিত হয়। এ ছাড়া শুধু কেন্দ্র সমস্ত ঘাটতি পূরণ করতে পারবে না।

কিছুদিন আগে আমাদের মুখ্যমন্ত্রী বলে গেছেন যে পৃথিবীর কোন দেশ থেকে এই ঘাটতি পূরণ করা সম্ভব নয়। তবুও শুধু কেন্দ্রের সাহায্যের উপর নির্ভর না করে রাজ্যসরকার চেষ্টা করেছেন ভিন্ন ভিন্ন রাজ্য থেকে প্রাইভেট সেক্টরে তাঁরা চাল বা অন্যান্য খাদ্যদ্রব্য আমদানী করে এখানকার ঘাটতি পূরণ করার। আজকে আমরা দেখতে পাচ্ছি যে এই ঘাটতি পূর্বেও ছিল। কিছুক্ষণ আগে মুখ্যমন্ত্রীর বক্তৃতা থেকে আমরা জানতে পেরেছি যে স্বাধীনতার পূর্বে বাংলায় যখন ১ কোটি ৫২ লক্ষ লোকের বাস ছিল তখনও এই ঘাটতি ছিল এবং বর্তমানে জনসংখ্যা গত ১০ বছরের তুলনায় ১/২ অংশ বেড়েছে এবং ১৯৬৩ সালে এই জনসংখ্যার পরিমাণ দাঁড়িয়েছে ৩ কোটি ৭১ লক্ষ। কাজেই ঘাটতি হওয়া যে অসম্ভব তা আমি মনে করিনা। একথা আমরা উপলব্ধি করি যে নিম্ন আয়ের যে জনসাধারণ আমাদের দেশে বাস করেন তাঁদের অবস্থা অত্যন্ত সংকটাপন্ন হয়ে এসেছে কিন্তু সেই সঙ্গে সঙ্গে অনেকে আজকে তাঁরা বলছেন যে ২২ টাকা দামে চাল বিক্রী কর। ২২ টাকা দামে চাল বিক্রী করতে গেলে আজকে সরকারকে যদি কোন মূল্য নির্ধারিত করতে হয় তাহলে সরকারকে দায়িত্ব নিতে হয় সেই নির্ধারিত মূল্যে সরবরাহ করা। আপনি জানেন স্যার, আজকে দেশে যখন ঘাটতি, যখন এখানে কোন বাফার স্টক ক্রিয়েট করা হয়নি, যখন এখানে কোন প্রকিওরমেন্ট করা হয়নি তখন আজকে এই নির্ধারিত মূল্যে চাল সরবরাহ করার দায়িত্ব সরকার নিতে পারেন কিনা এ বিষয়ে আমি মাননীয় বন্ধুদের চিন্তা করতে বলি। সেলিং প্রাইস বেঁধে দেয়া সম্বন্ধে ঐ একই কথা আসে। সেদিন আমাদের মাননীয় বন্ধু শ্রীঅপূর্ব মজুমদার মহাশয় ডি আই রুলসের ১২৫ নং ধারার কথা বলেছেন। আমি সবিনয় তাঁকে নিবেদন করবো যে ডি আই রুল্‌সের ১২৫নং ধারাটা তিনি যদি আর একবার পড়ে দেখেন সেখানে দেখতে পাবেন যে ডিস্ট্রিবিউশান অ্যান্ড অ্যাভেইলেবিলিটি অব আর্টিকেল্‌স্‌ অ্যাট ফেয়ার প্রাইস আপনি জানেন যে এখানে ফেয়ার প্রাইস কোন জিনিসের নির্ধারিত হয়নি, আজকে সারা ভারতবর্ষের কোন রাজ্যে ফেয়ার প্রাইস নির্ধারিত করা সম্ভব হয়নি। কাজেই এই ফেয়ার প্রাইস নির্ধারণ হবার আগে কোন মানুষকে ডি আই রুলসে ধরা সম্ভব কিনা তা বিচার করবার জন্য আমি অনুরোধ করি। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় সদস্য শ্রীনিখিল দাস মহাশয় স্টেট ট্রেডিং এর কথা বলেছেন। আমি স্বীকার করি যে স্টেট ট্রেডিং আমাদের মোট লক্ষ্য হবে কিন্তু সেই সঙ্গে সঙ্গে তিনি প্রকিওরমেন্টের বিরোধী মত প্রকাশ করেছেন। আমি জানিনা এই দুটো জিনিসের সামঞ্জস্য কিভাবে হতে পারে। প্রকিওরমেন্ট না করে স্টেট ট্রেডিং কিভাবে হবে তা আমি বুঝতে পারিনা এটা সোনার পাথর বাটির মত আমার কাছে লাগছে। আমি এই প্রসঙ্গে বর্তমানে যে সংকট সেই সংকট এবং আগামী ভবিষ্যতের দিকে দৃষ্টিপাত করে আমার কয়েকটা সাজেসসন রাজ্য সরকারের কাছে নিবেদন করবো।

[3-10—3-20 p.m.]

সেটি হচ্ছে এই আমার প্রথম প্রস্তাব হচ্ছে এই যে প্রাইভেট এ্যাকাউন্টে যে সমস্ত খাদ্যদ্রব্য আমদানি করা হয় সেখানে আরও বিস্তৃততর—তদারকী হওয়ার প্রয়োজন আছে বলে মনে করি। আমি মনে করি যে সেই সমস্ত ব্যবসাদার যারা প্রাইভেট এ্যাকাউন্টে অন্য রাজ্য থেকে মাল আমদানি করে তারা সেই মালের যে ডিসপোজাল কি করে হয়—কোন জায়গায়, কোন লোককে কি মূল্যে তারা সেই মাল বিক্রয় করেন এ সম্বন্ধে তদারকী হবার প্রয়োজন—বিস্তৃততর রিটার্ণ দেবার প্রয়োজন আছে বলে মনে করি। এই সঙ্গে সঙ্গে আমি আরও মনে করি মজুতদারীর যে কথা আমরা প্রায়ই শুনি আমরা কোন কোন ক্ষেত্রে নিজেরাও জানি যে মজুতদারী হয় কিন্তু বর্তমান আইনে এমন কোন বিধান নেই যে হোডিং বন্ধ করা যেতে পারে—সেই জন্য

তাদেরও আজকে দেশে কি পরিমাণ খাদ্যশস্য মজুত করেছে এই জানবার জন্য পূর্বে যে নিয়ম ছিল যে লার্জ প্রডিউসার-দের লাইসেন্স প্রবর্তন করা প্রয়োজন আছে বলে মনে করি। আমি মনে করি সেই সমস্ত লার্জ প্রডিউসার পাক্ষিক রিটার্ণ দেবেন যে কোথায় কত স্টক তাদের রয়েছে কোন দিন কাকে কত ধান বিক্রয় করলেন এ সম্বন্ধে বিস্তৃততর তথ্য এই খাদ্য সরবরাহ বিভাগে থাকা উচিত বলে মনে করি। এই সঙ্গে সঙ্গে আমি আরও বলতে চাই যে, যে সমস্ত মিল মালিক রয়েছেন সে মিল মালিকদেরও সেম রিটার্ণ দাখিল করা উচিত। আমি একথা জানি যে আমাদের খাদ্যনীতি হচ্ছে এই যে আমরা ফুল রেসনিং চালু করতে পারিনা—আমাদের সে অবস্থা নয়—এবং তা করলেও যে সেটা কতদূর সফল হবে সে বিষয়ে সন্দেহ আছে। যে খাদ্যনীতি সরকার গ্রহণ করেছেন—যে স্বল্প আয়ের মানুষদের কমদরে চাল বা তণ্ডুল জাতীয় খাদ্য সরবরাহ করা—আমি এই নীতিকে পুরোপুরি সমর্থন জানাই।

Shri Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই খাদ্য সম্বন্ধে বিতর্কের যে সূচনা হয়েছে তাতে মুখ্যমন্ত্রী মহাশয় যে ভাষণ দিলেন তা শুনলাম তাতে সেই ইংরাজ শাসকের যে কণ্ঠস্বর—এখনও গাছে পাতা আছে মেয়েরা এখনও গনিকা বৃত্তি অবলম্বন করে নি অতএব দুর্ভিক্ষ হয় নি, পুরাতন সেই বৃটিশ শাসকের সেই কণ্ঠস্বর শুনলাম। তিনি বল্লেন যে বাংলা দেশে দুর্ভিক্ষ হয় নি, বাংলা দেশের লোক না খেয়ে মরে নি। এই সব কথা তিনি বলার পর একথাই আমার মনে হয়েছে। গতকাল যখন প্রশ্নোত্তর হচ্ছিল তখন তিনি একটা কথা বল্লেন যে গ্রামের কৃষকরা হোর্ড করছে। মুখ্যমন্ত্রী মহাশয় মনে করেছেন যে বাংলা দেশের মানুষের স্মৃতিশক্তি কম বলে যা বলে দেবেন তাই তারা মেনে নেবেন—তাই চলে যাবে। অশোক মেটা কমিটির রিপোর্টের কথা আশা করি তাঁর মনে আছে। সেই কমিটির রিপোর্টে একথা কি বলা হয় নি যে জোরদার ক্লাসের একদল লোক গড়ে উঠেছে যারা লার্জ প্রডিউসার হিসাবে গণ্য। আমি মনে করি আজকে বিশেষ করে তারাই ধান্য শস্য হোর্ড করছে। গ্রামের কৃষকদের ৩ মাসের ফসল হয় না—৬ মাসের ফসল হয় না আজকে তাদের উপর দোষ চাপিয়ে কাদের তিনি ঢাকতে চাচ্ছেন। গতকাল বলা হয়েছিল যে যে সমস্ত ধান কলের মালিক—যে সমস্ত বিসনেসম্যান আছে তাদের যে ক্রয় মূল্য সেটা দেখুন তার পর তারা যে দরে বিক্রি করছে সেটাও দেখুন—দেখলে তারা প্রফিট করছে কিনা তা বোঝা যাবে। তিনি কাদের ঢাকতে চাচ্ছেন? দেশে দুর্ভিক্ষ নেই দেশে খাদ্য সঙ্কট নেই একথা বলে তিনি কাদের ঢাকতে চাচ্ছেন এবং কি এড়িয়ে যেতে চাচ্ছেন। বছরের পর বছর বাজেট সেসনের সময় বলবেন উৎপাদন আমাদের বৃদ্ধি হয়েছে—পরিকল্পনায় আমাদের অগ্রগতি হয়েছে এবং তখন টাকা পাশ করবার জন্য মনোহর চিত্র ধরবেন এবং আবার সেপ্টেম্বর মাসে এসে ঘাটতি হিসাব করে দেখাবেন এবং বলবেন গভর্নমেন্ট যেহেতু প্রকিওর করে নি সেজন্য তারা দায়িত্ব নিতে পারবে না। সেই একই যুক্তি—দেশে লোক বাড়ছে—খাদ্যের অভ্যাস বদলাতে হবে।

[3-30—3-30 p.m.]

এখানে পাট আমাদের বাড়াতে হবে, ১০০টা পাটকল আছে, এইসব কথা বলবেন। পাটের প্রয়োজন যদি হয় পাশেই পাকিস্থান আছে তাদের সঙ্গে ট্রেড প্যাক্ট করে সেখান থেকে কাঁচা মাল আনতে পারেন এবং আমাদের যে জিনিষ বাড়তি থাকবে তা তাদের দেবার ব্যবস্থা করতে পারেন। আমি সব থেকে আশ্চর্য হয়ে গিয়েছি, শুনেছি আমাদের শ্রদ্ধেয় প্রতাপবাবু তিনি কোন এক জায়গার অধ্যাপক, এবং তিনি অধ্যাপক বলে তাঁর কাছে সশ্রদ্ধভাবে নিবেদন করছি, তিনি বলেছেন স্টেট ট্রেডিং করলে দেশে নাকি দুর্ভিক্ষ হয়, তা যদি হয় তাহলে তাঁর প্রথম নালিশ জানান উচিৎ প্ল্যানিং কমিশনের কাছে এবং ভারত সরকারের কাছে। তারাই স্টেট ট্রেডিং সুপারিশ করেছে। এবং স্টেট ট্রেডিং যদি হয়, সেটা একটা স্টেটের শুধু ব্যাপার নয়, সেটা সারা ভারতবর্ষের পলিসি নিতে হবে। এখানে একটা স্টেটে করতে গেলে সেই স্টেটের যেমন বর্ডার আছে তেমনি সেটা অল ইন্ডিয়া বেসিসে না হয়ে হতে পারে না। এখানে শুধু সেই পলিসি করলে, র‍্যাশনিং করলে, বর্ডারের বাইরে ধান চাল চলে যাবে সেইজন্য সেটা অল ইন্ডিয়া

কংগ্রেসে করতে হবে। আমি একথা বলতে চাই, মাননীয় স্পীকার মহাশয়, এই পশ্চিমবঙ্গের মন্ত্রী সভা বিশেষ করে খাদ্য নীতিতে ব্যর্থ হয়েছেন এবং এইজন্য তাঁরা কেন্দ্রের কাছে এই চিত্র তুলে ধরতে পারেন নি। তা যদি তুলে ধরতে পারতেন তাহলে সত্যিকারের ব্যবস্থা করা যেতে পারতো। তাঁরা কি করছেন, কেন্দ্রের উপর দোষ চাপিয়ে কেন্দ্র ভার্সাস স্টেট এই রকম একটা অবস্থার সৃষ্টি করছেন কিন্তু তা করলে চলবে না। মাননীয় প্রতাপবাবু একথা বলেছেন যে তিনি খাদ্য সমস্যার সমাধান চান এবং তিনি যে পন্থা বলেছেন আমি সেই পন্থা গ্রহণ করতে রাজী আছি। কিন্তু সেই পন্থায় আমরা যাবো কি করে? আজকে গ্রামে কৃষকদের হাতে কোথায়ও জমি নেই, জমি রয়েছে জোতদারদের হাতে বা কতকগুলি ধনী লোক যারা বেনামী করে জমি রেখে দিয়েছে এবং সামান্য কয়েক লক্ষ বিঘা জমি যা আপনারা পেয়েছেন তাও ডিস্ট্রিবিউট করতে গিয়ে দেখলাম যারা তাদের প্রতিনিধি তাদের কমিটিতে নেওয়া হল না, সেখানে যারা রাঘব বোয়াল তাদের রাখার ব্যবস্থা হয়েছে এবং তাদের হাত দিয়েই জমি দেওয়া হবে। মাননীয় প্রতাপবাবু যদি গ্রামে যান তাহলে দেখবেন যে ক্ষুধার্ত কৃষক সন্তান যারা শীর্ণ হাতে লাঙ্গল ধরতে পারে না, চলুন গ্রামে গিয়ে তাদের সাহায্য করি এবং একত্রে সেখানে আবাদ করবার সাহায্য করি এবং তা করতে পারলে দেশের খাদ্য সমস্যার সমাধান হবে। কিন্তু সেটা করবার আগে যে ধাপ উত্তীর্ণ হত হবে সেখানে সেই ধাপ উত্তীর্ণ হবার কোন চেষ্টা দেখছি না। সেখানে সংগ্রামের পথ ছাড়া, আন্দোলনের পথ ছাড়া আর কোন পথ নেই। আপনার মন্ত্রী সভার এই নীতি যদি পরিবর্তন করাতে না পারেন তাহলে খাদ্য সমস্যার সমাধান করবেন কি করে? যদি দেখতাম, খাদ্য সঙ্কট এমন অবস্থায় এসেছে যেখানে সত্যি সত্যিই তাঁকে চিন্তান্বিত করে চলেছে, এই যদি সত্যি হয় তাহলে মন্ত্রী সভার নীতি বদলানর চেষ্টা করুন। তা যদি করেন তাহলে সেখানে আমাদের পূর্ণ সমর্থন পাবেন।

কালকে মুখ্যমন্ত্রী বলেছেন ১১ হাজার মডিফাইড রেশনিং সপ হয়েছে। ৩৫ হাজার গ্রাম আছে. সুতরাং তুলনামূলকভাবে দেখলে দেখা যাবে ২৪ হাজার গ্রামে কোন দোকান নেই। এই যে পরিস্থিতি যে ই অঞ্চলে ব্যবস্থা হয় নি তাহলে গ্রামের কি মারাত্মক চিত্র তা অনুমান করা যায়। মুখ্যমন্ত্রী বলেছেন ২১ লক্ষ লোক আগে মডিফাইড রেশনিং শপ থেকে চাল নিত—এখন ৫৫ লক্ষ লোক নিচ্ছে। আপনারা খোঁজ খবর নিলে দেখবেন সেই সব দোকানগুলিতে দশ বছর আগেকার কার্ড কত। কত লোক মরে গেছে—কত লোক বেঁচে নেই—দোকানদাররা সেই কার্ড নিজের কাছে রেখে সব মাল অন্যত্র পাচার করছে এবং বহু গ্রামে আজকে কোন দোকান নেই এই ১১ হাজার যে দোকানের কথা বলা হয়েছে তার চিত্র ওই তো ধরলাম। আজকে গ্রামাঞ্চলে যে পরিস্থিতি সেটা অত্যন্ত ভয়াবহ। যদি কোনরকম ভাবে প্রতিকার করতে হয় আমি প্রস্তাব করি এখনি সমস্ত ব্যবসায়ীর কাগজ পত্র দেখা উচিৎ তারা কত দামে চাল কিনছে, কত দামে বিক্রী করছে। এই কাজের জন্য কংগ্রেসের এম. এল. এ-রা আসুন, কর্মীরা আসুন. বিধানসভার প্রত্যেক সদস্য আসুন। পুলিসের যদি অন্য কাজ থাকে তাদের অন্য কাজ দিন—আমরা বিধান সভার সদস্য ব্যবসায়ীদের দোকানে দোকানে অভিযান করে—গুদামে গুদামে অভিযান করে অ্যান্টিহোর্ডিং ক্যাম্পেন চালাই। শর্টেজ আছে স্বীকার করি, কিন্তু যেটুকু হাতে আছে সেটুকু কেন ন্যায্যভাবে বন্টন করা যায় না? এই জন্য যে এই মন্ত্রীসভা ব্লাক মার্কেটার-দের কাছে চোরাকারবারীদের কাছে প্রতিশ্রুতি—এরা ইলেকসনে টাকা দেয়—সেজন্য এই সরকার অ্যান্টিহোর্ডিং ক্যাম্পেন চালাতে পারছেন না—চালের দাম কমাতে পারছেন না —কেন না তাহলে ওঁদের বন্ধুদের প্রফিট হবে না। প্ল্যানিং কমিশন বলেছেন ৮ কোটি টাকার উপর তারা তিন মাসে লাভ করেছে, অথচ এই সরকার তাদের প্রশ্রয় দিচ্ছেন। আমি তাই মুখ্যমন্ত্রীকে তাঁর অতীতের একজন সহকর্মী হিসাবে বলব—আপনি ভুল পথে যাচ্ছেন। আপনার নিজের কবর নিজে খুঁড়ছেন। আপনার দলের লোক আপনাকে ওই আসন থেকে টেনে নামাবে।

Shri Sudhir Chandra Das:

স্পীকার স্যার, খাদ্যমন্ত্রীর যে বিবৃতি শুনলাম সেটা এত হতাশাব্যঞ্জক যে কল্পনা করতে পারি না কেন না, তিনি বাস্তব অবস্থা জানেন না। তাঁর দলের লোক—এই কংগ্রেস পক্ষের বন্ধুরা তারা গ্রামাঞ্চল বা সহরাঞ্চল যেখান থেকে আসুন না কেন তাঁরা সকলেই জানেন যে

দুর্ভিক্ষ চলছে গ্রামে শতকরা ৯৫টি ঘরে-ঘরে অন্ন নেই, অনশনে, অর্ধাশনে তারা রয়েছে। অনশনে মৃত্যু ঘটেছে সেটা সরকার স্বীকার করতে পারছেন না। এক অবনী বাবুর এবং প্রতাপ বাবুর ছাড়া আর কারও স্বীকার করবার সাহস নেই। আগে বলেছিলাম যে ১৯৪৯ সালের মন্বন্তরের ছায়া দেখতে পাচ্ছি। তাতে কংগ্রেস পক্ষের বন্ধুরা বিস্ময় প্রকাশ করেছিলেন। এই যা বাজেট বক্তৃতায় বলেছিলাম যে খাদ্যের ঘাটতি কম করে দেখান হয়েছে, কিন্তু যখন ভাদ্র আশ্বিন কার্তিক আসবে তখন খাদ্য উৎপাদন কম হয়েছে সেকথা বলতে লজ্জা হবে না—একথা আগেই বলেছিলাম। আজ ঠিক তাই দেখছি—সরকার বলছে আরও ৬।৭ লক্ষ টন কম হয়েছে। একদিকে কেন্দ্রীয় সরকার অন্যদিকে পশ্চিমবাংলা সরকার এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার জয়গান করেন এবং বলেন যে শত কোটী টাকা খরচ করে উৎপাদন বাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমরা দেখছি আজ পশ্চিমবংগে খাদ্যের ঘাটতি বছরের পর বছর চলছে এবং অনশন, অর্ধাশন, দুর্ভিক্ষ আরও বেড়েছে।

[3-30—3-40 p.m.]

একথা অস্বীকার করলে তিনি ভুল করবেন। কেননা, তিনি যে ভাবে দম্ভ প্রকাশ করেছেন উত্তর দেবার সময় সেটার আমি তীব্র ভাবে প্রতিবাদ করছি। আমি কংগ্রেসী বন্ধুদের এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করছি যে তিনি বলুন কাঁথি মহকুমায় আমি যেখানে বাস করি সেখানে দেখতে পাবেন সেখানে উনুনে হাঁড়ি চড়ে না, এই রকম শত শত ঘর আছে—গ্রামে একেবারে হাহাকার পড়ে গেছে, গ্রামে যাওয়ার উপায় নাই। তিনি যদি নিজে গিয়ে কোন গ্রাম দেখতেন স্বচক্ষে তাহলে বুঝতে পারতেন যে গ্রামে কি দুরবস্থা চলেছে এবং কি অভিশাপ এই কংগ্রেস শাষণকে দিচ্ছে তা তারা কল্পনাও করতে পারবেন না। তিনি একটা কথা বলেছেন যার প্রতিবাদ আমার করা দরকার যে খাদ্য উৎপাদন যেটা কমে গেছে সেটা তারা স্বীকার করেছেন এবং তাদের তাদের খাদ্য কিনতে হচ্ছে ১২০ কোটী টাকার মত, তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার সাফল্যের এত জয়ঢাক বাজানো সত্ত্বেও ভারত সরকারের ১২০ কোটি টাকার খাদ্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার গোড়াতে কিনতে হয়েছে, যদিও এখনও টাকার অংক আরও বেড়েছে। খাদ্য নীতি সম্পর্কে অনেকে এখানে বলেছেন, আমি কিছু পরিষ্কার করতে চাই—গম খাওয়ার কথা আমরাও বলছি, —খাদ্যমন্ত্রীর সংগে আমরাও প্রতিটি সভায় বলছি যে গম খেতে হবে। একথা আমরা সভায় সভায় বলছি এবং লোকে খাচ্ছেও। এবং লোকে যে গম বেশী খাচ্ছে তা তিনি হিসাব দেখলেই বুঝতে পারবেন। কিন্তু আসল কথা যেখানে চুরি হচ্ছে সেখানে কোন ষ্টেপ নেবেন না কেন। সেটা হচ্ছে বাংলাদেশে যে ধান উৎপন্ন হচ্ছে সেই ধান তিনি ব্যবসায়ীদের হাতে ছেড়ে দিচ্ছেন সেখানে কোন কন্ট্রোল নাই। আমরা জিজ্ঞাসা করেছি যে উড়িষ্যা সরকারের চাল কোথায় গেল তিনি নির্লজ্জের মত বলেছেন যে ব্যবসায়ীদের হাতে দিয়েছি, আমরা জিজ্ঞাসা করেছি কত চাল এবং কত দরে তারা এনেছে এবং কত দরে বিক্রি করেছে তিনি বলেছেন আমি কিছু জানি না সব ব্যবসায়ীরা জানে। কোন হিসাব নাই কোন রিটার্ন নাই সব কিছু নির্লজ্জের মত তাদের হাতে ছেড়ে দিয়েছেন। যত উৎপন্ন ফসলের বা কিছু মালিকানা ব্যবসায়ীদের হাতে ছেড়ে দিয়ে নির্লজ্জের মত নীরব হয়ে আছেন সমস্ত কিছু ব্যবসায়ীদের হাতে ছেড়ে দিয়ে জনসাধারণের সংগে বিশ্বাসঘাতকের কাজ করেছেন প্রফুল্ল বাবু এবং তার দল। এটা অবনীবাবু স্বীকার করেছেন তাঁর বক্তব্যের মধ্যে, তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি, যদিও তিনি গভর্নমেন্ট পক্ষকে সমর্থন করেছেন তিনি কি বলবেন তাঁর নীতি কি। তিনি আমূল পরিবর্তনের কথা শুনে চমকে ওঠেন। আমি এই কথা বলতে চাই যতটুকু ধান উৎপন্ন হচ্ছে কেন ষ্টেট কিনে নেবেন না, কেন ক্রয় করবার ব্যবস্থা রাখবেন না। একটি প্রশ্নের উত্তরের মাধ্যমে আমি এই জিনিস বলেছি, বক্তৃতার মাধ্যমে আমাদের দল থেকে, বলা হয়েছে, আমাদের পার্টির তরফ থেকে বারবার জানিয়েছি, কিন্তু ধান কৃষকদের হাত ছাড়া ও হাল ছাড়া হয়ে যাবার পর, ব্যবসায়ীরা লুঠ করে বিক্রী করার পরও আপনাদের টনক নড়েনি। এখন ব্যবসায়ীদের মাধ্যমে আমাদের সামনে ৮৫ নয়া পয়সায় বিক্রী করছেন। এই সত্য কথাটা প্রফুল্লবাবু বুঝছেন না, তিনি অকপটে বলুন নিশ্চয়ই সরকার নির্ভয়ে স্টেট পারচেজ করবে। আর যেখানে এত খাদ্য সংকট সেখানে স্টেট এর হাতে কিছু রাখলেন না। শুধু, ব্রহ্মদেশ,

নেপালের কাছে ধান আনতে ছুটেলেন, কিন্তু নিজের হাতে কয়েক লক্ষ টন খাদ্য রাখছেন না এই পলিসি পরিবর্তনের জন্য আমি জোর দিচ্ছি। আবার আপনারা ভারত সরকারকে এক সংগে জড়িয়ে দিচ্ছেন এর কারণ আমরা বুঝতে পারছি না। আজকে কাঁথি মহকুমায় সরবরাহ ব্যবস্থায় সংক্ষিপ্ত তথ্য আমি এখানে দিচ্ছি। কাঁথি মহকুমার কন্ট্রোলারের অফিস থেকে খবর নিয়ে জানলাম সেখানে ২ হাজার কুইন্টাল পেয়েছেন কাঁথি মহকুমার জন্য যেখানে ৮ হাজার কুইন্টাল চেয়েছিলেন, অর্থাৎ সেখানে শতকরা ১০ জন লোকও রেশন থেকে চাল পাচ্ছে না। পুরুলিয়াও শুনলাম রেশন দোকানে চাল পাওয়া যাচ্ছে না। আজ এখনে আপনারা এসব তথ্য অস্বীকার করছেন। এদিকে খাতায় পত্রে সব জায়গায় রেশন সপ খোলা হয়েছে অথচ আমরা জানি কোন জায়গায় চাল নাই। আমি জিজ্ঞাসা করতে চাই, আপনারা বলেছেন ১১ হাজার রেশন সপ খুলেছেন, তার মধ্যে কত হাজারে চাল পাওয়া যায় না সেই কথাটি বলবেন? সরকার যদি সহযোগিতা চান তাহলে এটা ভাল করে দেখবার চেষ্টা করুন যে, রেশন সপে চাল সরবরাহ ঠিকমত হচ্ছে কিনা। বিরোধীপক্ষ থেকে যে সমস্ত অভিযোগ উঠেছে সেগুলি সঠিক কিনা অনুসন্ধান করে দেখুন। আজ কাঁথি মহকুমার দুরবস্থার কথা বলছি, গত বছরের চেয়ে এই বছরের অবস্থা আরো খারাপ, আমি খোঁজ নিয়ে জানলাম গত জুন মাসে আপনারা ১ লক্ষ লোককে সাহায্য দিয়েছিলেন, আর এই বছর জুন মাসে দিয়েছেন মাত্র ৬২ হাজার লোককে, এই করে ত্রাণমন্ত্রী অবস্থাকে আয়ত্তে আনবার জন্য চেষ্টা করছেন। শুধু কাঁথি মহকুমারই এই অবস্থা নয়, পশ্চিমবাংলার বিভিন্ন জেলার এই একই অবস্থা। খয়রাতী সাহায্য শুধু নামমাত্র দেওয়া হচ্ছে, এবং অবস্থা আয়ত্তের বাইরে চলে যাচ্ছে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যদি অবস্থা আয়ত্তে আনতে চান তাহলে অন্ততঃ শতকরা ১০।১৫ জনকে খয়রাতী সাহায্য দিয়ে আপাততঃ বাঁচাবার চেষ্টা করুন, তবে এই দুরবস্থার হাত থেকে দেশ রক্ষা পেতে পারে এবং এই সংকট থেকে আপনারা উত্তীর্ণ হতে পারবেন বলে মনে করি। লোনের টাকা নিয়ে এখানে অনেক কথা বলা হয়েছে, লোনের পরিমাণ বাড়ান উচিৎ এটা আমি পরিষ্কার বলে দিতে চাই। আর আমাদের পার্টি সরকারের নিষ্ক্রিয়তা দেখে তাঁদের নীতি পরিবর্তন করাবার জন্য অত্যন্ত বেদনার সংগে এই জাতীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করবার পথকে শ্রেয় পথ বলে মনে করে নিয়েছে। আজ আমাদের দেশে জরুরী অবস্থা চলেছে, এই অবস্থায় কোন আন্দোলন চালান উচিৎ নয়, কিন্তু মানুষ এই রকম দুরবস্থায় থাকলে দেশ রক্ষার কাজ ব্যাহত হবে। সেজন্য আজকে কোন স্বাভাবিক কাজ-কর্ম চলতে পারে না বা চলা উচিৎ নয়। মানুষ যেখানে না খেতে পেয়ে ছটফট করে মরছে সেখানে স্বাভাবিক কাজকর্ম কখনো চলতে পারে না এই কথা আমি জোর করে বলতে চাই। প্রফুল্লবাবু যদি ধান চালের দাম না কমাতে পারেন তাহলে তিনি কি করতে পারেন বলুন। আমি বলি তিনি যদি চালের দাম না কমাতে পারেন তাহলে তিনি পদত্যাগ করুন। আজকে তিনি যদি অসহায় বোধ করেন তাহলে আমি তাঁকে অনুরোধ করব তিনি পদত্যাগ করুন, —এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Monoranjan Baksi:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে দেশের খাদ্য সংকটের মুহূর্তে দাঁড়িয়ে কিছু বলার পূর্বে আমি আপনার কাছে নিবেদন করব যে আপনি জানেন যে মানুষ এমন এক সময় এমন কথা বলে যে ঠিক সেই একটি কথা দেখেই মানুষের সমস্ত চরিত্র বুঝতে পারা যায়। যেমন আমরা জানি ম্যাথু আরনল্ড তিনি ছিলেন শিক্ষক তিনি মৃত্যুর পূর্বে বারবার বলে-ছিলেন "গো বয়েজ ডার্ক নাও" অর্থাৎ ছাত্রদের তিনি কত ভালবাসতেন তা ঐ একটা কথার মাধ্যমে বুঝা যায়। আমরা জানি দেশ যখন পরাধীন ছিল তখন এই দুর্ভিক্ষের কথা বললে তৎকালীন শাসন কর্তারা বলতেন গাছে পাতা আছে মহিলারা গণিকাবৃত্তি অবলম্বন করে নি সুতরাং দেশে দুর্ভিক্ষ নেই। সেই রকম আজকে দেশে খাদ্য সংকট আছে কী নেই এই তর্ক আজ কয়েক দিন ধরে চলছে—গত ৬ই জুলাই তারিখে আনন্দ বাজার পত্রিকায় এমন একটা ঘটনা প্রকাশিত হয়েছে তার হেডিং হচ্ছে "পেটের দায়ে লজ্জাস্কর জীবন যাপন" আদা-লতে বালিকার করুণ কাহিনী।

সেই আদালতে প্রেসিডেন্সী মেজিস্ট্রেট শ্রীশিবকুমার খান্নার কাছে সে করুণ সুরে বলেছে

যে, তার শিশ্ব দুইটি খেতে পায় না বলে সে বাধ্য হয়ে এই পতিতা বৃত্তি গ্রহণ করেছে। দেশে যদি সংকট দেখা না দেয় তাহলে এই করুণ কাহিনী কি করে স্বাধীন ভারতে এবং স্বাধীন বাংলায় ঘটতে পারে সেটা আপনিই বিচার করে দেখুন এবং মন্ত্রীমহাশয়ও বিচার করুন। শুধু তাই নয়, সেই ম্যাজিস্ট্রেট মিঃ খান্না বলেছেন যে, এইসব হতভাগিণীদের জীবন-যাত্রার ব্যবস্থা করে দেওয়া উচিৎ। কাজেই আজ আমাদের চিন্তা করতে হবে যে দেশে খাদ্য সংকট দেখা দিয়েছে, দেশ আজ কোন পথে চলেছে এবং মা-এরা কোন স্তরে নেমেছে। আমি জানিনা গান্ধীজী, নেতাজী সুভাষচন্দ্র এই ধরনের স্বাধীনতা চেয়েছিলেন কিনা। যাহোক, এবারে আমি আমাদের জেলার কথা বলি। যে জেলাকে বলা হয় শস্য ভাণ্ডার সেই জেলার চালের দর মার্চ মাসে ছিল ২৭ টাকা ৬২ নয়া পয়সা, এপ্রিল মাসে ছিল ২৯ টাকা ৩৬ নয়া পয়সা, মে মাসে ৩০ টাকা ২৩ নয়া পয়সা এবং জুন মাসে ছিল ৩০ টাকা ৯৮ নয়া পয়সা—অর্থাৎ দেখা যাচ্ছে প্রতি মাসে চালের দর বেড়ে যাচ্ছে এবং কোন দিক থেকে তা নামবার ইংগিত নেই। কাজেই এদিক থেকে আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যে খাদ্য সংকট থেকে কি করে দেশকে পরিত্রাণ করবেন সেটা চিন্তা করুন এবং বাংলার মানুষকে বাঁচিয়ে রাখুন। আমি আমার কেন্দ্র আউসগ্রাম পরিভ্রমন করে দেখেছি বহু সম্ভ্রান্ত ব্যক্তির ঘরে ধান নেই এবং যেভাবে তাঁরা জীবনযাত্রা নির্বাহ করছেন তা বড়ই অসহায় অবস্থা। এ ধরণের অবস্থা গ্রামাঞ্চলে না হলে গ্রামাঞ্চল থেকে পদযাত্রা আরম্ভ হোত না। কাজেই আমি মন্ত্রী-মহাশয়কে চিন্তা করতে বলি দেশের অবস্থা যাতে এরকম না হয় তার দিকে লক্ষ্য রাখুন। স্যার, একদিকে আমরা রানী ভট্টাচার্যের লজ্জাজনক জীবনযাত্রার কাহিনী শুনেছি আর আর একদিকে দেখছি [illegible] দিনের পর দিন বেড়ে চলেছে এবং যার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। তাই আমি অনুরোধ করছি আমরা যে সভ্য জগতে এবং গণতন্ত্রের যুগে বাস করছি সেটা যেন রক্ষা পায়। সভ্যতার সংজ্ঞা সম্বন্ধে বলা হয়েছে

Civilisation is a condition of the people when they live in society in an orderly manner for their own good. Civilisation is that which takes a man out of barbarism.

কিন্তু আজকে এই যদি সভ্যতা হয়, গণতন্ত্র হয় যে একটি মহিলা পতিতা জীবন যাপন করতে বাধ্য হচ্ছে তাহলে আমি জানি না কোন সভ্য জগতে এবং কোন ধরণের গণতন্ত্রে আমরা বাস করছি। কাজেই আমি অনুরোধ করছি যে সমস্ত এলাকা উদ্বৃত্ত এলাকা সেখান থেকে খাদ্য নিয়ে এসে পশ্চিমবাংলাকে রক্ষা করা হোক। বাংলাদেশ এবং বাংগালীকে যাতে রক্ষা করা হয় তার জন্য অনুরোধ করছি এবং এই মন্ত্রিসভা যাতে সচেতন হয় তাঁদের কাছে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40—3-50 p.m.]

Shri Birendra Kumar Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে চালের অভাব আছে এটা আমাদের মুখ্যমন্ত্রী-মহাশয় স্বীকার করেছেন এবং আমরা সকলেই তা অনুভব করি। কিন্তু এই চালের অভাব মানে দুর্ভিক্ষ কিনা সেটা আমাদের বিবেচনা করা দরকার। আমাদের যে সমস্ত বন্ধুরা দুর্ভিক্ষের কথা বলেছেন তাঁরা একথাও বলেছেন যে, সরকারের দোকানে গমের যে দাম তার চেয়ে কম দামে বাজারে গম বিক্রি হচ্ছে। যদি তাই হয়—অর্থাৎ সরকারের দোকান থেকে বাজারের গম সস্তা হয় তাহলে দুর্ভিক্ষ হয়েছে কিনা সেটা আমাদের বিচার করতে হবে। আমরা জানি দুর্ভিক্ষ যদি হয় তাহলে গাছে পাতা থাকে না। যা হোক, দেশে খাদ্যশস্যের অভাব যে আছে সেটা আমরা অস্বীকার করি না এবং তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন যে করতে হবে সেটাও আমরা স্বীকার করি। তবে তাঁরা বাইরে আন্দোলন করবার চেষ্টা করে বিফল মনোরথ হয়ে এ্যাসেম্বলীর মধ্যে টেম্পো সৃষ্টি করবার যে চেষ্টা করছেন সেটা ধরা পড়ে গেছে। স্যার, ফুড পলিসি সম্বন্ধে আলোচনা করতে গেলে আমাদের খুব ধীরভাবে বিবেচনা করতে হবে যে আমা-দের দেশে চালের যে অভাব আছে সেটা অন্যান্য দেশে আছে কিনা এবং সেই অভাব পূরণ করা সম্ভব কিনা। একটু আগে আমরা শুনেছি আমাদের দেশে ২২ লক্ষ টন ঘাটতি আছে এবং অনেক কষ্টে আমরা ১০ লক্ষ টন গম খাচ্ছি। ইউনেস্কো-র রিপোর্টে বলা হয়েছে পৃথিবীতে চালের অভাব আছে। তাহলে দেখা যাচ্ছে বাংলাদেশে আগে থেকেই ঘাটতি ছিল এবং এখন এই আড়াই

গুণ লোক. বৃদ্ধি পাবার পর ঘাটতি যে থাকবে এটা স্বাভাবিক কথা। স্যার, কাল থেকে আমরা পলিসি চেঞ্জ-এর কথা শুনছি, কিন্তু এই পলিসি চেঞ্জ করার ব্যাপারে কোন কনস্ট্রাক-টিভ সাজেসনস্ আমরা শুনতে পাচ্ছি না। পলিসি চেঞ্জ বলতে আমাদের অশোক মেটা-র রিপোর্টের কথা বলা হয়েছে। তাঁর রিপোর্টে একথা বলা হয়েছে যে, প্ল্যান্ড ইকোনমি-তে সমস্ত কন্ট্রোল করা চলে না, সমস্ত ফ্রি মার্কেটও রাখা চলে না। আমাদের সরকারও সেই-ভাবে আংশিক রেশন বরাদ্দ করেছেন। তাই যদি হয় তাহলে এই পলিসি বাংলা সরকার বদল করতে পারেন কিনা সেটা আমাদের ভাবতে হবে—অর্থাৎ কেন্দ্রের যে পলিসি সেটা একটা স্টেট পরিবর্তন করতে পারে কিনা সেটা ভাবতে হবে। আজকে পরিবর্তন করা মানে হচ্ছে পূর্ণ রেশন প্রথা চালু করা এবং এই রেশন চালু করতে হলে কর্ডন করতে হবে এবং করতে হলে প্রকিওরমেন্ট করতে হবে। ১৯৫২-৫৩ সালে যখন কর্ডন ছিল তখন পি. এস. পি-র জন্ম হয় নি তখন কৃষক প্রজা পার্টি ছিল। তাঁরা তখন মিটিং করে ধান্য চাষী সম্মেলন করেছিলেন এবং বলেছিলেন ফসলের দাম বাড়াবার জন্য ধান্য চাষী এক হও। কাজেই আজ যদি চাষীকে ফসল বাড়াতে বলি এবং অন্যদিকে তাদের কম দাম দেই তাহলে তাদের অবস্থাটা চিন্তা করা দরকার এবং সংগে সংগে এটাও ভেবে দেখা দরকার যে, আজ যদি আমরা কন্ট্রোল এবং 'সিজ' করি তাহলে সেটা লোকে চাইবে কিনা। আমার জেলা মালদহের কথা বলতে পারি, সেখানকার লোকেরা কন্ট্রোলে খুশী নয়। এখানে মাননীয় সদস্য ধরনীবাবু আছেন যিনি কন্ট্রোলের ধুয়া তুলে ভোটে জিতেছেন এবং ফরওয়ার্ড ব্লকের বন্ধু যাঁরা আছেন তাঁরা এক সময় শোলমারীর সাধুর ধুয়া তুলে ভোটে জিতেছেন এবং এখন আবার কন্ট্রোলের ধুয়া তুলেছেন।

Shri Kamal Kanti Guha:

স্যার, আমি আপনাকে একটা কথা বলতে চাই। হাউস যাতে শান্তভাবে চলে সেইজন্য আপনি আমাকে ডেকেছিলেন এবং আমি আপনাকে একথা বলেছিলাম যে, হাউসের মধ্যে যদি সিরিয়াসলী আলোচনা হয় তাহলে নিশ্চয়ই আমরা অংশ গ্রহণ করব। কিন্তু মাননীয় সদস্য এইমাত্র বললেন যে, শোলমারীর সাধুকে নেতাজী নামে চালু করে আমরা নাকি ভোটে জিতেছি। স্যার, আজকে বাংলা দেশের সামনে যে দারুণ সমস্যা এসেছে তাতে আলোচনা কালে যদি আমাদের সম্বন্ধে এইভাবে বলা হয় তাহলে আমরা তাঁকে বাধা দেব।

Mr. Speaker: Mr. Guha, please leave it to me.

Shri Birendra Kumar Maitra:

যাহোক্, আজকে বাংলাদেশের কোন লোক কন্ট্রোল চায় এটা আমার মনে হয় না। কালকে একজন সাধারণ কেরানী নিউ সেক্রেটারিয়েটে কাজ করেন তাঁর সংগে আমার আলাপ হয়েছিল। তিনি বললেন চালের দাম বেড়ে যাওয়ার জন্য সত্যই আমাদের খুব কষ্ট হচ্ছে। মাসের শেষে ঋণ হয়ে যায় এ বিষয়ে কোন সন্দেহ নেই। তবে সরকারের কন্ট্রোল করাটা আমরা চাই না। কন্ট্রোল করার দিকে আমাদের দেশের লোকের মত আছে এটা আমরা বিশ্বাস করি না। এই কন্ট্রোল রাখার জন্য ১৩ হাজার সরকারী কর্মচারী ফুড ডিপার্টমেন্টে কাজ করত। আজকে ২৷৷ হাজার ৩ হাজার লোক কাজ করে, বাকি লোক অন্যান্য ডিপার্টমেন্টে এ্যাবজর্বড হয়েছেন। এই এ্যাবজর্বড লোকগুলিকে আবার এনে ফুড ডিপার্টমেন্ট চালু করা, আবার খাদ্যশস্য এক জায়গায় জমা করা এবং তার ফলে যে খাদ্য শস্য গন্ধ হয়ে যায় সেই সব খাদ্য গ্রামে বিলি করা উচিত বলে আমি মনে করি না। আজকের দিনে আমাদের সরকারের যে পলিসি সেই পলিসি সর্বজন স্বীকৃত। উত্তরবংগে আমি দেখেছি কৃষকরা যে কাজ করছে আজকাল সেই কাজের দ্বারা তারা যথেষ্ট পয়সা পাচ্ছে এবং তাদের খুব কষ্ট হচ্ছে বলে আমার মনে হয় না। কিন্তু মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের সত্যই কষ্ট হচ্ছে এবং তাদের জন্য ভাল চাল মডিফায়েড রেশনিং এ যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। আজকে সত্য কথা বলতে গেলে মধ্যবিত্ত শ্রেণীর লোক যেভাবে কষ্ট ভোগ করছে ঠিক সেইভাবে অন্য লোক করছে বলে আমার মনে হয় না। তারপর আমি রিলিফ মেজারের একটা লিস্ট দেখেছিলাম, তাতে দেখা যায় অন্যান্য বছর যা খরচ হয়েছে এখন তার থেকে বেশী খরচ হচ্ছে। গ্র্যাটুইটাস রিলিফ ১৯৬১ সালে যেখানে ৬ লক্ষ ৬০ হাজার টাকা জুন মাসে খরচ হয়েছিল এখান সেখানে ১৮

লক্ষ টাকা খরচ হচ্ছে। কাজেই সরকার পক্ষ থেকে কম খরচ করা হচ্ছে একথা আমরা বলতে পারব না। আমার মনে হয় ১১ হাজার দোকান আছে এটা যেমন ঠিক তেমনি সব গ্রামে দোকান আছে এটাও ঠিক। কিন্তু একটা জিনিস হয় কোন কোন জায়গায় দেখা যায় যে গ্র্যাটুইটাস রিলিফ বিলি করবার জন্য যেসব ডিলার থাকে তারা গ্র্যাটুইটাস রিলিফের মাল খালি তোলে, মডিফায়েড রেশনিংএর মাল তোলে না। তার কারণস্বরূপ তারা বলে যে "আমাদের গুদাম থেকে আনতে যা খরচ পড়ে সেই খরচ দিয়ে আর আমাদের লাভ হয় না।" আজকে সে কথা চিন্তা করা উচিত। অনেক দূরবর্তী গ্রামে যেতে গেলে যে খরচ হয় তার চেয়ে বেশী খরচ দেওয়া ভাল কিন্তু কম দেওয়ার ফলে দোকানে মাল না থাকা মোটেই ভাল নয়। আর একটা কথা, আজকের দিনে অনেক দোকানদার আছে যারা হয়ত গড়িমসি করছে মাল তুলছে না, তাদের দোকান সংগে সংগে বন্ধ করে দেওয়া উচিত। আর একটা জিনিস আমি বলতে চাই সেটা হচ্ছে কলকাতা থেকে যে মাল যায় সেটা একবার এখান থেকে যায় শিলিগুড়ি, তারপর শিলিগুড়ি থেকে আবার আসে মালদহ, পশ্চিম দিনাজপুর জেলাতে। এটা একবার শিলিগুড়ি, আবার মালদহ, পশ্চিম দিনাজপুর না করে মালগুলি যদি কলকাতা থেকে সরাসরি পশ্চিম দিনাজপুর, মালদহ জেলায় যায় তাহলে সরকারের খরচ কম হয়, জিনিসের ক্ষতি কম হয় এবং ট্র্যানজিটের জন্য যে খরচ হয় সেটাও বন্ধ হয়। তারপর আমি উত্তরবংগের কথা বলব। অনেকে বলেছেন যে উত্তরবংগে নাকি দুর্ভিক্ষের ছায়া নেমেছে: আমি বলব সেটা ঠিক নয়। আমি বিশেষ জোরের সংগে বলতে পারি আজকের দিনে মালদহ, পশ্চিম দিনাজপুর, কুচবিহার জেলায় ভগবানের কৃপায় যেভাবে আউশ ধান হয়েছে, আউশ ধান আর কয়েক মাসের মধ্যে উঠবে, তাতে আউশ ধান উঠলে আমার মনে হয় চাষীদের ঘরে কিছু ফসল আসবে এবং আজকে যে অভাব দেখা দিয়েছে তা অন্ততঃ আমাদের জেলাতে কিছু কমবে বলে আমি মনে করি। এবং পাট আর কিছু দিনের মধ্যে উঠবে, পাট উঠলে চাষীর ঘরে কিছু নগদ টাকা আসবে। পুরুলিয়ায় খাদ্যাভাব হয়েছে, কিন্তু তার জন্য যথেষ্ট রিলিফের ব্যবস্থা করা হয়েছে। আমার জেলায়ও রিলিফের যথেষ্ট ব্যবস্থা হয়েছে, রিলিফ মন্ত্রী যথেষ্ট করেছেন। একমাত্র হবিবপুর থানায় দেখা গেছে ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে বলা সত্ত্বেও রিলিফের কাজ আরম্ভ হয় নি। সেখানে ৫/৬ জায়গায় রিলিফের কাজ আরম্ভ করা হয়নি এবং কমিউনিষ্ট প্রধান না থাকলে রিলিফের কাজ আরম্ভ করা হয়নি। কারণ, বি, ডি, ও, নিজের মুখে বলেন যে তোমরা আন্দোলন কর। এই বিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা আমি এখানে বলতে চাই সেটা হচ্ছে খাদ্য আন্দোলন সৃষ্টি করে কালকে আমাদের এখানকার কাজ বন্ধ করা হয়েছিল। এই যে এখানকার কাজ বন্ধ করে ৫/৬ হাজার টাকা নষ্ট করা হল এর জন্য বাংলাদেশের লোক নিশ্চয়ই বিচার করবে। এতে কি লাভ হয়েছে, এতে ফসলের দাম কত কমে যাবে এটাও তারা বিচার করবেন। আমাদের সরকারের যে খাদ্য নীতি সেটা সম্পূর্ণ ভাল এবং এটা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50— 4 p.m.]

Shri Girish Chanda Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এইখানে যতজন সদস্য উপস্থিত আছেন—আশা করি বিধাতা-পুরুষের কলমের উপর কলম চালাবার ক্ষমতা আপনাদের কারুর নেই। ১৯৬২ সালের বর্ষার সময় সারা পুরুলিয়া জেলায় পুরুলিয়া কেন সারা বাংলার বহু জায়গায় ভয়াবহ অনাবৃষ্টি হয়। পুরুলিয়া জেলার এমন কতকগুলি অঞ্চল আছে যেখানে একেবারে বৃষ্টি হয় নি· মাঠে লাঙ্গল নামাবারও উপায় হয় নি। ফলে সেখানে একেবারে ধান হয় নি। হাজার চাষীর জীবিকার কোনো আশ্রয় নেই। বিধাতার কলমে এইভাবে যে দুর্ভিক্ষ আজ রুদ্ররূপে দেখা দিয়েছে—কোনো দূরদৃষ্টিহীন শাসক মন্ত্রীর কলমের ক্ষমতা নেই—এই সত্যকে চাপা দিয়ে রাখতে পারে। এই নিদারুণ অনাবর্ষ্টির ফলে পুরুলিয়ার সারা জেলায় ভয়াবহ অন্ন কষ্ট দেখা দিয়েছে। এবং এই নিদারুণ সংকটে সরকারের চরম অযোগ্যতা, নিষ্ক্রিয়তা ও নিষ্ঠুরতার পরিস্থিতি আজ ভয়াবহ হয়ে উঠেছে। আমাদের জলন্ত বাস্তব তথ্য এই যে দুর্ভিক্ষ হয়েছে—কতকগুলি বিশেষ অঞ্চলে, অনাহারে ৩১ জন মারা গেছে, সারা জেলায় ভীষণ অন্নকষ্ট

দেখা দিয়েছে, কাজের অভাবে জেলা থেকে হাজার হাজার পরিবার বাইরে চলে গেছে। সরকার এ সমস্তই অস্বীকার করছেন এবং বলছেন সরকারী সহায়তা সম্পূর্ণ উপযুক্ত ও প্রচুর। আমরা তার উত্তরে বলেছি সরকারের এই সমস্ত উক্তির প্রতিটি অক্ষর অসত্য। সরকার বলছেন, না, সরকারের কথাই সত্য। এই অবস্থায় আমরা দাবী করেছি নিরপেক্ষ তদন্ত হোক। বিচার বিভাগীয় তদন্ত হোক—সত্য ধরা পড়বে। কিন্তু তদন্ত করতে সরকারের সাহস নেই—তদন্ত না করে সরকার কেবলই বলছেন সরকারের উক্তিই সত্য। এর জন্য আমরা সারা দেশের সম্মিলিত নেতাদের নিয়ে গেলাম তারা তদন্ত করে যা বললেন সরকার সেসবও মিথ্যা বলে উড়িয়ে দিতে চাইছেন। নেতারা বললেন তবে বিচার বিভাগীয় তদন্ত হোক। সরকার তাতেও নীরব। আমরা ভারতের প্রধান মন্ত্রীকে লিখলুম তুমি বাংলা সফরে পুরুলিয়া তদন্ত করো এবং আসামী পশ্চিমবঙ্গ সরকারকে ঘাড় ধরে নিয়ে এসো দুর্ভিক্ষ পীড়িতজনতার কাছে আমরা আসামীর অপরাধ সাব্যস্ত করব। জওহরলালজী জবাব দিলেন আমার আসামী সরকার আমাকে জানিয়েছে আসামীর কথাই সত্য। পৃথিবীর ইতিহাসে বিচারের ব্যাভিচারের এ রকম দৃষ্টান্ত বিরল। লক্ষ লক্ষ জনগণের সামনে অনুষ্ঠিত জলন্ত রূঢ় সত্যকে আমাদের দেশে শাসনকারীরা আজও এভাবে উড়িয়ে দিতে পারে। সরকারের এহেন জলন্ত মিথ্যাচার সত্ত্বেও আমাদের দেশে আজও সরকার আসনে বসে থাকতে পারে। ইংলণ্ডের সাম্প্রতিক ইতিহাসে আমরা দেখলুম ইংলণ্ডের একজন মন্ত্রী জনগণের প্রতি মিথ্যাচার করেছিল বলে ইংলণ্ডের জনতা সমগ্রমন্ত্রীমণ্ডলীর বহিষ্কার দাবী করেছিল। সরকার বহু সাহায্য দিচ্ছেন বলে বারম্বার ঘোষণা করেছেন। তাদের প্রেসনোট প্রভৃতি থেকে দেখা যাচ্ছে তাঁরা হাজার হাজার কেন লক্ষাধিক লোককে সাহায্য দেওয়ার দরকার বোধ করেছেন। আমরা সরকারী তথ্য থেকেই দেখিয়েছি দুর্ভিক্ষে আর্ত মানুষেরা সারা বছরে জনপ্রতি কেউ এক টাকা কেউ ২ টাকা বা কেউ চার টাকার বেশী পায় নি। এই হচ্ছে সরকারের বিরাট ত্রাণ কার্যের ইতিহাস। চাষীর জন্য ঋণ তাতে ছাগল বা মুরগী কেনারও খরচ হয় না। সাহায্যের নামে যেমন উপহাস চলেছে তেমনি রিলিফ ব্যবস্থার নামে অবাধ লুট ও চুরি চলেছে।

১৯৬২ সালের জুলাই মাস থেকে যখন পরিস্থিতি গুরুতর হয়ে উঠল যখন আর্ত মানুষ কাজ পেল না ঋণ পেল না সাহায্য পেল না তখন বহু লোক গরু ছাগল তৈজসপত্র বিক্রি করে কাজের সন্ধানে বাইরে চলে গেল। আজ হাজার হাজার চাষী বিপন্ন। অবিলম্বে উপযুক্ত ঋণ চাই নতুবা চাষ হবে না। দুর্ভিক্ষেরও শেষ হবে না। চাপের সময় কৃষিঋণ সর্বোচ্চ রিলিফ ব্যবস্থা। যারা বিপন্ন অসহায় ব্যাপকভাবে তাদের খয়রাতি সাহায্য দেওয়া হোক। শিল্পী, ক্ষুদ্র দোকানদার প্রভৃতিকেও উপযুক্ত ঋণ দেওয়া হোকা। ভাদ্র-আশ্বিন মাসে ব্যাপক ত্রাণ কার্যের জন্য পরিকল্পনা প্রস্তুত রাখা হোক। পুরুলিয়ার পুড়া, দুঞা, মানবাজার দুর্ভিক্ষ অঞ্চল বলে ঘোষণা করা হোক এবং জরুরী ত্রাণ ব্যবস্থার পূর্ণ আয়োজন হোক। অনাহারে মৃত্যুর ঘটনাগুলির জন্য বিচার বিভাগীয় তদন্ত হোক। ত্রাণ কার্যের মধ্যে দুনীতির অভিযোগ সমূহের জন্যও বিচার বিভাগীয় তদন্ত হোক। মুখ্যমন্ত্রী বিবৃতি সহকারে অনাহারে মৃত ব্যক্তিদের ৩।৪ জনের বিষয়ে জানিয়েছেন তারা কেউ জেলার নয়—কেউ রোগে মৃত। কারুর শ্রাদ্ধে ৫০০ শত টাকা খরচ হয়েছে। তাহলে ধরে নিতে হবে ৩১ জনের বাকী সবজনের মৃত্যু অনাহারেই হয়েছে। তাদের বিষয়ে বলবার কাহিনী সৃষ্টি করা তাঁর দ্বারা সম্ভব হয় নি। মুখ্যমন্ত্রীর কাহিনী সৃষ্টির প্রয়োজন কি? প্রকাশ্যভাবে বিচার বিভাগীয় তদন্ত হোক—হলেই মুখ্যমন্ত্রীর প্রত্যেকটি কাহিনীর স্বরূপ উদ্ঘাটিত হবে। অনাহারে মৃত কারুর শ্রাদ্ধে পাঁচ শত টাকা খরচের সংবাদ আমরা শুনি নি। বিচার বিভাগীয় তদন্ত হলে হয় জানা যাবে কাহিনী সম্পূর্ণ ভিত্তিহীন না হয়, শ্রাদ্ধের খরচের জন্য মুখ্যমন্ত্রীর তহবিলের যোগ উদ্ঘাটিত হবে। আমরা দেখছি মুখ্যমন্ত্রী পুরুলিয়া বিষয়ে বিশেষ আতঙ্কিত। বাংলার বহু জায়গায় আজ দুর্ভিক্ষের মর্মন্তুদ হাহাকার। চক্রান্তকারী সরকার তাঁর সত্যকে গলাটিপে মারবার অপচেষ্টায় মগ্ন পুরুলিয়া তাঁর এই কলঙ্কজনক অপচেষ্টাকে ফাঁস করার কাজে অগ্রণীদের মধ্যে অন্যতম বলে মুখ্যমন্ত্রী আজ আতঙ্কিত ও বিভ্রান্ত। শুনে রাখুন মুখ্যমন্ত্রী পুরুলিয়া প্রভৃতির এই মর্মন্তুদ প্রশ্নই আপনার ভরাডুবির তলা ফুটো করবে এ অবধারিত। সরকারের বিরূপতা সত্ত্বেও আমাদের শান্তিপূর্ণ কার্যকরী প্রস্তাব এই যে আইনসভা থেকে সর্বদলীয় একটি তদন্ত কমিশন হোক—তাদের কার্যধারা হবে দ্রুত জনমত সংগ্রহের ভিত্তিতে মূল্যবৃদ্ধি নিরোধ কার্যকরী প্রস্তাব সমূহ

প্রদান, সমগ্র খাদ্য পরিস্থিতি নিয়ন্ত্রণে বিস্তার প্রস্তাব, খাদ্য পরিস্থিতির মধ্যে দুর্নীতিসমূহের প্রতিবিধান প্রস্তাব, অনাহার মৃত্যুর যে কোনো ঘটনার তদন্ত কার্য। এবং অবিলম্বে উপযুক্ত *নিয়ন্ত্রিত মূল্যে প্রয়োজনীয় সমস্ত খাদ্য সরবরাহের ব্যবস্থা ও দুর্ভিক্ষ পীড়িত বা অতিকষ্টে নিগৃহীত অঞ্চলগুলির জন্য প্রয়োজনীয় সমস্ত সহায়তার ব্যবস্থা করা। মানুষের এই ন্যায়-* **সংগত দাবী সত্বেও ক্ষমতার ও স্বেচ্ছাচারের ভুত যদি অবাধ উপদ্রব করতেই থাকে তবে সেই ভুতকে** ঘাড় ধরে নামাবার জাগ্রত সংগ্রাম আসবেই।

4-00—4-10 p.m.]

Shri Sanat Kumar Raha :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইকনমিক এ্যাডভাইসরি টু গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার কয়েকটি তথ্য থেকে এই বিধান সভায় খাদ্যের অবস্থা সম্পর্কে কয়েকটি সংখ্যার তথ্য দিতে চাই। তাঁরা জানাচ্ছেন যে ১৯৫৫-৫৬ সালে যখন ৮৬·৬ চালের দর ছিল তখন ১৯৫৬-৫৭ সালে ১০২·৩ হল, '৫৭-৫৮ তে সেটা এলে ১০৬·৪-এ. '৫৮-৫৯-এ সেটা হলো ১১৫·২-এ '৬০—৬১তে সেটা দাঁড়াল ১১৯·০. '৬১-৬২ তে দাঁড়াল ১২০·১, '৬২-৬৩ তে দাঁড়াল ১২৩·০। এখন দেখছি আমরা, সেটা বাড়তে বাড়তে চলেছে আর একটা তারা সংখ্যা তথ্য, ষ্ট্যাটিস্টিক দিয়েছেন, সেটাও ইকনমিক এ্যাডভাইসর অব গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার, সেটা হচ্ছে ১৯৫২-৫৩ সালে যদি ১০০ ধরা যায়, তাহলে '৬৩র মার্চে হবে ১০৮, ২৫-৫-৬৩তে হবে ১২১·৩০, ২৫-৬-৬৩তে হবে ১২২.৩৭, আর এই ২৫-৬-৬৩র এই জুনের পর আজ পর্যন্ত এখন দাঁড়িয়েছে ১২৭·৩। এই যে অবস্থা দেখছি আমরা, এতে কী প্রমাণ পাওয়া যায়? প্রমাণ পাওয়া যায় এই, যখন ১৯৫৫-৫৬ সালে ৮৬ ছিল সেখানে ১৯৬২-৬৩ তে আমরা দেখছি ১২৬, এদিকে শতকরা ১৪ ওদিকে ২৬। ১৯৫৫-৫৬র তুলনায় আজকে খাদ্যের দর শতকরা ৪০ ভাগ বৃদ্ধি পেয়েছে। আর এই ১৯৬৩ সালের মার্চ মাস থেকে আজ পর্যন্ত শতকরা ২০ ভাগ বৃদ্ধি পেয়েছে। এই যে তথ্যটা, এ তথ্য আমাদের নয়, গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়াকে যাঁরা এ্যাডভাইস করেন তাঁরা তাঁদের এই তথ্য দিয়ে জানিয়েছেন দেশে খাদ্যের অবস্থাটা কি দাঁড়িয়েছে বিশেষ করে চালের অবস্থাটায় আমরা কোথায় দাঁড়িয়ে আছি। "দুর্ভিক্ষের" সংগে আপনারা ঝগড়া বিবাদ করুনগে, আমরা মোটামুটি এখানে এসে আপনাদের অপদার্থতার যুক্তি দিতে পারি এবং বামপন্থী সংগ্রামের কথাও বলতে পারি। বাইরেকার সাধারণ মানুষ আজকে এই বিধান সভার কথা, কোনটা সত্য কোনটা মিথ্যা সেটা প্রমাণ করেছে, তারা অন্তরে অন্তরে উপলব্ধি করেছে আপনাদের ভাষার মধ্যে কি নিগূঢ় অর্থ ঢোকান আছে। তার জন্যই কথা উঠেছে নীতির এবং নীতি পালটার। আপনারা বলেন গঠনমূলক সমালোচনা চাই, আন্দোলন করোনা, সংগ্রাম করোনা। সংগ্রামত কেউ কোন দিন শাসক শ্রেণী চায়না। ব্রিটিশ চায়নি, তার আগে চায়নি, তার পরেও চায়নি এবং এখনও চাইবেন না তা আমরা জানি। মানুষ সংগ্রাম করে কেন? সংগ্রাম করে মানুষ দুঃখ দুর্দশার দায়িত্ব নেয় কেন? আইনগত উপায়ে গঠনমূলক কথা বলে, অপদার্থতার যুক্তি দিয়ে আপনাদের নীতিকে চাপা দেবার চেষ্টা করেন, নিজের অপদার্থতাকে ঢাকবার জন্য চেষ্টা করেন, তাহলে আমরা বলবো এঁরা কাপুরুষ। সরকার যে পুরষ্কার নিয়ে, যে বীর্য নিয়ে স্বাধীন দেশকে রক্ষা করবার জন্য এগিয়ে আসতে চেয়েছেন, সেই সরকার বর্তমানে অপদার্থতার প্রমাণ দিয়েছে। আমরা বলতে চাই যে, ক্ষুধা অজ্ঞান। মাঠে চাষী যে ক্ষুধিত, তার ক্ষুধার জ্ঞান থাকেনা, সে ক্ষুধায় পাগল, সে যুক্তি শোনে না। ক্ষুধার নিবৃত্তি না হলে যুক্তির কোন মূল্যও নেই তার কাছে যত যুক্তির বালাই হচ্ছে কিন্তু এই বিধান সভার মধ্যে। সেই যুক্তিটা কি? লোক নিয়ন্ত্রণ কর, জন্ম হ্রাস কর, মানুষ মেরে ফেল, ক্ষুধার অবসান হবে নীতিও সফল হবে, ক্ষিদে থাকবে না, দেশে চালের দাম সস্তা হয়ে যাবে। কিম্বা অধিক উৎপাদন করে দাও। কি উৎপাদন? বেশী বেশী চাল উৎপাদন কর আর মানুষ উৎপাদন কম কর। এই দুটি উৎপাদনের রেখা নিয়ে যুক্তি এসে গিয়েছে এখানে। এই যুক্তি শুনে বাইরেকার লোক ঠাট্টা করবে, হাসবে। দুই হাজার কোটি টাকা আপনারা খরচ করেছেন কেন্দ্রীয় সরকার থেকে সারা ভারতবর্ষে আড়াইটি পরিকল্পনায়, খরচ করে আজ ১৪ বৎসর পরে বলছেন ২২ লক্ষ টন ঘাটতি হয়েছে আমাদের। পশ্চিম বঙ্গে সেচ ব্যবস্থার পরিকল্পনা কমিশন বলে গিয়েছেন যে বাংলা সরকার দৃষ্টি দেয় না, অবহেলা

করে। পরিকল্পনা কমিশন বলে দিয়েছেন যে গত ৬ সপ্তাহের মধ্যে বাংলা দেশেই একমাত্র, কোটি কোটি টাকা, ৮ কোটি ১০ লক্ষ টাকা আপনারা মুনাফা করতে দিয়েছেন। কাজেই নীতির কথা বলতে গেলে আমরা বলব এমন একটা নীতি নির্ধারণ করুন যাকে আমরা গঠনমূলক নীতি বলি। প্রকৃত গঠনমূলক সেখানেই যেখানে নীতিই গঠনমূলক। নীতি গঠনমূলক কোথায় হয়? যেখানে নীতি মানুষকে গঠন করতে পারে, মানুষ জীবন গঠন করতে পারে, ক্ষুধা নিবৃত্ত করে মানুষকে সুস্থ্য সবল করতে পারে। মানুষ যুক্তির আশ্রয় নিতে বাধ্য হয় যখনই তখনই বলবো নীতির কথা। নীতির কথা এখানে বলবো, "এই ক্ষুধাকে নিবৃত্ত করুন"। যত সার কথা এখানে বলুন না কেন, কোন কথা আপনাদের এখানে টিকবে না। একমাত্র কথা টিঁকবে অজ্ঞান ক্ষুধাকে আপনারা নিবৃত্ত করছেন কি ভাবে। সেই অজ্ঞান ক্ষুধাকে নিবৃত্ত করতে না পেরে দুর্বৃত্তের মত তার উপরে লাঠি গুলি চালিয়ে আন্দোলনকে দমন করে, ব্যঙ্গ করে টিটকারি মেরে, হাততালি দিয়ে, টেবিল বাজিয়ে বিধান সভায় গোলমাল করা যায় কিন্তু তাতে তা নিবৃত্ত হবে না। আমরা একথাই বলি যে আপনাদের নীতির আগাগোড়াই ধনিক তোষণ নীতি, যে নীতি গঠনমূলক নয়, ধ্বংসকারী, যার ফল হচ্ছে এই সমস্ত শাসক শ্রেণীর মধ্যে যে একটা বিশেষ মতলব আছে, যে আমরা চাই,—দেশে এলোমেলো করে দে মা লুটেপুটে খাই। ছুটেপুটে খাবার যুগ সৃষ্টি করাই হচ্ছে (হট্টগোল) নীতি।

[**শ্রীআনন্দগোপাল মুখার্জী:** আপনার সিল্কের পাঞ্জাবীটা কোথায় গেল?]

দুঃখের বিষয় সিল্কের পাঞ্জাবী আমি জীবনে পরিনি। আনন্দবাবুর খুব কষ্ট হয় যখন কড়া কথা বলা হয়, কানে খুব লাগে। শাসক শ্রেণীর হয়ে বসে আছেন কানকে করতে হবে পুরু, চামড়াকে করতে হবে মোটা এবং শুনতে হবে কঠোর কথা। শুধু তাই নয়, এই বিধান সভার মধ্যে অজস্র গালাগালি করলেও মাঠে গিয়ে তাঁদের কৈফিয়ত দিতে হবে যে বিধানসভার মধ্যে তোমরা বর্গী সাফাই গেয়ে এসেছো? কি বলে এসেছেন? গম খাও, আল[illegible] খাও। সেই ফজলুল হকের যুগ থেকে আজ পর্যন্ত বলে আসছেন এই খাও, ভুষি খাও, হ্যান খাও, ত্যান খাও। খাওয়ার কথা শিখাতে হবে না। বাংলার গরীব জানে কি করে কলমীর শাক তুলে, গুগলী কুড়িয়ে পুকুর থেকে কাদা সুদ্ধ খেতে হয়। কচুর গেরো কি করে খেতে হয়, বাঁশের গেরো কি করে খেতে হয় তা তারা জানে। অভাব অজ্ঞান। অভাব, দারিদ্র্য অজ্ঞান, ক্ষুধা অজ্ঞান। সেই অজ্ঞানের কাছে কোন রুচিবোধ নেই। ক্ষুধা পাষাণের মত তারা হাঁ করে দাঁড়িয়ে থাকে। যে কেউ সামনে যায় তারই কেড়ে খায়। কাজেই এই সব যুক্তির আশ্রয় নিয়ে, গর্ণবিজ্ঞানের আশ্রয় নিয়ে, শুধু কথার কচকচি করে লাভ নেই। প্রথম কথা হচ্ছে এই যে নীতি আপনারা নির্ধারণ করেছেন, এই নীতির মধ্যে দিয়ে দুটি জিনিষ করা যায়। সামনের তিনটি মাসের জন্য আর আত্ম সন্তোষ করবেন না। সামনে এক মাসের মধ্যে আউশ উঠবে। কিন্তু কি দানা আউশ উঠে, ক'দানা আউশ উঠবে আউশে আর কটা লোকের পেট ভরাবে? পরিষ্কার জানান যে আগামী তিন মাসের জন্যে আশু কর্মসূচী হিসাবে কি প্রোগ্রাম নিয়েছেন আমরা আগামী কাল আমাদের মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেনের কাছে জানতে চাই। তিনি বলুন আমাদের কাছে, আমরা আবেদন করবো এবং দাবী করবো যে, আগামী তিন মাসে তিনি কোন্ নীতি গ্রহণ করলেন যাতে বাংলা দেশে এই খাদ্যের দরকে কমান যায়। তারা বলেন দর নামান যায় না। আমরা ত বলি যখন ধান উঠবে তখন দর বেঁধে দাও। চাষী কিছু প্রাপ্য টাকা পাক। চাল যখন যাবে গুদামে, বড় লোকের বাড়ীতে, বড় বড় জোতদারের বাড়ীতে, মজুতদারের বাড়ীতে, দাম বেঁধে দাও লাইসেন্স করে, কেনা দামের উপর দুই টাকা করে দিয়ে ছেড়ে দাও। আগেকার ব্যবসায়ী জানতো মণকরা ৮ আনা হলে প্রচুর লাভ হয়েছে, আর আজকাল চালের ব্যবসায়ীরা বলে ৬ টাকাও কিছু না। কেন? সব মূল্যমান বেড়ে গিয়েছে, সরকারের দয়ায় অর্থনীতির কৃপায় এবং শাসক পার্টির খেলাতে এলোমেলো করে দেবার ফলে এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যে আজকে অল্পে সন্তুষ্ট হতে কোন মুনাফাকারী রাজী নয়। সাধারণ মুনাফাকারীর মুনাফা যদি ২ টাকার জায়গায় ৬ টাকা হয় তাহলে বুঝুন অসাধারণ মুনাফাকারীর দলও কিছু বেড়েছে এবং তাদের সংখ্যা কত হবে? এইভাবেই সমস্ত ভারতবর্ষের সংগে তালে তাল রেখে আমাদের পশ্চিমবংগের এই মুখ্যমন্ত্রী বলছেন এই যে, আমি মজুতদারদের কথা বলছি, তারা মজুত করে পাপ করেন না। ঠিক এই কথাই ৮ই জুলাই আমাদের পাতিল সাহেব বলেছিলেন, তাঁদের, যাঁরা সেই খাদ্য

ব্যবস্থা করেন, তাদের মিটিং-এ বলেছিলেন যে, দেখ আমি তোমাদের এত পরম বন্ধু, এতদিন প্রটেকশন দিয়েছি, আজ যদি আমাকে বে-কায়দায় ফেলে দাও তাহলে আমি আর পারবো না, আজকে আমাকে র‍্যাশনিং ইন্ট্রোডিউস হয়ত করতে হতে পারে। কেন? একদিকে পরিকল্পনা কমিশনের চাপ, আর একদিকে পার্লামেন্টের চাপ। পরিকল্পনা কমিশনের সংগে পাতিল সাহেবের একটা দ্বন্দ্ব আছে কিনা জানিনা, তাঁদের মধ্যে বিরোধ দেখছি। এখানে সাফাই গাওয়া হচ্ছে, প্রফুল্লবাবু বলেছেন আমরা কি করবো। তাঁর রক্ষা কবচ দুটো। একটা কবচ হচ্ছে, খাদ্য বিষয়ে কেন্দ্রীয় সরকারের নীতি না হলে আমরা কি করি, আর দ্বিতীয় রক্ষা কবচ হচ্ছে, দেশে উৎপাদন হয়নি, ঘাটতি আছে। ভারী মজা, এই ফাঁক দিয়ে বেরিয়ে যাবার তাল করে এই কংগ্রেস সরকারের মুখ্যমন্ত্রী আজকে এই সব যুক্তির অবতারণা করছেন বিধানসভার মিটিং-এ। আমরা বলতে চাই, দর কি বাঁধা যায় না? চালের দরের সিলিং কি করা যায় না? যায় কি না দেখুন। তার জন্য সমস্ত পার্টিকে এক জায়গায় বসান, বসিয়ে কোন পন্থা নেওয়া যায় কিনা। দেখুন রাজনীতির উপরে উঠতে গেলে, রাজনীতি নিয়ে, খাদ্য নিয়ে যদি ঝগড়া করতে না হয়, তাহলে সব দলকে এক জায়গায় করে খাদ্য সমস্যার সমাধান করবো এই নীতি চাই তারজন্য এগিয়ে আসা উচিত। পন্থা আবিষ্কার করুন। খাদ্যের দাম বাঁধা যায়, রেট বাঁধা যায়, মুনাফা কমান যায়, এবং এই হোর্ডিং যাতে খারাপ হোর্ডিং না হয়, দেশের লোককে সজাগ প্রহরী রাখলে এই হোর্ডিংকে টেনে বের করে নিয়ে আসা যায়। শুধু তাই নয়, আমি আরো বলবো একথাই, যে খাদ্য নিয়ে যেভাবে আমাদের দেশে চলছে রিলিফের ব্যাপারটা, রিলিফ দপ্তর খুলেছেন, এর যে কি নীতি, কি ব্যাপার কিছুই জানিনা, আমাদের ত্রাণ মন্ত্রী বসে আছেন, বারবার চিঠি লিখেছি উত্তর পাওয়া যায় না, ৬ মাস ৯ মাসে উত্তর পাওয়া যায় না, বছর কাবার হয়ে যায় তবুও আমাদের নমিনির নাম এ্যাপ্রুভড্ হয়ে আসেনা। ডি, এম, জানিয়ে দেন যে আপনারা ফ্রেস নমিনি পাঠান, পুলিশ রিপোর্টে আপনার নমিনি নাকি সাসপেক্টেড, সেহেতু হবে না।

[4-10—4-20 p.m.]

এই তো ব্যাপার। রিলিফের কাজ করবে কে? আমরা এম এল এ আমরা রিলিফ কমিটির মিটিং এ যেতে পারিনা। এস ডি ও আমাকে বারন করে দিয়েছেন বলেছেন যে আপনি মিটিং-এ আসতে পারবেন না আমি অর্ডার পাইনি। আমি চিঠি দেখলাম। মাননীয় মুখ্য মন্ত্রি-মহাশয়ের ডি ও লেটার দেখলাম পি সি সেনের সেক্রেটারীর চিঠি। রিলিফ অফিস, সেখানে একজন ইনেস্‌পেকটার আছে ৯০ টাকা মাহিনা পায় আমরা ঠিক করে দিলাম রাংগা-মাটী আর চাঁদ পাড়ায় ৩০০ লোককে রিলিফ দিতে হবে এবং ৩০০ লোককে ড্রাই ডোল দিতে হবে আর তিনি বললেন খুব বেশী হয়ে যাচ্ছে এই বলে ১৫০।২০০ লোকের নাম কেটে দিলেন। আমি বললাম এই লোকটিকে কেটে দিলেন, যে ৮০ বছরের বৃদ্ধ চোখে দেখতে পায় না শরীর অবশ তার নামও কাটলেন? তিনি বললেন না কাটলে চাকরী থাকবে না। আমরা কি করব উপর থেকে হুকুম। গম নেই চাল নেই উপায় নাই। ডিস্ট্রিক্ট রিলিফ কমিটির মিটিং এ্যাটেন্ড করলাম ডি এম বললেন সাফিসিয়েন্ট ষ্টক আমাদের আছে। আমি কলকাতা আসার আগে খোঁজ নিয়ে এসেছি দুই সপ্তাহের কোটার ২৫ পারসেন্টও পায়নি। এখানে মুখ্যমন্ত্রির কাছ থেকে কোন রিপোর্ট আমরা পাইনি আর কোন দপ্তরের মন্ত্রী ভালভাবে উত্তর পর্যন্ত দেন না। মনে হয় অজ্ঞান মন্ত্রী এ বিষয়ে জানবার প্রয়োজন বোধ করেন না। এত অজ্ঞানতা নিয়ে অথচ কনক্রিট বিষয় সূচী নিয়ে দপ্তরের মধ্যে থেকেও দপ্তরের খবর না নিয়ে যদি মন্ত্রিত্ব চালাতে হয় আমাদের মনে হয় খাদ্য সংকট এঁরা কোন দিনই সমাধান করতে পারবেন না। যদি সত্যিই সমস্যার সমাধান করতে হয় তাহলে স্বল্প মেয়াদী, দীর্ঘ মেয়াদী কি কি পথ আছে তা নিয়ে আলাপ আলোচনা করে একটা সিদ্ধান্ত ঠিক করুন যাতে সত্যিকারের সমাধান হয়।

গতকাল আমাদের আপনি যে ভাবে আবেদন করেছিলেন আমরা সেই পথে সাড়া দিয়ে মনে করেছিলাম যে হয়ত অনেকবার চেষ্টা করেও যা ব্যর্থ হয়েছে এবার তা অন্ততঃ দেশের অবস্থা অত্যন্ত শোচনীয় বলে। কিন্তু আজকে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছ

থেকে যে কথা শুনলাম তারপর আমাদের আর আশা ভরসা থাকছে না। তিনি আজকে বাস্তব অবস্থাকে স্বীকার করছেন না। এবং বিরোধী পক্ষের থেকে কিছু শুনে যে তিনি শিক্ষালাভ করবেন এই অবস্থায় তা আমি বিশ্বাস করি না। আমি মনে করি জেগে ঘুমালে তাকে জাগান মুস্কিল। আমাদের দেশে খুনী আসামীরা উকীলকে গিয়ে যেমন বলে খুন করে ফেলেছি কোর্টে আমাকে বাঁচাতে হবে। উকীল জানে যে সে খুন করেছে সেটা জানা সত্বেও সেটা গোপন করে তাকে কোর্টে তাকে ডিফেন্ড করে। তেমনি আমাদের মন্ত্রিসভা জানে যে ব্যবসায়ীরা লাভের জন্য মানুষকে শুকিয়ে মারছে এবং এটা জানা সত্বেও উকীল পক্ষের প্যাচের মত এখানে কেবল সাফাই গাইছেন যে না ওসব কিছু নয়। মাননীয় স্পীকার মহাশয় আমরা কি দেখছি, দেখছি পাতিল সাহেব যা বলেছেন ধনীরা তোমরা যা করছ, চালের আড়তদাররা তোমরা যা করছ এতে করে আমাদের তোমাদের সংগে যে হনিমুন চলছে সেই হনিমুনের হয়ত ব্যাঘাত সৃষ্টি হবে। কিন্তু হনিমুন কোথায়, হনিমুন যদি হত তাহলে ব্যাঘাত হত। হনিমুন হচ্ছে প্রণয়ের ব্যাপার—যে প্রণয় চলছে এটা অবৈধ প্রণয়, মালিকদের সংগে গোপনে আড়তদারদের সংগে গোপনে এই প্রণয়ের শেষ হবে না এদের আমরা জানি। কোথায় গিয়ে আমরা বললব—আপনারা বলছেন দুর্ভিক্ষ নেই আমাদের দেশে অথচ আমরা নিজেরা গিয়ে দেখে এসেছি পুরুলিয়াতে এবং আরও দেখেছি ২৪ পরগনায় যেখানে ভাত পর্যন্ত চুরি হয়েছে—এটা বামপন্থীদের কথা নয়, পুলিশের রিপোর্ট, খবরের কাগজে স্টাফ রিপোর্টার খবর বের করেছে অথচ এরা বলছেন আমাদের দেশে খাদ্যাভাব নেই দুর্ভিক্ষ নেই। আমরা দেখেছি পুরুলিয়াতে কি রকম ভাবে চৌধুরী সফর মারা গেল কিন্তু এখানে বলা হয় তাকে গ্রাটুসাস রিলিফ দেওয়া হয়। কিন্তু সেই লোকটি খয়রাতী সাহায্য যা পেত কিন্তু বাড়ীর অন্যান্য লোক তো সাহায্য পেতনা ভাগ করে খেতে গিয়ে ১৫ দিনের খাবার ৫ দিনে শেষ হয়েছে বাকী ১০ দিন অনাহারে থেকে চৌধুরী সফর মরে গেল। আরও আছে অন্যান্য জায়গায় আমরা নিজেরা দেখে এসেছি। আর এঁরা কেবল ঘটনা অস্বীকার করতে চান—কার স্বার্থে অস্বীকার করতে চান। এই অস্বীকার করার মধ্যে দিয়ে কারা লাভবান হবে। কি লাভ আপনারা করবেন—একটি মাত্র লাভ আপনারা করতে পারেন সে লাভ হচ্ছে এই আমরা নিজেরা কেমন করে গদীতে সমাসীন থাকব, মালিকদের সাথে বড়লোকদের সাথে মিলে চোরাকারবারীদের কি করে সুযোগ করে দেওয়া যায় তার ব্যবস্থা করা। কালকে যখন আমরা বিরোধীতা করছিলাম এবং বহু কংগ্রেস সদস্যরা পর্যন্ত বলেছেন যে না একটা কিছু হওয়া দরকার কিন্তু আজকে হয়ত দলের জন্য দলের নির্দেশে তারা হয়ত চুপ করে থাকতে পারেন এমন কি তারা হয়ত নানাভাবে ওকালতিও করতে পারেন কিন্তু আমরা জানি দেশের লোকের মনের কথা। আমরা যে ২২ টাকা মণ দরে চাল চাই ষ্টেট ট্রেডিং-এর কথা বলছি এবং অন্যান্য যে দাবীগুলি তুলছি তা হচ্ছে দেশের লোকের মনের কথা বলছি। আমাদের এখানে বলা হয় যে আমাদের ঘাটতি এলাকা। আমাদের যে গঠনতন্ত্র যাদের নকল করে আমরা করেছি সেই ইংল্যান্ড সেটাও তো ঘাটতি এলাকা। আমাদের দেশে যতটুকু ফসল হয় লোক সংখ্যার অনুপাতে সেখানে তো তাও হয়না। তারা তো বিদেশ থেকে ফসল এনে তাদের দেশের মানুষকে জীইয়ে রাখে। সেখানে তো এমন করে ফাটকাবাজী হয়না। তারা গণতন্ত্রের যে প্রগতিমূলক ধারা সেগুলি অনেকদিন ধরে তারা আয়ত্ব করেছেন। কিন্তু আমাদের দেশে যারা সরকার চালায় তারা গণতন্ত্রের নামে কেবল ধোকাবাজী দেয় আর কিছু করেনা। এই জন্য আমাদের দেশে এত দারিদ্র্য এত অভাব। কিন্তু আমি বলি আজকে হয়ত আপনারা উপেক্ষা করতে পারেন কিন্তু একদিন আপনাদের কেউ সহ্য করবে না। তুষের আগুন জ্বলছে ট্রামে বাসে রাস্তাঘাটে সমস্ত জায়গায় যে কথা বলা হয় সেগুলি যদি কান পেতে শুনা যায় তাহলে দেখতে পাবেন ধিক ধিক আগুন জ্বলছে। সেই ধিক ধিক আগুন যদি আপনাদের সচেতন করতে না পারে সরকারকে যদি সচেতন না করতে পারে তাহলে একদিন সেই আগুন দাউ দাউ করে জ্বলে পুড়ে ছাই হয়ে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। পুরুলিয়া দেখবার জন্য মুখ্যমন্ত্রির যাবার কথা ছিল এবং সেখানে ক্যাবিনেট মিটিং হবার কথা হয়েছিল আমি জনতে চাই কেন আপনারা পরিহার করলেন। আজকে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে জনতার জন্য অনেক কথা বলা যায় কিন্তু সাধারণ মানুষের কাছে গিয়ে যদি আপনারা এই কথা বলতেন তাহলে তারা আপনাদের টুটী চিপে ছিড়ে ফেলতো। যদি

বলতেন দুর্ভিক্ষে লোক মরেনি, যদি বলতেন দেশে অভাব নেই, বাংলাদেশে অনেক খাবার আছে —যদি এইসব কথা ঐ হাজার হাজার লোকে মিটিং এ বলতেন তাহলে লোকে আপনাদের টুটী ছিঁড়ে ফেলতো। সেইজন্য আপনারা জনতার কাছে যেতে ভয় পান। আমরা যখন গঠনমূলক কথার জন্য আপনাদের কাছে গেছি রাইটার্স বিল্ডিং বা অন্যান্য জায়গায় আপনাদের বলবার চেষ্টা করেছি আমাদের সেখানে বলা হয়েছে যে আপনাদের কোন কথা শুনব না আপনারা চলে যান আপনাদের সংগে দেখা পর্যন্ত করতে চাই না। কিন্তু আমরা কথা বলবো বলে বসে ছিলাম বলে তিনি বাধ্য হয়ে আমাদের সংগে আলোচনা করেছিলেন তা নাহলে তিনি আমাদের সংগে কথাই বলতেন না। তিনি আমাদের বললেন আমি মডিফায়েড রেশন শপ চালু করছি এবং প্রয়োজন বোধে আরও চালু করব।

[4-20—4-30 p.m.]

এই চাল সম্বন্ধে গতকাল একজন লোক আমাকে বলেছিলেন এবং সেই চাল নিয়ে তার আসার কথা ছিল বোধহয় এসে পোঁছাতে পারেনি, তবে যে চাল দেওয়া হয় তা হাতে মুঠো করে ধরলে গুড়ো হয়ে যায়। এই চাল যদি ৫৬ নয়া পয়সা করে বিক্রি হয় তাহলে মানুষ কি করে তা খাবে? কাজেই শেষ পর্যন্ত ঐ ৮৫ নয়া পয়সা দামের চাল কিনতে হয়। সুতরাং শুধু মডিফায়েড র‍্যাসনিং নয়, সম্পূর্ণভাবে দর বাঁধা দরকার। চালের পরিমান কম কেননা ফসল কম হয়েছে। এটা যেন একটা পুতুল নাচের মত ব্যাপার—অর্থাৎ দড়ি ধরে টানলেই যেমন পুতুল নেচে ওঠে ঠিক তেমনি মন্ত্রিমহাশয়ও ফিগারের দড়ি ধরে টেনে আজ বলছেন ১৭ লক্ষ কাল বলছেন ২২ লক্ষ টন এবং এইভাবে তাঁদের সংখ্যা বেড়েই চলেছে। স্যার, চাল কম হতে পারে কিন্তু সেই কম হবার সুযোগ চালের আড়তদাররা কেন নেবে সে কথার উত্তর মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আজ পর্যন্ত পাওয়া যায়নি। আমরা যদিও বিশ্বাস করিনা যে ২২ লক্ষ টন কম আছে, কিন্তু তা যদি হয়েও থাকে তাহলে আমার কথা হচ্ছে যে তার সুযোগ আড়তদারগোষ্ঠী, ব্যবসাদারগোষ্ঠী কেন নেবে? আমাদের মুখ্য মন্ত্রিমহাশয় বলেছেন যে, আমরা যদি ভাগ করে দেই তাহলে মাথাপিছু আধসেরও পড়ে না। তাঁর হিসেব যদি ধরি যে আধসের পড়বেনা, ৭ ছটাক পড়বে তাহলে আমরা সেটাই খাব। কিন্তু সেই ৭ ছটাক করে না দিয়ে এমন অবস্থা হবে কেন যে চালের দর ৪০ টাকা হয়ে যাবে? এটা কোন দেশী যুক্তি? কাজেই দেখা যাচ্ছে একটা ধনিক তোষণ নীতি চলেছে, মালিক পক্ষের যে নীতি সেই নীতি চলেছে এবং যতদিন পর্যন্ত এই মন্ত্রিমণ্ডলী থাকবেন ততদিন পর্যন্ত এটা চলবে। আমরা যতই তাঁদের কাছে গিয়ে বলি তাঁরা ধরেই নিয়েছেন যে, আমরা কানে দিয়েছি তুলো আর পিঠে দিয়েছি কুলো। কিন্তু এই অবস্থার প্রতিকার করতে হবে এবং বাংলাদেশের নেতৃবর্গ যাঁরা অনসন ধর্মঘট করেছেন তাঁরা তা এমনি করেননি, বাংলাদেশের জনতার দাবী তাঁরা তুলে ধরেছেন। স্যার, আমাদের মুখ্য মন্ত্রিমহশয় বলেছেন যে, গণতন্ত্রের নাকি ব্যাঘাত সৃষ্টি করা হচ্ছে এবং তিনি আরও বলেছেন যে আমরা যখন সংখ্যাগরিষ্ঠ দল তখন সংখ্যাগরিষ্ঠের মতে যা বলা হবে তাই করতে হবে। সংখ্যাগরিষ্ঠতাই গণতন্ত্রের একমাত্র কথা নয়, গণতন্ত্রের আরও কথা আছে। আমরা এ্যাসেম্বীতে সংখ্যায় কম হতে পারি কিন্তু বাইরে যে বুভুক্ষু মানুষ রয়েছে তাদের সংখ্যা কিন্তু অনেক বেশী। অনসন ধর্মঘট যেটা করা হয়েছে সেটা লক্ষ লক্ষ বুভুক্ষু মানুষ যারা খেতে পারছেনা তাদের তরফ থেকেই করা হয়েছে এবং এ্যাসেম্বলীর ফ্লোরে দাঁড়িয়ে যেসব কথা বলি সেটাও তাদের কথাই বলি এবং গণতন্ত্রের দাবী নিয়েই বলি। যাহোক্, আজকে আপনারা এগিয়ে এসে দেখুন স্টেট ট্রেডিং হওয়া সম্ভব। প্রতাপবাবু চীনের উল্লেখ করলেন, কিন্তু বার্মা দেশে কি স্টেট ট্রেডিং নেই মিশরে কি এই জিনিস হয়নি যে, যারা খাদ্য নিয়ে মুনাফা করেছে তাদের রাস্তায় এনে বেত্রাঘাত করা হয়েছে? আমাদের মন্ত্রিমহাশয় এসব ঘটনা জানা সত্বেও আমাদের দেশে কয়টা হয়েছে? তাঁরা বলছেন আইন নেই। আইন নেই একথা বললে হবেনা, আইন তৈরী করুন। যাহোক, আমার শেষ কথা হচ্ছে খাদ্যের দাম কমান হচ্ছে একথা বলে ক্যাবিনেটের দায়িত্ব এড়িয়ে গেলে হবেনা, দায়িত্ব পরোপুরি পালন করতে হবে আর না হয় দায়িত্ব ছেড়ে দিতে হবে।

Shri Narendra Nath Sarker:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যের অভাব এবং মূল্যবৃদ্ধি যে হয়েছে এটা স্বীকার করি এবং

গ্রামের সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রা যে দুর্বিসহ হয়েছে এটাও স্বীকার করি। আমি গ্রাম থেকে গ্রামান্তরে ঘুরে দেখেছি সাধারণ মানুষের যে দুঃখ দুর্দশা আছে সেটা দূর করবার জন্য তারা গ্রামের স্বেচ্ছাসেবক বাহিনীর দ্বারা সাধ্যমত নিজেদের খাদ্যোৎপাদন করবার চেষ্টা করছে। গ্রামাঞ্চলে যাতে রেশন প্রথা চালু হয় সেই ব্যবস্থা করছে এবং মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে যাতে লোকেরা খাবার পায় সেই ব্যবস্থাও করছে। শুধু তাই নয়, আজকে গ্রামে যে সমস্ত কর্মক্ষম লোক আছে তারা যাতে কাজ পায় সেই ব্যবস্থাও করছে এবং গ্রামের লোকেরা প্রশাসনিক ব্যবস্থার সংগে যোগাযোগ রেখে তারা যাতে জি আর, টি আর প্রভৃতির সুযোগ পায় তার জন্য সচেষ্ট হয়েছে। আজকের এই অভাবকে যদি বাস্তবতার রূপ নিয়ে না দেখি, যদি বাস্তব দৃষ্টিভংগি নিয়ে না দেখি তাহলে আমরা শুধু দলবাজী করব, চীৎকার করব কিন্তু আসল সমস্যার সমাধান হবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ মানুষের অভাব দূর করবার জন্য বামপন্থীরা যে আন্দোলনের কথা বার বার বলছেন তাঁদের সেই অন্দোলনের নমুনা আপনার সামনে একটু তুলে ধরতে চাই। বিগত খাদ্য আন্দোলনের সময় দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির মাধ্যমে এঁরা যে কথা বলেছিলেন বাংলাদেশের মানুষ তার রায় দিয়ে দিয়েছে। তারপর যদিও আমরা অনেক আন্দোলন দেখেছি কিন্তু সেই দুভিক্ষ প্রতিরোধ কমিটি ভেংগে টুকরো টুকরো হয়ে গেছে, খান খান হয়ে গেছে। আজকে একদিকে আর এস পি, অন্যদিকে পি এস পি এবং আর একদিকে কমিউনিষ্ট পার্টি কিন্তু বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত করতে পারা যায়না। যাহোক, দুর্ভিক্ষ যদি হয় তাহলে মুখ্যমন্ত্রিমহাশয় যে নির্দেশ দিয়েছেন সেটা পালন করবার জন্য আমরা দিকে দিকে যাব এবং বাংলাদেশের একটা মানুষও যাতে অনশনে না মরে তার জন্য চেষ্টা করব। স্যার, আপনার মাধ্যমে আমি মনোরঞ্জনবাবুকে জানিয়ে দিতে চাই যে, তাঁদের আন্দোলনের রূপ বাংলাদেশের মানুষ জানে। ১৯৪২ সালে ইংরেজের সাথে দালালী করে, জনযুদ্ধের নাম করে যারা ৩০ লক্ষ লোককে মৃত্যুর মুখে ঠেলে দিয়েছিল তারা আজকে দুর্ভিক্ষের কথা বলতে এসেছে। ১৯৬২ সালে চীন যখন ভারতবর্ষ আক্রমণ করেছে তখন তাদের সংগে এঁরা গাঁটছড়া বেঁধে দালালী করেছে এবং ভারতবর্ষকে বিক্রি করবার পরিকল্পনা করেছে এবং এখন আবার আন্দোলনের মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রিকে রাস্তায় নামিয়ে আনতে চায় চীনের আক্রমণের পর এখন আবার তারা দেশপ্রেমিক মানুষ হিসেবে বড় বড় কথা বলছেন। যাহোক, এখন কথা হচ্ছে আমাদের দেশে সাধারণ মানুষের যে অভাব আছে সেটা দূর করবার জন্য সম্মিলিতভাবে প্রচেষ্টা করুন এবং কাজে লেগে যান। গ্রামাঞ্চলের মানুষরা যাতে অনাহারে না মরে তার জন্য এখন যে ১১ হাজার রেশন দোকান আছে তাকে ২২ হাজার করতে হবে। টি আর-এর মাধ্যমে সাধারণ মানুষের দুঃখ দুর্দশা দূর করতে হবে, আন্দোলন করে কিছু হবে না। এবারে তাঁরা এ্যাসেম্বলীর ভেতর অনশন করে বাহাদুরী নিতে চাচ্ছেন এবং মনে করছেন তাঁরাই যেন বাংলাদেশের মানুষের ভোটে এখানে এসেছেন। আমরাও সাধারণ মানুষের ভোটে এখানে এসেছি কাজেই আমরা জানি সাধারণ মানুষের দুঃখ দুর্দশা আজ কতখানি। আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে, দলবাজী করলে হবেনা, বাংলাদেশের মানুষ তাদের একবার জবাব দিয়ে দিয়েছে এবং আবার আন্দোলন করলে আবার জবাব দেবে।

[4-30—4-40 p.m.]

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, আমরা খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করবার জন্য উপস্থিত হয়েছি। এখানে মুখ্যমন্ত্রির খাদ্যের উপর ভাষণ শুনেছি, কংগ্রেস দলের বক্তা শুনলাম। শ্রদ্ধেয় নরেনবাবু আমাদের চীনা আক্রমণের কথা স্মরণ করিয়ে দিয়েছেন। আমরা সে কথা ভুলিনি, আমরাও দেশপ্রেমিক দল। আমরা একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে নভেম্বর মাস থেকে বার বার সরকারকে এই কথা বলেছি যে আপনাদের সাথে সহযোগিতা করে আমরা চলতে চাই। কারণ আজকে বৈদেশিক শত্রুর দ্বারা ভারতবর্ষ আক্রান্ত হয়েছে। কিন্তু আমরা পাশাপাশি দেখছি যে সাধারণ মানুষের মধ্যে আজকে প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। সাধারণ মানুষ এই কথা বলছে যে আমরা আমাদের সোনা দিয়েছি, আমরা আমাদের অর্থ দিয়েছি, আমরা আমাদের পরিশ্রম দিচ্ছি, কিন্তু তার বদলে আমরা কি পাচ্ছি। আমরা দেখছি

আজকে সাধারণ মানুষ খেতে পাচ্ছে না, তাদের সংসার চলছে না। মুখ্যমন্ত্রি আমাদের জবাব দিয়েছেন যে ধানের উৎপাদন কম হয়েছে। এবারে ২২ লক্ষ টন ধান কম হয়েছে সামনের বারে ৪৪ লক্ষ টন হবে সেটা কথা নয়। কথা হচ্ছে আজকে আমরা যদি শুধু উৎপাদনের দিকে নজর রাখি তাহলে আমরা ভুল করব। আজকে বাংলাদেশে অভাব কেন, আজকে বাংলাদেশের সাধারণ মানুষ খেতে পাচ্ছে না কেন, বাংলাদেশের সাধারণ মানুষের সংসার অচল হয়ে যাচ্ছে কেন সে দিকে আমরা নজর দিচ্ছি না। তার কারণ হচ্ছে গত ৩।৪ বছর ধরে সাধারণ কৃষক তাদের অর্থকরী ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে না। তার ফলে দিনের পর দিন তারা দেনা করে চলেছে, দিনের পর দিন তারা তাদের শেষ সম্বল জমি বিক্রি করে দিতে বাধ্য হয়েছে। আমি মুখ্যমন্ত্রিকে আপনার মাধ্যমে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই আসুন আমরা এখানকার একটা ফিগার নিই যে গত ৩ মাসে বাংলাদেশের সাব রেজিষ্ট্রি অফিসে কত জমি সাফ কোবলা হয়েছে, কত বন্ধক কোবলা হয়েছে। আর এক দিকে আমরা দেখছি প্রত্যেকটি প্রয়োজনীয় জিনিসের দাম দিনের পর দিন বেড়ে চলেছে, অথচ কৃষকদের হাতে পয়সা নেই। তার ফলে আজকে ৩৫ টাকা মণ চাল কিনে খাবার ক্ষমতা তাদের নেই। মুখ্যমন্ত্রি মহাশয় বলেছেন যে ১৯৫২ সালের জুলাই মাসে কুচবিহারে ৭৫ টাকা মণ চাল ছিল। মুখ্যমন্ত্রি সুদক্ষ অভিনেতার মত প্রতারকের মত কৌশলে পাশ কাটিয়ে গেছেন। কিন্তু সাথে সাথে এ কথা বলেননি ১৯৫২ সালের জুলাই মাসে কুচবিহারে যখন ৭৫ টাকা, মণ চাল ছিল সেদিন অর্থকরী ফসলের দাম কত ছিল। মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রিকে এই কথা বলতে চাই যে ঐ ১৯৫২ সালের জুলাই মাসে ৭৫ টাকা মণ যখন চাল ছিল তখন পাটের দামও ছিল ৭৫ টাকা প্রতি মণ। তার ফলে চাষীরা ১ মণ পাট বিক্রি করে ১ মণ ধান কিনেছে। আজকে সেখানে ২০ টাকা মণ পাট আর ৩৫ টাকা মণ চাল।

[তুমুল হট্টগোল]

Shri Abani Kumar Basu: On a point of order, Sir. My point of order is that he has used the word "pratarak" which is highly objectionable and unparliamentary. Therefore my submission to the Chair is that it should be expunged.

Mr. Speaker: I will look into it.

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, যে কথা আমি বলছিলাম যে সেদিন ৭৫ টাকা মণ পাট ছিল এবং চাষীরা এক মণ পাট বিক্রি করে এক মণ চাল কিনেছে। আজকে অবস্থা কি, সেখানে ২০ টাকা মণ পাট আর ৩৫ টাকা মণ চাল। যার ফলে সেখানে অভাব দেখা দিয়েছে। আমরা একটা কথা বলতে চাই যে আমরা না খেয়ে থাকতে রাজী আছি, দেশের জন্য সমস্ত ত্যাগ করতে রাজী আছি, দেশের জন্য সরকারের সাথে সহযোগিতা করতে রাজী আছি, আমরা আমাদের শেষ সম্বল সরকারী ভান্ডারে তুলে দিতে রাজী আছি। কিন্তু আর এক দিকে যদি আমরা দেখি যে বাংলাদেশের মুনাফাখোর পুঁজিপতি চালকগুলির মালিক আমাদের জীবন নিয়ে ছিনিমিনি খেলবে, তারা আমাদের ধ্বংসের দিকে এগিয়ে দেবে তাহলে সেটা মানতে আমরা কখনও রাজী নই।

আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে যারা উৎপাদক তারা এই সব জিনিস করছে কিন্তু যারা উৎপাদক কৃষক যারা মাথার ঘাম পায়ে ফেলে নিজেদের নিঃশেষ করে নিজেদের ছেলেপুলেদের বাঁচাবার জন্য, বাংলাদেশের মানুষকে বাঁচাবার জন্য তারাই আজকে খেতে পাচ্ছে না। তাদের ঘর থেকে ১০/১২ টাকা মণ দরে ধান বিক্রী হয়ে গেছে, মুলি দিয়েছে, দেনার দায়ে ধান বিক্রী করতে বাধ্য হয়েছে। তারা যে ধান ১০/১২ টাকা মণ দরে বিক্রী করে সেই চাল কেন ২২ টাকা মণ দরে বিক্রী হবে না। আজকে মুখ্যমন্ত্রীর ক্ষমতা নেই দর বেঁধে দেবার। আমরা জানি ও'রা বলেন আমরা যথারীতি করছি, আমরা বেশী সংখ্যক লোক আছি কিন্তু আমরা কারণটা কি তাও জানি। ঐ পশুপতি দাসের মত আড়ৎদার যারা কংগ্রেসের নির্বাচনী তহবিলে দিনের পর দিন টাকা দিয়ে যাচ্ছে তাদেরই ভয়ে আজকে মুখ্যমন্ত্রীর ক্ষমতা নেই ২২ টাকা মণ চালের দর বেঁধে

দেওয়া। মিঃ স্পীকার স্যার, অন্যান্য জিনিস নিয়ে কথা বলা হয়েছে, চিনির কথা বলা হয়েছে—কুচবিহারে জুন-জুলাই-এর কোটা গিয়ে পেঁছায় নি। বলা হয়েছে ১১ হাজার রেশনের দোকান আছে। আমি বলতে চাই মুখ্যমন্ত্রীর যদি সৎ সাহস থাকে, কংগ্রেসীদের যদি হিম্মৎ থাকে তো কুচবিহার যাওয়া হোক্, সেখানে গ্রামে দেখা যাবে রেশন কার্ড নেই। আমরা এস, ডি, ওকে বলেছিলাম কার্ড দাও, তিনি বলেন কে দেবে—আমি দেবো না বি, ডি, ও দেবে, না অঞ্চল সাপ্লাই অফিস দেবে? আমি বলতে চাই যে গ্রামে রেশন কার্ড নেই। মিঃ স্পীকার স্যার, আমরা কি দেখছি—৫ বিঘার বেশী যাদের জমি আছে তাদের রেশনে চাল নিতে দেয়া হচ্ছে না, তাদের বলা হচ্ছে সি ক্যাটাগরী অথচ ২৫ বিঘা যাদের জমি আছে তাদের দুবেলা পেট ভরে খাওয়া হয় না—আর ৫ বিঘা জমির লোককে রেশন দেয়া হচ্ছে না। মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই চাল এবং অন্যান্য খাবার বিদেশ থেকে আনতে হচ্ছে, তার দর বেঁধে দেয়ার অসুবিধা হচ্ছে কিন্তু অন্যান্য জিনিসের দাম তেল বলুন, নুন বলুন যা আমাদের কিনতে হচ্ছে তার দাম যে এমনভাবে বেড়ে যাচ্ছে সেদিকে সরকার কোন লক্ষ্য রাখছেন না। আনন্দবাবু কমিউনিষ্টদের লক্ষ্য করে বলেছেন যে পিঠের চামড়া তোলা হবে, দেশদ্রোহী বলা হয়েছে কিন্তু আজকে উত্তরবংগে যান দেখতে পাবেন সেখানে কিরিথ্যাকার্স সৃষ্টি হয়েছে। সেখানে সাধারণ কৃষক বলছে যে পাটের দর নেই, ধান চালের দাম বেড়ে যাচ্ছে, আমরা খেতে পরতে পাচ্ছি না। তারা বলছে আমরা চিনা বুঝি না, কংগ্রেস বুঝি না, কমিউনিষ্ট বুঝি না—যারা আমাদের খেতে দেবে তাদের পাশে আমরা আছি। মিঃ স্পীকার স্যার, ঐ উত্তরবংগে যদি আক্রমণ হয়, আসামে যদি আক্রমণ হয়, সেখানে আমাদের দাঁড়াতে হবে, সেই কোমর ভাংগা কৃষককেই সেখানে দাঁড়াতে হবে—সর্বস্বান্ত মানুষকেই দাঁড়াতে হবে— সেখানে শ্রীপ্রফুল্ল সেন বা নরেন সরকার মহাশয় গিয়ে দাঁড়াবেন না। আজকে আপনার মাধ্যমে আমি বলতে চাই যে ভারতকে রক্ষা করবার জন্য মানুষের মনোবলকে সুদৃঢ় করা দরকার। কমিউনিষ্টরা দেশদ্রোহী, আর যারা নিজেদের ব্যাংক ব্যালেন্স বাড়াবার জন্য জাতিকে সর্বনাশের মধ্যে ঠেলে দিচ্ছেন তারাও জাতিদ্রোহী—সেই দেশদ্রোহী এবং জাতিদ্রোহীদের সায়েস্তা করবার জন্য আমরা একত্রিত হয়েছি এবং সারা বাংলার মানুষকে চ্যালেঞ্জের মুখে এনে আমরা দাঁড় করিয়েছি—এই আমার বক্তব্য।

Shri Krishna Kumar Shukla:

মিঃ স্পীকার স্যার, গতকাল থেকে এবং আজকে প্রায় ২৷৷/৩ ঘন্টা যে আলোচনা এখানে হল তা আমি অত্যন্ত ধীরস্থিরভাবে শোনবার বুঝবার চেষ্টা করছিলাম। প্রায় প্রত্যেকেই বলার চেষ্টা করেছেন বিরোধীপক্ষ থেকে এবং এ পক্ষ থেকেও—আমরা ও'দের সংগে এক জায়গায় একমত যে আমাদের দেশে খাদ্যের অবস্থা খুবই সংকটপূর্ণ, অত্যন্ত বিচিত্র পরিস্থিতির মধ্যে আমরা এসে পড়েছি এবং যেভাবে দ্রব্যমূল্য বেড়ে যাচ্ছে তাতে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে তো চলে যাচ্ছে, দুর্বিসহ হয়ে উঠেছে এবং এই দুর্বিসহ অবস্থা সম্বন্ধে আলোচনা করার জন্য আজকে আমরা একত্রিত হলাম।

[4-40—4-50 p.m.]

ভেবেছিলাম যেভাবে আলোচনাকে আরম্ভ করা হয়েছে খাদ্য নীতি পরিবর্তন সম্বন্ধে তাতে বারে বারে যে কথা এখানে বলা হচ্ছে তাতে নিশ্চয়ই পশ্চিমবাংলার মানুষের কাছে কংগ্রেস সরকারের বিরুদ্ধে তারা একটা পরিবর্তিত নীতি, একটা খসড়া উপস্থিত করবেন যে কিভাবে পরিবর্তন করলে আমাদের দেশের খাদ্যাবস্থার সুরাহা হতে পারে—মানুষ বাঁচতে পারে। কিন্তু তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। অবশ্য একথা বলছি স্যার, যে এই আন্দোলনের পেছনে কতটা আন্তরিকতা আছে তারা একটু নিজেরা চিন্তা করুন। তারা একথা বারে বারে বলছেন যে মানুষের বাড়ীতে চালের অভাব—হাঁড়িতে ভাত দেখতে পান না। তারা কোন সমালোচনা করে, কোন পরিকল্পনা পশ্চিমবাংলার বিধানসভার মারফতে পশ্চিমবাংলার মানুষের কাছে রাখতে চেষ্টা করছেন কি? আন্দোলনের কথা তাঁরা বার বার বলছেন বার বার বলছেন যে আন্দোলন না করলে এই অবস্থার পরিবর্তন ঘটবে না। কিন্তু সেই আন্দোলনের রূপ কি? কালকে এখানে দেখলাম একদল বেরিয়ে যায় এক দল অনসন করে। যে অনসন করলো তাদের পেছনে দাঁড়িয়ে থেকে আর এক দল বল্লেন যে আমরা আজ থেকে অনসন করলাম—এবং অনসন

করে করে বাংলা দেশের মানুষের দুঃখ কষ্টের অংশীদার, ভাগীদার হলাম। এর মধ্যে মানুষের খাদ্য সমস্যার সুরাহা কতটা এবং নিজেদের মধ্যে রাজনৈতিক ল্যাং মারামারি কতটা তা বাংলা দেশের মানুষকে সততার সংগে আন্তরিকতার সংগে বলে যাবেন কি? আজকে একথা অনস্বীকার্য যে সমস্যা আজকে উপস্থিত হয়েছে সেই সমস্যা সম্বন্ধে আমরা কেউই অজ্ঞ না। আজকে খাদ্যের অভাব আছে—আমাদের অঞ্চল ঘাটতি অঞ্চল। খাদ্য বলতে চাল যদি বোঝায় যে কথা মুখ্যমন্ত্রী এখানে বার বার রাখতে চেষ্টা করেছেন তাহলে নিশ্চয়ই খাদ্যের অভাব আছে। খাদ্য বলতে শুধু চাল নয়—এছাড়াও আরও জিনিস আছে। যারা দুর্ভিক্ষের পদধ্বনি, পদচ্ছায়া শুনতে পাচ্ছেন তাদের কাছে আমি বিনীতভাবে নিবেদন করি যে বাংলা দেশের মানুষের কাছে একথা বলছেন না কেন যারা গণতন্ত্রের ধুয়া তুলেছিলেন লক্ষ লক্ষ মানুষ-এর কথা যারা এই বিধানসভায় বলেছিলেন এবং উত্থাপন করার চেষ্টা করেছিলেন যে তাঁরা বাংলা দেশের মানুষের এক বিরাট অংশ-এর প্রতিনিধিত্ব করছেন, আমরা যারা এই হাউসে এসে বসে আছি তারা হামাগুড়ি দিয়ে এই হাউসে আসে নি। বাংলা দেশের মানুষের এক বিরাট অংশ আমাদের এখানে পাঠিয়েছে এবং সেই বৃহত্তম অংশের কথা চিন্তা করার আমাদের কর্তব্য আছে। এবং এ সম্বন্ধে আমরা যথেষ্ট ওয়াকিবহাল। আমরা জানি যে আজকে জাতির সংকটময় মুহূর্তে যদি লোককে খেতে পরতে দিতে না পারি নিশ্চয়ই তাদের কাছে আমাদের কোন কৈফিয়ত দেবার থাকবে না এবং তার জন্য শাস্তি আমাদের মাথা পেতে নিতে হবে কিন্তু একথা আমরা তাদের কাছে শুনতে রাজী নয় যারা দেশের ইতিহাস ও দেশের মাটিকে কোন দিন চেনে নি। তারা বার বার দেশের বিপদের কথা আমাদের বোঝাচ্ছে। যখন খাদ্য আন্দোলন হয়েছিল সেদিন দেশের দুর্ভাগ্য যে আমাদের পূর্ব এবং অগ্নিকোণে শত্রু রয়েছে। আমরা জানি না যে আজকে হঠাৎ খাদ্য আন্দোলনের নাম করে পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন কি না এবং ঐ ব্যাপারে কোন চক্রান্ত করছেন কিনা। তাঁরা বলছেন যে চালের দর ২২ টাকা করে দিন আবার এও বলছেন যে আজকে খাদ্য নীতির পরিবর্তন করতে। একথা তারা বলছেন কারণ তাঁদের তো আর নীতির বালাই নেই—আর কোন দিন ছিলও না। তারা এক নীতি গ্রহণ করেন আবার পরিবর্তন করছেন—আবার পরিবর্তন করছেন। গতবার আপনারা বল্লেন যে ১৭ টাকা করে চালের দর বাঁধতে হবে। আজকে বলছেন যে ২২ টাকা বাঁধতে হবে। আমার একটি মাত্র জিজ্ঞাস্য যে আপনারা যখন জানেন যে দেশের এই অবস্থায় ১৭ টাকা থেকে ২২ করা উচিত তখন এই কথাই বলি যে আপনার নিজেরাই এই দাম তুলেছেন কেন? কেন পুরানো নীতিতে দাঁড়িয়ে থাকতে পারছেন না? চাষীদের কাছে ১৭ টাকা চালের দর বল্লে আনন্দবাবু যে কথা বল্লেন তার প্রতিধ্বনি করে বলি যে ১৭ টাকায় চাল দিতে হবে বল্লে চাষীরা তাদের পিঠের চামড়া সত্যিই খসিয়ে নেবে। এবং সংগে সংগে একথা বলতে চাই একটু আগে এখানে আমাদের পাট এবং চালের তুলনামূলক ভাবে বিচার করতে গিয়ে একজন বিরোধীপক্ষের সদস্য আমাদের বুঝাতে চেষ্টা করেছিলেন নোতুন দৃষ্টিভংগী নিয়ে আমরা বিচার করতে পারছি না। আমাদের পূর্ব পাকিস্থানের কথা বলেছেন—সেখানে পাটের দর কি—আমাদের এখানে কি দর পাটের এবং আমাদের বন্ধু বলেছেন স্টেট ট্রেডিং করতে—আমরা তাতে আপত্তি করি না—কারণ স্টেট ট্রেডিং আমরা অ্যাকসেপ্ট করেছি। এই কথা বলছি স্টেট ট্রেডিং-এর মাধ্যমে সাধারণ মানুষের কাছে জিনিস পেঁছে দেওয়া বলছেন—তারা প্রোকিওরমেন্ট অ্যান্ড টোটাল রেশনিং-এর কথা বলছেন অথচ এই কন্ট্রোল-এর কথা তারা নিজেরা বিশ্বাস করেন কি না এবং যে এলাকা থেকে কনস্টিট্যুয়েন্সি থেকে নির্বাচিত হয়ে এসেছেন সেখানকার মানুষদের টোটাল রেশনিং এবং প্রোকিওরমেন্ট-এর কথা বুঝিয়ে বলতে পারবেন কি না সন্দেহ হয়—এর ইমপ্লিকেশন বুঝিয়ে বলতে পারবেন কি না সন্দেহ হয়। আমি বিনীতভাবে নিবেদন করতে চাই এত বড় সমস্যা যে সমস্যা নিয়ে বিরোধী দলের তথাকথিত আট জন নেতা অনশন করছেন এই অনশনের পিছনে কি যুক্তি, কি চিন্তা কাজ করছে?

[নয়েজ এ্যান্ড ইন্টারাপসনস। এ ভয়েজ : আপনার গোবর ভরা মাথায় তা ঢুকবে না।]
এই ভাবে দেশের লোকের মনে বিভ্রান্তির সৃষ্টি করে আমাদের সরান যাবে না। স্যার, দুর্ভিক্ষের কথা যারা বলেছেন প্রথমে তাদের দৃঢ়তার সংগে বলতে চাই যে দুর্ভিক্ষ এখানে নেই দুর্ভিক্ষ আসতে দেওয়া হবে না—দুর্ভিক্ষের সাথে সংগ্রাম করা হবে। আমি বিরোধী পক্ষের

কাছে সবিনয়ে নিবেদন করতে চাই—আবেদন করতে চাই যে পশ্চিমবাংলার মানুষের দুঃখে তারা দুঃখী হয়েছেন—লক্ষ লক্ষ মানুষের কষ্টের কথা এখানে তারা উপস্থাপিত করেছেন তারা একবার গঠনমূলকভাবে চিন্তা করেছেন কি এই দুর্ভিক্ষ রোধ করা যায় কি করে এবং এই দুর্ভিক্ষ রোধ করার কোন পরিকল্পনা আমাদের পাশে দাঁড়িয়ে চিন্তা করতে চেয়েছেন কি ?

[এ ভয়েজ ঃ খুব চেয়েছি, অনেকবার চেয়েছি।]

তাদের বক্তৃতায় দুর্ভিক্ষের কথা শুনলাম—বিভিন্ন রাজনৈতিক দলের দুর্ভিক্ষের বিভিন্ন ব্যাখ্যা হয়েছে এবং এই বিভিন্ন ব্যাখ্যার দ্বারা মানুষের মনকে বিভ্রান্ত করা ছাড়া আর কিছু হয় নি। দুর্ভিক্ষের বিকৃতি ছবি রাখার চেষ্টা যারা করেছেন তাদের কাছে বিনীতভাবে নিবেদন করতে চাই যদি সত্যিই মানুষের দুঃখে দুঃখী হয়ে থাকেন—যে নীতি আমাদের আছে খাদ্য-নীতি এই খাদ্যনীতিকে সফল করার জন্য আপনাদের প্রত্যেকের সহযোগিতা আমরা চাইছি। আজকে যারা এই নীতি পরিবর্তনের কথা বলছেন—তারা কি ভেবেছেন কিভাবে এই পরিবর্তনের দ্বারা আমরা এগিয়ে যেতে পারি ? আজকে তাই যে খাদ্যনীতি নিয়ে এখানে আলোচনা হল সব শেষে আমি তা নিয়ে বলতে চাই যে এই নীতি না বুঝে যারা তার পরিবর্তনের কথা বলছেন তাদের চিন্তাধারার সংকোচন অবস্থার কথাই তারা প্রকাশ করছেন এবং তাদের কথামত পরিবর্তন করলে সেই নীতির দ্বারা আমরা পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যেতে পারব না।

[4-50—4-59 p.m.]

Shri Sambhu Gopal Das:

মিঃ স্পীকার, স্যার, আজকের এই ঐতিহাসিক খাদ্যের বিতর্কে যাঁরা অংশ গ্রহণ করেছেন তাঁদের সকলের বক্তৃতা আমি অত্যন্ত মন দিয়ে শুনেছি। এর আগে শুক্লা সাহেবের বক্তৃতা আমরা শুনলাম, মুখ্যমন্ত্রীর বক্তৃতা আগেই শুনেছি। স্পীকার মহাশয়, আমি গ্রাম্য এলাকা থেকে নির্বাচিত সরকার পক্ষের সমস্ত কথার পরেও কয়েকটি কথা রাখতে চাই এবং সেই কথার যদি জবাব ওঁরা দিতে পারেন তাহলে দেবেন। আমি সহজভাবে আপনার সামনে একটা কথা রাখতে চাই সেটা হল,—কলকাতা সহরের কথা আমি তেমনভাবে বলতে চাই না, হয়ত আমার অভিজ্ঞতা কম কিন্তু কলকাতার বাইরে—বাংলা দেশের গ্রামে গ্রামে যারা চাষী আছে তাদের অবস্থার কথা ভাবতে বলছি। কারণ এখন বর্ষাকাল, বাংলা দেশের গ্রামে বেশীর ভাগ মানুষ, যারা চাষী, তারা চাষের কাজে কম বেশী লেগে গিয়েছে। তারা যদি মাজার জোর এবং মুঠোর জোর নিয়ে লাংগল চালাতে না পারে তাহলে পৌষ মাঘ মাসে ধান আর উঠবে না। আমি অত্যন্ত সোজাভাবে বলতে চাই এই যে তিন মাস তিনটি মাস বিশেষ জরুরী মাস এবং যে কোনভাবে হোক বাংলা দেশের চাষীর মাজার জোর মুঠোর জোর রাখতে হবে তবেই সে মাঠে লাংগল চালাতে পারবে। বাংলা দেশের চাষী, যারা ভূমিহীন, যারা লো ইনকাম গ্রুপে পড়ে, তারা সরকারী সাহায্য কতটুকু পাচ্ছে। আমি চ্যালেঞ্জ করে বলছি তাদের এই অবস্থায় কতটুকু সাহায্য করেছেন। আর একটা কথা আর্ত্রাণ মন্ত্রী মহোদয়াকে বলছি যে অন্ততঃ মুর্শিদাবাদ জেলার কাঁদি মহকুমায় এখন পর্যন্ত মাত্র সিকি জায়গায় র‍্যাশন কার্ড বিলি হয়েছে। যদিও কাগজে কলমে অনেক দিন আগেই এই বিলি সুরু হয়েছে কিন্তু এখনও সমগ্র এলাকায় শতকরা বেশীর ভাগ মানুষ, দরিদ্র চাষী, বর্গাদার, ভূমিহীন চাষী, এই কার্ডের যে সুযোগ সেই সুযোগ পাচ্ছে না। এবং যাঁরা পাচ্ছেন সে ক্ষেত্রেও বিচার করার কথা রাখতে চাই। মন্ত্রিমহাশয় জানেন —শৈলবাবু বসে হাসছেন—একজন চাষীর কত চাল লাগে, কত গ্রেন ফুড পেলে তবে সে লাঙগল চালাতে পারে। আমি জানি আমার বাড়ীর আশেপাশে কৃষকরা চাষ করে তারা সপ্তাহে ৬ সের যদি ফুড গ্রেণ না পায় তাহলে তারা জলে ভিজে, রৌদ্রে পুড়ে চাষ করতে পারেনা। মডিফায়েড র‍্যাশনিংএ তাদের সপ্তাহে এক সের চাল এবং সম পরিমাণ গম দিচ্ছেন এবং বাকী চার সের তাকে খোলা বাজার থেকে কিনে আনতে হয় এবং সেটা ৩৫ টাকা থেকে ৩৮ টাকা দরে কিনতে হয়। গ্রামে গ্রামে আরো র‍্যাশনিং-এর দোকান যা খোলা উচিৎ ছিল তা খোলার ব্যবস্থা হয়নি। তাছাড়া ২ মাইল ৩ মাইল দূরে গিয়ে নিয়ে আসতে হয়। এই হল বাস্তব অবস্থা। আপনারা

মনে করুন একজন প্রাইমারী স্কুলের মাষ্টার সে ৭৫ টাকা মাইনে পান, চালের দর যদি ৩৫ টাকা হয় এবং তাঁর সংসারে যদি ৫ জন লোক থাকে তাহলে কম করে ২॥ মণ চাল তাঁর লাগে তাহলে দুই মণ চাল কিনতেই তাঁর টাকা শেষ হয়ে যায়, অন্য জিনিষ কিনতে আর তাঁর টাকা থাকেনা। তাহলে তাঁর অবস্থাটা কি দাঁড়ায় একথা জানতে চাই, বিশেষ করে যাঁদের জমিজমা বা অন্য কোন সম্বল নেই। স্পীকার মহাশয় আপনার মাধ্যমে গত সংখ্যা "ব্লিস" কাগজের একটা খবর রাখতে চাই। ব্লিস কাগজের অল ইণ্ডিয়া সার্কুলেশন আছে সেখানে পরিষ্কারভাবে বলা আছে যে বাংলাদেশে দুর্ভিক্ষ সুরু হয়েছে এবং গার্লস আর সেলিং দেয়ার বডিজ ফর ফুড।

এই যে বাস্তব অবস্থা স্বাধীনতার ১৫ বৎসর পরে গ্রামের মানুষ য়ুনিভার্সিটি প্রতিষ্ঠা করবার জন্য, কলেজ প্রতিষ্ঠা করবার জন্য আন্দোলন করছে না, তারা দলে দলে চীৎকার করছে ১৫ বৎসরের স্বাধীন সরকারের কাছ থেকে দুইমুঠো অন্নের জন্য—১৫ বৎসরে এই প্রগতি আজ আমরা লক্ষ্য করছি। সমাজতন্ত্রের কথা এখানে নয়, জমির উৎপাদনের হিসাবের কথাও আমি এখানে বলতে চাইনা, এত বড় বড় কথা মাথায় ঢুকবে না, আমি এটুকু শুধু মাত্র বলতে চাই আপনারা দয়া করে বাংলাদেশের মজুতদারদের হাতগুলো ভেঙ্গে দেবার চেষ্টা করবেন, যারা বেনামীতে হাজার হাজার বিঘা জমি রেখে দিচ্ছে—এখানে আমি আমার অভিজ্ঞতা থেকে একটা ঘটনার কথা বলব কাঁথি মহকুমার হিজোল এলাকার দোতলা সমান গোলা তৈরী হল, হাজার হাজার মণ ধান তার মধ্যে মজুত করা হল, এসব কথা আমি ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে আমি দায়িত্ব নিতে বলেছিলাম আমি ধরিয়ে দেব, আমার সাথে চলুন। তিনি যাননি কাঁথি শহরে প্রকাশ্য দিবালোকে চালের ব্ল্যাক মার্কেটিং হচ্ছে, এনফোর্সমেণ্ট বিভাগের সঙ্গে যোগ সাজসে অনেক ভাল ভাল কেস মাটি হয়ে যায়। স্বাধীনতার ১৫ বৎসরের পরে আজকে অবস্থা এমন এক পর্য্যায়ে এসে পেঁাছেছে যে, এখানে খাদ্যের জন্য বছরের পর বছর আন্দোলন না করলে, রক্ত না ঝরলে সয়তানের রাজত্বে কোন কিছুরই সমাধান হয়না। এ'রা বলেছেন, রেশন সপ খুলেছেন, চাল দিয়েছেন, কিন্তু এইকথা কি মন্ত্রিমহাশয় জানেন যে রেশনের চাল কিনবার মতো পয়সাও লোকের হাতে থাকে না, তাঁরা কি এই কথা জানেন যে, ৭ দিন বাদে রেশন ধরবার মতো পয়সা জনসাধারণের হাতে থাকেনা। তাহলে, আপনারা টি আর দেবার ব্যবস্থা করেছেন, মাটি কাটার জন্য আপনারা চাল দেবার বন্দোবস্ত করেছেন, কখনো কখনো সামান্য নগদও দেওয়া হয়। কিন্তু টি আর এর মারফৎ যা দেওয়া হয় তাতে কোন মানুষের ৭ দিন চলতে পারে কিনা এটা কি ওঁরা ভেবে দেখেছেন? লোকে অনেক ক্ষেত্রে রেশন ধরতে পারে না অনেক মাল ডিলার-এর কাছে পড়ে থাকে, তখন ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-রা বলেন অফটেক ঠিকমত হচ্ছে না। আজকে আমরা দেখতে পাচ্ছি সমস্ত রকম জিনিসের দাম বেড়ে গিয়েছে, বাংলাদেশের বিক্ষুব্ধ মানুষ চীৎকার করে বলছে সরকারের কাছে আমরা খাদ্য চাই। বাংলাদেশের মানুষ আপনাদের বিশ্বাস করে কংগ্রেসকে শাসকের গদিতে বসিয়েছে, কিন্তু কংগ্রেসী সরকার অন্য কিছু করা দূরে থাকুক জনসাধারণের প্রতি তাঁদের নিম্নতম দায়িত্বও পালন করতে পারেননি। এই কংগ্রেসী সরকার বাংলাদেশের মানুষকে আজকে পথে এনে দাঁড় করিয়েছেন—কাঁথি মহকুমার পাঁশকুড়া গ্রামের একজন বৈরাগী সেদিন আত্মহত্যা করেছে, আমার এলাকার একটা প্রাইভেট স্কুল-এর একজন শিক্ষকের স্ত্রী পাগল হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। একথা ঠিক যে শতকরা ৯০ জন না খেয়ে নেই, কিন্তু অনুসন্ধান করলে দেখা যাবে অন্ততঃ ১০ জন লোক এক পেট খেয়ে আছে একটা স্বাধীন সরকারের পক্ষে এর চেয়ে লজ্জার কথা কি আর হতে পারে আমি জানি না। তাই, আমি আমার বক্তব্য শেষ করার আগে এই সাবধান বাণী উচ্চারণ করছি, এখনো সময় আছে, মানুষকে বাঁচান, তবেই দেশের লোক আপনাদের আশীর্বাদ করবে।

Mr. Speaker: The House stands adjourned till twelve noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-59 p.m. till 12 noon on Thursday, the 18th July, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 18th July, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 14 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 7 Deputy Ministers and 180 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Grant to Madarihat Junior High School and recognition of Fatima Primary School

***22.** (Admitted question No. *16.) **Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the plan and estimate of Rs. 52,000 of the Madarihat Junior High School has been approved by the Government;

(b) if so, when the said amount will be given to the said School; and

(c) whether the Government has recognised the Fatima Primary School, Demdima, P.O. Birpara, district Jalpaiguri?

The Hon'ble Sowrindra Mohan Misra: (a) Yes.

(b) A sum of Rs. 25,000 has already been sanctioned for the purpose. The question of sanctioning the balance will be considered in due course.

(c) In rural areas the District School Boards recognise Primary Schools and not the Government.

Shri A. H. Besterwitch : The Hon'ble Minister-in-charge has said that Rs. 25,000 has been sanctioned. Is he aware that this Rs. 25,000 which has been given to the School is from the R.R. Department?

The Hon'ble Sowrindra Mohan Misra: Yes, it is from the R.R. grant.

Shri A. H. Besterwitch: Is he aware that Rs. 52,000 which was estimated for the School was sanctioned by the Government?

The Hon'ble Sowrindra Mohan Misra: I can't follow the question.

Shri A. H. Besterwitch: Does the R.R. grant and the sanction of Rs. 52,000 go together?

The Hon'ble Sowrindra Mohan Misra: The whole scheme is for Rs. 52,000. Some portion of it has been given from the R.R. Department and the remaining Rs. 27,000 will be given in due course.

Shri A. H. Besterwitch : Unfortunately, the Minister-in-charge is making a mistake. The R.R. grant was sanctioned by the Central Government and not by the State Government.

The Hon'ble Sowrindra Mohan Misra: This R.R. grant is sanctioned by the Central Government; there is no doubt about it; but it is given by us.

Shri A. H. Besterwitch: Unfortunately, I have not got the papers with me; otherwise I could show that this Rs. 25,000 has no connection with Rs. 52,000. Is it a fact?

The Hon'ble Sowrindra Mohan Misra: The whole scheme is for Rs. 52,000. A portion of it has been sanctioned by the Centre through R.R. Department, and this is administered by the West Bengal Government.

Shri A. H. Besterwitch: Is the Hon'ble Minister aware that this Rs. 52,000 which is the estimated grant has been held up for some minor taking over and handing over of the land of the school?

The Hon'ble Sowrindra Mohan Misra: No, it is not held up for that reason.

Shri A. H. Besterwitch: Regarding the Fatima Primary School, Dem Dima, is the Hon'ble Minister-in-charge aware that all the missionary schools are given special privileges for recognition of the school. The Fatima Primary School is under the Missionaries and the foreign missionary schools have got a special concession from the Government since Primary Schools do not come under the Government. Is the Minister-in-charge aware that the recognition is held up on account of not handing over buildings and the land to the District School Board?

The Hon'ble Sowrindra Mohan Misra : All the Missionary Schools are not privileged. I can give you some more details about this school. It is reported that the District School Board had received application from the School authorities of Fatima Primary School seeking recognition of the school. The District School Board could not grant recognition then as the condition regarding land and building had not been fulfilled in terms of rule 5 of the rules framed on the subject. The matter has since been under consideration of the said District School Board. It is further reported that there is another recognised Primary School, that is, Dem Dima Tea Estate Primary School within one mile of the proposed school.

Shri A. H. Besterwitch: Is the Hon'ble Minister aware that all the Catholic Missionary Schools in the district of Jalpaiguri did not hand over their land and buildings to the District School Board?

The Hon'ble Sowrindra Mohan Misra : I do not know.

Shri Nani Bhattacharjee:
মন্ত্রীমহাশয় বল্লেন ১ মাইলের মধ্যে ২টি স্কুল আছে এরকম রিপোর্ট তিনি পেয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে ১ মাইলের মধ্যে দুটি স্কুল থাকা সত্বেও রিকগনিসন দেওয়া হয়েছে এরকম নজীর তাঁর কাছে আছে কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: ১ মাইলের মধ্যে থাকলে দেওয়া হবেনা এরকম কোন রুলস্ নেই তবে সাধারণতঃ ১ মাইলের মধ্যে দেওয়া হয়না। এটা ডিস্ট্রিক স্কুল বোর্ড ঠিক করেন এবং যদি ঘনবসতিপূর্ণ এলাকা হয় তাহলে ১ মাইলের মধ্যে দিতে পারেন। মোটের উপর কথা হচ্ছে এটা সরকারের দেখবার বিষয় নয়।

শ্রীননী ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় জানাবেন কি, স্কুলবোর্ড কি ভিত্তিতে প্রাইমারী স্কুলগুলোকে রিকগনিসন দেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: যেখানে স্কুলের প্রয়োজন আছে সেটা বিবেচনা করে সেই ভিত্তিতে দেন।

Shri A. H. Besterwitch : Do all the students in that primary school belong to the tribal community?

[No reply]

Monthly contingency for Special Cadre Schools

***23.** (Admitted question No. *138.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে স্পেশাল কেডার স্কুলের জন্য কন্টিনজেন্সি বাবদ মাসে মাত্র ৫০ নয়া পয়সা দেওয়া হয়; এবং

(খ) অন্যান্য প্রাথমিক স্কুলের জন্য এই কন্টিনজেন্সি বাবদ কি পরিমাণ অর্থ মাসিক ধার্য আছে?

শ্রীমৃত্তিপদ চাটার্জীঃ (ক) স্পেশাল ক্যাডার বিদ্যালয় নামে প্রাথমিক বিদ্যালয়ের কোন শ্রেণী বিভাগ নেই। শিক্ষিত বেকারদিগের জন্য ভারত সরকারের একটি বিশেষ পরিকল্পনায় যে সকল প্রাথমিক শিক্ষককে নিযুক্ত করা হইয়াছে তাহাদিগকে "স্পেশাল ক্যাডার" শিক্ষক বলা হয়।

(খ) জিলা স্কুল বোর্ড পরিচালিত সাধারণ বিদ্যালয়গুলিকে তাহাদের অবস্থা বিবেচনায় মাসিক ৫০ নঃ পঃ হইতে ২ টাকা পর্যন্ত কন্টিনজেনসী খরচের জন্য দেওয়া হয়। বুনিয়াদি স্কুল ও যে সকল প্রাথমিক স্কুলে কোন "কারিগরি" (ক্রাফট) শিক্ষা দেওয়া হয় সেখানে ১৫ টাকা পর্যন্ত কন্টিনজেনসী খরচ মঞ্জুর করা হয়।

শ্রীসনৎকুমার রাহা : এটা কি সত্য যে, যেখানে যেখানে স্পেশাল ক্যাডার টিচার এবং হেড-মাস্টার আছেন সেখানে কন্টিনজেনসী বাবদ মাত্র ৮ আনা দেওয়া হয়?

শ্রীমৃত্তিপদ চাটার্জীঃ মঞ্জুরী ২ টাকা আছে, কিন্তু যে স্কুলে যে রকম খরচ হয় সেখানে সেই রকম দেওয়া হয়। ধরুন, পূর্ববর্তী বছরে যদি ৮ আনা খরচ করে থাকেন তাহলে ৮ আনা দেওয়া হয়েছে এবং যদি ২ টাকা খরচ করে থাকেন তাহলে ২ টাকা দেওয়া হয়েছে।

শ্রীসনৎকুমার রাহাঃ সরকারের কি এই নীতি যে ২ টাকার বেশী এবং ৮ আনার কম খরচ করতে পারবে না?

শ্রীমৃত্তিপদ চাটার্জীঃ প্রথমে তাই ছিল কিন্তু এখন পাল্টিয়ে ১৫ টাকা পর্যন্ত করা হয়েছে এবং আমরা চেষ্টা করছি যাতে সকল স্কুলকে ১৫ টাকা দেওয়া যায়।

শ্রীসনৎকুমার রাহাঃ যে নিয়ম বর্তমানে চালু করেছেন তার জন্য জেলায় জেলায় ডি আই-র কাছে কি নির্দেশ গিয়েছে?

শ্রীমৃত্তিপদ চাটার্জীঃ এখনও যায়নি। বিভিন্ন স্কুলে বিভিন্ন রকম রেট আছে এবং আমাদের ডিপার্টমেন্ট থেকে ১৫ টাকা করে দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে।

শ্রীসনৎকুমার রাহাঃ কবে আন্দাজ সেই ব্যবস্থা চালু হবে জানাবেন কি?

শ্রীমৃত্তিপদ চাটার্জীঃ সেটা এখনই বলা সম্ভব নয়। কারণ কত টাকা লাগবে সেটা ক্যালকুলেট করে, ফাইনান্সিয়াল ইম্পলিকেসন দেখে তারপর বিবেচনা করা হবে।

[12-10—12-20 p.m.]

Shri Sanat Kumar Raha:
সব স্কুল কি একই হারে কনটিজেন্সি দেওয়া হবে?

Shri Mukti Pada Chatterjee:
সেই রকম চেষ্টা করা হচ্ছে।

Shri Birendra Narayan Ray:
এই নির্দেশ কবে বদলান হয়েছে?

Shri Mukti Pada Chatterjee:
প্রশ্নটা বুঝতে পারলাম না।

Shri Birendra Narayan Ray:
আপনি বল্লেন আগে নিয়ম ছিল ৫০ নয়া পয়সা করে কন্টিনজেন্সি দেওয়া হত। এই নিয়মটা পাল্টেছে কবে?

Shri Mukti Pada Chatterjee:
তা বলা হয়নি, বলা হয়েছে ৫০ নয়া পয়সা থেকে ২ টাকা পর্যন্ত দেওয়া হচ্ছে। রেট ২ টাকা পর্যন্ত দেওয়া হচ্ছে। রেট ২ টাকা। কিন্তু অনেকে দেখা যাচ্ছে পূর্ববর্তী বছরে ৫০ নয়া পয়সা চার্জ করেন নি। কাজে কাজেই পূর্ববর্তী বছরে যেসব স্কুলে ৫০ নয়া পয়সা হিসাবে দেওয়া হয়েছে কিন্তু তাঁরা ২ টাকা পর্যন্ত খরচ করেছেন তাঁদের ২ টাকা দেওয়া হয়েছে।

Shri Birendra Narayan Ray:
আপনি কি এই রকম খবর রাখেন যে ৫০ নয়া পয়সার বেশী খরচ করার জন্য তাদের টাকা কেটে নেওয়া হয়েছে?

Shri Mukti Pada Chhatterjee:
এই রকম কোন খবর আমাদের কাছে আসেনি।

Shri Birendra Narayan Ray:
যদি সংবাদ পান তাহলে এ বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

Shri Mukti Pada Chatterjee:
নিশ্চয়ই ব্যবস্থা করা হবে।

Shri Sambhu Charan Ghosh:
আপনি বলেছেন মান্থলি কন্টিনজেন্সি ৫০ নয়া পয়সা থেকে ২ টাকা পর্যন্ত। মান্থলি কন্টিনজেন্সির মধ্যে কি কি ধরেছেন যার জন্য ৫০ নঃ পঃ থেকে ২ টাকা পর্যন্ত স্যাংকসান করেছেন?

Shri Mukti Pada Chatterjee:
সেটা স্কুলে যেমন দাবি দাওয়া আছে সেটা দেখে বিবেচনা করা হয়। তাদের কাগজ পেন্সিল ইত্যাদি ছাড়া অন্য কোন কন্টিনজেন্সির প্রশ্ন থাকে না।

Shri Sanat Kumar Raha:
কনটিনজেন্সির মধ্যে স্কুল বাগান করা পড়ে কিনা?

Shri Mukti Pada Chatterjee:
বাগান করা পড়ে না।

Shri Sambhu Charan Ghosh:
একটা স্কুল মান্থলি কনটিনজেন্সি আপনার হিসাব মতে কাগজ পেন্সিল ইত্যাদির জন্য ৫০ নয়া পয়সা কি যথেষ্ট?

Shri Mukti Pada Chatterjee:
সেজন্য ঐ টাকাটা বাড়িয়ে দেবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। অলরেডি অনেক স্কুল বেশী পাচ্ছে।

Shri Sanat Kumar Raha:
প্রত্যেক স্কুলের হেড মাষ্টারদের কাছে কি এই রকম নির্দেশ গেছে যে তাঁদের স্কুলে বাগান করার হ্যাবিট সৃষ্টি করতে হবে?

Shri Mukti Pada Chatterjee:
সেগুলি কেবলমাত্র বেসিক স্কুল এবং বেসিক প্যাটার্নে যাবার জন্য যাঁরা চেষ্টা করছেন তাদের জন্য।

Shri Sailendra Nath Adhikary:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই সমস্ত স্কুলগুলির মধ্যে অনেক স্কুল উপযুক্ত গৃহের অভাবে সাফার করছে?

Shri Mukti Pada Chatterjee:
এ প্রশ্ন এর থেকে উঠে না।

Shri Sailendra Nath Adhikary:
অনেক বিদ্যালয় বাড়ীর অভাবে সাফার করছে এই কথা কি মন্ত্রিমহাশয় জানেন?

Shri Mukti Pada Chatterjee:
আমি মাননীয় সভ্যের মূল প্রশ্নের দিকে দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sailendra Nath Adhikary:
কনটিনজেন্সি গ্রান্ট যেটা দিচ্ছেন এবং যার জন্য দিচ্ছেন তার পরিপ্রেক্ষিতে এই প্রশ্নটা আসে কিনা?

Shri Mukti Pada Chatterjee :
আমার মনে হয় আসে না।

General increase in the pay of matriculate teachers

***24.** (Admitted question No. *139.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ম্যাট্রিকুলেশন পরীক্ষা পাশ করা, দশ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকগণের জন্য এবং ৫০ বৎসর বয়স্ক ম্যাট্রিকুলেটদের জন্য ৫ টাকা হারে বর্ধিত বেতন দিবার সিদ্ধান্ত রাজ্যসরকার করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ইহার সমগ্র শিক্ষকগণের শতকরা কতজন সুবিধা পাইবেন?

Shri Mukti Pada Chatterjee :
(ক) হ্যাঁ। ৫০ বৎসর বা ততোধিক বয়স্ক শিক্ষণ শিক্ষা রহিত অথচ ১০ বৎসরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন ম্যাট্রিক পাশ শিক্ষকদিগের জন্য মাসিক ৫ টাকা হিসাবে এক বিশেষ ভাতা মঞ্জুর করা হইয়াছে।

(খ) প্রায় ২½ পারসেন্ট।

Shri Sanat Kumar Raha:
এই যে নির্দেশ দিয়েছেন এটা কোন্ তারিখে?

Shri Mukti Pada Chatterjee :
১।৪।৬২ তারিখ থেকে।

Shri Sanat Kumar Raha:
এপ্রিল মাসে নির্দেশ দেওয়ার পর কোন পেমেন্ট আজ পর্যন্ত দেওয়া হয়েছে কি?

Shri Mukti Pada Chatterjee :
সেটা আমি খবর না নিলে বলতে পারব না।

Shri Sanat Kumar Raha:
এই নির্দেশ দেওয়ার পর থেকে ৫ টাকা হিসাবে দেওয়া চালু আছে কিনা?

Shri Mukti Pada Chatterjee :
এই টাকা দিতে আরম্ভ হয়েছে। গভর্ণমেণ্ট অর্ডার ইস্যু হয়েছে, টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে. এ্যাকচুয়ালি হাতে পড়েছে কিনা সেটা আমার জানা নেই; পরে জানিয়ে দেব।

Shri Sanat Kumar Raha:
১৯৬২ সালে আপনারা অর্ডার দিলেন, অথচ ১৯৬৩ সালের এখন পর্যন্ত কেন চালু হয়নি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
চালু হয়েছে। এটা ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ডকে অথরাইজ করা হয়েছে পেমেণ্ট করার জন্য; তাদের যে টাকা প্রয়োজন সেই টাকা দেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha:
স্যার, আমি যখন কোয়েশ্চেন দিয়েছি তখন আমার কাছে কতকগুলি সাপ্লিমেণ্টারী কোয়েশ্চেন রেডি হয়ে আছে—আমার বোধহয় প্রাইওরিটি পাওয়া উচিৎ, নিয়মটা কি ঠিক আমি জানি না।

Procedure for allowing supplementary question as be put by the questioner.

Mr. Speaker : What should be the procedure ? Should the honourable member in whose name the question stands be allowed to finish all his questions before any other honourable member puts any supplementary question ?

The Hon'ble Sankardas Banerji : The honourable member who puts the question, in whose name the question stands, always thinks out the supplementary questions that he is going to put for getting a complete answer to his question. The other honourable members are certainly entitled to put further supplementaries but the proper procedure ought to be that the honourable member who poses a question ought to be permitted to put a few supplementaries before any other honourable member puts any supplementary questions. The honourable member who poses the question makes a sort of research—if these are the answers these are the questions that he will put.

Mr. Speaker : After one or two supplementaries are put by him, other honourable members may take up supplementries, and should he not be allowed to finish all his questions first ?

The Hon'ble Jagannath Kolay ? He should be allowed at least to put three supplementary questions.

Mr. Speaker : I accept that he should be allowed to put three supplementary questions and that he should not be allowed to finish all his supplementaries.

Shri Sanat Kumar Raha :
মাননীয় মন্ত্রীমহাশয় বল্লেন সমস্ত প্রাইমারী শিক্ষকদের যে সংখ্যা আছে তার মধ্যে মাত্র ২১% এই সুযোগ সুবিধা পাচ্ছে। তা যদি সত্য হয় তাহলে আমার প্রশ্ন হচ্ছে যে এতে মিউনিসিপ্যাল টিচারদের ধরা হয়েছে কিনা, তাদের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য কিনা?

Shri Mukti Pada Chatterjee :
আরবান এরিয়া, মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে যাঁরা গ্র্যাণ্ট ইন এড্ প্রাপ্ত শিক্ষক আছেন দে আর এনটাইটল্ড
That is the department circular. I may refer to the circular number.

Shri Sailendra Nath Adhikary :
মন্ত্রিমহাশয় বল্লেন যে মিউনিসিপ্যালিটির যে সমস্ত শিক্ষক আছেন যাঁরা এই ক্যাটাগরীতে পড়েন তাঁরাও সেটা পেতে পারেন, এ সম্বন্ধে নির্দেশ দেয়া হয়েছে। এই বাবদ টাকা কি পাঠান হয়েছে এবং সেই টাকা কি তাঁরা পেয়েছেন?

Shri Mukti Pada Chatterjee :

টাকা মঞ্জুর করা হয়েছে, তাদের হাতে গিয়ে পৌঁচেছে কিনা সেটা সঠিক বলা সম্ভবপর নয়।

Shri Sailendra Nath Adhikary :

টাকা পাঠানো হয়েছে কিনা ?

Shri Mukti Pada Chatterjee :

স্যাংসন হয়েছে বলতে পারি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কোন জায়গায় ডি. আই. পেমেন্ট করেন, কোন জায়গায় ডি আই. মিউনিসিপ্যালিটিকে দিয়ে পেমেন্ট করান।

After all, the responsibility is of the D.I. to see that the payment is made

Shri Sambhu Charan Ghosh :

আমি পরিস্কারভাবে মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই ৫ টাকা হারে বর্দ্ধিত বেতন দেবার যে সিদ্ধান্ত রাজ্য সরকার করেছেন সেই বেতন সহরে মিউনিসিপ্যাল বা নন-মিউনিসিপ্যাল যে সমস্ত শিক্ষক আছেন তাদের সকলকার ক্ষেত্রে প্রযোজ্য কিনা ?

Shri Mukti Pada Chatterjee :

সকলের ক্ষেত্রেই প্রযোজ্য।

[12-20—12-30 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষ : আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, তাই যদি হয় তাহলে যে সমস্ত প্রাইভেট ম্যানেজড্ বা হাই স্কুল এ্যাটাচড্ বা হাই স্কুল ডিটাচড্, যে সমস্ত প্রাইমারী শিক্ষক আছেন তাঁদের ক্ষেত্রে কি ব্যবস্থা করেছেন ?

শ্রীমুক্তিপদ চ্যাটার্জী : যেগুলি মিউনিসিপ্যাল স্কুল আছে মিউনিসিপ্যালিটির নিজস্ব দায়ে সেখানে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট দ্বারা তা গভার্ণ হয়। কাজে কাজেই সেখানে এই প্রশ্ন আদৌ উঠেনা।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আপনি কিছুক্ষণ আগে বললেন যে মিউনিসিপ্যালিটির শিক্ষকদের ক্ষেত্রে রাজ্য সরকার বিবেচনা করে টাকা পাঠিয়ে দিয়েছেন। এখন উত্তরে বললেন মিউনিসিপ্যালিটির শিক্ষকরা, তাঁরা মিনিমাম ওয়েজেস এ্যাক্টের সুবিধা পাচ্ছে অতএব তাঁদের ক্ষেত্রে এটা প্রযোজ্য নয়।

দি **অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী:** মিউনিসিপ্যালিটিতে স্কেল অব পে'র যে হার আছে সেই হার যদি এটার চেয়ে হাইয়ার হয় তাহলে তাঁরা পায় না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই যে আপনারা ৫ টাকা হারে বর্দ্ধিত বেতন দেবার সিদ্ধান্ত করেছেন সেটা কি এককালীন, না বৎসর বৎসর অন্তর সে টাকাটা বাড়বে ?

শ্রীমুক্তিপদ চ্যাটার্জী: এটা এককালীন দেবার প্রশ্ন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে যেখানে মিউনিসিপ্যাল টিচার্সদের বেতন এর চেয়ে বেশী সেখানে দেওয়া হয় না। তাহলে জিজ্ঞাসা করি এই ৫ টাকা হারে বর্দ্ধিত বেতন এটা কিসের বেসিসে করা হয়েছে এবং তার কারণ কি ?

শ্রীমুক্তিপদ চ্যাটার্জী: আমার মনে হয় উনি আমার কথাটা ঠিক, পরিষ্কারভাবে বুঝতে পারেননি। মিউনিসিপ্যাল এলাকায় দুই রকম স্কুল আছে প্রত্যেক জায়গায়। একটা হচ্ছে মিউনিসিপ্যাল স্কুল, তাদের বেতন মিউনিসিপ্যালিটি থেকে দেয়, তাদের সংগে এই গ্রান্টের কোন সম্পর্ক নেই। তাছাড়া প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে কিছু কিছু এমনি প্রাইমারী স্কুল আছে, সেই প্রাইমারী স্কুল, সেগুলি গভর্ণমেণ্টের কাছ থেকে গ্রান্ট পায় সেই সব স্কুলে যাঁর ম্যাট্রিকুলেট ও ৫০ বৎসরের উর্দ্ধে তাঁদের দেওয়া হয়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে এক্সট্রা ৫ টাকা ডি. এ. দেওয়া হচ্ছে এটা করার কারণ কি ছিল। যদি কারণ আমাদের সামনে রাখেন তাহলে প্রশ্নটা আসছে অন্যান্য ক্যাটিগরির স্কুল এই গ্রান্ট থেকে বঞ্চিত হচ্ছে কেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: তাঁদের দেওয়া হয় বিকজ অব দেয়ার বেটার এক্সপিরিয়েন্স, তাঁদের অভিজ্ঞতা বেশী বলে দেওয়া হচ্ছে এবং তাঁদের বয়স ৫০ বৎসরের বেশী।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রীমহাশয় এইমাত্র বলেছেন সহর এলাকায় দুই রকমের প্রাথমিক স্কুল আছে, একটা হচ্ছে মিউনিসিপ্যাল পরিচালিত আর একটা নন-মিউনিসিপ্যাল। কিন্তু সহরে এই দুই রকমই নয়, বহু রকমের প্রাথমিক বিদ্যালয় আছে। সেখানে মিউনিসিপ্যাল পরিচালিত স্কুল ছাড়াও হাই স্কুল অর্থাৎ উচ্চ বিদ্যালয়ের সংগে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়, প্রাইভেট ম্যানেজড্ প্রাথমিক বিদ্যালয়, রিফিউজিদের প্রাথমিক বিদ্যালয়, এই রকম সহর এলাকায় আছে, আমি জিজ্ঞাসা করছি যেগুলি শুধুমাত্র মিউনিসিপ্যালিটির প্রাথমিক বিদ্যালয় তারাই মিনিমাম ওয়েজেস এ্যাক্টের দ্বারা পরিচালিত, কিন্তু প্রাইভেট ম্যানেজড্ স্কুল যে সমস্ত আছে তাদের ক্ষেত্রে এই ৫ টাকা দেবার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীমুক্তিপদ চ্যাটার্জী: এই সম্বন্ধে কোন পরিকল্পনা নেই।

Shri Sambhu Charan Ghosh :

স্পীকার মহোদয়, আমার প্রশ্নটা অত্যন্ত পরিষ্কারভাবে রেখেছি। যেখানে উনি বলছেন পাঁচ টাকার হারে বর্দ্ধিত বেতন প্রাইমারী বিদ্যালয়ের শিক্ষকদের দিচ্ছেন সেখানে আমার জিজ্ঞাসা সহরাঞ্চলে শুধুমাত্র মিউনিসিপ্যাল পরিচালিত স্কুলের শিক্ষকদের দিচ্ছেন না যেটা মিনিমাম ওয়েজ সকল ক্ষেত্রে দিচ্ছেন, কারণ মিউনিসিপ্যাল ম্যানেইজড্ স্কুল ছাড়া হাই স্কুল এটাচ্ড প্রাইমারী স্কুল আছে, রিফিউজিদের ম্যানেইজড্ প্রাইমারী স্কুল আছে সেই সমস্ত স্কুলের শিক্ষকরাও সরকারের এই বর্দ্ধিত টাকার সুযোগ সুবিধা পাচ্ছেন কি পাচ্ছেন না।

Shri Mukti Pada Chatterjee :

এ প্রশ্নের জবাব এক্ষুণি দিতে পারি না, যদি উত্তর....

Shri Sailendra Nath Adhikary :

কেন পারেন না? এর আগে মন্ত্রীমহোদয় বলেছেন মিউনিসিপ্যালিটিগুলিতে মিউনিসিপ্যাল স্পনসরড যে সমস্ত স্কুল আছে সেই স্কুলগুলিতে শিক্ষকদের বেতন মিনিমাম ওয়েজেজ অনুসারে পরিচালিত হয়। আমি জিজ্ঞাসা করি মিনিমাম ওয়েজ রুলস্-এর মধ্যে যে নীতি দেওয়া হয়েছে তাতে এই শিক্ষকরা মিনিমাম ওয়েজ পেয়ে থাকেন এটা জানেন কি?

Shri Mukti Pada Chatterjee :

কত টাকা মাইনে পান তা জানা নেই।

Shri Sailendra Nath Adhikary :

মিনিমাম ওয়েজ রুল—ইট ইজ এ্যান অল বেঙ্গল রুল। আমার জিজ্ঞাসা এই মিনিমাম ওয়েজ যদি সকল শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য হলে একজন শিক্ষক কত টাকা পেতে পারেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

যে পে পেলে আমরা ৫০ বছরের অভিজ্ঞ যিনি তাঁকে পাঁচ টাকা বেশী দিয়ে থাকি তিনি সেই স্কেল থেকে যেখানে বেশী স্কেল পান আমরা সেখানে দিই না। বেশী স্কেল-এর কম পেলে আমরা পাঁচ টাকা দেব।

Shri Sailendra Nath Adhikary :

সাপ্লিমেন্টারি, স্যার, মন্ত্রীমহাশয় বলেছেন মিউনিসিপ্যাল স্পনসরড্। আমরা জানতে চাই—মন্ত্রীমহোদয়ের তার নিজস্ব ডিপার্টমেন্ট-এর রুল—তার মিনিমাম ওয়েজ রুল অনুসারে এক জন শিক্ষক কত টাকা মাইনে পান তা জানা উচিৎ সেজন্য আমি জিজ্ঞাসা করছি মিনিমাম ওয়েজ রুল এপ্লাইড হচ্ছে সেখানে কত টাকা শিক্ষকরা পাচ্ছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

উনি যে প্রশ্ন করেছেন তার সংগে এর কোন সম্পর্ক নেই। যেখানে আমাদের থার্ড স্কেল থেকে কম স্কেল দেওয়া হয় সেখানে এই পাঁচ টাকা দেওয়া হয়। যেখানে মিউনিসিপ্যালিটি তার চেয়ে বেশী স্কেল দেন সেখানে এই পাঁচ টাকা দেওয়া হয় না।

Shri Sailendra Nath Adhikary :

আপনার সামনে এখানে, মাননীয় উপমন্ত্রী বললেন যে মিউনিসিপ্যালিটি স্পনসরড্ স্কুলগুলিকে মিনিমাম ওয়েজেস রুল অনুসারে দেওয়া হয় না, আবার মাননীয় শিক্ষামন্ত্রী বলছেন দেওয়া হয়। কোনটা আমরা শুনব ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মিনিমাম ওয়েজেস রুল অনুসারে মিউনিসিপ্যালিটি দিতে বাধ্য। সে প্রশ্ন উঠে না, কথা হচ্ছে মিউনিসিপ্যালিটি যে হারে পেমেন্ট করেন এবং আমরা যেভাবে পাঁচ টাকা দিই। আমরা কিভাবে দিই তা আগেই বলা হয়েছে। মিউনিসিপ্যাল স্কুলগুলিতে এই মিনিমাম ওয়েজেস অ্যাক্ট অনুসারে অনেক জায়গায় ৫০ টাকার বেশী শিক্ষকরা পান- সেখানে আমরা আর এই পাঁচ টাকা দিই না

Shri Apurba Lal Majumdar:

আমার প্রশ্নটা আপনার কাছে রাখছি—(ক) প্রশ্নের যে আনসার দিয়েছেন তাতে এই দাঁড়ায় য, মিউনিসিপ্যালিটি স্পনসরড্ স্কুলগুলি যেহেতু মিনিমাম ওয়েজেস এ্যাক্ট-এর বেনিফিট পায় সেজন্য এই বর্ধিত হার মাস্টাররা পাবেন না—

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

তা নয়, সেকথা তিনি বলেন নি।

Shri Apurba Lal Majumdar:

আমার প্রশ্ন হল, মিউনিসিপ্যাল এলেকার মধ্যে অনেক স্কুল আছে, প্রাইভেট মেনেজড্, মিউনিসিপ্যালিটির সংগে কোন সম্পর্ক নেই—অনেক স্কুল আছে রিফিউজি প্রাইমারী স্কুল, হাই স্কুল এটাচড স্কুল—এই যে ৫ টাকা মাইনে বাড়বে সেটা এগুলির ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

সকল স্কুলই পেয়ে থাকে সেই কথাই মন্ত্রিবাবু বলেছেন।

[12-30—12-40 p.m.]

Shri Kashi Kanta Maitra: May I ask the Hon'ble Minister whether the Minimum Wages Rules are made applicable in regard to the primary teachers working in the municipality sponsored schools. If so, my further supplementary would be whether teachers above 50 with considerable experience would get an ex-gratia payment of Rs. 5/- ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Ex-gratia payment has got nothing to do with higher scale. Ex-gratia payment has no connection with Minimum Wages Act—it is quite irrelevant.

Shri Kashi Kanta Maitra: My question was simple—whether the Minimum Wages Rules have been made applicable to the municipal primary teachers—yes or no.

[No reply]

Shri Kashi Kanta Maitra: My question is whether the Minimum Wages Act has been made applicable to the primary teachers—a categorical statement is necessary.

Shri Muktipada Chatterjee:
মিউনিসিপ্যাল স্কুল যেগুলি সেগুলিতে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট এপ্লাই করে।

Shri Anadi Das:

মন্ত্রীমহাশয় বল্লেন আমাদের যে স্কেল বাঁধা আছে সেই স্কেল-এর নীচে হলে ৫ টাকা বাড়বে সেই স্কেলটা কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(এ) (বি) (সি) এই তিনটা কেটেগরিতে এই রকম স্কেল ৬৫ ৭০, ৭৫ -৮০, ৮০ ১২৫

Shri Sambhu Charan Ghosh :

আমরা প্রশ্ন করেছিলাম সহর এলাকায় মিউনিসিপ্যালিটিতে যাঁরা শিক্ষকতা করেন তাঁরা এর সুযোগ পাবেন কিনা, শিক্ষামন্ত্রীমহাশয় বল্লেন যাঁদের অভিজ্ঞতা আছে তাঁরা সেই সুযোগ পাবেন আমরা পরিষ্কারভাবে জানতে চাই, সহর এলেকায় মিউনিসিপ্যালিটি পরিচালিত স্কুলের শিক্ষক, অন্যান্য স্কুলের শিক্ষক, যেমন প্রাইভেট মেনেইজড্ হাই স্কুল এ্যাটেচড স্কুল, রিফিউজি প্রাইমারী স্কুল এসব স্কুলের শিক্ষকদের অনেকেরই অভিজ্ঞতা আছে তাঁরা পাবেন কিনা আমরা স্পষ্ট জবাব চাই, হ্যাঁ কি না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
একাধিকবার জবাব দেওয়া হয়েছে, ওঁরা যদি না বুঝতে পারেন উই আর হেল্পলেস।

Shri Sambhu Charan Ghosh:
স্যার, এর মধ্যে একটা কনফিউসন রয়েছে

Mr. Speaker: I cannot help you in this matter.

Shri Sambhu Charan Ghosh:
ওঁরা যে কথা বল্লেন তার মধ্যে কন্ট্রাডিকসন আছে বলে পরিষ্কার উত্তর দেবার জন্য রিকোয়েস্ট করছি।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri: In my opinion there is no contradiction at all.

Beldanga Sugar Mill

***25.** (Admitted question No *167.)

শ্রীসনৎকুমার রাহা: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় চিনিকলটি চালু করিবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:

হ্যাঁ, এটি বেসরকারী যৌথ কোম্পানী উহা চালু করিবার উদ্দেশ্য নিয়ে ভারতসরকারের নিকট লাইসেন্সের জন্য আবেদন করিয়াছে। পশ্চিমবংগ সরকার এই আবেদন মঞ্জুর করার জন্য ভারত সরকারকে অনুরোধ জানাইয়াছেন।

Shri Sanat Kumar Raha :

এই ন্যাশনাল সুগার মিলস সম্বন্ধে আমাদের কিছু ধারণা আছে, তারা তাদের নিজেদের কারবারই চালাতে পারছেন না, আমি তাই জিজ্ঞাসা করছি যে, পশ্চিমবংগ সরকর যখন এটা নেবার জন্য সুপারিশ করেছেন তখন কি তাঁরা একথা চিন্তা করেছেন ন্যাশনাল সুগার মিল-এর বর্তমান কর্তৃপক্ষ চালাতে পারবে কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:

আমরা যখন সুপারিশ করেছি তার থেকেই বুঝতে পারা যাচ্ছে আমরা মনে করি তারা চালু করতে পারবে।

Shri Deb Saran Ghosh:

এর আগে অন্য কোন প্রাইভেট কোম্পানী চালাবার চেষ্টা করেছিল কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:

এর আগে ইউ, পির একটা কোম্পানী এক ভদ্রলোক, ঠাকুরদাস সিং, তিনি মিলটা কিনেছিলেন, দাম হয়েছিল ২৩ লক্ষ ৭৫ হাজার টাকা, ৫ লক্ষ প্রথম কিস্তিতে দিয়েছিলেন, কিন্তু পরে কিস্তি দিতে না পারায় ইট ফেল শুরু।

Shri Deb Saran Ghosh:

ন্যাশনাল সুগার মিলস-এর ডাইরেক্টরদের নাম কি কি?

The Hon'ble Tarun Kanti Ghosh: Does it arise out of this question? Moreover, I have not got the names of Directors with me.

Shri Sanat Kumar Raha :

মন্ত্রীমহাশয় জানাবেন কি, বেলডাংগা সুগার মিলস্ চালু করবার জন্য বেলডাংগার লোকদের কাছ থেকে এরকম কোন দরখাস্ত পেয়েছেন কিনা যে তারা নিজেরা কো-অপারেটিভ-এর মাধ্যমে এটা চালু করবার প্রচেষ্টা করছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:

কো-অপারেটিভ করবার কথা একবার উঠেছিল। তবে আমরা সরকারের তরফ থেকে মনে করেছি ন্যাশনাল সুগার মিল যখন এটা চালু করবার জন্য চেষ্টা করছে এবং ভারত সরকারের কাছে মঞ্জুরী চেয়েছে তখন তাদেরই প্রেফারেন্স দেওয়া হবে।

Shri Deb Saran Ghosh:

বেলডাংগা সুগার মিলস্ কার হাতে আছে, কে মালিক?

The Hon'ble Tarun Kanti Ghosh:

সলিসিটর-এর হাতে রয়েছে এবং সলিসিটর হচ্ছেন মিঃ, জি, বাসু।

Shri Birendra Narayan Ray:

এটা চালু করবার জন্য সরকার ন্যাশনাল সুগার মিলস্-এ গিয়েছিলেন, না সুগার মিলস্ ইচ্ছা প্রকাশ করেছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:

সরকার কারও কাছে যাননি।

Shri Sanat Kumar Raha:
বেলডাংগা সুগার মিলস্ চালু করবার উদ্দেশ্য নিয়ে সরকার যে ন্যাশনাল সুগার মিলস্-এর পক্ষে সুপারিশ জানিয়েছেন তাতে আমার প্রশ্ন হচ্ছে সরকার কি এটা বিবেচনা করেন যে, বেলডাংগা সুগার মিলস্ চালু করতে গেলে আহমদপুর সুগার মিলস্ যেখান থেকে আঁখ কেনে ন্যাশনাল সুগার মিলস্-ও সেখান থেকে আঁখ সংগ্রহ করতে পারবে? অর্থাৎ আমার মূল প্রশ্ন হোল তারা এটা চালু করতে পারবে কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সরকার মনে করেন তাদের পক্ষে এটা চালু করা সম্ভব।

[12-40—12-50 p.m.]

Shri Abani Kumar Basu: We have been told that our State Government has recommended the mill to be run by the National Sugar Mills. I want to know from the Hon'ble Minister what was the consideration on which such recommendation was made.

The Hon'ble Tarun Kanti Ghosh:
অনেক দিন থেকে যখন এটা পড়ে রয়েছে এবং তাদের এক্সপেরিয়েন্স রয়েছে তখন আমরা মনে করি তারা এটা চালু করতে পারবে।

Shri Siddartha Shankar Ray: In the list of the High Court company matters—winding up matters—applications are pending against National Sugar Mills. Is this the same company?

The Hon'ble Tarun Kanti Ghosh: I have no knowledge. They applied for recommendation in May 1962 and we recommended their application to the Government of India. I do not know if winding up applications are pending against them.

Shri Siddhartha Shankar Ray: Will the Hon'ble Minister find out what the facts are before finally taking a decision?

The Hon'ble Tarun Kanti Ghosh: I shall try to find out the facts.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister please tell us if before sending the recommendation he made an enquiry about the solvency of this company?

The Hon'ble Tarun Kanti Ghosh: We thought that they would be able to run it; so we made the recommendation.

Shri Abani Kumar Basu: I have not got the complete answer. I wanted to know if he made any enquiry.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister please explain what he meant when he said that Mr. G. Basu, Solicitor of the Calcutta High Court, has been in charge of the National Sugar Mill? What did he really mean by that?

The Hon'ble Tarun Kanti Ghosh: It is written here, "Shri G. Basu, the present Receiver-cum-Sole Administrator of the Beldanga Sugar Factory. He is at present the Sole Administrator of the Beldanga Sugar Mill.

Shri Abani Kumar Basu: I wanted to know whether, before sending his recommendation, the Hon'ble Minister made any enquiry about the financial solvency of this company, viz., the National Sugar Mill.

The Hon'ble Tarun Kanti Ghosh: Government made such enquiry as was necessary for recommending this case, and recommended this case.

Shri Sanat Kumar Raha :
ন্যাশনাল সুগার মিলকে চালু করার জন্য সুপারিশ করেছিলেন পশ্চিম বংগ সরকার, কিন্তু এই সুপারিশ করার আগে ন্যাশনাল সুগার মিলের কাছে যে অনেক লোক অনেক কৃষক টাকা পাবে অর্থাৎ মিলের যে বাজারে অনেক টাকা দেনা আছে সে সম্বন্ধে বিবেচনা করেছিলেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:
ন্যাশনাল সুগার মিল চালু করার আগে ন্যাশনাল সুগার মিলের কাছে টাকা পাবে কি করে কৃষকরা ?

Shri Sanat Kumar Raha :
আমেদপুর মিল চালু হয়েছে, চিনি তৈরী হচ্ছে. ইণ্ডিয়া গভর্নমেন্ট পারমিশন দেয় নি বলে কৃষকরা টাকা পায় নি. তাদের আপনারা রিকমেণ্ড করলেন আর একটা মিল চালু করতে। তাতে যে কৃষকদের ক্ষতি হবে সেটা বিবেচনা করে সেই ভিত্তিতে সুপারিশ করা হয়েছে কিনা ?

Mr. Speaker :
বলেছেন করা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary :
মন্ত্রী মহাশয় বললেন সুগার মিল নেওয়ার জন্য আমেদপুর ন্যাশনাল সুগার মিল এপ্লাই করেছিল এবং মন্ত্রীমণ্ডলী সুগার মিল রিকমেণ্ড করে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়েছিলেন। আমার প্রশ্ন হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠানোর পর তাঁরা কি ইপ্সো ফাক্টো ধরে নিয়েছেন যে তাঁরা মঞ্জুরী দেবেন ?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এখনও মঞ্জুরী পাওয়া যায় নি, দেবে কি দেবে না বলবো কি করে ?

Shri Sailendra Nath Adhikary :
ইউ. পি. গভর্নমেন্টের স্পনসর্ড কো-অপারেটিভ পারহ্যাপস ন্যাশনাল কো-অপারেটিভ-এর তরফ থেকে এই মিলকে খরিদ করবার জন্য অনেকদুর অগ্রসর হয়েছে এই ইনফর্মেশন আপনার জানা আছে কিনা ?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এরকম কোন খবর নাই।

Shri Sailendra Nath Adhikary :
আপনি কি খোঁজ নেবেন ?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমি খোঁজ নেব।

Dr. Radhakrishna Sinha :
সরকার কি জানেন এই ন্যাশনাল সুগার মিলে একজন শেয়ার-হোল্ডার পশ্চিম বংগের একজন মন্ত্রী ?—

Mr. Speaker : That question does not arise out of this.

Digha Congress Sammelan and Co-operative Societies

***26.** (Admitted question No. *248.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দীঘা কংগ্রেস সম্মেলনের জন্য কিছু সংখ্যক সমবায় ব্যাঙ্ক এবং সমবায় সমিতি টাকা দিয়াছে;

(খ) অবগত থাকিলে, ঐ ব্যাংক ও সমিতিগুলির নাম কি; এবং

(গ) উহারা প্রত্যেকে কত টাকা দিয়াছে?

The Hon'ble Chittaranjan Roy :

(ক) সরকার অবগত নহেন।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das :
ভোলাঘরিয়া সেন্ট্রাল ব্যাঙ্কের কাছ থেকে টাকা চেয়েছিল সেন্ট্রাল ব্যাঙ্ক টাকা দিয়েছে, এটা কি সত্য?

The Hon'ble Chittaranjan Roy :
সম্পূর্ণ মিথ্যা।

Shri Sailendra Nath Adhikary:
অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মিথ্যা কথাটা কি পার্লামেন্টারী?

The Hon'ble Chittaranjan Roy :
আমি উইথড্র করছি।

Shri Sudhir Chandra Das :
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি ভোলাঘরিয়া সেন্ট্রাল ব্যাঙ্কের কতকগুলি বিশিষ্ট ডিরেক্টার হ্যান্ড বিল ছাপিয়ে বিলি করেছে চারিদিকে যে দীঘা সম্মেলনের জন্য তাঁরা টাকা দিয়েছেন. একথা জানেন কিনা?

The Hon'ble Chittaranjan Roy :
এরকম ছাপা জিনিস আমার কাছে আসে নি।

Shri Balai Lal Das Mahapatra :
দীঘা সম্মেলনের জন্য কাঁথি মহকুমার বহু সমবায় সমিতিকে যে টাকা দিতে হয়েছে সে সম্বন্ধে আপনি অনুসন্ধান করবেন কিনা?

The Hon'ble Chittaranjan Roy :
যতক্ষণ না ২৩ হাজার সোসাইটির মধ্যে কোন সোসাইটির নাম লিখে পাঠান ততক্ষণ পর্যন্ত অনুসন্ধান করা সম্ভব নয়।

Shri Sudhir Chandra Das :
আপনাদের ডিপার্টমেন্টের মিনিষ্টারের কাছে ছাপান হ্যান্ড বিল পাঠান হয়েছে এটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি না?

The Hon'ble Chittaranjan Roy :
আমি জানি না।

Transport society within the area under Hijli Co-operative Society

*27. (Admitted question No. *200.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় হিজলী কো-অপারেটিভ সোসাইটির এলাকার মধ্যে কোন নূতন ট্রান্সপোর্ট সোসাইটি গঠিত হইয়াছে কি না এবং ঐ সমিতিকে বাসরুট মঞ্জুর করা হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে ঐ সমিতির নাম কি এবং কোন্ বাসরুট মঞ্জুর হইয়াছে?

[12-50—1-00 p.m.]

The Hon'ble Chittaranjan Roy :

হিজলি কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ-এর এলাকা সমস্ত মেদিনীপুর জেলায় বিস্তৃত। এই এলাকায় অন্যান্য ট্রান্সপোর্ট সোসাইটি গঠিত হইয়াছে। যতদূর সংবাদ পাওয়া গিয়াছে পরবর্তী সমিতিগুলির কোনটিই কোন বাসরুট পায় নাই।

(খ) পরবর্তী সমিতিগুলির নাম ঃ—

১। খেজুরী ট্রান্সপোর্ট কো-অপারেটিভ সোসাইটি, খেজুরী থানা।

২। অমর্শি কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ, থানা ভগবানপুর ও পটাসপুর।

৩। দাসপুর কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ, থানা দাসপুর।

৪। ঘাটাল কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ, মহকুমা ঘাটাল।

৫। তাম্রলিপ্ত কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ,

৬। ঝাড়গ্রাম কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ, ঝাড়গ্রাম।

Shri Sudhir Chandra Das :

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি পরবর্তী সমিতিগুলি যে গঠিত হয়েছে সেগুলি কোন সালে গঠিত হয়েছে?

The Hon'ble Chittaranjan Roy :

খেজুরী ট্রান্সপোর্ট সোসাইটি গঠিত হয়েছে ১লা ফেব্রুয়ারী ১৯৬১ সাল, অমর্শি কো-অপারেটিভ সোসাইটি গঠিত হয়েছে ৩রা নভেম্বর ১৯৬০ সাল। তারপর তমলুক এবং ঘাটাল সোসাইটি গঠিত হয়েছে ১৯৫৬ এবং ১৯৫৭ সালে। তাম্রলিপ্ত গঠিত হয়েছে ১৯৬১ সালে এবং ঝাড়গ্রাম গঠিত হয়েছে ১৯৬২ সালে।

Shri Sudhir Chandra Das :

আর কোন কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রেসানের জন্য দরখাস্ত করেছে কিন্তু তাদের মঞ্জুরী দেওয়া হচ্ছে না এ কথা মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Chittaranjan Roy :

দরখাস্ত করেছে। আমরা যে সমস্ত সমিতি গঠিত হয়েছে তারা বাস রুট পাচ্ছে না দেখে অকর্মণ্য সমিতি গঠন করব না বলে অপেক্ষা করছি।

Shri Sudhir Chandra Das :

সমিতির বাস রুট না পেলেও মঞ্জুরী দিতে মাননীয় মন্ত্রীমহাশয় কি অসুবিধা মনে করছেন?

The Hon'ble Chittaranjan Roy :

আইনে আছে ১ বছরের মধ্যে যদি কোন সোসাইটি কাজ না করে তাহলে সেই সোসাইটিকে লিকুইডেসানে দিতে হবে। কাজেই আমরা অপেক্ষা করছি, তাদের অবস্থা কি হয় সেটা দেখে করব।

Shri Balai Lal Das Mahapatra :

মেদিনীপুর সোলপাট্টা যে বাস রুট আছে সেটা কোন কো-অপারেটিভ সোসাইটির আন্ডারে?

The Hon'ble Chittaranjan Roy :

নোটিশ চাই।

Shri Balai Lal Das Mahapatra :

মেদিনীপুর জেলায় সোলপাট্টা রুটে যে ট্রান্সপোর্ট চলছে তা আপনি জানেন কি?

The Hon'ble Chittaranjan Roy :

ট্রান্সপোর্ট চলছে দেখেছি।

Shri Balai Lal Das Mahapatra :
মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন এই ট্রান্সপোর্টের সংগে আপনার কি কোন সম্পর্ক রয়েছে ?

The Hon'ble Chittaranjan Roy :
নিশ্চয়ই না।

Technical School at Contai

*28. (Admitted question No. *252.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথিতে কারিগরি বিদ্যালয় স্থাপনের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহার কার্য কতদূর অগ্রসর হইয়াছে এবং এজন্য কোন বিশেষ স্থান নির্বাচন হইয়াছে কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra :
(ক) কাঁথি সহরে কোনও কারিগরী বিদ্যালয় প্রতিষ্ঠা সম্বন্ধে সরকারী পরিকল্পনা নাই।
(খ) প্রশ্নটি ওঠে না।

Shri Sudhir Chandra Das :
মাননীয় মন্ত্রীমহাশয় এটা কি জানেন যে ২ বছর পূর্বে কোন পরিকল্পনা ছিল এবং সেখানে স্থান নির্বাচনের জন্য কংগ্রেস কমিটি থেকে অনেক খোঁজাখুঁজি করছিলেন?

The Hon'ble Sowrindra Mohan Misra :
কংগ্রেস কমিটি থেকে কি খোঁজাখুঁজি করছিলেন তা জানি না। একটা পরিকল্পনা আছে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার দক্ষিণপূর্ব অঞ্চলে একটা পলিটেকনিক স্থাপন করার প্রস্তাব আছে। সেই সূত্রে এখানে ওখানে কেউ জমি দেখতে পারেন।

Shri Sudhir Chandra Das :
এখন কি ঐ পরিকল্পনা মত কাজ করতে সরকার অগ্রসর হবেন?

The Hon'ble Sowrindra Mohan Misra :
আমি তো বলেছি এখনও সেই পরিকল্পনাটা আছে। এই পরিকল্পনা তৃতীয় পরিকল্পনার শেষ দিকে কার্যকরী করার আশা আমরা করছি।

Shri Sudhir Chandra Das :
দ্বিতীয় পরিকল্পনা কেন বললেন বুঝলাম না।

The Hon'ble Sowrindra Mohan Misra :
তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা বলেছি।

Shri Sudhir Chandra Das :
এই পরিকল্পনার জন্য কত স্থান দাবী করছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra :
কত জায়গা এখন বলা যায় না তবে অন্ততঃ পক্ষে ৫০ বিঘা না হলে ভাল হয়না এটা আমরা জানি।

Shri Balai Lal Das Mahapatra :
মন্ত্রীমহাশয় কি বলবেন কতদিন ধরে এই প্রচেষ্টা চলছে।

The Hon'ble Sowrindra Mohan Misra :
কতদিন ধরে প্রচেষ্টা চলছে তা বলতে পারি না।

Shri Sailendra Nath Adhikary :
মন্ত্রীমহাশয় কি এটা বলবেন যে এরকম কারিগরী বিদ্যালয় স্থাপন করতে হলে কি কি কণ্ডিসন দরকার এবং সেটা স্থাপন করার অনুকূল পরিবেশ সৃষ্টি করার জন্য কি কি করণীয় পাবলিকের তরফ থেকে প্রয়োজন?

The Hon'ble Sowrindra Mohan Misra :
সবচেয়ে অনুকুল পরিবেশ হচ্ছে টাকা। একটা পলিটেকনিক স্থাপন করতে গেলে ৩০।৪০ লক্ষ টাকা লাগে, সেটা হচ্ছে বড় কথা। তারপরে যেখানে করা হয় সেখানে জমি যাতে বিনা পয়সায় পাওয়া যায় তার জন্য চেষ্টা করা হয়।

Shri Balai Lal Das Mahapatra :
মন্ত্রীমহাশয় কি জানেন যে কাঁথি কংগ্রেস কমিটির তত্ত্বাবধানে একটা কমিটি গঠন করা হয়েছিল?

The Hon'ble Sowrindra Mohan Misra :
কাঁথি কংগ্রেস কমিটির তত্ত্বাবধানে কি কমিটি হয়েছিল, না হয়েছিল জানি না তবে কাঁথি থেকে রাসবিহারীবাবু এবং ত্রৈলক্ষ্যবাবু এসে দৌরাত্ম্য করে গেছেন সদলবলে যাতে কাঁথি অঞ্চলে একটি হয়।

Shri Sudhir Chandra Das :
সেখানে কারিগরী বিদ্যালয় হয়েছে। সরকার থেকে সেখানে কি দানের সম্পত্তি সব জায়গায় পেয়েছেন—আপনি বলেছেন দান পেলে ভাল হয়।

The Hon'ble Sowrindra Mohan Misra :
আমি তো বল্লাম যে অনেক জায়গা পেয়েছে এবং যাতে পাওয়া যায় তার চেষ্টাও করা হচ্ছে।

Shri Ananta Kumar Baidya :
কাঁথিতে একটা করবার জন্য কাঁথিবাসীদের পক্ষ থেকে কোন আবেদন পাওয়া গেছে কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra :
আমি তো বল্লাম যে আবেদন নিবেদন অনেক পাওয়া গেছে শুধু আবেদন নিবেদনই নয়, মেদিনীপুরের লোক সদলবলে এসে দৌরাত্ম্য করে গেছেন।

Provision of Mid-day tiffin in schools

***29.** (Admitted question No. *371.) **Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(a) whether there are any schools in West Bengal where arrangements for mid-day tiffins have been made by the school authorities;

(b) if so, the names of these Schools;

(c) whether the students of such schools are to pay fees for this tiffin

(d) if so, what is the Government circular, if any, in this respect;

(e) what is the method of catering;

(f) what is the method of checking for purity for foods given as tiffins and

(g) whether the Government is aware of any case of Jaundice and Enteritis developing from these foods in schools?

The Hon'ble Sowrindra Mohan Misra :

(a) Yes.

(b) List of Government Schools where mid-day tiffins are supplied is enclosed. Names of all private institutions where mid-day tiffins are supplied are not all available.

(c) Yes.

(d) There is no general circular. But there are different Govt. Orders sanctioning the schemes.

(e) Catering arrangement is made by the school authorities and also by such voluntary organisations as have been entrusted with supply of mid-day tiffin.

(f) Headmasters of the respective schools check purity of food given as tiffin.

(g) No.

Statement referred to in clause (b) in reply to starred question No. 29

List of Government Schools where arrangement for supply of mid-day tiffin has been made.

1. Hare School, Calcutta.
2. Hindu School, Calcutta.
3. Ballygunge Government High School, Calcutta.
4. Sanskrit Collegiate School, Calcutta.
5. Bethune Collegiate School (Girls), Calcutta.
6. Sakhawat Memorial Government Girls' High School (Girls) Calcutta.
7. Multipurpose Government Girls' School (Girls), Calcutta.
8. Barrackpore Government Girls' School, (Barrackpore).
9. Barasat Government High School, (Barasat).
10. Taki Government High School, (Taki).
11. Krishnagore Collegiate School (Krishnagore, Nadia).
12. Krishnagore Govt. Girls' High School (Krishnagore, Nadia).
13. Nawab Bahadur's Institution (Murshidabad).
14. Birbhum Zilla School, (Suri).
15. Bankura Zilla School, (Bankura).
16. Jhargram Rani Benode Manjari Govt. High School for Girls (Jhargram, Midnapore).
17. Hooghly Branch School, (Hooghly).
18. Hooghly Collegiate School (Chinsurah).
19. Uttarpara Govt. High School (Uttarpara, Hooghly).
20. Howrah Zilla School.
21. Purulia Zilla School, (Purulia).
22. Purulia Govt. High School for Girls (Purulia).
23. Darjeeling Government High School.
24. Victoria Boys' School, Kurseong.
25. Dow Hill Girls' School, Kurseong.
26. Jalpaiguri Zilla School (Jalpaiguri).
27. Jalpaiguri Govt. Girls' High School (Jalpaiguri).
28. Cooch-Behar Jenkin's School (Cooch-Behar).
29. Cooch-Behar Sunity Academy for Girls (Cooch-Behar).
30. Malda Zilla School (Malda).
31. Kalimpong Govt. High School (Kalimpong).

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid down on the table)

Theft of money from A.R.O. office, police-station Moyna, Midnapore

23. (Admitted question No. 1.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

১। (ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় ময়না থানার এ আর ও-র অফিস হইতে প্রায় ১০,৯৬৭·০,০ টাকা সম্প্রতি চুরি হইয়াছে,

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(১) এ আর ও মহোদয় উক্ত টাকা কতদিনে আদায় করিয়াছিলেন;

(২) উক্ত টাকা সঙ্গে সঙ্গে জমা দেওয়ার সরকারের কোন নির্দেশ ছিল কিনা,

(৩) অত টাকা তিনি কেন অফিসে রাখিয়াছিলেন,

(৪) উক্ত টাকা উদ্ধার হইয়াছে কি,

(৫) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Land and Land Revenue:

১। (ক) হ্যাঁ। ১০,৯৫৭·৮৯ নঃ পঃ চুরি হইয়াছে।

(খ) (১) এক সপ্তাহে।

(২) না।

(৩) নির্দেশ অনুযায়ী সপ্তাহের সমস্ত সঞ্চয় রাখিতে হইবে।

(৪) না।

(৫) পুলিসকে জানানো হইয়াছে এবং তাঁহারা আইন অনুযায়ী ব্যবস্থা করিতেছেন।

Artificial Cattle Breeding Centres in Malda

24. (Admitted question No. 64.) **Dr. Golam Yajdani:**

(ক) মালদহ জেলার কোন্ কোন্ থানায় কোথায় কোথায় এবং কয়টি কৃত্রিম গো-প্রজননকেন্দ্র আছে;

(খ) মালদহ জেলার যেসকল থানায় উক্ত কেন্দ্র নাই সেখানে এই ধরনের কেন্দ্র চালু করার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, কোন্ কোন্ স্থানে উহা প্রতিষ্ঠিত হইবে এবং কতদিনের মধ্যে চালু হইবে?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) মালদহ জেলায় ইংলিশবাজার, মানিকচক এবং কালিয়াচক এই তিনটি থানায় নিবিড় গবাদি পশু উন্নয়নের সূচী গৃহিত হইয়াছে। এই সকল থানায় এই পর্যন্ত ২১টি কৃত্রিম পশু প্রজননকেন্দ্র ও উপকেন্দ্র স্থাপন করা হইয়াছে। নিম্নলিখিত স্থানে এইগুলি অবস্থিত :—

ইংলিশবাজার থানা। (১) মালদহ, (২) অমৃতি, (৩) মিলকি, (৪) সাত্তগাড়ি, (৫) কোতোয়ালি, (৬) যদুপুর,

কালিয়াচক থানা।—(৭) কালিয়াচক, (৮) যদুপুর, (৯) বাঙিগটোলা, (১০) বৈষ্ণবনগর, (১১) মোথাবাড়ি, (১২) বীরনগর, (১৩) সিলামপুর, (১৪) মধুঘাট,

মানিকচক থানা।—(১৫) মানিকচক, (১৬) মথুরাপুর, (১৭) খয়েরতলা, (১৮) নাজিরপুর, (১৯) সৈয়দপুর, (২০) এনায়েৎপুর, (২১) রাজনগর।

(খ) মালদহ জেলায় বর্তমানে নূতন কোন কৃত্রিম পশু প্রজননকেন্দ্র খুলিবার পরিকল্পনা সরকারের নাই।

(গ) 'খ' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Repairs to the sluice-gate near Birampur in police-station Bagnan, Howrah

25. (Admitted question No. 95.) **Shri Kashi Kanta Maitra:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state whether the Government is aware that sluice-gate of the 4-mile long Birampur Canal near Birampur, police-station Bagnan (Howrah), has been lying broken for a long time resulting in the overflowing of saline water of Rupnarayan into about 6,000 bighas of paddy lands during flow tide and spring tide in the river?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state:

(i) the expensive damage caused to paddy cultivation by such incursion of saline water due to non-repair of the sluice-gate;

(ii) why no action has so far been taken to effect repair to this sluice-gate; and

(iii) what steps are being taken to restore this sluice-gate to its normal condition?

The Minister for Irrigation: (a) Due to normal wear and tear caused by saline action of water some of the wooden shutters of the sluice required replacement. The sluice was operative all along. No land was inundated

(b) (i) Does not arise.

(ii) and (iii) The draw shutters of the sluice-gate have already been thoroughly repaired and repairs to the flap shutters are in progress and are expected to be completed by 31st July, 1963.

Modified ration shops in the District of Nadia

26. (Admitted question No. 102.) **Shri Kashi Kanta Maitra:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় মোট কতগুলি সংশোধিত রেশনের দোকান আছে;

(খ) এ বছরে চাউলের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ফলে নদিয়া জেলায় কতগুলি অতিরিক্ত সংশোধিত রেশনের দোকান খোলা হয়েছে;

(গ) কৃষ্ণনগর কোতোয়ালী থানার মধ্যে কতগুলি অতিরিক্ত সংশোধিত রেশনের দোকান চালু করা হয়েছে;

(ঘ) নদিয়া জেলার মোট সংশোধিত রেশনের দোকানের সংখ্যা কত; এবং

(ঙ) উহাদের মধ্যে মোট কতগুলি দোকান চালু আছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (ঘ) ৮৬৬টি।

(খ) ১৬টি (গত এপ্রিল হইতে)।

(গ) তিনটি।

(ঙ) ৬২৭টি।

Sinking of deep irrigation tubewells

27. (Admitted question No. 114.) **Shri Birendra Narayan Roy:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether there is any proposal for sinking deep irrigation tubewells in the Lalbagh and Nabagram police-station, Murshidabad district, in 1963-64;

(b) if so, how many will be sunk in the said year, and

(c) the names of the mouzas where they will be sunk?

The Minister of State for Agriculture: (a) No, but there is a programme of sinking more deep tubewells in Murshidabad district and this proposal may be considered in future.

(b) and (c) Does not arise.

Government help to the political sufferers

28. (Admitted question No. 120.) **Shri Birendra Narayan Roy:**

গত ৩রা এপ্রিল তারিখে প্রদত্ত অতিরিক্ত ৫১৪নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ছয় বৎসরে যেসকল নির্যাতিত রাজনৈতিক ব্যক্তিদের সরকার সাহায্য দিয়াছেন তাঁহাদের—

(১) নাম,

(২) বর্তমান রাজনৈতিক পরিচয়,

(৩) প্রত্যেকের প্রাপ্ত সাহায্যের পরিমাণ?

The Minister for Finance:

(১) এবং (৩) নিম্নে উপস্থাপিত তালিকায় দ্রষ্টব্য।

(২) বর্তমানে তাঁহারা কোন রাজনৈতিক কার্যকলাপের সহিত জড়িত নহেন।

Lists referred to in reply to clauses (খ) and (গ) of unstarred question No. [illegible]

Name and amount.

In the year 1957-58

1 Sm. Kiron Bala Banerjee, Rs. 25 per month from 1st July, 1957
2 Sm. Sushama Rani Mazumdar, Rs. 30 per month from 1st January, 1958.
3 Shri Satish Ch. Dey, Rs. 30 per month from 1st July, 1957.
4 Shri Bibhuti Bhusan Dutt Roy, Rs. 150 lump.
5 Shri Dhirendra Nath Chakraborty, Rs. 250 lump.
6 Shri Madhusudan Das, Rs. 200 lump.
7 Shri Benode Behari Dutta, Rs. 100 lump
8 Shri Adindra Nath Mazumdar, Rs. 200 lump.
9 Shri Gopendra Ch. Roy, Rs. 200 lump.
10 Shri Mohini Mohan Hore, Rs. 250 lump.
11 Shri Sital Chandra Banerjee, Rs. 250 lump.
12 Sm. Saila Bala De, Rs. 150 lump.
13 Sm. Ashalata Basu, Rs. 200 lump.
14 Shri Manmatha Nath Pal, Rs. 200 lump.
15 Shri Bijoy Kumar Dutta, Rs. 250 lump.
16 Shri Nityananda Sarkar, Rs. 150 lump.
17 Shri Keshab Sen Gupta, Rs. 350 lump.
18 Shri Lalit Mohan Das, Rs. 200 lump.
19 Shri Tarak Nath Saha, Rs. 250 lump.
20 Shri Balai Lal Roy, Rs. 200 lump
21 Shri Kamal Krishna Modak, Rs. 200 lump.
22 Sm. Niva Rani Basu, Rs. 150 lump.
23 Shri Kamala Kanta Srimani, Rs. 100 lump.
24 Shri Udayanarayan Misra, Rs. 150 lump.
25 Shri Pramatha Nath Bhowmik, Rs. 300 lump.
26 Shri Hem Nalini Bishi, Rs. 250 lump.
27 Shri Ganga Charan Datta, Rs. 200 lump.
28 Shri Mohin Mohan Sen Gupta, Rs. 150 lump
29 Shri Mukundhari Sinha, Rs. 200 lump.
30 Shri Himangsu Sekhar Bera, Rs. 100 lump.
31 Sm. Biva Rani Ghosh, Rs. 200 lump.
32 Shri Baroda Prasad Dutt, Rs. 500 lump.
33 Shri Chandra Kanta Rana, Rs. 200 lump.
34 Shri Manik Chandra Dhole, Rs. 100 lump.
35 Sm. Kumudini Sahoo, Rs. 150 lump.
36 Shri Hari Nandan Sandhi, Rs. 250 lump.
37 Shri Nripen Choudhury, Rs. 250 lump.
38 Shri Sasanka Lal Mukherjee, Rs. 150 lump.
39 Shri Satish Ch. Brahmachari, Rs. 150 lump.
40 Shri Gopi Pada Biswas, Rs. 200 lump.
41 Shri Debendra Ch. Acharjee, Rs. 250 lump.
42 Shri Kartick Ch. Roy, Rs. 100 lump.
43 Shri Netai Jana, Rs. 250 lump.

During the year 1958-59

1 Shri Satish Ch. Chakraborty, Rs. 100 per month from 1st May, 1958.
2 Dr. Indra Narayan Sen Gupta, Rs. 100 per month from 1st August, 1958.
3 Sm. Prafulla Bala Dutta Roy, Rs. 30 per month from 1st August, 1958 to 31st July, 1960.

4 Sm. Khirode Basini Raha, Rs. 20 per month from 1st December, 1958.
5 Shri Surendra Nath Adhikary, Rs. 20 per month from 1st January, 1955.
6 Sm. Sura Bala Basu, Rs. 40 per month from 1st January, 1959.
7 Shri Kaliprasad Banerjee, Rs. 50 per month from 1st January, 1958 to 31st October, 1959.
8 Shri Adindra Nath Mazumdar, Rs. 200 lump.
9 Shri Naresh Ch. Choudhury, Rs. 250 lump.
10 Shri Indu Bhusan Mazumdar, Rs. 250 lump.
11 Shri Sukumar Ghosh, Rs. 200 lump.
12 Shri Rabin Chatterjee, Rs. 200 lump.
13 Shri Anil Kr. Chakraborty, Rs. 300 lump.
14 Shri Amar Nath Banerjee, Rs. 200 lump.
15 Shri Madhusudan Das, Rs. 200 lump.
16 Shri Kenaram Pal, Rs. 200 lump.
17 Shri Dhirendra Mohan Roy, Rs. 300 lump.
18 Shri Kanan Behari Goswami, Rs. 350 lump.
19 Shri Beni Madhab Giri, Rs. 300 lump.
20 Shri Krishna Lal Burman, Rs. 250 lump.
21 Shri Harendra Nath Dutta, Rs. 200 lump.
22 Shri Purna Ch. Chaki, Rs. 250 lump.
23 Shri Bijoy Kumar Saha, Rs. 350 lump.
24 Shri Indra Ch. Mukherjee, Rs. 250 lump.
25 Shri Tulsidas Ghosh, Rs. 350 lump.
26 Shri Pranoylal Mukherjee, Rs. 300 lump.
27 Sm. Saraju Bala Debi, Rs. 240 lump.
28 Shri Prafulla Kr. Choudhuri, Rs. 350 lump.
29 Shri Harihar Bhattacharjee, Rs. 750 lump.
30 Sm. Gita Rani Kar, Rs. 350 lump.
31 Shri Jatindra Mohan Ghosh, Rs. 200 lump.
32 Shri Jamini Kanta Sinha, Rs. 100 lump.
33 Shri Bhabatosh Das, Rs. 300 lump.
34 Shri Chandi Charan Dutta, Rs. 250 lump.
35 Shri Sibnath Samajdar, Rs. 150 lump.

During the year 1959-60

1 Shri Srish Ch. Das Gupta, Rs. 50 per month from 1st April, 1959.
2 Shri Jyotish Ch. Nandi, Rs. 50 per month from 1st April, 1959.
3 Shri Gourhari Biswas, Rs. 30 per month from 1st January, 1959.
4 Shri Indra Nath Nandi, Rs. 50 per month from 1st July, 1959.
5 Shri Lalit Mohan Basak, Rs. 350 lump.
6 Shri Sudhindra Nath Ghosh, Rs. 350 lump.
7 Shri Amulya Ratan Ghosh, Rs. 200 lump.
8 Shri Parimalendu Ghosh, Rs. 350 lump.
9 Shri Charu Bikash Dutta, Rs. 300 lump.
10 Shri Narendra Ch. Burman, Rs. 350 lump.
11 Shri Nagendra Ch. Sinha Roy, Rs. 250 lump.
12 Shri Rathindra Nath Guha, Rs. 350 lump.
13 Shri Sukhendu Bikash Dutta, Rs. 750 lump.
14 Sm. Nilima Choudhury, Rs. 450 lump.
15 Sm. Sarala Bala Dutta, Rs. 400 lump.
16 Sm. Sailaja Bala Ghosh, Rs. 600 lump.
17 Shri Atul Krishna Basu, Rs. 500 lump.
18 Shri Y. M. Das, Rs. 600 lump.
19 Shri Bhola Singh, Rs. 250 lump.

20 Shri Jyotish Ch. Dutta, Rs. 300 lump.
21 Shri Satyen Choudhury, Rs. 400 lump.
22 Shri Tara Kishore Bardhan, Rs. 350 lump.
23 Sm. Snehashila Choudhury, Rs. 300 lump.
24 Shri Satındra Nath Guha, Rs. 350 lump.
25 Shri Rabin Chatterjee, Rs. 200 lump.
26 Shri Sital Banerjee, Rs. 300 lump.
27 Sm. Rani Bala Dutta Bhowmik, Rs. 300 lump.
28 Shri Nanda Lal Banerjee, Rs. 300 lump.
29 Shri Krishnapada Bera, Rs. 350 lump.
30 Shri Haridas Nag, Rs. 300 lump.
31 Shri Purna Ch. Goswami, Rs. 350 lump.
32 Shri Nalin Ch. De, Rs. 200 lump.
33 Shri Ahi Bhuson Mukherjee, Rs. 300 lump.
34 Shri Jasoda Kumar Biswas, Rs. 250 lump.
35 Shri Priyabrata Bhattacharjee, Rs. 500 lump.
36 Shri Makhan Lal De, Rs. 300 lump.
37 Shri Kartick Ch. Roy, Rs. 200 lump.
38 Shri Ramapada Chatterjee, Rs. 150 lump.
39 Shri Bibhuti Bhusan De, Rs. 350 lump.
40 Shri Birendra Narayan Roy, Rs. 250 lump.
41 Shri Jaharlal Mandal, Rs. 250 lump.
42 Shri Rakhal Ch. Pal, Rs. 150 lump.
43 Shri Sitendu Bhusan Dutt Roy, Rs. 250 lump.
44 Shri Anil Kr. Bagchi, Rs. 500 lump.
45 Sm. Sunila Ghosh, Rs. 250 lump.
46 Shri Manmatha Nath Sen, Rs. 200 lump.
47 Shri Haripada Ghosh, Rs. 250 lump.
48 Shri Dhirendra Lal Dastidar, Rs. 350 lump.
49 Dr. Jatish Ghosh, Rs. 500 lump.
50 Shri Manindra Lal Choudhury, Rs. 350 lump.
51 Shri Nibaran Ch. Pal, Rs. 300 lump.
52 Shri Keshab Ch. Ghosh, Rs. 200 lump.
53 Shri Dwarika Roy, Rs. 450 lump.
54 Sm. Pritirenu Das, Rs. 300 lump.

In the year 1960-61

1 Sm. Anjali Guha, Rs. 12.50 nP. per month from 1st August, 1959.
2 Sm. Rama Guha, Rs. 12.50 nP. per month from 1st August, 1959.
3 Sm. Sarajini Ghosh, Rs. 30.00 per month from 1st April, 1960.
4 Shri Abala Kanta Gupta, Rs. 30.00 per month from 1st April, 1960.
5 Dr. Jatish Ghosh, Rs. 50.00 per month from 1st May, 1960.
6 Shri Rashiklal Das, Rs. 75.00 per month from 1st January, 1960.
7 Swami Mokshananda Giri, Rs. 50.00 per month from 1st July, 1960.
Swami Jibananda Giri, Rs. 20.00 per month from 1st July, 1960.
9 Shri Samiresh Chandra Ghosh, Rs. 30.00 per month from 1st April, 1960.
10 Shri Sachinandan Adhikari, Rs. 60.00 per month (T. B. Grant).
11 Shri Patul Chandra Mitra, Rs. 60.00 per month (T. B. Grant).
12 Shri Samiresh Ghosh, Rs. 2,010 lump (arrear).
13 Shri Ganesh Ch. Singh, Rs. 250 lump.
14 Sm. Sushangini Dutta, Rs. 250 lump.
15 Shri Muchiram Mondal, Rs. 250 lump.
16 Shri Priya Bandhu Banerjee, Rs. 300 lump.
17 Shri Apurba Mukherjee. Rs. 500 lump.

18 Sm. Murala Das Gupta, Rs. 350 lump.
19 Shri Dhara Nath Bhattacharjee, Rs. 400 lump.
শ্রী আনন্দ গোপাল মুখোপাধ্যায় : মাননীয় স্পীকার মহাশয়, আমার যতটা সময় চলে গেছে দয়া করে সেটা আমাকে দেবেন। এখানে অনেক কথা উঠেছে, কয়েকজন সদস্য বলেছেন যে ৪ লক্ষ টন ডেফিসিট ছিল সেটা নাকি ২২ লক্ষ টন হয়ে গেল। আমি সবিনয়ে আপনার মাধ্যমে বলতে চাই এই হাউসের মাঝে ৪ লক্ষ টন উৎপাদন কম হয়েছিল গত বছরের তুলনায়, কিন্তু ডেফিসিট ৪ লক্ষ টন নয়। এবং সেটা কেউ বলেননি হাউসের মধ্যে ট্রেজারী বেঞ্চ থেকে। আজকে এই ২২ লক্ষ টন হিসাব যদি ধরি তাহলে দেখতে পাবো এই রাজ্যে গম খাওয়া একটু বেশী আরম্ভ হয় ১৯৫৯ সাল থেকে। তখন প্রায় ৬০ লক্ষ ৫৫ হাজার টন গম বাংলাদেশের সমস্ত মানুষ চাল ছাড়া খেয়েছিল। তারপর একটু একটু করে গম খাওয়া চলে এসেছে, হয়ত কোন বছর চালের উৎপাদন বেড়েছে, গম খাওয়াও কমেছে, এভাবে আস্তে আস্তে এভারেজে আমরা যা দেখছি ৫।৬ লক্ষ টন গম বংলাদেশের মানুষ গড়ে খাচ্ছে। সে হিসাব ধরে ১৭ লক্ষ টন চালের ঘাটতি আমাদের আছে, তার সংগে এই ৫।৬ লক্ষ টন যা গম আমরা খাই সেটা ধরলে ঘাটতি মোট দাঁড়ায় ২২।২৩ লক্ষ টন। গম এবং চাল ধরেই আমাদের তথ্য আমাদের সামনে এসেছে এই হাউসে। এখন খাদ্য আলোচনায় অংশ গ্রহণ করে আমার একটা কথা মনে হচ্ছে এই জরুরী পরিস্থিতিতে এই সমস্যাটা আমরা ঠিকভাবে তুলে ধরতে পারি কিনা এবং তার সমাধান করার জন্য আমাদের সামনে আমরা কোন কিছু পরিকল্পনা দিতে পারি কিনা। কিন্তু আমাদের চিন্তাধারা সেদিকে নেই। প্রথমে বিরোধী পক্ষের বন্ধুদের কাছে কি শুনেছি, তাঁরা বলেছেন পশ্চিমবংগের মুখ্যমন্ত্রিমহাশয় তাঁর পরিবর্তিত খাদ্য নীতি সম্বন্ধে আলোচনা করুন। আগে নীতি সম্বন্ধে আলোচনা হোক, এই নীতির ভিত্তি সম্বন্ধে আলোচনা হোক, তারপর সেই নীতির পরিবর্তনের প্রয়োজন আছে কিনা তা বিবেচিত হবে।

[2-40—2-50 p.m.]

আমরা এই খাদ্য সম্বন্ধে যদি আলোচনা করতে যাই মিঃ স্পীকার, তাহলে কি দেখতে পাই? আমরা দেখবো দেশ স্বাধীন হবার পর বাংলাদেশ খাদ্যে ঘাটতি থাকা সত্ত্বেও অত্যন্ত দুঃসময়ের মধ্য দিয়ে এগিয়ে আসতে হয়েছে এবং সময় সময় কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবংগ সরকার খাদ্য সম্বন্ধে নূতন নীতি গ্রহণ করেছে এবং পরিবর্তনও তার সংগে সংগে করতে হয়েছে। তাই বাংলাদেশকে এক সময় কম্‌প্লিট রেশনিং এর মধ্য দিয়ে যেতে হয়েছিল। কম্‌প্লিট রেশনিং-এর ফল কি হয়েছে? খোলা বাজারে এক ছটাক চালও যায়নি, সেখানে

কর্ডন করে চালের মুভমেন্ট বন্ধ করতে হয়েছে, যারা চাষী তাদের ঘর থেকে উদ্বৃত্ত না হোক যেমন খবর পাওয়া গেছে সরকারকে গিয়ে তার ঘর থেকে জোর করে চাল নিয়ে আসতে হয়েছে, এই অবস্থার মধ্য দিয়ে সরকার এগিয়ে গেছে। সেই অবস্থার মধ্য দিয়ে সরকার এগিয়ে গেছেন। কিন্তু দেশজোড়া বিক্ষোভ এক দিকে যেমন দেখা দিয়েছে তেমনি আর এক দিকে আমরা দেখছি দেশের মানুষ একটা জেলায় বেশী একটা জেলায় কম এই সামান্য দামের ফারকের জন্য রুজিরোজগারের উদ্দেশ্যে অন্যায়ের পথে নেমে গেছেন হাজারে হাজারে নয় লাখে লাখে। আজকে তাই দেখে খাদ্য পরিস্থিতির কথা এবং তার সমাধনের কথা চিন্তা করতে হয়েছে। আমরা সেখানে কর্মাপ্লট কন্ট্রোল চাইব কিনা, আমরা সেখানে কর্ডনিং করব কিনা, রেশনিং ইন্ট্রোডিউস করব কিনা এইসব কথা চিন্তা করার প্রয়োজন আছে। আর যদি প্রোকিওরমেন্টের কথা এখানে আলোচনা না করে আমরা শুধু মূল্য নির্ধারণের কথা ভাবি তাহলে মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি বিরোধী পক্ষের নেতা যাঁকে আমরা সকলেই শ্রদ্ধা করি সেই হেমন্তবাবুকে বলব মেটা কমিটির রিপোর্ট আপনি ভাল করে পড়ুন। গত কয়েক বছরের খাদ্য নীতি পর্যালোচনা করলে দেখব আমরা যেমন চালের অভাব দেখে চাল কি করে বেশী পাব, দাম কি করে কমাব সে কথা ভেবেছি তেমনি ধান চালের দামকে বেঁধে দিয়ে চাষীকে প্রোটেকসান দেব কি করে সে কথাও আমাদের চিন্তা করতে হয়েছে। আজ তাই হেমন্তবাবুকে প্রশ্ন করি তিনি আজকে বাংলাদেশের মধ্যে কলকাতার মানুষের কথা চিন্তা করে ২২ টাকার কথা ভাবছেন, না গ্রামের মানুষের কথা চিন্তা করে ধানের দাম ১৪ টাকা সেই কথা ভাবছেন? এই কথার উত্তর তিনি দেবেন। আমার সময় চলে গেছে, স্পীকার মহাশয়, আমাকে আরো দুই মিনিট সময় দেবেন।

[At this stage the speaker having reached time limit resumed his seat.]

Shri Apurba Lal Majumder:

মাননীয় স্পীকার মহাশয়, গতকাল মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের বক্তৃতা এবং আজকে এদিকের সদস্য সিদ্ধার্থ শঙ্কর রায় এবং ওদিকের আনন্দ গোপাল মুখার্জীর বক্তৃতা আমি অত্যন্ত মনোনিবেশ সহকারে শুনেছি এবং শুনে আমার কাছে এটাই পরিষ্কার হয়ে উঠেছে যে গত ৭ই জুলাই তারিখে নদীয়া জেলাতে ফিপ্থ এনুয়েল কনভেনসন অব দি ফেডারেসন অব ফুডগ্রেইন ডিলার্স এসোসিয়েসন-এর যে সভা হয়েছিল সেই সভায় দাঁড়িয়ে হোর্ডার এবং প্রফিটিয়াররা যেভাবে তাদের বক্তব্য রেখেছেন ঠিক সেই একই সুর আনন্দবাবুর মুখ থেকে এবং মুখ্যমন্ত্রী শ্রীসেনের মুখ থেকে বেরিয়েছে। সেই কনভেনসন অব দি ফেডারেশন অব ফুডগ্রেইন ডিলার্স এসোসিয়েসন-এ শ্রী এস কে পাতিল এবং আমাদের ডিফেন্স মিনিষ্টার চাবন উপস্থিত ছিলেন। সেই মিটিং-এ তাঁদের উপস্থিতিতে যাঁরা ফুডগ্রেন ডিলার্স তাঁরা সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব গ্রহণ করলেন। প্রস্তাবটা হল এই যে দেয়ার হ্যাজ বিন স্লো বাট স্টেডি ডিক্লাইন ইন প্রাইসেস, যেখানে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হতে পারে যে there has been a steady decline, though slow, but there has been a steady decline in prices
সেই সভায় প্রতিরক্ষা মন্ত্রী চাবন এবং ফুড মিনিষ্টার পাতিল উপস্থিত ছিলেন। সেই সভাতে সরকারকে চোখ রাঙিয়ে বলে দেওয়া হল যে তোমরা আমাদের এই যে মুনাফাখোরদের বা মুনাফা লুঠবার যে অবাধ সুযোগ সেই সুযোগে হস্তক্ষেপ করতে পারবে না। শুধু তাই নয়, তারা সরকারকে চোখ রাঙিয়ে বলে দিয়েছে যে দোকানের বাইরে এসেনসিয়াল গুডসের যে প্রাইস লিস্ট টাঙ্গিয়ে দেওয়া হচ্ছে এটা অত্যন্ত এক্সট্রিমলি অনারাস, এটাকে সরিয়ে দিতে হবে। প্রফিটিয়ার এবং হোর্ডাররা যে কথা বলেছিলেন সেই কথার ধ্বনি, সেই একই সুর আমাদের এখানকার ফুড মিনিষ্টার এবং আনন্দ বাবুর মুখ থেকে আমরা শুনতে পাচ্ছি।

প্রথম বক্তব্য রেখেছেন যে কৃষকদের হাতে—উৎপাদক যারা তারা ধান নিজেদের কুক্ষিগত করে রেখেছে, সেজন্য চালের দাম বেড়েছে। আমি জিজ্ঞাসা করি আনন্দবাবুকে, তিনি অনেক স্ট্যাটিসটিক্স

দিয়ে গেলেন এবং শ্রীসেনও অনেক স্ট্যাটিসটিক্স দিয়েছেন, যে কোন কৃষকের হাতে জমি আছে। তিনি নিশ্চয়ই স্বীকার করবেন যে ন্যাশনাল স্যাম্পল সার্ভে একথা বলে ৩৪ পারসেন্ট যারা রুরাল পিপ্‌ল তাদের হাতে এক একরের কম জমি আছে, বলুন তারা হোর্ডাস, উৎপাদক হিসাবে তারা সেই ধান নিজেদের কুক্ষিগত করে রেখেছে। শুধু তাই নয়, ন্যাশনাল স্যাম্পল সার্ভে একথা বলে, গ্রামের ৭০ ভাগ লোকের কাছে দেশের মোট জমির ১শত ভাগের ১৬ ভাগ আছে এবং এই ৭০ ভাগের লোকের নিজেদের ৬ মাসের বেশী খোরাক চলেনা। সুতরাং গ্রামের এই ৭০ ভাগ লোক তারা যে জমি চাষ করে তাতে তাদের ধান চাল গুদামজাত করে রাখবার মত সামর্থ্য নেই, তার কারণ নিজেদের দিন গুজরান করার মত অবস্থা তাদের নেই কিন্তু অন্যদিকে শতকরা ৫ জন বা ২।২৷৷ জন ব্যক্তির হাতে যে ৩৮ ভাগ জমি রয়েছে সেই মজুতদার বা জোতদার শ্রেণীর কাছে উদ্বৃত্ত ধান সেই শতকরা ২৷৷ ভাগ মানুষের হাতে যেতে পারে তাদের বিরুদ্ধে কংগ্রেস সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন? একথা বার বার আমরা বলেছি কিন্তু সরকারের তরফ থেকে তার কোন জবাব আমরা পাইনি। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে আমাদের দেশের সাধারণ লোকের অর্থনৈতিক অবস্থা কি। গ্রামের শতকরা ৭০ ভাগ লোকের ৬ মাসের খাবার জোটেনা, আমাদের দেশের শতকরা ৬০ ভাগ মানুষের মাসিক ইনকাম ২১ টাকা অথচ ২ বছর আগে এক্সপার্টরা একথা বলেছেন যে একজন মানুষকে শুধু ফুডগ্রেনের জন্য খরচ করা দরকার কমপক্ষে ৩৫ টাকা দ্যাট ইজ দি এক্সপার্টস ওপিনিয়ান। দুবছর আগে এক্সপার্টরা এই ওপিনিয়ন দিয়েছেন যে ৩৫ টাকা একজন মানুষের খেতে লাগবে, মিনিমাম নিউট্রিসানাল ফুড যদি হেলথ মেনটেন করতে হয়। কৈ কংগ্রেস সরকারের কাছ থেকে তো এ বিষয়ে একটা কথাও শুনলাম না। প্লানিং কমিশন একথা বলেন যে আমাদের দেশের শতকরা ৬০ ভাগ লোকের মাথাপিছু ইনকাম মাত্র ২১ টাকা, য়্যাভারেজ ন্যাশনাল ইনকাম যেখানে ২৫ টাকা তার চেয়েও কম। কাজেই এই ৩৫ টাকা মিনিমাম নেসেসিটি ফর ফুডগ্রেনস সেটা দিয়েও লোককে বাঁচিয়ে রাখবার চেষ্টা আপনারা করেননি। স্যার, দুর্ভিক্ষ নেই বলে কালকে তিনি ঘোষণা করেছেন এবং বলেছেন দুর্ভিক্ষ হতে দেবেন না। সত্যই তো দেশে যখন চাল পাওয়া যাচ্ছে, গম পাওয়া যাচ্ছে তখন দুর্ভিক্ষ কিসের? কিন্তু তাদের কি কেনবার ক্ষমতা আছে? প্লানিং কমিশনের স্পেশাল প্যানেল, এগ্রিকালচার প্যানেল বা ইকনমিক প্যানেল যেভাবে আছে তার রিপোর্ট দেখালে দেখতে পাবেন আমাদের দেশের শতকরা ৭৫ জন লোকের যা অর্থনৈতিক অবস্থা তাতে তাদের চাল কিনে খাবার মত অবস্থা আছে কিনা। কাজেই চালের দাম যে ঊর্দ্ধগতিতে চলেছে তাকে রোধ করার জন্য আমার বক্তব্য রেখেছি। আনন্দবাবু চীৎকার করে বল্লেন যে আমি জানতে চাই শ্রদ্ধেয় হেমন্তবাবুর কাছে থেকে যে কি করে চালের দাম কমিয়ে আনতে পারেন। আমি তাঁকে এবং মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি যে আমাদের দেশে যখন চালের প্রোডাকসন কম হচ্ছে সেই অবস্থায় এ বছর ৫০ কোটী টাকা রিজার্ভ ব্যাঙ্কের মাধ্যমে ঐ ট্রেডার্স আর হোডার্সদের কেন দিয়েছেন ব্যবসা করার জন্য। লজ্জা হওয়া উচিত আপনাদের কিন্তু নির্লজ্জতার মাথা আপনারা খেয়েছেন।

[2-50—3-00 p.m.]

লজ্জা আপনাদের হবে না। আপনারা কি বলতে চান যে গ্রামের যারা গরীব চাষীকৃষক তাদের বেলাও ঐ রিজার্ভ ব্যাঙ্ক থেকে তারা পায় না। রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্টে এই কথা বলছে যে যে টাকা আমরা এ্যাডভান্স করি তার ৮৫ পারসেন্ট ফুডগ্রেন ডিলার তারা নেয়। এবং সেজন্য ধান চালের দাম বেড়ে যায়। রিজার্ভ ব্যাঙ্কের বুলেটিনের পর কংগ্রেস সরকার তো কৈ এগিয়ে আসেন নি। ফুডগ্রেন ডিলার কোটি কোটি টাকা ব্যাঙ্ক থেকে নিয়ে তারা এই কারবার করেন, হোর্ড করেন, গ্রামে গ্রামে বিভিন্ন জায়গায় ওয়ারহাউস তৈরী করে মাল লুকিয়ে রাখবার চেষ্টা করেন। তাদের বিরুদ্ধে কৈ একটি কথাও তো বল্লেন না। আজকে কনজিউমারদের জন্য কিছুই করা হচ্ছে না ঐ হোর্ডার এবং প্রফিটিয়ারদের কাছে জানি তাদের বিবেকের অপমৃত্যু হয়েছে। কাজেই তাদের কাছ থেকে আমরা কিছুই আশা করতে পারি না। যাদের বিবেকের অপমৃত্যু হয়েছে যারা দাসখত লিখে দিয়েছেন ঐ হোর্ডার এবং প্রফিটিয়ারদের কাছে আজ গ্রামের আড়াই জন লোক তারা গ্রামের ৩৮ ভাগ জমি

দখল করে রেখেছেন এবং গ্রামের সমস্ত কৃষককে শোষণ করে নিজেদের আর্থিক অবস্থা ভাল করেছেন। তাদের বিরুদ্ধে একটি কথাও শুনি না। আমাদের পপুলেসন বেড়ে গেছে ম্যালথুসিয়ান থিওরি উচ্চারণ করে প্রচার করা হচ্ছে যে লোকসংখ্যা বেড়ে গেছে আমরা তাই খেতে দিতে পারবো না। আমি জিজ্ঞাসা করি ম্যালথুসিয়ান থিওরি যেমন আপনারা দেখাচ্ছেন কিন্তু গত ১৫ বছরের মধ্যে দেশের ফুড প্রডাকসন বাড়াবার জন্য আপনারা কি করেছেন এই সমস্ত এলিমেন্টারী ইকনমিক্সের কথা আমরা শুনতে রাজী নই। প্রফেসার দান্তেওয়ালা, প্রফেসার ভি কে আর ভি রাও যিনি প্ল্যানিং কমিশনের অন্যতম মেম্বার যদি তাঁদের কথা বলি তাহলে দেখবেন যে তাঁরাও বলছেন কংগ্রেস রাজত্বের মধ্যে গত ১৫ বৎসরের মধ্যে আমাদের দেশের উৎপাদন বাড়ে নি। প্রফেসার ভি কে আর ভি রাও যিনি দিল্লী স্কুল অব ইকনমিক্সের চেয়ার এবং যিনি প্লানিং কমিশনের মেম্বার তিনি ঐ কথা বলছেন যে আমাদের পপুলেসন বেড়েছে কিন্তু আমরা আমাদের দেশের পার একর প্রডাকসন অব ফুডগ্রেনস আমরা বাড়াতে পারি নি। এই যদি দেশের অবস্থা হয় সেখানে দেখবেন পপুলেসন আমাদের প্রতি বছর বাড়ছে ২·১ পারসেন্ট করে। এরিয়া অব কালটিভেসন আমাদের দেশে ২·৮ পারসেন্ট বেড়ে গেছে কিন্তু পার একর ইল্ড খুব বাড়ে নি অনলি ১ পারসেন্ট। কাজেই অপদার্থতার অক্ষমতার জন্য যে সরকার নিজেদের দেশের ফুড প্রডাকসন বাড়াতে পারে নি সেই অপদার্থ সরকার ঐ পুরানো ম্যালথুসিয়ান থিওরি আমাদের কাছে শুনিয়ে একথা বলছেন যে আমাদের কোন উপায় নেই কিন্তু স্মরণ রাখতে হবে যে পৃথিবীর মধ্যে পাকিস্তানের চেয়ে পার ইল্ড একর পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষে কম। শুধু পশ্চিমবঙ্গে কেন ভারতবর্ষে পার ইল্ড একর সমস্ত পৃথিবীর চেয়ে কম । এবং কংগ্রেস মিনিষ্ট্রির মধ্যে পশ্চিমবাংলায় পার ইল্ড একর ভারতবর্ষে অন্য জায়গা থেকে কম। আমাদের পার ইল্ড একর আমাদের দেশে যদি পাউন্ড হিসাবে ধরি তাহলে পশ্চিমবাংলায় পার ইল্ড একর মাত্র ৩৬৮ পাউন্ডস। মাদ্রাজে পার ইল্ড একর ১,৩৫১ পাউন্ড। এবং এইভাবে আমরা দেখতে পাচ্ছি যে নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য কতগুলি পুরানো থিওরি তুলে ধরে আত্মপ্রবঞ্চনা করা যায় কিন্তু দেশের মানুষের সত্যিকারের মঙ্গল করা যায় না। আমরা এই প্রসঙ্গে সেদিন এই কথা বলবার চেষ্টা করেছিলাম যে কেন এগ্রিকালচারল ফুড প্রডাকসন বাড়াবার জন্য আপনাদের হাতে যথেষ্ট ক্ষমতা আছে। ডি আই রুলসের ১২৪ ধারা আছে—প্রচুর শক্তি আপনারা নিয়েছেন দেশের ফুড প্রডাকসন বাড়াবার জন্য আপনাদের এগ্রিকালচারাল অগমেন্ট ১২৪ নং ডি আই রুলস আছে কিন্তু সেটা কি কোথাও প্রয়োগ করেছেন হোর্ডারের বিরুদ্ধে? ১২৫ ধারা আছে, ১২৫ নং রুল প্রয়োগ করে যে কোন লোক হোর্ড করছে তাদের বাড়ীতে ঢুকে সেই মাল বের করে আনার ক্ষমতা সরকারের আছে এবং কেন্দ্রীয় সরকারের সেই ক্ষমতা আছে।

এখানকার সরকার এবং কেন্দ্রীয় সরকার, দুই সরকারের হাতেই ক্ষমতা আছে কিন্তু কেউই সেই ক্ষমতা প্রয়োগ করছেন না। যেমন এন্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট আছে। এসেনসিয়াল কমোডিটিজ অ্যাক্ট আছে। সবার উপরে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস আছে। সেই রুলস অনুসারে যেসমস্ত হোর্ডারস, ব্লাক মার্কেটিয়ার্স এবং প্রফিটিয়ার্স, যারা হাজার হাজার মণ, লক্ষ লক্ষ মণ চাল গুদামজাত করে রেখেছে, তাদের সেই চাল নিয়ে আসুন এবং সেই প্রাইস লেভেল-এ নিয়ে আসুন সেটা সাধারণ মানুষের কিনবার ক্ষমতার মধ্যে হবে, সেই ক্রয় ক্ষমতায় নাবিয়ে আনুন খাদ্যের দাম। কিন্তু সেই খাদ্যের দাম আপনারা নাবিয়ে আনতে চান না। কিন্তু অন্য দিকে আপনারা চান আন-কন্ট্রোলড্ ইকনমি। যার জন্য সেই প্রফিটিয়ারস্ এবং হোর্ডারসদের আপনারা সম্পূর্ণ ক্ষমতা দিচ্ছেন যে তোমরা যে কোন দামে বিক্রয় করতে পারো এবং তারাও কমপ্লিট মনোপলি করে দাম আদায় করছে। আমাদের দেশের গরীব সাধারণ মানুষ আজকে এই সমস্ত প্রফিটিয়ার্সদের হাতে জর্জরিত হচ্ছে। যার ফলে পুরুলিয়া এবং বাংলাদেশের বিভিন্ন জায়গায়, গ্রামে গ্রামে হাহাকার দেখা দিয়েছে, মানুষ না খেয়ে মরছে। সেই মৃত দেহের উপর দাঁড়িয়ে এরা বলতে পারেন আলোচনা করে যে, আমাদের দেশে খাদ্য সংকট নেই, খাদ্যের হাহাকার নেই, খাদ্যসংকট দেখা দেয়নি। এই যে, নির্লজ্জ চেহারা এবং এই যে বুটলিকিং অব দি হোর্ডারস্ এন্ড প্রফিটিয়ার্স এই চেহারা বাংলা দেশের মানুষ আজ চিনতে পেরেছে। আপনারা ডিফেন্স

অব ইন্ডিয়া রুলস নাম করে আমাদের আন্দোলনকে খর্ব করতে পারেন কিন্তু যে প্রফিটিয়ার্স এন্ড হোর্ডারস-রা বাংলা দেশের গ্রামের মানুষের বুকের রক্ত শুষে নিচ্ছে তাদের বিরুদ্ধে আজ পর্যন্ত সেই ডিফেন্স অব ইন্ডিয়া রুলসকে প্রয়োগ করতে দেখিনি। মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলছেন যে আমরা এই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস তাদের বিরুদ্ধে প্রয়োগ করবো না। জানি, পাতিল সাহেবও দাঁড়িয়ে বলেছিলেন যে তারা আমাদের বন্ধু। আমাদের মুখ্যমন্ত্রীও এখানে দাঁড়িয়ে সেই কথাই বলেছেন। কাজেই আমি বলবো, যে সরকার এতখানি অপদার্থতার পরিচয় দিয়েছে সেই সরকারের বিরুদ্ধে আমাদের পূর্ণ অনাস্থা রয়েছে এবং আমাদের পার্টির তরফ থেকেও পূর্ণ অনাস্থা জ্ঞাপন করছি।

Shrimati Ila Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয় খাদ্য নিয়ে দুইদিন ধরে এই আইন সভায় যে ঘটনা ঘটল তা কখনও ঘটেনি এবং গত দুই দিনের ঘটনা প্রমাণ করেছে এই যে খাদ্যের সংকট যে কত খানি সে সম্পর্কে দুই পক্ষ—বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ অবহিত আছেন। আমরা প্রথমে বলেছিলাম খাদ্য সংকট নিয়ে প্রথম আলোচনা হোক, কিন্তু গভর্নমেন্ট সে সম্পর্কে রাজী হন নি কিন্তু শেষ পর্যন্ত সেটা মানতে বাধ্য হয়েছেন। বাংলদেশের সমস্ত মানুষ এই আলোচনা চায় এবং বাংলাদেশের মানুষের কাছে গভর্ণমেন্ট নতি স্বীকার করেছেন। বাংলাদেশের মানুষের আপনারা প্রতিনিধিত্ব করছেন আমরাও করছি। খাদ্য সম্পর্কে গতকাল মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন আমরা মোটেই তা আশা করিনি। আমরা এই খাদ্য সংকটের মুখে দাড়িয়ে এখানে বলতে চাই যে খাদ্য সংকটের সমাধান করার জন্য রাষ্ট্রীয় বাণিজ্য প্রথা প্রবর্তন করুন, কারণ সস্তা দরে মানুষকে চাল দিতে হবে। মুনাফাখোরদের হাত থেকে মজুত চাল ছিনিয়ে এনে সাধারণ মানুষের মধ্যে সস্তাদরে চাল বিতরণ করুণ। খাদ্যের উপরে যে রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তনের কথা আমরা বলছি সেটা আমরা বিরোধীপক্ষের লোকরাই বলছিনা আপনাদের কংগ্রেস পক্ষেরও যথা ডঃ মৈত্রেয়ী বসু বি পি এন টি ইউ সির নেত্রী তিনিও বলছেন খাদ্যের উপর রাষ্ট্রীয় বাণিজ্যপ্রথা প্রবর্তন করা হোক। আমরা তাই দাবী করেছি তাহলে এই আইন সভাতে সম্মিলিতভাবে আমরা এই রেজোলিউসন কেন নিতে পারছিনা যে খাদ্যের উপর রাষ্ট্রীয় বাণিজ্যপ্রথা চলু করা হোক সস্তা দরে চাল দিয়ে মানুষের প্রাণ বাঁচান। এর বাধা আসছে কোথা থেকে? বাধা আসছে ওদিক থেকে ট্রেজারী বেঞ্চ থেকে গতকাল মুখ্যমন্ত্রী বললেন যে খাদ্যের ২২ লক্ষ টন ঘাটতি আছে।

[3—3-10 p.m.]

আমরা শুনেছি ছ'মাস আগে তিনি বলেছিলেন যে ১১ লক্ষ টন ঘাটতি আছে এবং গত অধিবেশনে বলেছেন ১৭ লক্ষ টন ঘটতি। আবার গতকাল বললেন ২২ লক্ষ টন ঘাটতি অর্থাৎ ধাপে ধাপে এই ঘাটতি এগিয়ে যাচ্ছে। খাদ্যের ঘাটতি কত তা কি তিনি জানেন না? হিসাবের গোলমাল তুলে তিনি সমস্ত কিছু জেনে এই আইন সভায় গোপনীয়তা রক্ষা করছেন সত্যি কথা বলছেন না। তিনি কি জানেন না বর্তমানে আমাদের দেশে অনাহারে মৃত্যুর কথা দুর্ভিক্ষের কথা। আমি বলব তিনি জানেন জেনেশুনেও তিনি যে কথা উপলব্ধি করেন তা উপস্থিত করছেন না। যা তিনি নিজে উপলব্ধি করেন তার বিপরীত কথা বলছেন। গত ফেব্রুয়ারী মাসে অধিবেশনে কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে সোমনাথ লাহিড়ী বলেছিলেন বসুন্ধরা নামে একটি পত্রিকায় মুখ্যমন্ত্রীর একটি রিপোর্ট বেরিয়েছে। তাতে দেখেছি তিনি তখন বাংলাদেশের গ্রামীন অর্থনীতি সম্বন্ধে রিপোর্ট করেছিলেন কিভাবে সেই অর্থনীতি ভাঙনের মুখে এগিয়ে চলছে তার সম্যক চিত্র দ্বিধাহীন ভাবে তিনি উপস্থিত করেছিলেন। কিন্তু আজকে আইন সভায় তাঁর এই গোপনীয়তা রক্ষা করার মানে কিছু বুঝতে পারছিনা। সত্য গোপন না করে তিনি সমস্যা সমাধানের জন্য সত্য উদ্ঘাটন করুন। আমরা বলছি ২২ টাকা মণ দরে চাল বেঁধে দেওয়া হোক। একথায় অনেক কংগ্রেসী বন্ধু ঠাট্টা করেছেন এবং মুখ্যমন্ত্রী বলেছেন যে খাদ্যের ঘাটতি রয়েছে। খাদ্যের ঘাটতি যত বেশী রয়েছে ততই তো বেশী প্রয়োজন

ওই খাদ্যের উপর রাষ্ট্রীয় বাণিজ্য প্রথা প্রবর্তন করা তা না হলে অন্য নীতির কাছে যে নীতি সরকার অনুসরণ করছেন সেই নীতির কাছে আমাদের মাথা নত করতে হবে। সেই নীতি হচ্ছে যার টাকা আছে সে খেতে পাবে যার টাকা নেই সে খেতে পারবে না। তাহলে একদিকে সাধারণ মানুষ না খেয়ে মরবে অন্যদিকে মুনাফাখোররা টাকার পাহাড় তুলবে, তাহলে গভর্ণমেন্ট কেন রয়েছেন? গভর্নমেন্ট কি যেটুকু খাদ্য আছে সেটুকু নিয়ে সমস্ত মানুষের মধ্যে সমানভাবে ভাগ করে মানুষকে অনাহারজনিত মৃত্যু থেকে বাঁচাতে পারেন না? আমরা দাবী করেছি ২২ টাকা মণ দরে চাল দেওয়া হোক। আমরা বলেছি খাদ্যনীতির পরিবর্তন করা হোক। মুখ্যমন্ত্রী মহাশয় গতকাল বলেছেন কেন্দ্রীয় খাদ্যনীতির পরিবর্তন যদি করা না হয় তাহলে এখানে খাদ্যের উপরে রাষ্ট্রীয় বাণিজ্যপ্রথা প্রবর্তন করা সম্ভব নয়। আমি প্রশ্ন করি কেন্দ্রীয় খাদ্যনীতি কি একই ভাবে প্রযোজ্য হচ্ছে সকল রাজ্য সম্বন্ধে? একই কেন্দ্রের অধীনে থেকে আমরা দেখছি আমরা এক পথ অনুসরণ করছি, অন্য রাজ্যে অন্য পথ অনুসরণ করছে। আমরা দেখছি আসাম, উড়িষ্যা টাকা নিয়ে ঘাটতি খাদ্যশস্য কিনছেন। বাংলাদেশকে কেন্দ্রীয় সরকার টাকা দিতে চেয়েছিলেন খাদ্য কেনার জন্য। কিন্তু বাংলা সরকার প্রত্যাখ্যান করেছিল। খাদ্যের ব্যাপারেতে কেন্দ্রের নীতি দুটো চলছে একটি হল পাতিল নীতি—শ্রী পাতিল বলছেন যে খাদ্যের উপরে রাষ্ট্রীয় বাণিজ্য প্রথা প্রবর্তন করা ঠিক নয়—এদিকে প্ল্যানিং কমিশন বলছেন তার বিপরীত। কাজেই বাংলাদেশের মানুষকে এই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে কোন নীতি আমরা গ্রহণ করব। আমরা কি বাংলাদেশের সমস্ত মানুষের মুখের দিকে তাকিয়ে সকলে মিলে কি এই সিদ্ধান্ত গ্রহণ করতে পারিনা যে রাষ্ট্র খাদ্যের উপরে রাষ্ট্রীয় বাণিজ্যপ্রথা প্রবর্তন করে সস্তা দরে চাল মানুষের কাছে আমরা পৌছে দিতে পারি?

আমরা এখানে দাড়িয়ে কি দাবী করতে পারি না যে খাদ্যের উপরে রাষ্ট্রীয় বাণিজ্য প্রথা প্রবর্তন করে সস্তা দরে সাধারণ মানুষকে চাল দিতে হবে। শুধু তাই নয় কোন কোন সদস্য বলেছেন যে খাদ্যের উপরে রাষ্ট্রীয় বাণিজ্যপ্রথা দ্বারা কেবল মাত্র খাদ্য সংকটের সমাধান করা যাবে না। উৎপাদন বাড়ানোর কথা বলেছেন, উৎপাদন বাড়ানোর বিষয়ে আমরাও একমত, এবং উৎপাদন বাড়ানোর কথা আমরাও বলছি, কিন্তু উৎপাদন কেন বাড়ছে না। এই প্রসঙ্গে এখানে আমি বলতে চাই গত ১০ বছরে ১০০ কোটি টাকা উৎপাদনের পিছনে ব্যয় করেও উৎপাদনের ক্ষেত্রে অচল অবস্থা দাঁড়িয়েছে কেন? কারণ মূলধনের নিয়ম হল মুনাফাকারীদের যদি সুযোগ থাকে তাহলে মূলধন তারা চালের ব্যবসায় লাগাবে উৎপাদনের কাজে লাগাবে না। কাজেই মূলধন উৎপাদনে লাগাচ্ছে না। দ্বিতীয়ত জিনিষপত্রের দাম যদি বাড়তে থাকে তাহলে যে নামে ঋণ দিন না কেন কৃষকরা সেই মূলধন কখনই উৎপাদনের কাজে লাগাবে না তারা তাদের যে প্রাথমিক চাহিদা সেই মূলধন দিয়ে খাদ্য কিনবে। কাজেই আমরা দেখছি মূলধন নিয়োগ হচ্ছেনা। অতএব সেজন্য বিশেষ করে প্রয়োজন খাদ্যের উপরে রাষ্ট্রীয় বাণিজ্যপ্রথা প্রবর্তন করা। এবং রাষ্ট্রীয় বাণিজ্য প্রথা যদি প্রবর্তন করা হয় মুনাফাকারীদের যদি মুনাফা করার সুযোগ না থাকে তাহলে যে মূলধন থাকবে সেটা পরিপূর্ণ ভাবে উৎপাদনের কাজে লাগান যাবে। এবং এই ভাবে খাদ্য সংকটের সমাধানের দিকে আমরা এগিয়ে যেতে পারব। তারপর গ্রামের উন্নতির জন্য গ্রামের উৎপাদনের উন্নতির জন্য এবং মূল্য স্থিতি বজায় রাখার জন্য অনেকে সমবায়ের কথা বলেছেন। কিন্তু সমবায়ের যে ইতিহাস আমরা দেখি সম্প্রতি কালের রিজার্ভ ব্যাঙ্ক-এর বুলেটিন-এ প্রকাশিত রিপোর্টে আমরা দেখছি যে বাংলাদেশ সকলের পিছনে পড়ে আছে। সব দিক দিয়ে বাংলাদেশ সকলের পিছনে পড়ে আছে। তাই আজকে আইন সভার সামনে আপনার মারফৎ এই আবেদন রাখছি যে বাংলাদেশ আজকে তীব্র খাদ্য সংকটের সামনে দাড়িয়ে আছে আসুন আমরা সকলে মিলে একটা মিলিত সিদ্ধান্ত গ্রহণ করি—এখানে আমরা এই ধরণের মিলিত সিদ্ধান্ত বহুবার গ্রহণ করেছি সেই রকম একটি সিদ্ধান্ত গ্রহণ করি যাতে খাদ্য সংকটের সমাধান-এর পথে এগিয়ে যেতে পারি তার জন্য সমবেতভাবে চেষ্টা করি।

Shri Nani Bhattacharjee :

মাননীয় স্পীকার স্যার, এখানে আমরা বিরোধী দলের অনেক সদস্য অনশন সত্যাগ্রহ করে আছি, সেই অনশন সত্যাগ্রহ সম্বন্ধে অবাঞ্ছিত মন্তব্য কে কি করেছেন সে

সম্বন্ধে আমি কিছু বলতে চাই না। তাতে শুধু উত্তেজনার সঞ্চার হবে। কিন্তু খবরের কাগজে বলুন কিংবা এখানকার মাননীয় সদস্যদের মধ্যে কেউ কেউ বলেছেন যে এটা সংসদীয় গণতন্ত্রের মধ্যে পড়ে না। আমাদের বক্তব্য এখানে পরিষ্কার যে আজকে যদি বিরোধীপক্ষকে তুচ্ছ ও অবহেলিত করা হয়, তাদের সঙ্গে কোন বিষয়ে পরামর্শ না করা হয়, তাদেরকে অবজ্ঞা করা এই যদি সংসদীয় গণতন্ত্রের নমুনা হয় তাহলে নিশ্চয়ই বিরোধী সদস্যদের তরফ থেকে আমরা মনে করি সত্যাগ্রহ বা অনশন সত্যাগ্রহ সংসদীয় গণতন্ত্রের মধ্যে পড়ে। অপোজিশানান যে ধরনের মর্য্যাদা দেওয়া পার্টী ইন পাওয়ারের পক্ষে উচিত ছিল তা আমরা দীর্ঘকাল ধরে আমরা লক্ষ্য করছি তাদের আচার ব্যবহার সেটা ধরা পড়ছে না। পড়ছে না তার কারণ আপনারা জানেন, যে অবস্থায় আমরা অনশন সত্যাগ্রহ করছি সেটা শুধু সরকারকে সতর্ক করে দেবার জন্যই আমরা করেছি। শুধু শুভ বুদ্ধির উদ্রেক করবার জন্য আমরা অনশন সত্যাগ্রহের পথ গ্রহণ করেছি। ৮ জন বাংলার জননায়ক সুবোধ মল্লিক স্কোয়ারে অনশন সত্যাগ্রহ অবলম্বন করে বাংলাদেশের খাদ্য পরিস্থিতিকে সরকারের সামনে তুলে ধরতে চাইছে এবং বলছে যে তোমাদের পরিবর্তিত খাদ্য নীতি ঘোষণা করতে হবে। ঠিক যখন যেখা গেল তা হচ্ছেনা যখন দেখা গেল শুভ বুদ্ধির উদ্রেক হচ্ছে না তখন বাংলাদেশের যারা বিরোধী সদস্য তারা অনশন সত্যাগ্রহ করেছে এই একমাত্র উদ্দেশ্য সামনে রেখে প্রতীক অনশন করছেন যে বাংলাদেশের সরকারের শুভ বুদ্ধির উদ্রেক হউক—এতে আমরা বিরাট গণতান্ত্রিক আন্দোলন-এর পথে আমরা নামছি না, আমরা জনসাধারণকে ডাকও দিচ্ছি না, আমরা কোন কিছুই করছি না, কোন হটকারিতার পথে নামছি না—এছাড়া প্রতিবাদ জানাবার রাস্তা আমাদের কাছে খোলা নাই। সরকারের শুভ বুদ্ধির উদ্রেকের জন্যই সত্যাগ্রহের পথে আমাদের নামতে হয়েছে। এটা শুধু সরকারকে সর্তকীকরণ। আজকে যদি বাংলাদেশের সরকার বাংলাদেশের মুখ্যমন্ত্রী এবং তার ক্যাবিনেট তারা খাদ্য বিষয়ে অবহিত না হন এবং তারা তাদের পরিবর্তিত খাদ্য নীতি ঘোষণা না করেন তাহলে বিধান সভার ভিতরে এবং বাহিরে অনশন সত্যাগ্রহ আন্দোলন সীমাবদ্ধ থাকবে না। আজকে অনশন শেষ হয়ে যাচ্ছে বিধান সভার পরে আমাদের ঘোষণা অনুসারে। আজকে পাঁচটার পরে অনশন শেষ হচ্ছে কিন্তু এটাই শেষ কথা নয়। আজ বিধান সভার বাহিরে যারা সাধারণ মানুষ তারা মার খেতে খেতে এমন একটা জায়গায় যাচ্ছে অনশন অনাহারে চার দিকের চাবুকে—ট্যাক্স চাবুক বলুন, মূল্য বৃদ্ধির চাবুক বলুন খেয়ে খেয়ে একটা জায়গায় আসছে যে চারদিকে তারা নিসপিস করে উঠছে। সেই বিরাট ব্যাপক গণ-আন্দোলন গর্জিয়ে উঠবে শীঘ্র গর্জিয়ে উঠবে সেদিকে তাকিয়ে বাংলাদেশের সরকারকে সাবধান হতে বলছি যে খাদ্য নীতি পরিবর্তন করুন, পরিবর্তন করুন। প্রশ্ন উঠেছে কি ভাবে গণতন্ত্র চলছে একবার আপনারা তাকিয়ে দেখুন দমদমে ট্যাক্স বৃদ্ধির ব্যাপার নিয়ে মুরারজী দেশাই-এর বিরুদ্ধে শান্তিপূর্ণ বৈধ মিছিল করবার জন্য বিক্ষোভ দেখিয়ে আমরা গিয়েছিলাম সেখানে—আজকের দিনে এটা স্বাধীন দেশ ইংরেজ আমল না বলে শুনি -স্বাধীন দেশে খরদহ থানার দারোগা বামপন্থী নায়কদের নেতাদের শুধু তাদের কথা বলছি আজকে থানার ভিতরে যদি কোন দারোগা জুলুম চালায়, অনাচার চালায়, মারধোর করে তাহলে কোন স্বাধীন দেশে বাস করছি আমরা না পুলিশী রাজত্বে ইংরেজ আমলে সেই কাল প্রেতছায়া পর্যন্ত আমাদের পুলিশ মহলকে ব্যাপৃত করে রেখেছে। গণতন্ত্রের কথা বলছি দুর্নীতির দিকে পরিসংখ্যান দিয়ে আমার পূর্বতন বক্তা অপূর্ববাবু বলেছেন যে বাংলাদেশের কয়জন জোতদার তারা যদি হোর্ড করে থাকে তাদের মধ্যে মুষ্টিমেয় লোক কয়জন পাইকারী যারা চালর ব্যবসা করে তাদের পরিসংখ্যান নেওয়া খুব কঠিন ব্যাপার নয় এবং সরকারের কাছে তা আছেও তাদের কাছে চাল আছে—সেই চাল কি সরকার বের করতে পারেন না। ডি আই রুল আছে, সেই ডি আই রুল আমাদের বিরুদ্ধে প্রযুক্ত হবে আর যারা মুনাফা করে জরুরী অবস্থার সুযোগ নিয়ে দেশের লোককে শুকিয়ে মারছে, লক্ষ লক্ষ টাকার পাহাড় গড়ে তুলছে তাদের বিরুদ্ধে ডি আই রুল প্রয়োগ হবে না। আমি একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি মেকেঞ্জী এ্যান্ড মেকেঞ্জি বলে একটা কম্পানী আছে তার ডিরেক্টার আমাদের মাননীয় শৈলবাবু ছিলেন এখন বেনামীতে তিনি ডিরেক্টার তাঁর পুত্র ডিরেক্টার এই বলে আমরা শুনেছি।

[3-10—3-20 p.m.]

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: ইট ইজ এবসোলিউটলি ফলস।

শ্রীননী ভট্টাচার্য্য: আমি ভুল বলেছি, মেকেঞ্জী কম্পানী নয় মেকলিয়ড কম্পানী হবে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: ইট ইজ এগেইন এন আনট্রু স্টেইটমেন্ট।

শ্রীননী ভট্টাচার্য্য: স্যার এই মেকলিয়ড কম্পানী ইমপোর্ট ডিউটি ফাঁকি দিয়েছে, ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়েছে এবং আন্ডার ইনভয়েসিং করেছে। তারা অনেক টাকা সরকারের ফাঁকি দিয়েছে এবং তার রিপোর্টও কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছে। এবং এই কম্পানীর যে সমস্ত কাগজ পত্র যেখানে আন্ডার ইনভয়েসিং হয়েছে বা ট্যাক্স ফাঁকি হয়েছে সেখানে মাননীয় শৈলবাবুর সই আছে বলে বাইরে প্রচন্ড গুজব। এবং যে কথা জানা যাচ্ছে তা যদি সত্যি হয় তাহলে আমি বলতে চাই দুর্নীতির বাসা এই ক্যাবিনেটের মধ্যেও আছে। সেদিকে তাকিয়ে আমরা এই কথা বলতে চাই যে এই কথা যদি সত্য হয় তাহলে মাননীয় শৈলবাবুর পদত্যাগ করা উচিত।

শ্রীবীরেশচন্দ্র সেন: স্যার, গুজবের উপর ভিত্তি করে উনি কি এরকম কথা বলতে পারেন?

মিঃ স্পীকার: গুজবের উপর ভিত্তি করে উনি বক্তৃতা করতে পারেন, তবে আর একবার বলতে পারেন যে এটা হয়ত ঠিক নয়।

শ্রীননী ভট্টাচার্য: যাহোক, এবারে আমি ফুড-এর দিকে যাচ্ছি। আজকে আমরা দেখতে পাচ্ছি চারিদিক থেকে খাদ্যাবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। গাঁয়ের লোক খেতে পাচ্ছেনা, শহরের লোকের পার্চেজিং পাওয়ার নেই, অধিকাংশ লোকের ক্রয় ক্ষমতা নেই এবং শহর, গ্রাম এবং গঞ্জের এরকম অবস্থা চলছে। স্যার, মডিফাইড র‍্যাশনিং-এর যে ব্যবস্থা হয়েছে তাতে আমি বলতে পারি যে এক সপ্তাহের র‍্যাশন এক দিনে তুলতে পারে এরকম পয়সার সংস্থান বাংলাদেশের পল্লীবাসীদের শতকরা ৪০ জনের নেই। একথা আপনাদের মনে রাখতে হবে এবং এও মনে রাখতে হবে যে এর জন্য আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। এক সপ্তাহে যদি এক সেরের বেশী চাল পাওয়া না যায় তাহলে অবস্থাটা কি সেটা অনুমান করা যায়। স্যার, দুঃখের সঙ্গে বলছি আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে অনাহারে মৃত্যু হয়নি এবং খাদ্য সংকটও দেখা দেয়নি—তবে চালের সংকট দেখা দিয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় এসব কথা বলেছেন কিন্তু ত্রিদিব চৌধুরী, এন সি চাটার্জী, হেমন্তবাবু প্রভৃতি পুরুলিয়া ঘুরে এসে সরজমিনে তদন্ত করে যে স্টেটমেন্ট দিয়েছেন তাতে তাঁরা বলেছেন যে অনাহারে মৃত্যু হয়েছে এবং গভর্ণমেন্টের অবিলম্বে রিলিফ দেওয়া দরকার। কিন্তু মুখ্যমন্ত্রী প্রশ্নোত্তরের সময় এবং গতকাল বললেন যে তাঁদের কথা আমি বিশ্বাস করিনা। তাহলে কাদের কথা তিনি বিশ্বাস করেন? সরকার যাঁরা চালাচ্ছেন শুধু কি তাদের কথাই তিনি বিশ্বাস করেন। স্যার, ত্রিদিব চৌধুরী লোকসভার সদস্য, এন সি চাটার্জী একজন বিখ্যাত ব্যারিস্টার, হেমন্তবাবু একজন প্রবীন নেতা যাকে আনন্দবাবু পর্যন্ত শ্রদ্ধা করেন এবং তারপর রয়েছে আমাদের এখানকার সদস্য অনাদি দাস —এইসব লোককে যদি তিনি বিশ্বাস না করেন তাহলে তিনি কোন দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন? তিনি আমলাতন্ত্রের কথা বিশ্বাস করছেন, বড় বড় অফিসার যাঁরা রাইটার্স বিল্ডিং-এ বসে রিপোর্ট তৈরী করে দিচ্ছেন সেই রিপোর্টের আলোকে তিনি মনে করতে পারেন বাংলাদেশে অনাহারে মৃত্যু ঘটছেনা বা সেই রিপোর্টের আলোকে তিনি মনে করতে পারেন বাংলাদেশে দুর্ভিক্ষের মত অবস্থা দেখা দিচ্ছেনা, খাদ্য সংকট দেখা দিচ্ছেনা। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে যদিও

তিনি বলেছেন কিন্তু আসল ঘটনা তা নয়। তবে এসব সত্বেও যদি একথা বলা হয় তাহলে বলতে হয় যে, সত্যের অপলাপ করা হচ্ছে, সত্যকে গোপন করা হচ্ছে। রাইটার্স বিল্ডিংস থেকে গোটা বাংলাদেশের চিত্র বোঝা যায় না। স্যার, যে কোন সদস্য কংগ্রেস পক্ষের হোক আর বিরোধী পক্ষেরই হোক তাদের যদি বিবেক বিক্রীত না হয়ে থাকে তাহলে তাঁদের বলতে হবে যে, বাংলাদেশের ক্রমাগত খাদ্য সংকট দেখা দিচ্ছে। শুধু তাই নয়, শতকরা ৩০ জন লোক এক বেলা খেতে পাচ্ছেনা এবং অনেক জায়গায় এমন কি গম, ভুট্টা এবং বাজরা খাওয়ার সংস্থানও নেই তাদের জঙ্গলের শিকড় এবং আলু সিদ্ধ করে খেতে হচ্ছে। এবারে আমি ডুয়ার্স এবং পশ্চিম দিনাজপুরের কথা বলছি। সেখানে যদি চাল এবং গম বিক্রিও হয় তাহলে সেখানকার সাধারণ মানুষের তা কেনার ক্ষমতা যে নেই সেকথা তাঁদের স্বীকার করতেই হবে। কংগ্রেস সরকার যে খাদ্য নীতি চালাচ্ছেন তার মধ্যে দুটো জিনিস পড়ে। একটি হচ্ছে কি করে এই সংকট কাটিয়ে দেওয়া যায় এবং আর একটি হচ্ছে স্থায়ী সমাধান। স্থায়ী সমাধানের কথা যাঁরা বলেছেন তাঁদের কথার দিকে যদি তাকাই তাহলে দেখব স্বাধীনতার ১৫ বছর পরে দুটি পরিকল্পনা চলে গেছে এবং তৃতীয় পরিকল্পনার ভিতর দিয়ে আমরা চলেছি এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার কথা কবে থেকে বলা সত্বেও আমরা কোথায় দাঁড়িয়ে আছি। সেই একই কথা শুনছি, খাদ্য ঘাটতি, খাদ্য ঘাটতি, খাদ্য ঘাটতি।

[3-20—3-30 p.m.]

ঠিক এই অবস্থায় আমরা শুনেছিলাম দার্জিলিং-এ যে ক্যাবিনেট মিটিং বসল, কাগজেও দেখলাম, ডেপুটি মিনিষ্টারের উপর ভার পড়ল কৃষিব্যবস্থা ভাল করে তদারক করতে, শুনলাম সেখানে এই চেষ্টা হবে কি করে হাতে কলমে কৃষির উন্নতি করা যায়। এখন কি উন্নতির চেষ্টা করা হচ্ছে ডেপুটি মিনিষ্টার মহাশয়ই জানেন। তিনি অন্ততঃ জানেন কি করে সেখানে কৃষি পরিবার চাষ করে কিভাবে উন্নত ধরণের বীজ তাড়াতাড়ি সরবরাহ করা যায় এবং যথা-সময় করা হয়: ছোট বড় যে সমস্ত নানা ধরনের জল নিকাশের ব্যবস্থা আছে তা অল্প খরচে করা যায়. এ সম্বন্ধে তিনি কি করেছেন জানিনা। কিন্তু হয়নি, কেননা এখনও কোন লক্ষণ দেখতে পাচ্ছিনা। আজকে এই অবস্থা চলেছে। আমি তাই বলছি যে আজকে এই খাদ্য নীতি পরিবর্তন করতে হবে, তাছাড়া বাংলাদেশকে বাঁচাতে পারবেন না। ২২ টাকা মণ দরে চালের দাম ধার্য কর উচিত, এই ২২ টাকা দরে চাল কেনার ক্ষমতা অন্ততঃ শতকরা ৬০ জন লোকের, ৬০ জন বাঙ্গালীর নাই। এটাকে মেনে নিতে হবে মেনে নিয়ে তাদের বিকল্প ব্যবস্থা করতে হবে। এ ছাড়া অন্য কোন পথ নাই। ভবিষ্যতে ধান এবং চালের দাম কি হবে? মুলী ধান কি দরে বিক্রী হচ্ছে. দোকানে যদি যাই আমরা জানতে পারব ১০।১১ টাকা কি তারও কম দরে ধান বিক্রী হয়ে গেছে এবং বড় বড় পাইকার সেগুলি কিনে নিয়েছে। কিন্তু আজকে যে পলিসি নেওয়া হচ্ছে তাতে বিরাট যে ব্যবসায়ী এবং মিল মালিক তাদেরই পেট ভরান হচ্ছে, জরুরী অবস্থার সুযোগ নিয়ে আজকে তারা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা মুনাফা লুঠছে, আর সেই সুযোগ এই বাংলাদেশের সরকারই করে দিচ্ছেন তাদের খাদ্য নীতির দ্বারা। এটা আমরা সহ্য করতে রাজী নই। আমি তাই আবার সতর্ক করে দিচ্ছি যে বাংলাদেশের লোক তা সহ্য করবে না।

Personal explanation

The Hon'ble Saila Kumar Mukherjee: On a point of personal explanation, Sir.

This is the first time in this House and in this session that the honourable member Shri Nani Bhttacharjee has made one of the most calumnious and dirty personal allegations against me. Sir, I take the first opportunity not only to contradict it but to record that it is a deliberate and misleading

falsehood. If Mr. Bhattacharjee will have the courage, I throw him a challenge—he should not take advantage of the privilege of this sacred chamber, but I hope he will have the courage to repeat it outside the floor of this House.

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার, স্যার, গতকাল বাংলার মুখ্যমন্ত্রী যে খাদ্য নীতি আমাদের সামনে রেখেছেন তার উপর আমরা আলোচনা করেছি। আমরা একবারও আশা করতে পারিনি যে বাংলার মুখ্যমন্ত্রীর কাছ থেকে নতুন কোন নীতির ইংগিত পাব। পূর্বে বিধান সভার সদস্য হওয়ার আগে আগামী মুখ্যমন্ত্রী সম্বন্ধে আমার ধারণা ছিল যে তাঁর কতকগুলি সৌজন্য বোধ আছে, তাঁকে চিঠি লিখলে তিনি জবাব দেন। গত ২৪এ জুন আমি তাঁকে চিঠি লিখেছিলাম এবং বিধান সভা যেদিন সুরু হয় সেদিন যখন খাদ্য বিতর্ক সুরু হয় তখন তাঁকে জিজ্ঞাসা করেছিলাম—
"I want to ask you in all humility how long this policy is going to continue—I ask him. I wonder why this Defence of India Rules are allowed to rust in the administrative archives of the Writers Buildings by their utter non-use against black-marketeers, food racketeers and profiteers and hoarders".

কিন্তু তার কোন উত্তর আমি তাঁর কাছ থেকে পাইনি। এই হাউসে মাননীয় সদস্য পাঁচু গোপাল ভাদুড়ী মহাশয় বলেছিলেন যে দুজন ব্যাক্তিকে অপরাধীর কাঠগড়ায় আজ দেশ দাঁড় করিয়েছে একজন হচ্ছে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, আর একজন হচ্ছে কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী শ্রী পাতিল। আমার মনে হয় যে মূল আর একজন আসামীকে তিনি কাঠগড়ায় রাখেন নি। কেন রাখেন নি আমি জানিনা, হয়ত তাঁর পলিটিক্যাল থিওরির অনুকূলে নয় সেজন্য রাখেন নি। যাই হোক, মূল আসামী হচ্ছে ভারতবর্ষের তথাকথিত সমাজতান্ত্রিক নেতা, যিনি মূল নায়ক, পণ্ডিত জওহরলাল নেহরু। আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে এই সরকার শুধু দুর্নীতির উপর দাঁড়িয়ে রয়েছে এবং সিরাজুদ্দিন কোম্পানীর ব্যাপার থেকে আরম্ভ করে আজকে এই দুর্নীতি দিনের আলোর মত স্পষ্ট হয়ে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য বিতর্কে দাঁড়িয়ে আমি কয়েকটি প্রশ্ন মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। তিনি হাউসে নেই শুনেছি তিনি অসুস্থ এই হাউসে তাঁর যাঁরা প্রতিনিধি স্বরূপ আছেন আশা করি তাঁদের মাধ্যমে তিনি এই খবরটা জানতে পারবেন। আমার প্রশ্ন হচ্ছে বাংলাদেশের সাধারণ মানুষকে তিনি মিথ্যা স্ট্যাটিসটিক্স দিয়ে দিনের পর দিন বিভ্রান্ত করুন আমি সেই আপত্তি এখানে তুলছিনা, কিন্তু বিধান সভায় সংসদীয় গণতন্ত্রে কতকগুলি মৌলিক নীতি আছে, মৌলিক কানুন অধিকার আছে যা লংঘন করে বাংলার বিধান সভার সদস্যদের তিনি এবং গভর্নর দিনের পর দিন মিসলিড করে যাচ্ছেন। কালকে শুনলাম যে ২২ লক্ষ টন খাদ্য ঘাটতি। আমি গত বাজেট অধিবেশনের রাজ্যপালিকার ভাষণ পড়ছিলাম, তাতে তিনি বলেছিলেন এ বছরে খাদ্যের পরিমান হচ্ছে রাইস ৩৯ লক্ষ টন, গতবারে তার ফিগার ছিল ৪৩ লক্ষ টন। সুতরাং দেয়ার ওয়াজ এ ডেফিসিট অব ফোর লাখ টনস। ১৮ তারিখে মাননীয়া রাজ্যপালিকা যে ভাষণ রেখেছেন আমি সেটুকু পড়ে শোনাচ্ছি। তিনি বলেছেন বিগত মরশুমে উৎপন্ন আমন ধান থেকে ৩৯ লক্ষ টন চাল পাওয়া যাবে বলে আশা করছি। পূর্ববর্তী বছরে এই উৎপাদনের পরিমাণ ছিল ৪৩ লক্ষ টন। যাই হোক, এই সামান্য ঘাটতিতে আমাদের শংকিত হবার কোন কারণ নেই। কারণ, উদ্বৃত্ত রাজ্য উড়িষ্যা থেকে যথেষ্ট পরিমান চাল বেসরকারী ব্যবসা সূত্রে আমদানী করা হবে। বস্তুতঃ ১৯৬২ সালে উড়িষ্যা থেকে ৩ লক্ষ টন চাল আমদানী করা হয়েছিল। এই হচ্ছে তাঁর স্টেটমেন্ট। গভর্নর বলেছিলেন গতবারে ছিল ৪৩ লক্ষ টন, এবারে বলেছেন ৩৯ লক্ষ টন হয়েছে, সুতরাং ৪ লক্ষ টন সর্টেজ এবং সামান্য ঘাটতি। আমার প্রশ্ন হচ্ছে তিনি কি দেশের কাছে কারেক্ট স্টেটমেন্ট রেখেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের সমস্ত মেম্বারদের কন্সিডার করা দরকার, গভর্নর দলের ঊর্ধ্বে, সি হ্যাজ নো বিজিনেস, টু মিসলিড দি হাউস। ১৯৬২ সালে গভর্নরের এ্যাড্রেস থেকে পড়ে শোনাচ্ছি।

"production in the State now is about 40 lakh tons taking into account the lean and bumper—so it is hoped to increase it by an additional 15 lakh tons by the end of the 3rd plan—thus making the State self-sufficient."

১৯৬২ সালে বলেছেন রাজ্যে গতবছরে উৎপন্ন চালের পরিমান ছিল ৪৫ লক্ষ টন, আর ১৯৬৩ সালে বলেছেন ৪০ লক্ষ টন। কোন ফিগারটা আমরা মেনে নেব? আমরা বার বার বলেছি যে চৌকিদারের স্ট্যাটিসটিক্সের উপর দাঁড়িয়ে রয়েছেন। একবার শুনছি ৪০ লক্ষ টন, আর একবার শুনছি ৪৫ লক্ষ টন আর আজকে শুনছি ২২ লক্ষ টন খাদ্য ঘাটতি দাঁড়াবে। তার আগে তিনি বলেছেন ১৭ লক্ষ টন ঘাটতি হবে। আমি একটা নতুন কথা বলছি। আমি বলছি বাংলাদেশে আদৌ ঘাটতি আছে কিনা সেটা মুখ্যমন্ত্রী বিচার করে দেখবেন। আমি গতরাত্রে বেঙ্গল ফেমিন এনকোয়ারী কমিশন রিপোর্ট পড়ছিলাম।

[3-30—3-40 p.m.]

তার বেসিসে তো ০·২ সিয়ারস টু ০·৬ সিয়ারস এই ক্যালকুলেসনেতে তারা বলেছেন যে

in a country having a population of 60.3 million that is to say 66.30 lakh তাতে total requirement in Bengal would come to anything between 9.2 and 10.4 million tons.

আমি এর মাঝামাঝি ধরছি ৯·৪ মিলিয়ন টনস, বাংলাদেশের ৩ কোটি ৩০ লক্ষ লোকের যা ফেমিন ইনকোয়ারী কমিশন বলে থাকেন যে বাংলায় রিকোয়ারমেন্ট হচ্ছে ৯০ কি ৯৫ লক্ষ টনস তাহলে সেই বাংলাদেশে তার অর্দ্ধেক পপুলেসন যা বলেছেন ৩ কোটি ৭০ লক্ষ, আমি প্রথমে ৩ কোটি ফিগারে আসছি—যদি ৩ কোটি ১৫ লক্ষ বাংলায় পপুলেসন ধরা যায় তাহলে ৯০ লক্ষ টনের অর্দ্ধেক হচ্ছে ৪৫ লক্ষ টন যে ফিগার আমরা গভর্নরের '৬২ সালের রিপোর্টে পাচ্ছি। তাহলে দেখা যাচ্ছে যে তাঁর রিপোর্ট অনুযায়ী এবং বেংগল ফেমিন ইনকোয়ারী কমিশনের রিপোর্ট অনুযায়ী বাংলার রিকোয়ারমেন্ট হওয়া উচিৎ ৪৫ লক্ষ টন। আমাদের মুখ্যমন্ত্রী অস্বীকার করতে পারেন কিন্তু কংগ্রেসের মধ্যে অনেক রিজনেব্ল লোক আছেন যাঁরা স্ট্যাটিসটিক্স নিয়ে পড়াশুনা করেন, যাঁরা বাংলাদেশের অবস্থা বিচার করতে জানেন বা করবার ইচ্ছা যাঁদের আছে তাঁদের জিজ্ঞাসা করি বুকে হাত দিয়ে বলুন যে বাংলায় এই যে পপুলেসন এসেছে —মাননীয় মুখ্যমন্ত্রী সেদিন প্রেস কনফারেন্সে বলেছিলেন গত ১৬ বছরে ১ কোটি ৩৩ লক্ষ বাংলাদেশে জনসংখ্যা বেড়ে গেছে কিন্তু আমি জিজ্ঞাসা করছি তিনি কেন এ কথা প্রেসের কাছে বলছেন না যে এই ১ কোটি ৩৩ লক্ষের মধ্যে অন্যান্য রাজ্যের কত লোক এদেশে এসেছে, তিনি কেন এ কথা স্বীকার করছেন না যে শিশু ভূমিষ্ঠ হবার কয়েক সপ্তাহের মধ্যে ১৫ আউন্স গম বা চাল খায়না এ কথা কি তাঁর জানা নেই?

I say people from outside the State have come here. Untill they grow into manhood they do not eat rice.

ভারতবর্ষের অনেক জায়গা আছে যেখানে লোকে চাল খায় না। সুতরাং আমি জানতে চাই কিসের ভিত্তিতে তিনি বলেছেন ২২ লক্ষ টন ঘাটতি। আজকে যে কোন জায়গায় আমি বলছি দাম দিন ৩৫ টাকা ৩৮ টাকা চাল পাওয়া যাবে

Not only in Calcutta but in any part of the country. I am asking, should we not unveil the mistake and apprise our mind to see how this is happenning.

এটাও অস্বীকার করতে পারেন যে টাকা দিলে চাল পাওয়া যাচ্ছে না? দুটো স্টেটমেন্টই দেশের কাছে এসেছে আমরা বিরোধীদলের পক্ষ থেকে বলছি যে বাংলার মানুষ অনাহারে, অর্দ্ধাহারে, অনশনে রয়েছে এবং মুখ্যমন্ত্রী বলছেন যে না। তাহলে ধরে নেওয়া যাক্ মুখ্যমন্ত্রীর স্টেটমেন্ট যদি সত্য হয় অর্থাৎ বাংলাদেশে ৩ কোটি ৭০ লক্ষ লোক খেয়ে পড়ে রয়েছে, দুধে ভাতে রয়েছে তাহলে আমি জানতে চাই যে কি করে ২২ লক্ষ টন ডেফিসিট থাকতে পারে? এটা কি কনসিসটেন্ট, ইজ ইট কমপ্যাটিবল যে বাংলাদেশে একই সময়ে ২২ লক্ষ টন চাল ঘাটতি অথচ

বাংলায় ৩ কোটি ৭০ লক্ষ মানুষ খেয়ে পড়ে রয়েছে। তাহলে অপজিসনের পয়েণ্ট আজকে প্রমাণিত হয়ে যাচ্ছে যে আণ্ডার-নারিসমেণ্ট হচ্ছে, দে আর আণ্ডার-ফেড্। আমি মুখ্যমন্ত্রীকে বলছি যে ১৯৬৩ সালে আমার মনে হচ্ছে ভুল হলে কারেক্ট করে দেবেন।

Sir, John Magaw, Director of Medical Services in India.

তাঁকে য়্যাপয়েণ্ট করা হয়েছিল ইণ্ডিয়ায়, তিনি বাংলাদেশের আদার নারিসমেণ্ট সম্বন্ধে তথ্য যোগার করবার জন্য বাংলাদেশের সমস্ত মেডিকেল প্র্যাকটিসনার ভিলেজ য়্যাণ্ড রুরাল এরিয়্যাজ পাঠিয়েছিলেন কোয়েশ্চেনেয়ার এবং সেই কোয়েশ্চেনেয়ারের জবাব এসেছিল—সেদিন সেটা পড়ে দেখেছিলাম, তাতে তিনি বলেছিলেন বাংলাদেশের ২২ পার্সেণ্ট লোক ওয়েল নারিসড্, গ্রামে, প্রায় ৩১ পার্সেণ্টের উপর লোক ব্যাডলি নারিসড। আর ভারতবর্ষের অন্যান্য প্রদেশের ৩৯·৬ পার্সেণ্ট লোক ওয়েল নারিসড এবং ২৬ পার্সেণ্টের কম লোক ব্যাডলি নারিসড্। তাহলে দেখুন আণ্ডার নারিসমেণ্টের দিক থেকে বাংলা সব থেকে উপর এই হচ্ছে ১৯৩৩ সালের ফিগার। তারপরে দুর্ভিক্ষ গেছে, যুদ্ধ গেছে এবং যেকথা বলি নেব কেবল দেব না প্রসাদ সিজ রাম বাটপারিয়া প্রভৃতি এসব ফার্ম বাংলাদেশে যে কাজ করছে এবং লুঠতরাজ চালিয়ে যাচ্ছে তার ফলে ভেজালের মধ্য দিয়ে বাংলাদেশের নারিসমেণ্ট কোথায় গেছে? যদি সৎসাহস থাকে মুখ্যমন্ত্রীকে বলবো যে তিনি একটা ইনকোয়ারীর অর্ডার করুন, দেখুন বাংলাদেশের কি অবস্থা। তাজ্জব এ দেশ, বিচিত্র এ দেশ, বিচিত্র গণতান্ত্রিক দেশে বিচিত্র ধারা। এখানে পাতিল সাহেব নয়, এখানে মোরারজী দেশাই বলেছিলেন টাইটেন ইওর বেল্ট। আমি বলছি যে বাংলাদেশের নয়, ভারতবর্ষের মানুষ

they have come to the rock-bottom of their consumption. Any further restriction would have calamitous effect, there is no marginal belt. There is no scope for further tightening of belt.

কোথায় গিয়ে দাঁড়াব? শংকরদাসবাবু এখানে নেই, তাঁর বাজেট বক্তৃতা দেখেছিলাম, তিনি নিজে বলেছেন যে বাংলাদেশের জনসংখ্যার শতকরা ৬০ জন লোকের ২৫ টাকার কম আয়। অল ইণ্ডিয়া ফুড গ্রেনস কমিশন–এগ্রিকালচারাল লেবার ইন ইণ্ডিয়া তার ১৯৬১-৬২ সালের যে রিপোর্ট দিয়েছে সেই রিপোর্টে বলছে যে বাংলাদেশের গ্রামের মানুষ যা তাদের হাতে টাকা আসে তার ৭১·৩ পার্সেণ্ট কনজামসনে খরচ করে। তাহলে ২৫ টাকার কম যাদের আয়, অপূর্ববাবু বল্লেন ২১ টাকা—২১ টাকা যাদের মাসিক আয় সেই ব্যক্তির ৭১ পার্সেণ্ট খরচ হচ্ছে কনজামসনের উপর। টাইটেনিং অব বেলট হবে কি করে? সুতরাং আমি বলছি যে মুখ্যমন্ত্রী তিনি আমাদের কাছে রিয়াল পিকচার একবারও রাখলেন না। আমি তো বলছি অপোজিসনকে প্রমাণ করুন যে আপনারা ভ্রান্ত—

let them take the wind out of our sail.

আমাদের কমিটি করুন। একটা সেলস অব পার্টিসিপেসনস নেই ডেমোক্রাসীতে এর চেয়ে লজ্জার কি আছে? আমি অন্ততঃ এটুকু বলবো একবার দেখেছিলাম মাননীয় শৈলবাবু তাঁর ডিপার্টমেণ্টে একটা কনসালটেটিভ কমিটি করেছিলেন। আমি তাঁকে ধন্যবাদ দি, তিনি করেছিলেন কিন্তু আমি জানতে চাই কেন মুখ্যমন্ত্রী ফুডের উপর একটা কনসালটেটিভ কমিটি করছেন না? এই ন্যূনতম দাবীটা কি আমরা করতে পারি না? যেখানে মানুষ দুরবস্থার মধ্য দিয়ে চলেছে, মানুষের মধ্যে অনাহার দুঃখ দারিদ্র চলেছে সেখানে বাংলাদেশের সাধারণ মানুষ চাচ্ছে প্রতিকারের একটা পথ। সেখানে কেন কংগ্রেসের মুখ্যমন্ত্রী এই হাউসে এটুকু ষ্টেটমেণ্ট করতে পারেন না যে

let us sit round the table and formulate a policy that will save the country from ruination and starvation.

এটুকু আশা আমরা কি করতে পারি না—নিশ্চয়ই পারি, কিন্তু কৈ তার জেশ্চার কোথায়? তিনি বলুন না যে তোমরা বল কিভাবে চালের দর কমাতে হবে। আমার বন্ধুরা ২২ টাকা বলেছেন, আমি মনে করি, আমি মুখ্যমন্ত্রীকে চিঠিতে লিখেছিলাম যে বাংলাদেশের লোয়ার ইনকাম গ্রুপ পিপল যাদের ২৫ টাকা মাসিক আয় তাদের চালের দাম ৬ আনা সের হওয়া উচিৎ।

আমি বলছি আমার এখানে কোন থিওরী বা আই য়্যাম নট টকিং রট—আমার স্টেটমেন্ট হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে বেরিয়েছিল, শ্রীমন নারায়ণের থেকে আই এম্ কন্ফারম্‌ড্ তিনি বলেছেন ফেয়ার প্রাইস সপে যা চালের দাম তার চেয়ে কমানোর প্রয়োজন আছে তিনি বলেছেন যে চালের দাম খোলা বাজারে ৩০ টাকার বেশী কিছুতেই হতে পারে না। আনন্দবাবু বলতে পারেন কিন্তু আনন্দবাবুর দৃষ্টি কি করে এরিয়ে যায় শ্রীমন নারায়ণের কথা যিনি প্ল্যানিং কমিশনের মেম্বার এবং কংগ্রেসের অন্যতম নেতা। কংগ্রেসের নেতৃস্থানীয় ব্যক্তি তিনিও বলেছেন যে আরও কমিয়ে দাও ফেয়ার প্রাইসের চালের দাম। আমি সেই জন্য বলছি যে ফেয়ার প্রাইসের চালের দাম কমানো দরকার মাননীয় স্পীকার মহাশয় আমায় একটু সময় দেবেন কেন না এ প্রশ্নটা খুব জটিল। আমি চাই মুখ্যমন্ত্রী এটার জবাব দেবেন। আমি যে বলছি যে এই সর্টেজ নেই মুখ্যমন্ত্রীর স্টেটমেন্ট দেখে যে যদি ধরে নেওয়া যায় সারা বছর প্রতিটি এ্যাডাল্ট তারা ১৫ আউন্স করে দিন খেয়ে যাচ্ছে তবেই ক্যালকুলেসনে এসে দাঁড়াবে যে বাংলাদেশে ৪৫ থেকে ৫০ লক্ষ টনের দরকার। কিন্তু কে না জানে যে বাংলাদেশের যে কোন ইকনমিক্সের ছাত্র জানে যে সারা বছর চালের রেট অব কনজামসন ইজ নট আইডেনটিকাল। গ্রামের লোকের রেট অব কনজামসন ভ্যারী করে। এবং ফেমিন কমিশন তারা বলছে যে সেই দামের ব্যাপারে মাসে তখন দেখা যায় ভিলেজ এর ½ পার্সেন্ট অব পপুলেশন—তারা বলেছেন কি যে তারা ৬ মাস খাওয়া কমিয়ে দিয়েছে। বাকী ½ পার্সেন্ট অব পপুলেসন তারা তিন মাস খাওয়া কমাচ্ছেন আর বাকী ওয়ান ফিফথ অফ দি টোটাল পপুলেসন ২ মাস খাওয়া কমিয়ে দিচ্ছে, দিস ইজ দি রিপোর্ট অফ ফেমিন এন্-কোয়ারী কমিশন আমি যেটা রাখছি এটা বিবেচনা করে দেখুন। সুতরাং আমি বলছি যে এই কথা তারা বিজনেস কমিটির কাছে বার বার বলে লুটতরাজের সৃষ্টি করছে। তাই আমি কাল প্রশ্ন করেছিলাম—নেপাল বর্ডরের কথা। নেপাল থেকে দেখলাম ১৫॥ হাজার টন চাল এসেছে ৫ হাজার মণ ধান এসেছে। কিন্তু কাদের মাধ্যমে—ব্যবসায়ীদের মাধ্যমে। জানি এ কথা যে নেপালের রাইস আনবার জন্য ভারত সরকারের সংগে আলোচনা চলেছিল এবং ষ্টেট ট্রেডিং করপোরেশনের মাধ্যমে এটা করবার কথা হয়েছিল। কিন্তু লোভী ব্যবসায়ী দল মুনাফা স্বীকা-রীর দল কিছুতেই তা হতে দিলেন না। আমাদের এগ্রিকালচার মিনিষ্টার এবং মাননীয় রাষ্ট্র মন্ত্রী স্মরজিৎবাবু রয়েছেন তাদের ঘৃণা ও অপমানের কথা যে এই হাউসে আমি পাটের দর নিয়ে আলোচনা করেছিলাম তাঁরা সেদিন বলেছিলেন ১০ টাকা দাম বেধে দেওয়া হবে। ১০ টাকা দিয়ে বাংলার চাষীর কাছ থেকে পাট কেনা হবে। লজ্জার কথা ঘৃণার কথা আমরা দেখলাম যে ষ্টেট ট্রেডিং করপোরেশন পাট কিনলো ঐ পাটের উপর ছাপ রয়েছে ঐ কলকাতার বড় বড় জুট মিলের মালিকদের নাম। হাউ ইজ ইট পসিব্‌ল্? অর্থাৎ তারা দু দিক থেকে মারছেন মিল মালিকরা ষ্টেট ট্রেডিংকে বললো যে আমাদের পাট দিয়ে দাও। তারা ৩০ টাকায় কিনে লুটলো আর কি করলে না সেই কো-অপারেটিভ এর নাম করে তাদের নিজেদের কো-অপারেটিভ করলো, ও নিজেরা সেটা কিনে অথচ গ্রোয়াররা ১৮।২০ টাকার বেশী পেল না, এটা আমি এগ্রিকালচার ডিপার্টমেন্টকে জানাই বাংলা দেশে ২০০টা সিড ফার্মিং রয়েছে। মাননীয় মুখ্য-মন্ত্রী বুকে হাত দিয়ে বলুন যে

Is that running on commercial basis and making profit? I can say with confidence that each one of these farms is running at a huge loss.

এই ডিপার্টমেন্টের এক একটা অফিসারকে বলুন—আমরা তাদের ১ বৎসর বা ২ বৎসর সময় দিচ্ছি,

If you cannot run it on a commercial basis you will get a sack, you will show the door.

[3-40—3-50 p.m.]

এই করতে হবে তবে দেশে বিপ্লব আসবে—নতুবা রাইটার্স বিল্ডিংস্ এ বসে কলম দিয়ে লাঙ্গল চালালে আর দোয়াতের কালি দিয়ে সেচ করলে কখনও বাংলাদেশ বাঁচবে? যদি গ্রো

মোর ফ্ড কেমপেইন বাঁচাতে চান ভিজিলেন্শ্ কমিটি করতে হবে। ওয়ার-এর সময় দেখেছি এটা ছিল ফর গোইং ইন্ট্ দি কোশ্চেন অফ ফ্ড ডিস্ট্রিবিউশন ইংরাজ আমলে।

why should it not be in a Government regime, in a Government, which claims to be democratic.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধুরা কেউ ভুল না বুঝলে—একটা কথা আমার মনে পড়ছে। কিছুকাল আগে অর্থার কইস্লার—তিনি একজন বিখ্যাত কম্যুনিষ্ট নায়ক—বর্তমানে তিনি কম্যুনিষ্ট জগতের বাইরে তার একখানা আত্মজীবনী—ইনভিসিবল রাইটিং বেরিয়েছে। তার মধ্যে একটি কথা আছে। আপনারা জানেন রুশ দেশের ইতিহাসে একটা কন্ট্রোভারসি—বুখারিন এবং ট্রটস্কী মধ্যে ছিল। সেদিন ১৯৩০ সালে পার্টির মেম্বারসিপ পেতে গেলে তাকে কতকগুলি কোশ্চেন করা হত। যেমন

what would be the position if there is food in the town but no food in the country.

এরকম প্রশ্ন কোন কমরেড-কে জিজ্ঞাসা করা হোলে বলা হয় যে বুখারিন গ্রামের লোকদের জন্য খাদ্যের দিকে নজর দিতেন—ট্রটস্কী ছিলেন গ্রাম থেকে টেনে এনে ইন্ডাস্ট্রিয়াল ওয়াকার্স-দের দেবার পক্ষে। তাই বলেছেন

what would be the position if there is no food in this town but no food in the country.

তার উত্তর পার্টি দিচ্ছেন রাইট বুখারিনাইট ডেভিয়েশন হলে আজকে আমার মনে হচ্ছে যে ইফ দেয়ার ইজ নো ফ্ড ইন টাউন এ্যান্ড নো ফ্ড ইন দি কানিট্রি। আর একটা কথা বলে যাচ্ছি। চিনির ব্যাপার নিয়ে গতকাল এই হাউসএ প্রশ্ন উঠেছিল। এই চিনির বাজার আমরা দেখেছি সেদিন সুগার কন্ট্রোল অর্ডার চালু হয়েছে সেদিন কাটাপুকুরের শেড-এতে এক লক্ষ ২০ হাজার ব্যাগ চিনি ছিল—২ মন ৩০ সের করে প্রতি ব্যাগে ছিল। এই ১ লক্ষ ২০ হাজার ব্যাগের সমস্ত চিনি মাননীয় মুখ্যমন্ত্রী চিনির যারা ব্যাপারী তাদের পারমিট করলেন টু লিফট দি এনটায়ার ষ্টক।

The entire stock was to be completely seized and got possession of by the State Government in view of the Sugar Control Order: but the Chief Minister allowed the stockists to lift the entire stock and sell to in the black market.

এবং সেখানে সকলে শুনুন—৪৪·৭৫ নয়া পয়সা করে যেখানে দাম সেটা ৬০ টাকা করে তারা বিক্রি করেছেন। আমার কাছে যা ফিগার আছে তাতে ক্যালকুলেট করে দেখেছি ৬১ লক্ষ টাকা চিনির ব্যাপারীরা লাভ করেছে। আমি প্রমাণ দিতে পারব না—কেন না, জানি সেটা দেওয়া শক্ত। কিন্তু এই বিনোবাজী ফান্ড-এ ৩০ হাজার টাকা সুগার মার্কেট থেকে খালি তুলে দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর কাছে বিনয়ের সাথে জিজ্ঞাসা করছি এই এক লক্ষ ৬০ হাজার ব্যাগ চিনি—৪ লক্ষ ৪০ হাজার টন চিনি লিফ্ট্ করতে দিলেন। আর একটা কথা টোটাল যে চিনি সেটা ৩টি ট্রেডার্স কেটেগরি-র হাতে আছে—ইমপোর্টার্স, হোলসেলার্স এ্যান্ড রিটেলার্স। সারা ভারতে দুটো ক্যাটেগরি। বাংলায় আর একটা নোতুন ক্যাটেগরি কর হল। ভারত সরকার ঠিক করেছেন মণ প্রতি এক টাকার বেশী লাভ চলবে না। সেখানে এরা মণ পিছু ১ টাকা হোলসেলার এবং রিটেলার চৌদ্দ আনা অর্থাৎ মন পিছু ইন্টারমিডিয়ারী হোলসেলার্স যারা হোল ইমপোর্টার-কাম-হোলসেলার্স সকলে মিলে এক টাকা চৌদ্দ আনা করে মন প্রতি লুটে নিয়ে গেল। কোন গ্রাউন্ডএ এটা করতে দিলেন মুখ্যমন্ত্রী তা জাষ্টিফাই করুন। তারপর দেখুন কিছুদিন আগে আমি বলেছিলাম রামনগর সুগার মিলের কথা, অত্যন্ত লজ্জার কথা। এই সুগার মিলের অর্থমন্ত্রী একজন ভাগীদার—তিনি তার নাটের গুরু। সেই মিল থেকে সুগার বেরিয়ে গেল—এনটায়ার ষ্টক বেরিয়ে গেল ফ্রি মার্কেট-এ, এই যে বেরিয়ে গেল কি করে গেল? শুধু তাই নয় এই যে আইন ছিল যে আগে সুগার কন্ট্রোলার একজন ছিলেন, এখন তা ডেপুটি ডাইরেক্টার অফ

রেশনিং—আমাদের কাছে বহু অভিযোগ এসেছে সেই বি, কে, সেনগুপ্ত-র নামে যিনি সহকর্মী কাগজ বের করেন যে তিনি রেশন এর দোকান থেকে হাজার টাকা করে নিয়ে ওই কাগজ চালাচ্ছেন। ডেপুটি ডাইরেকটার অফ রেশানিং তিনি একই সংগে দুটি কন্ট্রোল করছেন—এই দুটো ক্ষমতা নিয়ে আজকে তিনি তার পজিসন দিয়ে বাংলাদেশের চিনির বাজারের এই সব কাজ করে চলেছেন। যে কোন লোকের কাছে যান কলকাতা সহরে তারা নানা কাহিনী বলবেন কিসের বেসিস-এ হোলসেল দেওয়া হয়। স্বদেশী সুগার সাপ্লাই লিমিটেড—এরা শুধু ইমপোর্টার হিসাবে লাইসেন্স পেল না—আরও ১৪টা হোলসেলার হিসাবে পেল। এই চৌদ্দটা অর্থাৎ একই কোম্পানির ডাইরেক্টর আরও একথা ফার্ম সেট আপ করে চৌদ্দটা কোম্পানীর নাম করে তারা এই সুবিধা সুযোগ নিল। হিন্দ সুগার কোম্পানী লিমিটেড—যার ডাইরেক্টর খৈতান তারা আরও ৩০টি হোলসেলার পারমিট-এর ব্যবস্থা করে নিলেন। আমি জিজ্ঞাসা করছি কিসের ভিত্তিতে তারা এ সব চালিয়ে যাচ্ছেন? আমি যে বলেছিলাম যে কালোবাজারের চিনি মিষ্টি বেশী তার কারণ বাংলাদেশে এইভাবে কারবার চলছে। তাই বলেছিলাম মুখ্যমন্ত্রী তার নীতি পরিবর্তন করুন যতক্ষণ পর্যন্ত তা না করছেন ততক্ষণ স্টেট ট্রেডিং ইন ফুড গ্রেইনস চালান। আমি এই হাউস-এ আগেও বলেছি আজও বলছি—আনন্দবাবু ধানের কথা বলেছেন—আমি বলছি ২২ টাকা নয় ১৬ টাকা, ১৭ টাকা করে চালের দাম করুন গরীব লোক যাতে খেতে পায়। তাও মহাযুদ্ধের সময় ২½ পেনিতে যে লোফ বিক্রী হত—যাকে বলা হত
rational loaf and national loaf was recognised as here in the world.
স্যার, এখানে খাদ্যনীতি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে—সরকার দেশের লোকের আস্থা হারিয়েছেন। এই সরকারের তাই পদত্যাগ করা উচিৎ।

Shri Barendra Krishna Bhowmik:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে খাদ্যসংকট যে অবস্থার মধ্যে চলেছে সেখানে বিরোধী দল বলছেন যে খাদ্যের দর ২২ টাকা হওয়া দরকার। এটা সকলেই চায় যে খাদ্যের দাম কমুক। কিন্তু কোথা থেকে কমান যাবে সেটাই হল চিন্তা। গভর্নমেন্টের হাতে যদি খাদ্য মজুত থাকতো তাহলে গভর্নমেন্ট খাদ্যের রেট ফিক্স করে দিতে পারতেন। পূর্বে ২৪ টাকা দর হয়েছিল। কিন্তু আমাদের অভিজ্ঞতা থেকে আমরা জানি যে তখন কোথায়ও কোথায়ও ৪০/৪২/৪৫ টাকা, এমন কি কুচবিহার অঞ্চলে ৭৫ টাকা চালের দর উঠেছিল। এবং আমার অভিজ্ঞতা থেকে বলতে চাই জলপাইগুড়ি জেলায় যখন হিরন্ময় ব্যানার্জী ডিভিশনাল কমিশনার ছিলেন তখন কংগ্রেসের স্বেচ্ছাসেবক দল সমস্ত রাস্তাঘাট বন্ধ করে প্রত্যেক জোতদারদের বাড়ীতে বাড়ীতে গিয়ে যাতে ধান কোন জায়গায় না যায় তারা চেষ্টা করে। তারা যাতে গভর্নমেন্টের গোলায় আসে তার চেষ্টা করেছিল। প্রথম দিন কিছুটা পাওয়া গিয়েছিল তা সত্য। কিন্তু তার পর দিন দেখা গেল সেই ধান সব জোতদারদের কাছ থেকে আঁধিয়ারদের গোলায় চলে গেল—সমস্ত আঁধিয়ারদের গোলায় চালান করে দিল। তার ফলে এক ছটাক ধানও পাওয়া যায় নি। এখন বড় বড় জোতদার আর দেশে নেই, ধান যদি পেতে হয় তাহলে সমস্ত আঁধিয়ারদের কাছ থেকে সিজ করে নিতে হবে। কিন্তু তাতে হয়ত বিরোধী পক্ষের কোন দল অসন্তুষ্ট হবেন। তার

[3-50—4 p.m.]

ফলে তাদের দেশে দুর্ভিক্ষ হয়েছিল, এবং লক্ষ লক্ষ লোক মারা গিয়েছিল। আজকে আমার পূর্বে আনন্দ বাবু তথ্য দিয়ে এই বিধানসভার কাছে পেশ করেছেন যে আমাদের যে ধান কেনাবেচা হয় তা হচ্ছে ৭ লক্ষ টন। আর বাদ বাকী ২৪ লক্ষ টন এই খাদ্য হয় যারা কালটিভেটার এবং যারা গ্রামের চাষী এবং চাষবাস করে। কিন্তু আজকে যে কথা উঠেছে যে চালের দাম বেঁধে দেওয়া হউক—একথা ঠিক যে সরকার পক্ষের আমরাও চাই যে যাতে দেশের লোক সস্তা দরে চাল পায়। তারজন্য রেশানের দোকানের মাধ্যমে সরকার পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে। আজকে রেশানের দোকান থেকে অল্প দরে চাল পাচ্ছে। এখন এটা একটা অদ্ভুত কথা শুনছি যে পুরুলিয়ায় দুর্ভিক্ষ দুর্ভিক্ষ দুর্ভিক্ষ এই কথা আমরা বারবার শুনছি। কিন্তু আজকে পুরুলিয়ার দিকে যদি দেখেন তাহলে দেখবেন পুরুলিয়ায় শতকরা ৪০ জন ভূমিহীন কৃষক, তারা বেশীর ভাগই জনমজুরী করে খান। আমাদের এখানে বিরোধী পক্ষের কেউ কেউ বলেছেন যে পুরু-

লিয়াতে দুর্ভিক্ষ হয়েছে এবং ৩১ জন মারা গিয়েছে। তারাও একথা বলেছেন যে সরকারের বর্তমান খাদ্য নীতি ভ্রান্ত। কিন্তু এই খাদ্য নীতি যে জনসাধারণের পক্ষে মংগলজনক তার প্রমাণ হুগলীতে যে কয়েক দিন আগে নির্বাচন হয়ে গেল তাতে জনমত রায় দিয়েছে এই কংগ্রেস সরকারের পক্ষে। সেখানেও তারা বলেছিলেন যে ৮ জন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে। কিন্তু জনসাধারণ এখন বুঝতে পেরেছেন যে এরা সস্তায় বাজী মাত করতে চায়। তারপর চীন যখন আমাদের দেশ আক্রমণ করেছিল তখন একদল চীন দরদি বন্ধু তারা এই খাদ্য নীতি নিয়ে অনেক কথা বলেছিলেন যাতে আমাদের সরকার বেসামাল হয়ে যায় এবং দেশের মধ্যে একটা বিশৃংখলা অবস্থার সৃষ্টি হয় তার জন্য অনেক চেষ্টা করেছিলেন। কিন্তু আবার তারা এখন এদের সংগে যোগ দিচ্ছেন সেই জন্য আমাদের ভয় হচ্ছে। এদের এর পিছনে কি উদ্দেশ্য আছে তা আমাদের নিশ্চয়ই নজর রাখতে হবে। তারপর স্যার একটু আগে আমাদের বিরোধী পক্ষের বন্ধু ননীবাবু জলপাইগুড়ি এবং ডুয়ার্সের কথা বললেন। আমি আপনাকে জানাতে চাই জলপাইগুড়ি এবং ডুয়ার্সে আজ কয়েক মাস ধরে কোটি কোটি টাকার কাজ হচ্ছে এক কোটি না দুই কোটি না কোটি কোটি টাকার কাজ হচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে অন্য দেশ থেকে লোক এসে—যদিও আমার অন্য দেশের লোকের প্রতি কোন বিদ্বেষ নাই আজকে দেখতে পাচ্ছি যে অন্ধ্র থেকে, উড়িষ্যা থেকে এবং অন্যান্য প্রদেশের লোক এসে কোটি কোটি টাকা রোজগার করে নিয়ে যাচ্ছে কিন্তু আমাদের ডুয়ার্সের কোন লোক বা জলপাইগুড়ির কোন লোক বা কুচবিহারের কোন লোক বা রায়গঞ্জ এর লোক তারা এক পয়সাও রোজগার করতে যাচ্ছে না। যদি সত্য সত্যই সেখানে দুর্ভিক্ষ থাকে তাহলে নিশ্চয়ই সেখানকার লোকেরা কাজের জন্য আসত। কিন্তু আজকে উত্তরবংগের কথা বলতে পারি সেখানে যত কনষ্ট্রাকশান ওয়ার্ক হচ্ছে এবং কোটি কোটি টাকার কাজ হচ্ছে সেখানে কাজ করছে বাহিরের লোক। পরিশেষে আমি এই কথা বলতে চাই যে দেশে যাতে কন্ট্রোল প্রথা চালু না হয় সেজন্য আমি আবেদন করব কারণ কন্ট্রোল হলে দেশের মংগল হবে না অবাধ ব্যবসা বানিজ্য যাতে চলে সে দিকে যেন মুখ্যমন্ত্রী নজর দেন এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব।

PERSONAL EXPLANATION

The Hon'ble Sankardas Banerji: *I understand that one of the honourable members has, without any reason, accused me of my association* with the Ramnagar Sugar Mill and the Ahmadpur Sugar Mill. I might inform the honourable members of this House that I never had, in my life and in my career, anything to do with the Ramnagar Sugar Mill except that I am President of the Labour Union. So far as Ahmadpur Sugar Mill is concerned, I was a director; that is well known to the members of this House. After I became a Minister I had to resign, and I have had nothing to do with the commercial dealings with the firm. But I may tell honourable members by way of personal explanation that under the Government of India orders no sugar mill can sell an ounce of sugar unless a release order comes from Delhi. When the release order comes, the sugar can come out after payment of excise duty. In the present day, as far as I know, the District Magistrate is the only person who chooses the dealers. If the District Magistrate fails in his duty or there is some lacuna, that is one thing.

Mr. Kashi Kanta Maitra has made a charge against me. I think it was only right that I should tell the honourable members that there is no foundation in it.

Shri Gour Chandra Kundu:

মাননীয় সভাপতি মহাশয়, গত বাজেট অধিবেশনে আমাদের কমিউনিষ্ট বেঞ্চের পক্ষ থেকে এবং সমগ্র বিরোধী পক্ষের তরফ থেকে যখন বাংলাদেশে দুর্ভিক্ষের পদধ্বনির কথা বলা হয়েছিল সেই সময় মুখ্যমন্ত্রী ঠাট্টা টিটকারী করে ভারত রক্ষা আইনের ভয় দেখিয়ে সমস্ত জিনিসটা উড়িয়ে দেবার চেষ্টা করেছিলেন। সেই সময় আমাদের কমিউনিষ্ট বেঞ্চের অস্থায়ী নেতা যে

কথা বলেছিলেন সে কথা অক্ষরে অক্ষরে সত্য হয়ে গিয়েছে। দুর্ভিক্ষের কথা শুনলে আমাদের মুখ্যমন্ত্রী আঁতকে উঠেন কারণ গত ১০ বছর যাবত বাংলাদেশ তাকে দুর্ভিক্ষ মন্ত্রী বলে জানে এবং তার পদত্যাগের দাবী বাংলাদেশের পথে পথে ধ্বনিত হয়ে উঠেছিল। সে কথা তিনি বোধহয় ভুলতে পারেন নি। তাই তার আজকেও অর্ধেক নিদ্রা ভংগ হয়ে যায় দুর্ভিক্ষের কথা শুনে তাই তিনি আঁতকে উঠেন। কিন্তু আজকে বাংলাদেশে একথা জোরের সংগে বলা যায় যে কংগ্রেস পক্ষের অনেকে এই কথা স্বীকার করবেন যে বর্তমানে বাংলাদেশে দুর্ভিক্ষ অবস্থা বিরাজ করছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এর কারণ যে একদিকে চালের অভাব এবং আরেক দিকে জনসংখ্যা বৃদ্ধি। কিন্তু আমি বলি এই দুটো জিনিস তো হঠাৎ হয়নি। চালের অভাব যদি তিনি স্বীকার করেন তাহলে এটা দুই তিন মাসের মধ্যে হয়নি। পাচ সাত দশ বছর আগে থাকতে খাদ্য পরিস্থিতি নিয়ে খাদ্য আন্দোলন হচ্ছে—বিধানসভার বাইরে এবং বিধানসভার ভিতরে বহু আলোচনা হয়েছে কিন্তু তার সমাধান করবার জন্য কোন ব্যবস্থা কি করেছেন তারা?

4—4-10 p.m.]

তারপর জনসংখ্যা বৃদ্ধি। এই জনসংখ্যা বৃদ্ধি হঠাৎ হয়নি, জনসংখ্যা বৃদ্ধি হয়েছে ১৯৫০ সাল থেকে—অর্থাৎ রিফিউজি আগমনের সময় থেকে। কাজেই এ বিষয়ে তাঁদের সাবধান হওয়া উচিত ছিল যে জনসংখ্যা বৃদ্ধি হলে আমরা কি করব। আমাদের দেশের সরকার দেশের কোটি কোটি টাকা অপচয় করছেন, মন্ত্রী এবং ডেপুটি মিনিস্টারের সংখ্যা বাড়াচ্ছেন, শাসন খাতে খরচ করছেন, এগ্রিকালচার খাতে খরচ করছেন কিন্তু এদিকে কোন নজর দিচ্ছেন না। ভারতবর্ষের সংবিধানে এই কথা আছে যে মানুষের ধনপ্রাণ রক্ষা করতে হবে। কিন্তু আমাদের দেশের মানুষের ধনপ্রাণ আজ বিপন্ন, আজকে মা-বোনেরা তাঁদের ইজ্জত বিক্রি করছেন নেহাত বাঁচবার জন্য, আজকে পথেঘাটে আমরা দেখছি এক মুঠো চাল বা এক মুঠো গমের জন্য এস, ডি, ও,-র দরজায় গিয়ে মানুষেরা বলছে দুর্ভিক্ষের অবস্থা, আমরা খাবার চাই। কিন্তু পি, সি, সেন এই ঠান্ডা ঘরে বসে বলছেন দুর্ভিক্ষের অবস্থা নেই। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এই সরকার খাদ্যসংকট প্রতিরোধ করতে ব্যর্থ হয়েছে। খাদ্য সংকট প্রতিরোধ করতে গেলে দুটি জিনিস প্রয়োজন। একটি হোল ভূমি সংস্কার যার মধ্য দিয়ে জমিদার জোতদারদের হাত থেকে জমি দখল করে নিয়ে চাষীদের দিতে হবে এবং তার ফলে চাষীরা সেই জমিকে নিজের মনে করে তাতে ফসলের উৎপাদন বাড়াবে। আর একটি হোল যে জমি আছে সেই জমির উৎপাদন শক্তি বাড়াবার জন্য প্রয়োজনীয় সেচ ব্যবস্থা দরকার, সার দেওয়া দরকার, কৃষিঋণ দেওয়া দরকার এবং ক্যাটেল পার্চেজ লোন দেওয়া দরকার। কিন্তু আজকাল সব বিশৃংখলার মধ্য দিয়ে চলেছে—অর্থাৎ ক্যাটেল পার্চেজ লোন দেওয়া হয় আশ্বিন মাসে যখন চাষ শেষ হয় এবং কৃষিঋণও দেওয়া হয় যখন চাষ শেষ হয়। এইসব কথা আমরা এখানে বহুবার উপস্থিত করেছি এবং বাজেট আলোচনার সময় বলেছি এবং সরকার এটা স্বীকার করতে বাধ্য হয়েছেন যার জন্য আমরা দেখছি প্রত্যেক জেলায় কৃষি ব্যবস্থা তদারক করবার জন্য একজন করে উপমন্ত্রী নিয়োগ করেছেন। স্যার, কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশন বারে বারে সরকারকে বলেছেন কৃষির ব্যাপারে তোমরা একটুও এগুচ্ছনা—এদিকে নজর দাও। কাজেই আমার বক্তব্য হচ্ছে চালের যে অভাব তার জন্য দায়ী এই সরকার। তবে এই চালের সংকট যদি দূর করতে হয় তাহলে কৃষি ব্যবস্থার উন্নতি করুন, সার ব্যবস্থার উন্নতি করুন এবং ভূমি সংস্কার করুন। এখন প্রশ্ন হোল এই যে সর্টেজ অব রাইস এটা আপাততঃ কি করে দূর করা যেতে পারে? আজকে বলা হচ্ছে গম খাও। মানুষ সেই গম তো খাচ্ছে। আপনারা আজকে যে জি, আর, দিচ্ছেন তাতে চাল না দিয়ে র‍্যাশন সপের মাধ্যমে যে গম দিচ্ছেন সেই গম তো বিক্রি হচ্ছে, মানুষ সেই গম তো খাচ্ছে। কিন্তু শুধু গম খেয়ে মানুষ বাঁচতে পারেনা। মানুষ তাদের কর্তব্য করছে, কিন্তু সরকার কি তাঁদের কর্তব্য করবেন না? স্যার, মানুষকে শুধু গম খেতে অভ্যস্ত নয়। কিন্তু তবুও তারা দেশের খাদ্য সংকটের কথা বিবেচনা করে সেই গম খাচ্ছে। তবে আসল এবং বাস্তব কথা হোল চালের ব্যবস্থা করা দরকার। স্যার, কাশীবাবু বলেছেন এবং আমরাও জানি ৩৮/৪০ টাকা যদি মণ প্রতি দেন তাহলে আপনি চাল পাবেন মজুতদারদের গুদামে ২।৪।৫০০।৫০০০ মণ চাল পাবেন। আমরা জানি ব্যবসায়ীরা দাদন দিয়ে রেখেছে, ১৭/২০ টাকা দরে চাল বুক করে

রেখেছে এবং স্টেট ব্যাংক ও অন্যান্য ব্যাংক থেকে তাদের লোন দিয়ে এই চোরাকারবার করতে সাহায্য করা হচ্ছে। তাদের লোন দেওয়া হচ্ছে এবং তারা সেই টাকা নিয়ে দাদন দিচ্ছে। আমরা নদীয়া জেলাবাসী জানি যে বড় বড় [illegible] জোরে আপনারা ভোটের বৈতরণী পার হয়ে এসেছেন যাদের গুদামে লক্ষ লক্ষ মণ চাল আছে এবং ব্যাংক থেকে তারা লক্ষ লক্ষ টাকা ধার পায়।

তাহলে কেন ২২ টাকায় চাল দেওয়া হবেনা। তাদের চাল বুক করা রয়েছে ১৭।২০ টাকায় এবং সেই চাল তারা ৩৫।৪০ টাকায় বিক্রি করছে। আপনারা ভারত রক্ষা আইনে কমিউনিস্ট পার্টির লোককে গ্রেফ্‌তার করেছেন, জরুরী অবস্থার নামে জ্যোতি বসুর মত লিডার-কে গ্রেফ্‌তার করেছেন কিন্তু চালের চোরা কারবারীদের গ্রেফ্‌তার করছেন না। যদি কোন দোকানদার লিটার বা মিটার-এর লিস্ট তার দোকানে না টানায় তাহলে তার বিরুদ্ধে ভারত রক্ষা আইন প্রয়োগ হয়না কেন? যে সমস্ত মিল মালিকের হাতে বেশী চাল আছে সেই চাল লেভি করে যদি তাদের কাছ থেকে নিয়ে র‍্যাশন সপ-এর মারফৎ অ্যাডিকোয়েট সাপ্লাই করতে পারেন তাহলে চালের দাম কমতে বাধ্য। মুখ্যমন্ত্রি ১১ হাজার র‍্যাশন সপ-এর কথা বলেছেন, কিন্তু আমি অভিজ্ঞতা থেকে বলতে পারি শতকরা ২৫টি র‍্যাশন সপে চাল পাওয়া যায়না। র‍্যাশন সপ-এর মালিক আমার কাছে কম্পলেন করেছে যে, যেখানে আমার দরকার ১০০ মণ সেখানে আমাকে দেওয়া হয় ১০ মণ এবং তাও আবার অখাদ্য কুখাদ্য। তাই আজ দেখছি বেশীরভাগ র‍্যাশন সপ বন্ধ কারণ সেখানে র‍্যাশন গিয়ে পৌঁছায় না। এমতাবস্থায় আমার বক্তব্য হচ্ছে র‍্যাশন সপ-এর মারফৎ যদি চাল সাপ্লাই করবার ব্যবস্থা করতে পারেন তাহলে চালের দর কমবে এবং মিল মালিকদের কাছ থেকে লেভি করে আদায় করে সেই চাল বিক্রি করবার ব্যবস্থা করতে পারেন তাহলে চালের দাম কমবে এবং তদুপরি যদি ডি. আই. রুল প্রয়োগ করতে পারেন তাহলে চালের দর কমবে। অর্থাৎ, প্রথম হোল মিল মালিকের উপর লেভি করা দরকার, দ্বিতীয় হোল ডি. আই. রুলস-এ গ্রেফ্‌তার করে চোরাকারবারীদের পানিসমেণ্ট দেওয়া দরকার এবং তৃতীয় হোল প্রকৃত ভূমি সংস্কার করে চালের উৎপাদন বৃদ্ধির দিকে এগিয়ে যাওয়া দরকার। এই কথগুলি বিরোধী পক্ষ থেকে আমরা বারে বারে জানিয়েছি এবং আবার আজকে বলছি। এবারে আর একটি বিষয়ের প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শুধুমাত্র চালের অভাবের জন্য এই সংকট হয়নি, মানুষের আয় নেই। তাকিয়ে দেখুন ক্ষেতমজুর, গরীব কৃষকের সংখ্যা এত বেশী অথচ তাদের হাতে চাল নেই, পয়সা নেই এবং তাদের আয়ও নেই। আজকে শহরে, গ্রামে, কলোনীতে, গঞ্জে হাজার হাজার লোক ঘুরছে যাদের কাজ নেই। কিন্তু যারা কাজ করে তারা একটাকা, দেড়টাকা আয় করে বলে চাল এবং জিনিসপত্রের দাম যেভাবে বৃদ্ধি হয়েছে তাতে তারা তা কিনতে পারেনা। তাদের পার্চেজিং ক্যাপাসিটি নেই বলে এই অবস্থা হয়েছে। কাজেই দেখা যাচ্ছে পশ্চিমবাংলার জনজীবনে একটা ঘোরতর সংকট দেখা দিয়েছে। শুধুমাত্র বিরোধী-পক্ষকে হেয় প্রতিপন্ন করবার চেষ্টা করলে কিছু হবেনা, মানুষ আপনাদের ভোট দিয়ে, গুরু দায়িত্ব দিয়ে গদিতে বসিয়েছেন কাজেই সেই দায়িত্বও পালন করুন। তাদের যদি না খাইয়ে রাখেন তাহলে ১৯৬০ সালে সেই সংগ্রামী মানুষের খাদ্য আন্দোলন করে যে একতা দেখিয়েছিল এবং অতীতে ১৯৫৭ সালে খাদ্য নীতির পরিবর্তন করবার জন্য বামপন্থীর নেতৃত্বে যেভাবে তারা ঐক্যবদ্ধ হয়ে সংগ্রাম করেছিল এবারেও তারা পিছিয়ে থাকবেনা। আপনারা যতই চেষ্টা করুন বংলাদেশের মানুষ বামপন্থী ঐক্যের সংগে একত্রিত হবে। তবে আমরা চাই মুখ্যমন্ত্রী মহাশয় খাদ্য নীতির পরিবর্তন করে আগামীকাল একটা বিবৃতি দিয়ে বাংলাদেশের মানুষকে বাঁচবার চেষ্টা করুন।

Shri Jaharlal Banerjee :

মাননীয় সভাপতি মহাশয়, আজকে পশ্চিমবাংলায় যে সমস্যা সেটা খাদ্য সমস্যার চেয়ে চালের সমস্যা বলাই ঠিক। কিন্তু এই সমস্যা সমাধানের জন্য আমাদের কি করা উচিৎ সেটা আজকে আমাদের আলোচনা করা দরকার। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলার লোক চাল খেতেই অভ্যস্ত এবং পশ্চিমবাংলায় আজকে চালের ঘাটতি সব চেয়ে বেশী। আমাদের পূর্ববর্তী বক্তা শ্রদ্ধেয় অপূর্ববাবু মাল্থুসিয়ান থিয়োরী সম্বন্ধে পূর্বেই

বলেছেন সেটা আজকে পচে গেছে, কিন্তু সেই থিয়োরী অন্য জায়গায় প্রযোজ্য না হতে পারে, ভারতবর্ষের মত অন্য দেশে প্রযোজ্য সে বিষয়ে সন্দেহ নাই। জনসংখ্যা যেভাবে বাড়ছে খাদ্য সেভাবে উৎপাদন হচ্ছে না। তবে সরকারকে ধন্যবাদ তাঁরা খাদ্য উৎপাদনের জন্য যথেষ্ট চেষ্টা করে চলেছেন। কিন্তু মাল্থ্‌সিয়ান থিয়োরীর শেষাংশ অনুসারে জনসংখ্যা যদি নিয়ন্ত্রণ না করা যায় তাহলে দুর্ভিক্ষ আসবে এবং এসে সেই জনসংখ্যা কমিয়ে দেবে।

[4-10—4-20 p.m.]

তাই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন বাংলাদেশে চালের যে ঘাটতি আজ দেখা গেছে তা পূরণ করতে হলে সমগ্র পৃথিবী থেকে যদি উদ্বৃত্ত চাল নিয়ে আসা যায় তাহলেও তা পূরণ করা সম্ভব হবে না। তাহলে তার সমাধান কি? এর সমাধান, একটা কথা বললে হয়ত পাশের বন্ধুগণ ব্যাংগোক্তি করবেন, হচ্ছে গম খাওয়া। আজকের দিনে আমাদের অন্য কোন উপায় নেই একথা চিন্তা করতে হবে। তাই আজ বিরোধী দলকে আমি অনুরোধ করব যে আন্দোলনের মাধ্যমে অনশনের মাধ্যমে তাঁরা আর যাই করুন চালের উৎপাদন বাড়াতে পারবেন না। আমি জানি জনসাধারণের অন্ততঃ একটা অংশের বিশ্বাস আস্থা তাঁদের উপর আছে। তাই আমি তাঁদের কাছে আবেদন করব যে বাংলার এই দুঃসময়ে তাঁরা যেন খাদ্য নিয়ে রাজনীতি না করেন। আসুন, আজকে আমরা সংযুক্তভাবে জনসাধারণের কাছে আবেদন করি তাদের কাছে বাস্তব অবস্থা তুলে ধরি তাদের সত্যিকার অবস্থা দেখাই যে বাংলাদেশে চাল নেই, বাংলাদেশে চাল কোথাও থেকে পাবার উপায় নেই, এখন আমাদের গম খেতে হবে। এইভাবে যদি বিরোধী পক্ষ এবং আমরা উভয়ই জনসাধারণের উপর প্রভাব বিস্তার করি তাহলে আমাদের খাদ্য সমস্যার কথঞ্চিৎ সমাধান হতে পারে। শ্রদ্ধেয় হেমন্ত বাবু একসময় বলেছেন রেশন সপে যে চাল পাওয়া যায় সেই চাল নাকি ব্যবহারের অযোগ্য। অবশ্য আমি একথা বলতে পারি না, আমি বরাবর রেশন সপের চাল খাই, তবুও ফুড সম্বন্ধে আলোচনা হবে বলে আমি রেশন সপ থেকে চাল সংগ্রহ করে খেয়ে দেখেছি যে সেটা মোটেই ব্যবহারের অযোগ্য নয়। তাই আজকে সত্যিকারের যদি সমস্যার সমাধান আমরা চাই তাহলে এই পথে আমাদের যেতে হবে। আমাদের আবেগের দ্বারা পরিচালিত হলে চলবে না, সত্যিকারে দেশের অবস্থা কি সেটা দরদী মন নিয়ে চিন্তা করতে হবে। সত্যিকার জনসাধারণের যদি আমরা উপকার করতে চাই তাহলে তাদের কাছে বাস্তব দৃষ্টিভংগী নিয়ে বাস্তব অবস্থা উপস্থিত করে তাদের ঠিকপথে পরিচালিত করতে হবে। শুধু আন্দোলন করে অনশন করে অবস্থার কোন রকম পরিবর্তন ঘটান সম্ভবপর হবে না। শ্রদ্ধেয় নিখিল বাবু একসময় তাঁর বক্তৃতায় বলেছেন চাল কি লাক্সারি? তিনি অর্থনীতির একজন ছাত্র। চাল লাক্সারি নয়। কিন্তু তিনি হয়ত অর্থনীতির গোড়ার একটা কথা ভুলে গেছেন যে চালের অল্টারনেটিভ কমোডিটি হচ্ছে গম। আজকে যদি চালের দাম বাড়ে এবং এজন্য গম খাই তাহলে চালের দাম কমে যাবে। হোর্ডারদের যদি জব্দ করতে হয় তাহলে বেশী করে গম খেতে হবে, তাহলে চালের দর আপনা আপনি কমে আসবে। আমার শ্রদ্ধেয় বন্ধু নিখিল বাবু বলেছেন পুরুলিয়ায় স্টারভেসান ডেথ হয়েছে, অথচ সেগুলি বসন্তের নামে চালিয়ে দেওয়া হচ্ছে। আমি আমার শ্রদ্ধেয় বন্ধুকে প্রশ্ন করব কংগ্রেসী সরকার কি এতবড় ক্ষমতাবান যে মানুষ ক্ষুধার জ্বালায় মরেছে সেই মানুষের মরবার সময় তার গায়ে বসন্ত প্রভৃতি রোগের দাগ দিতে সক্ষম হয়েছে? আমি মনে করি মানুষকে বিপথে পরিচালিত করবার জন্য তাঁরা যে চেষ্টা করছেন এটা তার একটা উদাহরণ। আমি আবেদন করব তাঁরা এই ভুল পথ ছেড়ে দিয়ে মানুষের প্রতি দরদী হয়ে বাংলার এই দুর্দিনে সকলের সাথে এক হয়ে বাংলার মানুষকে বিভ্রান্ত না করে প্রকৃত অবস্থা জানিয়ে তাদের যে সমস্যা সেই সমস্যার দিকে এগিয়ে যান।

আমাদের শ্রদ্ধেয় পাঁচুবাবু অনেক কথা বলেছেন, তিনি ইতিহাসের কথা বলেছেন, তিনি বলেছেন ইতিহাস নাকি আমাদের কোনদিন ক্ষমা করবে না। আমি শ্রদ্ধেয় পাঁচুবাবুকে স্মরণ করিয়ে দেব ইতিহাস কোনদিন কাউকে ক্ষমা করে না। ১৯৪২ সালে তাঁদের দল যে বিশ্বাস-ঘাতকতার ইতিহাস রচনা করেছিল, পথে পথে বাংলার জনগণ যখন না খেয়ে মরেছিল তখন ফুড

কমিটির নামে লুঠ কমিটি তৈরী করে তাঁদের দল যে ইতিহাস রচনা করেছিল সেই ইতিহাস কেউ কোনদিন ভুলবে না একথা আমি তাঁকে স্মরণ করিয়ে দেব। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)। শ্রদ্ধেয় হেমন্তবাবু খাদ্য আন্দোলন নিয়ে খাদ্য সমস্যা নিয়েপ্লেবেসাইটের কথা বলেছেন। আমি সবিনয়ে নিবেদন করবো কিছুদিন আগে অনুষ্ঠিত ৫টা উপনির্বাচনের কথা তিনি কি এর মধ্যে ভুলে গেছেন? বাংলাদেশের জনগণ এই কংগ্রেসী সরকারের গলায় যে জয়মাল্য পরিয়ে দিয়েছে সেকথা কি তিনি ভুলে গেছেন, তিনি কি জানেন না বাংলার মানুষ কাকে বিশ্বাস করে, তাঁদের না আমাদের? বাংলার মানুষ জানে যে —সমস্যা আসতে পারে পারে কিন্তু সেই সমস্যার সমাধান করতে পারে, একমাত্র কংগ্রেস গভর্ণমেন্ট—বক্তৃতা দিয়ে নয়, অনশন দিয়ে নয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শেষবারের মত আমার ডানদিকের যাঁরা বসে রয়েছেন তাঁদের কাছে আবেদন জানাচ্ছি খাদ্যকে রাজনীতির উর্দ্ধে রেখে বাংলার মানুষকে ঠিকপথে পরিচালিত করবার দায়িত্ব নিয়ে বাংলার এই খাদ্য সমস্যা সমাধানের দিকে তাঁরা এগিয়ে আসুন—অনশন দিয়ে, আন্দোলন দিয়ে এ সমস্যার সমাধান কোনদিন হবে না।

Shri Narayan Choubey:

মাননীয় সভাপতি মহোদয়, আমাদের খাদ্য ডিবেটে মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমাদের কংগ্রেসী বন্ধুরা সকলেই একটা কথা বলেছেন যে ২২ লক্ষ টন খাদ্য ঘাটতি, গম না খেলে চলবে না। একথা আমরা মনে করি সত্যই গম না খেলে চলবে না এবং গম যাতে লোকে খায় তারজন্য আমরা বিরোধীপক্ষ সে চেষ্টা করিনা একথা আপনারা বলতে পারেন না। গম আমরা খেতে রাজী আছি কিন্তু একথা নিশ্চয়ই আপনি জানেন যে শুধু গম দিয়ে সমস্ত ডেফিসিট, চাহিদা মিটতে পারে না এ অভিজ্ঞতা নিশ্চয়ই আপনাদের আছে। আপনারা অনেকেই জানেন যে টেস্ট রিলিফে যে গম দেন সেই গম অনেক চাষী খেতে পারে না। তার অনেকগুলি কারণ আছে—বাংলার চাষীগণ খেতে অভ্যস্ত নয়। পাঞ্জাবে যেমন পাঞ্জাবী ভায়েদের যদি বলেন ভাত খাও তাহলে তারা সে খেতে পারবে না। কাজেই এখানকার পক্ষে গমের রুটি খেয়ে কাজ করা অসম্ভব। তারপর কতকগুলি অসুবিধাও আছে। আপনারা জানেন আপনারা যে গম দেন টেস্ট রিলিফে গম কোথায় ভাঙ্গাবে? আপনারা শুনেছেন সস্তায় গম পাওয়া যায়, কণ্ট্রোল রেটে সে গম বিক্রী হয় তারচেয়েও সস্তায়, কারণ টেস্ট রিলিফের গম ভাঙ্গাতে না পেরে, চাষীরা খেতে না পেরে বেনিয়ার কাছে গিয়ে আরো সস্তায় বিক্রী করে দেয় এবং তারা আবার আমাদের কাছে সস্তায় বিক্রী করে দেয়—এরকম ঘটনা গ্রামাঞ্চলে বহু ঘটে। দ্বিতীয় কথা আমি বলতে চাই যে আপনারা গম কোথা থেকে পাচ্ছেন, লজ্জা হওয়া দরকার। এ গম কি ভারতবর্ষের গম, পাঞ্জাবের গম, ইউ, পি'র গম, রাজস্থানের গম? আপনারা পি, এল ৪৮০-র গম নিয়ে আসছেন সে গম বিক্রী করে আমেরিকান এমব্যাসী তার একটা অংশ আমাদের দেশে রেখে দিচ্ছে। গম খেতে বলছেন—যদি দেখতাম যে ভারতবর্ষের খাদ্যনীতির ফলে গম প্রচুর হয়েছে এবং সেই গম ভারতবর্ষের লোক খাচ্ছে তাহলে না হয় বুঝতাম।

[4-20—4-30 p.m.]

প্রতি বছর কানাডা, অস্ট্রেলিয়া, আমেরিকা যদি গম না দেয়, ভিক্ষার ঝুলি নিয়ে পাতিল সাহেব যদি না দাঁড়ান তাহলে গমও আসে না। চালও নেই গমও নেই. আপনারা আমাদের চেয়ে ভাল করে জানেন যে এই নিয়ে আপনাদের মধ্যে বিভেদ আছে। প্ল্যানিং কমিশনের মন্ত্রী শ্রীগুলজারীলাল নন্দ এবং খাদ্য মন্ত্রী শ্রীপাতিলের এই নিয়ে কি ঝগড়া হয় না? আপনারা কি করেছেন। আপনাদের খাদ্য নীতি যে ব্যর্থ হয়েছে একথা কি আপনারা স্বীকার করতে চান না। একজন মাননীয় সদস্য বলেছেন যে আমরা চেষ্টা করবো যাতে করে লোকে গম খায়। কিন্তু আপনারা তো চাল দেবেন না। যে চালের দাম ৪২ টাকা ৩৫ টাকা তাকে ডিফেন্স করবেন কি করে? এই বলে কি যে, চীনে এই রকম হয়? তাহলে আপনারা কি চীনকে অনুসরণ করছেন? রাশিয়ার কথায় পরে আসছি। চীনের ফেলিওর কি আপনাদের

স্যাকসেস? খাদ্য বিষয়ে আপনারা কি চেষ্টা করছেন যারা অর্থনীতির ছাত্র তারা তা জানে। চীনের ফেলিওর আমাদের সাকসেস—চীন থেকে এই লোক হংকং-এ পালিয়ে গেছে তাহলে আমরা কোথায় পালাবো—সিংহল না বার্মায়? এই সমস্ত কথা তাদের কাছ থেকে শোভা পায় না। তিনি ষ্টেট ট্রেডিংয়ের কথায় বলেছেন যে ষ্টেট ট্রেডিং কি সেখানে হয় নি—ষ্টেট ট্রেডিং তো চীনেও হয়েছে কিন্তু তার বেলায় এ রকম হোল কেন? তিনি আরও বলেছেন যে সোভিয়েৎ ইউনিয়নে ঘন ঘন মন্ত্রী বদলাচ্ছে। তিনি একথা বলতে পারেন যে সোবিয়েৎ ইউনিয়নের লোক না খেয়ে আছে? তিনি কি একথা জানেন না যে আগামী ১০ বছরের মধ্যে লোকেরা পৃথিবীর লোকদের চেয়ে সবচেয়ে বেশী করে খাবে? তিনি কি একথা জানেন যে সোবিয়েতে রুটি ফ্রি দেওয়া হচ্ছে? অতএব এ সমস্ত কথা বলে লাভ নেই। সোবিয়েতে এই যে মন্ত্রী বদলায় তার যে নীতি বদলায় এবং যদি কোন মন্ত্রী যদি কোন কর্মচারীর জন্য কোন প্ল্যান ফেল হয় তাহলে তাকে অপসারণ করা হয়। কিন্তু আপনারা কি তা করেন? মাননীয় সদস্য বললেন আসুন আমরা সকলে মিলে আন্দোলন করি যাতে সকলে গম খায়। আপনাদের যে নীতি তাতে আমাদের ম্যানিফেস্টো ফেলে দিয়েছেন। আপনাদের কি আবাদী নেই, আপনাদের কি কোন প্ল্যানিং কমিশন নেই, আপনাদের কি কোন নাগপুর রেজলিউসন নেই। সেগুলিকে ইম্পলিমেন্ট করার জন্য কেন আন্দোলন করেন না। আপনারা কেন পারেন না যে যে মন্ত্রীর আণ্ডার সে পাতিল হোক, আর প্রফুল্লচন্দ্র সেনই হোক—তাদের চেয়ে দেশ ছোট—যার আণ্ডারে দেশের এই খাদ্যাবস্থা হয় যে গম খেতে বলেন যে গম এখানে তৈরী হয় না। আপনাদের ভূমি সংস্কার নীতি ভূমি বণ্টন নীতি এই সবগুলো আপনারা বদলাবার চেষ্টা করুন। আপনারা বলছেন পাট বেশী হচ্ছে বলে আমাদের দেশের লোক খেতে পাচ্ছে না। খাদ্যাবস্থা আপনারা সংশোধন করতে পারেন না? যে নীতিগুলি প্ল্যানিং কমিশন নিয়েছেন মিক্সড অর্থনীতির নীতি আমাদের সমাজতন্ত্র দেশ নয় তবু সেই অর্থনীতিকে বাড়াবার জন্য যে নীতি নিয়েছেন প্ল্যানিং কমিশন সেই প্ল্যানিং কমিশনের ষ্টেট ট্রেডিং চালু করবার জন্য কেন আন্দোলন করবেন না? আমি আবেদন করবো আসুন—তিনি বলছেন গম খাওয়ার জন্য আন্দোলন করুন—আমরা তা করতে রাজী আছি কিন্তু আর একটা আন্দোলন করুন আপনাদের যে সমস্ত ঘোষিত নীতি আছে ষ্টেট ট্রেডিং করবেন কৃষককে জমি দেবেন, ভূমি সংস্কার করবেন ল্যাণ্ড সিলিং করবেন এগুলোর উপরে কেন ঐক্যবদ্ধ আন্দোলন করতে চান না। একথা কি ঠিক নয় যে ভেষ্টেড ইণ্টারেষ্ট মুনাফাখোরদের উপর হস্তক্ষেপ করতে আপনাদের হাত কাঁপে—একথা কি ঠিক নয় যে আজকে ডি, আই, রুলসে অনেক দেশপ্রেমিক জেলে আটক আছে, কালকে মুখ্যমন্ত্রি বললেন যে উৎপাদন যারা করছে তাদের ধরতে হয়। দেশে হোর্ডার বলে কোন পদার্থ নেই। কিন্তু নন্দ সাহেব এবং পাতিল সাহেব তাঁরা কিন্তু আবার বলছেন যে হুসিয়ার হোর্ডার তোমাদের আমরা ধরবো—এই বলে তাদের আগেই সাবধান করে দিচ্ছে—তোমরা আমাদের ধরতে বাধ্য করিও না। সেই ব্যবসাদারগুলি কারা সেই ব্যবসাদারগুলি কি পশ্চিমবাংলায় নেই, মুখ্যমন্ত্রি কি সেই ব্যবসাদারদের জানেন না?

তাই মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে একথা বলতে চাই যে বাংলাদেশে আন্দোলন হবে, শুরু বাংলাদেশে হয়েছে। আপনি একটা কথা বলেছেন, ঠিক কথা যে ষ্টেট ট্রেডিং শুধু পশ্চিমবাংলার নীতি হতে পারে না, এটা ভারত গভর্ণমেণ্টকে গ্রহণ করতে হবে। আসুন পশ্চিমবাংলার, আমাদের হাউসের নেতা হিসাবে ঘোষণা করুন যে ষ্টেট ট্রেডিং চালু করা হোক। এবং আপনি যদি একথা ঘোষণা করেন তাহলে আপনাকেও আমরা সাহায্য করবো। যদি পশ্চিমবংগ সরকার মনে করেন যে, ভারতবর্ষে যে খাদ্য নীতি চলছে তা ব্যর্থ হয়েছে, মানুষের দুঃখ বেড়েছে, গঞ্জনা বেড়েছে, লাঞ্ছনা বেড়েছে এবং সেজন্য আমাদের বিধানসভা মনে করে যে ষ্টেট ট্রেডিং দরকার। একথা পরিষ্কার করে আপনি ঘোষণা করুন। একথা না বলে আপনারা বলছেন যে সেণ্টার ওটা করছে আর সেণ্টার বলছে যে আপনারা এটা করছেন। এইভাবে স্নাণ্টিং করে, হাওড়া শেয়ালদা করে, আমাদের ধোকা দিচ্ছেন, এটা চলবে না।

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই কথা বলে শেষ করবো যে আমরা আন্দোলন করবো, আমাদের বন্ধুরা অনশন করছে, এটা শুরু হয়েছে, এই নীতির পরিবর্তনের আন্দোলন হচ্ছে

এবং এটা আরো ব্যাপকভাবে করতে হবে। আপনাদের নীতি পরিবর্তন করতে হবে এবং তার প্রস্তুতি চলছে। আপনারা কাগজে পড়েছেন যে, ভারতবর্ষের কম্যুনিষ্ট পার্টি সেই ক্যাম্পেন চালু করেছে। তারা ভারতবর্ষের এক কোটি লোকের স্বাক্ষর সংগ্রহ করে এবং আগামী আগষ্ট মাসে এক লক্ষ লোককে নিয়ে নয়াদিল্লী যাবে যাতে ভারতবর্ষের মধ্যে যে প্রতি-ক্রিয়াশীল চক্রান্ত আছে তা ব্যর্থ হয়। যাঁরা প্রগতিশীল বামপন্থী বন্ধু এবং কংগ্রেসের মধ্যে যাঁরা প্রগতিশীল আছেন তাঁদের সবাইকে নিয়ে আমরা আজ আন্দোলন করতে চাই যার ফলে সারা ভারতবর্ষে এই আন্দোলন শুরু হবে। আমি এই কথা বলে শেষ করতে চাই যে, সেই আন্দোলনের সূচনা পশ্চিমবংগে শুরু হয়েছে। অনশনের মাধ্যমে, মিটিং-এর মাধ্যমে, এবং মিছিলের মাধ্যমে এবং "দিল্লী চল" এই আন্দোলন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhakti Bhushan Mandal:

মাননীয় সভাপতি মহাশয়, আপনার কাছে আজকে খাদ্য সমস্যা সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা বলবো যে, যেভাবে এখানে খাদ্য সমস্যা আলোচনা হচ্ছে, বিশেষ করে ট্রেজারী বেঞ্চ থেকে যেভাবে এটাকে একটা সামান্য সমস্যা বলে নিয়েছেন, তাতে সত্যি কথা আমি বলবো যে, আমি যে অঞ্চল থেকে এসেছি আমার ইচ্ছা হয় না যে, এই ডিবেটে আমি যোগ দিই। কারণ আমরা জানি এখানে বসে আমরা যে কথা বলছি, এই শীততাপ নিয়ন্ত্রিত ঘরে, আজ যদি আমার এলাকা দেখেন তাহলে দেখবেন যে সেখানকার অবস্থা কি। মুখ্যমন্ত্রী মহাশয় এখানে অসত্য কথা বলেন, মুখ্যমন্ত্রী মহাশয় এখানে সত্যের আভাস দেন না। এই হাউসে তিনি অনেক বক্তৃতা দিতে পারেন কিন্তু মানুষের তাতে প্রতিকার হবে না এবং মানুষের যে না খাওয়া চেহারা তা অনুভব করা যায় না। আমি জানি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যখন গরীব ছিলেন অর্থাৎ তিনি যখন আরামবাগে মশারী কেনার পয়সা না থাকায় কেরোসিন তেল মেখে মশার কামড় থেকে নিজেকে রক্ষা করতেন সেই সময় তিনি গরীবের যে কি অবস্থা, গরীব যে খেতে পায় না, সেটা ভাল করে বুঝতেন।

[4-30—4-40 p.m.]

আজকে মুখ্যমন্ত্রী বিরাট বাংলাদেশের মসনদে বসে আছেন—তাই জানতে পারছেন না সারা বাংলাদেশে দুর্ভিক্ষ এসেছে কিনা। তাঁকে আমি খয়রাসোল, দুবরাজপুর, এলাহিবাজার যেতে বলি। আমি বার বার বলেছি আমার কথা বলছি না—আপনাদের ডিভিশনাল কমিশনার, যিনি বীরভূমের জেলা ম্যাজিস্ট্রেট তাঁরা যে রিপোর্ট দিয়েছেন সেই অনুসারে কাজ করুন। মুখ্যমন্ত্রী ব্যাঙ্গসুরে বললেন—না, কিছুই হয়নি। আমার বীরভূম থেকে প্রায় ৭০ জন পদযাত্রী এসেছে মুখ্যমন্ত্রীর কাছে জানাতে সেখানে কি অবস্থা। আমি যখন গরীব লোকদের কাছে গিয়েছি তারা বলে—বাবু, আপনারা আন্দোলন করবেন, বিধানসভায় আমাদের কথা বলবেন কিন্তু সেগুলি কথাই হবে—কোন কাজে লাগবে না। কারণ, বাংলাদেশের যিনি মুখ্য-মন্ত্রী তাঁকে আমরা ভালভাবে বুঝে নিয়েছি, আমাদের ২।৩ জন কংগ্রেসী বন্ধু বলেছেন আমাদের দিকে জনতার রায় তার পরিচয় মিলে গেছে পাঁচ পাঁচটা ইলেকসান-এ। কিন্তু সেটা কি বড় কথা। বীরভূম জেলার যাঁরা কংগ্রেস সদস্য আছেন তাঁদের কাছে বলছি যে এলাকার কথা আমি বলেছি তাঁরাই সেই এলাকার সঠিক অবস্থা কি। আমি পরিষ্কারভাবে বলতে চাইছি যে ভাল ভাল গেরস্থ চাষী আজ পাঁচ বছর ধান না হবার পর যে জমির দাম এক হাজার টাকা তা বিক্রী করছে ২০০্ টাকায়। কর কবলায় এক হাজার টাকার জমি ২০০্ টাকা বিক্রী করছে। যারা কিনে নিচ্ছে তারা বলছে এক বছরের মধ্যে টাকা দিলে জমি ফেরৎ পাবে। আপনারা এটা খবর নিন। জমি যে তারা ফেরৎ পাবে না এটা আমি জানি এবং আপনারাও তা বুঝতে পারেন, কেন না, এগ্রিমেন্ট যেখানে নেই যারা রক্ত শোষণ করে জোতদার, জমিদার তারা সেখানে জমি ফেরৎ দেবে না। কিন্তু মানুষের সবচেয়ে বড় কথা হচ্ছে ক্ষুধা। গণতন্ত্রের কথা বলছেন কনস্টিটিউসন-এর স্যাংটিটির কথা বলছেন এসব কথা মুখে বলা চলে। বিলাতের পার্লিয়া-মেন্ট-এ দেখেছি একজন লোক না খেতে পারলে সেখানে মিনিষ্টারকে রিজাইন করতে হয়।

আমাদের এখানে হাজার হাজার লোক খেতে না পারলেও রিজাইন করতে হয় না, দার্জিলিং-এ কি করে বৈঠক বসবে তার ব্যবস্থা করা হয়। তাই বলছি আজ দুই দিন ধরে এই যে চাপ আমরা দিচ্ছি এর কোন দাম হবে না। যদি গভর্ণমেণ্ট এটা অন্তরের সংগে উপলব্ধি না করে তাহলে বলা এই সংসদীয় গণতন্ত্রের কোন দরকার নেই। কারণ, সংসদীয় গণতন্ত্রের মূল কথা মানুষকে দুমুঠো খেতে দিতে হবে—তা যদি না পারে আমাদের অধিকার আছে এই সংসদীয় গণতন্ত্রের আইনকানুন ভেঙ্গে চুরে, আন্দোলন করে যাতে আপনাদের ওই আসন থেকে টেনে নামিয়ে দিতে পারি তার ব্যবস্থা করা। তাই আজকে আমরা যারা এখানে সদস্য হয়ে এসেছি তাদের এখানে আসবার কারণ নেই, কারণ, যদি বুভুক্ষু মানুষের খাবার ব্যবস্থা না করতে পার কি অধিকার আছে তাদের প্রতিনিধিত্ব করব। মুখ্যমন্ত্রী বললেন—সব মিথ্যা, সব মিথ্যা। তিনি আজকে অসত্যের যে একটা প্রতিমূর্তি, এবং অত্যাচার এবং অবিচারের যে প্রতিমূর্তি হয়ে দাঁড়িয়েছেন তাই একথা বললেন। বীরভূমে গিয়ে শার্কিট হাউস-এ থেকে এবং কয়েকজন মোসাহেবের সংগে কথা বলে যদি মনে করেন যে গ্রামের লোকের অবস্থা জেনে এসেছি সেটা তাহলে ভুল করবেন। যারা গ্রামে শেষ প্রান্তে বাস করে—হাড়ি, মুচি, ডোম তাদের বাড়ীতে যদি একবার যান তাহলে বুঝতে পারবেন তারা খেতে পাচ্ছে কিনা। তিনি যদি চুপ করে তার ধারণা নিয়ে বসে থাকেন আমাদের যত কিছুই হোক এরকমভাবে আমরা ১৩৫০ সালের মন্বন্তর যেটা সৃষ্টি হয়েছিল মানুষ না খেয়ে মরেছিল এই ১৩৭০ সালে। না খেয়ে মানুষকে মরতে আমরা দেব না।

যদি সংসদীয় উপায়ে না পারি, অগণতান্ত্রিক পথ যদি আমাদের ধরতে হয় তাই ধরতে রাজী আছি, কিন্তু তবু মানুষকে না খেয়ে মরতে দেব না। কংগ্রেসের মধ্যেও অনেক লোক আছেন যাঁরা বিবেকবান লোক বলে মনে করি তাঁরাও এই সমস্ত কথা উপলব্ধি করেন। আমি জানি এমন অনেক মন্ত্রী আছেন যাঁরা হু-এ হু না দিলে মন্ত্রী থাকতে পারবেন না, কিন্তু তাঁদের মধ্যে এমন ইণ্ডিপেনডেণ্ট লোক আছেন মানুষ না খেতে পেলে যাদের বুকে বাধা লাগে। এখানে অনেকে পুরুলিয়ার কথা বলেছেন, হুরা, পুঞ্চা, মানবাজার ইত্যাদি অঞ্চলের কথা অনেকে বলেছেন, এসব অঞ্চল ছাড়া বাগমুণ্ডী, আড়ুরা, ঝালদা এসব অঞ্চলেও ধান হয়নি। বীরভূম জেলার কয়েকটা অঞ্চলেও একেবারে ফসল হয়নি একথা আমি নিজে জানি। আজ যদি আমাদের মুখ্যমন্ত্রী বলেন ধান দেশে নাই, দেশে ধান হয়নি, তোমরা গম খাও, কালকে হয়তো বলবেন গমও নাই, কচু খাও, কচুর ডাঁটা খাও—এসব অবান্তর কথা আমরা মানব? আমাদেরও একটা কর্তব্য আছে, কারণ ততক্ষণ পর্যন্তই মানুষ শিষ্ট ও শান্ত থাকতে পারে যতক্ষণ পর্যন্ত পেটে ক্ষুধা না থাকে, অর্থাৎ পেটে যদি ক্ষুধা না থাকে তাহলে ডিসেন্সী ও ডিকোরাম মেইন্‌-টেইন্‌ করে সংসদীয় গণতন্ত্র রক্ষা করা আমাদেরও কর্তব্য, কিন্তু যদি আমরা দেখি দিনের পর দিন মানুষ না খেতে পেয়ে মরছে তাহলে সংসদীয় গণতন্ত্রকে প্রণাম জানিয়ে তাকে কি করে বাধা দেওয়া যায় আমরা তার চেষ্টা করব, এবং তার জন্য যদি প্রফুল্লবাবুকে ঘাড় ধরে নামাতে হয় আমরা তার ত্রুটি করব না। তিনি আজকে সংখ্যাগরিষ্ঠ হয়েছেন পার্লিয়ামেণ্টারী ডেমক্রাসি অনুযায়ী কিন্ত পার্লামেণ্টারী ডেমোক্রাসির যেটা ফান্ডামেণ্টাল রুল সেটা যদি তিনি ওবে না করেন তাহলে নিশ্চয়ই আমাদের অধিকার আছে অগণতান্ত্রিক উপায়ে তাঁকে সরিয়ে দেওয়ার। আমি তাই বলছি এখনো আপনারা সাবধান হোন। আমি কাউকে অসম্মান করতে চাই না। কিন্তু মানুষ না খেতে পেয়ে মরুক এটা আমরা হতে দেব না এই কথা বলে আজকে আমি বিদায় নিচ্ছি।

[4-40—4-58 p.m.]

Shri Guru Pada Khan:

মাননীয় সভাপতি মহাশয়, আজ খাদ্যাবস্থা নিয়ে বিতর্কের দ্বিতীয় দিনে বিপক্ষ দল থেকে অনেক আলোচনা শুনলাম। বিরোধীদল থেকে এই পর্যন্ত যেকথা শুনেছি তার সারমর্ম সংক্ষেপে বলতে গেলে এই দাঁড়ায় যে, পশ্চিমবংগ সরকার যে খাদ্যনীতি পরিচালনা করছেন তার পরিবর্তন

করতে হবে, এবং সেই পরিবর্তিত খাদ্যনীতির কথা ঘোষণা করতে হবে—এই হচ্ছে একটা কথা। দ্বিতীয় কথা হচ্ছে, খাদ্যসংকট যাতে না আসতে পারে তার জন্য স্থায়ীভাবে চেষ্টা করতে হবে। মজুতদার, কালোবাজারী যারা রয়েছে—তাদের সমস্ত কিছু ছিনিয়ে নিয়ে ষ্টেট ট্রেডিং করতে হবে। খাদ্যসংকট সমাধান করবার জন্য এইরকম কিছু কিছু ইংগিত তাঁরা দিয়েছেন, কিন্তু আমি বিরোধীদলের বন্ধুদের এই কথা বলব যে, তাঁরা যে খাদ্যনীতি পরিবর্তনের কথা বলছেন সেই খাদ্যনীতির মধ্যে কি দোষ দেখেছেন তা তাঁরা বোঝাতে পারেন নি। এখন যেভাবে মডিফাইড রেশন দেওয়া হচ্ছে তার মধ্যে কোন কোন জায়গায় ত্রুটি থাকা সম্ভব, হয়তো আরো বেশি মডিফাইড রেশন দোকান খোলা উচিত, নিশ্চয়ই উচিৎ একথা কেউ অস্বীকার করবে না। আজকে আমাদের খাদ্যাবস্থা যে পর্যায়ে পৌঁছেছে তাতে বাস্তবিকই চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু খাদ্যাবস্থা আলোচনা করতে গিয়ে বিরোধীদলের বন্ধুরা একথা কেন ভাবেন না আমি বুঝতে পারি না যে, আজকে সারা পৃথিবীতে খাদ্যসংকট দেখা দিয়েছে। সমাজতান্ত্রিক দেশই হোক আর অসমাজতান্ত্রিক দেশই হোক, পৃথিবীতে আণ্ডার ডেভেলপ্ কান্ট্রি এমন কোন দেশ আছে যেখানে আজকে খাদ্যসংকট নাই? আমাদের দেশের ভিতর এই সমস্যা সম্বন্ধে আমরা ওয়াকিবহাল হয়েছি বলে বিভিন্নভাবে এই সমস্যা সমাধানের জন্য আমরা চেষ্টা করছি। যে বলিষ্ঠ খাদ্যনীতি স্বাধীনতার পর আমাদের দেশে অনুসৃত হচ্ছে আমি মনে করি তার জন্য আমরা দুর্ভিক্ষ এড়াতে পেরেছি। এমন অনেক দেশ আছে যে দেশ সমাজতান্ত্রিক ধাঁচ অনুসরণ করেও দুর্ভিক্ষ এড়াতে পারে নি। কিন্তু একথা আমরা জোর করে বলতে পারি—আমাদের অভাব অনটন আছে একথা আমরা অস্বীকার করি না.—এই খাদ্যনীতি অনুসরণ করেই আমাদের জাতীয় সরকার আমাদের দেশ থেকে দুর্ভিক্ষ দূর করতে পেরেছেন। হয়তো আমাদের কিছুটা কষ্ট হচ্ছে, যে চাল আমরা চাই সেই চাল সরকার যথেষ্ট পরিমাণে দিতে পারেন না একথা সত্য। মডিফাইড্ রেশনিং সপ-এ যে চাল দেওয়া হয়—আমি পাড়াগাঁ থেকে এসেছি, পাড়াগাঁয়ের লোকের সম্বন্ধে আমার কিছু অভিজ্ঞতা আছে—আমাদের এলেকার যে মডিফাইড রেশন সপ রয়েছে সেখানে আতপ চাল দেওয়া হয়, কিন্তু পশ্চিমবাংলার অধিবাসীরা আতপ চাল খেতে অভ্যস্ত নয় বলে বেশিদামে বাজার থেকে কিনবার চেষ্টা করে। বিরোধীদলের বন্ধুদের অনেকেই বলেছেন আজকে বাজারে চালের দাম ৩০।৪০ টাকা পর্যন্ত উঠে গিয়েছে। কিন্তু এই কথা কি বিরোধীদলের বন্ধুদের কেউ বলতে পারবেন যে ৩০ টাকা দরে ৩॥ কোটি লোকের সকলকে চাল দিতে পারবেন? আজ বাংলাদেশে আমাদের যা উৎপাদন হয় তা সমস্তই যদি স্টেট ট্রেডিং করা হয় তাহলেও ৩॥ কোটি লোকের সকলকে যথেষ্ট খাদ্য দেবার মতো সংস্থান আমাদের আছে কিনা সেটা ভেবে দেখবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এট.ও তাঁদের ভেবে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি যে, বাংলাদেশে যে পরিমাণ উৎপাদন হয় তা সমস্ত রাষ্ট্রায়ত্ত করা হলেও সারা বাংলাদেশের লোককে চাল সরবরাহ করতে পারা যাবে কিনা। আজকে যেখানে মানুষের ক্রয় ক্ষমতা কমে গিয়েছে সে ক্ষেত্রে ১৯।২০।২১ টাকা দরে চাল দেবার ব্যবস্থা করে সরকার কি অন্যায় করেছেন? আমরা একথা অস্বীকার করি না যে যথেষ্ট পরিমাণ চাল দিতে পারা যাচ্ছে না, হয়তো কোন কোন জায়গায় ব্ল্যাক মার্কেটও হচ্ছে, কিন্তু সেটাকে মক্ষিকার মতো বড় করে দেখিয়ে যারা বাংলাদেশের গরীবলোকের মধ্যে, কৃষকের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে খাদ্য নিয়ে রাজনীতির খেলা করছে দেশের লোক আপনাদের সহ্য করবে না। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত খাদ্য সম্পর্কে আমাদের সরকার যে নীতি অবলম্বন করে চলেছেন তা যদি আমরা মন খোলসা করে পরিষ্কারভাবে চিন্তা করে দেখি তাহলে আমরা একথা স্বীকার করতে বাধ্য হব যে আমাদের পশ্চিমবাংলা সরকার খাদ্যের ব্যাপারে যে বলিষ্ঠ নীতি নিয়ে চলেছেন এ ছাড়া অন্য কোন উপায় ছিল না।

এছাড়া আর কোন উপায় নেই। আমাদের খাদ্যনীতি সারা ভারতবর্ষের নীতির সংগে ওতপ্রোতভাবে জড়িত এবং তার সংগে অংগাংগীভাবে সম্বন্ধ রয়েছে। পি. এল. ৪৮০ প্রথায় গম আনার কথা বলা হয়েছে। কিন্তু তাঁদের দলনেতা কি জানেন না যে এই রকম করে অনেক সমাজতান্ত্রিক দেশকেও হাজার হাজার মন গম অসমাজতান্ত্রিক দেশ থেকে নিয়ে আসতে হয়েছে? আমাদের দেশে লোকসংখ্যা বেড়েছে কিন্তু নানাভাবে চেষ্টা করেও আমরা জমির পরিমান বাড়াতে পারি নি। আলাদীনের প্রদীপ দিয়ে একদিনের মধ্যে দেশের অবস্থা পরিবর্তন

করা যায় না এটা সকলকেই মানতে হবে। আপনারা যদি বলেন এই মুহূর্তে সমস্ত খাদ্যশস্য রাষ্ট্রায়ত্ব করে নিয়ে সুষ্ঠু ব্যবস্থা করতে হবে তাহলে আমি বলব তা কি করে সম্ভব হবে। এটা কি কেউ ৩।৪ মাসের মধ্যে করতে পারবে? এমন কোন মেসিন্যারি কি কোন মানুষের হাতে রয়েছে যার দ্বারা দেশের সমস্ত জিনিস সরকার নিয়ে নিতে পারবে? কাজেই এই নীতি আপনাদের গ্রহণ করতে হবে। গরীব মানুষকে আমরা কম দামে খাদ্য দেব এই নীতি পরিবর্তন করবার কথা আপনারা কি করে ভাবেন? তারপর, একটা বাস্তব কথা বলছি এবং এটা আমরা পাড়াগাঁয়ে লক্ষ্য করেছি যে যাদের ক্রয়ক্ষমতা নেই, যারা বেকার তাদের টি, আর-এর মাধ্যমে কাজ দেবার জন্য সরকারকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। আজকে বৃষ্টি হয়েছে বলে চাষের কাজ সুরু হয়েছে কিন্তু কয়েকমাস পরে খাদ্যের অবস্থা কি হবে সেটা এখনই বুঝতে পারছি। বর্তমানে যে খাদ্যসংকট তাতে সরকারকে একথা বলতে হচ্ছে যে, আজ বৃষ্টি হয়েছে বলে কোথাও কোথাও চাষের কাজ সুরু হয়েছে এবং সেই জন্য টি, আর-এর কাজ হয়ত বন্ধ হয়েছে, কিন্তু সব জায়গায় চাষের কাজ সুরু হয় নি। কাজেই আমার বক্তব্য হচ্ছে যেখানে অল্প পরিমানে সুরু হয়েছে সেখানে যাতে লোকেরা খেতে পায় তার জন্য টি, আর, বন্ধ করা যায় না এবং প্রয়োজন হলে জি, আর-এর কোটা বাড়াতে হবে। পুরা রেশন প্রথা আমরা চালু করতে পারি না এবং দেশের লোক যে সেটা চায় না তা আপনারা জানেন। পল্লীগ্রাম থেকে যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা যদি নিজেদের কনস্টিটিউএন্সী-তে গিয়ে পুরা রেশন প্রথা সম্বন্ধে যাঁরা বোঝেন তাঁদের সংগে আলাপ করেন তাহলে বুঝতে পারবেন তাঁরা সেটা চান না। সুতরাং নিরপেক্ষভাবে আমরা দেখছি পশ্চিমবংগ সরকার এখন যে খাদ্যনীতি গ্রহণ করেছেন সেই নীতি পরিবর্তন করবার কোন আবশ্যক নেই। হয়ত এই নীতি এক্সিকিউট বা কার্যকরী করবার সময় কোথাও কোথাও ছোটখাট ত্রুটি বিচ্যুতি দেখা দিচ্ছে, সেগুলি পরিস্কার করবার জন্য সকলে মিলে সহযোগিতার মনোভাব নিয়ে চেষ্টা করতে হবে। এইসব ত্রুটিগুলি সরকারের কাছে নিয়ে এসে তা দূর করবার জন্য যদি আমরা চেষ্টা করি তাহলে এই খাদ্য সমস্যার সমাধান আমরা অনেকটা করতে পারব। পরিশেষে আমার বক্তব্য হচ্ছে খাদ্য নিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করতে চাইবেন না কারণ বাংলাদেশের সাড়ে তিন কোটি লোক খাদ্য নিয়ে আন্দোলন করতে রাজী নয়।

Shri Dharanidhar Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, দুদিন ধরে বর্তমানে আমাদের বাংলাদেশের যে খাদ্য পরিস্থিতি চরম সংকটজনক অবস্থায় এসেছে সে সম্পর্কে আলোচনা চলছে, এবং আমাদের বর্তমান সরকারের যে খাদ্যনীতি তার প্রতিবাদে বিধানসভার বিরোধী পক্ষ আমরা অনশন ধর্মঘট করে আছি। কিন্তু এই দুদিন ধরে আলোচনার মাধ্যমে বিরোধী পক্ষ আমরা বুঝাবার চেষ্টা করছি যে বর্তমানে সরকারের যে সেই নীতি মানুষকে খেতে দিতে পারে না, সেই নীতি দেশের মানুষকে দিনের পর দিন আরও চরম সংকটজনক অবস্থার মধ্যে নিয়ে গিয়ে দুর্ভিক্ষ অবস্থায় টেনে আনছে। কিন্তু গতকাল মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের কাছ থেকে যে জবাব আমরা পেলাম তাতে সত্যই অত্যন্ত আতংকিত হবার কথা। বাংলাদেশের মানুষ বাঁচবে কি বাঁচবে না? বিরোধী দল এবং আইনসভার বাইরে দেশের মানুষ, সাধারণ লোক আজকে এই সরকারের নীতির প্রতিবাদে আন্দোলন সুরু করেছে বিভিন্ন দিক দিয়ে। তারা যে দাবী জানাচ্ছে খাদ্যের অভাব আছে তা দৈনিক খবরের কাগজে বিভিন্ন জেলার বিভিন্ন এলেকা থেকে প্রকাশিত হচ্ছে, খাদ্যের সংকটের কথা প্রকাশিত হচ্ছে। এই অবস্থাতেও আজকে বিধান-সভার আলোচনায় খাদ্য-মন্ত্রী তথা ত্রাণ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে উক্তি করলেন যে দেশে খাদ্যাভাব নেই এটা অত্যন্ত পরিতাপের বিষয়। আমি গ্রাম থেকে এসেছি মালদহ জেলার গাজোল থানার বিভিন্ন এলেকায় বিভিন্ন থানায় বর্তমানে যে খাদ্য সংকট চলেছে তা মডিফায়েড রেশনিং দোকান মারফত খাদ্য বিতরণের মাধ্যমেই তা প্রকাশিত হচ্ছে। কিন্তু আমি বলতে পারি এবং এখানে জানিয়ে দিতে চাই যে গাজোল থানায় এখনও পর্যন্ত কোন চাল গিয়ে পোঁছায় নি। মালদহ জেলার বিভিন্ন থানায় একই অবস্থা। গ্রামের লোক কাজ পাচ্ছে না, লোকের হাতে পয়সা নেই। আজকে বাজারে গেলে দেখা যাবে সেখানে ৩২ টাকা থেকে ৩৪ টাকা চালের দর, বাইরের লোক কিনে খেতে পাচ্ছে না, গ্রামের লোক বনের বাকল খেয়ে পাতা সিদ্ধ করে খেয়ে দিন কাটাচ্ছে। এই অবস্থায় গতকাল আমাদের মালদহের একজন বিশিষ্ট সদস্য উক্তি করলেন যে মালদহে নাকি

খাদ্যের অভাব নেই, সেখানে চাষের কাজ স্বরু হয়ে গেছে লোকে কাজ পাচ্ছে। চাষের কাজ এখনও স্বরু হয় নি সমস্ত এলেকায়। আজকে এই স্বযোগে জোতদাররা চড়াদরে ধান বিক্রী করছে, চাল বিক্রী করছে চাল কলের মালিক এবং সংশ্লিষ্ট ব্যবসাদার যারা তারা গাজলে যেখানে বড় ক্রাইসিস সেখানে ৩২।৩৪ টাকা দরে চাল বিক্রী করছে, অথচ গ্রামের লোকের হাতে পয়সা নেই, কি করে তারা কিনে খাবে? মফঃস্বলে গ্রামে টাকা সের চাল। এই অবস্থায় লোকের যেখানে কাজ নেই হাতে পয়সা নেই কি করে খাদ্য কিনবে? কিছুদিন আগেও এই সরকারের যে নীতি ছিল তাতে লোনের টাকা আদায় করার জন্য তাঁরা জুলুম চালিয়েছে যার ফলে লোক ঘটি বাটি বিক্রী করে সেই ঋণের টাকা শোধ করেছে। কয়েক বছর অজন্মা হেতু যে লোণ তাদের উপর চেপেছে সেই লোণের টাকা দিতে গিয়ে তারা সমস্ত বিক্রী করছে এমন কি তাদের হালের বলদ পর্যন্ত ক্রোক করে নিচ্ছে আমাদের সরকার। যার ফলে বহু জমিতে এবার লাঙ্গল পড়বে না হালের বলদের অভাবে এবং কৃষকদের ঘরে খাবার নেই, খাদ্যের জন্য তাদের সেই এলাকার বিভিন্ন জায়গায় ছুটাছুটি করতে হচ্ছে এবং বাইরে যেতে হচ্ছে। জমিতে লাঙ্গল দেবার মত চাষীদের অবস্থা নেই। এই হচ্ছে বাস্তব অবস্থা। এই অবস্থাতে যদি সস্তা দরে গ্রামে খাদ্য পেণছে দেবার ব্যবস্থা হয় এবং সঙ্গে সঙ্গে কৃষকরা যাতে কৃষি লোন পায় তার ব্যবস্থা হয় এবং সাধারণ মানুষ যাতে কাজ করে পয়সা উপার্জন করতে পারে তার যদি ব্যবস্থা হয় তাহলে আগামী যে ২।৩ মাস খাদ্য সংকটের কথা কংগ্রেসী বন্ধুরা চিন্তা করেছেন সেই সংকট থেকে লোককে বাঁচান যাবে, তা না হলে বাঁচান যাবে না। বর্তমানে যে অবস্থা চলছে এই অবস্থাতে দিনের পর দিন লোক স্টারভেসান করছে। বৃষ্টি নামল বলে এখনই বিভিন্ন এলাকায় টেষ্ট রিলিফের কাজ বন্ধ হয়ে যাচ্ছে। এমন কোন পরিকল্পিত ব্যবস্থা নেই যাতে সেইসব লোক কোথা থেকে উপার্জন করে চাল ইত্যাদি ঘরে আনতে পারে। সেজন্য বলি এখনই যদি গ্রুপ লোনের টাকা কৃষকদের মধ্যে না দেওয়া হয়, লোন না দেওয়া হয় তাহলে জমি পতিত অবস্থায় থেকে যাবে এবং যে খাদ্য উৎপাদনের কথা বলা হচ্ছে তা সফল হবেনা এবং আগামী বছরে আমাদের খাদ্য সংকট আরো বাড়বে। এবারে যে চরম অবস্থা হয়েছে, কৃষকদের উপর যে জুলুম চলেছে তাতে কৃষক তার হালের বলদ গবাদি বিক্রি করে দিয়েছে, তাদের বীজ ধান বিক্রি হয়ে গেছে। কৃষক বীজ ধানের অভাবে আজ পর্যন্ত ধান বুনতে পারেনি। কাজেই বহু জমিতে চাষ হবে না এবং চাষ না হওয়ার জন্য জমি পতিত অবস্থায় পড়ে থাকবে। কাজেই এই বছরে যে সংকট চলছে মানুষ যখন না খেয়ে মরতে আরম্ভ করেছে তখন আগামী বছরে সংকট আরো তীব্রভাবে আসবে যদি সরকার থেকে সেদিকে দৃষ্টি না দেওয়া হয়, যদি সরকার অন্ততঃ সেদিকে হুঁসিয়ার না হন। আমি বলব মসনদের দম্ভ দেখিয়ে গদিতে বসে তাঁরা যদি বলেন যে বাংলাদেশের মানুষকে না খেয়ে মরতে দেবনা, এই দম্ভ নিয়ে যদি তাঁরা রাইটার্স বিল্ডিং-এ বসে ফাইলের পর ফাইল উল্টান তাহলে বাংলাদেশের মানুষ বাঁচবে না। বাংলাদেশের মানুষকে বাঁচাবার ব্যবস্থা এই মন্ত্রীমণ্ডলীকে করতে হবে না হলে তাঁদের গদি ছাড়তে হবে।

Mr. Speaker : The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-58 p.m. till 12 noon on Friday, the 19th July, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 19th July, 1963, at 12 noon.

Present

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 14 Hon'ble Ministers, 6 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 184 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 pm.]

Distribution of group-loans in Contai Subdivision

***30.** (Admitted question No. *41.)

শ্রীসুধীরচন্দ্র দাস : ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি মহকুমায় এ পর্যন্ত গ্রুপ লোন দেওয়ার ব্যবস্থা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Hon'ble Abha Maiti :

(ক) ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das :

আমি জানতে পেরেছি আমার প্রশ্নের পরে গ্রুপ লোন দেওয়া আরম্ভ হয়েছে, আমার প্রশ্ন হল, গ্রুপ লোন-এর ব্যাপারে লিনিয়েন্সী দেখাবার জন্য কমিশনারের অ্যাপ্রুভাল দরকার হয়েছিল, এটা কি সত্য?

The Hon'ble Abha Maiti :

এটা সত্য নয়।

Shri Sudhir Chandra Das :

কবে গ্রুপ লোন দেওয়া আরম্ভ হয়েছে?

The Hon'ble Abha Maiti :

মেদিনীপুরের কালেক্টর আমাদের কাছে মে মাসে ১৮ লক্ষ টাকা চেয়ে পাঠিয়েছিলেন গ্রুপ লোন দেবার জন্য। আমরা ১৮ই জুন তারিখে ১০ লক্ষ টাকা মঞ্জুর করি, ২৪শে জুন থেকে সেই টাকা বিভিন্ন জায়গায় ভাগ করে দেবার ব্যবস্থা করেছেন এই খবর পেয়েছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয়া মন্ত্রিমহাশয়া বলবেন কি যারা ডিফলটার, গত বছর যারা লোন শোধ করতে পারেনি তাদের জন্য কোন বিশেষ ব্যবস্থা করা হবে?

The Hon'ble Abha Maiti :

এক বৎসরের জন্য যদি ডিফলটার থাকে তাহলে লোন দেওয়া চলবে একথা আমরা বলেছি, কিন্তু দীর্ঘদিন থাকলে দেওয়া সংগত হবে না বলে মনে করি।

Shri Balai Lal Das Mahapatra :

আপনি কি এই ধরণের কোন নির্দেশ দিয়েছেন?

The Hon'ble Abha Maiti :

দুই বৎসর পর্যন্ত যেখানে বাকী রয়েছে, যেমন পুরুলিয়া প্রভৃতি জায়গায়, সেই সমস্ত জায়গায় লোন দিতে আমরা বলেছি, কিন্তু যেখানে ৪।৫ বৎসর বা দীর্ঘদিন ধরে বাকী রয়েছে সেখানে দেওয়া সম্ভব নয়। বাস্তবিকপক্ষে মেদিনীপুর জেলায় প্রায় ৩৭ লক্ষ টাকা অনাদায়ী রয়েছে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয়া মন্ত্রিমহাশয়া কি জানেন যারা লোন শোধ করতে পারেনি ক্রোকের দ্বারা তাঁদের কাছ থেকে টাকা আদায়ের ব্যবস্থা করা হচ্ছে?

The Hon'ble Abha Maiti :

এরকম কথা আমার জানা নাই।

Shri Balai Lal Das Mahapatra :

কাঁথিতে এরকম ঘটনা ঘটছে, আপনি অনুসন্ধান করে দেখবেন কি?

The Hon'ble Abha Maiti :

যদি স্পেসিফিক ঘটনা দেন তাহলে নিশ্চয়ই অনুসন্ধান করে দেখব।

Shri Abhoy Pada Saha:

গ্রুপ লোন কোন শ্রেণীর লোককে দেওয়া হয়?

The Hon'ble Abha Maiti :

কৃষক শ্রেণীর লোককে দেওয়া হয়।

Shri Abhoy Pada Saha:

যাদের জমি নাই তাদের দেওয়া হয়?

The Hon'ble Abha Maiti :

যদি গ্রুপ করতে পারে তবে যে হেডম্যান তাকে দেওয়া হয়।

Shri Sailendra Nath Adhikary :

গ্রুপ লোন বিতরণের ব্যাপারে রিলিফ কমিটির উপর ভার ন্যস্ত করা হয়েছে?

The Hon'ble Abha Maiti :

আমরা বলি রিলিফ কমিটিকে প্রায়রিটি দিতে পারলে ভালো হয়।

Shri Sailendra Nath Adhikary :

আমার প্রশ্নটা হচ্ছে, রিলিফ কমিটির সুপারিশ কি সরকারের কাছে বাধ্যতামূলক?

The Hon'ble Abha Maiti :

বাধ্যতামূলক নয়।

Shri Balai Lal Das Mahapatra :

ইনডিভিজুয়াল লোন নিতে চাইলে তার ব্যবস্থা আছে কি?

The Hon'ble Abha Maiti :

এটা জেলা ম্যাজিস্ট্রেটের ইচ্ছা বা ডিসক্রিসন।

Shri Balai Lal Das Mahapatra :

কত টাকা পর্যন্ত দেওয়া হয়?

The Hon'ble Abha Maiti :

এক হাজার।

Shri Balai Lal Das Mahapatra :

কত জমির উপর?

The Hon'ble Abha Maiti :

ডিটেলস্ জেনে বলতে পারব।

Shri Balai Lal Das Mahapatra :

মোটামুটি নিয়মটা কি?

The Hon'ble Abha Maiti :

মোটামুটিভাবে বলতে পারা যায় লোন পরিশোধ করবার ক্ষমতা আছে কিনা দেখে দেওয়া হয়-- এসব অনেকটা জেলা ম্যাজিস্ট্রেটের ডিসক্রিসন-এর উপর নির্ভর করে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয়া মন্ত্রিমহাশয়া কি জানেন ৩ একর জমি নাহলে গরুর জন্য লোন দেওয়া হয় না?

The Hon'ble Abha Maiti :

এটা ঠিক নয়।

Shri Sanat Kumar Raha :

মন্ত্রিমহাশয়া জানাবেন কি গ্রুপ লোন-এর টাকা রিয়ালাইজ করবার সময় যদি কোন ব্যক্তি নিজের অংশ পূরণ করতে চায় সে নিয়মে আছে কিনা?

The Hon'ble Abha Maiti :

না।

Shri Sanat Kumar Raha :

সময়মতো আদায় হচ্ছে না বলে অনেক রোভলিভং নষ্ট হচ্ছে তার জন্য কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Abha Maiti :

আমাদের একটা পদ্ধতি অনুসরণ করতে হয়, সেই পদ্ধতিই আমরা অনুসরণ করছি।

Dr. Radhanath Chattoraj:

যাদের জমি নেই তাদের কি লোন দেবার ব্যবস্থা আছে?

The Hon'ble Abha Maiti :

যদি হেডম্যান দায়িত্ব নেন তাহলে তারাও গ্রুপ লোন পেতে পারে।

Shri Sanat Kumar Raha :

গ্রুপ লোন-এর যারা অংশীদার তারা যদি আংশিক পেতে চান তাহলে কি সেটা দেওয়া হয়?

The Hon'ble Abha Maiti :

না।

Shri Girish Mahato:

গ্রুপ লোন কত টাকা দেওয়া হয়?

The Hon'ble Abha Maiti :

প্রয়োজন অনুসারে দেওয়া হয় এবং লোকাল অফিসার এবং হেডম্যান যেরকম চান অর্থাৎ, যারা দাবীদার থাকে তাদের মধ্যে ভাগ করে সামঞ্জস্য করে দেওয়া হয়।

Shri Girish Mahato:

আপনি কি অবগত আছেন মানবাজার ব্লকে ১৫ টাকা করে দেওয়া হয়?

The Hon'ble Abha Maiti :

... আমি অবগত নই।

Shri Kashi Kanta Maitra:

আপনারা রিয়াল প্রপার্টি বা সিকিউরিটির ভিত্তিতে গ্রুপ লোন দিচ্ছেন, কিন্তু জমিহীন ভাগ-চাষীরা যাতে তাদের গ্রুপ সিকিউরিটি দিয়ে লোন পেতে পারে এটা নীতি হিসাবে বিবেচনা করে দেখবেন কি?

The Hon'ble Abha Maiti :

না।

Dr. Golam Yazdani:

তিন একরের কম যাদের জমি তাদের ক্যাটেল পারচেজ লোন দেওয়া হয় না এটা অনুসন্ধান করে দেখবেন কি?

The Hon'ble Abha Maiti :

স্পেসিফিক কেস দেবেন।

Dr. Golam Yazdani:

এটা কি সরকারী নিয়ম ৩ একর না থাকলে গরু খরিদের জন্য লোন দেওয়া হবে না?

The Hon'ble Abha Maiti :

আমি আগেই বলেছি পরিশোধ করবার ক্ষমতা আছে কিনা সেটা দেখতে হবে।

Dr. Golam Yazdani:

পারটিকুলার কেস দিলে অনুসন্ধান করে দেখবেন কি?

The Hon'ble Abha Maiti :

নিশ্চয়ই দেখব।

Shri Shreemohan Thakur :

এই যে ১৫।১৬ টাকা করে লোন দেওয়া হয় তাতে আজকালকার বাজারে কিছুই করতে পারা যায় না. এমতাবস্থায় ঋণের পরিমাণ ১০ গুণ বৃদ্ধি করা উচিৎ—এ সম্বন্ধে কি কিছু চিন্তা করেছেন?

The Hon'ble Abha Maiti :

জনসাধারণের থেকে ভালো রিয়ালাইজেসন হলে ঋণের পরিমাণ বৃদ্ধি করা যেতে পারে। মাননীয় সদস্য যেকথা বলছেন—১৫।২০ টাকা লোন দেওয়া হয় এই খবর আমার জানা নেই।

Distribution of relief in Contai Subdivision

***31.** (Admitted question No. *42.)

শ্রীসুধীরচন্দ্র দাস : ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমায় গত বছর জুন মাসে মোট কত ইউনিট রিলিফ দেওয়া হইয়াছে; এবং

(খ) কাঁথি মহকুমায় এই বছর জুন মাসে মোট কত ইউনিট রিলিফ মঞ্জুর করা হইয়াছে?

[12-10—12-20 p.m.]

দি অনারেবল আভা মাইতি : (ক) ১,০০,০০০ ইউনিট,

(খ) ৬৫,০০০ ইউনিট।

শ্রীসুধীরচন্দ্র দাস: এই যে গত বৎসর জুন মাসে ১ লক্ষ এবং এ বৎসর ৬৫ হাজার, এত কম ইউনিট হয়েছে, অথচ আপনি জানেন কি যে গত বৎসরের অপেক্ষা কাঁথি মহকুমায় এবৎসর আরো খারাপ ফসল হয়েছে বহু বেসিনে? রামনগর থানায় একেবারে ফসল হয়নি, কাঁথি থানা, পটাশপুর, এগাগ্রা, দুগ্ধা ইত্যাদি জায়গায় হয়নি এটা কি সত্য?

দি অনারেবল আভা মাইতি: মাননীয় সদস্য মহাশয় প্রশ্ন করেছেন গত বৎসর জুন মাসে ১ লক্ষ ইউনিট দেওয়া হয়েছিল, এ বৎসর ৬৫ হাজার ইউনিট দেওয়া হল কেন। সদস্য মহাশয়ের অবগতির জন্য আমি বলতে পারি যে, গত বৎসর জুন মাসে কাঁথি মহকুমায় মাত্র ৮০টি স্টেট রিলিফের স্কীম হয়েছিল এবং তাতে ১২ হাজার লোক কাজ করতো। এবার এপ্রিল মাসের প্রথম থেকে অর্থাৎ মার্চ মাসের শেষ থেকে—রামনগর থানাতে অক্টোবর মাস থেকে—বিভিন্ন জায়গায় যে স্টেট রিলিফ হয়েছে তাতে আমরা এই জুন মাসেই দেখতে পাচ্ছি যে প্রায় ২৮ হাজার ৪২০ জন স্টেট রিলিফের কাজ করেছে এবং ৯৮টি স্টেট রিলিফের মাধ্যমে। আপনারা সকলেই জানেন যে, গভর্নমেন্টের পলিসি হচ্ছে এই যে যদি কাজের অভাব থাকে তাহলে তাদের কাজ দেওয়াটাই পছন্দ করে এবং ডোল বেশীর ভাগ দিয়ে মানুষকে অলস করতে চায় না। তবে যে সময় ডোল দেওয়া প্রয়োজন অনুভূত হয় সেই সময় দেওয়া হয়। আমরা নির্দেশ দিয়েছি সমস্ত জেলা ম্যাজিস্ট্রেটকে যে বর্ষা যখন পড়ে যাবে তখন স্টেট রিলিফ কম করে ডোলের ইউনিট বাড়িয়ে দেবার জন্য। আমরা প্রায় ২০-২২ দিন আগে এই নির্দেশ দিয়েছি।

শ্রীসুধীরচন্দ্র দাস: তাহলে এখন যে চাষের কাজ চলছে এই চাষের কাজের সময় আরো বেশী খয়রাতি সাহায্য দেবার নির্দেশ দেওয়া হয়েছে একথা সত্য কিনা?

দি অনারেবল আভা মাইতি: আমি ত আগেই বললাম যে, সব জায়গায় জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়েছে যে বর্ষা পড়ার পরে স্টেট রিলিফ যত সত্বর সম্ভব বন্ধ হয় বন্ধ করা এবং প্রয়োজন বোধে সেই সমস্ত জায়গায় খয়রাতি সাহায্য দেবার পরিমান বৃদ্ধি করা।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে পরিমাণ বৃদ্ধি এটা কত পার্সেন্ট অব দি পপুলেশন দিতে পারে এটার আপনারা কোন নির্দেশ দিয়েছেন কি?

দি অনারেবল আভা মাইতি: পার্সেন্ট হিসাবে কখনও খয়রাতি সাহায্য দেওয়া হয় না। যদি প্রয়োজন হয় কোন একটি বিশেষ জায়গাতে সকলকেই দিতে হবে তাহলে সকলকেই দেওয়া হবে, কোন হিসাব করে দেওয়া হয় না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই প্রয়োজনটা যে হয় এটা নির্দ্ধারণ করবে কে? ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, না রিলিফ কমিটি, না জেলা রিলিফ কমিটি?

দি অনারেবল আভা মাইতি: সাধারণতঃ স্থানীয় রিলিফ কমিটি তারাই করেন এবং তাদের পরামর্শ সর্বদাই সরকারী কর্মচারীরা নেন।

শ্রীসনৎকুমার রাহা: রিলিফ কমিটির সর্বসম্মত সিদ্ধান্ত যে সব ড্রাই ডোল ব্যাপারে থাকে সেগুলি একজন ইনেস্পেক্টার গিয়ে কেটে দিয়ে আসবার ক্ষমতা কি তাকে দেওয়া হয়েছে?

দি অনারেবল আভা মাইতি: এই রকম ক্ষমতা ইনেস্পেক্টারকে দেওয়া হয়নি। তবে যদি প্রয়োজন হয় কিছুটা বদলানর তাহলে সে সর্বদাই তা বদলাতে পারে।

শ্রীসনৎকুমার রাহা: যদি সেই ক্ষেত্রে দেখা যায় যে ইনেস্পেক্টার ভুল করেছেন এবং আবার যদি রিলিফ কমিটির সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত এই হয় যে অমুককে অমুককে দেওয়া হোক এটা আমরা বিচার করে দেখলাম তাহলে সেই বি. ডি. ও. বা এস. ডি. ও. কি আমাদের রিলিফ কমিটির সিদ্ধান্ত মানবেন?

দি অনারেবল আভা মাইতি: মোটামুটি সদস্য মহাশয়রা জানেন যে রিলিফ কমিটিগুলি উপদেশ দিতে পারে। তবে আমরা যে ধরণের ব্যবস্থা আমরা এখানে নিয়েছি তাতে মোটামুটি তাঁদের সমস্ত দেয় সিদ্ধান্তই মেনে নিই। কোন জায়গাতে যদি স্থানীয় কর্মচারীদের সঙ্গে

রিলিফ কমিটির কিছু বিরোধ হয় এবং সেটা যদি আমার গোচরে আনেন আমি নিশ্চয়ই তার একটা সমাধানের চেষ্টা করবো।

শ্রীসনৎকুমার রাহাঃ সরকারের কাছে আমি যে কথাটা বলছি সেটা হল আমাদের যেখানে সহযোগিতা চাইছেন, রিলিফ কমিটির মাধ্যমে আমরা সেই কো-অপারেশন দিতে এগিয়ে গিয়েছি। এখন আমরাই হই বা যে কোন কংগ্রেস মেম্বারই হউন সকলে মিলে যেটা সর্বসম্মত সিদ্ধান্ত করবেন তার উপর বি, ডি, ও, এস, ডি, ও, বা ইনেস্পেক্টাররা একটা স্যাম্পল সার্ভে করে তা কেটে দেওয়ার যে পদ্ধতি চলেছে এটা সম্পর্কে সরকারের একটা নির্দেশ থাকা উচিত নইলে তো সহযোগিতার ভিত্তি শিথিল হয়ে যাবে।

দি অনারেবল আভা মাইতিঃ তাহলে তো কমিটিগুলি উপদেষ্টা কমিটি হয় না।

শ্রীসনৎকুমার রাহাঃ অন্ততঃ একটা কথা রাখুন রিলিফ কমিটি যা বলেন, অন্ততঃ তাদের কোন মেম্বারকে সঙ্গে করে নিয়ে সেগুলি যাচাই করে নেবেন।

দি অনারেবল আভা মাইতিঃ ঠিক আছে, সদস্য মহাশয় যা বল্লেন তাঁর পরামর্শ আমরা সর্বদাই মনে রাখবো।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ রিলিফ কমিটি স্থানীয় অবস্থা পর্যালোচনা করে দুঃস্থদের যে সংখ্যা ঠিক করবে সেটা মেনে নেওয়ার জন্য সরকার কি নির্দেশ দেবেন?

দি অনারেবল আভা মাইতিঃ সনৎ রাহা মহাশয়ের উত্তরে যা বলেছি তার চেয়ে বেশী কিছু এ্যাড করবার নাই।

Regularisation of squatter's colonies

***32.** (Admitted question No. *79.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টালিগঞ্জ, যাদবপুর, ঢাকুরিয়া, হালতু, কসবা অঞ্চলের এ পর্যন্ত মোট কতগুলি জবর-দখল কলোনি বৈধকরণের কাজ সরকার সম্পূর্ণ করিয়াছেন;

(খ) এই বৈধকরণের ব্যাপারে সরকার এ যাবত কি কি পন্থা অবলম্বন করিয়াছেন এবং এই সব কলোনিগুলিতে বসবাসকারী উদ্বাস্তুদের জমির স্বত্ত দান করা হইয়াছে কিনা; এবং

(গ) ১৯৪৮-৪৯ সাল হইতে এই সব জবরদখল কলোনিগুলিতে বসবাস শুরু হওয়া সত্বেও পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক উক্ত কলোনির জমিগুলি দখল করতে এত বছর বিলম্ব হবার কারণ কি?

The Hon'ble Abha Maiti :

(ক) ৪৮টি।

(খ) জবরদখল কলোনীগুলি বৈধকরণের জন্য সরকারকে একদিকে ভূমিগ্রহণ (এ্যাকুইজিশন) ও সাথে সাথে জমির মালিকগণকে খেসারত প্রদান। এবং অপরদিকে পরিবারগুলির সংখ্যায়ন, অভিজ্ঞান-জ্ঞাপক চিত্র গ্রহণ। উদ্বাস্তু পরিচয় ও জবর দখলের প্রকৃতি নির্দ্ধারণ, ইত্যাদি কাজ করিতে হইয়াছে। এই ৪৮টি কলোনীতে অদ্যাবধি প্রায় ৫,৫০০টি পরিবারকে অর্পণ পত্র দেওয়া হইয়াছে। যে সমস্ত পরিবার জমির সম্পূর্ণ বা আংশিক মূল্য দিতে পারিবেন তাহাদের পূর্ণ বা আংশিক মালিকানা সত্ব প্রদান। এবং যে সমস্ত পরিবার বর্তমানে কোন মূল্য দিতে পারিবেন না তাহাদের মেয়াদী বন্দোবস্তের অধিকার প্রদান করিবার পদ্ধতি সরকার পাকা-পাকিভাবে নির্দ্ধারণ করিয়া ফেলিয়াছেন।

(গ) সরকার জবরদখল কলোনীর ভূমি গ্রহণের খেসারত হিসাবে ১৯৪৬ সালের মূল্য দিতে চান। ইহার জন্য সরকারকে একটি আইনগত বাধার সম্মুখীন হইতে হইয়াছিল। এই সকল ভূমি গ্রহণের জন্য জমির মালিকগণ শাসনতন্ত্রের ভিত্তিতে আদালতে মামলা দায়ের করেন, ফলে ভূমি গ্রহণ কর্মের অগ্রগতি ব্যাহত হয়, এবং তখন ১৯৪৬ সালের মূল্য প্রদানের নীতিকে শাসনতন্ত্র সার্ভে করিবার জন্য সরকারকে শাসনতন্ত্রের উক্ত বিশেষ ধারাটিকে সংশোধন করিতে হয়। ফলতঃ বৈধকরণের কাজ ১৯৫৫-৫৬ সালের পূর্বে আরম্ভ করা সম্ভব হয় নাই। ভূমি গ্রহণ কম পদ্ধতি আইন ও বিধির দ্বারা চালিত হয় বলিয়া এই কর্মে কিঞ্চিৎ বিলম্ব অপরিহার্য এবং অবশ্যম্ভাবী।

শ্রীকাশীকান্ত মৈত্র: তিনি বল্লেন যে কয়েকজন জমির মালিক মামলা করেছিলেন এবং এই রণের রেট অব কম্পেনসেসন যা ১৯৬৪ সালের বেসিসে দিয়েছিলেন তার ভ্যালিডিটি চ্যালেঞ্জ করে কোর্টে কেস করেছিলেন, এই যে কেস হয়েছিল সেটা সিভিল কোর্টে, হাইকোর্টে নয়, এটা সত্য কি?

দি অনারেবল আভা মাইতি: হাইকোর্টে হয়েছিল যার ফলে কনষ্টিটিউশন চেঞ্জ করতে হয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয়া আমার কথাটা বুঝতে পারেননি, আমার কথা হচ্ছে যে কোর্টেই মামলা হয়ে থাকে, মামলাতে যদি ইনজাংশন দিয়ে থাকে, যে কোর্টেই হোকনা কেন I am asking whether there has been any general order, or injunction asking the State Government for making any notification in respect of any of the colonies.

দি অনারেবল আভা মাইতি: কয়েকটি কেসে ইনজাংশন দেওয়া হয়েছিল, ফলে সরকারকে এই সিদ্ধান্ত নিতে হয়েছিল এর ফল কি হয় দেখে অগ্রসর হবো। যার ফলে জানলাম কনষ্টিটিউশন চেঞ্জ না করে ১৯৪৬ সালের রেট দেওয়া যাবেনা, তখন কনষ্টিটিউশন চেঞ্জ করতে হয় সেজন্য কাজ আরম্ভ করতে দেরী হয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: কনষ্টিটিউশন এ্যামেন্ড করার ফলে কম্পেনসেসনের রেট চেঞ্জ করার ফলে উদ্বাস্তু পরিবার যারা জমি দখল নিয়েছে, বন জঙ্গল পরিষ্কার করে দখল করেছে, তাদের প্রত্যেক ব্যক্তিকে ১৮৭৫ টাকা করে জমির জন্য দিয়েছেন। এক একজনকে ৬ হাজার থেকে সাড়ে ৬ হাজার টাকা করে রেকারিং কম্পেনসেসন দিতে হচ্ছে, এর প্রতিবিধান করবার চেষ্টা করবেন কি?

দি অনারেবল আভা মাইতি: আমি ৬ হাজার কি সাড়ে ৬ হাজার সেটা জানিনা একটা সমীক্ষা আমার কাছে এসেছিল, বিভিন্ন কলোনী থেকে উদ্বাস্তুদের একটা সমীক্ষা আমি গ্রহণ করছি এবং কয়েকদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী যখন এসেছিলেন পুনর্বাসন বিভাগের, তাঁর কাছেও এই সমস্যাটা উপস্থাপিত করেছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: এই যে কম্পেনসেসন সম্বন্ধে তারা যে আপত্তি দিয়েছেন এবং আপনাদের যে বিলম্ব হচ্ছে, সেখানে আমার প্রশ্ন হচ্ছে আপনি যে বলছেন অর্পণনামা দিচ্ছেন, এই অর্পণনামা দেওয়ার মানে কি কন্‌ফার্মমেন্ট অব টাইটল্‌ নয়?

দি অনারেবল আভা মাইতি: এই বিষয়ে আমি একমত।

[12-20—12-30 p.m.]

Shri Kashi Kanta Maitra:

আপনি যদি একমত হন তাহলে প্রশ্ন হচ্ছে যে একদিকে আপনারা যেমন অর্পণনামা দিচ্ছেন তেমনি অন্যদিকে ক্যালকাটা কর্পোরেশান আবার যাদবপুর, হালতু, কসবা, টালিগঞ্জ অঞ্চলে যারা জবরদখল বাসিন্দা তাদের কাউকে জমির মালিক বলে আদৌ স্বীকার করেন না এবং সেই সমস্ত জায়গায় জলকল, ইলেকট্রিক লাইট, ড্রেনেজ, সিউয়ারেজ প্রভৃতির কোন ব্যবস্থা হয়নি।

The Hon'ble Abha Maiti :

আমি মাননীয় সদস্যকে একটা কথা বলতে পারি যে কন্সিডারেসান মানির জন্য যে জমি এ্যাব হয়ে গেছে সেখান থেকে কোন মালিক কাউকে উচ্ছেদ করতে পারেন না জমি থেকে। সে অর্পণনামায় নিশ্চয়ই তার যে পুরো মূল্য সেই মূল্য রয়েছে এবং আমি জানিনা কলি কর্পোরেশান সেইসব জায়গা দিতে চাচ্ছেনা কেন। আপনি যখন আমায় বললেন তখন নি আমি সেবিষয়ে খোঁজ নেব। তবে তাদের ঘটিবাটি বিক্রয় করার যে প্রশ্ন হয়েছে সেটা এই কন্সিডারেসান মানির জন্য এবং এই কন্সিডারেসান মানির জন্য আমি খান্না সাহেবের কিছুদিন আগে আলোচনা করেছি। আমি জানিনা তাঁদের কি সিদ্ধান্ত হবে।

Shri Nikhil Das:

স্কোয়াটার্স কলোনীতে যারা বসবাস করছে তাদের একজনও কি জমির মালিকানা পেয়েছে

The Hon'ble Abha Maiti :

আমি আগেই বলেছি যে যাঁরা বিভিন্ন শর্ত পূরণ করেছেন তাঁদের অনেককে আমরা আংশিক মালিকানা দিয়েছি এবং যাঁরা পুরো অর্থ দিয়েছেন তাঁদের পুরো মালিকানা দিয়েছি এব বিষয়ে গত বাজেট অধিবেশনে আমাদের বিভাগের যে ঘোষণা সেই ঘোষণায় বলেছিলাম যত সম্ভব সকলকে মালিকানা দেবার চেষ্টা করছি।

Shri Nikhil Das:

ক'জন মালিকানা পেয়েছে ?

The Hon'ble Abha Maiti :

আমাকে নোটিশ দেবেন, সম্পূর্ণ সংখ্যাটা বলতে পারব।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ক্যালকাটা কর্পোরেশন থেকে, যে প্রশ্নটা আগে কর তার সংগে এটা সংশ্লিষ্ট এই সমস্ত কলোনীর অধিবাসীদের ফের নোটিশ যাচ্ছে যে Municipal Act provision asking them to pay both the owners 'as well Occupiers share of tax as assessed under the Calcutta Municipal Act. there is no conferment of title how can the Calcutta Corporation ask th to make payment both for the Owners as well as Occupiers share of the t

The Hon'ble Abha Maiti:

এ আমার জানা নেই। আপনার যদি জানা থাকে বলবেন, আমি নিশ্চয়ই খবর নিয়ে দেখব।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়ের বোধ হয় মনে আছে যে গত বাজেট সেসানে ঠিক আমার এই প্রশ্ন ছিল এবং আপনি এই হাউসে এই রকম সলেম এ্যাসিওরেন্স দিয়েছিলেন যে আমি এ সম্ব তদন্ত করে আপনাকে জানাব। আমি জিজ্ঞাসা করছি গত বাজেট সেসানের পর থেকে সুযোগ কি আপনার হয়েছে খোঁজ নেবার ?

The Hon'ble Abha Maiti:

আমি এই কথা বলতে চাই যত শীঘ্র সম্ভব আমরা মালিকানা সমস্ত লোককে দেবার চে করছি।

Shri Gopal Banerjee:

এখনও কত পরিমান যাদবপুর টালিগঞ্জ অঞ্চলে হুকুমনামার জন্য বাকি আছে ?

The Hon'ble Abha Maiti:

অনেক জায়গা বাকি আছে, প্রসেস চলছে সেগুলি ফুল দখল করে নেওয়ার জন্য।

Shri Gopal Banerjee:

তার পরিমানটা কত?

The Hon'ble Abha Maiti:

নোটিশ দিলে বলতে পারব।

Realisation of recurring compensation from the refugees of some squatter's colonies

***33.** (Admitted question No. *80.)

শ্রীকাশীকান্ত মৈত্র: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

West Bengal Rehabilitation of Displaced Persons in Unauthorised Occupation of Land Act (Act 16 of 1951)

চালু হবার পর টালিগঞ্জ-যাদবপুর-ঢাকুরিয়া-হালতু-কসবা অঞ্চলের জবর দখলকারী উদ্বাস্তুদের নিকট যে রেকারিং কমপেন্সেশন আদায় করা হচ্ছে তা কাঠা-প্রতি দুই আনা থেকে ৩৷৷০ টাকা পর্যন্ত হারে আদায় দাবী করেছেন উক্ত জমির মালিকরা;

(খ) সত্য হইলে, এইরূপ তারতম্যমূলক হারের কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, জমির মোট দাম যেখানে ১,৮৭৫ টাকা ঠিক সেই জমির ক্ষতিপূরণ বাবদ জমির মালিকরা গত ৮-১০ বছরে ৬,০০০ থেকে ৬,৫০০ টাকা দাবী করছেন এবং ক্ষেত্র বিশেষ ডিক্রীও পেয়েছেন কমপিটেন্ট অথরিটির কাছ থেকে; এবং

(ঘ) অবগত থাকিলে, এই অবস্থার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Hon'ble Abha Maiti:

(ক) ইহা সত্য যে, যে সমস্ত ক্ষেত্রে ক্ষমতাবান প্রাধিকারী কম্পিটেন্ট অথরিটি কর্তৃক আবর্তক খেসারত রেকারিং কম্পেনসেসন বাবদ অর্থ আদায়ের দাবী করা হইয়াছে, সে অর্থের হার বিভিন্ন স্থানে বিভিন্ন পরিমান হইয়াছে।

(খ) জমির অবস্থিতি, প্রকৃতি এবং ইহার জন্য দেয় পৌরকর ইত্যাদির বিভিন্নতার জন্যই আবর্তক খেসারত নির্ধারণের ক্ষেত্রে বিভিন্নতা দেখা দিয়েছে।

(গ) জমির মালিক কি পরিমান অর্থ দাবী করিয়াছেন তাহার অনুসন্ধান বা সমীক্ষা এ ক্ষেত্রে ধর্তব্য নয়। ক্ষমতাবান প্রাধিকারী পরিবার প্রতি গড়ে মাসে ৫ টাকা হারে আবর্তক খেসারত দানের আদেশ জারী করিয়াছেন।

(ঘ) সরকার সমগ্র পরিস্থিতি সম্পর্কে অবহিত আছেন।

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করায় তিনি বললেন যে বিভিন্নতা রয়েছে- আমার প্রশ্ন হচ্ছে এই যে ভ্যারিয়েসন হচ্ছে দুআনা সেটা ৩৷৷ টাকা এই রেটটা কি তিনি অ্যাডমিট করেন?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে কম্পিটেন্ট অথরিটি পরিবার প্রতি গড়ে মাসিক ৫ টাকা হারে আবর্তক খেসারত দানের আদেশ জারী করিয়াছেন।

Shri Kashi Kanta Maitra:

এই সমস্ত য়্যানোম্যালিজগুলি দেখে দেবার পর এই আইনটাকে সংশোধন করবার কথা চিন্তা করেছেন কি?

The Hon'ble Abha Maiti:

না করিনি।

Shri Gopal Banerjee:

সমস্ত উদ্বাস্তুদের উপর থেকে কত পরিমান ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে সামগ্রিক পরিমানটা বলতে পারেন কি?

The Hon'ble Abha Maiti:

নোটীশ দিলে বলতে পারি।

Shri Gopal Banerjee:

আপনি এক্ষণি বললেন যে গড়ে ৫ টাকা করে ধার্য হয়েছে তাহলে এই গড়টা জানালেন কি করে সামগ্রিক পরিমানটা না জেনে?

The Hon'ble Abha Maiti:

নোটিশ দিলে টোটাল যেটা সেটা বলতে পারবো।

Shri Gopal Banerjee:

তাহলে গড়টা হল কি করে?

The Hon'ble Abha Maiti:

কম্পিটেন্ট অথোরিটির কাছ থেকে আমরা যে তাগীদ পেয়েছি সেই তাগীদ অনুসারে জানিয়েছি।

Shri Nikhil Das:

আমার প্রশ্ন হচ্ছে উত্তর থেকে দেখলাম যে যারা স্কোয়াটার্স কলোনীগুলিতে বসবাস করেছেন কম্পিটেন্ট আথারিটি তাঁদের উপর কম্পেনসেসনের য়্যাসেস করেছেন। আজকে এসে যে জায়গায় দাঁড়িয়েছে কারো উপর ২ হাজার ৩ হাজার টাকা এসে দাঁড়িয়েছে। সুতরাং এই সব স্কোয়াটার্স কলোনীগুলির টাইমলি মালিকানা না দেয়ার ফলে এবং Act XVI of 1951 এ কম্পিটেন্ট অথোরিটির কন্সিডারেসন দেয়ার ক্ষমতা থাকার ফলে এই যে বাড়তি তাঁদের উপর অ্যাসেস হচ্ছে তার ফলে উদ্বাস্তু পুনর্বাসনের কাজ ব্যাহত হচ্ছে এবং লোকগুলি উৎখাত হয়ে যাচ্ছে. এই যে অবস্থা দেখা দিয়েছে এই অবস্থায় সরকার একথা চিন্তা করেছেন কিনা যে Act XVI of 1951

পরিবর্তন করা দরকার এবং তার সাথে সাথে যে অবস্থায় উদ্বাস্তুরা এসে পড়েছে সেই অবস্থা থেকে কি করে তাদের উদ্ধার করা যেতে পারে সেকথা সরকার চিন্তা করছেন কি না?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি এই অ্যাক্ট পরিবর্তন করার কথা আমরা চিন্তা করছিনা। সেই অ্যাক্ট এই হাউস থেকে পাশ হয়েছে এবং সেই অ্যাক্টের মধ্যে ব্যবস্থা রয়েছে তাদের দাম দিতে গেলে কন্সিডারেসন মানি দিতে হবে এবং আমি যতদূর জানি সেট কাশীকান্তবাবু বললেন ৬ হাজার টাকা পর্যন্ত হয়েছে বলে জানিনা এবং আমাদের কাছে কিছু কিছু রিপ্রেজেন্টেটিভও বলেছিলেন। আমরা সেসব সম্বন্ধে সংধান নিচ্ছি। আর একটা কথা আমি আগেই বলেছি যে এই অ্যাক্ট বদল বার কোন পরিকল্পন আমাদের নেই. তবে যদি অবস্থার জটিলতা দেখা দেয় তাহলে কি করা যায় দেখা যাবে এবং আমরা উদ্বাস্তুদের কিভাবে সাহায্য করতে পারি সে বিষয়ে চিন্তা করছি।

Shri Kashi Kanta Maitra:

আপনি বল্লেন যে আপনার কাছে রিপ্রেজেন্টেসন এসেছে। রেকারিং কম্পেনসেসন সেটার মূলে ৬ হাজার টাকা দাঁড়াচ্ছে কিনা--এনকোয়ারীতে যদি সাটিসফাইড হয় যে ১,৮৭৫ টাকা অথচ রিকারিং কম্পেনসসন দাঁড়াচ্ছে ৫ কি ৬ হাজার টাকা তাহলে কি সরকার বিবেচনা করে দেখবেন না যে সরকারের বৈধকরনের নীতি ফ্রাসট্রেটেড হয়ে যাচ্ছে কিনা?

The Hon'ble Abha Maiti:

আমরা সর্বদাই চেষ্টা করবো যাতে আমাদের বৈধকরণের নীতি ফ্রাসট্রেটেড না হয়।

Shri Kashi Kanta Maitra:

এই রকম যদি হয় সরকার যেখানে ১৮।১৯ শো টাকা দিচ্ছেন অথচ জমির মালিক তাঁদের উপর ৫।৬ হাজার টাকা ক্ষতিপূরণ হিসাবে আদায় করতে চাচ্ছেন তাহলে সেই অসহায় উদ্বাস্তুদের প্রোটেকসন দেবার ব্যবস্থার কথা চিন্তা করবেন কিনা

apart from amending this Act. Is the Government considering any suitable remedy.

কোন রেমিডির কথা চিন্তা করবেন কিনা?

The Hon'ble Abha Maiti:

আমিতো আগেই বলেছি উদ্বাস্তুরা যে জটিল অবস্থায় পড়েছে সেই জটিল অবস্থা থেকে তাদের কতখানি সাহায্য করা যায়, সে বিষয়ে আমরা চিন্তা করছি এবং আমরা কেন্দ্রীয় সরকারকে সেকথা জানিয়েছি এবং আমরা এই নীতিতে সর্বদা দৃঢ় আছি যে আমাদের বৈধকরনের নীতি যা নেয়া হয়েছে সে নীতি যাতে কোন রকমে ফ্রাসট্রেটেড না হয় সেজন্য আমরা সর্বদাই দেখছি।

[12-30—12-40 p.m.]

শ্রীশৈলেন অধিকারী: আপনি বল্লেন উদ্বাস্তুদের অবস্থা দূরীকরণের জন্য সরকার চিন্তা করছেন। আমার প্রশ্ন হোল কতদিন ধরে আপনারা এই চিন্তা করছেন?

দি অনারেবল আভা মাইতি: আমি আগেই বলেছি বেশীদিন আগে এই জটিলতা দেখা দেয়নি কিছুদিন আগে দেখা দিয়েছে এবং আমরা চিন্তা করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: মন্ত্রিমহাশয় এরকম কোন এ্যাসুরেন্স দেবেন কি যে, স্কোয়াটার্স কলোনীতে যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছে তাদের উৎখাত করা হবেনা বা এভিকসন্ করা হবেনা?

দি অনারেবল আভা মাইতি: আমি একথা বলতে পারি সরকার যদি সহানুভূতিশীল না হতেন তাহলে এর মধ্যে অনেকেই উৎখাত হয়ে যেত।

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা কি কোশ্চেনের উত্তর হোল? আমার প্রশ্ন হোল আপনি হাউসে এরকম কোন এ্যাসুরেন্স দিতে পারেন কিনা যে, স্কোয়াটার্স কলোনীতে যে সমস্ত উদ্বাস্তু পরিবাররা রয়েছে তাতে সরকার যতক্ষণ পর্যন্ত তাদের বৈধকরণের কাজ কমপ্লিট করতে না পারছেন ততক্ষণ পর্যন্ত কাউকে উৎখাত হতে দেবেন না?

দি অনারেবল আভা মাইতি: আমি আগেই বলেছি একটা আইন অনুসারে সরকারকে চলতে হচ্ছে, উদ্বাস্তুদের চলতে হচ্ছে। সেই আইন ফ্রাসট্রেটেড হতে পারে এরকম কোন কথা হাউসে আমি বলতে পারিনা। তবে এটুকু বলতে পারি সরকার যদি সম্পূর্ণ সহানুভূতিশীল না হতেন তাহলে অনেক উদ্বাস্তু উৎখাত হয়ে যেত। আমরা যে আইন অনুসারে চলছি সেই আইনের উদ্দেশ্য সরকারের তরফ থেকে ফ্রাস্ট্রেটেড করে দেব এরকম কোন ঘোষণা আমি এখানে করতে পারিনা এবং সেইজন্য প্রস্তুতও নই।

Shri Nikhil Das:

মন্ত্রিমহাশয় বল্লেন এ্যাক্ট ১৯৫১ এই হাউসে পাশ হয়েছিল এবং পাশ করবার সময় ১৯৫১ সালে এরকম কথা বলা হয়েছিল যে ২।১ বছরের মধ্যে এই কলোনীগুলি রেগুলারাইস করে দেওয়া হবে। কিন্তু সেই ২ বছরের জায়গায় ১২ বছর পার হয়ে গেল অথচ রেগুলারাইস্ করা হোলনা। আমার প্রশ্ন হচ্ছে এই পরিবর্তিত সিচুয়েসন—এ মন্ত্রিমহাশয়া এই চিন্তা করছেন কিনা যে এ্যাক্ট ১৬ অব ১৯৫১ এ্যামেন্ড করবার প্রয়োজনীয়তা আছে?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি কিছু কিছু জটিলতা যা দেখা দিয়েছে তার হাত থেকে মুক্তি পাবার জন্য এবং উদ্বাস্তুদের মুক্তি দেবার জন্য আমরা সজাগ রয়েছি এবং চেষ্টা করছি।

Shri Gopal Banerjee:

মন্ত্রিমহাশয়া কি জানেন যে, কম্পিটেন্ট অথোরিটির কোর্ট থেকে ডিগ্রি জারী করে কন্সিডারেসন এবং কম্পেনসেসন-এর টাকা আদায় করা হচ্ছে?

The Hon'ble Abha Maiti:

সেই চেষ্টা চলবেই।

Shri Gopal Banerjee:

আপনি আগে বলেছেন যে আপনারা সহানুভূতিশীল নাহলে তারা থাকতে পারতনা। আমি জিজ্ঞাসা করতে চাই কোর্টের এই আদেশের ফলে তারা যে উচ্ছেদ হচ্ছে তার জন্য আপনারা কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Abha Maiti:

উচ্ছেদ হয়ে গেছে এরকম কোন ঘটনা আমার কাছে নেই। তবে যদি কেউ কন্সিডরেসন মানি দেন তাহলে আমাদের আপত্তি নেই।

Shri Gopal Banerjee:

কন্সিডারেসন মানি আদায় করবার জন্য পুলিশ নিয়ে গিয়ে যাদের উচ্ছেদ করা হচ্ছে সেক্ষেত্রে কিভাবে তাদের রক্ষা করবেন সে সম্বন্ধে কিছু বলবেন কি?

The Hon'ble Abha Maiti:

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্বন্ধে অনেক কথা আগেই বলেছি।

Mr. Speaker:

This question has been sufficiently answered.

Nomads

***34.** (Admitted question No. *146.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ভবঘুরে পরিবার সম্পর্কে কোন পরিসংখ্যান রাজ্যসরকার রাখেন কিনা?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(১) সর্বশেষ গৃহীত পরিসংখ্যান অনুযায়ী এই প্রকার স্থায়ী বসবাসহীন ভবঘুরে পরিবারের সংখ্যা কত; এবং

(২) এই সকল পরিবারের মধ্যে কতগুলি বাঙ্গালী পরিবার?

The Hon'ble Abha Maiti:

(ক) না।

(খ) (১) প্রশ্ন উঠেনা।

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবাংলায় যে ভবঘুরে আছে এ খবর আপনি জানেন কি?

The Hon'ble Abha Maiti:

ভবঘুরে আছে এবং আমাদের দপ্তর থেকে কতগুলি হোমস পরিচালনা করা হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

তাদের সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti:

১৯৫১ সালের সেনসাস-এ দেখেছি পশ্চিমবাংলায় ৪১ হাজার ৯৬৪ জন লোক ভবঘুরে আছে। ১৯৬১ সালের সেনসাস-এ দেখেছি বেগার্স, ভ্যাগরেন্টস্, ইণ্ডিপেন্ডেন্ট উইমেন উইদাউট ইণ্ডিকেসন অব সোর্স অব ইনকাম এ্যাণ্ড আদার্স অব আনস্পেসিফাইড সোস্যাল একজিস্টেন্স হুয়েয়ার গ্রুফড টুগেদার অ্যাস এ সিংগল ক্লাশ—এদের সংখ্যা হচ্ছে ১ লক্ষ ৬০ হাজার ৯৩ জন।

Shri Sanat Kumar Raha:

এই যে সংখ্যা বেড়ে গেছে তাতে তাদের স্থায়ী বসবাসের জন্য কোন ব্যবস্থা হচ্ছে কি?

The Hon'ble Abha Maiti:

১৯৬১ সালের সেনসাস্-এর কথা বলতে পারি তাতে ভবঘুরে বলে কিছু নেই। তাতে বেগার্স, ভ্যাগরেন্টস্, ইনডিপেন্ডেন্ট উইমেন উইদাউট ইন্ডিকেসন্ অব সোর্স অব ইনকাম এদের সংখ্যা রয়েছে এবং এছাড়া যাদের কোন স্থায়ী বাসস্থান নেই সেই রকম লোকও রয়েছে।

Shri Sanat Kumar Raha:

তার মধ্যে বাঙ্গালী কতজন?

The Hon'ble Abha Maiti:

এর মধ্যে কত বাঙ্গালী তা বলতে পারব না। তবে আমাদের হোম-এ যারা আছে তার মধ্যে কত অবাঙ্গালী কত বাঙ্গালী জানতে চাইলে বলতে পারি।

Shri Sanat Kumar Raha:

এই হোমস্-এর সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti:

হোমস্-এর সংখ্যা ভ্যাগ্রান্টস হোম সাতটি, একটি রিসিভিং সেন্টার আছে। ১৫।৬।৬৩ তারিখ পর্যন্ত যে সমস্ত লোক ছিল তাদের সংখ্যা ২,১১৫, তার মধ্যে ১,০৪৭ বাঙ্গালী, ১,০৬৮ জন অবাঙ্গালী।

Membership of Relief Committees

***35.** (Admitted question No. *147.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এম এল এ-গণের মনোনীত প্রতিনিধি সর্বপ্রকার রিলিফ কমিটির সদস্য হইতে পারেন কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) মনোনীত ব্যক্তির নাম কাহার নিকট পাঠাইতে হয়;

(২) মনোনীত ব্যক্তির নাম পুলিসের তদন্তে যায় কিনা;

(৩) মনোনীত ব্যক্তির নাম অনুমোদন কে করেন; এবং

(৪) এই অনুমোদনের জন্য কতদিন সময় লাগে?

The Hon'ble Abha Maiti:

(ক) না।

(খ) (১), (২), (৩) (৪) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

আপনি প্রথম উত্তর দিলেন এম, এল, এ পারেন না অর্থাৎ উত্তরটা হল না।

The Hon'ble Abha Maiti:

হ্যাঁ, ঠিক। কারণ আপনি যে প্রশ্ন করেছেন তাতে বলেছেন এম, এল, এ মনোনীত প্রতিনিধি সর্বপ্রকার রিলিফ কমিটি-র মেম্বার হতে পারেন কিনা। সর্বপ্রকার কমিটির হতে পারেন না সেটা তো জানেন।

Shri Sanat Kumar Raha :
যে রিলিফ কমিটি হয়েছে সেখানে এম, এল, এ মনোনীত প্রতিনিধি দেওয়া যাবে?

The Hon'ble Abha Maiti:
কেবলমাত্র য়ুনিয়ন রিলিফ কমিটিতে দেওয়া যায়।

Shri Sanat Kumar Raha :

কালকে আমাদের ধারণা হয়েছিল সমস্ত রিলিফ কমিটি-র মাধ্যমে এম, এল, এ-রা কাজ করতে পারবেন। সিলেক্ট ব্লক কমিটির মধ্যে এম, এল, এ-রা কাজ করতে পারবেন কি?

The Hon'ble Abha Maiti:

আমি আপনাদের বলেছিলাম সিলেক্ট ব্লক বলে কোন ব্লক এখন নেই। যে সমস্ত জায়গায় পঞ্চায়েত কমিটি আছে সেগুলি আলাদা করে পঞ্চায়েতের মেম্বার দিয়ে রিলিফ কমিটি করা হয়েছিল। কিন্তু কিছু কিছু মাননীয় সদস্য আপত্তি করার ফল গত বছর থেকে আমরা সেই প্রথাকে ডিসকনটিনিউ করেছি এবং সে জায়গায় যেমন অন্যান্য জায়গায় রিলিফ কমিটি আছে তেমনি রিলিফ কমিটি আছে।

Shri Sanat Kumar Raha :
ডিসকনটিনিউ যে করেছেন সেই সংশ্লিষ্ট অর্ডার কোন তারিখে বেরিয়েছে?

The Hon'ble Abha Maiti:
নোটিশ দিলে বলতে পারি।

Shri Sanat Kumar Raha :

স্যার, জিনিসটা ক্লারিফাই করা দরকার। এক বছর হয়ে যাওয়া সত্ত্বেও কাজ করা যাচ্ছে না। ডি, এম বলছেন অর্ডার নাম্বার নিয়ে আসুন। অর্ডার সরকারীভাবে না দিলে কাজগুলি কি করে হবে?

The Hon'ble Abha Maiti:
বলেছি তো নোটিশ দিলে নাম্বার দেব।

Shri Sanat Kumar Raha :

স্যার, এটা খুব রেলিভ্যানট্ কোশ্চেন। এম, এল, এ-রা রিলিফ কমিটি-তে কাজ করতে পারছেন না। এই অর্ডার এক বছর আগে দেওয়া হয়েছে সেই অর্ডার-এর তারিখ দিলে হাউস-কে সাহায্য করা হবে।

Mr. Speaker: You can see her in her chamber and she will give you the order number.

[12-40—12-50 p.m.]

Shri Sanat Kumar Raha :

আগে নিয়ম ছিল রিলিফ কমিটিতে এম, এল,-রা যেতে পারবেন না, আপনি এখন নতুন কায়দা করেছেন এখন আমার প্রশ্ন হচ্ছে, এম, এল, এ-র নমিনি যেতে পারবেন কিনা?

The Hon'ble Abha Maiti:

নিশ্চয়ই যেতে পারবেন।

Shri Sanat Kumar Raha :

মনোনীত প্রতিনিধি রিলিফ কমিটি-র সদস্য হতে পারেন কিনা?

The Hon'ble Abha Maiti:

না, হতে পারেন না, কারণ এম. এল. এ-রাই শুধু এই সভার সদস্য, তাঁদের অনুপস্থিতিতে তিনি কেবলমাত্র সভায় যোগ দিতে পারেন।

Shri Sanat Kumar Raha:

ভোট দিতে পারেন না?

The Hon'ble Abha Maiti:

নমিনি থাকলে নিশ্চয়ই ভোট দিতে পারবেন।

Shri Sanat Kumar Raha:

আমরা যে নাম পাঠাই সেটা ভেরিফিকেসন্-এর জন্য পুলিসের কাছে যায় কি?

The Hon'ble Abha Maiti:

সাধারণতঃ জেলা ম্যাজিস্ট্রেটের কাছে দেওয়া হয়, তিনি সরকারের কাছে নির্দেশের জন্য পাঠিয়ে দেন। জেলা ম্যাজিস্ট্রেট যখন নামগুলি ফরওয়ার্ড করেন তখন তিনি পুলিসের কাছে সংবাদ সংগ্রহ করতে পারেন, তবে এই বিষয় নির্দিষ্ট নিয়ম কিছু দেওয়া নাই।

Shri Sambhu Gopal Das:

মাননীয় মন্ত্রীমহাশয়া বলবেন কি সাবডিভিসনাল বা ডিসট্রিক্ট রিলিফ কমিটিতে তাঁদের নিতে নীতিগত বাধা কোনখানে?

The Hon'ble Abha Maiti:

নীতিগত বাধা কিছু নাই তবে বর্তমানে য়ুনিয়ন রিলিফ কমিটিতে নেওয়ার ব্যবস্থা আছে, অন্যান্য রিলিফ কমিটিতে নেওয়ার ব্যবস্থা নাই।

Shri Sambhu Gopal Das:

রিলিফ কমিটির মিটিং যখন ডাকা হয় তখন আমাদের সেসন থাকে বলে মিটিং য়্যাটেণ্ড করতে পারা যায় না, এটা বিবেচনা করে দেখতে রাজী আছেন কি?

The Hon'ble Abha Maiti:

না।

Shri Bejoy Pal:

সমস্ত এম, এল. এ-দের যাতে রিলিফ কমিটির মধ্যে নেওয়া হয় এই নীতি অনুযায়ী সমস্ত জায়গার কাজ হচ্ছে কিনা?

The Hon'ble Abha Maiti:

সমস্ত রিলিফ কমিটির কথা এখন উঠে না. বর্তমানে আঞ্চলিক য়ুনিয়ন রিলিফ কমিটির মধ্যে নেওয়ার ব্যবস্থা হয়েছে।

Shri Bejoy Pal:

আসানসোল মহকুমায় যে সমস্ত রিলিফ কমিটি আছে কোনটাতে এম, এল, এ-দের নেওয়া হয় নি একটি রিলিফ কমিটি বাদে--

The Hon'ble Abha Maiti:

তিনি যে এম, এল, এ সেই শক্তিতেই তিনি সদস্য হবেন রিলিফ কমিটির। প্রয়োজন বোধে রিলিফ কমিটি ফাঙ্কসন্ করবে।

Shri Bejoy Pal:

এস, ডি, ও-কে ডি, এম-কে জানান হয়েছে আজ পর্যন্ত রিলিফ কমিটি ফাংকসন্ করছে না, রিলিফ কমিটির মিটিং ডাকা হচ্ছে না—

[No reply]

Shri Girish Mahato:

রিলিফ কমিটি কিভাবে তৈরী হয়েছে, কে নির্বাচন করল?

The Hon'ble Abha Maiti:

রিলিফ কমিটি কিভাবে গঠিত হয়েছে সেটা জানতে চাচ্ছেন?

Shri Girish Mahato:

রিলিফ কমিটির মেম্বার কারা?

The Hon'ble Abha Maiti:

ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট কিম্বা অঞ্চল প্রধান একজন সদস্য হবেন, তিনি তার চেয়ারম্যানও হবেন; যিনি সেক্রেটারি তিনি একজন সদস্য হবেন, এই দুইজন, এবং স্থানীয় এম, এল, এ ও একজন সদস্য হবেন, এই তিনজন; এ ছাড়া সরকার মনোনীত ২ জন—এই ৫ জন নিয়ে রিলিফ কমিটি হবে।

Shri Deb Saran Ghosh:

রিলিফ কমিটিতে যাঁরা কংগ্রেসের নমিনেটেড মেম্বার থাকেন তাঁদের পারদর্শিতা কি সিমেন্টে কে কত গঙ্গামাটি মিশাতে পারে তার উপর নির্ভর করে?

Mr. Speaker: Question disallowed.

Constitution of Panchayats

***36.** (Admitted question No. *153.)

শ্রীসনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন ও পঞ্চায়ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত গঠনের জন্য কি কি বিষয় বিবেচনা করিয়া ওয়ার্ড ভাগ হইয়া থাকে;

(খ) পঞ্চায়েত গঠনের জন্য থানা ও ইউনিয়ন এলাকাগুলিকে মোটামুটি পরিমিত জনসংখ্যার ভিত্তিতে গড়া হইতেছে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) লোকসংখ্যা অনুপাতে।

(খ) হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

লোকসংখ্যা কত?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সাধারণতঃ ৭৫০ হতে ১৫০০ পর্যন্ত গ্রামসভা,—

Shri Sanat Kumar Raha:

ওয়ার্ড ভাগ করার ভিত্তি কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত আইন অনুসারে যতগুলি সংখ্যা ততগুলি ওয়ার্ড জেলা ম্যাজিস্ট্রেট ভাগ করেন, যেমন, ৭৫০ পর্যন্ত গ্রামপঞ্চায়েৎ ৩টি ওয়ার্ড, ৭৫০—১০৫০ পর্যন্ত ৩টা কন্সটিটিউএন্সি,

১০৫১—১১৫০ পর্যন্ত ৩টা কিম্বা ৪টা কন্‌সটিটিউএন্সি, ১১৫১—১৩৫০ পর্যন্ত ৪টা কন্‌সটিটিউএন্সি. ১৩৫১ ও তদূর্ধ্ব ৫টা।

Shri Sanat Kumar Raha:

এই যে ওয়ার্ড ভাগ করা হয় এটা কি পপুলেশন হিসাবে না মৌজা হিসাবে ভাগ করা হয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:

জেলা কর্তৃপক্ষ যাঁদের উপর এই বিষয়ে ভার ন্যস্ত হয়েছে তাঁরা এই পর্যন্ত ৬ হাজার গ্রামসভা ভাগ করেছেন। এই ব্যাপারে নীতি হচ্ছে, স্থানীয় কর্তৃপক্ষকে কন্‌সাল্ট করে ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েৎ আইন অনুসারে কন্‌সটিটিউএন্সি স্থির করা হবে। এই ব্যাপারে এক্‌সিকিউটিভ ইনস্ট্রাকসন-এ পুরো ইনস্ট্রাকসন দেওয়া আছে।

Dr. Kanai Lal Bhattacharyya:

অঞ্চল ভাগ করার ব্যাপারে কনটিগুইটি দেখা হয় কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

নিশ্চয়ই, সেটাই মূল কথা।

Dr. Kanai Lal Bhattacharyya:

লোকসংখ্যা বিবেচনা করা হয় কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

লোকসংখ্যা, যোগাযোগ এবং কনটিগুইটি এই তিনটি বিষয় একত্রে বিবেচনা করা হয়।

[12-50—1 p.m.]

Shri Birendra Narayan Ray:

স্থানীয় বি. ডি. ও. অফিস থেকে জনসাধারণের সংগে যোগাযোগ করে যে অঞ্চল ভাগ করা হয়েছে বা গ্রামসভা ভাগ করে দেন তার উপর মাননীয় মন্ত্রীমহাশয় কোন চেঞ্জ করেছেন কি আজ পর্যন্ত?

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় মন্ত্রী মহাশয়ের চেঞ্জ করবার কোন অধিকার নেই। যদি জনসাধারণ স্থানীয় কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন আবেদন করেন, মন্ত্রী মহাশয় পুনর্বিবেচনার জন্য আবার সেটা স্থানীয় কর্তৃপক্ষের কাছে পাঠান কিম্বা এখান থেকে নির্দেশ দেন।

Shri Birendra Narayan Ray:

এমন কি কোন কেস হয়েছে যেটা পুনর্বিবেচনা না করে কলকাতা থেকেই পুনর্বিন্যাস করে দিয়েছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমার জানা নেই।

Dr. Golam Yazdani:

আপনি বললেন যে এই পুনর্বিন্যাস করার ব্যাপারে আপনারা হাজার হাজার অঞ্চল করেছেন, গ্রাম পঞ্চায়েত ভাগ করেছেন কিন্তু কোন অভিযোগ আসে নি। আমি বলছি যখন এই রকম অভিযোগ আমাদের এলাকাতে হয়েছিল, বহু অভিযোগ করা হয়েছিল কিন্তু এ বিষয়ে কোন দৃষ্টিপাত আপনারা করেন নি। এ বিষয়ে আপনি অনুসন্ধান করবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনি যদি ২০ হাজার পঞ্চায়েতের মধ্যে নামটি করেন তাহলে আমার বিবেচনা করার সুবিধা করে দিতে পারেন।

Dr. Golam Yazdani:

তখন যে অন্যায় হয়েছে এই পঞ্চায়েতগুলি ভাগ করা নিয়ে এবং যে অভিযোগ করা হয়েছিল তার কোন প্রতিকার করা হয় নি। এখন আগামী যে পঞ্চায়েত নির্বাচন হবে সেই পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে সেইগুলি আবার বিবেচনা করে দেখবেন কি? আবার পুনর্বিন্যাস করার জন্য?

The Hon'ble Saila Kumar Mukherjee:

দি কোশ্চেন ইজ হাইপোথেটিক্যাল এ্যান্ড কনডিশনাল। আই ক্যান নট এ্যানসার ইট।

Dr. Golam Yazdani:

আমি সহজভাবে জিজ্ঞাসা করছি, যে অন্যায়গুলি হয়ে গিয়েছে এবং যেগুলির প্রতিকার হয়নি আগামী পঞ্চায়েত নির্বাচনের আগে সেগুলি আবার আপনারা ঠিক করে দেবেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

চার মাস ধরে সেই বিবেচনার কার্যই চলছে।

Conversion of municipalities into panchayats

***37.** (Admitted question No. *245.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মফঃস্বল মিউনিসিপ্যালিটিগুলিকে পঞ্চায়েতে রূপান্তরিত করিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমার উত্তর হচ্ছে, 'না'।

Shri Sudhir Chandra Das :

আমি প্রশ্নটা আরো পরিষ্কার করে করতে চাই যে, নন-মিউনিসিপাল এরিয়াকে পঞ্চায়েত করে ভাগ করবার নির্দেশ দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমিত প্রথমেই বলেছি, না।

Schemes of Howrah Improvement Trust

***38.** (Admitted question No. *382.) **Dr. KANAI LAL BHATTACHARYA :** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state why the Howrah Improvement Trust could not execute any of its schemes notified uptil this day?

The Hon'ble Saila Kumar Kukherjee: Seven improvement schemes have so far received the sanction of Government and these are in different stages of land acquisition and execution.

One scheme is waiting with the Government for final sanction.

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রশ্ন ছিল যে, ইমপ্রুভমেন্ট ট্রাস্টের এই স্কীমগুলি এক্সিকিউট করতে এত দেরী হচ্ছে কেন। কিন্তু মন্ত্রী মহাশয় জবাব দিলেন যে ৭টি গভর্নমেন্ট স্যাংশন করেছেন। আমার প্রশ্ন ছিল ১৯৫৯ সালে যে স্কীম নোটিফায়েড করা হয়েছে, আজকে ১৯৭৩ সাল, চার বছর হয়ে গেল এবং এগুলি এক্সিকিউশন হচ্ছে না কেন কেন দেরী হচ্ছে এটাই আমি জিজ্ঞাসা করেছিলাম।

The Hon'ble Saila Kumar Mukherjee:
আপনাকে আরো বিস্তারিত বিবরণ দেবার জন্যই এটা বলছি।

General Improvement Scheme I (Kadamtala scheme)—land acquisition and engineering works are proceeding. General Improvement Scheme II —(Baruipara Doomra Jala scheme)—land acquisition is proceeding. General Improvement Scheme III (Nine small parks)—land acquisition is proceeding, engineering works have been taken up for one park. General Improvement Scheme IV (Narasingha Dutta Road Park)—land acquisition is proceeding. General Improvement Scheme VII (Salkia Storm Water Drainage Scheme)—engineering works have made firm progress. General Improvement Scheme VIIIA—engineering works have commenced. Construction of road from Madhusudan Pal Choudhury to Sarat Chatterjee Road. General Improvement Scheme IX—land acquisition is proceeding. (Kadamtala Bus Stand). Scheme No. V (Rabindra Udyan), Central Park —awaiting Government sanction.

আপনি প্রশ্ন করেছেন ডিলে কেন. মাননীয় সদস্যকে দয়া করে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট এ্যাক্টটাকে আর একবার মনোযোগ সহকারে পড়তে বলি, যে আইন করে দিয়েছেন তাতে ডিলে অবশ্যম্ভাবী. চার দফা স্কীম, তার মধ্যে দুবার পাবলিক হিয়ারিং দিতে হয়. গণতন্ত্রের ভিত্তিতে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট তাই করেছে. প্রত্যেকটি স্কীমে দুবার অসংখ্য জনসাধারণকে শুনানী দেওয়া হয়. তারপর ফাইনালাইজ করে গভর্ণমেণ্টের কাছে স্যাংশনের জন্য আসে। তারপর ল্যান্ড এ্যাকুইজিশন প্রসিডিংস ইনিশিয়েট করা হয়। ল্যান্ড এ্যাকুইজিশন আইনের সংগে যাদের সামান্য মাত্র সম্বন্ধ আছে, তারাই জানেন ল্যান্ড এ্যাকুইজিশন প্রসিডিংস আর অলয়েজ ডিলিটরী কিন্তু এক ছটাক জমিও ল্যান্ড এ্যাকুজিশন মারফৎ সরকারের ট্রাষ্টের হাতে না থাকে, কোন কাজে অগ্রসর হওয়া সম্ভব নয়।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য: মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম স্কীম নং ওয়ান, স্কীম নং থ্রী, এবং স্কীম নং সেভেন কবে গভর্ণমেণ্ট এ্যাপ্রুভেল পেয়েছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: স্কীম নং ওয়ান গভর্ণমেণ্ট স্যাংশন পেয়েছে 3rd March, 1961, land acquisition proceedings have started and the engineering works are proceeding.

Dr. Kanai Lal Bhattacharya: What about scheme No. 3?

The Hon'ble Saila Kumar Mukherjee: Government sanction date is 26th May, 1962. The land acquisition proceedings have started and the engineering works have been taken up for one part.

Dr. Kanai Lal Bhattacharya: Scheme No. 7?

The Hon'ble Saila Kumar Mukherjee: This is for construction of storm water channel. The date of Government sanction is 2nd January, 1961. The engineering works have made firm progress.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই স্কীম নং সেভেন আড়াই বছর হয়ে গেল, সেখানে কোন ল্যান্ড এ্যাকুইজিশন-এর প্রশ্ন নেই, ষ্টর্ম ওয়াটার এবং রেইন ওয়াটার নিষ্কাশন করার জন্য যে প্ল্যানটা আছে, সেটা কেন আড়াই বছর দেরী হল, সেখানেতো ল্যান্ড এ্যাকুজিশনের কোন প্রশ্ন নেই?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: যদি জানতে চান তো বলতে পারি। বিরাট একটা প্রশ্ন ছিল, ইরিগেশনের [illegible] ড্রেনেজ ক্যানেল দিয়ে সেটা ইরিগেশন ডিপার্টমেণ্টের মত সাপেক্ষ। ইরিগেশন ডিপার্টমেন্টে এবং [illegible] ডিপার্টমেন্টে দীর্ঘদিন ধরে আলোচনা হয় এই নিষ্কাশন কোন দিক দিয়ে যাবে যেমনা হাওড়া সহরের বাইরে জনসাধারণের যাতে ক্ষতি না হয়, সেটা স্থির করতে সিদ্ধান্ত গ্রহণ করতে দেরী হয়. সিদ্ধান্ত গ্রহণের পর সরকারের সম্মতির পর দ্রুত কাজ হচ্ছে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য : বুঝতে পারলাম না, স্কীমটা তৈরী হয়েছে ১৯৬১ সালে, তার স্যাংশন পাওয়া গেছে, আড়াই বছর ধরে কাজ না হওয়ার জন্য উনি যে জবাব দিয়েছেন, গভর্ণমেণ্ট আবার নূতন করে কেন ইরিগেশন ডিপার্টমেণ্টের পারমিশন চাইছেন এটা বুঝতে পারছি না। একটা পরিকল্পনা করলেন, আড়াই বছরে সেই পরিকল্পনা তৈরী হয়েছে, সেই পরিকল্পনা—এক্‌জিকিউশন করতে দেরী হওয়ার জন্য ইরিগেশনের নূতন প্রবলেম কিম্বা নূতন পরিকল্পনা আনার প্রশ্ন কেন হল? এটা কি আগে চিন্তা করে দেখা হয়নি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: নিশ্চয়ই দেখা হয়েছে, কিন্তু স্কীমটি হচ্ছে ৯ লক্ষ ৫৫ হাজারের, এই স্কীমের মধ্যে তিন দফা টেণ্ডার নেওয়া আছে, মাল সপ্তয় আছে, ফরেন এক্সচেঞ্জের প্রশ্ন আছে, সেগুলি সহজে হয় না। সুতরাং যদি বলেন জানুয়ারী ১৯৬১ সালে হয়েছে, এক বছরের মধ্যে তো কাজ আরম্ভ হয়ে গেছে।

শ্রীমতী শান্তি দাশ: আমি স্যার অতিরিক্ত প্রশ্ন করছি, ৭ নম্বর স্কীম যখন নাকি স্যাংশন হয় তখন ড্রেনেজের জল কোথা দিয়ে যাবে, সেটা ঠিক হয়নি, তার জন্য স্কীমটা কাজে লাগাতে দেরী হয়েছে, কিন্তু স্কীমটি যখন স্যাংশন হয় ড্রেনেজগুলির জল কোথা দিয়ে যাবে সেগুলি কি ঠিক করেননি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: এতে ইরিগেশন ডিপার্টমেণ্টের আপত্তি আছে সেজন্য বিবেচনা করতে দেরী হয়েছে।

শ্রীঅনাদি দাস: আজ পর্যন্ত হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের জন্য কত টাকা ব্যয় হয়েছে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: (নোটিশ চাই)

Starred questions to which answers were laid on the table.

Wage rate for the agricultural labourers in sugar industry

***39.** (Admitted question No. *394.)

শ্রীদেবসরন ঘোষ: শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইক্ষু শিল্পে নিযুক্ত কৃষি মজুরদের দৈনিক মজুরীর হার সম্পর্কে মিনিমাম ওয়েজ অ্যাডভাইসরী কমিটি-র রেকমেন্ডেশন সম্পূর্ণরূপে সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কি; এবং

(খ) গৃহীত হইয়া থাকিলে, ইহা চালু করার ব্যাপারে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Labour:

(ক) ও (খ) ইক্ষু শিল্পে নিযুক্ত কৃষি মজুরদের জন্য যে মিনিমাম ওয়েজ অ্যাডভাইসারি কমিটি করা হইয়াছিল তাঁহাদের কোন রিকমেনডেসান দেওয়া আবশ্যক হয় নাই। কারণ তাঁহাদের কাজ পূর্ণ হইবার পূর্বেই সামগ্রিকভাবে কৃষি শিল্পে ন্যূনতম বেতন ১৯৫৯ সালের নভেম্বর মাসে ধার্য্য করা হইয়াছে এবং ঐ বৎসরের শেষ হইতেই ইহা চালু আছে।

ইক্ষু শিল্পে নিযুক্ত শ্রমিকরা ইহার মধ্যে রহিয়াছেন।

Women's Society under Beldanga Block No. 1

***40.** (Admitted question No. *398.)

শ্রীদেবশরণ ঘোষ: সমাজ উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ব্লক নং ১এ স্পেশাল স্কীম ফর গার্লস-এর অধীনে কতগুলি মহিলা সমিতি গঠিত হইয়াছে;

(খ) সমিতিগুলির কাজ পরিচালনার জন্য কয়জন মহিলা কর্মচারী আছেন; এবং

(গ) বর্তমানে কয়টি সমিতি কার্যকরী অবস্থায় আছে?

The Minister for Community Development:

(ক) পাঁচটি;

(খ) একজন মুখ্যসেবিকা এবং দুইজন গ্রামসেবিকা;

(গ) পাঁচটি।

Fire-brigade unit in Alipurduar town

***41.** (Admitted question No. *401.)

শ্রীনলিনী ভট্টাচার্য্য: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আলিপুরদুয়ার শহর হইতে ফায়ার ব্রীগেড ইউনিট তুলিয়া লওয় হইয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) গত নভেম্বর মাসে জাতীয় জরুরী অবস্থার দরুণ, বিশেষ ব্যবস্থা হিসাবে, আলিপুর-দুয়ারে একটি অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপন করা হইয়াছিল। ভারত সরকারের নির্দ্দেশানুসারে ঐ কেন্দ্র গত ৮ই জুন তুলিয়া লওয়া হইয়াছে।

UNSTARRED QUESTIONS TO WHICH WRITTEN ANSWERS WERE LAID ON THE TABLE

Consideration of 10th class pass certificate of a Higher Secondary School as equivalent to School Final Pass certificate

36. (Admitted question No. 28.)

শ্রীঅনঙ্গমোহন দাস : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হায়ার সেকেন্ডারী স্কুলের যে সমস্ত ছাত্র দশম শ্রেণী পড়া শেষ করিয়াছে তাহাদের শিক্ষাগত যোগ্যতা সরকারী চাকুরীর ক্ষেত্রে স্কুল ফাইনাল পাস প্রার্থীদের সমতুল্য বলিয়া গণ্য হইবে কি ; এবং

(খ) প্রাথমিক স্কুলের শিক্ষক হওয়ার জন্য শিক্ষাগত যে যোগ্যতার দরকার তাহা এইসকল ছাত্রদের আছে বলিয়া গণ্য হইবে কি না?

The Minister for Education :

(ক) ও (খ) হ্যাঁ। কিন্তু শিক্ষকতা কার্যের জন্য তাঁহাদের স্কুল ফাইনাল উত্তীর্ণদের সমতুল্য গণ্য করা হইবে না।

Moyna-Paramanandapur-Piangla Road

***37.** (Admitted question No. 30.)

শ্রীঅনঙ্গমোহন দাস : পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তা প্রস্তুতের জন্য বারংবার টেন্ডার আহ্বান করিয়াও কোন ঠিকাদারের নিকট হইতে টেণ্ডার পাওয়া যাইতেছে না ;

(খ) সত্য হইলে ইহার কারণ সম্বন্ধে সরকার অনুসন্ধান করিয়াছেন কি ;

(গ) ইহা কি সত্য যে উক্ত রাস্তাতে মাটির কাজ আরম্ভ না করিয়া রাস্তার ধারে ইট জমা হইয়াছিল ; এবং

(ঘ) সত্য হইলে উক্ত ইট কতদিন আগে জমা করা হইয়াছিল এবং জমা ইটের কিছু অংশ খোয়া গিয়াছে বলিয়া সরকার অবহিত আছেন কি?

The Minister for Public Works (Roads) :

(ক) না ; রাস্তার অধিকাংশের উপরই কাজ ঠিকমত চলিতেছে, তবে কিয়দংশের মাটির কাজের জন্য এই বৎসর একবার আহ্বানের পর কোন টেণ্ডার পাওয়া যায় নাই। দ্বিতীয়বার টেণ্ডার ডাকা হইয়াছে এবং ফলাফল অপেক্ষা করা হইতেছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ, কাজ ত্বরান্বিত করার উদ্দেশ্যে।

(ঘ) প্রায় দুই বৎসর আগে। সংগৃহীত ইটের কোন অংশ খোয়া যায় নাই।

Amount of money donated to the National Defence Fund

38. (*Admitted question No. 46.*) **Dr. Colam Yazdani :** *Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—*

(a) the amount of money donated to the National Defence Fund by the Sub-Registrar of Tulshihatta Sub-Registry Office, Harischandrapur police-station, in Malda district, which he and his staff collected from the public who went there for registering their deeds in the month of November, 1962, and December, 1962, and up to date, month by month ;

(b) whether it is a fact that no receipt was given for the contributions received ; and

(c) if so, why, and what steps have been taken for the irregularities ?

The Minister for Judicial Department: (a) Enquiries were made in the matter and it is found that the Sub-Registrar of Tulshihatta or his staff did not collect any money in the months of November and December, 1962, or thereafter from the registrant public for donation to the National Defence Fund.

(b) and (c) Do not arise.

Supply of electricity in Kharba police-station, Malda

39. (Admitted question No. 54.) **Dr. Colam Yazdani :**

বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানার যে বিদ্যুৎ সরবরাহের কাজ হইতেছে তাহা কতদিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায় ;

(খ) এ কাজ শেষ হইতে বিলম্ব হওয়ার কারণ কি ?

The Minister for Commerce and Industries :

(ক) ১৯৬৩ সালের ডিসেম্বর মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) বিদ্যুৎ পরিবাহী তার ও খুঁটির (পোস্টের) অভাবের জন্য এবং খরবা থানার অন্তর্ভুক্ত চাঁচল ও কালিগ্রামের বিদ্যুৎ সরবরাহ করিবার পূর্বে রাইগঞ্জ পাওয়ার হাউসকে অধিকতর শক্তিশালী করিবার প্রয়োজন ছিল। সেই কারণে সময়মত বিদ্যুৎ সরবরাহের কাজ সম্পূর্ণ হইতে পারে নাই।

Hospitals in Malda district

40. (Admitted question No. 56.) **Dr. Colam Yazdani :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be peased to state—

(a) the number of hospitals with their locations in the Malda district ;
(b) total number of beds in each hospital ;
(c) the number of doctors posted in each hospital ;
(d) what special departments are functioning in the Malda Sadar Hospital (with number of beds and names of specialists with their qualifications) ; and

(e) if there is any arrangement for treating T.B. cases in each of the hospitals of Malda district ?

The Minister of State for Health : (a) There is only one hospital at Malda town. There are 28 Health Centres—11 Primary and 17 Subsidiary —as in the enclosed statement (No. 1).

(b) In the Malda District Hospital there are 128 beds. The number of beds in the Health Centres have been indicated in the statement.

(c) Twelve in the Malda District Hospital, four in Harischandrapur Primary Health Centre, three in each 20-beded Primary Health Centre, two in each 10-beded Primary Health Centre and one in each Subsidiary Health Centre.

(d) A statement (No. II) is enclosed. Beds have not been sanctioned departmentwise. Allocation of beds is made according to necessity within the overall total of 128.

(e) Yes, there is arrangement in the Malda District Hospital.

Statement referred to in clause (a) of unstarred question No. 40

STATEMENT I

District Malda

Sl. No.	Name of Health Centres with location	No. of beds.	Post Office	Name of Development Block/ Police-station	Name of subdivision.
1	2	3	4	5	6
1	Araidanga S. H. C.	..	Araidanga ..	Ratua II ..	Sadar.
2	Babupur S. H. C.	..	Salaidanga ..	Gazole	Do
3	Boidyapur S.H.C.	10	Monikara ..	Habibpur ..	Do
4	Bamangola P. H. C.	20	Bamangola ..	Bamangola ..	Do
5	Daulatpur P. H. C. at Maslanda Bazar	10	Kariali ..	Harishchandrapur II	Do
6	Debipur P. H. C. ..	10	Debipur ..	Ratua I ..	Do
7	Gabindapur S. H. C. at Uttar Noapara.	10	Nalagola ..	Bamangola ..	Do
8	Gazole P. H. C. at Hatimara	10	Hatimara ..	Gazole ..	Do
9	Golapganj P. H. C.	10	Golapganj ..	Kaliachak P. S.	Do
10	Habibpur P. H. C. at Bulbulchandi	20	Bulbulchandi	Habibpur	Do
11	Hamidpur S. H. C. at Nayangram	..	Rajnagar ..	Kaliachak P. S.	Do
12	Harishchandrapur P. H. C.	50	Harishchandrapur	Harishchandrapur I.	Do
13	Kumbhira S. H. C. at Nurnagar	..	Sabdalpur ..	Kaliachak ..	Do
14	Kharba P. H. C. ..	10	Kharba ..	Kharba ..	Do
15	Khempur S. H. C. at Charalmony	..	Cholarmony ..	Kharba ..	Do
16	Khusida S. H. C. ..	..	Khusida ..	Harishchandrapur I	Do

Sl. No.	Name of Health Centres with location	No. of beds	Post Office	Name of Development Block/ Police-station.	Name of subdivision.
1	2	3	4	5	6
17	*Manikchak P. H. C. at Enayetpur.*	*20*	*Manikchak* ..	Manikchak ..	Sadar.
18	Milki P. H. C. ..	10	Milki ..	Englishbazr ..	Do.
19	Pandua S. H. C. ..	10	Kutab bahar ..	Gazole ..	Do.
20	Ratua S. H. C. ..	2	Ratua ..	Ratua I ..	Do.
21	Rishipur S. H. C. at Dakshinchandpur	..	Gaursmari ..	Habibpur ..	Do.
22	Sadipur S. H. C. at Bangitola.	10	Bangitola ..	Kaliachak P. S.	Do.
23	Sahajadpur S. H. C. at Ranipur	4	Gazole ..	Gazole ..	Do.
24	Chota Sujapur P.H.C.	10	Chota Sujapur	Kaliachak P. S.	Do.
25	Bhingole S. H. C. ..	2	Bhingole ..	Harishchandrapur I	Do.
26	Chanchal S. H. C.	..	Chanchal ..	Kharba ..	Do.
27	Mathurapur S. H. C.	..	Mathurapur ..	Manikchak ..	Do.
28	Bhaluka S. H. C. ..	2	Bhaluka ..	Harishchandrapur II.	Do.

Statement referred to in clause (d) of unstarred question No. 40

STATEMENT II

(a) The following special departments are functioning in the Malda District Hospital :

(i) Medical,
(ii) Surgical,
(iii) Gynaecological,
(iv) Chest,
(v) V. D.,
(vi) Dental,
(vii) Eye,
(viii) Pathology,
(ix) Radiology, and
(x) Maternity, Child Welfare and Family Planning.

(b) The names of the Medical Officers, employed in the Hospital :

Gazetted.

(1) Dr. Prafulla Chandra Chatterjee, M.B.B.S.—District Medical Officer.
(2) Dr. Rangalal Das, M.S. (Cal.)—Surgeon.
(3) Dr. Prabhat Kumar Choudhury, M.R.C.O.G.—Gynaecologist.
(4) Dr. Satyabrata Chatterjee, M.D. (Cal.)—Physician.
(5) Dr. Jatindra Nath De Majumder, L.M.F.—Radiologist (trained).
(6) Dr. Dhirendra Lal Lahiri, L.M.F.—Pathologist.
(7) Dr. Surya Narayan Bhakat, D.O.M.S. (Cal.)—Ophthalmologist.
(8) Dr. Shyama Prasad Mukherjee, M.B.B.S.—Medical Officer, V. D. Clinic.
(9) Dr. (Sm.) Maya Mazumdar, M.B.B.S.—Lady Medical Officer (Maternity, Child Welfare and Family Planning).
(10) Dr. Dwijendra Lal Samajdar, M.B.B.S.—Medical Officer, Chest Clinic.
(11) Dr. Radha Madhab Roy, B.D.S.—Dentist.

Non-Gazetted

(12) Dr. Sailendra Lal Banik, L.M.F.—Anaesthetist.

Chanchal-Kharba Road in Malda

41. (Admitted question No. 60.)

ডাঃ গোলাম ইয়াজদানী: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার খরবা থানার দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মঞ্জুরী-কৃত চাঁচল-খরবা রাস্তাটির কাজ অনেকদূর অগ্রসর হইলেও কালিগ্রামের পূর্বে অবস্থিত পৌড়িয়া ব্রিজের কোনরূপ প্রাথমিক কাজও শুরু হয় নি;

(খ) সত্য হইলে ইহার কারণ কি, এবং

(গ) এই ব্রিজের কাজ কবে শুরু হইবে?

The Minister for Public Works (Roads) :

(ক) না, ডিজাইনের প্রাথমিক কাজ আরম্ভ হইয়া গিয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) শীঘ্রই, ডিজাইনের কাজ শেষ হইলে এবং টেণ্ডার গৃহীত হইলে পর।

Rural Water Supply in Malda district

42. (Admitted question No. 63.) **Dr. Golam Yazdani :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the total number of tubewells running in order in each thana of the Malda district up to date ;

(b) the total number of derelict tubewells in each thana of the said district ; and

(c) the number of tubewells, if any, sanctioned under Community Development Programme or Local Development Programme or Rural Water Supply Programme in each thana of the said distict recently with dates ?

The Minister of State for Health: (a) and (b)—

Name of Thana.	No. of water sources in working condition.	No. of derelict water sources.
Bamangola	216	1
Kharba	550	22
Habibpur	365	—
Gazole	292	3
English Bazar	233	16
Manikchak	399	14
Kaliachak	867	18
Ratua	296	2
Malda	196	1
Harishchandrapur	228	42

(c) Water sources under Community Development Programme are sanctioned not on thana basis but on block basis. During 1963-64, 40 tubewells have been sanctioned in Gazole, Habibpur, Manikchak, Harischandrapur and Kharba Blocks.

Local Development Programme—District Magistrate, Malda, has been asked to furnish materials.

Rural Water Supply Programme—No new programme has yet been sanctioned.

Mohsin Scholarships

43. (Admitted question No. 67.)

ডা: গোলাম ইয়াজদানী: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহসীন স্কলারশিপ চালু আছে কি না;

(খ) চালু থাকিলে, কোন্ কোন্ কলেজে কতজন ছাত্রকে কি পরিমাণ বৃত্তি গত পাঁচ বৎসরে দেওয়া হইয়াছে;

(গ) চালু না থাকিলে তাহা কবে বন্ধ হইয়াছে, এবং

(ঘ) বন্ধ হইবার কারণ কি?

The Minister for Education:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) ১৯৪৭ সালে স্বাধীনতা ও দেশ বিভাগের পর হইতেই।

(ঘ) মহসীন ফাণ্ড সংক্রান্ত সম্পত্তির বাবদ পশ্চিমবঙ্গ সরকারের প্রাপ্য বিষয়ে পূর্ব পাকিস্তান সরকারের সহিত কোন মীমাংসা হয় নাই।

Test relief in West Bengal

44. (Admitted question No. 73.)

শ্রীকাশীকান্ত মৈত্র: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ বছর কোন্ কোন্ জেলায় কি পরিমাণ টাকার টেস্ট রিলিফের কাজ করা হচ্ছে বা হবে;

(খ) কি কি বিষয় বিবেচনা করিয়া এই টেস্ট রিলিফের কাজের ব্যয় বরাদ্দ নির্দ্ধারিত হয়ে থাকে; এবং

(গ) নদিয়া জেলায় টেস্ট রিলিফের কাজের জন্য কতগুলি স্কীম কোন্ কোন্ অঞ্চলে গ্রহণ করা হয়েছে?

The Minister for Relief:

(ক) বর্তমান আর্থিক বৎসরে ৩০-৬-৬৩ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় সহায়ক কার্যে যে পরিমাণ অর্থ ব্যয়িত হইয়াছে তাহার একটি বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল। ভবিষ্যৎ খরচ সঠিকভাবে পূর্বানুমান করা সম্ভব নয়। প্রয়োজনানুযায়ী ব্যবস্থা করা হইবে।

(খ) গ্রামাঞ্চলে চাষের কাজের অভাবে বা অন্যান্য কারণে বেকারের সংখ্যা বৃদ্ধি পাইলে এবং তজ্জনিত দুরবস্থা দেখা দিলে সহায়ক কার্যের মাধ্যমে কর্ম সংস্থান করিয়া বেকারত্ব হেতু দুরবস্থা দূরীকরণের ব্যবস্থা করা হয়। এই দুরবস্থা দূর না হওয়া পর্যন্ত এবং আবহাওয়া অনুকূল থাকিলে সহায়ক কার্য চালু করা হয় এবং তজ্জন্য প্রয়োজনানুযায়ী অর্থ বরাদ্দ করা হয়।

(গ) নদিয়া জেলার বিভিন্ন অঞ্চলে প্রয়োজনানুযায়ী চালু করিবার নিমিত্ত যে কয়টি সহায়ক কার্যের পরিকল্পনা আপাততঃ মঞ্জুর করা হইয়াছে তাহার একটি বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল। বর্ষা তাড়াতাড়ি আরম্ভ হওয়ায় এ সকল কার্য এখনও আরম্ভ হয় নাই।

Statement referred to in clause (Ka) of the unstarred question No. 44

জেলার নাম	নগদ টাকায় প্রদত্ত মজুরীর পরিমাণ	মজুরী হিসাবে প্রদত্ত খাদ্যশস্যের মোট মূল্য	মোট খরচের পরিমাণ [(২)+(৩)]
(১)	(২)	(৩)	(৪)
	টাকা ন:প:	টাকা	টাকা ন: প:
১। মুর্শিদাবাদ ...	৯,৬৫৯.০০	১,৯৪,৮৭৬	২,০৪,৫৩৫.০০
২। বাঁকুড়া ...	৩,১৩,০৬২.৪০	১০,৮৯,১৩২	১৪,০২,১৯৪.৪০
৩। পুরুলিয়া ...	১,৮৩,৭৫০.০০	১১,৩২,৬৪৮	১৩,১৬,৩৯৮.০০
৪। ২৪-পরগনা ...	২৫,৮২৫.০০	২৩,৫২,১৯৬	২৩,৭৮,০২১.০০
৫। জলপাইগুড়ি ...	২,৪১৮.৭৫	১৯,১৪০	২১,৫৫৮.৭৫
৬। মালদা ...	৪৫,২৪৯.০০	১,৫৬,৪২০	২,০১,৬৬৯.০০
৭। পঃ দিনাজপুর ...	৮৮,৩৮৪.৫০	১,৭৩,৪৯২	২,৬১,৮৭৬.৫০
৮। কোচবিহার ...	২১৭.০০	—	২১৭.০০
৯। বীরভূম ...	৫২,৮৬৭.০০	২,০০,৮৬০	২,৫৩,৭২৭.০০
১০। হুগলী ...	৫২,০৮২.০০	১,৪৮,৪৫৬	২,০০,৫৩৮.০০
১১। হাওড়া ...	১৬,৭৩১.৫৫	৭৮,৮৪৮	৯৫,৫৭৯.৫৫
১২। মেদিনীপুর ...	৪,৫৭,৫৯৯.০০	২৩,৭৬,৭৪৮	২৮,৩৪,৩৪৭.০০
১৩। বর্ধমান ...	১,৩৫,৫৭৬.০০	৬,৩৯,৯৮০	৭,৭৫,৫৫৬.০০
	১৩,৮৩,৪২৭.২০	৮৫,৬২,৭৯৬	৯৯,৪৬,২২৩.২০

Statement referred to in clause (গ) of the unstarred question No. 44

থানার নাম—ইউনিয়ন/অঞ্চলের নাম—পরিকল্পনার সংখ্যা

(১) নবদ্বীপ—পানশীলা ইউনিয়ন—১

(২) ছাপড়া—হাতীশালা ইউনিয়ন—১

(৩) কোতোয়ালী—ভালুকা ইউনিয়ন—১

(৪) কালিগঞ্জ—বড়চাঁদগড়—১

(৫) তেহাট্টা—বারনিয়া ইউনিয়ন—১

(৬) শান্তিপুর—

১। হরিপুর অঞ্চল—১

২। শান্তিপুর মিউনিসিপ্যালিটি—১

Construction of roads in the Murshidabad district under the Third Plan

45. (Admitted question No. 183.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তৃতীয় পরিকল্পনার আমলে মুর্শিদাবাদ জেলায় যে সকল রাস্তা নির্মাণের জন্য পরিকল্পনা ছিল তাহা বর্তমানে জরুরী পরিস্থিতির ফলে পরিকল্পনা হইতে বাদ দেওয়া হইয়াছে; এবং

সত্য হইলে এইরূপ কোন্ কোন্ রাস্তা বাদ দেওয়া হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Recognition of Compulsory Primary Schools

46. (Admitted question No. 187.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে মুর্শিদাবাদ জেলায় বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক স্কুল অনুমোদিত হইবার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে, কোন্ কোন্ থানায় কতগুলি অনুমোদিত হইবে?

The Minister for Education:

(ক) ও (খ) ১৯৬৩-৬৪ সালে অনুমোদিত প্রস্তাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলার যে সকল স্থানে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চালু করা হইতেছে তাহার একটি তালিকা সংযোজিত করা হইল।

List referred to in clauses (Ka) and (Kha) of unstarred question No. 46

District School Board.	Name of the subdivision.	Name of the thana.	Name of the Union Board/Union Committee/Panchayats/Gram Panchayats.
1	2	3	4
Murshidabad	Sadar ..	Beldanga ..	1. Chaitanyapur. 2. Sujapur-Kumarpur-Meerzapur. 3. Debkundu Madda. 4. Kapasdanga Begunbari. 5. Bankuri. 6. Daulatabad.
Ditto ..	Ditto ..	Nawda ..	7. Sarbangapur. 8. Balia.
Ditto ..	Ditto ..	Domkol ..	9. Dhulari. 10. Jitpur (part) (except village Domkol. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
Ditto ..	Ditto ..	Hariharpara	11. Khidderpur (part) (except village Nischintapur. Notification No. 1638-Edn, dated 18th March 1952). 12. Humaipur.
Ditto ..	Ditto ..	Jalangi ..	13. Debipur. 14. Sagarpara.
Ditto ..	Kandi ..	Kandi ..	15. Kumar Sanda. 16. Mahalandi (part) (except village Mahalandi. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
Ditto ..	Ditto ..	Khargram ..	17. Parulia. 18. Eroali. 19. Jhilli
Ditto ..	Ditto ..	Barwan ..	20. Shahora. 21. Kunram.
Ditto ..	Ditto ..	Bharatpur ..	22 Sijgram. 23. Kagram. 24. Talgram. 25. Simulia-Banwarihagh (part) (except villages Simulai, Khandera, Sonarundi, Notification No. 1638-Edn., dated 18th March 1952).
Ditto ..	Lalbagh ..	Nabagram ..	26. Nabagram (part) (except villages Nabagram, Kusmur, Siggore. Notification No. 1638-Edn., dated 18th March 1952). 27. Narayanpur (part) (except village Amstpur. Notification No. 1638-Edn., dated 18th March 1952).

District School Board	Name of the subdivision.	Name of the thana	Name of the Union Board/Union Committee/Panchayats/Gram Panchayats.
Murshidabad ..	Lalbagh ..	Lalgola ..	28. Nashipur.
			29. Paikpara (part) (except villages Shyampur and Rajarampur. Notification No. 1638-Edn.. dated 18th March 1952).
Ditto ..	Ditto ..	Bhagawangola	30. Sunderpur (part) (except village Lolitakuri. Notification No. 1638-Edn.. dated 18th March 1952).
			31. Bhagawangola (part) (except village Bhagawangola. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
Ditto ..	Ditto ..	Ranniagar ..	32. Hurshi (part) (except villages Bhagawangola-Lochanpur. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
			33. Hyampur.
			34. Islampur.
Ditto ..	Jangipur ..	Farakka ..	35. Arjunpur (part) (except villeges Arjunpur and Ankura. Notification No. 1638-Edn., dated 18th March 1962).
Ditto ..	Ditto ..	Samserganj ..	36. Nimtita.
Ditto ..	Ditto ..	Raghunathganj.	37. Jamur (part) (except villages Senda and Barala. Notification No. 1638-Edn., dated 18th Mardh 1952).
			38. Jarur.
Ditto ..	Ditto ..	Sagardighi ..	39. Sagardighi (part) (except villeges Chamugram, Popara, Jugur, Fulbanbayer Chandanbati. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
			40. Patkeldanga (part) (except village Patkeldanga. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
			41. Balia (part) (except village Kabilpur. Notification No. 1638-Edn., dated 18th March 1952).
Malda ..	Sadar ..	Englishbazar	1. Narhatta.
			2. Kazigram.

District School Board	Name of the subdivision.	Name of the thana	Name of the Union Board/Union Committee Panchayats/Gram Panchayats.
1	2	3	4
Malda ..	Sadar ..	Kaliachak ..	3. K. B. Jhowbona.
			4. Mothabari.
			5. Jalalpur.
			6. Jlaua Bhathan.
			7. Alinagar.
			8. Hamidpur.
			9. Paranpur.
			10. Birnagar.
			11. Bedrabad.
			12. Krishnapur.
			13. Kumbhira.
			14. Golapganj.
			15. Akanda Baria.
Ditto ..	Ditto ..	Manichak ..	16. Gopalpur.
			17. Hirandapur.
			18. Dakshin Chandipur.
			19. Uttar Chandipur.

Establishment of a Rabindra Sadan at Berhampore

47. (Admitted question No. 192.)

Shri Sanat Kumar Raha : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে রবীন্দ্রভবন প্রতিষ্ঠার জন্য সরকার হইতে আংশিক আর্থিক সাহায্য দিবার ব্যবস্থা হইয়াছে কি; এবং

(খ) ব্যবস্থা হইয়া থাকিলে উহার পরিমাণ কত?

The Minister for Education :

(ক) এবং (খ) বহরমপুরে একটি রবীন্দ্র সদন স্থাপনের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

Grant of special allowance of Rs. 5 to Primary School teachers

48. (Admitted question No. 195.) **Shri Sanat Kumar Raha** :

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দশ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন এবং পঞ্চাশ বৎসর বয়স্ক প্রাথমিক শিক্ষকগণের জন্য ১৯৬২ সালের এপ্রিল মাস হইতে মাসিক পাঁচ টাকা করিয়া যে স্পেশাল গ্রান্টের ব্যবস্থা রাজ্য সরকার করিয়াছেন তাহা পৌর সংস্থার শিক্ষকগণের ক্ষেত্রেও প্রযোজ্য কিনা; এবং

(খ) পৌর সংস্থার শিক্ষকগণের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য না হইলে তাহার কারণ কি?

The Minister for Education :

(ক) হ্যাঁ, যদি এরূপ ভাতা সমেত বেতন ৮৫ টাকার অধিক না হয়।
(খ) এই প্রশ্ন উঠে না।

Number of water sources to be sunk and resunk in the districts in 1963-64

49. (Admitted question No. 208.) **Shri Sanat Kumar Raha :**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালের জন্য রাজ্যসরকার কোন্ কোন্ জেলায় কতগুলি পানীয় জলের জন্য নূতন নলকূপ বরাদ্দ করিয়াছেন ; এবং

(খ) এ বৎসরে কত নলকূপ পুনস্থাপিত হইবার প্রস্তাব আছে?

The Minister of State for Health :

(ক) ও (খ) ১৯৬৩-৬৪ সালের জন্য নূতন কোন প্রোগ্রাম এখন মঞ্জুর করা হয় নাই, তবে পূর্বে মঞ্জুরীকৃত প্রোগ্রাম অনুযায়ী বর্তমান বৎসরে যে জল-উৎস স্থাপন বা পুনঃ স্থাপনের জন্য বরাদ্দ আছে তাহার তালিকা উপস্থাপিত করা হইল।

List referred to in clauses (Ka) and (Kha) of unstarred question No. 49.

১৯৬৩-৬৪ সালে প্রস্তাবিত জল-উৎসের তালিকা

জেলার নাম	জল-উৎস সংখ্যা
হুগলী	৯৩
বর্ধমান	২৩৬
বীরভূম	১১৩
বাঁকুড়া	৬৮
মেদিনীপুর	[illegible]
পুরুলিয়া	৬০
২৪-পরগনা	১৬১
নদীয়া	৪২
মুর্শিদাবাদ	১৭৫
মালদহ	২০
পশ্চিম দিনাজপুর	৭৬
কোচবিহার	৪০
জলপাইগুড়ি	২৮
দার্জিলিং	৩
মোট	১,৫১৮

উপরি-উক্ত সংখ্যার মধ্যে কতটি জল-উৎস নূতন স্থাপন করা হইবে এবং কতটি পুনঃস্থাপন করা হইতেছে বা হইবে তাহা বিভিন্ন এলাকার প্রয়োজন অনুসারে স্থির করা হইবে।

Health Centres in Unions Shibpur and Maharul, police-station Nabagram, Murshidabad

50. (Admitted question No. 209.) **Shri Sanat Kumar Raha :**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলায় লালবাগ মহকুমার শিবপুর ইউনিয়নে এবং মহারুল ইউনিয়নে নবগ্রাম থানায় কোন হেল্‌থ সেণ্টার নাই ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ইউনিয়নগুলির জন্য কোন হেল্‌থ সেন্টার করার পরিকল্পনা আছে কিনা?

The Minister of State for Health :

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান বৎসরে নাই।

Opening of a Cancer Hospital at Berhampore

51. (Admitted question No. 211.) **Shri Sanat Kumar Raha :**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে একটি নতুন ক্যান্সার হাসপাতাল খুলিবার পরিকল্পনা রাজ্যসরকারের আছে কিনা ;

(খ) পরিকল্পনা থাকিলে, কবে উক্ত হাসপাতাল খোলা হইবে ; এবং

(গ) পশ্চিমবঙ্গে অনুরূপ হাসপাতাল কোথায় কোথায় খোলার পরিকল্পনা আছে?

The Minister of State for Health :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হইতেছে। কমিটির সুপারিশ পাওয়া গেলে বিষয় বিবেচনা করা হইবে।

Pension to political suffers in Murshidabad

52. (Admitted question No. 237.) **Shri Sanat Kumar Raha :**

গত ৪ঠা এপ্রিল ১৯৬৩ তারিখে প্রদত্ত অতারকিত ৬৪২নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত বিবরণাদি সংগৃহীত হইয়াছে কি না ; এবং

(খ) সংগৃহীত হইয়া থাকিলে, তাহা কি?

The Minister for Finance :

(ক) হইয়াছে ;

(খ) এইসঙ্গে যুক্ত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 52.

প্রশ্ন।—(ক) মুর্শিদাবাদ জেলায় কতজনকে রাজনৈতিক কর্মী ভাতা (পলিটিক্যাল পেনসন) দেওয়া হয়; এবং

(খ) তাহাদের নাম কি?

(গ) উক্ত ভাতা দেওয়াতে সরকার কি কোন নীতি অনুসরণ করেন এবং যদি করেন তাহা হইলে তাহা কি?

উত্তর।—(ক) নয়জন।

(খ) তাহাদের নাম যথাক্রমে—

(১) শ্রীমতী অনুপমা দেবী,

(২) শ্রীহিমাংশুভূষণ মুখার্জী,

(৩) শ্রীমতী বীণাপানি বাগচী,

(৪) শ্রীশচীন্দ্রচন্দ্র চক্রবর্তী,

(৫) শ্রীমতী শ্যামাশশী দেবী,

(৬) শ্রীমতী শৈলেশ কুমারী সরকার,

(৭) শ্রীমধুসূদন ঘোষ,

(৮) শ্রীরজনীকান্ত হালদার,

(৯) শ্রীমতী কিরণবালা দেবী।

(গ) হ্যাঁ। যে সমস্ত রাজনৈতিক নির্যাতিত কর্মী দেশের স্বাধীনতা সংগ্রামে অনেক নির্যাতন ও লাঞ্ছনা সহ্য করিয়াছেন, রাজনৈতিক আন্দোলনে যোগদান ও সক্রিয় অংশ গ্রহণ করার দরুন তাহাদের কারাবাস হইয়াছিল, যাহারা বর্তমানে আর্থিক দুরবস্থার মধ্যে পড়িয়াছেন এবং সরকারী সাহায্য ব্যতিরেকে যাঁহাদের পক্ষে জীবন ধারণ করা সম্ভবপর হইতেছে না এইরূপ ব্যক্তিদের আর্থিক সাহায্য দিবার জন্য সরকার একটি পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন। তদ্ভিন্ন নির্যাতিত রাজনীতিক কর্মীদের পরিবারবর্গ যাঁহারা বার্ধক্যহেতু জরাগ্রস্ত ও আর্থিক দুরবস্থার মধ্যে কালাতিপাত করিতেছেন তাহাদের বেলাতেও এই প্রকল্প প্রযোজ্য। যাঁহারা বর্তমানে সক্রিয়ভাবে কোন রাজনীতিতে অংশ গ্রহণ করিতেছেন তাঁহাদের ক্ষেত্রে এই পরিকল্পনা প্রযুক্ত হইবে না।

Modified Ration Shops

53. (Admitted question No. 83.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the number of modified ration shops in West Bengal at present;

(b) if in view of the sharp rise in the price of rice new modified ration shops or fair price shops have been sanctioned; and

(c) if so, when sanction was given and how many of such modified ration shops have started functioning in each district?

The Minister for Food: (a) Number of F.P./M.R. shops as on 15th June 1963:

Calcutta Industrial Area—
Area outside—

(b) Yes.

(c) As and when necessity arises and when there is a local demand, the District Officers give appointment of such shops. A statement showing the number of F.P./M.R. shops in the districts as on 5th January 1963 and 15th June 1963 and the number of shops increased is laid on the Table.

Statement referred to in reply to clause (c) of Unstarred Question No. 53

No. of F. P. /M. R. shops functioning in each district of West Bengal

District	As on 5-1-63.	As on 15-6-63.	No. of increased shops.
Calcutta Industrial Area	3,188	3,145	..
24-Parganas	1,227	1,308	81
Nadia	785	866	81
Murshidabad	744	752	8
Jalpaiguri	291	247	..
Malda	103	189	86
West Dinajpur	210	242	32
Darjeeling	276	282	6
Cooch Behar	153	156	3
Bankura	694	698	4
Burdwan	895	883	..
Birbhum	499	500	1
Hooghly	533	533	..
Howrah	452	437	.
Midnapore	815	873	58
Purulia	204	211	7
Total ..	11,069	11,322	367

Financial assistance to the family of Netai Pada Sarkar, Jawan of Indian Army.

54. (Admitted question No. 97.) **Shri Kashi Kanta Maitra :**

স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) কঙ্গোয় নিহত সৈনিক ভারতীয় সৈন্য বাহিনীর জোয়ান নিতাইপদ সরকারের (রাজপুতনা রাইফেল্‌সের ৪র্থ ব্যাটেলিয়ান, ক্রমিক নং ৬৫৯৬০১২) বৃদ্ধ পিতা শ্রীরসিকলাল সরকার ও তাঁহার বৃদ্ধা মাতা শ্রীমতীকমলারানী সরকারকে পশ্চিমবঙ্গ সরকার কোনরূপ আর্থিক সাহায্য দান করিয়াছেন কি না ;

(খ) আর্থিক সাহায্য করিয়া থাকিলে, তাহা কি প্রকারের ?

The Minister for Home (Defence):

(ক) কঙ্গোয় নিহত সৈনিক ভারতীয় সৈন্যবাহিনীর জোয়ান, নিতাইপদ সরকারের বৃদ্ধ পিতা শ্রীরসিকলাল সরকার এবং/অথবা বৃদ্ধা মাতা শ্রীমতী কমলারানী সরকারের নিকট হইতে আর্থিক সাহায্যের জন্য কোনও আবেদনপত্র রাজ্যসরকারের স্বরাষ্ট্র বিভাগ এখনও পর্যন্ত পান নাই ;

(খ) প্রশ্ন উঠে না।

Hall of Sarvodaya Khadi Mahasangha, Nadia

55. (Admitted question No. 100.) **Shri Kashi Kanta Maitra :**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর রেলওয়ে স্টেশনের নিকটে খাদি মহাসঙ্ঘের যে হল ও উক্ত শিল্পকেন্দ্রের বাড়ী নির্মিত হয়েছে তার প্রকৃত মালিক বা ট্রাস্টির নাম ও ঠিকানা কি ;

(খ) মোট কত টাকা দিয়ে এই সম্পত্তি খরিদ করা হয় এবং বাড় তৈার হয় ;

(গ) খাদি বোর্ড থেকে বা খাদি কমিশন থেকে কি পরিমাণ টাকা এই 'মহাসঙ্ঘ' এ পর্যন্ত পেয়েছে

The Minister for Cottage and Small Scale Industries :

(ক) কৃষ্ণনগর রেলওয়ে স্টেশনের নিকটে নদিয়া জেলা সমবায় সর্বোদয় খাদি মহাসঙ্ঘের কোন নিজস্ব 'হল' বা বাড়ি নাই। ঐ মহাসঙ্ঘ আসবাবপত্র, বস্ত্র, সুতা, প্রভৃতি রাখিবার জন্য কৃষ্ণনগর রেলওয়ে স্টেশনের নিকটে অবস্থিত 'রামতনু লাহিড়ী মহিলা সমাজ কল্যাণ সমিতির একটি 'হল' ব্যবহার করেন।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) খাদি কমিশন থেকে—

(১) ঋণ—৭৮,০০০ টাকা

(২) অনুদান—৩৯,০০০ টাকা।

খাদি বোর্ড থেকে—

অনুদান—১,২০০ টাকা।

Confidential Assistants of the Ministers

56. (Admitted question No. 103.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the names of the Confidential Assistants with their respective emoluments attached to the different Ministers in this State ;

(b) how many of these Confidential Assistants are in the employ of other commercial establishments in the State; and

(c) the names of such Confidential Assistants with the names of the respective business houses and/or commercial establishments, to which they are attached ?

The Minister for Finance : Particulars, which are not readily available, are being collected from various departments of Government. As soon as necessary particulars are received, a reply will be given during this session.

Banks gone into liquidation since 1946.

57. (Admitted question No. 105.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) since 1946 how many Banks have gone into liquidation in the territory which is now West Bengal ;

(b) what is the total amount of assets including cash of the Banks in liquidation ;

(c) what is the total amount of assets realised in liquidation proceeding up to date;

(d) what is the total amount spent for recovery of debts due to these Banks ;

(e) what is the total amount of debts so recovered and the amount still remaining for realisation ; and

(f) of the total amount realised what amount has so far been paid to the depositors ?

The Minister for Judicial Department: The question relates to a matter which is within the complete seisin of the Union Finance Minister.

Establishment charges of the office of the Official Liquidator

58. (Admitted question No. 104). **Shri Kashi Kanta Maitra :** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state the total amount spent so far towards the establishment charges of the office of the Official Liquidator incurred in connection with the Banking Companies in liquidation in the State of West Bengal?

The Minister for Judicial : The question relates to a matter which is within the complete seisin of the Union Finance Minister.

No Confidence Motion

[1—1-10 p.m.]

Shri Hemanta Kumar Basu:

স্যার, আমার একটা অনাস্থা প্রস্তাব মন্ত্রিদের বিরুদ্ধে দেওয়া আছে। আপনি কি স্থির করলেন এবং হাউসের লিভ নেবেন কিনা সেটা জিজ্ঞাসা করছি।

Mr. Speaker: I will take it up in its turn.

Shri Nikhil Das:

স্যার, আমাদের রুলস অব প্রসিডিওর এণ্ড কণ্ডাক্ট অব বিজনেস-এর ১৯৯ সেক্সন-এ আছে জাস্ট আফটার দি কোশ্চেন আওয়ার মোশান যিনি মুভ করেন তিনি লিভ চাইবেন। কোশ্চেন আওয়ারের পরে অন্য কোন বিজনেস হতে পারে না লিভ না চাওয়ার আগে।

Mr. Speaker: It will be taken up after questions and before the list of business for the day. We are just now after questions but we are not just now before the list of business for the day. I will take it up before the list of business.

Adjournment motion

Mr. Speaker: I have received one notice of adjournment motion given yesterday during the sitting of the House by Shri Narayan Choubey on the subject of recent contract between All-India Radio and the Voice of America. I have refused consent.

Shri Narayan Choubey:

স্যার, অল ইণ্ডিয়া রেডিওর সংগে ভয়েস অব আমেরিকার যে চুক্তি হয়েছে এটা অত্যন্ত আপত্তিকর ব্যাপার।

Mr. Speaker: There is no scope for speech.

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Minister will now please make a statement on the subject of hunger-strike by four persons in Asansol Special Jail.

The Hon'ble Jagannath Kolay:

স্যার, এটার জবাব আজকে দিতে পারব না, মঙ্গলবার দেব।

Shri Birendra Narayan Ray:

স্যার, কালকে মন্ত্রিমহাশয় আমাদের বলেছিলেন যে আজকে উত্তর দেবেন। কালকে মন্ত্রি-মহাশয় ছিলেন না, আজকে মন্ত্রিমহাশয় অনুপস্থিত এই অভিযোগ করে উনি টাইম চাইছেন; এতে কি রাইট এ্যান্ড প্রিভিলেজ হ্যাম্পার করছে না?

Mr. Speaker:

ওটার মধ্যে রাইট এ্যান্ড প্রিভিলেজের কিছু নাই।

Calling attention to matter of urgent public importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention—one from Shri Birendra Narayan Ray regarding realisation of rent of Thakur Estate twice and the other from Shri Sanat Kumar Raha regarding increase of snake bite cases in West Bengal. As these matters do not appear to be of urgent public importance, I do not select any one of them.

Motions of No-confidence

Mr. Speaker: I have received three notices of motions of No-confidence in the Council of Ministers which are in order. I shall read the motions, in the order they were received, to the House:

The first motion is from Shri Hemanta Kumar Basu, Shri Nani Bhattacharyya, Shri Anadi Das and Shri Girish Mahato to the following effect:

"The House expresses its lack of confidence in the Council of Ministers";

The second motion is from Dr. Narayan Chandra Roy to the following effect:

"This House expresses its want of confidence in the present Ministry. The whole policy on food and food-supply is anti-social and anti-people":

The third motion is from Shri Sailen Adhikary, Shri Kashi Kanta Maitra, Shri Sudhir Chandra Das and Shri Balai Lal Das Mahapatra to the following effect:

"Whereas this Council of Ministers, Government of West Bengal, has failed to save the people of this State from the scourge of hunger-starvation and hold the price-line of essential commodities; And whereas the Government led by this Ministry has failed and neglected to rid the administration of all-pervading corruption and has further failed and neglected to evolve a new food policy as an integral part of national development and national defence and to take effective deterrent measures to punish the food-racketeers, black-marketeers, hoarders and smugglers who are engaged in fleecing the common man of this State; this House expresses its lack of confidence in this Council of Ministers led by the Chief Minister, Shri P. C. Sen."

Members concerned may now ask for leave of the House to move the motions.

Shri Hemanta Kumar Basu: Sir, I ask for leave of the House to move the motion.

Dr. Narayan Chandra Roy: Sir, I beg leave of the House to move the motion.

Shri Sailendra Nath Adhikary: I ask for leave of the House to move the motion

Mr. Speaker: I now ask those honourable members who are in favour of leave being granted to the first motion of Shri Hemanta Kumar Basu and three others to kindly raise in their seats.

[Members of the Opposition stood up]

[1-10—1-20 p.m.]

Mr. Speaker: I find that the number of members who have stood up is 66. I therefore declare that leave is granted.

I now request those members who are in favour of leave being granted to the second motion of Dr. Narayan Chandra Roy to kindly rise in their seats.

(Some members rose in their seats and their number counted)

I find that the number of members who have stood up is 60. I therefore declare that leave is granted.

I now request those members who are in favour of leave being granted to the third motion of Shri Sailendra Nath Adhikary and three others, to kindly rise in their seats.

(Some members rose in their seats and their number counted)

I find that the number of members who have stood up is 66. I therefore declare that leave is granted.

Now, honourable members, the motions of which leave has been granted by the House will be taken up for discussion on Monday, the 22nd instant.

Dr. Kanai Lal Bhattacharya: Two days should be fixed for this.

Mr. Speaker: I have now fixed the date. I will let the House know on Monday, before we begin, how much time I have allowed to this motion. I can assure you that, if required, I shall give you sufficient time.

REQUEST TO THE CHAIR TO ALLOW DETENU MEMBERS TO PARTICIPATE IN THE DEBATE

Shri Amarendra Nath Basu:

অধ্যক্ষ মহাশয়, আপনি একদিন দিন কিংবা দুইদিন দিন তাতে আমাদের কোন আপত্তি নেই। আপনার কাছে আমার এই নিবেদন যে এই বিধানসভার সদস্য যারা আজ জেলে আছেন—যারা এই আলোচনায় যোগ দিতে পারবে না আপনি যেন অধ্যক্ষ হিসাবে দায়িত্ব নিয়ে তাঁদের এখানে আনবার ব্যবস্থা করেন যাতে তাঁরা এই আলোচনায় যোগদান করে তাদের মতামত দিতে পারেন।

Dr. Narayan Chandra Roy :

অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় অমরেন্দ্রবাবু আপনার সামনে যে বক্তব্য রাখলেন আমি ইংরাজীতে আমার সেই প্রস্তাবটা আপনার কাছে রাখছি।

We request the Hon'ble Speaker to make it possible for all the detenus of the Legislature now in different jails to come and take part in this very important debate on no-confidence. We request him to exercise his authority as the Speaker to make it possible.

Shri Jamini Bhusan Saha: On a point of privilege, Sir,
এখানে নো কন্‌ফিডেন্স প্রস্তাবের উপর ভোটাভুটি হবে, কিন্তু সরকার পক্ষ বিরোধীদলের নেতা সহ প্রায় ১৬।১৭ জন সদস্যকে জেলে রেখেছেন...

Mr. Speaker:
আপনার প্রিভিলেজের কথা বলুন।

Shri Jamini Bhusan Saha:
প্রিভিলেজ হচ্ছে যে সমস্ত সদস্যকে জেলে রাখা হয়েছে তাদের প্রিভিলেজ ক্ষুণ্ণ করা হবে যদি তাদের নো কন্‌ফিডেন্স মোশান যেটা বিরোধীপক্ষ থেকে দেওয়া হয়েছে তার আলোচনায় যোগদান করতে না দেওয়া হয়।

Mr. Speaker: Mr. Saha, already a request has been made. Dr. Roy has already given me the note, and so you must stop now.

Shri Jamini Bhusan Saha:
এর উপর আপনার ডিসিসন, আপনার মতামত জানতে চাই।

Mr. Speaker: Mr. Saha, there is no question of only decision.

Shri Monoranjan Hazra:
এরকমভাবে এ'দের আটকে রেখে এ'দের প্রিভিলেজ ক্ষুণ্ণ করা হয়েছে। আপনি কেন এরকম হতে দেবেন?

Mr. Speaker:
আপনি বসুন, আমি জবাব দিচ্ছি। দাঁড়িয়ে থাকলে জবাব দেব কি করে?
Now regarding the prisoners detained in jail, a request has been made by Shri Amarendra Nath Basu, followed up by Dr. Roy and many other members. I am noting that point and I will see what can be done.

Shri Jaharlal Banerjee: On a point of information, Sir,
ওরা যে ২৪ জনের নাম করেছেন তার মধ্যে অশ্বিনী রায় কি দাঙ্গার কেসে ধরা পড়েছেন?

Leave of absence

Mr. Speaker: Honourable members, I have received an application from Shri Khagendra Kumar Ray Chowdhury, M.L.A., for permission of the Assembly to be absent from its meetings. I place this matter before the house and I take it that permission for such leave is granted.

(The leave was granted)

Debate on Food Situation

[1-20—1-30 p.m.]

Shri Haridas Chakravarty:
স্পীকার মহোদয়, গত কয়েকদিন ধরে এই বিধানসভায় অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয় নিয়ে আলোচনা হ'ল তাতে সরকারপক্ষ তাদের বক্তব্য পেশ করেছেন—বিশেষ করে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য পেশ করেছেন এবং বিরোধীপক্ষ থেকে বিভিন্ন বক্তা আমাদের যা দাবী তার সমর্থনে বক্তব্য রাখার চেষ্টা করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে বিষয়টি যে গুরুত্ব সহকারে বিবেচনা করা উচিৎ ছিল সেই গুরুত্ব দিয়ে বিবেচনা করা হয়নি। এই যে কয়েকদিনের বিতর্কে যদি আপনি লক্ষ্য করে থাকেন—নিশ্চয়ই লক্ষ্য করেছেন—তাহলে জানেন যে আমরা বিরোধী দলের তরফ থেকে যে সমস্ত গুরুত্বপূর্ণ সংবাদ এবং গুরুত্বপূর্ণ তথ্য দিয় বাংলাদেশের সংকটজনক খাদ্যাবস্থার কথা তাদের বক্তব্যে উপস্থাপিত করছিলেন সেই সভায় লক্ষ্য করেছি

মুখ্যমন্ত্রী এবং তাঁর দলের অন্যান্য বক্তারা আমাদের বক্তব্যকে—অসত্য, ঠিক নয় বলে উড়িয়ে দেবার চেষ্টা করেছেন। আপনার নিশ্চয় স্মরণে আছে এই বিধানসভার যেদিন প্রথম অধিবেশন হয়েছিল সেদিন আমাদের জনৈক অধ্যাপক সদস্য পাগলা মেহের আলির ভূমিকায় গিয়ে 'সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়' এরকম একটা এই কথা বলে তিনি বিধানসভার কক্ষটিকে ভরে রেখেছিলেন। দ্বিতীয় কথা, বিরোধী সদস্যরা যখন এই সংকটজনক খাদ্যাবস্থা নিয়ে, এই খাদ্যসংকট পরিস্থিতি নিয়ে আলোচনা করতে চেয়েছেন তখন আমাদের অত্যন্ত আশ্চর্য হয়ে শুনতে হয়েছে পুরুলিয়ায় যেখানে খাদ্যাবস্থা চরম আকার ধারণ করেছে সেখানে ত্রাণমন্ত্রী যখন গিয়েছিলেন তখন সেখানে ঠিক তোরণ তৈরী করে তাঁকে অভ্যর্থনা জানান হয়েছিল। দুর্ভিক্ষ ক্লিষ্ট, অনাহারক্লিষ্ট-মৃত্যু যাদের শেষ আশ্রয় তাদের মাথার খুলি আর হাড় দিয়ে সেই তোরণ নির্মিত হয়েছিল কি না জানি না। কিছুদিন আগে আজকে সরকারপক্ষ আজ তিনি বসে আছেন—শ্রী সমসুদ্দিন আমেদ তিনি বলেছিলেন বাংলাদেশে যে খাদ্যাবস্থা, যে সংকট দেখা দিয়েছে সরকারী অবহেলায় এবং সরকারের নীতিবিবর্জিত কার্যের জন্য তাতে সত্যি সত্যি হয়ত একদিন সাধারণ মানুষকে ত্রাণমন্দিরে আশ্রয় নিতে হবে এবং তিনি হয়ত তাদের কিছু কিছু ডোল দিয়ে সাহায্য করে তাঁর বদান্যতার পরিচয় দেবেন। আমরাও তাই বলতে চাইছি পশ্চিমবাংলায় যে খাদ্যাবস্থা—যে চরম সংকট সৃষ্টি হয়েছে—সেই সংকটজনক পরিস্থিতিকে মুখ্যমন্ত্রী যদি অলীক পরিসংখ্যানের আশ্রয় নিয়ে বুঝতে না চান, যদি বলেন গম খেলে সব সমস্যার সমাধান হয়ে যাবে তাহলে তাঁকে কি বলা যায়? মিথ্যা তিন রকমের হয় আপনারা জানেন—
লাই, ড্যাম্‌ড লাই এ্যান্ড স্টাটিসটিকস।

আমাদের মুখ্যমন্ত্রী শেষেরটি আশ্রয় করেছেন এবং সেই পরিসংখ্যানের সাহায্যে সাপুড়ে যেমন একটি একটি সাপ বের করে অপরিণত বয়স্ক বালকদের তাক লাগিয়ে দেয় মুখ্যমন্ত্রী ঠিক তেমনি তার ঝাঁপি থেকে একটি একটি করে পরিসংখ্যান বের করে মানুষের সত্যিকারের অবস্থা সকলকে ভুলিয়ে দিতে চান এবং স্বীকার করতে চান না যে সত্যি সত্যি বাংলাদেশে একটা জরুরী খাদ্যসংকট সৃষ্টি হয়েছে। কিন্তু এই কথার মধ্যে দিয়ে আমাদের মুখ্যমন্ত্রী কি পরোক্ষে স্বীকার করছেন না যে সত্য সত্যই আমাদের এই বাংলাদেশে খাদ্য সংকট সৃষ্টি হয়েছে, যে পরিস্থিতিতে তার পক্ষে সম্ভব হচ্ছে না যে বাংলাদেশের খাদ্য সমস্যার সমাধান করতে গেলে একটা বিকল্প খাদ্যের তালিকা তাকে পেশ করতে হচ্ছে। এটাই হচ্ছে যথেষ্ট স্বাক্ষর যে বাংলা দেশে একটা সংকটজনক খাদ্য পরিস্থিতি চলছে। দ্বিতীয়তঃ যে কথা আমি বলতে চাই যে মাননীয় মুখ্যমন্ত্রী বিতর্কের সময় যে কথা বলেছেন যে আমাদের গম খাওয়ার অভ্যাস করতে হবে। তাই আমরা দেখছিলাম রাজা যত বলে পরিষদ দল বলে তার শতগুণ। আমরা দেখছিলাম যে কংগ্রেস পক্ষের সদস্য খুব জোরের সংগে বলছিলেন যে আমাদের গম খেতে হবে। এই গম খাওয়ার কথা বলে তারা বাংলাদেশের য সমস্যা—এই খাদ্য সংকটের থেকে পরিত্রানের যে মূল রাস্তা ছিল, যে মূল পথ ছিল সেই পথ থেকে বাংলাদেশের মানুষকে তারা বিচ্যুত করতে চান। এবং এই বিধান সভার এই মূল নীতি নিয়ে আলোচনা হউক, যেটা আমরা চাই সেই মূল নীতি নিয়ে তারা আলোচনা করতে দিতে চাইছেন না। এটাই আমাদের মনে হয়েছে। আমরা বলছিলাম বিরোধী পক্ষের তরফ থেকে যে আমরা মনে করি যে ২২ টাকা মন দরে চাল হওয়া দরকার। আমি কালকে আনন্দ বাবুর বক্তৃতা শুনছিলাম তিনি অত্যন্ত জোরাল কন্ঠে বলেছিলেন যে ২২ টাকা মন করে যদি বিরোধী পক্ষেরা চাল দাবী করেন তাহলে কৃষকদের কত ধানের দর দিতে চান? আমার মনে হয় তার বক্তৃতা শুনে হয়ত তিনি এই কথাই বলতে চাচ্ছেন যে কৃষকদের ধানের দাম বেশী দেবার জন্যই আজকে বাংলাদেশে ৩৫/৪০ টাকা চালের দর হয়েছে। আমি তাঁকে একটা প্রশ্ন করতে চাই যে বাংলাদেশের কৃষক সমাজ ধানের দর কত পান—মাননীয় স্পীকার মহাশয় আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের কৃষকরা ১২/১৫ টাকার বেশী ধানের দর পায় না। তারা ১২/১৫ টাকার বেশী কিছুতেই পায় না। তারা যদি এর বেশী দাম না পায় তাহলে চালের দাম ২২/২৫ টাকার বেশী কিছুতেই হওয়া উচিত নয়। কিন্তু আজকে বাংলাদেশে চালের দাম কত এবং ধানের দাম কত তা নিশ্চয়ই আপনার জানা আছে। আমি আরেকটা কথা বলতে চাই যে আজকে আনন্দবাবু কৃষকদের জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন কিন্তু তার বোধহয় জানা আছে যে তার মত যারা বড় বড় জোতদার গ্রামে আছে যখন কৃষকদের ফসল উঠে তখন চারিদিক থেকে অনাহারের

জন্বালায় এবং সমস্ত জিনিষের ম্ল্য ব্দ্ধির ফলে তাদের জীবন ধারণ করা অসম্ভব হয়ে উঠে সেই কৃষকদের কাছ থেকে অল্প দামে মজ্তদাররা ও জোতদাররা গোলাজাত করে। তারপর সেই সমস্ত জোতদাররা এবং মজ্তদাররা সেই ধানকে বেশী দামে বিক্রি করে কলওয়ালাদের কাছে। তখন আমরা আস্তে আস্তে দেখি যে ধান ১২ টাকায় উৎপাদকেরা বিক্রি করল সেই ধান আস্তে আস্তে চাল হয়ে আমাদের কাছে ৩৫/৪০ টাকায় এসে পড়লো। আমাদের মাননীয় ম্খ্যমন্ত্রী তিনি কি সে খবর রাখেন না? আমি বলব নিশ্চয়ই তিনি জানেন। আমরা যে কথা গত অধিবেশনে বলেছিলাম এখন সে কথা বলি যে তিনি এখানে বিধানসভায় দাঁড়িয়ে তার দলের ইজ্জত এবং তার দলের পরিচালিত সরকারের সমগ্র ব্যর্থতাকে তিনি ঢেকে দেবার জন্য যে কথা তিনি নিজে বিশ্বাস করেন না সেই কথাই তাকে বার বার করে বলতে হয়। গত বিধান সভায় আমাদের দলের নেতা সোমনাথ বাব্ বলেছিলেন যে তাঁকে দেখলে মনে হয় তিনি যখন বিধানসভায় দাঁড়িয়ে যখন বক্তৃতা করেন তখন মনে হয় যাত্রা দলের সেই রাজপ্রুষের বেশে তিনি এখানে দাঁড়িয়ে অভিনয় করছেন। মনে মনে তিনি জানেন যে আজ বাংলাদেশে খাদ্য সংকট চরমে উঠেছে—তার পরিচয় আমরা জানি কারণ কেন্দ্রীয় সরকারের কাছে তিনি যে রিপোর্ট পেশ করেছিলেন তাতে তিনি বাংলাদেশে যে ম্ল সমস্যা সেই সমস্যাকে তিনি স্বীকার করেছিলেন। তারপরে স্যার আমি তাকে আরেকটী কথা বলতে চাই যে বাংলাদেশের সরকারের কাছে অন্যান্য প্রদেশের সরকারের মতই হাতে প্রচুর ক্ষমতা আছে। তার উপর ইমারজেনসীর মত প্রচণ্ড ক্ষমতা আছে। সেই ইমারজেনসীর মত প্রচণ্ড ক্ষমতা আমরা দেখেছি বাংলায় বিভিন্ন কলকারখানায়, কৃষক নেতাদের বির্দ্ধে যারা ভাগচাষ নিয়ে লড়াই করে তাদের বির্দ্ধে প্রয়োগ হয়েছে, কিন্তু কেন ১২ টাকা দরে যে চাল ঐ উৎপাদকরা বিক্রি করল সেই চাল ম্নাফা ল্ঠতে ল্ঠতে যখন এসে বিভিন্ন মজ্তদারদের ও জোতদারদের হাত দিয়ে আমাদের বাজারে এসে যখন ৩৫/৪০ টাকায় এসে পেশছাল কেন সেই ইমারজেন্সী আইন সে সমস্ত মজ্তদারদের কালোবাজারীদের বির্দ্ধে প্রয়োগ করা হবে না। অত্যন্ত দ্ঃখের বিষয় যে আমাদের ম্খ্যমন্ত্রী মহাশয় এখানে ঘোষণা করলেন যে না এদের ধরবার কোন পরিকল্পনা আমাদের নেই। আমি এই মজ্তদারদের এবং জোতদারদের বির্দ্ধে ইমারজেন্সী আইন চাল্ করব না। তাদের গ্রেপ্তার আমি করব না। আমি মাননীয় ম্খ্যমন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই যে তাঁর এই বক্তব্যের মধ্যে দিয়ে তিনি কি মজ্তদার, জোতদার, ম্নাফাখোরদের বড় বেশী স্বাধীনতা দিলেন না, তাদের শোষণ করবার বাংলাদেশের মান্ষকে ম্নাফা খোরদের বড় বেশী স্বাধীনতা দিলেন না, তাদের শোষণ করবার বাংলাদেশের মান্ষকে আরও নিঃস্পেশিত করবার এই স্যোগ কি তিনি করে দিলেন না। এবং আমরা জানি তাই তিনি করে দেবেন। কারণ আজকে দ্ইদিন ধরে যে বিতর্ক হল এই বিতর্কে মোটাম্টী একটি বিষয় নিয়ে হয়েছে যে আপনারা সরকারপক্ষ আপনারা মজ্তদার বা আড়তদার বা কালাবাজারী এবং ম্নাফাখোরদের পক্ষে থাকবেন না এটাই বিতর্কের বিষয় ছিল যে খাদ্য নীতির পরিবর্তন করবেন কিনা—এটাই ম্ল বিতর্কের বিষয় ছিল—না আপনারা সরকার পক্ষ মাননীয় ম্খ্যমন্ত্রীর নেতৃত্বে এই কথাই ঘোষণা করেছেন যে আপনাদের খাদ্য নীতি পরিবর্তন করবেন না। আপনারা মজ্তদারদের, ম্নাফাখোরদের, কালোবাজারীদের স্বার্থ রক্ষা করবার জন্য আপনারা যে নীতি গ্রহণ করেছেন সেই নীতির বির্দ্ধে সাধারণ মান্ষ আন্দোলন করবে এবং করছে এই কথাটা জেনে রাখ্ন।

[1-30—1-40 p.m.]

Shri Sunil Kumar Das Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা বাংলাদেশের একটা গ্র্ত্বপূর্ণ এবং সংকটময় সমস্যা নিয়ে আলোচনা করছি। কিন্তু আমাদের সরকারপক্ষের এই ব্যাপারে কতটা উৎসাহ তা আমাদের সামনের আসনের দিকে তাকালেই আমরা ব্ঝতে পারি। আজকে আমি মাননীয় প্রফ্লচন্দ্র সেন মহাশয়কে এই পবিত্র হাউসের মধ্যে মিথ্যা ভাষণ দেবার জন্য অভিয্ক্ত করছি। কেননা গত বাজেট অধিবেশনের সময় তিনি আমাদের কাছে বলেছিলেন যে বাংলাদেশে মোট ঘাটতির পরিমাণ ৪ লক্ষ টন। আবার তার কিছ্দিন পরে তিনি আমাদের বললেন যে বাংলাদেশে মোট খাদ্যের ঘাটতির পরিমাণ ১৮ লক্ষ টন। কিন্তু গেল পরশ্দিন আবার তিনি আমা-

মের শুনালেন এই হাউসের মধ্যে দাঁড়িয়ে যে বাংলাদেশের খাদ্যের ঘাটতির পরিমাণ ২২ লক্ষ টন। এই হাউসের মধ্যে দাঁড়িয়ে তিনি আমাদের তিন বারে তিন রকম তথ্য পরিবেশন করলেন। আমরা জানি এই কিছুদিন আগে বৃটিশ পার্লামেন্টে সমর সচিব প্রফুমা হাউসের মধ্যে মিথ্যা কথা বলেছিলেন বলে তিনি নিজে দোষ স্বীকার করে তার মন্ত্রিত্ব এবং তার পার্লামেন্টের সদস্য পদ ত্যাগ করেছিলেন। আমরা আশাকরি সেই সৎসাহস প্রফুল্ল বাবুর থাকা উচিত। তিনি তার মিথ্যা ভাষণ দানের দোষ স্বীকার করে মুখ্যমন্ত্রীর পদ এবং তার আইন সভার সদস্যর পদ ত্যাগ করা উচিত। তিনি সেদিন বক্তৃতা প্রসংগে বলেছিলেন যে ১৯৫১ সালে কুচবিহারে চালের মণ ৭২ টাকা থেকে ৭৫ টাকা উঠেছিল। আমি বলব উঠেছিল ঠিক কিন্তু তারপরের ঘটনাটুকু আমাদের হাউসের সামনে তিনি রাখেন নি। তার সেদিনকার মারাত্মক নীতির জন্য কুচবিহারের যুবক যুবতী এবং শিশুরা পর্যন্ত খাদ্যের দাবী করেছিল যার জন্য এই কংগ্রেস সরকারের পুলিশের গুলিতে প্রাণ দিয়েছিল। আজকে সেই কথাটা প্রফুল্লবাবু কায়দা করে চেপে গিয়েছেন। তার সেই সৎসাহস এখন পর্যন্ত নাই যে বিচার বিভাগীয় তদন্ত তারা করেছিলেন তার রিপোর্ট আজ পর্যন্ত তিনি প্রকাশ করেন নি। প্রফুল্লবাবু বিভিন্ন সময়ে আমাদের এই হাউসের মধ্যে একই ধরণের যুক্তি রেখে যাচ্ছেন সেটা পুরানো প্রসিডিং থেকে আপনাদের সামনে রাখছি। ১৯৫৯ সালে তিনি ১০ই ফেব্রুয়ারী এই হাউসে তিনি বলেছিলেন যে "পশ্চিম বংগে বহুদিন থেকে ঘাটতি চলেছে সুতরাং এই ঘাটতি আজকের নয়, তার উপর ৩৫ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এসে পড়ছে"। আবার তিনি বলেছেন যে "আগে মৃত্যুর হার যেখানে ছিল শতকরা সাড় আঠার এখন সেখানে নয় এর চেয়েও কমে গিয়েছে। সেদিক দিয়েও লোক সংখ্যা বেড়েছে, রিফিউজি এসেছে, তারপর পাট চাষের জমি বেড়ছে"। তাহলে আমরা কি দেখি দীর্ঘদিন ধরে দেশের একই রকম অবস্থা রয়েছে। সমস্যা একই রয়েছে, অথচ এই মন্ত্রীসভা দেশের খাদ্যের উন্নতির জন্য বিন্দুমাত্র চেষ্টা করেন নি। আজকে দেশের লোকসংখ্যা বেড়েছে কিন্তু একটা হিসাব আমরা কখনই আমরা ধরি না। এই বাড়তি লোকসংখ্যার মধ্যে বাহিরের প্রদেশের কত লোক এসেছে আমাদের প্রদেশে তার কোন সঠিক হিসাব আমাদের কাছে নাই। স্যার আপনি জানেন যে বিভিন্ন ধরণের রুজে-রোজগার-এর জন্য উড়িষ্যা, বিহার, উত্তরপ্রদেশ, অন্ধ্র প্রভৃতি দেশ থেকে এই বাংলাদেশে প্রতিবছর বহুলোক আমাদের বাংলাদেশে আসে।

তণ্ডুল অঞ্চলের অধিবাসী যারা নিজেদের এই প্রদেশের স্থায়ী বাসিন্দা বলে মনে করে না এবং আমাদের এই প্রদেশের খাদ্যশস্য বিশেষকরে চাল ভোগ করেন তাদের সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবী তোলা উচিত যে, বাইরে থেকে যারা এখানে রুজি রোজগার করার জন্য এখানে আসে অথচ নিজেদের এখানকার স্থায়ী বাসিন্দা বলে মনে করে না তাদের চালের যোগান কেন্দ্রীয় সরকারের দেওয়া উচিত। কংগ্রেসী নেতৃত্বের কচাকে আমাদের দেশ ভাগ হয়েছে এবং তার ফলে হাজার হাজার উদ্বাস্তু ভাই আমাদের এখানে এসেছে। এই উদ্বাস্তু ভাইদের পুনর্বাসনের জন্য যেমন আপ্রাণ চেষ্টা করা উচিত ঠিক তেমনি এদের জন্য যে চাল এবং খাদ্যশস্যের দরকার তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে এই দাবীও তোলা উচিত। দ্বিতীয়তঃ, কেন্দ্রীয় সরকারের নির্দেশে বাংলাদেশের ধানের জমি কমিয়ে দিয়ে সেখানে পাট চাষ করা হচ্ছে এবং তার ফলে কেন্দ্রীয় সরকারের কোষাগারে লক্ষ লক্ষ ডলার আমদানী হচ্ছে, সারা ভারতবর্ষ সমৃদ্ধশালী হচ্ছে। কাজেই কেন্দ্রীয় সরকারের কাছে আমরা এই দাবী তুলতে পারি যে পাট চাষের জন্য যখন বাংলাদেশের ধানের জমি কমে গেছে তখন আমাদের তণ্ডুল জাতীয় পদার্থ দিতে হবে এবং তার দ্বারা আমরা আমাদের দেশে যে চালের সংকট দেখা দিয়েছে তার মীমাংসা করতে পারব। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আরও কয়েকটা সাজেসনস্ আপনার কাছে রাখছি। আমাদের বাংলাদেশে আরও কঠোরভাবে লাই-সেন্স প্রথা করতে হবে এবং সেগুলি হচ্ছে হোলসেলার লাইসেন্স, রাইস মিলার লাইসেন্স এবং যারা রিটেল প্রাইস-এ যারা বিক্রি করে তাদের জন্য আলাদা আলাদা লাইসেন্স দরকার। এখন মিল মালিকরা খুচরা চাল বিক্রি করতে হলে সেই লাইসেন্স-এর বলে শুধু হোলসেলার-এর কাছে বিক্রি করতে পারে। দ্বিতীয়তঃ, যারা হোলসেলার তারা খুচরা বিক্রি না করে শুধু খুচরা ব্যবসায়ীরাই খুচরা বিক্রি করতে পারবে এই রকম তিন প্রকার লাইসেন্স করতে পারলে এইসব রাইস মিলার-রা যারা রিটেল প্রাইসে বিক্রি করে তারা তা করতে পারবে না, যারা হোলসেলার

তারা খুচরা বিক্রি করতে পারবে না—একমাত্র রিটেলার-এর মাধ্যমেই খুচরা বিক্রয় হবে। এই যদি করা হয় তাহলে দরের এই যে ঊর্ধগতি সেটা আমরা বন্ধ করতে পারব। এবারে আমি হাউসের অপর পক্ষের কাছে আর একটি কথা বলতে চাই যে চোরা কারবারীরা যেভাবে বেড়ে চলেছে তাতে তাদের বিরুদ্ধে ভারতরক্ষা আইন প্রয়োগ করা উচিত। ভারতরক্ষা আইনের দ্বারা তাদের গ্রেপ্তার না করে খাদ্য আন্দোলন করবার জন্য যদি বামপন্থীদের গ্রেপ্তার করা হয় তাহলে বাংলাদেশের জন্য বাংলা রক্ষা আইন তৈরী হচ্ছে এবং ঐদিকে যাঁরা বসে আছেন তাঁরা জেনে রাখুন জনসাধারণ কাউকে ছেড়ে দেবে না—সকলকে গুলী করে হত্যা করবার ব্যবস্থা করবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-40—1-50 p.m.]

Shri Shamsuddin Ahmed:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে তিন দিন ধরে আমরা দেশের একটা অত্যন্ত গুরুতর পরিস্থিতি নিয়ে এবং সমস্যা নিয়ে আলোচনা করছি, এই আলোচনা আজকে শেষ হবে। সুরুতে আমরা যেখানে ছিলাম শেষ পর্যন্ত সেখানেই আছি। এই সমস্যা সমাধান করবার জন্য কার কী করণীয় আছে এ সম্পর্কে আমাদের অলোচনায় কোন আলোকপাত হয়েছে বলে আমি অন্ততঃ মনে করি না। চালের অভাব আছে কিন্তু একটা জিনিস বাড়তি আছে সেটা এখানকার আলোচনা থেকে আমাদের কাছে অত্যন্ত সুস্পষ্ট হয়েছে, চাল কম আছে কিন্তু চালবাজীটা অত্যন্ত বেশী পরিমাণে বেড়ে গেছে। আমরা চালের অভাব সম্পর্কে দুই পক্ষই মোটামুটি একমত, একমাত্র কাশীকান্ত বাবুকে বাদ দিয়ে সবাই আমরা প্রায় একথা স্বীকার করি যে চালের উৎপাদন আমাদের কম আছে প্রয়োজনের তুলনায়। সেজন্য চালের অভাব আছে এবং অভাব থাকার জন্য অভাবজনিত যে যে সমস্যা সেই সমস্যাগুলি দেখা দিয়েছে। আমরা নিয়ন্ত্রণ ব্যবস্থার পক্ষপাতি নই, সরকারও নিয়ন্ত্রণ ব্যবস্থার পক্ষপাতী নন। বাজারের যে পণ্য কম হবে স্বাভাবিক নিয়ম অনুসারে তার দাম কিছু পরিমাণে বাড়বে, চালেরও দাম কিছু পরিমাণে বেড়েছে একথা ঠিক। কিন্তু বিরোধী পক্ষের দরশরণবাবুর কথা যদি সত্য হয় যে সরকারী নির্দিষ্ট দামের চেয়ে বাজারে কমে গম পাচ্ছেন তাহলে দেশে খাদ্য সংকট হয়েছে, দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে এই উক্তি অপ্রকৃতিস্থের যুক্তিহীন উক্তি বলে মনে হয় যেখানে একটা বিকল্প খাদ্য সরকারী নির্দিষ্ট দামের কমে পাওয়া যায় সেই সময় দেশে খাদ্যের অভাব আছে অনটন আছে এ অবস্থা সত্য এবং সমীচীন বলে গ্রহন করা যায় না। আমার নিজের মনে হচ্ছে বিরোধী পক্ষ থেকে খাদ্য সম্পর্কে যে আন্দোলন আমাদের সামনে উপস্থিত করেছেন তাতে বাংলা দেশের সাধারণ মানুষের খাদ্য সংকট দূরীকরণের থেকে একটা স্বতন্ত্র চেষ্টা আছে এবং সেই স্বতন্ত্র চেষ্টাটা হচ্ছে রাজনৈতিক। একথা এজন্য বলছি তা যদি না হত তাদের যে যোগ্য নেতৃত্ব আছে এবং যেটা তাদের কাছে আশা করি সেটা মানতাম যদি এই জাতীয় সংকটের সময় সমস্যা সমাধানের সুনিশ্চিত পদ্ধতির ইংগিত তাঁরা দিতেন। কিন্তু তাদের কাছ থেকে কতকগুলি ভাসা ভাসা অভিযোগ ছাড়া কোন সুনির্দিষ্ট কর্মপন্থার ইংগিত আমরা পাই নি। এবং এই আন্দোলন যে পুরোপুরি রাজনৈতিক সেটা আর একটু অনুধাবন করলেই সহজভাবে এবং সুস্পষ্টভাবে বুঝতে পারব। কালকে অবশ্য এই নিয়ে এখানে অনেক হৈ চৈ হয়ে গেছে কিন্তু সেটা আজকে না বলে পারছি না—জনসাধারণের একটি অত্যন্ত পবিত্র দাবী নিয়ে বিরোধী পক্ষের বন্ধুরা আন্দোলন যেভাবে করছেন, যেদিন তাঁরা অনশন আন্দোলন সুরু করেন আনন্দবাজার পত্রিকায় একটি সংবাদ দেখছি সেটা আমি সভার কাছে রাখতে চাইছি, বাইরের লোকের কাছে এইরকম সংবাদ যাচ্ছে দেখে আমার মাথা লজ্জায় হেঁট হয়ে গেছে। সেখানে দেখলাম বিরোধী পক্ষের একজন লেফটেনান্ট কমেন্ডার নাদুস নুদুস গায়ে বসে আছেন এবং একটা জায়গায় মালিশওয়ালা তাঁকে মালিশ করছে, এই ছবি তিনি উপহার দিয়েছেন, পবিত্র দাবী নিয়ে আন্দোলন করার সিদ্ধান্ত করেছেন যাঁরা তাঁরা এই ছবি বাংলা দেশকে উপহার দিয়েছেন। এই হচ্ছে তাঁদের সংগ্রামের রূপ। আমার তাই মনে হচ্ছে অন্তরের অন্তঃস্থল থেকে খাদ্য সমস্যা নিয়ে আন্দোলন গড়ে তুলবার চেষ্টা নেই, এবং সেরকম চেষ্টা তাঁদের আছে বলে আমি নিজে বিশ্বাস করি না। তাঁদের একথা জানা উচিত যে দেশ যখন এগুচ্ছে, এগোবার চেষ্টা করছে, আমাদের অর্থনীতি ক্রমোন্নয়নশীল তখন নিশ্চয়ই তাদের

জানা উচিত যে ক্রমোন্নয়নশীল অর্থনীতিতে দেশের সকল মানুষকে কিছু না কিছু পরিমাণ কষ্ট স্বীকার করতে হবে—ডেভেলপিং ইকনমিক ষ্টেজ বলে সকলকে মানতে হবে এবং সকলকে স্বীকার করে নিতে হবে। আমরা যখন গণতান্ত্রিক অবস্থার প্রবর্তন করেছি তখন আমরা একথা জানি, এই চিন্তা পোষণ করি যে গণতান্ত্রিক পদ্ধতিতে দেশকে উন্নতি করতে গেলে বিরোধী পক্ষের সদস্য বন্ধুদের এই বিষয়ে সচেতন হয়ে তাঁরা আমাদের সংগে সহযোগিতা করবেন বা গণতান্ত্রিক আন্দোলন বলে মনে করে তাঁরা আন্দোলন করবেন। কিন্তু মূল প্রশ্ন হচ্ছে দেশে ক্রমোন্নয়নের জন্য যে প্রচেষ্টা চলছে সেটা যাতে ব্যাহত না হয় এবং মানুষকে যাতে দুঃখ কষ্ট বরণ করতে না হয় তার জন্য তাদের অনুপ্রাণিত করার যে দায়িত্ব ছিল সে দায়িত্ব তাঁরা গ্রহণ করছেন না। যখন তাঁরা স্বীকার করেছেন যে চাল দেশে কম আছে তখন চাল সকলকেই কম পেতে হবে। ডিষ্ট্রিবিউশন কিভাবে হবে সে সম্বন্ধে যদি আলোচনা হত তাহলে এ সম্পর্কে কিছু আলোকপাত হত. তাহলে মনে হয় তারা সমস্যাটা সমাধান করতে সহযোগিতা করতে রাজী আছেন। যদি বলতেন গম খাও, গম বেশী পরিমাণে কনজামশন কর, এই বলে যদি সাধারণ লোককে অনুপ্রাণিত করতেন তাহলে বুঝতাম খাদ্য সমস্যা সমাধানে সহযোগিতা করছেন। আমার ইচ্ছা ছিল আমি অন্ততঃ খাদ্য সমস্যা সমাধানের জন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে কিছু সাজেশন রাখবো এই বলে আমাদের বিরোধী পক্ষের যারা বর্ষীয়ান সদস্য আছেন তাদের সহযোগিতা নিয়ে এই ধরণের একটা কমিটি গঠন করবার জন্য। কিন্তু সমগ্র আলোচনা শুনে আমার মনে হচ্ছে তাঁরা এলে প্রতিবাদ করবেন সমাধান করতে চাইবেন না। তাঁরা সমস্যাটা আরও প্রকট করে জনসাধারণের কাছে উত্থাপন করবার চেষ্টা করবেন। আমরা যে আশা নিয়ে যে পথে এগোতে চাচ্ছি সেই পথে আমাদের বিরোধী পক্ষের সদস্য বন্ধুরা এগোতে চান না বলে সমগ্র আন্দোলনকে খাদ্য আন্দোলন মনে না করে রাজনৈতিক আন্দোলনের ক্ষেত্র বলে আমাদের জিনিসটা গ্রহণ করতে হচ্ছে। মানুষ খেতে পাচ্ছেনা, তাদের দুঃখ কষ্ট আছে, তারা কিনতে পারছে না তার জন্য ব্যথাটা বিরোধী পক্ষের বন্ধুদের একচেটিয়া বলে মনে করবার কারণ নেই। নিশ্চয়ই যাঁরা হৃদয়বান লোক, রাজনৈতিক কর্মী তাঁরা দেশের দুঃখকে কখনও অস্বীকার করতে পারেন না এবং বিরোধী পক্ষের বন্ধুরা নিশ্চয়ই সেটা স্বীকার করেন। কিন্তু এর সমাধান করবার জন্য আমাদের যে পথ যে পদ্ধতি এবং যে পন্থা অবলম্বন করা দরকার আমরা সেই পথ সেই পন্থা অবলম্বন করে চলেছি। আমরা বার বার বলব যে যতদিন না দেশকে এমন একটা জায়গায় পৌঁছে দিতে পারছি যেখানে দেশে উৎপাদনের যে পোটেনসিয়ালিটি আছে সেটা আমরা কাজে লাগাতে পারছি ততদিন পর্যন্ত আমাদের দুঃখ কষ্ট হবে, খাদ্যদ্রব্যের অভাব হবে, প্রয়োজনীয় জিনিসপত্র বেশী মূল্যে কিনতে হবে, হয়ত আমরা উপযুক্ত সরবরাহ পাব না, সমস্ত সুখ-সুবিধা দিতে পারব না। পৃথিবীর কোন দেশ পারে নি—অন্যান্য জায়গায় বজ্রমুষ্টিতে এ জিনিস আদায় করে নেওয়া হয়েছে। যে কোন উন্নয়নশীল দেশের দিকে চেয়ে দেখুন—বর্তমান যুগে সোভিয়েট রাশিয়ার কথা বলুন, চীন বলুন, জাপান বলুন, যে কোন দেশের দিকে চান দেখবেন সেই সমস্ত দেশ সাধারণ মানুষের কাছ থেকে কঠোরভাবে মূল্য আদায় করে নিয়েছে দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য। আমরাও সেই মূল্য চাচ্ছি আমরা আশা করছি যে সেই মূল্য মানুষ নিজের ইচ্ছায় দেবে। তারজন্য তাদের অনুপ্রেরণা দেবার চেষ্টা করছি এবং আজকে যাঁরা খাদ্য আন্দোলন করে মানুষের সেই অনুপ্রেরণাকে নষ্ট করে দিতে চাচ্ছেন আমি তাঁদের বিরুদ্ধে এই অভিযোগ করি যে দেশের ক্রমোন্নয়ণের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে তাঁরা ধ্বংস করবার চেষ্টা করছেন। কোন সময় আমি এ কথা মনে করি না যে আমার বিরোধী পক্ষের বন্ধুরা দেশপ্রেমিক নয়, তাঁরা দেশের মানুষকে ভালবাসেন না। কিন্তু তাঁদের ক্ষমতা পাওয়ার আগ্রহটা এত তীব্র এত প্রবল হয়ে গেছে যে যে কাজ দেশের স্বার্থে করা উচিৎ নয়, যে মানুষকে ভালবাসেন সেই গরীব দুঃস্থ মানুষের স্বার্থে যে কাজ করা উচিৎ নয় সেই কাজ তাঁরা রাজনৈতিক চালবাজীতে সর্বপ্রথম করেন এই হচ্ছে অত্যন্ত ক্ষোভ এবং দুঃখের কথা। কমপালসরি ডিপজিট স্কীমের জন্য আমরা মানুষকে সেখানে বলছি যে তোমরা জোর করে জমানর অভ্যাস কর সেখানে যে আন্দোলন চলছে সেই আন্দোলনের ক্ষেত্রে আপনারা আপত্তি করছেন। আমি জানি না কেন তাঁরা এই ধরণের প্রচেষ্টায় আপত্তি করেন। আমরা চাচ্ছি যে আমাদের দেশের অর্থনৈতিক ক্রমোন্নয়নে সকল লোক অংশীদার হবে। আমি আগেই বলেছি যে গণতান্ত্রিক পদ্ধতিতে উন্নয়ন প্রচেষ্টায়

সকল লোক স্বেচ্ছায় অংশ গ্রহণ করবে সেই দাবি আমরা করি এবং আমরা তার আয়ের একটা অংশ তার কাছ থেকে চাই। আমরা বলি যে এই টাকা তোমার, এই টাকা তোমারই থাকবে, তুমি এই মুহূর্তে এই টাকা ভোগের কাজ লাগাতে পারবে না, এই টাকা তোমার দেশবাসীর দুঃখকে দূর করার কাজে লাগান হবে। আমরা মানুষকে তার আয়ের একটা ন্যূনতম অংশ জমাতে বলছি। আমি জানি তাদের আয়ের এই অংশটুকু থাকলে কিছু যাবে আসবে না। আমি জানি তাঁরা যে আয় করেন তাতে তাঁরা সুখে-স্বচ্ছন্দে জীবন-যাপন করতে পারেন না। সেজন্য সেই টাকা জমা করে রাখতে বলছি। সেই টাকা জমা রাখলে তাঁরা নিশ্চয়ই মরে যাবেন না, বেঁচেই থাকবেন, হয়ত একশো পয়েন্ট দুঃখ থাকত সেখানে একশো এক পয়েন্ট দুঃখ হবে এই পর্যন্ত। কিন্তু ততটুকু দুঃখ ভোগ তাঁরা সচেতনভাবে করুন এই দাবি করি। ট্যাক্স করে সেই টাকা আমরা তুলে নিতে পারি সে রাজনৈতিক ক্ষমতা আমাদের আছে। কিন্তু তাঁরা জ্ঞাতসারে দিন যে এই টাকা আমরা দিচ্ছি আমাদের দেশের উন্নয়ণের জন্য, এই টাকা আমার থাকছে, এই মুহূর্তে ভোগ্যপণ্য শুধু বন্ধ করে রাখছি। সেই প্রেরণা জাগাবার জন্য আমরা চেষ্টা করছি। যে কোন দেশ যারা সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী, যাঁরা বামপন্থী মার্কসবাদী দল বলে দাবি করেন তাঁরাও জানেন ক্যাপিটাল [illegible] জন্য কি করে শ্রমিকদের কাছ থেকে পয়সা সংগ্রহ করার জন্য বিভিন্ন দেশ বিভিন্ন সময় কি প্রচেষ্টা কি লেজিসলেসান কি আইন করেছেন। তা আর আপনাদের কাছে বলবার দরকার নেই। আশাকরি আপনারা তা জানেন। তবে আপনাদের লক্ষ্য যদি এই হয় যে গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা কোন কাজ করতে দেব না, পার্লামেন্টারী শাসন ব্যবস্থাকে রিডিকিউল করব, তার জন্য যে কোন সো আমরা দেখাব তাহলে স্বতন্ত্র কথা।

[1-50—2 p.m.]

আমি যতদূর জানি যে ৫টা বামপন্থী দল যখন এক হয়েছিল, তাদের যে কর্মসূচী তার মধ্যে একটা প্রস্তাব তাঁরা করেছিলেন যে আমরা একথা বলবো যে পার্লামেন্টারী পদ্ধতিতে আমরা বিশ্বাস করি না কিন্তু আমরা পার্লামেন্ট বা এ্যাসেম্বলীতে যাচ্ছি এই জন্য যে We shall wreck the constitution within.
আমাদের গণতান্ত্রিক ব্যবস্থা যে ধ্বংসযোগ্য সেটা আমরা ভেতর থেকে প্রমান করে দেব। তাঁরা যে আন্দোলন করছেন সেই আন্দোলন দেখে আমার একথা মনে হচ্ছে যে গণতান্ত্রিক ব্যবস্থায় আমাদের কাজ করতে দেবেন না সেই লক্ষ্যের দিকে তাঁরা এগিয়ে যাচ্ছেন। তাই তাঁরা আলোচনা চাচ্ছেন, একদিন আগে হোক বা পরে হোক। তাঁরা কি এমন কথা এর মধ্যে রেখেছেন যার ফলে আমাদের উৎপাদন বাড়তে পারে, একচুল এক ইঞ্চিও আমরা এগিয়ে যেতে পারি? আজকে দেশব্যাপী যে সমস্যা সেই সমস্যা সমাধানের জন্য আমি বিনীতভাবে অনুরোধ করি যে কোন মাননীয় সদস্য এটাকে রাজনৈতিক খেলায় পর্যবসিত করবেন না। আমরা জানি যে নানা কারণে আমাদের বিরোধীপক্ষের বন্ধুদের দেশে অনুগামীদের সংখ্যা কমে গেছে এবং তাঁদের প্রতি বিশ্বাস জনসাধারণ অনেক পরিমাণ হারিয়ে ফেলেছে। এখানে আমার একটা কথা মনে পড়ে—আমরা গ্রামাঞ্চলে দেখেছি যদি একটা ভেড়াকে শেয়াল তাড়া করে তখন সেই ভেড়াটা চুপ করে চাখ বন্ধ করে, সে মনে করে শেয়াল তাকে দেখতে পাচ্ছে না। এই আন্দোলন দেখে আমার সেই কথা মনে পড়ে—তাঁরা অনশন করে ভাবছেন যে জনসাধারণ তাঁদের পেছনে আছে এবং তাঁরা ভাবছেন তাঁরা এখানে তাঁদের আন্দোলনের প্রতিভু, তাঁদের বিশ্বাসের একমাত্র জায়গা, আমি বলবো একথা মনে করবেন না এবং একথা জেনে যান যে দেশের লোকের কষ্ট হওয়া সত্বেও শান্তিপূর্ণ উপায়ে দেশের অর্থনৈতিক ক্রমোন্নয়ণের জন্য আমাদের যে প্রচেষ্টা তা আমরা চালিয়ে যাব এবং দেশবাসীকে আহ্বান জানাবো কষ্ট হলেও তা করতে হবে। ভবিষ্যৎ মংগলের জন্য দেশ এবং জাতীর মংগলের জন্য আমরা এই কাজ করেছি এবং এই কাজ আমরা করবো।

Shri Balai Lal Das Mahapatra:
মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এখানে বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রি যে বক্তৃতা উপাস্থিত করেছেন এবং সাংবাদিকদের নিকট তিনি যে বিবৃতি দিয়েছেন সেটা শুনে খুব দুঃখজনক মনে

মনে হয় এবং একজন দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত মন্ত্রির পক্ষে অশোভনীয় বলে আমি মনে করি। কারণ তিনি তাঁর অপদার্থতাকে ঢাকবার জন্য যেমন অনেক অবান্তর বিষয়ের উত্থাপন করেছেন, তেমন সংগে সংগে তিনি সত্যকে চাপা দেবার জন্য চেষ্টা করেছেন। তাঁর বক্তৃতার মধ্যে আমরা তিনটি জিনিস পাই—এক হচ্ছে বাংলাদেশে খাদ্যসংকট নেই, দ্বিতীয় হচ্ছে দুর্ভিক্ষ কোথাও নেই, তৃতীয় হচ্ছে তিনি একান্ত অসহায়, ভারত সরকারের যে খাদ্যনীতি তার বাইরে তাঁর করবার কিছু নেই। মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আমি প্রথমে আপনাকে বলতে চাই বাংলাদেশে খাদ্য সংকট নেই একমুখে তিনি বলেছেন, আবার সংগে সংগে তিনি বলছেন ২২ লক্ষ টন খাদ্যের অভাব এবং তার প্রতিকারের জন্য ব্যবস্থা করেছেন। তিনি অবশ্য বলেছেন যে ১১ হাজার রেশনের দোকান তিনি করেছেন, আর ৫০ লক্ষ লোকের রেশনের ব্যবস্থা করেছেন কিন্তু আমি তাঁকে বলবো তাঁর কথা কতদূর আমরা বিশ্বাস করবো। আমি তাঁকে ১৯৫৯ সালের কথা স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি ২২ লক্ষ টন খাদ্যের অভাব বলছেন এটা আমরা বিশ্বাস করবো কি করে? তিনি তো কাউকে বিশ্বাস করেন না, এন সি চ্যাটার্জীকে বিশ্বাস করেন না। আইনসভার সদস্যদের বিশ্বাস করেন না এবং তিনি নিজেকেও বিশ্বাস করেন কিনা সন্দেহ! ১৯৫৯ সালে যখন খাদ্য সম্পর্কে বাংলাদেশে এক সংকটজনক অবস্থা হয়েছিল তখন তিনি বলেছিলেন ৫ লক্ষ টন খাদ্যের অভাব তার কয়েকদিন পরে বল্লেন ৭ লক্ষ টন, তার কয়েকদিন পরে বল্লেন ৯ লক্ষ টন, তার কয়েকদিন পরে ১১ লক্ষ টন, তারপরে বল্লেন ১৫ লক্ষ টন। কাজেই ওঁর নিজের কথার উপর বিশ্বাস আছে কিনা জানিনা। এবারের বাজেট সেসনে আমরা তাঁকে বলেছি যে আপনাদের যে ক্রপ কাটিং রিপোর্ট তা অত্যন্ত অসত্য—মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, সেদিনটা আপনি উপস্থিত ছিলেন, আমি গাধার গল্প বলে স্মরণ করিয়ে দিয়েছিলাম যে সেই গাধার ব্যাপার এখনও চলছে, আমি রামনগর থানার কথা বলছি সেখানে ১৫ সের ২০ সের মিনিমাম আর ম্যাক্সিমাম ১।১০ মণ বিঘা প্রতি ধান ফলেছে সেখানে দেখিয়েছেন ক্রপ কাটিং-এ মিনিমাম ৩।১০ মণ আর ম্যাক্সিমাম ২০ মণ। তারই ভিত্তিতে আমরা বলেছিলাম যে বাংলাদেশে একটা সংকটজনক মুহূর্ত আসছে, কিন্তু গভর্ণমেণ্ট তাতে কর্ণপাত করেন নি। তিনি বলেছেন যে ৪ লক্ষ টন খাদ্যের অভাব আছে। আমরা সব কি করে দেব। আমরা উড়িষ্যা থেকে তা আনবো। কিন্তু এই পুঁজিপতিদের কুক্ষিগত গভর্ণমেণ্ট, মজুতদারদের কুক্ষিগত গভর্ণমেণ্ট, চোরাকারবারীদের কুক্ষিগত গভর্ণমেণ্ট তারা তা করেন নি এবং তা করতে পারবেন না সেইজন্য আমরা তাকে সতর্ক করেছিলাম। এখন আমার এই আর্তত্রাণ মন্ত্রিকে অভিনয়ের সুরে বলতে শুনেছিলাম যে দুর্ভিক্ষ আমরা হতে দেবো না, দেবো না, দেবো না। কিন্তু আজ দুর্ভিক্ষ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ওরা অস্বীকার করবেন না। আমি বলতে চাই আজ মোটা ওরা বলছেন যে ১১ হাজার রেশনের দোকান খুলেছেন কিন্তু ঐ ১১ হাজার দোকান ৩৫ হাজার গ্রামে যথেষ্ট কিনা এটা আপনি বিচার করুন। তারপর তারা বলছেন ৫৫ লক্ষ লোককে তারা দিচ্ছেন আমি বলছি এর মধ্যে শতকরা ৮০ জন লোক তা পায় না। আমি জানি এক একটা রেশনের দোকানে ২।৩ কুইণ্টাল চাল দেন এবং রাস্তায় আসতে আসতে তাও ব্ল্যাক মার্কেটিং হয়। তার কারণ, যদি বাজারে ৩৫।৩৬ টাকা চালের মণ হয়, মোটা চাল যদি ৩০।৩১ টাকা হয় আর রেশনের দোকানের চাল যদি ২০।২১ টাকা হয় তাহলে মাঝখানের ১০ টাকা কোন ডিলাররা লাভ করবে না। অর্থাৎ সেই মোটা চাল রেশনের দোকানে না এসে বাজারের রাস্তায় চলে যায় এই হচ্ছে অবস্থা। কাজেই রেশনের দোকান আছে ঠিক কিন্তু সেখানে মাল নেই। উনি বলছেন যদি গম খাদ্য হয় তাহলে নিশ্চয় বাংলাদেশে খাদ্যের অভাব নেই। আমি বলি আমরা তো বাংলাদেশের লোক শতকরা ৭০ জন কেন ৯০ জন লোক এখন গম খায়। প্রত্যেকটী ঘরে এক বেলা গম খাচ্ছে। যারা পাচ্ছে না তারা উপবাস কিন্তু যারা পাচ্ছে নিশ্চয় এক বেলা খাচ্ছে। ডি আর টি আর মারফৎ গম খাচ্ছে, রেশনের দোকান থেকেও গম খাচ্ছে। কাজেই গম তো খাওয়াচ্ছেনই—আবার গমের কথা তারা বলেন কেন? আজ প্রশ্ন হচ্ছে যাদের ক্রয় শক্তি নেই যারা ১৬।১৭ টাকা করে গম কিনতে পারছে না বা ২০।২১ টাকা দরে চাল কিনতে পারছে না তাদের জন্য কি ব্যবস্থা হচ্ছে। বাজারের ৩৫।৩৬ টাকার কথা ছেড়ে দিলাম। এই অবস্থাকেও তিনি চাপা দেবার চেষ্টা করছেন যে কোন খাদ্যাভাব নেই। অর্থাৎ তিনি তাঁর অক্ষমতাকে আমাদের সামনে এমন ভাবে রাখতে চাচ্ছেন যে যাতে আমাদেরই লজ্জা হয় যে একটা গভর্ণমেণ্ট কতখানি মিথ্যা কথা

বলতে পারেন। তারপর দুর্ভিক্ষের কথায় আসা যাক। তিনি বলছেন দুর্ভিক্ষ নেই—যদি নেই তবে প্রতি বছর কেন ৫ কোটি ৭ কোটি টাকা খরচ হয়—যা গতবারে বলেছিলাম আবার সেই কথা বলছি কেন সেই টাকা খরচ করা হচ্ছে ডোলে। আমি বলি বাংলাদেশে দুর্ভিক্ষের চিরবাসভূমিতে পরিণত হয়েছে। মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, যদি ওদের ভাষায়, সেই বৃটিশ আমলের মত হয় যে "যতক্ষণ মেয়েরা বেশ্যাবৃত্তি না করছে--যতক্ষণ গাছের পাতা আছে ততক্ষণ দুর্ভিক্ষ নয়"। এই কথা যদি বলেন তাহলে বুঝি, কিন্তু আজ সে অবস্থা নেই। ১৯৪৩ সালে যে অবস্থা দেখেছিলাম খাদ্যের জন্য শত শত মেয়েকে দেহ বিক্রি করতে। আজ এই ১৫ বছরের কংগ্রেস শাসনে এই কংগ্রেস সরকারও সেই অবস্থায় এনেছে। কয়েকজন রাণীবালার কথা উল্লেখ করেছেন—আমি তার সে আদালতের যে স্টেটমেন্ট তা আমি আপনার কাছে উপস্থিত করছি। আজ কি অবস্থায় এসে দেশ দাঁড়িয়েছে। এক রাণীবালা নয় শত শত রাণীবালা এক মুষ্টি আহারের জন্য তারা দেহ বিক্রি করছে। এখন সেই যে বেনামীতে ম্যাসেজক্লিনিক নামে এম সি হাউস চলছে কলকাতার আনাচে কানাচে তার মধ্যে সেই রাণী-বালা ভট্টাচার্য্যের কথা আমি আপনাদের বলছি। পুলিশ তাকে ধরে নিয়ে এসেছিল—তিনি তিন তিন শিশুর মা—কি অবস্থায় তাকে বেস্যাবৃত্তি করতে হয়েছে তা তিনি আদালতের প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেটের কাছে ব্যক্ত করে বলেছিলেন-যে আমি অসহায়া আমি ইচ্ছা করলেও এই ঘৃণ্য ব্যবসা ছাড়তে পারি না।-কারণ আমি আমার জন্য-আমার তিনটি শিশুর জন্য একমুষ্টি অন্ন যোগাড় করতে পারছি না। এই হচ্ছে অবস্থা বাংলাদেশের। যদি এটা বিশ্বাস না করেন আলাদা কথা—কিন্তু প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেটের কাছে তিনি এই ষ্টেটমেণ্ট দিয়েছেন খবর নিন। কথায় কথায় আপনারা বলেন তো বিশ্বাস করি না। কিন্তু এই ষ্টেটমেণ্ট দেবার পর ম্যাজিষ্ট্রেট করুণা করে তার প্রতি আদালত চলা পর্যন্ত আটক রেখে তাকে ছেড়ে দিয়েছে!

[2—2-10 p.m.]

আজ এ সম্পর্কে বলতে চাই যে এই বেশ্যাবৃত্তি আরম্ভ করেছে খাদ্যের জন্য। তারপরে ঘাসপাতা খাওয়া। ব্রিটিশ আমলে শাসকদের মুখের যে ভাষা গাছের পাতা আছে অতএব অভাব নেই। এন সি চ্যাটার্জীর একটি বক্তৃতা, পুণ্ডা পরিদর্শন করতে গিয়ে, তা আমি আপনার সামনে রাখছি। "প্রতি দলের ভাষণে দুর্গত এলাকার এক ভয়াবহ ছবি ফুটিয়া উঠে। অন্নাভাবে হাজার হাজার লোক বাস্তু-ভিটা ছাড়িয়া জেলার বাহিরে চলিয়া যাইতেছে। প্রথমে ঘটিবাটি বিক্রয় করিতেছে, তারপরে ঘরবাড়ী বেচিতেছে, গরুগাই বেচিতেছে। যখন বেচবার কিছুই থাকিতেছে না তখন টেষ্ট রিলিফের কাজের ধাধায় ঘুরিতেছে। হুড়া, পুণ্ডা থানায় পরিভ্রমণ কালে একটি রান্নাঘরেও কাহাকেও কিছু রান্না করিতে দেখেননি। দু'একটি এলাকায় তাঁরা সকাল ৯।।টা হইতে ৩।।টা পর্যন্ত ভ্রমণ করেন। কুড়াল পাতা, কাঁচা তৃণ পর্য্যন্ত খাইয়া এই এলাকার লোকেরা বর্ত্তমানে প্রাণ ধারণ করিতেছে। বীজ ধান অনেক দিন আগেই শেষ করিয়া ফেলিয়াছে।" এটা শুধু ওখানকার কথা নয়, পুণ্ডা বা হুড়ার কথা নয়, বাংলাদেশে শতকরা ৮০ জনের ঘরে আজ এই অবস্থা। গাছের পাতা, ঘাস, শালুক, এই খেয়ে আজকে দিন কাটাচ্ছে। কয়জনের ক্ষমতা আছে আজ ১৫।১৬ টাকা দিয়ে গম কিনবার? এখানে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, যাদের ক্রয় শক্তি নেই তারা এই র্যাশনের দোকানে ২১ টাকা দরে চাল কিনতে পারে। একটি সেই নবাবী আমলের কথা মনে পড়লো। একজন ভিখারী বসে ছিল, নবাব বললেন যে, ইয়ে লোক কোন্ হ্যায়? ভীখ মাঁগ রাহা হ্যায়। কিউ খিচুড়ী নেহি খাতা হ্যায়? অর্থাৎ পোলাউ না খেতে পারে কিন্তু খিচুড়ী খায় না কেন। ভিখারীর যে কিছুই নেই, খিচুড়ী খাওয়ারও যে পয়সা নেই সেকথা নবাব ত বুঝতে পারলেন না। আমাদের মুখ্যমন্ত্রিও তাই। তিনি বলছেন যে যার ক্রয় শক্তি নেই সেত ১৬ টাকা দরে গম খেতে পারে, তারা ২১ টাকা দরে চাল খেতে পারে। কিন্তু সে ২১ টাকা কোথা থেকে আসবে। এই যে অবস্থা, এই অবস্থা কি তিনি বিবেচনা করেন? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হল আজ বাংলাদেশের অবস্থা। এই দুর্ভিক্ষের ছায়া তিনি কিন্তু স্বীকার করতে চান না। ২৪ পরগণায় কিছু নেই, বাঁকুড়া জেলায় কিছু নেই, মেদিনীপুরে কিছু নেই, পুরুলিয়ায় কিছু নেই। আমাদের আর্তত্রাণমন্ত্রি,

তিনিও বলেছেন যে দুর্ভিক্ষের একটা মস্ত বড় লক্ষণ হচ্ছে ভাত চুরি হবে, ধান চুরি হবে, থানায় এসে তারা এজাহার দেবে, সেইসব, এবং তার ছেলেপেলে পালিয়ে যাবে। কিন্তু আজ আপনাকে পড়ে শুনালাম, সেখানে কে কার ভাত চুরি করবে। সেখানে প্রত্যেকটি ঘরে, শতকরা ৮০ জনের ঘরে অভাব, যারা এক সন্ধ্যাও আহার করতে পারছে না, যেখানে এন সি চ্যাটার্জীর মত লোক, যার সংগে এম-এল-এ'রা ছিলেন, এম-পি'রা ছিলেন, তাঁরা যেখানে স্টেটমেণ্ট দিচ্ছেন যে তারা ঘরে ঘরে ঘুরে একটি ঘরেও রান্না করতে দেখেননি। সেখানে কে কার ভাত চুরি করবে, ভাত কোথা থেকে আসবে?

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, যখন আমাদের হাউসের সামনে খাদ্যের উপর বিতর্ক সুরু হয় তখন আমাদের এই আশ্বাস দেওয়া হয়েছিল যে বামপন্থী দলের পক্ষ থেকে যে বক্তব্য রাখা হবে সেই বক্তব্য সরকার মনোযোগ সহকারে শুনবেন এবং তার উপর তাঁদের যে বিবৃতি বা জবাব তা তাঁরা দেবেন। কিন্তু আমি অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করছি যে ট্রেজারী বেঞ্চ খালি এবং যাঁরা বসে আছেন তাঁরা নিশ্চুপ হয়ে বসে আছেন। কোন নোট নেওয়া হচ্ছে না, কোন রেকর্ড করা হচ্ছে না। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যদি কেউ নোট না নেন তাহলে এখানে মিছামিছি বক্তৃতা দিয়ে কোন লাভ আছে বলে আমি মনে করি না। আমরা অত্যন্ত সিরিয়াসলি এই ফুড সিচুয়েশনকে নিয়েছি কিন্তু ট্রেজারী বেঞ্চে দেখা যাচ্ছে কেউ নেই। এই বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁরা যাতে আসেন তার ব্যবস্থা করুন।

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ এখানে নোট নেওয়া হচ্ছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মনে করি এই আজ দেশের অবস্থা। সর্বত্র অভাব চলছে, মানুষ এক সন্ধ্যাও খেতে পাচ্ছে না এইরকম শতকরা ৮০।৯০ জন লোক আছে। আজ এই সত্যকে চাপা দেবার জন্য উপেক্ষা করার চেষ্টা করা হচ্ছে। আমি যে রাণীবালার কথা বললাম, আজ আমাদের এখানে যিনি আর্তত্রাণ মন্ত্রি, তিনি একজন ভারতীয় মহিলা, আমি বিশ্বাস করি তাঁর ধমনীতে, তাঁর শিরা-উপশিরায় সেই সতী সাবিত্রীর রক্ত প্রবাহিত, তিনি আজ প্রমাণ করুন যে রাণীবালার স্টেটমেণ্ট মিথ্যা। অথবা তারজন্য তিনি যে দপ্তরের ভার নিয়ে আছেন, সেখানে যদি কোন মেয়ে বেশ্যাবৃত্তি করতে যায় তাহলে তাঁর পদত্যাগ করতে যাওয়া উচিত, অথবা সমগ্র বাংলাদেশের সামনে দাঁড়িয়ে তাঁকে বলতে হবে যে আমি পারছি না আমি এই করবো, অথবা তিনি বলুন যে প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটের কাছে সে যে স্টেটমেণ্ট দিয়েছে সেটা মিথ্যা। আমি এই চ্যালেঞ্জ তাঁর কাছে করছি এবং সত্যিকারের তাঁর মাঝে যদি সতী সাবিত্রীর রক্ত থাকে তাহলে নিশ্চয়ই তিনি এগিয়ে আসবেন। দ্বিতীয় কথা আমি আপনার সামনে রাখতে চাই যে, এর সমাধানের কথা অনেকে বলেছেন যে চাল নেই চালের দাম বেঁধে দেওয়া যাবে কি করে। অনেকে এই প্রশ্ন করেছেন। আমি জানি আমাদের বিরোধী দল থেকে অনেকে সেই প্রশ্ন তুলেছেন। আমি যে কথা বলছি, অনেকে স্টেট ট্রেডিং-এর মারফত করার কথা বলেছেন, কিন্তু একটা কথা পরিষ্কার করতে চাই যে, আমরা কর্ডনও চাই না, কন্ট্রোলও চাই না। আমরা মনে করি খোলা বাজারে যখন ১০।১২ টাকায় ধান বিক্রি হচ্ছিল তখন যদি কিনতে পারতাম তাহলে হাজার হাজার মণ ধান আমরা কিনতে পারতাম এবং মহকুমার ভিত্তিতে তাকে স্টক রেখে দিতাম তাহলে যারা এইসব চোরা-কারবারী, ২০ টাকা ২২ টাকা দরে বিক্রি করছে তারা তা করতে পারতো না। সাধারণ নিয়ম হচ্ছে কি? বাজারে যদি সাপ্লাই হয় তাহলে নিশ্চয়ই তার দর পড়বে। আজ যদি একমাত্র ঐ মজুতদারদের ঘর থেকে ধান বের হয় ২০।২২ টাকা দরে, আর যদি র‍্যাশনের দোকানে কোন চাল না থাকে তাহলে কোথা থেকে চাল আসবে। আমি গত বাজেট অধিবেশনে বলেছিলাম, ১৬ টাকা দরে চাল দাবী করেছিলাম। যদি সাবসিডি দিতে হয় বাংলাদেশকে বাঁচাবার জন্য তাহলে কিছু সাবসিডি দিতে দোষ কি। এই মন্ত্রি, উপমন্ত্রিদের সফরের জন্য যেখানে লক্ষ লক্ষ টাকা বরাদ্দ হতে পারে সেখানে মানুষকে বাঁচাবার জন্য সাবসিডি দিতে দোষ কি।

Shri Debcaran Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, খাদ্যের অবস্থা নিয়ে আলোচনা আজ তৃতীয় পর্যায়ে হচ্ছে এবং এই আলোচনায় অংশ গ্রহণ করার আগে আমার বন্ধু কংগ্রেস পক্ষের সদস্য সামসুদ্দিন সাহেব

সম্পর্কে একটি কথা দিয়ে আমার বক্তব্য আরম্ভ করব। আমি আজকে খাদ্য বিষয়ে বিতর্কে প্রথম কথা বলছি। তিনি আমার নাম দিয়ে তাঁর বক্তৃতা শুরু করেছিলেন—বোধ হয় তিনি মুখ্যমন্ত্রি শ্রী পি-সি সেনের শিষ্য হতে চলেছেন সেজন্যে আমি প্রথমে অবাক হয়েছি যে ময়না এত তাড়াতাড়ি বুলি দিতে শিখল। এখনও পর্যন্ত সাব ডেপুটী মন্ত্রির আসনও পানান এটা কি করে হল? যাই হোক এই সমস্ত কংগ্রেসী সদস্য চাটুকার সদস্যদের রিপোর্টকে ভিত্তি করে মাননীয় মুখ্যমন্ত্রি তার পরিসংখ্যান এবং হিসাবপত্র যা দাখিল করেন তা যে সম্পূর্ণ ভিত্তিহীন এবং যুক্তিহীন হবে তাতে আশ্চর্য হবার কিছু নেই। এই সব সদস্যদের গ্রামের সংগে সম্পর্ক নেই—এ'রা গ্রামের চৌকিদারদের রিপোর্ট মুখ্যমন্ত্রির কাছে পাঠান এবং মন্ত্রিরা তাই বিধানসভায় পেস করেন।

গত এক বছরে মুখ্যমন্ত্রির খাদ্যের ব্যাপারে যে বক্তৃতা তা মিলিয়ে দেখা যাবে প্রথমে তিনি ৪ লক্ষ টন ঘাটতি বলেছেন তারপর ১১ লক্ষ তার পর ২২ লক্ষ। জানি না এরপর আবার দেশে খাদ্য নেই। লোকে না খেয়ে আছে—সমস্তটাই হল ঘাটতি—এই কথা হয় শুনা যাবে।

[2-10—2-20 p.m.]

এর আগে অনেক অর্থনীতির ছাত্র, উকীল, ব্যারিষ্টার এখানে আলোচনা করেছেন, আমি অর্থনীতির ছাত্র নই আমি গ্রামের সাধারণ মানুষ আমরা খাদ্য অবস্থা কি ভাবে বিচার করছি সে সম্বন্ধে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি মহাশয়ের কাছে রাখতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রি বলেছেন খাদ্য ঘাটতিই হচ্ছে খাদ্যের দাম বাড়ার কারণ। খাদ্যের দাম বেড়েছে কেন না উৎপাদন কম হয়েছে। আমি স্যার আপনার মাধ্যমে একটি কথা বলতে চাই যে উৎপাদন যে কম হয়নি—এটা আমার কথা নয় এটা মন্ত্রিমণ্ডলীর কথা। গত বাজেট বক্তৃতায় আমাদের কৃষি মন্ত্রিমহাশয় বলেছিলেন যে বাংলাদেশের কৃষি এবং সারের জন্য আমরা কোটি কোটি টাকা ব্যয় করেছি। কৃষি উৎপাদনের জন্য ডিপ টিউবয়েল এর ব্যবস্থা করা হয়েছে এবং কৃষি উৎপাদনের জন্য কোটি কোটি টাকার সার দেওয়া হয়েছে। এবং চাষীদের বিপুল পরিমাণে বীজ সরবরাহ করা হয়েছে। তিনি এখানে জোর গলায় বলেছিলেন যে বাংলাদেশে একর প্রতি উৎপাদনের হার বেড়ে গিয়েছে তা যদি বেড়ে গিয়ে থাকে এবং মন্ত্রিমহাশয়ের কথা যদি সত্যিই হয় তাহলে ওঁর কথায় প্রমাণিত করছে যে মুখ্যমন্ত্রি মহাশয়ের এই হিসাব ভুল। তবে যুক্তির খাতিরে যদি ধরে নেওয়া যায় যে ঘাটতি হয়েছে তাহলে আজকে গ্রামের সাধারণ মানুষের মনে এই প্রশ্ন জাগছে যে—যে কথা আমাদের উকীল সাহেব বলেছেন যে স্বাভাবিক নিয়ম জিনিষ যদি কম থাকে তাহলে বাজারে দাম বেশী হবে। আমার সাধারণ বুদ্ধিতে বলে তা হওয়া উচিত নয়। কোন স্বাধীন দেশে যেখানে সরকার আছে যেখানে সরকারের আইন প্রতিষ্ঠিত আছে সেখানে কেন তা হবে। আমার বুদ্ধিতে বলে জিনিষ যদি কম থাকে জিনিষ যদি বাজারে না থাকে দুষ্প্রাপ্য হবে। স্যার দুর্মূল্য এবং দুষ্প্রাপ্য এক কথা নয়। আমার বুদ্ধিতে বলে জিনিষ যদি বাজারে থাকে তাহলে তার দাম কেন বাড়বে। যদি জিনিষ বাজারে না থাকে বেশী দামে কেন জিনিষ পাওয়া যাবে। আজকে আনন্দবাবু বলেছেন যে যে ঘাটতিটা এ বছরের নয় ঘাটতি হচ্ছে গত বছর থেকে। তাহলে আমি এই কথা জোর করে বলতে পারি যে কোন যুক্তিতে তারা বলতে পারেন যে ঘাটতি আছে। যখন এই বছরের ফসল উঠলো তখন ১০ টাকা থেকে ১২ টাকা ধানের দাম হয় আর বছরের শেষের দিকে কেন এত দাম হয়, কোন যুক্তিতে তারা এই কথা বলতে সাহস করেন তা আমি বুঝতে পারি না। ঘাটতি যদি দেশে ধান চাল না থাকে তাহলে আমরা জানি ধান চাল পাওয়া যাবে না। কিন্তু আমরা কি দেখি আমরা সাধারণ লোক আমরা বাজারে গিয়ে কি দেখি যে যেখানে ৩ মাস আগে ২৫ টাকা থেকে ৩০ টাকায় চাল পাওয়া যেত আজকে ৩।৪ মাস পরে সেই দোকানে যত হাজার মণ চাল আমি চাই সেখানে আজকে ৩০।৪০ টাকা মণ চাল কিনতে পাওয়া যায়। এর পরেও কি তারা বলবেন ঘাটতি হয়েছে, বাজারে চাল না থাকার জন্য দাম বেড়ে গিয়েছে। এটা কি যুক্তি, এটা আহম্মকের যুক্তি ছাড়া আমি আর কিছু মনে করি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে তাই আমি বলতে চাই একজন মাননীয় কংগ্রেস সদস্য বলেছেন যে বামপন্থী বন্ধুদের কাছ থেকে তারা কোন গঠনমূলক কোন কথা তারা শুনতে পান নি এবং বামপন্থীরা যে বাস্তব চিত্র তুলে ধরেছেন তা নাকি বিশ্বাসযোগ্য নয়। আসলে হচ্ছে তারা

ইচ্ছা করে বিশ্বাস করতে চান না। গত অধিবেশনে আমি বলেছিলাম যে চীনের আক্রমণ বাংলাদেশের মানুষের উপরে যেমন অভিশাপ রূপে দেখা দিয়েছে তেমনি এই চীনের আক্রমণ বাংলাদেশের সরকারের কাছে আশীর্বাদ এর মত দেখা দিয়েছে। কারণ চীনের আক্রমণের সুযোগ নিয়ে তারা দেশে অবাধ শোষণ চালিয়ে যাবেন এবং এই চীনের আক্রমণের সুযোগ নিয়ে তারা আগামী নির্বাচন পর্যন্ত তারা কাজে লাগাবেন। কিন্তু তা আর সম্ভবপর হল না। আজ দেশের মানুষের কাছে তাদের জুয়াচুরী ধরা পড়ে গিয়েছে। দেশের মানুষ আজ বুঝতে শিখেছে যে যুদ্ধের নাম করে এই দেশের যারা পুঁজিপতি চোরাকারবারী ব্যবসায়ীদের অবাধে মুনাফা লুঠবার সুযোগ দিয়েছে এই কংগ্রেস সরকার। তাই তারা দেশের মানুষ সম্পর্কে আজকে সন্দেহ প্রকাশ করছে। সেজন্য কংগ্রেস-এর তরফ থেকে কংগ্রেসী সদস্যরা তারাও মন্ত্রি-মণ্ডলীর সুরে সুর মিলিয়ে বলতে আরম্ভ করেছেন যে দেশের অবস্থা ভাল আছে দেশের মানুষ দুধে ভাতে আছে। নির্লজ্জের মত তারা এই রকম উক্তি করে চলেছেন। এর মূলে একটিমাত্র কারণ আছে যে তারা চীনের যুদ্ধকে মূলধন করে যাতে আগামী নির্বাচন এ জয়লাভ করা যায়। কিন্তু দেশের মানুষের কাছে আজ তাদের ধোঁকাবাজী ধরা পড়ে গিয়েছে। এরা জানে যে চোরাকারবারী এবং জোতদারদের টাকায় তাদের নির্বাচন জয়লাভ করতে হবে সেইজন্য খাদ্যের দাম বাড়িয়ে অবাধ মুনাফা লুঠ করার সুযোগ দিতে হবে। এবং সেই পথেই তারা এগিয়ে চলেছে। কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করব যে আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি এবং সেই জেলার মন্ত্রিও এখানে আছে এবং তিনি নিশ্চয়ই জানেন যে মুর্শিদাবাদ জেলা বৃটিশ আমল থেকে ঘাটতি জেলা এবং আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেই বেলডাঙ্গা অঞ্চল বেশীর ভাগ অঞ্চলে পাট চাষ হয় এবং আখের চাষ হয়। সেখানে ধানের চাষ হয় না। তাদের সারা বছর কিনে খেতে হয়। তারা আজ তিন মাস থেকে সরকারের কাছে বহু আবেদন নিবেদন করেছে যাতে রেশনের সুযোগ পায় কিন্তু এখন পর্যন্ত তারা তা পায়নি। সেজন্য আমি অনুরোধ করব যে তাদের এই দুরবস্থার যাতে প্রতিকার হয় তারজন্য যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Radhakrishna Singha :

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, খাদ্য পরিস্থিতি সম্বন্ধে গত দুইদিন ধরে যে গুরুত্বপূর্ণ আলোচনা শুনলাম এবং আমাদের বিভিন্ন রাজনৈতিক দলের বিশিষ্ট নেতারা যে সময়োচিত চিত্র এখানে পরিবেশন করলেন সে সম্বন্ধে আমি সকলের সঙ্গে এক মত। আমি মনে করি যে আজ বাংলা-দেশের খাদ্য পরিস্থিতি ঠিক ১৯৪৩ সালের খাদ্য পরিস্থিতির সমান নয়। কারণ আজ খাদ্য আছে কিন্তু লোক পয়সার অভাবে খাদ্য কিনতে পারছেন না, কিন্তু সেই সময় খাদ্য পাওয়া যেত না। তাই আমি কংগ্রেস পক্ষের সদস্যদের বলি যারা দেশের বৃহত্তর অংশ থেকে এসেছেন এবং তারা খুব ভাল ভাবে জানেন যে তাদের অঞ্চলে মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তরা কি ভাবে জীবন যাপন করছেন। তারা আজকে বিপর্যয়ের সম্মুখীন এবং সেই বেড়াজাল থেকে তাদের উদ্ধার করার জন্য তারা কাতর আবেদন নিবেদন করছেন। এবং আমাদেরই তাদের উদ্ধার করতে হবে কারণ আমরাই আজ সরকারের আসনে আসীন। আমরা জানি আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রী যখন ভারতরত্ন উপাধি পেলেন তখন তিনি বলেছিলেন ভারতটা আমার থাক তোরা রত্নটা নিয়ে নে। এবং তিনি আরও বলেছিলেন যে বাংলাদেশের মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত লোকের ঘরে আমি ক্ষুধার অন্ন এবং তাদের কর্মসংস্থান পৌঁছে দেব তার জন্য যদি ভারত সরকার আমাকে টাকা না দেয় তাহলে আমি প্রত্যেকটি ঘরে ঘরে ভিক্ষা করব। কোন মহৎ কাজে টাকার অভাব হয় না। এবং তিনি আরও বলেছিলেন আমি বৃদ্ধ হয়েছি যদি আমি মরে যাই তাহলে আমার এই বিদ্রোহী আত্মা আমার দেশের জন্য চিন্তা করবে। আজ সেই আসনে যারা বসে আছেন তাদের চিন্তা করা উচিত যে মধ্যবিত্ত যদি মরে তাহলে তারাও মরবে, এবং বাংলা মরলে ভারত মরবে এটা আমার নিজের বিশ্বাস। তাই আজ জরুরী অবস্থার মধ্যে আমাদের চিন্তা করা উচিত যে নিজেদের অন্তর্দ্বন্দ্ব বা অন্তরকলহ এবং বিভিন্ন রাজনৈতিক দলের যে প্রেসটিজের লড়াই এগুলি একে-বারে পরিত্যাগ করা। এবং খাদ্য সমস্যা জাতীয় সমস্যা বলে গ্রহণ করতে হবে। একে টাকা দিয়ে বা পাশ কাটিয়ে গেলে প্রকৃত সমস্যার সমাধান হবে না। স্যার, আপনি বোধহয় জানেন যে কিছু-দিন আগে দিল্লী খাদ্য ব্যবসায়ী সম্মেলনে আমাদের কেন্দ্রীয় খাদ্য মন্ত্রী পাতিল এবং মিণ্টার টমাস বক্তৃতা প্রসংগে বলেছিলেন যে খাদ্যমূল্য বৃদ্ধি হবার কোন সংগত কারণ নেই।

[2-20—2-30 p.m.]

ব্যবসায়ীরা অন্যায়ভাবে খাদ্য বিক্রি করছে এটা বন্ধ করুন। আমরা আশ্চর্য হলাম খাদ্য সম্মেলনে প্রতিরক্ষা মন্ত্রী মিঃ চ্যবন যোগদান করেছিলেন এবং এটা অত্যন্ত তাৎপর্যপূর্ণ ঘটনা। তিনি সেখানে একথা বলেছিলেন যে, খাদ্য সমস্যার সমাধান করতে না পারলে দেশ রক্ষা করা কঠিন হয়ে পড়বে। এতবড় কথা তিনি বলেছিলেন। সেই সম্মেলনে আমেরিকা থেকে এসে

Mr. S. K. Patil, Union Minister of Food and Agriculture said—rice position in the country was satisfactory and the requirements of the Eastern States would be met in full...

তাই আমি বলতে চাই যে জাতীয় দৃষ্টিভঙ্গী থেকে খাদ্য পরিস্থিতির সমাধান করুন এবং সেই সমাধানের পথ আমি বলে দিচ্ছি। একটা হচ্ছে

Arrangement should be made for import of rice and paddy from other surplus States in India and outside Eastern Zone, such as Madhya Pradesh, Andhra and Uttar Pradesh

আপনারা সকলেই জানেন বাংলাদেশ শিল্পাঞ্চল বলে দুর্গাপুর, খড়্গপুর এবং কোলকাতার আশেপাশে বহু দেশের লোক এসে ভিড় করেছে। ৩ কোটি ৪৫ লক্ষ লোক বাংলাদেশে আছে বলে যা বলা হচ্ছে তার মধ্যে ১ কোটি বাইরের লোক আছে। বাংলাদেশের লোক যদি শুধু ভাত খেত তাহলে আমাদের ভাতের অভাব হোত না। আমাদের এখানে চালের এত দাম কিন্তু অন্ধ্র প্রদেশে ২০ টাকা মণ চাল, উত্তর প্রদেশে ২৫ টাকা মণ চাল বিহারে ২৬ টাকা মণ চাল। তারপর, দ্বিতীয় পয়েন্ট হচ্ছে

The present zonal system should be abolished since restrictions on movement prove discriminately against the consumers in the deficit States and farmers in the surplus States.

তৃতীয় পয়েন্ট হচ্ছে, সেন্ট্রাল গভর্নমেন্ট-কে বলা উচিত যে সেন্ট্রাল রিজার্ভ থেকে বেশী চাল বাংলা দেশকে দেওয়া হোক। চতুর্থ পয়েন্ট হচ্ছে

The consumption of wheat should be encouraged and habitual rice-eaters should reduce their consumption of rice to the minimum.

পাঁচনম্বর পয়েন্ট হচ্ছে

Big cultivators and jotedars in West Bengal should be persuaded to release large quantities of paddy lying in stock with them. Even if they do not do so, steps suggested earlier......

এই হোল খাদ্য সমস্যা সমাধান করবার পথ এবং যে চাল আমরা সেন্টার-এর কাছ থেকে পাব সেগুলি যেন ঠিকভাবে মানুষের কাছে গিয়ে পেঁছায়। তারপর, আর একটা কথা আপনারা বোধহয় সকলেই জানেন যে, গত ২৪।৫।৬৩ তারিখে মিঃ এস, কে, দে কোলকাতায় এসে ওয়েস্ট বেংগল ফুড সম্পর্কে একটা কনফারেন্স করেছিলেন এবং তাতে তিনি বলেছিলেন

West Bengal has enough of food potentiality. The resources of the State was not fully exploited to make it self-sufficient in food production.

আমি আর একটা কথা বলতে চাই—

The relatively under-developed character of the State Agricultural Department has responsibility for this.

স্যার, এইটুকু আমি আপনার কাছে নিবেদন করলাম এবং আমার মনে হয় এগুলি যদি দয়া করে দেখা হয় তাহলে চালের দাম ২২ টাকায় না আসুক অন্ততঃ মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্তের ক্রয়ক্ষমতার মধ্যে আসবে এবং এটা আসা একান্ত দরকার। আর একটা কথা না বলে পারছি না এবং সেটা হচ্ছে পাকিস্তানের সংগে চীনের নূতন সামরিক চুক্তি হয়েছে আর আমরা এখানে মন্ত্রীদের সরাবার চেষ্টা করছি। এসব কেন করা হচ্ছে?

Shri Shreemohan Thakur:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই খাদ্য বিতর্ক শুনে আমার একটা গেঁয়ো কথা মনে পড়ে গেল। সেটা হল শুঁড়ির সাক্ষী মাতাল। যেমন মন্ত্রীর তরফে উত্তর তেমনি পরিষদের পক্ষ থেকে উত্তর,

একেবারে রাজ-যোটক। দুর্ভিক্ষ শব্দটার অর্থ কি? ভিক্ষার অভাব। চলুন মন্ত্রী মহাশয় আমার সংগে দেখবেন রাস্তায় দাঁড়িয়ে কি অবস্থা হয়েছে। সর্বত্র দেখবেন ভিক্ষা দাও ভিক্ষা দাও এই রব উঠেছে। তাই দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে বলে যে বামপন্থী দল থেকে বলা হচ্ছে সেটা সঠিকভাবেই বলা হচ্ছে বলে মনে করি। ১৬/১৭ টাকার গম বস্তা বস্তা থাকলেই বা কি আসে যায়? যাদের পকেটে আট আনা পয়সাও নেই, গুদোমে যদি লক্ষ লক্ষ মণও থাকে—৩ টাকা মণই হোক আর ২৩ টাকা মণই হোক তাদের কি আসে যায়, সে উত্তর দেন নি। গম আছে চাল আছে টাকা থাকে কেন, না হয় পাঁচ মর। লোক সেবক সংঘ থেকে প্রচার করা হচ্ছে এবং বলা হচ্ছে তাদের বিরুদ্ধে কিন্তু তদন্ত করে তাদের বিরুদ্ধে কোন কেস করা হচ্ছে না বা গ্রেপ্তার করা হচ্ছে না কেন? অনেকগুলি দৃষ্টান্ত দেওয়া হয়েছে যদি সৎসাহস থাকে কেন কিছু করছেন না? সেই সৎসাহস থাকতে পারে না। থাকবে কি করে? সিরাজুদ্দিন কোম্পানী এবং এইরকম স্যাঙাতদের টাকা নিয়ে যারা ইলেকশন চালায়, তাদের টাকা নিয়ে যারা প্রতিনিধিত্ব করে তাদের বিরুদ্ধে কি কোন কেস্ থাকতে পারে? লক্ষ লক্ষ মণ ধান চাল চাষীর ঘর থেকে ১৩/১৪ টাকা কিনে নিয়ে এসে জমা করে গুদামে গুদামে। চাষীর কাছ থেকে তারা যে দরে কেনে সেই দরে তারা বিক্রী কখনও করবে না, করতে পারে না। তাদের বিরুদ্ধে আপনারা কিছু করছেন না করতে পারেন না। সেজন্য অনাস্থা প্রস্তাব। একথা মনে রাখতে হবে যে ভিক্ষার অভাব হয়েছে, দুর্ভিক্ষের পদধ্বনি যে শোনা যাচ্ছে সেটা ঠিকই। সেটা স্বীকার করুন আর নাই করুন আপনারা অন্তরে সেটা জানেন। হাঁড়ির একটা ভাত টিপলেই সব ভাত সিদ্ধ হয়েছে কিনা বুঝা যায়। আমি আমার থানার কথাই বলছি, ও'রা বলছেন খাদ্যের প্রচুর ব্যবস্থা আছে মডিফায়েড রেশন সপ ইত্যাদির ব্যবস্থা করেছেন, গ্রামাঞ্চলে চলুন আমার কেতুগ্রাম থানায় গ্রাম হচ্ছে ১১৮খানি, আমি এস ডি ও-এর অপিসে খবর নিয়েছি সাত দিন আগে রেশনের রেজিষ্টার্ড এজেন্ট ছিল ৩৯ জন, মডিফায়েড রেশনিং এর মাল তুলছে মাত্র ১৬ জন, এজেন্ট আছে ৩৯ জন, তারা কেন আছে? জি আর এর মাল কম দিলে চলে বলে তারা সে মালটা বেশী করে তুলছে, কেন না সেটা ভিক্ষার মাল কিনা? চমৎকার ব্যবস্থা। এমন সব ব্যবস্থা এমন সব কাণ্ডজ্ঞানহীন ব্যবস্থা, যে ব্যবস্থা করলে আসলে এম, আর, সপে মাল যেতে পারত সে ব্যবস্থা হচ্ছে না। একটা ছোট্ট কথা বলি। এক বস্তা চিনি দেওয়া হচ্ছে এক একটা এজেন্টকে। সব থেকে নিকটতম জায়গা থেকে এক বস্তা চিনি নিয়ে যেতে এজেন্টের খরচ পড়ে ১১ টাকা ১৪ নয়া পয়সা, ক্যাশ-মেমো শুদ্ধ দেখছি তারা লাভ করবে সাড়ে তিন টাকা, তাদের ৭ টাকা ৬৪ নয়া পয়সা নেট পকেট থেকে দিয়ে চিনি বিক্রী করতে হবে, এই হচ্ছে বন্দোবস্ত। এক বস্তার বেশী চিনি দেবে না। এম, আর, সপে এক মণে দেন নয় আনা আর সেই চিনি পল্লীর সদরে পৌঁছুতে ১ টাকা থেকে পাঁচ সিকা পর্যন্ত খরচ পড়ছে, কেননা কেতুগ্রামে এক ইঞ্চিও পীচের রাস্তা হয় নি।

[2-30—2-40 p.m.]

দিনের পর দিন কন্ট্রোল অফিসে ধর্ণা দিয়ে স্টেট ব্যাংকে টাকা জমা দিয়ে ডি, ও, নিয়ে গো-ডাউন থেকে মাল নিয়ে ৭ ক্রোশ মাথায় করে নিয়ে যাবে সবশুদ্ধ লাভ হচ্ছে ৯ আনা। তাহলে তারা ব্ল্যাক করবে না, চুরিচামারি করবে না তো তাঁরা জমি বিক্রি করে দোকান চালাবে? যেমন হবু চন্দ্র রাজা তেমনি তার গবু চন্দ্র ব্যবস্থা। আমার সাজেসান হচ্ছে এই বামপন্থী দল থেকে যা বলা হল যে তাঁদের লিডারদের নিয়ে আলোচনায় বসুন। এ রাজনৈতিক চালবাজী করা নয়। আর একটা তাজ্জব কথা—ওখানে রিলিফ কমিটি নামে একটা কিছু করা আছে, রিলিফ কমিটি নাকি ভয়ানক গণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে। রিলিফ কমিটির কি ক্ষমতা—নাম দিলেন অমুক অমুক, অফিসার যা খুসী করে দিলেন। একটা ইউনিয়নের কথা বলি। তাদের মোটামুটি ২৪৮ জনের নাম দেওয়া হয়েছিল। তারপর অর্ডার হয়ে গেছে ইউনিয়নের ওয়ান পার্সেন্টের বেশী দেওয়া হবে না। বি, ডি, ও ভদ্রতার খাতিরে মুখ লজ্জায় বললেন এইটুকু যে ৫০ জনের নাম ঠিক করে দিয়েছি। আমি বললাম এনকোয়ারি করুন। তিনি বললেন আমি এনকোয়ারি করে দেখে তারপর ৫০ জনের নাম ঠিক করে দিয়েছি, এর বেশী দেওয়ার উপায় নেই। তারপর হল কি যাদের কাছ থেকে নাম সংগ্রহ করা হয়েছে তারা যেই শুনল যে এই অবস্থা হয়েছে তখন তারা সোজা গিয়ে বি, ডি, ও, কে চেপে ধরল হয় ব্যবস্থা কর, না হয় এখনই ফয়সালা হবে। তখন ২৫০ জনের ব্যবস্থা হয়ে গেল।

এমনই ব্যবস্থা যে যেই গিয়ে দাবি করল অমনি ২৫৫ জন হয়ে গেল। গঠনমূলক কাজের কথা অনেক বলা হয়েছে। আমাদের ওখানে নাচ গান করে প্যাকেজ প্রোগ্রাম করা হল। তারপর কাটোয় সাব-ডিভিসানে প্যাকেজ প্রোগ্রাম করে লোক লাগান হল। তারপর প্যাকেজ প্রোগ্রামের পাখী উড়ে গেল। এখন পর্যন্ত একটামাত্র থানা মার্কেটিং সোসাইটিতে এ্যামোনিয়া পেঁছায়নি। ৭ দিন আগে পর্যন্ত এ্যামোনিয়া পেঁছায়নি। রাইটার্স বিল্ডিংএ কাগজ উল্টে খাদ্য সমস্যার সমাধান হবে না। এ হচ্ছে—

"এ রাম রাজ্যের বাণী অমৃত সমান,
বাণী শুনে ভক্তজন হয় ধনবান।
অনাহারী বঙ্গবাসী স্বর্গে গিয়ে হয় পুণ্যবান ॥"

মোটের উপর কথা হচ্ছে যাঁরা এই সমস্ত করে দেশদ্রোহিতার কাজ করছেন তাঁদের ধিক্কার, ধিক্কার, ধিক্কার।

Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত দুদিন ধরে আমি এই সভায় আমাদের যে একটা সংকট এসেছে মূল্যবৃদ্ধির সংকট সেই সংকট সম্বন্ধে নানা তরফ থেকে আলোচনা শুনেছি। প্রথম কথা হচ্ছে এই যে আজকে যে খাদ্য সংকটের কথা বলা হচ্ছে বা অভাব অনটনের কথা বলা হচ্ছে সে শুধু পশ্চিমবংগে নয়, আজ সমস্ত পৃথিবীতে এই ধরণের একটা সমস্যা দেখা দিয়েছে এবং আপনি জানেন ফ্রিডম ফ্রম হাংগার বলে একটা আন্দোলন আজ সমস্ত পৃথিবীব্যাপী চলছে। বিশেষ করে আমাদের এই ভারতবর্ষে কি অবস্থা ছিল—যে ভারতবর্ষে শতকরা ৮০ জন লোক অর্দ্ধাহারে অনাহারে থাকতো, যে ভারতবর্ষে প্রতি ১০ বছর অন্তর অন্তর মারাত্মক রকমের দুর্ভিক্ষ হয়ে যেত সেই ভারতবর্ষ একটা উন্নত পর্যায়ের কার্যক্রম নিয়ে এগিয়ে চলেছে। যে কোন দেশ যখনই তার উন্নতির পথে পা বাড়ায়, সেই দেশ যদি অনগ্রসর দেশ হয় তখনই সে দেশের মধ্যে কিছু কিছু সমস্যা দেখা দেয় এবং সেই সমস্যার মধ্যে মূল্যবৃদ্ধি সমস্যা একটা মস্তবড় সমস্যা। এই সমস্যা আছে আমাদের দেশে সে সম্বন্ধে আমরা জানি এবং জানি বলেই আমাদের যে প্ল্যানিং কমিশন তারা ভারতবর্ষের প্ল্যান তৈরী করছেন, তারা নানা কমিশন করেছেন, নানাভাবে দেখবার চেষ্টা করেছেন যে এই মূল্যবৃদ্ধিটা দেশের সাধারণ লোকের আয়ত্বের বাইরে যাতে চলে না যায় এবং তার জন্য কি কি পন্থা অবলম্বন করা যায় সে সম্বন্ধে তারা আলাপ আলোচনাও করছেন এবং তারা তাদের নানা ধরণের রেকমেন্ডেসন রেখেছেন। আজ চালের যে সংকট দেখা দিয়েছে মূলতঃ এই সংকটের জন্য দেশের অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যেভাবে ক্রমশঃ স্পাইরালিং গতিতে উচ্চ থেকে উচ্চ গতিতে যাচ্ছে সেই একটা সংকট তার সংগে সংগে যোগ দিয়েছে। গত ২।৩ বছর পশ্চিমবংগে যে অনাবৃষ্টি হয়েছিল, অল্পবৃষ্টি হয়েছিল তাতে আমি বহু জায়গার কথা জানি যেখানে গত বছর ফসল বুনা সম্ভব হয়নি। সেই অনাবৃষ্টি অতিবৃষ্টির কথা ভুলে গিয়ে আজ যদি আমরা শুধু একথা বলি যে চালের দাম ২২ টাকা ১৮ টাকায় নামিয়ে দিতে হবে তাহলে আমি বলবো দেশে যে সমস্যা আছে সেই সমস্যা সম্বন্ধে আমরা অবহিত নই। আজকে অত্যন্ত আনন্দের সংগে বলতে পারি এ বছর বর্ষা যেভাবে আরম্ভ হয়েছে তা পশ্চিমবাংলার অধিবাসীদের মধ্যে, কৃষকদের মধ্যে একটা আনন্দের সঞ্চার করেছে। এই বর্ষা যদি ভগবানের ইচ্ছায় স্থায়ী হয় তাহলে এই যে সংকট সেই সংকট আমরা নিশ্চয়ই পার করে যাবো। [বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। বর্ষার কথা বলায় আমাদের বিরোধী বন্ধুরা চীৎকার করছেন। তাঁদের কাছে শুধু আমি একটা তথ্য রাখতে চাচ্ছি, সেই তথ্য হচ্ছে পশ্চিমবাংলায় যে ১ কোটী ৩০ লক্ষ একর পরিমাণ আবাদি জমি আছে তার মধ্যে ১ কোটী একর জমিতে ধান্য চাষ হয় এবং সেই ১ কোটী একর জমির মধ্যে আমরা গত ১০।১৫ বছরে ১০ লক্ষ একর জমিতে যে কোন ধরণের ক্যানেল হোক বা ডিপ টিউবওয়েল হোক, এই ধরণের ইরিগেসনের ব্যবস্থা করতে পারছি। আমি একথা বলছি এই যে ১০ লক্ষ একর ক্যানেল ইরিগেসন আমরা পাই সেটা ভগবানের ইচ্ছা। পশ্চিমবংগে যেসব নদী আছে সেই সব নদীতে জল আসে না, সেই সব নদী-ক্যানেলে জল পেতে হলে আমাদের আকাশের বৃষ্টির উপর নির্ভর করতে হয়। তাঁরা যদি এমন কোন মন্ত্র জানেন যে মন্ত্রে মেঘ সঞ্চার হয়, যে মন্ত্রবলে পশ্চিমবাংলার সমস্ত

জমিগুলি তাদের নিজেদের ইরিগেসন পায় তাহলে তাঁরা যেন সে কথা আমাদের সভার সামনে রাখেন, আমরা তাঁদের ধন্যবাদ দেব। আর একটা কথা তাঁরা বারবার জোরের সংগে বলছেন, সে কথা হচ্ছে কালো বাজারীর কথা।

[2-40—2-50 p.m.]

আমরা কংগ্রেস কর্মী হিসাবে আপনাকে বলতে চাই যে কংগ্রেস একটি আদর্শ রাজনৈতিক প্রতিষ্ঠান। এই কংগ্রেসের মধ্যে সমস্ত ধরণের, সমস্ত রকমের মতবাদের লোক আছে এ কথা স্বীকার করতে আমার লজ্জা নেই। কিন্তু তার সংগে সংগে একথা আমি বলতে চাই যদি কোন ভেষ্টেড ইন্টারেষ্ট কোন দিন একথা ভেবে থাকেন যে কংগ্রেসের মধ্যে এসে তার ভেষ্টেড ইনটারেষ্ট রক্ষা করবেন তাহলে তিনি সেই আশা পরিত্যাগ করুন। বহু সামন্ততন্ত্র বহু লোক এই কংগ্রেসের মধ্যে ছিলেন কিন্তু কংগ্রেস কোন দিন এই ভেষ্টেড ইনটারেষ্টের কথা চিন্তা করেন নি। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা চীৎকার করছেন—কিন্তু আমি তাঁদের কাছে একটা প্রশ্ন রাখবো আজকে যদি কংগ্রেস ভেষ্টেড ইনটারেষ্টের কথা চিন্তা করতো তাহলে এই বিধানসভার রূপ অন্য রকম হোত। কিন্তু কংগ্রেস প্রতি পাঁচ বছর অন্তর অন্তর জনসাধারণের হাতে ক্ষমতা তুলে দিয়েছে এবং সেই জনসাধারণ স্বীকার করে কংগ্রেস ঠিক পথে চলছে কিনা। আজকে যে সমস্যা সেই সমস্যার সমাধান খাদ্য আন্দোলনের দ্বারা নয় অনশনের দ্বারা নয় এই সমস্যা সমাধান করবার সত্যি সত্যই আমরা যে কথা বলছি যে আমাদের কোমরকে আরও শক্ত করে কসে বাঁধতে হবে। আমরা জানি জাপান জার্মানি এমন বহু দেশ আছে যারা নিজেরা কম কম খেয়ে বেশী মূল্যে খাদ্য দ্রব্য কিনে বিদেশে রপ্তানি করে কেন না তাদের দেশের ইকনমি বাড়াতে হবে। এই রকম দেশপ্রেম যেদিন আমাদের মধ্যে থাকবে এই রকম ধরণের কথা যে দিন চিন্তা করবো সেদিন আমাদের সত্যিকারের উন্নতি হবে। মুনাফাখোর কালোবাজারীর কথা তারা বার বার বলেন কিন্তু আমি তাদের একটা সুস্পষ্টভাবে প্রশ্ন করতে চাই তাঁরা কি কেউ একটি নির্দিষ্ট কালোবাজারী, মুনাফাখোরদের নাম জেলা শাসকের বা মহকুমা শাসকের কাছে বা আমাদের মুখ্যমন্ত্রীর কাছে জানিয়েছেন যে এই লোকের কাছে এত টন চাল আছে। শুধু বড় বড় বক্তৃতার মাধ্যমে মুনাফাখোর কালোবাজারীর কথা বল্লে হবে না। যদি সত্যই বিশ্বাস করেন তাহলে আমি বলবো যে এ কথা আমি বলি না যে দেশের কষ্টের সুযোগে অতিরিক্ত মুনাফা লুটবার চেষ্টা করছেন। একথা যদি সত্যি হয় তাহলে অনশন এই বিধান সভায় নয় এই অনশন সেই মুনাফাখোরদের দরজায় করতে হবে। আজকে নূতনভাবে যেকথা আমি বলতে চাই সেটা হচ্ছে কো-অপারেটিভ আন্দোলনের কথা। কিছু দিন পূর্বে পরিকল্পনা কমিশন-এর মন্ত্রী শ্রীগুলজারীলাল নন্দ-কলকাতা এসেছিলেন এবং তিনি আমাদের কাছে একটা প্রশ্ন রেখেছেন সেটা হচ্ছে কো-অপারেটিভ মুভমেন্টের কথা। আমি আসানসোলের কথা বলতে পারি। আসানসোলে একটা হোলসেলার কো-অপারেটিভ সোসাইটি ফার্ম হয়েছে। তার আণ্ডারে ২৫টা প্রাইমারী কো-অপারেটিভ কাজ করছে। আমি সরকারকে বিনীতভাবে নিবেদন করি যে মডিফায়েড রেশনিংগুলি এই রকম ধরণের কোটা সুগারের কোটা চালের কোটা গমের কোটা যদি দেওয়া হয় এবং সেই কোটা যদি কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে বিলি করবার ব্যবস্থা হয় তাহলে এতে সুস্পষ্ট ফল পাওয়া যাবে। একথা আমি বলছি এই যে আসানসোলে চিনির দর ১-৭৫ নয়া পয়সা পর্যন্ত হয়েছিল—মহরমের দিন ১-৭৫ নয়া পয়সায় বিক্রি হয়েছিল। কিন্তু যে দিন থেকে এই ২০টা কো-অপারেটিভ সোসাইটি চিনি বিক্রি আরম্ভ করলো সেই দিনই তাদের সংগে কমপিটিসনে বাজারে চিনির দর ১-২০ নয়া পয়সা হোল। আমরা আসানসোলে কিছু কিছু কুইনটাল চাল ৬।৮ কুইনটাল চাল এই কো-অপারেটিভ সোসাইটিগুলির মাধ্যমে যদি সুষ্ঠুভাবে বিলি করতে পারি তাহলে বাজারের দর আমরা কিছু পরিমাণে ঠিক রাখতে পারবো এটা আশা আছে।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, since two days we are having a discussion on this food problem. Undoubtedly, that is one of the most important problems that is being discussed here. I am grateful to my Opposition friends at least for bringing up this matter by their persistent and insistent demand to have such a discussion. I congratulate the Government also for the belated sense of wisdom, i.e., to agree to have such a discussion at this late hour. Sir, I know that

nothing will come out. My esteemed friend, Shri Siddhartha Shankar Ray, I just read in the papers, said that those who dream or think that rice will be selling at Rs. 22 per maund will be living in a fool's paradise. Sir, I do not know whether we are in paradise or in hell. I know that rice will not be selling at Rs. 22 per maund at least for years together. The Hon'ble Shri P. C. Sen sees no way to change his food policy. Everybody knows that there is a food crisis. It has been admitted that there is a failure—a dismal failure—of all the plans for which crores of rupees have been spent for the improvement of rice production. It can be said that they will never be self-sufficient in food production. Sir, what is way out then? I do not know. My friends on the Opposite feel that their position is secure because of a comfortable majority, and they feel that they will live and rule over the destiny of the people for many more years. Sir, for them there may not be anything to think about. I have spoken many times about this matter in this House and I speak once again with all the emphasis that I can command, Sir, that the condition of men and women in the city, the middle class and specially the lower middle class cannot be described in words. Sir, history has not recorded such a pitiable state of things any time. Sir, I do not know whether history has recorded that during British rule we were deprived of our rights. Fifteen years of independence has at least demonstratively proved to our own experience and to our cost that we will not have even right to do this or that in this West Bengal. Sir, a colossal sum of money has been spent for different plans for nothing. History will never forgive them. I know that the position today—I remind them—is much more serious than what the Government may think of it. Unless they can change their policy either this way or that and at least help the people to have something to do within the means of the purchasing power, people would die of starvation.

[2-50—3-10 p.m.]

Sir, I shudder to hear about the Chief Minister's telling this House only the other day that there is no case of starvation death in Purulia. I have reports to contradict the Hon'ble Chief Minister of West Bengal. I say, even without fear of contradiction, that people here in the city of Calcutta are dying because of starvation and because of want of money and means. Only those in authority having connections with the Government, either serving the Government, or as Ministers of the Government or something to do with the Government, are the happiest men living here in the city.

I have got very great love and respect for my friend Shri Siddhartha Sankar Ray. We know each other, we like and love each other. I was ill ; I could not come yesterday, but I heard Shri Ray spoke yesterday which was rather misunderstood perhaps, because he always speaks sense, Even with our differences, I have great respect for his opinion. I was telling him, I have the honour and privilege to see his revered grandfather working and how he worked to better the condition of the people of his country. I am not in any way sorry for what he said. The country will go on in spite of everyone.

Today the resistance power of the people is going down. I can assure my friends, you will be living here for another half a century more because there will be no people to resist you, because there will be all boneless and dead people. Everyday they are going down and down, losing their vitality without any means of surviving. You will always be in your seats. There will not be those days come back again to throw you out from here ; you will not be thrown out, not by those whom you see here today by any one of us today, but by chance which I and you cannot apprehend.

I only want to say one word: here in Bengal we have an increased population. The Chief Minister has said that the food deficit is due to increase of population. May I ask him, is not the increase is due to the increase in population of the Bengalees living here in Bengal and also the non-Bengalees living here in Bengal year after year? It is not in any spirit of provincialism that I say so but, Sir, if you are to survive here in Bengal, you are ousted from all your employment from Bengal. You look at the money orders that are sent outside Bengal every month and every year. You have not the guts to say so to the Centre and tell them that these people who are non-Bengalees, we all like and love them as our own brother, but our own food position is difficult; how can we feed them unless you send us rice or give us protection for employment. In other provinces, you just go and see, the Bengalees are kicked away, whereas in Bengal we only love and say, come here and stay and just be happy. It is not out of provincialism that I say so. Unless you know how to maintain your position and fight out your claims with the Centre you will not get your demand for rice recognised by the Centre.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[3-10—3-20 p.m.]

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, কয়েকবছর ধরে আমরা দেখছি এই সভায় খাদ্য সম্পর্কে আলোচনা চলছে কিন্তু আমাদের সংখ্যাতত্ত্ববিদ্ মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিবারই সব ঠিক হ্যায় বলে আত্ম-সন্তুষ্টির মনোভাব প্রকাশ করে থাকেন। এই আত্ম-সন্তুষ্টির মনোভাব শাসক গোষ্ঠী আজ জনসাধারণকে সংসদীয় গণতন্ত্রতে অবিশ্বাসী করে তুলেছে। এটা তাদের আজকে গভীর ভাবে চিন্তা করা প্রয়োজন। আমি বারেবারে বলছি যে বর্তমানে কৃষিকার্য যে প্রথায় চলেছে এবং এই ভাবেই যদি চলে তাহলে কোন দিনই খাদ্য সমস্যার সমাধান হবে না এই কৃষি উৎপাদন মৌলিক ভাবে পরিবর্তন সাধন করতে হবে। এটা শুধু আমাদের কথা নয় মুখ্যমন্ত্রী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে একটা বই বের করেছেন সেটার মুখবন্ধে তিনি লিখছেন

improved practice of cultivation is diffused among the cultivators and new methods are adopted.

আজকে যেখানে মানুষ স্পুটনিকে যাচ্ছ সেখানে আমাদের দেশে মানুষ না খেতে পেয়ে মরছে। এখানে আপনারা যতই অস্বীকার করুন আমার এলাকায় মানুষ না খেতে পেয়ে মরেছে। আমি যে এলাকায় থেকে এসেছি সেখানে দুর্ভিক্ষের করাল ছায়া আমরা দেখেছি। আজকে আমি বলতে পারি সমবায় প্রথায় চাষবাস না করলে কৃষি উৎপাদন কিছুতেই বৃদ্ধি হতে পারে না। আমাদের পশ্চিমবাংলায় জমি কম আছে সত্য কিন্তু যে জমি এখনও আছে সেই জমিকে দোফসলা করতে পারেন এমন কি তেফসলাও করতে পারেন। তাহলে আমার ধারণা নিশ্চয়ই আমরা এই ক্রনিক ফেমিন্ থেকে নিস্তার পাব। আমাদের বীরভূম জেলা খাদ্যে বাড়তি জেলা এবং সেখানে কেনেলও আছে কিন্তু এটাও ঠিক যে জেলায় সর্বত্র কেনেল যায় নি। কিন্তু তার উপর এই কেনেলের জল সুষ্ঠু ভাব বিতরণের ব্যবস্থা নাই। একদিকে জলে জমি নষ্ট হয়ে যায় অপর দিকে জমিতে জল উঠে না। আমি বারবার সেচ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছিলাম যে আপনি এই জল সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা করুন কিন্তু সেদিকে তিনি কোন কর্ণপাত করেন নি। এবং তার আমলারা যা বলেন তাতেই তিনি সন্তোষ প্রকাশ করেন। অথচ যে সমস্ত জমিতে জল উঠে না সেই সমস্ত জায়গায় সার্টিফিকেট জারী করে ট্যাক্স আদায়ের জন্য নোটিশ জারী করেছেন এবং তাদের অস্থাবর ক্রোক করছেন। এখানে সরকার যে বই দিয়েছেন তাতে আমরা দেখছি—

"Regarding utilisation of irrigation water during the kharif season, this Committee feels that the present system of supplying water is very wasteful. There is also considerable water-logging at places resulting in lower-

ing of yield. Thus while the yield of paddy in high land increases appreciably with application of irrigation water, that of the low land either remains static or decreases. Therefore, more village channels should be constructed to carry the water to different parts instead of flooding the paddy fields and arrangement for drainage channels at suitable places to remove the excess water should also be made."

এই হচ্ছে তাদের কমিটির বক্তব্য। অথচ তারা নিজেরাই নিজেদের বক্তব্যে কর্ণপাত করেন না। আমি বারবার বলেছি যে ভিলেজ চ্যানেল কাটুন যাতে ব্যাপক ভাবে সমস্ত জমিতে জল যায়। এবং সমস্ত জমিতে দো-ফসলা করা যায় তার ব্যবস্থা করুন। আমাদের এখানে ময়ূরাক্ষী কেনেল আছে তাতে দেশের অনেক উপকার হয়েছে সে বিষয় কোন সন্দেহ নাই। কিন্তু এই জল এত অপচয় হচ্ছে যে এর দ্বারা খারিফ ছাড়াও রবি শষ্যেরও উৎপাদন করতে পারা যায়। কিন্তু সেদিকে আমাদের সেচ মন্ত্রীর কোন দৃষ্টি নাই। আমি জানি আমাদের এলাকায় প্রায় ৪০ হাজার একর জমি অনাবাদী পড়ে আছে এবং এর জন্য টাকাও স্যাংশন হয়ে আছে এখন স্কীমটা যদি ইমপ্লিমেন্ট করেন তাহলে ৪০ হাজার একর জমিতে ফসল উৎপাদন হতে পারে। এমনকি সেই জমিতে দোফসলাও করা যেতে পারে। স্যার, আমি গত বাজেট অধিবেশন-এর সময় স্মরজিৎ বাবুর কাছে একটা মাইনর ইরিগেশান পরিকল্পনা দিয়েছিলাম আজ কিছুদিন আগে তার তদন্ত হয়ে গিয়েছে এবং এক্‌জীকিউটিভ ইঞ্জিনীয়ারও এসেছিল -আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে এত জরুরী পরিকল্পনা আপনাদের আসতে এত দেরী হল কেন তিনি বললেন যে বীরভূম এবং বর্ধমান জেলায় আমি একমাত্র একজিকিউটিভ ইঞ্জিনিয়ার আছি আমার কোন ওভারশীয়ার নাই আমাকে সব জিনিস একাই দেখতে হয় সেজন্য আমার এত দেরী হয়েছে আসতে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তিনি যাতে ওভারশিয়ার পান সেজন্য তিনি যেন ব্যবস্থা করেন। তিনিই আমাকে বললেন যে আপনি যে স্কীমটা দিয়েছেন সেটা খুব ভাল এবং এর দ্বারা অন্ততপক্ষে ৫/৭ হাজার বিঘা জমিকে দোফসলা করা যাবে।

[3-20—3-30 p.m.]

এই সমস্ত করতে গেলে আবশ্যক মত যে কর্মচারী প্রয়োজন সেটা আমাদের নেই বলেই কাজ করতে দেরী হচ্ছে। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি যে এই প্ল্যানগুলি সত্বর যাতে ইমপ্লিমেন্ট করা হয় এবং তাঁরা যাতে ওভারসিয়ার প্রভৃতি পান এবং ভাল ভাবে কাজ করতে পারেন সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। তিনি আরও বলেছিলেন এই সমস্ত জলকে বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি জায়গায় স্লুইস গেট করে যদি সংরক্ষণ করা হয় তাহলে একটা বিরাট অংশকে দোফসলা করা সম্ভব। আমাদের দেশে যে সম্পদ আছে, যে জমি আছে তাতে সেচবিভাগ তৎপর হয়ে যদি সেইসব জমি ভালভাবে দেখাশুনা করে তাহলে এই জমির দ্বারাই যে আমাদের দেশ স্বয়ংসম্পূর্ণ হতে পারে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই মন্ত্রীমহাশয়ের কাছে বলছি যে এইসব ছোটছোট সেচ পরিকল্পনা বা মাইনর ইরিগেসন যাতে সত্বর আমাদের দেশে চালু হয় সেই ব্যবস্থা করুন। সব ঠিক আছে এরকম সংখ্যাতত্ব দিয়ে বুঝিয়ে দিলে এই সমস্যার সমাধান হবে না। তারপর, এবছর জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের জেলার কৃষকরা যখন ব্যাপকভাবে ধান বিক্রি করল তখন আমার ধারণা দেশে খাদ্য সংকট থাকলেও দেশে চাল আছে- চাল নেই তা নয়। টাকা দিলে যে চাল পাওয়া যায় তার প্রমাণ আমার সংগে যে কোন গঞ্জে যদি যান তাহলে দেখবেন আড়তদারদের ঘরে চাল আছে। এই সমস্ত চাল আপনারা লেভি করুন এবং পরিবহন বিভাগের সাহায্যে এই সমস্ত মাল যাতে গ্রামাঞ্চলের রেশন সপে পৌঁছে দেওয়া হয় সেই ব্যবস্থা করুন। আপনারা যা দেন তা অতি নগন্য বলে সাধারণ দোকানদাররা তা নিতে চায় না কাজেই প্রতি থানায় একটা খাদ্যের ডিপো খুলুন এবং সরকারী পরিবহণ বিভাগের মাধ্যমে এগুলি রেশন সপে পৌঁছে দিন। স্যার, ১৬ টাকা মণ যদি চাল হয় তাহলেও মানুষের কিনবার ক্ষমতা নেই কাজেই গ্রামের দরিদ্র চাষী, ক্ষেতমজুরদের কথা বলছি যে, চাষের সময় ছাড়া সারা বছর টেস্ট রিলিফ বিলি করুন, জলনিকাশের ব্যবস্থা যাতে ভালভাবে চলে তার ব্যবস্থা করুন এবং কৃষি উৎপাদন বাড়াবার দিকে দৃষ্টি দিন।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, I have heard the debate on food for the last two days, and my friends on your right have repeatedly expressed their version that members from this side did not give any concrete suggestions as to the method how the food problem can be solved. The Chief Minister, who is also the Minister of Food, says that there is increase of population but there is no increase of land. I cannot agree with him on this point. I remember in 1953, when Mrs. Renuka Ray was the Relief and Rehabilitation Minister, she went to Birpara. I took her around the whole of Duars and showed her such a lot of waste land lying there that we could rehabilitate nearly fifty thousand refugee-agriculturists in that area. She accepted my version. She came here. I don't know what happened to the proposal—whether the Government accepted the proposal or not. I am not talking of Tea Grant land or 10/2 land but there is huge amount of land lying in *khas*. The cultivators are cultivating it and repeatedly asking for settlement whereas the Government have not given them settlement. How are you going to account for those plots of land ? Also I know in Birpara there is nearly 2,500 or more acres of land : I had just a survey of it. If the Food Minister or the Chief Minister comes with me, I will show him the land lying there. People are repeatedly asking for settlement but the Settlement Department is not taking any action to settle the land. How comes it that the Food Minister or the Chief Minister says that there is no land. I know that there is a lot of land in the district of Jalpaiguri which can be cultivated. They are lying fallow without bringing any revenue. People are cultivating and there is no record or statistics with this department. I repeatedly express that all the Ministers are moving for nothing and we can say they are the *putuls* of the Writers' Buildings. I say repeatedly—let them get the practical statistics. They should not be taken from the papers furnished by somebody saying that this is this or that is that.

Then I come to the question of food. I had written a letter to the Deputy Commissioner and a copy of that was sent to the Chief Minister regarding the price rise in my area. Before this food problem was started, I know about 12 wagons came to Birpara, Madarihat and Falakata. There were all the quantities of rice but they went underground. I told the local supply inspector "rice is coming in. Please take note of it". He said "I am doing what is necessary". But just after a week I came to know from him that there was no rice. Sir, I have heard a lot of things regarding our shops. Government has opened shops to supply foodgrains to the people. But there is not a single shop in my area. In the whole Madarihat Thana there is one shop and that shop too has no foodgrains. So am I to believe that shops have been opened in Calcutta or in this part of Bengal and not in North Bengal? One of my friends on the other side expressed that Government are spending crores of rupees for road construction. I think he has made a mistake. Let me correct him. Road construction is going on in Jalpaiguri district up to Cooch Behar. Road construction is also going on from Gharkita to Hashimara. All the local people are doing there job. Even the military projects have been done by the local people. He said foreign people, i.e. outside people were coming. I know outside people are coming and doing the work. By outside people I mean people from the other States. Who are those people ? Who are bringing them ? Khagen Babu is not here. He knows everything. It is the contractors of Jalpaiguri town who are bringing people from Orissa and other places. I know that.

Sir, food is a very important factor. I would advise my friends on the other side to go into the shops and check them. If they do so, they will find that there is plenty of rice. Sir, these are the full facts. There are lakhs of maunds of rice but all these things have gone underground. Sir,

I am eating wheat for years together. I can boldly say that the people of Dooars are eating 50 per cent. rice and 50 per cent. wheat. Can these people sitting opposite eat wheat regularly? Certainly not. Then I refer to *bajra and jowar.* The Minister-in-charge does not know what is *bajra* and *jowar.* Can these gentlemen eat them? They cannot. They can eat only luxury food. They do not want to understand the grievance of the people.

Before I finish I will say that there is a line between hunger and anger but that is a thin line and that may be climaxed by a single storke of the mass fury. We are to bathe in tears but you will have to bathe in blood.

[3-30—3-40 p.m.]

Shri Lakshmi Ranjan Josse: Sir, It is the primary obligation of a State to provide food and clothing to its subjects. Just as people have a duty to the State, similarly the State has a duty of its own, an obligation to perform ; and, supply of food and clothing and other necessities of life is the primary obligation of the State. Therefore, all this debate and agitation should not have been called for if the Government were concerned about the fulfilment of its obligation. That there is a crisis is evident from the way in which the agitation has been carried on inside and outside the House. Something cannot be come out of nothing. There is a sense of crisis somewhere in the State otherwise all this agitation could not have been whipped up. I must confess, I could not follow all that was said in this House because of my inability to follow Bengali, but I have followed the sense of the thing.

The Chief Minister has said that there is shortage of food to the tune of 22 lakhs tons of rice. If there is a shortage admitted to that extent, it is obvious that there is crisis in the State. After he has admitted this shortage, he has said, there is no famine, no crisis. With all respect to him I feel there is a contradiction somewhere. Another thing he said is that the shortage is due to difference between production and demand, or between supply and demand. He has put it down that some acreage that was for rice was diverted some years ago, after the partition of Bengal, to jute. If that is true, we know what acreage has been diverted from paddy to jute. But, was that planning ? Was that balancing the thing ? People do not live on jute, but people can live on paddy. Of course, it was done to boost up our industry ; but which was more important ? Paddy or jute? Therefore, there has been no balance, no planning.

Another reason given for the shortage of food was growth of population. Population has been rising. About four years ago, before the Family Planning Scheme came out, it was 1.5 per cent every year. Now after that, we have introduced the Family Planning Scheme at a cost of crores of rupees, and it came up to 2 per cent. Very recently, I saw the statistics, it has come to 2.4 per cent in Bengal. Then, why you are spending money for Family Planning? The tragedy of India is there has not been any proper planning in any field, whether it is for agriculture, industry or anything.

Sir, another thing the Chief Minister has said is to change the food habit. It is very easily said but it is very very difficult to charge the habit of food in the country. Sir, even the vegetables do not grow everywhere alike. What grows at the height of 4000 feet does not grow at 5000 feet ; what grows in Bengal, does not grow in Bihar—what grows in Andhra does not grow in the Darjeeling district—because of the food of the soil. Vegetables do not grow everywhere alike. Therefore, Sir, it takes generations to change the food habit. It is not changed just by legislation or by a command from the Cabinet. Sir, we must be practical,

knowing as we do the food habit of the people cannot be changed so quickly. Moreover, it is not food which is rare, it is the cost of rice of food. An artificial crisis has been created by the profiteers and hoarders. They are responsible for the misery in the State. Sir, if there is not plenty of rice how is it that you can buy food at increased price of Rs. 35 or 36 a maund? If there was no food then you could not buy food, however much you might pay. So the profiteers and hoarders are responsible for this crisis. Sir, the State is supposed to be in a state of emergency and then why don't you not apply the D.I. Rules in an emergency like this. I do not understand why these profiteers and hoarders are not dealt with in the way they deserve. They are responsible for the deaths in Purulia and elsewhere. Look at any civilised country like England, if there is a slight rise in food price or shortage of food; rise in the price of butter, there will be a commotion there. Sir, many governments have been forced to resign on that issue. But here nobody takes any interest if there is food shortage. So the question is if the Government recognises that there is crisis in food, the international convention is that during a period of emergency the Opposition do not remain Opposition ; their cooperation all round for tackling the situation. There should be consultative bodies formed irrespective of party affiliations. Then only the profiteers and hoarders who are the real culprits can be brought to book. Thank you, Sir.

[3-40—3-50 p.m.]

Shri Girija Bhusan Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই খাদ্য ব্যাপারে গত দু দিন যাবৎ অনেক বক্তৃতা হোল শুনলাম—বিশেষ করে আমি শুনলাম মুখ্যমন্ত্রির ও যিনি খাদ্যমন্ত্রিও বটে তার বক্তৃতা। তাঁর বক্তৃতা মধ্যে বাংলাদেশের যে একটা সংকট এসেছে এবং তাঁর কথা যদি মেনে নিই যে দুর্ভিক্ষ হয় নি কিন্তু একটা সংকট এসেছে চালের দাম ৩৫ টাকা হয়েছে এই বাস্তব সত্যকে স্বীকার করে যে কোন উদ্বেগ তাঁর বক্তৃতার মধ্যে দেখলাম না। আমি আজকে সকালে লাইব্রেরীতে ১৯৫৭ সালে তাঁর বক্তৃতা খাদ্যমন্ত্রি হিসাবে দেখলাম এবং সেই বক্তৃতার সংগে মিলিয়ে দেখলাম যে ১৯৫২-৫৩, ১৯৫৭-৫৮, ১৯৬১-৬২ সালের বক্তৃতার সংগে এই বক্তৃতার কোন তফাৎ নেই। শুধু তফাৎ হচ্ছে কোন বছরে কত লক্ষ টন কম হয়েছে আর গম খাওয়া অভ্যাস করা। এখন কথা হচ্ছে চালের দাম বাড়ছে সংকট আসছে কিন্তু সেটা উদ্বেগের কথা নয়। কারণ তার চেয়ে বেশী উদ্বেগের কারণ হচ্ছে আমাদের মন্ত্রির নির্লিপ্ততা। তিনি নির্লিপ্তভাবে বলে গেলেন যে গম খাওয়া অভ্যাস করলে নিশ্চয়ই খাদ্য সংকট থাকবে না। তিনি হিসাব দিয়ে দিলেন ২২ টাকা এক মণ চাল এবং ১৬ টাকায় গম সেটা এ্যাভারেজে ১৯ টাকা হচ্ছে। এই হিসাব দিয়ে তিনি সুন্দরভাবে আমাদের বুঝিয়ে দিলেন যে খাদ্য সংকট নেই। তার পর দিন কাগজে দেখলাম যদি গম খাওয়া যায় তাহলে খাদ্য সংকট নেই। কিন্তু তাতে কাদের উপকার হোল? চালের দাম যারা ৩৫।৩৬ টাকা করেছে তাদেরই উপকার হোল। এই যে খাদ্য মন্ত্রি বললেন যে এখন আমাদের দেশে খাদ্য সংকট নেই বাংলা দেশের সাধারণ মানুষের কাছে কোন উদ্বেগ না নিয়ে নির্লিপ্তভাবে বক্তৃতা করে বললেন যে খাদ্য সংকট নেই। অতি পরিতাপের বিষয় যে আমাদের মুখ্যমন্ত্রি এই রকম ধরণের একটা বক্তৃতা দিলেন। আমি আর একটা কথা বলতে চাই যে তিনি যে ষ্টাটাস্টিক্যাল ফিগার দিলেন আমাদের গভর্ণর তাঁর বক্তৃতায় দিয়েছে তার আগে উনি বলেছেন প্রফুল্ল সেন মহাশয়, খাদ্য মন্ত্রি হিসাবে—কিন্তু তাঁদের এই ফিগার এটা প্রতিদিন ভ্যারী করছে কেন? কি ভিত্তিতে এই ফিগারগুলো তৈরী হয় গভর্ণমেণ্টের যারা ষ্ট্যাটিস্টিসিয়ান তাঁরা কি গ্রামে গ্রামে গিয়ে দেখেন। আমরা জানি কি রকম ভাবে তাদের সার্ভে করা হয় যেখানে সার রাখা হয় তার পাশে এক বিঘা জমিতে দেখানো হয় এতো ফসল হয়েছে। প্রথম ষ্ট্যাটিস্টিক্যাল ফিগার হোল—তার পর খানিকটা বাড়লো এবং তার পর আর একটু দূরে গিয়ে আবার বাড়লো। এইভাবে তারা হিসাব দাখিল করেন। সেই জন্য বলছি যে তাঁদের এই যে ফিগার এর কোন ভিত্তি নেই। আজকে একথা স্বীকার করতে হবে আইদার তারা ফ্যাক্টস সাপ্রেস করেন কিংবা তাঁরা ডি[illegible]। এই সমস্ত ফিগার রাখেন। এই দুটোর মধ্যে

একটা নিশ্চয়ই অসত্য না হলে ষ্ট্যাটিস্টিক্যাল ফিগার এইভাবে হতে পারে না। নাহলে সেই ষ্ট্যাটিস্টিসিয়ান যাদের তাঁরা এমপ্লয় করেন তাঁরা কিছুই করেন না। শুধু রাইটার্স বিল্ডিংয়ে বসে সেই ষ্ট্যাটিস্টিক্যাল ফিগার কালেকসন করেন। এই অনেক লোক বলে থাকেন—

statistics is just like the garment of a woman—what it demonstrates is interesting, what it hides is vital,

বাস্তবিকপক্ষে খাদ্যের ব্যাপারে যে জিনিস তাঁরা লুক্কায়িত রেখেছেন সেটা হচ্ছে ভাইট্যাল জিনিস—এবং সেটা রিভিল হচ্ছে সেইটেই আমরা দেখছি। আর একটা কথা বলবো যে নিশ্চয়ই খাদ্য ঘাটতি আছে—যদি ২২ লক্ষ টন ঘাটতি স্বীকার করে নিই তাহলে বাকী যে ৩৯ লক্ষ টন চাল উৎপাদন হোল সেই বাজারে রয়েছে—সেই চাল ঠিকভাবে বণ্টন করার কি ব্যবস্থা করেছেন। স্টেট আছে, সরকার আছে আপনাদের মেসিনারী চালু আছে কিন্তু চালের দাম কেন উত্তরোত্তর বেড়ে যাচ্ছে? সেটা কণ্ট্রোল করার কোন ব্যবস্থা কি করেছেন? কিছুই করেন নি। তিনি বলে গিয়েছেন ৩০ টাকার বেশী চাল হলে ইট উইল বি এ হরিবল ফ্যাক্ট। কিন্তু তার জন্য যে উদ্বেগ সেই উদ্বেগ আমাদের মুখ্যমন্ত্রির নেই এটা অত্যন্ত দুঃখজনক এবং পরিতাপের বিষয়। তার জন্য নোতুন করে কিছু চিন্তা করতে অন্ততঃ এই হাউসের সামনে বলা যে আসুন আমরা সকলে মিলে এই সংকটের সমাধানের চেষ্টা করি তা বলতে তিনি প্রস্তুত নন। বাংলা দেশ খাদ্যের উৎপাদন বাড়ানর জন্য কোন সুষ্ঠু চিন্তা তাঁর নেই। তিনি গম খাওয়ার হ্যাবিট করতে বলে গিয়েছেন। কিন্তু গম খেতে হলেও তো অন্য দেশের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে। সুতরাং গম খেয়ে থাকতে পারাটা সমস্যার সমাধান হতে পারে না। এই খাদ্য সংকটের একটা পারমানাণ্ট সমাধান বের করতে হবে বাংলাদেশের চাল উৎপাদন বাড়িয়ে। কিন্তু তার জন্য কি ব্যবস্থা হয়েছে? শ্রী এস কে দে সেণ্ট্রাল মিনিষ্টার বলে গিয়েছেন এখানে ইরিগেসন মেজার মত য়্যাপ্লাই করা হচ্ছে না।

Central Minister, Community Development Minister

যেকথা বলে গিয়েছেন এঁদের মুখ দিয়ে সে কথার স্বীকৃতি পেলাম না এটা অত্যন্ত দুঃখজনক এবং লজ্জার কথা। যদি সত্যকারের অনেস্টি অব পারপাস থাকে যদি সত্যকারের কাজ করতে চান তাহলে আসুন বাংলাদেশে একটা স্টেট ফুড য়্যাড্‌ভাইসরি কমিটি গঠন করি। সেখানে অপোজিসন মেম্বারসদের প্রেপোরসনেটলি রাখুন।

Treasury Bench, Communist Party, Forward Block, R.S.P., R. C. P. I.

সমস্ত দলের সদস্যদের নিয়ে স্টেট ফুড এ্যাডভাইসরি কমিটি করা হোক। আমরা জানি কোথায় চাল লুকান আছে দারোগা সাহেব না জানতে পারেন আমরা জানি কোথায় চাল লুকান আছে। সেই হোরডেড চাল কনফিসকেট করুন—বাজারে সস্তাদরে বিক্রয় করুন—মডিফায়েড র‍্যাসনিং সপ-এ বিক্রীর ব্যবস্থা করুন—এটা আমরা দেখতে চাই, যদি এই য়্যাডভাইসরি কমিটি গঠন করেন তাহলে তাদের কর্তৃত্বে ডিস্টিবিউসন পারপাস সার্ভড হবে—বিভিন্ন ডিস্ট্রিক্ট-এ কি পরিমাণ সরটেজ ঘাটতি কি বিষয়ে তা য়্যাসারটেন করা যাবে এবং আগামী বছরের জন্য গ্রো মোর ফুড ক্যাম্পেইন-এ উপযুক্তভাবে ফুড গ্রোয়ার্সদের এনথিউজ করা যাবে। আমি কিছুদিন আগে একটা এগ্রিকালচারাল অফিসে-এ গিয়েছিলাম—এগ্রিকালচারাল অফিসার আমাকে বললেন কি কাজ করব? আমাদের কিছু করার নেই।

Agriculture office has got nothing to do.

এই যদি অবস্থা হয় তাহলে এগ্রিকালচারাল প্রোডাক্টস বাড়বে কি করে? শুধু রাইটার্স বিল্ডিংস-এ বসে কতগুলি স্কিম করলে সত্যিকারের প্রোডাকসন বাড়ে না। আমাদের শৈলবাবু কেন্দ্রের শ্রী এস কে দে'র সংগে প্রত্যেক জেলায় গিয়েছিলেন—নিশ্চয়ই তাঁর ফার্স্ট হ্যাণ্ড এক্সপিরিয়ান্স হয়েছে। সেই অভিজ্ঞতার ভিত্তিতে কাজ করতে পারেন যদি সত্যিকারের সিনসিয়ারিটি অব পারপাস থাকে। কিন্তু তা করতে চান না। সেজন্যে আমি আবার এই কথা বলতে চাই যে বাংলাদেশে যে খাদ্যের সর্টেজ চলছে এটা স্বীকৃত, বাংলাদেশে যে খাদ্যের দাম বেড়েছে এটা স্বীকৃত এখন তাই কাজ হচ্ছে খাদ্যের দাম কমানর চেষ্টা করার কাজ। আমরা ভাত খাই—সাবু, বার্লি, বিচালি খই না। সুতরাং যে চাল খাচ্ছি তার দাম বাড়বে কেন।

সরকার যদি পংগু সরকার না হয় তাহলে কেন চালের দাম বাড়বে? এর কি কৈফিয়ৎ আছে? এটা উনবিংশ শতাব্দীর ব্যাপার নয়, বিংশ শতাব্দীতে আমরা বাস করছি, এটা একটা ল্যান্ড অব ল, এখানে রুল অব ল দ্বারা দেশ পরিচালিত হচ্ছে সেই সব কেন এক্ষেত্রে প্রযোজ্য হবে না তার কৈফিয়ৎ দিতে হবে। যেখানে সেনট্রাল মিনিষ্টারর্স বলছেন, প্ল্যানিং কামসন-এর মেম্বারর্স বলছেন ঠিক কথা সেদিকে তারা কর্ণপাত করছেন না। যদি সত্যিকারের

honesty of purpose, sincerity of purpose

থাকে আসুন স্টেট ফুড য়্যাডভাইসরি করে আগামী বছরের জন্য ফুড গ্রোয়ার্সদের এনকারেজ করার পরিকল্পনা করি।

[3-50—4 p.m.]

Shri Abdul Bari Moktar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ফুড ডিবেটের দিনে আমার মূল বক্তব্য রাখার আগে আমার বন্ধু দেবশরণ বাবু একটি কথা বলেছেন যে তাঁর মনে ত্রাসের সঞ্চার হয়েছে। তিনি বলেছেন যে চীনা আক্রমণের ফলে উদ্ভূত অবস্থা বাংলাদেশের মানুষের জীবনে যেমন একটা অভিশাপ এসেছে তেমনি এই অবস্থা বাংলাদেশের কংগ্রেস সরকারের কাছে একটা আশির্বাদ স্বরূপ দেখা দিয়েছে। এই যদি তাঁর ধারণা হয়ে থাকে তাহলে আমি বলবো সেই ধারণা ও ভীতিই তাঁদের এই আন্দোলনকে তৈরী করবার জন্য বাধ্য করেছে। কাজেই আমার বক্তব্য রাখার পূর্বে আমি বলবো এই তিন দিন ধরে যে বক্তৃতা শুনছি সেই বক্তৃতার সংগে আমরা যারা বাংলাদেশের বিভিন্ন অঞ্চল থেকে, মফঃস্বল অঞ্চল থেকে এসেছি সেই সমস্ত অঞ্চলের মানুষদের অবস্থার সংগে এবং এখানকার বর্তমান পরিস্থিতির সংগে এই হাউসে যে ধরণের বক্তৃতা তিন দিন ধরে চলছে তার সংগে কতটুকু সামঞ্জস্য আছে সে বিষয় আমাদের চিন্তা করে দেখা প্রয়োজন। আমরা যখন এই হাউসে যোগদান করার জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চল থেকে আসি তখন আমরা মোটামুটি দেখে এসেছি—আমি যদিও বাংলাদেশের সম্পূর্ণ অবস্থার কথা না বলতে পারি, তথাপি একথা বলা অসমীচীন হবে না আমার জেলা থেকে যখন আসি তখন আমার জেলাতে এই রকম কোন খাদ্যাভাব দেখা দেয়নি যে খাদ্য সংকটকে এখানে এসে দুর্ভিক্ষে পরিণত করা যেতে পারে বা দুর্ভিক্ষে পরিণত করার জন্য অনশন করা যেতে পারে। আমার বিরোধী পক্ষের বন্ধুরা আছেন, আমার ঐ জেলার অনেক বিরোধী বন্ধু সদস্য আছেন, তাঁরাও সেখান থেকে নিশ্চয়ই এই অবস্থা দেখে আসেন নি। আমাদের দেশে ঠিকই—আমরা এপক্ষ থেকে অস্বীকার করিনি-- আমাদের চালের অভাব নেই। চালের অভাব আছে আমাদের। কিন্তু সেই সমস্যা সমাধান করার একমাত্র উপায় কি ঐ অনশন করা? অথবা এই হাউসের মধ্যে তিন দিন ধরে বক্তৃতার গরম আবহাওয়া সৃষ্টি করে বাংলাদেশের মানুষকে খাদ্যাভাব ও দুর্ভিক্ষের কথা জানিয়ে দেওয়া? ঠিক সেটা নয়। আমি মনে করি বাংলাদেশের মানুষের কাছে একটা আতংকের সৃষ্টি করা হয়েছে। যেটা বাস্তব ক্ষেত্রে ছিল না সেটা এই হাউসে তিন দিন আলোচনার পর বাস্তবে রূপায়ণ করার জন্যে একটা বিকল্প উপায়ে সেটা প্রতিফলিত করা হয়েছে। আমি দেখে এসেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলায় পদ্মার যে সুবিস্তীর্ণ চর ভূমি আছে সেই চরভূমিতে এখন ওখানে জলি বলে এক রকমের আউস ধান আছে তা উঠে গিয়েছে। সেই আউস ধানের মূল্য সেখানে এখন ১৫।১৬ টাকা মণ। মাননীয় সদস্য যাঁরা বিরোধী পক্ষে আছেন এবং আমার জেলা থেকে এসেছেন এবং যাঁরা প্রকৃত অবস্থা জানেন তাঁরা নিশ্চয়ই একথা অস্বীকার করতে পারবেন না, বা তাঁদের সে সৎ সাহস নেই যে বলবেন সেখানে ১৬ টাকা ধানের মণ নয়। আমি জানি বাজারে ৩১।৩২ টাকা মণ চাল বিক্রি হচ্ছে—খোলা বাজারে। এখানে অনেকেই বলছেন যে আমাদের বিলি বণ্টনের অব্যবস্থা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসে একথা রাখতে চাই এই বিলি বণ্টনের যে অব্যবস্থা সেটা কি সরকারী অব্যবস্থা? আজ থেকে ৮ কিম্বা ১০ বৎসর আগে দেশে র‍্যাশন কার্ডের প্রথা চালু ছিল এবং র‍্যাশন কার্ডের মারফৎ আমাদের খাদ্য নিতে হোত।
সেখানে যেসমস্ত র‍্যাশন কার্ড ইসু হয়েছিল তা বর্তমানে লস্ট হয়ে গিয়েছে। আমি আমাদের মুর্শিদাবাদ জেলার কথা বলতে পারি, মডিফাইড র‍্যাশন সপ থেকে সবসময় সবরকম খাদ্য পাওয়া যায় না। আমরা এখানে ফুড রিলিফ য়্যাডভাইসারি কমিটির কথা অনেক শুনলাম

আমাদের জেলায় আমাদের সাবডিভিসনে ও রিলিফ য়্যাডভাইসরি কমিটি আছে। আমি আপনাদের কাছে সবিনয়ে অনুরোধ সহকারে এই কথা রাখতে চাই যে, ডিস্ট্রিক্ট ফুড এ্যান্ড রিলিফ কমিটির মিটিং-এ কিম্বা সাবডিভিসন্যাল ফুড এ্যান্ড রিলিফ কমিটির মিটিং-এ আপনারা কি কোনদিন একথা বলেছেন যে দুর্ভিক্ষ আসন্ন হয়ে উঠেছে। এখানে এসে এই হাউসের সীমাবদ্ধ অধিকারের সুযোগ নিয়ে আপনারা এমন ধরনের প্রচার আরম্ভ করেছেন এবং বাংলা দেশের মানুষের মনে আশংকার সৃষ্টি করেছেন যাহার ফলে মজুতদাররা আরো বেশি করে হোর্ড করার সুযোগ পাচ্ছে, এটা জাতীয় স্বার্থের পরিপন্থী বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা বলেছেন আমাদের দেশে কৃষি উৎপাদনে উন্নতি সাধিত হয়নি। ১৬ বৎসর আগে আমাদের ভারতবর্ষ স্বাধীন হয়েছে। মাননীয় সদস্যদের মধ্যে যাঁরা মফঃস্বল এলেকা থেকে এসেছেন তাঁদের আমি একটা কথা বলতে চাই, তাঁরা বলুন আমাদের দেশে সত্যিই আর্থিক উন্নতি হয়েছে কিনা। আমি আমার কেন্দ্রের কথা বলতে পারি, আগে আমাদের সেখানে ৬টা হাইস্কুল ছিল, এখন সেখানে ৭।৮টি হাইস্কুল হয়েছে। আজকে এইসব স্কুলে মধ্যবিত্ত ঘরের, নিম্নমধ্যবিত্ত ঘরের সন্তানেরা লেখাপড়া শিখতে পারছে। যদি দেশের আর্থিক উন্নতি না হয়ে থাকে তাহলে এটা সম্ভব হয় কি করে? তারপর, অনেক মাননীয় সদস্য বলেছেন যে, উন্নত ধরনের বীজ সরবরাহ করার জন্য সরকার থেকে যে বীজ খামার তৈরী করা হয়েছে তাতে কোন দিন লাভ হয় না। এটা ঠিক কথা নয়। খামার থেকে যেসমস্ত সিড্ মাল্টিপ্লিকেসন ফার্ম করা হয়েছে তাতে প্রথম প্রথম কিছু লস হলেও শেষ পর্য্যন্ত দেখা গিয়েছে যে, সেই সমস্ত খামার থেকে লাভ হয়েছে।

[4—4-10 p.m.]

Shri Amarendra Nath Roy Pradhan: মাননীয় স্পীকার মহাশয়, গত পরশুদিন মুখ্যমন্ত্রি যে ভাষণ দিয়েছেন তাতে তিনি বলেছেন দেশে দুর্ভিক্ষ নাই। মাননীয়া ত্রাণমন্ত্রি পুরুলিয়া থেকে ফিরে এসে একটা রিপোর্ট দিয়েছেন যে, সেখানে চুরি ইত্যাদি নাই বল্লেই হয়, রান্নাঘর থেকে ভাত চুরি তো দূরের কথা, ধান চাল চুরিরও কোন সংবাদ পাওয়া যায়নি। এই জিনিসটা পড়ে মনে হল, এণ্ডারসনী শাসনের উত্তর-সূরী যাঁরা তাঁদের কাছ থেকে দুর্ভিক্ষ সম্পর্কে এর থেকে ভালো ডোফানসন আশা করা যেতে পারে না। আজকে আমরা পরিস্কার দেখতে পাচ্ছি, কলিন স্ট্রীটের বীণা মুখার্জির মতো অসহায় মেয়েরা দেহ বিক্রী করে বাঁচবার চেষ্টা করছে, মাতা সন্তান বিক্রী করছে—এই অবস্থায় এ'রা বলছেন দুর্ভিক্ষ কোথায়! আজকে দুর্ভিক্ষ সম্পর্কে মাননীয়া ত্রাণমন্ত্রি যেকথা বলেছেন তাতে কি তিনি এটাই বুঝাতে চাইছেন যে, বাংলাদেশের মানুষ যারা ক্ষুধার্ত, প্রপীড়িত, যাদের আজকে কিছু নাই খাবার, যারা অনশনেও অর্ধাহারে দিন কাটাচ্ছে তারা গুদাম লুঠ করতে যাবে, মন্ত্রীদের ঘরে চুরি করতে যাবে—এটা বলুন পরিষ্কারভাবে এই সভায়। দেশের এই দুর্ভিক্ষ অবস্থায় ও সংকটময় পরিস্থিতিতে বর্বর চীনা দস্যুরা আমাদের সীমান্তে আজো রয়েছে। এখানে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা সম্পর্কে বলতে চাই—মাননীয় সদস্য বরেনবাবু বলেছেন দার্জিলিং জলপাইগুড়ি এবং পুরুলিয়ায় কোন দুর্ভিক্ষ নাই। আমি তাঁকে জিজ্ঞাসা করছি চলুন দার্জিলিং জেলার ফাঁসিদেওয়া অঞ্চলে যাব, একদিকে নেপাল আরেকদিকে পাকিস্তান। এই এলাকার মানুষ আজকে না খেতে পেয়ে নেপালের বীরনগর প্রভৃতি এলাকায় আশ্রয় নিচ্ছে। মে-জুন মাসের হিসাব থেকে দেখা যায় ৩৭টি পরিবার নেপালে আশ্রয় নিয়েছে। গত নভেম্বর মাসে এই হাউসে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রি বলেছিলেন চীন দেশের মানুষ না খেতে পেয়ে অন্য দেশে পালিয়ে যাচ্ছে, এবং অর্থনৈতিক দুর্দশাই তাদের পররাজ্য আক্রমণের কারণ। আমি মাননীয় মুখ্যমন্ত্রিকে স্মরণ করিয়ে দিতে চাই, আজকে দার্জিলিং, জলপাইগুড়ি প্রভৃতি সীমান্ত এলেকার না খেতে পেয়ে নেপালে গিয়ে আশ্রয় গ্রহণ করছে। আনন্দগোপাল মুখার্জি মহাশয় দেশপ্রেমের বড় বড় বুলি আউড়েছেন, এবং মুখ্যমন্ত্রিও অন্যান্য মন্ত্রিরা তাঁকে প্রশংসা জানিয়েছেন। কিন্তু তাদের কাছে সবিনয়ে একটি প্রশ্ন আমি রাখতে পারি কি এমন এক অবস্থায় যখন বাংলাদেশের মানুষ না খেতে পেয়ে নেপালে চলে যাচ্ছে। তখন এর প্রতিক্রিয়া অন্যদেশে কি ভাবে দেখা দিতে পারে?

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রি কুচবিহার জেলার কথা বারবার বলবার চেষ্টা করেছেন। তিনি উল্লেখ করেছেন কুচবিহারে ১৯৫১ সালের সেপ্টেম্বর মাসে চালের দাম ৭০-৭৫ টাকা পর্যন্ত দাঁড়িয়েছিল। তিনি চলুন কুচবিহার জেলায়, ইতিহাসের আরেকটু দূরে, ১৯৫১ সাল পেরিয়ে ১৯৪৯ সালের আগে অর্থাৎ ১৯৪৩ তথা ১৩৫০ সালে মন্বন্তরের সময়—যখন বাংলাদেশের হাজার হাজার মানুষ না খেতে পেয়ে মারা গিয়েছিল—সেদিনও আমাদের কুচবিহার জেলায় ১৫ টাকার বেশি চালের দাম হয়নি, অথচ কুচবিহারের পাশে রংপুর এবং জলপাইগুড়িতে ৮০ টাকা মণ চালের দর উঠেছিল। সেদিন সামন্ততান্ত্রিক রাজার আমলে সত্যিকার সুষ্ঠু বণ্টন ব্যবস্থার মাধ্যমে ১৫ টাকা দরে চাল বিক্রী করতে তাঁরা সমর্থ হয়েছিলেন, আর আজ এই গণতান্ত্রিক, সমাজতান্ত্রিক ধাপ্পাবাজ কংগ্রেস সরকারের সৎসাহস নাই সুষ্ঠু বণ্টন ব্যবস্থার মাধ্যমে ২২ টাকা মণ দরে চাল বিক্রী করতে পারার। ১৩৫০ সালে মাত্র ৭ ভাগ খাদ্যাভাব ছিল, এবং শুধুমাত্র সুষ্ঠু বণ্টন ব্যবস্থার অভাবের জন্য ৫০ হাজার মানুষ প্রাণ দিয়েছিল। আজকে আমরা একই চিত্র দেখতে পাচ্ছি পশ্চিমবংগের বুকে।

মাননীয় মুখ্যমন্ত্রি এই পশ্চিমবাংলার বুকের উপর দাঁড়িয়ে বলেছিলেন আমাদের ৪ লক্ষ টন খাদ্য ঘাটতি অথচ আজ বলছেন আমাদের ঘাটতির পরিমাণ ২২ লক্ষ টন। সেদিন তিনি তাঁর বাজেটের হিসেবে দেখিয়েছেন এবং গভর্ণর-এর স্পীচে পরিষ্কার উল্লেখ ছিল যে, যেখানে আমাদের প্রয়োজন ৪৩ লক্ষ টন সেখানে আমাদের উৎপাদন হয়েছে ৩৯ লক্ষ টন। কিন্তু আজকে যখন বলছেন ২২ লক্ষ টন ঘাটতি তখন দেখা যাচ্ছে আমাদের যা প্রয়োজন তার অর্ধেকের বেশী উৎপন্ন হয়নি। স্যার, বাজেট অধিবেশনের সময় স্মরজিৎ ব্যানার্জী এবং পি সি সেন এই হাউসে বলেছিলেন যে কৃষির ব্যাপারে দেশের যথেষ্ট উন্নতি সাধন হয়েছে কিন্তু আমরা দেখছি আমাদের উৎপাদন ফিফ্‌টি পারসেন্ট-এর নীচে। কাজেই একথা বলতে বাধ্য হচ্ছি যে, সেদিন যে তথ্য তাঁরা হাউসে তুলে ধরেছিলেন তা দিয়ে তাঁরা হাউসকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছিলেন। আমি পরিষ্কার বলতে চাই কৃষির ব্যাপারে পশ্চিমবাংলায় আদৌ কোন কাজ করা হয়নি এবং তার ফলে কৃষির উন্নতি সাধন হয়নি এবং পশ্চিমবাংলায় দুর্ভিক্ষ দেখা দিয়েছে। কাজেই যে বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করে সেদিন তাঁরা হাউসকে বিভ্রান্ত করেছেন তার জন্য স্মরজিৎ ব্যানার্জি এবং পি সি সেন-এর পদত্যাগ করা উচিত। মিঃ স্পীকার স্যার, আমরা এঁদের কাছে অনেক সাজেসান্স রেখেছি এবং আমাদের লিডার মাননীয় হেমন্তবাবু তাঁর বক্তৃতার মধ্য দিয়ে অনেক সাজেসান রেখেছেন। কিন্তু এঁরা বলছেন যে তাঁরা কিছু শোনেননি। সেদিন একজন মন্ত্রি চিনি সম্বন্ধে উত্তর দিতে গিয়ে বললেন উপায় কি? আজকে আবার চাল সম্বন্ধে বলছেন উপায় কি? আমি বলি আপনাদের হাতে যে উপায়গুলি রয়েছে, যে আইন রয়েছে সেগুলি চালু করুন এইসব চোরাকারবারী, মজুতদার এবং আড়তদারদের বিরুদ্ধে। আমরা একথা জানি বাংলাদেশে চালের অবস্থা ১৯৫৯ সাল কিংবা ১৯৬১ সালের তুলনায় বিভিন্ন রকম। আজকে বাজারে গেলে প্রচুর পরিমাণ চাল পাবেন কিন্তু দামটা যা বেশী। এর ফলে সাধারণ মানুষ তা কিনতে পারে না এবং এটাই হচ্ছে ১৯৫৯ সালের সংগে ১৯৬৩ সালের একটা বিরাট পার্থক্য। যাহোক, আজকে আপনাদের হাতে যে হাতিয়ার রয়েছে তা দিয়ে এইসব মজুতদার, চোরাকারবারীদের যদি সায়েস্তা করেন তাহলে সাধারণ মানুষ বাঁচবে, আর তা নাহলে আপনারা পদত্যাগ করুন।

Fixation of time for no-confidence motions

Mr. Speaker: Honourable Members, before I call out the name of the next speaker, I want to make one point clear as some enquiries have been made from me as to whether I have fixed the date for the no-confidence motions or I have announced that the date will be fixed on Monday. I want to make the position clear that I have fixed Monday for proceeding with the no-confidence motions. On Monday at 12 noon the no-confidence motions will be taken up and there will be no question hour. This is for the information of the honourable members.

Debate on Food situation

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্য বিতর্কের প্রথমে খাদ্যমন্ত্রি কয়েকটা কথা স্বীকার করেছেন যে, দেশে খাদ্য সংকট নেই তবে চালের সংকট আছে তারপর বলেছেন যাদের ক্রয় ক্ষমতা কম তাদের এম আর সপ থেকে গম এবং চাল দেবার ব্যবস্থা করা হয়েছে. দেশে দুর্ভিক্ষ হতে দেবনা এবং খাদ্য নীতির পরিবর্তন করব না। তবে সবচেয়ে যেটা সাংঘাতিক কথা বলেছেন সেটা হচ্ছে চালের মূল্য বৃদ্ধির জন্য দায়ী হচ্ছে কৃষক। এই কথাগুলি আমি বিশ্লেষণ করতে চাই। আমাদের দেশে খাদ্য সংকট আছে বা নেই সে সম্বন্ধে ২ দিন বিতর্ক হয়েছে এবং আমাদের তরফ থেকে পরিষ্কারভাবে একথাই রাখা হয়েছে যে দেশে খাদ্য সংকট আছে। তবে মুখ্যমন্ত্রি এবং ঐ তরফের বন্ধুরা এটা স্বীকার করেন না। আমি সবিনয়ে বলতে চাই রাইটার্স বিল্ডিংস-এ বসে যাঁরা নীতি নির্ধারণ করছেন তাঁরা দেশে খাদ্য সংকট দেখতে পারবেন না। গ্রামে গিয়ে খোলা মন নিয়ে যদি দেখেন, যদি বিচার করেন তাহলে দেখবেন দেশে খাদ্য সংকট আছে। আমি মুখ্যমন্ত্রিকে অনুরোধ করব তিনি যদি মুখ্যমন্ত্রি হিসেবে না গিয়ে ছদ্মবেশে গ্রামাঞ্চলে যান তাহলে দেখতে পাবেন কত লোক খেতে পারছে এবং কত লোক খেতে পারছে না।

[4-10—4-20 p.m.]

তিনি যদি দেখেন দেখবেন শতকরা ৯০ জন লোক খেতে পায়না, অর্ধাহারে অনাহারে রয়েছে এবং চাষীর ধান উঠার সংগে সংগে অল্প দরে তাদের ধান বিক্রী করে দিচ্ছে। তার কারণ হল তাদের জিনিষপত্র কিনতে হয় এবং দেনা পরিশোধ করতে হয়। মিঃ স্পীকার স্যার, এবার আবার একটা বিশেষ পরিস্থিতি দেখতে পাচ্ছি। সেটা হল ইমার্জেন্সী কন্ডিশনের জন্য সরকার থেকে বলা হচ্ছে প্রতিরক্ষা তহবিলে দান করতে হবে এবং যাতে সবাই লোনের টাকা দিয়ে দেয় সেজন্য আবেদন করেছেন। যদিও আবেদন করেই ক্ষান্ত হওয়া উচিত বাস্তবে দেখছি এর পেছনে সরকারের অত্যাচার রয়েছে। তাঁরা গ্রামাঞ্চলে ত্রাস সৃষ্টি করেছেন, লোনের টাকা আদায় করবার জন্য তারা ক্রোক করছেন, সার্টিফিকেট জারী করছেন। চাষীরা ভয়ে তাদের ঘরে যে ধান চাল মজুত ছিল, যে খাবার তাদের মজুত ছিল তা বিক্রী করে দিচ্ছে এবং ঘাট বাট পর্যন্ত বিক্রী করে দিতে বাধ্য হচ্ছে। এমন কি জমি জমা পর্যন্ত বিক্রী করছে। এ সমস্ত কথাগুলি যদি বিশ্বাস না করেন, কলকাতায় বসে অবিশ্বাস করলে হবে না, মফঃস্বলে চলুন গ্রামে সত্যিকার কি অবস্থা সেটা দেখবেন এবং দেখবেন এই সমস্ত বহু নজির চোখে পড়বে। কিন্তু এটা সত্য কথা, গ্রামের চাষীরা জমি বিক্রী করে করে লোনের টাকা পরিশোধ করছে।

আর একটা ঘটনা ঘটছে। এই ইমার্জেন্সীর জন্য যেহেতু বামপন্থীরা আন্দোলন করতে পারেনা তার জন্য ভেস্টেড জমির সমস্যাকে কেন্দ্র করে পুরাণো জোতদাররা কৃষকদের ধান লুট করে নিয়ে যাচ্ছে পুলিশের সাহায্যে। এইরকম স্পেসিফিক ঘটনা মালদহের হবিবপুর বামুন-গোলা থানায় ভুরি ভুরি হয়েছে এবং এই সমস্ত ঘটনা ম্যাজিস্ট্রেটের কাছে রিপোর্ট করেছি। এই সমস্ত হওয়ার ফলে এই সমস্ত এলেকায় খাদ্য সংকট দেখা দিয়েছে।

তারপর আপনি মন্ত্রি মহাশয় বলেছেন যে আমাদের খালি চালের অভাব আছে, গমের অভাব নাই এবং তা এম আর সপ মারফৎ সাপ্লাই করা হয়। আমি বলতে চাই যে এম আর সপের তারা গর্ব করে থাকেন, তাঁরা গর্ব করে বলে থাকেন আমরা এত হাজার এম আর সপ খুলেছি, কিন্তু আমার জেলায় গেলে দেখিয়ে দেবো দু তিনটি ছাড়া এম আর সপ আর বেশী খোলা হয়নি। কারণ এই নয় যে লোকে নিতে চাচ্ছে না এবং অভাব নেই। আমি রিলিফ কমিটি মিটিং-এ এসমস্ত ডিস্কাশন করেছি, বহু আলোচনা হয়েছে, ম্যাজিস্ট্রেটের সংগে আলোচনা করেছি এম আর সপে গম এবং চাল না নেওয়ার কারণ হল আমাদের এলেকায় মাত্র ১৫টি জায়গায় জি আর এর গম ইত্যাদি যায় এবং অন্যান্য ডিলার নেই, এই ১৫টির মধ্যে মাত্র তিনটি জায়গায় এম আর এর মাল যাচ্ছে এবং সামান্য যাচ্ছে। অন্যান্য এম আর সপের ডিলারদের জিজ্ঞাসা করায় জানতে পারলাম তারা যা দাবী করেন যত মণ গম কিংবা চাল চান তা তাদের সাপ্লাই করা হয়না, না করার ফলে তারা এই সমস্ত মাল নিতে চান না। তাছাড়া যে সমস্ত চাল এবং গম সাপ্লাই হয়, তার স্যাম্পল আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দেখিয়ে দিয়েছি তা খাওয়ার

অযোগ্য। এ সমস্ত কথা আমি আরও ভালভাবে জানাতে চাই এম আর সপ থেকে যে চাল এবং গম দেওয়া হয় সেটা সাত দিনের এক সংগে নিতে হবে। কৃষকদের এমন অবস্থা নেই যে তারা একসংগে সাত দিনের মাল তুলতে পারে। সেজন্য গরীব চাষীদের দুর্দশার অন্ত নাই। কংগ্রেসের পক্ষ থেকে জনৈক সদস্য শ্রীবীরেন মৈত্র বললেন যে মালদহের লোকেরা খুব মজুর খাটে এজন্য কোন অভাব নাই। আমি এখানে একথা বলতে পারি তিনি হয়ত তাঁর এলেকার দুই এক জায়গার কথা বলতে পারেন। মালদহে হরিশ্চন্দ্রপুর—বালিয়াড়ীতে বোধ হয় অনেক মজুর খাটছে, তারা অবশ্য মালদহ জেলার লোক নয়। যারা কন্ট্রাক্টর, ঠিকাদার তারা কালিয়াচক থেকে মজুর নিয়ে যাচ্ছে। হয়ত তাঁর এলাকার ২।৪ জন লোক খাটতে পারে এবং সেখানকার সামান্য সংকীর্ণ স্থানের ভিত্তিতে তিনি সেই কথা বলেছেন। কিন্তু তিনি মালদহ জেলা সম্বন্ধে ব্যাপকভাবে যে কথা বলেছেন যে মালদহ জেলাতে লোকেরা মজুরী খাটে সেখানকার লোকের অভাব নেই এ কথা সত্য নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খাদ্য সংকটের কথা বহুবার বলেছি এবং সেজন্য খাদ্য উৎপাদন কি করে বাড়তে পারে সে কথা বলে আমরা ক্লান্ত হয়ে গেছি। প্রোডাকসান যদি না বাড়ে তাহলে সমস্যার সমাধান হবে না। আমি একটা বিষয়ের উপর অধ্যক্ষ মহাশয়, আপনার মনোযোগ আকর্ষণ করতে চাই—গত বাজেট বক্তৃতায় আমরা বলেছিলাম বাজেট বই যদি দেখেন তাহলে দেখবেন, যদিও আমাদের বলা হয়েছে যে এমারজেন্সির জন্য এগ্রিকালচার এবং ফুড প্রোডাকসানের উপর জোর দিব কিন্তু বাস্তবক্ষেত্রে তাঁরা কোন দিনই মনোযোগ দেন না। গত বারের বাজেটে তাঁরা এগ্রিকালচারাল লোন বাবত ধরেছিলেন ১ কোটি ১১ লক্ষ টাকা, এবারে ১৯৬৩-৬৪ সালের বাজেটে ধরা হয়েছে ৯১ লক্ষ টাকা অর্থাৎ ২০ লক্ষ টাকা এগ্রিকালচারাল লোন কেটে দেওয়া হয়েছে। তাহলে কি করে এগ্রিকালচারাল প্রোডাকসানের উপর বেশী মনোযোগ দিচ্ছেন? যখন কৃষকদের বেশী লোন দেওয়া দরকার তখন ২০ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হচ্ছে। এটা কি করে হয়? তাই বলি উৎপাদন যাতে বেশী হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। প্রথমে ল্যান্ড রিফর্ম এ্যাক্ট, এসটেটস এ্যাকুইজিসান এ্যাক্ট মডিফাই করে কৃষককে ভেস্টেড জমি ঠিকমত দিতে হবে। ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনা করতে হবে। আমাদের এলাকায় গিয়ে দেখুন গত কয়েক বছরের মধ্যে একটা ইরিগেশন স্কীমও হয় নি। এই সমস্ত মুখের কথা বলছেন, কিন্তু কাজে কিছু হয় নি। এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার যাঁরা আছেন তাঁদের জিজ্ঞাসা করুন কোন এলাকায় সেচ ব্যবস্থা হয় নি। আমরা শাজেসান দিয়ে হয়রান হয়ে গেছি, কিন্তু কিছু হয়নি। সেচের উপর এবং ফ্লাডের উপর জোর দিতে হবে। আউশ ধান উঠলে হয়ত খাদ্য সংকট একটু কম হবে। কিন্তু যখন আউশ কাটার সময় হয় তখন ফ্লাড এসে সমস্ত আউশ ধান ডুবিয়ে দেয়। অথচ ফ্লাডের উপর গুরুত্ব দেওয়া হয়নি। তারপর সার, বীজের উপর মনোযোগ দেওয়া হয়নি। মালদহ সম্বন্ধে একটা কথা বলে দিই। আমাদের ওখানে বোরো ধান কিছু হয়। সারা বাংলাদেশে যা বোরো ধান হয় তার ৫০ পার্সেন্ট হয় আমাদের মালদহ জেলাতে। সময় নেই তা নাহলে আমি স্ট্যাটিসটিক্স দিয়ে বলে দিতে পারতাম। আমরা বোরো ধানের প্রোডাকসনের জন্য যে সমস্ত সাজেসান দিয়েছি সেই সমস্ত সাজেসানের দিকে কোন কর্ণপাত করা হয়নি। এই সমস্ত না করলে কৃষকদের সমস্যার সমাধান হবে না এবং খাদ্য সমস্যারও সমাধান হবে না।

Shri Sambhu Charan Ghosh:

মিঃ চেয়ারম্যান, স্যার, গত ২ দিন ধরে আমাদের হাউসের মধ্যে খাদ্য পরিস্থিতিকে কেন্দ্র করে যে বিতর্ক চলেছে সেই বিতর্কের মধ্য দিয়ে সরকার পক্ষের দুটো বক্তব্য অত্যন্ত সুস্পষ্টভাবে ফুটে উঠেছে। সরকার পক্ষ থেকে আমাদের সামনে রাখবার চেষ্টা করা হয়েছে যে আমাদের দেশে খাদ্যের যে ঘাটতি আছে তার অন্যতম কারণ হচ্ছে জনসংখ্যা বৃদ্ধি। দ্বিতীয় যে বক্তব্য সরকার আমাদের সামনে রেখেছেন সেটা হচ্ছে আজকে দেশে জিনিসপত্রের দাম বেড়েছে, কিন্তু সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বেড়ে গেছে। কাজেই দেশের মধ্যে কোন রকম সংকটপূর্ণ অবস্থার সৃষ্টি হয়নি। আমি আমার সীমিত এবং ক্ষুদ্র বক্তব্যকে সরকারের এই দুটো বক্তব্যকে কেন্দ্র করে রাখবার চেষ্টা করব। প্রথম কথা হচ্ছে এই যে সরকার বরাবর আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন যে আমাদের দেশে জনসংখ্যা বৃদ্ধি দ্রুতহারে এগিয়ে চলেছে, তাই আজকে দেশের বুকে খাদ্য

সংকট দেখা দিয়েছে। আমি সবিনয়ে সরকার পক্ষের প্রতিনিধিদের কাছে কি এই প্রশ্ন রাখতে পারি যে বিগত ১০ বছরে জনসংখ্যা বৃদ্ধি শুধুমাত্র ভারতবর্ষে ঘটেছে? তা নয়, সমস্ত পৃথিবীতে বিগত ১০ বছরে জনসংখ্যা বৃদ্ধি অত্যন্ত দ্রুত গতিতে হয়েছে। ১৯৫০-৫১ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত সমস্ত পৃথিবীতে জনসংখ্যা বৃদ্ধির পরিসংখ্যান যদি নেওয়া যায় তাহলে দেখা যাবে যে বিগত ১০ বছরে সমস্ত পৃথিবীতে যেখানে জনসংখ্যা শতকরা ২০ ভাগ বেড়েছে সেখানে আমাদের দেশে শতকরা ২২ ভাগ বেড়েছে।

[4-20—4-30 p.m.]

অর্থাৎ বছরে সমস্ত পৃথিবীতে যেখানে শতকরা ২ ভাগ জনসংখ্যা বৃদ্ধি হয়েছে আমাদের দেশে সেখানে বছরে শতকরা ২·২ ভাগ জনসংখ্যা বৃদ্ধি হয়েছে কিন্তু সাথে সাথে আমি একটা প্রশ্ন মাননীয় মন্ত্রিদের কাছে রাখতে চাই। বিশেষ করে মুখ্যমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করতে চাই কারণ তিনি পরিসংখ্যান বিষয়ে অত্যন্ত সুদক্ষ। তিনি আমাদের কাছে এই জনসংখ্যা বৃদ্ধির দোহাই দিয়ে খাদ্য ঘাটতির কথা বারবার রাখবার চেষ্টা করেছেন কিন্তু একথা কি সত্য নয় যে পৃথিবীর সমস্ত দেশের চেয়ে ভারতবর্ষের সাধারণ মানুষের দৈনিক মাথা পিছু যে আহার্য্য গ্রহণ করে সেই আহার্য্যে ক্যালোরী অত্যন্ত কম। ভারতবর্ষের সাধারণ মানুষের প্রতিদিন পার ক্যাপিটা ফুড কনজামসন হচ্ছে ১৯৯০ ক্যালোরী, এমন কি পাকিস্তানে প্রতিদিন পার ক্যাপিটা ফুড কনজামসান হচ্ছে ২০৮০ ক্যালোরী। যেখানে পাকিস্তানে ২০৮০ ক্যালোরী ফুড কনজামসন পার ডে পার ক্যাপিট সেখানে ভারতবর্ষের হচ্ছে ১৯৯০ অর্থাৎ দেখা যাচ্ছে যে ভারতবর্ষের সাধারণ মানুষের মাথা পিছু আহার্য্য গ্রহণের যে ক্যালোরী পরিমাণ সেই পরিমাণ পৃথিবীর সমস্ত দেশের চেয়ে কম। কাজে কাজেই এই যুক্তি অত্যন্ত অচল যে যেহেতু জনসংখ্যা বেড়েছে সেহেতু ভারতবর্ষে খাদ্যের অভাব বা ঘাটতি দেখা দিয়েছে। পৃথিবীর সমস্ত জায়গায় জনসংখ্যা বেড়েছে এবং সমস্ত জায়গায় আহার্য্য গ্রহণের পরিমাণ সেই ক্যালোরী পরিমাণ অত্যন্ত বেশী। কাজে কাজেই সরকারের এই থিওরীতে আমরা বিশ্বাস করিনা। দ্বিতীয় প্রশ্ন এসে তাহলে দেশে এই সংকটপূর্ণ অবস্থা কেন সেটাকে সরকার অত্যন্ত কৌশলে এড়িয়ে যাবার চেষ্টা করেছেন কৃষিনীতির ব্যর্থতা, খাদ্য বন্টন নীতির ব্যর্থতা সেটাকে কৌশলে চাপা দেবার চেষ্টা করেছেন। একথা কি সত্য নয় যে সেটাও ফাইভ ইয়ার প্ল্যান পিরিয়ড। পাঁচশালা পরিকল্পনায় বছরে আমাদের দেশে খাদ্য উৎপাদন যা হওয়া উচিৎ ছিল তার চেয়ে অনেক কম হয়েছে। ১৯৫০-৫১ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত আমাদের দেশে খাদ্যোৎপাদন বেড়েছিল শতকরা ৩·১ ভাগ কিন্তু পাঁচশালা পরিকল্পনায় ৫ বছরে আমরা দেখেছি যে সেখানে খাদ্যোৎপাদন কমে গেছে শতকরা ৩·৮ ভাগ। সরকার তাদের কৃষিনীতির ব্যর্থতাকে সুকৌশলে চাপা দেবার চেষ্টা করে জনসংখ্যা বৃদ্ধির একটা বুলি আমাদের সামনে তুলে ধরবার চেষ্টা করেছেন এবং বারবার বাংলাদেশের জনসাধারণকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। শুধু তাই নয় একথা ঠিক যে পৃথিবীর সমস্ত দেশের চেয়ে প্রতি একরে যে উৎপাদন হওয়া উচিৎ সেই উৎপাদন আমাদের দেশে হয়না কিন্তু যতখানি উৎপাদন হয় সেই উৎপাদন যদি সুষ্ঠুভাবে সাধারণ মানুষের মধ্যে বন্টিত হয় তাহলে জিনিসপত্রের দাম বা চালের দাম ৪০ টাকা হতে পারতো না। আমি কিছুক্ষণ আগে সরকারের পক্ষের সদস্যদের বক্তৃতা অত্যন্ত ধৈর্য্য সহকারে শুনেছিলাম তাঁরা আমাদের সামনে ডিমান্ড এবং সাপ্লাই থিওরী এনেছেন। আমি জানিনা ডিমান্ড এবং সাপ্লাই থিওরী সম্বন্ধে কতখানি জ্ঞান তাঁদের কাছে কিন্তু ডিমান্ড অ্যান্ড সাপ্লাই থিওরী একথা বলেনা যেখানে ডিমান্ড আছে সেখানে সাপ্লাই কম হলে চালের দাম ৪০ টাকা হবে। একথা ঠিক যে যেখানে ডিমান্ড আছে, সাপ্লাই কম সেখানে জিনেসের দাম বাড়বে কিন্তু অস্বাভাবিকভাবে বাড়বে একথা ঠিক নয়। কালকে অনেক মাননীয় সদস্য অশোক মেঠা কমিটি রিপোর্টের কথা আমাদের সামনে উল্লেখ করেছিলেন। সেটা কমিটির রিপোর্টে কি আছে সেখানে পরিষ্কারভাবে দুটো কথা বলা আছে। সেখানে বলা আছে যে প্রাইস স্টেব্রিলাইজেসন বোর্ড তৈরী করতে হবে যাতে করে অন্তত নিত্য ব্যবহার্য্য জিনিসপত্রের দামকে বেঁধে দেয়া যায়। আমি সবিনয়ে আমাদের মুখ্যমন্ত্রিকে জিজ্ঞাসা করতে পারি কি যে গত বছর আমাদের দেশে যে প্রাইস ইনকোয়ারী কমিশন গঠন করা হয়েছিল তার রিপোর্ট আমাদের সামনে পেশ করা হয়েছে কিনা?

বাংলা দেশের মানুষ আজ পর্যন্ত সেই যে অশোক মেহেতা কমিটির রিপোর্ট-এর যে সুপারিশ, তা এখনও পেল না—আশাকরি পশ্চিম বাংলা সরকার সেই রিপোর্ট আমাদের পেশ করার চেষ্টা করবেন। আমাদের মনে হয় তারা পেশ করতে পারেন নি তার কারণ তারা জানেন যে এর মধ্যে দিয়ে যে ঘটনা আমাদের সামনে উদ্‌ঘাটিত হব, যে সত্য আমাদের সামনে আবিষ্কৃত হবে তার মধ্য দিয়ে সরকারের চরিত্র নগ্নভাবে প্রকটিত হয়ে উঠবে। আমাদের দেশে আজকে যে সংকট সেই সংকট যদি বুঝতাম যে উৎপাদন কম হয়েছে বলে তাহলে হ্রাস মুখে উৎপাদন বাড়াবার কাজে সহযোগিতা করতাম। কিন্তু আমরা দেখছি দেশের মধ্যে যে সংকট শুধু মাত্র উৎপাদন হ্রাসের জন্য সংকট নয়—এর পেছনে আছে চোরাকারবারীদের ষড়যন্ত্র। এর পেছনে গ্রামের জোতদারদের ষড়যন্ত্র আছে। গতকাল মাননীয় সদস্য কংগ্রেস পার্টির থেকে প্রশ্ন করেছিলেন ২২ টাকা করে চালের দামের যে দাবী যে আমরা তুলেছি সেই চালের দাম যদি ২২ টাকা করে দেওয়া হয় তাহলে গ্রামের চাষীদের ধানের দাম কি হবে? আজকে মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই যে গ্রামের চাষীদের ঘরে এখন ধান নেই—সেই ধান গ্রামের বড় বড় জোতদারদের ঘরে উঠেছে। এই জোতদাররা হচ্ছে গ্রামের অঞ্চল পঞ্চায়েতের এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান বা অধ্যক্ষ। তারা হচ্ছে এক এক জন কংগ্রেসী সদস্য—তাদের উপর নির্ভর করে গ্রামের কংগ্রেস সংগঠন দাঁড়িয়ে আছে। সেই জোতদারদের গুদাম থেকে যদি ধান আনা হয় তাহলে আমরা জানি যে সংগ্রেস সংগঠন গ্রাম থেকে নিশ্চিহ্ন হয়ে যাবে আজকে চালের দাম পুরুলিয়া জেলায় ৪০ টাকায় উঠেছে। অথচ সেই চালকে গুদামজাত করে রাখা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রি জানেন যে লো ইনকাম গ্রুপ-এর লোক চাল কিনতে পারছে না। অথচ তিনি কি জানেন না যে হাজার হাজার মণ চাল গুদামজাত করে রেখে বাংলা দেশের মানুষের মুখের অন্ন নিয়ে ছিনিমিনি খেলার চেষ্টা হচ্ছে। তাদের প্রতি সরকার একটি অঙ্গুলি হেলন তো করেন না, এটা অত্যান্ত পরিতাপের কথা, দুঃখের কথা। আজকে তাই স্মরণ করিয়ে দিতে চাই শুধু মাত্র জনসংখ্যার বৃদ্ধির দোহাই দিয়ে ফিক্সড ইনকামগ্রুপের লোককে, বাংলা দেশের সাধারণ মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করলে মানুষ আপনাদের অন্যায়কে ক্ষমা করব না। পুরুলিয়ার দুর্ভিক্ষ নেই, বাংলা দেশের কোথাও দুর্ভিক্ষ নেই সাধারণ মানুষ তার জবাব দিবে। আমি আজ মুখ্যমন্ত্রিকে প্রশ্ন করছি যে যখন বিনোবাজী বাংলা দেশের পথে পথে ঘুরেছিলেন এবং তাঁর পেছনে যারা মিছিল করে গিয়েছিলেন তখন পুরুলিয়া থেকে না খেতে পেয়ে মানুষের দল সেখানে বিক্ষোভ জানাতে ছুটে এসেছিল কিন্তু তাদের প্রতি কোন উদ্বেগ ও মানবতা আপনারা দেখালেন না। সেখানে সেই পুরুলিয়ার মানুষের কাছে গিয়ে তাদের কোন কথা শুনলেন না। আজকে তাই সরকারের চরিত্র আমাদের কাছে বেশ পরিষ্কার যে আজকে কৃত্রিম সংকট যারা সৃষ্টি করছে তাদের বিরুদ্ধে যতক্ষণ পর্যন্ত ব্যবস্থা গ্রহণ না করা হয় ততক্ষণ পর্যন্ত কিছুই হবে না। আমরা জানি যে শুধু মাত্র অনশন ও আন্দোলন করে কিছুই হবে না সরকারের বিরুদ্ধে এমন অবস্থা সৃষ্টি করতে হবে আইন সংগত উপায়ের মধ্য দিয়ে এই বিধান সভায় পার্লামেন্টারী ডেমোক্রাসীর পন্থা অবলম্বন করে যাতে সরকারের সমস্ত চরিত্রটা এক্সপোজ হয়ে যায় এবং তাদের পদত্যাগ করাতে বাধ্য করা হবে। দ্বিতীয় কথা হচ্ছে সরকার আমাদের সামনে দেখাবার চেষ্টা করেছেন যে আজকে সাধারণ মানুষের ক্যাপাসিটি অব বাইং, ক্রয় ক্ষমতা বেড়ে গেছে এবং তাই বাজারে ৪০ টাকা মণ দরে চাল লোকে খাচ্ছে। আমার মনে হয় সরকারের এই ধারণার প্রতিবাদ করা উচিত। সাধারণ মানুষের কেনবার ক্ষমতা যে বেড়ে গেছে এটা ঠিক নয়। একথা ঠিক যে আমাদের দেশ ডেফিসিট-এর মধ্যে আছে। যেখানে ইনস ফিসিয়েন্সি আছে সেখানে জিনিসপত্রের দাম বাড়বে। জিনিসপত্রের দাম আজকে স্যাচিউরেসন পয়েন্টের উপরে। সাধারণ মানুষের পকেটে টাকা আসবে থোকা থেকে? কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের বাজেট পাশ হবার পর সাধারণ মানুষের উপর করভার অত্যান্তভাবে বেড়ে গেছে। মানুষের যে রিয়েল আর্নিং তা আজকে অনেক কমে গেছে এই ট্যাক্স বেড়ে গেছে বলে। আজকে তাদের ক্রয় ক্ষমতা একেবারে কমে গেছে। আজকে সেখানে বাধ্যতামূলক সঞ্চয়ের পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশের মানুষের অর্থনৈতিক কাঠামো ক্রিপল করার চেষ্টা করা হচ্ছে—সেখানে তদের ক্রয় ক্ষমতা একেবারে কমে গেছে একথা আজকে মুখ্যমন্ত্রিকে স্বীকার করতেই হবে। আজকে সাধারণ মানুষের টাকা বাড়াবার কোন সুযোগ নেই। আমাদের পকেটে যে পাঁচ শত টাকা আছে এটা বড় কথা নয়—যদি বাজারের সঙ্গে

তুলনা করি তাহলে দেখবো আমাদের প্রকৃত আয় কি। সত্যিই আমরা দেখতে পাচ্ছি যে মানুষের আয় বাড়েনি কমে গেছে—জিনিসপত্রের মূল্যমানের সঙ্গে তার কোন মিল নেই। এদিকে দৃষ্টি রেখে আজকে চেষ্টা করা উচিত সরকারের যে তাদের নীতির পরিবর্তন যাতে করে করতে পারেন। এর জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন এর জন্য নূতনভাবে চিন্তা করুন। আজকে বামপন্থী দল মিলে শুধু মাত্র যে সরকারকে সমালোচনা করছি তা নয় তাদের কাছে কয়েকটি সাজেসন রাখছি সেগুলি বিচার বিবেচনা করবার জন্য আবেদন জানাচ্ছি এবং জানিয়েছিও। কিন্তু তাতে কিছুই হয়নি। আমরা আন্দোলনে নেমেছি এবং সেই আন্দোলনের মাধ্যমে যদি সরকারের চেতনার সৃষ্টি হয় তাহলে বুঝবো সরকারের শুভবুদ্ধির উদ্ভব হয়েছে তাহলে বুঝবো বাংলা দেশের মানুষের প্রতি সরকারের বেদনা আছে এবং তা উপসম করার চেষ্টা করছেন।

[4-30—4-40 p.m.]

Shri Shiromoni Prosad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন ধরে আমি এই বিধান সভায় বিরোধী সভ্যগণের তরফ থেকে এই খাদ্যনীতি নিয়ে বিরূপ আলোচনা শুনছি। কিন্তু বড়ই আশ্চর্যের বিষয় যে কেবল বিরূপ সমালোচনাই তাঁরা করলেন কিন্তু কেউই কোন কনস্ট্রাকটিভ সাজেশন আমাদের সামনে রাখেননি। স্যার, আজ যাতে এই সমস্যা সমাধান হতে পারে তারজন্য কেবল বিরূপ আলোচনা করলেই হবে না। এই সমস্যাসংকুল বাংলায় কেবল যে ধান চালের অভাব আছে তা নয়, অন্যান্য খাদ্যদ্রব্যেরও অভাব আছে। যেমন ডাল ও তেল। এইজন্য আমাদের অন্য দেশের উপর নির্ভর করে থাকতে হয়। কেবল চালের দাম কমালেই চলবে না, এপক্ষেও আমাদের তাকাতে হবে। কারণ চালের দাম কমালে চাষীদের পক্ষে অনেক ক্ষতি হবে। কারণ তেল ও ডাল চাষীদের উপর নির্ভর করে আনতে হয়। আজকে আমাদের পশ্চিমবঙ্গে যে ধান চালের অভাব নেই একথা আমি বলবো না কিন্তু এই অভাব সৃষ্টি করার জন্য এই বিরোধী পক্ষই দায়ী। কারণ এঁরা সুদূর পল্লীগ্রামে গিয়ে চাষীদের বলে যে তোমরা কম দামে ধান বিক্রি করবে না, আবার সহরাঞ্চলে এসে বলে তোমরা বেশী দামে ধান কিনবে না। তাঁরা একমুখে সাপ হয়ে কামড়ায়, আর এক মুখে ওঝা হয়ে ঝাড়ে। আবার আশ্চর্যের বিষয় এই যে, এঁরা মজুরী বাড়াবার জন্য আন্দোলন করে এবং তাঁরা বাইরে গিয়ে বলে আমাদের সস্তা দামে খাদ্য দাও। কলকারখানায় মজুরী বাড়াতে গিয়ে উৎপাদনের দর বেড়ে যায় এবং দর বেড়ে যাওয়া স্বাভাবিক। এই ত এঁদের নীতি। এই যদি তাঁদের নীতি হয় তাহলে কি করে সমস্যার সমাধান হবে। এঁরা যেরকমভাবে অনশন করছেন তাতে মনে হয় না যে বাংলা দেশে দুর্ভিক্ষ আছে। আর একটা কথা বলবো এঁরা উত্তর এবং উত্তর-পূর্ব দিকে যান, সেখানে কম্যুনিষ্ট ভাই এবং তাদের দলীয় লোকেরা বহুল পরিমাণে ধান ও চাল আমাদের বাংলা দেশ থেকে ইষ্ট বেঙ্গলে পাচার করছেন, সেটা রোধ করছেন না কেন? কেবল বড় বড় বক্তৃতা দিলে হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Narayan Chandra Roy:

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, এই তিন দিনের বক্তৃতার মাঝখান দিয়ে একটি কথা যেটা স্পষ্ট হয়ে দাঁড়িয়েছে তা হচ্ছে এই যে দ্রব্যমূল্য বৃদ্ধি সম্বন্ধে কেউ অস্বীকার করেছেন বলে জানা যায়নি—চালের দাম বেড়েছে এটা কেউ অস্বীকার করেননি: অন্যান্য জিনিষের দর বেড়েছে কেউ তা অস্বীকার করেননি, কেউ বলেন কি যে মানুষের আয় বেড়েছে—ট্যাক্স বৃদ্ধি এটাও কেউ অস্বীকার করতে পারেননি, কলেকসন সরকারের তরফ থেকে মানুষের কাছ থেকে নেওয়া হয় এটা যে বেড়েছে এটা কেউ অস্বীকার করেননি। তারপর আজকে প্রধান যে কথাটা উঠেছে সেটা হচ্ছে কম্পালসরি ডিপোজিট সেটা কেউ অস্বীকার করতে পারেননি। এবং সাধারণ মানুষের ঘরে দ্রব্যমূল্য বৃদ্ধি এবং তার আয়ের উপরে যেটুকু কাটা পড়েছে এই যাঁতাকলে পড়ে মানুষের যে দুরবস্থা আজকে দলের খাতিরে, রাজনীতির খাতিরে বিভিন্নভাবে কথা বললেও কারও সাহস নেই তার বিরুদ্ধে কথা বলার। কারণ, তার পিছনে আজ থেকে তিন বছর পরে সাধারণের ভোটের সম্মুখীন হতে হবে এবং সেখানে মানুষ প্রশ্ন করবে আমাদের কষ্ট ছিল কি ছিল না এই চিন্তা কাজ করছে। এই ব্যাপারটি আজ সবচেয়ে বড় প্রশ্ন হয়ে উঠেছে অর্থাৎ

াদ্যের কথা, যে খাদ্যের কথা নিয়ে এই এসেমব্লীর ফ্লোর-এ প্রাকটিকেলি আগ্নন ছ্ড়াছ্ড়ি হয়ে াচ্ছে এবং হবে। মান্ষ একটা একটা করে অনেক জিনিস ত্যাগ করতে পারে না। কিন্তু প্র ইমারি এবং সবচেয়ে বিশেষ যেটা নিজের জন্যও বটে, ছেলেমেয়েদের জন্যও বটে, বাড়ীর জন্যও বটে— াদ্যের কথা কোন দিনই ভুলতে পারে না, তাই খাদ্যদ্রব্যের অভাবের উপর আন্দোলন পৃথিবীর বিভিন্ন জায়গায় বিভিন্ন সময়ে বহ্ ক্ষমতাসীন সরকারকে ধ্বংস করেছে। আজ এখানে সরকার পক্ষ থেকে বলা হয়েছে এর জন্য দায়ী চাষী যার জন্য দর বেড়েছে। জানিনা সরকার পক্ষের সকলের এটা মত কিনা, কিন্তু ম্খ্যমন্ত্রি যা বলেছেন। এবং তিনি অনেকবারই বলেছেন যে কে হাড´´করছে না উৎপাদক—প্রডিউসার। এখানে এই প্রশ্ন আসে যে দ্ইজন দ্ই রকম ভাষায় কথা যখন বলছে তখন কোনটা স্বীকার করি—আপনারা অঙ্গ্লি দেখাচ্ছেন একদিকে আমরা দেখাচ্ছি অন্য দিকে। আমি প্রশ্ন করি মান্ষ ৪০ টাকা করে চাল কিনে খায় কার ঘর থেকে? তারা কোন শ্রেণীকে পৃষ্ঠপোষকতা করে, তাদের কে অর্থ সাহায্য করে। ব্যাঙ্ক কাদের সাহায্য করে। সরকারী নীতি কাকে সাহায্য করে? এই যদি আলোচনা করতে যাই বিরোধী পক্ষ থেকে খাদ্যের উপর সেখানে আমাদের পিন্ পয়েন্টিং হচ্ছে সেই পিন্ পয়েন্টিং যে কাদের জন্য আজ চালের দাম ৪০ টাকা হয়েছে। যারা উৎপাদন করছে, না যারা তাদের কাছ থেকে কিনে এনে মজ্ত করে বেশী দামে বাজারে ছাড়ছে? ম্খ্যমন্ত্রি কি জানেন না কত টাকায় তারা কিনছে—বোধহয় সে খবর রাখার প্রয়োজন মনে করেন না। আজকে যদি বলি তিনি জানেন কিন্তু তার সম্বন্ধে প্রতিকার করতে হলে সেটা ভয়ংকর হয়ে উঠবে তাদের পক্ষে তাই কিছ্ করেন না সেটা নিশ্চয়ই অর্থহীন কথা হবে না। তিনি যেটা বলেছেন সেটা কৃষকের বির্দ্ধে। তিনি যদি স্বীকার করেন যে ১৪ টাকায় তারা যা বিক্রী করে সেটা বাজারে ৪০ টাকায় বিক্রয় হয় তাহলে যারা ওয়ার হাউস করে, ব্যাংক থেকে টাকা নিয়ে চাল গ্দামজাত করে তাদের বির্দ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হয় এবং তাঁকে এমন স্ট্যান্ড পয়েন্ট নিতে হয় যেটা সম্পূর্ণ য়্যানটি ক্যাপিটালিষ্ট পয়েন্ট।

[4-40—4-50 p.m.]

আমাদের নীতি এক কথায় বলতে গেলে বলতে হয় এ্যান্টি ক্যাপিটালিষ্ট ষ্ট্যান্ড। আপনাদের যাদের সংগে টিকি বাঁধা আছে তাদের বির্দ্ধে সংগ্রাম। আপনারা রাগ করবেন না আমাদের কথা শ্নে। তারপর আমি আপনাদের একটা একটা করে দেখাবো যে কাগজ একদিক দিয়ে আমাদের বির্দ্ধে কাজ করে আবার জনমত-এর মন জোগানোর জন্য তারা ধীরে ধীরে আপনাদের মন্ত্রী-সভার বির্দ্ধে ইন্ধন জ্গিয়ে যাচ্ছে—কেমন করে আপনাদের বির্দ্ধে সাধারণ মান্ষকে খেপিয়ে যাচ্ছে তা আমি দেখিয়ে যাচ্ছি। আপনাদেরই কাগজ তার থেকে আমি ৫।৬টা লাইন পড়ে দিচ্ছি শেষকালে আমি কাগজের নাম বলব তাতে আপনারা খ্সী হবেন। আমি পড়ছি "কেন্দ্রীয় খাদ্য মন্ত্রী পাতিল খাদ্য ব্যবসায়ীদের হ্শিয়ার করে দিয়েছিলেন, কিন্তু তাতে খাদ্য ব্যবসায়ীরা ভয় পাবার লোক নন, কারণ সাপের হাঁচি বেদেয় চিনে। বলতে কি পাতিলের শাষানির পর দিনই বোম্বাই দিল্লী কলকাতা সর্বত্র একযোগে ২ টাকা থেকে তিন টাকা দাম বাড়িয়ে দিয়ে-ছেন। তারা বলেছেন চালের দর খ্ব বেশী নয়, ম্ল্যবৃদ্ধির জন্য দায়ী সরকারের আঞ্চলিক এবং সংগ্রহ নীতি। পাতিল বলেছেন ব্যবসায়ীদের অসাধ্তাই এই জন্য দায়ী, আবার এখানকার সরকার বলেছেন ব্ঝতে পারছেন না কে দায়ী ব্যবসায়ী না প্রডিউসার।" আমি এদেরই শেষ কথাটা বলে আমি আমার ম্ল বক্তব্যটা বলব। এই কাগজ আরও বলেছেন "শ্ধ্ দ্নীতির কথা নয় গণতন্ত্রে দল রাখার জন্য অর্থের প্রয়োজন তার জন্য ধনী শিল্পীদের কাছে টিকি বাঁধা তাছাড়া স্পর্ধা আরও বেড়েছে সরকারী অযোগ্যতার জন্য চালের ব্যবসায়ীরা জব্দ হতে পারেনি। কন্ট্রোল প্রথা প্রবর্তিত হলেও কিন্তু সে প্রথা চাল্ হবার নয়। রেশানের দোকান হবে কিন্তু আশ্চর্য প্রক্রিয়াতে সেখানে চাল পাওয়া যাবে না। জনসাধারণকে আরও বেশী ম্ল্য দিয়ে কালোবাজারে ছ্টতে হবে, ব্যবসায়ীরা তা জানেন সেজন্য পাতিলের এই হ্মকি বাঁকা হাসির সংগে উপেক্ষা করতে প্পারেন।" এইবার আমি পত্রিকার নাম বলব এটা আনন্দবাজার পত্রিকা। এর লেখক হচ্ছে চক্রপাণি উকীল। আপনারা নিশ্চয়ই মনে করেন যে এই পত্রিকা এই মন্ত্রীসভার সমর্থক কিন্তু জনসাধারণের কাছে এই কথাগ্লি রোজ রোজ প্রচার করে আপনার মন্ত্রিসভার ব্নিয়াদ মজব্ত করছে বলে আপনাদের যদি ধারণা হয় তাহলে আপনারা ম্র্খের স্বর্গে

বাদ করছেন। এরপর আমার বক্তব্যের শেষকালে আমি বলব যে পরিস্থিতিতে এই খাদ্যনীতি আলোচনার মধ্যে উঠেছে—সেখানে আপনারা দেখাচ্ছেন এরজন্য দায়ী চাষী, এবং আমরা দেখাচ্ছি যে আপনারা এবং আপনাদের যারা সমর্থন করে তারা—এর মধ্যে যে কোন সমাধান আছে বলে আমি মনে করিনা। সেইজন্য আমাদের এর পরের পথ হচ্ছে মন্ত্রীসভার বিরুদ্ধে আমাদের অনাস্থা প্রস্তাব —এবং ঘরে বাহিরে যেখানে সম্ভব আপনাদের সংগে সংগ্রাম করা। আমার বক্তব্য শেষ করার পর আমি আপনাদের বক্তব্য শুনতে চাই কারণ আমাদের এইগুলির জবাব দিতে হবে আমাদের অনাস্থা প্রস্তাবের সময়। ধন্যবাদ।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, তিন দিন ধরে এখানে যে বিতর্ক হল তাতে এক দিক থেকে যেমন অনেক জিনিস সুস্পষ্ট হয়েছে অন্যদিক দিয়ে কতগুলি অস্পষ্ট জিনিস থেকে গিয়েছে। যেভাবে এখানে বিতর্ক সুরু হয়েছিল তাতে আমরা এটুকু বুঝতে পেরেছিলাম বিরোধীদলের বন্ধুদের কাছ থেকে যে, আমাদের দেশে চালের ঘাটতি আছে—এবং সেই ঘাটতির পরিমাণ কত তা নিয়ে প্রশ্ন উঠেছিল। কিন্তু কাল আমাদের বন্ধু সুবক্তা শ্রীকাশিকান্ত মৈত্র মহাশয়—তিনি বললেন যে বোধহয় ঘাটতি নাই এবং প্রমাণস্বরূপ নজীর দেখালেন উড্‌হেড্ কমিশন এর রিপোর্ট থেকে—বোধহয় ১৯৪২।৪৩ সালে যে দুর্ভিক্ষ হয়েছিল তার উপর উডহেড সাহেবকে চেয়ারম্যান করে যে কমিটি গঠিত হয়েছিল তার থেকে তিনি নজীর তুলে দেখালেন আমাদের ঘাটতি তেমন কিছু নাই। আমি যখন বলেছিলাম আমাদের ঘাটতির পরিমাণ ২২ লক্ষ টন তখন আমরা হিসাব করেছিলাম, মাথাপিছু দৈনিক ১৬·৫ আউন্স করে আমরা খাই এই হিসাব ধরে। অধ্যাপক প্রশান্ত মহলানবীশ যিনি পরিসংখ্যান বিষয়ে পৃথিবীর মধ্যে একজন বিশিষ্ট ব্যক্তি তিনি বলেছেন আমরা ১৭ আউন্স মাথাপিছু দৈনিক খাই। ১৬·৫ আউন্স করে যদি আমরা খাই তাহলে আমাদের প্রয়োজন পশ্চিমবাংলায় যেখানে এখন লোকসংখ্যা ৩ কোটি ৭১ লক্ষ, ৬২ লক্ষ টন চালের—তাহলে ৬২ লক্ষ থেকে যদি ৪০ লক্ষ বাদ দেওয়া যায় তাহলে দাঁড়ায় ২২ লক্ষ টন। আজকে আমি পুরানো আমাদের এ্যাসেমব্লী প্রসিডিংস ঘাটাঘাটি করে দেখছিলাম, ১৯৫৩ সালে যখন আমাদের পশ্চিমবাংলার লোকসংখ্যা এখন যা আছে তার চেয়ে ৮০ লক্ষ বোধহয় কম ছিল সেই সময়। একজন কম্যুনিষ্ট সদস্য মাননীয় শ্রীসুবোধ চৌধুরী মহাশয়, তিনি আমাদের পশ্চিমবাংলার সেই সময় ঘাটতি কত তার একটা হিসাব দিয়েছেন—আমি তাঁর বক্তৃতা থেকে সামান্য কয়েকটা কথা পড়ে শোনাব,—তিনি বক্তৃতা দিয়েছিলেন ২৫শে ফেব্রুয়ারী, বাজেট অধিবেশনে, ১৯৫৩ সালে—এই বইএর ১২৭৯-১২৮৭ পাতা—মাননীয় চেয়ারম্যান, আমি একটু সময় নেব—তিনি বলেছেন, সরকার আদর্শ খাদ্যনীতির পরিণতি এখন দেখা দিয়েছে। গ্রামে গ্রামে বুভুক্ষু মিছিল সুরু হয়েছে, ১৯৫৩ সালের ফেব্রুয়ারী—ধান কাটার পর সেদিনও হাবরায় ৩টি বুভুক্ষু মানুষের মিছিল মহকুমা অফিসকে ঘেরাও করে তাদের অবস্থা দেখে ব্যবস্থা অবলম্বনের জন্য আবেদন জানায়। গত বছর ৪০।৫০ টাকা দামে জমি জায়গা, ঘটিবাটি বিক্রী করে চাল কিনে তারা কোন মতে বেঁচেছে, এবার তাদের পক্ষে ২০।২২ টাকা দামেও চাল কিনার সংগতি নাই। দেশ বিভক্ত হবার পর পশ্চিমবাংলার চাষীকে খাদ্যশস্য চাষের জমিতে পাট চাষ করতে সরকার উৎসাহিত করেছেন। এভাবে ৩৩ লক্ষ একর জমিতে তারা পাট চাষ করছে। দেশের মানুষকে খাদ্য সরবরাহ করবার দায়িত্ব সরকারের। যদি সরকার লক্ষ্য করতেন তাহলে গ্রামকে নিঃস্ব করে দুর্ভিক্ষ সৃষ্টি করা এই খাদ্যনীতি গ্রহণ করতেন না, গ্রামে গ্রামে যখন দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে—১৯৫৩ সালের ফেব্রুয়ারী মাস—সেই সময় দুর্ভিক্ষ খাতে টাকা কমাতেন না, সরকার রিলিফ বন্ধ করে হাজার হাজার মানুষকে মৃত্যুমুখে ঠেলে দিতেন না। খাদ্য সমস্যা যখন তীব্র ভাবে দেখা দিয়েছে তখন ভাগচাষীর মুখের গ্রাস কেড়ে নেবার জন্য ভাগচাষ বোর্ড হাজার হাজার মণ ধান পঞ্চায়েৎ খামারে আটক রাখছেন তা হতে দিতেন না। সরকার যদি মনে করে থাকেন গ্রামের লোক এবার না খেতে পেয়ে মরবে তবে তাঁদের হিসাবে ভুল হয়েছে। বুভুক্ষুদের যে দীপ্ত মিছিল গ্রামে গ্রামে সুরু হয়েছে তা শুকিয়ে মরবার জন্য নয়, মানুষের মর্যাদা নিয়ে বেঁচে থাকবার অধিকারের জন্য। বাস্তবকে অসত্য কথার আড়ালে অস্বীকার করলে সমস্যার সমাধান হয় না, তাকে স্বীকার করে

ব্যবস্থা অবলম্বন করতে হয়। পশ্চিমবাংলাকে আজ চির-দুর্ভিক্ষের দেশে পরিণত করা হয়েছে।

[4-50—5-00 p.m.]

তিনি অথরিটি নন তবে তিনি একটা হিসেব দিয়েছেন। আমাদের বিভিন্ন দলের মধ্যে হিসেবের যে গরমিল হচ্ছে সেটা আমরা দেখতে পাচ্ছি। সুবোধবাবু বলেছেন যে, পশ্চিমবাংলায় ১৯৫৩ সালে ২৭ লক্ষ টন ঘাটতি। তিনি আরও বলেছেন যে, গ্রামের লোক তিন পোয়ার কম চাল খায় না এবং দৈনিক তাদের গড়ে তিন পোয়া চাল লাগে। ১৯৫৯ সালে যখন বিরাট ফুড মুভমেন্ট হয় তখন ডঃ প্রফুল্ল ঘোষ এ্যাসেম্বলীতে বলেছিলেন,

"The West Bengal Government also made a grievous mistake in calculating the deficit. I can understand the mistake made from the preliminary forecast but when the final figures of about 9 lakh tons deficit was given it was also calculated on a very wrong basis. Last year's production in Bangal—1958—was given as about 40 lakh tons, deducting 4 lakh tons as seed and wastage and about 2 lakh tons kept as stock by cultivators it would come to about 34 lakh tons. But on the basis of 20 oz. per day per adult our requirement would be about 60 lakh tons. So the deficit is really about 16 lakh tons. There may even be some plus or minus of errors in the figure of production but the way in which the figure is calculated nobody can say that it is absolutely accurate. It has been said by somebody whether it was 20 oz. per head per day—I enquired from the Jail Minister last night what is given to the Division III prisoners—he said manual workers get 24 oz. of cereals, i.e., 12 chattacks and non-manual workers, i.e., men like ourselves—all of us—get more or less 20 oz. per day."

এই হোল ডঃ প্রফুল্ল ঘোষের বক্তৃতা যিনি এক সময় আমাদের এখানে পি, এস, পি, দলের নেতা ছিলেন। তিনি যখন চিফ মিনিস্টার ছিলেন তখন তিনি কংগ্রেস দলের লোক ছিলেন এবং তখন তিনি যা বলছিলেন সেটা বিশ্বাস করতে না পারি, কিন্তু পি. এস, পি-র নেতা হিসেবে যা বলেছেন সেটা নিশ্চয়ই বিশ্বাস করতে হবে। যাহোক, এখন কথা হোল আমাদের ঘাটতির পরিমাণ ৪ লক্ষ, ১১ লক্ষ, ১৫ লক্ষ, ১৭ লক্ষ না ২২ লক্ষ সেটা নির্ভর করছে আমরা কত করে রোজ খাই তার উপরে। কালকে আমাদের বন্ধু আনন্দ গোপাল বাবু বলবার চেষ্টা করেছেন যে, বর্ধমান জেলায় চাষীরা নাকি ভাত খায়, মুড়িও খায় এবং বর্ধমান জেলায় যাঁদের বাড়ী তাঁরা এই পক্ষের হোন আর ঐ পক্ষেরই হোন তাঁরা জানেন বর্ধমান জেলায় যখন ভাত বেড়ে দেয় তখন নাকি বেড়ালেও সেই ভাত ডিংগাতে পারে না। স্বাধীনতার আগে লোকেরা মুখের গ্রাস বিক্রি করে দিত কারণ তখন ধানের দাম ছিল একটাকা, পাঁচসিকা, দেড়টাকা মণ। কাজে কাজেই তাদের খাজনা দেবার জন্য যা উদ্বৃত্ত থাকত সেটা তারা বিক্রি করত এবং পেট ভরে খেত। তবে আজকেও সে পেট ভরে খাচ্ছে। আজকে উদ্বৃত্ত বা স্বয়ংসম্পূর্ণ চাষী সে বর্ধমান বীরভূম, ক্যানেল অঞ্চলের বা মেদিনীপুরের হোক আর যেখানেই হোক সে পেট ভরে খাচ্ছে। (জনৈক বিরোধী সদস্য :—কোশ্চেন) আজকে এখানে বিভিন্ন জেলায় যে সমস্ত সদস্য আছেন তাঁরা জানেন যে, সমস্ত উদ্বৃত্ত এবং স্বয়ং সম্পূর্ণ চাষী এবং যাদের ৮০ মণ বা ১০০ মন ধান হয় তারা আজকাল পেট ভরে খাচ্ছে, আগে খেতে পারত না। আজকে গ্রামের চাষীরা পেট ভরে খায় বলে আমাদের যা উৎপাদন তার সমস্তটাই প্রায় গ্রামের লোকেরা খেয়ে ফেলে এবং পশ্চিমবাংলার লোকসংখ্যা যদি ৩ কোটি ৭৮ লক্ষ ধরি তাহলে দেখব শহরের লোকসংখ্যা ৯০ লক্ষ আর ২ কোটি ৮১ লক্ষ গ্রামাঞ্চলে বাস করে। এই ২ কোটি ৮১ লক্ষের মধ্যে দেড়কোটি লোক কৃষক যাদের চাষ করতে হয় এবং এই দেড়কোটির মধ্যে ৭০ লক্ষ হচ্ছে যারা উদ্বৃত্ত চাষী—সারপ্লাস প্রডিউসার অথবা স্বয়ংসম্পূর্ণ চাষী। (শ্রীকমল গুহ :—বাজে কথা) মাননীয় সদস্যরা যখন বক্তৃতা করেছিলেন তখন তাঁদের কথার মধ্যে অনেক বাজে কথা ছিল এটা জেনেও আমি কিন্তু তখন কিছু বলি নি।

যাই হোক আমার বক্তব্য হচ্ছে ৭০ লক্ষ চাষী উদ্বৃত্ত সারপ্লাস প্রডিউসার আর বাকী যে ৮০ লক্ষ চাষী, তাদের কারও দু মাসের ধান হয়, কারও তিন মাসের ধান হয়, কারও ছয় মাসের ধান হয়, কারও ৯ মাসের কি ১০ মাসের ধান হয়। গড়ে যদি ধরা যায় তাহলে তারা ৬ মাস নিজের ধান খায়। এই ৮০ লক্ষ লোকের মধ্যে ৪০ লক্ষও যদি ধরি তাহলে ৭০ আর ৪০ অর্থাৎ ১ কোটি ১০ লক্ষ লোক ৩ কোটি ৭১ লক্ষ লোকের মধ্যে নিজেদের উৎপন্ন ধান খায়, যত পরিমাণ দরকার ততই খায়। আজকে ৭০ লক্ষ লোক আছে যারা উদ্বৃত্ত এবং স্বয়ং সম্পূর্ণ। [এ ভয়েস ঃ—এটা বাজে কথা] এটা বাজে কথা নয়, সত্য কথা। এ ছাড়া আরও ৮০ লক্ষ লোক আছে, যাদের গ্রামের সংগে সম্বন্ধ আছে তাঁরাই জানেন, যাদের ৬ থেকে ৮ মাসের ধান হয়, গড়ে যদি ৬ মাস ধরি তাহলে ১ কোটি ১০ লক্ষ লোক পেট ভরে ভাত খায়। (এ ভয়েস ফ্রম অপোজিশন ঃ—আর একটা রুরাল পপুলেশন আছে যার কথা ভুলে গেলেন) তাদের কথাও বলছি, শুনুন। এ ছাড়া আরও যে ১ কোটি ৩০ লক্ষ লোক আছে যারা শিল্পী, যারা আর্টিজান যারা অন্য কাজ করে যারা দিন মজুর বা যারা ভাগচাষ করছে এমন লোক আছে যাদের সম্বৎসর কুলায় না, এই সমস্ত লোক গ্রামে যে চাষ হয় সেই উৎপন্ন দ্রব্য কিনে খায়। আমাদের মাননীয় বন্ধু পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় পরশু দিন বিতর্কে যোগ দিয়ে বলেছিলেন আমার কাছে হিসেব চেয়েছিলেন প্রথম নম্বর অপরাধী হিসাবে যে এই ৪০ লক্ষ টন চাল যায় কোথায়? নিশ্চয়ই প্রফুল্ল সেন মহাশয়ের মুনাফাখোররা নিয়েছে, তারা কোটি কোটি টাকা খরচ করছে। আমি তার উত্তরে বলতে চাই যে ৪০ লক্ষ টন চালের মধ্যে প্রায় ৩৪ লক্ষ টন চাল গ্রামের লোকেরা খায়। আমি মাননীয় বন্ধুদের কাছে বলতে চাই পশ্চিম বাংলায় এই যে ৪০ লক্ষ টন চাল উৎপন্ন হয় তা কি করে উৎপন্ন হয়। আমাদের ৬ থেকে ৮ লক্ষ উৎপন্ন হয় রাইস্ মিল থেকে, হলার থেকে, বড় বড় চালকলগুলি থেকে, সাড়ে তিন থেকে ৫ লক্ষ টন উৎপন্ন হয় প্যাডি হাস্কিং মেশিন থেকে। মুর্শিদাবাদের লোকে জানে, বীরভূমের লোক জানে এই যে কলে ৭ লক্ষ টন চাল হয়, ৮ লক্ষ টন চাল হয়, যেবারে বেশী ধান হয় সেবারে ৮ লক্ষ টন চাল হয়, যেবারে কম হয় সেবার ৭ লক্ষ টন চাল হয়, এর মধ্যে অনেকটা পরিমান আমাদের গ্রামে খরচ হয়। বীরভূমে যে ধানকলগুলি আছে, বোলপুরে যে ধানকলগুলি আছে শহরের লোকেরা ধানকলগুলির চাল খায়, আমাদের বর্ধমান শহরে যে ধানকলগুলির চাল হয় সেই চালগুলি বর্ধমানের লোকেরা খায়। কাজে কাজেই বড় ধানকলগুলিতে গড়ে যে ৭ লক্ষ টন চাল হয় তার প্রায় ৩ লক্ষ টন চাল গ্রামের লোকে খায়। তাহলে কলকাতায় আসছে ৪ লক্ষ টন। এই যে মুনাফাখোরদের টাকা দিল পর শত শত মণ সহস্র সহস্র মণ চাল পাওয়া যায় সেই পরিমান চাল কিন্তু ৪০ লক্ষ টন চাল নয়। এই চাল হচ্ছে ৪ লক্ষ টন চাল। আমাদের কলকাতা শহর বা শিল্পাঞ্চল যেখানকার লোক সংখ্যা প্রায় ৮০/৮৮ লক্ষ সেই জায়গার লোকেদের জন্য পশ্চিমবংগে উৎপন্ন এই ৪ লক্ষ টন চাল আসে। কাজে কাজেই সমস্যা খুব গুরুতর। গুরুতর এই জন্য যে গ্রামের লোককে যদি আমরা উপোস করে মারি যে কথা আমার বন্ধু সুবোধ চৌধুরী মহাশয় বলেছিলেন আজ নয় ১০ বছর আগে, তিনি ১০ বছর আগে দুর্ভিক্ষের পদধ্বনি কান পেতে শুনেছিলেন, "আমি সতর্ক করে দিচ্ছি খবরদার, গ্রামের লোকের মুখের গ্রাস শহরের লোকের জন্য কেড়ে আনলে ভীষণ ব্যাপার হবে।" আজকে সত্যই গ্রামের লোকে বেশী করে চাল খাচ্ছে, আর শহরে যেটা আসছে বড় বড় ধানকলগুলির চাল তার পরিমান হচ্ছে ৪ লক্ষ টন। অতএব আমাদের সমস্যা গুরুতর। আমাদের এখানে সেজন্য আমরা যে খাদ্যনীতি গ্রহণ করেছি সেই খাদ্য নীতি হল আমরা ৪ লক্ষ টন, আমি বোধ হয় আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম, মনে নেই, আমরা যে বছর সব চেয়ে বেশী চাল প্রোকিওর করেছিলাম তার পরিমান ছিল ৫ লক্ষ টন, এই ৪ লক্ষ টন বা ৫ লক্ষ টন চালের বেশী এই ৮৮/৯০ লক্ষ লোকের জন্য প্রোকিওর করতে পারব না। এর বেশী প্রোকিওর করা অসম্ভব। তা যদি করতে হয় তাহলে সুবোধ বাবুর কথায় গ্রামের লোকের মুখের গ্রাস কেড়ে আনতে হয়। আজকে সেজন্য আমাদের এই পরিপ্রেক্ষিতে বিচার করতে হবে। আমরা বলেছি যে যে অঞ্চল যে রাজ্য খাদ্যে ঘাটতি সেখানে যদি সংগ্রহ করা যায় তাহলে তাতে বাজারে দর বেড়ে যায়। মাননীয় বন্ধুদের স্মরণ রাখা কর্তব্য যে যখন আমরা উদ্বৃত্ত জেলাগুলিকে ঘেরোয়া করে কর্ডন করে সংগ্রহ করতাম তখন তা অল্প দামে ঘাটতি

জেলায় মডিফায়েড রেশনের মাধ্যমে দিতাম। সেখানে চালের দামের ক্ষেত্রে শ্রীবীরেন ভৌমিক মহাশয় বলেছিলেন ৪০।৪৫ টাকা হয়ে যেত। এর আগে সেদিন একজন মাননীয় সদস্য উল্লেখ করেছিলেন যে এই রকম চালের দাম নাকি আর কোন দিন বাড়ে নি। বেড়েছে, এর চেয়েও বেশী হয়েছে। অবশ্য কুচবিহারের কথা বলব না, সেখানে ৭৫ টাকা চালের দাম হয়েছিল, খাদ্য আন্দোলন হয়েছিল, গুলিও চলেছিল সত্য এবং আমি এ কথাও বলছি যে গুলি চলার পর সেখানে ৬টি আসনে কংগ্রেস প্রার্থী জিতেছিল। সেই সব কথা বলে আমি লজ্জা দিতে চাই না।

[তুমুল হট্টগোল]

[5-00—5-10 p.m.]

কাজে কাজেই আমাদের খাদ্যনীতি গুলি চালানো নয়, আমাদের খাদ্যনীতি গ্রামের লোকের কাছ থেকে তাদের সমস্ত ধান সংগ্রহ করে নিয়ে আনা হয়—আমাদের খাদ্য নীতি হচ্ছে.........

[বিরোধীপক্ষের বেঞ্চ হতে তুমুল হট্টগোল]

(শ্রী মনোরঞ্জন হাজরা : গত ১৬ বছর ধরেই তো আমরা এই বক্তৃতা শুনছি।) আমাদের বিরোধী-দলের বন্ধুদের কাছ থেকে ১৬ বছর ধরে আমরাও একই কথা শুনছি। যে কথা সুবোধবাবু বলেছিলেন ১০ বছর আগে সে কথাই আমরা শুনছি—নূতন কথা আমরা কিছু শুনি নি। কাজেই আজকে আমি সেই কথারই জবাব দেব। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল) আমার বক্তব্য আমার মতই হবে, মাননীয় বন্ধুদের মত বক্তৃতা আমি দিতে পারবো না, আমি যেমন বক্তৃতা দিতে পারি সেই রকম বক্তৃতাই দেব—কারো মনগড়া বক্তৃতা আমি দিতে পারবো না। কাজেই ৩ দিন ধরে যে খাদ্য বিতর্ক হল তাতে আমরা যদি কোন অন্যায় কথা বলি মান-নীয় সদস্যদের মতে তাহলে তা শুনতে হবে, কেন না আমরাও আপনাদের অনেক কথা শুনেছি। আপনারা নূতন কোন কথা বলেন নি। পুরানো কথাই বলেছেন। [বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল] আমি ১৯৫৩ সালের কথা বললাম—গত দশ বছর ধরে আমরা দুর্ভিক্ষের পদ-ধ্বনি শুনে এসেছি এবং আমাদের এই পশ্চিমবাংলায় আজকে এবং কালকেও কোন কোন মান-নীয় সদস্যরা বলেছেন যে এখন আমরা শুধু উপোষ করে ক্ষান্ত হব না, আমরা এই সমস্ত মন্ত্রীদের, মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকে ঘাড় ধরে নামাবো—এ কথা চুপ করে শুনেছি, কোন প্রতিবাদ করি নি। আমাদের ঘাড় ধরে নামাবার চেষ্টা গত ১৬ বছর ধরে চলে আসছে এবং আমরা দেখিয়াছি যে আমাদের কেউ ঘাড় ধরে নামাতে পারবে না। এখানে কেউ কেউ ভীতি প্রদর্শন করেছেন যে আমরা বিপ্লব সৃষ্টি করবো—আমরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করি না, ভয়ংকর বিপ্লব করবো। নিশ্চয়ই করতে পারেন। কালকেও বলেছেন, আজকেও বলে-ছেন যে তাঁরা শুধু উপোষ করে ক্ষান্ত হবেন না, তাঁরা দরকার হলে বিপ্লব করবেন। তাঁরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করেন না বলে কয়েকজন সদস্য বলেছেন। নিশ্চয়ই উত্তর দিতে হবে। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)

Mr. Chairman: আপনারা একটু চুপ করুন—please do not disturb. Please allow him to speak.

The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁদের যদি একথা বলবার অধিকার দেয়া হয়ে থাকে তাহলে তার উত্তর শুনতেই হবে।

[5-10—5-20 p.m.]

আজকে আমি সেইজন্য দেখলাম তাদের বক্তৃতা শুনবার পর আমাদের পশ্চিমবাংলায় ১৯৫০ সালে খাদ্য আন্দোলন হয়েছে, ১৯৫৩ সালে খাদ্য আন্দোলন হয়েছে, ১৯৫৪ সালে হয় নি ১৯৫৫ সালে হয় ১৯৫৬, ১৯৫৭, ১৯৫৮ সালে হয়েছে এবং ১৯৫৯ সালে কি কাণ্ড হয়েছে তা আপনারা জানেন। আমরা তাতে ভীত হই নি। কারণ আমরা আমাদের কর্তব্য পালন করবো এবং আমাদের কর্তব্য বোধ আছে, আমাদের বিচার বুদ্ধি আছে। একজন মাননীয় সদস্য বলেছিলেন..............

[গোলমাল]

আমরা জনসাধারণের আস্থাভাজন লোক—নিশ্চয়ই আমরা এই আসনে বসবো কারুর ক্ষমতা নেই আমাদের এখান থেকে অপসারণ করতে পারে। [এ ভয়েস—জনসাধারণ পারে] কিন্তু এই সমস্ত লোকদের শ্বারা নয়। মিঃ চেয়ারম্যান স্যার, আমরা ১৯৫০ সাল থেকে দুর্ভিক্ষের পদধ্বনি শুনে আসছি এবং দুর্ভিক্ষে মারা যাচ্ছে—কত মিছিল কত কাণ্ড হয়েছে...

[গোলমাল]

Mr. Chairman:

আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি আপনারা চুপ করে শুনুন যা অভিযোগ করেছেন তার জবাব তো শুনবেন।

[গোলমাল]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাকে বলতে দিন—কৈ আপনাদের সময় ত' আমি কোন কথাই বলি নি—আপনারা কেন এ রকম করছেন?

[গোলমাল]

Mr. Chairman:

আপনারা দয়া করে ধৈর্য ধরে শুনুন চীফ মিনিস্টার কি জবাব দিচ্ছেন।

Dr. Kanai Lal Bhattacharya: On a point of order, Sir.

শংকরদাস ব্যানার্জী মহাশয় একজন মন্ত্রী হয়ে বিরোধী পক্ষের দিকে ঘুষি দেখিয়েছেন এবং আমার দিকে তাকিয়ে বলেছেন—তুই এগিয়ে আয়, তুই এগিয়ে আয়......

The Hon'ble Sankardas Banerjee: No.

(Noise and interruptions)

Mr. Chairman: Please sit down.

(Noise and interruptions)

Shri Jamini Bhusan Saha: On a point of order

শংকরদাস বাবু মনোরঞ্জন বাবুকে বলছেন—আপনি বেরিয়ে যান।

The Hon'ble Sankardas Banerjee: No. I have not said that.

(Noise and interruptions)

Mr. Chairman: So long as the Chief Minister will reply you will have to listen.

Dr. Kanai Lal Bhattacharya: But he must withdraw that.

Mr. Chairman: As he has denied it there is no question of its withdrawal.

Shri Kamal Kanti Guha:

তিনি উঠে দাঁড়িয়ে পারসোনাল এক্সপ্লানেশন দিন।

Mr. Chairman:

তিনি তো বলেছেন আমি বলি নি। উনি যখন বলছেন যে বলেন নি তারপরে আর কি করবার আছে?

Shri Nani Bhattacharjee:

উনি উঠে দাঁড়িয়ে ডিনাই করুন।

Mr. Chairman: He has denied.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি স্যার এইটে বলতে চাইছিলাম যে এই দশ বছর ধরে তো দুর্ভিক্ষের......

Dr. Kanai Lal Bhattacherjee:

মন্ত্রীরা যা তা বলবেন তা সত্ত্বেও হাউস চলবে, এরকমভাবে চলতে পারে না। এতে ব্যাড্ প্রিসিডেন্ট ক্রিয়েটেড হচ্ছে।

Shri Nani Bhattacharya:

তিনি তো বলতে পারেন আমি বলি নি। এই কথাটা কি তিনি দাঁড়িয়ে উঠে বলতে পারেন না?

Mr. Chairman:

তিনি তা ডিনাই করেছেন। ইউ টেক হিম এ্যাট হিজ ওয়ার্ডস। সেখানে উঠে দাঁড়িয়ে জোর করে বলার আর কি দরকার আছে?

The Hon'ble Sankardas Banerjee:

আমি বার বার বলেছি আমি ও'কে বেরিয়ে যেতে বলিনি। আমি যে সেন্টেন্স-টা বলেছিলাম তা হল এই : আপনারা ধৈর্য্য ধরে শুনুন, নতুবা বাইরে চলে যান।

[5-20—5-30 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এই কথাই আপনার কাছে বলতে চাই যে আমরা যে ১০ বছর ধরে দুর্ভিক্ষ দেখছি তাতে পশ্চিমবাংলার মৃত্যুর হার বেড়েছে না কমেছে। ১৯৫১ সালে হাজার করা মৃত্যুর হার ছিল ১৩, তারপরে ১৯৫২ সালে হল ১০·৮, ১৯৫৩ সালে যেবার ভয়ানক দুর্ভিক্ষ এবং অনটনের বছর—জিনিসপত্রের দাম খুব চড়া সে বছর হল ১০·২, ১৯৫৪ সালে হল ৯·৩, ১৯৫৫ সালে হল ৮·৯, ১৯৫৬ সাল হল ৮·৭, ১৯৫৭ সালে হল ৯·৯, ১৯৫৮ সাল হল ৯·৩, ১৯৫৯ সালে যেবার ভীষণ খাদ্য আন্দোলন হয়েছিল সেবার মৃত্যুর হার হাজার করা হয়েছিল ৮·১।

Shri Monoranjan Hazra:

স্যার, একটা প্রদেশের মুখ্যমন্ত্রীর কি ওরকম অভিনেতার কণ্ঠস্বরে কথা বলা শোভা পায়।

The Hon'ble Prafulla Chandra Sen:

স্যার, এবার আমি পুরুলিয়া জেলা সম্বন্ধে বলছি। আমি এপ্রিল মাসের প্রথমে—মার্চ মাসের শেষ দিকে গিয়েছিলাম। এপ্রিল মাসের প্রথমে আমি ওখান থেকে চলে আসি। আমি যখন হুরা এবং পুইতা এলাকায় কয়েকটি জনসভায় বক্তৃতা দিয়েছিলাম তাতে আট থেকে দশ হাজার লোক আসত আমার বক্তব্য শুনতে। এবং সেই সময় লোকসেবক সঙ্ঘের বন্ধুরা অনেক হ্যান্ডবিল বিলি করছিলেন, এতে ৮১৯ ব্যক্তি মার্চ, এপ্রিল মাসে অনাহারে মারা গিয়েছেন বলে তাঁরা প্রচার করেছিলেন এবং আমি, মিঃ চেয়ারম্যান, আপনার কাছে বলতে পারি এপ্রিল মাসে আমাদের পশ্চিমবাংলার চালের দর ২৮ টাকা ছিল, আজকে যেখানে দর ৩৯ টাকা, এপ্রিল মাসে ২৮ টাকা ছিল এবং সেইসময় ৯ জন লোক পুরুলিয়ায় মারা গিয়েছিল এবং সেইসময় পুরুলিয়ায় একটা উপনির্বাচন হয়েছিল; সেই উপনির্বাচনে কংগ্রেস পক্ষ থেকে অর্থাৎ যাঁরা সরকারকে যাঁরা সমর্থন করেন, আমাদের খাদ্য নীতি যাঁরা সমর্থন করেন এবং যাদের কার্য্যের দরুন, অপকীর্তির দরুন ৯ জন পুরুলিয়ায় মারা গিয়েছিল—আমাদের পক্ষ থেকে একটি যুবক তাঁর রাজনৈতিক কাজ কিছু নেই, সামাজিক কাজও খুব বেশি নেই, তাঁর বয়সও বেশী নয়, তার বিরুদ্ধে লোকসেবক সংঘের মহান নেতা, তাঁকে আমি শ্রদ্ধা করি তিনি আমাদের সুপরিচিত, শ্রদ্ধেয় শ্রীচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়, তিনি প্রবীণ, তিনি আগে কংগ্রেসে ছিলেন, তিনি স্বীকার করেছিলেন তাকে ভালোবাসেন। কিন্তু তথাকথিত দুর্ভিক্ষ সত্বেও ৯ জন লোক তথাকথিত অনাহারে মৃত্যুমুখে পতিত হওয়া সত্বেও কংগ্রেস সেই উপনির্বাচনে জয়লাভ করেছে। কাজে কাজেই তাঁরা কথায় কথায় ভয় দেখান, এটা আমরা গত ১৬ বৎসর ধরে শুনে আসছি। একটা কথা, পুরুলিয়ায়,—আমার কাছে এখানে ২ জন মাননীয় সদস্য প্রশ্ন করেছেন যে মানবাজার থানাতে কয়টা ফেয়ার প্রাইস সপ ন্যায্য

মূল্যের দোকান আছে বলতে হবে, তা আমি সংগ্রহ করেছি,—আমি দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি যে মাননীয় সদস্য এই প্রশ্ন করেছিলেন তাঁর অজ্ঞতা দেখে,—মানবাজার গ্রামেই ৪টা ন্যায্য মূল্যের দোকান আছে, বনমহলায় একটি, ছতুরায় একটি, দীঘায় একটি, গোবিন্দপুরে একটি—

(Noise and interruptions)

Shri Girish Mahato :

আমি চ্যালেঞ্জ করছি—

Mr. Chairman : Shri Girish Mahato, will you kindly take your seat ?

[Noise and interruptions]

The Hon'ble Prafulla Chandra Sen:

ধৈর্য ধরে শুনলে আমি সব বলতে পারব। পুরুলিয়ায় আমাদের মাননীয়া ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি গিয়েছিলেন, এবং তিনি যখন গিয়েছিলেন তাঁকে যেভাবে অভিনন্দন এবং অভ্যর্থনা করা হয়েছিল—সেখানে ত্রাণ কার্য্যের জন্য আমাদের সুনামই হয়েছিল, দুর্নাম কেউ করেনি—

[Noise and interruptions]

আমাদের তাহলে খাদ্যনীতি কি আমি আংশিক ভাবে বলেছি, বাকীটুকু যদি বলবার সুযোগ পাই তাহলে বলে শেষ করব। আমাদের এখানে যখন দাম বাড়ে চালের তখন আমরা আমাদের ন্যায্যমূল্যের দোকান থেকে কিছু চাল এবং কিছু গম দিই এবং খোলাবাজারে আমরা আটা বিক্রী করি, ময়দা বিক্রী করি, এবং তার ফলে আমরা দেখতে পাচ্ছি ন্যায্য মূল্যের দোকান থেকে ধীরে ধীরে বেশী মাল কাটছে। আমি পরশু বলেছিলাম আমার প্রারম্ভিক বক্তৃতায় ৫৬ লক্ষ লোক আমাদের ন্যায্য মূল্যের দোকান থেকে—৫৫-৫৬, বোধ হয় ৫৫ লক্ষ ৮০ হাজার লোক আমাদের ন্যায্য মূল্যের দোকান থেকে গম এবং চাল নিচ্ছে। আজকে আমি খবর পেলাম আমাদের ফুড ডাইরেক্টর মহাশয়ের কাছ থেকে, সেই সংখ্যা এই সপ্তাহে মোট দাঁড়িয়েছে ৬৩ লক্ষ। এবং আমরা মনে করছি হয়তো এই সংখ্যা ১ কোটি হতে পারে।

[5-30—5-40 p.m.]

মাননীয় সদস্যদের এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৫৯ সালে যখন পশ্চিমবাংলায় প্রায় ৯টি জেলায় ভীষণ বন্যা হয়েছিল, প্লাবন হয়েছিল সেই সময় আমাদের কাছ থেকে ১ কোটি ২০ লক্ষ পর্য্যন্ত লোক ন্যায্যমূল্যের দোকান থেকে চাল এবং গম নিয়েছে। প্রয়োজন যদি হয় ১ কোটি ২০ লক্ষ লোককে আমরা দিতে পারব। আমাদের ন্যায্য-মূল্যের দোকান থেকে ৬৩ লক্ষ লোককে এখন আমরা দিচ্ছি চাল এবং গম, তা বাদে বহু লোক টেস্ট রিলিফ এবং কাজে নিযুক্ত আছে, তার সংখ্যা গড়ে প্রায় ১।০ লক্ষ, প্রত্যেক পরিবারে যদি, ৪ জন লোক ধরা হয়—তারা ২।।০ সের করে গম পান, যেদিন গম দেওয়া হয় না ১ টাকা করে নগদ মজুরী পান, এতেও প্রায় ৫ লক্ষ লোককে আমরা খাদ্য দিচ্ছি। তা বাদে প্রায় ৮।।০ লক্ষ লোককে গ্রাচুইটাস রিলিফ, ডোলস্ খয়রাতি সাহায্য দিচ্ছি। তাহলে আমরা দেখতে পাচ্ছি যাদের ক্রয়ক্ষমতা একদম নাই এমন লোককে আমরা খয়রাতি সাহায্য দিচ্ছি বা কাজের মাধ্যমে মজুরী দিচ্ছি। সব যদি হিসাব করা যায়, ৬৩ লক্ষ এবং ৫ লক্ষ, ৬৮ লক্ষ এবং ৮ লক্ষ, ৮।।০ লক্ষ, ৭৬ লক্ষ, ৭৭ লক্ষ—এই লোক এখন সরকারের কাছ থেকে ন্যায্যমূল্যে বা খয়রাতি সাহায্য পাচ্ছে, এবং এই সংখ্যা যত বাড়ে আমরা দেব যেমন ১৯৫৯ সালে আমরা দিয়েছিলাম। এটুকু আমি বলতে পারি আমাদের পশ্চিমবাংলার এই বড় বড় রাইসমিল থেকে যে ৪ লক্ষ টন চাল আমাদের এখানে আসে সেটা আমরা সংগ্রহ করতে চাই না, সে সংগ্রহ করলেও আমাদের কাজের পক্ষে কোন লাভ হবে না। আমরা অবশ্য নেপাল থেকে কিছু চাল পাচ্ছি, উত্তর প্রদেশ থেকেও কিছু চাল পাচ্ছি, সেদিন অন্ধ্র প্রদেশ থেকেও কিছু চাল, প্রায় ২৫ হাজার টন আমরা পাব বলে খবর পেয়েছি। কিন্তু মুস্কিল হচ্ছে, এগুলি আতপ চাল। আতপ চাল আমাদের এখানে সকলে খাবেন কিনা জানিনা, আতপ চাল সকলে পছন্দ করেন না, তবে আমরা ভাবছি এই ২৫ হাজার টন চাল তাঁরা যদি কিছুটা দাম কমিয়ে দেন—আমরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি এই কথা।

আমরা ২৫ হাজার টন আতপ চাল নেব কিন্তু বিক্রি না হলে লোকসান হবে এবং বিরোধী দলের মাননীয় সদস্যেরা গাল দিয়ে বলবেন, মশাই, এত চাল কিনলেন কিন্তু বিক্রি করতে পারলেন না। কাজেকাজেই আমি বলছি যে, বহুদিনের অভিজ্ঞতার ফলে এবং বহু চিন্তা করে যে খাদ্যনীতি আমরা গ্রহণ করেছি তার ১৯।২০ পরিবর্তন করতে পারি, সংশোধন করতে পারি, কিন্তু মূল নীতির পরিবর্তন করতে পারি না। তারপর, স্টেট ট্রেডিং-এর কথা উঠেছে। স্টেট ট্রেডিং-এর মূল কথা কি সেটা স্যার, আপনি জানেন কিনা জানিনা, তবে আমি যতদূর জানি সেটা হচ্ছে হোল সেল স্টেট ট্রেডিংটা কো-অপারেটিভ-এর মাধ্যমে হবে। তবে কো-অপারেটিভ-এর মাধ্যমে যদি হয় তাহলে সেটা সরকার কর্তৃক আরোপিত কো-অপারেটিভ নয়। আমাদের এই পক্ষের হোন আর ঐ পক্ষেরই হোন যে কোন লোক আমরা কো-অপারেটিভ করতে পারি এবং সেটা যদি করতে পারি তাহলে বুঝব লোকদের উপর আমাদের প্রভাব আছে। এখন দেখা যাক এই পক্ষের হোন আর ঐ পক্ষেরই হোন সমবায় সৃষ্টি করে আমরা হোলসেল ট্রেডিং করতে পারি কিনা। তা যদি করতে পারি তাহলে ঘাটতি কমবেনা তবে মূল্যরোধ কিছুটা হতে পারে। কাজে কাজেই স্টেট ট্রেডিং ঘাটতি অঞ্চলে করা উচিত কিনা সে সম্বন্ধে চিন্তা করতে হবে এবং এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকার যে নির্দেশ দিয়েছেন এবং প্ল্যানিং কমিশন যেভাবে চিন্তা করছেন তাতে ঘাটতি অঞ্চলে স্টেট ট্রেডিং-এর কথা নেই। আমরা পাট-এর ব্যাপারে স্টেট ট্রেডিং করতে পারি কারণ আমরা এখানে পাট বেশী তৈরী করছি। কাজেই পশ্চিমবাংলায় আমরা কি করে হোলসেল ট্রেডিং করব? ৪০ লক্ষ টনের মধ্যে যদি ৩৭ লক্ষ টন গ্রামের লোকের খায়, ২৯।৩০ লক্ষ টন যদি ঢেঁকিতে কুটে খায় তাহলে কিছুটা হয়ত আমরা করতে পারি। কাজেই দেখা যাচ্ছে ঘাটতি অঞ্চলে স্টেট ট্রেডিং করা চলেনা। তবে হোলসেল ট্রেডিং করে, কো-অপারেটিভের মাধ্যমে যদি মূল্য রোধ করা যায় তাহলে বিরোধী দলের মাননীয় বন্ধুদের সংগে বসতে আমি রাজি আছি। কিন্তু এই জুলাই, আগস্ট মাসে যদি খাদ্য নীতি পরিবর্তন করতে চাই তাহলে লোকে বলবে মূর্খ, হিসেব না করে কাজ করছে।

(নয়েজ)

আপনারা আমাকে প্রতারক বলেছেন, ঘাড় ধরে বার করে দেবেন বলেছেন তখন আমি কিন্তু কিছু বলিনি, কাজেই এখন আর গোলমাল করবেন না। আমি কোন অকথা—কুকথা বলছিনা, আমি হিসেবের কথা বলছি, পরিসংখ্যানের কথা বলছি কাজেই আমাকে কেন বলতে দেবেন না। আপনাদের যেমন বলবার অধিকার ঠিক সেই রকম আমারও বলবার অধিকার আছে। (জনৈক সদস্যঃ আমাদেরও অধিকার আছে) আপনাদের অধিকার শেষ হয়ে গেছে আমি শেষ বক্তা। যাহোক আমার বন্ধুরা বলেছেন যে আমি নাকি তাঁদের সংগে অসৎ ব্যবহার করেছি। কাশীবাবুর পিতাঠাকুরের সংগে আমার সৌহার্দ্য ছিল এবং আমরা তাঁকে দাদা বলতাম। তিনি খুব ভাল বক্তা ছিলেন এবং কাশীবাবুও একজন ভাল বক্তা। যাহোক, কাশীবাবু বলেছেন যে, আমি তাঁর চিঠির উত্তর দেইনি—তবে একথাও বলেছেন যে, আমি তখন অসুস্থ ছিলাম। সত্যিসত্যিই আমি অসুস্থ ছিলাম বলে চিঠিপত্রের জবাব দিতে পারিনি। তবে আমার বন্ধু হেমন্তবাবু যখন এসেছিলেন তখন আমি তাঁকে বলে-ছিলাম যে, একথা আর কি শুনব, গত ১৬ বছর ধরে শুনছি নূতন কথা কিছু নেই। তবে আমরা যে খাদ্য নীতি গ্রহণ করেছি সেটা অভিজ্ঞতা থেকে গ্রহণ করেছি, ঠকে গ্রহণ করেছি, ঠেকে গ্রহণ করেছি এবং শিখে গ্রহণ করেছি। কাজে কাজেই এই নীতি হঠাৎ পরিবর্তন করলে তাতে দেশের কল্যাণ হবেনা এবং বিভ্রান্তি ও বিশৃংখলা সৃষ্টি করবে। তারপর, অনেক মাননীয় বন্ধু বলেছেন এই যে ৪ লক্ষ টন চাল কোলকাতা এবং শহরাঞ্চলে আসে বিক্রি করবার জন্য তার মূল্য আমরা কেন ঠিক করে দেবনা? আমার বন্ধু হেমন্তবাবুর কথা মত যদি ২২ টাকা ধার্য করি তাহলে আমার বন্ধু আনন্দবাবু বলেছিলেন গতকাল যে, ২২ টাকায় চাল বিক্রি করলে ধানের দর কি হওয়া উচিত?

[5-40—5-50 p.m.]

এবার ফেব্রুয়ারী মাসে চাষী ১৫ টাকা দরে ধান বিক্রী করেছে। যদি ১৫ টাকা দরে ধান বিক্রী হয়, দেড় মণ ধানে এক মণ চাল হয় তাহলে ১৫ টাকা আর সাড়ে সাত টাকা হয় সাড়ে

বাইশ টাকা, ভাঙ্গা খরচ দেড় টাকা এই হল ২৪ টাকা, আনা নেওয়া খরচ আট আনা হতে দাঁড়াল সাড়ে চব্বিশ টাকা, কলকাতায় আনা খরচ আট আনা হল ২৫ টাকা, আর কলকাতায় যে আনবে তাকে মার্জিন দিতে হবে, কাজেই বিক্রী করবে ২৬ টাকা সাড়ে ছাব্বিশ টাকা, তার কমে বিক্রী হবেনা। (নরেশঃ—তাই দিননা কেন, তাই দিননা কেন?) আজকে জুলাই মাসে তা সম্ভব নয়। আমাদের পশ্চিমবাংলায় আজকে যে পরিমাণ ঘাটতি হয়েছে, সেই ঘাটতির পরিমাণ নিয়ে ঝগড়া থাকতে পারে—১৯৫৩ সালে সুবোধবাবু বলেছিলেন প্রায় ২৭ লক্ষ টন ঘাটতি, শ্রদ্ধেয় ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় যিনি লেখাপড়া কম জানেন না, যাঁর পরিসংখ্যান সম্বন্ধে জ্ঞান কারও চেয়ে কম নয়, তিনি বলেছিলেন ২০ আউন্স চালের কম লাগেনা খেতে। কাজে কাজেই ঘাটতির পরিমাণ কত, তা কত খাব, তার উপর নির্ভর করছে, ঘাটতি আছে তা নিয়ে ঝগড়া করে লাভ নাই, ঘাটতি আছে সত্য কথা। কথা হচ্ছে এই ঘাটতি পূরণ করবো কি করে? আজ যদি হেমন্তবাবুর কথা মত চাল বিক্রী করতে আরম্ভ করি ২২ টাকায়, তাহলে হেমন্তবাবু কিনতে যাবেন, অমরবাবু কিনতে যাবেন, আমাদের চৌবে সাহেব কিনতে যাবেন, চৌবে যদিও—কাল তিনি অনেক কথা বলেছেন—রুটি খাননা। ভাতই খেয়ে আসছেন। বাংলার বাইরে থেকে যাঁরা আসছেন তিনি চৌবেই হোন আর দুবেই হোন, তিনি কিন্তু ভাতই খাবেন। আমার কথা হল বাংলায় যখন এসেছেন, তিনি এমন সুন্দর বাংলা বলেন, তিনি বাংগালী কি অবাংগালী সে প্রশ্ন নয়, তিনি যখন বাংলাদেশে এসেছেন, বাংলার এমন কোমল বাতাস, আবহাওয়া, তাতে তিনি রুটি খাবেননা, চাল তাঁর চাইই। তবে ৪ লক্ষ টন চাল যদি বিক্রী হয় দোকানে দোকানে তাহলে—শুনোধ্বনি হবে, পুলিশ ডাকতে হবে, সৈন্য ডাকতে হবে, তবে যদি রেশন করা যায় হতে পারে। আমি আমার বন্ধুদের সংগে বসতে রাজী আছি রেশন করা হবে কিনা, আমি আমার প্রারম্ভিক বক্তৃতার আগেই বলেছি রেশন করলে পর একপো করে চাল পাওয়া যাবে, তবে যদি সব মেম্বার লিখে সই করে দেন, এক সংগে যেমন অনশন করছেন, একপো চাল হলেই চলবে, তবে ২২ টাকা দরেই দেবো। (নরেশ......লিখে দেবো, লিখে দেবো) তাহলে ভোট পাবেন না। ঝগড়ার কথা বলছিনা, আমার অভিজ্ঞতার কথা বলছি। আরও অনেক কথা শুনলাম, চিনি সম্বন্ধে শুনলাম, কাশীকান্তবাবু অনেক কথা বলেছেন। তিনি কাঁটাপুকুর গুদামে যে ১ লক্ষ ৬০ হাজারের কথা বলেছেন ওটা হবে ১ লক্ষ ৪৮ হাজার ব্যাগ, এটা কাঁটাপুকুর গুদামে ছিল।

এখানে পশ্চিমবঙ্গে চিনি বিতরণের ব্যবস্থা কি, বিহারের কি, উত্তর প্রদেশের কি, বোম্বের কি, মাদ্রাজের কি, এটা যদি আমরা বিচার করে দেখি তাহলে বুঝতে পারব যে পশ্চিমবংগের যে বন্টন ব্যবস্থা তা অন্য জায়গায় চেয়ে নিকৃষ্ট নয়। কেউ কেউ এখানে এসে বলেছেন যে ব্যবস্থাটা উৎকৃষ্ট। আমাদের এখানে যখন ১ লক্ষ ৪৮ হাজার ব্যাগ চিনি আছে ১৫ই এপ্রিল না কত তারিখে তখন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিহারের চিনির ফ্যাক্টরি থেকে উত্তর প্রদেশের চিনির ফ্যাক্টরি থেকে এখান থেকে ২ হাজার টন, ওখান থেকে ৩ হাজার টন নাও এই এ্যালটমেন্ট পেলাম। দেখলাম এই সমস্ত চিনি আসতে ১৫ দিন থেকে ২১ দিন সময় লাগবে। কারণ, ছোট লাইনে আসতে অনেক সময় লাগবে। পরশু একজন মাননীয় সদস্য বলেছিলেন উত্তরবংগের ভীষণ অবস্থা হয়েছে। আমি জানি যে উত্তরবংগের জন্য ১ হাজার ৮ শো ব্যাগ চিনি একটা ফ্যাক্টরি থেকে, লেখা আছে নাম মনে নেই, এ্যালটমেন্ট দিয়েছে। সেই ফ্যাক্টরি আজ পর্যন্ত মাল দিতে পারে নি। দিতে পারে নি বলে আমাদের কলকাতায় স্টক থেকে আমরা ১ হাজার ২ শো ব্যাগ চিনি পাঠিয়েছি, পেঁছেছে কি পেঁছায় নি জানি না। আমাদের সংগে অন্য প্রদেশের যেটা কাশীকান্ত মৈত্র মহাশয় উল্লেখ করেছেন খুব জোরের সংগে তার উত্তর দেওয়া উচিত বলে আমি মনে করি। তিনি বলেছিলেন ব্যবস্থাটা যেন পশ্চিমবংগ সরকার নিলেন না। আমরা যদি ১ লক্ষ ৪৮ হাজার ব্যাগ নিতাম তাহলে সব রেশনের দোকানে দিতে পারতাম না। মুদির দোকানে দিয়েছি, কিন্তু যাদের রেশন কার্ড নেই তাদেরও দিতে পারতাম না। কালকে মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয় বললেন ৬৯ লক্ষ টাকা না কত লাভ করেছে। মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয় হিসাব করে দেখুন, আমাদের এখানে যখন ১·২৫ নয়া পয়সা খুচরা রিটেল দরে চিনি বিক্রি হয়েছে, যেটার জন্য আমি গর্ব অনুভব করছি, তখন বিহার, উত্তর প্রদেশ, বোম্বে, মাদ্রাজ সেখানে ১ টাকা ৬ আনা, ১ টাকা ৮ আনা সের বিক্রি হয়েছে। আমরা পশ্চিমবংগে

দোকানে দোকানে যে চিনি দিয়েছি এই চিনি বিতরণ সম্বন্ধে মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয় বলেছিলেন যে তোমরা তিনটা ধাপ করলে কেন? একটা ইমপোর্টার, একটা হোলসেলার, একটা রিটেলার, এই তিনটা ধাপ আমরা অনেক ভেবে চিন্তে করেছি। কারণটা বলে দিই তাহলে বুঝতে পারবেন। আমাদের এখানে অন্য প্রদেশ থেকে চিনি আসে। পশ্চিমবংগে বোধ হয় ১ হাজার ২ শো টন চিনি উৎপন্ন হয় বছরে। আর আমাদের এখানে প্রতি মাসে ২১ হাজার টন চিনি আসছে উত্তর প্রদেশ এবং বিহারের বিভিন্ন ফ্যাক্টরি থেকে। আমাদের এখানে কাঁটা-পুকুরে পোর্ট কমিশনারের গুদাম আছে, এই গুদামে ব্যাংক থেকে টাকা নিয়ে যাদের বেশী টাকা আছে তাদের মাল রাখতে হয় এবং যারা বহুদিন ধরে ইমপোর্টার তারা কাঁটাপুকুরের গুদাম টাকা দিয়ে ভাড়া করে রেখেছে। কাজে কাজেই ইমপোর্টাররা মাল আনলেন, সেই মাল ১৫।২০ দিন রাখতে হতে পারে। আমাদের এখান থেকে দক্ষিণে আছে কাঁটাপুকুরের গুদাম, সেখান থেকে সমস্ত রিটেলারদের যদি মাল নিয়ে যেতে হয় তাহলে তাদের অনেক খরচ পড়ে যায়। সেজন্য আমাদের এখানে আর একটা হোলসেলারের দরকার হয়েছে, এটা আমাদের রীতি। পশ্চিমবংগের কলকাতা শহরে ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় এই রীতি চ'ল আসছে ৩০ বছর ধরে। কেন্দ্রীয় সরকার আমাদের কাছে এই নির্দেশ দিয়েছিলেন যে তোমরা ট্রেডকে যত কম পার ডিস্টার্ব কর। কারণ, আপনারা সকলেই জানেন চিনির উপর এক বছর নিয়ন্ত্রণ হল, তারপর উঠে গেল, তারপর ৬ মাস হল আবার উঠে গেল, সেরকম করা উচিত নয়। কাজে কাজেই আমরা এখানে যে মার্জিন দিচ্ছি ইমপোর্টার, হোলসেলার, রিটেলারদের তার পরিমাণ হচ্ছে এখন ৭ টাকা ৩৪ নয়া পয়সা। গতবারে আমরা যখন কণ্ট্রোল করেছিলাম তখন আমরা মার্জিন দিতাম ৯ টাকা ৫০ নয়া পয়সা। এখন পার কুইণ্টাল ৭ টাকা ৩৪ নয়া পয়সা দিচ্ছি। অন্যান্য জায়গায় ইমপোর্টাররা চারিদিক থেকে মাল নিয়ে আসে, তাদের এই রকমভাবে পোর্ট-কমিশনারের গুদামে রাখতে হয় না, তাদের কাছ থেকে রিটেলাররা নিয়ে যায়।

[5-50—5-58 p.m.]

এবং তারা মার্জিন আমাদের চেয়ে বেশী দেয় তা নয়, তারা আবার ইনসিডেন্টাল খরচ করে এবং আমরা হিসেব করে দেখেছি তাদের খরচ হয় ৬৮ থেকে ৭ টাকা, যেখানে আমাদের মার্জিন ধরে খরচ হচ্ছে ৭·৩৪ নয়া পয়সা। আমাদের এখানে ১·২৫ নয়া পয়সা মোটা চিনি যাকে বলে বি ২৯ আমরা বিক্রী করেছি এবং আমি গর্ব ও আনন্দের সংগে বলেছি যে অন্যান্য রাজ্যে চিনি যে দরে বিক্রী হচ্ছে তার চেয়ে কম দরে আমাদের এখানে বিক্রী হচ্ছে এবং কলিকাতা শহরে এ পর্যন্ত আমরা একটা অভিযোগও পাই নি মফঃস্বল থেকে কিছু পেয়েছি, বিশেষ করে উত্তরবঙ্গ থেকে এবং সে সম্বন্ধে আমরা ব্যবস্থা অবলম্বন করছি যে সেসব অঞ্চলে আমরা কি করে ভাল করে চিনি সরবরাহ করতে পারি। আমাদের এখানে একজন বন্ধু শ্রীচিন্টার বোলজ সাহেব তিনি আমাদের অনেক জমি টমি দেখিয়েছিলেন, তিনি শ্রীমতী রেনুকা রায়কে বীরপাড়ায় জমি দেখিয়েছেন। আমি এটুকু বলতে চাই যে পশ্চিমবাংলার প্রতি বর্গ মাইলে ১ হাজার ৩৪ জন লোক ১৯৬১ সালের যোজনার হিসাবে এখন বোধহয় সেটা বেড়ে ১,০৪২ হয়েছে। পশ্চিমবাংলার প্রায় ৩৫ হাজার বর্গ মাইল জমি, আমাদের বন ভাগ হচ্ছে মাত্র শতকরা ১২ ভাগের একটু বেশী ফরেষ্ট এরিয়া। কোন দেশে ভূমির স্বাস্থ্য রক্ষিত হয় না, বা জমি বাঁচতে পারে না যদি অন্ততঃ সেখানে শতকরা ২৫ ভাগ জমিতে বন না থাকে। কাজে কাজেই অমারা সর্বনাশ করবো, দেশের অকল্যান করবো যদি আমরা সব জমিতে চাষ আরম্ভ করি। আমাদের এখানে বনমন্ত্রী ফজলুর রহমান সাহেব আছেন। আজকে সেইজন্য আমাদের কর্তব্য হবে, আমাদের ধর্ম হবে প্রত্যেক লোকের এবং সরকারের আমাদের দেশে যত বেশী আমরা বন রচনা করতে পারি। তা না হলে নদনদী আরো মজে যাবে, আরো ভূমির উর্বরতা নষ্ট হবে এবং আমাদের দেশে ডেজার্ট সৃষ্টি হবে। কাজে কাজেই ও কথা আর বলবেন না। আমরা অন্য দেশের সংগে যদি তুলনা করি যেমন চীনে প্রতি বর্গমাইলে ১৩৫ জন লোক বাস করে

(বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)

আমাদের এখানে কালকে নারায়ণবাবু বলেছেন আমার কথা শুনবেন এবং তিনি মন দিয়েও শুনেছেন অবশ্য। কাজে কাজেই যদি বলেন আমার উত্তর শুনতে চান না, আমি উত্তর দেব না,

বসে পড়ছি। আমি বোধহয় ১ ঘন্টা ১০ মিঃ বলেছি। আমার বন্ধু হেমন্তবাবু জানেন যে আমি অসুস্থ। যাহোক আমি সংক্ষেপেই শেষ করবো। আমাদের দেশে এই যে খাদ্যনীতি আমরা গ্রহণ করেছি অনেক ভেবে ঠিকও করেছি এবং এই খাদ্যনীতির আংশিক সংশোধন নিশ্চয়ই হবে, খুটিনাটি সংশোধন নিশ্চয়ই হতে পারে কিন্তু মূল নীতি সংশোধন হবার, বিশেষ করে জুলাই মাসে কোন সম্ভাবনা নেই। আমাদের নীতি কি--না আমরা যেখানে ঘাটতি অঞ্চল সেখান থেকে সংগ্রহ করবো না। প্রকিওর স্টেটের নীতি গ্রহণ করতে পারি না। আমাদের উড়িষ্যা থেকে যদি চাল না দেয়—মাননীয় বন্ধুরা জানেন যে উড়িষ্যা দরিদ্র দেশ, আমাদের চেয়ে তাদের ক্রয় মূল্য আবার কম—সেখানে চালের দাম উড়িষ্যায় মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন ২৯ টাকা হয়েছিল ১॥ মাস আগে।

তারা তো আসতে দিচ্ছে না বন্ধ করে দিয়েছে। উড়িষ্যায় তো আমাদের মত ঘাটতি। আমরা নেপাল থেকে আনছি ভারত গভর্নমেন্ট আমাদের সুবিধা করে দিয়েছেন। এখানে একজন মাননীয় সদস্য বলেছিলেন যে নেপাল থেকে আনার জন্য কতকগুলি ব্ল্যাক মার্কেটারকে দেওয়া হয়েছে। আমরা তাকে নিয়োগ করি না ভারত গভর্নমেন্ট তাদের নিয়োগ করেছেন নেপালের কথায়। কেন না নেপাল গভর্নমেন্ট যাকে বলেছে দিতে হবে সেখানে আমাদের কোন কথা নেই, ভারত গভর্নমেন্ট তাকে দিতে বাধ্য। কে চাল আনবে এ নিয়ে অনেক সময় নষ্ট হয়েছে। কাজেই আমরা চাই চাল যে নেপালের লোকই কি ভারত গভর্নমেন্টের লোকই আনবে তা যাই হোক আমরা চাই চাল। উত্তর প্রদেশ, ও অন্ধ্র প্রদেশ থেকে আমরা কিছু আনবো। এসব আমরা আনবো; কিন্তু এ কাজে আমাদের যেটা ন্যায্য মূল্যের দোকান আছে ১১ হাজার ৩ শত না কত আছে মোট যদি ১৪ হাজার করতে হয় তাহলে তা আমরা নিশ্চয় করবো। কোথাও যদি কম দিয়ে থাকে —সেখানে আমরা নিশ্চয় দিতে পারি। আবার যদি কেউ বলেন যে চাল তো আপনারা ১ সেরের বেশী দিতে পারবেন না গমের পরিমাণ বাড়িয়ে দিন তা নিশ্চয় আমরা দিতে পারি। অনেকে বলেছেন যে যাঁদের অঞ্চলে গম ভাঙাবার ব্যবস্থা নেই আমরা সে জায়গায়—কুচবিহারের মাননীয় সদস্যরা জানেন যে অঞ্চলে সাইক্লোন হয়েছিল—সেখানে আমরা যাঁতা দিয়েছি—গম ভাঙাবার জন্য সেই রকম আমরা যাঁতা দিতে পারি তাঁরা গম ভাঙতে শিখুন। যদি বলেন গম ভাঙার কল বসাবো, পাওয়ার আছে, বিদ্যুৎ আছে, তাহলে যাঁরা কল বসাবেন তাঁদের আমরা লাইসেন্স দিতে পারি তাঁরা গম নিয়ে ভাঙতে পারেন। এই রকম আলোচনা যদি হয় নিশ্চয়ই আমরা তা করতে রাজী আছি। কিন্তু ২২ টাকা দরে এই জুলাই মাসে কেন আমার নিজের বিশ্বাস আমাদের দেশে যেরকম ভাবে কাজ আরম্ভ করেছে তাতে করে চালের বা ধানের দাম খুব বেশী কমবে না। আমার নিজের বিশ্বাস এ বছর ধান বেশী হবে এবং যদি সুবৃষ্টি হয় তাহলেও ১৫।১৬ টাকার কম ধান বিক্রি কেউ করবে না। আজকে চাষীকে কেউ ঠকাতে পারবে না। চাষী পেট ভরে খাবেই তার যতটা দরকার সে রেখে বিক্রি করবে—তাকে কেউ নিষেধ করতে পারবে না। তবে হ্যাঁ; যে; না তার কাছ থেকে কেড়ে নিয়ে এসো—কিন্তু কেড়ে আনবার নীতি আমরা গ্রহণ করছি না—এ নীতি আমরা বর্জন করছি। কাজেই খুটিনাটি আলোচনা আমাদের বিরোধী দলের অপছন করতে চান তা আমি নিশ্চয় করবো কিন্তু মূল খাদ্য নীতি জুলাই মাসের ১৯ তারিখ—তা পরিবর্তন করা সম্ভব নয় তা করলে দেশের ক্ষতি হবে—দেশের কোন সমস্যার সমাধান আমরা করতে পারবো না।

Mr. Chairman: Honourable Members, the debate on the Food situation is over. The House stands adjourned till 12 noon on Monday, the 22nd July, 1963.

Adjournment

The House was accordingly adjourned at 5-58 p.m. till 12 noon on Monday, the 22nd July, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Ligislative Building, Calcutta, on Monday, the 22nd July, 1963, at 12 noon.

Present

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Hon'ble Ministers of State, 9 Deputy Ministers and 190 Members.

(Unstarred Questions to which written answers were laid on the table)

[12—12-10 p.m.]

Average daily expenditure per T. B. bed in some T. B. Hospitals in the State

59. (Admitted question No. 111.) **Shri Birendra Narayan Ray :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state the average expenditure per patient per day during the last two years in—

(1) Kanchrapara T. B. Hospital,

(2) Dhubulia T. B. Hospital,

(3) M. R. Bangur Sanatorium, Midnapore,

(4) K. S. Ray T. B. Hospital, Jadabpur,

(5) R. K. Mission Sanatorium, Ranchi,

(6) S. B. Dey Sanatorium, Kurseong,

(7) Niramoy T. B. Hospital, Birbhum, and

(8) T. B. Beds of Sadar Hospital, Berhampore (West Bengal).

The Minister of State for Health: The approximate average figure for 1961-62 and 1962-63 are given below :

	1961-62.	1962-63.
(1)	Rs. 9.00	Rs. 9.00
(2)	Rs. 6.40	Rs. 6.75
(3)	Rs. 9.00	Rs. 9.00
(4)	Rs. 7.89	Rs. 8.16
(5)	Rs. 8.72	Rs. 8.33
(6)	Rs. 6.08	Rs. 6.15
(7)	Rs. 6.40	Rs. 6.78
(8)	Rs. 7.00	Rs. 7.25

Scheme for construction of Office Buildings for Murshidabad-Jiaganj and other Blocks in Murshidabad

60. (Admitted question No. 122.)

Shri Birendra Narayan Ray:

সমাজ উন্নয়ন ও সম্প্রসারণকার্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ এবং (২) ভগবানগোলা থানার দুইটি ব্লকের জন্য নিজস্ব কোনও অফিস-গৃহ নির্মাণের কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে—

(১) উহার জন্য চূড়ান্তভাবে স্থান স্থির হইয়াছে কিনা, এবং

(২) কতদিনের মধ্যে ইহাদের নির্মাণকার্য শুরু হইবে ?

The Minister for Community Development and Extension Services:

(ক) মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লকের অফিস-গৃহ নির্মাণের পরিকল্পনা আছে।

ভগবানগোলা থানার ব্লক দুইটি প্রাক সম্প্রসারণ পর্যায়ে থাকায় বর্তমানে সেখানে অফিস গৃহ নির্মাণের পরিকল্পনা নাই।

(খ) (১) ও (২) মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য স্থান স্থির হইয়াছে এবং গৃহনির্মাণ প্রায় সমাপ্তির পথে।

ভগবানগোলা থানার ব্লক দুইটির জন্য এই প্রশ্ন উঠে না।

Citizens' Committee in West Bengal

61. (Admitted question No. 126.)

Shri Birendra Narayan Ray:

অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যে সিটিজেন্স কমিটি গঠিত হইয়াছে, তাহাদের জন্য সরকারী তহবিল হইতে অদ্যাবধি কোনও খরচা হইয়াছে কি;

(খ) খরচা হইয়া থাকিলে, জেলা ভিত্তিক ঐ খরচের পরিমাণ কত; এবং

(গ) কি কি খাতে উক্ত খরচ হইয়াছে?

The Minister for Finance:

বিভিন্ন জেলা শাসকগণকে এ বিষয়ে লেখা হইয়াছে; সমস্ত উত্তর আসিলেই এ প্রশ্নের উত্তর দেওয়া হইবে।

Nabagram Union Relief Committee under Nabagram police-station, Murshidaba

62. (Admitted question No. 129.)

Shri Birendra Narayan Ray:

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার অধীন নবগ্রাম ইউনিয়ন রিলিফ কমিটির বর্তমান সভ্যদের নাম ও পরিচয় কি;

(খ) উক্ত রিলিফ কমিটি কবে গঠিত হইয়াছিল;

(গ) উক্ত রিলিফ কমিটি কবে পুনর্গঠিত হইবে;

(ঘ) উক্ত রিলিফ কমিটির বর্তমান সভাপতিমহাশয় কি নির্বাচিত অথবা মনোনীত; এবং

(ঙ) তাঁহার নির্বাচিত অথবা মনোনীত হইবার তারিখ কি?

The Minister for Relief:

(ক) (১) নবগ্রাম ইউনিয়ন বোর্ডের সভাপতি শ্রীদেবব্রত চট্টোপাধ্যায়ের শারীরিক অসুস্থতা-নিবন্ধন ইউনিয়ন বোর্ডের সদস্যগণের সিদ্ধান্ত অনুযায়ী ইউনিয়ন বোর্ডের সদস্য শ্রীসৌরেন্দ্রনাথ দত্ত বর্তমানে ইউনিয়ন বোর্ডের সভাপতির কাজ চালাইতেছেন। তিনি পদাধিকারবলে বর্তমানে নবগ্রাম ইউনিয়ন রিলিফ কমিটির চেয়ারম্যানের কাজও করিতেছেন;

(২) শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, স্থানীয় এম এল এ—(পদাধিকারবলে সভ্য);

(৩) শ্রীবৈদ্যনাথ চক্রবর্তী, ইউনিয়ন বোর্ডের সেক্রেটারী—পদাধিকারবলে ইউনিয়ন রিলিফ কমিটির সেক্রেটারী।

(৪) শ্রীযামিনীমোহন মণ্ডল—সরকার মনোনীত সভ্য।

(ঙ) শ্রীসত্যরঞ্জন পাণ্ডে—সরকার মনোনীত সভ্য।

(খ) ২৪এ নবেম্বর, ১৯৫৯।

(গ) যখন সরকার প্রয়োজন মনে করিবেন।

(ঘ) তিনি ইউনিয়ন বোর্ডের একজন নির্বাচিত সভ্য।

(ঙ) ইউনিয়ন বোর্ডের বর্তমান কার্য্যকরী সভাপতি ৪ঠা মার্চ ১৯৬২ তারিখ হইতে ইউনিয়ন রিলিফ কমিটির চেয়ারম্যানের কাজ চালাইতেছেন।

Outstanding amounts of Agricultural Tax

63. (Admitted question No. 130.)

Shri Birendra Narayan Ray:

অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইংরেজী ১৯৫৪ সাল হইতে ১৯৬৩ সাল পর্যন্ত কোন্ কোন্ জেলায় কি পরিমাণ কৃষি আয়কর অনাদায় হইয়া পড়িয়া আছে; এবং

(খ) উক্ত অনাদায়ী কৃষি আয়কর আদায় করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন বা করিতেছেন?

The Minister for Finance:

(ক) সাধারণ বৎসর অনুযায়ী জেলাওয়ারী হিসাব রাখা হয় না, আর্থিক বৎসর অনুযায়ী রেঞ্জওয়ারী হিসাব রাখা হয়। সেই মত বকেয়া কৃষি আয়করের হিসাব ১৯৫৬-৫৭ আর্থিক বৎসর হইতে ১৯৬২-৬৩ আর্থিক বৎসর পর্যন্ত সংলগ্ন তালিকায় ইংরেজীতে প্রদত্ত হইল। ১৯৫৬-৫৭ সালের পূর্বেই দুই বৎসরের হিসাব কৃষি আয়কর মহাধ্যক্ষের কার্যালয়ে প্রস্তুত না থাকায় উহা আশু প্রাপ্য হইতেছে না।

(খ) (১) সংবিধানের ২২৬ ধারা অনুসারে কলিকাতা হাইকোর্টের আদেশবলে অথবা অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের আদেশবলে অনাদায়ী কৃষি আয়করের কিছু অংশের আদায় সাময়িকভাবে বন্ধ থাকে। ঐ সকল আদেশ প্রত্যাহৃত না হওয়া পর্যন্ত উহা আদায় করা সম্ভব হয় না।

(২) অবশিষ্ট অনাদায়ী কৃষি আয়কর নিম্নলিখিত উপায়ে আদায়ের চেষ্টা করা হইতেছে:—

(১) পাবলিক ডিম্যাণ্ডস রিকভারি অ্যাক্ট অনুসারে সার্টিফিকেট জারি করিয়া, ও

(২) ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুসারে দেয় ক্ষতিপূরণ হইতে সমন্বয়ন (অ্যাডজাস্টমেণ্ট) করিয়া।

দ্রুত আপিল নিষ্পত্তি করিয়া আপিলের নির্দেশ অনুসারে স্থিরীকৃত কর আদায়ের জন্যও বিশেষ চেষ্টা করা হইতেছে।

List referred to in reply to clause (Ka) of the unstarred question No. 63

OUTSTANDING AMOUNTS

Ranges	1956-57 (as on 31-3-56)	1957-58 (as on 31-3-57.)	1958-59 (as on 31-3-58.)	1959-60 (as on 31-3-59.)	1960-61 (as on 31-3-60.)	1961-62 (as on 31-3-61.)	1962-63 (as on 31-3-62.)
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
Calcutta Range—I— (Having jurisdiction over Companies, Firms, and other associations of persons of Calcutta and 24-Parganas district and all assessees of Hooghly and Howrah districts).	7,61,206 1 0	12,13,596.83	11,24,325.10	13,50,814.63	14,43,908.34	15,22,891.88	22,53,317.50
Calcutta Range—II— Jurisdiction: All assessees other than Companies, Firms and other associations of persons of Calcutta and 24-Parganas).	8,54,582 6 6	11,87,494.59	12,41,883.45	13,05,095.85	13,76,606.34	15,58,386.88	16,78,244.23
Burdwan Range— (Burdwan-Birbum district) ..	2,08,995 3 0	6,47,588.00	5,91,012.25	6,49,201.35	7,13,624.88	8,11,815.22	8,67,552.42
Nadia Range— (Nadia and Murshidabad districts)	4,63,556 14 4	6,19,112.41	7.14.441.61	8.03.898.84	8.44.110.01	9,54,795.87	9,62,981.08
Midnapore Range— (Midnapore and Bankura districts)	13,85,876 15 3	17,72,663.19	21.22.141 55	26.35.028.61	29.20,783.22	28,81,644.52	31,42,111.56
Purulia Sub-office— (Purulia district only) ..	..	67,570.24	56,872.25	52.269.54	62,670.32	82,218.97	95,760.46
Jalpaiguri Range— (Jalpaiguri and Darjeeling districts)	5,48,784 4 1	6.77,734.87	7,22,560.26	8.54.159.34	8.66.147.23	8,34,667.89	11,09,317.31
Cooch Behar Range— (Cooch Behar district) ..	2,54,463 0 0	3,45,945.62	3,83,916.55	3,93,611.23	4,32,300.07	4,28,627.03	4,72,995.87
Malda Range— (Malda and West Dinajpur districts)	5,89,445 3 0	9.29,958.06*	9,93,689.38*	7.66,927.06*	7,70,333.10*	7,91,836.01*	8,08,987.55*

*Including Transferred Territories' amounts.

Electrification of the Khagraghat Railway Station

64. (Admitted question No. 172.)

শ্রীসনৎকুমার রাহা : শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) বহরমপুর শহরের পশ্চিমে খাগড়াঘাট রেল স্টেশনটির বৈদ্যুতীকরণের কোন প্রস্তাব আছে কিনা ;

(খ) বৈদ্যুতিকরণ হইলে স্থানীয় লোক বিদ্যুতের ব্যবহারের সুযোগ পাইবে কিনা ?

The Minister for Commerce and Industries :

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Construction of the Bhagirathi Bridge at Berhampore

65. (Admitted question No. 149.)

শ্রীসনৎকুমার রাহা : পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে গঙ্গার উপর জাতীয় সড়কের জন্য যে ব্রীজ নির্মিত হইতেছে তাহা কবে চালু হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(খ) কলিকাতা হইতে শিলিগুড়ি পর্যন্ত জাতীয় সড়কের উপর কোথাও টোল আদায় হইতেছে কিনা ?

The Minister for Public Works (Roads) :

(ক) ১৯৬৩ সালের ডিসেম্বর মাসে চালু হইবে বলিয়া আশা করা যাইতে পারে।

(খ) বহরমপুরে ভাগীরথী নদীর এবং ধুলিয়ানে গঙ্গা নদীর উপরিস্থ খেয়াতে পারাপারের জন্য টোল আদায় হইতেছে।

Price of sugar after Control Order

66. (Admitted question No. 158.)

শ্রীসনৎকুমার রাহা : সিভিল সাপ্লাই বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ইহা কি সত্য যে, চিনি নিয়ন্ত্রণ আদেশ বলবৎ হওয়ার পর গত জুন মাসে চিনির দর বৃদ্ধি পায় ;

(খ) সত্য হইলে ইহার প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ;

(গ) উক্ত আদেশ বলবৎ হইবার পর হইতে অদ্যাবধি চিনির চোরাকারবারের জন্য কোন ব্যক্তি দণ্ডিত হইয়াছে কি ; এবং

(ঘ) যদি হইয়া থাকে তাহা হইলে তাহারা কত জন ?

The Minister for Food and Supplies :

(ক) না। চিনির মূল্য নিয়ন্ত্রণ আদেশ বলবৎ হওয়ার পূর্ব হইতেই চিনির দর বৃদ্ধি পাইতেছিল।

(খ) কেন্দ্রীয় সরকার কতৃক চিনির উপর নিয়ন্ত্রণাদেশ জারী হইবার পর হইতে পশ্চিমবঙ্গে চিনির সর্বোচ্চ মূল্য রাজ্যসরকার কতৃক ধার্য্য হইয়াছে। উপরন্তু প্রত্যেক পাইকারি চিনি ব্যবসায়ীকে অনুজ্ঞা পত্র লইতে হইয়াছে এবং তাঁহাদিগকে চিনির মোট বিক্রয় ও মজুদের পাক্ষিক রিটার্ন দিতে হইতেছে।

কলিকাতা ও শিল্পাঞ্চলে ন্যায্যমূল্যের দোকান মারফতে রেশন কার্ডহোল্ডারদের রাজ্য-সরকারের নির্ধারিত মূল্যে মাথাপিছু সাপ্তাহিক বরাদ্দ অনুযায়ী চিনি বণ্টন করা হইতেছে এবং খোলা বাজারে মুদীর দোকান হইতেও উক্ত মূল্যে চিনি পাইবার ব্যবস্থা করা হইয়াছে।

পশ্চিমবঙ্গের অন্যান্য এলাকায়ও যাতে নির্ধারিত মূল্যে চিনি পাওয়া যায় সেই বিষয়ে জেলা শাসকগণ প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিয়াছেন।

(গ) হঁ্যা।

(ঘ) ৪০ জন।

Establishment of Industries in Murshidabad

67. (Admitted question No. 165.)

শ্রীসনৎকুমার রাহা: শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মাঝারী বা বড় শিল্পপ্রতিষ্ঠার কোন পরিকল্পনা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(খ) এই জেলাকে শিল্পনগরার অন্তর্ভুক্ত করার কোন প্রস্তাব আছে কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) হঁ্যা।

(খ) না।

Bridge over the Ganges at Berhampore

68. (Admitted question No. 175.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে গঙ্গার উপর জাতীয় সড়কের জন্য যে ব্রীজ নির্মিত হইতেছে তাহা কবে চালু হইবে বলিয়া আশা করা যায়; এবং

(খ) উক্ত ব্রীজের জন্য কোন টোল আদায় করা সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Public Works (Roads):

(ক) আগামী "ডিসেম্বর" ১৯৬১-র মধ্যে সেতুটি যান-চলাচলের উপযুক্ত অবস্থায় আসিবে বলিয়া আশা করা যায়।

(খ) না।

Playgrounds at Berhampore

69. (Admitted question No. 180.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বহরমপুর শহরের মধ্যে দিয়া জাতীয় সড়ক নির্মিত হওয়ার ফলে শহরের পাঁচটি খেলার মাঠ নষ্ট হইয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে, বিকল্প খেলার মাঠের কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) হঁ্যা, পুলিস প্যারেড গ্রাউণ্ড, একজিবিশন মাঠ এবং অন্যান্য খেলার মাঠ একত্রে মিলিয়া পাঁচটি মাঠ জাতীয় সড়কের পথরেখায় পড়িয়াছে।

(খ) সরকার বিকল্প মাঠের ব্যবস্থা করিয়াছেন।

Hazarduari, Imambari, etc., in Murshidabad district

70. (Admitted question No. 181.)

শ্রীসনৎকুমার রাহা : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় মর্শিদাবাদ নবাবের হাজারদুয়ারী, ইমামবাড়ী, আস্তাবলবাড়ী, নন্দীপুর রাজবাড়ীর পতিত অংশ কাশিমবাজার রাজের রাসবাড়ি এবং রাজা কমলারঞ্জন রায়ের অব্যবহৃত অট্টালিকাংশ জাতীয় কার্যে সদ্ব্যবহার করিবার জন্য কোন সরকারী পরিকল্পনা আছে কি?

The Minister for Public Works: :

না।

Distribution of milk powder by Government in Contain subdivision

71. (Admitted question No. 251.)

শ্রীসুধীরচন্দ্র দাস : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমার কোনকোন্ প্রতিষ্ঠানে কত রিমাণ গুড়া দুধ সরকার হইতে ১৯৬২-৬৩ সালে সরবরাহ করা হইয়াছে

(খ) ঐ গুড়া দুধ সরবরাহের জন্য কোন কমিটি আছে কিনা ; এবং

(গ) কমিটি থাকিলে, তাহার সভ্য কে কে?

The Minister of State for Health :

(ক) এতৎসংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 71

কাঁথি মহকুমার গুড়া দুধ বিতরণের বিবরণ

Sl. No.	Name of Units		Quantity
1.	Contai S. M. Hospital	..	918 lbs.
2.	Superintendent, Contai State Welfare Home	..	216 lbs.
3.	Egra P. H. Centre	..	810 lbs.
4.	Bhagwanpur P. H. Centre	..	540 lbs.
5.	Nijmaithuna S. H. C.	..	540 lbs.
6.	Paniparul U. H. C.	..	540 lbs.
7.	Rania Milan Sangha	..	702 lbs.
8.	Secretary, Tut Ranga Alak Sangha	..	486 lbs.
9.	Secretary, Panichary Rania Jana Kalyan Samity	..	540 lbs.
10.	Secretary, Ta'da Samaj Siksha Kendra	..	486 lbs.
11.	Secretary, Nava Jagaran Milan Sangha	..	486 lbs.
12.	Secretary, Mahisali Nararun Sanga	..	486 lbs.
13.	Secretary, Chinadri Jubak Sanga	..	486 lbs.
14.	Secretary, Damodarpur Palli Mangal Samity	..	486 lbs.
15.	Secretary, Barani Bina Sanga	..	486 lbs.
16	Secretary, Peuch Bajari Nabin Sanga	..	486 lbs.
17.	Secretary, Deshbhundu Janakalyan Samity	..	486 lbs.
18.	Secretary, Sitala Sevak Sanga	..	486 lbs.
19.	Secretary, Sadhana Sanga	..	270 lbs.
20.	Secretary, Kaurd Mahisali Seva Sanga	..	270 lbs.
21.	Secretary, Bamunia Jangal Tarun Sanga	..	216 lbs.
22.	Secretary, Matri Seva Tarun Sanga	..	216 lbs.

Archaeological exploration and excavation at Gour

72. (Admitted question No. 273.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহে গৌড় অঞ্চলে খননকার্য ও প্রত্নতাত্ত্বিক পর্যবেক্ষণের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা;

(খ) গৌড় অঞ্চলে চিকা মসজিদ (হুসেন সাহ আমলের ১৪৯৩) হিন্দু মন্দিরের বৈশিষ্ট্যের যে ছাপ আছে, সে সম্পর্কে সরকারী গবেষণার কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(গ) গৌড় অঞ্চলে ইতিহাসপ্রসিদ্ধ ধ্বংসাবশেষগুলি সংরক্ষণের কোন সরকারী ব্যবস্থা আছে কিনা?

The Minister for Public Works: :

(ক) বর্তমানে গৌড়ের অনেকগুলি প্রত্নতাত্ত্বিক ধ্বংসাবশেষ কেন্দ্রীয় প্রত্নতত্ত্ব দপ্তরের পর্যবেক্ষণাধীন। এখানে অতীতে প্রত্নতাত্ত্বিক পর্যবেক্ষণ করা হইয়াছে এবং ভবিষ্যতেও করা হইবে। তবে সেখানে প্রত্নতাত্ত্বিক খননকার্যের কোন পরিকল্পনা বর্তমানে রাজ্যসরকারের নাই; ভারত সরকারের আছে কিনা জানানাই।

(খ) চিকা মসজিদ ভারতীয় প্রত্নতত্ত্ব দপ্তর কর্তৃক সংরক্ষিত। অতএব এ সম্বন্ধে রাজ্য-সরকারের কিছু করণীয় নাই।

(গ) গৌড় অঞ্চলের অনেকগুলি প্রত্নকীর্তি বর্তমানে ভারত সরকারের প্রত্নতত্ত্ব দপ্তরের সংরক্ষণাধীনে আছে।

Digging of holes on either sides of the road in Mogra union, Hooghly

73. (Admitted question No. 274.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিল্প ও বাণিজ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার মগরা ইউনিয়নের অন্তর্গত নতুনগ্রাম হইতে মহাপথ গ্রাম পর্যন্ত পথের দুইধারে কতগুলি বালির খাদ খনন করা হইয়াছে;

(খ) উক্ত বালির খাদগুলি খনন করিবার জন্য অনুমতি দিবার পূর্বে সরকার কি জমিগুলি পর্যবেক্ষণ করিয়াছেন;

(গ) যে স্থানগুলিতে বালির খাদসমূহ খনন করা হইয়াছে সেই জমির মোট পরিমাণ কত

(ঘ) যে স্থানসমূহে বালির খাদ খনন করা হইয়াছে তাহার মধ্যে চাষোপযোগী কোন জমি ছিল কিনা; এবং

(ঙ) যদি (ঘ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে তাহার পরিমাণ কত?

The Minister for Commerce and Industries: :

(ক) এই সম্বন্ধে এই বিভাগে কোন তথ্য নাই।

(খ) এই বিভাগ এইরূপ কোনও বালির খাদ খনন করিবার জন্য অনুমতি দেন নাই এবং তাহাদের জ্ঞাতসারে এইরূপ কোন অনুমতি দেওয়া হইয়াছে বলিয়া মনে হয় না। সুতরাং জমি পর্যবেক্ষণ করার কোনও প্রশ্ন ওঠে না।

(গ) (ঘ) ও (ঙ) এই প্রশ্ন উঠেনা।

Archaeological exploration at Mondalgram, Burdwan

74. (Admitted question No. 275.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার মেমারি থানার অন্তর্গত মণ্ডলগ্রামের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানগুলির খনন, প্রত্নতাত্ত্বিক পর্যবেক্ষণ ও সংরক্ষণের কোনও আশু সরকারী পরিকল্পনা আছে কিনা;

(খ) মণ্ডলগ্রামের বিভিন্ন স্থান হইতে রাজা শশাঙ্কের কোন স্বর্ণমুদ্রা পাওয়া গিয়াছে কিনা; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে সেগুলি কোথায় এবং কাহার তত্ত্বাবধানে আছে?

The Minister for Public Works:

(ক) রাজ্যসরকারের প্রত্নতত্ত্ব-অধিকারের মণ্ডলগ্রামের প্রত্নকীর্তিগুলি সম্বন্ধে বৈজ্ঞানিক অনুসন্ধানকার্য ও পর্যবেক্ষণ করিবার পরিকল্পনা আছে।

(খ) সংবাদপত্র মারফৎ জানা যায় যে, মণ্ডলগ্রাম হইতে রাজা শশাঙ্কের স্বর্ণমুদ্রা পাওয়া গিয়াছে। তবে এ বিষয়ে আরও অনুসন্ধান আবশ্যক।

(গ) এই বিষয়ে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান চলিতেছে।

Re-employment of Gold artisans in West Bengal

75. (Admitted question No. 286.)

শ্রীকাশীকান্ত মৈত্র: শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের দুস্থ বেকার স্বর্ণশিল্পীদের মধ্যে এ পর্যন্ত কতজন স্বর্ণশিল্পীকে বিকল্প চাকরি দেওয়া হইয়াছে;

(খ) এই সকল পরিবারের আর্থিক পুনর্বাসনের জন্য ব্যবসায়ের নিমিত্ত কোন ঋণ দেবার কি কোন পরিকল্পনা গৃহীত হইয়াছে;

(গ) পরিকল্পনা গৃহীত হইয়া থাকিলে, কি পরিমাণ ও কি পদ্ধতিতে এই ব্যবসায় ঋণ দেওয়া হইবে এবং কোন সময় হইতে এই ব্যবসায় ঋণ দেবার কর্মসূচি গৃহীত হইবে;

(ঘ) এই পরিবারদের মাদ্রাজ রাজ্যসরকারের ন্যায় এই রাজ্যসরকার কি কোন এককালীন আর্থিক পুনর্বাসন সাহায্য দেবার কথা বিবেচনা করিতেছেন;

(ঙ) অক্ষম দুস্থ স্বর্ণশিল্পীদের কলকারখানায় চাকুরি দেবার ব্যাপারে অগ্রাধিকার দেবার জন্য রাজ্যসরকার কি কোনও বিশেষ নির্দেশ রাজ্যের শিল্পপতিদের দিয়াছেন; এবং

(চ) রাজ্য পরিবহণ ও অন্যান্য সরকারী শিল্পসংস্থায় এই স্বর্ণশিল্পীদের বিকল্প চাকুরিই বা এখনও দেওয়া হইতেছে না কেন?

The Minister of State for Labour:

(ক) ১৮০ জনকে বিকল্প চাকরি দেওয়ার জন্য নির্বাচিত করা হইয়াছে।

(খ) (গ) ও (ঘ) দুস্থ ও বেকার স্বর্ণশিল্পীদের পুনর্বাসনের জন্য রাজ্যসরকার ঐসমস্ত স্বর্ণশিল্পী অথবা উহাদের উপর নির্ভরশীল ব্যক্তিদের শিল্প শিক্ষাকেন্দ্রসমূহে, কলকারখানায় ও প্রখ্যাত দোকানগুলিতে প্রশিক্ষণের ব্যবস্থা করিবার পরিকল্পনা করিতেছেন। ইহা ব্যতীত প্রয়োজনমত খয়রাতি সাহায্য ও ছোটখাট শিল্প স্থাপনের জন্য ঋণদানের পরিকল্পনাও আছে।

এইসমস্ত পরিকল্পনা কার্য্যকরী করার জন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের নিকট সাহায্য চাহিয়াছেন। কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণের উপর এইসমস্ত পরিকল্পনার সাফল্য নির্ভর করিবে।

(ঙ) ও (চ) স্বর্ণশিল্পীদের চাকরি দেওয়ার ব্যাপারে অগ্রাধিকার দেওয়ার জন্য কোন নির্দেশ দেওয়া হয় নাই। তবে যে সমস্ত স্বর্ণশিল্পী কর্মবিনিয়োগ কেন্দ্রসমূহে তাঁহাদের নাম তালিকাভুক্ত করিয়াছেন চাকরি দেওয়ার ব্যাপারে তাঁহাদের অগ্রাধিকার দেওয়া হইতেছে।

Allowance given to the political workers

76. (Admitted question No. 293.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঙলাদেশে কোন্ জেলায় কতজনকে রাজনৈতিক কর্মী-ভাতা দেওয়া হয়;
(খ) উঁহাদের নাম এবং ঠিকানা কি এবং মাসিক সাহায্যের পররিমাণ কত;
(গ) এই সাহায্য দেওয়ার জন্য কি কি বিষয় বিবেচনা করা হয়;
(ঘ) সাহায্যপ্রাপ্তদের এই জন্য কোনও নিয়ম মেনে চলতে হয় কিনা;
(ঙ) এই প্রকার সহায্যের আবেদনপত্র বিবেচনা করার জন্য কোন কমিটি আছে কিনা; এবং
(চ) কমিটি থাকিলে তাহার সভ্যদের নাম কি?

The Minister for Finance:

(ক) রাজনৈতিক কর্মী-ভাতার কোন হিসাব জেলাভিত্তিক রাখা হয় না।
(খ) এ প্রশ্ন আসে না।

(গ) এই প্রকার সাহায্য দেওয়ার জন্য রাজনৈতিক নির্যাতিত আবেদনকারীর আর্থিক অবস্থা, পারিবারিক অবস্থা, রাজনৈতিক কার্যকলাপ, নির্যাতনভোগ ও হাজতবাস প্রভৃতির বিষয় বিবেচনা করা হয়।

(ঘ) না।
(ঙ) হাঁা।
(চ) সভ্যদের নাম যথাক্রমে—
(১) শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত, মাননীয় মন্ত্রী, পূর্ত বিভাগ।
(২) শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়, মাননীয় মন্ত্রী, সেচ ও জলপথ বিভাগ।
(৩) শ্রীবিজয় সিংহ নাহার, মাননীয় মন্ত্রী, শ্রম বিভাগ।

Supply of water from Midnapore Canal for irrigation purposes

77. (Admitted question No. 297.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য: সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর ক্যানেল হইতে কত একর জমিতে সেচের জল দেওয়ার ব্যবস্থা আছে এবং এজন্য একর-প্রতি জলকর কত ধার্য রহিয়াছে;
(খ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে কত টাকা জলকর আদায় হইয়াছে;
(গ) সেচ এলাকার জলকর পাওনা (১৯৬৩ সালের ৩১এ মার্চ তক) কত বাকি রহিয়াছে;
(ঘ) গত ১৫ বৎসরের মধ্যে এ এলাকায় একর-প্রতি ধার্য জলকর রেট বৃদ্ধি করা হইয়াছে কি;
(ঙ) বৃদ্ধি হইয়া থাকিলে বৃদ্ধির পরিমাণ কত; এবং
(চ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে ক্যানেল রক্ষণাবেক্ষণ-সংস্কার প্রভৃতির জন্য কত ব্যয় হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর ক্যানেল হইতে ১ লক্ষ ২৫ হাজার একর জমিতে সেচের জল দেওয়ার ব্যবস্থা আছে।

দীর্ঘমেয়াদী লীজে একর-প্রতি ২ টাকা এবং স্বল্পমেয়াদী লীজে একর-প্রতি ২ টাকা ৫০ নয়া পয়সা জলকর ধার্য আছে।

(খ) ১৯৬০-৬১ সালে ২,৩৯,০০০ টাকা, ১৯৬১-৬২ সালে ১,৪৮,০০০ টাকা, এবং ১৯৬২-৬৩ সালে ৩,৪০,০০০ টাকা জলকর আদায় হইয়াছে।

(গ) প্রায় ২৪,৭০০ টাকা।

(ঘ) না।

(ঙ) এই প্রশ্ন উঠে না।

(চ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে যথাক্রমে ৩,৫৭,৬০০ টাকা, ৫,৪০,০০০ টাকা এবং ৬,০৫,৫০০ টাকা ব্যয় হইয়াছে।

Danger to Dhalpal Road from the erosion of the Gadadhari river

78. (Admitted question No. 336.)

শ্রীজীবনকৃষ্ণ দে: সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গদাধর নদীর ভাঙ্গনে তুফানগঞ্জ মহকুমায় নাটাবাড়ি-ধলপল সড়কটি বিপন্ন;

(খ) ইহা কি সত্য যে, রায়ডাক নদীর ভাঙ্গনে ধলপল-তুফানগঞ্জ সড়ক ইতিমধ্যেই এক ফার্লং-এর উপর নদীগর্ভে বিলীন হওয়ায় গুরুত্বপূর্ণ যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া নিদারুন সঙ্কট সৃষ্টি হইয়াছে;

(গ) সত্য হইলে, রায়ডাক ও গদাধর নদীকে উপরি-উক্ত স্থানে সংযত করার কোনও ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কি; এবং

(ঘ) কালজানি নদীর ভাঙ্গন হইতে চিলাখানা বন্দর ও বলরামপুরের অংশ বিশেষ রক্ষা করিবার কোনও ব্যবস্থা হইয়া থাকিলে তাহার বিবরণ?

The Minister for Irrigation and Waterways :

(ক) হ্যাঁ।

(খ) ধলপল-তুফানগঞ্জ একটি কাঁচা রাস্তা। রায়ডাক নদীর ভাঙ্গনে এই রাস্তার কিয়দংশ ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(গ) না। তবে প্রয়োজন হইলে নাটাবাড়ি ধলপল কাঁচারাস্তাটি উক্ত স্থান হইতে সরাইয়া লইতে হইবে। ধলপল-তুফানগঞ্জ রাস্তাটি ক্ষতিগ্রস্ত স্থানে সরাইয়া লওয়া হইয়াছে।

(ঘ) চিলাখানা বন্দর রক্ষার নিমিত্ত দুইটি বিকল্প প্রকল্প তৈয়ার করা হইয়াছিল, কিন্তু যেহেতু "টেকনিক্যাল" দিক থেকে গ্রহণযোগ্য নয় এবং সম্ভাব্য উপকারের তুলনায় খরচের পরিমাণ অত্যধিক, সেইহেতু প্রকল্পটি কার্যে পরিণত করা হয় নাই। স্থানটি বর্তমানে পরীক্ষাধীন আছে। বলরামপুর-চোকাশী ইত্যাদি গ্রাম রক্ষার জন্য প্রাথমিক অনুসন্ধান করা হইয়াছে। এখনও কোন প্রকল্প প্রস্তুত করা হয় নাই।

Girls' Multipurpose Higher Secondary School in Tufanganj subdivision

79. (Admitted question No. 338.)

শ্রীজীবনকৃষ্ণ দে: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমায় অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কত;

(খ) মহকুমা-শহরস্থিত ইলা দেবী গার্লস স্কুলে ছাত্রী ও শিক্ষয়িত্রী সংখ্যা কত;

(গ) উক্ত মহকুমায় মেয়েদের জন্য পৃথক বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) বক্সীহাটে ছাত্রীদের জন্য অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন কত দিনের মধ্যে আশা করা যায়?

The Minister for Education :

(ক) তুফানগঞ্জ মহকুমায় অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রতিষ্ঠান একটিমাত্র (জুনিয়র হাই স্কুল) আছে।

(খ) উক্ত মহকুমা-শহরস্থিত ইলা দেবী গার্লস স্কুলে ছাত্রীর সংখ্যা মোট ৪৪৬ এবং শিক্ষয়িত্রী সংখ্যা মোট ১১।

(গ) উক্ত মহকুমায় মেয়েদের জন্য পৃথক বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় বর্তমানে নাই। তবে ইলা দেবী গার্লস স্কুলকে বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন।

(ঘ) বক্সীহাট উচ্চ বিদ্যালয় ছাত্রীদের জন্য অষ্টম শ্রেণী পর্যন্ত বেতন সরকার হইতে ১৯৫৮-৫৯ হইতে দেওয়া হইয়া থাকে।

Motion of no-confidence in the Council of Ministers under rule 199 of the rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

[12—12-10 p.m.]

Mr. Speaker : Honourable Members, I have already granted leave to move the Motions of No-Confidence, and I have allotted 6 hours time today for the discussion on the motions and for taking decision on such motions. I am allotting 31½ hours to the members of the Opposition and 21½ hours to the majority party. I would however give you the assurance that if any little time is required more than the allotted time, I am always ready to give accommodation to my honourable member.

Now, I request Shri Hemanta Kumar Basu to move his motion.

Shri Hemanta Kumar Basu: I beg to move that the Assembly expresses its lack of confidence in the Council of Ministers.

মাননীয় স্পীকার মহোদয় ডাঃ রায়ের মৃত্যুর পর যখন শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মুখ্যমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন, ভার গ্রহণ করেন, তখন বাংলার জনসাধারণ এবং আমরা সকলেই শাসন ব্যবস্থার উন্নতি হবে, শাসন ব্যবস্থায় দেশের সাধারণের বিভিন্ন সমস্যা অনেকখানি সমাধান হবে, লোকে একটু সুখে, একটু শান্তিতে বাস করতে পারবে, সকলে আমরা এই আশা করেছিলাম, কিন্তু যত দিন যাচ্ছে তত আমরা দেখতে পাচ্ছি শাসন ব্যবস্থার উন্নতি তদূরের কথা বরং দিনের পর দিন শাসন ব্যবস্থা দুর্নীতিপরায়ণ হয়ে চলেছে, দিনের পর দিন শাসন ব্যবস্থা জনস্বার্থ বিরোধী হয়ে চলেছে, কোরাপশন, দুর্নীতি দিন দিন বেড়েই চলেছে। আপনারা সকলেই জানেন, স্যার, সম্প্রতি খাদ্য সম্বন্ধে আলোচনা হয়েছে, খাদ্যের দাবীতে তিনদিন ব্যাপী এই এ্যাসেম্বলীতে আলোচনা হয়েছে। আমরা আমাদের কথা পরিষ্কারভাবে রেখেছি। আমরা তার মধ্যে দিয়ে যে কথা রেখেছি তিনিও সে কথা বলেছেন যে এখন ক্রম র্দ্ধমান, জিনিষপত্রের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে এবং দর কমাবার পক্ষে তিনি বলেছেন যে, র‍্যাশন সপ থেকে চাল নিয়ে গম বেশী খেয়ে একমাত্র তার সমস্যা সমাধানের কথা বলেছেন। আমরা তা মনে করি না। আমরা বলেছিলাম যে চাল যা পাওয়া যাচ্ছে বাজারে, সেই চাল সরকার সিজ করুন এবং সেই চাল সরকার নিজে বাজারে বিক্রয় করুন। এই চালের সরকার একটা দাম বেধে দিন। কিন্তু শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন, মুখ্যমন্ত্রী, অনেক কথাই বলেছেন কিন্তু চোরাকারবারী, মজুতদার, দুর্নীতি পরায়ণ ব্যক্তি যারা .দেশের জনসাধারণের উপর শোষণ চালাচ্ছে, জিনিষপত্রের দাম বাড়িয়ে দিয়ে, সে বিষয় একটা কথাও তিনি বলেন নি। আমরা ডি. আই. রুল প্রয়োগ করতে বলেছিলাম তাদের সম্বন্ধে কিন্তু ডি আই, রুল তিনি তাদের সম্বন্ধে প্রয়োগ করতে রাজী নন। আজকে আমরা দেখছি ভারত গভর্নমেণ্ট নির্দেশ দিয়েছেন যারা এই রকমভাবে জিনিষপত্রের দাম বাড়িয়ে দিয়ে দেশের সাধারণকে বিপর্যস্ত করে দিয়ে অত্যাধিক লাভ করছে তাদের উপর ডি. আই. রুল প্রয়োগ করা দরকার।

এখন হয়তো পশ্চিমবঙ্গ গভর্নমেণ্ট বাধ্য হবেন সেই বিষয়ে ডি, আই. রুলস প্রয়োগ করতে। কিন্তু তারা এটা কিভাবে প্রয়োগ করবেন সেই বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। সেজন্য এই

সরকারের উপর আমাদের যে আস্থা ছিল সেই আস্থা সম্পূর্ণ অনাস্থায় পরিণত হয়েছে, এই সরকারের উপর আমরা কোন আস্থা রাখতে পারছি না। পুলিসি অব্যবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়ছে দিনের পর দিন, দুর্নীতিপরায়ণ অ্যান্টি-সোসাল এলিমেণ্টস অসামাজিক ব্যক্তির সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচেছ। খুন, জখম, চুরি, ডাকাতি অত্যধিক সংখ্যায় বেড়ে চলেছে। হয়তো মুখ্যমন্ত্রী মহাশয় পরিসংখ্যান দিয়ে দেখিয়ে দেবেন যে আগের চেয়ে খুনজখম ডাকাতি কমে গিয়েছে। কিন্তু রোজই সংবাদপত্রে আমরা দেখিতে যাই খুনের খবর, ডাকাতির খবর, চুরির খবর এবং অন্যান্য অসামজিক কাজের খবর। আজকাল কলকাতা সহরে মেয়েদের পক্ষে রাস্তা দিয়ে স্কুলে যাওয়া বা হাটা অত্যন্ত কঠিন ব্যাপার। এই কিছু দিন আগে একটা মেয়েকে আমি এখানে নাম করতে চাই না, নাম চাইলে আমি নাম দিতে পারি—ঘর থেকে বের করে নিয়েছে। আজকাল ছাত্রীদের স্কুলে পাঠাতে বাপ মার ভয় করে। এ ভাবে নানা রকম অসামাজিক কাজ বেড়ে চলেছে। চোলাই মদের কারবার কলকাতা সহরে বেড়ে চলেছে, তার ব্যাপকতা এমনই যেন তার প্রতিরোধের কোন ব্যবস্থা নাই, সরকারের যেন এই বিষয়ে কিছু করবার নাই। একটা অরাজকতা চলেছে। কাজেই সেদিক থেকে এই সরকারের উপর কিভাবে আমাদের আস্থা থাকতে পারে সেটা বিশেষভাবে বিবেচনার যোগ্য—এবং সেই জন্যই এই প্রস্তাব আমরা নিয়ে এসেছি। প্রাইভেট মোটর কার প্রাইভেট ট্যাক্সি হিসাবে কাজ করছে, বড় বাজারে এইরকম গাড়ীর সংখ্যা অনেক বেশি এবং তারা পুলিসের চোখের সামনে এই কাজ করছে। তারপর লরিগুলি রাস্তায় যেখানে সেখানে দাড়িয়ে থাকে যেন রাস্তা গ্যারাজে পরিণত হয়েছে। এই বিষয়ে কোন প্রতিকার করার ব্যাপারে পুলিসের যেন কোন কর্তব্য নাই। তারপর কেবল ঘুষ চলছে, এই ঘুষের মারফৎ যতরকম অন্যায় এবং দুর্নীতি ক্রমেই বেড়ে চলেছে আমরা দেখতে পাচ্ছি। তারপর স্যার, শ্রম দপ্তর। শিল্পে শান্তি চুক্তি হয়েছিল, শ্রমিকেরা কাজ করবে, মালিকেরাও কাজ করবে, উভয়ে মিলে এই জরুরী অবস্থায় ক্রমে উৎপাদন বাড়িয়ে যাবে। শ্রমিক শ্রেণী অতিরিক্ত পরিশ্রম করে উৎপাদন ক্রমে ক্রমে বাড়াতে আরম্ভ করল। কিন্তু মালিকেরা শিল্পে শান্তিচুক্তি না মেনে শ্রমিকদের লে অফ ও ছাঁটাই এই সমস্ত করতে আরম্ভ করলেন। শ্রমিক সংগঠনগুলি এই শান্তিচুক্তি মেনে চল্লেন, কিন্তু মালিকদের কোন সহযোগিতা পাওয়া গেল না। ১৯৬২ সালে জুলাই মাসে শ্রমিকেরা উৎপাদন বাড়াল ১৪৮.২, আগষ্ট মাসে ১৫০.২, সেপ্টেম্বর মাসে ১৪৬.২, অক্টোবরে ১৪৮.২, নভেম্বর মাসে ১৫৯.৭ ডিসেম্বর মাসে ১৬৪.৪। আজকে অর্থাৎ জরুরী অবস্থা ঘোষণা হবার পরে তারা উৎপাদন বাড়িয়েছে ১৬.৮। ১৯৬২ সালে শ্রমিক দিবস নষ্ট হয়েছিল ৫৯৯'৬ আর ১৯৬৩ সালে ১২১। শ্রমিকশ্রেণী যাতে কাজ বন্ধ না করে এর জন্য নানারকম উৎসাহব্যঞ্জক কথা বলা হয়েছিল। কিন্তু মালিকগণ শ্রমিকদের দেশপ্রেমের পুরস্কারস্বরূপ ছাঁটাই ও লে অফ করতে আরম্ভ করলেন। কেন্দ্রীয় দপ্তরের কাছ থেকে খবর এসেছে ৯৪টি কারখানায় ছাঁটাই হয়েছে, এই ৯৪টি কোম্পানীতে ছাঁটাই-এর সংখ্যা ৯ হাজার ৭৩০ জন, ৪০০টি কারখানা লে অফ হয়েছে তাতে শ্রমিকসংখ্যা ২৫ হাজার ৯২৬। ১৯৬২।৬৩ সালে ২টি কারখানা বন্ধ হয়ে গিয়েছে, তাতে প্রায় ১ হাজার ১৭০ জন লোক কর্মচ্যুত হয়েছে। কাজেই শ্রমিক এবং মালিক বিরোধের নিষ্পত্তির ব্যাপারে ১৯৬২।৬৩ সাল পর্যন্ত ২৬৮টি স্বেচ্ছাক্রমে সালিসী হয়েছে, কিন্তু মালিকেরা সেই সালিসী কার্যকরী করছেন না।

[2-10—12-20 p.m.]

তারপর পণ্যমূল্য বৃদ্ধি পেয়েছে '৬০ এই জুন মাসের ১৫ তারিখ পর্যন্ত। মালিকেরা শ্রমিকদের হাজারে হাজারে লে অফ করা সত্ত্বেও শ্রমিকরা পরিশ্রম করে উৎপাদন বাড়িয়েছে। কাজেই এই শ্রমদপ্তরের উপর আমাদের কি ভাবে আস্থা থাকতে পারে? আমরা এই শ্রমমন্ত্রির উপর সম্পূর্ণভাবে অনাস্থা জ্ঞাপন করছি। স্যার, একটা এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট আছে, কিন্তু তাঁরা যে কি করেন আমরা কিছুই বুঝতে পারি না। বড় বড় এগ্রিকালচারাল ফার্ম আছে, সেই সমস্ত ফার্মে বহু টাকা খরচ হয়েছে, কিন্তু প্রতিটি ফার্মে লোকসান চলেছে। প্রভূত অর্থ সেখানে লোকসান হচ্ছে। খাদ্যোৎপাদনের ব্যাপারে কৃষি বিভাগ যে কি উন্নতির সুযোগ করে দিয়েছে আমরা বুঝতে পারছি না। পঞ্চবার্ষিক পরিকল্পনা মারফৎ কোটি কোটি টাকা খরচ হবার পরেও খাদ্যোৎপাদন বাড়েনি। মুখ্যমন্ত্রিমহাশয় বলেন লোকসংখ্যা বাড়ছে। লোকসংখ্যা বাড়ছে তা ঠিক, কিন্তু লোকসংখ্যা হিসাবে খাদ্যোৎপাদনও তো বাড়তে পারে। এত সেচ ব্যবস্থা, এত সারের ব্যবস্থা

এত বীজের ব্যবস্থা। সর্বক্ষেত্রেই আমরা দেখতে পাচ্ছি এই সরকারের অকৃতকার্য্যতা। কাজেই আমরা দেখতে পাচ্ছি এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট যাঁদের উপর খাদ্যোৎপাদনের প্রধান দায়িত্ব তারা তাদের দায়িত্ব পালন করছেন না আমরা দেখতে পাচ্ছি। হয়তো পরিসংখ্যান দিয়ে দেখাবেন উৎপাদন বাড়ছে, যদি উৎপাদন বাড়ে তাহলে ২২ লক্ষ টন খাদ্যাভাব হবে কেন? কাজেই সেদিক থেকে এগ্রিকালচার ডিপার্টমেণ্ট নিশ্চয়ই অপদার্থের হাতে রয়েছে এবং তার জন্য বিশেষভাবে মন্ত্রিমহাশয় যখন দায়ী তখন এই মন্ত্রীর উপর আমি অনাস্থা প্রকাশ করছি। তারপর, জমিদারী প্রথা উচ্ছেদ হয়েছে কিন্তু আজ পর্যন্ত কৃষক জমির মালিক হতে পারছে না বলে কৃষকের মনে কোন উৎসাহ বা প্রেরণা নেই। কৃষক যদি মনে করত জমির উপর তার কতৃত্ব আছে তাহলে উৎসাহভরে সে উৎপাদন বাড়াত। আমাদের সেচ ব্যবস্থা আছে এবং সেচ বিভাগও আছে কিন্তু যে সময় জমিতে জল দেওয়া দরকার সেই সময় জল পাওয়া যায় না। ১০ লক্ষ একর জমিতে জল দেবার কথা ছিল কিন্তু ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত সাড়ে তিন লক্ষ একরে সেচ ব্যবস্থা হয়নি। কাজেই জমিতে জল দেবার ব্যাপারে সেচ বিভাগ যখন সম্পূর্ণ ব্যর্থ হয়েছে তখন এই সেচ বিভাগ এবং সেচমন্ত্রীর উপর আমি অনাস্থা জ্ঞাপন করছি। ১৯৪৭ সাল থেকে উদ্বাস্তু সমস্যা আমাদের সামনে রয়েছে কিন্তু ১৯৪৭ সালের পর থেকে আজ পর্যন্ত এমন কিছুই দেখতে পাচ্ছি না যার ফলে আমরা বুঝতে পারি যে একটা সুষ্ঠু পরিকল্পনা করে এই সমস্যা সমাধান করবার চেষ্টা করা হচ্ছে। জবরদখল কলোনীতে যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছে তাদের জমির উপর যাতে একটা মালিকানা হয় তার জন্য কোন নীতি তাঁরা গ্রহণ করছেন না। যে আইন পাস হয়েছে তার ফলে কন্সিডারেসন মানি আদায়ের চাপে এই সমস্ত উদ্বাস্তুদের জীবন বিপন্ন হয়ে পড়েবে। আজকে উদ্বাস্তু পরিবাররা জবরদখল কলোনী থেকে আশ্রয়চ্যুত হচ্ছে, গৃহচ্যুত হচ্ছে এবং কন্সিডারেসন মানি দিতে না পারলে তাদের কি হবে সে সম্বন্ধে কোন একটা নীতির কথা আমরা শুনতে পেলাম না। মন্ত্রিমহাশয় বললেন যতখানি পারি চেষ্টা করব। কিন্তু কি করবেন, কিভাবে কণ্ডিন্সিডারেসন মানি আদায় করা হবে সে বিষয়ে কোন ব্যবস্থা নেই। আমরা দেখছি উল্টাডাঙ্গায় ২০টি পরিবার গৃহচ্যুত হয়ে রাস্তায় দাঁড়িয়েছে এবং তাদের গৃহ সমস্যার কোন সমাধান হচ্ছে না। এরকম আরও অনেক অভাব অভিযোগ রয়েছে। তারপর, শিয়ালদহ ষ্টেসন—এই দীর্ঘদিন ধরে যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছে তাতে এটা আমাদের জাতীয় জীবনে অত্যান্ত লজ্জা এবং কলঙ্কের ব্যাপার যে উদ্বাস্তু বিভাগ থাকা সত্বেও এই উদ্বাস্তু সমস্যার সমাধান করতে তাঁরা ব্যর্থ হয়েছেন। কাজেই উদ্বাস্তু বিভাগের মন্ত্রীর উপর আমি অনাস্থা প্রকাশ করছি। স্যার, ডিপ সি ফিসিং প্ল্যান-এর মাধ্যমে বাংলাদেশের জনসাধারণকে মাছ খাওয়াবেন বলেছিলেন এবং তার জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন। আজকে শুনলাম ডিপ সি ফিসিং বিভাগ উঠে গেছে। কিন্তু সেখানে যে ৪৫জন টেকনিক্যাল হ্যাণ্ড এবং ৩৫ জন নন-টেকনিক্যাল হ্যাণ্ড রয়েছে তাদের অবস্থা কি হবে? স্যার, আমরা সংবাদপত্রে পড়েছি একজন জাপানী এবং আমেরিকান অভিজ্ঞ ব্যক্তি বলেছেন যে এখনও যদি বাংলা দেশের সমুদ্র থেকে মাছ তোলা হয় তাহলে ভালভাবে মাছ পাওয়া যেতে পারে। কিন্তু ডিপ্ সি ফিসিং সম্পূর্ণ ব্যর্থ হওয়ায় জনসাধারণকে মাছ খাওয়াতে পারেনি এবং এই বিভাগটি ইণ্ডিয়া গভর্ণমেণ্টের হাতে তুলে দিচ্ছে বলে আজকে অনেকগুলো কর্মচারী ছাঁটাইয়ের মুখে এসে দাঁড়িয়েছে। এই যখন অবস্থা তখন এই বিভাগের উপর কি করে আস্থা প্রকাশ করতে পারি?

আমরা দেখছি সমবায় বিভাগকে এ বিষয়ে ভারত গভর্ণমেণ্ট বিশেষ কটাক্ষপাত করেছে। শুনলাম গুলজারী লাল নন্দ কটাক্ষপাত করে বলেছেন বাংলাদেশের সমবায় বিভাগ সমস্ত ব্যর্থ হয়েছে। জনসাধারণের জীবনে কষ্ট বেড়ে যাচ্ছে, কেন না জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে, ক্রেতাদের সমবায় বিপনি দ্রব্যমূল্য কমাবার জন্য কোন বিশেষ কোন চেষ্টা করতে পারে নাই।

[12-20—12-30 p.m.]

তারপর বাংলাদেশে কি অবস্থা। জিনিষপত্রের দাম বাড়ছে, লোকে অনাহারে অর্ধাহারে জীবন কাটাচ্ছে। পুরুলিয়ার কথা বার বার বলছি। মন্ত্রী মহাশয়কে যখনই বলি তখনই সেটা তিনি অস্বীকার করেছেন। ৩০।৩১ জন লোক দুর্ভিক্ষে মারা গেল। এ বিষয়ে নিজে গিয়ে বাড়ীতে বাড়ীতে দেখে এসেছি। যেখানেই গিয়েছি, তাদের বাড়ীর লোক বেরিয়ে

এসেছে, তাদের শরীরের যে চেহারা দেখেছি এবং বাড়ীতে ঘুরে ঘুরে যা দেখেছি তাতে এটাই মনে হয়েছে মানুষ বাস্তবিকই অনাহারে রয়েছে, এবং তিলে তিলে লোক মরছে। আমরা যখন গেছলাম তখন ১২ জন লোক মরেছিল, এখন শুনছি ৩০ জন লোক মরেছে। বাঁকুড়ায়, ২৪-পরগণায় দুর্ভিক্ষের অবধি নেই। সেই জায়গায় যে দুর্ভিক্ষ হয়েছে সেটাতে আপনারা স্বীকার করবেন না। এঁরা বলছেন টেস্ট রিলিফের কাজ দিচ্ছেন, যেখানে দু হাজার লোক এসেছে সেখানে হয়ত পাঁচশত লোককে কাজ দিয়েছেন, যেখানে একটি পরিবার গম পেয়েছে সেখানে হয়ত পাঁচটি পরিবার তা খেয়েছে, এই ভাবে টেস্ট রিলিফের কাজ দেওয়ার যে নীতি সেটা সম্পূর্ণ ব্যর্থ হতে চলেছে। সে বিষয়ে কোন সন্দেহ নেই।

তারপর প্রতিরক্ষা ব্যবস্থা সম্বন্ধে। আমরা দেখছি যেভাবে জিনিষপত্রের দাম বাড়ছে তাতে লোকের মধ্যে অসন্তোষের সৃষ্টি হচ্ছে। প্রথমে প্রতিরক্ষা ব্যবস্থা সম্বন্ধে মানুষের মধ্যে যেরকম উৎসাহ গড়ে উঠেছিল, জনসাধারণ যেভাবে প্রতিরক্ষা ব্যবস্থা সমর্থন করেছিল, সাহায্য করেছিল, জনসাধারণের মধ্যে উৎসাহ জেগে উঠেছিল, সরকারী নীতির ফলে ক্রমে ক্রমে সেই উৎসাহ কমে আসছে সরকারী নীতির ফলেই এটা ঘটছে। কাজেই এই ভাবে যদি চলে তাহলে বাংলাদেশের শাসন-ব্যবস্থা ক্রমেই যে দুর্নীতিপরায়ণ হয়ে উঠছে তাতে সেটা আরও বাড়বে এবং লোকের জীবনে আরও অনর্থ সৃষ্টি হবে। আমি পরিষ্কার বুঝতে পারছি যে এইজন্য মন্ত্রীমণ্ডলীই দায়ী, এই মন্ত্রীমণ্ডলীর উপর আমাদের বিশ্বাস নাই। সেইজন্য আমাদের প্রস্তাব হচ্ছে যে এই মন্ত্রী মণ্ডলীর প্রতি আমরা নিশ্চয়ই অনাস্থা প্রকাশ করবো। আপনি স্যার, জানেন যে খাদ্যের ব্যাপারে বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে পদযাত্রীরা আসছে সরকারী খাদ্য-নীতির প্রতি প্রতিবাদ জানাবার জন্য। তারা আসছে এই পরিষদ ভবনে তাদের অভাবের কথা, তাদের বেদনার কথা জানাতে। আমি জানি না তাদের এখানে আসা সম্বন্ধে সরকারের নীতি কি, সরকার তাদের আসতে দেবেন কিনা। তাদের গ্রেপ্তার করা হবে কিনা সেটা জানি না। এইভাবে বাংলাদেশে একটা বিরাট প্রতিবাদের সুর মন্ত্রীমণ্ডলীর কাজের ব্যাপারে উঠেছে, শাসন ব্যবস্থার ব্যাপারে একটা ভীষণ প্রতিবাদের সুর, প্রতিকারের সুর, ভীষণ অসন্তোষ দিন দিন গর্জে উঠছে, কাজেই এই অবস্থায় আমাদের আর কোন রাস্তা নাই, পথ নাই, জনসাধারণের পক্ষ থেকে একথা বলা ছাড়া যে মন্ত্রী মণ্ডলী পদত্যাগ করুন। জনসাধারণের কাছে তাঁরা যান, তাঁরা ভোট চান, হয়ত তাঁরা অনেক খরচ করতে পারেন, কিন্তু একথা বলতে পারি যে যদি নির্বাচন হয় তাহলে যে ভোটের জোরের কথা বলছেন সেই জোর তাঁদের থাকবে না। সেদিক দিয়ে যে অনাস্থা প্রস্তাব এই আইন পরিষদে এসেছে তার প্রতি সমস্ত সভ্যদের দৃষ্টি আকর্ষণ করি, কংগ্রেস পক্ষে যাঁরা সদস্য আছেন এ বিষয়ে তাঁদেরও দৃষ্টি আকর্ষণ করি এবং যাতে সর্বসম্মতিক্রমে এই অনাস্থা প্রস্তাব পাশ হয় সেজন্য আমি আবেদন জানাই। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Narayan Chandra Roy : I beg to move that this Assembly expresses its want of confidence in the present Ministry. The whole policy on food and food-supply is anti-social and anti-people.

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, আমি আমার বক্তব্যের মধ্যদিয়ে যে প্রস্তাবটি রেখেছি সেটা প্রমাণ করার চেষ্টা করব ; আর আমি বিশেষ করে পিন পয়েণ্ট করতে চেষ্টা করছি আমার শ্রদ্ধেয় বন্ধুদের সম্বন্ধে যাদের সঙ্গে এককালে কাজ করেছি, অনেক আন্দোলন করেছি, জেল খেটেছি, তাঁদের সম্বন্ধে কেন এই কথা বলছি যে এ্যাণ্টি সোসাল এবং এ্যাণ্টি পিপল। হয়ত অনেক সময় না জেনে অনেক কাজ হচ্ছে যেগুলি সম্বন্ধে আমরা এই রকম ভাবছি, হয়ত দেশও ভাবছে। আমরা জানি বিরোধী দল সংখ্যা লঘিষ্ঠ, তাঁদের পক্ষে একটা অনাস্থা প্রস্তাব তোলা ছেলে খেলা নয়। আমরা কমিউনিষ্ট পার্টি থেকে ছেলে খেলা করতে এখানে আসিনি। আমরা কতকগুলি গুরুতর প্রশ্ন বিধান সভার মারফৎ দেশের মানুষের কাছে রাখতে চাই। আমি জানি যে দুর্বলতা আছে। আমাদের এ পক্ষ থেকে তীব্রতম বক্তা যাঁরা ছিলেন তাঁরা আজ অনুপস্থিত। তাঁদের বক্তব্য এখানে যাতে তাঁরা রাখতে পারেন সেজন্য তাঁদের এখানে আনবার জন্য আবেদন করেও আমরা স্পীকার মহাশয় এবং সরকারকে রাজী করাতে পারিনি। সেজন্য তাঁরা যেটা করতেন সে ভাষার তীব্রতা না থাকলেও তাঁদের কথা আপনাদের সামনে রাখবার চেষ্টা করব। এই সভা কক্ষে শ্রদ্ধেয় একজন সদস্য বলেছিলেন

খাদ্য নিয়ে রাজনীতি করা উচিত নয়। খাদ্য নীতি নিয়ে যে রাজনীতি হচ্ছে সেই রাজনীতির উপর দেশের যে অর্থনীতি এবং ভবিষ্যতে একটা গৃহ বিপ্লবের পথে দেশকে যে ঠেলে নিয়ে যাওয়া হচ্ছে এই কথাই আজ আমি আমার বক্তব্যের মাধ্যমে এই সভায় রাখতে চাই। খাদ্য নিয়ে আমরা রাজনীতি করিনি। খাদ্য নিয়ে রাজনীতি হচ্ছে সেই নীতি ভাঙবার জন্য দেশবাসীকে আবেদন করছি। আপনারা খাদ্য শস্যের যে সংগ্রহ এবং খাদ্য উৎপাদনের যে পদ্ধতি তার মাধ্যমে দেশের সামনে এমন কতকগুলি নূতন জিনিস সৃষ্টি করেছেন যার সঙ্গে এর তুলনা মেলে মুসলমান রাজত্ব চলে যাবার পর যে ইংরাজ রাজত্ব গড়ে উঠে তার সেই সময় নতুন কতকগুলি শ্রেণী সৃষ্টি করে ইংরাজ তার রাজত্বের ভিত্তি সুদৃঢ় করেছিল, তাই তারা ১ শো বছর রাজত্ব চালিয়েছিল। আজও আপনাদের জ্ঞাতসারে হোক, অজ্ঞাতসারে হোক সেই রকম একটা অর্থনীতি একটা বন্ধনীর সৃষ্টি হচ্ছে। মানুষের খাদ্য নিয়ে যারা রাজনীতি করছে. মানুষকে বিপ্লবের পথে ঠেলে দিচ্ছে. মানুষকে অভাব অনশন ধ্বংসের পথে ঠেলে দিচ্ছে তার সত্যিকার বিচিত্র রূপ আমরা অনুভব করেছি বলেই এটা আপনাদের সামনে রাখতে চাই। কাপড় না হলেও চলে গেছে—দুখানা কাপড়ের বদলে একখানা কাপড় আর একখানা গামছা পরে চলে গেছে। চলে নি কোথায়, না, খাবার নিয়ে। বিভিন্ন দেশে রাজনৈতিক ইতিহাস যখন রচিত হয়েছে—সেই কথা মনে পড়ে যে সময় ক্ষুধার্ত জননী ক্ষুধার্ত সন্তানের জন্য রাজার সিংহাসন টলিয়ে দিয়েছে, সেই রাজার মাথা লুটিয়ে পড়েছিল। সেই রাজা এবং রাণী তাঁদের মাথা লুটবার ২ বছর আগে পর্যন্ত এমনি করে হেসেছিলেন। তাঁরা দুর্ভিক্ষের পদধ্বনি শুনেছিলেন কিন্তু বিশ্বাস করেননি। তাঁরা বিশ্বাস করেন নি যে আশেপাশে ভূত দাঁড়িয়ে আছে। ভূত যতক্ষণ না তাঁদের গলা টিপে ধরেছে ততক্ষণ তাঁরা বিশ্বাস করেন নি। সেজন্য আমরা এ পক্ষ থেকে আমাদের বক্তব্য তীব্রভাবে খাদ্য নীতির উপর রাখছি। যেখানে মানুষ বিদ্রোহ না করে পারে নি, অনশনে শিশু যেখানে মায়ের কোলে কাঁদতে থাকে, বাঘ-বাঘিনীর যে কাহিনী আছে সেই রকম মানুষের মনও ক্ষেপে উঠতে পারে। গাছ নয়, জঙ্গল নয়, জানোয়ার নয় যে যেখানে জল শুকিয়ে গেছে সেখানে গাছ মরে গেছে, জানোয়ার সেখান থেকে পালিয়ে গেছে। মানুষ কোন দিন কোন জায়গা থেকে পালিয়ে যায় নি, সে মরেনি, সে দাঁড়িয়েছে সে অত্যাচারীর গলা টিপেছে। ইতিহাসের কথা এই খাদ্য নিয়ে খেলা নয়। সরকারের যে নীতি থাক না কেন এই খাদ্য নীতি যেভাবে দেশবাসী অনুভব করেছে, যে অগ্নিস্ফুলিঙ্গ অনুভব করেছে, সেটা আপনার সামনে রাখতে চাই।

[12-30—12-40 p.m.]

সমস্ত জাতটা অর্ধাশন অনশনের মাঝখানে দাঁড়িয়ে আছে, অর্থাৎ ঘরে যদি বড় কর্তা ভাল করে খেতে পায় বাকী বউরা খেতে পায় না—মধ্যবিত্ত ঘরে এই অবস্থা। তাদের না খেতে পেয়ে দিন কেটে গেছে। যেখানে দেশের প্রত্যেক মানুষের অঙ্গে অঙ্গে রক্ত রয়েছে, প্রত্যেকটা মানুষ দুর্ভিক্ষের পদধ্বনি শুনছে সেখানে আমাদের মুখ্যমন্ত্রী হাসির কথা রেখেছেন কিন্তু আমি বলবো, যে মহাবিপ্লব দেশকে রাষ্ট্রকে উল্টে দেয় সে বারে বারে আসে না, ঝড়ের মত দেখা দিতে দিতে শেষ পর্যন্ত রাষ্ট্রকে উল্টে দেয়। আপনারা মানুষকে এই ভাবে ক্ষেপিয়ে দিচ্ছেন। আমরা নিশ্চয়ই দেশকে গঠন করতে চাই, ধ্বংস করতে চাই না। আপনারা এই দুর্ভিক্ষের সময় মানুষের ঘরে ঘরে খাবার পৌঁছে দিন এই আমাদের বক্তব্য। আমরা এখানে একটা দলকে নিন্দা করতে উঠিনি, আমাদের কমিউনিষ্ট পার্টি তা করতে আসে নি। আমার প্রশ্নের জবাবে সরকার পক্ষ থেকে মন্ত্রীদের পক্ষ থেকে সত্য মিথ্যা মিলিয়ে কিছু হয়ত তথ্য দিয়ে দেবেন কিন্তু সেই তথ্য সম্বন্ধে কথা হচ্ছে সরকারী তথ্যের নাম করে একেবারে মেসিনের মত যদি কথা বলে যান তাহলে সবচেয়ে বড় মেথিমেটিসিয়ান যে তার পক্ষেও অংক করা যায় না, বিশ্বাস করা যায় না এবং সরকারী দপ্তর থেকে স্ট্যাটিসটিকাল ইনস্টিটিউট বা প্রকাণ্ড মহলানবীসের নাম করে আমাদের কাছে বলে যাবেন কিন্তু কোন প্রমাণ আছে কি প্রশান্ত মহলানবীশ সেই তথ্য দিয়েছেন। তাদের নাম করে বিধানসভায় মাঝখানে এক একটা সত্য মিথ্যা মিলিয়ে মিলিয়ে এখানে তথ্য পরিবেশন করে গেছেন। আজ আমাদের কি বিশ্বাস করতে হবে যে বাংলা দেশের সহরের মানুষ খেতে পায় না, গ্রামের কৃষক খেতে পায় না এজন্য যে তাদের খাবার ঐ ৭০ লক্ষ চাষী খেয়ে নিয়েছে, তারা তাদের নিজেদের বাড়ীতে পুরে রেখে দিয়েছে এবং বাকী ৭।৮ লক্ষ টন নিয়ে ব্যবসা চলছে। এই নীতির মধ্যে ভয়ঙ্কর বিপদের ইঙ্গিত আছে

এবং সেটা আপনারা সহরের মানুষ, বিদ্রোহী মানুষ, সংগঠিত মানুষকে দেখিয়ে দিচ্ছেন। আপনারা এটা দেখিয়ে দিচ্ছেন যে চাষীর দল কৃষক দল যারা প্রডিউসার্স তারাই এসব করছে কিন্তু মুখ্যমন্ত্রীর বিবৃতির মধ্যে তাঁর বন্ধুর কথা নেই—সেই শ ওয়ালেস কোং, বি কে রায়ের কথা নেই যারা ধান উঠবার আগেই সেটা তুলে নেয়, তাদের কথা উল্লেখ মাত্র নেই। গ্রামে চলে যান জিজ্ঞাসা করুন ধান কার ঘরে চলে যায় উঠবার পর। কোন মানুষ না জানে গ্রামের মধ্যে পুলিস ধান রুইবার সময় বা জল দেবার সময় যায় না, তখন সেখানে কিছু হয় না—ধান তোলবার সময় তখন সরকারের পুলিস বলে যায় সেই ধান কার ঘরে যাবে তার বন্দোবস্ত করে দিতে। তার-পরেও দেশবাসীর কাছে বলতে হবে যে এই সরকার চাষীর সরকার, নিজের সরকার, এই সরকার জনদরদী সরকার। একথা বিধানসভার সামনে বলে যেতে পারেন, দেশের মানুষের কাছে বলতে পারেন, কারণ তাদের প্রতিবাদ করার ক্ষমতা ভয়ঙ্কর কম— তারপরে ইলেকসনেও প্রমাণিত হয়ে গেছে কিন্তু সত্য একদিন না একদিন বিরাট উল্কার মত বেরিয়ে যাবে এবং আপনারা সেদিকে দেশকে ঠেলে নিয়ে যাচ্ছেন কংগ্রেসী বন্ধুদের কাছে আমি একথাই বলতে চাচ্ছি। আমি জিজ্ঞাসা করছি আপনারা খাদ্যের প্রশ্ন তোলেন। খাদ্য নিয়ে এখানে বহু আলোচনা হল, বারে বারে প্রত্যেক জায়গায় আপনারা বলেন খাদ্যোৎপাদন বাড়াও কিন্তু খাদ্যোৎপাদন কে বাড়াবে? আপনারা প্রত্যেক জায়গায় বলেন দেশের অনুন্নত চাষী, আমাদের অনুন্নত চাষ পদ্ধতি, আমাদের দেশে জল নেই। আমাদের দেশে ধানচাষ অত্যন্ত আনডেভেলপড্ ওয়েতে প্রডিউষ্ট হয়। এখানে বীজ অত্যন্ত নিম্ন শ্রেণীর, অর্থাৎ আপনারা নানারকম সাফাই গান গাইছেন কিন্তু এই উৎপাদন কম কেন আমি জিজ্ঞাসা করতে চাই পৃথিবীর বিভিন্ন জায়গায় যেখানে মানুষ জমিতে ধান ফলিয়েছে, সেখানে যা করছে আপনারা সেখানে কি করছেন?

আমি একটা কথা জিজ্ঞাসা করি যে চাষীদের আপনারা জমি দেবেন বলেছিলেন। তাদের কতটা জমি দিতে পেরেছেন। কয়জনের হাতে তাদের খাদ্য পৌঁছে দিতে পেরেছেন। আমি শ্রদ্ধেয় সেচ মন্ত্রী মহাশয়কে ব্যক্তিগতভাবে বলছি না আমি তাঁর ডিপার্টমেণ্টের নীতির কথা বলছি। তাঁরা তাদের নামের জন্য করছেন, বহু কনট্রাক্টরের নামের কথা বলছেন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের কথা বলছেন, প্রকাণ্ড প্রকাণ্ড ডি ভি সি খাল করেছে তার কথা বলছেন—যে খাল এখনও ঠিক করতে পারেন নি যে সেগুলো বিদ্যুতের জন্য না চাষীকে জল দেবার জন্য। চাষীকে জল দেবার নামে তাদের উচ্ছেদ করেছেন—জল দেবার নাম করে জলকর নিচ্ছেন—জলের বদলে বন্যা এনে দিয়েছেন। আপনারা জল চাইলে আপনারা বলেন এবং আপনাদের দপ্তর থেকে বলে দেয় বিদ্যুৎ সরবরাহের জন্য জলের লেবেল কমে যাবে এবং চাষী যখন জল চায় না তখন বাঁধকে বাঁচাবার জন্য আপনারা জল ছাড়েন। আজকে যদি চাষী বলে যে সেচ বিভাগ থেকে জনবিরোধী নীতি চালানো হচ্ছে তাহলে সে কি অন্যায় বলে? আপনার বিদ্যুৎও নেই, কলকাতার ঘরে ঘরে মানুষকে জিজ্ঞসা করুন তাঁরা বিদ্যুৎ পেয়েছে? বা চাষীকে জিজ্ঞাসা করুন তারা কতটা বিদ্যুৎ পেয়েছে, বা জল পেয়েছে। বলা হয়েছিল ক্ষুদ্র সেচ পরিকল্পনার প্রয়োজন আছে এবং তার সঙ্গে একটা সমন্বয়ের প্রয়োজন আছে। চাষীকে জল দেবার কথা ছিল কিন্তু বিদ্যুৎ-এর নাম করে সত্যিকারের জল চাষীর ক্ষেতে গিয়ে পৌছায় না। সেইজন্য বলছি যে সেচ পরিকল্পনা ঠিক ঠিকভাবে হয় নি। আর একটা কথা জিজ্ঞাসা করছি—লোনের কথা চাষীকে চাষ করবার জন্য লোন দেবার কথা আছে কিন্তু তা কখন দেন? যখন তার প্রয়োজন তখন আপনারা ভুলে যান আপনারা এত দিন দেশ শাসন করছেন, মুখ্যমন্ত্রী সেদিন বললেন প্রায় ট্রায়াল এণ্ড এরার। ইংরেজরা এতদিন রাজত্ব করেছিল কিন্তু তাদের খুব বেশী একটা এরার হয় নি—কিন্তু আপনার তা হচ্ছে। কাজের সময় সে ধার না করে পারে না। তার জন্য সে মহাজনের কাছে যায়। আপনাদের জিনিষপত্র যায় ধান উঠবার পর যখন তার ধান অলরেডি বাঁধা দেওয়া হয়। এবং সেই ধান তার ঘরে না গিয়ে মহাজনের ঘরে যায়। এরজন্য আপনাদের হোম ডিপার্টমেণ্ট থেকে পুলিস গিয়ে সেখানে ক্ষেত পাহারা দেয় চাষী যাতে ধান না নিয়ে যেতে পারে এইভাবে আপনারা ম্যানেজ-মেণ্ট করছেন। প্রোডাকসনে এইভাবে বিভিন্ন জায়গায় ম্যানিগুর স্ক্যাণ্ডেল হচ্ছে। এই যদি সরকারের সাহায্য হয় তাহলে আপনারা কি করে দাবী করতে পারেন যে খাদ্যসমস্যা সমাধানে খাদ্যোৎপাদনের ব্যবস্থা করছেন। আজকে সবচেয়ে বড কথা হচ্ছে খাদ্য এবং যেটা নিয়ে গত তিন দিন অনেক আলোচনা হয়েছে--সেখানে যেটা সবচেয়ে বড় করে

উঠেছিল সেটা হচ্ছে আপনাদের বিতরণ নীতি—আপনাদের ইল ডিসট্রিবিউসন সম্বন্ধে গোড়া থেকে শেষ পর্যন্ত গলদ আছে এর মধ্যে কোন নীতি নেই দুর্নীতি আছে। যে দুর্নীতি দিনের আলোর—যেমন গলিতে গলিতে চোখে পড়ে সেইরকম আপনাদেরও দুর্নীতি চোখে পড়ে। আজকে পত্রিকায় দেখলাম যে আপনাদের ডি. আই. রুল প্রয়োগ করবার জন্য দিল্লী থেকে বলে দিয়েছে বিরোধী পক্ষ যখন এ কথা বলেছিল তখন আপনারা তাকে ঠাট্টা করেছিলেন। আজকে আপনারা দিল্লীকেও ঠাট্টা করুন। কালকে আপনাদের কেন্দ্রীয় মন্ত্রী ডা: সুব্রাহ্মনিয়াম-এর কথা হচ্ছে যে কোন কারণ নেই জিনিসপত্রের দাম বাড়তে পারে। যেখানে আপনাদের প্ল্যাণ্ড একনমি আছে। মানুষ খেতে না পেলে কাজ করতে পারে না। মানুষ যদি স্ট্রাইক না করে তাহলে শিল্পের মধ্যে সংহতি ইণ্ডাস্ট্রিয়াল ইনিমিটি করবে—সেটা যাতে ভেঙে না পড়ে। মানুষের খাবারের দাম যাতে না বাড়ে তারজন্য আপনাদের বিভিন্ন দপ্তর থেকে আপনারা কিছুই করেন নি। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে আপনাদের যেহেতু ওটা প্রয়োগ করবার কথা বলে দিয়েছে—আপনারা ফেয়ার প্রাইস, মডিফায়েড রেশনিংয়ের নাম করে সেগুলো কেন আপনারা করতে পারেন নি তার জবাব তো আপনি সেদিন তো কই দিতে পারলেন না। ১৬।১৫ টাকায় ধান কেন গ্রামে ৪০ টাকা হবে, ৪০ টাকায় কেন বিক্রি হবে সেটা আপনারা দেখতে পারছেন না?

[12-40—12-50 p.m.]

কাদের হাতে রেখেছেন? গ্রামের জোতদার এই কংগ্রেস সংগঠনের তলা থেকে উপর পর্যন্ত আজ ভার নিয়েছে। এরাই হচ্ছে এই নূতন কংগ্রেসের নূতন দেশ সেবকের দল। একটা যুগ গিয়েছে দেশসেবক মানে জেল খাটতে হোত, মাথা ফাটাতে হোত, আর খাদি পরে পায়ে হাঁটতে হোত। আজকাল দেশ সেবক মানে হচ্ছে সরকারী টাকা নিয়ে ব্যবসা করতে যাওয়া। এই নূতন যে দেশ সেবার নূতন যে রূপ সরকারী দপ্তর ও কংগ্রেস সংগঠনের তলা থেকে উপর পর্যন্ত ছেয়ে গিয়েছে, তার নীতি আপনি সমস্ত জায়গায় এক, দুই, তিন, করে দেখতে পাচ্ছেন যারজন্য কেন্দ্র থেকে আপনার কাছে ধমক এসেছে। এটা হাসির কথা নয়। আমার বক্তব্যের পিছনে আর একটি কথা আছে যদি আজকে কেন্দ্রীয় দপ্তর থেকে যে কথাটা বলে দিয়েছে ডি. আই. রুলগুলি চালান তাহলে তার পরেই যে ঘটনা হবে তা আজকে আমরা বলে দিই যে আমার মনে আছে আমাকে জনৈক মন্ত্রী বলেছিলেন, একটা কথার কথার মধ্যে বলেছিলেন, যদি আমরা ডি. আই. রুল চালাই, তখন তখনি চাল চলে যাবে নীচে, আপনি তখন অসহায়ভাবে দিল্লীকে দেখাবেন চাল চলে গিয়েছে নীচে আমরা কি করবো। আপনাদের ক্ষমতা আছে, ছেলেকে ফেলে রেখে বাপকে মাকে, দুইজনকে, জেলে নিয়ে যেতে পারেন, আপনারা কতগুলি সংসার এইরকমভাবে ভেঙ্গে দিয়েছেন আপনারা সে হিসাব আমার সামনে যে মন্ত্রী বসে আছেন তাঁর কাছ থেকে জেনে নেবেন যদি জানা না থাকে। আর আপনি জানেন যার কোটি কোটি টাকা আছে তার সর্বস্ব কেড়ে নিয়ে গেলেও তিন পুরুষ বসে খেতে পারবে তাদের আপনারা ধরতে পারেন না, তাদের গুদাম আপনারা চেনেন না। আপনারা জনতার সহযোগিতা নিন, আমরা জনতাকে ডেকে বলে দেবো দিল্লী সরকারের হুকুম আছে যেখানে যেখানে, ডি. আই. রুলে, চাল চিনি যদি দেখা যায় যে দাম বেধে দেবার পর মাল পাচার হয়ে যাচ্ছে, যদি সাধারণ অন্যান্য রাজনৈতিক দল মানুষকে ডেকে বলে দেয় বিভিন্ন জায়গায়, জেলায় জেলায় কোথায় কোথায় চাল আছে, তারা জানে কোথায় কোথায় চিনি আছে। কতকগুলি জিনিষ, কতকগুলি ঘটনা আছে, যারজন্য জহরলাল নেহরুর সেই কথাটা মনে পড়ে, সন্দেশের দোকানে ঐ কাচের পাশে দাঁড়িয়ে থেকে তার দিকে চেয়ে চেয়ে মানুষ মারা গিয়েছে কিন্তু এই ১৯৬৩ সালে হয়ত মানুষ তা নাও করতে পারে। আমাদের আবেদনের মধ্যে এই আবেদনটা রাখতে চাই বিভিন্ন স্তরে যদি আপনারা সত্যিকারের প্রকিয়োরমেণ্ট করেন, সত্যিকার মানুষকে যদি কম দামে দেবার বন্দোবস্ত করেন, আপনারা যদি বিভিন্ন স্তরে প্রাইস দেখবার জন্য এবং ফুড এ্যাডভাইসরি কমিটি করে সত্যিকারের ক্ষমতা যদি দিতে চান, আমি জানি না, কোন দল কংগ্রেস কিম্বা বাইরে কেউ আছেন কিনা যারা আপনাকে সহযোগিতা দিতে ইতস্তত: করবেন। আমরা আমাদের তরফ থেকে হাসি মুখে বলে দিয়ে যাচ্ছি জনতার ভালর জন্য, তাকে অল্প মূল্যে খাদ্য দেবার জন্য, ন্যায্য কাজ করার জন্য, আপনি যাকে

এখানে ডাকবেন সে যে মতেরই লোক না কেন আপনার পাশে গিয়ে দাঁড়াবে। কিন্তু আপনি ত তাদের চান না, তাদের টিকায় ত আপনারা রিটার্ন হননি, আপনাদের কংগ্রেসের যে ফাণ্ড সেত তাদের টিকায় নয়, সুতরাং জনতাকে সঙ্গে নিতে গেলে তাদেরকে রাগ করাতে আপনারা পারেন না। এইজন্য দিল্লী থেকে আজকে ধমক আসছে। দিল্লী থেকে ধমক আসার কারণ আছে, দিল্লীর এ্যাণ্টি-কোরাপশন ডিপার্টমেণ্ট বাংলা দেশের মধ্যে যে এক্সপ্লোসিভ সিচুয়েশন হয়ে আছে, আপনার এখানকার ইনটেলিজেন্সের চেয়ে তারা বেশী খবর রাখে, সেইজন্য দিল্লী থেকে এখানে ধমক আসছে যে খাদ্য নিয়ে খেলা করবেন না। যে কথাটা আজ আমরা এখান থেকে বলছি যে দুর্নীতি আপনাদের রন্ধ্রে রন্ধ্রে। কিন্তু যে দুর্নীতি আপনাকে ভেঙ্গে চুরমার করে দিতে পারবে সেটা হচ্ছে খাদ্য নিয়ে দুর্নীতি। এই কথাই ওখান থেকে আপনাকে বলে দিয়েছে। আমার বক্তব্যের মধ্যে কোন ব্যক্তিগত আক্রমণ নেই, আমি কোন মন্ত্রীকে কিছু বলছি না কিন্তু নীতি হিসাবে নীতিকে যদি আপনারা বদল না করেন, মানুষ যদি আপনাদের এখানেতে মোকাবিলা করে তাহলে আপনাদের তার মোকাবিলা করতেই হবে এবং তারজন্য আপনারা প্রস্তুত হন। আমার অনাস্থা প্রস্তাবের পিছনে আপনাদের এই নীতি দেশকে কোন দিকে ঠেলে নিয়ে যাচ্ছে সেটা বোঝাবার জন্য আমি শুধু একটি মাত্র প্রশ্ন, খাদ্যের প্রশ্নে নিবদ্ধ রেখেছি খালি নীতি দেখাবার জন্য। ধন্যবাদ।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবশ্য আমার প্রস্তাব আগে রাখছি।

I beg to move that whereas this Council of Ministers, Government of West Bengal has failed to save the people of this State from the scourge of hunger-starvation and hold the price-line of essential commodities: and whereas the Government led by this Ministry has failed and neglected to rid the administration of all-pervading corruption and has further failed and neglected to evolve a new food policy as an integral part of national development and national defence and to take effective deterrent measures to punish the food-racketeers, black-marketeers, hoarders and smugglers who are engaged in fleecing the common man of this State;

This Assembly expresses its lack of confidence in this Council of Ministers led by the Chief Minister, Shri P. C. Sen.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার দলের পক্ষ থেকে এই মন্ত্রীসভাকে অভিযুক্ত করছি আজ দেশকে দুর্নীতির পঙ্ককুণ্ডে নামিয়ে দেবার জন্য। আমি বাংলাদেশের মুখ্যমন্ত্রীকে এবং তার সহকারী মন্ত্রী দপ্তরের আর অন্যান্য বন্ধুদের বিরুদ্ধে অভিযোগ আনছি যে দেশ যখন দারুণ সঙ্কটের মধ্যে, দেশের অস্তিত্ব, দেশের সার্বভৌমত্ব যখন বিপন্ন তখন তারা দেশকে আরেকটা সঙ্কটের মুখে ফেলে দিয়ে দেশদ্রোহিতার পথকে তারা সুগম করে দিচ্ছে। চীন কমিউনিস্ট যারা ভারতবর্ষ আক্রমণ করেছে তাদের আক্রমণকে ত্বরান্বিত করছেন তাদের কার্যের মধ্যে দিয়ে। তারা জাতিদ্রোহিতা করে দেশের মধ্যে দেশদ্রোহিতার উস্কানি দিচ্ছেন। এই হচ্ছে আমার সব চেয়ে বড় অভিযোগ আমার দলের এই মন্ত্রীসভার বিরুদ্ধে। তারা জাতির ভাগ্য নিয়ে এবং খাদ্য নিয়ে জুয়া খেলা সুরু করছেন। এর প্রতিবাদ জানিয়ে আমরা অনাস্থা প্রস্তাব এনেছি। এদের কাছে আমরা কোন আবেদন নিবেদনে বিশ্বাস করি না। আমরা মনে করি এই এক মাত্র রাস্তা হচ্ছে জনগণকে সংঘবদ্ধ করা, গণতান্ত্রিক পদ্ধতিতে গণতান্ত্রিক বিপ্লবের পথে এদের ক্ষমতাচ্যুত করা। এবং তারই অপরিহার্য অংশ হিসাবে আমাদের এই অনাস্থা প্রস্তাব। অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীকে একটা কথা বলতে চাই যে তিনি যেন সব সময় মনে রাখেন যে ধূর্ত্তামি আর বুদ্ধিমান এ দুটো জিনিষের মধ্যে তফাৎ আছে তিনি এখানে তথা কথিত পরিসংখ্যান দিয়ে বক্তৃতা দিয়েছেন তার মধ্যে ধূর্ত্তামির পরিচয় আছে তারমধ্যে চালাকী আছে কিন্তু তার মধ্যে কোন আন্তরিকতা নেই। তার মধ্যে কোন সততা নেই এবং তার মধ্যে নেই কোন সত্যনিষ্ঠা। এর মধ্যে বুদ্ধির কোন পরিচয় আমি পাই না। আমি এই হাউসের কাছে বলেছি যে তার পরিসংখ্যান দেখে আমার সংশয় জেগেছে যে বাংলা দেশে খাদ্য ঘাটতি নেই। আমি তাকে চ্যালেঞ্জ করছি যে বাংলাদেশে খাদ্য ঘাটতি

নেই। কেন তাদের ডেফিসিট থিওরী তারা বিল্ট করেছেন—এই জন্য যে কংগ্রেস নির্বাচনী ফাণ্ডে এই চোরাবাজারী মুনাফা শিকারীদের লাখ লাখ টাকা নিয়ে তাদের নির্বাচনে নামতে হবে। আমি মনে করি আজকের এই ডিফিসিট থিওরি যদি আপনি রাখেন কখনও বাজারে এই চোরাবাজারী এই মুনাফা শিকারী এই যে বেপরোয়া লুণ্ঠন চলেছে তা বন্ধ করা চলবে না। আমি পরিসংখ্যান দিয়েছি আমার নিজের নয় বাংলার উডহেড কমিশনের রিপোর্ট দিয়েছি তখনকার দিনের কমিশন আজকের দিনে এই কর্ত্তাভজাদের দিয়ে কখনই কমিশন হত না। সেই সমস্ত দিনে সেই ইংরেজ সরকারের বিরুদ্ধে স্পষ্টবাদিতা নিয়ে সত্যকথা বলবার মতন লোক সেদিন ছিল। তারা যে পরিসংখ্যান দিয়েছেন তার ভিত্তিতে আমি রেখেছি। তিনি আমাকে রিডিকুল করবার জন্য তিনি দুটো পরিসংখ্যান দিয়েছেন। ১৯৫৩ সালে নাকি এই হাউসের একজন মাননীয় সভ্য কমিউনিষ্ট পার্টির সদস্য শ্রীসুবোধ চৌধুরী বলেছিলেন ২৭ লক্ষ টন এবং ১৯৬১ সালে ডা: ঘোষের রিপোর্ট সম্বন্ধে তার উত্তর হিসাবে এইটুকু বলছি যে তিনি কতখানি অসত্য এবং অসাধু পথে চলেছেন কাণ্ট্রিকে তিনি কি ভাবে মিসলিড করছেন। আমি জিজ্ঞাসা করি ডা: ঘোষ কি তাই বলেছিলেন? ডা: ঘোষ বলেছিলেন এই কথা যে

In calculating the deficit certain important factors were not taken into consideration.

এই কথা ডা: ঘোষ বলেছিলেন। আপনারা যদি দেখান কাণ্ট্রির নোমিনাল ডেফিসিট ৪ লক্ষ টন তাহলে যদি রিজার্ভ ফাণ্ড ধরতে চান যদি এ্যালাউন্স রাখতে চান ফর ওয়েস্টেজ ফর রিজার্ভ, ফর সিডস, তাহলে আরও ১০ পারসেণ্ট এ্যালাউন্স ধরতে হবে। এই হিসাবে ক্যালকুলেট করে তিনি বলেছিলেন যে ১১ লক্ষ টন।

Dr. Ghosh proceeded on the footing that your statistics were correct. Dr. Ghosh did not come forward before this Government stating that I am giving place to new facts. This is my statistics. That was never the contention....

কিন্তু আমি বলছি যে বাংলাদেশে ১৯৫৩ সালে ২৭ লক্ষ টনের খাদ্য ঘাটতি হয়েছিল কিনা—সেটা তিনি জানেন তার পরিসংখ্যান দিয়ে দেখাতে পারেন। আজকে যদি আমার দলের পক্ষ থেকে বলে যাই যে পশ্চিমবঙ্গে খাদ্যের ঘাটতি ৭০ লক্ষ টন উনি কি সেটাকেই এ্যাকসেপ্ট করে নেবেন। হতে পারে না আমি বলছি তদন্ত করে তারা দেখতে পারতেন কিন্তু তা তারা করেন নি। এবং করবার ক্ষমতা নেই। তাদের সেই সৎসাহস নেই। তিনি আমাকে রিডিকুল করবার জন্য আজকে বললেন হাঁ।

Woodhead Commission proceeded on the footing that the average daily consumption of each adult person of the country should be 15 ounces per day. But, mind you, Woodhead Commission also calculated that the rate of cereals per head of adult population stood anything between 3.2 and 3.6 seers per week. The total quantity would give certain figures....

(12-50—1 p.m.)

এই হিসাবে তারা ক্যালকুলেট করেছিলেন, আর উনি বললেন যে না আমি ১৬.৫ এই আউন্স ক্যালকুলেট করেছি। আমি ওকে বলছি বুকে হাত দিয়ে বলুন এই হাউসের কাছে যে ভারত সরকারের পরিসংখ্যান তারা থার্ড প্ল্যান হবার আগে তারা ঘোষণা করেছিলেন কিনা যে ১৯৫৫ সাল পর্যন্ত ভারতবর্ষের এ্যাভারেজ কনজামশান ছিল ১৫.৫ আর উনি বলছেন ১৬.৫ এর বেসিসে আমি ক্যালকুলেট করেছি। আমি উনাকে জিজ্ঞাসা করতে চাই যে বাংলাদেশে ফেয়ার প্রাইস শপ মডিফাইয়েড রেশন শপ যা রয়েছে তাতে এক কে জি চাল এবং এক কে জি গম দিচেছন।

It comes to 2.5 seers per week, much less than 3.6. seers per week as was calculated by Woodhead Commission.

কি করে তার বেসিসকে তিনি উড়িয়ে দিতে পারেন, আমি তার কাছে এইটুকু বলতে চাই যে বেশীর কথা ছেড়ে দিচ্ছি তাদের সরকারের নীতি স্কট ছিল এক কে. জি গম তারা দেবেন সেটা কি ১৫.৫ আউন্স পার ডে? তা নয় সুতরাং এই ধরণের আনট্রু স্টেটমেণ্ট

করে তিনি আমাদের হাউসের কাছে ব্লাফ করেছেন। হয়ত পরের দিন সংবাদ পত্রে তার প্রশংসা বেরুবে বা সেই সমস্ত তথ্য বেরুবে কিন্তু বাংলাদেশের জনমতকে এই ভাবে চিরদিন কখনই বিভ্রান্ত করা যাবে না। তিনি কুচবিহারের কথা বললেন ১৯৫২ সালে ৭০ টাকা উঠেছিল এর চেয়ে লজ্জার কথা কি হতে পারে। বাংলার মুখ্যমন্ত্রী দাড়িয়ে এই যে মুনাফা চলছে তা বন্ধ করবার পথ তিনি দেখাচেছ্ন না তিনি উস্কানি দিচেছ্ন কুচবিহারের ১৯৫২ সালের ঘটনা দিয়ে।

Will it not act as a direct incitement, provocation to black-marketeers, hoarders, racketeers to fleece the people, to raise the price of rice. I am asking him in all humility. That is exactly what he is doing. He has forfeited not only the confidence of this House, but of the people of the State.

আর তিনি বলছেন আমরা ভোটে জিতেছি। ভোটে তারা জিতবেন না কেন। সীরাজুদ্দিন ঐ একজন লোক যার সম্বন্ধে বলতে হয় তস্কর। এই সীরাজুদ্দিন কোম্পানী মালভিয়াকে কি ভাবে টাকা দিয়ে কিনেছেন কংগ্রেসকে কি ভাবে কিনেছেন তার প্রমাণ পাওয়া গিয়েছে। আজ যে বিজু পট্টনায়ক তিনি বলেছেন ব্যবসায়ীদের টাকা না পেলে আমাদের চলবে না। আজকে দেখছি টাকা তারা দিচেছ্। সুতরাং নির্বাচনে তাঁরা জিতেছেন একথা আমরা জানি। কিন্তু কি ভাবে জিতছেন তা তারা নিজেদের বুকে হাত দিলে তারা জানতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার এখন এই প্রসঙ্গে একটা কথা মনে পড়েছে যে বালক কালে ছাত্র জীবনে যখন মার্কসকে ভাল করে পড়বার চেষ্টা করেছিলাম তখন মার্কসের একটা থিওরি ছিল সেটাকে বলা হত থিওরী অব ইনক্রিজিং মিজারি তিনি বলতেন দেশে যত দারিদ্র আসবে অনাচার আসবে মানুষের বুকে বঞ্চিতদের বুকে পুঞ্জীভূত অভিমান যত ফেনিয়ে উঠবে তত বিপ্লব বিদ্রোহ তাড়াতাড়ি আসবে। কিন্তু আমি দেখছি ইতিহাসের রথ মার্কসের সে পথে চলে নি এই থিওরী অব ইনক্রিজিং মিজারী হ্যজবিন্ ফলসিফায়েড। বাংলাদেশে ৪৩ সালের দুর্ভিক্ষে ৫০ লক্ষ লোক মরে গিয়েছে, ফেন ফেন করে কেঁদেছে তারা দোকান লুঠ করেনি চালের দোকান লুঠ করেনি। বাংলা দেশের মানুষ বিদ্রোহ করেনি সেদিন কিন্তু তারা করতে পারত। আজও মানুষ বিদ্রোহ করছেন না কেন?

Because theory of increasing misery has been falsified. The theory of increasing misery has been falsified by the facts obtaining here. I can tell you revolution does not occur when objective conditions are worse. Actually, it is not the actual suffering but the taste of better things that excites people to revolt.

আমাদের দেশের সামনে মানুষ এমন একটা সাব হিউম্যান লেভেলে নেমে গিয়েছে এমন কি হিউম্যানাইজিং পভার্টি মধ্যে দিয়ে মানুষ চলেছে যে তার কোন মনুষ্যত্ব নাই।

He stands destitute of all moral values, of all strenth. He has no right, no strength to fight against the Government.

তাই তারই এ্যাডভানটেজ নিয়েছেন এই সরকার। তাই বাংলার মুখ্যমন্ত্রী দম্ভ করে বলেছেন যে পুরুলিয়াতে যেখানে ৩০ জন লোক না খেতে পেয়ে মারা গেল সেখানে শ্রীমতী আভা মাইতীকে তারা রিসেপশান দিয়েছে। তাঁর লজ্জা করল না এই কথা বলতে যে মানুষের দারিদ্র নিয়ে এই ভাবে প্র্যাকটিক্যাল জোক বাংলার মুখ্যমন্ত্রী করতে পারেন আমি জানি না। তিনি আমাকে রিডিকুল করবার চেষ্টা করেছেন। আমি তাকে ছাড়বো না। তিনি কোথায় গিয়ে দাড়িয়েছেন তার পরিসংখ্যান দেখাবো। তিনি যে স্ট্যাটিসটিক্স দেশের কাছে রেখেছেন বাংলাদেশের লোক জানেন তিনি বলছেন আমরা বাংলাদেশের গ্রামের লোক একেবারে নন ক্যাট জাম্পিং বেড়াল ডিঙাতে পারে না এই ভাবে খাচেছ তারা। আমি দেখাতে চাই যে কি ভাবে অবস্থা দাড়িয়েছে। আমি ভারত সরকারের রেজিস্টার জেনারেল এর অফিস থেকে রিসার্চ অফিসার পি. এস. শর্মা তিনি যে রিপোর্ট দিয়েছেন যেটা ৫১ সালের সেনসাসের সঙ্গে নোটটা এ্যাপেণ্ডেড হয়েছে। তাতে তিনি কি বলছেন যে বাংলাদেশ একমাত্র রাজ্য যেখানে মাথাপিছু খাওয়া ক্রমশ কমে যাচেছ্। কি বলেছেন তিনি ১৯৫৮-৫৯ যেখানে ১০০ সূচক ধরলে তাঁরা বলেছেন ৬৭ ছিল ইউনিট। ১৯৫৬-৫৭—৮৯ ইউনিট, ১৯৫৪-৫৫ —৮৬; ১৯৫২-৫৩—১১৭; ১৯৫৫-৫৬—৯৫; ১৯৫১-৫২—১০০; ১৯৫৮-৫৯—৬৭ ১৯৫৯-৬০—৬০ ইউনিট।

তাহলে দেখুন নাইনটিন ফিফ্‌টি-ওয়ান, ফিফ্‌টি-এইট এবং ফিফ্‌টি-নাইন-এ সেন্সাস-এর আগে তিনি বলছেন বাংলাদেশের ফিগার দাঁড়িয়েছে ফিফ্‌টি-সেভেন এবং ১৯৫৯-৬০তে আরও কম হয়েছে অর্থাৎ সিক্সটি-সিক্স। স্যার, লেবারের উপর ভারত সরকারের লেটেস্ট যে রিপোর্ট বেরিয়েছে তাতে তাঁরা বলছেন যে, প্রতিদিন পয়েণ্ট ফর্টি-সেভেন হচ্ছে তার খাবার।

It comes to less than 15 oz. per day.

তার বেসিসে ক্যালকুলেট করুন। সুতরাং দেখা যাচ্ছে এভাবে তিনি দেশকে ভাঁওতা দিচ্ছেন—এ জিনিস চলবে না। তারপর, আজকে ভারতবর্ষের প্রত্যেক রাজ্যে কনজামসন পার হেড বেড়ে গেছে এবং বাংলাদেশের অবস্থা এই রকম শোচনীয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি বাংলাদেশের কোন ব্যক্তি বা এই হাউসের কোন মাননীয় সদস্য তাঁর দপ্তর থেকে এমন কোন ফিগার পাবেন না যার বেসিস-এ প্রসিড করতে পারেন। এক এক সময় এক এক রকম ফিগার পাবেন। মন্ত্রীমহাশয়ের দপ্তর থেকে এসব কি স্ট্যাটিস্টিক্স তিনি বার করছেন? আমি তাঁকে ফিগার দিচ্ছি। ১৯৫০-৫১এর প্রডাকসন হচ্ছে ৩৯,১১,০০০ টনস। ১৯৫৫-৫৬এর প্রডাকসন হচ্ছে ৪১,৪৬,০০০, ১৯৫৬-৫৭-এর প্রডাকসন হচ্ছে ৪৩,০০,০৩০ টনস, ১৯৫৭-৫৮-এর প্রডাকসন হচ্ছে ৪৩,০০,০০৭ টনস। এই হোল তাঁদের ফিগার। কিন্তু বাংলাদেশের সম্বন্ধে স্ট্যাটিস্টিক্যাল অ্যাডভাইসার টু দি গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার ফিগার হচ্ছে ১৯৫০-৫১এ ৪২,২৭,০০০ টনস, ১৯৫৫-৫৬এ ৪৪,৪৪,০০০ টনস; ১৯৫৬-৫৭এ ৪১,৮৫,০০০ টনস; ১৯৫৭-৫৮এ ৪১,৮৫,০০০, টনস। তাহলে দেখা যাচ্ছে সেণ্ট্রাল গভর্নমেণ্ট এর ফিগারের সঙ্গে বাংলা গভর্নমেণ্টের ফিগার-এর অ্যাভারেজ ডিফারেন্স হচ্ছে টু লাক্স টু টনস পার ইয়ার। ১৯৫৮ সালে আর আমেদ যখন মন্ত্রী ছিলেন তখন তিনি একটা ফিগার দিয়েছিলেন যে, ১৯৫০তে ছিল ৩৬,৯৭,০০০ টনস এবং তাঁরা বলেছিলেন ১৯৫৩-৫৪-এ প্রডাকসন ছিল ৫২,১৩,০০০ টনস এবং ১৯৫৭-৫৮-এ ছিল ৪৩,৯৩,০০০ টনস। তারপর, ইন জুলাই নাইনটিন-ফিফ্‌টি এই বাংলাদেশের বর্তমান মুখ্যমন্ত্রী—তখন অবশ্য তিনি মুখ্যমন্ত্রী ছিলেন না—বাংলাদেশের নূতন ফিগার হাউসে দিয়েছিলেন যে, ১৯৪৬-৪৭ সালের শেষে আমাদের হাতে প্রোডাক্সন এসেছিল ৩২ লক্ষ টন, ১৯৫১-৫২ সালে ৩৪ লক্ষ টন এবং ১৯৫৬-৫৭ সালে ৪৩ লক্ষ টন। এই ভাবে তিনি নানা রকম ফিগার দিচ্ছেন এবং জুলাই অধিবেশনে ফিগার দিলেন যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৫ লক্ষ টন খাবার তৈরী করে আমরা বাংলাদেশকে সেল্‌ফসাফিসিয়েণ্ট করব। অথচ হাউসে তিনি বললেন আমাদের ডেফিসিট ২২ লক্ষ টন। এর অর্ধেক তো আপনারা পৃথিবীর অন্য দেশ থেকে আনতে পারেন। তিনি আজকাল পড়াশুনা ছেড়ে দিয়েছেন, পড়াশুনা যদি করতেন তাহলে দেখতে পেতেন ইউনাইটেড নেশনস যে পাবলিকেশন বার করেছে তাতে তাঁরা বলছেন আমাদের দেশের চেয়ে থাইল্যাণ্ড-এর চালের দাম ২।৩ গুণ কম। এখানে ৪০ টাকা হলে থাইল্যাণ্ড-এ তার ৩ গুণ দাম কম। আমরা হাজার হাজার টাকা ভাড়া দিয়ে আমেরিকা থেকে চাল আনছি অথচ সেখানে চালের দাম ২।৩ গুণ কম। স্যার, পশ্চিমবঙ্গ সরকার থাইল্যাণ্ড-এর চাল আনতে পারেন নি—তাঁরা চেষ্টা করেছেন কিন্তু ব্যর্থ হয়েছেন। তিনি এই সব কথার উত্তর দেবেন না অথচ বাংলাদেশের মানুষকে অনশনে রাখবেন। তারপর, ১৯৬২ সালের নভেম্বর মাসে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া তরফ থেকে মিঃ পাতিল যে রিপোর্ট দিয়েছেন তাতে তিনি বলছেন আমাদের দেশে খাদ্য ঘাটতি নেই। তিনি বলছেন

India was placed in a position in which there was no room for anxiety. There was enough stock of important commodities - which, rice and sugar that would enable the country to meet any situation.

সুতরাং দেখা যাচ্ছে এইভাবে তিনি একের পর এক তথ্য আমাদের সামনে দিচ্ছেন। তারপর নেপাল রাইস সম্বন্ধে যখন প্রশ্ন হাউসে তুলেছিলাম তখন তিনি বলেছিলেন নেপাল রাইস কারা এনেছে আমি তা জানি না। বুকে হাত দিয়ে বলুন দেখি সাড়ে পনের হাজার টন নেপাল রাইস বাংলাদেশে এসেছিল কিনা এবং তিনি যখন রাঁচীতে বিনোদানন্দ ঝা-এর সঙ্গে মিট করতে গিয়েছিলেন তখন হিন্দ সুগার কোম্পানী এবং প্রভুদয়াল ডাব্রিওয়ালা কোম্পানী তাঁর সঙ্গে গিয়েছিল কিনা? বুকে হাত দিয়ে ঈশ্বরের নামে শপথ করে বলুন সেই প্রভুদয়াল ডাব্রিওয়ালা সাড়ে পনের হাজার টন নেপাল রাইস বাংলাদেশে এনেছে কিনা? কোথায়

গেল সেই চাল? সব উড়ে চলে গেল চোরাবাজারে পাকিস্তানে। এইভাবে বাংলাদেশ দুর্নীতির পথে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিনি সম্বন্ধে তিনি হাউসে বলেছেন যে ১ লক্ষ ৬০ হাজার ব্যাগ নয়, ১ লক্ষ ৪৮ হাজার ব্যাগ। ১ লক্ষ ৪৮ হাজার ব্যাগ যেটা সেটা হচ্ছে কাটাপুকুর শেড-এ। কিন্তু কোলকাতায় আরও এক ডজনের উপর যে শেড ছিল সেখানে মার্চেণ্টদের চিনি ছিল। সুতরাং দেখা যাচ্ছে ১ লক্ষ ৬০ হাজার ব্যাগের বেশী এবং আমি যে তথ্য দিয়েছি তাতে এখনও আমি স্টিক করছি যে, ৬১ লক্ষ ৪০ হাজার টাকা বাংলাদেশের কয়েকটি চিনির ব্যাপারী লুট করেছে, এবং বাংলাদেশের মুখ্যমন্ত্রী তাদের পার্মিশন দিয়েছেন। তিনি হাউসে আমার প্রশ্নের জবাবে বলেছিলেন যে, আমাদের এই "সি" ক্যাটিগরি সিসটেম হচ্ছে চিনির ব্যাপারে বিগেস্ট

It has stood the test for a number of years.

তাঁর মন্ত্রীমণ্ডলী কেমন কানমলা খেয়েছিলেন ভারত সরকারের কাছে।

[1—1-10 p.m.]

তাঁরা বলছেন যে টু-টীয়ার সিস্টেম ছাড়া চলে না, এবং আজকে দেখছি যে তাঁরা বিনোবাজীর ফাণ্ডে চাঁদা দিয়েছেন। আপনি চান তো রিসিট দিতে পারি, তাঁরা আইন করে দিয়েছেন ইনকাম ট্যাক্স লাগবে না, ফ্রী অব ইনকাম ট্যাক্স বিনোবা-ফাণ্ডে চাঁদা দিলে। তাই বিনোবাজী বলেছেন সিরাজুদ্দিন টাকা চুরি করে অন্যায় করেছে কিন্তু মালব্য টাকা নিয়ে অন্যায় করেনি। তাঁকে প্রশ্রয় দিচ্ছেন, দিতেই হবে। তিনি যে কাঠগড়ায় দাঁড়াবেন। লেটার নং আমার কাছে। আমি চ্যালেঞ্জ করে বলছি যে আমার কাছে রিসিট আছে, চেক নং আছে, দিয়ে দিতে পারি। কিভাবে ৩০ হাজার টাকা উঠেছিল, যদি তিনি আমার চ্যালেঞ্জ এক্সেপ্ট করেন আমি আপনার সামনে সব দিয়ে দেব। আজকে মিঃ স্পীকার অত্যন্ত ক্ষোভের সঙ্গে এবং দুঃখের সঙ্গে বলছি, অন্তরের জ্বালার সঙ্গে বলছি, বাংলাদেশ আজকে কোথায় এসে দাঁড়িয়েছে। আজকে দেখুন কিভাবে ইনক্রিমেণ্ট অব কোটা হয়েছে। এটা হাউসের জানা দরকার। সুগার কোটা আপনি দেখবেন বাংলাদেশের হিন্দ সুগার কোম্পানী যার মালিক হচ্ছে মাতাদীন খৈতান এবং প্রভুদয়াল ডাব্রিওয়াল ১৯৬০-৬১ সালে তাদের ফার্স্ট এলটমেণ্ট ছিল ২১ ওয়াগন, সেটা ১৯৬৩তে হল ১৩৬ ওয়াগন। স্বদেশ সুগার মিল যার মালিক হল রাধেশ্যাম ভগৎ তাদের ১৯৬০-৬১ সালে তাদের ১১ ওয়াগন এলটমেণ্ট ছিল কিন্তু ১৯৬৩তে হয়ে গেল ১০১ ওয়াগন, বিহারী লাল দে এবং গোঠ বিহারী নন্দী প্রাইভেট লিমিটেড সম্বন্ধে খুব দুঃখের সঙ্গে বলছি এবং গুরুত্বপূর্ণ অভিযোগ করছি, কংগ্রেসের একজন মাননীয় সদস্য শ্রীকানাই লাল দে এর একজন ডিরেক্টার কিনা জানি না কিন্তু টেলিফোন গাইড খুঁজে আজ সকালে দেখলাম

He is a partner of this firm and he represented this firm at the meeting of the Bengal Sugar Merchants Association held last month in the month of June.

আজকে বাংলাদেশের মুখ্যমন্ত্রী এবং প্রতাপ চন্দ্র সেনগুপ্ত যিনি

Director of Rationing and Sugar Controller.

এবং তার সঙ্গে রয়েছেন কানাইবাবু এবং কংগ্রেসের আর একজন পার্লামেণ্টের মেম্বার এই কজন মিলে আজকে সুগার পারমিট দিচ্ছেন। শুধু তাই নয় আরও দেখছি যে বিড়লার জামাই বাবুলাল নেওয়ার তিনি হচ্ছেন সুগার এজেণ্ট প্রাইভেট লিমিটেডের মালিক তাঁর কোটা ছিল ৮ লক্ষ ওয়াগন, তিনি পেয়ে গেলেন ৩১ লক্ষ ওয়াগন। আর এইচ খাণ্ডেলওয়াল তাঁর ১২ ওয়াগন ছিল পেয়ে গেলেন ৭৯ ওয়াগন। এই ভাবে আমরা দেখছি বাংলাদেশের দুটো বড় বড় কোম্পানী যার নাম হচ্ছে, হিন্দ সুগার কোম্পানী, স্বদেশী সুগার কোম্পানী, তারা বাংলাদেশের টুটাল সুগার ইম্পোর্ট এবং হোলসেলের ৩০ পার সেণ্ট কণ্ট্রোল করছে এবং বাংলাদেশের চারটি বড় বড় কোম্পানী যার নাম করলাম তারা কণ্ট্রোল করছে ৫০ পারসেণ্ট। শুধু তাই নয় এর চেয়ে গুরুতর অভিযোগ রয়েছে। সেটা হচ্ছে ৯৬০ টন সুগার রামনগর সুগার মিলে চিনি তৈরী হয়েছিল। সুগার কণ্ট্রোল অর্ডার চালু হবার পর এই ৯৬০ টন চিনি এই বাংলার মুখ্যমন্ত্রী প্রতাপ চন্দ্র সেন গুপ্তের সঙ্গে ষড়যন্ত্র করে বি. সি. গাঙ্গুলীর সঙ্গে ষড়যন্ত্র করে অনুমতি দিয়েছেন ব্ল্যাক মার্কেটে বিক্রী করতে।

চ্যালেঞ্জ করছি এই কথার জবাব দিতে। এই ভাবে ৩ লক্ষ ৮৪ হাজার টাকা লুণ্ঠন করা হল। আমি ফ্যাক্ট না হলে বলি না, কিন্তু গুরুতর অভিযোগ করছি বি. সি. গাঙ্গুলীর বিরুদ্ধে। এই বিভাগের সেক্রেটারী ছিলেন পূর্বে শ্রদ্ধেয় বি আর গুপ্ত, যিনি সৎ অফিসার যেখানেই থাকুন বাংলাদেশের লোক তাঁকে চেনে, কিন্তু বি আর গুপ্ত যাবার পর এই অভিযোগ এসেছে। আর এই পি কে সেনগুপ্তের ভাই হচ্ছেন এনফোর্সমেণ্ট বিভাগের সর্বাধিনায়ক, আর পি কে সেনগুপ্ত সাউথ ক্যালকাটা ক্লাবের এ্যাসিস্ট্যাণ্ট সেক্রেটারী, তিনি তা হতে পারেন, কিন্তু তার ভাই রেশনিং দোকান থেকে টাকা নিয়ে কাগজ বের করেছে, তিনি মুখ্যমন্ত্রী মহাশয়ের বড় পিয়ারের লোক, তার বিরুদ্ধে কিছু বলবেন না, চলুক শুধু লুঠ। শুধু তাই নয় আমেদপুর সুগার মিলের ম্যানেজিং ডিরেক্টার হলেন মিঃ মিত্র, যখন দার্জিলিং-এ ক্যাবিনেট হয়েছিল তখন ৩০০ টন চিনির কাগজ বের করে নিয়ে এলেন, এক লক্ষ বিশ হাজার টাকা লাভ করে নিলেন। সেখানে সুগার কণ্ট্রোল অর্ডার থাকা সত্বেও মুখ্যমন্ত্রী তাদের অনুমতি দিচ্ছেন যে তোমরা লুঠকর। তারপর ফিস ব্যারণস আর হেভিং এ লুট ইন দি ফিস মার্কেট। কোথায় বাংলা দেশের ভবিষ্যৎ? আজকে তাই এদের আমরা কাঠ গোড়ায় দাঁড় করিয়েছি। এর বিরুদ্ধে আমার দলের পক্ষ থেকে বলছি যে আমার কোন আবেদন নিবেদন নেই, আমি বলছি এই সরকার জনগণের সমস্ত আস্থা হারিয়েছেন। শুধু তাই নয়, এই ভাবে এরা যে টাকা লুণ্ঠন করে চলেছে তার বিরুদ্ধে যখনই আমরা বলতে যাই তখনই বলেন যে আমরা এই সমস্ত অভিযোগ মানি না এবং শো আস ইফ ইউ ক্যান এতো শঙ্কর দাস বাবু বলে দিয়েছেন। শো আস ইফ ইউ ক্যান তার জন্য তাঁকে বলতে হবে না, জনগণ যেদিন বুঝবে সেদিন নিশ্চয়ই সেই পথে তারা যাবে। এই হাউসের একজন মাননীয় সদস্য শ্রীকানাই লাল দে কংগ্রেসের মেম্বার হয়ে কি করে সুগারের ইম্পোর্টার হতে পারেন তা আমি জিজ্ঞাসা করছি? ঠিক এইভাবে কংগ্রেসের নীতি চলেছে। আমাদের কাছে অভিযোগ এসেছে দুর্গাপুরে এ বি গাঙ্গুলী মহাশয় যিনি সেখানকার সিনিয়ার মোস্ট আই সি এস অফিসার, এখানকার চীফ সেক্রেটারী তাঁর সম্বন্ধে এনকোয়ারী করেছিলেন। আনন্দবাজার, হিন্দুস্থানে রিপোর্ট বেরিয়েছে, কিন্তু মুখ্যমন্ত্রী প্রেস নোট ডিনাই করেছেন। দি হোল ম্যাটার ইজ আণ্ডার ইনভেস্টিগেশন আমরা জানতে চাই এই হাউসের সদস্য শ্রীনেপাল রায় তিনি কংগ্রেসী হয়েও দুর্গাপুর কনসার্নের বিরুদ্ধে অভিযোগ আনা সত্বেও কেন তদন্ত হল না? কেন এর প্রতিকার হল না? স্যার, আমি আপনাকে বলছি তিনি যদি চান তাহলে কাগজ দিয়ে দিতে পারি, আমার কাছে যে ফিগার আছে তিনি তা কোন কণ্ট্রোলারের অফিস থেকে মিলিয়ে নিতে পারেন। জানুয়ারী, ফেব্রুয়ারী মার্চ, এপ্রিল, মে এই পাঁচ মাসে পেপার ম্যানিপুলেট করে কাগজের ফিগার ওয়ার্কের খেলা খেলে তাঁরা ১৪ হাজার ৯ শো ৮৬ টন কোক চুরি করেছেন যার দাম ৫ লক্ষ ৩৯ হাজার ৪ শো ৯৬ টাকা। তার কোন হিসাব নেই। শুধু তাই নয়, যখন দেখছি পিগ আয়রণের সে রকম ডিমাণ্ড আসছে না বলে কোকের ডিমাণ্ড কমে যাচ্ছে তখন দেখছি এই দুর্গাপুরে এ বি গাঙ্গুলী মহাশয় এবং তার যারা সাঙ্গ-পাঙ্গ আছেন তারা ব্যাটারী নাম্বার ৫ এবং ব্যাটারী নাম্বার ৬ ইনসটল করতে চলেছেন। এই ব্যাটারী নাম্বার ৫ এবং ব্যাটারী নাম্বার ৬ এর আজ কোন প্রয়োজন নেই। অথচ এর জন্য এস্টিমেটেড খরচ হচ্ছে ৫কোটি টাকা। কার হাতে দিচ্ছেন, না, কার্ল স্টিল কোম্পানী ওয়েস্ট জার্মানীর একটা কোম্পানী। আজ পর্যন্ত দুর্গাপুরের যত বড় বড় প্ল্যাণ্ট সমস্ত এই কোম্পানীর হাতে। কোন ইণ্টারনেশনাল এক্সপার্টকে দিলেন না কেন? আমার কাছে অভিযোগ এসেছে এই দুর্গাপুরে বড় বড় হোমরা চোমরা অফিসাররা চেষ্টা করছেন এই ব্যাটারী নাম্বার ৫ এবং ব্যাটারী নাম্বার ৬ ইনসটল করতে। কেন না ৫ কোটি টাকার ১০ পার্সেণ্ট তাঁরা খেয়ে চলে যাবেন। বাংলাদেশ এ ভাবে চলেছে। আজকে এর প্রতিকারের জন্য এসেছি। মাছের বাজরে যান—৪।৪।। টাকা করে মাছ কেন এই মাছের দাম? আমরা এই হাউসে একাধিকবার বলেছি যে ভ্যানডের হাইডেন, আমেরিকান এক্সপার্ট, তিনি রিপোর্ট দিয়ে গেলেন।

Why this Government is not disclosing, publishing that report? Vander Hydes throws out a challenge to this country.

He said that fish barons and intermediaries are having a loot in the fish market and are reaping 300 to 500 per cent profit in the fish market

এই হচ্ছে মাছের অবস্থা। কিন্তু কিছুতেই তাঁরা বাংলাদেশের এই ফিস ব্যারণদের কণ্ঠরোধ করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত মনে আছে আমি গর্ব করে বলতে পারি আমার দলের তরফ থেকে আমিই প্রথমে অভিযোগ তুলেছিলাম আণ্ডার ইনভয়েসিং-এর। তারপর বাংলা দেশের প্রতিটি কাগজ খুলে দেখবেন এই আণ্ডার ইনভয়েসিং-এর কথা। ১৯৬২ সালের বাজেটে লেবারের উপর আমি বার বার এই প্রশ্ন তুলেছিলাম—কোথায় গেল? আজকে দেখুন বার্ড কোম্পানীর জুট মিল সোয়া কোটি টাকা লোপাট করে দিল। এই সোয়া কোটি টাকা লোপাট হওয়াতে শ্রমিক বঞ্চিত হল, শেয়ার হোল্ডাররা বঞ্চিত হল, দেশ বঞ্চিত হল, পশ্চিমবঙ্গ সরকার তার প্রোপোরসনেট ইনকাম ডিউজ থেকে বঞ্চিত হল, পশ্চিমবঙ্গ সরকার তার সেলস ট্যাক্স থেকে ডিপ্রাইভড হল। আমি আজকে এই হাউসে অভিযোগ করে যাচ্ছি যে সেল্যাক মার্চেণ্টদের বিরুদ্ধে অভিযোগের যে তদন্ত সুরু হয়েছে তাতে দেখবেন ২ কোটি টাকার আণ্ডার ইনভয়েসিং হয়েছে। এখানেও ঐ শেয়ার অব ইনকাম ট্যাক্স ডিউজএর ডিভিজিবল পুল থেকে আমরা বঞ্চিত হচ্ছি, সেলস ট্যাক্স থেকে আমরা বঞ্চিত হচ্ছি আর শ্রমিক বঞ্চিত হচ্ছে তার মজুরী থেকে। আমি আপনাকে আরো বলছি বুণ্ডে এণ্ড কোং এর বিরুদ্ধে গত পরশুর আগের দিন থেকে যে তদন্ত সুরু হয়েছে সেখানেও প্রায় ৬০।৭০ লক্ষ টাকার আণ্ডার ইনভয়েসিং হয়েছে। এতে পশ্চিমবঙ্গের সার্কুলেসন অব ক্যাপিটাল হল না, পশ্চিমবঙ্গের ইকোনমিক ডেভলপমেণ্ট হল না। আপনি যদি সুগার মার্চেণ্টস অ্যাসোসিয়েসন এর লিস্ট পড়ে দেখেন, আমার হাতে লিস্ট রয়েছে, তাহলে দেখবেন তাদের হাতে শিল্প বাণিজ্য চলে যাচ্ছে, বাংলাদেশের সম্পদ চলে যাচ্ছে। বাঙালী আজ ধ্বংসের মুখে চলে যাচ্ছে। আজকে তাই মুখ্যমন্ত্রীকে বলছি যে আমরা তাঁর সরকারের বিরুদ্ধে অনাস্থা এনেছি। আমরা যখন এই অনাস্থা প্রস্তাব আনি তখন আমরা মনে করি

Sir, we believe in the supreme worth of the individual; we believe in the dignity of human personality; we believe in the inviolability of human personality; we believe in the individual right to pursue his liberty and to pursue his normal avocations. We believe that man was not made for law but law was made for man and we believe that Government is the servant of the people and not their master. We believe, Sir, while we move this no confidence motion against the Council of Ministers led by Shri P. C. Sen, that might will not triumph over right. Ultimately, it is the right cause of the people that will triumph. Sir, in the ultimate analysis, it is the people—the last and the final repository of all rights and powers—who could change this Government. We have thrown a challenge to this Government. Unless the new generation wedded to fundamental democratic values of life are awakened to a new state of consciousness and charged with new idealism come forward to assert their rights and to uphold the dignity of man and the sovereignty of the country and throw a challenge to this Government in a truly democratic manner to pave the path to democratic revolution, there is no way out of this impasse. If we cannot rise against this Government in defence of democracy and freedom through democratic means and bring it down from its pedestal, there will be a disaster and the country may slip down the slope of declivity into ruin and well-deserved ovlivion. Sir, I feel that the nearer a disease approaches a crisis the nearer is it to a cure and that is the silver lining. The crisis has been accentuated and I am confident that this Government will have to vacate the office. I am confident further that this Government will vanish unwept, unhonoured and unsung.

Point of Personal Explanation

[1-10—1-20 p.m.]

শ্রীকানাই লাল দেঃ অন এ পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্ল্যানেসান স্যার, মাননীয় সদস্য কাশীকান্ত বাবু চিনির ব্যাপারে একটা কোম্পানীর সঙ্গে আমাকে জড়িয়েছেন। আমি সেই কোম্পানীর কোন ডিরেক্টর বা শেয়ার হোল্ডার নই এবং সে কোম্পানীর সঙ্গে আমার কোন সম্পর্ক নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি একটা কথা আপনাকে বলতে পারি যে আমি নিজে ফ্যাক্টস সম্বন্ধে এ্যাসার্টেন না করে কিছু রাখিনি। আমি ক্যালকাটা টেলিফোন ডিরেক্টরী জানুয়ারী

১৯৬৩ রেফার করছি, পেজ ৭৭, আপনি দেখবেন মেসার্স বিহারী লাল দে এণ্ড কোম্পানী, ৬৭, স্ট্র্যাণ্ড রোড, কানাইলাল দে, পার্টনার অব দি ফার্ম, আমার কাছে চিঠি আছে, আমি শুধু এইটুকু বলতে চাই সেখানে তাঁরা বলছেন আমি হাউসের কাছে চ্যালেঞ্জ হিসাবে রাখছি—

Shri Kanai Lall Dey represents this firm and the Sugar Merchants Association. If you refer the matter I can show it.

ডঃ কানাইলাল ভট্টাচার্য : অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার,

মিঃ স্পীকার : মিঃ দে, আপনি আপনার পার্সোন্যাল এক্সপ্ল্যানেসানে ডিনাই করেছেন, অবশ্য উনি তারপরে রেফারেন্স দিয়ে দিয়েছেন, আপনার যা বলবার আছে বলে দিন।

শ্রীকানাইলাল দে : স্যার, উনি চিনি সম্পর্কে আগে একটা ফার্মের নাম করেছিলেন এবং আমাকে তার সঙ্গে যুক্ত করেছিলেন। আমি বলছি যে সেই ফার্মের সঙ্গে আমার কোন সম্পর্ক নেই। উনি এখন টেলিফোন ডিরেকটরী থেকে যে ফার্মের নাম বললেন বিহারী লাল দে এণ্ড কোম্পানী সেই ফার্ম কোন চিনির ব্যবসা করে না।

ডঃ কানাইলাল ভট্টাচার্য : মিঃ স্পীকার, স্যার, আমার মনে হয় এটা হাউসের প্রিভিলেজের প্রশ্ন। সুতরাং আপনি এটাকে প্রিভিলেজ কমিটিতে দিন। কারণ, আমরা মনে করি শ্রীকানাই লাল দে মহাশয় আমাদের সামনে অসত্য উক্তি করছেন।

শ্রীকানাইলাল দে : আমি তাতে রাজী আছি।

শ্রীকাশীকান্ত মৈত্র : আমি আপনার কাছে বেঙ্গল সুগার মার্চেণ্ট এ্যাসোসিয়েশনের যে মিনিটটা আছে তার রিজলিউসানটা বলে দিচ্ছি

Resolved that Shri Kanai Lall Dey, M. L. A., of Messrs. Beharilal Dey, Gosto Behary Nandy (P) Ltd., be and is hereby elected as a member of the Executive Committee of the Association for the year 1963-64. Proposed by Shri Asharam Bhartia. Seconded by Shri Durga Prasad Newar. Nobody opposed. Carried unanimously.

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা : স্যার, ডঃ কানাই লাল ভট্টাচার্য মহাশয় এই ব্যাপারটাকে প্রিভিলেজ কমিটিতে দেবার জন্য যে প্রস্তাব করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। এই বিষয়ে একটা মীমংসা করা হোক।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য : কানাইবাবু যে অসত্য ভাষণ এখানে করলেন তাতে হাউসের প্রিভিলেজ নষ্ট হয়েছে বলে মনে আমি করি। সেই জন্য এই সমস্ত তথ্যটাই প্রিভিলেজ কমিটিতে দেওয়ার জন্য বলছি।

মিঃ স্পীকার : আমি সমস্ত প্রসিডিংস দেখে তবে আমি বলবো।

Debate on No-Confidence motion

শ্রীতরুণ কুমার সেনগুপ্ত : মাননীয় স্পীকার মহাশয়, যে তিনটি অনাস্থা প্রস্তাব আজকে এই হাউসের সামনে উপস্থিত করা হয়েছে আমি সেই তিনটা প্রস্তাবের সমথন জানাই। আমি একটা খবরের কাগজে এডিটোরিয়াল থেকে সামান্য একটা অংশ আপনাদের কাছে পড়ে শুনাচ্ছি তা থেকে বুঝতে পারবেন আমাদের দেশে সরকার কেন ভারতবর্ষে যে দুটো পরিকল্পনা রূপায়িত হয়েছে এবং তৃতীয় যে পরিকল্পনা রূপায়িত হচ্ছে তার ফলে এই দেশের সম্পদশালী লোকেরা অধিকতর সম্পদশালী এবং দরিদ্ররা অধিকতর দরিদ্র হচ্ছে। অথচ এই দেশের অর্থনৈতিক ভারসাম্য রক্ষা করবার প্রতিশ্রুতি ছিল এবং সেইটাই ছিল কংগ্রেস সরকারের বক্তব্য। কিন্তু আজকে দুটো পরিকল্পনা হবার পর তৃতীয় পরিকল্পনার কিছুকাল পর আজকে তাঁদের এই ভুল ভেঙ্গেছে তা হচ্ছে এই যে আগে যেখানে দরিদ্রতা দূর করা উচিত ছিল তা তাঁরা করেন নি—বরং যে ধনী ছিল সেই ধনী আরও ধনী হয়েছে। আমার ব্যক্তিগত কারও বিরুদ্ধে কোন আক্রোশ নেই। আমি নীতিগত দিক থেকে এর বিরোধীতা করছি—আমি মনে

করি আজকে এই কয়েকদিন বাদে ১৫ই আগস্টে ভারতবর্ষের স্বাধীন সরকারের বয়স হবে ১৬ বৎসর—এই নাবালক অবস্থায় একটা সরকার যদি কোটি কোটি টাকা মানুষের কাছ থেকে ট্যাক্স তুলে এবং তার ফলে যদি এই অবস্থা হয় যে দরিদ্র আরও দরিদ্র হবে এবং ধনী আরও ধনী হবে তাহলে না জানি সাবালক হলে না জানি কি জুলুম কি অত্যাচার সারা ভারতবর্ষে হবে। সেইজন্য নীতিগত দিক থেকে আমি বলছি যে এই সরকার সাধারণ মানুষের সরকার নয় এই সরকার হচ্ছে ধনীকের সরকার এই সরকার হচ্ছে যারা আমাদের দেশকে শোষণ করছে—দেশের উপর জুলুম করছে সেই টাটা-বিড়লার সরকার। একথা আমার কথা নয়—আমি যে এডিটোরিয়াল পড়ে শোনালাম এটা কলকাতার দৈনিক একটি পত্রিকা এর তারিখ হচ্ছে জুন ২৮—১৯৬২। এই যখন ভারতবর্ষের অবস্থা—বিশেষ করে পশ্চিমবাংলার বিষয়ে আজকে আমরা যে আলোচনা করছি এবং পশ্চিমবাংলার সরকারের বিরুদ্ধে সেখানে পশ্চিমবাংলার চেহারা আরও খারাপ—অন্যান্য প্রদেশের তুলনায়। পশ্চিমবাংলা এমন একটি প্রদেশ ভারতের মধ্যে যেটা শিল্প প্রধান প্রদেশ যেখান থেকে বৈদেশিক মুদ্রা আমদানি হয়—চা এবং পাট মারফৎ—সেখানে এই দেশের শতকরা ৮০ জন লোকের কি অবস্থা—আমি একটা বই থেকে উদ্ধৃতি দিয়ে সে বিষয়টা আপনার সামনে উপস্থিত করছি—এই বইটাতে এই প্রবন্ধ কে লিখেছেন সেটা আমি পরে বলবো—বিষয়টা হচ্ছে—একটা অনুসন্ধান করেছে হাওড়ায়—সেটেলমেন্টের চার্জ অফিসার শ্রীযুত অমূল্য কুমার লোধ হাওড়া জেলার বিভিন্ন অঞ্চলে মোট ১৫০টি পরিবারের অনুসন্ধান করা হয়েছিল তাহাতে জানা যায় জমির বণ্টন এই রকম :

	পারসেণ্ট
কোন জমি নাই	৯.১
এক একর পর্যন্ত জমি আছে	২৫.১
১ হইতে ২ একর জমি আছে	১৯.৫
২ হইতে ৩ একর জমি আছে	৯.১
৩ হইতে ৪ একর জমি আছে	১০.৬
৪ হইতে ৫ একর জমি আছে	৭.১
৫ হইতে ১০ একর জমি আছে	১২.৭
১০ হইতে ২৫ একর জমি আছে	৬.০
মোট	১০০.০

তবে ভারতের যে দুইটি পরিকল্পনা রূপায়িত হচ্ছে তার ফলে এদেশের সম্পদশালী লোকেরা অধিকতর সম্পদশালী এবং দরিদ্ররা অধিকতর দরিদ্র হচ্ছে অথচ দেশে ধনসম্পদ অধিকারের তারতম্য নিবারণ দ্বিতীয় এবং তৃতীয় উভয় পরিকল্পনার লক্ষ্য ছিল। এটা লিখেছেন স্বর্গীয় বিমল চন্দ্র সিংহ মহাশয় শারদীয়া আনন্দবাজারে।

[1-20—1-30 p.m.]

নিশ্চয়ই কৃষকদের অবস্থা এই কয়েক বৎসরে কোন উন্নতি ওঁরা করতে পারেন নি। দ্বিতীয়তঃ আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে শ্রমিকদের সম্বন্ধে। এই ১৬ বৎসর পার হবার পরেও শিল্পে সমৃদ্ধশালী এই পশ্চিমবঙ্গ হওয়া সত্ত্বেও, পশ্চিম বঙ্গের অর্গানাইজড ইণ্ডাস্ট্রিতে যে ন্যূনপক্ষে বেতন দেওয়া হয় তা এখনও আসামের চেয়ে কম, এখনও বম্বের চেয়ে কম, এখনও মাদ্রাজের চেয়ে কম। এবং তারপর মধ্যবিত্তের অবস্থা কি? আমি একটা কাগজের কথা বলবো তা হচ্ছে স্টেট্‌সম্যান পত্রিকা, এই বৎসরে এপ্রিল মাসের ১৯ তারিখে যে কাগজ বেরিয়েছিল সেই কাগজের খবরটা আমি পড়ে শুনাচ্ছি না কারণ আমার সময় অত্যন্ত কম, তাথেকে বেরিয়ে এসেছে যে ২০০ টাকা যদি একজন মধ্যবিত্তের আয় হয়, আর তার যদি ৫ জন পরিবার হয় তাহলে তাকে মাসের শেষে নিত্য প্রয়োজনীয় জিনিষ, বেঁচে থাকার জন্য যা দরকার তারজন্য তাকে ৫০ টাকা ধার করতে হয়, সুতরাং এই ১৬ বৎসরে এই সরকার সাধারণ মানুষের কোন উপকারত করেইনি এবং যে চিত্র আমি আপনার কাছে তুলে ধরলাম এথেকে যদি বলি, আমার যে বক্তব্য আমি আগেই বলেছিলাম যে এটা ধনিকের সরকার, জুলুমবাজের সরকার এবং যারা আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনকে বিরোধিতা করতো, টাটা. বিরলা, তার সরকার, নিশ্চয়ই একথা বললে ভুল বলা হবে না। তৃতীয়ত, এই

প্রশ্নে আমি আসতে চাচ্ছি যে সরকার কি তার এই টাকায় তার কাজ করেই খ্যান্ত রয়েছেন? তা নয়। সরকার সামাজিক দিক থেকেও আমাদের কি অবস্থা করেছেন? আজকে প্রতিদিন খবরের কাগজে বের হয়, এর আগে আমার অনেক বক্তা বলে গিয়েছেন, একটি সংবাদ পড়ে শুনাচ্ছি, সমস্তটা পড়ছি না, এটিও আনন্দবাজারের যে কাগজ এই সরকারের খুব গুণগান করে, "২৪ পরগণায় চোরা চালানের ফলাও কারবারে সুবেশা তন্বীদের নিয়োগ" "চোরা চালানের যে ফলাও কারবার চলেছে তাতে সুবেশা তরুণীদের নিয়োগ করা হচ্ছে। আজকে সমস্ত দিক থেকে আমাদের সরকার আমাদের দেশকে জাহান্নামে নিয়ে যাচ্ছে। আর একটি আনন্দবাজার থেকে পড়ে শুনাচ্ছি যে, "দেশের বেকার সংখ্যা ৩০ লক্ষে এসে দাঁড়িয়েছে", এটা হচ্ছে যুগান্তরের সংবাদ এবং আনন্দবাজার থেকে আর একটি সংবাদ পড়ে শুনাচ্ছি, "রক্ত নিতেই হবে। সে সরকারের নয়, সে হচ্ছে বেকার লোকদের। তারা রক্ত না দিলে তাদের সংসার চলবে না।" এটা হচ্ছে আনন্দ-বাজারের সংবাদ। সুতরাং এই হচ্ছে দেশের পরিস্থিতি। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে যদি সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব না আনি এবং আমার যে নীতি, সত্যিকারের সমাজতন্ত্র প্রতিষ্ঠা করার নীতি, তাহলে আমি দেশের কাছে বেইমান হবো। সুতরাং আমি এই অনাস্থা প্রস্তাব, জানি আমি ভোটে হেরে যাবো, কিন্তু বাংলা দেশের জনসাধারণের যে দাবী, যে আওয়াজ, যে অবস্থা, তারই সামান্য প্রতিফলন হচ্ছে এইটে। তারপর হচ্ছে, যদি আমি পৌর জীবনের দু' একটা কথা বলি এবং স্বাস্থ্যের কথা বলি তাহলে সারা বাংলা দেশে আজকে এমন একটা বৎসর যায় না যে বছরে কলেরা মহামারী সমস্ত দেশময় দেখা দেয় না। এমন একটা বছর নেই যে বছরে নাকি পক্স কলকাতায় এপিডেমিক স্কেলে হয় না। টি. বি. আজকে ঘরে ঘরে হচ্ছে। সুতরাং স্বাস্থ্যের দিক থেকে আমাদের সরকার আজকে এই জায়গায় নিয়ে গিয়েছে। তারপর হচ্ছে এঁদের চমৎকার চমৎকার সব পরিকল্পনা আছে। পরিকল্পনা হচ্ছে যে আজকে এই ক্যানেল বন্ধ করে দেবো। কালকে অমুক জায়গায় একটা ব্যবস্থা ছিল, সল্ট লেক, তাকে বন্ধ করে দিয়ে সেখানে বাড়ী হবে। কোটি কোটি টাকার পরিকল্পনা করে এই সল্ট লেক পরিকল্পনা করা হচ্ছে. সেখানে জমি ভরাট হচ্ছে, আজ পর্যন্ত সরকার ঠিক করতে পারলেন না কারা সে বাড়ী পাবে। অথচ মধ্যবিত্তরা আজ কলকাতা ছেড়ে দূরে চলে যেতে বাধ্য হচ্ছে। দিনের পর দিন বাড়ী ভাড়া বেড়ে যাচ্ছে। কোটি কোটি টাকা খরচা করে যে পরিকল্পনা করা হোল আজ পর্যন্ত সরকার বলতে পারছেন না কে সেখানে বাড়ী পাবে। কেন বলতে পারছেন না? কারণ তাঁদের তিন জন সন্ন্যাসী জুটেছে। অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট হয় এও তাই। ভারতীয় এক্সপার্টরা বলছে যে ঐখানে মধ্যবিত্তদের জন্য বাড়ী হওয়া উচিত। আর ইংরাজ এক্সপার্টরা বলছে যে এখানে ওয়ার্কারদের জন্য বাড়ী হওয়া উচিত। আর যারা এ্যামেরিকান এক্সপার্ট তারা বলছে ঐখানে বাড়ী হওয়া উচিত বড় লোকদের। তারপর হচ্ছে কলকাতার সার্কুলার ক্যানেল। একে বন্ধ করার পরিকল্পনা নিয়েছেন। ভাল জিনিষ এখানে ক্যানেল বন্ধ করে সাধারণ মানুষের উপকার হয় ভাল কথা। কিন্তু আপনারা জানেন সেই খাল বন্ধ করলে পরে প্রায় তিন লক্ষের উপরে লোক সেখানে বেকার হয়ে যাবে। সরকারের সে সম্বন্ধে কোন চিন্তা নেই, ভাবনা নেই। উত্তর লবণ হ্রদ পরিকল্পনা করতে গিয়ে সেখানকার হাজার হাজার লোক তাদের যে রুজী রোজগার নষ্ট হয়ে গেল তার সম্বন্ধে কোন চিন্তা নেই। এই হচ্ছে সরকারের নীতি এবং পরিকল্পনা। খালি বন্ধ করার ফলে আজকে সমস্ত উল্টাডাঙ্গা মানিকতলা ডুবে গেল তার কথা একবারও সরকার ভাবলেন না। আগে ত খালটা বন্ধ করে দিই যেহেতু এটা স্বর্গীয় ডাক্তার বিধান রায়ের ব্রেন ওয়েভ থেকে বেরিয়েছে এবং সেইটাই বড় কথা, কলকাতার সাধারণ মানুষের জীবন তা বড় নয়, এই হচ্ছে সরকারের নীতি। আজকে যদি স্যার রাস্তার কথা বলেন তাহলে আমি আপনাকে অনুরোধ করব যে উত্তর কলকাতার যে কোন একটা মেন রোড দিয়ে যান যদি বি. টি. রোড দিয়ে যান কিম্বা আপনি যদি কাশীপুরের কোন রাস্তা দিয়ে যান, কিম্বা আপনি যদি ঐ ঘোশর রোড দিয়ে যান কিম্বা আপনি যদি দমদম রোড দিয়ে যদি যাদের রক্ষণাবেক্ষণের দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের —আর আপনি যদি গাড়ীতে থাকেন যদি অন্য মনস্ক থাকেন তাহলে আপনাকে হাসপাতালে পৌছুতে হবে কারণ মাথায় মাথা ঠুকে যাবে ঐ গাড়ীর চাকা যখন গর্ত্তের মধ্যে দিয়ে— এমনই অবস্থা সেখানে রাস্তার। তার উপর যদি একটু জল হয় যদি সামান্য জল হয়

তাহলে আর দীঘায় যেতে হবে না সমুদ্রের রোলিং দেখতে। ঐখানে যদি আপনি দাঁড়ান ডবল ডেকার যদি যায় এমন রোলিং আসবে যে আপনার সর্বাঙ্গে ভিজিয়ে দেবে আর খরচা করে দীঘায় গিয়ে আর রোলিং দেখতে হবে না। এই নাগরিক জীবন আজকে কি ভাবে বিপন্ন করেছে এই আমাদের পশ্চিমবঙ্গ সরকার। এর পরে তারা শেষ পাতায় কি বলেছেন যে এই সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে যদি নাকি আমরা ঐ আমেরিকার দিকে চেয়ে থাকি। খাদ্য সমস্যার সমাধান হবে আমেরিকার চাল দিয়ে, কলকাতা নগরের সমস্ত ব্যবস্থা করবে ঐ সি. এম. পি. ও. তাও আমেরিকার টাকায়। আবার শুনছি এবং এটা আপনারা সবাই জানেন ভোর বেলায় উঠে যদি রেডিও খুলি শুনবো ঐ সাম্রাজ্যবাদীদের প্রচার ঐ কলকাতা রেডিও থেকে। এই যখন দুনিয়ার বুকে বুকে আমি দেখছি ঐ আশার আলোক ঐ সাম্রাজ্যবাদকে বস্তায় পুরে তারা সাগরের জলে নিক্ষেপ করছে—যে জিনিষ বার্মা দেখাচ্ছে সিংহল দেখাচ্ছে আর যে নাকি ভারতবর্ষ যে নাকি নেতৃত্ব করত একদিন বিশ্বের সমস্ত পরাধীন জাতির আজকে ১৬ বছর পর সেই ভারতবর্ষ নিজের দেশকে খাওয়াতে পারে না। তারা আজকে ঘৃণিত সাম্রাজ্যবাদের দাসানুদাসে পরিণত হতে চলেছে। এর প্রতিবাদ না করলে মহাপাপ হবে বলে মনে করি। তাই আজকে এই অনাস্থা প্রস্তাব। শেষ কথা যেটা আমি বলতে চাই সেটা হচ্ছে এই যে আজকে দ্রব্য মূল্য বৃদ্ধির কথা একটু বলতে হয়, কেন না এটাই হচ্ছে প্রধান জিনিষ দুই। দিন আগে মুখ্যমন্ত্রী এখানে দাড়িয়ে বলেছিলেন যে দ্রব্য মূল্য বৃদ্ধি এবং চালের দাম বেড়েছে এজন্য প্রধানতঃ দায়ী হচ্ছে অভাব। অথচ আজকে আমরা কাগজে দেখছি যে সুব্রমানিয়াম কি বলেছেন যে অভাব নয়। আজকে স্পেকুলেটররা হোর্ড করছে। সেজন্য আমাদের দেশের জিনিষ পত্রের দাম বেড়েছে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে অভাবই যদি জিনিষের দাম বাড়ে তাহলে চিনির দাম তিনি এখানে ঘোষণা করেছেন যে চিনির দাম নাকি আমাদের প্রদেশে কম তাহলে চিনি বাংলাদেশে হয়না চিনির দাম যদি কম থাকে চালের দাম কেন কমান যায় না।

[1-30—1-40 p.m.]

চালের দাম কমালে যে মুস্কিল হবে কারণ চালের ব্যবসায়ীরা যে আপনাদের টাকা দেয়। এই কয়েকমাসের মধ্যে বসুমতী কাগজের খবর আমি পড়ে শুনাতে পারতাম যে ৮ কোটি কয়েক লাখ টাকা তারা মুনাফা করেছে এই এপ্রিল মে মাসে প্ল্যানিং কমিশনের রিপোর্ট। সমস্ত ভারতবর্ষে চালে যা দাম অন্য প্রদেশে পশ্চিম বাংলায় সব চেয়ে বেশী দাম। শুধু চালের দাম কেন সমস্ত জিনিষের দাম পশ্চিম বাংলায় বেশী পশ্চিম বাংলায় চোরা কারবারীদের এবং ট্যাক্স যারা ফাঁকি দেয় তাদের স্বর্গরাজ্য পরিণত হয়েছে। সেই জন্য আজকে এই পশ্চিমবাংলার যিনি মুখ্যমন্ত্রী তার বিরুদ্ধে আমাদের অনাস্থা প্রস্তাব। আমরা জানি যে ভোটে আমরা হেরে যাবো। কিন্তু আজকে এই কথা মনে পড়ে যে কথা ভারতবর্ষের লোকের সামনে পণ্ডিত নেহরু পরাধীন ভারতবর্ষে বলেছিলেন যে যাদের জন্য দেশের লোক না খেয়ে মরে সেই সমস্ত চোরা কারবারীদের কেন ল্যাম্প পোস্টে ঝুলিয়ে ছিল না সাধারণ মানুষ সেই সময় আজকে তাঁর কাছ থেকে সেই আওয়াজ আমরা শুনতে পাচ্ছি না। কিন্তু দুই দিন বাদে বুভুক্ষু কৃষক বুভুক্ষু শ্রমিক বুভুক্ষু মধ্যবিত্ত তারা যখন কাজ পাবে না বুঝবে যখন আপনাদের চালাকী তখন তারা একত্রে হয়ে এ কেউ বলতে পারে না যে আপনাকে মসনদ থেকে টেনে নামিয়ে ঐ রাস্তার ঐলাইট পোস্টে লটকে দেবে। একথা কেউ বলতে পারে না। সুতরাং এই জন্যই এই অনাস্থা প্রস্তাব। এবং কংগ্রেস বন্ধুদের কে আমি অনুরোধ করব অন্তত নিজেদের দিক চেয়ে তারা আজকে সরকারকে রেকটিফাই করুন। আপনাদের সঙ্গে আমাদের নীতিগত লড়াই এবং এই লড়াই চলবে এবং যারা ধনিক শ্রেণীর দাসানুদাস তাদের সঙ্গে কখন কোন রকম কমপ্রোমাইজ হতে পারে না। আমরা জনসাধারণের জন্য কাজ করি, সত্যিকারের সমাজতন্ত্র আজ কমিউনিস্টরাই দুনিয়ার দিকে দিকে স্থষ্টি করছে। সুতরাং কমিউনিজম যদি আনতে হয় সমাজতন্ত্র যদি আনতে হয় তাহলে কমিউনিস্ট পার্টি'ই আনবে। আমি শেষ করবার আগে আমি আপনাদের সামনে কয়েকটা লাইন পড়ে দিচ্ছি লেখাটা হচ্ছে স্বর্গীয় বিমল সিংহের লেখা তিনি বলেছেন "আমি ক্রমশ অনুভব করছি মিশ্র অর্থনীতি আর যেখানেই চলুক ভূমি ও ভূমি সংক্রান্ত ব্যাপারে প্রায় অচল হয়ে উঠেছে। ব্যাপারটা একটু ভেবে দেখা দরকার মিশ্র অর্থনীতির একটা বড় কথা হল

ব্যক্তিগত মালিকানার নির্বাধ অধিকার এবং স্বচ্ছন্দে কেনাবেচার অধিকার। আজও আমাদের কৃষি ও গ্রামকে আমরা এই ধারণা অনুসারে পরিচালিত করতে যাচ্ছি। ধরা যাক প্রকৃত চাষীকে জমির মালিক করা হল তারপর তাদের স্বচ্ছন্দে বিক্রয়ের অধিকার ও থাকল আবার যে জমি অকৃষক মহাজনের অধিকারে যাবে না তার নিশ্চয়তা কি? সুতরাং এখানে সমাজ ও রাষ্ট্রকে বলবার দরকার হয়েছে যে আমি তোমায় জমি মহাজনের কাছে বন্ধক বা জমা রাখতে দেব না মহাজনের কাছে যে টাকার জন্য যাচ্ছিলে সেই টাকা আমি ধার দেব। তোমার চাষের জন্য প্রয়োজন প্রচুর অর্থ সরবরাহ করবে সরকার। তা না হলে শুধু নিষেধাজ্ঞা ব্যবস্থা ক্ষতি ছাড়া লাভ হবে না। না বলার সঙ্গে সঙ্গে সজোরে সাহসের সঙ্গে হাঁ বলার দিন এসেছে। তার অর্থ হচ্ছে অন্ততঃ এই দিক হতে মিশ্র অর্থনীতি সম্পূর্ণ তুলে দিয়ে পুরাপুরি সমাজতন্ত্রের দিকে যতটা সম্ভব এগিয়ে যেতে হবে। তাছাড়া উপায় নাই।" এটা হচ্ছে স্বর্গীয় বিমল সিংহের কথা। এবং আমি আশাকরি এই নো কনফিডেন্স মোশান আমাদের দলের এবং আপনাদের মধ্যে ও যারা সুবুদ্ধি সম্পন্ন ব্যক্তি আছেন তারা নিশ্চয়ই সমর্থন করবেন।

ডাঃ প্রতাপ চন্দ্র চন্দ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণধরে বিরোধী দলের মাননীয় সদস্যদের বক্তৃতা শুনে ভাবছিলাম যে বিধান সভায় আসবার আগে তারা বোধ হয় পাঁজিপুথি দেখে এসেছেন, দেখে এসেছেন যে আজকে এই দিনে মন্ত্রী পতন যোগ পাঁজীতে উল্লেখ করেনি। এতএব সেই মন্ত্রী পতন কিছুতেই সম্ভব নয়। তাই বারবার করে তারা বলেছেন যে এই অনাস্থা প্রস্তাব বোধ হয় অগ্রাহ্য হবে তাতে কি যায় আসে আমরা দেখে নেব মাঠে ময়দানে। কিন্তু আমি এখানে এসে দেখছি যে মন্ত্রী পতন যোগ না থাকুক এই বিষয়-সূচীতে অনাস্থা প্রস্তাব এ ত্রেস্পশ´ যোগ আছে। তিনি তিনটা প্রস্তাব গুলা জড়াজড়ি করে বিষয়সূচীর পত্রিকার মধ্যে রয়েছে। একটি হচ্ছে মাননীয় হেমন্ত বাবুর ও অন্যান্য বন্ধুদের নাম উল্লেখ করা যে প্রস্তাব সম্পূর্ণ অকারণ প্রস্তাব অর্থাৎ এতে কোন কারণ এঁরা দেখাননি। হেমন্ত বাবু তার সমর্থনে যা কারণ মনে এসেছে তিনি বলে গেছেন কিন্তু আমি অত্যন্ত ধৈর্য্যের সঙ্গে শুনছিলাম এবং ভাবছিলাম যে কয়েকদিন পূর্বে যে খাদ্য সম্বন্ধে প্রস্তাব উত্থাপন করেছিলেন তখন যে রকম জোরের সঙ্গে যে রকম আগ্রহের সঙ্গে তিনি বলতে পেরে ছিলেন, আজকে তারে বলার মধ্যে সে জোর আমি লক্ষ্য করলাম না। দ্বিতীয় প্রস্তাব এনেছেন ডাঃ নারায়ণ রায়, তিনি বলেছেন এবং প্রস্তাবের মধ্যে লিখেছেন খাদ্য ব্যাপারে আমাদের সামনে তিনি বরাবর চেষ্টা করেছেন দি হোলপলিসি অন ফুড অ্যাণ্ড ফুড সাপ্লাই। তিনদিন ধরে আমরা খাদ্য নিয়ে আলোচনা করেছি তার পক্ষে এবং বিপক্ষে আমরা অনেক কথা শুনেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর ও উত্তর শুনেছি তাসত্ত্বেও এখন খাদ্য নিয়ে আমাদের সামনে অনাস্থা প্রস্তাব এনেছেন নিশ্চয়ই এটা আমাদের বিচার করবার আছে। আর তৃতীয় প্রস্তাব যারা এনেছেন তার মধ্যে একজন খ্যাতনামা উকীল শ্রীকাশী কান্ত মৈত্র আছেন. তিনি জানেন যে ওকালতী কাজ করবার সময়ে যখন বিপক্ষকে আক্রমণ করতে হয় তখন শুধু একটা পয়েণ্ট এ আক্রমণ করলে সেটা যদি বিধ্বস্ত হয়ে যায় তখন হয়ত বিপদে পড়তে হয় সেইজন্য সেকেণ্ড লাইন অব এ্যাটাক থার্ড লাইন অব এ্যাটাক রাখা দরকার সেইজন্য তিনি এখানে দুর্নীতির কথা বলেছেন এবং কি না বলেছেন যে সমস্ত কথা আমরা প্রত্যেক বছরই শুনতে পাই বাজেট অধিবেশনে তবে আমি স্বীকার করব তিনি খ্যাতনামা উকীল এবং জানেন যখন ফ্রড বা প্রতারণার কিম্বা প্রবঞ্চনার কোন চার্জ দিতে হয় তার পারটি কুলার দিতে হয়। সেই বিষয়ে উল্লেখ করতে তিনি অত্যান্ত যত্ন সহকারে অনেক তথ্য এখানে উল্লেখ করেছেন। যার দুই একটা প্রতিবাদ ও আমরা এখানে শুনেছি। কিন্তু আমাদের সংখ্যা তত্ব বিশারদ মুখ্যমন্ত্রী আছেন আমি আশা করব তিনি তার জবাব দিবেন। তবে আমি নিজে মনে করি যে খাদ্য নিয়ে যখন এত চিৎকার এবং আলোচনা চলেছে সে সম্পর্কে নিশ্চয়ই আমাদের অবহিত হওয়া দরকার। এই তিনটি প্রস্তাবের মধ্যে মাননীয় হেমন্ত বাবুর যে প্রস্তাব সেই প্রস্তাব ডাঃ রায়ের সময় ও তিনি এনেছিলেন সেই একই অভিযোগ সুতরাং তার বিচার করবার এখানে খুব বেশী প্রয়োজন নাই। তারপরে এই যে অনাস্থা প্রস্তাব এটা কার বিরুদ্ধে প্রস্তাব যেটা আমাদের মাননীয় বিরোধী দলের বন্ধুরা এনেছেন। এবং তারা প্রত্যেকেই একই কথা তুলেছেন এবং আজকেও সেই সমস্ত কথার উল্লেখ করেছেন কেবল মাত্র মাননীয় বন্ধু কাশীকান্তবাবু ছাড়া আর সমস্ত কথাই আমরা বিধানসভায় প্রত্যেক বারেই শুনেছি যখনই বিধান সভার অধিবেশন হয়েছে।

যখন প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায় এই এ্যাসেম্বলীর কর্ণধার ছিলেন, লিডার অব দি হাউস ছিলেন তখন তাঁর বিরুদ্ধে যে অভিযোগ ছিল আজকের মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন এর বিরুদ্ধেও সেই একই অভিযোগ। কাজেই এটাকে অনাস্থা প্রস্তাব বললে নিশ্চয়ই ঠিক হবে না কারণ তাঁরা চাচ্ছেন, দি অ্যাসেম্বলী এক্সপ্রেসেস ওয়াণ্ট অব কনফিডেন্স ইন দি প্রেজেণ্ট মিনিস্ট্রি। অর্থাৎ তাঁরা চাচ্ছেন আমরা তাঁদের সঙ্গে যোগ দেই এবং এই অনাস্থা প্রস্তাব পাশ করিয়ে নেই। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে, আমি তাঁদের এই শুভকার্যে অংশ গ্রহণ করতে পারছি না, বরং পি. সি. সেন-এর প্রতি আমার আস্থা আরও বেড়েছে। আমি আগে এতসব জানতাম না, কিন্তু গতদিন বিভিন্ন বিষয় যে সব তথ্য দেখেছি তা থেকে আমার ধারণা হয়েছে যে আজকের দিনে পশ্চিমবাংলাকে যদি উন্নতির পথে এগিয়ে নিতে হয় তাহলে আমাদের মুখ্যমন্ত্রী পি. সি. সেন-এর নেতৃত্বে যে মন্ত্রীমণ্ডলী গঠিত হয়েছে একমাত্র তাঁদের দ্বারাই তা করা সম্ভব। এই জিনিস আমার মনের মধ্যে রয়েছে এবং তার কারণ আমি নিবেদন করব। স্যার, মাঝে মাঝে আমাদের বন্ধুরা উল্লেখ করেন যে ভোটে হেরে যাব কিন্তু জনগণ আছে। নিশ্চয়ই জনগণের আস্থার উপর এই মন্ত্রীমণ্ডলী এবং মুখ্যমন্ত্রীর ভবিষ্যৎ নির্ভর করছে। আমরা এ জিনিস বিশ্বাস করি, কংগ্রেস গণতন্ত্রে বিশ্বাস করি এবং জনগণের সমর্থন নিয়ে, আস্থা নিয়ে এই মন্ত্রী মণ্ডলী যে গদীতে আসীন হয়েছে সেটাও আমরা জানি। কিন্তু অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা হচ্ছে আমাদের কয়েকজন মাননীয় বন্ধু যাঁরা নিজেদের জননেতা হিসেবে দাবী করেন তাঁরা কিন্তু জনসাধারণকে বিশ্বাস করেন না এবং তার প্রমাণ হচ্ছে তাঁরা বারে বারে বলেন কংগ্রেস টাকা দিয়ে ভোট কেনে তাঁরা জনতাকে বিশ্বাস করেন তাঁরা কি কখনও জনসাধারণের বিরুদ্ধে এরকম অনাস্থা প্রস্তাব উপস্থিত করতে পারেন? আমরা কিন্তু এই জিনিস বিশ্বাস করি না যে কংগ্রেস জনসাধারণকে টাকা দিয়ে ভোট কিনে এই গদীতে আসীন রয়েছে। আসল কথা হোল মুখ্যমন্ত্রী যদি গদীতে আসীন থাকতে চান তাহলে তাঁদেরকে জনসাধারণের আস্থা অর্জন করতে হবে এবং যদি তা না করতে পারেন তাহলে তাঁকে গদী ছেড়ে চলে যেতে হবে এই বিধানই আমরা গ্রহণ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন কিছুদিন পূর্বে, আমাদের এখানে যেসব উপনির্বাচন হয়ে গেল তাতে এই মন্ত্রীমণ্ডলী নির্ধারিত ক্যাণ্ডিডেটদের প্রতিই জনসাধারন সমর্থন জানিয়েছে। তাহলে রাতারাতি এমন কি ঘটনা ঘটল যার দ্বারা আমরা বুঝতে পারি যে সেই আস্থা সম্পূর্ণরূপে বিফল হয়ে গেছে? নিশ্চয়ই খাদ্যের দাম বেড়েছে এটা কেউ অস্বীকার করে না। আমাদের মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন যে বাংলাদেশে চালের অভাব আছে কিন্তু খাদ্যের অভাব নেই। কিন্তু একজন মাননীয় বন্ধুও দেখাতে পারেন নি যে বাংলাদেশে গমের অভাব আছে এবং মানুষকে খেতে দেওয়া হচ্ছে না। খাদ্যের অভাব বলতে যদি শুধু চালের অভাব বোঝায় তাহলে মুখ্যমন্ত্রী নিশ্চয়ই সেকথা স্বীকার করেছেন। এখন প্রশ্ন হোল এতসব যদি হয়ে থাকে তাহলে কংগ্রেসের প্রতি জনসাধারণ এখনও বিশ্বাস স্থাপন করছে কেন? এঁরা যে কথা বলছেন আমরা তা বিশ্বাস করি না যে জনসাধারণকে টাকা দিয়ে কেনা যায়। জনসাধারণ যে কংগ্রেস মন্ত্রীমণ্ডলীর প্রতি বিশ্বাস স্থাপন করছে তার কারণ হোল তারা জানে ইংরেজ আমলে অবস্থা কি ছিল এবং তারা এটাও জানে স্বাধীন ভারতের কথা গগন সমান। স্যার, বিরোধী দলের বন্ধুরা তর্কের খাতিরে একথা স্বীকার করবেন না। কিন্তু এঁদের যে বড় শরিক কমিউনিস্ট পার্টি তার প্রাক্তন নেতা অজয় ঘোষের স্বাটিকেল এ্যাণ্ড স্পীচ থেকে আমি খানিকটা পড়ছি যেটা কিছুদিন পূর্বে মস্কো থেকে বেরিয়েছে। অজয় ঘোষের চিত্তে খানিকটা অনেস্টি ছিল তাই তিনি স্পষ্টই বলেছেন

As is well-known, India till 1947 was a colony of Britain. Her economy was a typical colonial economy. The main features were fiirst the preponderance of agriculture in the national economy, strong survival of feudalism, primitive agricultural technique and low level of production; second: extremely weak industrial foundation; third: extremely low national and per capita income; fourth: cultural backwardness, low percentage of literacy, high mortality rate. Under British

অজয় ঘোষ মহাশয় তারপর বলেছেন

rule, agricultural production remained practically stagnant since 1900 while the population increased by nearly 38 per cent. Thus, from a food exporting country, India gradually became a food importing country. During the last ten years some

improvement in this respect also has taken place. Foodgrain production stands now at 76 million tons as against 52 million tons in 1950-51.

[1-40—1-50 p.m.]

মাননীয় কাশীকান্ত মৈত্র যাঁকে আমি ব্যক্তিগতভাবে খুব শ্রদ্ধা করি, তিনি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সংখ্যাতত্ত্ব হেসে উড়িয়ে দিয়েছেন, কিন্তু অজয় ঘোষ মহাশয় বলছেন গত ১০ বছর ধরে এটা লেখা হয়েছে নিউ দিল্লী জানুয়ারী ১৯৬২ আমাদের এই সমস্ত কৃষি উৎপাদন বা অন্য যে ব্যবস্থা ছিল তা সম্পূর্ণরূপে বন্ধ হয়েছে। কাজেই স্বাধীন ভারতে যখন নিজের রাষ্ট্র বিধান করবার ক্ষমতা হয়েছে, তার মধ্যে মাত্র ১০ বছর ৫২ মিলিয়ন টনের জায়গায় যদি ৭৬ মিনিয়ল টন উৎপন্ন করে তাতে কি অন্যায় হয়েছে, এটা কি অত্যন্ত খারাপ হয়েছে যার জন্য মন্ত্রীমণ্ডলী পদত্যাগ করবে? (শ্রীদেবী বোস: ঘাটতি আরও হয়েছে) আমাদের নবদ্বীপের রসিকবন্ধু এখন যা বলেছেন তার জবাব এখনই দিচ্ছি। অজয় ঘোষ মহাশয় আরও বলেছেন

The increase in foodgrains is totally inadequate to meet our basic requirements.

কাশীকান্তবাবু অস্বীকার করেছেন, তিনি বলেছেন পর্যাপ্ত খাদ্য রয়েছে। কিন্তু অজয় ঘোষ মহাশয় বলেছেন যে বাড়েনি। কেন তিনি একথা বলেছেন, কেন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের সংখ্যাতত্ত্ব বার বার তুলে ধরেছেন? তার কারণ হচ্ছে আজকে আমরা দেখতে পাচ্ছি যখন ১৯৫১–৬১ সালের মধ্যে খাদ্যশস্যের হার ৩৯.৯ ভাগ বেড়েছে তখন সারা ভারতবর্ষে জনসংখ্যা বেড়েছে ২১.৪৯ ভাগ এবং পশ্চিমবাংলায় বেড়েছে ৩৩ ভাগ। কাজেই যেখানে ওয়ার্লড পপুলেশন বেড়েছে ২০ ভাগ ভারতবর্ষে বেড়েছে ২২ ভাগ এবং পশ্চিম বাংলায় বেড়েছে শতকরা ৩৩ ভাগ। কাজেই সেই বৃদ্ধির সঙ্গে আমাদের খাদ্যদ্রব্য যে বৃদ্ধি হয়েছে সেটা তাল রাখতে পাচ্ছে না। সেজন্য গত তিন দিনের আলোচনায় বার বার একথা বলা হয়েছে যে খাদ্য আলোচনার চেয়ে খাদ্যের বৃদ্ধির আলোচনা সমধিক প্রয়োজন। বাস্তবিক নরেনবাবু কয়েকটি কথা বলেছেন—জল ঠিকমত পৌছায় না, সার ঠিকমত পৌছায় না, বীজ ঠিক মত পৌছায় না। সেখানে যদি ত্রুটি থাকে সেই ত্রুটির সংশোধন নিশ্চয়ই প্রয়োজন কিন্তু তার জন্য মন্ত্রীমণ্ডলীর পদত্যাগ করে দেশকে একটা অরাজকতার মধ্যে নিয়ে যাবার কোন প্রয়োজন নাই, তার কোন সার্থকতা আমরা দেখি না। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি শুধু আপনার কাছে এটুকু নিবেদন করি জর্জ বার্নার্ড শ একবার বলেছেন "দোজ হু ক্যান ডু; দোজ হু ক্যানট ক্রিটিছাইজ" আমাদের মন্ত্রীমণ্ডলী কাজ করতে পারে তাই কাজ করছেন কিন্তু যারা ওদিকে বসে আছেন তারা কোন কাজ করতে পারে না, শুধু সমালোচনা করতে পারে। একথাই আপনার কাছে নিবেদন করছি। অবশ্য আমি একথা বলি না যে যাঁরা মন্ত্রীমণ্ডলীতে বসে আছেন তাহারা সম্পূর্ণ দোষমুক্ত। সম্পূর্ণ ত্রুটিমুক্ত কেউ হতে পারে না। আমি সর্বগুণসম্পন্ন নই, আপনিও সর্বগুণ-সম্পন্ন নন, যাঁরা নেতৃবৃন্দ বিরোধী পক্ষে আছেন তাঁরাও সর্বগুণসম্পন্ন নন। কাজেই এখানে যদি ত্রুটি থাকে তা নিশ্চয়ই সংশোধন করতে হবে। কিন্তু দেশের জনসাধারণ জানেন যে পশ্চিম বাংলার জনসাধারণ নানা সমস্যা পীড়িত, বাংলাদেশ বিভক্ত হওয়ার ফলে লক্ষ লক্ষ মানুষ উদ্বাস্তু ভাই বোন ছিন্নমূল হয়ে আমাদের দেশে আশ্রয় নিয়েছেন, তারা স্থায়িত্ব চায়, অরাজকতা চায় না। তারা জানে এঁরা মন্থর হলেও এই কংগ্রেস মন্ত্রীমণ্ডলীর মধ্য দিয়ে অগ্রগতি সম্ভব। তারা চায় না গগণ-বিদারী চীৎকারের মধ্য দিয়ে অনিশ্চিত ভবিষ্যৎ। তাই আজকে কংগ্রেসী মন্ত্রীসভা তৃতীয় সাধারণ নির্বাচনের পরেও গদীতে বসে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দস্যু রত্নাকর রাম নাম উচচারণ করতে পারত না, মরা মরা, বলতে বলতে রাম নাম বলে ফেলেছিল। আমাদের এক এক বার মনে হয় বিরোধী দলের বন্ধুরা কংগ্রেসী মন্ত্রীদের অনবরত মর মর মর বলতে বলতে রম রম রম বলছেন। রম শব্দের অভিধানগত অর্থ হচ্ছে আনন্দদায়ক যেমন মনোরম কথাটা জানি। আমি ওঁদের সঙ্গে সুর মিলিয়ে বলছি রম রম রম অর্থাৎ সুস্থ চিত্তে বহালতবিয়তে সরকার দেশের লোকের আনন্দ বিধান করুন এই কামনা করে আমি ওঁদের সব প্রস্তাবের বিরোধিতা করছি।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় প্রতাপ চন্দ্র চন্দ্র মহাশয়ের বক্তৃতা আমরা শুনলাম। তিনি যেখানে শেষ করেছেন আমি সেখান থেকে কথাটা সুরু করতে চাই। তিনি বলেছেন যে বিরোধী দলের সদস্যরা মন্ত্রীসভার উদ্দেশ্যে মর মর মর বলতে বলতে যেন রম রম রম বলেছেন। রম শব্দের অর্থ শুধু আনন্দ নয়, একটু বিশেষ ধরণের আনন্দ রমণ কর। সব থেকে মজার কথা হচ্ছে প্রতাপ চন্দ্র

চন্দ্র মহাশয় একজন বিদ্বান, পণ্ডিত ব্যক্তি এবং তিনি সেই স্বরে স্বর মিলিয়ে বলেছেন রমন কর, রমন কর, অন্যকে আনন্দ দেয়ার যে রম ধাতু থেকে আসে সেই রম'র কথা তিনি বলেননি, সেখানে রমন কর, রমন কর, রমন কর, এই কথা তিনি বলেছেন। আজ বাংলা দেশে যখন খাদ্য পরিস্থিতি চরমে উঠেছে, আজকে যখন পুরুলিয়ায় অনাহারে মৃত্যু ঘটছে তখন দীঘার সমুদ্র সৈকতকে রমণ ক্ষেত্র হয়ে উঠতে দেখেছি। যখন দেশব্যাপী দুর্যোগ চলছে, জরুরী, অবস্থার ভেতর দিয়ে সঙ্কটের ভেতর দিয়ে যখন দেশ চলছে তখন আমরা দার্জিলিংএ শৈল শিখরে মন্ত্রী সভার সদস্যদের রমণ করতে দেখেছি। সুতরাং আজকে যে রমণ চলছে মন্ত্রীসভার তরফ থেকে নিশ্চয়ই তাকে অভিনন্দন করতে পারি না। স্যার, প্রতাপ চন্দ্র চন্দ্র মহাশয় বিদ্বান বুদ্ধিমান ব্যক্তি, তিনি হয়ত সেখানে দাঁড়িয়ে সেই রমণকে অভিনন্দন জানাতে পারেন। কিন্তু তাঁরা দেশের জনসাধারণের আনন্দ দানের জন্য কিছু করছেন না সে দিক থেকে আমরা বলছি। খাদ্য বিতর্কের জবাবের পরেও দু'একটা কথা বলার আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় খাদ্য বিতর্কের জবাবে কয়েকটা কথা বলেছেন সেই কথাগুলি হচ্ছে এই যে তিনি বোঝাতে চেয়েছেন যে গ্রামের যারা কৃষক যারা উৎপাদক তাঁর কথা তারা সারা বছরের খোরাকির ধান যেন ধরে রাখতে পারে এবং তারপর তারা তাদের উদ্বৃত্ত ধান যেন বাইরে পাঠায়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন না যে এই সঙ্কট শুধু শহরাঞ্চলের অন্ন সঙ্কট নয় গ্রামাঞ্চলের কৃষকদেরও অন্নসঙ্কট? তিনি কি জানেন না যে শতকরা ৩৪'৫ ভাগ পরিবার ২ একরের বেশী জমির মালিক নয়? এটা সরকারী সংখ্যাতত্ত্বের কথা বলছি। তাঁর মতে যারা রায়ত, যারা উৎপাদক সেই উৎপাদক রায়তদের শতকরা ৩৪'৫ ভাগ ২ একরের বেশী জমির মালিক নয় এটা কি তিনি জানেন না? মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন না শতকরা ৩৬ ভাগ ৫ একর পর্যন্ত জমির মালিক? সেখানে সবশুদ্ধ শতকরা ৭১ ভাগ লোক তারা কেউ ২ একর পর্যন্ত জমির মালিক অথবা কেউ ৫ একর পর্যন্ত জমির মালিক।

[1-50—2-00 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়, দীর্ঘকাল ধরে খাদ্য দপ্তরের চার্জে আছেন। তিনি কি জানেন না যে শতকরা ৭১ ভাগ রায়ত তারা তাদের খোরাকের ধান ধরে রাখতে পারে না। যখন ধান ওঠে তখন সারা বছরের দেনার দায়ে তাদের জর্জরিত থাকতে হয়, মহাজনরা তাদের উপর উৎপীড়ন করেন এবং অধিকাংশ ধান তাদের ঘর থেকে বের করে দিতে হয়। এছাড়াও ভূমিহীন আছে যারা বর্গাপ্রথায় চাষ করে। বর্গাচাষী তারাও আছে। তারা গোমবছরের খোরাকী ধরে রাখতে পারে না। আমাদের মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী সেকথা জেনেও সুকৌশলে বিতর্কের জবাব দেবার সময় সেটা এড়িয়ে গেছেন এবং সেটা করে তিনি অবশ্য নিজেকে প্রতারণা করেছেন, দেশবাসীকেও প্রতারণা করেছেন। বিরোধী পক্ষের উদ্দেশ্য তিনি একটা কথা বলবার চেষ্টা করেছেন সুকৌশলে যে আমরা যেন গ্রাম থেকে চাল বের করে নেবার কথা বলছি শহরের লোকগুলিকে বাঁচাবার জন্য যেন গ্রামের সঙ্গে সহরের একটা ঝগড়া বাধিয়ে তোলার চেষ্টা করছি এবং সেখানে খুব ভাল মানুষ হয়ে মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রী মহাশয় বলছেন যে আমি গ্রামকে বুভুক্ষু রাখতে পারবো না। গ্রাম থেকে চাল বের করতে পারবো না। কাদের ঘর থেকে চাল তিনি বের করতে পারবেন না—যেখানে মার্কেটেবল সারপ্লাস মাত্র শতকরা ১০ জনের ঘরে আছে সমস্ত উৎপাদকদের মধ্যে তাঁর কথায় সেই বৃহৎ জোতদার এবং কিছু কিছু মাঝারী জোতদার তারা যে ধান স্টক করছে আলাদা করে মিল মালিকদের পাইকারী গুদামে পাঠাচ্ছে তাদের ঘর থেকে তিনি ধান বের করতে পারবেন না। সেই সমস্ত মজুতদার তাদের তিনি রোধ করতে পারবেন না—তিনি গ্রামের সাধারণ চাষী বা সহরের সাধারণ মানুষ যদি অভুক্ত থাকে তাহলেও তিনি পারবেন না ঠিক সেই কথাই তিনি ঘোষণা করেছেন এবং এটা পরিষ্কার কথা যে তিনি তা করেন নি। আজকে ডি আই রুলস কেন্দ্র থেকে প্রয়োগ করার কথা বলা হচ্ছে। আমরা যারা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এর আগে অনেক কিছু প্রয়োগ করার জন্য কেন্দ্র থেকে যখন নির্দেশ এসেছে তখন তিনি বলেছেন আমাদের এখানে চলবে না। আজকে কেন্দ্রীয় সরকার থেকে যখন প্রফিটিয়ার্সদের বিরুদ্ধে ডি আই রুলস চালু করার কথা বলা হচ্ছে তখন আমরা আশংকা করছি সেই ডি আই রুলস হয়ত সাধারণ ছোটখাট দোকানদারদের উপর প্রযুক্ত হবে, যারা ধানচালের চোরাকারবারী, হাজার হাজার টন ধান চাল নিয়ে যারা অতি মুনাফা করবার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে এই ডি আই রুলস

কতখানি প্রযুক্ত হবে এ বিষয়ে আমরা সন্দেহ পোষণ করছি। খাদ্য সম্বন্ধে একটা কথা বলতে চাই বিতর্কের জবাবে তিনি না বল্লেও প্রারম্ভিক বক্তৃতায় মুখ্যমন্ত্রীমহাশয় বলেছিলেন যে আমাদের বাংলাদেশের অনেকটা ধানের জমি পাটে কনভারটেড হয়ে গেছে। পাটে যদি কনভারটেড হয়ে থাকে, যে ধান জমি পাটে পরিণত হয়েছে, তার দরুণ আমরা সে ধান পাচ্ছি না তার ফলে যে অনুকষ্ট দেখা দিচ্ছে—সেই পাট গোটা ভারতবর্ষের স্বার্থকে যোগান দিচ্ছে, ডলার আর্ন করছে কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীকে দেখিনি বা এ পর্যন্ত বলতে শুনিনি। দেশবাসীকে যখন বলছেন গম খাও তার আগে তার উচিত ছিল কেন্দ্রীয় সরকারের কাছে বলা যে আমরা গম চাই না। গম আরেক ব্যাপার ধানি জমি পাটে পরিণত হওয়ার দরুণ ধানের দিক থেকে যে লোকসান হচ্ছে বাংলাদেশকে সেই পরিমাণে কমপেনসেসন চালের আকারে তোমাদের দিতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছে এই ধরণের দাবী তিনি করেছেন বলে এখনও পর্যন্ত আমরা শুনিনি। গম খাওয়ার উপদেশ দেয়ার আগে কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবী বাংলাদেশের তরফ থেকে উঠা উচিত ছিল বলে আমি মনে করি। আমাদের মুখ্যমন্ত্রী এবং ডা: চন্দ আজকে বলেছেন যে জনসংখ্যা বৃদ্ধি ঘটে গেছে বাংলাদেশে সেজন্য আমাদের দেশে অনুসঙ্কট দেখা দিয়েছে। জনসংখ্যা বেড়েছে নিশ্চয়ই শুধু এখানে নয়, প্রত্যেকটা আণ্ডার ডেভেলপড কাণ্ট্রি বার্মা বলুন, চীন বলুন, জাপান বলুন, এই সমস্ত জায়গায় জনসংখ্যা বৃদ্ধি হয়েছে অর্থাৎ যে সমস্ত দেশ অনুন্নত বা অর্দ্ধোন্নত সেই সমস্ত দেশে জনসংখ্যা এমন কি অন্য দেশের তুলনায় তার হার বেশী হয়েছে বাংলাদেশে এবং ভারতবর্ষে বেশী হয়েছে কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই যে চীন বলুন, ব্রহ্মদেশ বলুন কি জাপান বলুন সেই সমস্ত দেশে পার একরে ইল্ড কি পরিমাণে বেড়েছে আমি শ্রীসুনীল গুহর বই থেকে সেটা উল্লেখ করছি। এ আই সি সির দপ্তর থেকে সেই বই বেরিয়েছে ইণ্ডিয়ান ফুড প্রব্লেম, সেখানে দেখতে পাচ্ছি চীন জাপান ব্রহ্মদেশ সেই সমস্ত জায়গায় পার একরে ইল্ড ৩ হাজার পাউণ্ড থেকে ৪ হাজার পাউণ্ডে নিয়ে গেছে, আর অন্য জায়গায় দ্বিতীয় পরিকল্পনার সময়ে লেখা সেই বই-এ সুনীল বাবু বলছেন ভারতবর্ষে পার একরে ইল্ড ৩০০-র বেশী উঠেনি—কেন উঠেনি?

কেন উঠে না এবং যদি আমরা সেই প্রবলেমের কথা বলি তাহলে আমরা একথা বলতে পারি যে সেকেণ্ড ফাইব ইয়ার প্ল্যানিংয়ের পর ইল্ড পার একর টারগেট ৫৭৫ পাউণ্ডে পরিণত করবার কথা বলা হয়েছে। আমরা জিজ্ঞাসা করতে পারি কি ভারতে এবং বাংলাদেশে বিশেষ করে ইল্ড পার একর ৫৭৫ পাউণ্ডে পরিণত হয়েছে একথার কোন জবাব ওঁরা দিতে পারেন নি। আমি এটা বিশ্বস্তসূত্রে জানি যে ৫৭৫ ইল্ড পার একরের জায়গায় তাঁরা যেতে পারেন নি। এটা পরিষ্কার কথা যে খাদ্যে ঘাটতি হোক, বা যতই ঘাটতি হোক সে ঘাটতি পূরণ করতে হোলে ইল্ড পার একর উৎপাদন বাড়াতে গেলে কৃষি ব্যবস্থার আমূল পরিবর্ত্তন সাধন করতে হবে। সেদিক থেকে পশ্চিমবঙ্গে কতটুকু করেছেন সেই সম্পর্কে বহুবার আমরা আলোচনা করেছি বহুবার আমরা দেখিয়ে দিয়েছি যখন যে কাজ করার কথা তা তাঁরা করেন নি। সেখানে যারা বড় বড় জোতদার যে জোতদারদের অবস্থা কায়েম রাখবার যারা স্বনামে এবং বেনামীতে জমি রেখে—জমিদারী উচ্ছেদ প্রথাকে বানচাল করে দিতে চাচ্ছে তাদের কথা এদের মধ্যে বড় হয়ে আছে যার ফলে আর একদিকে গ্রামাঞ্চলে অরাজকতা চলছে। গ্রামে কৃষি ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে—সেচ ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে, ভূমি বণ্টন বিপর্যস্ত হচ্ছে সব কিছুই বিপর্যস্ত। সেই অবস্থাকে বাঁচিয়ে রেখে কখনও পার ইল্ড একর বাড়ানো যায়, খাদ্য সমস্যার সমাধান করা যায় না এ কথা আমরা বার বার বলেছি। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই ডা: প্রতাপ চন্দ্র চন্দ্র আমাদের নির্বাচনী ইস্তাহার সম্বন্ধে বার বার বলেছেন, তার জবাবের জন্য নয়, প্রসঙ্গত উল্লেখ করছি ১৯৫৭ সালের কংগ্রেসী নির্বাচনী ইস্তাহারে যা দেওয়া হয়েছিল তাতে কয়েকটি কথা উল্লেখ ছিল। সেই কথা হচ্ছে ওয়ার্লড ব্যাঙ্ক মিশনের যে রিপোর্ট সেই রিপোর্ট থেকে বলা হয়েছিল যে যদি মডার্ন টেকনলীজ ইউজ করা যায় জমির ক্ষেত্রে কৃষি ব্যবস্থার ক্ষেত্রে বাংলা দেশ কেন সারা ভারত বর্ষের ক্ষেত্রে পার একর ইল্ড আর যা আছে তার থেকে ৬।৫ গুণ বাড়ানো যেতে পারে একথা তাঁদের নির্বাচনী ইস্তাহারে বেরিয়েছিল। ওয়ার্লড ব্যাঙ্ক মিশনের যে রিপোর্ট সেই রিপোর্ট সেখানে উদ্ধৃতি করা হয়েছিল। তারপর যদি জনসংখ্যা বৃদ্ধির অনুপাতে খাদ্য ঘাটতি থাকে তারপর যদি ইমপ্রুভড টেকনোলজির সাহায্যে খাদ্যোৎপাদনের হার বাড়ানো

যায়, তাহলে আপনাদের সমাজতান্ত্রিক সমাজ সোস্যালিস্ট প্যাটার্ন সেটা মুখের কথা না হয়ে সেটা যদি করবার চেষ্টা করেন তাহলে সেইভাবে খাদ্য ঘাটতি পূরণ করা যেতে পারে এবং সেদিন থেকে যদি বিচার করি তাহলে দেখি জনসংখ্যা বৃদ্ধির দোহাই অচল এবং এই সমস্তই জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য, নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য এই কথা বলা হয়েছে। তাঁদের যে খাদ্যনীতি সেই খাদ্যনীতিকে সাফাই করবার জন্য যে কথা বলছেন যে অভিযোগ মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী বলুন এই অভিযোগ আমি এই মন্ত্রীসভার বিরুদ্ধে রাখছি। মাননীয় স্পীকার মহাশয়, খাদ্য সঙ্কট ব্যাপারে বাংলাদেশের কংগ্রেস সরকারের ব্যর্থতা চরমভাবে আত্ম প্রকাশ করেছে। কিন্তু একটি মাত্র দিক—তার কথা না বলে আমি অন্য দিকের কথা যদি বলি যেমন কৃষির কথা বলেছি তেমনি শিল্পের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে সেখানে ধনকুবেরদের কাছে আত্মসমর্পণ করা হয়েছে এবং মিল মালিকদের স্বার্থের দিকে তাকিয়ে বড় বড় শিল্পপতি, ব্যবসায়ীদের স্বার্থের দিকে তাকিয়ে সাধারণ কর্মচারী এবং শ্রমিকদের স্বার্থ জলাঞ্জলী দেওয়া হয়েছে।

[2—2-10 p.m.]

এর ভুরি ভুরি দৃষ্টান্ত দেওয়া যায়, ভুরি ভুরি নজীর দেওয়া যায়। তেমনি প্রত্যেকটি ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে বলুন, সেখানে একটা বিরাট অরাজকতা চলছে। আমরা সাধারণ মানুষ, সাধারণ ছাত্রদের জীবন নিয়ে যেন জুয়া খেলতে আরম্ভ করেছেন এই সরকার। সেখানটায় তাদের মানুষ করে তোলার পথে তার যে শিক্ষা ব্যবস্থা তা আজকে একরকম আছে, কালকে তাকে পালটে দেওয়া হচ্ছে। এইভাবে আমাদের কয়েকটা জেনারেশনের সর্বনাশ করছেন আমাদের শিক্ষা দপ্তর এবং শিক্ষামন্ত্রীরা। গোটা শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত হতে আরম্ভ করেছে। সেখান থেকে তাঁরা অন্য জায়গার শিক্ষা ব্যবস্থাকে উন্নতি করতে পারেন নি। ঠিক তেমনি যে কোন দিকে তাকান, আমরা আশা করেছিলাম যখন ডাঃ রায় আর মুখ্যমন্ত্রী থাকলেন না, তার জায়গাতে মাননীয় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় মন্ত্রীত্বের আসন গ্রহণ করলেন, তখন তিনি কতকগুলি নূতন জেশ্চার দেখিয়েছিলেন। তিনি আম দরবার ডাকতে আরম্ভ করলেন। শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মহাশয় সেই আমদরবারের ভিতর দিয়ে বললেন যে দেশের জনসাধারণের দুঃখের কথা আমি শুনবো। তিনি দেখলাম একটা জেশ্চার দেখানর জন্য রাজনৈতিক বন্দীদের সে সময় মুক্তি দিয়ে দিলেন। তাঁর কথায়, এমন কি বিধান সভার কক্ষে ও বিভিন্ন কথায় বার্তায়, যেন অপজিশনের মর্য্যাদা বাড়িয়ে তুলবার কথা ভাবছেন এই রকম একটা সুর ফুটে উঠলো। বাংলা দেশের অনেক লোক তারা আশা করেছিলেন হয়ত কিছু পরিবর্তন ঘটবে, হয়ত বাংলা দেশের জনসাধারণ প্রফুল্ল বাবুর আমলে একটা ফেয়ার ডিল পাবে, কিন্তু দেখা গেল অন্যরকম অবস্থা দেখা দিচ্ছে। আমদরবার বন্ধ হয়ে গিয়েছে, তাঁর আচার ব্যবহারের পরিবর্তন ঘটে গিয়েছে। মন্ত্রী সভার তরফ থেকে মন্ত্রীসভার অনেক সদস্য এবং মুখ্যমন্ত্রী তিনিও একথাটা বলেছেন, আমরা দলভারী করে এসেছি, দেশের জনসাধারণের আশীর্বাদ বেশী সংখ্যায় পেয়ে ভোটে আমরা এখানে এসেছি, আমরা যা খুশী তাই করবো, যা ভাল মনে করবো তাই করবো এবং এখানের বিরোধী পক্ষ তোমরা যা মনে কর করতে পারো। ঠিক এই ধরণের ভাব আজকে বড় হয়ে উঠেছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কথায়, তাঁর আচার ব্যবহারে এবং মন্ত্রী সভার সদস্যদের কথাতেও সেই ধরণের দলীয় স্বেচ্ছাচারিতার কথা বড় হয়ে উঠেছে। তা যদি না হয়ে উঠতো, বাংলা দেশ বিশেষ করে গত অক্টোবর মাস থেকে একটা কঠিন দুর্যোগের মধ্যে দিয়ে চলে এসেছে, আপনারা সবাই জানেন স্পীকার মহাশয় চীন ভারত আক্রমণ করার পর থেকে গোটা দেশে, দেশব্যাপী দেশ প্রেমের বন্যা দেখা দেয় সেই দেশপ্রেমের বন্যাকে সংগঠনের রূপ দিয়ে দেশ গঠনের কাজে একদিকে, অন্য দিকে প্রতিরক্ষার কাজে জনসাধারণকে নামান দরকার ছিল সেখানে আমরা লক্ষ্য করছি সেই দেশপ্রেমকে কাজে লাগান হল না। সেখানে দলীয় স্বার্থকে সব থেকে বড় করে তুলে ধরা হল। সেখানে দেখলাম যে সরকারী সিটিজেন্স কমিটির পাশাপাশি ডিফেন্স এড কমিটি তৈরী হচ্ছে। কংগ্রেস সমস্ত কিছু কুক্ষিগত করে রাখবার চেষ্টা করছে ডিফেন্স এড কমিটির মারফতে। সেই অবস্থাটা আমরা লক্ষ্য করলাম। লক্ষ লক্ষ টাকা তোলা হল ডিফেন্স এড কমিটির নামে। কি হয়েছে, কি খরচা হল কিছুই আমরা জানি না। পাবলিক অন্ততঃ কিছু জানে না সে কথা আমি বাদই দিলাম। কিন্তু আজকে সিটিজেন্স কমিটি বলুন, ডিফেন্স

এড কমিটির মাধ্যমে যখন কংগ্রেসের প্রত্যক্ষভাবে দল গোছানর প্রশ্ন দেশরক্ষার স্বার্থকে ছাপিয়ে বড় হয়ে উঠলো ঠিক তেমনি সিটিজেন্স কমিটিগুলির ভিতর দিয়েও আমরা দেখলাম কংগ্রেস নেতারা সমস্ত দিক গুছিয়ে নিজেকে শাসন তক্তে ভালভাবে কায়েম হয়ে বসবার চেষ্টা করছে। সেই অবস্থাটা আমরা লক্ষ্য করলাম। দেশ সব ছোট হয়ে গেল, দল গুছানর স্বার্থ বড় হয়ে উঠলো, সুদূর প্রত্যেকটি মফঃস্বল জেলায় জেলায় দল বড় হয়ে উঠলো। আমরা দেখলাম কি, যেদিনে দেশপ্রেমের বন্যা বয়েছে, দেশপ্রেমিক অনেকেই, দেশ প্রেমের মুখোসধারী অনেক প্রতিক্রিয়াশীল শক্তি আছে, কায়েমী স্বার্থের লোক আছে, তারা আমরা দেখলাম মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে বাংলা দেশের মন্ত্রী সভা সেই দেশপ্রেমের ভেকধারী, দেশপ্রেমের মুখোসধারী কায়েমী স্বার্থের কাছে কায়েমী স্বার্থের দিকে তাকিয়ে দেশের জনসাধারণের দেশপ্রেমকে উপেক্ষা করেছে, তাদের সমস্ত উদ্যোগকে উপেক্ষা করেছে, তাদেরকে নানা ধরণের জুলুম এবং শোষণের মধ্যে চাপিয়ে দিয়েছে। আমি একটা প্রশ্ন করতে চাই, মাননীয় প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল থেকে আরম্ভ করে বাংলা দেশের মুখ্যমন্ত্রী মন্ত্রী ও এই মন্ত্রী সভার সদস্যবৃন্দ একথা বারবার শপথ করে বলেছিলেন উই উইল হোল্ড দি প্রাইস লাইন। এই প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন যে তাঁরা অক্টোবর মাসে যে দাম চলিত ছিল সেই দাম থাকবে, তাকে বাড়তে দেওয়া হবে না, কিন্তু আমরা দেখছি, মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন, যে প্রতিটি জিনিষপত্রের দর বেড়েছে, নিত্য ব্যবহার্য প্রত্যেকটি জিনিষের দর বেড়েছে। তাঁরা সে প্রতিশ্রুতি রাখতে পারেন নি, সেখানে তাঁরা জনসাধারণের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন। আমরা দেখতে পাচ্ছি শিল্পে শান্তিচুক্তির নাম করে একদিকে যেমন শ্রমিকদের আন্দোলনকে স্তব্ধ করে দেবার চেষ্টা করছেন তেমনি অন্যদিকে শিল্পে শান্তিকে বানচাল করে দিয়ে চা বাগানের মালি, চটকলের মালিক, কাপড়ের মালিক এবং বড় বড় ব্যবসায়ীরা যারা এমনিতে লক্ষ লক্ষ টাকা লাভ করতেন তাঁরা তাই থেকেও এখন দ্বিগুণ লাভ করে চলেছেন। তাদের অতিরিক্ত মুনাফাবাজীর কোনরকম প্রতিরোধের ব্যবস্থা আপনারা করবেন না। সেজন্য আমি এইকথা বলতে চাই, আজকে যখন দেশে বিশেষ করে জরুরী অবস্থা চলছে তখন তাঁরা তাঁদের কার্যাবলীর দ্বারা এই জরুরী অবস্থার গুরুত্বকে অর্থহীন করে তুলছেন এবং সরকার থেকে যে নেতৃত্ব দেওয়া উচিত ছিল তা তাঁরা দিতে পারেন নি। আমি বরং বলব তারা দেশবিরোধী এবং জনবিরোধী নীতি নিয়ে চলেছেন এবং কায়েমী স্বার্থবাদীদেরই সহায়তা করে চলেছেন। এই সমস্ত কারণে আমরা আর এস পির তরফ থেকে এই গভর্নমেণ্টের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি। মাননীয় প্রতাপবাবু বলেছেন আমরা অনাস্থা প্রস্তাবের গুরুত্ব বুঝতে পারি না। আমি তাঁকে শুধু এই কথাই বলতে চাই আজকে যখন দেশব্যাপী অভাব দেখা দিয়েছে, বিশেষ করে অনাহারে মৃত্যু ঘটছে, খাদ্যের দাম চালের দাম জনসাধারণের ক্রয়-ক্ষমতার বাইরে চলে গিয়েছে, উপবাস ব্যাপক হারে উঠছে তখন এই অনাস্থা প্রস্তাবের গুরুত্ব ও তাৎপর্য সমধিক, এটা অন্ততঃ তাঁর বুঝা উচিৎ ছিল। যে সরকার জনসাধারণের বেঁচে থাকবার দাবি মেটাতে পারেন না সেই সরকারের গদীতে বসে থাকবার কোন অধিকার নাই।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, I rise to support this no-confidence motion, although there is no signature of mine in the motion, knowing as I do that this motion will be perhaps of no effect whatsoever because the position of the Ministry is impregnable and they enjoy majority for which it will not be possible for any opposition to do anything. Sir, knowing that as I do and being conscious of that limitation I still rise to support the motion of no-confidence against the Ministry headed by Hon'ble Prafulla Chandra Sen. As I do so, Mr. Speaker, I have that feeling and I believe that in the interest of the country, in the interest of West Bengal, and for its future interest also, a further continuation of this present rule should not be encouraged.

Mr. Speaker, Sir, I support this motion because, I would like you to see what is the real picture of sixteen years' [illegible] party rule of this [illegible]. Looking at the living [illegible] of the people, I [illegible] encouraged, and I should say nobody encouraged [illegible] port this rule for [illegible] of time. After having spent crores

and crores of money to bring about improvement in agricultural production and all that, there is a deficit in food, deficit in everything. If Government have any duty or obligation to the people, let us analyse one by one how they have discharged them. Have they been able to solve the basic human problem, namely, food? No. Have they been able to solve any problem of accommodation of the people? No. Have they been able to solve the problem of education, health or anything of the sort? No. Then, about Police, security, corruption, law and order? Nothing. But they have got to carry on because they have got the majority behind them.

[2-10—2-20 p.m.]

Mr. Speaker, Sir, I think that though they have the majority nobody would think that the Ministry have licence to do whatever they like and that they would not be accountable to the people at any time—this time and the expiry of the emergency period. Sir, they are certainly accountable to the people every moment of of their existence whenever they use public money. Sir, the barest minimum of human privileges are given everywhere, in any part of the free countries but not in India. Sir, the food problem cannot be tackled which has admittedly been proved to be a failure after spending crores and crores of money. Sir, I was amazed to see that starvation death report in Purulia and other place was being shame-facedly denied by the Hon'ble Minister here within this Assembly. The report was given by men of integrity and why were they afraid to tell the truth that "yes, for want of food such and such people died". I would ask the Government to make an enquiry on this question and as they pose as an honest Government let them accept the challenge and prove that there was no starvation death. But if contrary is proved, let the Minister give an undertaking here and now that he would withdraw from public life. Sir, this is something which is never expected of a responsible Minister. Sir, the "Statesman" printed on April 14th list of prices of 14 edible articles which had soaring prices and out of 14 there was increase in 12 case. Up to now no contradiction has appeared from Government side. Sir, with regard to price of rice there was no such increase during the last 20 years. That is the position but the Government is doing nothing to check the prices. Sir, every day responsible newspapers are publishing such rise in prices but the Government has kept quiet. There was no contradiction and I am astonished to hear that the Government is still calling itself a responsible Government. The newspapers are attacking Government for corruption. Then there is no solution of unemployment problem—

Mr. Speaker : Mr. Banerjee, your time is up.

Shri Bejoy Kumar Banerjee : Then I sit down, Sir.

শ্রীঅনাদি দাস : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য প্রতাপ চন্দ্র চন্দ্র মহাশয় একটা কথা তুলেছেন যে, আমরা এই যে অনাস্থা প্রস্তাব এনেছি তাতে তাঁদের প্রতি কবেই বা আমাদের আস্থা ছিল ? একথা খুবই সত্য যে, স্বাধীনতার পর তাঁরা যেভাবে সরকার চালিয়েছেন তাতে আমরা যারা বিরোধী সদস্য রয়েছি তাঁদের এই কংগ্রেস সরকারের উপর কোনদিন আস্থা ছিল না এবং তার জন্য বিভিন্ন প্রদেশে সরকারকে জনসাধারণের সংগ্রামের সম্মুখীন হতে হয়েছে। স্যার, একটা বিশেষ অবস্থায় আমরা এই সরকারের সঙ্গে সহযোগিতা করতে চেয়েছিলাম এবং সেটা হচ্ছে ২০শে অক্টোবরের পর—অর্থাৎ চীনা আক্রমণের পর। দেশ রক্ষা করবার জন্য, দেশের প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করবার জন্য আমরা এটা মনে করে ছিলাম যে, তাঁদের নীতি যদিও প্রগতিমূলক নয়, তাঁদের নীতি যদিও দেশকে একটা উন্নতি-মূলক জায়গায় নিতে পারেনি কিন্তু এই চীনা আক্রমণের পরিস্থিতিতে মানুষের মনে যে ইচ্ছা জেগেছে তাতে তাঁদের দেশ রক্ষার প্রবৃত্তি যদি আন্তরিক হয়, যদি সিরিয়াস হয় তাহলে আমাদের স্বাধীনতা সুদৃঢ় করা যেতে পারে, দেশের জাতীয় অর্থনৈতিক অবস্থাকে শক্তিশালী করা যেতে পারে। কিন্তু এই সরকার সেখানেও ব্যর্থ হয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, এই বিরাট জন সমর্থন সরকারকে সজাগ করেনি, বরং আরও জনস্বার্থ

বিরোধী হতে উস্কানী দিয়েছে এবং একে অপূর্ব সুযোগ মনে করে শাসক শ্রেণী জাতীয় স্বার্থকে পায়ের তলায় বিকিয়ে দিয়ে প্রতিক্রিয়াশীল শক্তি এবং সাম্রাজ্যবাদী দালালদের শক্তিশালী হতে সাহায্য করেছে। তাই জনসাধারণ আজকে ত্রাহি ত্রাহি ডাক দিয়েছে। এতসব যা করা হয়েছে তা দেশ রক্ষার জন্য নয়, দেশ রক্ষার জন্য দেশের মানুষের মনোবলকে শক্তিশালী না করে তাকে আরও দুর্বল করেছে এবং সেই জন্যই একটা বিশেষ অবস্থায় এই সরকারের গদীতে আসীন থাকবার কোন অধিকার নেই। অবশ্য তাঁদের পক্ষে যা করা সম্ভব এবং তাঁদের যা নীতি তাতে তাঁরা তাই করেছেন। লাল চীনকে রুখতে গিয়ে তাঁরা উল্টো পথ নিয়েছেন অর্থাৎ চিয়াং কাইশেকের নীতি নিয়েছেন এবং সেইজন্যই তাঁদের ভাগ্যে ঐ চিয়াং কাইশেকের পরিণতি অপেক্ষা করছে। দেশের এই অবস্থায় যিনি আমাদের মুখ্যমন্ত্রী সেজে বসে আছেন তাঁর চরিত্রেও আজকে এই নীতির প্রতিফলন দেখছি। তিনি যখন প্রথম মুখ্যমন্ত্রী হলেন তখন তিনি আনন্দবাজার বসিয়ে জনতার কথা শুনতে লাগলেন এবং আমরা দেখলাম তিনি প্রগতিশীল নীতি ধরেছেন। তখন জনতার এবং বামপন্থীদের প্রচণ্ড শক্তি ছিল কিন্তু আজকে দেশ রক্ষার নামে তিনি সেই জনতাকে দুর্বল করেছেন এবং তাদের দেশপ্রেমকে ভিন্ন পথে পরিচালিত করেছেন। এই চরিত্র আমরা আবার এই মুখ্যমন্ত্রীর মধ্যে দেখতে পাচ্ছি যে, তিনি আনন্দবাজার ছেড়ে দিয়ে জনতাকে কঠোর হস্তে দমন করবার নীতি নিয়েছেন। তবে এটা তাঁর ব্যক্তিগত চরিত্র নয়, তাঁর সরকার যে নীতি নিয়ে চলেছেন এটা তার প্রতিফলন মাত্র।

[2-20—2-30 p.m.]

সুতরাং সেজন্য আমরা এই সরকারের উপর, যে সরকারের মধ্যমণি শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন, সেই সরকারের উপর আস্থা নেই একথা দৃঢ়কণ্ঠে বলছি। মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় জনতাকে বিভ্রান্ত করবার জন্য নানা অসত্য খবর এই বিধান সভায় পেশ করলেন, ঘাটতির হিসাবের কথা বলছি না, সে কথা বহুবার আলোচিত হয়েছে, খাদ্যের দর বাড়ার কথা বলছি না, কিন্তু উত্তরপ্রদেশের বণিকসভার কথা বলছি। সেখানে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীসুব্রামানিয়ম যে কথা বলেছেন তা আমি সংবাদপত্র থেকে আপনাকে পড়ে শোনাচ্ছি। তিনি বলেছেন খাদ্যের দর যদি বেড়ে থাকে, অত্যাবশ্যক পণ্যের মূল্য বৃদ্ধি যদি হয়ে থাকে তার এক মাত্র কারণ হল—ফাটকাবাজী। তিনি বলেছেন গত ৬ মাসে এমন কিছু ঘটেনি যাতে মূল্য ক্রমেই বৃদ্ধি হতে পারে। উৎপাদন হ্রাস বাড়েনি, কৃষি উৎপাদন ব্যাহত হয়নি, ব্যবসায়ীরা উৎপন্ন কৃষি সামগ্রী সরিয়ে ফেলে ঘাটতি অবস্থার সৃষ্টি করেছে মূল্য বৃদ্ধির উদ্দেশ্যে। নির্লজ্জভাবে তারা এই অবস্থার সুযোগ গ্রহণ করছে। কোন লোকই একথা অস্বীকার করতে পারবে না। একথা কেন্দ্রীয় মন্ত্রী সুব্রামানিয়াম বলছেন, আর আমাদের দেশের মুখ্যমন্ত্রী কি বলেছেন। তিনি এসব কথা অস্বীকার করছেন। যখন বলা হয়েছে আড়তদারী সম্বন্ধে কালোবাজারী সম্বন্ধে, তখন তিনি বলেছেন এমন কোন খবর আমার কাছে নাই। যা দেশের লোকজানে, কেন্দ্রীয় মন্ত্রী জানেন, তা জানেন না আমাদের খাদ্য মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী। এমনতর মুখ্যমন্ত্রী আমাদের যে তিনি কোন খবরই রাখেন না। আসলে তাঁর চোখ অন্ধ, এই দেখেন না, তিনি দেখেন আড়তদারদের চোখে, মুনাফাখোরদের চোখ দিয়ে দেখেন। হয়ত তিনি যে স্টেটমেণ্ট দিয়েছেন সেটাও নিজের লেখা নয়, নইলে এমন কথা তিনি বলতে পারতেন না। সুতরাং এইরকম মন্ত্রী এবং তার কাউন্সিল অব মিনিস্টারের প্রতি জনসাধারণের কোনরকম আস্থা থাকতে পারে না।

এই সঙ্গে আমি আর একটা কথা উল্লেখ করতে চাই। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় বললেন ১৯৪৭ সালে দেড় কোটি লোক ছিল বাংলাদেশে। কিন্তু আমাদের কাছে যে স্টেটিস্টিক্স রয়েছে তাতে তা নয়। সেই সময় দু কোটি ৩২ লক্ষ লোক ছিল বাংলাদেশে। এভাবে ঝোঁকের মাথায় যা-তা বলে ফেলেন আমাদের মুখ্যমন্ত্রী যার উপর কেউ বিশ্বাস স্থাপন করতে পারে না। মুখ্যমন্ত্রী মহাশয় এই সভায় সেদিন দৃঢ় কণ্ঠে ঘোষণা করেছেন যে ভারত রক্ষা আইন আড়তদারদের উপর প্রয়োগ করা হয়নি এবং করা হবে না। অথচ কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে স্পষ্ট নির্দেশ দিয়েছেন, সংবাদপত্র থেকে সেটাও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার

কাছে পড়ে শোনাতে চাই। খাদ্যশস্য ও চিনির কালোবাজারীদের কঠোর হস্তে দমন করবার জন্য কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্য সরকারকে ভারত রক্ষা আইন প্রয়োগের নির্দেশ দিয়েছেন। অথচ তিনি কিছুতেই এটা প্রয়োগ করবেন না বলে জানিয়ে দিয়েছেন। এই যে সরকার এই রকমভাবে যে কথাগুলি বলেন তাতে কাকে উৎসাহিত করছেন? এই ভাবে কি দেশের লোককে উৎসাহিত করা হচ্ছে? এইভাবে কি দেশরক্ষা হচ্ছে অথবা কালোবাজারী যারা তাদের উৎসাহিত করছেন? আমি মনে করি তিনি উল্টাটা করছেন, দেশের নামে যা করা উচিত তিনি সবগুলি তার বিপরীত দিকে নিয়ে যাচ্ছেন। কেন্দ্র থেকে বলা হয়েছে যে জিনিসের দর বেঁধে দেওয়া হোক, দোকানে দোকানে দ্রব্য মূল্যের তালিকা টাঙ্গিয়ে দেবার ব্যবস্থা করা হোক। ব্যবসায়ীদের দ্রব্যমূল্যের তালিকা টাঙ্গিয়ে রাখতে বাধ্য করার কথা কেন্দ্রীয় সরকার বলে দিয়েছেন প্রত্যেকটি স্টেট গভর্নমেণ্টকে। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী ঠিক তার উল্টো করছেন। তিনি খাদ্যের দর বেঁধে দেবেন না। দোকানে দোকানে জিনিসের মূল্য তালিকা টাঙ্গিয়ে দেবার কথা তিনি একেবারে উড়িয়ে দিয়েছেন। এই রকম ভাবে সরকার আমাদের দেশে খাদ্য দ্রব্যের মূল্য কিছুতেই কমিয়ে আনতে পারেন না। সুতরাং এই সরকারের উপর জনসাধারণের কোন প্রকার আস্থা নেই। আমি এটা মনে করি যে কেন্দ্রীয় সরকার এই যে নির্দেশ দিয়েছেন এই নির্দেশ অনেক বিলম্বে দিয়েছেন। যখন সমগ্র ভারতবর্ষের চতুর্দিকে খাদ্যের দাবীতে আন্দোলন গড়িয়ে উঠেছে এবং বিশেষ করে পশ্চিমবঙ্গে খাদ্য আন্দোলন অত্যন্ত তীব্র আকার ধারণ করেছে ঠিক সেই সময় এই রকম নির্দেশ এসেছে। আমরা মনে করি পশ্চিমবঙ্গ ভারতবর্ষকে পথ দেখাচ্ছে। এই আন্দোলনে অন্ততঃ আমরা নৈতিক দিক থেকে জয়লাভ করেছি। এই আন্দোলনের ফলে খাদ্যদ্রব্যের দাম কতখানি কমবে সেটা সরকারী নীতির উপর নির্ভর করে। সেই নীতি পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করবেন কিনা আমরা জানি না। আজ ২ দিন হয়ে গেল খবরের কাগজ থেকে জানতে পেরেছি যে এই নির্দেশ এসেছে। কিন্তু এই ২ দিনের মধ্যে কি চোরাকারবারীদের একজনও ধরা পড়ে নি? তাঁরা তো জানেন কারা চোরাকারবারী করছে। কিন্তু এই নির্দেশ থাকা সত্ত্বেও কেন এটা তাদের উপর প্রয়োগ করা হয়নি? দুদিন অল্প সময় নয়। খাদ্যের মত ভীষণ গুরুত্বপূর্ণ ব্যাপারে দু'দিন বড় কথা ছোট কথা নয়। তাই আমি মনে করি আসলে তিনি আড়তদারদের পদসেবা করছেন। এই রকমভাবে যারা পদলেহন করেন তাঁদের কাছ থেকে আমরা কি আশা করতে পারি? তাঁদের উপর কোন আস্থা থাকতে পারে না। আমরা জানি সংখ্যা গরিষ্ঠতার জোরে এই প্রস্তাব নাকচ হবে। আমরা এই কথা উল্লেখ করতে চাই যে সিদ্ধার্থ শঙ্কর রায় মহাশয় এই প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের কুকীর্তির প্রতিবাদে পদত্যাগ করেন। কিন্তু আজ তিনি ঠিক তার উল্টো দিকে সুর গাইতে আরম্ভ করেছেন। সেখানে দেশের জন্য নীতি কিছু নেই। এই রকমভাবে সমর্থন নিয়ে আজকে তিনি টিকে থাকতে পারেন কিন্তু দেশের মানুষ তাঁকে কিছুতেই স্মরণ করতে পারবে না।

[2-30—2-40 p.m.]

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়: মিঃ স্পীকার স্যার, বামপন্থী দলের বিভিন্ন নেতারা আজ এই সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। সমর্থন করি এজন্য যে খাদ্যশস্যের দাম কমানোর ব্যাপারে আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য নানারকম পার্লামেণ্টারী ওয়েতে চেষ্টা করেছিলাম কিন্তু সরকার তা স্বীকার করেন নি, বরং তারা বলেছেন যে খাদ্যশস্যের নাকি কোন অপ্রতুলতা নেই। তাছাড়া আরো অভিযোগ আছে প্রশাসনিক দুর্বলতা। দলবাজী এবং অসৎ ব্যক্তিদের প্রশ্রয় দান স্বাধীনতার ১৪ বছর পরও এই যে ফুড ডেফিসিট এটা ক্রনিক ডিজিজের মত হয়ে পড়েছে, এ ব্যাধী যেন সারবার নয়। সরকার পক্ষ থেকে বলেছেন যে, খাবারের অভাব নেই, অভাব হচ্ছে শুধু চালের। আমি জিজ্ঞাসা করতে পারি কি যে দ্বিতীয় মহাযুদ্ধের সময় যখন আমাদের চেয়ে অনেক জরুরী অবস্থা ইউ কে যখন জলপথে ইউ ২ এবং বিমান পথে জার্মানী তাকে অবরোধ করে রেখেছিল তখন তাদের খাদ্যশস্যের অভাব হয়েছিল কিনা কিন্তু সেখানকার প্রধান মন্ত্রী যদি একটা ডিম পেতেন, সাধারণ লোকেরাও একটা ডিম পেতেন কিন্তু আজকে

ওদের দিকে তাকিয়ে দেখুন তাদের কাছে খাদ্যশস্যের কোন অভাব নেই—যা বাস্তবভাবে চান যত চান তা পাবেন। আনন্দবাবু সেদিন বল্লেন যে সাধারণ চাষীরা নাকি দুবেলা এত বেশী ভাত খায় যে তারই জন্য নাকি আমাদের খাদ্যশস্যের দাম বেড়েছে—অদ্ভুৎ কথা। আনন্দবাবু হয়ত দুবেলা কেন, ৪ বেলা পেট ভরে খেতে পান শুধু ভাত নয় আরও কিছু স্যার, আমি আনন্দবাবুর মত লোকের কথা বলছি না, আমি সাধারণ চাষীদের কথা বলছি যারা দুবেলা কচু ও খেতে পায় না। স্যার, কচু খাওয়াটা কিছুদিন আগে পর্যন্তও একটা ঠাট্টার কথা ছিল কিন্তু আজকে কচুও বিক্রী হচ্ছে, এমন কি মফঃস্বলেও এই হচ্ছে আমাদের অবস্থা। দ্বিতীয় কথা হচ্ছে সরকার বলেছেন যে চালের যখন অপ্রতুলতা আছে তখন সেই জায়গায় আমাদের অল্টারনেটিভ ফুড দিয়ে সেই খাদ্য চালিয়ে নিতে হবে। নিশ্চয়ই চলবে আমরা একথা বলি না যখন চাল চাই তখন আমাদের সবাইকে পেট ভরে চাল খেতে হবে কিন্তু রিজনেবেল লোকালের বাইরে তার দাম যাবে কেন। আজকে যদি কেউ একপোয়া চাল পায়। সেটা রিজনেবল রেটে পাওয়া উচিত। আমি মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করছি কত হাজার মন চাল চান বলুন আজকের বাজার দরে এনে দিচ্ছি। চালের যতটা কম আছে বলে সরকার বলেন ততটা কম নেই। তৃতীয় কথা হচ্ছে চাষের ব্যাপারে সরকারী নীতির ব্যর্থতা। আমরা গ্রামে গিয়ে দেখেছি যে সময় বীজ, সার বা জলের দরকার সে সময় তারা তা পায় না। পায় কখন, যখন ফসল উঠছে। সেই সময় হয়ত বীজ, জল বা সার গিয়া পৌছালো—সে সময়ে তাদের কিছুই কাজে লাগে না। আজকে যদি সুষ্ঠু নীতিতে সার বণ্টন বীজ বণ্টন প্রভৃতি হোত আইনসঙ্গত উপায়ে যদি করা হত তাহলে প্রচুর ফসল ফলতো। আমি স্যার, মুর্শিদাবাদ জেলা থেকে আসছি, এটা ডেফিসিট ডিস্ট্রিক্ট কিন্তু আমি জানি হাজার হাজার একর জমি সেখানে পড়ে আছে। এখানে অনেক বিল যেমন বিল নাসিরা, বিল পাটুন, তেলকাড়বিল এই বিলগুলি যদি সংস্কার করা হত তাহলে দেখা যেত আমাদের শুধু ডেফিসিট পূরণ হতনা—আমরা পেট ভরে খেয়েও কোলকাতার এলাকাকেও কিছু খাওয়াতে পারতাম। আর একটা জিনিস যেটা মনে হয়েছে সেটা হচ্ছে টেস্ট রিলিফ। টেস্ট রিলিফ যে ভাবে করা হয় তাতে কাজ কিছুই হয় না। গ্রীষ্মের সময় টেস্ট রিলিফের যে মাটি দেওয়া হয় তাতে ধুলো হয় বর্ষার সময় কাদা হয় এবং যেখানকার মাটি আবার সেখানে গিয়ে পড়ে। টেস্ট রিলিফে এই কাজ না করে সেখানে যদি ক্ষুদ্র সেচ পরিকল্পনা করে বা জল নিষ্কাশন ব্যবস্থা করা হয় তাহলে খানিকটা সলিউসন হোত এবং আমাদের খাদ্য সমস্যার সমাধান হোত। কিন্তু তা হয় নি। কারণ সেখানে দলীয় বুদ্ধি আছে, অকর্মন্যতা আছে। আর একটা জিনিষ দেখাচ্ছি যে দলীয় স্বার্থের দ্বারা কি রকম অসৎ শ্রেণীর লোককে পোষণ করে। মুর্শিদাবাদে একজন ভদ্রলোক আছে তিনি ঝোলে ঝালে অম্বলে সবতেই আছেন, তিনি গুন্ডা দল ও আর. টি. এ. করে একটা বাড়ী করে ফেলেছেন। অথচ তাঁকে সিলিকেন্স কমিটি বা যে কোন এডভাইসারী কমিটি হোক তাঁকে পাবেন। প্রত্যেকটি কাজে দেখছি সরকার তাঁকে নেন। তিনি হ্যাঁ কে না করতে পারেন আবার না-কে হ্যাঁ করতে পারেন এই রকম লোককে ক্ষমতাশালী অবস্থায় এনে জনসাধারণের মনোবলকে ক্ষুন্ন করা হয় এবং তাতে সরকারকে হাস্যাস্পদ হতে হয় যেটা তাদের হোয়ে পড়েছে। আমার সময় বেশী নেই শেষ কালে এইটুকু বলবো যে ভোটের জোরে আপনারা হয়তো নো-কনফিডেন্স মোসন পাশ হবে না কিন্তু আমরা বলবো যে আমাদের সাজেসনগুলো মেনে নিন এবং সেই ভাবে চলার চেষ্টা করুন।

ডাঃ রাধাকৃষ্ণ পাল: মিঃ স্পীকার স্যার, মন্ত্রীসভা পাল্টাতেই হবে, যদি ছাড়াতেই হবে—তার স্লোগানে মিঃ স্পীকার স্যার,—খদ্যোতে হরিয়া লবে দ্যুতি চন্দ্রমা, মৃগেন্দ্র বিক্রমে বনে বিচরিবে অজা—না দিব ঘটাতে হেন। স্যার, এই যে প্রহসন কয়েকদিনের অপোজিসনের দেখলাম তাতে বলি যে, যেমন অপদার্থ—ন-পদার্থ—নং তৎপুরুষ সমাস। তেমন অপোজিসন মানে নো-পোজিসন নং তৎপুরুষ সমাস—তবে হ্যাঁ, আমি বলবো তোমরা পোজিসন বাড়াবার জন্য যা ইচ্ছা কর। নতুবা এই ব্যাপজেসন ও অপোজিসন এর কোন মানে হয় না। যদি এরা ভেবে থাকে যে আগেকারের চতুর্বান—তারা যদি ভেবে থাকে যে কমিউনিস্ট পার্টি ফিনিস হয়ে গেছে—তার মানে মাইক্রোসকপিক মাইনরিটি তাহলে অবশ্য অনশন করার মানে হয়। কিন্তু গদিচ্যুত করবার মত তাদের তো ক্ষমতা নেই। কিন্তু আজ দেখা গেল যে আবার ষড়বাম

এক হয়ে গেছে ইণ্ডিপেণ্ডেণ্ট, আর. এস. পি., পি. এস. পি., আর. সী. পি. আই, ফরোয়ার্ড ব্লক, কমিউনিস্ট পার্টি। মিঃ স্পীকার স্যার, ১৭৫৭ খৃষ্টাব্দে ১৭ই এপ্রিল রাজা কৃষ্ণচন্দ্র রায়ের বাড়ীতে যে সভা হয়েছিল গোপনে বেলা ১টা থেকে ৪টা পর্যন্ত সেখানে ষড়বান-মির্জাফর উমিচাঁদ, জগৎশেট, রাজবল্লভ, রায় দুর্লভ এরাই সব।

(নয়েজ)

মিঃ স্পীকার স্যার, চীন যখন আক্রমণে উদ্যত নয়, আক্রমণ করে এক ভীষণ খড়্গ হেনেছে, পাকিস্তান যখন আক্রমণ উদ্যত এবং যারা সিভিল ওয়ার চায়—সেই গরিলা ফাইট নাগাভূমিতে হচ্ছে সেই অবস্থায় এই আন্দোলন ও দিন দিন জনসাধারণকে বিপর্যস্ত করা এর কি কোন মূল্য আছে? মিঃ স্পীকার স্যার, এটা আমি আপনাকে প্রশ্ন করছি। তবে ষড়বান এক হয়েই ১টা থেকে ৪টার মধ্যে সেই ডিসিসনে তারা নিলেন যে না আমরা ক্লাইভের হাতে দেশ তুলে দেবোই এবং সিরাজুদ্দৌল্লাকে আমরা রাজ্য চ্যুত করবোই।

[2-40—2-50 p.m.]

সেই, স্যার, রাজা কৃষ্ণ চন্দ্র রায়ের বাড়ীতে রাত্রি ১টা থেকে ৪টা, ঐ টুকুর মধ্যেই যবনিকা পাত। এঁরা যদি একথা সত্যি মনে করেন যে, না, আমাদের দরকার নেই প্রফুল্ল সেন মহাশয়কে আমরা তুলে দেব ওঁদের হাতে, ঐ ষড়বান—আর. এস. পি, আর. সি. পি. আই; ফরোয়ার্ড ব্লক; কম্যুনিষ্ট পার্টি, ইণ্ডিপেণ্ডেণ্ট। মিরজাফর, উমিচাঁদ, জগৎশেঠ, রাজবল্লভ, রায় দুর্লভ, ইহারা রয়েছেন। মিঃ স্পীকার, স্যার, আমি এঁদের জানাচ্ছি, এখানে শ্রদ্ধেয় হেমন্ত বাবু নেই, অমর বাবু আছেন, ১৯২২ সালে আমরা যখন গয়া কংগ্রেসে গিয়েছিলাম, সেই বৎসর আমি ম্যাট্রিক পাশ করেছি, আমরা গয়া কংগ্রেসে গেলাম। যেয়ে দেখলাম দেশবন্ধু দাসের নেতৃত্বে যে নিখিল ভারত কংগ্রেসের অধিবেশন হয়েছিল, সেখানে স্বরাজ্য পার্টি পাশ করলেন এবং ২৩—২৪র মধ্যে স্বরাজ্য পার্টিকে সমস্ত ভারতবর্ষে ইনফ্লুয়েন্স করলেন। মতিলাল নেহরু, ওধারে শ্রীনিবাস আয়েঙ্গার, এধারে মদন মোহন মালব্য, ওধারে রঙ্গ স্বামী আয়েঙ্গার, এই সমস্ত লোককে তিনি নামিয়ে ফেললেন। করে তিনি কি করলেন? তিনি এসেই স্যার সুরেন্দ্র নাথ, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, ফাদার অব ইণ্ডিয়ান ন্যাশনালিজম, তাঁর এসোসিয়েসন এখানে—এখানে মানে ঐ টাউন হলে, আমরা দেখে গিয়েছি সেই বিরাট ব্যাপার, অতবড় পার্সোনালিটি, ইংরাজদের সমস্ত দর্পকে তিনি চূর্ণ করে দিলেন। কিন্তু এঁরা এই ষড়বান, এঁরা তা করতে পারবেন না। আমি জানিয়ে দিচ্ছি, এখানে হেমন্ত বাবু আছেন, যখন আইন অমান্য পরিষদের সভাপতি আমাদের জনপ্রিয়, বাংলার সমস্ত ভারতবর্ষের জনপ্রিয় নেতা, দেশপ্রিয় নেতা, জ্যোতিন্দ্র মোহন কারাগারে তখন আইন অমান্য পরিষদের সভাপতি কে হবে এই নিয়ে এক বিরাট বিভ্রাট। সেখান থেকে নির্দেশ এলো, কেন? আরামবাগের প্রফুল্ল সেন আছে। সেই মহাসমর দুর্যোগে, সেই ভারতবর্ষের তমসা রজনীর ঘন অন্ধকারে সেই একমাত্র ঐ আরামবাগের সহকর্মী ঐ প্রফুল্ল চন্দ্র সেন ঐ পদ অধিকার করলেন।

(হট্টগোল)

মিঃ স্পীকার, স্যার, আমি জিজ্ঞাসা করি যিনি চীৎকার করছেন, আমার সহোদর ভাই, আমরা একসঙ্গে কাজ করেছি দীর্ঘ ১২-১৪ বৎসর ধরে, তখন আনন্দবাজার ওয়াজ দি অনলি লিডিং পেপার অফ ইণ্ডিয়া সে কি কন্ট্রিবিউশন দিচ্ছে ঐ প্রফুল্ল সেনের উপর আপনি দেখুন। মিঃ স্পীকার, স্যার, আনন্দবাজারে তখন সত্যেন মজুমদারের মত লেখনী, সেই জলদ গম্ভীর স্বরে তিনি লিখলেন, "দ্বাপরের কর্মক্ষেত্র কুরুক্ষেত্রের সমর প্রাঙ্গনে শর শয্যায় শায়িত মহানুভব দেবব্রতের ব্রত উদ্‌যাপন ও উপদেশ দান যে দেশের চরিত্র গঠনে সহায়তা করিয়াছে যাহাদের ধর্মনীতি সমাজনীতির পরিস্ফুটনে শ্রীকৃষ্ণের ন্যায় মহাপুরুষ দণ্ডায়মান, যে দেশ শাক্য সিংহের জন্মভূমি বলিয়া চিহ্নিত, যে দেশ শঙ্করাচার্যের বিশাল প্রতিভা পরাক্রমের উৎসে উৎসারিত, যে দেশ শ্রীচৈতন্যের ধর্মালোড়নে টলমল করিয়াছে, যে দেশে রাজা রাম মোহন রায় এবং ঈশ্বর চন্দ্রের অভ্যুদয়, সেই দেশে প্রফুল্ল চন্দ্রের রাজনীতির লীলাক্ষেত্র না হইয়া অন্য দেশে হইবে কেন?" এই কন্ট্রিবিউশন তখনকার আনন্দ বাজার দিয়েছিল। মিঃ স্পীকার,

স্যার, আজকে আমি একথাই বলবো ভারতবর্ষের মধ্যে আমাদের যে সমস্ত পুরাণো কর্মীরা আছেন, অমর বাবু আছেন, তাঁরা বলুন বাংলা দেশে এই ষড়বান কাকে ঐ প্রফুল্ল বাবুর পরিবর্তে রিপ্লেস করবেন? কানাই ভট্টাচারিয়া, ননী বাবু, ঐ বাচচা রাজকুমার, না আমাদের যুবরাজ ডাঃ নারায়ণ রায়, কাকে করবেন আমি জানতে চাই। মিঃ স্পীকার, স্যার আজকে দেখেছেন যে, পঞ্চবানে যে একটা অস্থায়ী গভর্ণমেণ্ট করেছিল তার ত মুখ্যমন্ত্রী নেই তাহলে কে হবে ওঁরা মন্ত্রণা করে আপনাকে বলুন আমরা এখনই ছেড়ে দিয়ে চলে যাবো সে যদি উপযুক্ত লোক হয়। মিঃ স্পীকার, স্যার, হেমন্ত বাবুর মত লোক, তাঁর উপর আমাদের শ্রদ্ধা আছে, তিনি যখন অজয় বাবুকে আক্রমণ করলেন তখন তাঁকে জানিয়ে দিতে চাই, শুধু বাংলা নয়, ভারতবর্ষে যখন উদ্যত সিংহের থাবা মারছে ভারতবর্ষের বুকেতে তখন একমাত্র লোক অজয় বাবু, তিনিই সেই বিপ্লবী নেতা যিনি দিনের পর দিন অনুরুদ্ধ সামন্ত এবং আরো কত দারোগাকে গায়েব করে দিয়েছিলেন। তার বীরত্ব কানাই ভট্টাচার্য এবং আমাদের এখানকার অনেক বন্ধুদের চেয়ে অনেক বেশী। তার পর এখানে আছেন নেতাজীর সহকর্মী খগেন দাসগুপ্ত, আপনি জানেন স্যার কোন দিক থেকে তিনি কারো চেয়ে কম নন। তারপর স্যার আমাদের তরুণবাবু জগন্নাথবাবু এবং বীরেশ সেন মহাশয় —আপনি জানেন স্যার কবির রচনা "জানি না সে কে কার লাগি রাজপুত্র পরিয়াছে জীর্ণ কন্থা। বিবাগী সাজিয়াছে পথের ভিক্ষুক"। তারপরে স্যার আমাদের শ্রমমন্ত্রী সম্বন্ধে উনারা শ্রমিক মন্ত্রী বললেন। আমার কানে বড় লাগল। শ্রমমন্ত্রী সম্বন্ধে আমি বলতে পারি জীবনে যদি তার কোন কিছু দেবার না থাকে তিনি জীবন ভোর দেশের জন্য সেবা করে যাচ্ছেন। মিস্টার স্পীকার স্যার, হরেন্দ্র রায় চৌধুরী মহাশয় সম্বন্ধে আমার হেমন্তদা বললেন, আমি তাঁকে জানিয়ে দিচ্ছি ১৯৩৫-৩৬ এবং ১৯৪০-৪২ সালে যে সময় নিমজ্জমান মুসলীম লীগের মধ্যে আমাদের সমস্ত শিক্ষার ব্যাপার কুক্ষিগত হয়েছিল সেই সময় হরেন্দ্র চৌধুরী শ্যামাপ্রসাদের পাশে দাঁড়িয়ে কোমর খাড়া করে তাদের বিরুদ্ধে দাঁড়িয়ে তিনি সেই নিমজ্জমান শিক্ষাকে তুলতে পেরেছিলেন। মাননীয় স্পীকার মহাশয়, সব চেয়ে বড় যেটা আমার কথা যে আমি প্রফুল্ল বাবুর সম্বন্ধে বলছি এখানে আমার এক বন্ধু বললেন যে তাকে ঘাড় ধাক্কা মেরে তাড়িয়ে দাও, আবার একজন বললেন প্রতারক, আমার আরেক ভাই কাশীকান্ত ওকালতি করেন তিনি হচ্ছেন হি ইজ ওয়াদি সন অফ এ ওয়াদি ফাদার এবং ভাল বক্তা ভাল এ্যাডভোকেট তার এ্যাডভোকেসি সুন্দর চমৎকার। উনি স্যার এমন ভাবে বক্তৃতা দেবেন যে ফাঁসিকাঠে আমি ঝুলবো—আবার তিনি এমনভাবে বক্তৃতা দেবেন আমি নির্মুক্ত আমি আনন্দময়। আমার বন্ধুবর প্রতাপবাবু বল্লেন আনন্দদায়ক আর রমণ মানে ওনারাই জানেন শম মানে শান্তি আর শমন মানে যম—ওঁরা স্যার তাই। বাংলাদেশের শমন ওঁরা। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে পুরুলিয়াতে ওঁরা কি করেছেন—আপনি এই আফিসার বিসেস এখনই দেখতে পাবেন যে আপনাকে অস্থির করে তুলবে—তাঁরা বলবেন যে স্যার, সব মরতে মরতে এখানে চলে এসেছে—এখনই মিছিল আসবে—যাহোক স্যার, আপনি জানেন আমাদের প্রফুল্ল সেন মহাশয় যৌবনের দুনিয়ার আকর্ষণ উপেক্ষা করে একদিন জীবনের সর্বস্ব দিয়ে একেবারে ভিখারী সেজে বসে আছেন একটি ছিটেও কানাকড়ি ওঁর হাতে নেই। আপনি জানেন স্যার, ওঁরা প্রত্যেকেই সঞ্চয়ী। ওঁরা যারা বড় বড় বক্তৃতা করছেন ওঁরা স্যার, সব জোতদার আর সঞ্চয়ী। যতকিছু এ্যাডভেঞ্চারিজ্‌ম সব এদের জন্য, প্রফুল্ল সেন মহাশয়ের জন্য নয়। প্রফুল্ল সেন মহাশয়ের জন্য সেই কবিতা—এ রাস্তা ভোগীর নয় ত্যাগী সন্ন্যাসীর। আজকেও যদি অপোজিসনের বন্ধু ওঁর কাছে যান উনি তখনই তাঁকে আকড়ে ধরে নিয়ে তার সমস্ত কাজ করে দেবেন। ভাল লোক পেয়েছেন—কিন্তু এদের ভাগ্যে স্যার ভাল লোক হওয়া চলবে না। এদের উপর আয়ুবসাহী শাসন দরকার। এদের স্যার, চিং-চ্যাং চুং চ্যাং চেয়াংকাইসেক নয়—ঐ চৌ-এন লাই আর মাউসেতুংয়ের দরকার। এদের দমন করতে স্যার, ঐসব লোকের দরকার। এই যে সেদিন আমার ভগ্নি শ্রীমতী পূরবী দেবী বলেছিলেন ঐ রকম মেয়েই দরকার। আপনার মান রাখিতে জননী আপনি কৃপান ধরোগো। তার পর স্যার, ঐ পুরুলিয়াতে গিয়ে আমার ভগ্নি আভা মাইতি ঠিক ভিক্ষুণী সুপ্রিয়ার মত লোকের দ্বারে দ্বারে গিয়ে সমস্ত দুঃখ দুর্দশা মোচন করবার জন্য চেষ্টা করেছিলেন—কিন্তু স্যার, এঁরা তাকে এমনভাবে ফেনিয়ে এখানে বলছে যে বাংলা দেশ রসাতলে গেলো কেউ খেতে পাচ্ছে না সবাই দুর্ভিক্ষের বেড়াল—অল ফেমিন ক্যাটস আর ক্রাইং মিউ মিউ মিউ—

মিঃ স্পীকার স্যার, সেদিন আমি ছিলাম না আমাদের বন্ধুরা সিদ্ধার্থ রায়কে কি বলেছিলেন আমি বলি স্যার, অত বড় লোকের ছেলে সেজন্য বন্ধুরা খুব বিক্ষুব্ধ। আমি স্যার, কাল আরামবাগ থেকে আসছি—এখানে ভোট অব নো কনফিডেন্স হবে জানি বলে এবং এও জানি পর্বত মুসিক প্রসব করবে তথাপি আমার কর্তব্য হিসাবে আমি কাল রাত্রিবেলায় চলে এসেছি স্যার। আমাকে এখানে বলছেন যে ভোট অব নো কনফিডেন্স পাস করে দেবেন—আপনাদের সব বের করে দেবেন। স্যার, আমার একটা কথা মনে পড়লো—সেই বিধবার শিবরাত্রির মত। আমরা দেখলাম যে আনন্দবাজার কি সব জিনিস মিষ্টি হাতের মিষ্টি খাওয়া। এরা এমন একটা কাণ্ড করে তুললো স্যার, এমনভাবে ফেনিয়ে তুললো সব জিনিসটা যেন এদের সমস্ত বাংলার দুঃখ ভেবে ভেবে আমাশা হয়ে গেছে অজীর্ণ হয়ে গেছে—আর প্রফুল্ল বাবু যে আরাম চেয়ারে বসে হাতপা দোলাচ্ছে। স্যার এদের কথার কোন ঠিক নেই স্যার, আমাদের মুখ্যমন্ত্রী যখন বললেন ২৭ টাকা মণ চালের দর হতে পারে তখন কানাইবাবু বল্লেন হ্যাঁ তবে তাই হোক এদিকে এঁরা ২২ টাকা মণ দরে চাল চাই করছে—এদের কোথায় রইলো প্রিন্সিপেল। এদের কথা হচ্ছে যে "আমাদের ফাণ্ডামেন্টাল প্রিন্সিপ্যাল হচ্ছে ২২ টাকা মণ দরে চাল দিতে হবে নইলে গদি ছাড়তে হবে, আর যেই মাত্র প্রফুল্লবাবু বললেন ২৭ টাকা তখন তাতেই তারা রাজী হয়ে গেলেন। এঁদের কোন কথা আমরা বিশ্বাস করবো স্যার, আমি তাই বলবো নিজেরা রিডিকুল হয়ে নিজেদের সম্ভ্রম নষ্ট করবেন না। অন্তত পক্ষে দেশকে বিপর্যস্ত করার প্রবৃত্তি তাঁদের দমন করতে হবে। মাননীয় স্পীকার মহাশয় এখানে যে ভাবেরা প্রস্তাব এনেছেন আমি তার ঘোর বিরোধীতা করছি তাদের প্রস্তাব নৃপেন্দ্র বিক্রমে বিচরিত অভা না দিব ঘাটিতে।

[2-50—3-0 p.m.]

ডাঃ কানাই লাল ভট্টাচার্য্য : মাননীয় স্পীকার মহাশয়, আমার আগে যে মাননীয় সদস্য বক্তৃতার নামে এখানে ভাড়ামি করে গেলেন তার এই ভাড়ামি আমি উপেক্ষা করতে পারতাম কিন্তু একটা কথা তিনি বলেছেন সেটার জবাব দেওয়া প্রয়োজন বলে মনে করি। তিনি বলেছেন যখন চীন আমাদের দেশ শুধু আক্রমণ করেনি যখন আমাদের দেশের খানিকটা জায়গা নিয়ে বসে রয়েছে সে সময় আমরা নাকি আন্দোলন করে আমরা মীরজাফরের মত কাজ করেছি। স্যার, আমি অন্য দিকে বলতে চাই আমাদের বক্তব্য এই বিধান সভার মধ্যে এবং বিধান সভার বাহিরে আমরা অত্যন্ত পরিষ্কার করে রেখেছি। আজকে যদি কেউ বিশ্বাসঘাতকতা করে থাকেন তাহলে সে হচ্ছে কংগ্রেস সরকার। তার কারণ এই যে আজকে যে যুদ্ধ আমাদের ঘাড়ের উপর চাপিয়ে দেওয়া হয়েছে সেই যুদ্ধ শুধু সৈন্যগণের যুদ্ধ না এটা হচ্ছে সামগ্রিক যুদ্ধ। সেই যুদ্ধে যদি আমাদের জনসাধারণের সহযোগিতা না পাওয়া যায় তাহলে এই যুদ্ধতে জয়লাভ করা একেবারে অসম্ভব। আজকে কংগ্রেস সরকারের নীতির ফলে যুদ্ধে জনসাধারণকে সামিল করা অসম্ভব এবং তাদের বিমুখ করে দিয়েছে এই সরকারের নীতি। জিনিসপত্রের দাম বেড়ে গিয়েছে এবং তার উপর ট্যাক্সের বোঝা চেপে বসেছে। আজকে যে দেশপ্রেমের বন্যা বয়ে গিয়েছিল তাকে আজকে এই কংগ্রেসী সরকার নষ্ট করে দিয়েছে। আমার দাবী হচ্ছে সেই নীতির পরিবর্তন। এবং সেজন্য আজকে এই অনাস্থা প্রস্তাব এবং আমাদের প্রতিবাদ আন্দোলন। আমি মনে করি আজকে যদি আমরা এই দাবী না করি তাহলে আমরা দেশের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করব। আজকে যদি জনমত সৃষ্টি করে এই সরকারকে বাধ্য না করি তাহলে আমি মনে করি বিরোধী দল হিসাবে আমরা কর্তব্যচ্যুত হব। দেশপ্রেমিক দল হিসাবে আমরা দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে বলে আমরা মনে করি। দেশপ্রেমী দল হিসেবে আমরা দেশের লোকের বিশ্বাস হারাব। স্যার, যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব সমর্থন করতে উঠে আমি শুধু একটা কথা বলতে চাই যে, এই সরকারের একটা কাজের জন্য এঁদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশ হওয়া উচিত এবং সরকারের পদত্যাগ করা উচিত। এঁদের বিরুদ্ধে যদিও বিভিন্ন অভিযোগ আনা হয়েছে কিন্তু আমি মনে করি শুধু রিফিউজি মিনিস্টার-এর কাজের জন্য এই সরকারের পতন হওয়া উচিত। শিয়ালদহ ষ্টেসন-এ যদি কেউ যান তাহলে দেখতে পাবেন ১৩ হাজার উদ্বাস্তু গত কয়েক বছর ধরে যেভাবে জীবন যাপন করছে তাতে এই ঘটনা কোন সভ্য দেশে ঘটলে সেই সরকারের

পতন ঘটত। কিন্তু আমাদের দেশের এই নির্লজ্জ সরকার এখন পর্যন্ত গদী আঁকড়ে বসে রয়েছে। স্যার, শিয়ালদহ স্টেসন-এ ১৩ হাজার উদ্বাস্তুর মধ্যে গত ৭ বছরে প্রায় ২,২০০ শিশুর মৃত্যু হয়েছে এবং এই সন্তানরা মায়ের কোলে কুকড়ে কুঁকড়ে মরেছে। শুধু তাই নয়, এই শিয়ালদহ স্টেসন-এর উন্মুক্ত স্থানে সন্তান প্রসব করছে আমাদের দেশের মায়েরা এবং ৪৫টি যক্ষ্মা রোগী যারা তিলে তিলে ধুকছে, মৃত্যুর জন্য অপেক্ষা করছে তাদের খাওয়া পরা, ঔষধ, চিকিৎসার কোন ব্যবস্থা নেই এবং তাদের পরিবারের স্ত্রীলোকরা, মায়েরা এই কোলকাতা শহরে দেহ বিক্রি করছে। এসব আমার কথা নয়, দৈনিক বসুমতী থেকে আমি এই তথ্য সরকার-এর কাছে পরিবেশন করছি। আশ্চর্যের ব্যাপার এতদিন হয়ে গেল অথচ এ সম্বন্ধে কোন প্রতিবাদ সরকার পক্ষ থেকে আসেনি। কাজেই আমি মনে করি কোলকাতা শহরের বুকের উপর যদি এরকম ঘটনা ঘটতে পারে এবং এই সরকারের নাকের নীচে ঘটতে পারে তাহলে এই সরকারের পদত্যাগ করা উচিত, এঁদের পতন হওয়া উচিত। কিন্তু আমাদের দেশে তা হচ্ছে না তার কারণ হোল এই নির্লজ্জ সরকার নিজেদের অপকর্ম ঢাকবার জন্য চেষ্টা করছেন এবং শুধু অর্থ দ্বারা বশীভূত করে দেশের লোকের কাছ থেকে বেশী সংখ্যায় নির্বাচিত হয়ে তার জোরে গদী আঁকড়ে বসে আছেন। এই জিনিস যখন সাধারণ মানুষের চোখে উদ্‌ঘাটিত হবে তখন এই সরকারের পতন ঘটবে। যদিও আমরা জানি এই জিনিস হয়ত পাশ হবে না, কিন্তু আমি মনে করি এই অনাস্থা প্রস্তাবের ভেতর দিয়ে আমরা জনমত সৃষ্টি করতে পারব এবং জনসাধারণের চোখের সামনে তুলে ধরব এই সরকারের নারকীয় কার্যাবলী। স্যার, সুগার স্ক্যাণ্ডাল সম্বন্ধে আমি বেশী কিছু বলব না কারণ কাশীবাবু বিস্তারিতভাবে বলেছেন। আমি শুধু এই পরিষদের সামনে একটি কথা রাখতে চাই যে, গত ৩ মাসের মধ্যে আমাদের এই সরকার ২টি বড় বড় সংস্থাকে প্রায় ৯ লক্ষ টাকা লাভ করিয়ে দিয়েছেন এবং তার মধ্যে একটি হচ্ছে মাতাদিন খৈতান এণ্ড সন্স একটি হচ্ছে হিন্দ সুগার লিমিটেড। এই সরকারের দুর্নীতি সম্বন্ধে অনেক কথা এখানে উল্লিখিত হয়েছে কাজেই আমি দু-একটি কথা শুধু আপনার সামনে পেশ করতে চাই। স্যার, আপনি হয়ত জানেন পশ্চিমবাংলা কংগ্রেসের প্রধান শ্রীঅতুল্য ঘোষ মহাশয়ের বাঁকুড়া জেলার দেউলিয়াগড় গ্রামে একটি বাগান বাড়ি আছে। এই দেউলিয়াগড় গ্রামের কয়েক মাইল দূর দিয়ে একটি রাস্তা গিয়েছে বাঁকুড়া—রাণীবাঁধ। পশ্চিমবঙ্গ সরকার প্রায় সাড়ে তিন লক্ষ টাকা খরচ করে এই রাস্তা থেকে একটি পিচের রাস্তা ঐ দেউলিয়াগড় গ্রাম পর্যন্ত নিয়েছেন যাতে এ স্বাস্থ্যনিবাস বা বাগান বাড়িটি কানেক্টেড হয়। স্যার, একবার ভেবে দেখুন সাধারণ মানুষের সাড়ে তিন লক্ষ টাকা খরচ করে রাস্তার এই সংযোগ সাধন করা হয়েছে।

[3-0—3-10 p.m.]

এবং আমরা জানি যে বিভিন্ন গ্রামে বহু ইম্পর্ট্যান্ট রাস্তা আজকে অর্থাভাবে হতে পাচ্ছে না। কিন্তু যেহেতু আজকে এটা পশ্চিমবঙ্গের কংগ্রেস প্রধানের বাড়ী সেজন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে দুর্নীতির আশ্রয় গ্রহণ করে এভাবে অর্থ ব্যয় করেছেন এবং এটাও আমি শুনেছি যে এই বাড়ীটির আসবাবপত্র ইত্যাদির সঙ্গে সঙ্গে বাড়ীটিকে এয়ার কণ্ডিসন করে দেবার জন্য সরকার তরফ থেকে ৫০ হাজার টাকা খরচ করা হচ্ছে। এটা আমি অত্যন্ত অন্যায় বলে মনে করি এবং এই ধরণের কাজ যে সরকার করতে পারে সেই সরকারের উপর আমাদের আস্থা থাকতে পারে না।

আমি আর একটি বিষয়ের প্রতি আপনার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করেই আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে এই আপনি জানেন কিছুদিন পূর্বে ম্যাকলিয়ড কোম্পানী আণ্ডার ইনভয়েসিং করার জন্য কাস্টমস তার বিরুদ্ধে কেস সুরু করেছে। এই ঘটনা যখন ঘটে তখন আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী শৈলবাবু সেই কোম্পানীর ডিরেক্টর ছিলেন। স্যার, এই স্বায়ত্তশাসন মন্ত্রী এখানকার স্পীকার ছিলেন, তারপর ১৯৫৭ সালে নির্বাচনে পরাজিত হয়ে যাবার পর ১৯৫৭ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত ঐ কোম্পানীর ডিরেক্টর পদে নিযুক্ত ছিলেন এবং এই কোম্পানী ম্যাকলিয়ড কোম্পানী ১৯৬১-৬২ সালে আণ্ডার ইনভয়েসিং করে কয়েক লক্ষ টাকা। এটা আজকে কাস্টমস-এর হাতে ধরা পড়েছে আমি বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছি। এই সমস্ত বিষয় এই মন্ত্রীমহাশয় ডিরেক্টর থাকাকালীন জানা সত্তেও বাধা দেননি

এবং এ বিষয়ে আমি যে খবর পেয়েছি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি যে আজকে যদি বিচার বিভাগীয় তদন্ত হয় তাহলে সমস্ত তথ্য উদ্‌ঘাটিত হবে।

(কংগ্রেস বেঞ্চ হইতে :– কোশ্চেন)

সমস্ত কাগজ পত্র, সমস্ত কিছু লিষ্ট কাস্টমস এর কাছে আছে এবং সেই সমস্ত কাগজ পত্রের ভিতর দিয়ে একথা পরিষ্কারভাবে প্রমাণিত হবে যে আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী শৈলবাবু এই আণ্ডার ইনভয়েসিং এর কথা সমস্তই জানতেন এবং তিনি সেই কোম্পানীতে থাকা কালেই এ সমস্ত ঘটেছে। তা সত্ত্বেও তিনি আজ মন্ত্রীসভায় আছেন। আমি তাই দাবী করছি যে আজকে তাঁর বিরুদ্ধে বিচার বিভাগীয় তদন্ত করুন। সমস্ত পেপারস তন্ন তন্ন করে দেখলে এটা প্রমাণিত হবে এবং যেহেতু স্বয়ত্তশাসন মন্ত্রী মহাশয় এর সঙ্গে জড়িত সেজন্যও সেই তদন্ত হওয়া উচিত। আজকে দেশের মধ্যে এই প্রশ্ন উঠেছে।এবং লোকে জানতে চায় এটা সত্য না মিথ্যা। আমি তাই মুখ্য মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি যদি সাহস থাকে তবে বিচার বিভাগীয় তদন্ত করার নির্দেশ দিন, আর যদি সাহস না থাকে তাহলে কোন কিছু বলার নাই। কিন্তু একথা আমরা বার বার বলে যাবো যে আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী এই আণ্ডার ইনভয়েসিংএর সঙ্গে জড়িত ছিলেন এবং তার জন্য বিচার বিভাগীয় তদন্ত হওয়া দরকার এ দাবী জানাবো। এই বলে আমি অনাস্থা প্রস্তাব সমর্থন করছি।

Personal Explanation

The Hon'ble Saila Kumar Mukherjee: On a point of personal explanation, Sir. Dr. Kanai Lal Bhattacharya has today repeated what was said the other day by Shri Nani Bhattacharjee—a very dirty insinuation and a grossly libellous and basically untrue allegation. The other day I denied it and I threw out a challenge to repeat it outside the House. Today I again deny that allegation. That statement is false. I was never in my life-time a Director of McLeod and Co. I have completely ceased all connections with McLeod and Co. for nearly two years.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, he has said "I was never a Director of McLeod and Co.", but he has also said "I severed all connections with McLeod and Co." Then, what were his connections with that company?

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I challenge him to produce before the House the last ten years' reports of McLeod & Co. Let him produce them before the House and prove his contention.

Dr. Kanai Lal Bhattacharya: Let there be an enquiry as to what were his connections with McLeod & Co.

Debate on No-Confidence Motion

শ্রীঅমরেন্দ্রনাথ বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে তিনটি অনাস্থা প্রস্তাব এই সভায় আমরা সমর্থন করছি সেই প্রস্তাবগুলির উপর আমি আমার সামান্য বক্তব্য রাখতে চাই। কংগ্রেসের একজন বন্ধু বলেছেন যে আমাদের আস্থা আগেও ছিল না, এখনও নেই। এটা অত্যন্ত সত্য কথা যে আস্থা আমাদের আগেও ছিল না এখনও নেই। কিন্তু এতটা ঘৃণা আগে ছিল না। এই কয়েকদিন আলোচনার পর সত্যই একটা ঘৃণার ভাব এসে গেছে। কেন না অত্যন্ত ভালবাসী যাঁদের তাঁদের ওখানে দেখে আশা হয়েছিল, হয়ত আমার সেই আশা করাটা ভুল, কিছুটা ভাল হবে, নীতির পরিবর্তন না হোক সেই নীতির সুষ্ঠু প্রয়োগ হবে, দুর্নীতি হবে না। অধ্যক্ষ মহাশয়, প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী হয়ে বাংলার দীর্ঘ মেয়াদী বন্দীদের মুক্তি দিলেন তখন আমি অসুস্থ ছিলাম এবং তখন আমি তাঁকে যে ভাষায় ফোন করেছিলাম সেই ভাষায় বলি–"ভাই প্রফুল্ল খুব সুখী হয়েছি তুমি এঁদের ছেড়ে দিয়েছ।" তখন তিনি আমাকে বলেছিলেন অমরদা আপনি দেখবেন আমি খারাপ কাজ করব না। আমি সেদিন ফোনে জানিয়েছিলাম খুব আশা রাখছি তোমার উপর, আমি আশা করছি তুমি খারাপ কাজ করবে না। এখনও হয়ত বিশ্বাস করি। কিন্তু যে অভিযোগ তাঁর বিরুদ্ধে সভায় এসেছে

তাঁর সেই অভিযোগের খণ্ডন করা উচিত। যদি এই হাউস তাঁর মুখের কথায় বিশ্বাস না করে তাহলে তদন্তের উপর তার ভার ছেড়ে দেওয়া উচিত। তাঁর বা তাঁর মন্ত্রীদের রক্ষা করবার জন্য মুখের কথায় চেষ্টা যেন তিনি না করেন এইটুকু আমি জানাই। আমি বলতে চাই এই বিধান সভার কোন সদস্য মুখ্যমন্ত্রী হন এ আমার ইচ্ছা নয়। মুখ্যমন্ত্রীর পরিবর্তে বাংলা দেশের কোন জাঁদরেল নেতাকে নিয়ে এসে সেখানে বসান তাও আমরা পছন্দ করি না। আমার মূল কথা হল কতটুকু নীতির পরিবর্তন হলে প্রত্যেকটি মানুষ পেট ভরে খেতে পারে, একটা বাসা পাবে রোগের চিকিৎসার ব্যবস্থা হবে এইটুকুই আজ আমরা চাই। তিনিও বিশ্বাস করেন এবং আমরাও বিশ্বাস করি যে ভারতবর্ষের সমস্ত সম্পত্তির মালিক ভারতবাসী। কিন্তু আমি এখন এইটুকু দাবী তাঁর আছে রাখছি যে তিনি মানুষকে খেতে দিন। যেভাবে হোক যদি ৪০ টাকা চাল হয় তাহলে ৪ শো টাকা তার মাইনে হওয়া উচিত। আমাদের সেই দাবির পক্ষে এবং এই নীতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছে। যখন গতবার আলোচনা হয়েছিল তখন মুখ্যমন্ত্রী তিনটা কথা বলেছিলেন—একটা হচ্ছে নীতি পরিবর্তন করতে পারব না, দ্বিতীয় হচ্ছে কাউকে না খেয়ে মরতে দেব না, আর তৃতীয় হচ্ছে খাদ্যাভ্যাস বদলাতে হবে। আমি তাঁকে বলি যে যদি তাঁর নীতিতে দেশের মানুষ খেয়ে পরে বাঁচতে পারে তাহলে নীতির পরিবর্তন দরকার নেই। কিন্তু তিনি নিজেই চিন্তা করে দেখুন তাঁর নীতি দেশের মানুষকে খেতে দিতে পারছে কিনা।

[3-10—3-20 p.m.]

প্রত্যেক সভ্য যে সব অভিযোগ করেছেন সেকথা আমি আর তুলতে চাই না, এবং প্রত্যেক মানুষকে অবস্থা বুঝে তার নীতি পরিবর্তন করতে হয়। আমি বিশ্বাস করি মুখ্যমন্ত্রীকে নীতি পরিবর্তন করতে হবে শুধু আমাদের চাপে নয়, ঐ কংগ্রেস কর্মীদেরই চাপে। তিনি বলছেন খাদ্যাভ্যাস পরিবর্তনের দরকার আর একটু যদি তিনি খুলে বলে দেন এই এই খাবার তালিকা। এই কম পয়সায় পাওয়া যাবে আমরা খুশী হব। আমরা ভেবে দেখবো যে খাদ্যাভ্যাস পরিবর্তন করা উচিত কি না। যে ভাবে গ্রহণ চলছে তার যদি কিছু পরিবর্তন হয় ক্ষতি কি কিন্তু তা নয়। উনি মুখে না বলুন, ওনার নীতি নিয়ে যাচ্ছেন এমন যায়গায় যে অনাহারে অর্দ্ধাহারে তোমাকে থাকতে হবে যদি তুমি খাদ্যের কিছু পরিবর্ত্তন করতে চাও তাহলে তোমাকে একবেলা খেয়ে থাকতে হবে, দুবেলা খাওয়া অভ্যাস বাঙালী জাত ছেড়ে দাও। তাহলে ওনার দৃষ্টিভঙ্গীতে খাদ্যের অভাব থাকবে না কিন্তু এটা তো অবাস্তব। মানুষকে অন্ততঃ দুবেলা পেটভরে খেতে হবে। তারপরে মুড়িটুড়ি যা পাবে আলাদা কথা। তিনি যদি বলেন না খেয়ে মানুষ মরেনি কিছু বলবার নেই। দ্বিপ্রহরে যদি সূর্যের দিকে চেয়ে দেখে কোন মানুষ বলে যে আমি সূর্য দেখতে পাচ্ছি না, আলো দেখতে পাচ্ছি না তাহলে সাধারণ মানুষ ভাববে এ মানুষ কি চোখের জ্যোতি হারালো। আজকে যদি মুখ্যমন্ত্রী অস্বীকার করেন যে মানুষ না খেয়ে মরছে না। আমি বলবো তিনি চোখের জ্যোতি হারিয়েছেন। অবশ্য আবার তার চোখের জ্যোতি ফিরে আসবে এ বিশ্বাস আমি রাখি। আমি আর একটা কথা বলবো খাদ্যের অভাবে মানুষের কি অবস্থা হচ্ছে আমাদের বাংলাদেশে ৫ লক্ষ টিবি রোগী আছে। মেডিকেল অ্যাসোসিয়েশন একথা বলছেন পুষ্টিকর খাদ্যের অভাবে ৫ লক্ষ রোগী ভুগছে। এটা যদি এভাবে বাড়তে দেয়া যায় বছর বছর তাহলে দেশের স্বাস্থ্যের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে। আমি তেমনি বলবো এই ৫ লক্ষ মানুষ এদের দিয়ে যদি কাজ করান হত তাহলে কত কাজ পাওয়া যেত। সেদিক থেকে আমরা বঞ্চিত হচ্ছি। বিশ্ববিদ্যালয় ইনকোয়ারী কমিটি এবং মেডিকেল অ্যাসোসিয়েসন বলেছেন বাঙ্গালী ছাত্রছাত্রীদের শতকরা ৭০ ভাগ ছাত্রছাত্রীর স্বাস্থ্য ভাল নয়। তারা কারা—তারা হল বাংলাদেশের ভবিষ্যৎ। অন্যান্য দেশে সমাজে সুবিধাবাদী সুবিধাভোগী যদি কেউ থাকে তো সেই ছাত্রছাত্রী আর আমাদের দেশে তাদের স্বাস্থ্যের এমন অবস্থা তাদের ওজন এতো কমে গেছে যে লেখাপড়া শিখলেও উপযুক্তভাবে তারা কাজ করতে পারবে না। তারা শিক্ষিত হলেও তারা উৎপাদন করতে পারবে না। তারা লাঙ্গল চালাতে পারবে না, তাদের শরীর এমন যে স্বাধীনতা রক্ষা করবার জন্য তারা যুদ্ধ করতে পারবে না। এই বাঙলার ৩৫ কোটি ৭০ লক্ষ লোক যে দেশে এই অবস্থা, এই বাঙলার ছ[illegible] সমাজের শতকরা ৭০ ভাগের যদি এই অবস্থা হয় তাহলে আমরা কি আশা করতে পারি। অ[illegible] মানুষের

শরীর কি রকম হয়েছে, তারা আজ কাজ করতে পারছে না – তারা রোজগার করতে পারছে না। এটা কিরকম কথা। আর একটা কথা বলি যেটা সরকারের নজরে এসেছে যে এই জাল ভেজাল করার ব্যাপারে কি সর্বনাশ হচ্ছে। এই ব্যবস্থাকে আরও কড়া হাতে বন্ধ করা উচিত। আর একটা কথা শুনা যায় যেটা আমার চেয়ে চিকিৎসকরা ভাল করে বলতে পারবেন সেটা হচ্ছে এ্যালারজীর কথা। এলারজী বলে একটা রোগ এসেছে যাতে নাকি তাদের ধারণা যে ভেজাল ফুডের জন্য এসেছে। সেজন্য সরকারকে বিশেষ-ভাবে বিশেষজ্ঞ দিয়ে দেখতে বলি। এবং যাতে ভেজাল একেবারে বন্ধ হয়ে যায় তার ব্যবস্থা করুন। আজকে যে অন্ধকারের আবেশ দেশের সামনে এসেছে তা এই সভায় আমি এর আগে বক্তৃতা দেবার সময় এই জরুরী অবস্থার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী মহাশয়কে উদ্দেশ্য করে বলেছিলাম খাদ্যাবস্থা যেভাবে ভেঙ্গে পড়ছে সেদিকে নজর রাখুন। আজ সেই অবস্থাই এসে দাঁড়িয়েছে। আমি অনুরোধ করবো যে এই দিকে তাকিয়ে একটু সুব্যবস্থার বন্দোবস্ত করুন। আপনারা বলেন যে আমরা আন্দোলন করি। কিন্তু আমরা আন্দোলন করি না। সাধারণ মানুষ রাস্তায় যখন যাই তখন তারা আমাদের জিজ্ঞাসা করে বলে আমাদের জন্য আপনারা কি করছেন। আমরা কি মরে যাবো খেতে না পেয়ে। আমরা কি বলবো তা ঠিক করতে পারি না, কি বলবো তাদের, কি জবাব দেবো তাদের। আমরা আন্দোলন করি না—তারাই আমাদের উত্তেজিত করে। আমরা আলোচনার মধ্যে দিয়ে সুব্যবস্থায় মীমাংসা করতে চাই—কিন্তু স্যার বলুন তো—এই বিধানসভায় যে অলোচনা হয় সেই আলোচনার মধ্যে বিন্দুমাত্র সহযোগিতার আভাস থাকে কি? প্রশ্নোত্তরের সময় বসে শুনি শুধু ব্যাঙ্গ করা ছাড়া কোন একটি সদুত্তর তাঁদের তরফ থেকে আসে না। আজকে আমরা যে মনোভাব নিয়েছি, যে রাস্তায় এসে দাঁড়িয়েছি আন্দোলন করার মনোভাব নিতে আমরা বাধ্য হয়েছি। কিন্তু এই অবস্থা সম্পূর্ণ নির্ভর করে মুখ্যমন্ত্রী মহাশয়ের উপর। তাঁর উচিত যথাসম্ভব নীতির পরি-পরিবর্তন করা—একটা পরিস্কার ঘোষণা করা উচিত এই সমস্ত নেতাদের নিয়ে এখানে বসে —দিনের পর দিন বসে একটা নীতি স্থির করা উচিত তাতে হয়তো খানিকটা বাংলাদেশের মানুষের যারা না খেয়ে মরছে তাদের উপকার হোত এবং বাংলা দেশ বাঁচতে পারতো। আমরা খাদ্য নিয়ে রাজনীতি করি না এবং করতে চাই না। কিন্তু আপনারা যে ধনিকতন্ত্রকে আকড়ে বসে আছেন তাদের আপনারা ছেড়ে দিন তা নাহলে নিজেদের ধ্বংস টেনে আনবেন এবং নীতি পরিবর্তন করার যথেষ্ট প্রয়োজন আছে বলে মনে করি। আজ আমার শেষ কথা, নেতাজী সুভাষচন্দ্রের কথা, তিনি এই দেশ থেকে বিদায় নেবার সময় যত জায়গায় সভা করেছেন সেখানে এক কথাই বলেছেন, অন্ধকার, অন্ধকার, ঘোর অন্ধকার। যখন এই অন্ধকার দেখবে তখন জানবে আলো আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সেই অন্ধকার যখন দেশে নেমে এসেছে এবং আমি বিশ্বাস রাখি, আলো আসবে। পূর্বদিক থেকে ঐ রাঙ্গারবি উঠবে, ভোরের ঘরের পাখী গেয়ে উঠবে জাগো, মানুষ জাগো, দুঃখ সহ্য করোনা, অন্যায় সহ্য করোনা অত্যাচারের বিরুদ্ধে দাঁড়াও, দেশকে নূতন করে গড়।

[3-20—4-00 p.m.]

শ্রীমনোরঞ্জন বক্সী: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করবো, রোম যখন পুড়ে যাচ্ছিল ঠিক সেই সময় নিরো বেহালা বাজাচ্ছিল। দেশে যখন খাদ্যাভাব দেখা দিল, যখন দেশময় খাদ্য আন্দোলন শুরু হল ঠিক সেই সময় আমাদের মাননীয় মুখ্য মন্ত্রী খাদ্যের সমাপ্তি ভাষণে পরিহাস করে বললেন যে, বর্দ্ধমানের চাষীরা এমন ভাত খায় যে বিড়াল ডিঙ্গোতে পারে না। এটা অত্যান্ত দুঃখের কথা। দুঃখের কথা এই জন্য যে আমি তাঁকে বিনীতভাবে নিবেদন করবো বর্দ্ধমানের চাষীরা এমন ভাত খায় যে বিড়াল ডিঙ্গাতে পারে না এটা শুধু বর্দ্ধমান জেলাতেই নয়, সারা পশ্চিম বাংলায় যদি গ্রামে গ্রামে ঘোরেন তাহলে দেখতে পারেন এককালে ছিল যখন তারা ঠিক এইভাবে ভাত খেতো। এখন সেই বিড়ালও নেই সেই ভাতও নেই। মাননীয় স্পীকার মহাশয়, আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো বর্দ্ধমান জেলায় খোঁজ নিয়ে দেখুন এখন বিড়াল নেই, সেখানে কি রকম ইঁদুরের উৎপাত হয়েছে। ইঁদুর সরকারী গুদামে যে ধান থাকে, চাল থাকে সেই ধান ও চাল খেতে আরম্ভ করেছে। আমি অনুরোধ করবো যে সেদিকে নজর দেওয়া হোক। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে

এই কথা বলার সঙ্গে সঙ্গে আমরা চিন্তা করছি কি? আমরা চিন্তা করছি যেদিন ঐ চীন এ্যাগ্রেশন হয়েছিল সেদিন ঐ মাঠের চাষীরা, তারা ভোর ৬টা থেকে আরম্ভ করে সন্ধ্যা পর্যন্ত পরিশ্রম করে এই যে মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন বাড়িয়েছে তাদের প্রতি যদি এইরকম ইঙ্গিত হয় তাহলে তার চেয়ে আর দুঃখের কি হতে পারে। মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার কাছে অনুরোধ করবো যে আজকে আমাদের সরকার, যারা ট্রেডার ও হোর্ডার আছে, তাদের বিরুদ্ধে তারা যথেষ্ট ষ্টেপ নিতে পারেনি। যার ফলে এই খাদ্যাভাব দেখা দিয়েছে। আমরা দেখছি বিভিন্ন পত্রিকায়, যে কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছে বিভিন্ন প্রাদেশিক সরকারকে যে তারা অবিলম্বে ডি. আই. রুল প্রয়োগ করে এবং তাদের যে ক্ষমতা আছে সেই ক্ষমতা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে ডেডিকেট করে দেবার জন্য। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে অবিলম্বে যেন এই কাজ শুরু করা হয়। তারপর আমরা জানি, স্যার, এই যে কৃষিবিভাগ আছে সেখান থেকে বীজ বিতরণ করা হয়, সুপার-ফসফেট দেওয়া হয়, নানা রকমের রাসায়নিক সার দেওয়া হয়, আমরা জানি পল্লী অঞ্চলের একটা বিরাট অংশ তারা জানে না যে কিভাবে এই সব রাসায়নিক সার ব্যবহার করতে হয়। এবং যার ফলেতে কৃষি কাজ ব্যাহত হচ্ছে এবং দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবার জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেই পরিকল্পনা আজকে ব্যর্থতায় পর্যাবসিত হতে চলেছে। মাননীয় স্পীকার, স্যার, আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো আজকে তিনি বলেছেন যে লোকদের গম খেতে হবে। আমরা জানি, স্যার, বাংলা দেশে যে সমস্ত বিদেশী লোক আছেন তারা গমভোজী হলেও আমরা দেখছি এই দেশের যেমন স্বাস্থ্য, যেমন আবহাওয়া তাতে হয়ত সেই সমস্ত গমভোজী লোকেরা, তারা এখানে এসে গম খেতে আরম্ভ করেছে। অধ্যক্ষ মহাশয়, বাংলা দেশের লোক, তাদের স্বাস্থ্য এবং এখানকার যে আবহাওয়া তাতে তাদের গম সহ্য হবে কিনা সেকথা চিন্তা করতে হবে। শুধু তাই নয় আমরা বাঙ্গালীরা গম খেতে রাজী থাকলেও কিভাবে সেই গমের সদ্ব্যবহার করতে হয়, বাংলা দেশের পরিসংখ্যান নিয়ে দেখুন যে এক বিরাট জনসংখ্যা জানে না যে কিভাবে রুটি তৈরী করতে হয়। এবং স্যার, আজকে বাংলাদেশে যে পাট চাষ করা হচ্ছে সেই পাট চাষের পরিবর্তে যদি ধান চাষ করা হয় তাহলে আমার মনে হয় চালের এই যে ডেফিসিট রয়েছে সেটা থাকবে না। কাজেই আমি অনুরোধ করি বর্তমানে সরকার যে নীতি নিয়ে চলেছেন সেই নীতি পরিবর্তন করে দেশকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে চলুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা কথা বলতে চাই, শ্রদ্ধেয় সদস্য প্রতাপবাবু বলেছেন আমরা সব জায়গায় বাই ইলেকশনে জয়লাভ করেছি, জনসাধারণ আমাদের নির্বাচিত করেছেন। কয়েকজন লোক সহরে এসেছিল অলঙ্কার তৈরী করাবে বলে। কোথায় সৎ স্বর্ণশিল্পী আছে ঘুরে ঘুরে খোঁজ করছিল এমন সময় দেখতে পেল একটা দোকানে কয়েকজন লোক বসে রয়েছে, তাদের গায়ে নামাবলী, কপালে চন্দনের ফোঁটা। এই দেখে তারা ভাবল এরা নিশ্চয়ই সব ব্যবসায়ী তারা যখন সেই দোকানে গেল অলঙ্কার গড়াতে তখন তারা শুনতে পেল ভিতর থেকে একজন লোক বলছে "কেশব, কেশব, কেশব", তারপরে আরেকজন লোক বলছে "গোপাল, গোপাল, গোপাল", তারপর আরেকজন লোক বলছে, "হরি, হরি, হরি", তার উত্তরে আরেকজন বলছে, "হর, হর হর"। এই শুনে তারা ভাবল আজকে আমাদের শুভযাত্রা হয়েছে, এই লোকগুলি নিশ্চয়ই সাধু ও সৎ ব্যক্তি। সুতরাং তারা সেখানে অলঙ্কার গড়াতে দিল। কিন্তু স্যার, এই লোকগুলি চিন্তা করে দেখল না, যে এই সমস্ত কথাবার্তা ইঙ্গিতপূর্ণ ও দ্ব্যর্থব্যঞ্জক, অর্থাৎ কেশব বলতে কে সব এই লোকগুলি কে, "গোপাল" অর্থে "গরুর পাল" অর্থাৎ বোকা, "হরি, হরি হরি" বলতে হরণ করব কিনা, তার উত্তর হল "হর হর হর" নিশ্চয়ই, হরণ কর। আমি তাই বলতে চাই, তাঁরাও সততার নামাবলী গায়ে দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করে নির্বাচনে জয়যুক্ত হয়েছেন। কিন্তু বাংলাদেশের সংগ্রামী জনসাধারণ তাঁদের ভুলবে না এবং সমুচিত [illegible]।

(At this stage the House [illegible] for half an [illegible])

(After adjournment)

(4—4-10 p.m.)

শ্রীযামিনী ভূষণ সাহা : মিঃ স্পীকার, স্যার, আজকে এখানে এই অনাস্থা প্রস্তাব আলোচনাকালে আমরা এই মন্ত্রীসভার ভাঁড়কে দেখলাম। রাজা কৃষ্ণচন্দ্রের সভায় গোপাল বলে একজন ভাঁড় ছিলেন সেই কথা আমরা জানি। আজকে আমরা এখানে এই মন্ত্রীসভার আরেকজন ভাঁড়কে দেখলাম। ১৯৫২ সালের কথা তিনি ভুলে গিয়েছেন। ১৯৫২ সালে তিনি কিভাবে মুখ্যমন্ত্রীর প্রশস্তি গেয়েছিলেন সেই কথা নিশ্চয়ই এখানকার অনেক মাননীয় সদস্য জানেন। যাই হোক, গত ১৩।১৫ বৎসরে কংগ্রেসশাসনে পশ্চিমবাংলার জনসাধারণের দুঃখ দারিদ্র্য ও দুর্দশার যে চিত্র ফুটে উঠেছে বিরোধী দল থেকে এই অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে সেটাই তোলার চেষ্টা করেছেন। মুখ্যমন্ত্রী কালকে এখানে তাঁর আলোচনার শেষে বলেছেন যে কৃষকেরা এত খায় যে বিড়াল ডিঙ্গাতে পারে না, তিনি কুচবিহারের কথা উল্লেখ করে বলেছেন কুচবিহার জেলায় আমরা এত ভোট পেয়েছিলাম—এত দাম্ভিকতা। ১৯৫৮ সালেও একটা অনাস্থা প্রস্তাব এসেছিল, কার বিরুদ্ধে এসেছিল? তদানীন্তন খাদ্যমন্ত্রী এই প্রফুল্লবাবুরই বিরুদ্ধে, তখন তাঁকে দুর্ভিক্ষমন্ত্রী বলা হত। আজকে আবার এই মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছে। তবু তাঁর দাম্ভিকতা কিছুমাত্র কমেনি। এখানে মাননীয় সদস্য প্রতাপবাবু বল্লেন যে আমরা তাঁদের সরাতে পারিনি, তাঁরা আমাদের চেয়ে অধিক ভোটে জিতে এসেছেন। তাঁদের এই গণতন্ত্র এতদিন কোথায় ছিল? কেরালায় কি হয়েছিল? সেখানে তাঁরা তো মাইনরিটি ছিলেন। বাইরে থেকে, আমেরিকান থেকে টাকা নিয়ে সেই টাকায় আন্দোলন চালিয়ে গণতন্ত্রসম্মত পদ্ধতিতে নির্বাচিত মন্ত্রীসভাকে খতম করেছেন, কিন্তু কার জোরে? যেহেতু কেন্দ্রে তাঁদের ক্ষমতা আছে সেই হেতু ক্ষমতা প্রয়োগ করে সেখানকার মন্ত্রীসভাকে ভেঙ্গে দেওয়া হয়েছিল, এই চিত্রও আমরা দেখেছি। সুতরাং প্রতাপবাবু যেকথা বলেছেন, তাকে আমি বলব অতীতে তাঁরা কেরালায় কি করেছিলেন সেই কথা চিন্তা করে যেন দেখেন। তারপর আরেকটা কথা বলব, গত নভেম্বর মাসেও আমরা এখানে অনেক লম্ফঝম্ফ দেখেছি, প্রতাপবাবু তার নাটের গুরু ছিলেন। তখনও কম্যুনিস্টদের নিধন করবার জন্য এই বিধানসভায় অনেক লম্ফঝম্ফ করা হয়েছিল। কিন্তু পরিহাসের বিষয়, চাকা ঘোরে, আজকে এই মন্ত্রীসভা ৬ মাস যেতে না যেতেই অনাস্থা প্রস্তাবের সম্মুখীন হয়েছেন। পরিহাস এইটুকু যে, দেশদ্রোহী আমাদের বলা হয়। আমরা এখানে দেখি প্রশ্নের উত্তর দিতে গিয়ে মহাপ্তি সাহেব বলেন, "উপায় নাই গোলাম হোসেন!"—কি অসহায় ভাব ফুটে উঠেছে ৬ মাস যেতে না যেতে! মিঃ স্পীকার মহাশয়, যখন এখানে অনাস্থা প্রস্তাব আলোচিত হচ্চে তখনো এই কংগ্রেসী মন্ত্রীসভার এমন সৎসাহস দেখাতে পারলেন না যাদের বিনা বিচারে আটক করে রেখেছেন ভারতরক্ষা আইনে, যে আইনকে এলাহাবাদ হাইকোর্ট বেআইনী আইন বলেছেন, ৫ জন বিখ্যাত জুরিস্টস, এমন কি অ্যাটর্নী-জেনারেল শ্রীশীতলবাদও মত প্রকাশ করেছেন বেআইনী বলে—এই আইনে এখনো পর্যন্ত তাঁদের জেলে আটক করে রেখেছেন। আপনারা গণতান্ত্রিক ধারায় কাজ করছেন, অথচ আপনাদের এতটুকু সৎসাহস নাই তাঁরা যাতে বিধান সভায় এসে দুটোকথা বলতে পারেন সেই সুযোগটুকু দেওয়ার। বিরোধী দলের নেতা জ্যোতি বসুকে ও আপনারা এখানে আসবার অধিকার দিলেন না, এত ভয়? আজকে আপনারা গণতন্ত্রকে একেবারে দলেমলে দিচ্ছেন, তারজন্য আপনাদের বিরুদ্ধে এই চার্জশিট।

দ্বিতীয় কথা হোল খাদ্য নিয়ে এঁরা ছিনিমিনি খেলছে, মানুষের মৃত্যু নিয়ে উপহাস করছে এবং তার নেতা ও হোতা হলেন মুখ্যমন্ত্রী। এইসব কারণে আপনাদের বিরুদ্ধে এই চার্জ আনা হয়েছে। তৃতীয় কথা হোল গত ১৪।১৫ বছরের শাসনে বাংলাদেশে কয়েক লক্ষ বেকার বেড়ে গেছে এবং প্রায় ২০ লক্ষ লোক যে বেকার হয়ে রয়েছে সেটা পরিকল্পনা কমিশন-এর রিপোর্ট। শুধু তাই নয়, এই ১৫ বছরের শাসনে আরও লোককে তাঁরা বেকার করেছেন তার উদাহরণ হোল চটকল এবং সেকথা বাজেট সেসন-এ ডাঃ মৈত্রেয়ী বসু বলেছেন। তবে এসব ছাড়া কয়লা খনিতে ২০ হাজার নারী শ্রমিক যে বেকার হয়ে রয়েছে তার জন্যও আপনাদের বিরুদ্ধে এই অভিযোগ আনা হয়েছে। তারপর, কৃষি সমস্যার সমাধান করতে পারেন নি বলেও আপনাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে। বিঘা প্রতি আগে যেখানে ৩'৯১ মণ ধান হোত আজ সেখানে ৩'৪৪ মণ ধান উৎপাদন হয়। এই হচ্ছে আপনাদের কৃতিত্ব যে প্রায় ৬২ কোটি টাকা খরচ করেছেন, দুটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা চলে গেছে

অথচ চাষের অবনতি হয়েছে এবং বিঘা প্রতি ধানের উৎপাদন কমেছে। শুধু তাই নয়, মাথাপিছু খাদ্যের উৎপাদনও কমছে অর্থাৎ আগে যেখানে মাথাপিছু ৪.১ মণ ধান উৎপাদন হোত আজ সেখানে ৩.৬ মণ উৎপাদন হচ্ছে। এইসব কারণেও আপনাদের বিরুদ্ধে এই চার্জ আনা হয়েছে। আপনাদের অনেক সুযোগ দেওয়া হয়েছে, বাংলাদেশে প্রচুর সম্ভাবনা রয়েছে, জল বিদ্যুৎ তৈরী করবার প্রচুর উৎস রয়েছে, কৃষি সম্পদ রয়েছে এবং তাছাড়া বাংলাদেশে প্রচুর দক্ষ শ্রমিক রয়েছে। কিন্তু এতসব সুযোগ থাকা সত্বেও এই ১৫ বছরে আপনারা কিছুই করতে পারেন নি। তারপর, বাংলাদেশকে আপনারা সংকটের মুখে এনে ফেলেছেন, চিরদিনের জন্য বাংলাদেশ ঘাটতি হতে চলেছে, শ্রমিকদের জন্য কোন ব্যবস্থা করতে পারেন নি অথচ উল্টো দিকে দেশী-বিদেশী এক-চেটিয়া মুনাফাখোর, মজুতদারদের স্বার্থ পোষণ করছেন এবং তাদের মুনাফা লুটবার সুযোগ করে দিচ্ছেন। এইসব কারণেও আপনাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে। স্যার, এই মন্ত্রীসভায় মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রী মিলিয়ে ৩৩ জন রয়েছেন এবং তাছাড়া যে আমলারা রয়েছেন তাঁদের জন্য ১ লক্ষ টাকা খরচ করা হয় এবং তাছাড়া দুর্নীতি এবং অপচয়ের বহু ঘটনা এখানে বারে বারে বলা হয়েছে। কিন্তু আশ্চর্য্যের ব্যাপার হচ্ছে এঁদের কানে কিছুই যায় না। বৃটেনে মিস কিলার এবং মন্ত্রী প্রফুমো যে কেলেঙ্কারী করেছেন তার চেয়ে অনেক বেশী কেলেঙ্কারী আপনারা করছেন এবং গত ১০ বছরের অডিট রিপোর্টে সেই সমস্ত কথার উল্লেখ আছে। এবারে আমি জানাব কাকদ্বীপ পাওয়ার লুম ইণ্ডাস্ট্রির অবস্থা কি। আমাদের ডেপুটি মিনিস্টার মায়া ব্যানার্জীর ভাই হচ্ছে এই কারখানার মালিক। এই কারখানার যিনি ইঞ্জিনিয়ার তিনি কানপুর থেকে এসেছেন এবং তিনি হচ্ছেন আমাদের মন্ত্রী পূরবী মুখার্জীর ভগ্নীপতি। স্যার, পাওয়ার লুম-এর জন্য ২ হাজার অ্যাপ্লিকেসন পড়ে রয়েছে এবং গত ৩ বছরে কেউ পাওয়ার লুম পায়নি। কিন্তু এই কারখানা ৫০০ পাওয়ার লুম-এর পারমিট পেয়েছে। কেন পেয়েছে তার কারণ হচ্ছে ডেপুটি মিনিস্টার মায়া ব্যানার্জীর ভাই হচ্ছে এই কারখানার মালিক এবং মন্ত্রী পূরবী মুখার্জীর ভগ্নীপতি হচ্ছে এই কারখানার ইঞ্জিনিয়ার। কাজেই এইসব দুর্নীতির জন্যও আপনাদের বিরুদ্ধে গুরুতর অভিযোগ আনা হয়েছে।

[4-10—4-20 p.m.]

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি শুনে খুব খুসী হচ্ছিলাম এবং আশ্চর্যান্বিতও হচ্ছিলাম যে সংবাদ আমি জানি না আমার ভগ্নীপতি সম্বন্ধে সেই সংবাদ আমাদের বন্ধুবর যামিনী সাহা মহাশয় রাখেন। আমার যে ভগ্নীপতি তিনি এখনও কানপুরে চাকুরি করেন বলে আমি জানি এবং কাকদ্বীপ কোন হ্যাণ্ডলুম ফ্যাক্টরী আছে কিনা জানি না—ফ্যাক্টরির অস্তিত্ব আছে কিনা জানি না। আমি এই হাউসে ১১বছর সদস্যা হিসাবে আছি। আমার বিরুদ্ধে দুর্নীতির কোন অভিযোগ আনবার আগে যে কোন সদস্যকে আমি চ্যালেঞ্জ জানিয়ে রাখছি কেন না—আমি আমার পারসনাল ক্যারেকটার সম্বন্ধে জানি। হ্যাণ্ডলুম ফ্যাক্টরী যদি থেকে থাকে.....

মিঃ স্পীকার: জেনারেল চ্যালেঞ্জ করার কোন স্কোপ এখানে নাই।

শ্রীযামিনী ভূষণ সাহা: সুতরাং এই সমস্ত কৃষকদের স্বার্থে মৌলিক ভূমি সংস্কার করেন নি। আমার বক্তব্য হল দ্রুত শিল্পায়ন যা প্রয়োজন তা করতে ব্যর্থ হয়েছেন। গত দুটি পরিকল্পনায় প্রায় ২৩০ কোটি টাকা খরচ করার অধিকার পেয়েছিলেন এবং খরচ করেছেন, আরও ৩৪৬ কোটি টাকা খরচ করবেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়। এত টাকা খরচ করেও আপনারা এই সমস্ত কাজ করতে পারেননি তার জন্যই আমার অভিযোগ এবং অনাস্থা প্রস্তাব। সুতরাং আমি মনে করি এবং অনেকেই মনে করেন যেহেতু মন্ত্রীসভার সংখ্যাগরিষ্ঠতা আছে এবং ভোটের জোর আছে তাই তারা এখন থাকবেন কিন্তু একদিন আসবে তারা যেভাবে চালিয়েছেন, তাদের এই দম্ভোক্তির জবাব পাবেন। ৬ মাস আগে হৈ চৈ করেছেন অ্যাসেম্বলীর মধ্যে, ৬ মাস পরে তাদের বিরুদ্ধে এই অ্যাসেম্বলীই চার্জ সীট এনেছে, এভাবে যদি শাসন ব্যবস্থা চালান জনসাধারণ নিশ্চয়ই ক্ষমা করবে না এবং বাংলাদেশের জনসাধারণ সমস্ত দলমত নির্বিশেষে তাদের গদিচ্যুত করবে।

শ্রীনিখিল দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই সভাতে বাংলাদেশে মন্ত্রীসভার বিরুদ্ধে আমরা অনাস্থা প্রস্তাব আনয়ন করেছি। এই অনাস্থা প্রস্তাব আনয়ন করতে গিয়ে আমাদের তরফ থেকে যে কথাগুলি মন্ত্রীসভার বিরুদ্ধে বক্তব্য হিসাবে রাখতে হচ্ছে তার মধ্যে প্রথম এবং প্রধান কথা হচ্ছে যে বাংলাদেশের মন্ত্রীমণ্ডলী মজুতদার এবং কালোবাজারীর কাছে আত্মসমর্পণ করেছেন। তাদের কাছে এঁদের মাথা বাঁধা আছে।

দ্বিতীয় যে বক্তব্য রাখতে চাচ্ছি সেটা হচ্ছে শুধু মন্ত্রীমণ্ডলীর ভিতরেই নয়, সমস্ত শাসন যন্ত্রের মধ্যেই আজ দুর্নীতি ছড়িয়ে পড়েছে। এই দুর্নীতির চক্র মন্ত্রীমণ্ডলী থেকে সুরু করে সমস্ত রাইটার্স বিল্ডিংস-এর আমলাতন্ত্রের মধ্যে ছড়িয়ে পড়েছে এবং এই দুর্নীতিরূপ বিষচক্রের বিষবাষ্পে বাংলাদেশের মানুষের দম বন্ধ হবার উপক্রম হয়েছে।

৩ নম্বর হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী খাদ্য সম্পর্কে যে বিতর্কের সূচনা করেছিলেন এবং সেই বিতর্কের মধ্যদিয়ে তিনি যে উত্তর প্রদান করেছেন তাতে তিনি প্রতারণা এবং অসত্য ভাষণের দায়ে দায়ী। তিনি যে বাজে তথ্যগুলি দিয়ে মানুষকে ভুল পথে পরিচালিত করবার চেষ্টা করেছেন সেটা বাংলাদেশের মুখ্যমন্ত্রী হিসাবে তাঁর ঠিক কাজ হয়নি। অর্থাৎ এই যে তিনটি কারণ এর উপর দাঁড়িয়ে আমরা বাংলাদেশের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনয়ন করেছি। মিঃ স্পীকার, স্যার, প্রশ্ন উঠেছে আজ যে বাংলাদেশে চালের দাম বেড়েছে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়েছে তার জন্য দায়ী কে? দায়ী কি আমাদের দেশে ধান চাল কম হয়েছে; অথবা কোন অদৃশ্য হস্ত তাদের গুদামে ধান চাল মজুত রেখে ইচ্ছামত দাম বাড়িয়ে মুনাফা লুঠছে? আমারা বিরোধী পক্ষ থেকে এই বিধান সভায় দাঁড়িয়ে বার বার এই কথা বলতে চেষ্টা করেছি যে গ্রামের চাষী মরশুমের সময় ১১।১২ ।১৩ টাকায় ধান বিক্রি করেছে। আমরা জানি কত ধানে কত চাল হয়। আমাদের মুখ্যমন্ত্রী না জানতে পারেন, কিন্তু গ্রামের গরীব কৃষকদের সঙ্গে আমাদের সম্পর্কে আছে, আমাদের গ্রামে বাস, তাই আমরা জানি যে ১॥ মণ ধানে ১ মণ চাল হয় এবং তাতে কিছু বাড়তি থাকে। ১॥ মণ ধানে যদি ১ মণ চাল হয় তাহলে চালের মণ কিছুতেই ২০ টাকার বেশী পড়তে পারে না। সেজন্য আমরা ২২ টাকা চালের মণ বেঁধে দেওয়ার জন্য দাবি রেখেছি। মুখ্যমন্ত্রী মহাশয় তারই উত্তর দিতে গিয়ে বলেছিলেন ধানের দাম ১৫ টাকায় যদি বেঁধে দিই তাহলে চালের দামও ২৫।২৬॥ টাকার কমে খরচ পড়ে না। এই হিসাব তিনি কোথা থেকে পেলেন, না, রাইটার্স বিল্ডিংএ যে সমস্ত আমলারা বসে আছে তাদের কাছ থেকে পেয়েছেন। তাদের কাছ থেকে তিনি যে হিসাব পান সেই তথ্য তিনি আমাদের এই হাউসে দেন। ১৫ টাকা ধানের দাম হলে ২৬॥ টাকা চালের দাম হয় মুখ্যমন্ত্রীর এই তথ্যকে মানুষ হেসে উড়িয়ে দেবে। তার সাথে সাথে মুখ্যমন্ত্রীর কাছে যে প্রশ্ন রাখতে চাই সেটা হচ্ছে তিনি কি ধানের দাম বেঁধে দিতে পেরেছেন? গ্রামের চাষী কি ১৫ টাকা ধরে দান বিক্রি করতে পেরেছে? গ্রামের চাষীদের পাট যাকে ক্যাশ ক্রপ বলে তার দাম কি তিনি বেঁধে দিতে পেরেছেন? সেই ক্যাশ ক্রপের দাম তিনি বেঁধে দিতে পারেননি। গ্রামের চাষী লুণ্ঠিত হচ্ছে মুনাফাখোর মজুতদারদের দ্বারা এবং সেটাকে তাঁরা রোধ করতে পারেন নি। এই জন্য আমারা অনাস্থা প্রস্তাব এনেছি। এ শুধু আমাদের কথা নয়, খবরের কাগজে কেন্দ্রীয় ভারী শিল্প, স্টীল এবং হেভি ইণ্ডাস্ট্রির মন্ত্রী সুব্রামনিয়াম বলেছেন যে জিনিসপত্রের দাম বেড়েছে, এজন্য আমাদের দেশে কম জিনিস তৈরি হয়েছে তার জন্য দায়ী নয়, আমাদের দেশে এগ্রিকালচারাল প্রোডাক্টস নেই তার জন্য দায়ী নয়, এর জন্য একমাত্র দায়ী হচ্ছে মিড্‌লম্যান এবং স্পেকুলেটররা। তার বক্তৃতা এখানে উদ্ধৃত করে বলতে চাই না; তিনি যে কথা সাহসের সঙ্গে বলেছেন সেই কথা আমাদের মুখ্যমন্ত্রী বলতে পারেন নি, তাঁর মাথাটা বাঁধা আছে ঐ বড়বাজারের মজুতদার এবং মিলমালিক-দের কাছে। দ্বিতীয় যে কথা আপনার সামনে তুলে ধরতে চাই সেটা হচ্ছে মুখ্যমন্ত্রীর মধ্যে আমরা একটা অসৎ প্রচেষ্টা লক্ষ্য করছি সেটা হচ্ছে গ্রামের মানুষ এবং শহরের মানুষের মধ্যে একটা ঝগড়া বাঁধিয়ে দেওয়া। আমরা তাঁর বক্তৃতা কাগজে দেখলাম যে গ্রামের চাষীরা ধান চাল ধরে রাখছে তাই চাল ধানের অনটন পড়েছে। আমরা তাঁকে বলেছিলাম ২২ টাকা চালের দাম করে দিন, যারা ধান চাল ধরে রেখেছে তাদের কাছ থেকে ধান বের করে আনুন। তখন তিনি বলেছিলেন আমি গ্রামের মানুষের মুখের গ্রাস কেড়ে আনতে পারব

না, তাদের জন্য ৪০ লক্ষ টন চাল দরকার, সেজন্য তা তাদের ঘরে রাখতে হবে। এক মুখে দুই উক্তি। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই যে চালাকির দ্বারা এক সময়ে কিছু মানুষকে ঠকান যায় কিন্তু সমস্ত মানুষকে সমস্ত সময়ের জন্য ঠকান যায় না। আমি তাঁকে এই পুরাণ কথাটা উপহার দিতে চাই। তিনি বলেছেন আমাদের দেশের মানুষের শরীর ভাল হয়ে গেছে, স্বাস্থ্য ভাল হয়ে গেছে, ডেথ রেট কমে গেছে। ১৯৫১ সালে আমাদের দেশে মরার হার ছিল হাজার করা ১৩ আর ১৯৫৯ সালে সেটা হয়েছে, ৮.১। ১৯৫১ সালে মরার হার একটু বেশী ছিল সেই কথাটা তিনি গোপন করে গেছেন। আর একটা কথা তাঁকে বলতে চাই সেটা হচ্ছে আমাদের এই সরকারের অধীনে যে ডিটেকটিভ ডিপার্টমেণ্ট আছে তাঁরা একটা হিসাব বের করেন, তাতে তাঁরা বলেছেন ১৯৬২ সালে অর্থনৈতিক সঙ্কটের জন্য আত্মহত্যা করেছে ১৮ জন লোক। ১৯৬১ সালে আত্মহত্যা করেছিল ১০ জন লোক এই যে ১৯৬১-৬২ সালে অর্থনৈতিক সঙ্কটের ৮টা বেড়ে জনা গেল সেই তথ্যের মধ্য দিয়ে এই কথা বলতে চাই যে আজ অর্থনৈতিক সঙ্কট এমন জায়গায় এসে দাঁড়িয়েছে যে দুঃখ দুর্দশা দারিদ্র্যের ফলে মানুষের মস্তিষ্কের বিকৃতি ঘটছে। এ তথ্য ওঁদের কাছে থেকে পেলাম না যে স্বর্ণ শিল্প শিল্পীরা আত্মহত্যা করেছে, এ তথ্য ওঁরা দেননি যে কলকাতার রাস্তার উপরে পিতা তার সন্তানকে খেতে দিতে না পেরে আছড়ে মেরেছে।

[4-20—4-30 p.m.]

আমরা আশা করেছিলাম খাদ্য বিতর্কের জবাবে আমাদের মুখ্যমন্ত্রী সৎসাহস নিয়ে বাংলাদেশের যে বাস্তব অবস্থা সেই অবস্থার কথা এই বিধানসভার সামনে পেশ করবেন এবং সমগ্র দলমত নির্বিশেষে সবাইকে নিয়ে এই খাদ্য সমস্যার সমাধানের একটা পন্থা উনি আমাদের কাছে রাখবেন কিন্তু তার কিছুই পেলাম না—কেবল ঠাট্টা—ঠাট্টা। কিন্তু আমি বলবো এই উপহাস প্রতারণা—এ জিনিস বেশীদিন চলতে পারে না। তিনি আমাদের বলেছিলেন যে যদি আপনারা সবাই লিখে দেন যে সপ্তাহে ৪ ছটাক করে চাল নেবেন তাহলে আমি একবারে রেশনের ব্যবস্থা করে দেব, ২২ টাকা দর করে দেব কিন্তু কেন আমরা ৪ ছটাক করে লিখে দেব? উনি বলেছিলেন গ্রামাঞ্চলে ৩৪ লক্ষ টন চাল দরকার। আমি ওঁর হিসাব থেকে বলতে চাই, উনি বলছেন ৬৩ লক্ষ লোক মডিফায়েড রেশন থেকে চাল পাচ্ছে। সোয়া লক্ষ লোক টেস্ট রিলিফে কাজ করছে, ফ্যামিলি ধরে ৫ লক্ষ লোক বলেছেন, ৮৷৷০ লক্ষ লোক জি. আর. পাচ্ছে, অর্থাৎ ৭৬৷৭৭ লক্ষ লোক এইভাবে পাচ্ছে। এই লোকগুলো ওঁর হিসাব মত বাদ চলে যাচ্ছে—গ্রামাঞ্চলের মানুষের মধ্যে ছোট শিশু আছে, তাদের খাওয়ার পরিমাণ অনেক কম। তাহলে গ্রামাঞ্চলে ৩৪ লক্ষ টন চাল লাগে এ হিসাব উনি কোথা থেকে পেলেন? এ হিসাব কি তাঁর মাথা থেকে এসেছে, না রাইটার্স বিল্ডিংসে যে সমস্ত দুর্নীতিপরায়ণ অফিসাররা বসে আছেন। তাঁদের মাথা থেকে এসেছে আশা করি সেটা তিনি এই হাউসের সামনে রাখবেন। মিঃ স্পীকার স্যার, ডি. আই রুলসের কথা উঠেছে আমরা যখন প্রশ্নোত্তরের সময়ে মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম যে বাংলাদেশের কজন মজুতদার, কালোবাজারীর বিরুদ্ধে আপনারা ডি আই রুলস অ্যাপ্লাই করেছেন, উনি বলছেন একজনও নয়। বাংলাদেশে কি মজুতদার, কালোবাজারী নেই? বাংলাদেশের চালের দাম হু হু করে বেড়ে যাচ্ছে যার ফলে বাংলাদেশের মিলমালিক আর মজুতদারেরা এক্সট্রা প্রফিট করছে ৬০ কোটি টাকা। এর থেকে কিছু টাকা প্রশাসনিক তহবিলে এবং কিছু টাকা মন্ত্রীদের তহবিলে এসেছে কিনা জানি না—সে খবর আমাদের কাছে এখনও ঠিকমত পৌঁছায়নি কিন্তু আমি বলবো এখানে দাঁড়িয়ে যে ধরণের বিবৃতি দেওয়া উচিত ছিল সে ধরনের বিবৃতি তিনি দেন নি। দুর্নীতির ২।১টা কথা আমি আপনার সামনে তুলে ধরতে চাই—চিনি সম্পর্কে ভাল ভাল অনেক কথা বলেছেন। আমি এই চিনি সম্পর্কে একটা ম্যাপ উপহার দিচ্ছি আপনাকে। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি শ্যামবাজার থেকে শুরু করে সেই এলাকা আর. জি. কর রোড, ক্যানাল ওয়েস্ট রোড, মোহনলাল স্ট্রীট। সেখানে কিছু ব্যবসাদার আছে যারা হোলসেল ব্যবসা করে। আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন স্যার, একই বাড়ীতে ১৪ জন হোলসেল ডিলার—সেই ১৪ জনকে সুগার রিটেলে সেল করবার জন্য লাইসেন্স

দেয়া হয়েছে এবং সেখান থেকে এক ছটাকও চিনি সেই অঞ্চলের লোকরা পায় না। এবং সেই থেকে এক ছটাক চিনি সেখানকার লোক পায় নি। সেই অঞ্চলে এক ছটাকও চিনি যায় নি। এই যে দুর্নীতি বাসা বেধে আছে এটা কি? কোম্পানীগুলির নাম এখানে লেখা আছে—স্পীকার স্যার, এটা আমি আপনাকে দেবো—সেই নামগুলি আমি বলে দিতে পারি—রামেশ্বর দয়াশঙ্কর, একটি কোম্পানী, ভগবান দাস সাহা, রাধাশঙ্কর সুনীলকুমার মহাবীর ট্রেডিং কোম্পানী,বিজয় কুমার রাম করণ, জগন্নাথ প্রসাদ, লক্ষ্মীনারায়ণ স্টোরস,ভোলানাথ বংশীধর এই ১৪টি চিনির রিটেল লাইসেন্স পেয়েছে যারা হোলসেলারও বটে—এরা একটি বাড়ীতে থাকে। এক ছটাক চিনি তারা বিক্রি করে না। তবে কি হোল? এখানে লরী জমা থাকে—রাত্রের অন্ধকারে সেই চিনি সেই লরীতে ভর্তি হয় এবং চুপ চুপ করে চিনিগুলি চলে যায় এপার থেকে ওপারে। আর বর্ডারে যে পুলিস বাহিনী যার মাথায় মুখ্যমন্ত্রী বসে আছেন তারা এমন পটু লোক যে তাদের পকেটে কিছু টাকা দিলেই এপার থেকে ওপারে লরীর মাল চলে যায়। আপনারা দেখছেন আমাদের বিভিন্ন সংবাদপত্রে—আনন্দবাজার, বসুমতী, যুগান্তর প্রভৃতিতে যে বর্ডারের ভিতর দিয়ে কি করে এপার থেকে ওপারে মাল পাচার হয়ে যায় এপার থেকে ওপারে চিনি পাচার হয়ে যায়। আর বর্ডারে যারা পাহারা দেয় তারা যে শুধু লিপ্ত আছে তা নয়, আমলা থেকে সুরু করে মন্ত্রীবাবুরা পর্যন্ত যুক্ত আছে। একথা কি তারা অস্বীকার করতে পারে? তা নাহলে এতদিন ধরে এই যে পাপচক্র চলছে যা এই বিধানসভাতেও আলোচনা হয়েছে, তার কি কোন প্রতিকার হয় না? প্রতিকার হয় না এই কারণে যে ওদেরও মাথাটা বাঁধা আছে তাদের কাছে। মাথা যদি বাঁধা না থাকতো তাহলে প্রতিকার তারা করতো। তৃতীয় কথা, আমাদের পুনর্বাসন মন্ত্রী এখানে আছেন—তাঁর দপ্তর দুর্নীতিতে যে ভরা একথা প্রতিটি লোক জানে। ল্যাণ্ড পারচেজ লোন, হাউস বিল্ডিংস লোন, স্মলট্রেডার্স লোন কেউ পকেট থেকে কিছু না খসিয়ে পায় নি একথা সবাই জানেন, উদ্বাস্তুদের জিজ্ঞাসা করবেন—সবাই জানেন কত কত পারসেণ্ট কাকে দিতে হবে এবং সেই কত পারসেন্ট থেকে কোথায় কোথায় যাবে। এটা একটা ওপেন সিকরেট—সমস্ত লোক এটা জানে। একটা উদাহরণ দেবো—ব্যারাকপুরের একটি ঘটনা—এই ইদানিং কালের ঘটনা, হালিসহর মৌজার দাগ নং ৪২৬৩। এই দাগম্বরে ১১ হাজার টাকা রিফিউজি কে দেওয়া হয়েছিল। ল্যাণ্ড পারচেজিং লোন, হাউস বিল্ডিংস লোন হিসাবে এবং দাগ নং হিসাব দেওয়া হয়েছিল। কিন্তু আর সেখানে ১১ জন লোককে খুঁজে পাওয়া যাচ্ছে না। ডিস্ট্রিক্ট কণ্ট্রোলার কাকে লোন দিলেন—কে লোন নিলো এই প্রশ্নটা আমি আপনার মাধ্যমে রাখতে চাই। এই ডিপার্টমেণ্টের রন্ধ্রে রন্ধ্রে, অকল্যাণ্ড হাউসের রন্ধ্রে রন্ধ্রে যে দুর্নীতি বাসা বেঁধে আছে এবং সেই দুর্নীতির খবর মন্ত্রীমণ্ডলী জানেন এবং তা সত্বেও তাঁরা সেই দুর্নীতি বাঁচিয়ে রেখেছেন এবং সেই বাঁচার ভেতরে যে দায়িত্ব সেই দায়িত্ব তাঁরা নিশ্চয় অস্বীকার করতে পারবেন না। দুর্নীতির রক্ষা করবার যে দায়িত্ব তা এড়াবার কোন উপায় নেই। আর একটা কথা উঠেছে—তাঁর একটি উদাহরণ, দেবো কর্পোরেশন একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠান এবং সেখানে কংগ্রেসী কাউন্সিলাররাই আছেন, তারাই সংখ্যা গরিষ্ঠ। আপনারা জানেন স্যার, আপনিও বহু দিন যুক্ত ছিলেন, আপনিও জানেন স্যার, সেই করপোরেশনের ব্যাপারে কি হচ্ছে। এবার মিউনিসিপ্যাল এ্যমেণ্ডমেণ্ট বিল নিয়ে যখন কথাবার্তা উঠে তখন করপোরেশনের কাউন্সিলারদের বিরুদ্ধে আমাদের কংগ্রেসী মন্ত্রীমণ্ডলীর তরফ থেকে যে চার্জ রাখা হয়েছিল তা হচ্ছে সেখানে দুর্নীতি বাসা বেধেছে, কাউন্সিলারদের ক্ষমতা কমিয়ে দেওয়া দরকার। এ সম্পর্কে আমরা কোন কথা বলবো না। তবে স্যার, একটি কথা আমি আপনার মাধ্যমে বলবো যে সরকার তার জবাব দেবেন সেটা হচ্ছে যে কংগ্রেসী কাউন্সিলাররা বলেছিলেন যে রাইটার্স বিল্ডিংয়ের করিডোর প্র্যাকটিসটা বন্ধ করে দিতে চান কিনা। ঐ চার্জ আমার চার্জ নয়, ঐ কাউন্সিলার হচ্ছে কংগ্রেসী কাউন্সিলার—এদের দলের লোক এবং সেই চার্জকে খণ্ডন করার জন্য কোন যুক্তি আজও দেখি নি। মিঃ স্পীকার স্যার, আপনারা দেখেছেন কালকের না পরশুর কাগজে বেরিয়েছে যে কর্পোরেশন থেকে খাদ্য সম্পর্কে একটা সম্মেলনে প্রস্তাবগৃহীত হয়েছে এবং কংগ্রেসী কাউন্সিলাররাই যারা সংখ্যাগরিষ্ঠ তারা প্রস্তাব পাস করিয়েছেন যে ২২ টাকায় চাল দিতে হবে ফেয়ার প্রাইস শপে ভাল চাল দিতে হবে এবং ফেয়ার প্রাইস শপ বাড়িয়ে দিতে হবে। আমাদের যে দাবীগুলি—সেই দাবীগুলিতে অনেকে বলেছেন যে আমরা অপ্রকৃতিস্থ বলে আমরা এই দাবী

করেছি—কেউ বলেছেন পাগল বলে আমরা দাবী করেছি। কিন্তু কর্পোরেশনে সর্বসম্মতি ক্রমে এটা গৃহীত হয়েছে এবং সেই দাবী তুলেছিলেন প্রফুল্ল সেনের দলের কাউন্সিলাররা। কংগ্রেসী কাউন্সিলারদের মধ্যে আমাদের অনিলবাবু আছেন। তাই আপনার মাধ্যমে আমি মন্ত্রী মণ্ডলীর কাছে এই কথাই বলতে চাই যে অনাস্থা প্রস্তাব এই হাউসে শুধু আজ নয় এবং আমরা নয় এই অনাস্থা প্রস্তাব কর্পোরেশনের কাউন্সিলাররা পর্যন্ত এই মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে দিয়েছে।

[4-30—4-40 p.m.]

মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে যে কথাটা অত্যন্ত জোর দিয়ে বলতে চাই, কারো ব্যক্তিগত নিন্দা আমি করতে চাই না, কাগজপত্র বহুলোক আমাকে দিয়েছে, ব্যক্তিগতভাবে কোন মন্ত্রীকে আমি ধরতে চাই না, কিন্তু যে কথাটা আমি আপনার মাধ্যমে বলতে চাই অত্যন্ত দুঃখের সাথে, অত্যন্ত বেদনার সাথে, অত্যন্ত ক্ষোভের সাথে, অত্যন্ত ঘৃণার সাথে, যে কথাটা তুলে ধরতে চাই, পশ্চিম বঙ্গের মানুষ চায় যে এই ধরণের মন্ত্রীসভা যেন না থাকে। যে মন্ত্রীসভা মজুতদার, চোরাকারবারীদের দাসত্ব করে, যে মন্ত্রীসভা দুর্নীতির পোশক হিসাবে থাকবে, সেই মন্ত্রীসভা জনগণের শ্বাসরুদ্ধ করে আনবে। তাই যে কথাটা আপনার মাধ্যমে জানিয়ে দিতে চাই যে দিন এমনি চলবে না। আজকে যারা মাইনরিটি কালকে তারা মেজোরিটি হয় ইতিহাসে এর সাক্ষ্য আছে। যে প্রফুল্লবাবু আজ মুখ্য-মন্ত্রীর গদীতে বসে আছেন সেই প্রফুল্লবাবু রাধাকৃষ্ণবাবুর কাছে হেরে গিয়েছিলেন। তারপরে তাঁর পায়ে ধরে এখানে নির্বাচিত হয়ে এসেছেন। যে প্রতাপবাবু এখানে বসে আছেন সেই প্রতাপবাবু ১৯৫৭ সালে নির্বাচিত হতে পারেন নি, ১৯৬২ সালে নির্বাচিত হয়েছেন। জনগণ বোঝে, জনগণ জানে, জনগণ চেতনাবদ্ধ হয়ে উঠেছে। তাই বাংলা দেশের মানুষের যে কথা, বাংলা দেশের সহরের লোকের যে কথা, যে তোমরা যদি খাদ্য নীতির পরিবর্তন না কর, তোমরা যদি দুর্নীতি বন্ধ না কর, তোমাদের গদী আঁকড়ে বসে থাকবার কোন অধিকার নেই। এবং তাদের যে মনের কথা সেই মনের কথাটাই প্রস্তাব আকারে আমরা রেখেছি এবং সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি।

ডাঃ রাধাকৃষ্ণ পাল: স্পীকার স্যার, আমি পার্সোনাল এক্সপ্ল্যানেশনে কিছু বলতে চাই।

(হট্টগোল)

Mr. Speaker: He wants to speak on personal explanation, Let him speak.

ডাঃ রাধাকৃষ্ণ পাল: মিঃ স্পীকার, স্যার, আমার বক্তব্য হচ্ছে এই, নেতাজী সুভাষচন্দ্র...

(হট্টগোল)

Mr. Speaker: Mr. Pal, please take your seat.

শ্রীকৃষ্ণ কুমার শুক্লা:

মিঃ স্পীকার, স্যার, বামপন্থী দল কর্তৃক উত্থাপিত এই সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব সেই প্রস্তাবের বিরোধিতা করতে আমি দাঁড়িয়েছি। কিছুক্ষণ আগে নিখিলবাবু তাঁর বক্তৃতার তোড়ে বলে গেলেন প্রফুল্লদা পরাজিত হয়েছিলেন রাধাকৃষ্ণ পালের কাছে একদিন। আমি তাঁকে একথা মনে করিয়ে দিতে চাই যে এই একটি ঘটনাই প্রমাণ করে আমরা গণতন্ত্রে কত বিশ্বাস করি। সেদিনও বৃটেনের রক্ষাকর্তা চার্চিল হেরে গিয়েছিলেন এবং পরে তাঁকে আসতে হয়েছিল। ঠিক সেই সূত্রে আজকে প্রফুল্লদাকে রাধাকৃষ্ণের বিরুদ্ধে ব্যবহার করার কোন কারণ দেখি না। যাঁরা আজকে অনাস্থা প্রস্তাব উপস্থাপিত করে বুঝাবার চেষ্টা করছেন পশ্চিমবঙ্গের মানুষের আস্থা নেই বর্তমান সরকারের প্রতি তাঁদের কাছে মনে করিয়ে দিতে চাই যে পশ্চিম বাঙ্গলার মানুষ বারবার তাদের আস্থা আরোপিত করেছে, প্রমাণ করে দেখিয়েছে। যখনই কষ্টিপাথরে যাচাই হয়েছে তখনই আমরা দেখতে পেয়েছি পশ্চিম বাংলার মানুষ অকুণ্ঠ সমর্থন জানিয়েছে আমাদের এই সরকারকে। আজকে এই সভায় আলোচনাকালে শুনছিলাম বাংলার কয়েকটি শব্দের অপব্যবহার করা হয়েছে, বলাৎকার করা হয়েছে তাদের প্রতি। তাঁদের নিজেদের সৎসাহস নাই কথা বলার নিজেরা নিজের মনের কথা বলতে পারছেন না, তাই ঘুরিয়ে জনগণের ন্যূনতম দাবীর কথা তুলছেন। তাঁরা বলছেন দুর্ভিক্ষের

পদধ্বনি শুনতে পাচ্ছেন। তাঁরা বলছেন এই সরকার পশ্চিমবঙ্গকে বিপ্লবের দিকে ঠেলে দিচ্ছেন, এবং তাঁরা কথায় কথায় বিপ্লব দেখাচ্ছেন। ডাঃ নারায়ণ রায়ের মতো শিক্ষিত ব্যক্তি আমাদের বুঝাতে চাইলেন যে বিপ্লবের দিকে ঠেলে দিচ্ছেন পশ্চিমবাংলাকে এই মন্ত্রীমণ্ডলী। আমি বিনীত ভাবে নিবেদন করতে চাই, তাঁরা বিপ্লববিমুখ হতে পারেন, আমরা কোনদিন বিপ্লববিমুখ ছিলাম না। অতএব, বিপ্লবের দিকে ঠেলে দেওয়া হচ্ছে এই কথা আমাদের কাছে নতুন করে শোনাবার কিছু নাই। ১৫।১৬ বৎসর আমরা দেশের দায়িত্ব নিয়েছি, অহরহ আমরা বিপ্লব সংঘটিত করে যাচ্ছি নতুন সমাজপ্রতিষ্ঠা করবার জন্য। আমাদের বিপ্লব মানুষকে হত্যা করে নাই, আমাদের বিপ্লব দেশকে গড়ার জন্য। বিপ্লবের কথা বলে ডাঃ নারায়ণ রায় একটা টেরর ক্রিয়েট করার চেষ্টা করেছিলেন। আজকে তিনদিন খাদ্য সম্বন্ধে আলোচনার পর আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনবার জন্য তাঁরা একটি মাত্র কারণ খুঁজে পেলেন, কিনা তাঁরা খাদ্য সম্বন্ধে আলোচনা করবেন। তিন দিন খাদ্য সম্বন্ধে আলোচনা করেও তাঁরা তাদের মনের কথা পশ্চিমবাংলার মানুষকে বুঝাতে পারলেন না, আজকে ৪র্থ দিনের সেই একই কথা। পশ্চিম বাংলার বিধানসভার সদস্যদের তাঁরা মুর্খ মনে করেন, তা না হলে জনসাধারণকে মুর্খ মনে করেন। তিন দিন আলোচনা করেও মনের কথা বোঝান গেল না, ৪র্থ দিনেও তাই একই কথা বলতে হচ্ছে। ডাঃ নারায়ণ রায় তাঁর বক্তৃতা এবং কালিবাবু প্রমুখ সদস্যগণ তাঁদের বক্তৃতায় একই কথা বলে গিয়েছেন, তাঁদের সকলেরই বক্তব্য একসূত্রে গাঁথা—তাঁরা বলতে চেয়েছেন আমরা হোরডারদের কাছে মাথা বিক্রী করে দিয়েছি, নির্বাচনে জয়লাভ করবার জন্য তাদের কাছে টাকা ধার করেছি। আমরা পশ্চিমবাংলার মানষকে ভাঁওতা দিয়ে ঘুষ দিয়ে পশ্চিমবাংলার বিধানসভায় এসেছি। আমি ডাঃ প্রতাপ চন্দ্র চন্দ্রের কথা প্রতিধ্বনি করে বলতে চাই, ডাঃ নারায়ণ রায় যে দলের সদস্য সেই দলের গত নির্বাচনের খাতাপত্র পরীক্ষা করে দেখাবেন তাতে নন্দদুলাল সাধুঁখা, টিটাগড়, এই নামে কোন লোকের খোঁজ পান কিনা তার থেকে ৩০ হাজার টাকা নেওয়া হয়েছে, যামিনী সাহা এই টাকার অংশীদার ছিলেন। (ডিসটারবেন্স ফ্রম দি কম্যুনিস্ট বেঞ্চেস)

শ্রীমনোরঞ্জন হাজরা ঃ অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার এই হাউসের কোন মাননীয় সদস্যের বিরুদ্ধে এই ভাবে কথা বলা যেটা প্রমাণ করা যাবে না, এটা অনুচিত।

[Noise and interruptions]

(4-40—4-50 p.m.)

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ

স্যার, আপনার মাধ্যমে আমি এই কথা বলতে চাই, কাচের ঘরে বাস করে অন্য লোকের প্রতি ঢিল ছোঁড়ার চেষ্টা না করাই ভাল কারণ তাহলে নিজের বাসস্থান হারিয়ে ফেলতে পারেন। যাই হোক, এই কথা মনে করার কোন কারণ নাই যে এই হাউসে আমরা সংখ্যাগরিষ্ঠ হয়ে অপরাধী হয়েছি। প্রত্যেকে একটি মাত্র কথাই বুঝাবার চেষ্টা করেছেন, কাশিবাবু থেকে আরম্ভ করে, নিখিলবাবু পর্যন্ত সকলেই একটা কথাই বুঝাবার চেষ্টা করেছেন ভোটে আমরা হেরে যাব ঠিক আমাদের আনীত অনাস্থা প্রস্তাব হয়তো প্রত্যাখ্যাত হবে, কারণ আপনারা এখানে সংখ্যা-গরিষ্ঠ, কিন্তু পশ্চিমবঙ্গের জনগণ আপনাদের ক্ষমা করবেন না। তাঁদের কাছে আমি বিনীতভাবে নিবেদন করছি, যে, পশ্চিমবঙ্গ বিধান সভায় বা যে কোন প্রতিষ্ঠানে সংখ্যাগরিষ্ঠ হওয়া যদি অপরাধ হয়, নিশ্চয়ই আমরা অপরাধী। তাঁরা আমাদের এই অপবাদ দেবার চেষ্টা করেছেন যে, টাকা দিয়ে ভোট কিনে আমরা পশ্চিমবাংলার বিধানসভায় এসেছি—এই অপবাদের উপযুক্ত প্রত্যুত্তর দেওয়া যায় ["ছাতু খাও" ফ্রম দি কম্যুনিস্ট পার্টি] তাও খাব, তবু দেশকে বিকিয়ে খাব না। কাশীকান্তবাবু বার্ড এ্যাণ্ড কোং-র কথা উল্লেখ করেছেন, বার্ড এ্যাণ্ড কোং সম্পর্কে অনেক অপবাদ দেবার চেষ্টা করেছেন। তাদের দুয়েকটা কারখানা আমার কনস্টিট্যুয়েন্সিতে আছে। কাশীকান্তবাবুর জানা উচিত স্ট্যাণ্ডার্ড জুট মিল টিটাগড়—এই কারখানায় কাশীকান্তবাবুর পার্টির ইউনিয়ন। এই বার্ড এ্যাণ্ড কোং কারখানা তুলে দেবে বলে ওঁদের লোককে ডেকে টাকা খাওয়ার এবং ৬॥০ হাজার শ্রমিকের পিঠে এঁরা ছুরি মারলেন। আমি তাই বলতে চাই, অন্য লোকের বিরুদ্ধে কোন অভিযোগ করার আগে

একবার চিন্তা করে দেখবেন কত জলে দাঁড়িয়ে আছেন। আরেকটা কথা এই প্রসঙ্গে বলতে চাই, একটি মাত্র কারণে পশ্চিমবাংলায় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় নেতৃত্বে গঠিত সরকারকে এরা নস্যাৎ করে দিলেন যে, শিয়ালদহ স্টেশনের উদ্বাস্তু সরান হয়নি। পশ্চিমবঙ্গ বিধানসভায় দাঁড়িয়ে এই ছবি মনে করার কারণ আছে যে, দণ্ডকারণ্য পরিকল্পনায় যখন পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের পুনর্বসিত করার চেষ্টা হচ্ছিল তখন প্রত্যেকটি বিরোধী দল তাদের কাছে গিয়ে কি কথা বলেছিল। পূর্ববাংলার ছিন্নমূল উদ্বাস্তু যারা ৬ পুরুষের ভিটেমাটি ছেড়ে পশ্চিমবাংলার মাটিতে এসে আশ্রয় নিয়েছিল সেদিন তাদের ক্রীড়ণক হিসেবে ব্যবহার করে আজকে তাদের কথা এ্যাসেম্বলীতে বলে মন্ত্রী আভা মাইতির পদত্যাগের কথা বলার স্পর্ধা রাখেন। স্যার, ডঃ কানাই লাল ভট্টাচার্য সম্বন্ধে আমার একটা উচ্চ ধারণা ছিল কিন্তু আজকে তা ধূলিসাৎ হয়ে গেছে। তিনি সমস্যার কাছাকাছি না গিয়ে তাকে এড়িয়ে গিয়ে নূতন একটা ধুম্র সৃষ্টি করেছেন। এর আগে পশ্চিমবাংলার বিধানসভায় অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা হয়েছে এবং তা প্রত্যাখ্যান করা হয়েছে। ঠিক তেমনি আজকে এঁরাও জানেন এবং পশ্চিমবাংলার মানুষও জানে যে এঁদের কাজকর্ম তো কিছু নেই কাজেই একটা অনাস্থা প্রস্তাবের অবতারণা করে পশ্চিমবাংলার মানুষের সামনে একটা ধাঁধা সৃষ্টি করলে হয়ত খানিকটা কাজে লাগবে। মাননীয় সদস্য যামিনী সাহা বলেছেন যে, আমাদের নেতাদের ডেকে আনার মত সাহস নেই। ঠিক সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এঁরা মনে করছেন ডি. আই. রুলস যদি উঠে যায় এবং নেতারা যদি ফিরে আসে তাহলে আমাদের বৈশিষ্ট্য চলে যাবে তাই তাঁদের ফিরে আসার আগে আমরা আসর জমিয়ে নেই এবং মানুষকে একথা বোঝাই যে তোমাদের দুঃখ কষ্ট আমরা উপস্থাপিত করছি। কাজেই যে প্রস্তাব আজকে উত্থাপন করা হয়েছে তার প্রতি ছত্র, অক্ষর এবং প্রতি লাইনের আমি বিরোধিতা করছি।

শ্রীগিরীশ মহাতো : মাননীয় স্পীকার মহাশয়, এই অনাস্থা প্রস্তাব কেন আনয়ন করেছি সেটা বলছি।

শ্রীনেপাল চন্দ্র রায় : অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আমি জানতে চাই উনি লিখিত ভাষণ পড়তে পারেন কিনা ?

মিঃ স্পীকার : পুরোটা পড়তে পারেন না, খানিকটা পড়তে পারেন।

শ্রীগিরীশ চন্দ্র মাহাতো : স্যার, ওঁরাও তো লিখিত ভাষণ পড়েন। যাহোক, সমগ্র পশ্চিমবাংলা আজ চরম সঙ্কটের মধ্যে। অযোগ্য অধঃপতিত কংগ্রেসী শাসনের ফলে ইতিমধ্যেই সারা ভারতবর্ষে মানুষের জীবনে সব রকমের সঙ্কট দেখা দিয়েছে। তার মধ্যে মানুষের ব্যবহারিক জীবনে যা সবচেয়ে বড় সমস্যা সেই খাদ্য সমস্যা আজ সারা ভারতে সর্ব নিন্দিত কংগ্রেসী কুশাসনের শোষণে ও লুণ্ঠনে ঘোর সঙ্কটের আকার ধারণ করেছে। আর পশ্চিম বাংলায় সেই খাদ্য সমস্যা চরমতম বিপর্যয়ের রূপ ধারণ করেছে। এর ফলে আজ দিকে দিকে অনাহার মৃত্যু, দুর্ভিক্ষের দাবানল, অর্ধাহার, অনাহার এবং কংকালসার ক্ষুধিত আর্ত মানুষের হাহাকার। সমগ্র শাসন যন্ত্র আজ শোষণযন্ত্রে পরিণত। এ যন্ত্র যেমন নিতান্ত অযোগ্য বিকার গ্রস্ত কতকগুলি চিন্তাহীন লোকের হাতে সমাজের বুনিয়াদ পর্যন্ত ধ্বংস করার ভয়াবহ মারণাস্ত্ররূপে পরিণত হয়েছে। তেমনি এই হৃদয়হীন নিষ্ঠুর লোকগুলির হাতে এই যন্ত্র—ঘৃণিত শোষণ ধারা ও কদর্য অবাধ লুণ্ঠনের দানবীয় লৌহযন্ত্রে পরিণত হয়েছে। এরই প্রয়োজনে আজ যেখানে যত সমাজের হিংস্র সর্বলোলুপ দানবগুলি জুটেছে। এই শাসনযন্ত্রের অবিচ্ছেদ্য সংগীরূপে। ঘৃণিত অন্ধকার রাজত্বের এই ক্ষুধার্ত ব্যাঘ্রগুলিই আজ সরকারের প্রিয়ভাজন সহচর। সেজন্য আজ মানবতার অভাবে, পরিকল্পনার অভাবে, সততার অভাবে দেশের প্রাণশক্তির বিরাট প্রকাশের সম্ভাবনা দানবের তাণ্ডবের পায়ের ধুলোয় ম্লান হয়ে রইল। বিকৃত এক বিরাট সমাজ কাঠামোর মধ্যে দিকে দিকে যখন মানুষ পিঁপড়ের মত অনাহারে মরে দুর্ভিক্ষের অগ্নিজ্বালের মধ্যে যখন পুত্রকন্যা নিয়ে অসহায় মানুষ রক্ষার জন্য সহায়তার আর্তনাদ জানায় তখন জারের বংশধরেরা, ডায়ারশাহীর বংশধরেরা, হের টহি হিটলারের বংশধরেরা, ব্যাসিল দুগ প্রতি ষ্টাতাদের বংশধরেরা নিজেদের কৃত অপরাধ ঢেকে রাখবার জন্য বিলাসের জীবনে বাড়তি ঝামেলা এড়াবার জন্য শাসনের নিরাপদ আসনে বসে

বিদ্রূপের হাসি হেসে বলে—যাও দুর্ভিক্ষ হয়নি, অনাহারে কোন মানুষ মরেনি। এও ইতিহাসের ধারা।

[4-50—5 p.m.]

এই গুরুত্বপূর্ণ মহান জাতীয় প্রশ্নে জনসাধারণ এবং সরকারের মধ্যে অন্তহীন এই বিতর্ক সমূহের নিমেষে অবসানের পথ ছিল উপযুক্ত বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা দ্বারা। কিন্তু যে শাসকের দাবীর ভিত্তি ষড়যন্ত্র এবং মিথ্যাচার তার পক্ষে তদন্ত দাবী এড়িয়ে অন্তহীন মিথ্যা প্রচার করে যাওয়াই নিরাপদ। লুণ্ঠন ও তার প্রয়োজনে সমগ্র মিথ্যাচারের কাঠামোই শাসনের বুনিয়াদ জনগণের দায়িত্বের আসনে থাকবার আজ তার কোন অধিকার নেই। তাই নগ্ন মিথ্যাচার সমূহেরও হিসেব নেবার দিন আজ এসেছে। আমি দৃঢ়তার সঙ্গে ঘোষণা করি অনাহারে মৃত্যুর ঘটনা অস্বীকার করে মুখ্যমন্ত্রী বা রিলিফ মন্ত্রী বা সরকারের যে কোন মুখপাত্র যা কিছু বিবৃতি দিয়েছেন তার প্রত্যেকটি অক্ষর অসত্য। ব্রিটিশ বুরোক্রাটদের চশমা ভেঙ্গে ফেলে যে কোন তদন্ত হোক তাঁদের হিসেবের মাপকাঠিতে পুরুলিয়া জেলার বিরাট অঞ্চল "দুর্ভিক্ষ অঞ্চল" বলে প্রমাণিত হবে এটা অবধারিত এবং সরকারী অস্বীকৃতির নগ্ন অসত্য সেই তদন্তে মুহূর্তেই প্রমাণিত হবে। মানুষের এই চরম দুর্দশার দিনে অযোগ্য, হৃদয়হীন এই সরকারের "যথেষ্ট" "প্রচুর" সহায়তার দাবীও সম্পূর্ণ মিথ্যা এবং আগাগোড়া কাহিনী। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন মানবাজার থানায়, গোপালনগর, জিতুজুড়ি, চেপুয়া এবং দিঘীতে নির্ধারিত মূল্যে খাদ্য সরবরাহের রিলিফ দোকান আছে। গোপালনগরের এক মাইল দূরের গ্রামে আমার বাস। আমি সকলের সামনে ঘোষণা করছি, গোপালনগরে এহেন দোকানের অস্তিত্ব পর্যন্ত নেই। মুখ্যমন্ত্রীর এই দাবী সম্পূর্ণ অসত্য। জিতুজুড়ির আড়াই মাইল দূরের গ্রামের আমার বাস। আমরা প্রত্যেকে জানি জিতুজুড়িতে এহেন দোকানের নাম নিশানা কোথাও নেই। মুখ্যমন্ত্রীর এই দাবীও সম্পূর্ণ অসত্য। আমার গ্রামের চার মাইল দূরবর্তী চেপুয়া গ্রামেও এহেন দোকানের কথা কোনদিন কোন মানুষ শোনেনি। মুখ্যমন্ত্রীর এই তথ্যও নিছক মিথ্যা কাহিনী। আর আমার গ্রামের পাঁচ মাইল দূরের এই দিঘীতে এহেন দোকানের অস্তিত্ব বিধাতা পুরুষও জানেন না। গ্রামাঞ্চলে ব্যাপক রেশন সরবরাহের সরকারী তথ্য নিছক ভিত্তিহীন প্রচার। সম্পূর্ণ ভিত্তিহীন এসব তথ্য দিয়ে মুখ্যমন্ত্রী ক্ষুধিত মানুষের সঙ্গে এইভাবে উপহাস করে চলেছেন। আমাদের শাসকবর্গেরা নির্লজ্জ মিথ্যাচারে আজ ঐতিহাসিক লর্ড প্রফুমোর কীর্তিকেও ম্লান করে দিয়েছেন। কিন্তু এসব মিথ্যাচার ঢেকে রাখবার কারো সাধ্য নেই কংগ্রেসের নিজের দেহ দিয়েই এই কদর্য বসন্ত রোগের গুটি ফুটে বেরুতে সুরু করেছে। দুর্ভিক্ষ, অনাহারে মৃত্যু এবং সরকারী ত্রাণকার্য বিষয়ে সরকারী দাবীকে আমরাই কেবল নির্জলা অসত্য বলে ঘোষণা করিনি, শুনে আপনারা অত্যন্ত আশ্চর্যান্বিত হবেন স্বয়ং পুরুলিয়া জেলার সমগ্র কংগ্রেস গোষ্ঠী নিজের রাজ্য সরকারের দাবীকে মিথ্যে বলে প্রমাণিত করেছেন। সঙ্কটে বিপন্ন জেলার জনমতের চাপে পড়ে তা করতে বাধ্য হলেও দৈত্যকুলে প্রহ্লাদের মতই সত্য বেরিয়ে এসেছে। মে মাসের মাঝামাঝি যখন প্রেসনোট সহকারে সরকার ঘোষণা করেছেন অনাহারে মানুষ মরেনি দুর্ভিক্ষ হয়নি এবং পর্যাপ্ত রিলিফ ব্যবস্থা করা হয়েছে ঠিক ঐ সময়ে সরকারী প্রেসনোটের মূর্ত প্রতিবাদরূপে কংগ্রেসের মাননীয় বিধান সভা সদস্য শ্রীভুবন মাঝির পুরুলিয়া গেজেট দেখা দিল। এই গেজেটের ১৬ই মে তারিখের সংখ্যা ঘোষণা করেছে—পুরুলিয়া জেলায় দারুণ খাদ্যাভাব, গ্রামে গ্রামে অরন্ধন, কর্মক্ষম পল্লীবাসী কর্মাভাবে উপবাসের সম্মুখীন। এবং অবিলম্বে যদি ন্যায্যমূল্যে বিক্রয়কেন্দ্র ও রিলিফ কাজের মাধ্যমে পল্লীবাসীর জীবন রক্ষার ব্যবস্থা করা না হয় তাহলে অনেকেই অকালে মৃত্যু বরণ করতে বাধ্য হবে। রিলিফের প্রাচুর্য এবং উপযুক্ত ত্রাণকার্যের দাবীতে মিথ্যা সরকারী আত্মপ্রচারের মূর্ত প্রতিবাদ কংগ্রেসের কাছ থেকে হোল। এবং এই কংগ্রেসী বিধান সভা সদস্যই দুর্ভিক্ষ বিষয়ে সরকারী অস্বীকৃতির গণ্ডে চপেটাঘাত করে দাবী করেছেন আমার জেলার লোক আজ দুর্ভিক্ষ পীড়িত। এবং এই সদস্যই আবার ১৬ই জুলাই এর সংখ্যায় অনাহারে মৃত্যুর ঘটনা বিষয়ে সরকারী অস্বীকৃতিকে মিথ্যা প্রমাণিত করে লিখেছেন জেলার দিকে দিকে আজ মৃত্যুর করাল ছায়া, তার সঙ্গে দুর্ভিক্ষ ও অনাহার।

[At this stage the red light was lit.]

Mr. Speaker: Mr. Mahato, please take your seat. Prepared statement is not allowed to be read in the House, but still I have allowed you to read your prepared statement. Your time has been already exceeded. Please take your seat.

Personal Explanation

শ্রীসুধীর চন্দ্র দাস: স্যার, অন এ পয়েণ্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেসন, কংগ্রেস পক্ষ থেকে কৃষ্ণকুমার শুক্লা পি. এস. পি. পার্টির বিরুদ্ধে যে অভিযোগ তুলেছেন তা সম্পূর্ণ মিথ্যা। চিনির কলে পি. এস. পি.-র কোন ইউনিয়ন নেই এবং পাটকলে পি. এস. পি.র কোন ইউনিয়ন নেই।

শ্রীগোপাল ব্যানার্জি: মাননীয় স্পীকার মহাশয়, গত শুক্রবার খাদ্য আলোচনা যখন শেষ হয়ে গেল তারপর দুটো ঘটনা ঘটেছে। একটা ঘটনা এই যে কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছেন যে খাদ্য ব্যবসায়ী অথবা অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের ব্যবসায়ীরা যদি অন্যায়ভাবে অসাধু আচরণ করেন তাহলে তাদের বিরুদ্ধে ডি. আই. রুল প্রয়োগের যেন ব্যবস্থা করা হয়। দ্বিতীয় যে ঘটনা আমরা দেখছি সেটা হচ্ছে কেন্দ্রীয় মন্ত্রী সুব্রানিয়াম এই কথা বলেছেন যে খাদ্য এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের যে মূল্য বৃদ্ধি তার জন্য যারা স্পেকুলেটর তারাই দায়ী। এখন আমরা যে অনাস্থা প্রস্তাব এনেছি তা নিয়ে অনেক উপহাস কংগ্রেস বেঞ্চ থেকে শুনলাম কিন্তু এই দুটো বক্তব্যই কি যথেষ্ট নয় যে বাংলা সরকারের যে খাদ্য নীতি তার সম্পর্কে কেন্দ্রীয় সরকারের অনাস্থা? এখানে দাঁড়িয়ে প্রফুল্লবাবু যে কথা বলে গেছেন সেই কথা হচ্ছে এই যে এই খাদ্য সঙ্কটের জন্য বাংলা দেশের স্পেকুলেটররা রাইস মিল ওনাররা এবং মিডলম্যানরা মোটেই দায়ী নয়। আমাদের একমাত্র ডেফিসিট হচ্ছে গ্রামের লোককে খাওয়াবার জন্য, ৩৪ লক্ষ টন তাদের খাওয়ার জন্য দেওয়া হচ্ছে এই কথা তিনি বলেছেন। এটা কি তাঁর উক্তির সম্পূণ বিরোধী উক্তি নয়? কেন্দ্রীয় মন্ত্রী সভার মন্ত্রীরা কি তাঁর এই নীতি বিরোধী পক্ষের সামনে উপস্থিত করেন নি? ডি. আই. রুল সম্পর্কে আমরা যখন পুনঃ পুনঃ জিজ্ঞাসা করেছি যে ডি. আই. রুলের প্রয়োগ সম্পর্কে আপনার মতামত কি, তিনি সে সম্পর্কে চুপ করে থেকেছেন। আমি বলি তিনি সত্য গোপন করেছেন। ৩ দিন আগে কি তিনি জানতেন না যে কেন্দ্রীয় সরকার এই বিষয়ে চিন্তা করছেন? তাঁর সরকারের সম্পূর্ণ অজ্ঞাতে এই ঘটনা ঘটেছে বলে আমি মনে করি না। কিন্তু তাঁর নীতির মূল কথা হচ্ছে এই যে তিনি আজকে মানুষের দুঃখ দুর্দশাকে শুধু অবহেলা উপেক্ষা করেননি যারা দুষ্কৃতকারী যারা মানুষের জীবন নিয়ে খেলা করছে তাদের প্রশ্রয় দান করেছেন। সেজন্য তো ডি. আই. রুলের ব্যাপারটা তাঁর সরকারের সঙ্গে যদি কেন্দ্রীয় সরকারের কোন আলোচনা হয়ে থাকে তাহলে সেটা গোপন করে রাখতে হবে। তার কারণ পাছে মুনাফাখোররা ভীত হয়, তারা তাদের মুনাফা থেকে সংযত হয়। অপর দিকের যাঁদের কাছ থেকে উপহাস আমরা শুনছি তাঁদের এইটুকু বিবেচনা করতে বলি যে তাঁরা যে সরকারের সম্বন্ধে খুব বড় বড় কথা বলছেন এই দুইটি উক্তি কি তাঁদের ভেবে দেখবার যথেষ্ট খোরাক নয়? আর প্রফুল্ল বাবু যে কথা বলেছেন সেটা খুব দম্ভভারে বলেছেন। আমার মনে হয় এগ্রিকালচারাল বাজেট যখন এখানে উত্থাপিত হয়েছিল তখন এই রকম দম্ভভরে তিনি বলেছিলেন।

(5—5-10 p.m.)

তিনি বলেছিলেন আমাদের থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের যে টার্গেট এগ্রিকালচারের ৬৫ লক্ষ টন সেটা পূরণ করবো। খুব ভাল লেগেছিল সেই দম্ভোক্তি এটা আমরাও চাই। শ্রীকৃষ্ণকুমার শুক্লা কয়েক মিনিট আগে যে কথা বলেছিলেন যে ভিক্ষার ভাণ্ড হাতে নিয়ে আমেরিকার কাছে যাওয়া—গিয়ে পি এল ৪৮০র গম আনা এটা আমরাও চাই না। নিজেদের মর্যাদা বৃদ্ধির একটা কোন সুযোগ পেলে, দেশের কোন উন্নতি হলে সেটা আমাদের কাছে নিশ্চয়ই গর্বের জিনিস বলে মনে হয়। মুখ্যমন্ত্রীর সেই দম্ভোক্তি আমার ভাল লেগেছিল কিন্তু আজ কোথায় সেই দম্ভোক্তি? আজকে যখন প্ল্যানিং কমিশনের কাছে তিনি একথা বলেছেন যে টার্গেট লোয়ার ডাউন করবো তখন সেই দম্ভোক্তি কোথায়? একি তাঁদের খাদ্যনীতির অন্যদিক নয়। স্বয়ং সম্পূর্ণ হতে তাঁরা পারলেন না, আজকে ১৫ বছর ধরে যাঁরা ওখানে দাঁড়িয়ে বলেন যে আমরা আমেরিকার

কাছে দেশকে বিলিয়ে দিচ্ছি তাঁদের মুখে সেই দম্ভোক্তি শোভা পায় না। আমি বলি ২ হাজার কোটি টাকার খাবার যাঁরা এনেছেন, দু বছরের কেন্দ্রীয় বাজেট, তার চেয়ে বেশী টাকা যাঁরা ১৬ বছরে এনেছেন তাঁদের মুখে বড় গলার যদি এক থা শুনতে হয় তাহলে লজ্জার কথা। সুতরাং সেদিক থেকে তাদের খাদ্য পলিসি বাংলাদেশে পারপিচুয়াল ডেফিসিট একথা অস্বীকার করতে পারেন? ঘটনাকে অস্বীকার করতে পারেন কালকের যগান্তরের সম্পাদকীয় যে কথা বলেছেন যে মানুষের ক্রয়ক্ষমতা এমন পর্যায়ে চলে যাচ্ছে যে তা দিয়া তারা খাদ্য কিনতে পারছে না। খাদ্য পলিসিকে প্রফুল্লবাবু বলেছেন দিনের পর দিন জি আর মডিফায়েড রেশনিং বাড়াতে হচ্ছে। জি. আর. এর উপর নির্ভর করবে বাংলাদেশ এটা তো আমরা চাই না। আমরা চাই যাদের নিজেদের খাটবার হাত আছে, নিজেদের বুদ্ধিবৃত্তি আছে তা দিয়া তারা খেটে খাদ্য কিনে নেবে ন্যায্য মূল্যে তাদের ক্রয়ক্ষমতার জন্য যেটা থাকবে এই তো খাদ্যনীতি। সেখানে বারবার এই নীতিকে নিয়ে যাচেছন যেখানে আরও কিছু তাদের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচেছ। প্রফুল্লবাবু এখানে কতকগুলি অসত্য তথ্য বিজ্ঞাপিত করেছেন গ্রামে আজকে তিন পারসেন্ট নূতন লোক সৃষ্ট হয়েছে। বৃটিশ আমলে এই ঘটনা আমরা দেখেছি, তারা গ্রামাঞ্চলে নিজেদের প্রতিপত্তি রাখবার জন্য নিজেদের শাসন ব্যবস্থাকে বজায় রাখবার জন্য জমিদারদের সৃষ্টি করিয়াছেন। কংগ্রেসের ভূমি সংস্কার নীতি, এস্টেটস অ্যাকুইজিসন চালু হওয়ায় পরে ল্যাণ্ড রিফর্ম যেদিকে যাচ্ছে তার মধ্য দিয়া গ্রামে একটি শ্রেণীর সৃষ্টি হয়েছে যারা একাধারে জোতদার একাধারে মহাজন, সেই আবার অঞ্চল প্রধান, সমস্ত কিছুই। কি অর্থনৈতিক, কি রাজনৈতিক, কি সামাজিক সমস্ত ক্ষমতা কেন্দ্রিভূত হয়েছে সেই শতকরা ৩ জন লোকের হাতে, প্রফুল্লবাবু তো তাদের সমর্থন করছেন। তাদের হাতে কি আজকে খাবার জমা নেই—গ্রামাঞ্চলে তারা, সহরাঞ্চলে স্পেকুলেটররা এদের যোগসাজসে বাংলাদেশে যে খাদ্য সঙ্কট সৃষ্টি হয়েছে তাঁর নীতি হচ্ছে তাদের সমর্থন করা। তাদের সমস্ত কিছু ঢেকে রাখা হচ্ছে এবং প্রশ্রয় দেয়া এবং তার মধ্য দিয়া গত এপ্রিল থেকে আজ পর্যন্ত বাংলাদেশে প্ল্যানিং কমিশনের তথ্যে যেখানে বলা হয়েছে যে ৮ কোটি ১০ লক্ষ টাকা অসাধু ব্যবসায়ীরা মুনাফা করছে সেটা চেপে রাখা। বাংলাদেশের মুনাফাখোররা যে কাজ করে চলেছে কি গ্রামাঞ্চলে কি সহরাঞ্চলে যাদের সংখ্যা মুষ্টিমেয় তাদের সমর্থন করে চলেছেন এই মন্ত্রীসভা। সুতরাং আজকে অনাস্থা কাদের পক্ষ থেকে এসেছে—এসেছে গ্রামের ঐ ৩ পার্সেণ্ট লোকের বাইরে যারা, যারা জি. আর. টি. আর. পাচ্ছে, যাদের খাদ্যশস্য কিনতে হচ্ছে অসম্ভব দামে তাদের পক্ষ থেকে এবং সহরাঞ্চলে যে ৯০ লক্ষ লোক আছে তাদের পক্ষ থেকে এই দাবী এসেছে যে এই নীতি বদলানো প্রয়োজন। যে ঘৃণা, যে ক্রোধ, যে আক্রোশ তাদের মধ্যে উঠেছে সেই আক্রোশের যদি সামান্যতম আমরা বিরোধীপক্ষ থেকে প্রতিফলন করতে পারি তাহলে আমরা মনে করি এই অনাস্থা প্রস্তাবের মধ্য দিয়া আমাদের যতটুকুন দায়িত্ব আজকে ততটুকুন দায়িত্ব আমরা পালন করতে পেরেছি। আমি এই জিনিসটা আমাদের কংগ্রেসী বন্ধুদের ভেবে দেখতে বলি—তাঁরা কি সমর্থন করছেন এবং কতটা আত্ম প্রবঞ্চনা করছেন। আমি রিলিফ কমিটির মিটিং-এ বসি, রিলিফ কমিটি মিটিং-এ যখন জি আর লিস্ট পাশ করতে হয় তখন কোথায় থাকে এই জঘণ্য দাম্ভিকতা? তখন আমি দেখেছি আমরা যতটা না লিস্ট বলি তার চেয়ে বেশী লিস্ট কংগ্রেসী বন্ধুরা বলেন যে লিস্ট আরো বাড়াতে হবে, দেশের মধ্যে খাদ্য কিনবার মত লোকের সংখ্যা কমে যাচ্ছে। জি. আর. লিস্ট কি বাড়ে নি? এ নিয়ে আজকে সমস্ত হাউসের সকল এলাকার লোক বলছে যে আমরা ইউন্যানিমাসলি লিস্ট দিয়েছি গভর্ণমেণ্ট ইন্সপেক্টার সে লিস্ট কেটে দিয়েছে—এই তো পরিস্থিতি। সেখানে তো কংগ্রেস কমিউনিস্ট এক সঙ্গে মিলে জি. আর.-এর লিস্ট দেন। এটা কি তাঁদের নজরে দেখেন নি—সেই দিকে কি চোখ যায় নি? সংখ্যাতত্ব প্রফুল্লবাবুর সেই সংখ্যাতত্ব ২৬ [illegible] বড় হবে? আমরা এই প্রশ্নটা কি করতে পারি না। সেখানে গিয়ে দেখুন সেই সংখ্যাতত্ব ভুল তার সঙ্গে বাস্তব জীবনের কোন প্রতিফলন নেই। সুতরাং সেদিক থেকে তারা এই মন্ত্রীসভাকে সমর্থন করার জন্য অনেক কথা বলেন—কিন্তু আমরা জানি তাঁরা বলতে হয় বলে বলেন। প্রফুল্লবাবু এখানে এসে বলেছেন যে ভোটে জিতেছেন। ৫টি উপনির্বাচন হয়েছে এবং সেই তিনি জিতেছেন খুব গর্বের কথা এবং তার সঙ্গে সঙ্গে তিনি একথাও বলেছিলেন যে ৬৫ লক্ষ টন খাদ্য বাংলা দেশে তৈরী করবো গর্বের সঙ্গে। আজকে আপনি সেই ভাবে দাঁড়িয়ে বলুন—যে গর্ব করে সেদিন বলেছিলেন। যে টারগেট ঠিক করেছিলেন থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে সেটা আপনারা নিজেরাই পদদলিত করেছেন। এই হচ্ছে তাঁদের বর্তমান পরিচয়। সুতরাং সেদিক থেকে

জনসাধারণ তাঁদের উপর যে আস্থা রেখেছে যেটা আপনারা বার বার বলেন সেই হচ্ছে এই। শুধু এই নয় যে কথা কাশিকান্ত মৈত্র মহাশয় তুলেছেন এবং যেটা বার বার প্রমাণিত হয়েছে যে তারা টাকা দিয়ে মানুষের বিবেককে কেনবার চেষ্টা করেন—একথাটা অস্বীকার করার কিছু নেই। যাদের হাতে টাকা বাংলাদেশের তথা ভারতবর্ষের কাগজ তাদের হাতে এটা আমরা জানি। এবং তার মধ্য দিয়ে যে দিনের পর দিন বিষ নিক্ষেপ করা হয় তাতে মানুষ বিভ্রান্ত হয়—আমরা জানি কিভাবে বিষ অল ইণ্ডিয়া রেডিও মারফৎ নিক্ষেপ করানো হয় এবং এবং এটা সকলেই জানেন। একটু আগে কৃষ্ণকুমার শুক্লা বলেছিলেন যে আমরা অনেক মানুষকে টাকা দিয়ে কিনি। এইভাবে টাকা দিয়ে ভোট কেনার কথা সরাসরি আমরা মুখেও বলি না যেটা তারা করেন, টাকার অপপ্রয়োগ করেন—ক্ষমতাকে কেন্দ্রীভূত করেন। গ্রামাঞ্চলে আজকে কি অবস্থা। ৩ পারসেণ্ট লোক তাদের হাতে আজকে সামাজিক, অর্থ-নৈতিক, রাজনৈতিক সমস্ত কিছু চলে গেছে। কোথা সেই মহাজনী নষ্ট হয়েছে যেটার মধ্য দিয়ে সমস্ত গ্রামকে অন্ধকারে রেখে দিয়েছি। তারা সেই পুরাণো অন্ধকারময় সংস্কৃতির মধ্যে রয়েছে এবং এর মধ্যে দিয়ে সমস্ত গ্রামের মানুষকে পিছনে টেনে আনতে চেষ্টা করছে। তারাই আজকে গ্রামে প্রভাব বিস্তার করে রয়েছে এটা নিশ্চয়ই আপনারা জানেন এবং তারাই হচ্ছে কংগ্রেসের বাহন। গ্রামের মধ্যে ঢুকলে দেখা যাবে যে এই তিন পারসেণ্টের মধ্যে প্রত্যেকটি লোকই হচ্ছে কংগ্রেসের। আজকে যে জেলা পরিষদ, পঞ্চায়েত তারা করছেন সেটা হচ্ছে তাদের পলেটিক্যাল বেসিস করার জন্য—রাজনৈতিক ভিত্তি সৃষ্টি করার জন্য এবং ঐ যে লোক এর জন্য তৈরী হচ্ছে, তারাই তো আজকে গ্রামকে রাখবে—খুব উন্নয়নের কথা বলা হচ্ছে—ঠিকই তো এইটেই তো উন্নয়ন—সাময়িক অংশ এবং তার উপরই আপনারা ভিত্তি স্থাপন করেন। গ্রামের বুভুক্ষুরা বিরোধীতা করতে পারছে না—এখানে নিশ্চয়ই তাদের মেজরিটি থাকবে। কিন্তু দিন পালটাবে—এই বুভুক্ষু কৃষক নিশ্চয়ই জেগে উঠবে। তখন আর এই কমিউনিস্টদের জন্য বা কমিউনিস্ট আন্দোলন করবে না—সেই আন্দোলনের পুরোভাগে থেকে সাধারণ কৃষক বেরিয়ে আসবে। এদিন নিশ্চয়ই পালটাবে—কৃষক তাদের নিজেদের দাবী আদায় করবেই—তখন আর মেজরিটি থাকবে না। আমি সেটাই বলছি যে আজকে এই যে প্রস্তাব এই প্রস্তাব হচ্ছে অধিকাংশ মানুষের—তারা এই নীতির বিরোধী। এবং তারই প্রতিফলন আমরা এখানে আনতে চাই। সুতরাং ঐ ঔদ্ধত্য দেখিয়ে কোন লাভ নেই। সাময়িকভাবে নিশ্চয়ই আপনারা মেজরিটি। আমরা দেখেছি এই যে পলিটিক্যাল ব্ল্যাকমেলে, নেপাল বাবু এখানে অনেক চেঁচাতে পারেন। কিন্তু তার যে কুকীর্তি তার একটা কুকীর্তির কথা বললে হয়। অম্বিকা চক্রবর্তী—তাঁর সঙ্গে আমি প্রথমে কাজ করেছি এবং যাঁকে আমি প্রথম থেকে জানি এবং চিনি—তাঁর সম্বন্ধে কোর্টে যে রায় হয়েছিল এবং তাতে যা বলা হয়েছিল সে সম্বন্ধে এখানে আমার বলা উচিত নয়। সেটা বলেছেন বারাকপুর কোর্টের একজন মুনসেফ—যে পলিটিক্যাল ব্ল্যাকমেলিং একটা বড় নেতার পেছনে পলিটিক্যাল ব্ল্যাকমেলিং করা এটা পদ্ধতি নয় এটা নেওয়া হয় না। এখানে বলা হচ্ছে যে কংগ্রেসের লোক নয়—বাইরের লোক এটা সমর্থন করে। নীতির প্রচারটা কি? রাধাকৃষ্ণবাবু একজন কংগ্রেসের নীতির প্রচারক। কিন্তু ভাঁড়ামির উদ্ভ্রান্ত প্রশস্তি, এই হচ্ছে কংগ্রেসের নীতি, ওঁরাই বলছেন যে কংগ্রেসের নীতি হচ্ছে এই যে ট্যাক্স চাপবে এবং এই রকম ঘটনা ঘটবে। নিশ্চয়ই—আপনাদের একটা তো বুনিয়াদ আছে।

[5-10—5-20 p.m.]

নিশ্চয়ই আপনাদের একটা বনিয়াদ আছে, অতীত আছে। জাতীয় আন্দোলনের যাঁরা নেতৃত্ব নিয়েছিলেন তাঁদের উপর নির্ভর করে অনেকদূর পর্যন্ত এগিয়েছেন। তাই ছবিটা ছাপাতে হয়, ভোট দাও পণ্ডিত নেহরুকে। কংগ্রেসের নীতি এসে কোথায় দাঁড়িয়েছে? আজকে এখানে যাঁরা বসে আছেন আমি একথা বলতে পারি, অর্দ্ধেক যাঁরা কংগ্রেসের এসেছেন তাঁরা কংগ্রেসের ইলেকশন ম্যানিফেস্টো পড়েন নি। কিন্তু জহরলালের যে ছবি এবং অন্যান্য যে প্রচার ও অপপ্রচার, মিথ্যা প্রচার, কুপ্রচার সেগুলি তারা লিখতে পারেন। ধর্মীয় ভাব জাগান হয়, অবস্কিউর্যাণ্টাজিম বলে তাকে জাগান হয়, এইত সেখানে নীতি। সুতরাং এর বড়াই করে লাভ কি। রাধাকৃষ্ণ বাবুর আজকের বক্তৃতা এই ত হচ্ছে শ্যামপেন। এই শ্যাম্পেন নিয়ে বড়াই করেন আমাদের নীতিকে মানুষ বিশ্বাস করে। সুতরাং আমি একথাই

বলছি এটা বড়াই করার স্থান নয়, এই বড়াই মোটেই করা উচিত নয়। এবং আমি তাঁদের ভাবতে বলি যে এই আত্মপ্রবঞ্চনার ভাবটা নিশ্চয়ই কংগ্রেসের সভ্যদের কাছ থেকে লোকে আশা করে না। তাঁদেরও ভাবতে বলি যে পরিবর্তনের প্রয়োজন আছে কিনা। নিজের কনস্টিটিউয়েন্সিতে যখন ফিরে যাবেন, বাস্তব অবস্থার সঙ্গে এই স্টেটমেণ্টের খাপ খায় কিনা। সুতরাং সেই দিক থেকে তাঁদের কাছে অনুরোধ যে এইটা আপনারা ভাবুন। আজকে বাংলা দেশে যে বিক্ষোভ ধূমায়িত হয়েছে সেই বিক্ষোভের সামান্য অংশ আমরা এখানে প্রতিফলিত করতে চেয়েছি। তার ফলাফল কি হবে এটা বড় কথা নয়, কিন্তু বাংলা দেশের জনমতের যে রায় সেটা আমি ঘোষণা করছি। এই বলেই আমি সমস্ত অনাস্থা প্রস্তাবকে সমর্থন করছি।

শ্রীঅপূর্বলাল মজুমদার: মাননীয় স্পীকার মহাশয়, এ্যাসেম্বলিতে গত সেসনের সময় মুর্শিদাবাদের পলাশী গ্রামে হস্তান্তরের বিষয় যখন আমি এখানে উল্লেখ করেছিলাম যে রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য পলাশী গ্রামকে কিভাবে পুলিসের দ্বারা প্রভাবিত করে সেই গ্রামদানের কলঙ্কিত ইতিহাস রচিত হয়েছিল, সেই দিন ওখানে দাঁড়িয়ে ট্রেজারী বেঞ্চের অনেকেই চীৎকার করে তার প্রতিবাদ করেছিলেন। আজ আমি গত ২১-এ মে থেকে ২৯এ মে পর্যন্ত ২৪-পরগণার কাকদ্বীপ পর্যন্ত বিনোবাজীর যে পদযাত্রার নেপথ্য কাহিনী সেই নেপথ্য কাহিনীর কয়েকটি কথা আমি আপনাদের কাছে খুলে বলতে চাই। কেন সরকারের তরফ থেকে প্রচুর অর্থ ব্যয় করে, সমস্ত সরকারী প্রশাসন যন্ত্রকে তার পিছনে লেলিয়ে দিয়ে, লাগিয়ে দিয়ে এইভাবে রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করবার হীনতম চক্রান্ত চলে তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষ সরাসরি ঐ কংগ্রেসের কাছে এই প্রশ্ন রাখছি এবং জবাব চাচ্ছি। আমরা দেখেছি এই কাকদ্বীপে পদযাত্রার প্রাক্‌কালে আমাদের এখানকার কয়েকজন মন্ত্রী বিশেষ করে ডেপুটি মিনিস্টার শ্রীমতী মায়া ব্যানার্জী তাঁর সঙ্গে সঙ্গে গিয়ে এবং এখানকার ডি. আই. জি. ট্রাফিক, দেবব্রত ধর, সব সময় তাঁর পিছনে থেকে যেভাবে প্রশাসনিক যন্ত্রকে ব্যবহার করেছেন, যে অজস্র অর্থ অপব্যবহার করেছেন এবং যে নক্কারজনক ভূমিকা সেখানে অভিনীত হয়েছে, যে কোন সুস্থ বুদ্ধিসম্পন্ন, গণতান্ত্রিক চেতনায় উদ্বুদ্ধ মানুষ তার বিরুদ্ধে তার জোরালো বক্তব্য নিশ্চয়ই রাখবে। আমি জিজ্ঞাসা করি কংগ্রেস সরকারকে কেন, শুধু কাকদ্বীপে যেদিন উনি পদযাত্রা করবেন, সেদিন কচুবেড়িয়াতে এবং গঙ্গাসাগরে দুটি ওয়্যারলেস ক্যাম্প তৈরী হল। শুধু দুটি ওয়্যারলেস নয়, সারা পথে ৫।৬টি ওয়্যারলেস ক্যাম্প তৈরী করে ডি. আই. জি. সাহেব তাঁর সমস্ত সৈন্যদল নিয়ে কলকাতার সমস্ত পুলিশ নিয়ে গিয়ে সেখানে যেভাবে জনসাধারণের উপরে চাপ সৃষ্টি করেছে এবং জনসাধারণকে প্রলুব্ধ করার চেষ্টা করেছে তার দু'একটি কথা আমি উল্লেখ করছি। শ্রীমতী মায়া ব্যানার্জী সেখানে উপস্থিত ছিলেন। আপনারা জানেন যে, যেখানে উকীলের হাটে সামান্য কতিপয় লোকের বাস সেখানে সঙ্গে সঙ্গে তিনটি টিউবওয়েল বসে গেল। রাজনৈতিক উদ্দেশ্য স্বার্থ, নিজের কনস্টিটিউয়েন্সিকে সার্ভ করার যে চক্রান্ত এর মধ্যে দিয়ে হতে পারে ভাবলে অবাক হতে হয়। আমরা দেখেছি এবৎসর আপনার রুরাল ওয়াটার সাপ্লাই স্কীমে এ পর্যন্ত বাংলা দেশের যে সমস্ত জায়গায় জলের প্রয়োজন সেখানে কংগ্রেস সরকার একটিও টিউবয়েল দেয়নি, কিন্তু ওখানে শ্রীমতী মায়া ব্যানার্জীর কনস্টিটিউয়েন্সিতে বিনোবা ভাবে যাবার সঙ্গে সঙ্গে সেই উকীলের হাটে তিনটি টিউবয়েল হল। রুদ্রনগর, যেখানে সামান্য কয়েক ঘর লোকের বাস, সেই রুদ্র নগরে, যেখানে ২।৩টি টিউবয়েল অলরেডি একজিস্ট, সেখানে আরো চারটি নূতন করে টিউবওয়েল বসে গেল। শুধু তা নয়, সেই সঙ্গে সঙ্গে দেখলাম কংগ্রেস নেতৃবর্গের মধ্যে কিভাবে বিনোবাজীকে নিয়ে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার চক্রান্ত চলছে। ঠাকুরনগর, যে ঠাকুরনগরে প্রথমে শুরু হল কে কত গ্রাম দান করতে পারে, সেই ঠাকুরনগরে ২১টি গ্রাম তাঁর হাতে সমর্পণ করা হল।

[5-20—5-30 p.m.]

পরে অবশ্য সংবাদ নিয়ে জানা গেল যে এই ২১টি গ্রামের মধ্যে মাত্র ১টি গ্রামের দান সম্পূর্ণভাবে ঠিক মত হয়েছিল আর ২০টি যে দান পত্র দেওয়া হয়েছে সেগুলি সমস্ত ভুয়া প্রতারণামূলক এবং সমস্ত মিথ্যা জাল সহি সংগ্রহ করে বিনোবা ভাবেকে প্রতারিত করে জনসাধারণের কাছে বাহবা নেবার চেষ্টা করেছেন। শুধু তা নয় কাকদ্বীপে সেখানে আমাদের ডেপুটি মিনিস্টার

শ্রীমতী মায়া ব্যানার্জী সেখানে গেলেন প্রথমে চারু ভাণ্ডারীর সঙ্গে মত বিরোধ হল সেখান থেকে তিনি পালিয়ে এলেন তার পর আবার তিনি সেখানে গেলেন। গ্রামে গ্রামে ফর্ম পাঠিয়ে দেওয়া হল সহি সংগ্রহ করবার জন্য। মিথ্যা জালিয়াতী ভুয়া সহি সংগ্রহ করে সেই কাকদ্বীপে প্রচারিত হল প্রার্থনা সভায় সেখানে প্রচারিত হল যে শ্রীমতী মায়া ব্যানার্জীর সহায়তায় এবং পৃষ্ঠপোষকতায় সেখানে ৫২টি গ্রাম দান করা হল। কিন্তু পরে লজ্জার বিষয় ও ক্ষোভের বিষয় দেখা গেল ৪৮টি ভুয়া দলিল সেখানে পেশ করা হয়েছে যার সহিগুলি মিথ্যা যেগুলি সেই লোকের সহি নয় সেই সহিগুলি সেখানে চালিয়ে দেবার চেষ্টা হল যে লোক মৃত তার সহি সেখানে সংগ্রহ করা হল যে লোক সেখানে নেই বাহিরে আছে তার সহি সংগ্রহ করে মিথ্যা জালিয়াতী দলিল তার কাছে পেশ করা হল। আমি আজ মন্ত্রীমণ্ডলীর কাছে জিজ্ঞাসা করি যে এই যে ফোরজড্ ডকুমেন্টগুলি পেশ করে মন্ত্রীমণ্ডলীর একজন সদস্য হিসাবে বিনোবা ভাবের সামনে সেই ফোরজড্ ডকুমেন্টগুলি পেশ করে জগত সম্মুখে দেখাবার চেষ্টা করলেন তার সেখানে কি বিরাট ইনফ্লুয়েন্স এবং তার জন্য ৫২টি গ্রাম দান করা হয়। এই প্রতারকের নাটক। সেখানে অভিনীত হয় সেই প্রতারকের বিরুদ্ধে আমাদের বক্তব্য এমনি ভাবের দেশের জনসাধারণকে একদিকে বিভ্রান্ত করা আর এক দিকে রাজনৈতিক জুয়া খেলা বা দাবা খেলা জনসাধারণকে বিভ্রান্ত করে রাজনৈতিক হীন চক্রান্ত চরিতার্থ করার যে প্রচেষ্টা তার বিরুদ্ধে নিশ্চয়ই আমরা আমাদের বক্তব্য রাখব। এবং সেই জন্য বিনোবাকে নিয়ে যে ভাবে সেখানে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার প্রচেষ্টা হয়েছে তার বিরুদ্ধে আমরা আমাদের বক্তব্য রাখছি। সঙ্গে সঙ্গে আমি স্মরণ করিয়ে দিই যে বিনোবাভাবে এখন মেদিনীপুরে আছেন কৈ এখন তো সেখানে ডি. আই. জি. দেবব্রত ধর যাচ্ছেন না। কৈ সেখানে মন্ত্রীমণ্ডলী এখন প্রচুর অর্থ ব্যয় করছেন না। আমরা জানি যে এই ব্যাপারে শ্রীসেন সমস্ত ব্যাপার জানেন এবং জেনে শুনে এই ভাবে প্রশাসনিক ব্যবস্থাকে সেখানে কাজে লাগিয়ে প্রচুর অর্থ অপব্যয় করে সেখানে তিনি তার স্নেহের পাত্রী শ্রীমতী মায়া ব্যানার্জীর কনস্টিটিউয়েন্সিকে পাকা করবার চেষ্টা করেছিলেন। সুতরাং আমরা আজকে এই অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে তার কাছে এই বক্তব্য রাখছি তিনি কেন এই ধরণের বিনোবা ভাবেকে নিয়ে ছিনিমিনি খেলছেন। তার রাজনৈতিক উদ্দেশ্য স্বার্থক করবার জন্য দাবার ঘুটি হিসাবে তাকে পরিচালনা করে বাংলাদেশকে কলঙ্কিত করেছেন এবং আমাদের দেশকে এবং জনসাধারণকে বিভ্রান্ত করেছেন। আমি এই সঙ্গে আরও কয়েকটি কথা উল্লেখ করতে চাই যেটা একটু আগে যামিনী সাহা এখানে উল্লেখ করেছিলেন কাকদ্বীপে ইণ্ডাস্ট্রির কি হয়েছে। সেটা তারা অন্য সমস্ত এ্যাপ্লিকেশান ফেলে দিয়ে সেই এ্যাপ্লিকেশানের উপর পাওয়ার লুম তারা পেয়ে গেলেন। জিজ্ঞাসা করতে পারি কি সেই কাকদ্বীপ ইণ্ডাস্ট্রি যেটা হল সেটা শ্রীমতী মায়া ব্যানার্জী বেনামীতে ব্যবসা চালাচ্ছেন এবং শ্রীসেন তা জানেন এবং প্রচুর অর্থ সেই কারখানা পরিচালনা করবার জন্য তার হাতে দেওয়া হয়েছে। শুধ তা নয় এবং সেই সঙ্গে সঙ্গে আমি আরও জানি যে বাংলাদেশে বিভিন্ন জেলায় জেলায় যে ভাবে গুড়া দুধের কারবার চলেছে এবং তাতে যে চোরাকারবারী চলেছে তার মধ্যে বহু কংগ্রেস কর্মী জড়িত আছেন, বহু নেতৃস্থানীয় কংগ্রেস কর্মী আছে। সেই চোরাকারবারীদের বিরুদ্ধে মামলা গুলি তদারক করবার জন্য ভার দিয়েছেন দেবব্রত ধরকে, ডি. আই. জি.কে যিনি শ্রীমতী মায়া ব্যানার্জীর এবং প্রফুল্ল বাবুর অত্যন্ত বশংবদ। ব্যক্তিগত বহু কংগ্রেস কর্মী এর সঙ্গে জড়িত তাদের সেখান থেকে বাচিয়ে দেবার জন্য শ্রীধরকে নিয়াগ করা হয়েছে। তা না হলে বারুইপুরে ফেণ্ডস ইউনিট সেণ্টার সেখানকার লোকাল এম. এল. এ. এবং কংগ্রেস কর্মী ব্ল্যাক মার্কেটিং করবার জন্য যে বারুইপুর ইউনিট সেণ্টার এর বিরুদ্ধে বহু অভিযোগ আছে। তাকে কেন এনফোর্সমেণ্ট এর সামনে তুলে দেওয়া হচ্ছে না। তার কারণ সেই সেণ্টারের যিনি পৃষ্ঠপোষক তিনি হলেন শ্রীমায়া ব্যানার্জী যার জন্য প্রফুল্ল সেন চাওয়া সত্ত্বেও তাকে প্রশ্রয় দিয়ে দুধের কারবারের সঙ্গে লিপ্ত সেই সমস্ত সমাজদ্রোহী আমাদের দেশে যারা কুলাঙ্গার এবং পাপচক্রের সঙ্গে ঘনিষ্ট ভাবে জড়িত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করছেন না। এই কথা আমি এর পূর্বে বলেছিলাম যে প্রিলিমিনারি এানকোয়ারী কমিশনের যে রিপোর্ট শ্রীসেনের কাছে আছে সেই রিপোর্ট বিধান সভার কাছে তিনি উত্থাপন করুন এখানে প্রকাশ করুন তাহলেই দেখা যাবে কারা এই পাপচক্রের এই দুর্নীতির সঙ্গে জড়িত। যে কোন ডিপার্টমেণ্টের দিকে আমরা লক্ষ করি না কেন একটি একটি করে

এর আগে এক বক্তা বলে গেছেন অকল্যাণ্ড হাউসের সম্পর্কে এবং ঐ ফ্রি স্কুল স্ট্রীট যার মাথায় আমাদের এই মুখ্যমন্ত্রী গত ১০ বছর ধরে তিনি ফুড মিনিস্টার তিনি কনজিউমার গুডস-এর কর্তা এবং সেখানে কিভাবে দুর্নীতি চলেছে। আমি এই আগে বহু পারমিটের নাম উল্লেখ করে বলে দিয়েছিলেন, সেই পারমিটগুলি চোরা কারবারে আপনারা চালিয়ে দিয়েছেন আজও আমি সেগুলি উল্লেখ করব যে পারমিট নম্বর ১২০১—যেটা ২৬ টন সিমেণ্ট গেছে মিস্টার নন্দীর নামে সেটা চোরাকারবারে বিক্রী হয়েছে। আমি তাকে বলছি ১২৩৬ নম্বর যে পারমিট ঐ আরামবাগে বিল্ডিং কমিটির নামে বের হয়েছে সেটা কলকাতায় বিক্রি হয়েছে, আমি বলছি ১২০৭ নম্বর পারমিট সেটাও আরামবাগের নামে বের হয়েছে কলকাতার বাজারে বিক্রী হয়েছে। এই যে দেশের অবস্থা যে কোন প্রশাসনিক ব্যবস্থার যে কোন ডিপার্টমেণ্ট ধরি না কেন দীর্ঘ সময় ধরে বলা চলে। কিন্তু আমি এই কথা বলতে চাইছি আপনাদের কাছে যে ১১ নম্বর ফ্রি স্কুল স্ট্রীট যদি বোমা পড়ে কাল ধ্বংস হয়ে যায় যেটা পাপচক্রের এবং দুর্নীতির পীঠভূমি যার মাথায় বসে আছেন আমাদের মুখ্যমন্ত্রী তাহলে আমি খুশী হব। আমরা অনাস্থা প্রস্তাব কেন এনেছি কারণ এই মন্ত্রীসভার রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতির পাপ বাসা বেঁধে আছে। এবং সেই জাল ছড়িয়ে পড়েছে সব জায়গায় তার আর নিস্কৃতি নাই। সেই দুর্নীতির চাপে পড়ে মানুষ আজ মৃত্যুর মুখে এগিয়ে চলেছে। যত আমরা চীৎকার করিনা কেন কিছুই হবার নয়। আপৎকালীন অবস্থায় আমাদের চীৎকার করা উচিত নয় আমি জিজ্ঞাসা করি যে হাঁ আমরা ভারতবর্ষকে ডিফেণ্ড করব। দুই শত্রু সেনার বিরুদ্ধে আমরা লড়াই করব কিন্তু আপনারা কি জানেন না যে ঐ বোমডিলার পতন হবার আগেই ব্রহ্মপুত্রের উত্তর পাশে যে সমস্ত আমলাতন্ত্র ছিল পালিয়ে দক্ষিণ দিকে চলে এসেছিল। সেই দিন ওখানকার চাষী যাদের ওখানকার মাটির সঙ্গে জীবন ওত প্রোত ভাবে জড়িত সেই মানুষ তখন সেদিন রুখে দাঁড়িয়েছিল। আমরা ভুলে যাইনি এবং ভুলতে পারি না তার জন্য আমরা বলি খাদ্যের দাম বেঁধে দিয়ে যদি প্রাইস লাইনকে আপনারা নামিয়ে না আনতে পারেন তাহলে পশ্চিম বাংলার মানুষ কখনই আপনাদের ক্ষমা করবে না। মনে রাখতে হবে আপনাদের যে ঐ বিলেতে গত দ্বিতীয় মহাযুদ্ধের সময় ন্যাশনাল ব্রেড ছিল, শুধু তাই নয় ঐ নাৎসী যারা ফ্যাসিস্ট হিটলারের আণ্ডারে যখন সেখানে চারদিকে বোমা বর্ষণে বার্লিন ক্ষত বিক্ষত তখনও সেই জারমানিতে শ্লোগান ছিল

The purchasing power of mark is sacrosanct next only to the winning of War Coin-clippers should be hanged.

এই ছিল সেদিন নাৎসী জারমানীতে শ্লোগান। দেশের মধ্যে অগণিত দরিদ্র, লাঞ্ছিত, শোষিত এবং নির্যাতিত অসংখ্যক মানুষ আছে তাদের যদি আমরা বাঁচিয়ে না রাখতে পারি যদি তাদের পারচেজিং পাওয়ারের মধ্যে মূল্যমানকে টেনে না নামাতে পারি তাহলে আমরা কখনও শত্রুর বিরুদ্ধে লড়াই করে পারব না। মনে রাখতে হবে

Agriculturists form a second defence line and the agriculturists who are producing the ration, food are groaning under starvation.

কিন্তু এই দেশের এই পরিস্কার ছবি দেখি ওপাশের মাননীয় শুক্লা সাহেব যখন বক্তৃতা করেন অন্যান্য সদস্যরা যখন বক্তৃতা করেন তখন আমার সেই মুসলীম লীগের কথা মনে পড়ে যখন দুর্ভিক্ষে বাংলাদেশের লক্ষ লক্ষ লোক মারা যাচ্ছিল এই পাশে দাঁড়িয়েও তাঁরা চীৎকার করে বলেছেন না কোন দুর্ভিক্ষ দেখা দেয়নি। আজকে আমাদের দেশের সামনে তাই চরম অবস্থা একদিকে দুর্নীতি আরেক দিকে প্রাইস লাইনকে হোর্ড করবার জন্য দেশের লাঞ্ছিত মানুষের দুঃখ বেদনা সে বেদনার প্রতি আপনারা চরম অপমানের পরিচয় দিয়েছেন।

আজকে বাংলাদেশের মানুষকে অক্টোপাস-এর মত বেঁধেছে এবং গ্রামের মানুষের রক্ত চুষে খাচ্ছে। এই অক্টোপাস কংগ্রেস সরকারের নীতির মধ্যে রয়েছে এবং সেইজন্য এই নীতিকে আমরা পদাঘাত করি। শুধু তাই নয়, এঁরা মানুষের হৃদয় নিয়ে ছিনিমিনি খেলছে সেইজন্যও এঁদের নীতিকে আমরা পদাঘাত করি। স্যার, এঁরা মানুষের হৃদয়ের দাম না দিয়ে মনুষ্যত্ব এবং বিবেক মজুতদারদের পায়ের তলায় লুটিয়ে দিয়েছে সেইজন্য এঁদের নীতির বিরুদ্ধে আমরা অনাস্থা প্রস্তাব এনেছি এবং গ্রামের মানুষ যারা আইন অমান্য করবার জন্য পদযাত্রায় এসেছে তারাও এই নীতির প্রতি পদাঘাত জানায়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় এটি অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এবং তার উপর দীর্ঘ সাড়ে পাচ ঘণ্টা যাবত যে আলোচনা হোল তা শুনলাম। এই বিতর্কে বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের যে বক্তৃতা শুনলাম তাতে দেখছি তার মধ্যে অনেক আস্ফালন রয়েছে, অনেক মেলোড্রামা রয়েছে, অনেক থিয়েটারী যাত্রার ঢং রয়েছে কিন্তু কোন যুক্তি বা তথ্য নেই। আমরা যে সমস্ত কথা শুনলাম তা এই ১৫ বছর ধরে বিধান-সভায় যে সমস্ত কথা আমরা বার বার শুনেছি তারই পুনরাবৃত্তি মাত্র। নূতন যা শুনলাম তা হচ্ছে ভিত্তিহীন অসত্য কথা, ব্যক্তিগত কুৎসা এবং আর নূতন যা শুনেছি তা হোল ফুড ডিবেট-এর পুনরাবৃত্তি। স্যার, আমি ভাববার চেষ্টা করেছিলাম যে এই এটি অনাস্থা প্রস্তাবের কি প্রয়োজন ছিল, এর মটিভ কি ছিল? তবে এটা বুঝতে অসুবিধা হোল না যে এই অনাস্থা প্রস্তাবের মাধ্যমে কমিউনিস্ট পার্টি অব ইণ্ডিয়া-র পশ্চিমবঙ্গ শাখা যার অস্তিত্ব শেষ হয়ে গেছে তাঁরা আবার পলিটিক্যাল রিহ্যাবিলিটেশন চাচ্ছেন।

(নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপসনস্)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় কমিউনিষ্ট পার্টির অস্তিত্ব শেষ হয়ে গেছে তাই তাঁরা নিজেদের অস্তিত্ব পুনরুদ্ধার করবার জন্য চেষ্টা করছেন এবং এই অনাস্থা প্রস্তাবের মাধ্যমে পলিটিক্যাল রিহ্যাবিলিটেশন চাচ্ছেন। তবে একটা জিনিস দেখে আমি খুবই দুঃখিত হলাম যে ফরওয়ার্ড ব্লকের সর্বজন শ্রদ্ধেয় নেতা হেমন্তবাবু তাঁদের সেই ফাঁদে পা দিয়েছেন। তবে শুধু পা দিয়েছেন তা নয়, কমিউনিস্ট পার্টির সঙ্গে হাত মেলাযনি বলে তাঁর দলের অর্ধেক লোকের বিরুদ্ধে আজকে তাঁকে ডিসিপ্লিনারি এ্যাকশন নিতে হয়েছে। এর কারণ কি আমরা বুঝতে পারছি না? আমরা দেখেছি যেদিন নো কনফিডেন্স-এর প্রস্তাব আনা হয়েছিল সেদিন হেমন্তবাবুর পার্টির অর্ধেক লোক পার্টি হুইপ মানতে চায়নি—অর্থাৎ কমিউনিস্ট পার্টির সঙ্গে হাত মেলাতে স্বীকার করেনি। আমার মনে হয় কুচবিহারের সেই সমস্ত যুবক এম. এল. এ. রা যদি আজ এখানে থাকতেন তাহলে নিশ্চয়ই তাঁরা কমিউনিস্ট পার্টির সঙ্গে হাত মেলাতেন না, এই চীনা পন্থীদের সঙ্গে হাত মেলাতেন না। কিন্তু তিনি চীনা পন্থীদের সঙ্গে হাত মেলাতে গিয়ে তাঁর দলের অর্ধেক লোককে আজ বাইরে রেখে দিয়েছেন।

[5-30—5-40 p.m.]

আজকে সম্মিলিত চেষ্টা হচ্ছে যাতে কমিউনিস্ট পার্টিকে রি-হ্যাবিলিটেশন করা যায়। আমরা দেখছি, আগের নির্বাচনেও দেখেছি বার বার কমিউনিস্ট পার্টির কাছে বামপন্থীরা কমিউনিস্ট পার্টির কাছে দাসখত লিখে দিয়েছে। গত ৬ মাস দেশের ইমার্জেন্সীর সময় তারা সময় কিছুটা সরে থাকার ভাণ করেছিল, আমাদের সঙ্গে কমিউনিস্ট পার্টির পার্থক্য অস্বীকার করি না, কিন্তু আজকে সেই ভেকটা ফেলে দিয়ে আবার কমিউনিস্ট পার্টির ল্যাংবোট হয়ে এখানে তাঁরা উপস্থিত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে সমস্ত দেশে সংসদীয় গণতন্ত্র আছে, সেই সমস্ত দেশে যখন বিরোধী পক্ষ থেকে অনাস্থা প্রস্তাব আনা হয়, তখন সেই অনাস্থা প্রস্তাব যথেষ্ট গুরুত্ব দিয়ে আনা হয়, কারণ সেই সমস্ত দেশে যাঁরা অনাস্থা প্রস্তাব আনেন সেই সমস্ত বিরোধী দল মনে করেন যে তাঁরা সরকারের পতন ঘটিয়ে দায়িত্বশীল বিকল্প সরকার তাঁরা গঠন করবেন। তাই তাঁরা যেকথা বলেন, যে তথ্য পরিবেশন করেন তার প্রত্যেকটির মধ্যে গুরুত্ব থাকে, সেই মনোভাব থাকে। আমাদের এখানে যাঁরা অনাস্থা প্রস্তাব এনেছেন তাঁরা জানেন বিপুল ভোটে পরাজিত হবেন তার জন্য আজকে দেখতে পাচ্ছি তাঁদের নিজেদের উপর আস্থা নেই। গোড়া থেকেই একটা ডিফিটিস্ট মেণ্টালিটি নিয়ে এসেছেন। তাদের অনাস্থা প্রস্তাবের মধ্যে তথ্য নেই, যুক্তি নেই কেবল মাত্র ব্যক্তিগত কুৎসা রয়েছে। তাই একের পর এক দেখতে পাচ্ছি যে তাঁরা হয় কোন মন্ত্রী মহাশয়কে না হয় আমাদের পক্ষীয় কোন সদস্যকে, নইলে কোন সরকারী কর্ম-কর্মচারীর বিরুদ্ধে একের পর এক ভিত্তিহীন অভিযোগ করে চলেছেন। আজকে আমাদের বন্ধু শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়-এর কথা বলেছেন, তার ভগ্নীপতির কথার জবাব দেবার সময় পূরবী দেবী হয়ত যেকথাটা বলতে চেয়েছিলেন বলতে পারেন নি আমি সেটা একটু বলতে চাই। ব্যক্তিগতভাবে তাঁর সঙ্গে আমার যথেষ্ট পরিচয় আছে, তাঁর যে ভগ্নীপতির কথা বলা হয়েছে, মাননীয় সদস্য মহাশয় যদি একটু অনুসন্ধান করেন তাহলেই খবর নিতে

পারেন যে ভগ্নীপতির কথা বলা হয়েছে তিনি কাণপুরে থাকেন, তাঁর যিনি স্ত্রী ছিলেন, পূরবী দেবীর ভগ্নী তিনি গত ১০ বৎসর যাবৎ মৃতা, তিনি আবার বিবাহ করেছেন, তাঁর সঙ্গে আদৌ কোন সম্পর্ক নেই। এই ধরণের মিথ্যা পরিবেশন করে যে কি লাভ হয় তা বুঝি না। আমরা এই ধরণের মিথ্যা বিধান সভার বাইরে নির্বাচনের সময় বার বার শুনেছি, এই ধরণের কথা বার বার শুনে শুনে দেশের জনসাধরণের কাণ ঝালাপালা হযে গেছে। তারা বার বার এর জবাব দিয়েছে, তিন তিনটা সাধারণ নির্বাচনে তারা এর জবাব দিয়েছে, তবু এই ধরণের অসত্য ভাষণ করে কি লাভ হয় জানি না। আজকে আমাদের বন্ধু স্বায়ত্ত্ব শাসন মন্ত্রী সম্বন্ধে এখানে কিছু কথা বলা হয়েছে। বন্ধু কানাইবাবু বলেছেন, ফুড ডিবেটের সময় ননীবাবু বলেছিলেন। তখন স্বায়ত্ত শাসন মন্ত্রী শৈলবাবু শুধু যে অস্বীকার করেছিলেন তা নয়, চ্যালেঞ্জ দিয়েছিলেন, এই হাউসের সুযোগ নিয়ে না বলে যদি বাইরে এসে বলেন তাহলে এর উপযুক্ত ব্যবস্থা হতে পারে। একথা বললে মানহানির জন্য দণ্ডনীয় হবেন সেজন্য বাইরে বলতে সাহস করেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের সদস্য হিসাবে আমাদের প্রত্যেকের ব্যক্তিগত অধিকার আছে, প্রিভিলেজ আছে এই সভায় আমরা যে সমস্ত কথা বলি তার জন্য আমরা দণ্ডনীয় নই, গণতন্ত্রে এই অধিকার আমাদের দিয়েছে, বিধান সভার প্রতিনিধিদের, যাতে আমরা নির্ভয়ে দেশের কথা, দেশের জনসাধারণের কথা প্রতিনিধি সভায় জনসাধারণের সামনে তুলে ধরতে পারি। আজকে সেই প্রিভিলেজের সুযোগ নিয়ে, মহান গণতন্ত্রের সুযোগ নিয়ে এই ধরণের অসত্য ভিত্তিহীন কুৎসা এতগুলি ব্যক্তির বিরুদ্ধে বলা হচ্ছে। মাননীয় শৈলবাবু, স্বায়ত্তশাসন মন্ত্রী যেকথা এখানে বার বার প্রকাশ্যে অস্বীকার করেছেন সেকথা তাঁরা কেন বাইরে বলেন না? এর আগেও ফুড ডিবেটের সময় কালচিনির সদস্য ননীবাবু বলেছিলেন শৈলবাবু ম্যাকলিয়ড কোম্পানীর ডিরেক্টর ছিলেন। যেকথা মাননীয় শৈলবাবু অস্বীকার করেছেন, কালচিনির সদস্যকে চ্যালেঞ্জ দিয়েছেন, কিন্তু সেকথা মাননীয় সদস্য মহাশয়ের বাইরে গিয়ে বলার সাহস নেই।

(শ্রীননী ভট্টাচার্য: দরকার হলেই বলা হবে।)

তিনি খুব ভাল জানেন যে বাইরে গিয়ে এই সমস্ত কথা বলার সৎ সাহস নেই। তাঁরা জানেন যে, যে সমস্ত কথা বলেছেন সেই সমস্ত কথা অসত্য।

শ্রীননী ভট্টাচার্য: আমি এই চ্যালেঞ্জ এ্যাক্সেপ্ট করছি।

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত: একটা কথা এখানে বিতর্কের সময় শোনা গিয়েছিল যে কংগ্রেসের তরফ থেকে যে ডিফেন্স এড কমিটি তৈরি করা হয়েছিল তারা নাকি সরকারের সমস্ত কিছু শক্তি, এ্যাসেটস, যা কিছু জিনিস অপব্যবহার করছে। আমি সদস্যদের আপনার মাধ্যমে জানিয়ে দিতে চাই যে যেদিন এমারজেন্সি হয়েছে তার পরের দিন পশ্চিমবঙ্গের কংগ্রেস ডিফেন্স এড কমিটি করেছিলেন। যেদিন কেন্দ্রীয় সরকার থেকে স্পষ্ট ভাষায় প্রত্যেক প্রাদেশিক সরকারের উপর নির্দেশ এসেছে যে ন্যাশন্যাল ডিফেন্স করতে হবে সেদিন এই কংগ্রেস দল ডিফেন্সের সমস্ত শক্তি সরকারের কাছে সমর্পণ করে দিয়েছে। যে কাজ কংগ্রেস করতে অগ্রণী হয়েছে সেকাজে অন্য সমস্ত দল পিছিয়ে পড়েছিল। এটা সমালোচনার বিষয় নয়, এটা গর্বের বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায়ই এই সভার মধ্যে শুনি যে কংগ্রেসের উপর কারোর আস্থা নেই। এঁদের হয়ত আস্থা নেই, জানি না আছে কিনা। হেমন্তবাবু বলেছেন আগে ছিল এখন নেই, কবে আস্থা ছিল জানি না, এখন তাঁর অনাস্থা এসেছে,। এ ছাড়া আমার শ্রদ্ধেয় বন্ধু কমিউনিস্ট ব্লকের অমর বাবু বললেন অনাস্থা আগেও ছিল না এখনও নেই, তবে ঘৃণা আছে। অনাস্থা যদি নেই তবে কি জন্য অনাস্থা প্রস্তাব সমর্থন করছেন তা বুঝতে একটু অসুবিধা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের উপর এবং কংগ্রেস সরকারের উপর আস্থা আছে কিনা সেটা দেশের লোক ১৯৫২, ১৯৫৭ এবং ১৯৬২ সালে পর পর তিনটা জেনারেল ইলেকসানে বুঝিয়ে দিয়েছে। শুধু তাই নয়, মাত্র ৩ মাস আগে আমাদের সমস্ত পশ্চিমবঙ্গ জুড়ে পাঁচ পাঁচটি বাই-ইলেকসান হয়েছে—পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় হয়েছে, বৃহত্তম জেলা ২৪ পরগণায় হয়েছে, বাঁকুড়ায় হয়েছে, বর্ধমানে হয়েছে এবং পুরুলিয়া জেলার যে হুড়া কেন্দ্র নিয়ে এত চিৎকার করছেন এবং সেই হুড়া কেন্দ্রে হয়েছে এবং প্রত্যেক ক্ষেত্রে বিপুল ভোটে কংগ্রেস

জয়ী হয়েছে এবং জনসাধারণ জানিয়ে দিয়েছে কংগ্রেসের উপর তাদের কতখানি আস্থা আছে। এই পাঁচটা বাই-ইলেকসানে জেনারেল ইলেকসানে যতখানি মার্জিন ছিল তার চেয়ে মার্জিন বেড়ে গেছে। মি: স্পীকার, স্যার, আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই যে কংগ্রেস জনসাধারণের প্রতিনিধিত্ব করছে এবং সেজন্য জনসাধারণের উপর তাঁদের শ্রদ্ধা আছে। আমরা বাংলাদেশের জনসাধারণকে শ্রদ্ধা করি। আমরা কোন দিন মুখ ফুটে এ কথা বলব না বা বিশ্বাস করব না যে বাংলা দেশের জনসাধারণ ঘুষ খেয়ে ভোট দিয়েছে। যাঁদের জনসাধারণের উপর আস্থা নেই, যাঁরা ব্যাঙ্ক অব চায়নার টাকা খেয়ে এতদিন রাজনীতি করছেন তাঁরা হয়ত বাংলার জনসাধারণকে এতখানি ঘৃণা সহকারে দেখতে পারেন। আমরা বাংলার জনসাধারণকে শ্রদ্ধা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নবদ্বীপ থেকে যে মাননীয় সদস্য মাঝে মাঝে ভাঁড়ামির কথা বলে থাকেন তিনি আমার ব্যক্তিগত নামে কুৎসা করলেন। তিনি যদি লিখিতভাবে কুৎসা করেন তাহলে আমি তার জবাব দিতে প্রস্তুত আছি। যাই হোক, আমি বলতে চাই যে বাংলা দেশের কংগ্রেসের উপর জনসাধারণের আস্থা দিনের পর দিন বাড়ছে এবং আজকে তা সর্বোচ্চ শৃঙ্গে পৌছে গেছে। গত পাঁচটা বাই-ইলেকসান তার প্রমাণ এবং আজকে এখানে যে ভোট হবে তাতেও বিপুল ভোটে কংগ্রেস জয়ী হবে. সেটা সত্যিকারের বাংলাদেশের জনপ্রতিনিধিদের রায়, সেটা সত্যিকারের জনসাধারণের রায় হবে। আমি প্রত্যেকটা অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি এবং আপনার মাধ্যমে প্রত্যেক সদস্যের কাছে নিবেদন করছি তাঁরা বিপুল সংখ্যা প্রয়োগ করে বাংলা দেশের জনসাধারণের মত প্রকাশ করুন।

Dr. Kanai Lal Bhattacharya: On a point of explanation on behalf of our party, Sir,

মাননীয় শ্রীঅশোক কৃষ্ণ দত্ত এই মাত্র বললেন যে কুচবিহারের ফরোয়ার্ড ব্লকের সদস্যদের উপর হেমন্তবাবু ডিসিপ্লিন্যারী অ্যাকশন নিয়ে কৌশলে তাঁদের সরিয়ে রেখেছেন। আমি কেবল এটুকু বলতে চাই যে আমাদের পার্টির তরফ থেকে ডিসিপ্লিন বজায় রাখবার জন্য আমরা চেষ্টা করেছি।

মি: স্পীকার: ঠিক আছে, বসুন।

[5-40—5-50 p.m.]

শ্রীসৈয়দ আবদুল মনসুর হাবিবুল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্কে যোগদান করতে উঠে আমি প্রথমে অতি বিনীত সহকারে আপনার সামনে একটা নূতন কথা বলতে চাই। আমি এই গৃহেতে যখন নূতন সদস্য হিসেবে প্রথম এসেছিলাম তখন যে কংগ্রেসী মন্ত্রিসভা ছিল যদিও তার মুখ্যমন্ত্রী পরিবর্তন হয়েছে কিন্তু সেই মন্ত্রীসভা আজকে রয়েছে এবং সেই মন্ত্রীসভা আমাদের যে নূতন কথা শুনিয়েছেন সেই নূতন কথার উত্থাপন করে আমি আমার বক্তব্য বলতে চাই। আমাদের কাছে তখন একটা নতন কথা বলা হয়েছিল যে বাংলাদেশে গোবর কুড়ানো হবে সার রক্ষার জন্য এবং আমাদের উৎপাদন বাড়াবার জন্য। আমি একথা উত্থাপন করলাম এজন্য যে এই মন্ত্রীসভার যাঁরা নীতি নির্ধারক তাঁরা দেশের উৎপাদন ব্যবস্থাকে কি নজরে দেখেন, কতখানি অবহেলার দৃষ্টিতে দেখেন তার এটা প্রমাণ যে সেই কাউ ডাং পরিকল্পনার আর কোন কিছু তারপর থেকে শোনা যায়নি। সেই যে গোবর কুড়ানো ব্যবস্থা তখন শ্রীমতী রাজ্যপাল আমাদের সামনে কংগ্রেসী মন্ত্রীসভার নীতি হিসাবে এখানে রেখেছিলেন পরবর্তীকালে সেই গোবর কুড়ানোর আর কোন কিছু আমরা শুনতে পাইনি। এ সম্বন্ধে তাদের ধারণা কি রয়েছে, তার পিছনে কি রয়েছে আমার কাছে একটা ভাষণ আছে, এটা আমাদের কারো বক্তব্য নয়—এটা পণ্ডিত নেহরুর ভাষণ। লুধিয়ানার পাঞ্জাব এগ্রিকালচারাল ইউনিভার্সিটির উদ্বোধনের সময় তিনি যে বক্তৃতা করেছেন সেটা আপনার মাধ্যমে আমি এই হাউসের সামনে রাখতে চাই।

"I often hang my head in shame when I think that a nation with 70%—its population engaged in agriculture depends on foreign countries for its food requirements. India's failure to attain self-sufficiency in food even fifteen years after independance disturbs my mind more than the Chinese agression.".

আমি একথা বলতে চাই যে ভারতের প্রধানমন্ত্রী যে দৃষ্টিভঙ্গী দিয়ে ভারতের খাদ্য ঘাটতি এবং খাদ্যোৎপাদনের কাজে আমাদের সরকারের ব্যর্থতাকে তুলে ধরেছেন সেই দৃষ্টিভঙ্গী দিয়ে খাদ্য ডিবেটের মধ্যে বা আজকের আলোচনার মধ্যে কংগ্রেসী সদস্যদের কাছ থেকে যদি কিছু শুনতে পেতাম একটা প্রতিবাদ যে বাংলা দেশে এই ৪২ লক্ষ টনের জায়গায় আগামী বছরে অন্তত ৪৫ লক্ষ টন কি ৫০ লক্ষ টন করার ব্যবস্থা নিয়েছেন এবং এই করছি। এই হাউসের সামনে যদি কংগ্রেসী সদস্য শ্রীঅশোক কৃষ্ণ দত্ত আমাদের এ সম্বন্ধে পরিকল্পনাটা ছুঁড়ে দিয়ে যদি বলতেন যে আমাদের এই পরিকল্পনার সঙ্গে যোগ দেন তাহলে আমি নিশ্চয়ই আমার প্রফেসনের ক্ষতি করে সেই পরিকল্পনায় যোগদান করবার চেষ্টা করতাম যাতে দেশে খাদ্যোৎপাদন বৃদ্ধি হয়। কিন্তু তা করা হয় নি। আপনি দেখুন আমার সামনে যে রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট আছে—রিজার্ভ ব্যাঙ্কের কো-অপারেটিভ সম্বন্ধে আমরা অনেকবার বলেছি। বাংলা দেশের সমবায় প্রথা কেন ব্যর্থ হয়েছে——আপনি দেখবেন এখানে 'Though in some States large numbers of villages are technically coverd d by societies.

ওয়েষ্ট বেঙ্গল সম্বন্ধে কি বলা আছে সেইটুকুই বলছি—ওয়েষ্ট বেঙ্গল সম্পর্কে বলা হয়েছে—

Thus in West Bengal while 57 per cent of the villages were covered by societies, as many as 27 per cent were covered by dormant societies which constituted more than half the credit societies in the State."

আমরা বিভিন্নভাবে বক্তৃতায় বলেছিলাম যে বাংলা দেশে কৃষকের উৎপাদন ব্যবস্থার সবচেয়ে বড় অসুবিধা কোন খানে? সেটা হচ্ছে কৃষক চাষের সময় তার উপযুক্ত সাহায্য পেয়ে থাকে না। কৃষক চাষ যখন করে এবং চাষের যখন বৃদ্ধি হতে থাকে এবং যখন তার সারের প্রয়োজন হয় তখন বেশী করে তাকে সার দিতে হয় সে সময় তার যে সাহায্যের প্রয়োজন তা তারা পায় না। এটা একটা মাত্র দিক যেটা আমি তুলে ধরতে চাই—সমগ্র উৎপাদন ব্যবস্থার কথা এখানে উপস্থাপন করতে চাই না। কিন্তু এই ভাবে যে কৃষক পায় না এবং আজও যে পাচ্ছে না যে পরিমাণ আমরা ঋণের ব্যবস্থা করছি তার দ্বারা সেটা উৎপাদন বৃদ্ধির যে কমিটি হয়েছে তারা বলছে যে সে লোন তাদের কাছে পৌঁছতে পারে না সে রকম ঋণের ব্যবস্থা আমাদের দেশে নেই এবং খাদ্যোৎপাদন যে আমাদের দেশে বাড়ানো হয় না তার পেছনে যে নীতি নির্ধারিত রয়েছে সেটা একোরেই ভুল। খাদ্য ফসলের উৎপাদন বাড়ুক এটা আপনারা চাচেছন। আপনারা চাচেছন এই জন্য যে কৃষক শ্রেণীর মধ্যে যে একটা উপরের শ্রেণীর লোক রয়েছে তাঁরা জানেন যে তাদের কাছে যদি এই ধানের বৃদ্ধি দামটা তাদের কাছে পৌঁছোয় তারা আপনাদের স্থিতিশীল করে রাখার ব্যবস্থা করবে। যত ভোটের বক্তৃতা হচ্ছে সেখানে সেটা কিন্তু নয়। এই খাদ্য নীতি এটা শুধু যে ব্যবসাদার ও হোর্ডারদের জন্য হচ্ছে তা নয়, আপনারা যেমন চেষ্টা করেছেন তেমনি ইংরাজ এক দল জমিদার শ্রেণী বাংলা দেশের গ্রামে গ্রামে খাড়া করে রেখেছিল তাদের পৃষ্ঠপোষক হিসাবে ঠিক তেমনি আপনারাও রেখেছেন। আপনাদের এই যে খাদ্য নীতি সেই খাদ্য নীতি আপনাদের সাহায্য করে বলে আপনারা এটাকে রেখেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন না যে ৭ লক্ষ টনের অনেক বেশী বিক্রি হচ্ছে বাংলা দেশে। আমি তাঁদের কথা উত্থাপন করেই বলছি যে কথা শ্রীশঙ্কর দাস ব্যানার্জি এর আগেও বলেছেন যে মুখ্যমন্ত্রী এখানে বলেছেন যে ট্রান্সিস্টার রেডিও এখানে বিক্রি হচ্ছে, সাইকেল বিক্রি হচ্ছে, ঘড়ি বিক্রি হচ্ছে——কি দিয়ে বিক্রি হয়েছে? পশ্চিমবঙ্গে কতটুকু আলু বা পাট উৎপাদন হয় তার সংখ্যা আপনাদের কাছে অনেক বেশীই আছে। আমি বলছি এই যে বিক্রি হয় তা শতকরা ৭০।৮০ ভাগ ধানের বদলে বিক্রি হয়ে থাকে। কংগ্রেসের লোক দাঁরা এখানে আছেন গ্রামাঞ্চলের তাঁরা সে কথা বলুন। মাননীয় সদস্য শ্রীপ্রতাপ চন্দ্র চন্দ্র তিনি বলেছেন যে তিনি নাকি অভিভূত হয়ে পড়েছেন মুখ্যমন্ত্রীর বক্তৃতায়। কি অভিভূত তিনি হয়েছেন? আমরা যখন গ্রামাঞ্চলে যাচ্ছি তখন দেখছি যে গ্রামাঞ্চলে ধান চালের ব্যবসা অত্যন্ত বেড়ে গেছে যেখানে একটা মোকাম ছিল সেখানে দু-তিনটা মোকাম হয়েছে। যেখানে যেখানে আপনারা পীচের রাস্তা তৈরী করছেন সেখানে সেখানে মোকাম বেড়ে যাচ্ছে, হাস্কিং মেসিন অনেক বাড়ছে, ধানের কল বাড়ছে এবং ধান চালের ট্রেড আজকে বাংলা দেশের গ্রামে গ্রামে অনেক বৃহৎ আকার ধারণ করেছে। কেউ যদি বলেন যে সংখ্যাতত্ত্ব দিয়ে প্রমাণ করতে আমি তা পারবো না কারণ আমার কাছে সাঁচীর খাদ্য

নেই। কিন্তু আমি একথা বলতে পারবো যে এই যে আপনারা দেখাচ্ছেন যে এতে চিনি ব্যবহার করছে, এতো সাইকেল ব্যবহার করছে, এতো রেডিও ব্যবহার করছে, এটা ধানের বদলে ব্যবহার করছে এবং সেই যে ধনী চাষী যারা আপনাদের পৃষ্ঠপোষক হয়ে আছে তারাই কিনছে এবং তারাই যাতে গ্রামে গ্রামে থাকতে পারে তার ব্যবস্থা আপনারা করছেন।

5-50—6 p.m.]

শুধু একটা দিক আমি আলোচনা করলাম আপনাদের কাছে যে আপনাদের খাদ্য নীতি আসলে সৃষ্টি করছে একদল প্রফিটিয়ারস, সহরে এবং গ্রামের কুলাক শ্রেণীর একদল লোক। এর ফলে গ্রামের সাধারণ গরীব মানুষ তার কি অবস্থা আজকে বাংলা দেশে? আজকে মন্তেশ্বর যান দেখবেন ক্ষেত মজুররা—আপনারা বলবেন আটা কেনে না—আটা কিনে রুটি ভেজে ১৪ আনা দিয়ে গুড় কিনে খাবার অবস্থা তাদের নেই, তাই তারা রুটি খেতে পারে না। কারণ তারা গুড় দিয়ে রুটি খায় কিন্তু ১৪ আনা দিয়ে গুড় কিনতে পারছে না। এইত অবস্থা। একদিকে যেমন আটা খেতে বাধ্য করছেন তেমনি সেটা যে একট গুড় দিয়ে খাবে সে ব্যবস্থাটা নেই। এই হচ্ছে বাস্তব অবস্থা, সে কথা তারা বলেছে আমাদের। আমি একটা উদাহরণ দিই, গত রবিবারে আমি আমার গ্রামে ছিলাম, সেখানে দেখেছি কি করলে মানুষের উৎপাদন বাড়তে পারে। এক বিঘা জমিতে একটা লোকের পাট নষ্ট হয়ে গেলো। আমি তাকে জিজ্ঞাসা করলাম তোমার পাট নষ্ট হয়ে গিয়েছে তুমি এখানে আউস দিতে পার না? অন্ততঃ কার্তিকশাল আউস দিতে পারো না? দিতে পারি খরচটা দেন আপনি। আমি এই অবস্থায় মনে করি বাংলা দেশে যদি কংগ্রেস প্রতিষ্ঠান এই রকম মনে করতো, অন্ততঃ ন্যাশনাল ইমার্জেন্সির মধ্যে যে বিপুল সংখ্যক জন সমথন আপনি পেয়েছিলেন গ্রামে গ্রামে ঐ যে আপনি শোলকপের বই পড়ছেন কি করে তারা কালেকটিভ ফার্মিং করে, কি করে তারা চাষ করে, সেখানে একটা জমিতে কেন ধানের ফলন নষ্ট হয়ে যাচ্ছে সেটা কংগ্রেস কমিটি আপনার কাছে রাখতো, টেলিগ্রাম করতো প্রফুল্ল বাবুর কাছে যে এখানে টাকা দেওয়া হোক, আসুন ঐ ব্লক ডেভেলপমেণ্ট অফিসার, এগ্রিকালচারাল অফিসার নিয়ে যেখানে পাট নষ্ট হয়ে গিয়েছে সেখানে আউস ধান করার জন্য নিড়েন করে দিই, এই দৃষ্টিভঙ্গী কি আপনার আছে? সমস্ত অর্গানিজেশনের যে প্রডাকশন ক্রম ভিলেজ টু ভিলেজ করবো সেই দৃষ্টিভঙ্গী আজ আপনার নেই। কেন নূতন দৃষ্টিভঙ্গী হতে পারে না? কে বলেছে প্রতাপ বাবুর কথায় আমি অভিভূত হবো, কেন অভিভূত হবো, দুনিয়ায় অন্য দেশে কি করে করছে তার নজীর পাচ্ছি না? আপনার দেশে আপনি করতে পারেন না কেন? ন্যাশনাল ইমার্জেন্সি দিয়ে ছিল আপনাকে সেই সুযোগ, প্রচুর জনসমর্থন আপনার পিছনে এসেছিল, সেটা করতে পারেন নি কেন? তখন উপহাস করেছিলেন যখন জানুয়ারী মাসে বলেছিলাম এই যে ট্রেডাররা ধান কিনে নিয়ে যাচ্ছে, গ্রামে গ্রামে রাখুন কিনে কিনে। অন্ততঃ প্রত্যেক গ্রামে একটা এ্যালটমেণ্ট রেখে দেবার ব্যবস্থা করুন। তা ত করেন নি। তখন বলেছিলেন না, কেনার দরকার নেই। গ্রামের ধান চলে যাচ্ছে না? যে লরী আসছে আসানসোল থেকে মন্তেশ্বরে কয়লা নিয়ে সেই লরী নিয়ে যাচ্ছে ধান। যে লরী আপনার কলকাতা থেকে সার নিয়ে যাচ্ছে, নিয়ে আসছে সেখান থেকে ধান। প্রতিদিন লোকে দেখতে পাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি না, আপনাদের নজর নেই? আছে । হাজার হাজার, লক্ষ লক্ষ মণ ধান আসছে। ধান হচ্ছে ট্রেড, ধান হচ্ছে জীবন। উকীলের পয়সা, ব্যবসায়ীদের পয়সা, সমস্ত কিছু ওয়েষ্ট বেঙ্গলে যদি বলেন তাহলে ধানই হচ্ছে মানিক্রপ, তা শুধু খাদ্যের ফসল নয় এবং তারই ভিত্তিতে আজ গ্রাম্য সমাজ বেঁচে আছে এবং গ্রাম্য সমাজের ঐ উপরের স্তর বেঁচে আছে এবং ওরাই আপনাকে ভোট দিয়ে পুষ্ট করার ব্যবস্থা করছে

এবারে আমি একটুখানি আলোচনা করবো আপনার লেবার পলিসি সম্বন্ধে। ন্যাশনাল ইমার্জেন্সির পরে কি অবস্থা হয়েছে? আপনাদের এখানে জাতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস থেকে তার প্রতিবাদ জানিয়েছেন। আমি এখানে আপনাদের কংগ্রেসী মহলের একটি পত্রিকার একটি কোটেশান তুলে ধরবো। আমাদের জাতীয় টি. ইউ. সি.—শুক্লা সাহেব যার সদস্য বোধ হয়—তাঁদের কথায় সেখানে বলেছেন,

Prior to the declaration of the emergency only a third of the total or 24,000 looms in the jute industry were under double loom operation. The position has so much

changed that today only a third of the total remains to be brought under double loom operation. This is in complete violation not only of the truce resolution but also of a State Government recommendation. This measure will render 12,000 men jobless. Sometime ago the West Bengal Branch of the INTUC submitted to the Labour Minister a list of violations of the resrolutions by the employers.

ইত্যাদি ইত্যাদি তাঁরা খবর দিয়েছে। আমরা কি দেখছি, ইনডাস্ট্রিয়াল ক্ষেত্রে, আদালতের ক্ষেত্রে, সমস্ত ওয়ার্কারদের নানা রকম অজুহাতে ধরে আনা হচ্ছে, ডিসমিস করা হচ্ছে, চাকরী থেকে বরখাস্ত করা হচ্ছে এবং তাদের বিরুদ্ধে ক্রিমিন্যাল কেস করে তাদেরকে হয়রাণ করা হচ্ছে সমস্ত জায়গায় এই আপনার ন্যাশন্যাল ইমার্জেন্সির সমর্থন নিয়ে। ই. এম. সি. তে আজকে প্রায় ৪৩ দিন ধরে স্ট্রাইক চলছে। ই. এম. সি. একটা জায়গা যেখানে আপনার ডিফেন্স প্রডাকশন তৈরী হয়। এই ই. এম. সি.র স্ট্রাইককে ইল্লিগ্যাল করবার জন্য বলা হয়েছে কিন্তু কেন করতে পারেন নি? ওয়ার্কারেরা কেন্দ্রীয় মন্ত্রীকে, ডিফেন্স মন্ত্রীকে জানিয়েছে যে, আমরা সব সময় এই উৎপাদন ব্যবস্থা চালু রাখতে প্রস্তুত আছি এবং আমরা করছি কিন্তু আমাদের ম্যানেজমেণ্ট এখানে বাধা দিচ্ছে। একথা আজকে লেবার মিনিস্টার স্বীকার করুন যে আজ ই. এম. সি.র স্ট্রাইক কেন মিটছে না। ওয়ার্কাররা রাজী আছে কিন্তু তারা ডিফেন্স প্রডাকশনে বাধা দিচ্ছে। তা নাহলে আপনি ইল্লিগ্যাল স্ট্রাইক ডিক্লেয়ার করতে পারতেন কিন্তু করতে পরেন নি। আজকে সমস্ত জায়গায়—এটা আমাদের বক্তব্য নয়, কেন্দ্রীয় ইউ. এন. টি. আই. সি.র বক্তব্য এম্প্লয়াররা এক তরফা ওয়ার্কারদের মেরে যাচ্ছে, পিটিয়ে যাচ্ছে, গুড়ো করে যাচ্ছে, ওয়ার্কাররা তার বিরুদ্ধে দাঁড়াতে পারছে না। তারা তাদের বক্তব্য দিয়েছে তবুও আজকে গভর্নমেণ্টের তরফ থেকে তাদের যে সমর্থন দেওয়া উচিত সে সমর্থন তাদের দেওয়া হচ্ছে না। বরং ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশনের সুবিধা নিয়ে এম্প্লয়াররা তাদের প্রফিট এবং মুনাফা সমস্ত কিছু বাড়িয়ে চলেছে।

আজকে যে সি. ডি. এস. স্কীম এসেছে এই সম্পর্কে আপনারা মন্ত্রীসভা থেকে বলতে পারেন এবং আমরাও এই আইনসভা থেকে বলতে পারি কম্পালসারী ডিপোজিট স্কীম বাংলাদেশে বন্ধ করব। আজকে সমস্ত দিক দিয়ে আমরা দেখতে পাচ্ছি ট্যাক্সেসন বৃদ্ধি পাচ্ছে জিনিসপত্রের মূল্য বৃদ্ধি পাচ্ছে এবং জনসাধারণের উপর বোঝার পর বোঝা চাপছে। আমরা আরো দেখতে পাচ্ছি এমার্জেন্সির সুযোগ নিয়ে চাষীদের কাছ থেকে বকেয়া খাজনা আদায় করা হচ্ছে। কিন্তু সেটা গিয়ে পড়ছে মুনাফাখোরদের হাতে। এবং এই মুনাফাখোররা অতিরিক্ত দরে বাজারে চাল বিক্রী করে প্রফিট করছে। আজকে এই হচ্ছে অবস্থা। গ্রামের সাধারণ কৃষককে ধান বিক্রী করে দিতে হয় মাঠ থেকে ধান উঠার পরই তারা মুখামন্ত্রীর মতো ধান ধরে রাখতে পারে না। তারা চেষ্টা করলেও ধান ধরে রাখতে পারে না, কারণ তাকে নানারকম পাওনা মিটিয়ে দিতে হয়, মহাজনের দেনা শোধ করতে হয় খাতক হিসাবে দায়িত্ব পালন করবার জন্য। সরকার থেকে যে ক্রেডিট ফেসিলিটিস কৃষিঋণ দেওয়া হয় তা কৃষকদের সমস্যার সামান্যতম অংশ ও স্পর্শ করতে পারে না। অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি আজকের এই ইমার্জেন্সির সুযোগ নিয়ে আপনারা আপনাদের পোলিটিক্যাল অপোনেণ্টদের ক্ষমতাকে খর্ব করে দেবার চেষ্টা করছেন। আজকে পৃথিবীর সমস্ত দেশে কম্যুনিষ্ট পার্টির উপর আক্রমণ হচ্ছে, গণতান্ত্রিক শক্তির উপর স্ট্যাণ্ডার্ড অব লিভিং উপর আক্রমণ হচ্ছে। আজকে চারিদিকে সমৃদ্ধি দেখান হচ্ছে। সাধারণ মানুষকে মেরে, ভয় দেখিয়ে, তাদের উপর বোঝার পর বোঝা চাপিয়ে এই সমৃদ্ধির রূপ দেখান হচ্ছে। আপনারা কি শুধু সিরাজুদ্দিনের টাকা নিয়ে নির্বাচন করেছেন? একটা শ্রেণীগত ঐক্য তৈরী করেছেন। যেখানে আপনারা দেখতে পাচ্ছেন কেউ কোনদিকে আপনাদের বিরোধিতা করছেন আপনারা তাকে ভয় দেখিয়ে স্পেশাল পাওয়ারস ইস্যু করে কাজ হাঁসিল করে নিচ্ছেন। আজকে আপনারা যেখানে সেখানে আপনাদের মনোনীত অফিসার বসিয়ে দিচ্ছেন। ক্যালকাটা কর্পোরেশন এত বড় গণতান্ত্রিক প্রতিষ্ঠান, সেখানে তো আপনাদের কংগ্রেসী সদস্যরাই রয়েছেন। স্বর্গত দেশবন্ধুর আমল থেকে কলিকাতা কর্পোরেশন আপনাদেরই হাতে রয়েছে, তবুও ক্যালকাটা কর্পোরেশনএ এত দুর্নীতি ও জঞ্জাল কেন? সেখানে স্পেশাল অফিসার নিয়োগ করা হচ্ছে, কমিশনারের ক্ষমতা বাড়ান হচ্ছে, এর ফল হিসাবে আমরা দেখতে পাচ্ছি আজকে যে পঞ্চায়েৎ তৈরী করা হচ্ছে তার মধ্যেও সেই একই চক্র।

[6—6-10 p.m.]

আজকে আপনাদের মধ্যে যে বিরোধ তা ধনিকে ধনিকে লড়াই, যেমন বিড়লা আর মুন্দ্রাতে লড়াই, যেমন জার্মাণী ও ব্রিটেনএর মধ্যে লড়াই। আজকে সমস্ত জায়গায় এই লড়াই হচ্ছে। আজকে যে সমস্ত আইন আছে আমাদের এই রাষ্ট্র ব্যবস্থায় আজকে আপনারা যে সমস্ত প্ল্যানিং করছেন, আজকে যে সমস্ত কো-অপারেটিভ ব্যবস্থার কথা বলছেন এগুলি কিন্তু প্রকৃত-পক্ষে প্রয়োগ করছেন না। আপনারা বলছেন ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস করে প্রোডাকসন বাড়াবেন। কিন্তু কার্যত: আমরা দেখতে পাচ্ছি যদিও শ্রমিকেরা খাটছে তাহলেও একমাত্র ইণ্ডাস্ট্রিয়া-লিস্টদেরই প্রোফিট এর রেট দিন দিন বেড়ে চলেছে। এই অবস্থা আজকে আমরা প্রতিনিয়ত দেখতে পাচ্ছি। তাছাড়া, আরেকদিকে দেখুন, প্ল্যানিংএর নাম করে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা অপব্যয় হচ্ছে। যেখানেই পারছেন আপনারা বিল্ডিং আরম্ভ করে দিচ্ছেন। একটা উদাহরণ দিই, বর্ধমান শহরে বিশ্ববিদ্যালয় একটা হয়েছে। বর্ধমান সহরের লোক কিন্তু ইউনিভার্সিটির কথা আগে বলেনি। যখনই এই সম্পর্কে প্রথম সংবাদপত্রে কথা উঠেছিল তখন বর্ধমান সহরের লোকে বলেছিল বর্ধমানে প্রথমে একটা মেডিক্যাল কলেজ করা হোক। এবং তারা পোলিটেকনিক এবং ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানের কথা বলেছিল। সেখানে একটা এগ্রিকালচারাল বিভাগের অধীন সীড মাল্টিপ্লিকেসন ফার্ম রয়েছে, বর্ধমানের লোক বলেছিল সেটাকে কলেজে পরিণত করা হোক। কোন এ্যাকাডেমিক ব্যবস্থা না করে ইউনিভার্সিটির জন্য একটা বাড়ী সংগ্রহ করা হল, বলা হল সেই বাড়ী রাজা দান করেছেন কিন্তু পরে দেখা গেল সেই বিল্ডিং ভেঙ্গে নতুন কনসট্রাকসনএর উপর লক্ষ লক্ষ টাকা খরচ হল। অথচ এ্যাকাডেমিক ব্যবস্থা, শিক্ষার ব্যবস্থা, লেখাপড়ার ব্যবস্থা কি হচ্চে তা দেখবার কেউ নাই। এখন আমরা শুনছি সেখানে লেকচারার পাওয়া যায় না। সেখানে যেটা করলে ভাল হত তা আপনারা করলেন না ইঞ্জিনিয়ারিং কলেজ করলে, মেডিকেল কলেজ করলে, এগ্রিকালচারাল কলেজ করলে, আর্টস কলেজ বাড়ালে পোস্টগ্রাজুয়েট ব্যবস্থার উন্নতি করলে স্থানীয় লোকের অনেক উপকার হত, কিন্তু সেগুলি আপনারা করলেন না।• অন্য দিকে এই সমস্ত বিল্ডিং এবং স্ট্রাকচার রক্ষা করবার জন্য যে সমস্ত ব্যবস্থা করা দরকার সেগুলি তাড়াতাড়ি হয়ে যাচ্ছে। ডা: রায় যে সমস্ত স্কীম করছিলেন। ডা: রায়কে আমরা শ্রদ্ধা করি, তিনি অনেক ভালো ভালো স্কীম করেছিলেন, কিন্তু সেগুলির আজ কি দুর্গতি হয়েছে। তারপর সি. এম. পি. ওর কথা এখন আমরা শুনছি। ভবিষ্যতে কি হবে তার ছবি আমরা দেখলাম। গত দুই বৎসরে এই সি এম. পি. ও পরিকল্পনার কোন অগ্রগতি হয়নি, বা কি অগ্রগতি হয়েছে আমরা জানি না, এখন পর্যন্ত সি. এম. পি. ও গভীর জলে ডুবে আছে। ক্যালকাটা ইলেকট্রিসিটিতে প্রচুর টাকা অপচয় হচ্ছে, আপনারাই তাদের পৃষ্ঠপোষক। এই সমস্ত চক্র দূর না করতে পারলে অবস্থা যেমন আছে তেমনিই থাকবে। তারপর, আপনারা গণতন্ত্রের কথা বলেন, গণতন্ত্রের বড়াই করেন, কিন্তু গণতন্ত্রের বড়াই করে কোন লাভ নাই। গণতন্ত্র যদি থাকত তাহলে আজকে জনসাধারণের এই দুর্দশা ও দুর্গতি হত না, জনসাধারণ আজকে দু:খ কষ্টের মধ্যে দিয়ে বুঝতে পারছে কি ধরণের গণতন্ত্রের মধ্যে তারা বাস করছে। এখানে আমার একটা কথা মনে পড়ল। পঞ্চদশ শতাব্দীতে একজন বিদেশী পর্যটক ট্রাভেলার ভারতে এসেছিলেন। তখন বাহমনী রাজ্যের স্কলার মিনিস্ট্রার ছিলেন মহম্মদ গওয়ান, তাঁর যথেষ্ট খ্যাতি ছিল। এবং তাঁর আমলে বাহমনী রাজ্যের প্রভূত উন্নতি হয়েছিল, এমন উন্নতি হয়ে ছিল যে, বাহমনী রাজ্যের সমস্ত জায়গায় বড় বড় নগরী স্থাপিত হয়েছিল, লাইব্রেরী হয়েছিল, পাঠাগার হয়েছিল। এই সব দেখে সেই বিদেশী পর্যটক বই লিখে গিয়েছেন। একদিন সেই বিদেশী পর্যটককে মহম্মদ গওয়ান জিজ্ঞাসা করেছিলেন হে বিদেশী, তুমি এখানে কি দেখলে? তিনি উত্তর দিয়েছিলেন, প্রভূত ঐশ্বর্য দেখলাম, অনেক নগরী দেখলাম এই সমস্ত দেখেছি, কিন্তু আরো একটা জিনিস দেখেছি, তাহচ্ছে প্রচুর দারিদ্র্য। এর পর এক দিনের মধ্যে মহম্মদ গওয়ানের পতন হয়ে ছিল, এবং তার পতনের কারণ ছিল, নীচের তলার মানুষ যাদের পীঠের উপর দিয়ে আমীরওমরাহরা বিলাস ব্যসনে দিন কাটাতেন এবং যাদের টাকা দিয়ে বড় বড় অট্টালিকা তৈরী হয়েছিল সেই মানুষগুলো তার ভার বহন করতে পারে নি।

কিন্তু সেদিন সেই মানুষ ক্ষমতায় আসীন হতে পারেনি, ইতিহাস সেদিন মানুষকে ক্ষমতায় আনতে পারেনি। কিন্তু আজকে প্রলেটারিয়ান হেজেমোনি, বিশ্বজোড়া শ্রমিক হেজেমনি তৈরী হচ্ছে কাজেই একদিন পতন হতেই হবে।

শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের তরফ থেকে তিনটি অনাস্থা প্রস্তাব আলোচনার জন্য বিধান সভায় আনা হয়েছে। এই আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমে আমি একটু বিভ্রান্ত হচ্ছি কারণ বিরোধী পক্ষের প্রথম যে প্রস্তাব তার প্রস্তাবক হচ্ছে ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি, আর. সি,. পি. আই. এবং বলশেভিক পার্টি যদিও এখানে নেই তবে তাঁরা এঁদের সঙ্গে আছেন। তারপর, দ্বিতীয় প্রস্তাব হচ্ছে কমিউনিস্ট পার্টির এবং তৃতীয় প্রস্তাব হচ্ছে প্রজা সোস্যালিস্ট পার্টির। এই প্রস্তাবগুলি যখন হাউসের সামনে রাখা হয় এবং তার জন্য লিভ চাওয়া হয় তখন এই প্রস্তাবের পক্ষে ভোট গ্রহণের সময় আমরা একটা নূতন জিনিস দেখলাম। অর্থাৎ প্রথম প্রস্তাব যখন এল তখন বিরোধী পক্ষের সকল বন্ধুরা উঠে দাঁড়ালেন। তৃতীয় প্রস্তাব পি. এস. পি. পক্ষ থেকে যখন এল তখন সকলে উঠে দাঁড়ালেন কিন্তু কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে যখন দ্বিতীয় প্রস্তাব এল তখন দেখলাম অনেকে উঠলেন কিন্তু ফরওয়ার্ড ব্লকের কয়েকজন সদস্য উঠে দাঁড়ালেন না। স্যার, এখন কথা হোল এই প্রস্তাবগুলি রাখার উদ্দেশ্য কি? এই প্রস্তাবের উদ্দেশ্যে হোল জনসাধরণের মতকে সারা বাংলাদেশের মানুষের সামনে ঘুরিয়ে ফিরিয়ে সরকারের কাছে সেই মত ব্যক্ত করা। এই দলের রাজনৈতিক জীবন যদি পর্যালোচনা করি, এঁদের অতীত ইতিহাস যদি আলোচনা করি তাহলে বিরোধী দলের সকলে এখনই উঠে দাঁড়াবেন। নির্বাচনের আগে সমস্ত দলগুলি মিলে এ্যালায়েন্স করবেন বলে যখন ঠিক করেছিলেন তখন এই পি. এস. পি. যাকে তাঁরা আজ ভোট দিলেন তাঁরা কিন্তু তাঁদের সঙ্গে সেদিন যান নি। তারপর যদিও একটা বিশেষ রাজ-নৈতিক সম্পর্ক গড়ে উঠেছিল কিন্তু কিছুদিন পর যখন জরুরী অবস্থা ঘোষিত হোল, সাম্রাজ্যবাদী চীন ভারতবর্ষ আক্রমণ করল তখন দেখলাম দেশের প্রতি যাদের দরদ আছে তাঁরা আলাদা হয়ে গেলেন এবং ভারতবর্ষের কমিউনিস্ট পার্টি সকলের থেকে আলাদা হয়ে গেল। স্যার, নির্বাচনের সময় ক্ষমতায় আসীন হবার জন্য তাঁরা মিলিত হয়েছিলেন কিন্তু সেই আশা যখন লুপ্ত হোল, দৈনন্দিন কার্যাবলীর মধ্যে যখন মিল খুঁজে পাচ্ছিলেন না, দেশে যখন জরুরী অবস্থা এল তখন তাঁরা ভাগ হয়ে গেলেন। কিন্তু আজকে যে তাঁরা আবার মিলিত হয়েছেন তা দেখে আশ্চর্য হচ্ছি না। তবে যদি দেখতাম কমিউনিস্ট চীনের আক্রমণের পর ভারতবর্ষের কমিউনিস্ট পার্টির স্বরূপ বুঝে তাঁরা নিজেদের] আদর্শ সামনে রেখে, নিজেদের দেশপ্রেম সামনে রেখে নিজেদের কর্ম পদ্ধতি ঠিক করেছেন তাহলে খুসী হতাম। কিন্তু তাঁরা তা না করে দেশপ্রেমের নামাবলি গায়ে দিয়ে ক্ষমতায় আসীন হবার জন্য দ্বন্দ্বে অবতীর্ণ হয়েছেন।

[6·10—6·20 p.m.]

তাই একটি প্রস্তাব নয়, তিনটি প্রস্তাব এসেছে পাছে কেউ এগিয়ে যায়, তাই ফরওয়ার্ড ব্লকএর নেতাদের সাথে তাদের হাত মিলাতে দেখছি। ফরওয়ার্ড ব্লক-কে মনে হচ্ছে তারা যেন এমন একটা শক্তি যারা নিজেদের প্রিন্সিপ্যাল অপোজিসন পার্টি হিসাবে তুলে ধরতে পারছে। পি. এস. পি. আমাদের বলছে আমরা কারও সঙ্গে নই, আমাদের আদর্শ এবং চিন্তা আলাদা। কমুনিস্ট পার্টি দেখছে এই সময় যদি আমরা হাত না মিলাই না এগিয়ে যাই তাহলে আলাদা পড়ে যাচ্ছি। তাই নূতন করে পাঁচুবাবু ডাক দিয়ে-ছেন ইউনাইটেড এফোর্ট হোক। কাদের সঙ্গে? কমিউনিস্ট পার্টির সঙ্গে, ফরোয়ার্ড ব্লকের সঙ্গে আর. এস. পি.. আর. সি. পি. আই সোস্যালিস্ট পার্টির সঙ্গে ইউনাইটেড ফ্রণ্ট হবে। নিজেদের মধ্যে ঠিক করে নিন আগে, তারপর হস্ত প্রসারিত করবেন অন্য দিকে। তাঁরা যে আলোচনার অবতারণা করেছেন, যে প্রস্তাব ফরওয়ার্ড ব্লক, আর এস পি, আর সি পি আই-এর তরফ থেকে এসেছে তাতে কোন মূল কারণ বলা নেই। বিনা কারণে অনাস্থা প্রস্তাব রেখেছেন। আর কম্যুনিস্ট পার্টি ফুড পলিসি-র কথা বলে অনাস্থা প্রস্তাব রেখেছেন। পি এস পি দলও তাই রেখেছেন। তাই আমি আবেদন করবো অন্যান্য দলগুলির কাছে, তাঁরা আলোচনা করুন কার সঙ্গে তাঁরা হাত মেলাতে চাচ্ছেন। খাদ্য নীতির পরিবর্তন চাই এই বলে কার সঙ্গে হাত মেলাতে চাচ্ছেন? আমরা অতীতের দিকে যদি চেয়ে দেখি কি দেখবো? অপূর্ববাবু ১৩৫০ সালের ঘটনার অবতারণা করেছেন, এখানে তাঁর বোধ হয় আর একটা ঘটনার কথা মনে নেই। সারা ভারতবর্ষে কংগ্রেসকর্মী নেতারা জেলের মধ্যে আবদ্ধ যখন,

তখন বৃটিশ সাম্রাজ্যপদলেহী কুকুরের দল কমিউনিস্ট পার্টি ভারতবর্ষের বুকে তথা বাংলার বুকে দুর্ভিক্ষের সূচনা করেছিল এবং চেষ্টা করেছিল কি করে চাষী মজুরের মধ্যে দুর্ভিক্ষ আনতে পারে তাই সেদিন ১৩৫০ সালে কমিউনিস্ট পার্টি রাস্তায় রাস্তায় ঘুরে বেরিয়েছিল সিল্কের জামা পরে। তারা সেদিন বাংলার লক্ষ লক্ষ মানুষকে হত্যা করেছে আর আজকে তাদের মুখে কি বাংলার লোক খাদ্য নীতির পরিবর্তনের কথা শুনবে? নাকি যারা সেদিন সর্বস্ব ত্যাগ করে নিজেদের সর্বস্ব বিসর্জন দিয়ে সাধারণ মানুষের পাশে এসে দাঁড়িয়েছিল সেই সমস্ত নেতাদের কথা শুনবে? তাই আমি প্রথমে আবেদন করবো এই ফরওয়ার্ড ব্লক, আর এস পি, আর সি পি আই-এর মধ্যে যারা আছেন তাঁদের কাছে, যদি আপনারা মনে করেন যে তাদের মধ্যে দেশপ্রীতি আছে তাহলে এটা আগে মনে রাখবেন তাঁরা কার সঙ্গে হাত মিলাতে যাচেছন। আমি মনে করি সংসদীয় গণতন্ত্রে সবচেয়ে বড় সুযোগ আছে অনাস্থা প্রস্তাব আনার। সেই সুযোগ তাদের আছে এবং সেটা তাঁরা গ্রহণ করবেন, কখন? যখন তাঁরা উপযুক্ত সময় বলে বিবেচনা করবেন। আজকে তাঁরা ভেবে দেখুন দেশ যখন জরুরী অবস্থার মধ্য দিয়ে যাচেছ যখন কমিউনিস্ট চীন দেশ আক্রমণ করছে এবং স্বাধীনতা বিঘ্নিত করতে যাচেছ তখন তাদের কার্য্যাবলী দ্বারা যারা মানুষের কাছে এগিয়ে যেতে পারে না যারা মানুষের ভয়ে মাটির নীচে লুকিয়ে থাকে তখন এই কমিউনিস্ট পার্টিকে কোন রকম আত্মপ্রকাশের সুযোগ দেবেন কিনা। তাঁরা হয়ত রাজনীতিতে ভুল করতে পারেন কিন্তু জনসাধারণ ভুল করে না। তাই জনসাধারণ দেখিয়ে দিয়েছে যে, লোষ্ট্রাঘাতই এদের প্রাপ্য। আমি তাই বারংবার করে আবেদন করব যে ভারতবর্ষের মাটিতে জন্ম গ্রহণ করে দেশকে যাঁরা সুন্দরভাবে গড়ে তুলতে চান রাজনৈতিক দল হিসাবে তাঁরা আগে নিজেদের কর্ম পদ্ধতি ঠিক করুন। তারপর তাঁরা বিরোধী দল হিসাবে তাঁদের পার্লামেণ্টারী ডেমোক্র্যাসিতে যে সুযোগ আছে তা গ্রহণ করবেন এবং সময় বুঝে গ্রহণ করবেন, উপযুক্ত আদর্শ সম্মত পথে গ্রহণ করবেন। নচেৎ এই পবিত্র অধিকারকে আপনারা সারা বাংলাদেশের মানুষের সামনে অত্যন্ত ছোট করে দেবেন। আজকে তাই আমরা দেখতে পাচিছ ক্ষমতা লাভের আশায় বিরোধী দলগুলি এমন ভাবে আচরণ করছেন যে ছোট দলগুলি সংখ্যা গরিষ্ঠ কংগ্রেস দলের সঙ্গে বিধান সভার কাজকে এগিয়ে নিয়ে যেতে পারত তা না করে আজকে পার্লামেণ্টারী ডেমোক্র্যাসির সুযোগে জোরের উপর তাঁদের নিজেদের কর্ম পদ্ধতিতে চালিয়ে নিয়ে যাবার জন্য চেষ্টা করছেন। দেশের পক্ষে এটা হিতকর নয়, ডেমোক্র্যাসির পক্ষে এটা হিতকর নয়, রাজনৈতিক আদর্শ হিসাবে আপনাদের পক্ষে এটা হিতকর নয়। তাঁরা খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বলেছেন যে সারা দেশের মানুষ দুর্ভিক্ষে মারা যাচেছ। আমি আপনার সামনে বিনীতভাবে নিবেদন করছি যে পুরুলিয়ার ঘটনা আপনারা বারংবার তুলে ধরেছেন, পুরুলিয়ার দুর্ভিক্ষের ছবি মানুষের কাছ থেকে রাজনৈতিক দলের কাছ থেকে কখন থেকে আসতে আরম্ভ হয়েছে না, যখন থেকে হুড়ার উপ-নির্বাচনের দিন স্থির হয়েছে। হুড়ার নির্বাচনের রাজনীতিকে সামনে রেখে মানুষ না খেয়ে মরছে একে সামনে রেখে সেই বিকৃত ছবিকে তুলে ধরে তাঁরা বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আমি আপনার কাছে তাই দেখাতে চাই যে লোকসেবক সংঘ এই পথ গ্রহণ করে পুরুলিয়ার দরিদ্র মানুষকে আরো দারিদ্র্যের মধ্যে নিয়ে যাচেছ। তাঁরা একটা ভ্রান্ত ছবি দেবার চেষ্টা করেছেন তাঁরা সত্যিকারের ছবি সাহসের সঙ্গে দিয়ে যদি বাংলাদেশের মানুষের সামনে এগিয়ে আসতেন যেমন কংগ্রেস পুরুলিয়ার দুস্থ মানুষের পাশে দাঁড়িয়ে আছে, তাহলে তাঁদের রাজনৈতিক পরাজয় কখনও ঘটত না। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে জানাতে চাই যে পুরুলিয়ায় যে সমস্ত মানুষের অনাহারে মৃত্যু হয়েছে বলে জানান হয়েছে, আমি এখানে নাম করব না, অন্য তথ্যের মধ্য দিয়ে যাব না, কিন্তু আমি এইটুকু বলব যে মৃত্যুর দিন পর্যন্ত তাঁদের মধ্যে সকলেই জি, আর. পেতেন। তাঁদের মধ্যে অনেকের ৭০।৭৫ বছর বয়স হয়েছে। আমি আর একটা তথ্য হাউসের সামনে পরিবেশন করতে চাই, আমি নাম বলতে রাজী থাকব না এই কারণে যে আমি একজন বিশিষ্ট সাংবাদিক এর কাছে এটা শুনেছি। তিনি মৃত্যু সম্বন্ধে তদন্ত করতে গিয়ে নিজে জানিয়েছেন যে ভাদু মাহাতোর না খেয়ে মৃত্যু হওয়ার কথা সত্য নয়, এ কথা অসত্য অপপ্রচার হয়েছে। তাঁর স্ত্রী এই কথা বলেছেন। এই তথ্য সাংবাদিকের কাছ থেকে পেয়েছি। সরকারী

তথ্য থেকে এই তথ্য পরিবেশন করছি না। মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিরোধী পক্ষের যে ইনহেরেণ্ট রাইট আছে সেই অধিকারকে নিয়ে যদি তাঁরা রাজনৈতিক চক্রান্ত করেন তাহলে আমি বলব যে তাতে বাংলা দেশের ক্ষতি হবে, বিশেষ করে এই এমারজেন্সির টাইমে ভারতবর্ষের বুকে এই চক্রান্ত করা কোন রকমভাবে উচিত হবে না বলে আমি মনে করি। মাননীয় বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় এখানে কোক ওভেন সম্বন্ধে দুএকটা কথা বলেছেন। আমি তাঁকে সদুত্তর দেওয়ার চেষ্টা করব যদিও উত্তর দেবার আমার কোন অধিকার নেই। তিনি বলেছেন যে কোল কণ্ট্রোলারের আদেশ ছাড়াও কণ্ট্রোলার যখন চাইছেন না যে ফিপথ ব্যাটারী কোক ওভেনে তৈরি হোক তবুও পশ্চিমবঙ্গ সরকার এগিয়ে যাচেছন ফিপ্‌থ ব্যাটারী তৈরি করার জন্য এবং সেখানে মেসার্স কার্ল স্টীল কোম্পানীকে নাকি কণ্ট্রাক্ট দেবার জন্য এগিয়ে যাচেছন। মাননীয় বন্ধুকে আমি বলি যে ১৯৬২ সালে কোল কণ্ট্রোলারকে নিয়ে একটা কমিটি গঠিত হয় যাতে সেখানে কোকের কত সর্টেজ হচেছ বা হতে পারে তা ইনভেস্টিগেট করবার জন্য। ১৯৬২ সালে তাঁরা ইনভেস্টিগেট করে বলেন যে প্রতিদিন ৫ শো টন কোক এর সর্টেজ দেখা দিতে পারে। কাজেই আগে থেকে আমাদের প্রস্তুত হওয়া দরকার।

(নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করিলেন)

শ্রীহেমন্ত কুমার বসু: স্পীকার স্যার, শ্রীমুখার্জী, ডি সি, এস বি তিনি এখানে এসেছিলেন এবং তিনি ১০ জন এস বিকে রেখে গেছেন, এই হাউসের রিপোর্ট নিতে বলেছেন। তিনি কি আপনার পার্মিসন নিয়েছেন?

মিঃ স্পীকার: আমি ইনকোয়ারী করবো।

[6-20—6-30 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষ: মিঃ স্পীকার স্যার, আমার আগের বক্তা মাননীয় সদস্য শ্রীআনন্দ গোপাল মুখার্জী এখানে বিস্ময় প্রকাশ করেছেন যে ফরোয়ার্ড ব্লক কমিউনিষ্ট পার্টির সাথে এখানে মিতালী করেছে। আমি তাঁকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, যে কংগ্রেস কেরালায় মুস্লিম লীগের সাথে মিতালী করে মন্ত্রীসভা গঠন করতে পারে—সেই কংগ্রেসের মেম্বারের কাছ থেকে আমরা উপদেশবাণী শুনতে চাই না। মিঃ স্পীকার স্যার, আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানিয়ে দিতে চাই যে আজকে কংগ্রেস সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে সেটা আমরা যদিও একসাথে মুভ করছি না কিন্তু কমিউনিষ্ট পার্টির সাথে মূলগত আদর্শগত এবং রাজনৈতিক দিক দিয়ে আমাদের পার্থক্য এখনও আছে। দ্বিতীয় কথা আমি জানিয়ে দিতে চাই মিঃ স্পীকার স্যার, এই হাউসের সামনে কংগ্রেসের মাননীয় সদস্য শ্রীঅশোক কৃষ্ণ দত্ত মহাশয় বলেছেন যে আমাদের শ্রদ্ধেয় নেতা শ্রীহেমন্ত কুমার বোস আমাদের ফরোয়ার্ড ব্লকের কয়েকজন সদস্যকে কৌশলে সরিয়ে রেখে আজকে এই আলোচনার মধ্য দিয়া তিনি একটা নূতন নেতৃত্ব দেবার চেষ্টা করছেন। আমি সবিনয়ে তাঁর কাছে একটা ঘটনা রাখতে চাই যে যেদিন আমাদের এই হাউসের সামনে কংগ্রেসের মাননীয় সদস্য শ্রীনেপাল রায় দুর্গাপুরের ব্যাপার নিয়ে মাননীয় অর্থমন্ত্রীর বিবৃতিকে চ্যালেঞ্জ করে এখানে বক্তৃতা দিয়েছিলেন সেদিন কংগ্রেস পার্লামেণ্টারী পার্টির সাহস ছিল না সেই কংগ্রেস সদস্য শ্রীনেপাল রায়ের বিরুদ্ধে ডিসিপ্লিনারী অ্যাকসন নেবার। আমাদের পার্টি কংগ্রেসের চেয়ে ছোট পার্টি হতে পারে কিন্তু আমাদের পার্টির মধ্যে সেই ডিসিপ্লিন আছে এবং আমাদের পার্টির মধ্যে সদস্য সেই ডিসিপ্লিন মানে। তাই সেদিনকার ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদের পার্টি যে ডিসিসিপ্লিনারী অ্যাকসন নিয়েছে আমাদের পার্টির সদস্যরা হাসিমুখে সেই ডিসিপ্লিন মেনে নিয়েছে, এজন্য গর্ব অনুভব করি। মিঃ স্পীকার স্যার, এখানে আলোচনার মধ্য দিয়া কংগ্রেসের মাননীয় সদস্য ডাঃ প্রতাপচন্দ্র চন্দর একটা কথা বলার চেষ্টা করেছেন যে ফরোয়ার্ড ব্লক, আর এস পি এবং আর সি. পি. আই-এর পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব এই হাউসের সামনে আনা হয়েছে সেই প্রস্তাব অকারণ। প্রস্তাব কিন্তু এই প্রস্তাবের পিছনে যে যুক্তি আছে সেই যুক্তিকে যদি তিনি সম্মান জানান তাহলে আমি বিশ্বাস করি মাননীয় সদস্য ডাঃ চন্দর এই ফ্লোর ক্রস করে আমাদের দিকে চলে আসবেন। মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের

সামনে দুটো জিনিস তুলে ধরতে চাই—একটা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার, পশ্চিমবঙ্গের মন্ত্রিমণ্ডলীর মধ্যে যে ক্যানসার সেই ক্যানসার সম্বন্ধে একটা ঘটনা আপনার সামনে তুলে ধরতে চাই এবং দ্বিতীয় যে ঘটনাটা আমি তুলে ধরতে চাই সেটা প্রফিউমো–কিলারের যে কাহিনী তাকেও ছাড়িয়ে যাবে—এই রকম তথ্য আমি আজ আপনার সামনে উদ্‌ঘাটন করার চেষ্টা করব। আপনার সামনে রাখবার চেষ্টা করবো যে যদি আজকে পশ্চিমবাংলার মন্ত্রিমণ্ডলীর ভিত্তি যদি এই হয় এবং কংগ্রেসী সদস্যরা যদি গণতন্ত্রের পুজারী হয়, ইংরাজী গণতন্ত্রকে যদি শ্রদ্ধা করেন তাহলে শুধু মাত্র প্রত্যেকটি কংগ্রেসী সদস্যরা পদত্যাগ করে আবার নূতনভাবে নির্বাচনীর সামনে এসে দাঁড়াবেন। মিঃ স্পীকার স্যার, যে ঘটনা রাখতে, যে ক্যানসারের কথা বলছি সেই ক্যানসার হচ্ছে মন্ত্রী মণ্ডলীর উপমন্ত্রী দুষ্টগ্রহ শ্রীমতী মায়া ব্যানার্জির কথা। এই মায়া ব্যানার্জি সম্পর্কে তাঁর ব্যক্তিগত কাহিনীর মধ্যে আমি যেতে চাই না। কিন্তু শ্রীমতী মায়া ব্যানার্জির মত একজন মহিলা সমস্ত শাসন যন্ত্রকে যেভাবে কলুষিত করছে সেই ঘটনা আমি আপনাদের কাছে পরিবেশন করছি। তিনি যেন ডেপুটি চীপ মিনিস্টার এবং মুখ্যমন্ত্রীর পেছনে কায়ার মত ঘুরে বেড়ান। আজকে সেই মায়া ব্যানার্জি সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে এই মায়া ব্যানার্জির সাথে ডি. আই. জি. ট্রাফিক দেবব্রত ধরের সাথে কি সম্পর্ক। আমি জিজ্ঞাসা করি যে এই হাউসের অন্যতম সদস্যা মহারাণীর মৃত্যুতে যে শবযাত্রা গিয়েছিল সেই শব যাত্রার সময় আমরা দেখেছিলাম যে সেই শব যাত্রার মধ্যে মুখ্যমন্ত্রীর গাড়ীতে মায়া ব্যানার্জির সাথে ডি. আই. জি. ট্রাফিক দেবব্রত ধরকে—তাই আমি মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেনকে জিজ্ঞাসা করতে চাই যে মুখ্যমন্ত্রীর গাড়ী ব্যবহার করার কোন অধিকার মায়া ব্যানার্জির এবং দেবব্রত ধরের ছিল কিনা। আজকে এই মায়া ব্যানার্জিকে কেন্দ্র করে. একদল অসৎ সরকারী কর্মচারী যে চক্র গড়ে তুলছে সেই চক্র ধীরে ধীরে আমাদের এই শাসনযন্ত্রের মধ্যে ঘুন ধরিয়ে দিয়েছে। আমি পি. জি.-র ডাঃ সরসী মুখার্জির কথা বলছি। ডাঃ সরসী মুখার্জি এই দুষ্টগ্রহ মায়া ব্যানার্জিকে কেন্দ্র করে একটা উপগ্রহ এবং এই মায়া ব্যানার্জি. ডাঃ সরসী মুখার্জি ডিরেক্টার অব হেলথ কর্নেল চ্যাটার্জির বিরুদ্ধে মন্ত্রী মণ্ডলীর কাছে নানা অভিযোগ এনে তাকে সরাবার চেষ্টা করছে। আমি ডাঃ পি. কে. গুহের কথা বলি। ইনিও মায়া ব্যানার্জিকে কেন্দ্র করে একটা উপগ্রহ এবং ডাঃ পি. কে. গুহ ডাঃ মুরলী ধর সেনগুপ্তকে বদলীর জন্য চক্রান্ত করছে একথা সত্য কিনা। আমি জানতে চাই এই যে পশ্চিমবাংলার মন্ত্রীমণ্ডলীর ক্যানসার মায়া ব্যানার্জি ইনি এ. বি. গাঙ্গুলি যার বিরুদ্ধে বহু পুঞ্জিভূত অভিযোগ আছে সেই এ. বি. গাঙ্গুলি আজকে চীফ সেক্রেটারী হবার জন্য চেষ্টা করছেন কিনা। আমি এই জন্য ঘটনাগুলি রাখছি যে আজকে এই মায়া ব্যানার্জিকে কেন্দ্র করে কোন অসাধু ব্যবসায়ী পান্নালাল সারোগী, মাতালজী খৈতান এবং হেমন্ত ওঝা চিনি এবং কয়লার জন্য সরকারের কাছে প্রচুর সুযোগ সুবিধা নেয়। আজকে এই রকম অসাধু ব্যবসায়ী. অসাধু কর্মচারী পশ্চিমবাংলার মন্ত্রী-মণ্ডলীর ক্যানসার মায়া ব্যানার্জিকে কেন্দ্র করে পশ্চিমবাংলার শাসন যন্ত্রের মধ্যে ঘুন ধরিয়ে দিচ্ছে। দ্বিতীয় যে কথা রাখতে চাই এই হাউসের সামনে যা ইংরাজ প্রফুমো-কিলারের সেই কেলেঙ্কারীকেও ম্লান করে দেবে। এই প্রফুমো-কিলারের কেলেঙ্কারীর কথা ইংরাজ সভায় উঠেছিল যখন তখন আমরা ম্যাকমিলনকে দেখেছিলাম প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে তার দায়িত্ব থাক বা না থাক তিনি অন্তত ব্যক্তিগতভাবে তার সাথে জড়িত ছিলেন না। কিন্তু যে ঘটনার কথা আমি আপনার সামনে রাখবো আমি চ্যালেঞ্জ করে বলতে পারি—সমস্ত দায়িত্ব নিয়ে বলতে পারি যে সেই ঘটনার সঙ্গে আমাদের রাজ্য মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় জড়িত ছিলেন। এই ঘটনার নায়িকা হচ্ছে শ্রীমতী মৃদুলা ব্যানার্জি এবং এই মায়া ব্যানার্জি ও আমাদের রাজ্য-এর অন্যতম মন্ত্রী পুরবী মুখার্জির ঘনিষ্ঠ আত্মীয়া এবং প্রাক্তন কংগ্রেস মন্ত্রী ও অধুনা কংগ্রেসের বড় সমর্থক শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ের বোন। এই মৃদুলা ব্যানার্জির পরিচয় কি? তার ব্যক্তিগত কেচ্ছার কথা আমি বলতে চাই না। তবে একথা ঠিক যে এই মৃদুলা ব্যানার্জি আজকে সমাজে চরমতর প্রতিষ্ঠা পেয়েছে সমাজের উচচ স্তরে কিভাবে প্রতিষ্ঠা পেয়েছে সেকথা তাদের কাছে আমি রাখতে চাই না। আমি শুধু এ কথা বলতে চাই যে শ্রীমতী মৃদুলা ব্যানার্জি তার নিজের প্রচেষ্টায় নিজের বাহাদুরিতে সমস্ত মন্ত্রী এবং উপমন্ত্রীর মধ্যে এমন একটা মায়াজাল বিস্তার করেছিল যার ফলে তিনি সমাজে একটা উচচ স্তরে প্রতিষ্ঠা লাভ করে নিয়েছেন। এর জন্য ডাঃ ওয়ার্ডের প্রয়োজন হয়নি এর জন্য তার জললীলা নিকেতনের

প্রয়োজন হয়নি—সে নিজেই নিজের আসন করে নিয়েছে এবং কেমনভাবে করেছে তার ব্যক্তিগত পরিচয় আমরা জানি। ব্যক্তিগত প্রতারণার মধ্য দিয়ে তার নিজের ব্যক্তিগত জীবনকে প্রতিষ্ঠা করেছে।

(নয়েজ)

[6-30—6-40 p.m.]

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত: অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি পয়েণ্ট অব অর্ডারে একথাই বলতে চাই যে, আমাদের সভার যাঁরা বর্তমান সদস্য র য়ছেন তাঁদের বিরুদ্ধে যা ইচ্ছা তাই অভিযোগ করুন তাতে কিছু বলার নেই। কিন্তু যিনি এই সভার সদস্য নন তাঁর বিরুদ্ধে ব্যক্তিগত অভিযোগ করা, পার্সোনাল স্ক্যাণ্ডাল করা এটা সভার অর্ডার কিনা? কারণ তাঁর ডিফেণ্ড করার কোন উপায় নেই।

Mr. Speaker: This is no point of ord·r.

Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Pal, Shri Bejoy
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

NOES—159

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath

Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Biswas, Shri Manindra Bhusan
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopahyay, Shri Brindabon
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Shri Gakul Behari
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charu Shila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.

Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Afaque, Shri Chowdhury
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Mazumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookherjee, Shri Naresh Nath
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Platel, Shri R.E.
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb

Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamini Mohan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Dr. Biswanath
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohan
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing
Ziaul Haque, Shri Md.

The Ayes being 57 and the Noes 159, the motion was lost.

Mr. Speaker: The House stands adjourneed till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-46 p.m. till 12 noon on Tuesday, the 23rd July 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 23rd July, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 14 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 7 Deputy Ministers and 166 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Distribution of Railway spare lands

***42.** (Admitted question No. *212.)

শ্রীসনৎকুমার রাহা : কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার চিরটী রেল স্টেশন হইতে আজিমগঞ্জ পর্যন্ত বিস্তৃত রেলওয়ে স্পেয়ার ল্যান্ডগুলি কৃষকগণকে বন্দোবস্ত দিবার জন্য খাজনা লইয়াও গত দুই বৎসর হইতে বন্দোবস্ত দেওয়া হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: (ক) না, (খ) না, (গ) প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে এই রেল লাইনের দুই পাশে জমি পশ্চিমবঙ্গ কৃষি দপ্তর থেকে কয়েক বছর থেকে বন্দোবস্ত দিয়ে আসেন গ্রো মোর ফুড করার জন্য?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: রেলের জমি হচ্ছে ভারত সরকারের; তারা পশ্চিমবঙ্গ সরকারের হাতে হস্তান্তর যখন যখন করেন তখন তখন পশ্চিমবঙ্গ সরকার থেকে বিলি করা হয়। ঐ আলোচ্য জমিটি হস্তান্তর করা হয় নি সেজন্য বিলি করা হয় নি এবং টাকা নেবার প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহা : মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এই জমিটি বিশেষ করে শুধু এই চেরাডিঙ্গা থেকে আজিমগঞ্জ পর্যন্ত এইটুকুই হস্তান্তরিত করা হয় নি—না যাবতীয় জমি রেল থেকে হস্তান্তরিত করা হয় নি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: অন্য কোন জমি হস্তান্তরিত করা হয়েছে কি না হয়েছে সে তথ্য আমার কাছে এখন নেই—নোটিশ দিলে বলতে পারবো। যে জমিটা সম্পর্কে আপনি নোটিশ দিয়েছিলেন সে জমিটি এখনও হস্তান্তরিত হয়নি।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই জমিটি কয় বছর আগে থেকে হস্তান্তর না হয়ে আসছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: তা আমি বলতে পারবো না—আমার কাছে যা তথ্য আছে তাতে উক্ত উদ্বৃত্ত জমির কথা যা বলা হইয়াছে তাহা এখনও সংশ্লিষ্ট রেল কর্তৃপক্ষ কর্তৃক রাজ্য সরকারের নিকট অর্পণ করা হয় নি। উক্ত জমি রাজ্য সরকারের কাছে অর্পিত

না হওয়া পর্যন্ত রাজ্য সরকারের ঐ জমি বন্দোবস্ত দেওয়া সম্ভব নয়। উক্ত জমি বন্দোবস্ত দিবার জন্য কারও নিকট হইতে অগ্রিম খাজনাও লওয়া হয় নাই। এর বেশী তথ্য আমার কাছে নেই।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার আবেদন হচ্ছে এই যে যে প্রশ্নই আমরা করি উত্তরটা আমরা সব সময় ঠিক মত পাই না। জেলার আমরা কৃষি দপ্তর থেকে যে উত্তর পেয়েছি তারও কাছাকাছি কোন সন্তোষজনক উত্তর পাওয়া গেল না। আমি জানতে চেয়েছিলাম যে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের দপ্তর এর বেশী আমাদেরকে জানাতে পারবেন এই জমিটা নিয়ে গত ৪ বছর থেকে আমরা বলাবলি করছি সুপারিন্টেন্ডেন্টের কাছে যাওয়া আসা করছি চাষী হয়রান হচ্ছে এই নানা কারণে আমরা চেয়েছিলাম যে জমিটি পশ্চিমবঙ্গ সরকারের দপ্তর কিছু করেছেন কিনা। তাতে জেলা কৃষিবিভাগ জানিয়েছেন যে স্থানীয় কৃষিবিভাগের যে জমির পরিমাণ তাতে নাকি রেল বোর্ডের জমির পরিমাণ মিলছে না এই কারণেই বিলি হচ্ছে না। কিন্তু এখানে শুনলাম যে এটা আসলে হস্তান্তরই এ্যাট অল হয় নি। স্যার, যদি এ বিষয়ে একটু আলোকপাত করেন তাহলে আমাদের কাজের খুব সুবিধা হয়।

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি নির্দিষ্ট একটি জমির গত দুই বৎসর হইতে বন্দোবস্ত দেওয়া হইতেছে না' এই প্রশ্ন করেছিলেন—সেইজন্য আমি গত দুই বৎসরের উত্তর তাঁকে দিয়েছি তার আগেকার তথ্য আমার কাছে নেই—তিনি যদি আমার সংগে দেখা করেন আমি তাঁকে জানাতে পারি।

Production of rice in Japanese method

***43.** (Admitted question No. *213.)

শ্রীসনৎকুমার রাহা : কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের জাপানী প্রথায় চাষের জন্য যেসমস্ত খামার আছে তাহাতে একর প্রতি ২০ মণের অতিরিক্ত ধান্য ফসল পাওয়া যায় নাই; এবং

(খ) যদি সত্য হয়, তাহা হইলে ইহার কারণ কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ (ক) না। (খ) প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহাঃ পশ্চিমবঙ্গে জাপানী প্রথায় চাষের ব্যবস্থা কি কোথায়ও আছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ জাপানী প্রথায় চাষের প্রবর্তন সব জায়গায় করা হচ্ছে। জাপানী কৃষকদের দিয়ে কারিগরদের দিয়ে একটি মাত্র ফার্ম-এ করা হচ্ছে সেটা রাণাঘাটে।

শ্রীসনৎকুমার রাহাঃ সেই ফার্মে আজ পর্যন্ত কি কোন ইল্ড পাওয়া গিয়েছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ হ্যাঁ, পাওয়া গিয়েছে।

শ্রীসনৎকুমার রাহা : তার পরিমাণটা—

The Hon'ble Smarajit Bandyopadhyay :
The yield obtained in 1962-63 was only 22.1 maunds per acre which was far below the expectation.

শ্রীসনৎকুমার রাহাঃ এটা কি বাংলাদেশের সাধারণ গড়। অন্য প্রথায় যে আবাদ হয় তার থেকে বেশী, না কম?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: অন্য প্রথায় যে আবাদ হয় বাংলাদেশে তার চেয়ে খুব বেশী নয়। গড়ে বাংলাদেশে ৫ মণ বিঘা প্রতি, ১৫ মণ একরে এই রকম হয়। এখানে ২২ মণ হয়েছে। আমরা খুব বেশী আশা করেছিলাম কিন্তু কতকগুলি কারণে হয়নি। আমি কতকগুলি তথ্য আপনাকে দিচ্ছি,

Due to late arrival of the technicians, preparatory tillage and cultivation work was started late. Considerable amount of land-levelling had to be done to ensure uniform depth of water which necessitated removal of much top soil. Somewhat heavier doses of fartiliser were used which not only caused rank growth but also the crop suffered from insect and disease damage. The technicians were also not acquainted with the agro-climatic conditions of Indian varieties and their proper cultural requirements. All these affected the average yield last year. The programme of cropping and its management has been radically revised and the performance this year is expected to be much better.

শ্রীসনৎকুমার রাহা: প্রথমতঃ প্রশ্নের উত্তরে 'না বলায় ঘাবড়িয়ে গিয়েছিলাম যে বাংলাদেশে বোধহয় জাপানী প্রথায় চাষ হয় না। আমি কোন বক্তৃতা করতে চাই না, শুধু এইটুকু জানাতে চাই এই প্রশ্নের উত্তরে এইটুকু পাওয়া যায় যে বাংলাদেশে একর প্রতি জাপানী প্রথায় চাষ করে আমরা ব্যর্থ হয়েছি। ব্যর্থ হয়েছি একথা আমার জানা দরকার এইজন্যই, কাগজে প্রকাশ পেয়েছে, মন্ত্রীমহোদয়ের মুখ থেকেও শুনতে পাওয়া গেল, কারণ যাই তিনি বলুন প্রথম বৎসরেই যখন এই রকম অবস্থা তখন এই সম্পর্কে বাংলাদেশের কৃষি দপ্তর থেকে জাপানী প্রথায় চাষের জন্য আরো বেশী খামার করার চেষ্টা হচ্ছে কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এই ধরণের খামার বাংলাদেশে একটি মাত্র ভারত সরকার মঞ্জুর করেছেন। আর জাপানী প্রথা প্রবর্তন করার জন্য এবং কৃষকদের শিক্ষা দেবার জন্য প্রচার করা হচ্ছে, ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীদেবশরণ ঘোষ: এই জাপানী বিশেষজ্ঞরা বাংলাদেশের আর কোথায়ও আছে কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: সে সম্বন্ধে নোটিশ দিলে বলতে পারি।

শ্রীদেবশরণ ঘোষ: তাঁরা কি বাংলাদেশের অন্য কোন এলাকায় চাষ আবাদ সম্পর্কে পরীক্ষা করেন?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: না। তাঁরা এই ফার্মেই কাজ করেন এবং এই ফার্মেই চাষের কাজ করে ডিমন্সেট্রেশন করবেন এবং চাষীরা সেখানে গিয়ে দেখে আসতে পারেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, সাধারণ চাষের চেয়ে জাপানী প্রথায় চাষে অতিরিক্ত কত খরচ পড়ে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: অতিরিক্ত কত খরচ পড়ে আমি বলতে পারবো না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: কম পড়েছে, না বেশী পড়েছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এবার যা পড়েছে বেশী পড়েছে। এইত প্রথম হচ্ছে। ওদের কিছু কিছু প্রথা সাধারণ চাষীরা গ্রহণ করেছে যেমন লাইন করে চাষ করা। কিন্তু অন্যান্য ওদের যে সমস্ত প্রথা আছে সেগুলি ওরা পরীক্ষা করছে এবং সেখানে যদি সাফল্যমণ্ডিত হয় সেই প্রচেষ্টা তাহলে এইভাবে যাতে অন্য জায়গাতেও চাষ হয় তারজন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আমার প্রশ্নটা ছিল, এই যে বলেছেন চাষ করতে বেশী খর পড়েছে, কত বেশী পড়েছে?

[12-10—12-20 p.m.]

The Hon'ble Smarajit Bandyopadhyay:
এখানে গত বৎসর
The cost of cultivation in 1962-63 worked out on average to Rs. 515-7 nP per acre. Thus per Kg of rice produced the cost was 0.74 nP.

Dr. Colam Yazdani :
জাপানী প্রথায় চাষ করতে গেলে যে যন্ত্রপাতির দরকার তার মূল্য কত?

The Hon'ble Smarajit Bandyopadhyay :
এখন আমি তা বলতে পারব না। এখানে আমি বলাইবাবুকে বলতে পারি যে, ১৬০-২০ মত হলে সংগত খরচ হত বলে মনে হয়। এর বেশী যে খরচ হয়েছে তার কারণ হচ্ছে, লেভেলি ইত্যাদি করতে হয়েছে।

Shri Balai Lal Das Mahapatra :
সাধারণভাবে চাষ করলে অর্থাৎ আমাদের দেশে যে প্রথায় চাষ হয় তাতে কত খরচ পড়ে?

The Hon'ble Smarajit Bandyopadhyay :
কিছু কম খরচ পড়ে।

Reception of Shri Vinoba Bhabe in Kakdwip area

*44. (Admitted question No. *217.)

শ্রীসনৎকুমার রাহা : স্বরাষ্ট্র রাজনৈতিক বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) সম্প্রতি কাকদ্বীপ অঞ্চলে পরিভ্রমণকালে শ্রীবিনোবা ভাবেজীর তত্ত্বাবধান ও অভ্যর্থনাদি বিষয়ে সরকার হইতে কোন্ উপমন্ত্রীর উপর দায়িত্ব দেওয়া হইয়াছিল এবং

(খ) ইহা কি সত্য যে, উক্ত উপমন্ত্রীর হাত দিয়া গ্রামদানের দলিলপত্রাদি শ্রীবিনোবাজীকে দেওয়া হইয়াছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :

(ক) না, হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:
আমার প্রশ্ন হল, কাগজে আমরা যে সংবাদ দেখেছি সেটা ভুল এবং মিথ্যা বলছেন, তাহলে এর প্রতিবাদ করা হয়নি কেন সরকার পক্ষ থেকে—বিনোবাভাবেজী যখন কাকদ্বীপে গিয়েছিলে তখন তাঁর তত্ত্বাবধানের জন্য একজন উপমন্ত্রীকে দায়িত্ব দেওয়া হইয়াছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :
সরকার থেকে দেওয়া হয়নি।

Shri Sanat Kumar Raha :
সরকারের বিরুদ্ধে কাগজে কিছু কটাক্ষ করে সংবাদ বেরিয়েছিল, তার প্রতিবাদ করা হয়নি কেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
তার সংগে এর কোন সম্পর্ক নাই।

Shri Balai Lal Das Mahapatra :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন শ্রীমতী মায়া ব্যানার্জি যে দলিলগুলি দিয়েছিলেন সেগুলি কি রেজেস্ট্রী করা হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :
এই প্রশ্ন উঠে না।

Sinking of tube-wells in Contai police-station

***45.** (Admitted question No. *247.)

শ্রীসুধীরচন্দ্র দাস : উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উন্নয়ন বিভাগের মাধ্যমে কাঁথি মহকুমায় যে নলকূপগুলি বসান হইয়াছে, তাহাদের মধ্যে কতগুলি অচল অবস্থায় আছে;

(খ) ঐ অচল নলকূপগুলিকে সচল করিবার কি ব্যবস্থা হইতেছে; এবং

(গ) উন্নয়ন বিভাগের নলকূপগুলির দায়িত্ব জল-সরবরাহ বিভাগ কর্তৃক গৃহীত হইবার কোন প্রস্তাব আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen :

(ক) উন্নয়ন বিভাগের মাধ্যমে যে লোকাল ডেভেলপমেন্ট ওয়ার্কস প্রোগ্রাম-এর আওতায় যে নলকূপ বসান হয় তাহা সচল রাখা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব নির্দিষ্ট প্রকল্পের উদ্যোক্তাদের। তাছাড়া সরকারের স্থানীয় সংশ্লিষ্ট আধিকারিক উক্ত নলকূপগুলির কোনটি অচলাবস্থায় আছে এমন কোন রিপোর্ট কোন উদ্যোক্তাদের নিকট হইতে পান নাই।

(খ) প্রশ্ন উঠে না। (গ) না।

Shri Sudhir Chandra Das :
আমি নিজে মহকুমা শাসকের কাছে অনেকগুলি দরখাস্ত দিয়েছি, তিনি বলেছেন আমার কিছু করবার নাই. আমরা কিছু করতে পারব না, যারা স্পনসর তাঁরা করবেন, তার ফলে যে অবস্থার উদ্ভব হয়েছে তাতে গ্রামবাসীরা নলকূপ বসাতে পারছে না—যাই হোক, যেগুলি অচল অবস্থায় পড়ে আছে সেগুলি সম্পর্কে সরকার কিছু চিন্তা করছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
লোকাল ডেভেলপমেন্ট ওয়ার্কস প্রোগ্রাম কেন্দ্রীয় সরকারের একটি প্রকল্প, এই প্রকল্পের আওতায় উন্নয়ন বিভাগের মাধ্যমে এই রাজ্যের সকল জেলাতে পানীয় জল সরবরাহের প্রকল্প গ্রহণ করা হয় এবং কেন্দ্রিয় সরকারের প্রচলিত নিয়ম অনুযায়ী লোকাল ডেভেলপমেন্ট ওয়ার্কস প্রোগ্রাম-এর আওতায় যে নলকূপ বসান হয় তা রক্ষণাবেক্ষণ ও চালু রাখার দায়িত্ব প্রকল্পের উদ্যোক্তাদের, সরকারের নহে।

Shri Sudhir Chandra Das :
আমার প্রশ্নটা হল জল সরবরাহ বিভাগ এখানে জল সরবরাহের জন্য নতুন নলকূপ দেবেন কিনা, তিনি বল্লেন 'না', না 'বল্লেন' কেন। তাহলে কি এখানে জল সরবরাহ করা হবে না? আমার প্রশ্ন হচ্ছে, যেখানে উন্নয়ন বিভাগের নলকূপ অচল হয়ে গিয়েছে সেখানে জল সরবরাহ বিভাগ নতুন নলকূপ দেবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
আসল ব্যাপার হচ্ছে যারা স্পনসর তাঁরাই মেরামত করবেন, যদি আমরা বুঝি যারা স্পনসর তাঁরা মেরামত করবেন না তাহলে পর আমাদের হেল্‌থ্‌ ডিপার্টমেন্ট থেকে মেরামত করা হবে কিনা তা বিচার করা হবে।

Shri Sudhir Chandra Das :
স্যার পশ্চিমবংগে শত শত নলকূপ অচল হয়ে পড়ে আছে। গ্রামবাসীরা চাঁদা দিয়েছে। এখন নলকূপগুলি অচল হবার পরে তারা টাকা দিতে পারেনি এটা উপলব্ধি করে সরকার সেগুলি সরাসরি নিয়ে নেবেন কিনা অথবা নতুন নলকূপ দেবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
বিবেচনা করে দেখব।

Dr. Golam Yazdani :
যার স্পনসর তাঁদের কি বলে দেওয়া হয় যাবতীয় দায়িত্ব তোমাদের নিতে হবে মেইনটেন্যান্স-এর?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমি আগেই বলেছি যে, যখন উন্নয়ন বিভাগের মারফৎ এই সমস্ত নলকূপ প্রোথিত করা হয় তখন তারা গিয়েছিল যারা স্পনসর করেছেন তারাই মেরামতের দায়িত্ব নেবেন, কিন্তু এখন দেখা যাচ্ছে তাঁরা মেরামতের দায়িত্ব সব জায়গায় নিচ্ছেন না, কোন কোন জায়গায় নিয়েছেন, এখন আমাদের স্বাস্থ্য বিভাগ থেকে এর দায়িত্ব নিতে পারা যায় কিনা সেই বিষয় বিবেচনা করা হচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:
আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে নলকূপ মেরামত বলতে দুটো কান্ডসন আছে, একটা হচ্ছে অর্ডিনারী, আরেকটা হচ্ছে সিংকিং এন্ড রি-সিকিং, মেজর রিপেয়ার, এই ব্যাপারে এর আগে স্পনসরদের উপর কোন দায়িত্ব ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen :
মেরামত বলতে আমরা বুঝি সামান্য একটু মেরামত, রি-সিংকিং মেরামতের মধ্যে আসে না।

Shri Sailendra Nath Adhikary:
রি-সিংকিং-এর যোগ্য এমন শত শত টিওবওয়েল পড়ে আছে যার ফলে গ্রামবাসীরা কষ্ট পাচ্ছে। এজন্য একটা ইন্টিগ্রেটেড প্ল্যান করবার এবং ডিস্ট্রিক্ট অফিসারদের উপর তার দায়িত্ব দেবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
স্বাস্থ্য বিভাগ থেকে একটা মাস্টার প্ল্যান করা হচ্ছে।

Shri Balai Lal Das Mahapatra :
স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি এই নলকূপগুলি মেরামত এবং রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকার নীতি হিসাবে গ্রহণ করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
এটা আমরা বিবেচনা করছি, খুব সম্ভব গ্রহণ করব।

Tour of Acharyya Vinoba Bhabe in West Bengal

***46.** (Admitted question No. *276.)

শ্রীশম্ভূচরণ ঘোষ : স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি বিনোবাজী পশ্চিমবঙ্গে কতদিন অবস্থান করিয়াছেন; এবং

(খ) এই অবস্থানকালে দলবলসহ বিনোবাজীর জন্য পশ্চিমবঙ্গ সরকারের মোট কত টাকা কি কি বাবত খরচ হইয়াছে?

The Hon'ble Prafulla Chandra Sen :

(ক) দশ মাস।

(খ) খরচ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হইতেছে।

Shri Sambhu Charan Ghosh :
কতদিনের মধ্যে পাওয়া যাবে বলে আশা করা যায়?

The Hon'ble Prafulla Chandra Sen :
সঠিক বলতে পারছিনা। বিনোবাভাবেজী বিভিন্ন জেলায়ই শুধু নয়, বিভিন্ন মহকুমায়ও পরিভ্রমণ করেছেন। এখন তথ্য সংগ্রহ করা হচ্ছে, সংগৃহীত হলে পরে এর উত্তর দিতে পারব।

Shri Sailendra Nath Adhikary:
বিনোবাভাবেজীর সন্দর্শনে যেসমস্ত মন্ত্রী উপমন্ত্রী বিভিন্ন জায়গায় গিয়েছিলেন তাঁরা কি টি এ নিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার যতদূর জানা আছে টি এ নেননি তারা। এই প্রশ্ন থেকে এটা ওঠেনা।

Shri Birendra Narayan Ray:
তারা সরকারী গাড়ী ব্যবহার করেছিলেন?

Mr. Speaker: That question does not arise here.

Checking up of the sugar stock of sugar dealers

***47.** (Admitted question No. *290.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) if the stock books of the retail sugar dealers to whom sugar had been distributed by the wholesale sugar dealers prior to promugation of Sugar Control Order have been checked up to ascertain the figures of despatch of sugar to them as discolsed by the wholesale merchants;

(b) if so, how much of these stocks remained in their stocks after the coming into operation of the Sugar Control Order;

(c) on what basis allotment of permits for sale of sugar at controlled rate through retail dealers (not M.R. shops) has been made by the Food Department;

(d) how many of such permits have been so far issued in Calcutta;

(e) if the Food Department inspect regularly these shops to verify how much of their stocks has been properly sold at the controlled rate;

(f) if any case of blackmarket by these permit holders has so far been noticed; and

(g) whether the stock available in West Bengal at present is sufficient to meet the needs of the State?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Charu Chandra Mahanty: (a) During the decontrol period, the stock books of the retail sugar dealers who were free to sell the sugar in the open market, without any restrictions, were not verified.

(b) The question does not arise.

(c) Grocers (not M. R. shops) were selected having regard to the local reputation one volume of transactions made prior to the promulgation of control order.

(d) 1,405 permits.

(e) Yes.

(f) Yes.

(g) Stocks allotted by the Government of India are not sufficient to meet demand of this State.

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি (এফ)-এর উত্তরে বললেন ইয়েস্। আমার প্রশ্ন হচ্ছে এ পর্যন্ত এরকম ধরণের কত কেস পেয়েছেন এবং কত জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: ৪৬টি হয়েছিল তার মধ্যে ৪০টির ডিসিসন হয়ে গেছে এবং ৪০টিই কনভিক্টেড হয়েছে। অর্থাৎ প্রসিকিউসন ফোর–এন্ডেড ইন এ্যাকুইট্যল–নিল, নাম্বার অব কনভিকসন ফরটি।

শ্রীকাশীকান্ত মৈত্র: এগুলি সবই কি রিটেল গ্রোসার-এর বিরুদ্ধে হয়েছে, না হোল-সেলার-এর বিরুদ্ধেও হয়েছে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: সেটা বলতে পারছিনা কারন এর মধ্যে তা নেই। তবে ফর কন্ট্রাভেনিং দি সুগার লাইসেন্সিং অর্ডার এগুলি কন্ট্রাভেন করাতে হয়েছে। হোলসেলার বা গ্রোসার সে তথ্য আমার কাছে এখন নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে নির্দেশ এসেছে যে ডি আই রুলস্ এ্যাপ্লাই করতে পারেন। আমার প্রশ্ন হচ্ছে এই ডি আই রুলস্ এ্যাপ্লাই করবেন কিনা সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার কোন সিদ্ধান্ত নিয়েছেন কিনা বা বিবেচনা করছেন কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: সিদ্ধান্ত কিছু নেওয়া হয়নি। তবে এ্যাপ্লাই না করার কোন কারণ নেই।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যারা অভিযুক্ত হয়েছে তারা সবই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস্-এ অভিযুক্ত হয়েছে।

শ্রীশৈলেন অধিকারী: মুখ্যমন্ত্রী সেদিন বললেন ডি আই রুলস্ এ্যাপ্লাই করা হয়নি বা হবেনা। আজ তাহলে কি বলছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি চিনি সম্বন্ধে বলিনি। সেদিন আমি ধান চাল সম্বন্ধে বলেছিলাম যেহেতু ধান চাল সম্বন্ধে আমরা কোন রুলস্ এ্যাপ্লাই করিনি।

Wholesale sugar dealers

***48.** (Admitted question No. *291.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) what were the total quantities of sugar indented from the mill heads located within and outside this State by the recognised wholesale sugar dealers in West Bengal since last two years up to date;

(b) if the despatch registers of the sugar mills and the bank books of the recognised wholesale sugar merchants have been checked up to verify the actual quantity of sugar indented within a continuous period of two months preceding the promalgation of Sugar Control Order;

(c) if the despatch registers and bank books have been compared with the stock register maintained by these wholesale sugar merchants by the Food Department up till now;

(d) out of their stocks how much has been distributed up till now by the wholesale dealers and in what manner; and

(e) whether there is any system of checking up this distribution by the whole salers to guard against any possible diversion to blackmarket?

The Hon'ble Charu Chandra Mahanty: (a) The figures cannot be furnished as those were not collected during the period of decontrol. A statement is enclosed so far as the control period is concerned.

(b) The State Government has no authority or power to check the Despatch Register of Sugar Mills. No checking of Bank books of recognised wholesalers was also made during the decontrol period.

(c) The question does not arise for the perid of de-control.

During the present control, the allotment is made among whole salers exclusively by this department. There is, therefore, no need of getting such figures from the books of those wholesalers.

(d) Before the promulgation of Sugar Control Order, stocks of sugar with the wholesalers were sold in the open market at the then prevailing prices. A statement is enclosed so far as the Control period is concerned.

(e) The question of blackmerketing does not arise when there was no control on the price of suger.

The officers of this department hold regular checks on the storage and sale of suger by the wholesalers.

Statement referred to in reply to clause (a) of starred question No. 48.

Monthwise allocation of sugar to Calcutta and to districts as well during the said period:

Month	Calcutta Industrial Area (Importers)	(In metric tonnes) Districts	Total
April	14,164	6,843	21,007
May	13,054	8,006	21,060
June	13.647	7,290.5	20,937.5
		Surrendered	62.5
			21,000

Statement refrred to in reply to clause (d) of starred question No. 48.

Statement showing distribution of sugar by the wholesalers during the period from 24-5-63 to 17-7-63.

(Figures in quintals)

May-June	... 1,18,099	79,030	1,91,129
June-July (up to 14-7-63)	84,954	55,525	1,40,479

N.B.—Above stocks of sugar were distributed by the wholesalers through fair price shop, M.R. shops, grocers and to Establishments.

শ্রী[illegible] মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে—ক্লজ (ই)-এর উত্তরে বললেন ব্লাক মার্কেটিং ব্যাপারে আমাদের দেখবার কিছু নাই, বা করণীয় কিছু নাই। কারণ ফুড ডিপার্টমেন্ট যা অনুসন্ধান করবার তা করে যাচ্ছে। আমার কথা হচ্ছে হোল-সেল ডিলার যারা রয়েছে সুগার কণ্ট্রোল চালু হবার পর চিনি ব্লাক মার্কেটিং-এ চলে যাচ্ছে, সেজন্য প্রশ্ন হচ্ছে হোল-সেলারদের যে

চিনির পারমিট দেওয়া হচ্ছে সেই পারমিটের চিনি ব্লাক মার্কেটিং-এ ডাইভার্টেড হচ্ছে কিনা সেটা সম্পর্কে কোন চেক-ষ্টাফ আছে কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি: আমাদের ইন্সপেক্টিং স্টাফ আছে, তাছাড়া এনফোর্সমেন্ট ব্রাঞ্চ আছে তাদ্বারা দেখা হচ্ছে।

শ্রীবলাইলাল দাসমহাপাত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি খবর পেয়েছেন যে চিনি ব্লাক মার্কেটিং-এ চলে যাচ্ছে?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি: এরকম সংবাদ আমার কাছে নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় কি বাজার ঘুরে দেখেছেন যে দেড় টাকা দু-টাকা দরে অনেক চিনি পাওয়া যাচ্ছে?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি: মন্ত্রিমহাশয় তো বাজার ঘুরে দেখেন না।

শ্রীসুধীরচন্দ্র দাস: কলকাতার বহু দোকানে চিনি পাওয়া যাচ্ছেনা এ রকম কমপ্লেন পাওয়া যাচ্ছে কি?

দি অনারেবল চারুচন্দ্র মোহান্তি: যথেষ্ট পাওয়া যাচ্ছে বলে আমার সংবাদ।

শ্রীসুধীরচন্দ্র দাস: সংবাদপত্রে মাননীয় মন্ত্রিমহাশয় দেখেছেন কিনা যে বহু দোকানে চিনি পাওয়া যাচ্ছেনা? এটা লক্ষ্য করেছেন কি?

[No reply]

Shri A. H. Besterwitch: Does the Hon'ble Minister know that in the market you can get huge quantities of sugar at Rs. 2/8 per seer and does he call that 'Black market' or 'white market'?

The Hon'ble Prafulla Chandra Sen: If the honourable member will bring to our notice any specific instance, we will certainly enquire into it and the culprits will be punished.

Shri Sailendra Nath Adhikary:
'Black market' 'white market'
নিষ্ধারনের মাপ কাঠি কি?

Mr. Speaker: That question does not arise. The honourable members are saying 'black market' and 'white market'. How can the other side explain those terms? It is up to you to say what is 'black market' and what is 'white market'.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ও'রা কোন্‌টাকে ব্লাক মার্কেট বলে মনে করেন?

মিঃ স্পীকার: ব্লাক মার্কেট বলতে কোন জিনিষটাকে মীন করছেন?

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমরা কন্ট্রোল রেটের বাইরে, অলিগলিতে কি প্রকাশ্যে যে সমস্ত ডাকাতি হয় সেগুলিকে বলি ব্লাক মার্কেটিং।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: ঠিকই বলেছেন মাননীয় সদস্য মহাশয়, মূল্য যদি নির্ধারিত হয়ে থাকে, চিনির ক্ষেত্রে সরকার যে মূল্য নির্ধারণ করে দিয়েছেন তার বাইরে কেউ যদি দাবী করে নিশ্চয়ই সেটা ব্লাক মার্কেটিং হল চিনির ক্ষেত্রে। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ৪৬ জন অভিযুক্ত হয়েছে, তার মধ্যে ৪০ জন শাস্তি পেয়েছে। স্পেসিফিক কেস যদি আনা হয়, নিশ্চয়ই তারা শাস্তি পাবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন সেটা চিন্তা করেছি, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি পাবলিকের পক্ষ থেকে এ সম্বন্ধে ওপিনিয়ন ইনভাইট করবেন কিনা এবং যাতে তারা নির্ভয়ে সমস্ত খবরাদি জানাতে পারে তার জন্য সরকার পক্ষ থেকে সেটা সিক্রেট রাখা হবে কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: নিশ্চয়ই।

Formation of Bengali Regiment

***49.** (Admitted question No. *325.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেঙ্গলী রেজিমেন্ট গঠনে কেন্দ্রীয় সরকার সম্মতি দিয়াছেন কি না; এবং

(খ) সম্মতি দিয়া থাকিলে এই সম্পর্কে কি ব্যবস্থা এ পর্যন্ত অবলম্বিত হইয়াছে?

[12-30—12-40 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen :
(ক) বেঙ্গলী রেজিমেন্ট গঠনে কেন্দ্রীয় সরকার সম্মতি দেন নাই;
(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das :
কেন দেননি সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোন আলোচনা হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
কেন দেননি তা বলতে পারব না, দেন নি এইটুকু বলতে পারি।

Shri Balai Lal Das Mahapatra :
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এ সম্পর্কে বাংলা সরকারের কোন কর্তব্য আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার এতে কিছু বলার নেই।

Shri Kashi Kanta Maitra:
এই দাবির সমর্থনে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে কিছু বলা হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
আগে অনেক কিছু চিঠি লেখালেখি হয়ে গেছে। এসম্পর্কে আর কিছু বলতে চাইনা।

Shri Balai Lal Das Mahapatra :
আমার প্রশ্ন হচ্ছে বেঙ্গলী রেজিমেন্ট গঠনের ব্যাপারে সমগ্র বাংলাদেশের জনমত রয়েছে যেখানে সেখানে কি পশ্চিমবঙ্গ সরকারের কিছু কর্তব্য নেই?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি এ সম্বন্ধে যা উত্তর দিয়েছি তার বেশী বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:
মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে বলবেন বেঙ্গলী রেজিমেন্ট গঠণের নীতি তাঁরা সমর্থন করেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমি আগেই বলেছি এ সম্বন্ধে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বার বার আবেদন করেছি। প্রতিরক্ষা মন্ত্রীর সঙ্গে আমার এ নিয়ে ব্যক্তিগত আলোচনা হয়েছে কিন্তু তাঁরা রাজী হন নি। কাজেই এ সম্বন্ধে আমি কোন আলোচনা করতে চাই না।

Recruitment of additional nurses and class IV workers during epidemics

***50.** (Admitted question No. *370.) **Dr. Narayan Chandra Roy:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state if it is a fact—

(i) that during the time of epidemics additional nurses and class IV workers are recruited in infectious diseases hospitals to cope with the situation; and

(ii) that this is done by arrangement with nursing Institutions?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the number of such institutions;

(ii) what is the Commission, if any, allowed to these institutions;

(iii) if there are any Hospital Officers connected with these institutions, and

(iv) if there is any bar to any Government Official running a nursing institution which may provide personnel for extra work in epidemic seasons?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha: (a) (i) No fresh recruitment of additional nurses is made now. Only additional class IV workers are appointed by the Superintendent, I.D. Hospital, Calcutta, according to necessity. Additional nurses are mobilised from other Hospitals to cope with the additional work during epidemic.

(a) (ii) Does not arise.

(b) (i) Does not arise.

(b) (ii) Does not arise.

(b) (iii) No hospitals officers or staff employed under the administrative control of Health Department are connected with Nursing Institutions.

(b) (iv) Yes.

No Government servant can have any personal intetrest in a private institution like this.

Dr. Narayan Chandra Roy : Are you aware that the infectious diseases hospital is crowded during seasons when there are cholera and diphtheria epidemics in the ratio of ten to one hundred when it is impossible for the permanent staff of the hospital to manage the work ? Are you in a position to tell me that the other hospitals do the subsidiary work during the epidemic seasons ?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha :
আমাদের যখন যে রকম এ্যাডিসনাল নার্স-এর দরকার হয় সেই রকম অন্য হাসপাতাল থেকে রিক্রুট করে চালাচ্ছি। তবে যদি কখনও আমাদের মনে হয় যে এতে আমরা পেরে উঠব না তখন বাইরে থেকে নার্স আনাতে হবে। গত বছর থেকে এ বছর পর্যন্ত এই সিস্টেম চলছে। এখন বাইরে থেকে আনবার দরকার হয় না। আমাদের ক্লাশ ফোর ওয়ারকারদের জন্য দরকার হয়।

Dr. Narayan Chandra Ray :

আপনি কি অবগত আছেন যে কলেরা হাসপাতালে কলেরা সিজিনে এমন হয় যে একটা হোল ওয়ার্ডে জল জল বলে রোগী চিৎকার করছে অথচ সেখানে একটি দুটির বেশী নার্স দেওয়া যায় না, কারণ, এক্সপেকটেড হিসাবের ১০ গুণ বেশী পেসেন্ট হঠাৎ এক রাত্রে এসে যায়?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha :

এই রকম রিপোর্ট আমরা পাইনি। যদি পাই তাহলে তার সমুচিৎ ব্যবস্থা নিশ্চয়ই করতে হবে।

Dr. Narayan Chandra Ray :

আপনি কি অবগত আছেন সুপারিনটেণ্ডেন্ট এই সময় আনট্রেণ্ড নার্সেস যাদের দাই বলে রাখা হয় এবং যারা
as a matter of fact class IV
এ পরে তাদের বিভিন্ন জায়গার নার্সিং ইন্স্টিটিউশন থেকে ১০।১২ জন করে নেন?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

আমাদের দুই রকমের নেওয়া হয় এক হচ্ছে অক্সিলিয়ারী নার্স, তারা দাই নয়। অন্যান্য হাসপাতালের অক্সিলিয়ারী নার্স-এর মত
fully trained senior nurse.
নেওয়া হয়, যাদের কোন রকম স্পেয়ার করতে পারি না। যাদের দাই বলছেন যাদের
class IV untrained workers.
বলে নেওয়া হয় তাদের যেমন যেমন দরকার হয় তেমন নিই। যখন নার্সের কাজে খুব গোলমাল হয় তখন কিছু কিছু তাদের সাহায্য করতে হয়।

Dr. Narayan Chandra Ray :

আমার প্রশ্ন হচ্ছে হঠাৎ দরকারে সুপারিনটেণ্ডেন্টেকে বাধ্য হয়ে নিতে হয়। সেজন্য তাঁর পক্ষে ২।১টা জানা জায়গায় যেখানেই চেষ্টা করবেন ১০টা পাওয়া যেতে পারে এই রকম সম্ভাবনা থাকার ফলে তিনি বিনা অনুমতিতে এসব করে থাকেন। আমার আসল প্রশ্ন হচ্ছে
why not make a permanent increase in staff.

The Hon'ble Dr. Prabodh Kumar Guha :

মিঃ স্পীকার স্যার, ডাঃ রায় যেটা বলছেন আগে নিয়ম ছিল। গত বছরের মাঝামাঝি সে নিয়মটা আমরা বন্ধ করে দিয়েছি নানা কারণে। কোয়েশ্চেন গ্যারেইনজ করে যে কোথা থেকে তাদের আনা হচ্ছে, সত্যই তারা ট্রেণ্ড কি আনট্রেণ্ড, তার দায়িত্ব নিতে পারবেন কিনা এজন্য গত বছরের মাঝামাঝি থেকে আমরা বন্ধ করে দিয়েছি। আমরা
trained nurses from other Government Hospitals
সেই ব্যবস্থা করেছি।

Dr. Narayan Chandra Ray :

আমার প্রশ্ন হচ্ছে ডিপথেরিয়া কেস, কলেরা কেস এর জন্য হাসপাতালে শুশ্রূষার অত্যন্ত যে অভাব হয়েছে তার প্রতিকারের কথা আপনারা ভাবছেন কিনা?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha :

এবিষয়ে আমি সংবাদ নেব এবং যদি দরকার হয়, যদি আমরা দেখি যে অন্যান্য হাসপাতালে যে নার্স আছে তারা পেরে উঠছেন না তাহলে নিশ্চয়ই আমরা বাইরে থেকে নার্স নিবার ব্যবস্থা করবো।

Dr. Golam Yazdani :
গত এপিডেমিকের সময় কতগুলি ট্রেন্ড নার্স আপনারা এভাবে নিয়ে এসেছিলেন?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha :
কতগুলি ট্রেন্ড নার্স নিয়ে এসেছিলাম তার রেকর্ড আমার নেই, তার জন্য তো আমাদের মাইনা আলাদা করে দিতে হয় না। কতকগুলি ক্লাস ৪ ওয়ারকার্স আমরা দিয়েছিলাম, তাদের আলাদা পয়সা দিতে হয় বলে তার রেকর্ড আমার কাছে আছে।

Dr. Golam Yazdani :
ক্লাস ৪ ওয়ারকার্স কত নেয়া হয়েছে?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha :
স্মল পক্সের জন্য নেয়া হয়েছিল জি ডি এ ৭ জন, সুইপার ৫ জন, ডোম ২ জন। ১লা মে ১৯৬৩, ১৫ দিনের জন্য য়্যাপয়েণ্টমেণ্ট দেয়া হয়। ১৬ই জুন কাউকে নেয়া হয়নি। কলেরার জন্য নেয়া হয়েছে জি ডি এ ৭৯, সুইপার ৭০, ডোম ২ জন, ১৬ই মে নেয়া হয়েছে জি ডি এ ৮৯, সুইপার ৬৭, ডোম ২ জন, কারণ কেস বেড়ে গিয়েছিল, ১লা জুন জি ডি এ ১৪, সুইপার ১৯, কারণ কেস কমে গিয়েছিল।

Cancer cases in Calcutta

***51.** (Admitted question No. *372.) **Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many beds there are in different hospitals for Cancer cases in Calcutta;

(b) the names of the hospitals where facilities for such treatment are offered;

(c) how many of the beds are free beds; and

(d) what programme, if any, Government proposes to adopt to fight out Cancer from this State?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha : (a) There are 181 indoor beds as below: (i) Chittaranjan Cancer Hospital (Non-Govt.)—161; (ii) Medical College Hospital (Govt.)—20.

(b) (i) Medical College Hospital—Outdoor and Indoor.

(ii) Nilratan Sircar Medical College Hospital—Outdoor.

(iii) R. G. Kar Medical College Hospital—Outdoor.

(iv) Chittaranjan Cancer Hospital—Outdoor and Indoor.

(c) Out of 161 beds of the Chittaranjan Cancer Hospital 83 are free out of which 30 are controlled by Government. All the 20 beds of the Medical College Hospital are free.

(d) An expert Committee is being appointed. The programme will be decided on receipt of the Committee's recommendation.

For the present, the Radiotherapy Departments of the State Hospitals are being gradually improved and expanded.

Dr. Narayan Chandra Ray :
বেডের ফিগারটা আর একবার ফাইলগুলি পড়ে দিন চিত্তরঞ্জনেরটা।

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

১৬১ বেডস্ চিত্তরঞ্জন ক্যান্সার হস্পিটালে, তার মধ্যে ৮২টি ফ্রি বেডস্ এবং এই ৮৩-র মধ্যে 30 are controlled by Government.

Dr. Narayan Chandra Ray:

আমার প্রশ্ন হচ্ছে এই ফ্রি বেডগুলোতে দরখাস্ত করার জন্য সম্প্রতি কি আপনাদের নূতন কোন অর্ডার গিয়েছে?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

আমাদের নূতন কোন অর্ডার নেই। ক্যানসার হাসপাতালে আউটডোরে রোগী যায়, তারপরে তাঁরা ওয়েট করেন, তাদের কেউ সেটা পরীক্ষা করেন এবং যাকে মনে করেন কার্ড করা উচিৎ সেই কাগজগুলি রাইটার্স বিডিংসে পাঠিয়ে দেন। প্রতি সপ্তাহে ওদের একদিন করে সিটিং হয়, আবার একটা বোর্ড বসে তখন ঠিক করেন কাকে ভর্ত্তি করা হবে, কাকে করা হবেনা।

[12-40—12-50 p.m.]

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ রাইটার্স বিল্ডিংস মারফৎ ভর্তি করা এটা কোন্ বৎসর থেকে প্রবর্তন করা হয়েছে?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহঃ ৩০টি বেড গভর্নমেন্ট থেকে কন্ট্রোল করা হয় এবং সেজন্য রাইটার্স বিল্ডিংয়ের একটা অর্ডার লাগে—কিন্তু প্রায়রিটিটা ওখানকার লোক্যাল বডি বা কমিটি যা ঠিক করে দেয় প্রায়রিটি সেইটেই মেনটেন হয় সাইন্টিফিক্যালি।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ এখানে এন আর এস বা আর জি করে যে সব আউটডোর এবং ইনডোর বেড এটা অত্যধিক খরচ হবে বলে কি বন্ধ আছে?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহঃ একটা কমিটি করা হচ্ছে সেটা খুব সম্ভব ৭।৮ দিনের মধ্যেই পার্বলিস হবে—ক্যাপ্টেন পি বি মুখার্জি তাঁকে চেয়ারম্যান করে একটা কমিটি করা হচ্ছে। সেই কমিটিতে বড় বড় এক্সপার্ট নেওয়া হয়েছে তার সমস্ত existing facilities in all State and non-State hospitals in Calcutta. দেখে তাঁরা যা আমাদের বলবেন এবং আমাদের ফান্ড যতটা পারমিট করবে সেই রকম আমরা এডিসন্যাল বেড করবার চেষ্টা করবো—এটা যে দরকার সরকার তা ভালভাবেই জানেন।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ যতক্ষণ ইনডোর বেডের বন্দোবস্ত করতে না পারছেন ততক্ষণ আউটডোরে প্রত্যেক হাসপাতালে আরও এক্সটেনসিভলি ডিপ রে এই ক্যানসারের জন্য দেওয়া যায় তাতে বেশী খরচ হবে না সেটা করা যায় কি?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহঃ এটা মেডিক্যাল ডিপার্টমেন্টের আরও দুটি নূতন মেসিন দিয়েছি—২৫০ কে জি মেসিন এবং দুটো দু-এক মাসের মধ্যেই ফিট করা হবে তাহলে চারটে আছে তার জায়গায় ৬টা হবে। এখন ৪টিই চালু আছে।

শ্রীকানাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে বাংলা দেশে ক্যানসারের রোগীর সংখ্যা কত?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহঃ মিঃ স্পীকার স্যার, এই কোয়েশ্চেনের উত্তর মাননীয় সভ্যদের কাছে পেলে আমার খুব সুবিধা হয় কারণ আমরা গত শনিবারে এইটে নিয়েই আলোচনা করছিলাম এবং ডাইরেক্টার জেনারেল অব দি স্টেট ইনসিওরেন্স, দিল্লী, তিনি এসে আমার সঙ্গে আলোচনা করলেন এ প্রশ্নের উত্তর আমি তাঁকে দিতে পারি নি—কারণ ঠিক ফিগার আমাদের

কাছে নেই। মাননীয় সভ্যরা আমাদের যদি সাহায্য করেন তাহলে আমাদের কিছুটা উপকার হয়।

Dr. Anath Bandhu Ray: Will the Hon'ble Minister be pleased to say if there is any contemplation to start Cancer centres in mofussil area?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ: আমাদের এই যে এক্সপার্ট কমিটি হচ্ছে তাঁরা সেটা ঠিক করবেন যে আমাদের কলকাতায় একটা সেন্টার করে আর বাইরে কোথায় করা হবে। আমরা যা প্রিলিমিনারী আলোচনা করেছি তাতে তাঁরা বলেছেন যা এবং তাতেও আমার একমত যে উত্তরবঙ্গে একটা করতে হবে। এবং তাছাড়া পশ্চিমবঙ্গে আর দরকার হবে কিনা সেটা এক্সপার্ট কমিটিই ঠিক করবেন।

Dr. Anath Bandhu Ray: Is the Hon'ble Minister aware of the fact that some advancement was made in the way of having a Cancer Centre in connection with the Bankura Sammilani Medical College?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
আমার সেটা জানা নেই।

Dr. Anath Bandhu Ray: Will the Hon'ble Minister kindly enquire if there was an order for X-ray apparatus for the purpose and release of foreign exchange to the extent of two lakhs of rupees, and this is not being utilised?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ: মিঃ স্পীকার স্যার, বোধ হয় একটু মাননীয় সভ্যের বুঝতে ভুল হচ্ছে যে আমরা যেটা ক্যানসার সেণ্টার মিন করছি সেটা ২।৩ লক্ষ টাকার ব্যাপার নয় তার মিনিমাম খরচ অন্তত ২০ লক্ষ টাকা হবে। সুতরাং যেটা আমাদের মাননীয় সভ্য বলছেন সেটা হচ্ছে প্রত্যেক মেডিক্যাল কলেজে আমাদের যেটা ক্যানসারের বা ডিপ থেরাপির ব্যবস্থা থাকে সেটা নিশ্চয়ই বাঁকুড়াতে থাকবে—প্রতি মেডিক্যাল কলেজেই হবে সেটা।

Dr. Anath Bandhu Ray: This equipment costing about Rs. 2 lakhs is meant for therapeutic X-ray and this is also meant for deep X-ray for Cencer. Is the Hon'ble Minister aware of any progress made in this direction in connection with the Bankura Sammilani Medical College?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ: স্যার, যদিও এই প্রশ্নটা ঠিক ওর সঙ্গে যুক্ত তবুও আমি উত্তর দিচ্ছি—আমি বিশেষ দুঃখিত যে মাননীয় সদস্য ঠিকভাবে নিতে পারেন নি—যা হোক বাঁকুড়া মেডিক্যাল কলেজে আমরা জলের এবং ইলেকট্রিকের দুটোরই ব্যবস্থা এবং কিছু ষ্টাফকে কোয়ার্টারে অসুবিধা ছিল সেটা জেনে আমরা প্রাণপনে চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি সেগুলো হয়ে যায়। ষ্টাফকোয়ার্টার সমেত যাতে হয় এবং তাছাড়াও হাসপাতালে যাওয়ার রাস্তাটা যাতে হয় তার ব্যবস্থা করা হচ্ছে।

Dr. Anath Bandhu Ray: Sir, mine was a direct question and this is a tendentious answer. I want to know whether any progress has been made to have there electricity installed in connection with the Bankura Sammielani College?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
স্যার, আমি তো এইমাত্র বললাম ইলেকট্রিক কানেকশান যাতে হয় তার ব্যবস্থা করা হচ্ছে। একটু সময় লাগবে।

Dr. Anath Bandhu Ray: The electricity is there at the door but what progress has been made in this connection?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ : কবে ইলেকট্রিসিটি কানেকশনটা হয়ে ডিপ এক্সরে থেরাপির উপযুক্ত হবে সেটাত আমার নোটিশ ছাড়া বলা সম্ভব না। যতটুকু জানি আমি মাননীয় সভ্যদের জানিয়েছি।

ডাঃ নারায়ণ চন্দ্র রায় : আমি যেটা জিজ্ঞাসা করছি সেটা হচ্ছে আর জি কর এবং আর এন এস এই দুটিতে একজিসটিং এক্সরে ডিপার্টমেন্টকে এক্সপ্যান্ড করে ডিপ এক্সরের বন্দোবস্ত করলে অনেকখানি রিলিফ হয়। সেটা করতে আপনাদের কোন বাধা আছে কি?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ : না, কোন বাধাই নেই। সেইজন্যই আমরা এক্সপার্ট কমিটিকে বলেছি যাতে প্রতি মেডিক্যাল কলেজেই সেই রকম ব্যবস্থা হয়।

ডাঃ গোলাম ইয়াজদানী : আপনি আমাদের কিছু খবর বলতে পারেন কি আর জি কর এবং আর এন এস এ আউট ডোরে কতগুলি রোগীর চিকিৎসা করার ব্যবস্থা আছে এবং কয়টা মেশিন আছে?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ : আউটডোরে কটা মেশিন আছে সেটা নোটিশ না দিলে আমার পক্ষে উত্তর দেওয়া সম্ভব নয়। সেখানে মেশিন আছে আউটডোরে, চিকিৎসা হয় এইটুকু বলতে পারি। কতগুলি রোগী সেখানে দেখা হয়েছে তা আমার পক্ষে বলা মুশকিল। নোটিশ দিলে আমি বলতে পারি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন মফঃস্বলে যে ক্যানসার রোগী আছে তার সুবিধার জন্য ডিষ্ট্রিক্ট হসপিটালগুলিতে এই আউটডোর চিকিৎসার অন্ততঃ ব্যবস্থা করবেন?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ : সব ডিষ্ট্রিক্ট হসপিটালেই ডিপ থেরাপি করতে আমাদের সময় লাগবে। কেননা প্রচুর টাকার দরকার। তবে করবার যে ইচ্ছা নেই সে কথা নয়। সরকারের সেটা ইচ্ছা আছে কিন্তু করতে অনেক সময় লাগবে।

ডাঃ গোলাম ইয়াজদানী : মফঃস্বল থেকে যে সমস্ত ক্যানসার রোগী পাঠান হয়, ঐ যে গভর্নমেন্টের যে ৩০টি বেড আছে, তার মধ্যে মফঃস্বলের রোগীদের ভর্তি করার ব্যবস্থা কি ধরণের আছে আপনাদের?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহ : যাদের এখানে থাকবার জায়গা নেই এবং তাড়াতাড়ি ভর্তি হওয়া উচিৎ নিশ্চয়ই তাদের আমরা প্রাইয়োরিটি দিই।

ডাঃ অবনী ভট্টাচার্য : কি টাইপ অব পেসেন্টের জন্য এই ৩০টি বেড ও'রা রেখেছেন? May I know from the Hon'ble Minister?

দি অনারেবল **ডাঃ প্রবোধকুমার গুহ :** এটা একটা টেকনিক্যাল কোশ্চেন তাহলেও আমি উত্তর দেবার চেষ্টা করছি। যাঁরা ক্যানসার বলে আসেন, মাননীয় সদস্য ডাক্তার, তিনি জানেন, ওখানে কোবাল্ট মেশিন আছে এবং খুব সম্প্রতি একটা সি সি এম ইউনিট ওখানে ইনস্টল হচ্ছে। এছাড়া ২২৫ ভোল্ট কেজির অনেকগুলি মেশিন আছে। সেইজন্য যতরকম ক্যানসারে দরকার হয় আমাদের চিত্তরঞ্জন হাসপাতালে সবরকম ক্যানসারকে ট্রিটমেণ্ট করবার জন্য সব রকম মেশিনের সেখানে ব্যবস্থা করা হয়েছে। সুতরাং কি ধরণের ক্যানসার ওখানে চিকিৎসা হয় সেই জিনিসটা আলাদা করে বলবার দরকার হবেনা।

ডাঃ অবনী ভট্টাচার্য : আমার কোশ্চেনটা বোধ হয় মন্ত্রিমহাশয় বুঝতে পারেন নি। মন্ত্রি মহাশয় বলেছেন যে ৩০টি বেড আছে সেই, ৩০টি বেড গভর্ণমেণ্ট কণ্ট্রোল করেন। সেই ৩০টি বেডে কোন টাইপ অব পেসেন্টের জন্য তাঁরা কন্ট্রোল করেন? কোন ধরণের পেসেন্টের জন্য সেই বেডগুলি রাখা হয়েছে?

দি অনারেবল ডাঃ প্রবোধকুমার গুহঃ মিঃ স্পীকার, স্যার, এইগুলি যখন ফ্রি বেড তখন তা গরীব লোকদের জন্যই দেওয়া হয় এবং এইটাই যদি মাননীয় সভ্য জানতে চান তাহলে তার উত্তরে বলবো, হ্যাঁ, আমরা গরীব লোকদেরই দিই। দ্বিতীয়তঃ, টেকনিক্যালি আমরা কোন রকম বিভেদ করিনা। যেগুলি সিরিয়াস পেসেন্ট, বাইরের পেসেন্ট তাদেরই প্রাইয়োরিটি দেওয়া হয়।

[12-50—1 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:
আপনি বল্লেন মফঃস্বলে ব্যবস্থা করা সম্ভব নয়, শহরাঞ্চলে সেন্ট্রালাইজও করা হচ্ছে, কিন্তু বেডের সংখ্যা বাড়াবার জন্য ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
আমাদের দুটো বড় ক্যানসার হসপিটাল-এর পরিকল্পনা চলছে। এই কমিটি করা হচ্ছে এই পরিকল্পনা সম্বন্ধে সুপারিশ করার জন্য। একটা হাসপাতাল করা হবে আমাদের পাবলিক হেলথ্ বিভাগ থেকে, আরেকটা যদি
Employees State Insurance Corporation
থেকে করা হবে, সেটা বড় ক্যানসার হসপিটাল হবে।

Shri Nepal Chandra Roy:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কমুনিষ্ট পার্টির কতজন সদস্য ব্রেণ ক্যান্সার-এ ভুগছে?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
এর উত্তর জানার দরকার নাই।

Hospitals equipped with Neurology Outdoor Departments in West Bengal

***52.** (Admitted question No. *373.) **Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the names of the hospitals which are equipped with Neurology Outdoor Departments;

(b) what is the "indoor-bed" strength in different hospitals in West Bengal;

(c) how many beds in Ranchi are paid for by the West Bengal Government;

(d) what is the programme, if any, of the State Government for the expansion of beds in insanity cases;

(e) how many private institutions are being financed by the State Government for the purpose; and

(f) what control the State Government keeps on these institutions?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha: (a) (1) Seth Sukhlal Karnani Memorial Hospital, Calcutta,

(2) Medical College Hospital, Calcutta,
(3) R. G. Kar Medical College Hospital, Calcutta,
(4) Nilratan Sircar Medical College Hospital, Calcutta.

(b) Total bed strength—29,701. For Neurology cases only—36, as noted below:—

(1) Seth Sukhalal Karnani Memorial Hospital, Calcutta—30,

(2) Medical College Hospitals, Calcutta—4,

(3) R. G. Kar Medical College Hospital, Calcutta—2.

(c) 645 beds in the Ranchi Mansik Arogyashala and 200 beds in the Hospital for Mental Diseases, Ranchi, of the Government of India.

(d) An Institute of Mental Diseases with 100 indoor beds in the premises of the now-defunct A. V. L. Hospital, Gobra, Calcutta, is nearing completion. Another 350-bedded Mental Hospital in the Borstal School premises at Berhampore has been sanctioned for construction at an estimated cost of Rs. 18.69 lakhs. Besides these, a scheme for constructing a separate Mental Hospital for Employees' State Insurance workers and their family members is also being looked into by the Employees' State Insurance.

(e) One—Lumbini Park, Calcutta.

(f) A licence under the Indian Lunacy Act, 1912, has been granted to Lumbini Park by the State Government and the institution is required to observe the conditions of the said licence. The Government have also appointed a team of visitors for this institution under the provisions of the Indian Lunancy Act, 1912.

Admission to the 15 free beds maintained by the Government in this institution for the benefit of indigent patients is controlled by the Government. Besides, in the Managing Committee of the institution, there is one Government representative—Deputy Director of Health Services (Administration), West Bengal.

Dr. Narayan Chandra Roy:

আপনি বল্লেন

general bed strength Government hospital-

এ ৩৬ আর বাকী গভর্নমেন্ট বেডস্‌ যেগুলি আছে

they are spread out in subsidised hospitals,

এজন্য জেনারাল প্রাক্টিশনার এবং পাবলিক-এর পক্ষে টোটাল বেড ষ্ট্রেংথ জানা সম্ভব নয়,
How to apply for the Tuberclusis Bed we do not know, how to apply for the leprosy bed, we do not know.

আমাদের পাঠাতে হয় থানাক দিয়ে। এসম্পর্কে কিছু বলতে পারেন?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
আপনারা ডাইরেক্টর অব হেলথ্‌ সার্ভিসেস্‌-এর কাছে পাঠিয়ে দিতে পারেন, তিনি ব্যবস্থা করবেন।

Dr. Narayan Chandra Roy:
এটার সম্পর্কে যদি একটি পাব্‌লিসিটি দিয়ে দেন তাহলে মানুষকে বারে বারে মেডিক্যাল কলেজ এবং অন্যান্য হাসপাতালে গিয়ে ফিরে আসতে হয় না,

they can find a way,

নাহলে পুলিস হাসপাতালে লুনাসি-র জন্য পাঠিয়ে দিতে হয়।

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
আমি ধরে নিচ্ছি আপনি রাঁচির কথা বলছেন। সেই জন্যই আমি বলছি সেখানে যে দুটো মেন্টাল হসপিটাল আছে ডাইরেক্টার অব হেলথ্‌ সার্ভিস-এর কাছে যদি দরখাস্ত দেন তিনি সেগুলি যথাযোগ্য স্থানে পাঠিয়ে দেবেন; যে বেডগুলি রিজারভ্‌ড্‌ তার জন্যও দরখাস্ত তিনি পাঠিয়ে দেবেন।

Dr. Narayan Chandra Roy:
প্রাইভেট্ হস্পিটাল-এ যে গভর্নমেন্ট বেড আছে, প্রাইভেট সাবসিডাইজ্‌ড ইনিষ্টিটিউশান-এ যে বেড আছে তাত প্রাইভেট প্রাকটিশানাররা নিজেদের র‍ুগী ভর্ত্তি করতে পারেনা, public is not entitled to admission, you can provide fully.

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
প্রাইভেট হাসপাতাল বলতে বোধ হয় আপনি মিন্ করছেন একটা হচ্ছে বোধিপীঠ, এখানে ৭৫টি বেড, একটা বঙ্গীয় উন্মাদ আশ্রম এখানে ৯০টি বিছনা, আরেকটা মেন্টাল হসপিটাল, মানকুন্ডু, এখানে ৮০টি বেড আছে—এগ‍ুলিতে খ‍ুব খরচ তিনি মিন্ করছেন, কিন্তু এগ‍ুলি আমরা কন্ট্রোল করিনা।

Dr. Narayan Chandra Roy:
এগ‍ুলি চাল‍ু রাখবার জন্য টাকা দেন তো? এগ‍ুলিতে কিভাবে পেশান্ট ভর্ত্তি করা হয় সে সম্পর্কে কোন খবর রাখেন কি না?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:
আমার যতদ‍ূর জানা আছে, এগ‍ুলি আমরা সাবসিডাইজ করিনা, তবে তাদের অবস্থা খারাপ হলে কিছ‍ু কিছ‍ু গ্রান্ট পান কিনা বলতে পারিনা।

Fair Price Shops

***53.** (Admitted question No. 379.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) how many fair price shops have so far been opened in West Bengal and what was the total offtake of rice from these shops during the last week of June this year;

(b) what was the total offtake of rice during the last week of June last year and how many shops there were during that time; and

(c) whether the Government intends to open more shops?

The Hon'ble Charu Chandra Mahanti: (a) and (b) The number of fair price shops and modified ration shops as on the 30th June 1963 was 11,346, and as on the 30th June 1962, 10,643. The offtake of rice from these shops during the last week of June 1963 was 4,902 tons, and during the last week of June, 1962, 2,299.

(c) Yes, District Officers have the authority to open more shops as and when necessity arises and when there is a local demand.

Dr. Kanai Lal Bhattacharya:
মন্ত্রিমহাশয় জানাবেন কি মডিফায়েড্ রেশনসপ এবং ফেয়ার প্রাইস্‌সপ-এর ডিফারেন্স কি এবং পশ্চিমবঙ্গের কোন্ জায়গায় মডিফায়েড্ রেশন সপ করা হয়, কোন্ জায়গায় ফেয়ার প্রাইস্ সপ করা হয় এবং তাদের সংখ্যা কত?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের পশ্চিমবাংলায় যখন ষ্ট্যাচুটোরী র‍্যাশনিং ছিল তখন কলকাতা এবং শিল্পাঞ্চলে, খরগপ‍ুর এবং আসানসোল ইত্যাদি জায়গায় ষ্টেট‍ুটরী রেশন দোকানগ‍ুলিকে বলা হত রেশন সপ, তারপর যখন ষ্ট্যাট‍ুটোরী রেশনিং উঠে গেল শহর এবং শিল্পাঞ্চলে তখন মডিফাইড রেশন সপ বলা হত এবং মফঃসলে বলা হত ফেয়ার প্রাইস সপ।

Dr. Kanai Lal Bhattacharya:
My third reason is that it is being rushed through the Legislature at a time when the whole country is still awaiting the decision of the Supreme Court. It is just to prevent the Supreme Court from deciding one way or the other.

Finally, I come to the important issue that was raised by Mr. J. P. Mitter in his own case. I can assure the House that he has not been fighting for a personal matter. He is not waging a private war. He has raised a very important issue. It is a great satisfaction to us at least that by trying to amend the Constitution, the ruling party has realised the force of the contention that was raised by Mr. J. P. Mitter.

Coming to the various clauses of this Bill, speaking about all the categories of Judges, viz., Supreme Court Judges, High Court Judges, members of the Higher Judicial Service and members of the Subordinate Judicial Service, the present practice, under the age of retirement varies with the different categories, the higher categories of Judges having a higher age of superannuation, and the lower categories of Judges having a lower age of superannuation, is dangerous, because it opens up avenues for corruption. This should be opposed.

Secondly, if you kindly turn to clause 2(a) you will find that as regards the Supreme Court they have decided that if any question arises about the age of a Judge of the Supreme Court, it shall be determined by such authority etc. I am asking, who has raised the question; how has this question arisen; and when was this question raised ? Once a Judge has been appointed his age has been determined. Therefore, there is no further scope of opening the whole question anew.

Now, with regard to the Judges of the Supreme Court, I believe the members are aware of the provisions of the Constitution. Look at the queer conduct of the ruling party. The provision is that the Judges of the Supreme Court can be appointed from the rank of distinguished jurists. Thirteen years have elapsed after the Constitution came into force, but not one distinguished jurist of India was asked to adorn the bench of the Supreme Court. So far as West Bengal is concerned, we had very distinguished jurists among ourselves, late Dr. Atul Chandra Gupta, Dr. Naresh Chandra Sen Gupta, Dr. R. Pal, but none of them was asked to act as a Judge of the Supreme Court.

So far as Supreme Court Judges are concerned it is exclusively the practice that has been followed by the Home Ministry and the Law Ministry is confined to the recruitment from High Court Bench. Now what is the scope for determining or redetermining the age of the Judge, because whenever you are apointing or promoting the Judge of the High Court to Supreme Court, you know the age of the Judge of the Supreme Court. There is no scope. Even if you want to decide, you can decide at the time of appointing him as Supreme Court Judge. Therefore, after he is appointed as Supreme Court Judge, there is no avenue left to the Government to redetermine the age of a Supreme Court Judge. Then again, as regards the High Court Judges, they have said that they want to raise the age to 62. I feel that the attempt is just a covert attempt which is intended to keep the entire body of the Judges under constant threat of indignity and black mail and controlled by the executive rendering independence of the Judiciary to nullity and farce. That is exactly what is being done today. You have raised the age of High Judge Court to 62. On what basis? Why should there be a differentiation as regards the age of a High Court Judge and Supreme Court Judge? If you fix the age at 65, you make it for all categories of Judges. The same should be applicable to High Court Judges, to members of the Higher Judicial Service and to members of the Subordinate Judicial Service. But you are not doing that because you want to show favour to those who are *persona grata* of the executive and not to those who are *non-persona grata*. That is the logic.

Let us now return to the provision relating to these High Court Judges. There is a deeming clause. I may point out that this is very dangerous—rather this is very obnoxious note. It is said that after Clause 2 the following clause shall be inserted and shall be deemed always to have been inserted, viz, if the question arises as to the age of a Judge of a High Court, the question shall be decided by the President after consultation with the Chief Justice of India and the decision of the President shall be final. So with regard to Supreme Court, the matter is left to the Parliament, but with regard to High Court the matter is left to the President of India and he will seek the opinion of the Chief Justice of India. Why in regard to High Court Judges, the matter is not left to Parliament. Now, Sir, may I ask with very great humility why the members of the Parliament incorporated the clause that Parliament shall decide ? I feel what was really troubling their mind was to ensure the indepnedence of the Judge of the Supreme Court. But I feel that independence of the Judge of the Supreme Court is as much important as the independence of the Judge of High Court. But the latest attempt is just to denude the Judiciary of all vestiges of independence.

Then there is the question of transfer of Judges. I am raising some important points for the consideration of this House and also of the members of the ruling party and the mover of the resolution. With regard to transfer

of Judges we do not know if the opinion of the transferor is of any importance. We do not know if the opinion of the Judge who is sought to be transferred is of any importance. Sir, if the opinion of the transferor is to be taken and if it is of any importance, then I have no manner of doubt that the Judges who express their opinion against the executive would be the first victim and if the opinion of the transferee State is to be taken into account then I have no manner of doubt that the unwanted Judge will not be wanted and accepted by the transferee State. These questions are pertinent. These are unpleasant questions—these are unpalatable questions, but these are very pertinent questions.

[2-20 – 2-30 p.m.]

I would not have raised the question but for the fact that the present practice of selection of judges is left to the Chief Justice of India and the Chief Justice of the respective High Courts. If the whole thing had been left to the Judges of the State High Court sitting as a whole, if the whole thing had been left to the Chief Justice of the Supreme Court sitting with the other Judges of the Supreme Court as a whole, then this question would not have arisen. But that is not done. It is very unfortunate that the conduct of the Chief Justice of India as also the conduct of several Chief Justices of High Courts in India has not escaped criticism. In view of the recommendations and castigations of the Indian Law Commission and in view of the present abuse of the method of recruitment of Judges it is not a salutary practice to leave the matter entirely to the High Court Chief Justice or the Chief Justice of India, and therefore any further concentration of power in the hands of the Chief Justice of India or the Chief Justices of the State High Courts would be rather dangerous.

Then I am drawing your attention to clause 7 of Article 224. Where is the scope, I do not understand. If judges were said to be duly qualified for appointment to the Supreme Court and are really available being below the age of 65, this supports the opinion of the Bar that the age of Supreme Court Judge and the age of High Court Judge should be equal. If judges should have retired as High Court Judge, but being below the age are still available to be qualified as judges of the Supreme Court the basis is they can still continue up to 65. On the other hand, if you feel, if the house thinks that such judges would not be available, then there is no scope for enhancing the age of judges to 62. Why is it being done? My friend Shri Das referred to one of the Judges of the Patna High Court. I endorse his views. I know what had happened with regard to the Patna High Court Judge. He was to have retired in January but by the Home Ministry's order he was asked to continue. So, they are discriminating. The age that was given in the case of Sri J. P. Mitter was not accepted although it was originally accepted at the time of his appointment despite discrepancy of age as disclosed by the Matriculation certificate. The Home Ministry proceeded on a different footing altogether. What is the basis for this discrimination, for this arbitrary action ? There is no basis; it is purely whim and caprice of the Home Ministry. Therefore if the whole matter is left to the Home Ministry, how can the judges remain independent ? How can they discharge their duties without fear of favour ? My friend Shri Das was also referring to an observation of Shri Asoke Sen in Parliament. It is pertinent to point out this observation, and as a member of this House I strongly protest it. He said, "It is unfair that some judges took a wrong view of their role and travelled beyond the realm of judiciary into the realm of politics and tried to criticise the policies of the Government with which

they are not concerned. Here, three learned judges sat and passed a judgment without hearing the Government's point of view. I must say, it will be a bad day for the judiciary if judges enter into the realm of politics." Now, Sir, this is the present tendency. I know, and the House also knows, that even with regard to Mr. Vivian Bose, the Prime Minister did not spare him for his judgment. Even Mr. Chagla was not spared for his judgment in the Mundhra equiry and affair. Therefore, this is the order of the day, and it is really very strange in view of the provision of Article 21 of the Constitution which clearly forbids Parliament to discuss about the conduct of any judge of the High Court or Supreme Court. It is really strange and shocking that these observations are allowed to be made with impunity and and not expunged. Now, it is true that judges should not enter into politics but I do not understand what really Mr. Sen meant. If he meant day-to-day politics as is understood by politicians, as is understood by K. D. Malavya, by Biju Patnaik, or the corrupt functionaries of the country, certainly judges should not enter the realm of politics.

But judges are as much part of body-politic as members of the public or members of legislatures. Is it not open to the judges to point out the lacunae in the Bill ? Sir, independence of judiciary is the corner-stone of democratic, social and political structures. When there is encroachment on Constitution, when there is intrusion into the realm of the independence of the Judges of the High Courts and Supreme Court, I believe not only this legislature or the Parliament but the judges also should point out the defects, the dangers and they have just done that. Shri Paresh Nath Mukherjee is an eminent judge so is Justice Sen.

[At this stage the blue light was lit........]

Sir, certain points have been raised and they got to be considered. Now. Sir, Article 311 gives an important right to the Government servants and that is going to be curtailed. The industrial workers working in commercial establishments come within the purview of the Industrial Disputes Act but what about the government servants. They cannot have any remedy. You know, Sir, the case of ex-Judge Shri N. Bagchi versus State of West Bengal. In that case three of the eminent judges including the present Chief Justice Shri H. K. Bose, Justice P. B. Mukherjee P. N. Mukherjee—they showed the gross injustice, the gross inadequacy of law on the subject. The fundamental principle of law is that you cannot pass any judgment without hearing the party. This legal aspect is being taken away. Sir, what is this farce ? Sir, this important matter has to be considered by this House and the other big House, namely, the Central Parliament, regarding the Government employees. The whole matter should be looked into and decided. So, the effect of Article 311 is dangerous. With regard to Article 226, I feel that the only redeeming feature in the entire obnoxious amending Bill is this amendment. I appreciate the move but I feel that unless retrospective effect is given the benefit will go out of the hands of the large number of litigants—large number of cases are still pending before the High Court and so retrospective effect must be given. Sir, I oppose this amending Bill.

[2-30—2-40 p.m.]

শ্রীহরিদাস চক্রবর্তী: শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, আমাদের শ্রদ্ধেয় আইনমন্ত্রী সংবিধান সংশোধনীর যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবের বিরোধীতা করছি এজন্য যে আমাদের সরকার শিশু সরকার প্রায়ই বলে থাকেন এবং বিভিন্ন সময় যে সমস্ত বক্তব্য উপস্থিত করে থাকেন শিশু অবস্থায় এগুলি করা সম্ভব নয় এ কথা বলে আমাদের যে সমস্ত বক্তব্য

তা নস্যাৎ করেন, অথচ একটি ব্যাপারে দেখছি মাত্র ১৫ বছর বয়স হয়েছে যে সরকারের তাঁরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করেন এবং সংসদীয় গণতন্ত্রের কথা খুব জোর করে বলেন তাঁরা সেই সংসদীয় পবিত্র সংবিধানকে গত ১৫ বছরে ১৫ বার অস্ত্রোপচারের সম্মুখীন করেছেন। এবং প্রতিবারই এই শাসক গোষ্ঠীর স্বার্থকে সুরক্ষিত করার জন্য এবং সমস্ত ক্ষমতাকে কেন্দ্রীভূত করার জন্য তাঁরা এই সংবিধানকে সংশোধন করার চেষ্টা করেছেন। মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে আমাদের বিরোধী পক্ষের অন্যান্য সদস্য বন্ধুরা এই সভার সামনে তাঁদের সমস্ত বক্তব্য অত্যন্ত সুনিপুণভাবে পেশ করেছেন। সংসদীয় গণতন্ত্রের পীঠস্থান ইউনাইটেড কিংডাম এমন কি নিউজিল্যাণ্ডের মত জায়গায় সেখানকার মানুষ এবং শাসন কর্তাদের কাছে সমস্যা হল এগজিকিউটিভ-এর ক্ষমতা যে ক্ষমতা সাধারণ নাগরিকদের ক্ষমতাকে খর্ব করছে তাকে কেমন করে চেক করা যায়, হাউ দোজ পাওয়ার্স অব দি এগজিকিউটিভ ক্যান বি চেকম্যাটেড, সেখানে এই প্রশ্নটা সব চেয়ে বড় এবং যার জন্য মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন নিউজিল্যাণ্ডে কিছু দিন আগে পার্লামেণ্টারী কমিশন হয়েছে, যার কাজ হল এটা দেখা নাগরিকদের যে মৌলিক অধিকার সেই অধিকারকে নস্যাৎ করবার জন্য এগজিকিউটিভের যে দাপট সেই দাপটকে কেমন করে বন্ধ করা যায়। অথচ আমরা দেখছি আমাদের দেশে বার বার করে এই সংবিধানকে সংশোধন করার মারফৎ এই শাসক শ্রেণী তাঁদের ক্ষমতা নিরংকুশ করার জন্য এবং এই এগজিকিউটিভের হাতে অপ্রতিহত ক্ষমতা কেমন করে দেওয়া যায় তার জন্য তাঁরা চেষ্টা করেছেন। সেজন্য যে প্রস্তাব আমাদের আইনমন্ত্রি উত্থাপন করেছেন অনুমোদন চেয়ে আমি তার বিরোধীতা করছি এবং সংবিধানের যে ৩১১ ধারা সংশোধন করা হয়েছে এবং যা আমাদের মঞ্জুরীর জন্য এখানে পেশ করা হয়েছে সে সম্পর্কে আমি বলব। ৩১১ ধারা সম্বন্ধে বলব এই জন্য যে আমি নিজে ব্যক্তিগতভাবে সরকারী কর্মচারী ছিলাম। যখন আমাকে ছাঁটাই করা হয় তখন এই ৩১১ ধারার মারফৎ এই ছাঁটাই করার বিরুদ্ধে কিছু করা যেত। কিন্তু আজকে দেখতে পাচ্ছি ৩১১ ধারা সংশোধন করার মারফত কেন্দ্রীয় সরকারের কর্মচারী কিংবা বিভিন্ন রাষ্ট্রের যে সমস্ত সরকারী কর্মচারী এবং আগামী দিনে যে সমস্ত কর্পোরেশান সৃষ্টি হবে সেই কর্পোরেশনের কর্মচারী পর্যন্ত এর আওতার আসবে। তাঁদের মৌলিক অধিকারকে কেড়ে নেওয়ার একটা প্রচন্ড ষড়যন্ত্র এই সংশোধনীর মধ্যে আমি দেখতে পাচ্ছি। মাননীয় সভাপতি মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে আগে ৩১১(২) ক্লজে ছিল—

"No such person as aforesaid shall be dismissed or removed or reduced in rank until he has been given a reasonable opportunity of showing cause against the action proposed to be taken"

সেখান থেকে

"or reduced in rank until he has been given a reasonable opportunity of showing cause."

এই কথাগুলি বাদ দেওয়া হয়েছে, এই হচ্ছে সংশোধন। মাত্র এইটুকু বাদ দিলে উদ্দেশ্যটা অত্যন্ত বড় রকমের হবে বলে আমি মনে করি। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন কেন্দ্রীয় সরকারের কর্মচারী বা যে কোন সরকারী কর্মচারী তাঁদের কণ্ট্রোল, ক্ল্যাসিফিকেসান, ডিসিপ্লিন এ্যাপিল রুলসের মধ্যে এই রকম ধারা আছে যদি কাউকে ছাঁটাই করতে হয়, ডিসমিস করতে হয় কিংবা রিমুভ করতে হয়—আমি এর আগে বলেছিলাম রিডাকসান ইন র‍্যাংক এই যে বিরাট সংশোধনী এসেছে যেটা আগে মেজর পানিসমেণ্ট বলতে এই ৩১১ ধারায় রিমুভ্যাল, ডিসমিস্যাল এণ্ড রিডাকসন ইন র‍্যাংক ছিল, অথচ সংশোধনের মারফৎ রিডাকসান ইন র‍্যাঙ্ক অর্থাৎ ডিমোসন, লোয়ার পোস্টে দরকার হলে তাকে রিমুভ করে দেওয়া যাবে সেটা মেজর পানিসমেণ্ট হিসাবে ধরা হচ্ছে না সেটা মাইনর পানিসমেণ্ট হিসাবে করতে পারেন যেটা আগে করতে পারতেন না এটা হল এক নম্বর সংশোধন। দ্বিতীয়তঃ রিজনেবল স্কোপটা কি? মাননীয় সভাপতি মহাশয় আমি আইনজ্ঞ নই আপনি নিজ একজন আইন বিশারদ আপনি জানেন বোসের কনস্টিটিউসানে রিজনেবল অপারচুনিটি সম্বন্ধে এই ভাবে বলা হয়েছে In short this clause requires that the civil servant is heard at two stages,

অর্থাৎ দ্বার করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিরুদ্ধে তাঁর বক্তব্য পেশ করার এবং তাঁর অধিকারকে প্রতিষ্ঠিত করার জন্য তিনি যুক্তি দিতে পারবেন, এই হল ৩১১ ধারার প্রধান সুবিধা। তিনি যে নির্দোষ এই কথা প্রমাণ করবার জন্য দুবার যে সুযোগ পেতেন সেই দুবার সুযোগকে কেটে দেওয়া হচ্ছে। খুব স্বাভাবিকভাবে আমার মনে হয় কেন্দ্রীয় আইনমন্ত্রী যখন এই বিল উত্থাপন করেন তখন তিনি এই যুক্তি দিয়েছিলেন যে দুবার করে এই জিনিসের পুনরাবৃত্তি আমরা চাই না। এবং তিনি আরো কয়েকটা কথা বলেছিলেন—সেটা হচ্ছে যে যেহেতু একই জিনিসের পুনরাবৃত্তি বারবার ঘটছে সুতরাং আমরা একেবারে শেষ করতে চাচ্ছি। দ্বিতীয়তঃ এতে করে যে দেরী হয় ছাঁটাই করতে সেটাকে ত্বরান্বিত করার জন্য আমরা এটাকে করছি কারণ আমরা কোরাপসান ফাইট করছি। মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে এটুকু বলতে চাই যে ৩১১নং ধারা সংশোধন করার সংগে কোরাপসান ফাইট করার কোন সম্পর্ক নেই, তার কারণ কোরাপসান ফাইট করার জন্য অনেক হয়েছে—অ্যাণ্টি কোরাপসান ইত্যাদি হয়েছে কিন্তু তা সত্ত্বেও দেখছি কোরাপসান বন্ধ হয়নি, কারণ কোরাপসান বন্ধ করার জন্য যেগুলি করা প্রয়োজন সেগুলি কিছুই করা হয়নি কেন না তাতে হয়ত অনেক মন্ত্রিরাও জড়িয়ে পড়বেন। কিন্তু কথা হচ্ছে দুবার যে সুযোগ দেয়া হয়েছিল—প্রথমে আমার বিরুদ্ধে অভিযোগ আনা হল, চার্জসীট দেয়া হল, আমি সেই চার্জসীটের জবাব দিলাম, বললাম আমার বিরুদ্ধে চার্জসীট ভিত্তিহীন, এই চার্জ আমার বিরুদ্ধে আনা যায় না। তারপরে হয়ত ইনকোয়ারী চাইলাম অনুসন্ধান কমিটি বা যে কমিটি করেই হোক এবং সেই অনুসন্ধান কমিটির কাছে আমার বক্তব্য পেশ করলাম। ইনকোয়ারী হল, ইনকোয়ারী হবার পর নিয়ম হচ্ছে আমাকে ইনকোয়ারীর সমস্ত প্রসিডিংস দিতে হবে যাতে সেই প্রসিডিংসের কপি নিয়ে আমি পুনর্বার জবাব তৈরী করতে পারি কিন্তু [illegible]রের ক্ষমতা কেড়ে নিয়ে দেখা গেল যে প্রথমবারের ইনকোয়ারীতে যে সমস্ত সভ্য থাকবেন বিচারক তাঁরা একটিমাত্র ইনকোয়ারীতে আমার বক্তব্য শুনে সেই ইনকোয়ারী প্রসিডিংসের কোন কপি পেলে যাতে পুনরায় আমার বক্তব্য পেশ করতে পারি—আইনসংগতভাবে সেই সুযোগ না দিয়ে সেখান থেকে আমায় রিমুভ্যাল বা ডিসমিসালের পার্মিসান দেবেন এই হচ্ছে ৩১১ ধারার উপর আমার প্রধান বক্তব্য। মাননীয় সভাপতি মহাশয়, আমি একথা বলতে চাই যে ৩১১নং ধারায় যেসমস্ত ফাণ্ডামেণ্টাল রাইটস আমাদের আছে সরকারী কর্মচারীদের সেই মৌলিক অধিকারটুকু কেড়ে নিয়ে তাঁরা আর্টিকেল ২২৬এ ন্যাচারাল জাস্টিস, সেই অনুযায়ী তাঁরা হাইকোর্ট বা সুপ্রীম কোর্টের আশ্রয় নিতে পারতেন সেই আশ্রয় থেকে তাঁদের বঞ্চিত করা হল এবং এই বঞ্চিত করার মাধ্যমে দেখা গেল এই যে সংশোধন করা হচ্ছে এটা আমাদের সংবিধানে এসেছে সোজাসুজি গভর্নমেন্ট অব ইণ্ডিয়া য়্যাক্ট, ১৯৩৫-এর প্রভিসন থেকে, অর্থাৎ ১৯৩৫ সালের ভারত সরকারের যে আইন এবং সে আইনটার রচয়িতা ছিলেন তদানীন্তন আমাদের দেশের শাসনকর্তারা যাঁদের সাম্রাজ্যবাদী বলে আমরা গালি দিই আজকে আমরা দেখছি সেই সাম্রাজ্যবাদীর দেয়া যেটুকুন অধিকার সরকারী কর্মচারীরা পেতেন আমাদের গণতন্ত্রের পুরোধারা সেই সাম্রাজ্যবাদীর প্রদত্ত অধিকার টুকুন পর্যন্ত সরকারী কর্মচারীদের কাছ থেকে কেড়ে নিতে চাচ্ছেন এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে? দ্বিতীয় কথা হল সরকারী কর্মচারীরা সংবিধানের ২২৬ ধারার ন্যাচারাল জাস্টিসের ভিত্তিতে তাদের উপর যেসমস্ত অবিচার হচ্ছে সেই অবিচারের বিরুদ্ধে যে প্রতিবাদ করতে পারতেন এবং আইনের আশ্রয়ে যে সুযোগ নিতে পারতেন এই ৩১১ ধারা সংশোধনের মাধ্যমে সেই সুযোগ কেড়ে নেয়া হচ্ছে এবং তৃতীয়তঃ হচ্ছে সেখানে রিমুভাল, ডিসমিসাল এবং এই রিডাকসান ইন র‍্যাংক এটা শুধুমাত্র আইনের পানিসমেণ্ট বলে দিলে হয় না, কারণ এটা দুইভাবে সরকারী কর্মচারীদের অ্যাফেক্ট করে। প্রথমতঃ রিডাকসান ইন র‍্যাঙ্ক হলে আর্থিক ক্ষতি হয়, দ্বিতীয়তঃ হচ্ছে রিডাকসান ইন র‍্যাঙ্ক হওয়ার ফলে সিনিয়ারিটি লিস্টে আগামী দিনের প্রমোশন ক্ষতিগ্রস্ত হয়। সুতরাং ডিমোসান বা রিডাকসান ইন র‍্যাঙ্ক এটাকে সংশোধনীর মারফত আইনের পানিসমেণ্টের মধ্যে নিয়ে এসে সরকারী কর্মচারীদের আর একটা বিরাট মৌলিক অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। সেই কারণে আমি মনে করি লোকসভায় এই সংবিধান সংশোধনী বিলটা পাশ হলেও প্রত্যেকটা রাজ্যের যে বিধানসভা আছে সেই বিধানসভাগুলির অনুমোদনের দরকার—আমি মনে করবো এবং বিশ্বাস করবো আমরা আমাদের আইন মন্ত্রীর কাছে অনুরোধ করবো যে যেহেতু

এই ৩১১ ধারার মধ্য দিয়া সরকারী কর্মচারীদের একটা বিরাট মৌলিক অধিকার কেড়ে নেয়া হচ্ছে যেহেতু এর বিরুদ্ধে আমাদের এই বিধানসভায় তাঁরা যে প্রস্তাব পেশ করেছেন সেই প্রস্তাব তাঁরা প্রত্যাহার করবেন এবং এর বিরুদ্ধে একটা সর্বসম্মত প্রস্তাব এই সভায় গৃহীত হবে। এবং এর বিরুদ্ধে একটি সর্বসম্মত প্রস্তাব এই সভায় গৃহীত হবে যাতে করে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের যে মূল অধিকার, সেই মূল অধিকারকে কেড়ে নেবার যে ষড়যন্ত্র তার বিরুদ্ধে এখান থেকে রায় দেবে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40 -2-50 p.m.]

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে সংবিধান সংশোধন বিলের বিরুদ্ধে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের একটি মাত্র জায়গায় আমাদের মানবিক সমর্থন দেওয়া সম্ভব। এর আগে পূর্ববর্তী বক্তা বলে গেছেন সেটা হোল ৮নং সংশোধনী যেমন হাইকোর্টের এলাকাধীন এলাকা যে কোন এলাকার মধ্যে যদি কোন কারণ ঘটে তাহলে গভর্ণমেণ্ট বা কোন ব্যক্তিকে তাকে নোটিশ করার অধিকার হাইকোর্টের দেওয়া হয়েছে যদিও সেই হাইকোর্টের এলাকার বাইরে সে বাস করে। এর ফলে বহু সংখ্যক কর্মচারীর সুবিধা হয়েছে বিশেষ করে ভারত সরকারের কর্মচারীদের কিংবা অন্য সরকারী চাকুরীতে যারা বাংলা দেশে বা অন্যান্য জায়গায় কাজ করে। সে সমস্ত হাইকোর্টের বিচার প্রার্থী হতে পারে সে মালিক পক্ষ হোক বা বিরোধী পক্ষ হোক বা অন্য যে কোন প্রদেশে থাকুক এবং এটা সাধারণ ক্ষেত্রে সুযোগ আসবে। কাজেই এই একটা জায়গা ছাড়া অন্য যে সমস্ত সংশোধনী এসেছে এবং যে আকারে এসেছে যার ফলে আমরা বিরোধীতা করতে বাধ্য হচ্ছি। হয়তো হাইকোর্টের বিচারকদের বয়সের ব্যাপারে সেখানে সাধারণভাবে আমাদের কোন আপত্তি থাকতো না কিন্তু যেভাবে আজকে সংশোধন এসেছে এবং আপনারা জানেন যে পূর্ববর্তী বক্তা বলেছেন যে এই সংশোধনের পেছনে যা আছে, একে যে প্রসপেক্টিভ এফেক্ট দেবার প্রস্তাব হয়েছে তার কারণ আছে, তার ইতিহাস আছে আমাদের এই বাংলাদেশের হাইকোর্টের। কাজেই যে কারণগুলি রয়েছে তাতে আমি মনে করছি যে হাইকোর্টের অধিকার খর্ব করা হচ্ছে। সত্যিকারের তার ক্ষমতা বৃদ্ধি করা হচ্ছে না। এবং যেকথা পূর্ববর্তী বক্তা কেউ কেউ বলে গেছে। এই যে সুপ্রীম কোর্টে জজদের ৬৫ বছর বয়স আর হাইকোর্ট জজদের ৬২ বছর বয়স এই যে ৬২ এবং ৬৫ এর মধ্যে যে তিন বছরের তফাৎ রয়েছে তাতে এদের উমেদারী করবার সুযোগ, ল-মিনিষ্ট্রি এবং হোম মিনিষ্ট্রি, রয়ে গেছে এই অবস্থাটা সংবিধান সংশোধনের মধ্য দিয়ে এটা বেশ পরিস্ফুট হয়ে উঠেছে। কাজেই আজকে এইগুলি ভয়াবহ আকার ধারণ করেছে। আরও আমরা, কমিউনিস্ট পার্টি জানি যে রাষ্ট্রের শ্রেণী বৈশিষ্ট্য তার বিচার ব্যবস্থার মধ্যে প্রতিফলিত হয়ে উঠে। সেই বিচার ব্যবস্থা চেষ্টা করে তার বৈশিষ্ট্য বজায় রাখার জন্য। কিন্তু তা সত্ত্বেও আমাদের জানা আছে যে যেটুকু সুযোগ সাধারণ মানুষের থাকে কিংবা শ্রেণীগত বৈশম্যের সুযোগ জানার থাকে সেটা আজ সাধারণ মানুষ হারাতে বসেছে। আজকে হাইকোর্টগুলির যেটুকু সাহায্য পেতো সাধারণ মানুষ সেটুকুও হারাতে সুরু করেছে। আজকে যেভাবে বিচারক নিয়োগ করা হচ্ছে, যেভাবে বিচারক চয়ন হচ্ছে যেভাবে তাদের পদোন্নতি ব্যবস্থা করা হচ্ছে সেগুলির সমস্তই একজিকিউটিভের হাতে গভর্ণমেণ্টের হাতে চলে গেছে। যার ফলে আজকে বিচার ব্যবস্থার মধ্যে তার প্রতিফলন হতে আরম্ভ করেছে। আর একটা কথা বলি যেমন ধরুন—আজকে হাইকোর্টের জজদের ৬২ বছর বয়স করা হচ্ছে এতে আমাদের কোন মূলগত আপত্তি থাকবে না কিন্তু আর একটা ব্যবস্থা হতে পারে কি? যে কথা আমরা এখানে আমাদের জুডিসিয়াল বাজেটে আলোচনা করেছিলাম যে এখানে এই রকম ব্যবস্থা করা হোক যে তাদের আর কোন ট্রাইবুন্যাল বা কমিশন ইত্যাদিতে নিয়োগ করা হবে না।

কারণ আমরা দেখতে পাচ্ছি কি, জজদের, বিচারকদের বিচার করার বয়সের পর তাঁদেরকে অন্য জায়গায় নিয়োগ করার ব্যবস্থা হয়েছে। তার ফলে হচ্ছে কি? সেই বিচারকরা তখন ল-মিনিষ্ট্রির দিকে হোম মিনিষ্ট্রির দিকে চেয়ে বসে আছেন যে তাঁর মেয়াদ যেদিন শেষ হবে

তারপরে তিনি কোথায় অতিরিক্ত কোন ট্রাইবিউন্যাল-এর কিম্বা কোন কমিশনের চেয়ারম্যান হয়ে কোন জায়গায় তাঁকে পুষিয়ে নেবার একটা ব্যবস্থা যাতে থাকে তারজন্য তাঁকে চেয়ে বসে থাকতে হয় এবং সেই প্রভাব বিচার ব্যবস্থার মধ্যে এসে যাচ্ছে। কাজেই আমরা দেখতে পাচ্ছি যখন বয়স বাড়ান হচ্ছে তার সঙ্গে যদি এ ব্যবস্থা থাকতো যে হাইকোর্ট-এর বিচারপতিদের আবার এই যে বয়সের লিমিট দেওয়া হচ্ছে তারপরে আর তাঁদেরকে কোন জায়গায় নিয়োগ করবার ব্যবস্থা থাকবে না, তাহলে অন্ততঃ আমরা আশ্বস্থ হতে পারতাম যে ঐ বিচার ব্যবস্থার মধ্যে যেটুকু কলকাঠি নাড়ার ব্যবস্থা আপনার রাখা হয়েছে সেটুকু অন্ততঃ খর্ব হবে, একটা জায়গায় সেটা ব্যাহত হবে কিন্তু তা করা হয়নি, সেই সংশোধনী আনা হয়নি যে বিচারকদের আর কোন জায়গায় কেউ নিয়োগ করতে পারবে না, বা তাঁদের ঐ যে মেয়াদ ৬২ বৎসর বা ৬৫ বৎসর তারপরে তাঁরা আর কোথায়ও নিয়োজিত হতে পারবেন না। এ লিমিট সেখানে দেওয়া হয়নি। দেওয়া হয়েছে ঐখানে যে তাঁদের সেই যে সুযোগটুকু, যেটুকু রেখে দেওয়া হয়েছে এবং বিচারকদের বিচারের উপরে প্রভাব চালাবার ব্যবস্থা রেখে দেওয়া হয়েছে। আজকে দেখা যাচ্ছে এই যে আমাদের সামান্য যে মৌলিক অধিকারগুলি আছে, যে মৌলিক অধিকারগুলির সুযোগ পেতে হলে, আর্টিকল ২২৬ বলুন বা ২২৭ বলুন, আমাদের লড়াই করতে হলে যে অত্যন্ত সংক্ষিপ্ত পরিষদের মধ্যে আমাদের লড়াই করতে হয় সেখানেও যদি চিন্তা করতে হয় একথা, বারবার যদি একথা ভাবতে হয় যে বিচারকরা আপনার প্রভাবিত হতে পারেন এক্সিকিউটিভ এর দ্বারা তাহলে সেখানে বিচার পাবার প্রার্থীর যে সাধারণ চেতনা সে জায়গায় সে মনে করতে পারে যে আমি বিচার পেতে পারি সেখানে সেই চেতনা তার থাকতে পারে না। অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমাদের ভারতের একটা সুপ্রীম কোর্ট-এর বিচারের রায়ে বলে দেওয়া হয়েছে, বহু বিদেশী আইনে বিচারের মধ্যেও একথা বলা হয়েছে যে বিচারকরা, তাঁদের শুধু স্বাধীনতা থাকলে হবে না, তাঁদের শুধু নিরপেক্ষতা থাকলে হবেনা এবং তাঁদের সেটা প্রকাশ্যে, সেই অবস্থাটা, বিচারকের যে স্বাধীনতা সেটা প্রকাশ্যে থাকতে হবে। কিন্তু আজকে এমন অবস্থায় এসেছে, বিচারকের স্বাধীনতা খর্ব হতে হতে এমন জায়গায় এসেছে যে আপনারা জানেন এই পাটনা হাইকোর্ট-এর বিচারকের সম্বন্ধে উক্তি সেই দেশের গভর্ণনর করেছেন। কেন এই অবস্থা হল? কি অবস্থায় টেনে এনেছেন, কারা টেনে এনেছেন, কেন আজকে একথা বলতে হয় যে বিচারকদের দিকে চেয়ে চেয়ে ল-ইয়াররা, এ্যাডভোকেটরা, তাঁরা তাঁদের মামলা সেখানে নিয়ে যান? একথা বিহারের গভর্ণনর যেদিন বলেছেন তার প্রতিবাদে সেখানকার বিচারকরা প্রতিবাদ করেছেন। সে বিতর্কের মধ্যে আমি যেতে চাই না, একথা আপনার সামনে তুলে ধরতে চাই যে সেই যে প্রতিবাদ উঠেছে এবং যে কথা গভর্ণনর বলেছেন তার বিরুদ্ধে বিচারকরা যে আজকে কথা বলছেন এই পরিস্থিতি ভারতবর্ষে কেন আসলো, কেন ভারতবর্ষের হাইকোর্ট-এর বিচারকরা এই রকম একটা বক্তব্যের সম্মুখীন হলেন কেন বা তাঁদেরকে প্রতিবাদ করতে হল, কেন বা গভর্ণনর সেইরকম বাক্য উচ্চারণ করতে পারলেন? করতে পারলেন এইজন্য যে আজকে যে সরকারী প্রভাব বিচার ব্যবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছে এবং সেই প্রভাব আছে বলেই আজকে চারদিক দিয়ে চেষ্টা হচ্ছে কার কোথায় প্রভাব আছে কোন প্রভাব সেখানে কাজে লাগান যায়, এমন কি বিচার পাবার জন্যও সে প্রভাবকে লাগান যায় এই ব্যবস্থাটি আজকে আপনারা এনে দিয়েছেন। হাইকোর্ট-র বিচারপতিদের যে স্বাধীনতা ছিল আজকে আমাদের এই সরকারের আমলে সেই স্বাধীনতা খর্বিত হয়েছে বরং সেকথা আজকে ঐ প্রদেশপালরা বলতে আরম্ভ করেছেন। তাই আজকে সময় এসেছে, আজকে আমরা এই বিতর্কের মধ্যে দিয়েও যদি একটা প্রতিবাদ জানাতে পারি যে, এই যে ব্যাপারটা চলছে, বিচারকদের নিয়ে প্রহসন করা হচ্ছে তার প্রতিবাদ আমরা জানাচ্ছি, যদি আমরা এই এ্যাসেম্বলীর মধ্যে করতে পারি তাহলে নিশ্চয়ই আমরা একটা বলিষ্ঠ পদক্ষেপ করবো। এইজন্যই আমরা এই প্রস্তাবের বিরোধিতা করি। কারণ এই প্রস্তাবের দ্বারা আজকে বিচারকদের প্রহসনকে আরো জিইয়ে রাখা হচ্ছে তারই জন্য আজকে এই প্রদেশের এ্যাসেম্বলীর ভিতর থেকে এর প্রতিবাদ করতে উঠেছি আমরা এবং এর প্রতিবাদ করা অত্যন্ত প্রয়োজন। আজকে বাংলাদেশে, বিশেষ করে এর আগে পূর্ববর্তী বক্তারা বলেছেন, আমাদের বাংলার হাইকোর্ট-এর একটা ঘটনা নিয়ে এতদূর পর্যন্ত এগিয়েছে সংবিধানের ব্যাপার নিয়ে যে বাংলাদেশের আইনসভার সদস্যরা, এটা তাঁদের কর্তব্য এবং দায়িত্ব

বলে মনে করে তাঁরা যদি আজকে দৃঢ়ভাবে এই প্রস্তাবের বিরোধিতা করেন তাহলে অন্ততঃ ভারত গভর্ণমেন্টকে বুঝতে হবে যে না, কলকাতা সহর, কলকাতার হাইকোর্ট, কলকাতার জনসাধারণ এবং বাংলাদেশের গণতন্ত্রের একটা মূল্য আছে এবং সে জিনিসটা তারা সময়মত ব্যবহার করতে পারে, এই চেতনা ভারত গভর্ণমেন্টের আসবে।

[2-50—3-15 p.m.]

এজন্য আমি মনে করি, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মারফৎ এই হাউসের সামনে আমি একথা বলব কনস্টিটিউসন সমর্থনের যে প্রস্তাব এসেছে তাকে বিরোধীতা করা যে কোন পার্টিরই লোক হোন তাঁর অত্যন্ত গুরুতর কর্তব্য এবং গণতান্ত্রিক দায়িত্ব এবং এই দায়িত্ব পালন করলে আপনারা ঐতিহাসিক কাজ করবেন, ভারতবর্ষের বিধান ব্যবস্থাকে, একটা স্বাধীন বিধান ব্যবস্থায় উন্নীত করবেন, যে লড়াই জে পি মিত্র হাইকোর্টে করেছেন, যে লড়াই সুপ্রিম কোর্ট চালাচ্ছেন সেই লড়াই সমগ্রভাবে ভারতবর্ষের মানুষের কি করে স্বাধীনতা থাকবে কি থাকবে না সেই লড়াই—সেই গণতান্ত্রিক লড়াইকে জোরদার করবেন। ৩১১ নং ধারার কথা ইতিপূর্বে বক্তারা বলেছেন সেই কথা আমিও বলতে চাই যে, আজকে যাঁরা সরকারী কর্মচারী আছেন তাঁদের উপর যে দণ্ড নেমে এল তাতে তাঁদের কোন রকম স্বাধীনতা থাকবে না, তাঁদের কাজ করায় মনে হবে চিরন্তন গোলামী করা উপরস্থ কর্মচারীকে শুধু সাধারণভাবে আনুগত্য দেখানই নয়, তিনি যত অন্যায়ই করুন না কেন, তাঁকে মেনে চলাই হবে তাঁদের একমাত্র কর্তব্য, তাছাড়া আর কোন কর্তব্য থাকবে না। আপনারা জানেন, এই আইন সভায় অনেকবার আলোচনা হয়েছে বাংলাদেশের কর্মচারীদের কথা নিয়ে সেই কথা আমি স্মরণ করিয়ে দিতে চাই যে কর্মচারীর একদিন বিচারের নামে এই অন্যায়ের প্রতিবাদ করেছিলেন উপরস্থ কর্মচারীর আদেশ অমান্য করে প্রথম যুগের কংগ্রেসী মন্ত্রিসভার বিচার অমান্য করে কতগুলি ন্যায়ের পথ দেখিয়েছিলেন বলে তাঁকে বরখাস্ত করা হয়েছিল। বাংলাদেশের আইন সভায় তখন তার প্রতিবাদ উঠেছিল বলে আজকে অধস্তন সরকারী কর্মচারীদের এমন জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে যে, কোন ব্যাপারে মুখ খুলবার অধিকার থাকবে না, দ্বিতীয় গো-কজ-এর অধিকার কেড়ে নিয়ে আমাদের গভর্ণমেন্ট আজকে সরকারী কর্মচারীদের এমন এক অবস্থায় নিয়ে যাচ্ছেন যে, যেমন করে হোক একটা ডিপার্টমেন্টাল এনকোয়ারী কোন রকমে করে দিতে পারলেই তাঁদের দায়িত্ব কর্তব্য শেষ হয়ে যাবে। আপনারা জানেন, ২২৬-এর মামলা সরকারী কর্মচারীদের মামলা যাঁরা করেছেন তাঁরা জানেন প্রোসিডিউর্যাল গণ্ডগোল যদি না হয় তাহলে সেই ২২৬ মামলায় যত ন্যায় বিচারই হোক না কেন, বিচার পাওয়া অত্যন্ত কঠিন হয়ে দাঁড়ায়। এজন্য আমি ৩১১ ধারার সংশোধনের প্রতিবাদ করি এবং মূল প্রস্তাবের বিরোধীতা করি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[3-15—3-25 p.m.]

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার, স্যার, আজকে আমাদের সামনে যে কনস্টিটিউসন ১৫ই অ্যামেন্ডমেন্ট বিল উত্থাপন করা হয়েছে সেই বিল সম্পর্কে আমি কয়েকটা কথার মধ্যেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। আমি প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এই বিষয়টার প্রতি যে আমি মনে করি যে এই বিল ইজ এ্যান্ ইনট্রুসন এবং এই বিলের মাধ্যমে আমরা যে জুডিসিয়ারিকে সমস্ত এক্সিকিউটিভ-এর উর্ধে রেখে তাকে ইনডিপেনডেন্ট রেখে দেশের ডিমোক্রেসির পথকে সুস্থ এবং সবল করতে চাই এই এ্যামেন্ডমেন্ট বিল-এর দ্বারা সেই পথ খানিকটা রুদ্ধ হয়েছে বলে আমি মনে করি। প্রথমেই মনে করতে হবে যে আমাদের জুডিসিয়ারী যেমন কনস্টিটিউয়েন্ট এসেম্বলীতে আমাদের দেশের সংবিধান পেস করেছিলেন তখন আমাদের সামনে

এই বক্তব্যই পরিষ্কারভাবে রাখবার চেষ্টা করেছিলেন যে জুডিসিয়ারী যেন কখনো এক্সিকিউটিভ-এর দ্বারা প্রভাবান্বিত না হয় এবং তাহা কোন ডিসিসন যেন কখনো এক্সিকিউটিভ-এর উপর নির্ভরশীল না হয়ে উঠে। শুধু ভারতবর্ষেই নয়, যে কোন গণ-তান্ত্রিক রাষ্ট্রে, যে কোন গণতান্ত্রিক দেশে আমরা দেখি জুডিসিয়ারীকে সেই পর্য্যায়ে রাখবার চেষ্টা করা হয়েছে। আমাদের কনসটিটিউসন ইংল্যাণ্ডকে নীতিগতভাবে অনুসরণ করে যেভাবে গঠিত হয়েছে আজকে আমাদের মনে হয় এই এ্যামেণ্ডমেণ্ট ও সংশোধনের মাধ্যমে খানিকটা ইনকনসিসটেন্সি আমাদের কনসটিটিউসন-এর মধ্যে প্রবেশ করানোর চেষ্টা হচ্ছে। মুখ্যতঃ যে তিনটা প্রিন্সিপল্-এর উপর ইংলণ্ড গত ২৬৩ বৎসর ধরে যে নীতি অনুসরণ করে এসেছে এই জুডিসিয়ারীর ব্যাপারে সেই ৩টা প্রিন্সিপল্-এর দিকে আমাদের দৃষ্টি সীমা-বদ্ধ রাখা দরকার, যেমন জজের টেনিউর কিভাবে ঠিক হবে। ইংলণ্ড-এ ২৬৩ বৎসর ধরে অনুসরণ করে এসেছে সেই নীতি যদি আমরা সমর্থন করি তাহলে দেখব যে

judges during their good behaviour office hold

করবেন

and not during the pleasure of the President or any other persons.

দেখতে হবে

fixity of salary and fixation of allowances must be by the Parliament.

সেটা ভারতবর্ষের সংবিধানে ব্যবস্থা করা হয়েছে। তিন বছর যে নীতি ইংলণ্ডে অনুসৃত হয়ে এসেছে সেটা হল

No interference of the executive at any stage and of any Judge is to be removed on any ground, then it must be by the Parliament sitting as a court.

আমাদের সংবিধানের ১২৪নং আর্টিকেলে এই কথা বলা হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে, কোন জজের বয়স সম্পর্কে যদি কোন ডিসপিউট দেখা দেয় তাহলে যে ফাইন্যাল অথারীটি হবে ইন দি ম্যাটার সেখানে আমরা দেখছি যে এই বিষয়টা সমাধান করার ভার দেওয়া হয়েছে

To the President but after consultation with the Chief Justice of India.

ডিসাইড করবেন। এখানে পরিষ্কারভাবে এটা বলা আছে যে

President in consultation with the Chief Justice of India.

অর্থাৎ এক্সিকিউটিভ-এর উপর,

President, he will act in consultation with not alone but in consultation with the Prime Minister, i.e., with the Secretary.

তাহলে শেষ পর্য্যন্ত গিয়ে দাঁড়ায় এক্সিকিউটিভ ঠিক করবে টেনিওর থাকবে কি থাকবে না। মিঃ স্পীকার মহাশয়, আর্টিকেল ১২৪-এ এই কথা বলছে কোন ইণ্টারফারেন্স-এ কোন জজকে সরিয়ে দেওয়া হবে কিনা—এই হল মনগত প্রশ্ন—এই প্রশ্ন পার্লামেণ্ট মিটিং এ্যাজ এ কোর্ট ডিসাইড করবে, তখন টেনিওর অব এ জজ আরো এক বৎসর কি দুবৎসর থাকবে কি থাকবে না এই ডিসিসন যদি এক্সিকিউটিভ-এর উপর দেওয়া হয় তাহলে আমি মনে করি সেখানে আমাদের যে মূলগত নীতি, নীতিগতভাবে আমাদের যে দৃষ্টিভঙ্গি, সেই নীতি ও দৃষ্টিভঙ্গি থেকে আমাদের পদস্খলন হবে। সেজন্য এজ সম্পর্কে যে ডিসপিউট উঠেছে সেই ডিসপিউটকে আমরা যেন ইনক্যাপাসিটেটেড-এর যে প্রশ্ন তা থেকে আলাদা করে না দেখি। ইট ইজ এ ডিসপিউট, এবং তাঁর টেনিওরশিপ ২।১ বৎসর থাকবে কি থাকবে না সেটা দেখবার জন্য

Parliament must sit as a Court.

কাজেই এখানে এক্সিকিউটিভকে অতিরিক্ত পাওয়ার দেওয়া হচ্ছে, আমরা পাওয়ার দেওয়ার বিরোধী এবং আমি মনে করি এক্সিকিউটিভকে এই পাওয়ার দিয়ে জুডিসিয়ারীকে হেয় করা হচ্ছে এবং

they will be at the mercy of the executive decision.

১।২।৪ বৎসর টেনিওরশিপ যাই হোক না কেন,

the tenureship must be decided by the Parliament sitting as a court,

এ সম্পর্কে আমি আপনার কাছে বলছি যে, ইংলন্ডে গত ১৭০০ খৃষ্টাব্দ থেকে আরম্ভ করে আজকে এই ২৬৩ বৎসরের মধ্যে এ ধরনের কোন ব্যতিক্রম বা এক্সিকিউটিভ এর পাওয়ার কখনও ব্যবহার করা হয়নি এবং সেইজন্য এটাকে আমি অত্যন্ত অন্যায় বলে মনে করি। তারপর এই বিলে এরকম প্রভিসন রয়েছে যে, বাংলাদেশের কোন জজ যদি বাইরের হাইকোর্টে জজ-এর কাজ করতে যায় তাহলে তার জন্য স্পেসাল এ্যালাউন্স-এর বন্দোবস্ত আছে। স্যার, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে, স্টেট রিঅর্গানাইজেসন্ কমিশন যে রিপোর্ট পেশ করেছিলেন তাতে তাঁরা একথা বলেছিলেন যে, ওয়ান থার্ড অব দি জাজেজ অন্য প্রদেশ থেকে কেন আসবেন না? ন্যাসনাল ইন্টিগ্রেসন-এর যে প্রশ্ন আছে তার উপর যদি আমরা গুরুত্বও দেই তাহলেও এই ওয়ান থার্ড অব দি জাজেজ এঁদের ক্ষেত্রে কোন রকম এলিওরমেন্ট বা স্পেসাল এ্যালাউন্স-এর বক্তব্য সেখানে ছিলনা। সেই যে স্যালুটারি প্রিন্সিপল সেটা যদি এই বিলের মধ্যে থাকতো যে ওয়ান থার্ড অব দি জাজেজ বাইরে থেকে রিক্রুটেড হবেন বা যে সমস্ত জজ হবেন তাঁদের বাইরে থেকে নিতে পারবেন তাহলে ভাল হোত এবং সেই প্রিন্সিপল ফলো করা দরকার। কিন্তু এ্যালাউন্স দিয়ে যে চেষ্টা হচ্ছে আমি তার বিরোধী তারপর, সংশোধন বিলে এই যে প্রভিসন করা হয়েছে তাতে আমরা দেখছি কোলকাতা হাইকোর্টে বা অন্যান্য স্টেটে যে হাইকোর্ট রয়েছে তাতে তাঁরা ৬২ বছর পর্যন্ত থাকতে পারবেন এবং এটাই বয়সের সীমা ঠিক করে দেওয়া হয়েছে। কিন্তু সুপ্রিম কোর্টে দেখছি বয়সের ব্যাপারে ৬৫ বছর পর্যন্ত করা হয়েছে। এই ডিফারেন্স কেন? আমি মনে করি একজন হাইকোর্ট জজ-এর যদি ৬৫ বছর পর্যন্ত এবিলিটি থাকে, ফিসিক্যাল ফিটনেশ থাকে, মেন্টাল এ্যালার্টনেশ থাকে তাহলে এ বয়স পর্যন্ত কেন তাঁকে কাজ করতে দেওয়া হবেনা? কাজেই এই যে ব্যতিক্রম করে রাখা হয়েছে আমি এটাকে অন্যায় বলে মনে করি। এবারে আমি ল কমিশন-এর রিপোর্টের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা বলেছেন যে, ৬৫ বছর পর্যন্ত জজ-এর বয়সের সীমা নির্ধারণ করা যেতে পারে। কিন্তু তাঁরা একথা কোথাও বলেননি যে, সুপ্রিম কোর্টের বেলায় ৬৫ বছর এবং হাইকোর্টের বেলায় ৬২ বছর। প্রিন্সিপল যদি এ্যাপ্লাই করেন তাহলে সেম প্রিন্সিপল সুড এ্যাপ্লাই ইন হাইকোর্ট এ্যান্ড সুপ্রিম কোর্ট। ল কমিশন একথা বলেছেন যে, সরকার বারে বারে বলে থাকেন ২৭ থেকে আরম্ভ করে ৪৮ পর্যন্ত লাইফ স্প্যান বেড়ে গেছে এবং মেন্টাল এ্যালার্টনেস্ এবং ফিজিক্যাল ফিটনেস যদি থাকে এবং জজ হিসেবে যদি বেশ সুনাম করে থাকেন এবং জুরিস্ট-এর জুরিডিক্যাল ভিউ যদি নিতে চান তাহলে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের বয়সের সীমা একই হওয়া উচিত। কাজেই ল কমিশন-এর যে রিপোর্ট অর্থাৎ ৬৫ বছর পর্যন্ত এটা দুজায়গাতেই এ্যাপ্লাই করা দরকার। এ ব্যাপারে আমি আরও দু-একটি কথা বলতে চাই যে, আর্টিকেল ৩১১-এর যে সংশোধন করা হয়েছে মৌলিকভাবে আমি তার বিরোধী। কারণ এ্যামেন্ডেড হবার আগে গভর্নমেন্টের এমপ্লয়ীদের যে অধিকার ছিল আজকে সেই অধিকার এ্যাব্রিজ করে দেওয়া হচ্ছে, সেই অধিকার ক্ষুন্ন করে দেওয়া হচ্ছে। তারপর এ্যাপিলের যে ব্যবস্থা করা হয়েছে তাতে আমরা দেখছি একটা ক্লজ লাগিয়ে দিয়ে এই ব্যবস্থা করা হয়েছে যে, পেনাল্টি-র বিরুদ্ধে যদি কোন দরখাস্ত ফাইল করেন বা এ্যাপিল-এ যেতে চান তাহলে যে এভিডেন্স অলরেডি অন রেকর্ড তার মধ্যেই সীমাবদ্ধ রাখতে হবে, তার বাইরে তাঁরা কোন এভিডেন্স আনতে পারবেন না বা সরকারের কাছে বা ট্রাইবুনাল-এর কাছে প্লেস করতে পারবেননা। স্যার, ভারতবর্ষে এবং বাংলাদেশে যে লক্ষ লক্ষ গভর্ণমেন্ট এমপ্লয়ীস্ আছে তাঁদের ক্ষেত্রে ইচ্ছা করলে আমাদের প্রেসিডেন্ট অন দি গ্রাউন্ড অব সিকিউরিটি অব দি স্টেট যে কোন সময় কোন রকম কারণ না দর্শিয়ে তাদের চাকুরী খেতে পারেন। কিন্তু সেকেন্ড অ্যাপিল-এ এই পেনাল্টির বিরুদ্ধে তাঁরা নূতন কোন এক্সটেনুয়েটিং সার্কামস্ট্যান্স প্লেস করতে পারবেন সেই সুযোগ থেকে তাঁদের বঞ্চিত করা হচ্ছে। স্যার, ভারতবর্ষের এবং বাংলাদেশের লক্ষ লক্ষ এমপ্লয়ীস্ যাদের কলেকটিভ বার্গেনিং-এর সুযোগ নেই, স্ট্রাইক-এর সুযোগ নেই-সামান্য এই সুযোগ ছিল যে দ্বিতীয়বার অ্যাপিল-এর মধ্য দিয়ে তাঁরা এভিডেন্স দিয়ে আসতে পারবেন। কিন্তু তা থেকেও যখন তাঁদের বঞ্চিত করা হচ্ছে তখন তার আমি প্রতিবাদ জানাই। তবে সংগে একথা বলতে চাই যে, ২২৬ যে এ্যামেন্ড হচ্ছে তাকে আমি সমর্থন করি কারণ প্রথমে সুপ্রিম কোর্টের জাজমেন্ট ছিল যে, রিডিকুলাস্ জাজমেন্ট-এর জন্য কোন

সুদ্ নিয়ে যদি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট-এর সংগে ঝগড়া হয় তাহলে একমাত্র পাঞ্জাব হাইকোর্ট পারবে, কিন্তু এখন এই এমেণ্ডমেণ্ট এনে সমস্ত হাইকোর্ট-কে যে সুযোগ দেওয়া হোল তার জন্য আমি একে সমর্থন করি। তবে ৩১১ ধারা সম্বন্ধে আমি আমার প্রতিবাদ আগেই জানিয়েছি।

Point of Order

3-25—3-35 p.m.]

Shri Nani Bhattacharjee: Sir, I am again placing a point of order. মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি গোড়াতেই বলেছিলাম যে এই ধরণের কনষ্টিটিউশন এ্যামেণ্ড-মেণ্ট বিল আনতে হলে আমাদের এখানে যে রুলস্ অব প্রসিডিউর আছে যে আইন বিধানসভায় পাশ হয়েছে তারই ১৮১ এবং ১৮২ ধারার সংগে সংগতি রেখে করতে হবে। সেজন্যই অধ্যক্ষ মহোদয় আমি এ দুটি ধারার প্রতি আবার আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Iswar Das Jalan: That has already been decided. That cannot be re-opened.

Mr. Chairman: We are following the precedence that we did on previous occasion. I think there is no ground for your any point of order.

শ্রীননী ভট্টাচার্য: স্যার, আমাকে বিনীতভাবে আমার বক্তব্য নিবেদন করতে দিন তারপর আপনি আপনার জাজমেণ্ট দেবেন। আমি জানতে চাই এখানে সেক্রেটারী পার্লামেণ্ট থেকে মেসেজ রিসিভ্ করেছেন কিনা। যদি করে থাকেন তাহলে............

Mr. Chairman: No message has been received as yet.

শ্রী ননী ভট্টাচার্য: যদি না পেয়ে থাকেন এই বিল সম্পর্কে কোন বিতর্ক কোন আলোচনা অসংগত এবং অবৈধ। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি বিধান সভায় যে নিয়ম করেছেন সেই নিয়মবহির্ভূত কোন একটা বিলের আলোচনা চলবে এবং তা পাশ হবে এটা সংগত নয়। সেদিক থেকে আমি বলি মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে এই বিলের আলোচনা স্থগিত রাখুন কাল স্পীকার মহাশয় আসছেন, আপনারা পরিষ্কার আলাপ আলোচনা করুন, কারণ পার্লামেণ্টের মেসেজ যেটা রিসিভ করার কথা এবং আমাদের মধ্যে সার্কুলেট করার কথা সেটা যদি না পেয়ে থাকেন কোন আলোচনা হতে পারেনা। কেননা মন্ত্রী মহাশয় টেবলে মেসেজ লে করার পর এই প্রস্তাব আনতে পারেন। এই প্রস্তাবের একটা নোটিশ পিরিয়ড আছে। এই সমস্ত নিয়ম কানুনগুলি না মেনে কনষ্টিটিউশন এ্যামেণ্ড করার মত একটা ইম্পর্টেণ্ট বিলের আলোচনা হাউসে চলতে পারেনা। এবং সেই বিধান এই বইয়েতে করা হয়েছে। আমি মনে করি এত বড় একটা ইম্পর্টেণ্ট বিলের আলোচনা যে চলেছে সে সম্বন্ধে মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্পীকার মহাশয় এবং ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন তাদের অবহিত হতে হবে, যাতে আইন অনুসারে আলোচনা চলে তাঁদের সে দিকটাও দেখতে হবে। আমি সেজন্য অনুরোধ করছি যে হাউস এ্যাড্জোর্ন করা হউক।

Mr. Chairman: The method that is being adopted today is the same one that has been followed on previous occasions. There is nothing new to be added.

Shri Apurba Lal Majumdar:
আমিও স্যার মনে করি কোন আলোচনা হতে পারে না
if that goes contrary to the rules.
সুতরাং
any precedence will not be justified if it is contrary to the procedure......

Mr. Chairman: *It is not contrary to the rules. If the message has been received, it has to be read out. No message has been received. We have nothing to do with it.*

Shri Nani Bhattacharjee: Unless there is any message, I think the House cannot go on discussing the Bill.

Mr. Chairman: I have ruled out your point of order.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য: যদি সেক্রেটারী কোন মেসেজ না পেয়ে থাকেন তাহলে আমর খবর কি করে পাবো? এবং যেভাবে দেওয়া হয়েছে সেটা নিয়ম বর্হিভূত। আপনি যদি বে-আইনীভাবে এসেম্বলী চালান তাহলে খারাপ নজির স্থাপন করা হবে।

Mr. Chairman: The point was raised on the previous occasion. The Hon'ble Speaker gave his decision. It cannot be discussed again.

শ্রীনিখিল দাস: মিঃ চেয়ারম্যান, সার, আমাদের স্পীকার মহাশয় একটা ডিসিসান দিয়েছিলেন তাতে এ মেসেজের উপর পয়েন্ট অব অর্ডার ছিল না। তখন নোটিশের উপর তিনি একটা পয়েন্ট অব অর্ডার তুলেছিলেন এবং সেটা হচ্ছে পার্লামেন্ট থেকে কোন মেসেজ পান নি, সেক্রেটারী আমাদের বলার পর আমরা জানতে পেরেছি এবং পার্লামেন্ট থেকে মেসেজ না পেলে এই এ্যামেন্ডমেন্ট বিলটা হাউসে দেওয়া যায় কিনা সেটা আমি জিজ্ঞাসা করছি।

Mr. Chairman: Mr. Das, even then you are too late. It should have been raised at the begininig..

Shri Apurba Lal Majumdar:

উইথ অল্ হিউমিলিটি যখন কোন পয়েন্ট অব অর্ডার রেইজ করবে

There is no specific rule as to when a point of order can be raised. The Point of Order can be raised at any moment if there is any infringment of the rules.

Mr. Chairman: Even then it should have been raised at the earliest convenience.

The Hon'ble Iswar Das Jalan: I have heard the criticism by the honourable members of this House. It is just beating almost a dead horse. All these considerations were placed before the Parliament. A Select Commitee was appointed. One of my friends raised this point earlier; he wanted a copy of the Select Committee Report. I find in the Parliamentary proceedings that the Select Committee report is there. Certain amendments were made by the Parliament by the Select Committee, and after full consideration this Bill was passed by the Parliament. Certainly, I do not say my friends are not entitled to oppose the Bill, to say that it should not be ratified; but, as a matter of fact these considerations were considered, and the ultimate form in which the Bill was passed is much different from the form in which it was originally produced. Consideration was given to all the points which have been put forward by the honourable members of this House. I will explain in short some of the points raised. The first point which has been raised is with regard to the question whether authority should be given to the President or anybody to decide about the age of High Court Judges. I do not wish to go into a particular case because that is sub judice. The question is, there must be some authority to decide whenever the question of the age with regard to a High Court Judges comes for consideration. The Parliament has decided

that the President is no doubt the ultimate authority, but this question will be decided in consultation with the Chief Justice of India. Therefore, the safeguard is there. The Chief Justice of India is to be consulted before anything can be done with regard to the age of any High Court Judges. Moreover, the Home Minister, Mr. Lal Bahadur Shastri in his concluding speech in Parliament clearly stated that "in regard to the future we have decided that it will be for the person who would be appointed as Judge to give his age before he is actually appointed, and once that age has been accepted, if there is any doubt it will be cleared up with the person concerned, and once the age given by the person is recorded it will be final for the Government unless he himself raises it at a later date. Then, of course, Government, as proposed in this Bill, will decide finally in the matter." Therefore, if we have to decide this is the best authority, meaning thereby, the President in consultation with the Chief Justice will decide whenever there is a dispute with regard to the age of a High Court Judge.

[3-35—3-45 p.m.]

I do not think that it interferes with the independence of the judiciary. It is the executive which has to see what age a particular High Court Judge has in order to decide various questions which depend upon the age. So far as the question of independence of judiciary is concerned, I better repeat what was stated by Shri Lal Bahadur Sastri in Parliament" I need not repeat that judiciary is an important and vital part of democracy and that its independence and integrity has to be fully maintained. It is the judiciary which holds the confidence of the people; it is the judiciary which can express its independent views on the action of the executive or on the action of government and if there be any independent agency in the country which can freely criticise the action of government, it is the judiciary. We therefore consider it aboslutely essential that there should be an independent judiciary if democracy is really to succeed. We have during the last 14 or 15 years by our action completely shown that we have full faith in our High Courts and the Supreme Court and I can assure the House that we consider them as important objectives of our Constitution of our action and we do hope that no doubts or suspicion will ever arise in that regard." Therefore, it is quite obvious that so far as the Government is concerned, it does value the independence of the judiciary but at the same time it must be recognised that whenever the question of age arises there must be a machinery by which it can be resolved—that machinery has been provided and I believe this is a sufficient safeguard. One of the speakers stated that he had no faith in the Chief Justice of India or for his recommendation. He says that all Court sit for deciding the age of High Court Judges. Therefore there is no other way save and except to depend upon the Chief Justice. It does not mean interference with the judiciary.

The next point is the age of the High Court Judge should be 62 when the age of the Supreme Court Judge is 65. This is a matter which has also been considered by the Government. One of the speakers has stated why should not the Supreme Court Judge be appointed from the jurists. No doubt they can be appointed from jurists—they can also be appointed from High Court Judges. Naturally if they are to be appointed from the High Court Judges there should be a difference of 2 or 3 years during which they can act in the Supreme Court. This difference was provided for already in the Constitution. The High Court Judges' age was 60 the Supreme Court Judges' was 65 and the age of the other Government servants 55. Therefore, there cannot be any uniformity with regard to these

again. Now, it is quite obvious that 2 years extra has been given in ord to attract more capable High Court Judges and in order to give them mor security of service. One of the arguments that has been advanced is that these judges should not be kept in other duties. Generally speaking these High Court Judges, whenever they are employed they are employed in more or less judiciary capacity—to man our tribunals where men of the highest integrity are required and therefore this avenue of employment must be kept open to them.

Moreover, my friends ought to realise that Rs. 4,000 was fixed for the High Court Judges a hundred years back. Now, when the prices have risen so many hundred times since the time when the salary was fixed, we have reduced it to Rs. 3,000 and, after paying the income-tax and other taxes, it comes to about Rs. 2,000 or Rs. 2,100. Sir, at present it is very difficult for us to recruit good advocates to occupy the benches and it will all the more difficult if all the avenues of their existence after they ceased to be such Judges are closed or barred for them. There is no doubt that we accept that they should be employed only in judicial capacity.

The next question which has been raised is about Section 311. There is no doubt that this section gives an important right to a Government employee before any disciplinary action is taken against him. But my friends will notice that this section, as it was originally proposed to be amended, has been considerably modified in the Select Committee and thereafter in the House itself, and, as it has emerged, it does not in any way interfere with the rights of any Government employee. If you please read the section as it stands, you will find that no such person as aforesaid shall be dismissed or remove or reduce in rank. When the amendment of the section was originally proposed, the words "or reduce in rank" were excluded, but thereafter they were included. Therefore, all the arguments which have been advanced on the qustion of rduction of rank fall to the ground.

Then, with regard to the second item, my friends will find that it runs thus: No such person as aforesaid shall be dismissed or removed or reduced in rank except after an inquiry in which he has been informed of the charges against him and given a reasonable opportunity of being heard in respect of those charges and, where it is proposed after such inquiry to impose on him any such penalty, until he has been given a reasonable opportunity of making representation on the penalty proposed, but only on the basis of the evidence adduced during such inquiry. Therefore, the position is that it is in the interest of the Government as well as of the employee that any disciplinary proceedings which have been started against the employee should be specially disposed of one way or the other. As a matter of fact, according to the Supreme Court judgment which was passed, an employee could go over all the evidence, facts and other things over and over again for the second time when the question of punishment arises.

[3-45—3-52 p.m.]

It is only to prevent that situation which I should call an abuse of the process of law that this has been framed that whatever evidence you have to produce in support of your innocence should be produced at the first stage. If the authority desires to punish you, you have got the right to make a representation against that punishment; but you cannot say that although evidence was given before you must be permitted to use the same evidence again. You cannot say that. Nobody can support this theory.

...ut it was on account of a Supreme Court judgment that such a situation did arise; and in order to avoid delay and in order to avoid going over the entire evidence again, this clause has been provided. I do not think that there should be any reasonable objection to this clause.

I do not think there is any other point which requires any further elucidation. I commend my motion for the acceptance of the House.

The motion of the Hon'ble Iswar Das Jalan that this House ratifies the amendments to the Constitution of India, proposed to be made by the Constitution (Fifteenth Amendment) Bill, 1963, as passed by the Houses of Parliament, was then put and a division taken with the following result:—

AYES—105

Abdul Bari Moktar, Shri
Abdullah, Shri S. M.
Abdul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargupuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, The Hon'ble Syamdas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Jnantosh
Chatterjee, Shri Muktipada
Chattopadhyay, Shri Brindabon
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Shri Gakul Behari
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charu Shila
Dhara, Shri Sushil Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti

Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati

Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

NOES—43

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Choubey, Shri Narayan
Das, Shri Anadi
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Halder, Shri Hrishikesh
Hansda, Shri Jaleswar
Hazra, Shri Monoranjan
Kisku, Shri Mangla
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mitra, Shrimati Ila
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 105 and the Noes 43, the motion was carried.

Arrests of two MLAs

Mr. Chairman: Honourable Members, I have to report to the House that intimation has been received that Shri Amarendra Nath Roy Prodhan and Shri Daman Kuiry, Members of the Legislative Assembly, were arrested on the 22nd July, 1963, under Sections 143 and 188 of the Indian Penal Code and have been lodged in the Presidency Jail.

The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 3-52 p.m. till 12 noon on Wednesday, the 24th July, 1963, at the Legislative Building, Calcutta.

[Proceedings] of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 24th July, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 13 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 7 Deputy Ministers and 169 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Ministers' travelling allowances for attending Digha Congress Conference

***61.** (Admitted question No. *243.)

শ্রীসুধীরচন্দ্র দাস : অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দীঘা কংগ্রেস সম্মেলনে যোগদানকারী মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্র-মন্ত্রীদের সফর ভাতা সরকারী তহবিল হইতে ব্যয় হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) উক্ত মন্ত্রীদের কে কে সম্মেলনে যোগদান করিয়াছিলেন; এবং (২) এই সফর ভাতা বাবত সরকারী তহবিল হইতে কত ব্যয় হইয়াছে;

(গ) ঐ সম্মেলনের একমাস পূর্বে কোন্ কোন্ মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী দীঘা সফর করিয়াছেন; এবং

(ঘ) তাঁহাদের প্রত্যেকের সফরের জন্য কত ব্যয় হইয়াছে?

The Hon'ble Sankardas Banerji:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) রাষ্ট্রমন্ত্রী শ্রীচিত্তরঞ্জন রায় ১৯৬৩ সালের মার্চ মাসে সরকারী কার্যে মেদিনীপুর সফর করিয়া দীঘা গিয়াছিলেন।

(ঘ) ২৫ টাকা মাত্র।

Shri Sudhir Chandra Das:
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি দীঘা সম্মেলনে যোগদানের জন্য যে সমস্ত মন্ত্রী উপমন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রী গিয়েছিলেন তাতে সরকারী গাড়ী ব্যবহৃত হয়েছিল কিনা?

The Hon'ble Sankardas Banerji:
হয়ে থাকতে পারে। আমি আপনাকে এই প্রশ্নের উত্তর এখানে দিতে পারছি না। আমি যতদূর জানি দীঘায় গাড়ী ব্যবহৃত হয়েছিল, তবে সংখ্যা আপনাকে বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:
এই যে সরকারী গাড়ী ব্যবহার করা হয়েছিল এই সরকারী গাড়ী ব্যবহার করা বাবত যে পেট্রোল বা অন্যান্য নেসেসারি এক্সপেন্ডিচার হয়েছিল তার পরিমাণ কি নির্ধারণ করা হয়েছে?

The Hon'ble Sankardas Banerji:
আমি আপনাকে জিনিসটা পরিষ্কার করে বুঝিয়ে বলি, তারপর প্রশ্ন করবেন। যাঁরা গাড়ীর অধিকারী তাঁরা ৩৫০ টাকা করে পান, ৩৫০ টাকার পরিবর্তে একটা

গাড়ী পান, যেখানে ইচ্ছা যেতে পারেন। ঠিক জানি না বোধ হয় ৭৫ গ্যালন তেল আমরা প্রত্যেক গাড়ীর জন্য দিই। যদি তার অধিক ১ গ্যালন তেল ব্যবহার করা হয় তাহলে তার টাকা মন্ত্রীকে দিতে হয়। ধরুন ৭৫ গ্যালন পেট্রোল তাঁকে দেওয়া হল এবং তিনি যদি গাড়ী দীঘায় নিয়ে গিয়ে থাকেন এবং তার জন্য যদি ১ শো গ্যালন তেল খরচ হয় তাহলে ৭৫ আর ১ শোর মধ্যে যে তফাৎ তার টাকা তাঁকে দিতে হবে। সুতরাং গাড়ী নিয়ে যাওয়ার কোন প্রতিবন্ধকতা নেই এবং পেট্রোল ব্যবহার করার কোন প্রতিবন্ধকতা নেই। কিন্তু ধরুন এখান থেকে কৃষ্ণনগরে সরকারী কাজে একটা গাড়ী গেল তাহলে সেটা ৭৫ গ্যালনের মধ্যে আসে না।

Shri Sudhir Chandra Das:
যে গাড়ীগুলি ব্যবহার করা হয়েছিল সেই গাড়ীর সংখ্যা আপনি দিতে পারছেন না। কিছু সংখ্যা কি আমাকে জানাতে পারবেন না?

The Hon'ble Sankardas Banerji:
আমার উত্তরটা আপনি ধরতে পারেন নি। আমি ৩৫০ টাকা না নিয়ে একটা গাড়ী যদি নিয়ে যাই তাহলে কোন প্রতিবন্ধকতা নেই, এখান থেকে দীঘা বা যে কোন জায়গায় নিয়ে যেতে পারি। যদি সমস্ত টাকা ছেড়ে দিই, ৩৫০ টাকার ১ পয়সা না নিই তাহলে আমাকে সরকার থেকে একটা গাড়ী দেওয়া হয়, আমি সেই গাড়ী যেখানে ইচ্ছা ব্যবহার করতে পারি সরকারী কাজে এবং বেসরকারী কাজে।

Shri Sailendra Nath Adhikary:
আপনি যেটা বল্লেন সেটা স্পষ্ট বুঝা গেল না। এখানে কোয়েশ্চেন হচ্ছে মন্ত্রীরা বেসরকারী কাজে যাবেন কিন্তু তাঁরা সেখানে কোন সরকারী টুর দেখিয়েছেন কিনা সে সম্বন্ধে আপনি অবহিত আছেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:
আপনি সেটা জিজ্ঞাসা করেন নি কিন্তু আপনাকে বলি, ধরুন আমি একটা কাজে যাচ্ছি কিন্তু আমার একটা গাড়ী আছে, আমি তার জন্য ৩৫০ টাকা নিই না। আমি সেটা ব্যবহার করতে পারি; তার মধ্যে যদি কোথাও গিয়ে আমি একটা দোকানের সামনে দাঁড়াই সেটা বেসরকারী কাজ হয়ে গেল এই সমস্ত কোন হিসাব থাকে না।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বল্লেন যে ৩৫০ টাকা এক একজন মন্ত্রী পেতে পারেন এটা কত দিনের জন্য?

The Hon'ble Sankardas Banerji:

মাসে আমরা ৩৫০ টাকা করে পাই—যাঁরা গাড়ী নেন না তাঁরা ৩৫০ টাকা ড্র করেন, আর যাঁদের গাড়ী নেই তাঁরা যদি সরকারী গাড়ী নেন তাহলে ৩৫০ টাকা পান না।

Dr. Kanai Lal Bhattacharya:

তাদের কি ড্রাইভার দেওয়া হয়?

The Hon'ble Sankardas Banerji:

যাঁরা মন্ত্রী আছেন তাঁরা প্রায় সবাই গাড়ী চালাতে জানেন।

Dr. Kanai Lal Bhattacharya:

আমার বক্তব্য হচ্ছে ড্রাইভরের মাইনা মন্ত্রীরা দেন, না সরকার দেন?

The Hon'ble Sankardas Banerji:

সরকার।

Shri Monoranjan Hazra:

মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি সরকারী গাড়ী ব্যবহার করা এবং না করার নিয়ম কি?

The Hon'ble Sankardas Banerji:
আমি সেটা পরিষ্কার করে বলেছি, আপনি বোধহয় ছিলেন না। আমি বলতে চাই আমি যদি ৩৫০ টাকা না নিয়ে একটা গাড়ী নিই আমি যেখানে ইচ্ছা যেতে পারি গাড়ী চড়ে—কোন প্রতিবন্ধক নেই এবং ৭৫ গ্যালন তেলের বেশী যদি আমি ব্যবহার করি ডিপার্টমেন্ট আমার কাছ থেকে টাকা নেবে।

Shri Monoranjan Hazra:
আমি যদি মাসের মধ্যে ৩০ দিন গাড়ী ব্যবহার না করে ২৯ দিন ব্যবহার করি তাহলে নিয়মটা কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
এরকম কোন নিয়ম নেই—যদি কেউ ৭ দিনও ব্যবহার করেন তাহলেও ৩৫০ টাকা পাবেন।

The Hon'ble Sankardas Banerji:
যদি এক দিনও না চড়ি তাহলেও ৩৫০ টাকা আমি পাবো।

Shri Abhoy Pada Saha:
এই যে বল্লেন ৭৫ গ্যালন তেল পাওয়া যায় কিন্তু ব্যক্তিগত ভ্রমণের জন্য কি আলাদা পাওয়া যায়?

The Hon'ble Sankardas Banerji:
আমি গাড়ী নিয়ে যা ইচ্ছা করতে পারি।

Rickshaw licence fee in Contai municipality

***62.** (Admitted question No. *244.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি মিউনিসিপ্যালিটি রিক্সা মালিক লাইসেন্স ফি ৬ টাকা সুপারিশ করিবার পর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ উহার হার বর্ধিত করিয়া ৮ টাকা ধার্য করিয়াছেন;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) মেদিনীপুর ও খড়্গপুরে রিক্সার লাইসেন্স ফি কত চালু আছে?

[12-10—12-20 p.m.]

The Hon'ble Sankardas Banerji:
(ক) রিক্সা মালিক লাইসেন্স ফি কাঁথি মিউনিসিপ্যালিটি ৬ টাকা সুপারিশ করেন নাই। তাঁহারা ৪ টাকা সুপারিশ করেন। সরকার ঐ সুপারিশ গ্রহণ করিতে পারেন নাই। ইহা সত্য যে সরকার উহা ৮ টাকা ধার্য করিয়াছেন।

(খ) পশ্চিমবঙ্গে বিভিন্ন পৌর এলাকায় রিক্সা পরিবহণ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে বিভিন্ন প্রকার বাই-ল প্রবর্তিত হইয়াছে। ফলে ভিন্ন ভিন্ন এলাকায় ভিন্ন ভিন্ন লাইসেন্স ফি চালু আছে সর্বত্র একই প্রকার বাই-ল প্রয়োগের উদ্দেশ্য এবং রিক্সা চালকদের অবস্থার উন্নতিকল্পে ও পরিবর্তিত পারিপার্শ্বিক অবস্থার কথা বিবেচনা করিয়া সরকার ১৯৬২ সালে একটি আদর্শ বাই-ল প্রস্তুত করিয়াছেন। উক্ত আদর্শ বাই-ল-এর প্রতিলিপি সমস্ত জেলা শাসক ও বিভাগীয় কমিশনারদের নিকট পাঠাইয়া তাহাদের স্ব স্ব এলাকার পৌরসভাগুলিতে উহা প্রয়োগ করিবার জন্য পৌরকর্তৃপক্ষদের নিকট হইতে সরকারীভাবে প্রস্তাব পেশ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। উক্ত নির্দেশ অনুযায়ী যখন যেমন প্রস্তাব সরকারের নিকট পেশ করা হইতেছে সেইমত আদর্শ বাই-ল প্রয়োগ করা হইতেছে। ঐ আদর্শ বাই-লতেও রিক্সা মালিক লাইসেন্স ফি বার্ষিক ৮ টাকা ধার্য করা হইয়াছে। যে সমস্ত পৌর এলাকায় উক্ত আদর্শ বাই-ল প্রয়োগ করা হইয়াছে কাঁথি তাহাদের মধ্যে একটি।

(গ) মেদিনীপুরে ও খরগপুরে রিক্সা লাইসেন্স ফি যথাক্রমে ৩ টাকা ও ১ টাকা চালু আছে।

Shri Sudhir Chandra Das :

মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে ৮ টাকা রেট করা হয়েছে এটা গভর্নমেন্ট বাড়িয়েছে না বাই-ল অনুসারে হয়েছে, কিসের ভিত্তিতে ৮ টাকা করা হয়েছে এবং গ্রামাঞ্চলের মিউনিসিপ্যালিটিতে যেখানে ৪ টাকা ছিল সেখানে কোন দিক বিবেচনা করে এটা করা হয়েছে?

The Hon'ble Sankardas Banerji:

সমস্ত অবস্থা দেখে, কত লোক চড়ে, কত রিক্সা আছে এবং দেশের অবস্থা কি এই সমস্ত দেখে এটা করা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয় বললেন একটা মডেল বাই-ল তৈরী করা হয়েছে এবং মিউনিসিপ্যালিটির কাছে পাঠান হয়েছে কিন্তু তাঁরা সেই মডেল বাই-ল গ্রহণ করে নি। সরকার এটা করে দিয়েছে কিন্তু মডেল বাই-ল অনুসারে যে রেট ধার্য করা হয়েছে সেটা কাঁথী মিউনিসিপ্যালিটি অ্যাডপ্ট করে রেজলিউশন করে দেয় নি।

The Hon'ble Sankardas Banerji:

কতগুলি মিউনিসিপ্যালিটি সাজেসন দিয়েছিল ৪ টাকা।

Shri Sailendra Nath Adhikary:

এই মডেল বাই-ল গ্রহণ করা বা না করা সম্বন্ধে বেংগল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২-তে এমন কোন ধারা নেই যে মডেল বাই-ল গ্রহণ করতেই হবে—এরকম কোন ম্যাণ্ডেটরি নির্দেশ নেই। আমার প্রশ্ন হচ্ছে এই যে ম্যাণ্ডেটরী নির্দেশ দিয়েছেন এটা কি আইন অনুসারে করেছেন?

The Hon'ble Sankardas Banerjee :

১৯১৯ সালের কোলকাতা হ্যাকনি ক্যারেজ এ্যাক্ট-এর ২(ক) ধারা মতে উক্ত ধারাগুলি বিভিন্ন শহরে প্রয়োগ করা হয়েছে। রিক্সা ইত্যাদি পরিবহণ নিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার উক্ত আইনের ৭১ ধারায় বাই-ল প্রস্তুত করিয়া থাকে। সেকসন ৭১-এতে লাইসেন্স ফি সমূহ ধার্য করবার ক্ষমতা রাজ্য সরকারের আছে। এ বিষয়ে পৌরসভাগুলির মতামত গ্রহণ করতে রাজ্য সরকার আইনতঃ বাধ্য নয়। অবশ্য অতীতে পৌরসভাগুলির সুপারিশ অনুযায়ী উক্ত ফি ধার্য করা হোত ফলে এই রাজ্যের বিভিন্ন এলাকায় বিভিন্ন প্রকার লাইসেন্স ফি চালু আছে। মুখ্যতঃ এই বিভিন্নতার অবসান ঘটাবার জন্য, রিক্সা চালকদের উন্নতিকল্পে এবং পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে ১৯৬২ সালে রাজ্য সরকার এই আদর্শ বাই-ল প্রস্তুত করেছেন এবং ইহাতে মালিকদের বার্ষিক ৮ টাকা লাইসেন্স ফি ধার্য করা হয়েছে। উক্ত আদর্শ বাই-ল ক্রমে বিভিন্ন মিউনিসিপ্যালিটি-তে প্রয়োগ করা হচ্ছে। আমরা বাধ্য ছিলাম না তাই বাই-ল করে চেষ্টা করা হচ্ছে যাতে কোন রকম ডিসক্রিমিনেসন্ না হয়। তবে এই ৮ টাকা বেশী হয়েছে কি কম হয়েছে সেটা—ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন। আপনারা মেদিনীপুরে সম্বন্ধে কর্নসিডার করছেন কিন্তু মেদিনীপুরে এটা এখনও হয় নি। আমি আগেই বলেছি এবং আমার নিজেরও মনে হয় যে বিভিন্ন এলাকায় বিভিন্ন রকম রেট থাকা উচিত নয়—দেয়ার সুড বি নো ডিসক্রিমিনেসন্ এ্যাণ্ড দিস সুড বি এনফোর্সড এ্যাস্ কুইকলি এ্যাস্ পসেবল। তবে এরপর আপনারা বিচার করে দেখবেন বেশী বা কমের কথা।

Shri Sudhir Chandra Das :

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করছি, এটা বিবেচনা করা দরকার হবে না কি যে সহর এলেকার রিক্সা এবং মফঃস্বল এলেকার রিক্সার আয়ের কথা, আয়ের তারতম্য বিবেচনা করে লাইসেন্স ফী কম বেশী করা উচিত?

The Hon'ble Sankardas Banerjee :

প্রশ্ন তা নয়। তাহলেও গ্রামাঞ্চলে যে রিক্সা আছে আমি সে সম্বন্ধে আপনার কথা মনে রাখবো। যে কথা বললেন প্রশ্ন তা নয় এটা শুধু মিউনিসিপ্যালিটির কথা।

Dr. Kanai Lal Bhattacharya:
মাননীয় মন্ত্রী মহাশয় বললেন রিক্সাওয়ালার অবস্থা উন্নতি করার জন্য এবং এই একটি কারণে ৪ টাকার জায়গায় ৮ টাকার ব্যবস্থা করেছেন, তাতে কি উন্নতি হবে?

The Hon'ble Sankardas Banerjee :
আমরা এক্সটেন্ডিং এমিনিটিস টু দেম্ ডিটেইলস এখনও জানি না, অফিস থেকে লিখে দিয়েছে, পরিকল্পনা ইত্যাদি কি আছে আমি জানি না।

Shri Balai Lal Das Mahapatra :
রিক্সাওয়ালাদের উন্নতির পরিপ্রেক্ষিতে এই যে এটা করতে চাচ্ছেন তাতে প্রশ্ন করছি কাঁথিতে এখন পর্যন্ত মিউনিসিপ্যালিটি রিক্সা ষ্ট্যান্ড দিতে পারে নি, তার জন্য তাদের প্রতিদিন হয়রাণি হতে হচ্ছে এবং পুলিশ ধরছে, আপনি বলছেন রিক্সা চালকদের উন্নতির জন্য এটা করছেন, তাহলে ব্যাপারটা কি?

The Hon'ble Sankardas Banerjee :
শুধু তাই না, অন্য কারণও আছে, এখনি মনে হল যদি একটা ষ্ট্যান্ড করে দেওয়া হয় তাহলে তাদের ব্যবসা করার পক্ষে সুবিধা হবে।

Shri Balai Lal Das Mahapatra :
কাঁথিতে মিউনিসিপ্যালিটি তা করছে না।

The Hon'ble Sankardas Banerjee :
এটা শুধু কাঁথির কথা নয়। নূতন ট্যাক্স করা হচ্ছে, আগে টাকা জমা দিন, তারপর তো খরচ হবে?

Shri Balai Lal Das Mahapatra :
আপনি কি জানেন কাঁথিতে এখনও পর্যন্ত কয়েক বছর মিউনিসিপ্যালিটি হওয়া সত্ত্বেও তারা একটা রিক্সা ষ্ট্যান্ড করতে পারে নি?

The Hon'ble Sankardas Banerjee :
এটা কিছু জানি না, কোন মিউনিসিপ্যালিটিতেই কোন কাজ হয় না।

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Finance Minister agree with me if I say that in the question the word that has been used is "fee", and there is a distinction between fee and tax? When the fee was suggested under the by-law only a ceiling was suggested, and would not, in that case, the State Government direct all the municipalities that unless you supply these amenities you cannot impose this fee?

The Hon'ble Sankardas Banerji: So far as I am concerned, I have placed before you the correct facts. What has been done or not is another matter. If it is within our legal powers to do it, we have done it. If things have got to be done they will be done in due course.

Shri Kashi Kanta Maitra: When the model by-laws provides for fixing of licence fee at a certain rate, does it not mean that the municipality cannot go beyond the ceiling suggested in the bye-law, but it is up to them to bring it down?

The Hon'ble Sankardas Banerji: What is up to them they can do. What has been done is all that was asked and that is the information I have given to the House.

Shri Kashi Kanta Maitra: Would it be correct if I say that the municipalities, therefore, are not obliged to carry out the so-called mandatory directive of the Finance Department that they are required to fix licence fee at Rs. 8?

The Hon'ble Sankardas Banerji: I do not know. The question has been asked whether a certain licence fee is being charged in Kathi Municipality. I have given the information 'yes'. I think there is a legal imposition. If anybody has failed to do anything, notice will be taken of it in due course.

Shri Balai Lal Das Mahapatra :
কাঁথি শিল্পাঞ্চল নয় এই কথা বিবেচনা করে আপনি লাইসেন্স ফি কমাবার চেষ্টা করবেন কি?

The Hon'ble Sankardas Banerji:
এখন আমি এই বিষয়ে কিছু বলতে পারব না।

Gramdan

***63.** (Admitted question No. *277.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এযাবৎ বিনোবাজীর হাতে কত গ্রাম দান করা হইয়াছে;

(খ) বিনোবাজীর হাতে প্রদত্ত গ্রামগুলির সহিত গ্রাম পঞ্চায়েতের সম্পর্ক কি হইবে; এবং

(গ) কাকদ্বীপ অঞ্চলে মাননীয় উপমন্ত্রী মায়া ব্যানার্জী মারফত কতগুলি গ্রাম বিনোবাজীর হাতে দান করা হইয়াছে?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:
(ক), (খ) এবং (গ) গ্রামদান সংক্রান্ত কোন আইন এখনো প্রণয়ন করা হয় নি। এই বিষয়ে যথোচিৎ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। আপাততঃ গ্রামদান সম্পর্কিত অধিক তথ্য প্রদান করা সম্ভবপর নয়।

Shri Sambhu Charan Ghosh:
আমি তিনটা পৃথক প্রশ্ন করেছিলাম। আমার প্রথম প্রশ্ন হচ্ছে এযাবৎ পশ্চিমবংগে বিনোবাজীর হাতে কত গ্রামদান করা হয়েছে, দ্বিতীয় প্রশ্ন ছিল বিনোবাজীর হাতে যে গ্রামদান করা হয়েছে তার সংগে গ্রামপঞ্চায়েতের কি সম্পর্ক হবে, তৃতীয় প্রশ্ন হল, কাকদ্বীপ অঞ্চলে উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জী মারফৎ কতগুলি গ্রামদান করা হয়েছে। মন্ত্রীমহাশয় আমাদের সামনে যে উত্তর দিলেন, তিনি একটা ব্রাকেট করে দিলেন,—এই সম্পর্কে কোন আইন প্রণয়ন করা হয় নি। আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাচ্ছি, বিনোবাজীর হাতে কত গ্রামদান করা হয়েছে সে সম্পর্কে আমি পরিষ্কার বক্তব্য চাই।

The Hon'ble Syamadas Bhattacharyya:
আপনি যে প্রশ্ন করেছেন আমি মনে করি তাতে একটি মাত্র উত্তরই সম্ভব। আমি তো বলেছি —মাননীয় সদস্যরা এরই মধ্যে ভুলে গেলেন—আমার বলার শেষ বাক্যটি ছিল আপাততঃ গ্রামদান সম্পর্কিত সঠিক তথ্য প্রদান করা সম্ভব নয়।

Shri Sambhu Charan Ghosh:
যদি সঠিক তথ্য না থাকে তাহলেও মোটামুটি যে তথ্য আপনাদের কাছে আছে—সেগুলি আমাদের কাছে পরিবেশন করবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
আমি এখন কোন তথ্যই পরিবেশন করতে পারব না।

Shri Sambhu Charan Ghosh:
গতকাল একটা প্রশ্নোত্তরে আমরা জেনেছিলাম বিনোবাজী পশ্চিমবংগে ১০ মাস ধরে ভ্রমণ করেছেন, এবং বিভিন্ন অঞ্চলে বিভিন্ন গ্রামদান করা হয়েছে। রাজ্য সরকারের কাছে নিশ্চয়ই তার হিসাব আছে আমরা এই আশা করেছিলাম এবং আরও আশা করেছিলাম একটা মোটামুটি তথ্য পরিবেশন করা হবে।

The Hon'ble Prafulla Chandra Sen:
রাজ্য সরকারের কাছে কত গ্রামদান করা হয়েছে তার সংখ্যা কিছু নাই। সংবাদপত্রে যা বেরিয়েছে তা বাদে আমাদের কাছে কোন সংখ্যা নাই এবং মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী যে কথা বল্লেন, আমরা গ্রামদান সম্পর্কে কোন আইন প্রণয়ন করি নি। আইন প্রণয়ন করলে পর কত সংখ্যা, কোথায় দান করা হয়েছে এবং বিধিবিধানপূর্বক সেগুলি করা হয়েছে কিনা তা আমরা ঠিক করতে পারব। এখন আমাদের কাছে কিছু নাই।

Shri Sambhu Charan Ghosh:
যে গ্রামগুলি বিনোবাজীর হাতে দান করা হয়েছে সেগুলির অবস্থা কি? এবং সেই গ্রামগুলির সংগে গ্রামপঞ্চায়েৎ এবং গ্রামসভার কি সম্পর্ক হবে আমরা জানতে চাই।

The Hon'ble Syamadas Bhattacharyya:
এ সম্পর্কে কোন তথ্যই এখন আর দিতে পারব না, আশা করি এই সেসনের মধ্যেই এই বিষয়ে একটা আইন আনা হতে পারে, তখন আপনারা এই বিষয়ে আলোচনা করতে পারবেন।

Shri Birendra Narayan Roy:
যে গ্রামগুলি দান করা হয়েছে বর্তমানে সেগুলির অবস্থা কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
অবস্থা বর্তমানে ত্রিশংকুর মতো। কে কত গ্রামদান করেছে আমরা কিছুই জানি না। যতক্ষণ পর্যন্ত না আমরা এ সম্পর্কে আইন প্রণয়ন করছি ততক্ষণ সরকার কিছু বলতে পারবেন না।

Shr Sailendra Nath Adhikary:
মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বল্লেন গ্রামগুলির অবস্থা ত্রিশংকুর মতো, আমি জিজ্ঞাসা করতে পারি কি এই ত্রিশংকুর কবে স্বর্গলাভ হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:
অচিরেই হবে।

Shri Sambhu Charan Ghosh:
কাকদ্বীপ অঞ্চলে উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জির মারফত কতগুলি গ্রামদান করা হয়েছে? এই সম্পর্কে একটা বিতর্ক উঠেছিল, যে গ্রামগুলি দান করা হয়েছে তার অধিকাংশই অসিদ্ধ—এই সম্পর্কে কিছু জানেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:
এ সম্পর্কে কোন তথ্য সরকারের কাছে নাই।

Shri Sambhu Charan Ghosh:
উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জী যখন কাকদ্বীপ অঞ্চলে গ্রামদান করেছিলেন তখন ডি, আই, জি, ট্রাফিক শ্রীদেবব্রত ধর কাকদ্বীপে উপস্থিত ছিলেন এই কথা জানেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:
অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্ন এর থেকে উঠে না।

Shri Amarendra Nath Basu:
মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন কোন সংবাদ তাঁর কাছে নাই, কোন সংবাদ যদি না থাকে তাহলে এই মন্ত্রীমণ্ডলী একটা বিল আনবার জন্য কিভাবে চেষ্টা করছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:
এর উত্তর খুব সোজা। গ্রামদান সম্পর্কে কি রকম আইন প্রণয়ন করতে হবে তার সংগে কত গ্রামদান হয়েছে তার কোন সম্পর্ক নাই।

Shri Sambhu Charan Ghosh:
ডি, আই, জি, ট্রাফিক শ্রীদেবব্রত ধর গ্রামদানের সময় কাকদ্বীপে গিয়েছিলেন কিনা এবং সেখানে সরকারী কর্মচারী হিসাবে তাঁর কোন দায়িত্ব ছিল কিনা? কাকদ্বীপ অঞ্চলে যে গ্রামদান করা হয়েছে সেই সম্পর্কে অভিযোগ পাওয়া গিয়েছে যে, ডি আই জি, ট্রাফিক, শ্রীদেবব্রত ধরের সহায়তায় জোর করে গ্রামবাসীদের গ্রামদানে প্ররোচিত করেছিলেন উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জি এই কথা সত্যি কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
এ কথা আদৌ সত্য নয়।

Shri Sambhu Charan Ghosh:
কাকদ্বীপ অঞ্চল গ্রামদানের ব্যাপারে শ্রীমতী মায়া ব্যানার্জির সাথে শ্রীচারু ভান্ডারীর গোলযোগ হয়েছিল, এবং তারপর মুখ্যমন্ত্রী বিনোবাজীর সংগে দেখা করেছিলেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
মূল প্রশ্নের সংগে এর কোন সম্পর্ক নাই।

Shri Sambhu Charan Ghosh:
উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জি যে গ্রামদান করেছিলেন সে সম্পর্কে সরকারের কোন দায়িত্ব আছে কি না, কারণ আমরা জানি যে মুখ্যমন্ত্রী, সেচমন্ত্রী এবং ভূমিরাজস্বমন্ত্রী বিনোবাজীর সংগে সাক্ষাৎ করেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আচার্য বিনোবাজীর সংগে এ সম্পর্কে কোন কথাবার্তা হয় নি।

Shri Deb Saran Ghosh:
যে সমস্ত গ্রামদান করা হয়েছে বেশির ভাগ ক্ষেত্রেই মন্ত্রীরা উপস্থিত ছিলেন এবং তাঁদের উপস্থিতিতে এই সমস্ত গ্রামদান করা হয়েছে এটা কি ঠিক?

Mr. Speaker: This question does not arise.

Price of fish

***64.** (Admitted question No. *378.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the comparative prices of some of the common fishes in the markets of Calcutta during the last week of June in the years 1961, 1962 and 1963; and

(b) whether Government has got any proposal to check the rise in prices of the fish in Calcutta and its suburbs?

[12-30—12-40 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman: (a) A statement is laid on the table. (b) Yes.

Statement referred to in reply to clause (a) of starred question No. 64.

Statement showing the comparative prices of some of the common fishes in the Calcutta markets during the last week of June in the years 1961, 1962 and 1963.

Varieties	Week ending on 30-6-63 Average rate. Rs. nP. per Kg.	Week ending on 30-6-62 Average rate. Rs. nP. per Kg.	Week ending on 30-6-61 Average rate. Rs. nP. per Kg.
Carps	3.58	3.73	3.55
Hilsa	3.05	2.88	3.49
Bhetki	4.38	4.62	3.88
Prawn	3.42	3.34	3.82
Misc.	2.11	2.65	2.41

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে স্টেটমেণ্ট দেওয়া হয়েছে এতে যে রেট দেওয়া হয়েছে এটা পাইকারী, না, খুচরা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এটা হল খুচরা—রিটেল।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় দ্বিতীয় প্রশ্নের জবাবে বলেছেন ইয়েস। সেই পরিকল্পনাটা আমরা জানতে পারি কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

মাননীয় সভাপাল মহাশয় আপনি জানেন যে ইতিপূর্বে গত বছর ওয়েস্ট বেঙ্গল এণ্টিপ্রফিটিয়ারিং এ্যাক্ট-এ মাছকে একটা এসেন্সিয়াল কমোডিটিস হিসাবে সিডিউল ভুক্ত করা হয়েছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এই হল এক দিক। দ্বিতীয় হচ্ছে রিসেণ্টলি ডি আই রুলের বিধান অনুসারে ওয়েস্ট বেঙ্গল ফিস ডিলার লাইসেন্সিং অর্ডার হয়েছে। তারপর তৃতীয়তঃ এটাও আপনাদের অবগতির জন্য বলছি যে উপযুক্ত সময়ে প্রফিটিয়ারিং কার্য করবার জন্য ব্যাবস্থা করা হয়েছে। আমাদের প্রাইস ফিক্সেসন কমিটি সেটাও উইথ দি মেম্বারস অব কেবিনেট এণ্ড সাম আদার অফিসারস হ্যাস বিন এপয়েণ্টেড।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে প্রইিস ফিকসেসন কমিটি আপনাদের বসেছে তাঁরা দৈনন্দিন রিটেল প্রাইস অথবা হোল সেল প্রাইস কি নীতিতে ফিক্স করে দেবেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমাদের প্রত্যেকদিন মার্কেটে ভিজিলেন্স রাখা হয় কিভাবে কি ধরনের মাছ হোলসেল মার্কেটে এবং রিটেল মার্কেটে কত দামে বিক্রি হচ্ছে এবং রিটার্ণ তাঁরা দাখিল করেন। ওয়েস্ট বেঙ্গল এন্টি-প্রফিটিয়ারিং এ্যাক্ট অনুসারে তাঁরা তাঁদের নিজেদের স্বীকৃত মতে একটা দাম বলে দেয়।

Dr. Radha Krishna Sinha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি শুধু কলকাতা এবং সুবার্বে এই ব্যবস্থা হবে, না, মফঃস্বলে মিউনিসিপ্যাল শহরে এই ব্যবস্থা চালু হবে? কারণ মফঃস্বলে অনেক লোক বাস করে, তারা মাছের দামের জন্য বিপন্ন হয়ে আছে।

The Hon'ble S. M. Fazlur Rahman:
ভবিষ্যতে পরিকল্পনা থাকতে পারে, কিন্তু বর্তমানে কলকাতা শহরতলী, হাওড়া মিউনিসিপ্যাল অঞ্চলগুলিতে এই ব্যবস্থা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন বর্তমানে কয়েকদিন ধরে কলকাতায় মাছের যে অভাব অনুভূত হচ্ছে সেটা কি আপনাদের দ্বিধাগ্রস্ত পলিসির জন্য হচ্ছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:
দ্বিধাগ্রস্ত পলিসির জন্য নয়। আপনারা জানেন মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত লীন মান্থস অফ দি ইয়ার। এই সময় প্রোডাকসান অব ফিস হয় বলে সংস্কার আছে লোকে মাছ ধরে না, তাছাড়া জল বেড়ে যায়, বন্যা হয়, মাছ ধরার জন্য অসুবিধা হয়। এই সময়টা মাছের চারা তৈরী করবার সময়। এই সমস্ত কারণে মাছের সরবরাহ কম হয়।

Shri Abani Kumar Basu:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন প্রাইস ফিকসেসন কমিটি কোন মূল্য নির্ধারণ করেছেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:
সেটা ইন দি ইনটারেস্ট অফ দি পাবলিক অনুগ্রহ করে আমাকে জিজ্ঞাসা করবেন না।

Shri Abani Kumar Basu:
যেখানে সারা বাংলাদেশে মাছের ব্যাপারে দুর্ভিক্ষ হচ্ছে সেখানে মাছের দর সম্বন্ধে জানাতে বাধা কোথায় আমরা ঠিক বুঝতে পারছি না। আমরা এটা জানতে চাই?

The Hon'ble S. M. Fazlur Rahman:
আপনারা জানেন সরকার থেকে যে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে ডি আই রুল এবং ওয়েস্ট বেঙ্গল এ্যাণ্টি-প্রফিটিয়ারিং এ্যাক্ট অনুসারে সেটা যদি আমরা অসতর্ক মুহূর্তে আইনটাকে কার্যকরীভাবে প্রয়োগ করবার পূর্বে মূল্য নির্ধারণের নীতি বা বিধি ব্যবস্থাটা প্রকাশ করি তাহলে বাজারে কিছুটা ভারসাম্য নষ্ট হতে পারে।

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state why the report of the Fish Expert Mr. Van'der Hyden has not been published—why the recommendations of that report have not been given effect to by the State Government?

The Hon'ble S. M. Fazlur Rahman: Sir, though this question does not arise out of the main question still I give this answer to my honourable friend.

My friend has got a wrong information or he is under a wrong impression that perhaps Mr. Van'der Hyden submitted something which goes against the interest of the Government or that may be prejudicial to the administration of the Government, but that is not the case. He made certain suggestions and most of the suggestions have been accepted. The suggestions which were found feasible have been accepted and those not found feasible have not been accepted. Mr. Van'der Heyden made certain suggestions about fishing gear which have been accepted to some extent, but they have not been found suitable. Then he suggested certain improved methods of fishing gear. Some of them have been accepted, but others were not accepted that the fishing craft should be a mechanical or power-driven craft, but that has not been found suitable in all places because the depth of water which is necessary for the improved fishing craft to ply is not available because they were not found suitable. One of his suggestions has been everywhere. So, this suggestion has been accepted to some extent.

His last suggestion is very important and I want to bring it to the notice of the members. He said: "It seems that up to the present the West Bengal fish traders have been mainly concerned with maintaining a very high price of fish in Calcutta even to the point of wilfully limiting the availability of fish in the market." On that point, I have explained just now that these are the steps which have been taken for the purpose of curbing the profiteering tendency of the unscrupulous traders.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state if Mr. Van'der Hyden in his report has not categorically said that in order to bring down the high price to a reasonable rate, the middle men, who are having a loot in the first market and who are fetching between 300% to 400% profit per maund of fish, have got to be eliminated?

The Hon'ble S. M. Fazlur Rahman: For that purpose, we have taken the following steps: The West Bengal Anti-Profiteering Act and the West Bengal Fish Dealers Licensing Order have been promulgated and the Fixation of Price Committee has been appointed. These have been done for the purpose of doing away with and eliminating this third person in between the wholesaler and the retailer.

Shri Sailendra Nath Adhikary:
গভীর জলে মাছগুলি ধরবার কোন ব্যবস্থা হয়েছে কি?

The Hon'ble S. M. Fazlur Rahman: I think this question does not arise.

Shri Abani Kumar Basu :

মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে জনস্বার্থের জন্য মাছের কি মূল্য নির্ধারণ হচ্ছে সেটা জানাতে পারেন না—এটা আমি বুঝতে পারছি না। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে মাছের কোন মূল্য এই প্রাইস ফিক্সেসন কমিটি নির্ধারণ করেছেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:
মাছের মূল্য নির্ধারণ কমিটি ডে টু ডে মার্কেট দেখে, দেখে সেই রিপোর্টের উপর ভিত্তি করে একটা ফিক্স পিরিয়ড পারটিকিউলারলি ডিউরিং দিস লীন পিরিয়ড কোনটা কি এ্যাভারেজ হবে।

'That is on the basis of the returns submitted by the wholesalers and the returns which will be submitted by the retailers. On the basis of that, the Price Fixation Committee will have to fix the fair price for the purpose of curbing the profiteering tendency of the traders.

Shri Abani Kumar Basu: My question is whether on the basis of the returns submitted, this Price Fixation Committee has fixed up any price?

The Hon'ble S. M. Fazlur Rahman: The price is fixable. So far this has not been done. This will be done when the Act will be applied in all its entirety.

Shri Abani Kumar Basu: Sir, the Hon'ble Minister has said that during the lean months, the price will be fixed on the basis of the returns which will be submitted. My question is what are the lean months in the opinion of the Hon'ble Minister?

The Hon'ble S. M. Fazlur Rahman: May to September.

Shri Balai Lal Das Mahapatra:
মন্ত্রিমহাশয় বলেছেন যে জনস্বার্থের জন্য তিনি প্রাইসলিস্ট প্রকাশ করতে পারছেন না। আমি বলছি এই প্রাইসলিস্ট প্রকাশ না করার জন্য জনসাধারণের স্বার্থ নষ্ট হচ্ছে এবং যারা মুনাফা-শিকারী তাদের সুবিধা হচ্ছে—একথা জানেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman: The Government thinks otherwise.

Ramnagore ferry-ghat

***65.** (Admitted question No. *397.)

শ্রীদেবশরণ ঘোষ: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বেলডাংগা থানার অন্তর্গত "রামনগর ফেরী" ঘাটের ব্যাপারে রামনগর কেন অ্যান্ড সুগার কোম্পানীর সহিত সরকারের একটি চুক্তি হইয়াছে; এবং

(খ) চুক্তি হইয়া থাকিলে, তাহা কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য্য: (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীদেবশরণ ঘোষ: মন্ত্রিমহাশয় জানাবেন কি, উক্ত ফেরিঘাট বর্তমানে কাদের দখলে আছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য্য: ফেরি চালাবার ব্যাপারে কোম্পানীর কোন সর্ত স্বীকার করা হয়নি বা সরকারের সংগে কোন চুক্তি করা হয়নি। ওখানের ঐ ফেরি নিয়ে অনেক দিন ধরে গোলমাল চলছে এবং হাইকোর্টে একটা মামলা হয়েছে। এই মামলার বিচারের ফলে দেখা যায় যে, সরকারের তরফ থেকে ল্যান্ডিং গ্রাউন্ডের দখল নেওয়া যাবে না। তারপর, ঐ বিচারের রায়ের মূলে মোটামুটি এইভাবে চলছে যে, সুগার মিল তাদের প্রয়োজন ছাড়া অন্য কোন কাজে এই ফেরি ব্যবহার করতে পারিবে না এবং সরকারের তরফ থেকেও অন্য কাজের জন্য ফেরি চালনা করা যাবেনা।

শ্রীদেবশরণ ঘোষ: মামলার রায়ে বলা হয়েছে যে, কোম্পানী নিজের প্রয়োজন ছাড়া ব্যবহার করতে পারবে না। আমার প্রশ্ন হোল বর্তমানে এই ফেরি কি অবস্থায় আছে এবং কাদের দখলে আছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য্য: ল্যান্ডিং গ্রাউন্ড আমাদের দখলে নেই।

Alleged seizure of crops in Jalpaiguri district

***66.** (Admitted question No. *409.)

শ্রীননী ভট্টাচার্য: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে স্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এর ১০(২) ধারা মতে সরকারে বর্তানো যেসকল জমিতে লাইসেন্স ফি দিয়া পূর্বতন আধিয়ারগণ চাষ-আবাদ করিতেছে আদালত কর্তৃক জারী "সীজ ওয়ারেন্ট" বলে ঐ সব জমির ফসল জলপাইগুড়ি জেলায় আটক আছে; এবং

(খ) সত্য হইলে, কী পরিমাণ ফসল আটক আছে?

[12—12-50 p.m.]

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে সমস্ত তথ্য সংগ্রহ করতে পারিনি কাজেই আমি এক সপ্তাহের সময় নিচ্ছি।

Applicants for new taxi licence

***67.** (Admitted question No. *429.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় যে দুই হাজার ট্যাক্সির নূতন লাইসেন্স দেওয়া হইবে তাহার জন্য কতজন লোক দরখাস্ত করিয়াছেন;

(খ) উক্ত দরখাস্তকারীদের মধ্যে কতজন স্বর্ণশিল্পী; এবং

(গ) উক্ত স্বর্ণশিল্পীদের লাইসেন্স দেওয়ার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হইবে কি?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জী : (ক) ট্যাক্সির নূতন অনুমতিপত্র কত দেওয়া হবে তা কোলকাতা আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ নির্দিষ্ট করবেন। উক্ত কর্তৃপক্ষ ১০ হাজার দরখাস্ত পেয়েছে।

(খ) বলা সম্ভব নয়। দরখাস্তগুলি এখনও পরীক্ষা করা হচ্ছে।

(গ) দরখাস্তগুলি মোটর যান আইনের বিধান অনুযায়ী এবং আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের নির্ধারিত নীতি অনুযায়ী করা হয়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : তাহলে কি ধরে নিতে পারি স্বর্ণশিল্পীদের অগ্রাধিকার দেওয়া হবে না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : স্বর্ণশিল্পীরা যদি অন্য আইন মেনে চলেন তাহলে নিশ্চয়ই তাদের অগ্রাধিকার দেওয়া হবে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : সরকার কি একথা জানেন যে স্বর্ণশিল্পীদের ফর্ম-এ ৪ হাজার টাকা জমা দেখাতে হচ্ছে?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জী : যা নিয়ম আছে তা করতেই হবে। আপনি যদি ফর্ম দেখে থাকেন তাহলে দেখবেন সেখানে লেখা আছে, আর ইউ এ গোল্ডস্মিথ? আর ইউ এ ডিসপ্লেসড পার্সন? আর ইউ এ পলিটিক্যাল সাফারার? আর ইউ এ ট্যাক্সি ড্রাইভার? এখন কথা হোল যত ট্যাক্সি আছে সেগুলি সবই স্বর্ণশিল্পীদের দেওয়া হবে না ক্যাটিগরি অব পিপল ভাগ করা হবে। তবে আমরা মৌখিক নির্দেশ দিয়েছি যে যথাসম্ভব স্বর্ণশিল্পীদের দেওয়া হোক ৮০০, ১০০০ বা ২০০০ যা দেওয়া হবে সেগুলি সমস্তই স্বর্ণশিল্পীদের না দেওয়া হলেও তাদের কেস উইল বি কন্সিডার্ড ফেভারেবলী।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য : মন্ত্রিমহাশয় বললেন কতগুলি ট্যাক্সি দেওয়া হবে সেটা কোলকাতার আর টি এ ঠিক করবেন কিন্তু আমরা কাগজে দেখলাম ১ হাজার দেওয়া হবে। এ সম্বন্ধে কিছু বলবেন কি?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জী : আমি ট্রান্সপোর্ট বোর্ড-এর একটা মিটিং করেছিলাম তাতে বিভিন্ন প্রতিষ্ঠানের অনেক সদস্য ছিলেন। সেখানে আমি যখন বললাম উপস্থিত কত ট্যাক্সির পারমিট দেওয়া যেতে পারে তখন সকলে বললেন যে উপস্থিত ১ হাজারের মত পারমিট দেওয়া হোক। আমরা আর টি এ-কে কোন নির্দেশ বা ডাইরেক্টিভ দেইনি তবে এ সম্বন্ধে গভর্ণমেন্ট-এর মতামত কি সেটা আর টি এ জানে। খুব সম্ভব তারা সেটা মেনে চলবে এবং ১ হাজারের মত পারমিট দেওয়া হবে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য : উনি বললেন অগ্রাধিকার দেওয়া হবে যদি অন্য সমস্ত নিয়ম মেনে চলেন। অর্থাৎ তারা যদি টাকা দেখাতে পারে, মোটর ড্রাইভিং লাইসেন্স দেখাতে পারে তাহলেই কি শুধু পাবে?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি:

That is not the only consideration

আজকাল লোকের অনেকের অর্থের সংস্থান নেই, বেনামদার হয়ে আসেন এবং ট্যাক্সি চান, যে মূহূর্তে পারমিট দেওয়া হয়, সেই মূহূর্তে পারমিট বিক্রী করে দেন। কাজেই আর টি এ দেখেন যারা দরখাস্ত করেছে বাস্তবিক তাদের কেনবার শক্তি আছে কিনা?

শ্রী[illegible]ণ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে অনেকে পারমিট বিক্রী করে, পারমিট কি সহজলভ্য জিনিষ?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: সে প্রশ্ন হচ্ছেনা। বেনামদার ভুরি ভুরি রয়েছে, আমি জানি অনেক লোক, রামের নামে গাড়ী আছে শ্যাম চালাচ্ছে, সে মাসে একটা টাকা পায়। এই সব কারণে আমরা দরখাস্তকারীর আর্থিক অবস্থা দেখি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: সমবায় ভিত্তিতে যদি কেউ নিতে চায় তাহলে তাকে অগ্রাধিকার দেওয়া হবে কি?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: নিশ্চয়।

শ্রীসনৎকুমার রাহা: স্বর্ণশিল্পী বলতে বলতে আমরা যারা হাতে কলমে কাজ করে তাদের বুঝবো না যাদের সোনার দোকান আছে, ব্যবসায়ী জীবনভোর যারা কাজ করে তাদের বুঝবো, ট্যাক্সি পারমিটের বেলায় কাদের বুঝবো?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: স্বর্ণশিল্পী বলতে স্যাকরা এবং দোকানের মালিক সকলকেই বুঝবো।

শ্রীমতী বিভা মিত্র: যে সব স্বর্ণশিল্পী রয়েছে তাদের অনেক টাকা হয়ত থাকতে পারে, কিন্তু তাদের লাইসেন্স তো থাকবে না, সুতরাং যাদের লাইসেন্স থাকবে না তাদের দেওয়া হবে কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: তারা যদি টাকা যোগাড় করতে পারে এবং অন্যান্য নিয়ম মেনে চলে তাহলে তাদের অগ্রাধিকার দেওয়া হবে।

শ্রীমতী বিভা মিত্র: এই যে হাজারটা দেওয়া হচ্ছে তার মধ্যে দেওয়া হবে কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: কিছু পাবে বই কি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বর্ণশিল্পীদের ক্ষেত্রে ৪ হাজার টাকা জমা দেওয়াটা ঐচ্ছিক করবার কথা বিবেচনা করবেন কি?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: এটা আর টি এ বিবেচনা করবেন, এই পারমিট দেওয়ার অধিকারের সংগে সরকারের কোন সাক্ষাৎ সম্পর্ক নাই, এই কয়মাস ধরে যারা এসেছে তাদের এটা বুঝিয়েছি, আর টি এ দিচ্ছে তারা এটা বিবেচনা করবেন, আর টি এ-ই ডিডিশন দেবেন, মন্ত্রিদের এতে কিছু করবার নাই।

শ্রীসামসুদ্দিন আমেদ: মোটর ভিহিকলস এ্যাক্ট অনুসারে দুর্গতঃ স্বর্ণশিল্পীদের যদি এক্স-ট্রেনীয়াস কন্সিডারেশন বলে পারমিট দিতে যাই তাহলে এটা বোধ হয় আইনের আওতায় আসে না, সরকার তাদের পারমিট দেওয়ার জন্য আইনটি কি সংশোধনের কথা বিবেচনা করবেন?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: আইন সংশোধনের কথা বিবেচনা করি নাই আবশ্যকতাও নাই।

ডঃ রাধাকৃষ্ণ সিংহ: সরকার শুধু কলকাতা স্বর্ণশিল্পীদের কথা চিন্তা করছেন, মন্ত্রিমহাশয়কে আমি বলবো মফঃস্বলে ডিস্ট্রিক্ট আর টি এ যারা আছে তাদের কলকাতার নীতি অনুসারে নির্দেশ দেওয়া উচিত তারা যেন সেখানে স্বর্ণশিল্পীদের লাইসেন্সের ব্যাপারে অগ্রাধিকার দেন।

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: এটা প্রশ্ন নয়, অনুরোধ।

Control on fish-price

***68.** (Admitted question No. *441.)

শ্রীসনৎকুমার রাহা: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে মৎস্যের মূল্য নিয়ন্ত্রণের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করিতেছেন কিনা?

[12-50—1 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman:
বিষয়টা সরকারের বিবেচনাধীন আছে।

Shri Sanat Kumar Raha:
কি ধরনের বিবেচনা বা কি রকম পরিকল্পনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:
সভাপাল মহাশয়, এর পূর্বেই আমি বলেছি পশ্চিমবংগে মুনাফাখোর বিরোধী আইন প্রয়োগ করা হয়েছে। পশ্চিমবংগে বর্তমানে মৎস্য সরবরাহ ন্যায্যমূল্যে সর্বত্র অব্যাহত ও সুনিশ্চিত রাখিবার উদ্দেশ্যে সম্প্রতি এই বিভাগ ভারতরক্ষা আইন বলে ওয়েস্ট বেংগল ফিস ডিলারস লাইসেন্সিং অর্ডার নামে একটা আদেশ জারী করেছেন, ৮ই জুলাই, ১৯৬৩ তারিখে এক্সট্রা-অর্ডিনারী ক্যালকাটা গেজেট-এর ৯২৫ পৃষ্ঠায় উহা প্রকাশিত হয়েছে। এই আদেশ অনুসারে পাইকারী ও খুচরা সকল মৎস্য ব্যবসায়ীকে সরকার থেকে লাইসেন্স গ্রহণ করতে হবে এবং দৈনন্দিন ক্রয় বিক্রয় সম্পর্কে নির্ধারিত ফরমে হিসাব রাখিতে হবে। তাহা ব্যতীত মৎস্য ব্যবসায়ীদের মৎস্য ক্রয় সম্পর্কে সরকারের নিকট নির্ধারিত ফরমে পাক্ষিক বিবরণ দাখিল করতে হবে। ইহার দ্বারা খুচরা ও পাইকারী দরের মধ্যে যে ব্যবধান সরকারের পক্ষে তার পরিমাণ ও কারণ জানা সম্ভব হবে। আশা করা যায় এর ফলে অত্যাধিক মুনাফা প্রতিরোধ করা যাবে। এই আইনের মাধ্যমে মৎস্য সরবরাহের দুর্গতি সম্পূর্ণ রোধ করা সম্ভব না হলেও ভবিষ্যতে মূল্য নিয়ন্ত্রণের ব্যবস্থা করা যেতে পারে।

Shri Sanat Kumar Raha:
মৎস্য সরবরাহের ব্যাপারে সরকারের নিজস্ব কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:
নিশ্চয়ই আছে।

Acquisition of land in Bhagwanbati and Chhoto Satui Mouzas

***69.** (Admitted question No. *447.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহ কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ভগবানবাটি মৌজার জে এল নং ৪০ এবং ছোট সাটুই মৌজার জে এল নং ৪১-এর অন্তর্গত প্রায় ৪৮ একরের মত জমি সরকার কর্তৃক দখলের নোটিস দেওয়া হয়;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) স্থানীয় অধিবাসিগণের পক্ষ হইতে বিকল্প জমি দিবার কোন প্রস্তাব সরকার পাইয়াছিলেন কি: এবং

(ঘ) প্রস্তাব পাইয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) বন্যা-সহনশীল ধান্য গবেষণা কেন্দ্র স্থাপনের জন্য উক্ত জমি প্রয়োজন।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:
উক্ত জমির পাশের জমিটা গ্রহণ কর‌ার প্রস্তাব সেখানকার গরীব চাষীদের পক্ষ থেকে করা হলে সেই প্রস্তাব সহানুভূতির সংগে দেখা হবে কিনা?

Shri Hon'ble Syamadas Bhattacharyya:
নিশ্চয়ই দেখবেন সংশ্লিষ্ট বিভাগ।

Expenditure on the Cabinet-meeting and committee-meetings at Darjeeling

***70.** (Admitted question No. *464.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সম্প্রতি দার্জিলিঙে মন্ত্রিসভার এবং কয়েকটি কমিটির যে বৈঠক হইয়াছে তাহার জন্য মোট কত খরচ কি কি খাতে হইয়াছে?

The Hon'ble Sankardas Banerjee:

	Travelling Allowance	Contingencies
	Rs. nP.	Rs. nP.
(1) Journey in connection with Cabinet meetings at Darjeeling, Kalimpong and Kurseong	21,891.15	215.26
(2) Journey in connection with Joint Select Committee meeting on Zilla Parishad Bill at Darjeeling ..	2,105.50	1,225.00
(3) Journey in connection with Regional Conference on Co-operation at Kalimpong	445.25	
(4) Cost of petrol, allowances of drivers and other contingencies in connection with meetings at Darjeeling		19,695.00

Shri Birendra Narayan Roy:
এই যে খরচের হিসাব অর্থমন্ত্রিমহাশয় দিলেন এই খরচগুলি অত্যন্ত বেশি বলে মনে করেন কিনা?

The Hon'ble Sankardas Banerjee:
দুঃখের বিষয় মনে করি না।

Shri Debi Prosad Basu:
দেশের বর্তমান জরুরী অবস্থায় দার্জিলিং-এ এই যে ব্যয় করা হল এটা কি দেশপ্রেম বলে মনে করেন?

The Hon'ble Sankardas Banerjee:
জরুরী অবস্থার জন্যই দার্জিলিং-এ যাওয়া হয়েছিল।

Shri Sailendra Nath Adhikary:
আমি অর্থমন্ত্রিকে জিজ্ঞাসা করছি, মন্ত্রিদের সংগে যে সমস্ত অফিসার গিয়েছিলেন তাদের সংখ্যা কত এবং মোট রাহা খরচ কত হয়েছে।

The Hon'ble Sankardas Banerjee:
নিশ্চয়ই এই প্রশ্ন করতে পারেন, কিন্তু দুঃখের বিষয় প্রশ্ন তা নয়। বলতেও পারব না।

Nirikhnama for Cooch Behar district

***71.** (Admitted question No. *511.)

শ্রীকমলাকান্তি গুহ: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) ১৩৭০ সনে কোচবিহার জেলার জন্য নতুন নিরিখনামা ধার্য করা হইয়াছিল, (২) তাহার জন্য নতুন নিরিখনামা ছাপানো হইয়াছিল, এবং (৩) তাহা বর্তমানে বাতিল করা হইয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—(১) নতুন নিরিখনামা ছাপাইয়া বাতিল করিবার জন্য কত টাকা নিরিখনামা বাবত খরচ হইল, এবং (২) উক্ত নিরিখনামা বাতিল করিবার কারণ কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) (১) হ্যাঁ।

(২) হ্যাঁ।

(৩) নতুন নিরীখনামা সাময়িকভাবে প্রত্যাহার করা হয়েছে।

(খ) ২০ টাকা।

(গ) নতুন নিরীখনামায় কতগুলি দাগ সম্বন্ধে জনসাধারণ আপত্তি করায় পুনর্বিবেচনার জন্য প্রত্যাহার করা হয়েছিল।

Jangipur-Raghunathganj ferry-ghat

72. (Admitted question No. *558.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: গত ৫-৪-৬৩ তারিখে প্রদত্ত অতারকিত ৬৯৭নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) জঙ্গীপুর পৌরসঙ্ঘের সুপারিশ কর্তৃপক্ষের বিচারাধীন ঐ বিষয়ের নিষ্পত্তি হইয়াছে কিনা; এবং

(২) বিবেচনা শেষ হইয়া থাকিলে, ঐ সম্পর্কে সংবাদ কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(১) না।

(২) প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Roy:
জঙ্গীপুর পৌরশাসন কর্তৃপক্ষ কি সুপারিশ করেছিলেন সরকারের কাছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:
এঁরা সুপারিশ করেছিলেন টাকা কমিয়ে দেবার জন্য।

Shri Birendra Narayan Roy:
কত টাকা কমাবার জন্য তাঁরা সুপারিশ করেছিলেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:
মোট ৯৪ হাজার ১১১ টাকার মধ্যে ৪৪ হাজার ১১১ টাকা মকুবের জন্য সুপারিশ করেছিলেন।

Shri Birendra Narayan Roy:
এই পৌরসংস্থার চেয়ারম্যানের নাম কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
দুঃখের বিষয়, আমি জানি না।

Shri Birendra Narayan Roy:
আপনার বিভাগের উপমন্ত্রি শ্রীমুক্তিপদ চ্যাটার্জী তার সভাপতি এই কথা জানেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
শুনে আনন্দিত হলাম।

Shri Birendra Narayan Roy:
উনি আপনার বিভাগের উপমন্ত্রি হবার পরে এই সুপারিশ করেছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:
তিনি সুপারিশ করেছেন বলেই বিশেষ বিবেচনা করা হয়েছে তা মনে করার কারণ নেই।

Shri Birendra Narayan Roy:
এই বিধানসভায় বক্তৃতার সময় আমি বলেছিলাম শ্রীযুক্ত মুক্তিপদ চট্টোপাধ্যায় উক্ত পৌরসংস্থার সভাপতির সুযোগ নিয়ে ৪৪ হাজার টাকা কমানোর জন্যে সুপারিশ করেছিলেন, তখন তিনি পারসোনাল এক্সপ্লানেসান-এ বলেছিলেন ইহা অসত্য, আজকে জানা গেল আমার কথাই সত্য। এসম্পর্কে সরকার কোন চিন্তা করবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
এটা আগেকারই উত্তর, তাতে বলা হয়েছিল মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ এই সুপারিশ করেছেন। মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ বলতে শুধু যে চেয়ারম্যানকে বুঝায় একথা আমি জানি না।

Bus-fare in Nadia district

***73.** (Admitted question No. *564.)

শ্রীকাশীকান্ত মৈত্র : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহ কি সত্য যে, নদিয়া জেলায় বাস মালিক সমিতি সম্প্রতি নতুন ভাড়ার হার চালু করিয়াছেন;

(খ) সত্য হইলে, তাহা কি এবং ভাড়া বৃদ্ধির কারণই বা কি;

(গ) ইহা কি সত্য যে, নদীয়া, হুগলী ও অন্যান্য জেলায় বাস ভাড়ার হারের অসমতা রহিয়াছে;

(ঘ) সত্য হইলে, এই অসমতা দূর করিবার জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

[1—1-10 p.m.]

The Hon'ble Sankardas Banerjee:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষগণ পথের অবস্থা, যাত্রী সংখ্যা প্রভৃতি বিষয়ের পরিপ্রেক্ষিতে বাস ভাড়ার হার স্থির করেন। সুতরাং বিভিন্ন জেলার ভাড়ার হারও বিভিন্ন।

(No supplementary)

Answer to starred question No. 74 was laid on the table

Realisation of sales tax from Messrs. Serajuddin & Co.

***74.** (Admitted question No. *595.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) how much sum has so far been realised by the State Government from Messrs. Serajuddin & Co. from the accumulated States tax dues payable by the said Messrs. Serajuddin & Co. so far;

(b) what are the total dues of the said firm by way of sales tax for the years 1958, 1956, 1960, 1961, 1962 and 1963; and

(c) what legal steps have so far been taken to protect further losses of the revenue of the State ?

The Minister for Finance: (a) All dues in respect of the period prior to 1st April 1957 had been paid. Steps have been taken to reopen the assessment of the dealer for the year ended 31st March 1958 on the basis of subsequent investigation. The assessed dues for the year 31st March 1959 have not yet been realised.

(b) There is no outstanding demand from the dealer in respect of the periods up to 31st March 1957. Steps for reassessment of the dealer for the year ended 31st March 1958 on the basis of subsequent investigation have been taken and the case is still pending. A demand of Rs. 3,14,927.54 nP. (including penalty of Rs. 3000) raised for the 4 quarters ending on 31st March 1959 is still due. The dealer is yet to be assessed for the subsequent periods.

(c) As the dealer did not pay up the aforesaid assessed dues, the Certificate Officer, Alipore, has been requested to realise the demand through Certificate Procedure. Suitable steps have been taken to complete the pending assessments of the dealer at an early date.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Distribution of manure in Mayna police-station, Midnapore

96. (Admitted question No. 7.)

শ্রীঅনঙ্গমোহন দাশ : কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সার বন্টনের জন্য মেদিনীপুর জেলার ময়না থানাতে সরকারের কোন গুদাম বা অন্য কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) যাহাতে ঐ এলাকার কৃষকগণ যথাসময়ে জমির সার পাইতে পারেন তজ্জন্য সরকার হইতে কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) ময়না থানায় সরকার মনোনীত সার বন্টনকারীগণ দ্বারা পরিচালিত কয়েকটি ডিপো আছে।

(খ) চাষের সময় যাহাতে ঐসকল ডিপোতে কৃষকদের নিকট বিক্রয়ের জন্য অগ্রেই সার মজুত থাকে তাহার প্রতি সরকার লক্ষ্য রাখিতেছেন। এই সম্পর্কে সমুদয় খরচ নির্বাহের জন্য বন্টনকারীদের সম্প্রতি একটি বিশেষ অবহৃতক দিবার ব্যবস্থাও সরকার করিয়াছেন। উপরন্তু স্থানীয় আধিকারিকগণের উপর সার-সরবরাহ ও বিক্রয়ের প্রতি লক্ষ্য রাখিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

Police Constables posted in Moyna and Pingla police-stations

97. (Admitted question No. 45.)

শ্রীঅনংগমোহন দাশ : স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানায় কয়জন করিয়া পুলিস কনস্টেবল আছে;

(খ) উহাদের জন্য কোন কোয়ার্টার আছে কিনা;

(গ) যদি না থাকে, উহা প্রস্তুতের কোন ব্যবস্থা অবিলম্বে হইবে কি;

(ঘ) ঐ দুইটি থানায় কনস্টেবলের সংখ্যা বৃদ্ধি করার কোন প্রস্তাব আছে কি; এবং

(ঙ) পিংলা থানার মালিগ্রাম গ্রামে এবং ময়না থানার গোকুলনগরে একটি করিয়া ফাঁড়ি স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Home (Police):

(ক) ৮ জন করিয়া।

(খ) না, তবে তাহারা বাড়িভাড়া বাবত টাকা পাইয়া থাকেন।

(গ) আপাতত এরূপ প্রস্তাব নাই।

(ঘ) আপাতত নাই।

(ঙ) বর্তমানে নাই।

Muslim, Anglo-Indian and Scheduled Caste employees in Government service

98. (Admitted question No. 57.)

ডাক্তার গোলাম ইয়াজদানী : অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবংগ সরকারের অধীন বিভিন্ন দপ্তরে কতজন (১) মুশলিম, (২) অ্যাংলো ইণ্ডিয়ান ও (৩) তফসিলী সম্প্রদায়ভুক্ত চাকুরিয়া বর্তমানে কাজ করিতেছেন;

(খ) ইহাদের মধ্যে কতজন গেজেটেড এবং কতজন নন-গেজেটেড চাকুরিয়া: এবং

(গ) ইহাদের কতজন বিভিন্ন জেলায় কর্মে নিযুক্ত আছেন?

The Minister for Finance:

প্রয়োজনীয় তথ্যসকল বিভাগ এবং জিলা ও মহকুমা অফিস হইতে পাওয়া যায় নাই। সম্পূর্ণ তথ্য সংগৃহীত হইলেই উত্তর দেওয়া হইবে।

Reclamation of ponds in Nadia district

99. (Admitted question No. 101.)

শ্রীকাশীকান্ত মৈত্র : কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট কালেকটার গত পাঁচ বৎসরে উক্ত জেলার কতগুলি মজা পুষ্করিণী বা পুষ্করিণী সংস্কারের ব্যবস্থা করিয়াছেন;

(খ) উক্ত পুষ্করিণীগুলিকে চালু রাখার জন্য কোন ব্যবস্থা করা হয় কি;

(গ) ব্যবস্থা করা হইলে, তাহা কি:

(ঘ) ঐ সংস্কৃত পুষ্করিণীগুলির কতগুলি সন্নিকটস্থ চাষের জমিতে সেচের কাজে লাগান হইয়াছে; এবং

(ঙ) নদিয়া জেলায় পুষ্করিণী সংস্কার কাজের জন্য এ পর্যন্ত মোট কত টাকা ব্যয় করা হইয়াছে?

The Minister for Agriculture:

(ক) নদিয়া জেলায় পুষ্করিণী সংস্কারের আইন কেবলমাত্র গত ১৯৬২-৬৩ সাল হইতে বলবৎ হইয়াছে। ঐ বৎসর মোট ১০টি পুষ্করিণী এই জেলায় সম্পূর্ণভাবে সংস্কার করা হইয়াছে এবং ৩০টি সংস্কারকার্য হাতে লওয়া হইয়াছে;

(খ) ও (গ) সংস্কৃত পুষ্করিণীগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকারের। চালু রাখার প্রয়োজন পুনরায় কোনরূপ সংস্কারের প্রয়োজন হইলে যথোচিত ব্যবস্থা করা হয়।

(ঘ) বর্তমানে সর্বপ্রকারে সংস্কৃত ১০টি পুষ্করিণীর জল সন্নিকটস্থ চাষের জমিতে সেচের কাজে লাগান হইতেছে।

(ঙ) অসাবর্তক খাতে মোট ৬৭,৮৯৯·১৮ টাকা এবং আবর্তক খাতে মোট ২৬,৩১০·২৩ টাকা উভয় প্রকারে মোট ৯৪,২০৯·৪১ টাকা ব্যয় হইয়াছে।

Madrasahs in West Bengal

100. (Admitted question No. 108.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কয়টি মাদ্রাসা আছে;

(খ) ইহাদের মধ্যে কয়টি জুনিয়ার মাদ্রাসা এবং কয়টি সিনিয়ার মাদ্রাসা;

(গ) ইহাদের কোনটির ছাত্রসংখ্যা কত;

(ঘ) মাদ্রাসা বোর্ডসহ এই মাদ্রাসাগুলির জন্য গত দুই বৎসরের পৃথক পৃথকভাবে সরকারের কত ব্যয় হইয়াছে; এবং

(ঙ) কোন্ মাদ্রাসায় কতজন শিক্ষক আছে এবং তাহাদের প্রত্যেকের অ্যাকাডেমিক কোয়ালিফিকেশন কি?

The Minister for Education:

(ক) বাঁকুড়া—১, বীরভূম—৯, বর্ধমান—৮, কোচবিহার—১, কলিকাতা—২, দার্জিলিঙ—১, হুগলি—১৯, হাওড়া—৬, মালদহ—৯, মেদিনীপুর—৮, মুর্শিদাবাদ—১২, নদিয়া—৪, পশ্চিম দিনাজপুর—৭ এবং চব্বিশপরগনা—১৮—মোট: ১০৫।

(খ) ৮৬টি জুনিয়ার মাদ্রাসা, ১২টি হাই মাদ্রাসা, এবং ৭টি সিনিয়ার মাদ্রাসা।

(গ) তথ্য সংগৃহীত হইতেছে।

(ঘ) উক্ত মাদ্রাসাগুলির জন্য সরকারের শিক্ষা বিভগ হইতে নিম্নলিখিতরূপ ব্যয় হইয়াছে—

১৯৬১-৬২	...	১,০৮,৮৩২
১৯৬২-৬৩	...	১,৩২,৯৯২

(ঙ) তথ্য সংগৃহীত হইতেছে।

Silk Co-operative Industries of Murshidabad

101. (Admitted question No. 119.)

শ্রী[illegible] রায়: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জনাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে মুর্শিদাবাদ রেশম সমবায় শিল্পগুলির কোন্‌টি কত লাভ বা লোকসান করিয়াছে;

(খ) উক্ত সমবায় শিল্পগুলির কোন্‌টির কত মূলধন;

(গ) উক্ত শিল্পগুলির কোন্‌টিকে সরকার কত ঋণ দান অথবা অন্য প্রকারে সাহায্য করিয়াছেন; এবং

(ঘ) উক্ত শিল্পসমিতিগুলির মধ্যে কোন্‌ কোন্‌টি চুক্তিমত টাকা শোধ করিতেছেন?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক), (খ), (গ) এবং (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Muslim employees in the Government service

102. (Admitted question No. 122.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীন বিভিন্ন দপ্তরে কতজন মুশলিম সম্প্রদায়ভুক্ত চাকুরিয়া আছেন;

(খ) ইহাদের কতজন গেজেটেড এবং কতজন নন-গেজেটেড; এবং

(গ) গেজেটেড অফিসারেরা কে, কোথায় ও কোন্‌ পদে অধিষ্ঠিত আছেন?

The Minister for Finance:

প্রয়োজনীয় তথ্য সরকারের সকল দপ্তর এবং জিলা ও মহকুমা অফিস হইতে পাওয়া যায় নাই। সম্পূর্ণ তথ্য সংগৃহীত হইলেই উত্তর দেওয়া হইবে।

Derelict tanks and ponds in Murshidabad

103. (Admitted question No. 123.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the number of derelict tanks and ponds (excluding the derelict irrigation tanks and ponds) in the district of Murshidabad; and

(b) the number of such tanks and ponds with location re-excavated during the last five years?

The Minister for Agriculture: (a) The Department of Agriculture is not concerned with non-irrigation tanks.

(b) Does not arise.

Goldsmith families affected by the Gold Control Rules

104. (Admitted question No. 134.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the district-wise number of goldsmith families:

(b) how many of them have applied for alternative job or employment after the promulgation of Gold Control Orders; and

(c) how many of them have been provided with alternative employment by the Government ?

The Minister for Labour: (a) Not known. Number of persons of goldsmith families affected is given in the sheet enclosed.

(b) Five thousand two hundred and forty-nine have applied for jobs to the Employment Exchanges up to 6th July, 1963.

(c) One hundred and eighty have been selected for employment.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 104

District and number of persons of goldsmith families affected by the Gold Control Rules, 1963 (approximately)

1. Darjeeling—2,000
2. Bankura—7,000
3. Malda—3,992
4. Purulia—2,000
5. West Dinajpore—1,036
6. Howrah—9,937
7. Nadia—9,092
8. Jalpaiguri 2,474
9. Midnapore—5,026
10. Hooghly—3,528
11. Calcutta—24,000
12. Murshidabad—8,000
13. Burdwan—8,988
14. Birbhum—3,881
15. 24-Parganas—16,530
16. Cooch Behar—2,663

Pisciculture in Lalbagh, Nabagram and Lalgola police-stations

105. (Admitted question No. 135.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার লালবাগ, নবগ্রাম ও লালগোলা থানায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য সরকার কি কি ব্যবস্থা কোথায় কোথায় গ্রহণ করিয়াছেন; এবং

(খ) ১৯৬৩-৬৪ সনে উক্ত থানাসমূহের মধ্যে এই বাবতে কোথায় কত টাকা বরাদ্দ আছে এবং উহা কোন্ কোন্ স্থানে কিভাবে খরচ হইবে?

The Minister for Fisheries:

(ক) মৎস্য উৎপাদনবৃদ্ধির জন্য লালবাগ, নবগ্রাম ও লালগোলায় যেসব পরিকল্পনা লওয়া হইয়াছে তাহার একটি তালিকা দেওয়া হইল। জরুরি অবস্থার জন্য তালিকার চতুর্থ হইতে অষ্টম দফায় উল্লিখিত প্রকল্পগুলি আপাতত স্থগিত আছে।

(খ) এই সম্পর্কে একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 105

List of schemes

(1) Demonstration Fish Farm on private parties' tanks in every thana of the State.

(2) Distribution of fry and fingerlings of Cyprinus Carpio free of cost.

(3) Service parties to render certain service facilities to fish farmers ancillary to increase fish production.

(4) Popularising the use of fish pond manure for increasing the production of pond fisheries.

(5) Intensifying the production of carp fry by granting bonus to culturists.

(6) Short term loan for augmenting fish production in culturable tanks.

(7) Medium term loan for fish production in semi-derelict tanks of West Bengal.

(8) Scheme for assisting the needy fishermen and their co-operatives by granting loans for augmenting fish supply.

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 105

Statement of allocation of funds for 1963-64 and programme of work contemplated

Name of scheme and allocation and proposed work

(1) Demonstration fish farm on private parties' tanks, etc.—An amount of Rs. 150 has been alloted for payment as subsidy to the owner of a Demonstration Fish Farm in Nabagram police-station which was set up during 1961-62.

(2) Distribution of fry and fingerlings of Cyprinus Carpio free of cost—An allotment of Rs. 725 has been made for free distribution of about 36,000 fry and fingerlings of Cyprinus Carpio to the pisciculturists in the district of Murshidabad (including the Lalbag, Lalgola and Nabagram police-stations) during 1963-64.

(3) Service parties to render certain service facilities to fish farmers ancillary to increase fish production—An allotment of Rs. 4,000 has been made for continuance of the work of one service party unit set up in the district of Murshidabad. The police-stations of Lalbag, Lalgola and Nabagram will be covered by this unit.

Approving authority in the case of arrests under Defence of India Rules

106. (Admitted question No. 136) **Shri Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) whether sanction of the Home Minister was obtained beforehand in each case of arrest under rule 30 of the Defence of India Rules;

(b) if the answer to (a) be in the negative, will the Hon'ble Minister be pleased to state the name of the authority who examined the cases and gave orders for such arrests;

(c) whether any specific charges under rule 30 of the Defence of India Rules were made in these case; and

(d) if so, will the Hon'ble Minister be pleased to state the charges in each case under which the persons were so arrested ?

The Minister for Home (Special): (a) In each case order under rule 30 of the Defence of India Rules was issued with the approval of the Chief Minister.

(b) Does not arise.

(c) and (d) Rule 30 of the Defence of India Rules authorises detention with a view to preventing a person from acting in any manner prejudicial to the defence of India and civil defence, the public safety, the maintenance of public order, India's relations with foreign powers, the maintenance of peaceful conditions in any part of India, the efficient conduct of military operations or the maintenance of supplies and services essential to the life of the community.

Rule 30 does not require mention of specific instances of prejudicial activities in support of such charges. It will not be in the public interest to disclose them.

Total number of division II undertrial prisoners arrested under Defence of India Rules

107. (Admitted question No. 137.)

শ্রীগণেশচন্দ্র ঘোষ : স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালের নভেম্বর মাস হইতে ১৯৬৩ সালের মে মাসের মধ্যে ভারতরক্ষা-বিধির (ডিফেন্স অব ইন্ডিয়া রুলস্) ৩০নং ধারায় যাঁদের জেলখানায় বিনা বিচারে আটক করিয়া বিচারধীন বন্দী হিসাবে দ্বিতীয় বিভাগে (ডিভিসন ২, ইউ টি প্রিজনার) রাখা হইয়াছে তাঁদের মোট সংখ্যা কত;

(খ) কোন্ কোন্ জেলে এবং কত সংখ্যায় তাঁরা বর্তমানে আটক আছেন;

(গ) ওই বন্দীদের সকলকেই অবিলম্বে প্রথম বিভাগের বন্দী হিসাবে রাখার ব্যবস্থা করিতে সরকার ইচ্ছুক কিনা; এবং

(ঘ) ইচ্ছুক না থাকিলে, তাহার কারণ কি?

The Minister for Home (Special):

(ক) ৪৩ জন।

(খ), (গ) ও (ঘ) পূর্বকথিত ৪৩ জন বন্দীদের মধ্যে ২৮ জনকে বিচারাধীন প্রথম শ্রেণীর বন্দী হিসাবে পরিগণিত করিবার আদেশ ইতিমধ্যে দেওয়া হইয়াছে। অবশিষ্ট ১৫ জন দ্বিতীয় শ্রেণীর বন্দীদের মধ্যে ৩ জন আলিপুর সেন্ট্রাল জেলে এবং ১২ জন প্রেসিডেন্সি জেলে আছেন। এই ১৫ জনেরও শ্রেণী উন্নয়নের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

Requirement and production of wheat and rice in West Bengal

108. (Admitted question No. 142.)

শ্রীসনৎকুমার রাহা : কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ১৯৬২-৬৩ সালে পশ্চিমবঙ্গে কত গম ও কত চাউল উৎপন্ন হয়;

(খ) পশ্চিমবঙ্গে কি পরিমাণ চাউল ও কি পরিমাণ গম স্বাভাবিকভাবে দরকার;

(গ) ১৯৬২-৬৩ সালে মোট চাহিদার তুলনায় কত চাউল এবং গম কম; এবং

(ঘ) সাধারণভাবে পোকা লাগা, ইঁদুরে নষ্ট করা প্রভৃতির জন্য কি পরিমাণ খাদ্যশস্যের বার্ষিক অপচয় গত তিন বৎসরে হইয়াছে?

The Minister for Agriculture:

(ক) ৩০,১০০ টন গম এবং ৪৩,৪১,০০০ টন চাউল;

(খ) ১৯৬৩ সালে জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে ৫৪,৪৫,৭০০ টন চাউল এবং ৭,৮৮,৫০০ টন অন্যান্য খাদ্যশস্য গম ইত্যাদি ভোগ্যপণ্য হিসাবে প্রয়োজন;

(গ) ১৯৬৩ সালে জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত স্থানীয় মোট উৎপাদন-বীজ ও অন্যান্য ক্ষয়ক্ষতি এবং ভোগ্যের চাহিদার তুলনায় ঘাটতির পরিমাণ—

(১) চাউল ১৫,১৯,৫০০ টন।

(২) অন্যান্য খাদ্যশস্য, গম ইত্যাদি ৭,০০,০০০ টন।

(ঘ) এ সম্পর্কে কোন হিসাব নাই।

Workers in Manindra Mills, Kashimbazar

109. (Admitted question No. 162.)

শ্রীসনৎকুমার রাহা : বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) কাশীমবাজার মণীন্দ্র মিল্‌সে বর্তমানে কত মজুর কয় শিফটে কাজ করে; এবং

(খ) এই মিল সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের নিকট বিবেচনাধীন আছে কিনা

The Minister for Commerce and Industries:

(ক) প্রথম শিফ্‌টে—৩৯৩ জন মজুর, দ্বিতীয় শিফ্‌টে—১৯৭ জন মজুর এবং তৃতীয় শিফ্‌টে—১৪৭ জন মজুর—মোট—৭৩৭ জন মজুর।

(খ) না।

Unemployed persons in West Bengal

110. (Admitted question No. 164.)

[illegible] রাহা : শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১ সালের গণনার ভিত্তিতে পশ্চিমবঙ্গে মোট বেকারের সংখ্যা কত; এবং

(খ) উক্ত বেকারদের মধ্যে কতজন নারী?

The Minister for Labour:

(ক) ৩,৭৬,৭৮৩ জন।

(খ) ১৯৬১ সালের গণনার ভিত্তিতে মহিলা বেকারের সংখ্যা সরকারের জানা নাই। তবে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির পরিসংখ্যান অনুযায়ী ৩১এ মে মহিলা কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ২০,৯৭৮।

Unemployed men and women in West Bengal

111. (Admitted question No. 169.)

শ্রীসনৎকুমার রাহা : শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বেকার পুরুষ এবং নারীর সংখ্যা কত;

(খ) এই বেকার সংখ্যার কতজন অশিক্ষিত, কতজন ম্যাট্রিক বা তদূর্ধ্ব; এবং

(গ) ইঞ্জিনীয়ারিং ডিপ্লোমাপ্রাপ্ত বেকার পশ্চিমবঙ্গে কত?

The Minister for Labour:

(ক) ১৯৬১ সালের গণনার ভিত্তিতে সামগ্রিকভাবে বেকারের সংখ্যা ৩,৭৬,৭৮৩ জন।

কর্ম বিনিয়োগ কেন্দ্রের পরিসংখ্যান অনুযায়ী ১৯৬২, ৩১এ মে পর্যন্ত মোট কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৪,৯২,৩৬৭ জন। ইহাদের মধ্যে পুরুষ ও মহিলা কর্মপ্রার্থীর সংখ্যা যথাক্রমে ৪,৭১,৩৮৯ ও ২০,৯৭৮ জন।

(খ) ১৯৬২ সালের ৩১এ ডিসেম্বরের, তালিকার ভিত্তিতে ম্যাট্রিক মানের নিম্নে ৩,২৮,৯৫৮ জন এবং ম্যাট্রিক মান ও তদ্‌ধের্ব ১,১০,২৮৭ জন। ঐ তারিখে মোট কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৪,২১,৭৮৩।

(গ) ইঞ্জিনীয়ারিং-এ ডিপ্লোমাপ্রাপ্ত বেকারের সংখ্যা বর্তমানে সরকারের জানা নাই। তবে কর্মবিনিয়োগ কেন্দ্রের পরিসংখ্যান অনুযায়ী ১৯৬২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত ইঞ্জিনীয়ারিং গ্রাজুয়েট কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৩৬৬ জন।

Special grant of the State Government for the Primary School Teachers

112. (Admitted question No. 189.)

শ্রীসনৎকুমার রাহা : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালের এপ্রিল মাস হইতে মাসিক ৫ টাকা করিয়া যে স্পেশাল গ্রান্ট রাজ্যসরকার প্রাথমিক শিক্ষকগণের জন্য মঞ্জুর করিয়াছেন, তাহাতে এই রাজ্যে কতজন শিক্ষকের এই সুযোগ লাভ হইবে;

(খ) উক্ত গ্রান্ট পৌর সংস্থার অধীনস্থ শিক্ষকগণ পাইবেন কিনা; এবং

(গ) না পাইলে, তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) ২,১২৩।

(খ) হ্যাঁ, যদি তাঁহাদের বেতন এইরূপ ভাতা সমেত ৮৫ টাকার অধিক না হয়।

(গ) এই প্রশ্ন উঠে না।

Land acquisition for Ramnagar-Chaurigacha-Chirute-Khagraghat Road

113. (Admitted question No. 215.)

শ্রীসনৎকুমার রাহা : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামনগর, চৌরিগাছা, চিরটি, খাগড়াঘাট নামীয় যেসকল রাস্তা তৈরি করা হইতেছে তাহার জন্য চাষীদিগকে বর্তমানে নোটিস দিয়া জমি ছাড়িয়া দিতে বলা হইতেছে এবং ইহার ফলে চাষীরা ব্যয় করিয়া যে চাষ-আবাদ করিয়া ফসল উৎপাদন করিয়াছে তাহা নষ্ট হইতে বসিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত কৃষকগণের নিকট হইতে সরকার ক্ষতিপূরণের কোন আবেদন পাইয়াছেন কি, এবং

(২) উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) রামনগর, রাজারসাহু, চৌরিগাছা, খাগড়াঘাট নামে একটি ২৫ মাইল দীর্ঘ রাস্তা বর্তমানে ভূমিগ্রহ আইনে দখল লওয়া হইতেছে। বেশির ভাগ জমিই ফসল ছাড়া দখল লওয়া হইতেছে।

(খ) (১) বেশির ভাগ ক্ষেত্রে ক্ষতিপূরণের আবেদন পাওয়া যায় নাই।

(২) যে সকল ক্ষেত্রে ফসলসহ জমি গ্রহণ করা হইতেছে, আইনানুসারে তাহার ক্ষতিপূরণ দেওয়া হইবে।

Meetings of the Land Advisory Committee of Berhampore-Hariharpore Circle

114. (Admitted question No. 220.)

শ্রীসনৎকুমার রাহা : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বহরমপুর-হরিহরপাড়া সার্কেলের ভূমি বন্টন উপদেষ্টা কমিটি গঠনের পর হইতে বর্তমান সময় পর্যন্ত কতবার মিটিং করিয়াছেন এবং কার্যত কি সিদ্ধান্ত করিয়াছেন:

The Minister for Land and Land Revenue:

মোট চারিবার সভা অনুষ্ঠিত হইয়াছে। কমিটি খাস জমি বন্দোবস্তের জন্য দরখাস্ত গ্রহণের শেষ তারিখ বাঙলা ১৩৭০ সালের ২৫এ আষাঢ় ধার্য করিয়াছেন, আগামী মাসের সভাতে বন্টন-কার্য আরম্ভ করার সিদ্ধান্ত হইয়াছে।

Lands vested in Government in Berhampur-Hariharpore Circle

115. (Admitted question No. 222.)

শ্রীসনৎকুমার রাহা : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর-হরিহরপাড়া সার্কেলে সরকারে ন্যস্ত ও সরকার কর্তৃক দখলীকৃত খাস বন্টনযোগ্য জমির পরিমাণ কত এবং উক্ত জমি কোন্ কোন্ জেলার কি পরিমাণ আছে; এবং

(খ) এই সকল জমি স্থায়িভাবে বন্টন করার কোনও পরিকল্পনা আছে কি?

The Minister for Land and Land Revenue:

(ক) সরকারের ন্যস্ত জমির পরিমাণ ৬৬০·৪৯ একর, দখলীকৃত বন্টনযোগ্য জমির পরিমাণ ২১৬·১০ একর।

মৌজা অনুযায়ী জমির পরিমাণ বলা সময়সাপেক্ষ।

(খ) না।

Waiting room in the Criminal Court of Berhampore

116. (Admitted question No. 229.)

শ্রীসনৎকুমার রাহা : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ইহা কি সত্য যে, বহরমপুর ফৌজদারী কোর্টে যেসকল পুরুষ ও মহিলা আসিয়া থাকেন, তাহাদের প্রতীক্ষালয় বা বসিবার আশ্রয়স্থল বলিয়া কোন কিছু ব্যবস্থা নাই; এবং

(খ) যদি সত্য হয়, তাহা হইলে তাহার প্রতিকারের জন্য সরকার কি কোন ববস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) নাই।

(খ) প্রতীক্ষালয় নির্মাণের পরিকল্পনাটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Living index in West Bengal

117. (Admitted question No. 264.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাবে ১৯৫১-৫২ সাল হইতে ১৯৬১-৬২ সাল পর্যন্ত গত দশ বৎসরে পশ্চিমবঙ্গ রাজ্যে জীবনযাত্রার ব্যয়সূচি কত পয়েন্ট বাড়িয়াছে;

(খ) ১৯৫১-৫২ সাল হইতে ১৯৬১-৬২ সাল পর্যন্ত গত দশ বৎসরে পশ্চিমবঙ্গে সাধারণ মানুষের মাথাপিছু প্রকৃত আয় (রিয়েল ওয়েজেস) কত বাড়িয়াছে?

The Minister for Finance:

(ক) সমগ্র পশ্চিমবঙ্গ রাজ্যের জীবনযাত্রার কোন ব্যয়সূচি নাই। তবে কলিকাতা কেন্দ্রের একটি সূচি নিম্নে দেওয়া হইল।

মাসিক ব্যয়ের মাত্রা

	১—১০০ টাকা	২০১—৩৫০ টাকা
১৯৫১-৫২	৯৯·৬	১০০·৬
১৯৬১-৬২	১১৭·৭	১১৫·০

(খ) ইহার তথ্য রাজ্য পরিসংখ্যানকরণে নাই।

Unemployed gold artisans in Nadia

118. (Admitted question No. 285.)

শ্রীকাশীকান্ত মৈত্র : শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় এ পর্যন্ত যেসব স্বর্ণশিল্পী স্বর্ণনিয়ন্ত্রণ আইনের জন্য বেকার হইয়া আছেন তাহার মোট সংখ্যা কত;

(খ) এদের মধ্যে এ পর্যন্ত মোট কতজন সরকারী বরাদ্দ অনুযায়ী গত এপ্রিল ও মে মাসে মাথাপিছু চার টাকা হারে পাইয়াছেন;

(গ) এই সাহায্য প্রতিমাসে নিয়মিতভাবে দেওয়ার কোন প্রস্তাব আছে কি;

(ঘ) এইসকল স্বর্ণশিল্পী পরিবারের ছেলেমেয়েদের স্কুলে কলেজে বিনা-বেতনে বিদ্যাশিক্ষা লাভ করার সুযোগ দেওয়ার বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন কি;

(ঙ) নদিয়ার বেকার স্বর্ণশিল্পীদের কল্যাণী ও নদিয়া শিল্পসংস্থাগুলিতে চাকুরি দেবার ব্যাপারে কোন অগ্রাধিকার দেবার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

The Minister for Labour:

(ক) ৯,০৯২।

(খ) মে মাস পর্যন্ত ত্রাণ বিভাগ ১০,০০০ টাকা মঞ্জুর করিয়াছেন। জেলা সমাহর্তা এপ্রিল ও মে মাসে কতজনকে টাকা দিয়াছেন তার রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

(গ) উপস্থিত সিদ্ধান্তমত আরও ৬ মাস এই সাহায্য দেওয়া হইবে।

(ঘ) শিক্ষা বিভাগ বিবেচনা করিতেছেন।

(ঙ) বেকার স্বর্ণশিল্পীরা কল্যাণী কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম রেজিস্ট্রী করিলে ঐ অঞ্চলের শিল্পসংস্থায় চাকরির জন্য প্রাধান্য পাইবেন এবং পাইতেছেন।

Rural water supply in Pingla and Moyna police-stations, Midnapore

119. (Admitted question No. 43.)

শ্রীঅনঙ্গমোহন দাস : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানাতে বহু নলকূপ ব্যবহারের অযোগ্য হইয়া রহিয়াছে;

(খ) অবগত থাকিলে, উহাদের সংখ্যা কত; এবং

(গ) অবিলম্বে ঐগুলি অর ডব্লিও এস বা অন্য উপায়ে সংস্কার করিবার কোন ব্যবস্থা সরকার করিতেছেন কি?

The Minister of State for Health:

(ক) হ্যাঁ, প্রশ্নে উক্ত স্থানগুলিতে কিছুসংখ্যক জল উৎস অকেজো অবস্থায় আছে।

(খ) পিংলা থানায় মোট ১৮টি ও ময়না থানায় মোট ১৬টি।

(গ) প্রতি বৎসরই রুরাল ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেশন প্রোগ্রাম-এর অধীনে প্রাপ্ত অর্থের পরিমাণসাপেক্ষ প্রতি ৪০০ ব্যক্তির জন্য একটি এবং প্রতি গ্রাম পিছু অন্তত একটি করিয়া টিউবওয়েল খননের প্রচলিত রীতি অনুযায়ী অকেজো জল উৎসগুলিরও পুনঃস্থাপন করা হইয়া থাকে।

Supervision of Rural Water Supply Scheme Works in districts

120. (Admitted question No. 207.)

শ্রীসনৎকুমার রাহা : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

প্রতিটি জেলায় আর ডব্লিউ এস স্কীমের কাজ সুপারভাইস করেন কে?

The Minister of State for Health:

জেলার ভারপ্রাপ্ত অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ার তাঁহার অধীনস্থ প্রতি মহকুমায় নিযুক্ত ওভারসীয়ার ও সাব-ওভারসীয়ার-এর সাহায্যে আর ডব্লিউ এস স্কীমের কাজ তত্ত্বাবধান করেন। তদুপরি ডিভিসনাল এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার সামগ্রিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণকার্যের ভারপ্রাপ্ত রহিয়াছেন।

Constitution of Land Distribution Advisory Committee

121. (Admitted question No. 226.)

শ্রীসনৎকুমার রাহা : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

বিভিন্ন স্থানে যে সকল ভূমি বন্টন উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে, তাহাতে স্থানীয় এম এল এ বা এম পি-কে সদস্য হিসাবে গ্রহণ করার ব্যবস্থা আছে কিনা?

The Minister for Land and Land Revenue:

স্থানীয় এম এল এ বা এম পি কে তাঁহার পদাধিকারবলে সদস্য হিসাবে গ্রহণ করিবার ব্যবস্থা নাই।

Football ground in Calcutta

122. (Admitted question No. 258.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কলিকাতা ময়দানে ফুটবল খেলার জন্য চতুর্থ ঘেরা মাঠ করিবার জন্য কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কার্যকরী করা হইবে?

The Minister for Home (Police):

(ক) আছে।

(খ) হাঁ, তবে কিছু সময় লাগিবে।

Appointment of the Chairman of Dandakaranya

123. (Admitted question No. 259.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুকুমার সেনের মৃত্যুর পর দণ্ডকারণ্যে নতুন চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের কোন মতামত কেন্দ্রীয় সরকার চাহিয়াছেন কি; এবং

(খ) এ বিষয়ে কোন মতামত পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট পাইয়াছেন কিনা?

The Minister for Home (General Administration):

এ বিষয়ে আলোচনার জন্য কেন্দ্রীয় মন্ত্রী কলিকাতায় আসিতেছেন।

Populated areas around Hooghly Sadar Chest Clinic

124. (Admitted question No. 266.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলী সদর টি বি ক্লিনিকের চারিপাশে বসতিপূর্ণ এলাকা রহিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত এলাকার স্বাস্থ্যরক্ষাকল্পে চারিপাশে উঁচু পাঁচিল দেওয়ার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Minister of State for Health:

(ক) হ্যাঁ।

(খ) না। উক্ত ক্লিনিক সরকারের পরিচালনাধীন নহে: উপরন্তু প্রতি ক্লিনিকে যাহাতে যথাযোগ্য সতর্কতার সহিত যক্ষ্মারোগীদের কফ, থুথু ইত্যাদি রাসয়নিক দ্রব্য সহযোগে পরিশোধন করা হয় সে বিষয়ে সরকারের দৃষ্টি আছে। উক্ত রূপে পরিশোধনের ব্যবস্থা থাকিলে বাহিরের এলাকার স্বাস্থ্যরক্ষাকল্পে ক্লিনিকে উঁচু পাঁচিলের ব্যবস্থা স্বাস্থ্যগত কারণে প্রয়োজনীয় নহে।

Bengali as official language

125. (Admitted question No. 267.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত ২৫এ বৈশাখ সরকারী সিদ্ধান্ত ঘোষণার পরে সরকারের সমস্ত বিভাগের কাজকর্ম বাঙলা ভাষায় চালু হইয়াছে কিনা?

The Minister for Home (Publicity):

হ্যাঁ, বিভাগের আভ্যন্তরীণ কাজে বাঙলা ভাষা চালু হইয়াছে।

Raja Rammohan Roy's house at Amherst Street, Calcutta

126. (*Admitted question No. 268.*)

শ্রীশম্ভুচরণ ঘোষ : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজা রামমোহন রায়ের কলিকাতাস্থিত আমহার্স্ট স্ট্রীটের বাড়িটিকে রামমোহনের স্মৃতি সংগ্রহশালায় রূপান্তরিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) এই বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন কি?

The Minister for Education:

(ক) বাড়িটির বর্তমান মালিক রাজা রামমোহন রায়ের বংশধর। তাঁহার নিকট হইতে এরূপ কোন প্রস্তাব আসে নাই।

(খ) অতএব না।

Degree Course in Commerce in Government Colleges

127. (Admitted question No. 272.)

শ্রীশম্ভুচরণ ঘোষ : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কয়টি সরকারী কলেজে ডিগ্রী কোর্সে কমার্স পড়াইবার ব্যবস্থা আছে;

(খ) হুগলী মহসীন কলেজে ডিগ্রী কোর্সে কমার্স বিভাগ খুলিবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, তাহা কোন্ বৎসরে কার্যকরী হইবে?

The Minister for Education:

(ক) দুইটি কলেজে আছে, যথা—(১) গোয়েংকা কলেজ অফ কমার্স ও বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন। ইহা একটি পৃথক কমার্স কলেজ; (২) চন্দননগর সরকারী কলেজ। সেখানে ফরাসী শাসনকাল হইতে কমার্স ক্লাস থাকার স্থিতাবস্থা বজায় রাখা হইয়াছে।

(খ) না।

(গ) এই প্রশ্ন উঠে না।

Appointment of coal dealers of Krishnagar, Nadia

128. (Admitted question No. 288.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) the basis of appointment of soft coke dealers for Krishnagar, Nadia, and

(b) the names against respective holding No. of depots of these coal dealers of Krishnagar?

The Minister for Food and Supplies: (a) When an appointment of coal dealer is considered necessary applications are invited through advertisement. In the advertisement the conditions and requirements of such appointment are indicated. The suitable person is selected from amongst the applicants on the basis of spot enquiry having regard to the conditions and requirements of such appointment as stated above.

(b) A list is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 128

List of coal dealers of Krishnagar, Nadia

Serial No., name of coal dealers and holding No. of coal depots and ward No.

1. Shri Provash Ch. Sarkar, 18 Ram Kr. Mitra Lane, Ward-1.
2. Shri Birendra Nath Sarkar, 7 Rajani Mukherjee Road, Ward-1.
3. Shri Umapada Dey and Shefalika Day, 109 Nutan Sakar, Ward-4.
4. Shri Provat Kr. Mazumder, 77 Bamandas Mukherjee Lane, Ward 1.
5. Shri Birendranath Das, 17 Bamandas Mukherjee Lane, Ward-1.
6. Shri Sudhanshu Kr. Biswas, 166 R. N. Tagore Road, Ward-1.
7. Shri Kanailal Sain, 63 Raja Road, Ward-2.
8. Shri Beni Madhab Saha, 15 Nabinpara Golapkhas Lane, Ward-2.
9. Shri Gour Ch. Champati, 17 P. L. Chatterjee Lane, Ward-2.
10. Shri Pramathanath Das, 348 R. N. Tagore Road, Ward-4.
11. Shri Kumud Ranjan Singha, 1 Kantalpota Road, Ward-4.
12. Shri Sudhir Kr. Bhattacherjee, 363 R. N. Tagore Road, Ward-4.
13. Shri Monoranjan Chowdhury, 18 Mahitosh Biswas Street, Ward-1.
14. Shri Paramananda Roy, 303 R. N. Tagore Road, Ward-4.
15. Shri Pata Behari Nayek, 264 R. N. Tagore Road, Ward-2.
16. Shri Santi Pada Mukherjee, 92 Ghurni, Ward-5.
17. Messrs. Pramanik Bros., 10 Ghurni, Ward-5.
18. Messrs. Kalinagar Co-op. Colony Ltd., Kalinagar Colony, Plot-17490, Kh. No. 406, Krishnagar Mauza, Ward-4.
19. Messrs. S. K. Banerjee & Co., 39 Dr. D. N. Roy Road, Gouribazar West, Ward-1.
20. Shri Pramatha Ranjan Chakraborty, 89 Raja Road, Ward-2.
21. Shrimati Ashalata Sarkar, 17A Nagendranagar 3rd Lane, Ward-1.
22. Shri Shyamapada Kundu, 66 Bowbazar, Ward-2.
23. Shrimati Taradasi Sardar, 40 Mohisalpara, Ward-4.
24. Shri Anil Kr. Paul, 109 Bagula Road, Ward-4.
25. Shrimati Nanda Rani Paul, 225 R. N. Tagore Road, Ward-2.
26. Shri Srish Ch. Halsana, 48 Chandsarak, Ward-2.
27. Shri Nirmalendu Mukherjje, 89/1 Raja Road, Ward-2.
28. Messrs. Chowdhury & Co., 41 D. L. Roy Road, Ward-2.
29. Shri Balaram Saha, 114 Bagula Road, Ward-4.
30. Shri Subodh Kanto Mitra, 150A Kalicharan Lahiri Lane, Ward-1.
31. Shrimati Malina Bala Chowdhury, 381 Kusipara, Ward-2.
32. Shri Birinchi Kr. Modak, 33 College Street, Ward-1.
33. Messrs. Durgadas Chatterjee & Sons, 13 Ghurni, Ward-5.
34. Shri Sourendra Nath Khan, 15 Sarat Sanyal Lane, Ward-1.
35. Shrimati Amiya Bala Mitra, 10A Lakshmi Narayan Halder Lane, Ward-1.

Serial No., name of coal dealers and holding No. of coal depots and ward No.

36. Shrimati Bhubaneswari Bakshi, 15 Bamandas Mukherjee Lane, Ward-1.
37. Shri Rabindra Nath Chakraborty, 19 Rakhal Raj Biswas Road, Ward-1.
38. Shri Sisir Kr. Sen, 22J Talpukur Road, Ward-2.
39. Shrimati Bimala Bala Ghosh, 36 Kurshipota Lane, Ward-2.
40. Shri Bimalananda Modak, 31 College Street, Ward-1.
41. Messrs. Krishnagar Town Ward No. 3 Co-op. M. P. Society, 30 Baikuntha Sarak Road, Ward-3.
42. Shri Bata Krishna Saha, 18/3 D. L. Roy Road, Bowbazar, Ward-2.
43. Shri. Amarendra Nath Sarkar, 1 U. C. Mukherjee Lane, Ward-1.
44. Shri Nirmal Kr. Mitra, 8 Dutta Lane, Ward-2.
45. Shri Nirod Baran Hazra, 5 Mohan Ghosh Bye Lane, Ward-1.
46. Shri Ahi Bh. Chowdhury, 56 R. N. Tagore Road, Ward-1.
47. Shrimati Puspa Rani Biswas, Nadiarpara, Plot 3578, Kh. No. 2862, Ward-2.
48. Shrimati Kundu Bala Devi, 5/1 Monmohan Ghosh Bye Lane, Ward-1.
49. Shri Kali Pada Mitra, 22K Talpukur Road, Ward-2.
50. Shri Sudhir Kr. Roy, Saktinagar, Hari Bh. Das Road, Kh. Nos. 5281 and 5175, Plot Nos. 12064 and 12065, Ward-3.
51. Shri Sreecharan Pramanik, 253 R. N. Tagore Road, Ward-2.
52. Messrs. Satkar Samity, Raja Road, Krishnagar, Plot-2111, Ward-2.
53. Shri Dhirendra Nath Roy,
54. Shri Abanindra Nath Moulick, 80 J. N. Chatterjee Lane, Ward-1.
55. Shri Narayan Ch. Chakraborty, 33 Krishnagar College Street, Ward-1.
56. Shrimati Nirupama Biswas, 15 D. N. Roy Road, Ward-1.
57. Shri Atindra Nath Sarkar, 6 Saktinagar Chittaranjan Road, Ward-3.
58. Shri Narayan Ch. Pramanik, 28 Bidhu Baksi Lane, Chakerpara, Ward-4.
59. Shri Gopinath Nandy, 298 Chakerpara, Ward-4.
60. Shri Anil Kr. Saha, 3/1 Baikuntha Sarak, Ward-3.
61. Shri Satish Ch. Talukdar, 21/C Radhanagar, Ward-5.
62. Shri Bijoy Krishna Paul, 21/C Sachin Sen Road, Radhanagar, Ward-5.
63. Shri Amulya Kr. Paul, 1/1A Jugipara Lane, Ward-2.
64. Shri Murari Mohan Nath, 41 Meherullah Road, Kathuriapara, Ward-1.
65. Shri Pratul Ch. Saha, 17 Jugipara Lane, Nutanpally, Bowbazar, Ward-2B.
66. Shri Nil Kantha Singha Roy, 119 High Street, Ward-1.
67. Shri Naresh Narayan Talukdar, 3 Pratapaditya Road, Saktinagar, Ward-3.
68. Shri Tarapada Roy, 17A Nagendranagar 3rd Lane, Ward-1.
69. Shri Ganapati Biswas, 73 Ghurni, Ward-5.
70. Shrimati Hanshi Rani Sinha, 83/1 Raja Road, Ward-2.
71. Shri Nagendranath Chowdhury, 31 Gait Road, Ward-1.
72. Shri Monoranjan Ghosh, 16/A Palki Road, Bagadanga, Ward-2.

Serial No., name of coal dealers and holding No. of coal depots and ward No.

73. Messrs. Suktinagar Co-op. M. P. Society, Suktinagar, Plot-12095, Kh. No. 5274, Ward-3.
74. Shri Nagendra Nath Sarkar, Saktinagar, Plot 150, Ward-3.
75. Shrimati Kamala Rani Biswas, Chasapara Road, Plot 1073, Kh. No. 82, Ward-1.
76. Shri Haripada Das, 338 R. N. Tagore Road, Ward-4.
77. Shri Amalendu Chakraborty, 32 1 Meherpur Road, Ward-5.
78. Shri Biraj Behari Bhowmik, Palli Sree Colony, Plot No. 486, Kh. No. 1/25, Ward-2.
79. Shri Birendra Mohan Chakravorty, Ghurni Adityapara, Plot 192, Kh. 2958, Ward-5.
80. Shri Arun Kr. Sarkar, 13 Peadapara Lane, Ward-5.
81. Shri Sailen Kr. Banerjee, 13 Sasthitala, Ward-1.
82. Shri Gobinda Ch. Ghosh, 125 Bagadanga, Plot 233, Kh. 2987, J. L. No. 92, Ward-2.
83. Shri Nripendra Nath Sarkar, 7 Rajani Mukherjee Road, Ward-1.
84. Shri Samar Chakraborty, 367 R. N. Tagore Road, Ward-4.
85. Shrimati Rekha Rani Sarkar, 1 Ripara and Malopara More, Ward-2.
86. Shri Hari Gopal Sarkar, 76/1 Bowbazar, Ward-2.
87. Shri Nirendra Nath Bhowmik, 14 Raj Biswambhar Roy Road, Ward-1.
88. Shri Kulaja Ranjan Nag, 49 Nadiarpara, Ward-2.
89. Shri Sudhir Kr. Ganguly, 15 New Road, Ward-2.
90. Shri Prafulla Kr. Banerjee, 10 Rakhal Biswas Road, Ward-1.
91. Shri Umesh Ch. Mazumder, 29 Natar Paul's Hata, Patrabazar, Ward-1 (Plot-25689).
92. Shri Shyamsundar Chakraborty, 14 P. K. Bhattacherjee Road, Ward-2.
93. Shrimati Labanya Latika Biswas, 18 Mohitosh Biswas Street, Kathuriapara, Ward-1.
94. Shrimati Banadebi Paul, 57 Haldarpara, Ghurni, Ward-5.
95. Shrimati Radha Rani Ghosh, 32 Ghurni, Ward-5.

Flood-affected areas of Midnapore district

129. (Admitted question No. 298.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য : সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি বন্যাপ্লাবিত এলাকা রহিয়াছে এবং এ সমস্ত এলাকা কোথায় ও ইহাদের প্রত্যেকটির পরিমাণ কত;

(খ) ১৯৫৯-৬০, ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, সালে এ সমস্ত এলাকায় ফসল-হানির পরিমাণ কত;

(গ) এ সমস্ত এলাকা বন্যা হইতে রক্ষা করার কী কী ব্যবস্থা করা হইয়াছে এবং উহা কতদিনে কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়;

(ঘ) এগরা থানার 'দুব্দা' বেসিন ও পটাশপুর থানায় 'বরজোলা' জল নিষ্কাশন পরিকল্পনা করা হইয়াছে কিনা; এবং

(ঙ) পরিকল্পনা করা হইয়া থাকিলে এগুলি কার্যকরী করা কতদিনে হইবে এবং এই বাবত খরচের জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর জেলায় নিম্নলিখিত অঞ্চলগুলির কিয়দংশ প্রায়ই বন্যাপ্লাবিত হয়। থানা অনুসারে তাহাদের নাম এবং বন্যাপ্লাবিত অঞ্চলের আনুমানিক পরিমাণ নিচে দেওয়া হইল :

থানা এবং বন্যাপ্লাবিত অঞ্চলের আনুমানিক এলাকা

বর্গমাইল

(১) পাঁশকুড়া—৬
(২) ময়না—৩০
(৩) পিংলা—৩
(৪) সবং—৩০
(৫) নারায়ণগড়—৪
(৬) ভগবানপুর—১০
(৭) পটাশপুর—৫১
(৮) এগরা—৫২
(৯) কাঁথি—২০
(১০) রামনগর—৩
(১১) কেশপুর—৬
(১২) ঘাটাল ও দাসপুর—৩৪
(১৩) ডেবরা—৬

(খ) সেচ দপ্তরে এইরূপ তথ্য রাখা হয় না।

(গ) এই সমস্ত এলাকা বন্যা হইতে রক্ষা করার জন্য কতকগুলি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। তন্মধ্যে কন্টাই বেসিন স্কীম বিশেষ উল্লেখযোগ্য। আরও কতকগুলি পরিকল্পনা প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জরীপকার্য ও জলবিষয়ক পরিমাণ পর্যবেক্ষণকার্য চলিতেছে এবং "মডেল" পরীক্ষা করার ব্যবস্থা হইতেছে। পরিকল্পনাগুলি প্রস্তুত হইলে কার্যকরী করার ব্যবস্থাসমূহ সম্বন্ধে বিবেচনা করা হইবে। তদুপরি বন্যাপ্লাবিত এলাকাসমূহের বাঁধগুলি যথাযথ মেরামত করার জন্য ব্যবস্থা অবলম্বিত হইয়াছে ও হইতেছে।

(ঘ) দুবদা বেসিনের পরিকল্পনা প্রস্তুতের জন্য প্রয়োজনীয় জরীপ ও অনুসন্ধানকার্য চলিতেছে। বরচৌকা (বরজলা নহে) বেসিনের পরিকল্পনা বর্তমানে পরীক্ষাধীন আছে।

(ঙ) কবে কার্যকরী করা যাইবে বর্তমানে বলা সম্ভব নহে। তৃতীয় যোজনায় উক্ত পরিকল্পনা দুইটির জন্য কোন বরাদ্দ নাই।

Anti-social activities in the district of Nadia

130. (Admitted question No. 315.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if the Government is aware that some anti-social elements have been indulging in organised acts of cattle trespass into the crop-laden fields in the unions, viz., Noapara, Dhubulia, Bhaederkhola under police-station Kotwali-Krishnagar, in the district of Nadia for the last few years;

(b) if so, what steps have been taken against these anti-social elements for extensive damage caused to the standing crops in the various villages under the aforesaid unions mentioned in (a); and

(c) how many cases either under Cattle Trespass Act or under section 107 of the Code of Criminal Procedure have been started during the last three years in Noapara, Dhubulia, Bhaederkhola under police-station Kotwali ?

The Minister for Home (Police): (a) and (b) Nadia district being mainly a jute growing district there is acute scarcity of cattle fodder. Moreover, there is practically no pasture land in the area for grazing cattle. This leads to unauthorised grazing by some goalas but there is no organised anti-social activities of designing persons as alleged. Only a very small percentage of these acts of cattle trespass is reported to police.

(c) A statement is enclosed.

Statement referred to in reply clause (c) of unstarred question No. 130

Year.	No. of cases started under C. T. Act.	No. of cases started under section 107, Cr. P.C.
1961	8	3
1962	55	42
1963 (up to 30-6-63.)	11	14

Number of dacoities in West Bengal

131. (Admitted question No. 317.)

শ্রীকাশীকান্ত মৈত্র : স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গত ১৯৬০, ১৯৬১ ও ১৯৬২ সালে মোট ডাকাতির সংখ্যা কত এবং ১৯৬৩ সালে জুন মাস পর্যন্ত সংখ্যাই বা কত ছিল ;

(খ) এর মধ্যে কতগুলি ক্ষেত্রে আসামীরা ধৃত হয় এবং কতগুলি ক্ষেত্রে পুলিস ফাইন্যাল রিপোর্ট দিয়েছে ; এবং

(গ) কলিকাতা ও বৃহত্তর কলিকাতায় গত তিন বছরে ডাকাতির সংখ্যা কত ছিল ?

The Minister for Home (Police):

(ক) ও (খ) এ সম্পর্কে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) ৩।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 131

	ডাকাতির সংখ্যা (কলিকাতা বাদে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায়)	আসামীরা ধৃত হয় এইরূপ ক্ষেত্রের সংখ্যা	ফাইন্যাল রিপোর্ট দেওয়া হইয়াছে এরূপ ক্ষেত্রের সংখ্যা
১৯৬০	৫২৮	১৭৪	২৫২
১৯৬১	৫০৬	২২৪	২৮০
১৯৬২	৭১০	১৯০	৩২৮
১৯৬৩ (৩০এ জুন পর্যন্ত)	৪২৯	*	*

*প্রয়োজনীয় পরিসংখ্যা এখন দেওয়া সম্ভব নয়, কারণ সংকলন এখনও সম্পূর্ণ হয় নাই।

Establishment of a Subdivisional Hospital at Ranaghat, Nadia

132. (Admitted question No 318.)

শ্রীকাশীকান্ত মৈত্র : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাটের (নদিয়া জেলা) সদর হাসপাতাল নির্মাণের জন্য সরকারী সিদ্ধান্ত কোন্ বৎসর গৃহীত হয় এবং মোট কত টাকা বরাদ্দ করা হয়;

(খ) আজ পর্যন্ত এই হাসপাতাল নির্মাণ না হবার কারণ কি; এবং

(গ) কবে এই হাসপাতালটি নির্মিত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Health:

(ক) রাণাঘাটে নতুন মহকুমা হাসপাতাল নির্মাণের সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নাই। কাজেই, টাকা বরাদ্দের কথা উঠে না।

(খ) উপযুক্ত জমি পাওয়া যায় নাই বলিয়া।

(গ) সঠিক বলা সম্ভব নহে।

Shifting of an electricity generator from Contai to Digha

133. (Admitted question No. 326.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দীঘায় সাম্প্রতিক অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকের পূর্বে বিদ্যুৎ সরবরাহের একটি ইঞ্জিন কাঁথি শহরের বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র হইতে দীঘায় লইয়া যাওয়া হইয়াছে; এবং

(খ) এ ইঞ্জিনটি এ যাবৎ কাঁথি শহরে না আনিবার জন্য কাঁথি শহরের বৈদ্যুতিক পাখাগুলি সকাল ১০টায় চালু না হইয়া ১১ৗটা ১২টায় চালু হইতেছে এবং রাত্রিতে ১টা বা ২টার পর আলো আর জ্বলিতেছে না?

The Minister for Commerce and Industries:

(ক) সত্য নয়।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Tufangunj Sadar Hospital, Cooch Behar

134. (Admitted question No. 332.)

শ্রীজীবনকৃষ্ণ দে : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ সদর হাসপাতালে মোট বেড সংখ্যা কত (মেটারনিটি সহ);

(খ) (১) উক্ত হাসপাতালে আউটডোরে ১৯৬২ সালে দৈনিক রোগীর গড় সংখ্যা কত;

(২) মোট চিকিৎসক কত;

(৩) লেডি ডাক্তার আছেন কি:

(৪) রক্ত, মল ও মূত্র পরীক্ষার মত অত্যাবশ্যকীয় ব্যবস্থাসমূহ আছে কিনা;

(গ) ১৯৬২ সালে সরকার প্রচারিত পুস্তকে চেস্ট ক্লিনিক আউট সাইড ক্যালকাটা অধ্যায়ে তুফানগঞ্জে যে একটি চেস্ট ক্লিনিক-এর উল্লেখ করা আছে তাহাতে গত তিন বছরে কত জন রোগীর চিকিৎসা করা হইয়াছে; এবং

(ঘ) উদ্বাস্তু ও তফসিলী জনতা-অধ্যুষিত জোড়াই অঞ্চলে ১০ মাইলের মধ্যে কোন দাতব্য চিকিৎসালয় আছে কি এবং এতদঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি?

The Minister of State for Health:

(ক) ২০টি।

(খ) (১) ১২৫।

(২) দুইজন।

(৩) না।

(৪) আছে।

(গ) ১০৩ জন।

(ঘ) দাতব্য চিকিৎসালয় নাই। তবে একটি ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র জোড়াই অঞ্চলের রামপুরে কাজ করিতেছে। রামপুর মৌজায় উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগ হইতে ২·২২ একর জমি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য পাওয়া গিয়াছে এবং তথায় উহা স্থাপনের পরিকল্পনা আছে।

Relief to the families of those killed or injured due to police firing in Cooch Behar

135. (Admitted question No. 337.)

শ্রীজীবনকৃষ্ণ দে: স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫১ সালের ২১শে এপ্রিল কুচবিহারের খাদ্য আন্দোলনের উপর গুলি চালনায় আহত এবং নিহত ব্যক্তিদের পরিবারের চিকিৎসা কিংবা গ্রাসাচ্ছাদন বাবত সরকার কোন টাকা খরচ করিয়াছেন কিনা; এবং

(খ) টাকা খরচ করিয়া থাকিলে কোন্ কোন্ ব্যক্তি এবং পরিবারের জন্য কত?

The Minister for Home (Police):

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Point of privilege

Shri Sudhir Chandra Das:

অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ,স্যার, আমার এ্যাডমিটেড কোয়েশ্চেন নাম্বার ৩২৪ এর উত্তর দেবেন বলে বুলেটিনে প্রকাশ করেছেন, কিন্তু সেটার উত্তর পাইনি। আর একটা স্টারড্ কোয়েশ্চেন-এর উত্তর দেবার কথা ছিল সেটাও দেননি। মাঝখানে ১৭ তারিখে আচার্য বিনোবা ভাবে সম্পর্কে প্রশ্ন উঠেছিল সেটার ২৩ তারিখে উত্তর দেবেন বলে বুলেটিনে প্রকাশিত হয়েছিল। ২৩ তারিখ পেরিয়ে গেল সেটার উত্তর পাইনি।

Extension of time for reply to questions

Mr. Speaker:

যদি পারেন তাহলে এ সম্বন্ধে ফারদার ইনফরমেশন দিয়ে দেবেন।
I won't allow any supplementaries.

The Hon'ble Sankardas Banerjee:

আমি বলেছিলাম আমাকে একটু সময় দিতে হবে। বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে খরচ হয়েছে। ফারদার ইনফরমেশন দেবার জন্য আমাকে এক সপ্তাহ সময় দেবেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of the *Public Works* Department will make a statement on the reported cracks in pillars constructed for the new bridge over the Rupnarayan near Kolaghat.

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, there will be altogether 15 wells in the main bridge portion. As per terms and conditions of the contract, the contractors Messrs. Gammon India Ltd. are responsible for furnishing the detailed designs of the wells, etc. before taking up the work, to be checked in the State Government's office and approved by the Consulting Engineer (Road Development) of the Government of India. Accordingly, the sinking of four wells was taken up by the contractors as per design submitted by them and approved by the consulting Engineer. This was taken up as an experimental measure to study the site conditions and the behaviour of the wells, as the wells were proposed to be very deep —more than 100 feet.

One of these four wells, after it had gone down by about 60 feet developed some cracks. Similar cracks were observed subsequently on another well. These are now being studied in detail. The other two wells have not, however, developed such cracks so far.

Temporary remedial measures are being taken by the contractors as per terms and conditions of contract with the approval of the Department. Final remedial measures will, however, be considered on the behaviour of the wells after the completion of the sinking up to the designed depth.

It is not possible at this stage to fix up the responsibility for the development of the cracks as various factors are involved. This can be done only after final sinking of the particular wells is completed.

In the meantime, the Government of India, having received information of similar troubles from elsewhere, convened a bridge experts' meeting through the agency of the Indian Roads Congress at New Delhi to investigate the causes of such cracks in deep well steining and to suggest remedial measures. The matter is receiving their attention.

As there are many other works to be done in connection with the Rupnarayan Bridge, this particular difficulty in one place will not affect the overall progress of the whole project. The other works are going on; particularly the 840 ft. long viaduct on the Kolaghat side is progressing without hindrance. It is not, therefore, correct to assume that there has been any "serious set-back" in the construction of the bridge.

The piers and abutments of the bridge are founded on single circular wells 32'-9" diameter. The bridge is 3315 feet long including the viaduct which is the longest bridge constructed or under construction in West Bengal.

Mr. Speaker: I have received four calling attention notices: one from Tarun Kumar Sen Gupta and Dr. Narayan Chandra Ray regarding unemployment due to the decision of the West Bengal Government to abolish the Deep Sea Fishing scheme; second, from Shri Ananda Gopal Mukhopadhya regarding press comments on the administration of the Durgapur Projects Ltd., third, from Shri Sanat Kumar Raha regarding installation of high power transmitter at Calcutta for the Voice of America; and fourth, from Shri Sudhir Chandra Das regarding increase of rickshaw tax in Kanthi municipal area.

I have selected the notice of Shri Ananda Gopal Mukhopadhya on the subject of the press comments on the administration of the Durgapur Projects Ltd. The Hon'ble Minister-in-charge may make the statement today or give a date on which the statement will be made.

The Hon'ble Jagannath Kolay: The Hon'ble Chief Minister will make a statement on Tuesday next.

MOTION FOR EXTENSION OF TIME FOR PRESENTATION OF REPORT OF COMMITTEE ON PUBLIC ACCOUNTS

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the time for presentation of the Report of the Committee on Public Accounts on the Appropriation Accounts and the Finance Accounts of the State for 1960-61 and the Audit Report thereon be extended till the 30th November, 1963.

Mr. Speaker: I take it that it is passed by the House.

(Agreed to.)

Publication of Profumo-Keeler case in Newspapers

Shri Sambhu Charan Ghosh:
স্যার, আমি আপনার কাছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখতে চাই। আজকের এবং কালকের আনন্দবাজার এবং যুগান্তর প্রভৃতি পত্রিকায় প্রফিউমো-কিলার সংবাদ অতি ন্যক্কারজনকভাবে পরিবেশন করা হয়েছে, যার ফলে আমাদের দেশের ছাত্রছাত্রীদের মনে একটা দারুণ খারাপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। এটা বন্ধ করার জন্য সরকার কোন ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা?

Mr. Speaker: All right, attention has been drawn to the matter.

The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963

The Hon'ble Syamadas Bhattacharyya: I beg to introduce the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা ৩টা প্রকরণ দিয়ে একটা অধ্যাদেশ জারী হয়েছিল, আমি সে সম্পর্কে এখন বলছি। এই অধ্যাদেশের বিধানসভায় বর্তমান বিলটাতে বিধিবদ্ধ হয়েছে ১৪ ধারায় ১ উপধারার মতে ক্ষতিপূরণ নির্ধারণ তালিকা জমিদারী গ্রহণের ৮ বছরের মধ্যে প্রস্তুত করবার কথা। এপ্রিল মাসের ১৪ই তারিখে এই কালসীমা শেষ হয়, তালিকা প্রস্তুতের কাজ এখনও শেষ না হওয়ায় এবং কাজ যাতে বন্ধ না হয় সেজন্য সেদিকে দৃষ্টি রেখে অধ্যাদেশ জারী করা হয়েছিল এবং ৪৪(২)(ক) এবং ৪৫ ধারার সময়ও বাড়ান হয়েছিল।

[1-10—1-20 p.m.]

Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963, be taken into consideration.

অধ্যক্ষ মহাশয়, এই বিলটি আলোচনার জন্য উত্থাপিত করে আমি দু-চার কথা বলতে চাই। আমি প্রথমে বলেছি যে এই অধ্যাদেশটি জারী করা কি কারণে হয়েছিল। তার প্রথম এবং প্রধান কারণ এই যে ক্ষতিপূরণের তালিকা প্রকাশ করবার

যে সময় বা তারিখ ছিল সেই সময় বা তারিখের মধ্যে ক্ষতিপূরণের তালিকা প্রকাশ করা সম
হয় নি। সেজন্য আমি আরও ২ বৎসর সময় চাই। অধ্যাদেশের ভেতরে সে কথা ব
হয়েছিল। এ প্রসঙ্গে আমি বলতে চাই যে আমাদের মোট মধ্যস্বত্বাধিকারীর সংখ্যা প্রায় ২
লক্ষ দাঁড়াবে। তার মধ্যে এমন মধ্যস্বত্বাধিকারী আছে যাদের বিভিন্ন মৌজায়, বিভিন্ন থান
বিভিন্ন জেলায় সম্পত্তি ছিল। তাদের বেলাতে ক্ষতিপূরণের তালিকা কনসোলিডেট ক
একটি মাত্র তালিকা প্রস্তুত করা হবে। সেই কারণে দেখা যাচ্ছে যে ২০ লক্ষ মধ্যস্বত্বাধিকার
ক্ষতিপূরণের তালিকা প্রস্তুত করতে হবে। জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত আমাদের কাছে
হিসাবে আছে তাতে ১৪ লক্ষ ৩১ হাজার ৬৯২ জনের ক্ষতিপূরণের তালিকার খসড়া প্রস্
করে প্রকাশ করা হয়েছে, এবং দেখতে পাচ্ছি যে ঐ পর্যন্ত ১৩ লক্ষ ৮৪ হাজার ২১৫ জ
ক্ষতিপূরণের তালিকা চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে। ৩১এ মে পর্যন্ত ১ লক্ষ ৮০ হাজ
মধ্যস্বত্বাধিকারীকে অন্তবর্তী ক্ষতিপূরণ বা বিশেষ ক্ষতিপূরণ বাবদ ১৪ কোটি ২৯ ল
টাকা দিতে সক্ষম হয়েছি, সম্প্রতি এই স্থির করেছি যে যাতে মধ্যস্বত্বাধিকারী তার বাড়ীর কা
বসে ক্ষতিপূরণ পেতে পারে, হয়রাণ যাতে না হয়। সেই উদ্দেশ্যে আমি ব্যবস্থা করেছি
বিভিন্ন সেটেলমেণ্ট ক্যাম্পে, এবং সন্নিহিত বিভিন্ন জায়গায়—অধিকারিকরা গিয়ে সেখানব
মধ্যস্বত্বাধিকারীকে ডেকে ডেকে ক্ষতিপূরণ দেবে। এ কাজ তিন মাস হোল আরম্ভ করো
এই কাজের ফলে তিন মাসের মধ্যে ৭৪ হাজার ২০৮ জনকে আমরা ক্ষতিপূরণ দিয়েছি যা
আমরা বলতে পারি স্থানীয় ক্ষতিপূরণ বা লোক্যাল পেমেণ্ট। এই লোক্যাল পেমেণ্ট-
উর্ধ্বসীমা আমরা স্থির করেছিলাম ২৫০ টাকা। ইহা দু তিনটি জেলায় আরম্ভ করেছিল
পরীক্ষামূলকভাবে—বর্তমানে সমস্ত জেলাতে লোক্যাল পেমেণ্ট আরম্ভ হয়ে গিয়েছে এ
আমরা সম্প্রতি স্থির করেছি ২৫০্ টাকার চেয়ে বেশী যার পাওনা—১ হাজার টাকা পর্য
তাদেরও দেওয়া হবে। ভবিষ্যতে এই সীমারেখা আরও বাড়াতে পারি। অধ্যক্ষ মহাশ
বিলের একটি প্রকরণ সম্বন্ধে আমি দুচার কথা বলবো। অকৃষি প্রজা যাঁরা জমির খাজ
দ্রব্য দিতেন তাঁদের খাজনা কমিউট করবার কোন বিধান আইনে ছিল না কিন্তু মাননীয় অধ
মহাশয়, সরকারের পক্ষে দ্রব্যে খাজনা নেওয়া সম্ভব নয়। এই জন্য আমরা রেভিনিউ অ
সারকে ক্ষমতা দিচ্ছি যাতে দ্রব্যে খাজনা নেওয়া কমিউট করা যেতে পারে। এমন অনেক ট্র
আছে তাদের পরিচালনার জন্য জমিদার সম্প্রদায় কিছু অংশ দিয়েছিল এবং সেই অংশ যাকে ব
এ্যাবসলিউটলি রিলিজিয়াস, এ্যাবসলিউটলি চ্যারিটেবল পারপাসের জন্য।

এপ্রকার ট্রাষ্টকে আমরা বলতে পারি মিক্সট ট্রাষ্ট, জমিদারী গ্রহণ আইনে যে বিধানগুলি অ
তার মধ্যে এই রকম ট্রাষ্টকে এ্যানুইটি দেওয়া সম্ভব নয়। এইজন্য অনেক জায়গাতে আ
দেখতে পেয়েছি এই মিক্সট ট্রাষ্টের বেলাতে অসুবিধা হয়েছে। অনেকগুলি জায়গাতে সেখ
সত্যি সত্যিই আয়ের কিছু অংশ এ্যাবসলুটলি রেলিজিয়াস, এ্যাবসলুটলি চ্যারিটে
পার্পাসে আলাদা করে রাখা হয়েছিল সেখানে এই এ্যানুয়িটি না দিলে ট্রাষ্টগুলির ক্ষতি হ
এবং অনেকগুলি ভাল কাজ বন্ধ হয়ে যাবে। সেইজন্য এই সংশোধন করতে চেয়েছি। ব
একটা কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৩ ধারার ১ উপধারা মতে জমিদারী গ্রহণের তারিখ থে
ক্ষতি পূরণের টাকা দেওয়ার সময় পর্যন্ত বা ডেট অব অফার অব পেমেণ্ট পর্যন্ত সুদ দি
হবে এই বিধান আছে। কিন্তু এতে দেখা যায় কার্যক্ষেত্রে, যে মধ্যস্বত্বাধিকারীকে অনেক স
নোটিশ দেওয়া সত্বেও তিনি হাজির হননি। তার ফলে অযথা সরকারকে সুদের ভার ব
করতে হয়। এর ফলে অযথা সুদ দেবার হাত থেকে যাতে সরকার অব্যাহতি পেতে পা
সেইজন্য আমরা এই এ্যামেণ্ডমেণ্ট বিলে এই প্রস্তাব করেছি যে জমিদারী গ্রহণের তারিখ থে
ক্ষতি পূরণের তালিকা চূড়ান্তভাবে প্রকাশের তারিখ পর্যন্ত সুদ দেওয়া হবে। আর এ
কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ খুব সহজভাবেই দেওয়া হয়ে
আমি একটু আগে বলেছি প্রায় ১৩।১৪ কোটি টাকা অন্তবর্তীকালীন ক্ষতিপূরণ বাবদ দে
হয়েছে। কিন্তু বর্তমান যে আইন আমাদের আছে তার বিধান মেনে চলতে গেলে চূড়ান্তভ
ক্ষতিপূরণ দেবার সময় এই টাকার উপরেও সুদ দিতে হবে। এটা অবশ্যই মাননীয় সদস
স্বীকার করবেন যে ইহা ন্যায়সংগত বিধান হয়নি। যিনি অন্তর্বর্তীকালীন ক্ষতিপূর

টাকা পেয়েছেন তিনি সেই পরিমাণ টাকার উপর সুদ দাবী করতে পারবেন না এইরূপ একটি বিধান এখানে করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কটি কথা বলে এই ছোট বিধেয়কটি মাননীয় সদস্যগণের সামনে বিবেচনার জন্য উত্থাপন করছি।

Arrest of Member

Mr. Speaker: Honourable Members, communication has been received that Shri Sunil Basunia, a Member of this House, has been arrested on the 23rd instant under section 143/188, I.P.C. and has been lodged in the Presidency Jail, Calcutta.

The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963

Mr. Speaker: There are circulation motions from Dr. Kanai Lal Bhattacharya, Shri Apurba Lal Majumdar, Shri Bhakti Bhusan Mandal and Shri Abhoy Pada Saha, which are in order.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1963.

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1963.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1963.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় এই বিলটা মুভ করার সময় আমাদের কাছে বললেন যে, তিনি এই একটা ছোট বিল আমাদের সামনে মুভ করছেন এবং এটা গ্রহণ করার জন্য অনুরোধ করলেন। এই বিলটা দু'একটা পাতার বটে কিন্তু ওয়েষ্ট বেঙ্গল ল্যান্ড এ্যাকুইজিশন এ্যাক্ট যা আছে তার গুটি কয়েক ধারা সংশোধন করে ... এটা আনা হয়েছে। এই বিলের অবশ্য দু'একটা মেজার আমরা সমর্থন করতে পারি কিন্তু বেশীর ভাগ যে মেজার রয়ে গেল তা মোটেই সমর্থনযোগ্য নয়। মন্ত্রিমহাশয় এই বিলটা মুভ করার সময় যে যুক্তি প্রদর্শন করলেন সেই যুক্তিগুলি খুব মনঃপুত হলনা।

[1-20—1-30 p.m.]

স্যার, এ বিলটা থেকে সরকারের চরিত্র ভালভাবে বোঝা যায়। সরকারের কাজে দুটো দিক আমরা এই বিলটার মাধ্যমে দেখতে পাচ্ছি, একটা হচ্ছে বড় বড় জমিদারদের এবং জোতদারদের আইনগত কিছু অসুবিধা হলেই সংগে সংগে মন্ত্রিমন্ডলী প্রমটলি সুযোগ সুবিধা করে দেন। এটি একটি দিক। আর দ্বিতীয় দিক হচ্ছে সরকারী প্রশাসনিক যন্ত্র যতটা তৎপরতা এই বিলটীর মাধ্যমে দেখা যাচ্ছে যার জন্যে ৮ বছর বাদে মূল আইনে যা ছিল যে ৮ বছরের মধ্যে কমপেনসেশান রোল তৈরী করতে হবে, কিন্তু ৮ বছরের মধ্যে কমপেনসেশান রোল তৈরী করতে পারলেন না। মাননীয় মন্ত্রিমহাশয়ের হিসাব অনুযায়ী মাত্র শতকরা ৬৬ ভাগ তৈরী হয়েছে। কারণ ২০ লক্ষ ইনটারমিডিয়ারি আছে সেই জায়গায় মাত্র ১৩ লক্ষ মতন কমপেনসেশান রোল তৈরী করেছেন। এপ্রিল মাসে যখন শেষ হয়ে যায় তখন তাঁরা ১৫ লক্ষ তৈরী করেছেন অর্থাৎ প্রায় শতকরা ৭০ ভাগের মতন। আমার বক্তব্য হচ্ছে যে এপ্রিল মাসে যখন এই বিলটার এই আইনটার মেয়াদ শেষ হয়ে যাচ্ছে আইনে যে কথা বলা হয়েছে যে ৮ বছরের মধ্যে কমপেনসেশান রোল তৈরী করতে হবে সেই সময় ওদের টনক নড়ে এবং সেই সময় একটা অরডিন্যান্স করেন তার আগে আপনারা বুঝতে পারেন নি কেন, যখন এ্যাসেম্বলি চলছিল তখন একটা বিল আনেন নি কেন—সেজন্য আমি সরকারের মনোভাবের নিন্দা করি। আমি বলি তাদের প্রশাসনিক যন্ত্র এতই এ্যাফিসিয়েন্ট যে এই ষ্টিপুলেটেড টাইমের মধ্যে তাদের সময় বাড়িয়ে নেওয়া উচিত সেটাও তারা বুঝে উঠতে পারলেন না। সে খেয়ালও তাদের নেই। এতই

তৎপর তাদের প্রশাসনিক যন্ত্র যার জন্য একটা অরডিন্যান্স করে তাদের ৩ বছর সময় বাড়িয়ে নিতে হল। এবং তারপরে আজ আমাদের এ্যাসেম্বলির সামনে এসেছে। আমি মনে করি সরকারের এই বিষয়ে যথেষ্ট সতর্ক করে দেওয়া উচিৎ এবং সরকারী দপ্তরের এই ধরণের কর্ম-তৎপরতা অত্যন্ত নিন্দনীয়। আমার দ্বিতীয় বক্তব্য এই যে সরকার এই বিলের মাধ্যমে বড় বড় জমিদারদের কিছু পাইয়ে দেবার চেষ্টা করছেন। এটা মোটেই সমর্থন যোগ্য নয়। অবশ্য মাননীয় মন্ত্রিমহাশয় এই সম্বন্ধে আমাদের কোন কিছু বলেন নি। স্যার, এটাতে আছে এম্‌ব্যাংকমেণ্ট যে সমস্ত জমিদারদের ছিল সে সমস্ত এম্‌ব্যাংকমেণ্ট সরকারে ভেষ্ট করেছে তাদের জন্য আগের আইনে কম্‌পেনসেশানের কোন ব্যবস্থা ছিল না। কিন্তু এই আইনে তাদের কম্‌পেনসেশান দেওয়া হবে। কম্‌পেনসেশান এ্যামাউণ্ট কত হবে তা মাননীয় মন্ত্রি মহাশয় কিছু বলেন নি। ফাইন্যান্সিয়াল মেমোরেণ্ডাম-এর মধ্যে তিনি যা বলেছেন তাতে কোন হিসাব নাই। কত বাঁধ জমিদারদের আছে কত বাঁধ ভেষ্ট করবে সে সম্বন্ধে কোন হিসাব নাই। কাজেই কত টাকা দিতে হবে সেটা তারা বলতে পারেন না। এর আগে আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রি মহাশয় আমাদের বলেছিলেন যে ২০ কোটি টাকার মত কম্‌পেনসেশান দিতে হবে—যদিও জমিদারদের কম্‌পেনসেশান দেবার বিরোধী আমরা ছিলাম—কিন্তু এখন আমার মনে হয় ৭০।৭৫ কোটী টাকার মতন কম্‌পেনসেশান দিতে হবে হয়ত এর বেশী হতে পারে। কাজেই বাঁধের জন্য কত কম্‌পেনসেশান দেওয়া হবে আমাদের সাধারণ মানুষের কোষাগার থেকে কত টাকা যাবে আবার সেই সব বড় বড় জমিদারদের দেবার জন্য তার কোন হিসাব এই বিলে নাই। এবং মাননীয় মন্ত্রিমহাশয় ও সে তথ্য দিতে পারছেন না। স্যার, এই কথা বলছি এই জন্য যে যে সমস্ত বাঁধ জমিদাররা মেনটেন করতেন তারা নিশ্চয়ই বড় জমিদার ছোটখাট ইনটার-মিডিয়ারী নয়—এবং এই বাঁধগুলি কিভাবে তৈরী হয়েছে তার ইতিহাস মাননীয় মন্ত্রি-মহাশয়ের নিশ্চয়ই জানা আছে এবং আমরাও জানি তবুও আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই এই সমস্ত বাঁধ বেশীর ভাগ ক্ষেত্রে জমিদাররা বেগার দিয়ে তৈরী করিয়েছেন। তার জন্য তাদের এক পয়সাও খরচ করতে হয়নি। এবং মেরামত ও চিরকাল বেগার দিয়ে হয়েছে এবং চাষীদের বলা হয়েছে যে তোমাদের নিজেদের স্বার্থে যখন তখন তোমরা নিজেরা এটা তৈরী করে নাও। কোন কোন চাষী যারা নিজের পয়সা খরচ করে এই বাঁধ তৈরী করেছেন সেই সব ক্ষেত্রে আমরা দেখতে পাই জমিদারী খাজনা ধার্য হয়েছে, যে সমস্ত এলাকায় এই বাঁধ আছে জমিদারী খাজনা সেই সমস্ত এলাকায় বেশী করে ধার্য করা হয়েছে। জমিদারদের ইনকাম সেই সমস্ত এলাকায় বেশী এই দিকে একটু মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি কম্‌পেননসশান দিয়েছেন জমিদারদের আয় অনুযায়ী এবং এই আয়ের মধ্যে জমিদারদের বাঁধ থাকার জন্য সেই সমস্ত এলাকায় খাজনা বেশী হবার জন্য জমিদারদের আয় বেশী হয়েছে কাজেই তাদের বেশী কম্‌পেনসেশান দিতে হবে। মনে করুন যে সমস্ত এলাকায় জমি-দারদের বাঁধ ছিল না তারা চাষীদের কাছ থেকে বেশী খাজনা নেয়নি সুতরাং তাদের ইনকাম ও কম কিন্তু যাদের বাঁধ ছিল এই বাঁধ থাকার জন্য চাষীদের কাছ থেকে বেশী খাজনা নিয়েছে তারা কম্‌পেনসেশানও বেশী পেয়েছে। আবার বাঁধের জন্য কেন আমরা তাদের কম্‌পেন-সেশান দেব। তাহলে দুইবার কম্‌পেনসেশান দেওয়া হচ্ছে না কি? আমার সাধারণ বুদ্ধিতে বলে যখন জমিদারীপ্রথা উচ্ছেদের জন্য এই আইন পাশ করার পর এই আইন অনুযায়ী সরকার কম্‌পেনসেশান রেট একটা ধার্য করেন যে যাদের যে আয় ছিল সেই অনুযায়ী। যে সমস্ত জমিদারদের বাঁধ ছিল তারা প্রজাদের কাছ থেকে বেশী খাজনা নিয়েছে, আবার এই বাঁধের জন্য কেন কম্‌পেনসেশান দেব, সেজন্য আমার মনে হয় ডুয়েল কম্‌পেনসেশান হয়ে যাচ্ছে—এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কম্‌পেনসেশান দেবার আমি তীব্র বিরোধীতা করি। এবং আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে এই বিলটি তিনি প্রত্যাহার করুন। আমার তৃতীয় বক্তব্য হচ্ছে মিক্স ট্রাষ্ট সম্বন্ধে। আমি এটা বুঝতে পারি না হঠাৎ তাদের মাথার মধ্যে এটা গজাল কেন যে সমস্ত রিলিজিয়াস অথবা চেরিটেবুল ট্রাষ্ট আছে তাদের এ্যানুয়িটি দেওয়া হবে যা তাদের বাৎসরিক আয় সেই সমপরি-মাণ অর্থ তাদের দেওয়া হবে। এবং প্রত্যেক বছর দিয়ে যাওয়া হবে।

1-30—1-40 p.m.

স্যার, গতকাল শ্রীবীরেন রায়ের একটা রিট্‌ন্‌ প্রশ্নের জবাবে মিনিস্টার অব ল্যান্ড রেভিনিউ উত্তর দিয়েছেন যে, এই কয়েক বৎসরের মধ্যে ৩ হাজার ৫৮৫টি ক্ষেত্রে ১ কোটি ৪ লক্ষ ২২ হাজার ৫১৯ টাকা এ্যান্‌ইটি দেওয়া হয়েছে। কিন্তু তা সত্বেও এ্যান্‌ইটি দেবার পরিধি তাঁরা আবার বাড়াচ্ছেন—অর্থাৎ যেগ্‌লো মিক্সড ট্রাস্ট আছে, যেগ্‌লো আইনতঃ এ্যান্‌ইটি পায় না তাদের আবার এ্যান্‌য়িটি দেবার বন্দোবস্ত করছেন। ফাইনান্সিয়াল মেমোরেণ্ডাম-এ বলেছেন এতে যদিও বাৎসরিক ৪।৫ লক্ষ টাকা খরচ হবে কিন্তু অ্যাট এ টাইম ৪৫ লক্ষ টাকা বাঁচবে—অর্থাৎ ১১ বছরে আমরা যে এ্যান্‌ইটি দিতাম সেটা বাঁচবে। কিন্তু চিরকালের জন্য সরকারের ঘাড়ে বার্ষিক ৪ লক্ষ টাকার একটা বোঝা চেপে যাচ্ছে এবং এটা বেশীও হতে পারে। স্যার, মিক্সড ট্রাস্ট সম্বন্ধে এ'রা বলছেন যদি কেউ চেরিটেবেল পার্পাসে এবং রিলিজিয়স পার্পাসে ট্রাস্ট করেন এবং তার সাথে তাঁর ছেলে-পেলেদের জন্য বা ফ্যামিলি-র পোষণের জন্য ট্রাস্ট করেন তাহলে সেই ট্রাস্টকে এ্যান্‌য়িটি দেবেন। আমার কথা হচ্ছে এটা কেন দেবেন? আমি মনে করি এটা করা অত্যন্ত অন্যায় এবং এটা করার মানে হচ্ছে কয়েকটি অকর্মণ্য অথবা নিস্কর্মা জমিদার পুত্রকে সরকারী অর্থে পালন করবার প্রচেষ্টা। কাজেই সব দিক দিয়ে একে আমরা বাধা দিচ্ছি এবং কোন মতেই সমর্থন করতে পারছি না। তারপর মন্ত্রিমহাশয়ের কাছে আমার আর একটি প্রশ্ন হচ্ছে তিনি বলেছেন নন-এগ্রিকালচারাল টেনাণ্টরা ইন কাইণ্ড খাজনা দিতে পারবে। তিনি তাঁর বক্তৃতার সময় বলেছেন যে অফিসারকে তাঁরা এই ক্ষমতা দিচ্ছেন যে ইন ক্যাস যদি না দিতে পারে তাহলে ইন কাইণ্ড কমিউট করবার জন্য। আমি আইনজ্ঞ নই, তবে মনে হয় আপনি একথাই বলেছেন যে নন-এগ্রিকালচারাল টেনাণ্টরা যদি ক্যাস-এ খাজনা দিতে না পারে তাহলে কাইণ্ড-এ দিতে পারবে।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য্য: আই হ্যাভ নট সেড দ্যাট। দ্যাট ইজ নট দি পার্পাস অব দি ... কইণ্ডলি রিড দি এ্যাক্ট এ্যাণ্ড দেন ক্রিটিসাইস। আমি ওকথা বলিনি এবং আইনেও সেকথা নেই। আপনি সমালোচনা করছেন আমি বাধা দেবনা তবে একেবারে বাতাসের উপর সমালোচনা করছেন। আপনি বলছেন যারা ক্যাস-এ দিতে পারবেনা তারা দ্রব্যে দিতে পারবে। কিন্তু আসল কথা ঠিক তার উল্টো।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য: আমি সমালোচনা করিনি, আপনি কমিউট কথাটা যা বলেছেন সেটা আমি ভালভাবে বুঝতে পারিনি তাই আপনাকে বলছি যে এই কথাটা আমাকে একটু বুঝিয়ে দিন। আমি এর বিরোধিতা করছিনা, আমি প্রথমেই বলেছি যে এই আইনের কয়েকটি ধারাকে আমি সমর্থন করি এবং কয়েকটির ক্ষেত্রে বিরোধিতা করি।

মিঃ ডেপ্‌টি স্পীকার: বিলকে সমর্থন করলে সার্কুলেসন মোসন দেবার স্কোপ নেই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য: আমি সমস্তটা অপোজ করছিনা। সার্কুলেসন মোসন দিতে গেলে সমস্তটাকেই যে অপোজ করতে হবে তার কোন মানে নেই। যাহোক, আমার মেইন অপজিসন হচ্ছে মিক্সড ট্রাস্ট এবং এমব্যাংকমেণ্ট-এর জন্য কম্‌পেনসেশন দেওয়া এবং এতদিন বাদে বিল এনে পদ্ধতি সম্বন্ধে উনি যেটা করেছেন সেটা এর আগেই এনে অ্যাসেম্বলীতে পাশ করা উচিৎ ছিল। এই কয়েকটি বিষয় রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন হাজরা: মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, এই যে বিল মাননীয় মন্ত্রি মহাশয় আমাদের সামনে উপস্থিত করেছেন, এই বিলটা অত্যন্ত ছোট্ট হলেও এর মধ্যে কতকগ্‌লি মারাত্মক জিনিষ রয়েছে। সেগ্‌লি সমর্থন করতে পারা যায় না। প্রথম কথা হচ্ছে এই যে কম্‌পেনসেশন এসেসমেণ্ট রোল এটা তৈরী করার কথা অন দি বেসিস অফ দি রেকর্ড অফ রাইটস এখন রেকর্ড অব রাইট্‌সের রিভিশনাল সেটলমেণ্ট হচ্ছে, যে সমস্যাটা উঠছে—আজ দু-তিন বছর ধরে শ্‌নছি, জানিনা, এই রেকর্ড অব রাইটস যদি তৈরী করা হয় তারপর কিভাবে এই অ্যাসেসমেণ্ট রোল তৈরী করা হতে পারে। এর আগে বার বার করে আমরা এদিক থেকে বলেছিলাম রেকর্ড অব রাইটস তৈরী করার জন্য একটা বিশেষ ব্যবস্থা করা

হোক্। কিন্তু মুস্কিল হচ্ছে এ জিনিষ করতে দীর্ঘ সময় লাগছে, এত সময় লাগার কারণ বুঝতে পারি না। এর আগে যে সমস্ত সেটলমেণ্ট হয়েছে তাতে মাফ-জোকের ব্যাপার ছিল তাতেও এত দেরী হয়নি, এ ব্যাপারে কেন এত দেরী হচ্ছে? আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রি মহাশয়কে দেখতে পাচ্ছি কয়েক বছর ধরে, তাঁর একটা আন্তরিক প্রচেষ্টা আছে, মন্ত্রিমণ্ডলীর মধ্যে তাঁকে ব্যক্তিগতভাবে আমার খুব ভাল লাগে, তাঁর কথাবার্তা বক্তব্য পরিষ্কার করে বুঝিয়ে দেবার ক্ষমতা আমার অত্যান্ত ভাল লাগে, কিন্তু তাঁর ডিপার্টমেণ্ট কিভাবে চলছে সেটা বোধ হয় ভাল মানুষ বলে মুস্কিল হয়ে যাচ্ছে সেটা জানবার। রেকর্ড অব রাইটস তৈরী হওয়ার দিক থেকে তাঁর ডিপার্টমেণ্টের অক্ষমতা পরিস্ফুট হয়ে উঠেছে। কারণ এই বিভাগে এফিসিয়েণ্ট অফিসার যাঁরা ছিলেন বর্তমানে নেই এটা অস্বীকার করে লাভ নেই। তারপর নীচের স্তরে যে সমস্ত অফিসার আছেন এবং কর্মচারী আছেন তাঁরা কতখানি যোগ্যতার পরিচয় দিতে পারবেন সে সম্বন্ধে সন্দেহ আছে। এটা আমি সর্বত্র দেখেছি যে তিনি কাজ করতে অক্ষম নন কিন্তু তাঁর ডিপার্টমেণ্ট-এর যে নির্দেশ সেইসব নির্দেশ অনুযায়ী কাজ করতে তাঁর মুস্কিল হয়।

[1-40—1-50 p.m.]

এই সব ব্যাপার আছে। এই সবের জন্য দেরি হতে পারে এবং এই দেরি হওয়ার জন্য এ্যাসেসমেণ্ট রোল তৈরি করতে মুস্কিল হচ্ছে এবং ৮ বছর যেখানে তৈরি করার কথা সেখানে আরো ২ বছর টাইম তাঁরা বেশী নিচ্ছেন। এমনি এদিক থেকে আপত্তি নেই, কিন্তু এর সঙ্গে যে সমস্ত জিনিসগুলি রয়েছে সেটা একটা মারাত্মক দিক যার বিরুদ্ধে আমাদের বলতে হবে। মাননীয় সদস্য ডাঃ ভট্টাচার্য একটু আগে এমব্যাংকমেন্টের কথা বলেছেন। সেখানে আমরা কি দেখছি —জমিদাররা এইসব এমব্যাংকমেন্টগুলি তৈরি করেছে ইতিহাস তো একথা বলে না। বৃটিশ গভর্ণমেণ্ট জমিদারদের এই সবগুলি দিয়েছিল এবং দেবার পর বাঁধগুলির রক্ষণা-বেক্ষণের ভারও তাদের উপর ছিল। দেশের উন্নয়নের নামে এখনও যেমন বেগার খাটান হয় তখনও তেমনি বৃটিশ সরকার খাটাবার চেষ্টা করত, বেগার দিয়ে পালা-পার্বণে এইরকমভাবে এইগুলি তৈরী করা হয়েছে। সব থেকে মারাত্মক কথা হচ্ছে এই বাঁধগুলির জন্য অনেক সময় খাজনার নিরীখ বাড়ান হয়েছে। যে বছর ভাল ফসল হল সে বছর খাজনার নিরীখ বৃদ্ধি করা হল। এই নিরীখ বৃদ্ধি করতে করতে এমন একটা জায়গায় এসেছে যেখানে খাজনার হার অত্যান্ত উঁচু হয়ে গেছে এবং সেই উচ্চহারে কমপেনসেসান সম্পর্কে ডাঃ ভট্টাচার্য যেটা বলেছেন সেটা আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। একবার তাদের কমপেনসেসানের কথা ভাবুন, তাদের টোটাল আয়ের উপর যদি একবার হয়ে থাকে তাহলে আবার দ্বিতীয়বার দেবেন তা হবে না। তা ছাড়া কথা হচ্ছে এই যে মারাত্মক সর্বনাশ করা হয়েছে—গত ৮ বছর ধরে কে এই বাঁধগুলি মেরামত করবে সংস্কার করবে সে বৃটিশ রাজত্বে ছিল। মেরামত করা হয়েছে বলে কালেক-টরকে সরকারকে জানান হয়েছে এই নীতি ছিল। বর্তমান ৮।১০ বছর তার কোন মেরামত হয় নি। এই ৮ বছরের ইতিহাসটা গ্রামাঞ্চলে গিয়ে নিন। মেরামত না হওয়ার ফলে ১৯৫৬ সালের বন্যার কথা ভাবুন, ১৯৫৯ সালের বন্যার কথা ভাবুন, প্রতি বছর কোন না কোন অঞ্চলে প্লাবন হয়েছে, কৃষকের প্রচুর ক্ষতি হয়েছে, ফসলের প্রচুর ক্ষতি হয়েছে, আঞ্চলিক ক্ষতি হয়েছে। ৮ বছর পরে যখন চেতনা হল তখন মাননীয় মন্ত্রী মহাশয়কে ১৯৫৩ সালের আলোচনা খুলে দেখতে বলব, তখনও সেইসব কথাগুলি বলা হয়েছিল এবং তখনও এটা উড়িয়ে দেওয়া হয়েছিল এবং যখন আজ এটা সরকারে ভেস্টেড হয়েছে তখন সরকারের উচিৎ এগুলি, মেরামত করা। সেদিক থেকে তাঁরা যদি ব্যবস্থা করেন তাহলে সেই ব্যবস্থাকে নিশ্চয়ই অভিনন্দন জানাব। কিন্তু এর সঙ্গে আলাদা একটা ক্ষতিপূরণ এটা কোন রকমে সমর্থনযোগ্য নয়। এটা করা উচিৎ নয়, কারণ তাতে জনসাধারণের টাকা নষ্ট হবে বলে আমরা মনে করি। এইটাই হচ্ছে মূলকথা এবং আমি আর একটা কথা বলছি যেটা আমি বুঝলাম মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তৃতার মধ্য দিয়ে যে এ্যাডাইণ্টারিম কমপেনসেসান যাদের দেওয়া হয়েছে তাদের আর ইণ্টারেষ্ট দেওয়া হবে না। পরবর্তীকালে যাদের দেওয়া হবে তাদের ইন্টারেস্ট দেওয়া হবে। পরবর্তীকালে। ইণ্টারেস্ট দেওয়া প্রসঙ্গে তিনি যে কথা বলেছেন যে অযথা মধ্যস্বত্বাধিকারীদের টাইম দিয়ে দিয়েও তারা আসেন না সে কথা তিনি সত্য বলেন নি। তাঁর কাছে যে খবর এসে পৌঁচেছে

তিনি সেই খবরের উপর ভিত্তি করে বলেছেন। এই খবরটা একেবারে অসত্য। বরং মধ্যস্বত্বাধিকারীদের ধর্ণা দিয়ে দিয়ে জুতোর সুকতলা ক্ষয়ে গেছে এটাই হচ্ছে ঘটনা। আমার শেষ কথা হচ্ছে এর মধ্যে এখনও যেসব ছোট ছোট মধ্যস্বত্বাধিকারী আছে তাদের পেমেন্ট দ্রুততর হওয়া উচিৎ এবং মাননীয় মন্ত্রিমহাশয় যখন সেদিক থেকে চেষ্টা করছেন তখন নিশ্চয়ই সেটা সমর্থনযোগ্য। এই বিলের মধ্যে খারাপ আছে ভালও আছে—না গ্রহণ না বর্জন অবস্থায় আসতে হয়। তবে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব আপনি এস্টেট্স এ্যাকুইজিসান বিলটাকে আর একবার পরিপূর্ণভাবে সম্পূর্ণীকৃতভাবে এই বিধান সভায় আনুন, আলোচনার সুযোগ হোক এবং একটা সুব্যবস্থা হোক এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় আজকে যে বিল আমাদের সামনে উপস্থাপিত করেছেন আমি তা সমর্থন করতে পারছি না—এই কারণে যে আমরা দলগতভাবে মূল যে বিল সেই মূল বিলের বিরোধিতা করে এসেছিলাম। শুধু আমরা নই, মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আপনিও জানেন যে মূল বিলে ক্ষতিপূরণ দেবার যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থা স্বাধীনোত্তর যুগে কংগ্রেসও সমর্থন করে নি। আজকে এই বিলে আমাদের আপত্তির প্রশ্ন হচ্ছে যেটা এর আগে ডাঃ ভট্টাচার্য বলেছেন যে সরকার তাদের কর্মচারীদের অক্ষমতা ঢাকবার জন্য যখন দেখে যে কোন উপায় নেই তখন নূতন করে এক একটা করে বিলের য়্যাসেসমেন্ট আমাদের সামনে উপস্থিত করেন এবং আমরা লক্ষ্য করেছি যখনই জোতদার এবং জমিদারদের আরো বিশেষ কিছু সুযোগ সুবিধা পাইয়ে দেবার জন্য সরকার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন তখনই এই বিল সংশোধন করার প্রয়োজনীয়তা তারা উপলব্ধি করেন এবং আমাদের সামনে য়্যামেণ্ডমেন্ট আকারে উপস্থাপিত করেন। আমরা বাস্তব অবস্থায় দেখেছি যে সুদীর্ঘ ৮ বছর পার হয়ে গেল কিন্তু আজও পর্যন্ত গ্রামের যারা সাধারণ মানুষ, নিম্নমধ্যবিত্ত যারা এই জমির আয়ের উপর নির্ভর করে এবং ক্ষতিপূরণ লিষ্টে যাদের নাম ৫।৬ বছর আগে লেখা হয়ে গেছে এনরোলমেণ্ট হয়েছে, বিশেষ করে আমরা দেখেছি গ্রামের যারা বিধবা স্ত্রীলোক, যাদের অন্য কোন ইনকাম নেই তাদের বেলায় ক্ষতিপূরণ দেবার যে ব্যবস্থা আছে সেটা ঠিক ঠিক ভাবে কার্যকরী করা হয় না। আমার নিজের ধারণা এবং বিশ্বাস আজ পর্যন্ত যে সমস্ত ক্ষতিপূরণ দেয়া হয়েছে সেখানে সরকারী কর্মচারীদের কাছে যারা তদ্বির তদারক করতে পেরেছে সরকারী কর্মচারীদের তোয়াজ করে যেটুকু সুযোগ সুবিধা করে নিতে পেরেছে সেইমত ব্যবস্থা হয়েছে, তাইতো সমস্ত বিধান থাকা সত্বেও আজকে যারা নিম্ন মধ্যবিত্ত তাদের যে ক্ষতিপূরণ পাবার কথা তাদের সম্পর্কে কোন স্পষ্ট ব্যবস্থা করে উঠতে পারেন নি। উপরন্তু আমরা দেখছি যে সরকারী কর্মচারীরা এই সুদীর্ঘ ৮ বছরের মধ্যে তাদের যে করণীয় ছিল তা সমস্ত করে উঠতে পারেন নি—তাদের সেই অক্ষমতা ঢাকবার জন্য আবার তিনি নূতন করে এই য়্যামেণ্ডমেন্ট আমাদের সামনে হাজির করেছেন এবং আমার পূর্ববর্তী বক্তা ডাঃ ভট্টাচার্য যে কথা বলেছেন এমব্যাংকমেণ্ট সম্বন্ধে এটা খুব পরিষ্কার যে জোতদার জমিদারদের ক্ষতিপূরণের আর একটা সুযোগ তিনি এই বিলের মাধ্যমে করে দেবার ব্যবস্থা করেছেন। আমরা জানি সেই সমস্ত এমব্যাংকমেন্ট বেশীরভাগ ক্ষেত্রে এই সমস্ত অঞ্চলের চাষীরা তৈরী করেছিল এবং আজও পর্যন্ত সেই সমস্ত এমব্যাংকমেন্ট মেরামত করার কোন ব্যবস্থা সরকারের তরফ থেকে বা কোনক্রমে কোন জমিদারের তরফ থেকে করা হয় নি। উপরন্তু আমরা দেখছি এই সমস্ত এমব্যাংকমেন্টের জন্য আজকে নূতন করে বড়বড় জমিদার বা জোৎদারদের ক্ষতিপূরণের ব্যবস্থা এই বিলে করা হয়েছে—এই কারণেই আমি এই বিলকে সমর্থন করতে পারছি না।

[1-50—2 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্যামাদাসবাবু, মাননীয় রাজস্ব মন্ত্রী দি ওয়েষ্টবেঙ্গল ল্যাণ্ড একুইজিসন এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৬৩ বিল আমাদের সামনে উপস্থাপিত করে আমাদের সম্মতি চেয়েছেন। এই বিলের মধ্যে যে ভাস্য এবং এই ভাষণ আমরা খুব মনোযোগ সহকারে শুনেছি।

তিনি একজন সুবক্তা, একটা খারাপ জিনিসকে কিভাবে প্লেস করতে হয় তা তিনি জানেন। এবং এও তিনি জানেন যে কিভাবে ভাল কেসকে ভাল করা যায়, আর এটা তিনি সুকৌশলে করতে পারেন। কাজেই এহেন একজন রাজস্বমন্ত্রি যখন এহেন এমেণ্ডমেণ্ট আমাদের সামনে নিয়ে এসেছেন তখন আমাদের পক্ষ থেকে কিভাবে সেটাকে দেখছি সেটাই স্যার আপনার মাধ্যমে বলতে চাই। আমরা বার বার একথা বলে আসছি কিন্তু সবচেয়ে দুঃখের বিষয় যে এ'দের কানে সেটা ঢোকে না। ইতিহাসে অনেক নজির আছে অনেক রাজা মহারাজা যেমন কানে ঢোকে নি এবং তার ফলে কি হয়েছিল তা মাননীয় সদস্যরা জানেন। স্যার, ১৯৫৩ সালে যখন ষ্টেট এ্যাকুইজিসন বিল এ্যাক্ট আকারে উত্থাপিত হয়েছিল মূল বিলটা তখন আমাদের মনে আছে যদিও আমি তখন বিধান সভার সদস্য ছিলাম না কাগজের মারফতে দেখেছি সাধারণ মানুষ হিসাবে এবং তাতে উৎসাহিত হয়েছিলাম যে যাক কংগ্রেস সরকার অনেক অপকর্ম করেছে তবুও বোধ হয় এ'রা কিছু কিছু ভাল কাজ করতে যাচ্ছেন। তখন আমাদের বরেন্য মুখ্যমন্ত্রী তদানীন্তনকালে একটা কথাও বলেছিলেন যে আমরা একটা রেভলিউসনারী চেঞ্জ আনতে যাচ্ছি এবং তার কথাটা এখনও আমাদের কানে বাজছে—তখন আমি ছিলাম কিশোর—কংগ্রেসের জাতীয় আন্দোলনের সময় একজন ভলেণ্টিয়ার ছিলাম—একজন সেবক হিসাবে ছিলাম তখন আমাদের কানে বেজেছিল যে জনাকীর্ণ সমজব্যবস্থার একটা মস্তবড় অঙ্গ জমিদারী শাসন ব্যবস্থা, আমাদের স্বাধীন সরকার নির্মূল করবে এবং সেই সুরে সুর মিলিয়ে ১৯৫৩ সালে যে কথা হয়েছিল তাতে আমরা সকলেই উৎসাহিত হয়েছিলাম। কিন্তু পর্বত মূসিক প্রসব করেছে। ষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট হবার পর থেকে আমরা যা দেখছি তাতে দেখতে পাচ্ছি কি? সেই আইনের যে মূল উদ্দেশ্য ছিল সেই উদ্দেশ্য বাই দেয়ার ওমিসন এবং কমিশন একেবারে ব্যাহত করেছে এই আমাদের সরকার পক্ষ। আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষ কেন এই বাংলার অর্থনীতি গ্রামীন অর্থনীতির উপর নির্ভর করে। অশোক মেহেতার একটি বিখ্যাত বইতে তিনি বলেছেন যে

solution of the land problem is the first step to social justice.

যে ভূমি সমস্যার সমাধান তা থেকেই হবে। তিনি একজন অথরিটি হিসাবে আমি তাঁর কথা কোট করছি। এবং সেই জিনিসটা যদি আমরা দেখি তাহলে এই ষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্টের যে ব্যাকগ্রাউন্ড সেই ব্যাক গ্রাউন্ডকে আমরা বিশ্লেষণ করতে পারবো। এর ফলে কি হোলো?—এর ফলে আগেকার দিনের যে ইণ্টারমিডিয়ারী সিস্টেম যে জমিদারী প্রথা উচ্ছেদ করা হোল। কিন্তু করবার পর কি হোল? ঠিক হোল যে চাষীদের হাতে জমি আসবে। কিন্তু এখন যা দেখছি তাতে জমি চাষীদের হাতে এসেছে কি? এটা এ্যামেণ্ডমেণ্টের লিংকড্ আছে তাই আমি বলছি। ১৯৫৩ সালের এ্যাক্টের পর থেকে আজ ১০ বছর হোল জমিদার উচ্ছেদ হয়েছে কিন্তু আর একদল জমিদার কায়েম হয়েছে। সেই নূতন জমিদারীর তক্তে বসে আছেন বিভিন্ন জায়গায় এস, এল, আর ও; জে, এল, আর, ও, ইত্যাদি। তারপর এ্যাডভাইসরি কমিটি, এই রকম নূতন ধরণের কমিটি হচ্ছে সেই কমিটিতে কংগ্রেসের চিফরা নূতন ধরণের আজকে,—নীল করের যে জমিদারী ছিল, মেদিনীপুর জমিদারী কোম্পানীর যে জমিদারী ছিল—ঠিক সেই রকম আজকে চাষীদের উপর তারা অত্যাচার চালিয়ে যাচ্ছে। এই রকম ঘটনা অন্ততঃ একটা নয়, ১০ থেকে ১৫টা ঘটনা আপনার মাধ্যমে এখানে প্রকাশ করতে পারি। এক মুর্শিদাবাদ জেলার চর অঞ্চলে এই সমস্ত নূতন জমিদারের খামখেয়ালির ফলে কি রকমভাবে সর্বনাশ হয়ে যাচ্ছে চাষীদের সে কথা বলতে চাই। এই এ্যামেণ্ডমেন্টের একটি ধারায় নন-এগ্রিকালচারাল ল্যান্ড, তার সম্বন্ধে বলা হয়েছে

provided that if any non-agricultural tenant pays rent wholly in kind or partly in kind and partly in cash.

এতে বলা আছে কেমন করে এই গভর্ণমেণ্টের দেয় খাজনা দিতে হবে এতে আছে যে ক্যাশ অর কাইণ্ড দুটোই দিতে পারে। এই ধরণের এ্যামেণ্ডমেণ্টের উদ্দেশ্য সম্বন্ধে আমরা বলতে চাই যে এই ক্যাশ অর কাইন্ডের ব্যাপারে কাইন্ড কিভাবে নির্ধারিত হবে। এই যে রেট, ধরুণ স্যার, প্রথমে জমির যে ফসল সেই ফসলের কত ভাগ আমি দেব আমার খাজনা হিসাবে সেটা নির্ধারিত হওয়া উচিত। আরো আমাদের দেখা উচিত ছিল, ধরুণ একটা জমিতে যে ফসল

হয়, ধান হয়, পাট হয়, নানা রকম জিনিস হয়, আজকে ধান দিয়ে যদি কাইণ্ডের বদলে ক্যাশ ভ্যালুতে করতে চাই তাহলে আমি ধান কতটুকু দেবো। এই দেবার পরিমাণ নির্ধারণ করতে হলে এর ক্যাশ ভ্যালু কি হবে? সেটা এখন নির্ধারণ করতে গেলে বাজারে এখন ২২ টাকা ২৩ টাকা পর্যন্ত ধান বিক্রয় হচ্ছে সেই রেটে যদি দিতে হয় তাহলে বুঝতে হবে সরকার ব্ল্যাক মার্কেটিংকে ব্যাপটাইজ করে নিচ্ছেন। আর তা যদি না হয়, যদি ১০ থেকে ১২ টাকার মধ্যে করেন তাহলেও চাষীকে ডিপ্রাইভ করা হবে। কাজেই আমরা মনে করি এই সম্বন্ধে নির্ধারণের যে ভার সেই ভার শুধু অফিসারের হাতে না দিয়ে একটা সুষ্ঠু নীতি নির্ধারণ করা উচিত। এবং সেই নীতিটা কি? আমাদের নীতির প্রথম কথা হচ্ছে সমস্ত দুর্নীতি থেকে মুক্ত হতে হবে। এবং দুর্নীতি থেকে মুক্ত হয়ে আর যা যা করণীয় সেগুলি অটোমেটিক্যালি চলে আসবে। আর একটা কথা হচ্ছে সেকশন (৫) (এ) এস্টেটস এ্যাকুইজেশন এ্যাক্টের, তাতে কি আছে? ট্রান্সফারের উপর রেসট্রিকশন করা হল এবং তাতে ষ্টেট গভর্নমেন্টকে কতকগুলি পাওয়ার দেওয়া হল। এই ইল্লিগ্যাল ট্রান্সফার চেক করা উচিত। আজকে দেখা যাচ্ছে '৫০ সালের পর থেকে আজ পর্যন্ত যা হয়েছে তা দেখলে দেখা যাবে যে এই জমি আর সেইভাবে নেই। এবং এই যে ইল্লিগ্যাল ট্রান্সফার হয়েছে ও হচ্ছে এই ইল্লিগ্যাল ট্রান্সফার চেক করার ব্যবস্থা সরকারের হাতে আছে কিন্তু সরকার সেই ব্যবস্থা করেন নি।

The Hon'ble Syamadas Bhattacharyya: On a point of order. My friend says that we have not got an amendment in respect of section 5(a) that is out of order.

[2—2.10 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

লেট ইট বি প্লেসড্ ইন অর্ডার এ্যান্ড দ্যাট ইজ ইন দিজ ওয়ে যদি এটা আউট অব অর্ডার হয়ে থাকে। তারপর স্যার, আজকে যে কম্পেনসেশান দেওয়া হচ্ছে এবং কম্পেনসেশান রোল এর কথা বলা হচ্ছে সেই কম্পেনসেশান রোলের সংগে জড়িত হচ্ছে এই ইল্লিগ্যাল ট্রান্সফার। সুতরাং সেই কম্পেনসেশান রোল যদি নির্দ্ধারণ করতে হয় তাহলে ইল্লিগাল ট্রান্সফারকে নির্দ্ধারণ না করলে একটা মস্তবড় অন্যায়কে সমর্থন করা হবে। কাজেই I think I placed it before you with all submission that this is in order and not out of order

এ্যামব্যাংকমেন্ট এর কথা মনোরঞ্জনবাবু বলে গিয়েছে, আমি স্যার, যতদূর জানি এ্যামব্যাংকমেন্ট সব চেয়ে বেশী ২৪ পরগণা জেলা এবং ২৪ পরগণার যারা জমিদার তাদের অধিকাংশের কলকাতাতে সম্পত্তি আছে। এই কলকাতাতে যাদের সম্পত্তি আছে তাদের রেহাই দেওয়া হয়েছে। কাজেই আবার এ্যামব্যাংকমেন্টের জন্য এই সমস্ত ভাগ্যবানদের আবার ক্ষতিপূরণ দেওয়া যদি হয় তাহলে মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় কি মনে করেন এটা সোসালিজম এর পক্ষে খুব সহায়ক হবে। আমি মনে করি এ্যামব্যাংকমেন্টের পিছনে যে কথা বলা হচ্ছে এ্যামব্যাংকমেন্টের সম্বন্ধে সেটা অত্যন্ত রিডানডেন্ট আসল উদ্দেশ্য হচ্ছে ভাগ্যবান জমিদারদের আরও বেশী কি করে পাইয়ে দেওয়া যায়। তারপর রোলের কথা বলা হয়েছে। আমরা দেখছি মাত্র ১৫ লক্ষ রোল তৈরী হয়েছে। কিন্তু স্যার আমি খুব বিনয়ের সংগে আপনাকে বলছি যে কিছু দিন আগে আমাকে ডেকে নিয়ে গেল কম্পেনসেশান পেমেন্ট এর ব্যাপারে আইডেনটিফাই করবার জন্য। আমি গিয়ে অবাক্, পেমেন্ট যখন দিচ্ছে তখন দেখি ৩৭ নয়া পয়সা বা ৮৫ নয়া পয়সা বা ১·৪০ নয়া পয়সা এই ধরণের কম্পেনসেশান রোল। এই রকম হচ্ছে ১৪ লক্ষ। ১৪ লক্ষ কথাটা শুনতে খুব ভাল কিন্তু আসল লক্ষে পৌছুতে অনেক দেরী। যে সমস্ত ছোট ছোট জমিদার যারা প্রায় শেষ হয়ে গিয়েছে যারা ২।৩ হাজার টাকা পাবে তাদেরকে দেওয়া হচ্ছে না। তাদের জুতোর শুকতলা ক্ষয়ে গিয়েছে। যদি আমাদের সমাজতান্ত্রিক সমাজের ব্যবস্থা করতে হয় তাহলে এই ধরণের পিসমিল এ্যামেন্ডমেন্ট নিয়ে এসে ল্যান্ড প্রবলেম সলভ করা যাবে না। আমাদের পার্টীর তরফ থেকে আমরা যেটা বলছি যে

কৃষি প্রধান দেশে চাষীদের হাতে জমি চাই, ৬ বিঘা জমির খাজনা মকুব চাই। ৬ বিঘা জমির খাজনা মকুব না হয় তাহলে ষ্টেট এ্যাকুইজিশান-এর উদ্দেশ্য ব্যর্থ হবে এবং নতুন জমিদার সৃষ্টি করে নতুন শোষণের চক্র সৃষ্টি করা হবে। এই জন্য আমি এই এ্যামেন্ডমেন্টকে সমর্থন করতে পারি না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ওয়েষ্ট বেংগল ষ্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট এর এ্যামেন্ডমেন্ট নম্বর ৬৩ যেখানে ফাইন্যানসিয়াল মেমোরান্ডাম দেওয়া হয়েছে, সেখানে একটি জায়গায় লেখা হয়েছে

it is not possible to say at this stage what area of embankments will be taken over, and therefore, what amount of compensation will be payable therefor,

এই বিষয় সম্পর্কে আমাদের ধারণা ছিল না, বিলটা আনবার সময় মাননীয় মন্ত্রীমহাশয় একটু প্রস্তুত হয়ে আসবেন কিছুটা ধারণা দেবেন যে বাংলাদেশে এ্যামব্যাংকমেন্ট প্রবলেম এর সমস্যাটা কোথায়। এবং এ্যামব্যাংকমেন্ট কি পরিমাণ আছে, তারজন্য কি পরিমাণ ক্ষতিপূরণ লাগবে যে এ্যামব্যাংকমেন্ট থেকে বাস্তবিকই জমিদারগণ ইতিপূর্বে কোন রাজস্ব আদায় করতে পেরেছেন কিনা। আমি জানি আমার হিজোল এলাকায় এবং অন্যান্য বহু এলাকায় এ্যামব্যাংকমেন্ট আছে সেই সেই বাঁধগুলি গভর্ণমেন্ট এ ভেস্ট করেছে কিনা, সেই বাঁধের সত্বাধিকারী আইনতঃ না হলেও বেআইনীভাবে এ্যামব্যাংকমেন্ট এ যত ফসল হয় তা ভোগ করেন সেই এ্যামব্যাংকমেন্ট এর মালিক মাঝখানে ভাগচাষীদের বসিয়েছেন। দ্বিতীয় কথা এই এ্যামব্যাংকমেন্টগুলি টেষ্ট রিলিফের মাধ্যমে বহুবার সরকারের পয়সায় মেরামত করা হয়েছে এবং সেই সব পয়সা জমিদারদের পক্ষে ক্ষতিপূরণ হিসাবে পেয়েছেন পুনরায় সেই সব এ্যামব্যাংকমেন্টগুলি ৮ বছর অবহেলিত থাকার পর এখন সরকার থেকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা হচ্ছে। আমার মনে হয় এই বিলটা জমিদারবর্গের পক্ষ থেকে এই রকম পরিকল্পনা ছিল যে এ্যামব্যাংকমেন্টের ব্যাপারে আমাদের কিছু মোটা টাকা আদায় করতে হবে। সেইজন্য ইচ্ছাকৃতভাবে হয়ত এ্যামব্যাংকমেন্ট এর ক্ষতিপূরণের প্রভিসান আগে করা হয় নি এবং এ্যামব্যাংকমেন্টের রিপেয়ার এর ব্যবস্থা আগে করা হয় নি। ৮ বছর পর এই ভাবে এগুলি আজ নো-ম্যান্ডস্ ল্যান্ড কারো কোন সর্ত নেই, সরকারও দখল নেয় নি, এই রকম ভাবে সমস্ত অবহেলিত ভাবে এই এ্যামব্যাংকমেন্টগুলি যখন চাষীর কাছে ছিল সে এ্যামব্যাংকমেন্টগুলি ঠিক পরিচর্যা না হবার ফলে অনেক জায়গায় সেগুলি ভেংগে গিয়ে চাযের ক্ষতি করেছে। জমিদাররা মনে করেছে তার কোন ক্ষতি হবে না এ্যামব্যাংকমেন্টের কোন পরিচর্যা তাঁরা করে নি। দ্বিতীয় তারা এর থেকে অনেক বেশী খাজনা আদায় করেছে। এবং বহু লোককে সেখানে বসিয়ে বহু ফসল আদায় করেছে। এ্যামব্যাংকমেন্ট এর উপর দিয়ে টেষ্ট রিলিফে বহু লক্ষ লক্ষ মণ গম খরচা হয়ে গিয়েছে। আমি হিজোল এলাকায় এ্যাম্ব্যাংকমেণ্টের কথা বলতে পারি যে সাধারণত এগুলির মালিক বড় লোক, এর মধ্যে দেখেছি মুর্শিদাবাদ নবাব ফ্যামিলির লোক আছে, সেই এ্যামব্যাংকমেন্ট গভর্ণমেন্টকে ভেষ্ট করেছে, তারপরে এতদিন পরে তার আবার ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে এক দফায় এ্যামব্যাংকমেণ্ট ভোগ করা হয়েছে, দ্বিতীয় দফায় ফসলগুলি তারা ভোগ করেছেন, তারপর টেষ্ট রিলিফের মাধ্যমে এগুলি রিপেয়ার হয়েছে, আর শেষকালে তার আবার ক্ষতিপূরণও দেওয়া হবে তার ব্যবস্থা করা হল। ৮ বছর ধরে এ্যাম্ব্যাংকমেণ্ট-এর সমস্ত সুযোগ গ্রহণ করার পরে রাজনৈতিক ভাবে একে লিগালাইজ করা হচ্ছে। কাজেই মাননীয় মন্ত্রি মহাশয় এ্যাম্ব্যাংকমেণ্ট সম্বন্ধে যখন বক্তব্য বলবেন আমরা আশা করব যে এ্যাম্ব্যাংকমেণ্ট যে একটা সমস্যা এবং তা যে কি পরিমাণ এলাকায় আছে, কত লোককে ক্ষতিপূরণ দিতে হবে তার একটা আইডিয়া তিনি এখানে দেবেন। তারপর মিক্সড ট্রাষ্ট রিলিজিয়াস পারপাজ এর সম্পত্তি, চেরিটেবল সম্পত্তি, দান খয়রাত করবার জন্য সম্পত্তি যেগুলি বাংলাভাষায় চালু কথায় বলে 'গ্যাঁরাকল।' এখন প্রচুর ভদ্রলোক বর্তমানে সরকারকে বেকায়দায় ফেলে দেবত্তর এর নামে কিছু আদায় করবার চেষ্টা করছেন। এই যে মিক্সড ট্রাষ্ট এগুলি সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে এই বিষয়ে ভূমি রাজস্ব বিভাগ খুব ভাল করে ঢুকে দেখুন। আমি ট্রাষ্ট

সম্পর্কে বহু প্রশ্ন দিয়েছি কোন সদ উত্তর পাই নি। বেশীর ভাগ ক্ষেত্রে বলা হয়েছে যে ট্রাষ্ট সম্পর্কে কোন অভিযোগ নাই। মিক্সড ট্রাষ্ট সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে দেখতে হবে এ্যাকচুয়ালি কি পারসেন্টেজ দেবত্তর বা চেরিটেবল এ খরচ হয় তার দুই একটা হিসাব নিখুঁত ভাবে নেওয়া দরকার। এই হিসাব যদি আপনার অফিসারদের উপর ছেড়ে দেন তাহলে আমার মনে হয় তাহলে সরকারকে ফাঁকি দেওয়া হবে। তৃতীয় বক্তব্য হচ্ছে যে ৮।১০ বছর সময় বৃদ্ধি করা হল ফাইনাল কম্পেনসেশান রোল তৈরী করে কম্পেনসেশান দেবার সম্পর্কে। অপ্রস্তুত সরকার ২৭ লক্ষ মধ্যস্বত্তের মধ্যে মাত্র ১৪ লক্ষের ফাইনাল রোল তৈরী করা হয়েছে। ৮টী বছর গেছে বাংলাদেশে এই জমি যা ভেষ্ট হয়েছে, এই ভেষ্টেড জমিগুলির হিসাব নিকাশ করবার ব্যাপারে, সেটেলমেন্ট করতে ৮ বছর লেগেছে। এখন প্রায় আরও ১৪ লক্ষ বাকী আছে। ৫০ পারসেন্ট কাজ বাকী আছে। আরও দুই বছর চাইছেন এরপর আমরা দেখব দুই বছর বাদে আবার একটা অরডিন্যান্স আসবে। আবার এই রকম একটা বিল আসবে আপনারা বলবেন রেগুলারাইজ করে নেব আরও দুই বছর বাড়িয়ে দেওয়া হউক। এই কায়দা আপনাদের পরিবর্তন করা উচিত। সরকারের নির্দিষ্ট একটা জ্ঞান থাকা দরকার এবং অফিসারদের এ্যাফি-সিয়েন্সি থাকা দরকার। এই সব রোল তৈরী করবার জন্য যে সব অফিসারদের উপরে ভার দেওয়া ছিল তাদের কাছে কৈফিয়ত নেওয়া দরকার এই কৈফিয়ত সম্বন্ধে কোন বক্তব্য মন্ত্রী মহাশয় এখানে পেশ করেন নি।

[2-10—2-20 p.m.]

কোন টাইটেল বা স্বত্ব দেবার প্রয়োজনীয়তা আছে কিনা, না অযৌক্তিক এবং খামখেয়ালী কমপেনসেসন অফিসাররা তাঁদের হুইমস্ অনুযায়ী কাজ করতে পারেন নি বলে তাঁদের অপ-দার্থতার জন্য আমাদের ভুগতে হবে এবং তারপর বিধানসভায় এসে বলতে হবে যে আমাদের আরও ২ বছর সময় দাও। যাহোক, ভূমি রাজস্ব বিভাগের উঁচু থেকে নীচু পর্যন্ত কর্মচারীদের বহু কেলেংকারীর কথা আমি বলেছি এবং সেই সংগে এটুকু বলতে চাই যে এই বিলের মধ্যে এমন কয়েকটা ভাল কথা আছে সে সম্বন্ধে আপত্তি করবার কিছু নেই। তবে আপত্তির মধ্যে যেগুলি আছে সে সম্বন্ধে আমি মনে করি ভূমি রাজস্বমন্ত্রীর এটা দূরীকরণের জন্য চেষ্টা করা উচিত। তারপর কমপেনসেসন অফিসাররা বাস্তবিক কতটা কাজ করতে পেরেছে তার একটা এ্যাসেসমেন্ট বিধান সভায় হওয়া উচিত। এই অ্যাসেসমেন্ট না পেলে একটা বিল বিধান সভায় এল, তাতে কিছু কিছু ভাল কথা থাকল, আমরা বিরুদ্ধে হয়ত বক্তৃতা করলাম অথবা বুঝতেই পারলাম না আমরা কোথায় ঠেকে গেছি। এই রকম অবস্থা হয় কাজেই ভূমি রাজস্বমন্ত্রীর কাছে আমি অনুরোধ করছি যে তিনি এই সব বিষয়ে তাঁর বক্তব্য বলবেন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমরা আশা করেছিলাম ভূমি রাজস্বমন্ত্রী এমন একটা বিল আনবেন যার দ্বারা বাংলাদেশের সামনে যে বিরাট সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যার সমাধান হবে।

Shri Nepal Chandra Roy:

অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার,। দেয়ার ইজ নো কোরাম।

Mr. Deputy Speaker:

দেয়ার ইজ কোরাম।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এর পূর্বে এ্যামেণ্ডমেন্ট-এর নামে আরও বিল এসেছে এবং একাদশ বার এসেছে। আমরা আশা করেছিলাম এবারে তিনি কিছু ভাল জিনিস আনবেন কেননা গত বাজেট সেসন-এ জনসাধারণ কি কি অসুবিধা ভোগ করছে, তাদের কত

রকম হয়রানী হচ্ছে সে সম্বন্ধে ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু এবার যে বিল এসেছে সেই বিল তাঁদের অক্ষমতার স্বীকৃতি স্বরূপ এসেছে—অর্থাৎ ৮ বছরের মধ্যে তাঁরা কোন কাজকর্ম করতে পারলেন না সেইজন্য আবার ২ বছরের সময় নিতে চাচ্ছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অমি এই বিলের ৪৪ এবং ৪৫ ধারার দিকে যাচ্ছি যেখানে রয়েছে অ্যাসেসমেন্ট রোল যাতে তৈরী করতে পারে তার জন্য আরও কিছুদিন সময় দিতে হবে। স্যার, বৃটিশ আমলে আমরা দেখেছি ৩ বছরের মধ্যে সেটেলমেন্ট কমপ্লিট হয়েছে এবং তার রকর্ড অব রাইটস্ প্রকাশিত হয়েছে। কিন্তু আমাদের কংগ্রেস সরকার এতই অপদার্থ যে ১৯৫৩ সাল থেকে ১৯৬৩ সাল পর্যন্ত এটা করতে পারলেন না। তিনি আমাদের কাছে হিসেব দিলেন ২৭ লক্ষের মধ্যে ১৪ লক্ষের তৈরী হয়েছে। আমার বক্তব্য হচ্ছে ১৯৫১ সালে যদি করতেন তাহলে মাত্র ২০ হাজার পরিবারের হাতে ৩৩ হাজার একর জোত ছিল কাজেই ধীরে ধীরে করলে অসুবিধা হোত না। এ'রা মধ্যস্বত্ব উচ্ছেদ করলেন, জমিদারী দখল করলেন কিন্তু মধ্যস্বত্বাধিকারীরা আজকে হয়রান হচ্ছে, নানাভাবে হয়রান হচ্ছে। তাই বলছিলাম বড়-বড় জোত্ যদি ধরতেন তাহলে অসুবিধা হোত না। স্যার, ভূমি রাজস্বমন্ত্রী বলেছেন যে বাংলাদেশে মধ্যস্বত্বাধিকারীরা রয়েছে বলে অনেক জটিলতা দেখা দিয়েছে এবং সময় লেগেছে। আমি বলি যে এই বড়বড়দের কথা বাদ দিন, ৫০০/৭০০/১০০০/২০০০ টাকা যারা পাবে তাদের দিলে কোন অসুবিধা ছিল না। আমি দেখিয়ে দিতে পারি নিম্ন মধ্যস্বত্বাধিকারীরা অনেকে পায় নি। তিনি হিসেব ধরে দেখিয়ে দিলেন যে কত পারসেন্ট-কে তাঁরা দিয়েছেন। পার্সেন্টেজ-এর হিসেব যদি দেখেন তাহলে হয়তো হতে পারে এবং ৫০০-র বেশী মধ্যস্বত্বাধিকারীর নাম বলতে পারবেন। কিন্তু কত টাকা কে পেল তা যদি দেখেন তাহলে দেখবেন বড়বড় মধ্যস্বত্বাধিকারীরাই পেয়েছে। স্যার, এবারে আমি বলতে চাই কি কারণে জমিদারী দখল আইন আমাদের সামনে আনা হয়েছে।

আমার কথা স্বীকার না করুন, প্ল্যানিং কমিশনের কথা স্বীকার করুন। তাঁরা বলেছিলেন জমির খাজনা হ্রাস করতে হবে, স্বত্ব সম্পর্কে ব্যবস্থা করতে হবে, কৃষকদের মালিকানার ব্যবস্থা করতে হবে। আমি জিজ্ঞাসা করছি এই তিনটির কোনটি আপনারা করতে পেরেছেন? স্বত্ব দিতে পারেন নি, খাজনা কমাতে পারেন নি। চাষীর হাতে জমি দিতে পারেন নি। সেজন্য বলতে চাই জমিদারী আইনটা হচ্ছে আসলে জমিদারদের রক্ষা করার আইন। বরাবরই তাই বলেছি আজও দেখছি তাই। যদিও আইন এনেছেন বে-আইনী কাজ হচ্ছে, পক্ষপাতিত্ব করা হচ্ছে। ভাল যদি কিছু করতে পারতেন তাহলে ধন্যবাদ জানাতাম। আজকে কলকাতাকে বাদ দেওয়া হয়েছে, আমরা এ বিষয়ে বার বার আপনাদের দৃষ্টি আকর্ষণ করেছি, লক্ষ লক্ষ কোটিপতিদের সুবিধা করে দেওয়া হয়েছে। যেখানে বাসস্থানের এত অভাব সেখানে কোটিপতিদের হাতে এত জমি রেখে দেওয়া হয়েছে। তারপর দার্জিলিং-কে ছেড়ে দেওয়া হয়েছে, কেবল মাইন, মিশনারী ইত্যাদির নাম করে দেবোত্তরের নাম করে সব ছেড়ে দিয়েছেন। সেগুলি উদ্ধার করবার কোন চেষ্টা হচ্ছে না। তারপর বার বার দৃষ্টি আকর্ষণ করেছি যে যেসব জমিগুলি বেনামী হয়ে গেছে সেগুলি উদ্ধার করুন। তার জন্য আইন আনতে পারলেন না। আইন আনলেন কোথায়? এম্‌ব্যাংকমেন্টের নামে অর্থাৎ জমিদারদের ক্ষতিপূরণ দিতে কোথায় ছিটে ফোঁটা জমি বাকী রইল তার জন্য আইন আনছেন। সময় বাড়িয়ে দিতে হবে বলে বিল আনছেন, এটা অত্যন্ত লজ্জার কথা, আজ পর্যন্ত এক লক্ষ দেড় লক্ষ লোককে তাঁরা দিতে পেরেছেন, আজও তাঁরা অত্যান্ত দুঃখের মধ্যে কষ্টের মধ্যে রয়েছেন। যাদের জমি কেড়ে নেওয়া হয়েছে তাদের ক্ষতিপূরণ না দেওয়ার জন্য তারা দুঃসহ অবস্থার মধ্যে রয়েছে, তাদের প্রতিকারের জন্য কোন ব্যবস্থা করতে পারেন নি। সেজন্য এই বিলটা সার্কুলেসন দেবার জন্য নোটিশ দিয়েছিলাম কিন্তু কেন আসে নি জানি না, আমি ৩১শে অক্টোবর পর্যন্ত সার্কুলেসন দেবার জন্য মোশন দিয়েছিলাম। যাই হোক আমার বক্তবা হচ্ছে এই বিলটা সার্কুলেসনে দেওয়া হোক এবং ভালভাবে একটা বিল আনুন। আপনারা অর্ডিন্যান্স করে সময় বাড়িয়েছেন, আজকে বিল এনেছেন, অবিলম্বে একটা ভাল আইন আনুন ভাগ-চাষীকে রক্ষার জন্য চাষীর হাতে জমি দেওয়ার জন্য, আর দরিদ্র মধ্য-স্বত্বাধিকারী যারা ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিক অন্ততঃ দশ হাজার হলেও টাকা পায় নি, তাদের এককালীন টাকা দেবার ব্যবস্থা করুন। তাহলে ব্যবসা

ইত্যাদি করে জীবন নির্বাহের ব্যবস্থা করতে পারবে। কিন্তু আপনারা তা দেবেন না। তারা তো ব্যাংক ব্যালেন্স বাড়াচ্ছে না, আমিতো বড়লোকদের কথা বলছি না। আমি বরাবর এটা বলেছি কমপেনসেসন-এর জন্য, পুনর্বাসন রিলিফের জন্য এক সংগে ৫।১০ হাজার টাকা দিয়ে দিন যাতে তারা ব্যবসা করে খেতে পারে যাতে তারা ছোট-খাট শিল্প করে খেতে পারে, তার ব্যবস্থা হয়নি। সেজন্য বলবো—আপনারা যদি সত্যিকার সহানুভূতিশীল হোন প্রশংসা করবো। প্রশংসাতো করেছেন মনোরঞ্জনবাবু, সত্যিই যদি দরদ থাকে তবে ক্ষুদ্র ক্ষুদ্র মধ্যস্বত্বাধিকারী যারা তাদের কমপেনসেসন দেওয়ার ব্যবস্থা করুন।

[2-20—2-30 p.m.]

আর জমি বন্টন করার কথা সেদিন বলেছি। এই যে বিল এসেছে যদি জমি বন্টন সম্পর্কে একটা ভাল ব্যবস্থা করতে পারতেন তাহলে এই রকম আইন আনতে হত না। জমি বন্টন সম্পর্কে ভাল ব্যবস্থা করতে পারেন নি, কাল কোশ্চেনের সময় দেখলাম কাঁথি থেকে হাজার খানেক মাত্র তাঁরা পেয়েছেন, একটা হিসাব দিয়েছেন, তাতে মাত্র ৪৩১৪ একর জায়গা পেয়েছেন, কিন্তু আমি বলি যে তাঁরা জমি উদ্ধার করতে পারেন নি। আমি বলছি এক একজন সেখানকার জমিদার জোতদার তাদের ২০ হাজার বিঘা জমি পর্যন্ত ছিল। যদি নাম জানতে চান দিতে পারি। নন্দ, বিন্দা ইত্যাদি তবে নাম করতে চাই না। সেগুলি রাজস্বমন্ত্রী মহাশয় জানেন। তাঁরা গদি রক্ষার জন্য তাদের ধরতে চাচ্ছেন না। তারা ছেলের নামে নাতির নামে, জামাইর নামে, তহশীলদারদের নামে সব জমি বেনামী করে দিয়েছে। তিনি আমাদের কাছে হিসাব দিয়ে বললেন যে ৪৩১৪ একর জমি মাত্র পেয়েছেন। সত্যিকার যদি ইচ্ছা থাকে তাহলে এই ব্যবস্থা করুন কারণ বিধান বাবু বলেছিলেন যে তিনি অর্থনীতির ক্ষেত্রে বিপ্লব আনতে চান। অর্থাৎ আবার জমিদারদের জমিদারী বেনামে রক্ষা করা। এই যদি উদ্দেশ্য থাকে তাহলে নিশ্চয়ই এও সত্যিকারের একটা আমূল পরিবর্তন হয়ে গেল অর্থাৎ জমিদারী অন্য ভাবে রক্ষা করা হবে। তা না হয়ে তিনি যদি সত্যিকারে চাইতেন যে জমিদারদের হাত থেকে বড় বড় জোতদারদের হাত থেকে জমি কেড়ে নিয়ে বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করব, তার অর্থনৈতিক বুনিয়াদকে সুদৃঢ় করব তাহলে প্ল্যানিং কমিশনের দিক থেকে অথবা ১৯৫৯ সালে নাগপুর কংগ্রেসে যে প্রস্তাব হয়েছিল তার ভিত্তিতে তিনি এই জমিদারী দখল আইন, ভূমি সংস্কার আইন পরিবর্তন করতেন। যদি তিনি সেইভাবে পরিবর্তন করেন তাহলে নিশ্চয়ই আমরা তাঁকে ধন্যবাদ দেব।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এই বিলটাকে আমি সার্কুলেশন মোশানে দিতে চেয়েছিলাম এইজন্য যে ওয়েষ্ট বেঙ্গল এস্‌টেটস্‌ একুয়িজিসন এ্যাক্ট যেটা পাশ হয়ে আছে সেটা এই রকম পিসমিল লেজিসলেসান করে বিশেষ কিছু সুবিধা হবে না, বিশেষ করে যাঁরা প্র্যাকটিস করেন তাঁরা জানেন যে ওয়েষ্ট বেঙ্গল এসটেট্‌স এ্যাকুইজিসন এ্যাক্ট-এ এত বেশী খুঁৎ আছে এবং এই আইন এমন অসামঞ্জস্যপূর্ণ যে পিসমিল লেজিসলেসান করে এটাকে ঠিক করা যাবে না। আমি সেজন্য রেভেনিউ মিনিষ্টারকে অনুরোধ করব আপনার মাধ্যমে সে সমস্ত এ্যাসপেক্ট বিবেচনা করে নতুন করে আবার একটা কম্‌প্রিহেনসিভ এ্যাক্ট করা হোক। কারণ, এর মধ্যে অনেক জিনিস আছে যেগুলি ত্রুটিপূর্ণ। কিন্তু এখানে তা বলার স্কোপ খুব কম। কারণ, যে যে সেকসনগুলিকে এ্যামেন্ড করতে চাই তা ছাড়া আরো সেকসান আছে যেগুলিতে আরো বেশী গলদ আছে এবং এখানে সেগুলি বলার স্কোপ নেই। তবুও বলছি যে ওয়েষ্ট বেঙ্গল এসটেটস্‌ এ্যাকুইজিসন এ্যাক্ট আর ল্যান্ড রিফরমস্‌ এ্যাক্ট এই দুটিকে পাশাপাশি এক সংগে রেখে যদি একটা কমপ্রিহেনসিভ এ্যাক্ট তৈরি করা হত তাহলে আমার মনে হয় বাংলাদেশের যারা কৃষক, চাষী, জমি-জায়গা যাদের আছে তাদের সত্যিকারের উপকার করা হত। কিন্তু এই দুটো আইন ভেঙ্গে দেওয়া হয়েছে এবং ভেঙ্গে দেওয়ার ফলে এই যে পিসমিল লেজিসলেসান হচ্ছে এতে কোন রকম সুফল পাওয়া যাবে না এবং যেতে পারে না। কারণ, বেঙ্গল টেনান্সি এ্যাক্ট রিপিল হয়ে যাওয়ায় যে অবস্থা এসেছে বিশেষ করে আপনারা জানেন

কয়েকটা ধারা যে অবস্থায় এসে উপস্থিত হয়েছে তাতে আজকে ইন্‌টারপ্রিটেশন আফটার ইনটারপ্রিটেশন হচ্ছে, কিন্তু সে সম্বন্ধে সঠিক কিছু করা যাচ্ছে না—যেমন ২৬(এফ) অফ দি বেঙ্গল টেনানসি এ্যাক্ট-এ গভর্নমেন্ট যদি ভেস্ট করে যায় তাহলে তার কি এফেক্ট হবে তার সম্বন্ধে ওয়েস্ট বেঙ্গল এসটেটস্‌ এ্যাকুইজিসন এ্যাক্ট-এর কোন জায়গায় কিছু নেই। আমার সেজন্য বক্তব্য হচ্ছে পিসমিল লেজিসলেসান না করে ল্যান্ড রিফরম্‌স এ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল এসটেটস্‌ এ্যাকুইজিসন এ্যাক্ট এই দুটোকে একসঙ্গে মিল করে যদি একটা কমপ্রিহেনসিভ এ্যাক্ট তৈরি করা হত তাহলে আমার মনে হয় ভাল হত। এবং সেটা না করতে পারার জন্য সার্কুলেসান করতে আমি অনুরোধ করছি। এক একটা সেকসান যেমন আছে ক্লজ (সি) অফ সেকসন্‌ ৫ যেটা বলছেন এটুকু এ্যাড করা যাবে, তাতে বলা হয়েছে রেন্ট ইন কাইন্ড অর পার্টলি ইন কাইন্ড যেটা পরে ফিক্স আপ করবে রেভেনিউ অফিসার। আমি সে সম্বন্ধে বলতে চাই রেভেনিউ অফিসারের বুদ্ধি সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় জানেন, আমরাও জানি। সেটেলমেন্টে যেগুলি কারেকসান করার কথা সেগুলি কিভাবে করা হয়, না, লাস্ট রিভিসন অফ রেকর্ডএ হাজার হাজার মরা লোকের নাম পাওয়া যায়। যে ২৫ বছর আগে মারা গেছে তার নামে দেখা যাচ্ছে রিভিস্‌নাল সেটেলমেন্ট রেকর্ড-এ আছে যদিও বিলে সেটেলমেন্ট রেকর্ড করেক্ট করা যায় এই বিধান আছে। রেভেনিউ অফিসার সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে তাঁদের ডে টু ডে কাজ থেকে দেখা যায় যে তাঁরা আইন সম্বন্ধে বিশেষ কিছু জানেন না। অথচ তাঁদের অফিসার করা হয়েছে। এমন ক্রাইটারিয়ান এর লোককে করা হয় নি যাঁরা আইন জানবেনই।

এমন কি আমরা জানি এ আর ও ম্যাট্রিক পাশ ওয়ালা লোক আছেন, তিনি এসব জিনিসগুলির ইমপ্লিকেসন না বুঝার জন্য অবস্থা এমন দাঁড়াচ্ছে যে বলবার কথা নয়। অপর দিকে যদি দেখি তাহলে দেখবো চৌকিতে যেখানে মুনসেফ কোর্টগুলি আছে সেই মুনসেফ কোর্টগুলি প্রায় উঠে যাবার অবস্থায় আছে। এটা আমি একটু কনসিডার করতে বলছি এজন্য যে চৌকির মুনসেফগুলি রেটের, খাজনার মামলা কিন্তু সেগুলি চলে যাওয়ায় চৌকির মুনসেফ গুলির প্র্যাকটিকালী কোন কাজ নেই। আমি বিশেষ করে কয়কটা চৌকির কথা জানি যেমন দুবরাজপুর চৌকি আছে, সেখানে মুনসেফের কাজ শেষ হয়ে যায় ১১।১২টায়, এমন কি কোন কোন দিন কেসই থাকে না, টাইট্‌ল স্যুটগুলি কমে গেছে। সেজন্য বলতে চাচ্ছি রেন্ট ডিটারমিনেসন যদি করতে হয় তাহলে আমার মনে হয় যে এ সম্বন্ধে মুনসেফকে করা যেতে পারে কিনা উনি একটু চিন্তা করে দেখবেন। আমি আর একটা কথা বলছি এই রেন্ট ইন কাইন্ড যেটা আছে সেটা যে রেন্ট করা হবে, রেন্ট যদি করা হয় সেটা যদি ক্যাস প্রাইসে ফিকস আপ করা হয় তাহলে আমার মনে হয় খুব ভুল হবে। তার কারণ হচ্ছে উনি ইকনমিকসের ছাত্র, নিশ্চয়ই জানেন এখন যে পিরিয়াড চলছে সেটা পিক পিরিয়াড এবং জিনিসের দাম এত বেড়েছে কমোডিটীটি ভ্যালু যদি য়্যাসেস করা হয় তাহলে সেই য়্যাসেসমেন্ট এত বেশী হবে যে এর পরে যদি দাম ফল করে অর্থাৎ প্রাইস লেভেল যদি কাম ডাউন করে তাহলে মানুষের পক্ষে যে রেন্ট ফিকস আপ করা হবে তা ভীষণ কঠিন হয়ে যবে। তাই আমি বলছি যে এটা করতে হলে আমার মনে হয় যে বেজ পিরিয়াডে যে প্রাইস লেভল ছিল সেই বেজ পিরিয়াডের প্রাইস লেভেল নিয়ে এটা করতে পারেন, কারণ এটা যদি এখানকার মার্কেট রেটে করেন তাহলে প্রাইস লেভেল অতি হাই আছে—খুব মুস্কিল হয়ে যাবে। সেজন্য বলছি বেজ পিরিয়াড আছে—এখন বেজ পিরিয়াড ধরা হয় ১৯৪৯, আগেকার বেজ পিরিয়াড ছিল ১৯৩৮। কাজেই এই বেজ পিরিয়াডে ঐ কমোডিটির যে দাম হ'ত পারে সেই অনুযায়ী একটা নীতি নির্ধারণ করা উচিৎ। তা না করলে এর পরে এ নিয়ে ভীষণ হার্ড হিট হবে পিপিলরা আমি এটুকু বলতে চাচ্ছি। তারপরে এমব্যাংকমেন্ট সম্বন্ধে আমার বন্ধু মাননীয় সদস্য ডাঃ ভট্টাচার্য বলেছেন—আমি এটা সম্বন্ধে এটুক দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এমব্যাংকমেন্টের কমপেনসেসন পাবে না। তার কারণ হচ্ছে যে বেংগল টেনানসী য্যাক্ট পড়লে দেখা যাবে যে যেমন তারা খাজনা আদায় করবে তেমন তাদের ষ্ট্যাটুটরী লায়াবিলিটি ছিল ইমপ্রুভমেন্ট করতে হবে এবং সেজন্য এমব্যাংকমেন্টগুলি করা হয়েছিল। শুধু এমব্যাংকমেন্ট করা হয়নি, যাদের কতকগুলি পুকুর আছে সেগুলি যখন সেচের জন্য ইউজড হত। সেগুলি জমি পরের ছিল, তাদের স্ট্যাটুটরী লায়াবিলিটি ছিল। কাজেই তারা

যখন একটা ইনকাম রিসিভ করতো ইন ফরম অফ রেন্ট, ইন কাইন্ড অর ইন ক্যাস নাই যে ষ্ট্যাটুটরী লায়াবিলিটি ছিল তাদের যে এমব্যাংকমেন্ট করে দিতে হবে, কোন জায়গায় পুকুর করে দিতে হবে, এইসব ছিল, কাজেই যখন তারা এনজয় করেছে, ষ্ট্যাটুটরী রেটে রিসিভ করতো ইন কাইন্ড অর ইন ক্যাস তখন আবার তারা এটা পেতে পারে না—পেলে ডবল পাচ্ছে। কাজেই আবার তারা এটা পেতে পারে না—আর পেলে তাদের কাছে যেটা আমাদের বন্ধুরা বলেছেন—

[2-30—2-40 p.m.]

আমি বলছি যে ফ্রম দি ষ্ট্যান্ড পয়েন্ট অব ইকুইটি তারা এটা পেতে পারে না। কারণ এই যারা করেছেন তারা ষ্ট্যাটুটারী লিবার্টি তাদের ছিল, সেই লিবার্টি তারা ডিসচার্জ করেছে। কাজেই এখানে তারা পেতে পারে না। আর একটা কথা আমি বলছি যেটা এই ফ্লোরে বলা হয়েছে যে ৮ বছরের পরিবর্তে ১০ বছর করেছেন। এ ব্যাপারে আমার অনেক বন্ধু বলেছেন যে আরও বোধ হয় বাড়বে ৪।৫ বছর। কারণ মাস ছয় আগে একটা অর্ডার দিয়েছেন যে রিসেন্ট এ্যাক্ট যেটা তাতে আরও ৪।৫ বছর সময় লাগবে। যেভাবে কনষ্টিটিউসন-এ দেওয়া হয়েছিল সেভাবে আর হবে না। আমার মনে হয় এটা কারেক্ট কিনা জানি না তবে ডিষ্ট্রিক্ট অফিস থেকে ডিষ্ট্রিক্ট কমপেনসেসন অফিস এটা জানিয়েছে। আমার মনে হয় তারা সত্যি কথা বলেছেন কিনা এখানে আমরা জানতে পারবো এবং তিনি নিশ্চয় আমাদের কারেক্ট করে দেবেন। এই সমস্ত কমপেনসেসন রোল তৈরী করার ব্যাপারে সেটেলমেন্ট অফিসে পাঠানো হয়েছে। কারণ যে নামগুলি বেরিয়েছে সেটেলমেন্ট রেকর্ডে সেই সেটেলমেন্ট রেকর্ড অব রাইট ঠিক না থাকার জন্য কমপেনসেসন দেবার ব্যাপারে অনেক জায়গায় গোলযোগ উপস্থিত হয়েছে এবং তার হবার জন্য লেটেষ্ট উনি একটা পলিসি ঠিক করেছেন এবং সেটা ডাইরেকসন এবং ইনস্ট্রাকসন দিয়েছেন ডিষ্ট্রিক্ট অফিসার-দিগকে যে এগুলি কমপেনসেসন রোল তৈরী করার আগে সেটেলমেন্ট রেকর্ড অব রাইটস-এর কাগজগুলি পাঠিয়ে দিতে হবে। সেটেলমেন্ট অফিস এবং অফিসার কনসার্ন পাবার পর তারা নূতন করে রোল তৈরী করবেন। এটা আমি কারেক্ট কিনা এটা আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলছি - তিনি বলবেন। কারণ সেখানে ডিষ্ট্রিক্ট অফিসারদের কাছ থেকে জেনেছি তাদের যে প্রসিডিংস তাতে দেখা যাচ্ছে যে তারা সমস্ত রেকর্ডগুলি পাঠিয়ে দিয়েছেন। যদি তা হয়ে থাকে তাহলে আবার সেই স্টেজে একটা কেয়স হবার উপক্রম হয়েছে। কমপেনসেসনের যে রোল হচ্ছে সেগুলি সমস্ত আবার ভেরিফাই করতে হবে। এতে ১০ বছরে হবে না, আমার মনে হয় ১০ বছরের জায়গায় যে ১০ বছর করেছেন সেখানে ১৫ বছর আবার হয়তো বলবেন। কারণ কমপেনসেসন সেটেলমেন্ট রেকর্ড অব রাইট অনুযায়ী এগুলি কারেক্ট করবার চেষ্টা করছেন। কাজেই তিনি এগুলি ডিসপোজ রেলাইজ করতে পারেন না। কেন পারেন না তা বলছি না—কিন্তু আমার মনে হয় এটা সমীচীন হয় নি। এখানে যেটা এখন করছেন তা আগে করতে পারতেন। এটা এজন্য বলছেন যে আমার মনে হয় যে অনেক জায়গায় দেখা গিয়েছে যে অনেক লোক মারা গেছে অথচ তার নামে সেটেলমেন্ট রেকর্ড অব রাইট আছে তারা এনটাইটেল্ড টু গেট দি কমপেনসেসন তখন ছেলেদের বলছেন একটা এফিডেভিট করে দিন যে বাবা মারা গেছে এবং সাক্ষী এবং মারা যাবার পর আমি ওয়ারিশ হয়েছি। তাতে অনেক লিগ্যাল ফল্ট হবে। সেজন্য সমস্ত কমপেনসেসন রোল করার জন্য আবার সেটেলমেন্ট ক্যাম্প পাঠানো হয়েছে। কাজেই এই যে টাইমের কথা বলছেন এর চেয়ে বেশী টাইম লাগবে। আমি আর একটি কথা বলছি যে সেটা হচ্ছে মিক্সড ট্রাষ্টের কথা। আমি আমার যে পার্টির আউটলুক সেই পার্টির তরফ থেকে বলছি যে মিক্সড ট্রাষ্টের মধ্যে যে কথা বলা হয়েছে অর্থাৎ এক্সক্লুসিভলি রিলিজিয়াস এবং চ্যারিটেবল পারপাসে যদি না ইউজ হয় তাহলেও এটা ফ্রড হবার অনেক বেশী স্কোপ আছে। আমি বলতে চাচ্ছি কারণ যেগুলি এক্সক্লুসিভলি চ্যারিটেবল এ্যান্ড রিলিজিয়াস ট্রাষ্ট এবং তার যে সেবাইত—এ রকম নজীর এখানে ভূরি ভূরি দেওয়া যায়—একটা উদাহরণ দিচ্ছি—যে সেবাইত সেখানে যে ঠাকুর দেবতা আছে তার যে ভোগ সে ভোগটা তারা বংশপরম্পরায় তারা খেয়ে যাচ্ছে। এটা তাদের খাওয়ার কথা নয়, হয়তো ১২ জন ব্রাহ্মণকে খাওয়াবার কথা—সেখানে না খাইয়ে ঘরের ১২ জনকে খাইয়ে দিলো। যেখানে এক্সক্লুসিভলি চ্যারিটেবল এ্যান্ড রিলিজিয়াস সেখানে কমপেনসেসনের কোয়েশ্চেন যদি দেওয়া হয় তাহলে আমার মনে হয় ফ্রডের স্কোপ আরও বেশী বেড়ে যাবে এবং গভর্নমেন্টকে আন-নেসেসারী অনেক বেশী লাইবিলিটি ইনকার করতে হবে। কারণ পার্পিচুয়াল এ্যামনিটি এটা

চিরকালের জন্য চলবে। এবং পার্পিচ্যুয়াল এ্যামেনিটির জন্য অনেক লোকে ভেবেছিল যা কম্পেনসেসন পাচ্ছি ২০ টাইমস, কি ১০ টাইমস্, এটা যারা ভেবেছিল কিন্তু এখন যারা একটু মাথাওয়ালা লোক, বুদ্ধিমান লোক এবং এটা হচ্ছে সাধারণতঃ আপার স্ট্র্যাটার লোকরাই তারা এইগুলিকে মিক্সড ট্রাস্ট এবং চ্যারিটেবল, এইগুলি যদি পায় তখন তারা এই পার্পিচ্যুয়াল ট্রাস্টের জন্য ঐসমস্ত ছেড়ে নানারকম ফ্রড করবে। কাজেই আমার মনে হয় এতে ফ্রডের এবং কোরাপশনের স্কোপ খুব বশী বাড়বে এবং এইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এটা রিকনসিডার করতে বলছি। এটা করুন এতে আমাদের কোন আপত্তি নেই কিন্তু এটা করলে তিনি যে উদ্দেশ্যাতে করছেন সেই উদ্দেশ্যটাই সমস্ত ব্যাহত হয়ে যাবে বলে আমি মনে করি। আর দুটি যা উনি বলেছেন,

in sub-section (2a) of section 44 of the said Act, for the words "six years", the words "nine years" shall be substituted.....in section 45 of the said Act, for the words "within five years", the words "within nine years".

এটা উইদিন ৯ ইয়ার্স বলেছেন। উনি যেটা বলেছেন সেটা আমার মনে হয়, এর আগে বলেছি, কমপ্রিহেনসিভলি একআনা করলে, পিস মিল লেজিসলেশন করলে খুব বেশী ফল পাওয়া যাবে না। এই যে বলেছেন, এই যে পিরিয়ডটা দিয়েছেন, এটা বলেছেন 'সুয়োমটু' করবে। কিন্তু আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাচ্ছি এই যে সুয়োমটু কথাটা আছে এ আমরা দেখি রেয়াররলি এই জিনিসটা ইউসড্ হয়। তার চেয়ে যদি উনি ঐ যে এ্যাপ্লিকেশনের [illegible] যেটা আছে, যদি সদিচ্ছা থাকে, ওটা বাড়িয়ে না দিলে কোন ফল হবে না। হয়ত আপনার এক[illegible] [illegible]নেষ্ট থিংকিং থাকতে পারে। কিন্তু অফিসাররা এই ব্যাপারে, বিশেষ করে ঐ রেভিনিউ অ[illegible]র এ. আর, ও, যাঁরা আছেন এঁরা যে সুয়োমোটু কোন জায়গায় করবেন এটা আমরা মনে করি না। কারণ স্পেশালি কতকগুলি ব্যাপার ঘটেছে যার জন্য এক্সটেনশনের প্রয়োজন। কিন্ত [illegible]রজন্য যদি এ্যাপ্লিকেশনের টাইমটা বাড়িয়ে দেওয়া হয় তবেই কাজে লাগবে নইলে লাগবে না। যেমন বলে দিই ফরেষ্ট এলাকা। দেখা গিয়েছে ৩০ বৎসর ধরে মানুষ জমি করে ফেলেছে ঐ ফরেষ্ট এলাকায় কিন্তু এখন পর্যন্ত যেহেতু আ[illegible] সি, এস, রেকর্ডে সেটা ফরেষ্ট বলে লেখা আছে সেটা আর কোন রকম না দেখে রেকর্ডে লিখে দিচ্ছে ফরেষ্ট। তারপর দেখা যাচ্ছে ১০(২) এ নোটিশ হয়ে গেল। তখন তার মনে পড়লো তাইত আমাদের উচ্ছেদ করে দিচ্ছে, এটা ভেষ্ট করে গেল। এই যে অবস্থা, বিশেষ করে কয়েকটি ক্ষেত্রে উনি যদি এ্যাপ্লিকেশনের টাইমটা বাড়িয়ে দিতেন, আমি সব ব্যাপারে বলছি না আমি বলছি কেবল জমির ব[illegible] যে ব্যাপার ফরেষ্ট আর বর্গাদার, এই দুটি ব্যাপারে যদি উনি এ্যাপ্লিকেশনের টাইম দিতেন তাহলে এই যে এ্যামেণ্ডমেন্ট করতে চেয়েছেন এই এ্যামেণ্ডমেন্টের দাম থাকতো। কারণ অফিসাররাও করবেন না এটা আমরা জানি। বর্গাদাররা যেখানে লাভবান হবে এবং মালিকরা যেখানে ক্ষতিগ্রস্থ হবে সেখানে যে সুয়োমোটু অফিসাররা করবে এটা আমি মনে করি না। কারণ আমরা যে এক্সপিরিয়েন্স গ্যাদার করেছি তাতেই বলছি। আর ঐ ফরেষ্ট সম্বন্ধে সব সময়েই হচ্ছে তোমার জমিটা ভেষ্ট করে গিয়েছে, কিছু টাকা দাও আমি করে দেবো। এতে কোরাপশনটা বাড়িয়ে দেওয়া হচ্ছে। কাজেই আমি বলছি উনি যদি ওটা করতে চান, তার সংগে ঐ এ্যাপ্লিকেশন করবার অধিকারটা আরো ৬ মাস বাড়িয়ে দিন। এটা যদি সত্যিই ওনার সদিচ্ছা থাকে তাহলে আমার বক্তব্য হচ্ছে যে এ্যাপ্লিকেশন করার জন্যে আরো ৬ মাস অন্ততঃ পিরিয়ড দেওয়া হোক ফ্রম দি ডেট অব এনফোর্সমেন্ট। আমি মনে করি তাহলে তারা কিছু উপকৃত হবে। কাজেই আমি এইটুকু আপনার কাছে বলছি এবং এই কথাগুলি বলেই আমি সার্কুলেট করার জন্য বলছি।

[2-40—2-50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ এই বিধেয়কটী প্রচার করবার জন্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই সম্পর্কে বলতে গিয়ে মোটামুটি যে কথা বলেছেন তাকে তিনটা ভাগে ভাগ করা যায়। একটী হল এ্যামব্যাংকমেন্টের জন্য কেন ক্ষতিপূরণ দেওয়া হবে, আর একটী

হল মিক্সড ট্রাষ্ট কেন দরকার, মিক্সড ট্রাষ্ট এর জন্য এই নতুন বিধান কেন দরকার, আর একটা হল কমপেনসেশান রোল তৈরী করতে এত দেরী হল কেন? আর দেরী যদি বা হবে তাহলে আগে থেকে জানান নি কেন? মোটামুটি ভাবে এই তিনটী দফায় ওদের সমালোচনাগুলি ভাগ করা যায়। অবশ্য মাননীয় সদস্য ভক্তিভূষণ বাবু শেষের দিকে যে কথাগুলি বললেন, সেগুলি আমি এর থেকে বাদ দিচ্ছি তিনি কতকগুলি খুব গুরুত্বপূর্ণ কথা বলেছেন তার মধ্যে একটা কথা হচ্ছে এই যে এষ্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস্ এ্যাক্ট আমরা বারে বারে এই বিধানসভার কাছে সংশোধনের জন্য উত্থাপিত না করে একটা খুব ভেবে চিন্তে কম্প্রিহেনসিভ লেজিসলেশান হিসাবে আনলে ভাল হত তার কথা আমি নিশ্চয়ই বিবেচনা করব। তবে কথা হচ্ছে এই যে আমরা আমাদের কাজ করতে গিয়ে অনেক সময় নিজেদের ভুল ত্রুটী দেখতে পাই, অসুবিধাগুলি বুঝতে পারি। তখন সেইগুলি সাময়িকভাবে উত্তীর্ণ হবার জন্য কিছু কিছু আইনের অদলবদলের প্রয়োজন হয়। কম্প্রিহেনসিভ লেজিসলেশান নিশ্চয়ই দরকার। সেদিকে আমরা দৃষ্টি রাখছি এবং সব দিক দিয়ে বিবেচনা করে যদি আইনের মূলত কোন বিষয় পরিবর্তন করতে হয় তাও নিশ্চয়ই করা হবে। মাননীয় সদস্য ভক্তি বাবু আরও কতকগুলি অভিমত প্রকাশ করেছেন যেমন বর্তমানে ক্ষতিপূরণ দেবার বেলায় যে নতুন পদ্ধতি অবলম্বন করা হয়েছে, ভেরিফাইয়েড ষ্টেটমেন্ট এর জন্য সেটেলমেন্ট বিভাগের কর্মচারীদের কাছে পাঠান হচ্ছে এবং এর ফলে যে বিলম্ব ঘটছে একথা আমি স্বীকার করি। কিন্তু এই ভেরিফাইয়েড ষ্টেটমেন্ট যে প্রয়োজন বিশেষ করে যতই ক্ষতিপূরণ দেবার কাজ শেষ হয়ে আসবে ততই যে সতর্কতা অবলম্বন করা প্রয়োজন আশা করি মাননীয় ভক্তি বাবু সে কথা স্বীকার করবেন। তবে এই ভেরিফাইয়েড ষ্টেটমেন্ট পাওয়ার দরুন অতিরিক্ত বিলম্ব যাতে না হয় সেজন্য আমরা আপাততঃ বলেছি যে, গত বছরের ভেরিফাইয়েড ষ্টেটমেন্ট এর উপর নির্ভর করে অত্যন্ত তাড়াতাড়ি এ বছরের কাজ যেন চালান হয়, কাজ যেন বন্ধ রাখা না হয়। এ্যামব্যাংকমেন্ট সম্বন্ধে মাননীয় সদস্যগণ একটু দুশ্চিন্তাগ্রস্ত হয়েছেন। তাঁরা ভাবছেন যে এটী কেবল বড়লোকদের কিছু ক্ষতিপূরণ পাইয়ে দেবার কৌশল ছাড়া আর কিছু নয়। এবং আমি একটু দুঃখিত হলাম যে অনেক মাননীয় সদস্য ভাল করে আইনটাও পড়লেন না। আমি প্রথমে বলছি ৬ ধারার (১) উপধারায় যে ব্যতিক্রম বা এক্সসেপশান আছে সেটা যদি দেখেন তাহলে বিষয়টা বুঝতে পারবেন। তাতে এই লেখা আছে

"Nothing in this sub-section shall entitle an intermediary or any other person to retain any land comprised in a forest or any land comprised in an embankment as defined in the Bengal Embankments Act, 1882, the proper maintenance of which should, in the opinion of the Government, be taken over by the State Government in the public interest."

এরপর আসুন ৬ ধারায় ৪ উপধারায় যেখানে একথা আছে ইন দি কেস

"(4) In the case of lands comprised in a forest and held by a person other than an intermediary and which vest in the State, such person shall for the purpose of assessment of compensation be deemed to be an intermediary."

এখন কথা হচ্ছে এই যে এই দুটো ধারা যদি পাশাপাশি দেখা যায় এখানে স্বভাবতই চোখে পড়বে ৬(৪) ধারায় শুধু ফরেষ্ট বলা হল। অথচ ৬(১) ধারায় এ্যাকসেপশানে বলা হচ্ছে ফরেষ্ট এ্যান্ড এম্ব্যাংকমেন্ট। ৬(৪) ধারায় এমব্যাংকমেন্ট এর কোন রকম উল্লেখ করা হল না। এম্ব্যাংকমেন্টট অবশ্যি নেওয়া হচ্ছে বড়লোকদের রক্ষা করবার জন্য মোটেই নয়। এম্ব্যাংকমেন্ট নেওয়া দরকার হতে পারে

ইন দি পাবলিক

interest for proper maintenance of the embankment it should be taken over by the State Government

এই হচ্ছে আমার কথা। সেজন্য যদি এম্ব্যাংকমেন্ট নিতেই হয় যখন সেই এম্ব্যাংকমেন্টের জন্য ক্ষতিপূরণ দেওয়া হবে কি হবে না এটাই প্রশ্ন। ক্ষতিপূরণ না দিয়ে যদি নিতে পারা যেত তাহলে আমার কোন আপত্তি থাকতো না এবং এমন কি আমাদের মাননীয় সদস্যদের মধ্যেও অনেকেরই

নাই। কথা হচ্ছে কোন সম্পত্তি নিলে কিছু ক্ষতিপূরণ এর ব্যবস্থা করতে হয়। সেই ক্ষতিপূরণটা মে বী এ নমিন্যাল কমপেনসেসান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে রুলস্ আছে তার মধ্যে কথা আছে এ সম্পর্কে, আমি একটু খানি বলছি যেমন ধরুন একটা শ্মশান নিতে হচ্ছে, একটা ভাগাড় নিতে হচ্ছে, আপনি কী ক্ষতিপূরণ দেবেন—আপনি শুধু এ্যাসেস করতে পারেন আপনি নির্দ্ধারণ করে বলতে পারেন যে এখানে ক্ষতিপূরণ হবে ১ নয়া পয়সা। কিন্তু ক্ষতিপূরণ দেব না এটা যদি আমরা আইনে করতে চাই তাহলে ভুল করা হবে। এবং সেইজন্য এই সব জায়গায় বলা আছে

When the land belongs to a class which does not yield any produce or return such as road, path, river, khal, graveyard, schoool, cremation ground, mosque, temple or any other place of public worship, unculturable waste, unculturable marsh uncultivable bil and the like.

এই সমস্ত আনকালচারাল ওয়েষ্ট আনকালচারাল মার্স ইত্যাদিরতে হয়তো ক্ষতিপূরণ দেবার বিধান আছে, সেই ক্ষতিপূরণটা উইল বি এ নমিন্যাল ক্ষতিপূরণ। অত্যন্ত নামমাত্র ক্ষতিপূরণ। মাননীয় সদস্যগণ খুব দুশ্চিন্তাগ্রস্ত হয়ে আমাকে বারবার প্রশ্ন করেছেন যে এম্ব্যাংকমেন্টের জন্য ক্ষতিপূরণ বিধান করে আপনি বড়লোকদেরই রক্ষা করছেন, এটা আপনাদের বড়লোকদের রক্ষা করবার জন্য যে কৌশল তারই একটা প্রয়োগ মাত্র। কিছুমাত্র নয় আপনারা একটু ভাল করে দেখলেই বুঝতে পারতেন যে এমন কোন কুমতলব আপাততঃ নাই। মাননীয় কানাই বাবু বলেছিলেন যে তিনি কাঁথিতে অনেক ভূমি লুকান দেখতে পেয়েছেন। আমি খুব খুসী হবো তিনি যদি আমাদের সংগে সহযোগিতা করেন, আমরা সেই লুকান জমি উদ্ধার করবার আশা ছেড়ে দিই নি। কিন্তু আমি আপনাদের সহযোগিতা পাই না। যে পরিমান বক্তৃতা এখানে শুনি সেই পরিমান কাজ তাঁরা করেন না। আমার কথা হচ্ছে এখানে যে পরিমান আক্রমনাত্মক কথা এখানে বলেন সেই পরিমান সহযোগিতার কাজ আপনারা করেন না। দ্বিতীয় কথা হচ্ছে মিক্সড ট্রাস্ট এর বেলায়- মিক্সড ট্রাস্ট এর বেলায় সম্পূর্ণ অবাস্তব কল্পনা করেছেন আমাদের কোন কোন সদস্য। মিক্সড ট্রাস্ট এর কথা বলতে গিয়ে মাননীয় কানাইবাবু বলেছেন যে মিক্সড ট্রাস্ট এর বেলায় এ্যানউইটির পরিধি বাড়ান হচ্ছে শুধু অকর্মণ্য জমিদার সন্তানদের লালন পালন করবার জন্য। মাননীয় ভক্তিবাবু বলেছেন আরেকটি ফ্রড-এর ক্ষেত্র প্রস্তুত করা হল। কিন্তু কি করা হচ্ছে এখানে? করা হচ্ছে এই যে কোন জায়গাতে কোন জমিদার একটি ইনটারমিডিয়ারি একটা ট্রাস্ট রচনা করে গিয়েছিল, কিন্তু সেই ট্রাস্ট এর মধ্যে পুরাপুরি টাকাটা কোন এ্যাবসলিউট্ রিলিজিয়াস পারপোজের জন্য বা চ্যারিটেবল পারপোজের জন্য ব্যয় করবার বিধান ছিল না। মনে করুন ১০ হাজার নীট আয় ছিল এমন একটী সম্পত্তির মধ্যে ব্যবস্থা ছিল যে ৫ হাজার টাকা একটী হাসপাতালের জন্য খরচ করা হবে। আর ৫ হাজার টাকা তার নিজের বা তার সন্তান সন্ততির পুরুষানুক্রমে ভোগ করবার ব্যবস্থা থাকবে। এখানে আমাদের যেটুকু বিধান আছে তাতে দেখবেন যে মূলে বিচার করলে তাকে এ্যাবসলিউট ট্রাস্ট বলা যাবে না দ্যাট ইজ নট এ্যান এ্যাবসলিউট ট্রাস্ট সেখানে সাধারণ ভাবে কমপেনসেশান পাবে কিন্তু কে পাবে? পাবে এই জমিদার সন্তানরা যাদের বিরুদ্ধে আপনারা এই অভিমত প্রকাশ করছেন। তারা যাতে সমস্তটা নিতে না পারে, তারা যাতে সমস্তটা নিয়ে উড়িয়ে দিতে না পারে, যাতে সেই ট্রাস্টটা ঠিক মত চলে, এ্যাবসলিউটলি রিলিজিয়াস পারপাজে বা এ্যাসলুটলি চ্যারিটেব্ল পারপাসে ঠিকমত অক্ষুন্ন থাকে, ঠিক সেই জন্য আইনটা করা হয়েছে। এই আইনটী করার মানে এই নয় যে জমিদার সন্তান কিছু বেশী পাবেন। সে এখন যা পাবে তার চেয়ে সে কম পাবে, এ্যানুইটি হিসাবে কেড়ে নেওয়া হবে সেই এ্যানুইটি কেড়ে নেবার পর তাকে কি ভাবে কন্ট্রোল করবেন সেটা হয়ত আইন সভায় কোন দিন উত্থাপিত হতে পারে। কিন্তু টাকাটা তিনি পাবেন করবেন না করবেন সেটা হয়ত আইন সভায় কোন দিন উত্থাপিত হতে পারে। কিন্তু টাকাটা তিনি পাবেন না। টাকাটা ব্যয় হবে ঐ এ্যাবসলুটলি রিলিজিয়াস পারপাসে বা এ্যাবসলুটলি চ্যারিটেবল পারপাসে। অন্য ভাবে যদি ধরা হত তাহলে তিনি সম্পূর্ণ টাকা খরচ করতে পারতেন। এই হল ব্যাপার। সেই ব্যাপারটা শুধরে এই করা হয়েছে। এতে কতকগুলি ট্রাস্ট এ কতকগুলি গুরুত্বপূর্ণ ধর্মীয় এবং দাতব্য অনুষ্ঠান বা প্রতিষ্ঠান রক্ষা পাবে একথা আমরা মনে করি। সেই জন্য এটা এনেছি।

Shri Bhakti Bhusan Mandal:

অন এ পয়েন্ট অব ইনফরমেশান স্যার, এটা কি প্রপোরশানে করতে যাচ্ছেন আমি ব্যাপারটা বুঝতে পারছি না। ৫ হাজার ৫ হাজার ১০ হাজার টাকা যেটা বললেন। যদি ১০ হাজার টাকার ট্রাস্ট হয় ৫ হাজার মনে করুন বাড়ীর জন্য দিয়ে গেছে আর ৫ হাজার এক্সক্লুসিভলি চ্যারিটেবল করা হয়েছে। তাহলে আপনি যেটা করতে চাচ্ছেন এই ৫ হাজারটা পারপিটুয়েল এ্যানুইটি করতে পারেন ?

[2-50—3-15 p.m.]

Shri Hon'ble Syamadas Bhattacharyya:

দ্যাট ইজ ইন দি ল। আমাকে দুঃখের সংগে বলতে হচ্ছে যে আপনারা আইনটা ভাল ভাবে পড়েন নি।

আমাকে অত্যন্ত দুঃখের সংগে বলতে হচ্ছে মাননীয় সদস্য যিনি আমাকে বলেছিলেন তিনি একজন বিচক্ষণ আইনজ্ঞ। যাহোক আমার কথা হচ্ছে আইনের মধ্যে বলা হচ্ছে দুটি মিনিং থাকবে। এটাতে আছে এনটায়ার প্রোপারটি—এটা ভাগ করে দেওয়া হবে এবং যেগুলি এ্যাবসেলিউটলী রিলিজিয়াস এ্যান্ড চেরিটেবল পার্পাসেস্ সেগুলি আলাদা করে নিয়ে পার্পিচুয়াল এ্যানুয়িটি দেওয়া হবে। তারপর, কমপেনসেসন্ এ্যাসেসমেন্ট রোল সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যে, সত্যই বড় দেরী হয়ে গিয়েছে এবং কত দেরী হয়েছে যে সংকোচের সংগে আমাদের সময় বাড়াতে হচ্ছে। কিন্তু সময় যদি তুলে দেওয়া হয় তাহলে ভাল হবে না। সেইজন্য বলা হচ্ছে যে এতদিনের মধ্যে কাজ শেষ করতে হবে। আমাদের প্রায় ২০ লক্ষ মধ্যস্বত্বাধিকারীর রোল প্রস্তুত করতে হবে তার মধ্যে ১৫ লক্ষ মধ্যস্বত্বাধিকারীর রোল তৈরী করা হয়েছে। যেগুলি রয়েছে সেগুলি খুব জটিল রোল—অর্থাৎ বড়বড় লোকের রোল যাদের বিভিন্ন জেলায় ৫/৭/১০টি মৌজায় সম্পত্তি রয়েছে। কাজেই এইসব ক্ষতিপূরণের তালিকা তৈরী করতে গেলে স্বভাবতঃই আমাদের গতি মন্থর হয়ে যাবে। একজন মাননীয় সদস্য বললেন ৩৭ নয়া পয়সা ক্ষতিপূরণ দিয়েছে। আমি মনে করি ৩৭ নয়া পয়সা, ৫০ নয়া পয়সা, ১০০/২০০/২৫০ টাকা সবই দিতে হবে এবং এগুলি কোন তুচ্ছ ব্যাপার নয় এবং প্রয়োজন হলে বাড়ীতে গিয়ে দিতে হবে। কমপেনসেসন্ এসেস্‌মেন্ট রোল সম্বন্ধে বলতে গিয়ে মহাপাত্রমহাশয় প্ল্যানিং কমিশন কি কি কথা বলেছেন তা বলেছেন। প্ল্যানিং কমিশন-এর কাছ থেকে আমরা একটা রিপোর্ট পেয়েছি প্রগেস অব ল্যান্ড রিফর্ম—যেটা ১৯৬৩ সালে প্রকাশিত হয়েছে। তাতে তাঁরা সমগ্র ভারতবর্ষের কথা বলছেন যে,

delays in the payment of compensation have occurred mainly on account of difficulties arising out of assessment of compensation. In States where flat rates of compensation have been adopted and an up-to-date record of rights is available, speedier progress has been possible.

এর পরে বলেছেন

Before a multiple applicable to an intermediary can be determined, it becomes necessary to ascertain the total income of the intermediary in respect of all his estates or shares in estates. In several States like Bihar, West Bengal and Rajasthan there was hardly any up-to-date record of rights on the basis of which estimates of the assets of an intermediary or estate would be framed......

আমি সাফাইয়ের জন্য বলছি না, আমি সমস্ত জটিলতার কথা বলছি। কাউকে টাকা দিতে হলে হিসেব করে দেখতে হবে কত টাকা তিনি পাবেন। তাঁর গ্রস ইনকাম কত ছিল, নেট ইনকাম কত ছিল এইসব বার করতে হবে কাজেই সময় সাপেক্ষ। আপ-টু-ডেট রেকর্ড অব রাইটস্ অনুসন্ধান করবার জন্য আরও ৩ বছর বাড়িয়ে দিতে বলছি। ৬ বছর থেকে ৯ বছর সুয়োমোটো করে বা অন অ্যাপলিকেসন রেকর্ড অব রাইটস্ অনুসন্ধান করতে হবে। আমি কোন আত্ম সন্তুষ্টির মনোভাব নিয়ে বলছি না আমরা অত্যন্ত কঠিন ও জটিল কাজে হাত দিয়েছি। আমাদের কর্মচারীদের সম্বন্ধে যে কটাক্ষপাত করা হয়েছে সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে আমাদের কর্মচারীরা সকলে ভাল নাও হতে পারে যেমন আমাদের মধ্যে সকলেই আমরা ভাল নই। কর্ম-

চারীদের খুব কঠিন অবস্থার মধ্যে পড়তে হয় এবং আমি ব্যক্তিগতভাবে জানি কর্মচারীরা অনেক কঠিন কাজ করেছেন। রেকর্ডের মধ্যে অনেক ভুল ত্রুটি আছে। সেটা সংশোধন করবার জন্য আমি ৪৪(২ক) এবং ৪৫ ধারা পরিবর্তন করবার জন্য আপনাদের সামনে উপস্থিত করেছি। আমি আর বেশী কিছু বলতে চাইনা তবে শৈলনবাবু যা বললেন তাতে খুব ক্ষোভ হোল। তিনি বলেছেন এ্যাডভাইসরি কমিটি যা করা হয়েছে সেটা কংগ্রেসের কল। এ্যাডভাইসরি কমিটিতে যদি কংগ্রেসের লোক থাকে তাহলে সেটা কি কংগ্রেসের দোষ হোল? সেখানে সব নির্বাচিত লোকেরা আসছেন, অঞ্চল পঞ্চায়েত থেকে আসছেন। এখানে কোন মনোনীত লোক নেই, কাজেই এতেও যদি আমাদের দোষ দেন তাহলে আমি নাচার।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1963, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1963, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1963, was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[3-15 - 3-25 p.m.]

Clause 2

Shri Mukti Pada Chatterjee: Sir, I beg to move that in clause 2, after the proposed proviso to clause (c) of section 5, the following further proviso be added, namely:—

"Provided further that any person aggrieved by an order passed by the Revenue Officer determining rent under the first proviso may appeal to such authority and within such time as may be prescribed."

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 2—

(i) the following words be added at the end of the proposed proviso:

"after giving notice to the person concerned and hearing of objection if any prepared by him within such time as may be prescribed"; and

(ii) the following further proviso be added after the proposed proviso:

"Provided further that any person aggrieved by an order by the Revenue Officer determining rent may appeal to such authority and within such time as may be prescribed."

The Hon'ble Syamadas Bhattacharyya: মাননীয় সদস্য শ্রীসনৎকুমার রাহা মহাশয় এখানে দুটো এ্যামেন্ডমেন্ট রেখেছেন। দ্বিতীয় এ্যামেন্ডমেণ্ট যেটা সেই এ্যামেন্ডমেণ্টটা গ্রহণ করা হয়েছে সেজন্য তিনি সেটার জন্য কিছু বলছেন না। প্রথমটিতে এই কথা বলতে চেয়েছেন যে যখন খাজনা ধার্য করা হবে তখন যেন সংশ্লিষ্ট ব্যক্তিকে নোটিশ দেওয়া হয় এবং নোটিশ দেওয়ার পর তাঁদের যে বক্তব্য আছে সেটা শোনার পর যেন মাহিনা ধার্য করা হয়। এই কথার মধ্যে এমন কিছু নেই যা গ্রহণ করা যাবে না। কিন্তু আমার বলার কথা হচ্ছে এই যে আমাদের আইনের মধ্যে আফ্টার গিভিং নোটিশ টু দি পার্সন্ কনসার্ন্ড এ্যান্ড ইন দি মেনার প্রেসক্রাইবড--সেটা বলা থাকে এবং আমরা সেটা রুলের মধ্যে করে দিয়ে থাকি।

The motion of Shri Mukti Pada Chatterji that in clause 2, after the proposed proviso to clause (c) of section 5, the following further proviso be added, namely:—

> "Provided further that any person aggrieved by an order passed by the Revenue Officer determining rent under the first proviso may appeal to such authority and within such time as may be prescribed";

was then put and agreed to.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 2—

(i) the following words be added at the end of the proposed proviso:
"after giving notice to the person concerned and hearing of objection if any prepared by him within such time as may be prescribed";

(ii) the following further proviso be added after the proposed proviso:
"Provided further that any person aggrieved by an order by the Revenue Officers determining rent may appeal to such authority and within such time as may be prescribed",

was then put and lost.

The question that clause 2 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Mukti Pada Chatterji: Sir, I beg to move that for clause 3, the following clause be substituted, namely:--

Amendment of section 6

3. In section 6 of the said Act—

(1) in the Exception to sub-section (1), for the words "Nothing in this sub-section", the words "Subject to the provisions contained in sub-section (3), nothing in this sub-section" shall be substituted and shall be deemed always to have been substituted;

(2) to sub-section (3), after the Explanation, the following Exception shall be added and shall be deemed always to have been added, namely:—

"Exception.- In the case of land allowed to be retained by an intermediary or lessee in respect of a tea-garden, such land may inculde land comprised in a forest if, in the opinion of the State Government, the land comprised in a forest is required for the tea-garden";

(3) in sub-section (4), after the words "land comprised in a forest", the following words shall be inserted, namely: "or in any embankment, referred to in the Exception to sub-section (1)".

The motion was then put and agreed to.

The question that clause 3 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4 to 12

The question that clauses 4 to 12 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Zilla Parishads Bill, 1962

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Zilla Parishads Bill, 1962, as reported by the Joint Committee, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে গত সপ্তাহের শেষ তিন দিন এবং এই সপ্তাহের প্রথম দিন এই ৪ দিন বিপুল তর্ক বাকবিতণ্ডা হয়েছে এবং তার মধ্যে আমাদের এই পক্ষকে অনেক অভিযোগের সম্মুখীন হতে হয়েছিল যে এই সরকার র‍্যান্টি পিপল মেজারস নিচ্ছেন—তার জন্য অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। আমি আজ নিজেকে অত্যন্ত সৌভাগ্যবান বলে মনে করছি এই বিধানসভায় এমন একটা বিধায়কের খসড়া মাননীয় সদস্যগণের অনুমোদনের জন্য উপস্থাপিত করারর জন্য যা পশ্চিমবংগের ইতিহাসে কখনও হয় নি। আজকে এই আইন দ্বারা পশ্চিমবাংলার সম্পূর্ণ রূপ পরিবর্তিত হতে চলেছে। আমি এই বিল উপস্থাপিত করে জানুয়ারী মাসের অধিবেশনে বলেছিলাম যে একটা বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করছে এই জেলা পরিষদ আইন। এই বিল সম্বন্ধে সারা বাংলার জনসাধারণের অভিমত সংগ্রহের জন্য বিগত আগস্ট মাসে কোলকাতা গেজেটে সরকার এটা প্রকাশিত করেছিলেন, বাংলার বহু প্রতিষ্ঠানের মত সরকারের কাছে আসে। সরকার সেই সমস্ত বিবেচনা করে একটা নূতন খসড়া বিগত জানুয়ারী মাসের অধিবেশনে এই হাউসের সামনে নিয়ে আসেন। সরকারী প্রস্তাব ছিল তথাপি সরকার চেয়েছিলেন যে এই বিল অতি গুরুত্বপূর্ণ, এই বিল ভবিষ্যতে কত নূতন পথের সন্ধান বলেছে যে এটা সদস্যগণের আরো বিশেষ বিচারের প্রয়োজন। তাই বিধানমণ্ডলীর অনুমোদনক্রমে একটা যুক্ত কমিটি এই বিলের সমস্ত প্রণয়নগুলি পুংখানুপুংখভাবে অতি সূক্ষ্মভাবে অত্যন্ত সতর্কতার সহিত গভীর মনোনিবেশ সহকারে ৭ দিন ব্যাপী আলোচনার পর একটা সিদ্ধান্তে উপনীত হয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সদস্যগণের হাতে এই পরিবর্তিত বিলের খসড়া পরিবেশিত হয়েছে। এই বিলের প্রতি পৃষ্ঠা যদি দেখেন তাহলে দেখবেন যে আণ্ডার লাইন যে সমস্ত আছে তার সংখ্যা কত বেশী এবং খসড়া যা পেশ করা হয়েছিল তার কতটা সংস্কার করা হয়েছে। সেজন্য আমি যুক্ত কমিটির সদস্যগণকে আমার সকৃতজ্ঞ ধন্যবাদ জানাচ্ছি যে তাঁরা অত্যন্ত গুরুত্বপূর্ণ অধিবেশনে এই সমস্ত জিনিস বিবেচনা করে বিলটার সংশোধন করেছেন এবং এই সংশোধিত বিল আজ এই বিধানসভার মাধ্যমে চূড়ান্তভাবে গ্রহণের জন্য এসেছে। আজকে পরিবর্তিত আকারে এই যে বিল এসেছে এর প্রথম মুখবন্ধে বলা আছে :—

'A Bill to provide for the re-modelling of Local Government with a view to associating the local authorities with development activities and bringing about democratic decentralisation and people's participation in planning and development.'

[3-25—3-35 p.m.]

এই বিলের মুখ্য উদ্দেশ্য হচ্ছে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা। কার ক্ষমতা?—সরকারের ক্ষমতা, মন্ত্রিমণ্ডলীর ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা। আজ তাদের নিজেদের হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে গ্রামবাসীদের হাতে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচনের মধ্যে দিয়ে পল্লী বাংলার জনগণের হাতে তাদের গ্রামীন সর্বাংগীন কল্যাণ, উন্নয়ন ব্যবস্থা, পরিকল্পনার ব্যবস্থা, প্রশাসনিক ব্যবস্থা গ্রামবাসীদের হাতে ছেড়ে দেওয়া এটা একটা নূতন পরীক্ষামূলক ব্যবস্থা পশ্চিমবাংলায় হতে চলেছে। আমি বিশ্বাস করি যে পশ্চিমবাংলার জনসাধারণ গণতান্ত্রিক শুভবুদ্ধি গণচেতনাকে আরও উদ্বুদ্ধ করবে। তাই জনসাধারণের হাতে এই বিরাট যুগপ্রবর্তনকারী ক্ষমতা প্রদান করা হচ্ছে। আজকে পশ্চিমবাংলার একটা সুযোগ সুবিধা হয়েছে যে তাদের সামনে ভারতের ১২টি প্রদেশের মত পঞ্চায়েতী রাজ আইন চালু হয়ে গেছে। এই আইনগুলি সেই যে তাদের কার্যকলাপ তা অনুধাবন করেছেন। এটা বিশ্লেষণ করবার জন্য একটা যুক্ত কমিটির সুযোগ সুবিধা হয়েছে। ১২টি প্রদেশে কিভাবে পঞ্চায়েতী রাজ চলেছে সে সম্বন্ধে অনুধাবন করেছে এবং সেই সংগে সংগে তারা পশ্চিমবাংলার যে বিশেষ সমস্যাগুলির কথা চিন্তা করে এই বিলের খসড়া যে সংশোধিত আকারে এসেছে এবং তার যে একটা বৈশিষ্ট্য আছে এবং সেটা নিছক অন্যান্য প্রদেশের অনুকরণে নয় তা বোঝা যাবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় স্বাধীনতার ১৫ বছর পর রাষ্ট্রতন্ত্রের ৪০ ধারায় নির্দেশক তত্ত্বের নির্দেশ অনুসারে পঞ্চায়েতী রাজ আজ সম্পূর্ণ করতে চলেছে। আর্টিক্যাল ৪০তে বলছে

The State shall take steps to organise village panchayats and endow them with such powers and authority as may be necessary to enable them to sanction as units of Self-Government

পশ্চিমবাংলার গ্রামের ব্যবস্থা এই নূতন পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠার মাধ্যমে করার প্রচেষ্টা করা হয়েছে যার মূল সংগা তত্ত্ব হোল এই যে একটি সংযুক্ত কমিটি এই বিল উপস্থাপিত করেছে। আপনারা দেখবেন যে ৪টি ধারায় আমাদের এই গ্রাম্য শাসন ব্যবস্থাকে ভাগ করা হয়েছে এবং অন্যান্য প্রদেশের সংগে এর প্রভেদ আছে। প্রথম ধারা হোল পশ্চিমবাংলার পঞ্চায়েত আইন অনুসারে ১৯৫৭ সালের, গ্রাম্য পঞ্চায়েৎ প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার ভিত্তিতে করা হয়েছে। তারপর তৃতীয় ও চতুর্থ ভাগে হচ্ছে এখন যেখানে ব্লকগুলি অর্থাৎ যে ৩৩৩টি ব্লক আছে সেগুলি আঞ্চলিক পরিষদ এই আখ্যা দেওয়া হয়েছে—সেখানে নির্বাচিত সদস্য থাকবেন—একটিও সরকারী মনোনীত সদস্য হবে না—তারা গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত হয়ে আসবেন এই সব অধ্যক্ষ, এবং প্রধান তারা নির্বাচিত করবেন আঞ্চলিক পরিষদের সদস্যদের। চতুর্থ এবং শেষ হচ্ছে—সমগ্র জেলায় জেলা পরিষদ গঠিত হবে সেখানে একটিও মনোনীত সদস্য থাকবেন না—সেখানে যারা আসবেন তারা সেই ভিন্ন স্তরের নির্বাচনের মাধ্যমে। সুতরাং এই সমস্ত ৪টি ধারা এই হচ্ছে একটি অবয়বের চারটি অংগ।

one of the organic unit and composite team for village reconstruction of West Bengal.

পরস্পরের সংগে পরস্পরের সম্মিলিত এবং সংযুক্তভাবে তাঁরাই গ্রাম্য ব্যবস্থা পরিচালনা করবেন। এই হচ্ছে এই বিলের মূল কাঠামো। এই যে জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে যে কার্য পরিচালনা করবার জন্য এর সংগে সংগে সম্মিলিত করে দেওয়া হয়েছে প্রশিক্ষণ প্রাপ্ত, বিশেষ শিক্ষাপ্রাপ্ত তরুণ সরকারী কর্মচারীদের। যাঁরা বিগত ১০ বৎসরে যে নূতন জাতীয় সম্প্রসারণ কর্তৃক সর্বভারতীয় ভিত্তিতে, ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস, এবং যাঁরা বিশেষ শিক্ষা লাভ করে গ্রাম্য জীবনের উন্নতির জন্য গ্রামবাসীদের দ্বারে বিজ্ঞানের বার্তা পৌঁছে দেবার জন্য

গ্রামের কৃষি, সেচ, কুটির শিল্প প্রভৃতি যাতে নূতন উপায়ে বর্তমান যুগের পরিপ্রেক্ষিতে নূতন জ্ঞানে আমাদের অশিক্ষিত গ্রামবাসীদের দ্বারে জ্ঞানের আলো পৌঁছে দিতে পারে সেইজন্য এই কাঠামোর মূল ভিত্তি হচ্ছে পিপলস্ পার্টিসিপেসান উইথ গভর্নমেন্টাল এইড। যে দুইটি গভর্ণমেন্টের অফিসারকে এই প্রতিষ্ঠানগুলির সদস্য করা হয়েছে তাঁদের নীতি নির্দ্ধারণের কোন ক্ষমতা দেওয়া হয়নি, তাঁদের ভোটাধিকার দেওয়া হয়নি, তাঁরা এ্যাসোসিয়েটেড মেম্বারস্, পরামর্শদানের সুযোগ এবং অধিকার দেওয়া হয়েছে। এবং তাঁদের উপর জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিদের, এমন কি যদি তাঁরা যে নির্বাচিত প্রতিনিধি তাঁদের মনঃপূত না হয়, তাঁদের সরিয়ে দেবার ক্ষমতাও জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিদের দেওয়া হয়েছে। এছাড়া এখানে আজকে যে জেলা বোর্ড ছিল বা ব্লক ডেভালেপমেন্ট ছিল, তার সংগে যাঁদের পরিচয়, তাঁরা যদি আজ এই বিলের মাধ্যমে আমরা জেলা পরিষদ বা ব্লক আঞ্চলিক পরিষদের হাতে যে বিরাট ক্ষমতা দিচ্ছি তা সেকশন ১৬ ধারা থেকে শুধু আমি তার প্রথম অনুচ্ছেদটি আপনার সামনে উপস্থিত করবো তাতেই আমাদের মাননীয় সদস্যগণ অবগত হবেন যে কি বর্তমানে আছে আর কি বিরাট ক্ষমতা গ্রামবাসীদের হাতে দেওয়া হচ্ছে।

undertake schemes or adopt measures including the giving of financial assistance, relating to the development of agriculture, livestock, industries, co-operative movement, rural credit, water supply, irrigation, public health and sanitation including establishment of dispensaries and hospitals, communications, primary or adult education including welfare of students, social welfare and other objects of general public utility......

এছাড়া আরো অনেক ক্ষমতা তাদের আছে। কর ধার্য করবার ক্ষমতা, কর নির্দ্ধারণের ক্ষমতা, হাট ও মেলা পরিচালনার ক্ষমতা, ফেরী ইত্যাদি নানাবিধ গ্রামের কল্যাণকর অর্থকরী উপায়ের সম্ভাবনা বৃদ্ধি করবার ক্ষমতা গ্রামবাসীদের হাতে এই বিলের মাধ্যমে দেওয়া হয়েছে। এই রকমই ক্ষমতা দেওয়া হয়েছে আঞ্চলিক পরিষদের হস্তে। সমস্ত উদ্দেশ্যই হচ্ছে গ্রামবাসীরা তাঁদের গ্রাম কল্যাণ পরিচালন নীতি তাঁরা গ্রহণ করবেন, উপর থেকে হুকুমের দিন চলে যাচ্ছে। হুকুম রাজের পরিবর্তে জনতারাজ প্রতিষ্ঠিত হচ্ছে। জনতা যা প্রার্থনা করবেন, সরকার তার অর্থ সংগতির মাধ্যমে সেইটি ব্যবস্থা করবেন। জনতাকে বিশ্বাস করে, জনতার মধ্যে নূতন নেতৃত্ব সৃষ্টি করবার জন্য গ্রামবাসীদের উপর নূতন দায়িত্ববোধ চাপিয়ে দেবার জন্য, নূতন নেতৃত্ব গ্রাম থেকে গঠনের জন্য এই আইনের প্রবর্তন হয়েছে। এই সংগে আরো একটি সংখ্যক সদস্যকে, তাঁরা পূর্ণ সদস্যের মর্যাদা লাভ করেছেন যাঁরা হচ্ছেন আমাদের বিধান সভা এবং লোকসভার এবং বিধান মন্ডলীর সদস্য। তাঁরা গ্রাম থেকেই প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত হয়ে এসেছেন বলে তাঁদেরও এঁদের সংগে যুক্ত করে দেওয়া হয়েছে এই জনাই যে তাঁরা সরকারের সংগে সমস্ত নীতির পরিচয় লাভের সুযোগ পেয়ে তাঁদের প্রভাব বিস্তার করতে পারবেন এই আমাদের গ্রামাঞ্চলে যে কোন নির্বাচিত প্রতিনিধিরা গ্রামের এই স্বায়ত্ব শাসন বিভাগগুলি পরিচালনা করবে তাঁদের পরামর্শদানে। অথচ আইনের দ্বারা এটাও বাধা করা হয়েছে যে এই বিধান সভার সদস্যই সমস্ত ক্ষমতা যাতে কেন্দ্রীভূত না করতে পারেন, তাঁরা কোন রকম সেখানে চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান বা অন্য কোন রকম কার্যকর্তার পদ গ্রহণ করবেন না।

[3-35—3-45 p.m.]

এবং একই ব্যক্তি যদি গ্রামের অধ্যক্ষ হন বা অঞ্চলের প্রধান হন অঞ্চলের প্রধান হয়ে যদি আবার আঞ্চলিক পরিষদের সভাপতি হন দ্বৈত ক্ষমতা নিবারণ করা হয়েছে সাইমালটেনিয়াস মেম্বারশিপ নয় সাইমালটেনিয়াস অফিস বেয়ারার বন্ধ করা হয়েছে আইনের সাহায্যে। মূল উদ্দেশ্য হল যে এক ক্ষমতা একজনের হাতে বহু ক্ষমতা কেন্দ্রীভূত না হয় ক্ষমতা ছড়িয়ে বি-কেন্দ্রীভূত হয়ে থাকে এবং সকলে মিলে আমাদের এই গ্রামের কল্যাণ নতুন জিনিষ আমরা দেশে আনতে পারি তারই প্রচেষ্টা করা। এর অর্থ সংগতি বিষয়ে দেখবেন সরকার নানা বিধ ক্ষমতা দিয়েছেন। যে সমস্ত কার্য গ্রাম সভার ভিতরে করেছে গ্রামে জেলা পরিষদ

বা আঞ্চলিক পরিষদের মাধ্যমে সেই সমস্ত খরচা হবে। সমস্ত রোড সেস্ ল্যান্ড রেভিনিউ-এর বিরাট পোরসান, অবশ্য কি পোরসান দেবেন আইনে নিয়মিত হয়নি, নিশ্চয়ই যাবে এই জেলা পরিষদের হাতে। তাছাড়া অন্যান্য বিভাগের যদি কাজের ভার দেন সেখানে সরকার গ্রান্টস্ এবং লোন দেবেন, সেও জেলা পরিষদের হাতে আসবে। অর্থাৎ সমস্ত বঙ্গদেশে পশ্চিমবঙ্গে সমস্ত উন্নয়ণ মূলক কার্যের এজেন্সি স্বরূপ ব্যবহৃত হবে এই জেলাপরিষদ এবং আঞ্চলিক পরিষদ। এই রূপায়নে নতুন জিনিষ মাননীয় সভ্যদের চূড়ান্ত অনুমোদনের জন্য এখন পেশ করা হচ্ছে। আপনারাই এই যে আইনের খসড়া আপনাদের কাছে পেশ করা হয়েছে তাতে দেখতে পাবেন বিরোধীদলের কয়েকজন সদস্য কতকগুলি মূল নীতি নিয়ে নোট অব ডিসেন্ট দিয়েছেন। কিন্তু আমি আনন্দের সঙ্গে তাদের অভিনন্দন জানাচ্ছি প্রত্যেকেই মুক্ত কন্ঠেই স্বীকার করেছেন যে খসড়া প্রথম পরিবেশিত হয়েছিল তার অপেক্ষা এটা বহু গুণ উন্নতি সাধিত হয়েছে যুক্ত কমিটির বৈঠকের মাধ্যমে। এটী আরও ঢের বেশী গণতান্ত্রিক ডেমোক্রেটিক হয়েছে। ওরাও এটা স্বীকার করেছেন মূলগত নীতি তারা উত্থাপিত করেছেন নিশ্চয়ই বিধান সভার সদস্যদের সে বিষয়ে আলোচনা করবার অধিকার আছে এবং সে আলোচনার দ্বারা আমরা উপকৃতই হব। তথাপি আমি আপনাদের অনুরোধ করব আপনাদের এই বিল যথাশীঘ্র সম্ভব গৃহীত হয় তত দ্রুত আমরা পশ্চিমবাংলায় পঞ্চায়েতী রাজ স্থাপন করতে পারব। মাননীয় সভ্যদের অবগতির জন্য আমি জানাতে চাই এই বিষয়ে পশ্চিমবঙ্গই সারা ভারতবর্ষে এই বিষয়ে লাস্ট ইন দি রেস। সব প্রদেশে পঞ্চায়েতী রাজ স্থাপিত হয়েছে। আমরা পরিকল্পনা গ্রহণ করেছি এই জেলা পরিষদের আইন গৃহীত হলে আগামী বৎসরের ১লা বৈশাখ ১৩৭১ সালে বাংলায় এই আইন চালু করে আমরা পঞ্চায়েতী রাজ চালু করব। ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েত এ্যাক্টের আইনের দ্বারা আমরা ৩৩৩টী ব্লক এর মধ্যে মাত্র ১৩৩টী ব্লক মাত্র অর্থাৎ একের তিন ব্লক গ্রাম পঞ্চয়েত অঞ্চল পঞ্চায়েত-এর নির্বাচন করেছি। বাকী ২৩৩টী অর্থাৎ দুই এর তিন অংশ সমস্ত প্রস্তুতির পর্ব অত্যন্ত তৎপরতার সহিত বিভিন্ন জেলায় সরকারী তরফ থেকে চলেছে। আশা করা যায় আগামী নভেম্বর ডিসেম্বর জানুয়ারী মাসের মধ্যে সারা বাংলায় আরও ১৪ হাজার গ্রাম পঞ্চয়েত আড়াই হাজার অঞ্চল পঞ্চায়েত এবং ৩৩৩টি আঞ্চলিক পরিষদ ও ১৫টি জিলা পরিষদ গঠন করা সম্ভবপর হবে। ৩০ লক্ষ সদস্য প্রাপ্ত বয়স্ক ৯০ লক্ষ ভোটাধিকারের ভিত্তিতে এই বিরাট পঞ্চায়েতী রাজ গঠন শেষ হবে। পশ্চিমবাংলার সামনে এক বিরাট গণতান্তিক পরীক্ষা এই আইনের মাধ্যমে সাধিত হবে। তাই এই সভায় বিলটী উত্থাপিত করবার সঙ্গে আমি এই আশাই পোষণ করব যে আমাদের পঞ্চায়েতী রাজের স্বপ্ন যা আমরা শাসনতন্ত্রে গ্রহণ করেছি সেটা এই আইন গ্রহণের দ্বারা পশ্চিমবাংলায় স্বার্থক রূপায়িত যেন করতে পারি। মাননীয় সদস্যগণ এই বিলের আলোচনাকালে তাদের বিভিন্ন মত দ্বারা আমাদের এই কাজে সহায়তা করবেন।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the West Bengal Zilla Parishads Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December 1963.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the West Bengal Zilla Parishads Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st day of January 1964.

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the West Bengal Zilla Parishads Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November 1963.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the West Bengal Zilla Parishads Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October 1963.

Shri Sanat Kumar Raha:
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এ্যামেণ্ডমেণ্ট আছে কিন্তু সারকুলেশান মোশন নেই।

Shri Nepal Chandra Roy:
স্যার, উনি কি করে বললেন ওনার মোশন নাই।

Mr. Deputy Speaker:
হি ক্যান স্পীক অন দি মোশান।

Dr. Kanai Lal Bhattacharya:
স্যার, এখানে নজীর আছে সারকুলেশান মোশান যারা মুভ করছেন তারা আগে বলবেন। বলার পর অন্য লোকে বলবেন, কিন্তু স্যার উনি একেবারে মুভই করছেন না যখন তখন উনি পরে বলবেন এটাই কনভেনশান আছে।

Dr. Golam Yazdani:
মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে আমাদের সামনে যে জেলা পরিষদ বিল আনা হয়েছে তাতে আমরা দেখছি জয়েন্ট কমিটির রিপোর্ট সংযুক্ত আছে। এবং এই জয়েন্ট কমিটিতে যে সমস্ত এ্যামেন্ডমেণ্ট করা হয়েছিল সেই সমস্ত এ্যামেন্ডমেন্টগুলি এর মধ্যে রয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:
আপনি কোন মোশানের উপর বলছেন?

Dr. Golam Yazdani:
আমি সারকুলেশান মোশানের উপর বলছি।

[3-45—3-55 p.m.]

স্যার, মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন এই বিলে প্রাপ্ত বয়স্কদের ভোটের অধিকার দেওয়া হয়েছে, এই বিল যুগ প্রবর্তনকারী এবং এই বিল একটা বিপ্লবের সূচনা করছে। কিন্তু চেয়ারম্যান স্যার, আমি এই বিল সম্বন্ধে বলতে গিয়ে দেখিয়ে দেব যে তিনি যে কথাগুলি বলেছেন সেগুলি সত্য কথা নয়। তিনি প্রথমে বলেছেন এবং বিলের প্রিএমবেল-এ রয়েছে এই বিল কিসের জন্য আনা হয়েছে। সেখানে লেখা আছে

'Whereas it is expedient to provide for the re-modelling of Local Government with a view to associating the local authorities with development activities and bringing about democratic decentralisation and people's participation in planning and development'

স্যার, উনি যে কথাগুলির উপর জোর দিয়েছেন আমি ঠিক সেই কথাগুলির উপরই জোর দিচ্ছি। ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন্ এই কথাগুলি অত্যন্ত ভাল কথা এবং আমি একে অভিনন্দন জানাচ্ছি যে একটা ভাল কাজ তিনি করতে চেয়েছেন। কিন্তু যেভাবে করেছেন তাতে আমি হতাশ হয়েছি। স্যার, এই ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন্ কথাটার উপর আমি খুব জোর দিচ্ছি কিন্তু যেভাবে এই বিল এনেছেন তাতে ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন্ হয়েছে কিনা সেটা আপনি বিচার করবেন। উনি বললেন প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার দিয়েছি এবং এতে জনসাধারণের প্রতিনিধিদের নেওয়া হয়েছে। কিন্তু যেভাবে জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদ গঠন করা হয়েছে তার দিকে যদি তাকাই তাহলে দেখছি সেখানে বেশীরভাগ মেম্বার হচ্ছেন তাঁরা যাঁরা ডাইরেক্ট ভোট-এ জনসাধারণের কাছ থেকে আসেননি ইনডারেক্ট ভোট-এ এসেছেন। স্যার, গ্রাম সভার লোকরা গ্রাম পঞ্চায়েত-এর মেম্বারদের নির্বাচিত করেন এবং গ্রাম পঞ্চায়েতের মেম্বাররা অঞ্চল পঞ্চায়েতের মেম্বারদের নির্বাচিত করেন কাজেই তাঁরা ঠিক ডাইরেক্টলী পিপলস্ রিপ্রেজেনটেটিভস নয় তাঁরা পরোক্ষভাবে নির্বাচিত হচ্ছেন। গ্রাম পঞ্চায়েত থেকে অঞ্চল পঞ্চায়েত এবং তারপর আঞ্চলিক পরিষদ অর্থাৎ তৃতীয় স্তর থেকে চতুর্থ স্তরে টেনে নিয়ে এসেছেন। কাজেই আপনি যা বললেন এ'রা প্রাপ্তবয়স্কদের ভোটে এসেছেন সেখানে আমার বক্তব্য হচ্ছে যে সেকথা ঠিক নয়। এ'রা কেউ ডাইরেক্টলী ইলেকটেড হয়ে আসেননি অথচ আমরা চেয়েছিলাম সাধারণ মানুষের দ্বারা নির্বাচিত হয়ে এ'রা প্রথমে জেলা পরিষদে আসবে এবং সেইভাবে যদি

অন্ততঃ কিছু মেম্বার আসত তাহলে আমরা খুসী হতাম। স্যার, ডিস্ট্রিক্ট বোর্ডগুলোতে যখন ইলেকসন হয়েছে তখন দেশের লোকেরা সেখানে তাদের মেম্বারদের নির্বাচিত করে পাঠিয়েছে এবং তাদের মধ্যে এই জন্য একটা জাগরণ এসেছিল যে তারা মনে করত ডিস্ট্রিক্ট বোর্ডে আমরা মেম্বারদের পাঠাচ্ছি। কিন্তু এই জেলা পরিষদে আমরা যে মেম্বারদের পাঠাচ্ছি তাতে গ্রামের লোকেরা কিছু বুঝতে পারছেনা যে কে হবে জেলা পরিষদের মেম্বার। প্রেসিডেণ্ট আসবে, অধ্যক্ষ আসবে ইত্যাদি সব রয়েছে এবং পদাধিকার বলে এসব হয়ে যাচ্ছে। কিন্তু আমরা আশা করেছিলাম কিছু মেম্বার যদি জনসাধারণের ভোটে আসত তাহলে সাধারণ মানুষের মধ্যে একটা জাগরণ আসত এবং তারা বুঝত যে আমরা একজন দায়িত্বশীল মেম্বারকে জেলা পরিষদে পাঠাচ্ছি এবং যিনি নির্বাচিত হচ্ছেন তিনিও জানতেন যে আমি একটা দায়িত্বশীল পোস্ট-এ যাচ্ছি এবং জনসাধারণের ভোটে এসেছি। এই জিনিস যদি হোত তাহলে তিনি মনে করতেন আমাকে সমস্ত দায়িত্ব নিয়ে কাজ করতে হবে এবং তাঁর কাজের জন্য তিনি সমস্ত ভোটারের কাছে দায়ী থাকতেন। কিন্তু এই জেলা পরিষদে যিনি যাচ্ছেন তিনি সরাসরি জনসাধারণের কাছে দায়ী নন কারণ তিনি সরাসরি জনসাধারণের ভোটে আসছেননা। স্যার, মন্ত্রিমহাশয় বলেছেন মনোনীত সদস্য তিনি রাখেননি, কিন্তু আপনি যদি দেখেন তাহলে দেখবেন জেলা পরিষদের যাঁরা মেম্বার সেখানে ৪ জন অ্যাপয়েন্ট করবার সুযোগ রয়েছে এবং যেখানে আঞ্চলিক পরিষদ গঠিত হয়েছে সেখানে ৬ জন। আমি যখন ক্লজ বাই ক্লজ আলোচনা করব তখন দেখাব যে জেলা পরিষদে ৪ জন এবং আঞ্চলিক পরিষদে অন্ততঃ ৬ জন অ্যাপয়েন্টেড হচ্ছে। অথচ মন্ত্রিমহাশয় বললেন এখানে কোন মনোনীত সদস্য থাকবেন না এবং বাকী যেগুলি হয়েছে তাঁরা সাধারণভাবে নির্বাচিত হয়ে না এসে পঞ্চায়েতের মাধ্যমে আসছেন। যাহোক, যে উদ্দেশ্য সফল করবার জন্য মন্ত্রিমহাশয় বললেন ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন হচ্ছে তাতে আমরা দেখছি সেই ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন হচ্ছেনা বা ডেমোক্রেটিক ওয়ে-তে হচ্ছেনা। বরং আমরা মনে করি এতে ডেমোক্রেসীকে বিদ্রূপ করা হয়েছে এবং পিপলস্ পার্টিসিপেসন বলে যে কথাগুলি বলা হয়েছে তাতে আমরা যেভাবে আশা করেছিলাম সেইভাবে পিপলস্ পার্টিসিপেসন হোলনা।

মিঃ চেয়ারম্যান স্যার, আমি তাই অন্ততঃ মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো অন্ততঃ এই পর্যায়ে, যদিও আপনারা যখন জয়েন্ট সিলেক্ট কমিটি মিটিং করেছিলেন, দার্জিলিং-এ অনেক কিছু আলোচনা করেছিলেন এবং অনেক কিছু বিবেচনা করে এ্যামেন্ডমেন্ট নিয়েছিলেন, তথাপি এই হাউসে আলোচনা করার পূর্বে আপনারা যে সমস্ত এ্যামেন্ডমেন্ট করেছেন তাতে আরও কিছু সংশোধন করতে চাই। আমি যে বক্তব্যগুলি রাখছি সেগুলি অত্যন্ত ধীরভাবে বিবেচনা করে দেখবেন এবং যদি প্রয়োজন হয় এখনও এই এ্যামেন্ডমেন্ট নেবেন। আমি বলি কিছু সংখ্যক সদস্য অন্ততঃ প্রাপ্তবয়স্কের ভোট জনসাধারণের কাছ থেকে নিয়ে আসুন এবং কিছু সদস্য যারা গ্রাম পঞ্চায়েত-এর সদস্য তাদের মধ্য থেকে নিয়ে আসুন। তাহলে ডেমোক্রেটিক রূপ খানিকটা ফুটে উঠবে এবং জেলা পরিষদ শক্তিশালী হবে, এটা করা যায় কিনা বিবেচনা করে দেখবেন।

এখানে ৭ নম্বর এবং ১০ নম্বর ধারাতে এবং ৫২-৫৩ নং ধারাতে চেয়ারম্যান এবং ভাইস্ চেয়ারম্যান জেলাপরিষদের এবং প্রেসিডেন্ট এবং ভাইস প্রেসিডেন্ট অঞ্চল পরিষদের অবস্থা আমি মনে করি নিয়ন্ত্রণ করে রাখা হয়েছে। তাদের অবস্থা এমন করে রাখা হয়েছে তাতে তারা সব সময় ভয়ের মধ্যে থাকবে। তাদের আশংকা এমন যে কোন সময় কি হয়, পদচ্যুতি হয় কিনা কেননা তাদের এখানে ফ্লিমজী গ্রাউন্ডে অপসারণ করার পরিকল্পনা রয়েছে। এদিকে যারা চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান হচ্ছেন জেলা-পরিষদের তাঁরা নিশ্চয়ই বিশিষ্ট এবং সম্মানিত ব্যক্তি এবং দায়িত্বশীল পদে তাঁরা থাকবেন অথচ তাদের রিমুভ করার অপসারিত করার যে সমস্ত কারণ দেওয়া হয়েছে তা অত্যন্ত নগণ্য কারণ। তাদের সরকারের খেয়ালখুসীমত চলতে হবে। সরকার যখনই ইচ্ছা করবেন তখনই তাদের অপসারণ করতে পারবেন। সেখানে তাদের রক্ষা-কবচ বলে কোন কিছু দিচ্ছেন না। তারা যদি দোষ করে তাহলে তাদের তরফে কিছু বলবার সুযোগ দিন, অন্ততঃ পক্ষে তাদের প্রথম পর্যায়ে সাস্পেন্ড করে রাখুন। চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদের ক্ষেত্রে কোন জজের

দ্বারা এবং প্রেসিডেন্ট এবং ভাইস প্রেসিডেন্টের ক্ষেত্রে কেন সাবজজের দ্বারা ইনকুইয়ারী করতে পারেন। নিরপেক্ষ জনের মতামত নিয়ে তাদের রিমুভ করতে পারেন। অথচ এই রুলে সেই ব্যবস্থা আপনারা করছেন না। যাকে আপনারা নির্বাচিত প্রতিনিধি বলে মনে করছেন জেলা পরিষদের এবং অঞ্চল পরিষদের তাদের আপনারা দেখুন সামান্য কারণে রিমুভ করে দেবেন এটা কত যে অপমানজনক এবং অগণতান্ত্রিক সেটা নিশ্চয়ই সবাই বুঝতে পারে। সুতরাং সেখানে একটা রক্ষা কবচ রাখা দরকার যতক্ষণ না আপনারা হাইকোর্ট জজ বা সাব-জজ দ্বারা তাদের রিমুভ না করেন।

আর একটা দেখুন এই যে জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদ ইত্যাদি গঠিত হবে এগুলি সরকার সুপারসিড করে নিতে পারবেন এবং সমস্ত ক্ষমতাই গভর্নমেন্টের থাকবে, কিসের জন্য তার কোন কারণ নাই। হয়ত তাদের বক্তব্য খানিকটা শুনবেন এবং ইচ্ছা করলেই তাদের সুপারসিড করে রেখে দেবেন। যে সংস্থাগুলি গড়ে উঠেছে তা অতি সহজে সুপারসিড করে নেবেন যে পর্যন্ত না হাইকোর্ট জজ বা সাব-জজ দ্বারা রায় দেন।

[3-55—4-5 p.m.]

সুতরাং আমি মনে করি এখানে এমন একটা জিনিস আপনারা করে রেখেছেন যে জিনিসটা গণতন্ত্রের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। সুপারসেসান এই রকমভাবে কিছুতেই হওয়া উচিত নয় যতক্ষণ পর্যন্ত না হাইকোর্ট জাজ বা সার্বর্ডিনেট জাজ রায় দেন যে সুপারসেসান করা দরকার। যদি সুপারসিড করতে হয় তাহলে এক বছরের মত সুপারসিড করুন, তারপর যাতে তার ক্ষমতা ফিরে পায় তার ব্যবস্থা করুন। সেই জিনিসটা এখানে করা হয়নি। তারপর, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে নিয়ে একটা গুরুতর অনিয়ম এবং বিশৃংখলার সৃষ্টি করা হয়েছে। যে জেলা পরিষদ করা হয়েছে তার কতকগুলি স্ট্যান্ডিং কমিটি করা হয়েছে এবং জেলা স্কুল বোর্ড বলা হচ্ছে এটা হল ওয়ান অব দি স্ট্যান্ডিং কমিটিস অব দি জিলা পরিষদ এবং তার নাম দিচ্ছেন প্রাইমারী এডুকেশান কমিটি। অথচ জেলা স্কুল বোর্ড অটোনোমাস বডি হিসাবে ফাংকসান করে যাবে। জেলা পরিষদের সঙ্গে তাদের সম্পর্ক আছে, জেলা পরিষদ তাদের কিছু কিছু ইনস্ট্রাকসান দিতে পারে এবং সেই নির্দেশমত তারা কাজ করে যাবে। সমস্ত গ্রাম এলাকায় প্রাইমারী এডুকেশান বিস্তারের ভার জেলা স্কুল বোর্ডের হাতে। কিন্তু জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি হিসাবে জেলা স্কুল বোর্ডের হাতে প্রাইমারী এডুকেশানের দায়িত্ব থাকবে অথচ জেলা পরিষদ তাদের কন্ট্রোল করতে পারবে না এ কেমন করে হয়? এই যে প্রশাসনিক অসুবিধা দেখা দিয়েছে এতে ঝগড়া হবে এবং এর ফলে প্রাইমারী এডুকেশান ব্যাহত হবে। এটা কেন করা হল? আমরা বলি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড উঠিয়ে দেওয়া দরকার। স্ট্যান্ডিং কমিটি হিসাবে থাকবে জেলা পরিষদ। এ দিকে আপনারা বলছেন যে ক্ষমতা বিকেন্দ্রীকরণ কর জনসাধারণের প্রতিনিধিদের হাতে ক্ষমতা তুলে দাও। অথচ যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড অগণতান্ত্রিক নিয়মে গঠিত হয়েছে সেই ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড, প্রাইমারী এডুকেশান এ্যাক্ট থেকে দেখাতে পারি, তাতে প্রায় নোমিনেটেড মেম্বার এ্যাপয়েন্টেড মেম্বার, যে কটার ইলেকসান হওয়ার সুযোগ আছে সেই কটার ওপেন ইলেকসান হয়না, ফলে সত্যিকার জনসাধারণের প্রতিনিধি স্কুল বোর্ডে আসতে পারেনা। এই রকম অগণতান্ত্রিক উপায়ে জেলা স্কুল বোর্ড গঠিত হয়েছে। সেজন্য এই স্কুল বোর্ড এ্যাবলিস করে দেওয়া দরকার। সম্পূর্ণভাবে জেলা পরিষদের উপর ভার দেওয়া হোক যাতে তারা ভালভাবে কাজ করতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আর একটা সাজেসান দিতে চাই। আঞ্চলিক পরিষদ, অঞ্চল পঞ্চায়েৎ করলেন; আঞ্চলিক পরিষদ উড়িয়ে দিতে পারেন, অঞ্চল পঞ্চায়েত উড়িয়ে দিতে পারেন অন্যান্য রাজ্যে অঞ্চল পঞ্চায়েৎ বলে কোন জিনিস নেই। আমার শেষ কথা হচ্ছে পরিষদের ফান্ড কোথা থেকে আসবে? টাকা কোথা থেকে আসবে এর প্রভিসান কোথাও দেখতে পাচ্ছি না। যে সমস্ত স্কীম হবে সেই স্কীম করার জন্য যে টাকার দরকার তার কোন প্রভিসান এখানে দেখতে পাচ্ছি না। সুতরাং এই সমস্ত জিনিসগুলি বিবেচনা করে দেখবেন এবং আমরা যে সমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেগুলি দফাওয়ারী আলোচনার সময় বলব এবং আশা করব মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের এ্যামেন্ডমেন্টের কিছু কিছু গ্রহণ করবেন।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বিলটা যে যে কারণে আমি সার্কুলেসান দেবার জন্য বলেছি সেটা আপনার কাছে বলছি এবং আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি। যদিও এই বিলটার রূপ দেয়া হয়েছে যে সম্পূর্ণভাবে ডিসেন্ট্রালাইজেসন করা হচ্ছে কিন্তু যদি এটাকে য়্যানালাইজ করে দেখা যায় তাহলে দেখা যাবে যে যেমন ঘুড়ি উড়ানো হয় আকাশে, তার লাটাই ধরা থাকে মানুষের হাতে ঠিক জেলা পরিষদ বিলটা সেভাবে রচিত হয়েছে। এর কারণ হচ্ছে এটায় যদি প্রভিসান ভাল করে পড়া যায় তাহলে দেখা যাবে ডিসেন্ট্রালাইজেসান করতে গিয়ে মনের মধ্যে একটা ভীষণ আতঙ্ক এসেছে এবং সেই সঙ্গে সঙ্গে সেন্ট্রালাইজেসনের যে সেন্ট্রাল সেই কন্ট্রোলটকে এই বিলের মধ্যে রাখা হয়েছে অথচ ডিসেন্ট্রালাইজ করার যে অনেস্ট উপায় বা অনেস্ট যে একটা অর্থ বা নীতি সেটা এতে ফলো করা হয়নি, কেন হয়নি সেটা এই বিলটা ভাল করে দেখলে বুঝতে পারা যায়। কাজেই আমি বলবো যে এটা ওয়াচ ডগ অব দি স্টেট অব ওয়েস্ট বেঙ্গল। কি রকম, না স্টেট অব ওয়েস্ট বেঙ্গল যা করবে জেলা পরিষদে যাঁরা থাকবেন তারা তা করতে বাধ্য হবেন। একথা বলতে গিয়ে কিন্তু যে ক্লজ কটা আছে সে কটা সম্বন্ধে বলছি, অর্থাৎ রেভিনিউ ক্লজ—ফাইনানস যেখান থেকে পাওয়া যাচ্ছে, ক্লজ ৩৭, ৩৮ এবং ৩৯ এই ক্লজগুলি যদি আমরা ভালভাবে পরীক্ষা করে দেখি তাহলে দেখবো যে এর আগে যে ডিস্ট্রিক্ট বোর্ড ছিল তার যেখান থেকে ফাইনান্স যোগাড় করতো প্রায় সেভাবেই আছে, কেবল ২।৩ টা বাড়ান হয়েছে। বলা হচ্ছে যে একেবারে স্বর্গরাজ্য তৈরীহবে কিন্তু এই যে স্বর্গরাজ্য তৈরী করতে যাচ্ছেন তার ফান্ড কোথায়? এমন কি কয়েকটা জিনিস বলা হয়েছে যে এই এই জিনিস ভাল কেননা পাওয়া যাবে এবং এই টাকা দ্বারা এই ফান্ড হবে কিন্তু যদি ভালভাবে দেখি তাহলে দেখবো যে যে ফান্ডের কথা বলা হয়েছে সেই ফান্ড ইন কম্পারিসন উইথ এ্যকসান এ্যান্ড ফাংসানস্ খুব নগণ্য হবে। তখন অবস্থা কি দাঁড়াবে অবস্থা দাঁড়াবে যে স্টেট অব ওয়েস্ট বেঙ্গলের দিকে হাঁ করে চাতক পাখীর মত দাঁড়িয়ে থাকতে হবে, তখন ফেভারিটিজম আসবে। কি রকম মনে করেন আমরা স্টেট গভর্নমেন্ট কংগ্রেসের হাতে আছে, যদি জেলা পরিষদ অকংগ্রেসীদের হাতে যায় তখন নানারকমভাবে বাধা দেয়া হবে। যেমন মিউনিসিপ্যালিটিগুলির ক্ষেত্রে আমরা দেখতে পাই যে নানাভাবে স্টেট অথরিটি বাধা দেয়ার চেষ্টা করে। তখন এই বলে লোককে বুঝানো হবে যে যে টাকা স্টেট হতে স্যাংসন বা গ্রান্ট করা হবে যদি অন্য দলের লোক এই জেলা পরিষদে চেয়ারম্যান হয় কিম্বা ভাইস চেয়ারম্যান হয় তাহলে তারা টাকা পাবে না জেলা পরিষদ যদি অন্য দল দ্বারা কন্ট্রোলড হয় তাহলে পাবে না। ব্যাপারটা দাঁড়াবে এই আলটিমেটলি স্টেট গভর্নমেন্টের দিকে তাকিয়ে থাকতে হবে, কারণ সেলফ সাপোর্টেড সংস্থা করা যেত তাহলে দাঁড়িয়ে থাকার দরকার হত না। একটা প্রভিসন বার করেছেন সেটা হচ্ছে ল্যান্ড রেভিনিউর কিছু অংশ এই জেলা পরিষদ পাবে। কিন্তু যদি এই বিলের মধ্যে আমাদের বলে পরিষ্কারভাবে যে কত কি পোরসান জেলা পরিষদ পাবে—মোটামুটি যে য়্যাসেসমেন্ট আছে, প্রত্যেক ডিষ্ট্রিক্টে আমরা পাই—তাহলে বুঝতে পারতাম যে জেলা পরিষদ এত টাকা পাবে।

[4-5—4-15 p.m.]

আমি সেইজন্য বলছি যে এই বিলটি যদি সত্যিকারের ডিসেন্ট্রালাইজেসনের মতলবে করা হয় তাহলে এই জায়গায় এই ফাঁক অন্তত কেন রাখা যে

such part of land revenue collected in the district as may be determined by district board,

এটা পরিষ্কারভাবে যদি উনি বলতেন যে এতটা পোরসন ল্যান্ড রেভিনিউ আমরা জেলা পরিষদকে দিচ্ছি তাহলে মোটামুটি তর্ক করে বুঝতে পারতাম যে সত্যিই ডিসেন্ট্রালাইজেসন হোল কিনা। কিন্তু দেখতে পাচ্ছি সাচ পার্ট অব ল্যান্ড রেভিনিউ তার মানে সেটা কি করবেন অন্ধকারের তা আমাদের অন্ধকারের ভেতর রেখে দিলেন। এখানে বল্লেন ডিসেন্ট্রালাইজেসন করলেন। কাজেই আমি মনে করি ফাইন্যান্সের দিক দিয়ে এটা একটা বডি করার চেষ্টা করা হচ্ছে। কাজেই ডিসেন্ট্রালাইজেসনের যে মতলব সেটা সত্যিকারের সুমতলব না কুমতলব সেটা আমরা

এখানে বুঝতে পারছি না। আমি আর কয়েকটি কথা বলবো সেটা ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের কথা- কেন এটা রাখা হবে? এটা রাখার কি কেন প্রয়োজন আছে। এর কারণ সেখানে স্টেট গভর্নমেন্টের নমিনেশনের দ্বারা লোক থাকবে এবং সবচেয়ে ম্যাকসিমাম টাকা দেওয়া হচ্ছে যত টাকা তারা চায়। অর্থাৎ স্কুল বোর্ড একটা অটোনোমাস বডি থেকে সেখানে খারাপ করবেটা—এটা কেন রাখা হবে তা আমরা বুঝতে পারছি না। কাজেই আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে উনি যে জয়েন্ট কমিটিতে অনেকগুলি পরিবর্তন করেছেন কেন এটা পরিবর্তন করেন নি? এটা কি করা উচিত ছিল না? এটা তিনি একটু চিন্তা করে বা ভেবে দেখবেন আমি তাঁকে বলছি কারণ জেলা স্কুল বোর্ডকে জেলা পরিষদের ভেতর নিয়ে আসলে তাতে সেখানে অনেক লোক আছেন তারা নানা রকম ভেবে, মতামত দিয়ে স্থির করবেন, বা ঠিক করবেন কিভাবে কোন জায়গায় কি করা যায়। কিন্তু সেটা তিনি করলেন না—স্কুল বোর্ডকে আলাদা করে রাখছেন। আমি যেখানে থেকে এসেছি সেই বীরভূম জেলায় স্কুল স্কুল বোর্ডের মধ্যে প্রকাশ্যে যারা মাষ্টার হয়ে চাকুরী নেন সেই মাষ্টারদের থেকে প্রকাশ্যে ঘুষ নেওয়া হয়। সেটা রেগুলার কাগজে বেরিয়েছে। আমি বলছি এর জন্য মকদ্দমা করেও কোন ফল হয় নি। এই রকম আরও অনেক স্কুল বোর্ডে ব্যবস্থা আছে মাষ্টারকে এ্যাপয়েন্টমেন্ট নিতে হলে ২ শত ৫ শত টাকা দেওয়া হয়। সেটা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট আমাদের অঞ্চলে নেন এটা শৈলবাবু কি জানেন? যখন তিনি আমাদের ওখানে মিটিং করতে গিয়েছিলেন তখন সকলে তাঁকে বলেছিল যে আপনি কি জানেন যে যে ক্যান্ডিডেটক আপনি সাপোর্ট করতে এসেছেন সেই ক্যান্ডিডেট প্রকাশ্যে শিক্ষক নিয়োগের জন্য ২ শত ৫ শত টাকা ঘুষ নেন-এর মধ্যে ২ শত ৫ শতের আবার ভেরিয়েসন আছে।

[নয়েজ]

মনে করতে পারছেন না—যে জায়গাতে আপনাকে ঢিল মেরেছিল—মনে করে দেখুন। সেজন্য আমি বলতে চাচ্ছি একটা কথা যে এই স্কুল বোর্ড-এর কথা বলছেন সেখানে ১০ বছর আগে ইলেকসন হয়ে গেছে তার আর কান ইলেকসনের নামগন্ধ নেই—সেখানে চার বছর কেন ৮ বছর হয়ে গেল এখনও পর্যন্ত ইলেকসন হচ্ছে না—হয়তো মাঝে মাঝে সেলাম দিয়ে যাচ্ছে। কাজেই এই ধরণের স্কুল বোর্ডকে রাখার চেষ্টা কেন এই বিলে করা হয়েছে মিঃ চেয়ারম্যান স্যার, তা আমি আপনার মাধ্যমে জানতে চাই। এবং আমি মনে করি ওয়ান অব দি ষ্ট্যান্ডিং কমিটি করেন যদি তাহলে আমার মনে হয় অনেকটা ভাল হবে। ঐ স্কুল বোর্ডটিকে এ্যাবলিশন করে, অর্থাৎ রুরাল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট যেটা আছে সেটাকে রিপিল করে তারপরে আপনার ষ্ট্যান্ডিং কমিটিকে আন্ডার দি হোল কন্ট্রোল অব দি জিলা পরিষদ নিয়ে এলে আমার মনে হয় ভাল হবে। কারণ স্কুল বোর্ড রাখার আর যে কোন নেসেসিটি থাকবে বলে আমার মনে হয় না। তারপরে আপনাকে বলছি যে—রিমুভ্যাল সম্বন্ধে বলতে চাচ্ছি, রিমুভ্যাল সম্বন্ধে আপ্যার ক্লজ ১০ এবং ৭ এ কতকগুলি কথা বলা আছে। খুব ভালভাবে যদি এটা পরীক্ষা করে দেখা যায় তাহলে দেখা যাবে যে কি কি গ্রাউন্ডে—গ্রাউন্ডটা বলা নেই—একটা ভেগ এবং ইনর্ডেফিনিট এবং ইমপ্রেসাইজ কতকগুলি কথা বলা আছে। কাজেই কোন একটা জেলা পরিষদ একজিসটিং স্টেট গভর্নমেন্ট যদি অন্যায় করে তার বিরুদ্ধে বলতে যায় তাহলে ঐ ফ্লিমজি গ্রাউন্ডে—যেমন আজকাল মিউনিসিপ্যালিটিগুলিকে সুপারসিড করে নেওয়া হচ্ছে ঠিক তেমনি—নেওয়ার চেষ্টা করা হবে। কাজেই এটা পরিষ্কারভাবে বলা উচিত ছিল। যদি সত্যিকারের ডিসেন্ট্রালাইজড করতে চান তাহলে সত্যিকারের বলা উচিত ছিল, ঐ রকম ভেগ কয়েকটি পয়েন্ট না রেখে যে এই এই কারণে আমরা এটাকে নেবো। মিসকন্ডাক্ট বলা হোক বা আর কিছু বলা হোক তাহলে আমরা জানবো যে এই যে কথাটা বলেছেন ডি-সেন্ট্রালাইজ তার কোন দাম আছে বা তার সততা এবং সহৃদয়তা আছে। আর যদি তা না হয় তাহলে এইভাবে যে বলা হচ্ছে এই বলাতে যে বিশেষ করে কোন কাজ হবে তা আমরা মনে করি না। বরং ঐ জেলা পরিষদটা, স্টেটে যাদের গভর্নমেন্ট থাকবে, তাদেরই একটা পেটোয়া জয়ঢাক হয়ে দাঁড়াবে এইটা আমি মনে করি। আমি আর একটা কথা বলছি যে, জেলা পরিষদকে যদি ডি-সেন্ট্রালাইজেশন মেথড অব গভর্নমেন্ট করা যায় তাহলে এক্সিকিউটিভ অফিসার যেটা করা হচ্ছে ক্লজ ২৪এ তার

এ্যাপয়েন্টমেন্টটা এইভাবে করা হল কেন? এক্সিকিউটিভ অফিসারকে এ্যাপয়েন্ট করা হচ্ছে স্টেট গভর্নমেন্টের দ্বারা। কাজেই তিনি হলেন স্টেট গভর্নমেন্টের লোক। এই কর্পোরেশনের কান্ড আমরা ত অনেক দিন হতেই দেখলাম এবং জেলা পরিষদের অবস্থাও তাই হবে। কারণ যদি সেখানে দেখা যায় আর একটা বডি, অর্থাৎ যারা কংগ্রেস পার্টির নয়, তারা যদি সেখানে জেলা পরিষদকে লিড করে তখন দেখা যাবে এই এক্সিকিউটিভ অফিসারকে দিয়ে তাদের সমস্ত কাজকে বানচানল করে দেবার চেষ্টা করা হবে। কাজেই আমার বলার হচ্ছে যদি সত্যিকারের ডি-সেন্ট্রালাইজ করতে চান তাহলে ক্লজ ২৪এ যেভাবে এক্সিকিউটিভ অফিসারকে রাখা হয়েছে সেট্যা রাখা উচিত হবে না এবং উচিত নয় সেটাও আপনি বিবেচনা করে দেখবেন, আমি মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে এটা জানাচ্ছি। স্যার, আলোটা জ্বলেছে কিন্তু কথা হচ্ছে বিল ডিসকাশনের সময় টাইম লিমিট নেই। দিস ইস দি প্রিসিডেন্ট অব দি হাউস।

Mr. Chairman:

আই ক্যানট হেল্প ইউ, আপনাকে যে টাইম দেওয়া হয়েছে আমি তাই দিয়েছি।

Shri Bhakti Bhusan Mandal: This is the convention of the House, I understand from other members. I may be right or I may be wrong. I want a ruling from the Chairman as to whether it is the privilege of the members to discuss a Bill without any time-limit.

Mr. Chairman: For the purpose of this particular Bill, the time-limit has been fixed. So, we shall have to finish it within that period. Therefore, in order to enable us to finish the Bill within that limited time, a time-limit has been fixed for every speaker. I have received this list from this wing. So, I am bound by the time-limits as given here. I cannot help. You finish your speech. We are considering an amendment for circulation of the Bill. We are not discussing the Bill itself. I am not aware of any convention that discussion may be allowed and infinitum. So please finish your speech, Mr. Mandal.

[4-15—4-25 p.m.]

Shri Bhakti Bhusan Mandal:

আমি আরেকটা সম্বন্ধে বলতে চাচ্ছি যে উনি ডিসেন্ট্রালাইজেশনের কথাটা বলেছেন সেই ডি-সেন্ট্রালাইজেশনের সম্বন্ধে এক্সিকিউটিভ অফিসারের নিয়োগটা তিনি বিচার করে দেখবেন যে এটার সঙ্গে এক্সিকিউটিভের যে এ্যাপয়েন্টমেন্ট সেটার সঙ্গে ট্যালি করে কিনা এটা তিনি কনসিডার করে দেখবেন। এবং তারপর আরেকটা কথা বলছি যে পঞ্চায়েত রাজ যেটা তিনি করব বলে মনে করেছেন বা যা বলে গেলেন ইন সো মেনী ওয়ার্ড আমরা সেটাকে স্বাগত জানাই কিন্তু যে ভাবে করছেন সেটার সম্বন্ধে আমাদের আপত্তি আছে। আপত্তি আছে এই জন্য বলছি যে ভোট দেবার সিস্টেমে আমাদের আপত্তি আছে তা নয় কিন্তু জেলা পরিষদে যে ভাবে কম্পোজিশান সম্বন্ধে আমাদের আপত্তি আছে। কম্পোজিশানটা আমার মনে হয় এই ভাবে না করে ডাইরেক্ট ইলেকশান যদি করতেন ব্লক বাই ব্লক—কতকগুলি মেম্বারকে যেমন বলা হয়েছে প্রেসিডেন্ট অব দি ব্লক রিপ্রেজেন্ট করবে সেটা না করে যেমন ডিস্ট্রিক্ট বোর্ড ছিল তখন ইউনিয়ন বোর্ডের ভোটে যারা মেম্বার হতেন তাদেরকে দিয়ে প্রত্যেকটী থানাতে ইলেকশান হত বা কনস্টিটুয়েন্সি করা হত, তেমনি আমরা বলতে চাচ্ছি যে এতবড় যে একটি বডি করা হচ্ছে সেই বডিতে কিছু ডাইরেক্ট ইলেকশান -এর লোক থাকা উচিত ছিল। ডাইরেক্ট ইলেকশানটা আমি এই ভাবে বলতে চাইছি যে জেলা পরিষদের একেক ব্লকে এক একজন করে রিপ্রেজেন্ট-এর ব্যবস্থা হবে এবং সেটা এ্যাডাল্ট ফ্রানচাইজ এর দ্বারা হবে এবং তারাই ব্লক থেকে রিপ্রেজেন্ট করবে। এটাই যদি করতেন তাহলে আমার মনে হয় যে এটা ডিমোক্রাটিক হত। এবং সেজন্য যদি এটা কোন করণে সম্ভব না হয় তাহলে একটা ইলেকটোরেল কলেজ করে ঐ গ্রাম পঞ্চায়েতের যারা মেম্বার আছে এদেরকে নিয়ে একটা ইলেকটোরেল কলেজ করে আপনার সিংগিল ট্রান্স-

ফ রেবল ভোট যদি করতেন তাহলে মাইনোরিটিরা ওখানে রিপ্রেজেন্টেশান দিতে পারত। এটা তিনি কনসিডার করে দেখবেন। যদি তিনি মনে করেন যে পারা যায় তাহলে তিনি সেটা বিবেচনা করবেন। আমি এই সম্বন্ধে এই কয়টা কথা বলার জন্য আমি মনে করি যে উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে সেই উদ্দেশ্যটা সমস্ত ফ্রাস্টেট হয়ে যাবে এবং সেজন্য বিলটা সারকুলেট করা দরকার। এবং সারকুলেট করলে আরও যে সমস্ত ডিফেক্ট আছে তা জনসাধারণ আপনাদের জানিয়ে দিতে পারবে।

Shri Abhoy Pada Saha:

মাননীয় চেয়ারম্যান স্যার, এই জিলা পরিষদ বিল আমাদের মাননীয় স্বায়ত্ত শাসন মন্ত্রী এখানে উপস্থাপিত করেছেন অবশ্য এই জেলা পরিষদ বিল জয়েন্ট সিলেক্টকমিটিতে অনেক সংশোধন হয়েছে আমরা দেখতে পাচ্ছি। কিন্তু আমার মনে হয় এই মূল উদ্দেশ্য যা বিলে ছিল সেই উদ্দেশ্য ঠিকই আছে। কারণ দেখা যাচ্ছে ইংরেজ আমলে স্বায়ত্ত শাসন যে ভাবে চলত এবং তার নেতৃত্ব যে শ্রেণীর হাতে থাকত এখন ও ঠিক সেই ভাবে যাতে সেই শ্রেণীর হাতে থাকে নেতৃত্ব সেই শ্রেণীর হাতে থাকে ঠিক সেই ভাবেই বিলটা তৈরী করা হয়েছে। অবশ্য তিনি বলেছেন গ্রাম থেকে নতুন নেতৃত্ব দিতে পারবেন এই বিলের দ্বারা। এই কথা যে ঠিক নয় তা একটু বিশ্লেষণ করে দেখলেই বোঝা যাবে। ইংরেজ আমলে গ্রাম্য স্বায়ত্ত শাসন তিন ধাপে ছিল। ইউনিয়ন বোর্ড, জেলা বোর্ড আর লোকাল বোর্ড—অবশ্য জেলা বোর্ড উঠে গিয়েছিল আর এরা এখন করতে চাচ্ছেন চার ধাপে সেটা হচ্ছে গ্রাম পঞ্চায়েত অঞ্চল পঞ্চায়েত আঞ্চলিক পরিষদ আর জেলা পরিষদ—এই চার ধাপে তারা করতে চাচ্ছেন। ইংরেজ আমলে এই তিন ধাপে তাদের শাসন ঠিক ভাবে চলে গিয়েছিল। কারণ সেই রাজ্যের যে স্তম্ভ সেই স্তম্ভ ছিল অল্প, খুঁটি ছিল অল্প, অল্প খুঁটিতে শাসন যন্ত্র কায়েম রাখা যেত। কিন্তু এখন খুঁটি একটু বেশী না করলে সেই রকম শাসন ব্যবস্থা থাকবেনা বলে এই ব্যবস্থা করা হয়েছে। ইউনিয়ন বোর্ড আগে ৯ জন সদস্য থাকতো সেই ৯ জন লোকই বড় বড় জোতদার জমিদার এবং স্বার্থ সংশ্লিষ্ট লোক তারাই থাকতো। এবং প্রেসিডেন্ট যতো সেই জোতদারেরই লোক। এখন গ্রাম পঞ্চায়েতে কি হয়েছে অঞ্চল পঞ্চায়েতে কি হয়েছে–অবশ্য গ্রাম সভাতে সাধারণ লোক সদস্য হবার সম্ভবনা রয়েছে কিন্তু অঞ্চল পঞ্চায়েতে বেশীর ভাগ ক্ষেত্রে সদস্য হবে ঐ সব বড় বড় জমিদার এবং স্বার্থ সংশ্লিষ্ট লোক এবং প্রতিক্রিয়াশীল লোকই আসবেন। এটা আমরা দেখতে পাচ্ছি তার কারণ অনেক জায়গায় অঞ্চল পঞ্চায়েত নির্বাচন হয়ে গিয়েছে এবং কাজ ও চলছে। এই অঞ্চল পঞ্চায়েতে কারা অঞ্চল প্রধান হয়েছে যারা ইংরেজ আমলে প্রেসিডেন্ট হতো তারাই প্রায় শতকরা ৮০ থেকে ৮৫ ভাগ তারাই অঞ্চল প্রধান হয়েছে। কিন্তু যদি প্রত্যক্ষ ভোট হত আঞ্চলিক সদস্য হবার জন্য তাহলে আসতে পারত না। অঞ্চল পঞ্চায়েতের পরোক্ষ ভোটে ঐ যে গুটি কয়েক গ্রাম পঞ্চায়েতের সদস্য ১২ থেকে ১৫ জন তাদের করায়ত্ব সহজেই করতে পারা যায়। এই ১৫ জন লোককে নানারকম স্বার্থ দিয়ে হাত করে অঞ্চল পঞ্চায়েতে সব বড় বড় জোতদার এবং স্বার্থ সংশ্লিষ্ট লোক এসে গিয়েছে। এবং আমি মনে করি ঠিক জেলা পরিষদও এই ভাবে হবে। কোন পরিবর্তন হবেনা। যারা স্বার্থ সংশ্লিষ্ট লোক যারা আগে থাকতে ইংরেজ আমল থাকতে যারা জেলা বোর্ডের মেম্বার আছে জেলা বোর্ডের চেয়ারম্যান আছে তারাই হবে। একটু কেবল রূপ পরিবর্তন হয়েছে একটু অন্য রকম ধাঁচের হয়েছে। কারণ আমরা দেখতে পাচ্ছি যে যেখানে নির্বাচন হয়ে গিয়েছে সেখানে শতকরা ৮০ থেকে ৮৫ ভাগই সেই বৃটীশ আমলের ব্যক্তি যারা প্রেসিডেন্ট ছিলেন তারাই অঞ্চল প্রধান হয়েছেন। সেই জন্য পরোক্ষ ভোটের আশ্রয় গ্রহণ করেছেন। প্রত্যক্ষ ভোট হলে অন্য রকম নেতৃত্ব হত নেতৃত্ব অন্য শ্রেণীর হাতে চলে যাবে। এই জন্য তারা প্রত্যক্ষ ভোট বাতিল করে পরোক্ষ ভোটের আশ্রয় নিয়েছেন। এবং এতে আরও সুবিধা হয়েছে যে অনেক এক্স অফিসিও মেম্বার আসতে পারছেন।

[4-25—4-35 p.m.]

আমি মুর্শিদাবাদের কথা বলছি। সেখানে যে ২২ থেকে ২৫টি ব্লক আছে সেই ২৫টি ব্লক-এর যাঁরা আঞ্চলিক সভাপতি বা প্রেসিডেন্ট হয়ে আসবেন

তাঁরা আসবেন কোন শ্রেণী থেকে? স্যার, আমি আগেই বিশ্লেষণ করে বলেছি যে, আগে যিনি প্রেসিডেন্ট হবেন তিনিই আবার আসবেন, নূতন কারুর নেতৃত্ব দেবার সুযোগ নেই। আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে মন্ত্রিমহাশয়কে একটু বিবেচনা করে দেখতে বলছি যে, আঞ্চলিক পরিষদের যিনি চেয়ারম্যান হয়ে আসবেন সেটা এক্স—অফিসিও না করে আঞ্চলিক পরিষদের মেম্বারদের দ্বারা নির্বাচিত কোন মেম্বার যদি আসেন তাহলে ভাল হয় এবং গ্রাম পঞ্চায়েত থেকে যিনি এসে অধ্যক্ষ হবেন সেখানে যদি এই ব্যবস্থা হয় যে গ্রাম পঞ্চায়েতের সদস্যদের দ্বারা নির্বাচিত হয়ে গ্রাম পঞ্চায়েতের যে কোন সদস্য আসতে পারবেন তাহলে সেটা ভাল হয়। এক্স অফিসিও না করে যদি এরকম নূতন একটা ব্যাপক ব্যবস্থা করতে পারেন তাহলে নূতন নেতৃত্ব দেবার সম্ভাবনা থাকবে। এই সব ব্যাপারে আমি অনেক এ্যামেন্ডমেন্ট দিয়েছি এবং আশা করছি মন্ত্রিমহাশয় সেগুলো গ্রহণ করবেন। এই বিলে আর একটা জিনিস আছে যে, যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেখান থেকে একজন চেয়ারম্যান আসবেন। এটা যখন গ্রামের স্বায়ত্ত শাসনের ব্যাপার তখন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান-এর আসার কি প্রয়োজন? গ্রামের স্বায়ত্ত শাসন-এর ব্যাপারে শহরের প্রতিনিধি কেন আসবেন? আমার মনে হয় গ্রামের স্বায়ত্ত শাসনের ব্যাপারে গ্রামের লোকেরই থাকা উচিত। যাহোক, আমার অনেক এ্যামেন্ডমেন্ট আছে কাজেই ধারাগুলি যখন আসবে তখন আমি আমার বক্তব্য বিশেষভাবে রাখব।

Shri Shamsuddin Ahmed:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, জেলা পরিষদ বিল জনমত সংগ্রহের জন্য পুনরায় প্রচার করা হবে কিনা এ সম্পর্কে আলোচনায় অংশ গ্রহণ করতে উঠে আমার বক্তব্য হচ্ছে জনমত সংগ্রহের জন্য একে প্রচার করবার কোন প্রয়োজন নেই এবং যে উদ্দেশ্য নিয়ে এই বিল রচিত হয়েছে তাতে এই ধারাগুলি দিয়ে আমরা যে তা সফল করতে পারব সে সম্পর্কে আপনার মারফৎ আমি এই সভার কিছু বলতে চাই। স্যার, ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হবার পর আমরা নূতন ভারতবর্ষকে দেখেছি। কিন্তু প্রাচীন ভারতবর্ষে গ্রামীন জীবন-যাত্রা এবং পুরো সমাজ ব্যবস্থা শুধু অর্থনৈতিক বন্ধনে বাঁধা ছিল না, মানবিক আবেদনে মানুষ অপর মানুষের সংগে সম্পর্ক স্থাপন করেছিল সেই সমাজ ব্যবস্থা ভেংগে চুরমার হয়ে গেছে। যে গ্রামে একদিন স্বাবলম্বী ছিল, যে গ্রাম তার অধিবাসীদের জন্য সর্ববিধ ব্যবস্থা করে রাখতে পারত সেই গ্রামীণ অর্থনীতি ভেংগে চুরমার হয়ে গেছে এবং ইংরেজ আমলে সেই অর্থনীতিকে বিন্যাস বা সঞ্জীবিত করবার প্রচেষ্টা করা হয়নি। গ্রামের যুগ শেষ হয়ে গেছে এবং শিল্পের যুগও ভারতবর্ষে প্রতিষ্ঠা লাভ করতে পারেনি। এখানে সেখানে ছড়িয়ে ২।৪টি শিল্প প্রচেষ্টা গড়ে উঠেছে এবং যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে বর্তমান সভ্যতা আমদানী করবার চেষ্টা করা হয়েছে। ইংরেজ আমলে এইসব যা করা হয়েছিল সেগুলি সবই করা হয়েছিল ইংরেজের স্বার্থ সফল করবার জন্য, ভারতবর্ষের অর্থনীতিকে পুনর্বিন্যাস করবার জন্য করা হয়নি। ঠিক তেমনি আমাদের সাধারণের মধ্যে যে সহযোগিতার মনোভাব ছিল সেই সহ-যোগিতার মনোভাব নষ্ট হয়ে যাবার ফলে এবং দেশের সম্পদ কমে যাবার জন্য একজন লোকের হাতে অধিক সম্পত্তির মালিকানা এসেছে এবং তার ফলে পরস্পরের মধ্যে হানাহানির ভাব দেখা দিয়েছে। শুধু তাই নয়, অভাবের ফলে আমাদের সাধারণের মধ্যে যে মানবিক গুণ ছিল সেই মানবিক গুণ লোপ পেয়ে যায় এবং তার ফলে সাম্প্রদায়িক কলহ, সামাজিক কলহ, ভাইয়ে ভাইয়ে বিচ্ছেদ দেখা দেয় এবং ভারতবর্ষের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবন বিপর্যস্ত হয়ে যায়। ইংরেজ দেশ শাসন করবার জন্য যে ব্যবস্থা করেছিল সেই শাসন ব্যবস্থায় যাঁরা অংশ গ্রহণ করতেন, যাঁরা কর্মচারী ছিলেন তাঁরা ভারতবর্ষের মাটিতে জন্মালেও নিজেদের স্বতন্ত্র শ্রেণী বলে মনে করতেন।

এবং সেই শাসন ব্যবস্থায় যে সুবিচারের কথা ছিল সেই সুবিচার শাসন ব্যবস্থার বয়ে আসতে আসতে যখন সাধারণ লোকের দ্বারের কাছে পৌঁছুত তখন তার করুণার ধারা সুবিচারের ধারা শুকিয়ে গেছে। এই শাসন ব্যবস্থা যেটা ছিল সেটা হচ্ছে একটা কাঠামো মাত্র। একটা জিনিষ দেখান ছিল যে এর মাঝখান দিয়ে তোমরা সব কিছু পাবে কিন্তু যে পর্যায় পার হয়ে ক্রমশঃ ক্রমশঃ আসতে হত তাতে শেষ পর্যন্ত কিছুই পেতে

সক্ষম হতাম না। স্বাধীনতা পাবার পর এই গ্রামীন জীবনকে পুনর্বিন্যস্ত করবার জন্য আমাদের কি করণীয় আছে, তার জন্য গভীরভাবে মনোনিবেশ করা হয়। যে মাননীয় সদস্যরা সার্কুলেশন মোশনের সমর্থনে বক্তৃতা করেছেন তাঁরা আমার মনে হয় একটি জিনিষ সম্বন্ধে ভুল ধারণা পোষণ করেন। তাঁরা মনে করেন ইংরেজ আমলে প্রবর্ত্তিত যে শাসন ব্যবস্থা তার পরিবর্ত্তে আমরা সম্ভবতঃ কোন উন্নততর শাসন ব্যবস্থা প্রবর্ত্তন করতে যাচ্ছি। জেলা পরিষদ বিলকে পঞ্চায়েত রাজ কায়েম করবার শেষ ধাপ হিসাবে আমরা এখানে প্রবর্তন করতে যাচ্ছি। ইংরেজ আমলের শাসন ব্যবস্থা নয়, পঞ্চায়েত রাজ প্রবর্ত্তন করে, মানুষের জীবন সংগী, মানুষের—অর্থনৈতিক ও সামাজিক জীবন যাপনের যে পদ্ধতি এবং প্রক্রিয়া নূতন করে আনতে চাচ্ছি, তার পেছনে একটি সম্পূর্ণ সর্বাংগীণ নূতন দৃষ্টিভংগী আছে। এটা শুধু মাত্র কয়েকজন লোককে বা অল্প লোককে কাজ কর্ম দেবার জন্য বা তাদের শাসন বিভাগে ট্রেনিং দেবার জন্য এই প্রতিষ্ঠানগুলো করা হচ্ছে না। এই প্রতিষ্ঠানগুলোকে যেন আমরা সেই দৃষ্টিভংগীতে দেখি। আমরা এখান থেকে নূতন জীবন ধারা পত্তন করতে চলেছি। আমরা আইন মারফৎ পল্লী বাংলার দীনতম কুটিরের প্রান্তে সামাজিক বিপ্লবকে নাগরিক অধিকারকে পৌঁছে দিতে চাচ্ছি সেকথা যেন আমরা ভুলে না যাই। আমরা যারা এই বিল সমর্থন করছি, আমরা মনে করি, ভারতবর্ষ যে বিশেষ অর্থনৈতিক অবস্থায় আছে, তার উন্নতির জন্য আমরা বিলে যে সমাজব্যবস্থা প্রবর্তন করতে যাচ্ছি, সেই সমাজ ব্যবস্থা প্রবর্তন করা সংগত কিনা, সমীচীন কিনা এ নিয়ে মতদ্বৈধ থাকতে পারে, কিন্তু আমি অন্ততঃ নিজে মনে করি যে আমরা যে সমাজ ব্যবস্থা করতে যাচ্ছি, এই সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থার মাঝখানে প্রথম সোপান বা সিঁড়ি হবে এই গ্রাম পঞ্চায়েত। গ্রামের লোকের যে অর্থনৈতিক প্রয়োজন, তার পরিপূরণ যে ব্যবস্থা হওয়া দরকার, গ্রামীন অর্থনীতিতে গ্রামবাসীদের যে শিল্প ব্যবস্থা হওয়া দরকার সেই শিল্প ব্যবস্থা প্রবর্তন করবার জন্য, গ্রামের লোকের বিভিন্ন প্রয়োজনীয় জিনিষ সরবরাহ করবার জন্য সেবামূলক প্রতিষ্ঠান যে গড়ে উঠা উচিত, আমরা সেই ধরণের সেবামূলক প্রতিষ্ঠান হিসাবে এই গ্রাম পঞ্চায়েতকে দেখতে চাই। এবং গ্রাম পঞ্চায়েতের ব্যাপারে আমরা একটি বিশেষ অবস্থায় আছি বলে আমাদের করণীয় যে কর্তব্য তা আমরা করতে স্বভাবতঃই চাই না। আমার সামর্থ্যে কুলোলে আমার ভাইকে বাঁচাতে চাই, এই হচ্ছে আমাদের স্বাভাবিক মানসিক প্রবৃত্তি। যে গ্রাম পঞ্চায়েত গড়ে তুলছি তার উপর যদি ক্ষমতা দিতাম তাহলে দেখা যেত গ্রামের উন্নতির জন্য যে অর্থ সংগ্রহের কথা ভাবছি, সেই অর্থ সংগ্রহ অনেক পরিমাণে কম হত। তাই আমরা আঞ্চলিক পরিষদের পরিকল্পনা করেছি। সেই অঞ্চল পঞ্চায়েৎ দূরবর্তী জায়গা থেকে সরাসরি গ্রামের সংগে যোগাযোগ না রেখে টাকা ধার্য্য করবে ট্যাক্স ধার্য করবে এবং যে টাকা সংগ্রহ করবে সেটা আদায়ের অনুপাতে বণ্টন করে দেবে। এবং গ্রাম পঞ্চায়েৎ যে কাজগুলি করতে পারবে না, বৃহৎ আকারের যে কাজ সেই কাজ-গুলি করার দায়িত্ব আইন অনুসারে আঞ্চলিক পরিষদের উপর অর্পিত হচ্ছে, এবং আঞ্চলিক পরিষদ যে কাজ করতে সক্ষম নয়, বা দুটো তিনটা আঞ্চলিক পরিষদের কাজের সংগে সংশ্লিষ্ট, তার ভার জেলা পরিষদের উপর দেওয়া হচ্ছে।

[4-35—4-45 p.m.]

এবং জেলা পরিষদের উপর যে কাজের ভার দেওয়া হচ্ছে সেটা সমস্ত মানুষ সমস্ত সদস্য অভিনিবেশ সহকারে দেখেছেন। আমরা একমাত্র বৃহত্তর অর্থনীতি বা সমগ্র জাতিকে একসংগে এ্যাফেক্ট করবে প্রভাবিত করবে তা যদি দিয়ে যা কিছু করণীয় কাজ আছে প্রায় সমস্ত কাজ জেলা পরিষদের হাতে অর্পণ করেছি। জেলা পরিষদের হাতে অর্পিত এই কাজ আঞ্চলিক পরিষদ এবং গ্রাম পঞ্চায়েতের মারফৎ গ্রামের শেষ প্রান্ত পর্যন্ত পৌঁছে যাবে এই পরিকল্পনা করা হয়েছে। এখানে যাঁরা জনমত সংগ্রহের জন্য এই বিল প্রচার করতে চাইছেন সেই মাননীয় সদস্য বন্ধুদের সমালোচনা হচ্ছে মোটামুটি এই চার রকমে ধাপে ধাপে রাখবার কারণ কি। সেই কারণগুলি সম্পর্কে আমি মোটামুটি উল্লেখ করেছি—যদি অভিজ্ঞতায় দেখা যায় যে চারটা ধাপ রাখার প্রয়োজন নাই অর্থাৎ অঞ্চল পঞ্চায়েৎ রাখার প্রয়োজনীয়তা দেখা দেবে না, জনমত এই পর্যায়ে এগিয়ে গেছে যে করের ব্যাপারে জন-সাধারণ কিছুমাত্র ইতস্ততঃ করছে না, তারা গ্রামের মঙ্গলের জন্য ভায়ের দিকে তাকাচ্ছেনা,

গ্রামের মঙ্গলের জন্য যার যা দেয় আছে তা আদায় করার জন্য একমত হয়েছে তাহলে নিঃসন্দেহে অঞ্চল পঞ্চায়েৎ তুলে দেবার কথা আমরা ভেবে দেখতে পারব। এ কথা ঠিক নয় যে আমরা লেজিসলেসান শেষ করে দিচ্ছি। আমরা নতুন একটা জিনিস প্রবর্তন করতে যাচ্ছি যাকে আমরা অভিজ্ঞতা দিয়ে দেখে যাচাই করে করব। এখন যে যে অঞ্চলে অঞ্চল পঞ্চায়েৎ গ্রাম পঞ্চায়েৎ প্রবর্তিত হয়েছে সেই অঞ্চলের সদস্য যাঁরা আছেন তাঁরা নিশ্চয়ই স্বীকার করবেন যে অঞ্চল পঞ্চায়েতের দরকার ছিল। যে যে কাজ তাঁরা করছেন যদিও তাঁদের হাতে সাক্ষাৎ কোন দায়িত্বভার অর্পিত নেই তবুও শুধুমাত্র টাকা সংগ্রহ করবার জন্য, বিলি বণ্টন করবার জন্য এ'রা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন এবং যে যে এলাকায় অঞ্চল পঞ্চায়েৎ ব্যবস্থা প্রবর্তিত হয়েছে তাঁরা নিঃসন্দেহে আমার সঙ্গে একমত হবেন। যাঁরা অঞ্চল পঞ্চায়েতে কর্তৃত্ব করছেন তাঁদের নিয়ে যদি আমরা আঞ্চলিক পরিষদ গঠন করি তাহলে তাতে বাধা হচ্ছে এইজন্য যে তাঁরা মোটামুটি তাঁদের এলাকায় যে কাজের ভার নিয়েছেন সেই কাজ তাঁরা সম্পাদন করবেন এবং তাঁদের এলাকায় কি কি কাজ করা দরকার তার জন্য যে অর্থ সংগ্রহ সেটা করবার জন্য যদি আঞ্চলিক পরিষদের কোন সদস্য থাকেন তাহলে নিঃসন্দেহে তাঁদের সুবিধা হবে। ঠিক একইভাবে আঞ্চলিক পরিষদে মূলতঃ আমরা অর্থ পাব জেলা পরিষদের কাছ থেকে এবং আঞ্চলিক পরিষদে যিনি সভাপতি হবেন তাঁর অঞ্চল পরিষদে কি কি কাজের প্রয়োজনীয়তা আছে এবং কি কি কাজ করতে তিনি সক্ষম হবেন তাঁর বিশেষ অবস্থা সম্পর্কে জেলা পরিষদকে অবহিত করবেন এবং জেলা পরিষদ তাঁর অবস্থা দেখে ব্যবস্থা করবেন। তিনি যদি নিজে কাজ গ্রহণ করেন তাহলে সুবিধা হবে, তার ফলে গ্রামের উন্নয়ণ ব্যবস্থার জন্য বিভিন্ন যে ধাপের ব্যবস্থা রয়েছে এই বিভিন্ন ধাপে ধাপে যোগাযোগটা প্রকৃষ্ট হবে এবং তা কার্যকরী করার পক্ষেও নানারকম সুবিধা হবে বলেই আপাততঃ বলে এই ব্যবস্থা রাখা হয়েছে। আমরা যেন একথা সব সময় মনে রাখি যে যে পঞ্চায়েৎ ব্যবস্থা প্রবর্তিত করতে যাচ্ছি এখন পর্যন্ত আমাদের গ্রামবাসী সেই পঞ্চায়েৎ ব্যবস্থা প্রবর্তন করার মত মানসিক যোগ্যতা অর্জ্জণ করেনি। পঞ্চায়েৎ আইন প্রবর্তন করলেও আদর্শ পঞ্চায়েৎ ব্যবস্থা হতে পারে না। যেখানে ন্যায় পঞ্চায়েৎ প্রবর্তিত হয়েছে সেখানে সেখানে আমরা এটা দেখেছি যে যিনি বিচারক তিনি সব সময় সুবিচার করতে পারেন নি। শুধু মাত্র পঞ্চায়েতে কতৃত্ব করবার জন্য, তার অধ্যক্ষ কবার জন্য খুন হতে আমরা দেখেছি মারামারি হতে দেখেছি এবং এ নিয়ে নিকৃষ্টতম জঘণ্য দলাদলি হতেও আমরা দেখেছি। আমরা একথা বলতে পার যে গ্রামাঞ্চলে পঞ্চায়েৎ ব্যবস্থা প্রবর্তিত হওয়ার ফলে পঞ্চায়েৎকে কেন্দ্র করেও বহু নতুন মামলা প্রবর্তিত হয়েছে। এখন পর্যন্ত গ্রামের লোকেরা মনে করে বৃটিশ আমলে যে স্বায়ত্ব-শাসন ব্যবস্থা প্রবর্তিত ছিল তার যারা কর্তৃত্ব করত তাদের বাড়ীতে এস ডি ও ম্যাজিস্ট্রেট উঠতেন, রাজশাসনের যাঁরা প্রতিভূ ছিলেন তাঁদের [illegible] ঘেঁষাঘেঁষি করে থাকব, সম্মানের আসনে থাকব, এস ডি ও ম্যাজিস্ট্রেটকে দরবার দেব, পার্টি দেব এটা গ্রামের লোকেরা মনে করে। এই নেতৃত্ব করবার যে বাসনা আমাদের মনে বদ্ধমূল ছিল আজকের দিনে যারা বয়ঃপ্রাপ্ত নাগরিক তাদের মনের মধ্যেও ইংরাজ আমলের সেই শিক্ষা থেকে গেছে, সমাজ ব্যবস্থার প্রভাব থেকে গেছে। তার ফলে এখনও তারা মনে করে অঞ্চলের অধ্যক্ষ হলে প্রধান হলে রাষ্ট্রীয় ক্ষমতা যে কর্মচারীদের উপর ন্যস্ত আছে তাঁদের কাছাকাছি আমরা থাকব, আমার মর্যাদা বর্দ্ধিত হবে। পঞ্চায়েৎ ব্যবস্থা এই জন্য করা হচ্ছে কাউকে ক্ষমতায় প্রতিষ্ঠিত করবার জন্য নয়, কাউকে সম্মান দেবার জন্য নয়; গোটা সমাজের মাঝখানে সহযোগিতার ব্যবস্থা, অর্থনৈতিক পুনরুজ্জীবনের ব্যবস্থা, গ্রাম জনপদ মানুষকে ভালবাসবার যে ব্যবস্থা প্রবর্তিত করতে যাচ্ছি তার দায়িত্বভার পঞ্চায়েতের উপর দেওয়া হচ্ছে। আমার মনে এই কথা হয়না যে নির্বাচন করলে এই ব্যবস্থা সর্বক্ষেত্রে প্রকৃষ্টরূপে সফল হতে পারবে। এই কথা কি আমরা বুকে হাত দিয়ে বলতে পারি আমরা যে ২৫২ জন সদস্য এখানে এ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজের ভিত্তিতে নির্বাচিত হয়ে এসেছি আমরা সর্বগুনে গুনান্বিত হয়ে নির্বাচিত হয়ে এসেছি? আমাদের মাঝখানে কি আমাদের চরিত্রের লিমিটেসান নেই? আমাদের চরিত্রের কি খর্বতা নেই? আমরা কি খন্ডিত মানুষ নই? আমি অন্ততঃ নিজে মনে করি এই সভার অনেক সদস্য আছেন যাঁদের এই সভার দায়িত্বভার পালন করবার মত যোগ্যতা নেই। তবুও আমরা ইলেকটেড্ হয়ে এসেছি। প্রাপ্ত বয়স ভোটাধিকার দিলেও সর্ব সময় সর্বক্ষেত্রে যে

সর্বশ্রেষ্ঠ লোক নির্বাচিত হবে তার কোন মানে নেই, নাও হতে পারে। এটা নির্ভর করবে যাঁরা নির্বাচক যাঁরা ভোট দিচ্ছেন তাঁদের গুণগত যোগ্যতা কতদূর পর্যন্ত উঠেছে, তাঁদের মতবাদ কতদূর পর্যন্ত উন্নত হয়েছে তার উপর। তারই উপর নির্ভর করবে এই ব্যবস্থা সফল লাভ করবে কিনা।

যে ব্যবস্থা প্রবর্তিত হতে যাচ্ছে সেই ব্যবস্থা অনেকটা পরীক্ষামূলক, সেই ব্যবস্থা সম্পর্কে পৃথিবীতে কোন জাতীয় অভিজ্ঞতা নেই। যে ব্যবস্থা আমরা প্রবর্তন করতে যাচ্ছি আমরা নিশ্চয়ই দেখে দেখে ঠেকে ঠেকে কাজ শিখবো এবং যেখানে যেখানে আমাদের বাধা আসবে, যেখানে যেখানে আমরা প্রতিবন্ধকতা পাবো নিশ্চয়ই সেই বাধা দূর করবার জন্য আমরা সর্ব-সময়ে সর্বাঙ্গীনভাবে চেষ্টা করবো। আমরা ভারতবর্ষের লোক—এককালে ভারতবর্ষে যৌথ সমাজব্যবস্থা প্রবর্তিত ছিল। আমাদের যৌথ পরিবারের যদি কোন লোক অক্ষম হত, রোজগার করতে না পারতো তাকে আমরা ছেড়ে দিই নি। একদিন যৌথ পরিবারের যিনি গৃহিণী ছিলেন তিনি সমস্ত পরিবারের সমস্ত সম্পদ সকলের প্রয়োজন অনুসারে বণ্টন করে দিয়েছেন। আমরা চাচ্ছি গ্রাম পঞ্চায়েৎ ব্যবস্থা প্রবর্তিত হোক। সেই গ্রাম পঞ্চায়েতের যিনি অধ্যক্ষ হবেন তিনি গ্রামের সম্পাদক গ্রামের মানুষের প্রয়োজনে ঠিক আপন জনের মত বণ্টনের ব্যবস্থা করে দিতে পারবেন, সেই গ্রাম ব্যবস্থাকে আমরা চাচ্ছি। শুধুমাত্র লেজিসলেসান, আইন প্রবর্তন নয়। মানুষের মনকে সেই পর্য্যায়ে উন্নীত করবার জন্য মানুষের জীবনে নূতন দিগন্ত আনবার জন্য ভালবাসার মাঝখান দিয়ে প্রেমের মাঝখান দিয়া সহযোগিতার মাঝখান দিয়া বাংলাদেশের গ্রামীন জীবনে নূতন বিপ্লব সূচনা করবার জন্য যে বিল এসেছে, এই বিল আমরা মনে করি আমাদের যে মনীষা আছে যা দিয়া এই বিলকে আমরা সংশোধন করে এখানে উপস্থিত করেছি এই বিল গ্রহণ করলে আমরা কাজ সুরু করতে পারি এবং যে বাধা প্রতিবন্ধকতা আসবে তাকে দূর করতে পারি। মনুষকে যখন আমরা বিশ্বাস করতে পেরেছি সেই মানুষের জয়ের জন্য যা কিছু করণীয় সেই দায়িত্বভার আমরা কখনও পিছপা হতে পারবো না—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Lakshmi Ranjan Josse: Mr. Chairman, I must congratulate the Hon'ble Minister for having conceived of such a piece of legislation. This is a wonderful conception and very beneficial, too. But when it came down to the work of drafting the sections and sub-sections the lust for power prevailed. We find the high ideals of Guru Rabi Tagore and Shri Aurobindo Ghosh that motivated the Bill, or the conception of the Bill, were gone when it came down to the work of drafting the clauses and sub-cluses. Government is not willing to share power with anybody.

[4-45—4-54 p.m.]

Sir, this Bill is, therefore, a very apt illustration of the spirit being willing but the flesh being weak. If you go through the clauses and sub-clauses you will find that the character of the democracy was completely lost. The main objects of this Bill are two. One is decentralisation. More or less that part has been achieved in so far as power has been transferred from the Writers' Buildings to the District Headquarters. But the more important part of this is democratisation. That has not been achieved. There has been some democratisation but a lot remains to be achieved yet. A lot could have been done. The very composition occurring in Section 4 will convince anyone about the actual position. There has been so many appointments and nominations. Well, let there be appointments, but where is the criteria for those who will be appointed or nominated? Some qualifications of the appointed members should be stipulated, otherwise it would be much too arbitrary. Sir, I have submitted some amendments and when those amendments will come up, I will take them up point by point. I have so much to say them.

Sir, there is one matter to which I will draw the attention of this House i.e. with regard to sanitation. You know, Sir, there is an awful lack of sense of sanitation in our people, particularly in the rural areas. sanitary arrangements in the hats and bazars and the centres of pilgrimage have been proposed to be taxed. If the sanitation facilities or arrangements are to be fixed, the rural people who are not used to these sanitation facilities will take recourse to alternative methods. That is, I think, not desirable. It is like Central Government's levy on footwear. Everybody knows that 75 p.c. of the population of India goes without shoes and India Government, of all the items, have decided to levy on shoes. Sir, this is not pulling up the standard of the people. I, therefore, appeal to the Hon'ble Minister that the sanitation arrangement in the rural areas should not be taxed—rather the people should be encouraged to make use of the sanitary arrangements. They shoud not dissuade them from using the sanitary arrangement by taxing on it.

Sir, education is the most fundamental part of the rural development. If something is not done for education, then the object is lost. Irrigation and all that is not as important as education. The posting of an executive officer is something which is an act of democratisation.

Sir, with these few remarks I conclude. I will again speak when sections will come up for scrutiny. Thank you, Sir.

Shrimati Charushila Dhar:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গ জেলা পরিষদ বিলের সমর্থনে কয়েকটি কথা সংক্ষেপে আমি বলবো। দেশের পরিকল্পনা উন্নয়ন এবং স্থানীয় স্বায়ত্বশাসন বিষয়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণের যে নীতি বহু পূর্বে জাতীয় কংগ্রেস গ্রহণ করেছিল এই জেলা পরিষদ বিলের মাধ্যমে সেই নীতিকে রূপায়িত হতে দেখে আমি শুধু আনন্দিতই হই নাই গর্বিতও বটে। এই বিলের বিভিন্ন ধারা পর্যালোচনা করে এ বিশ্বাস আমার এসেছে যে গ্রামাঞ্চলে জনসাধারণের সামগ্রিক উন্নতির জন্য একটি বৈপ্লবিক পরিবর্তন এই বিলের দ্বারা সাধিত হবে। গ্রামের মানুষের বহুদিনের একটা বড় অভাব এতদিনে মোচন করার ব্যবস্থা হয়েছে দেখে আমি সুখী। গ্রামের উন্নতির জন্য সমস্ত কাজ গ্রামের মানুষ যাতে নিজেরাই উদ্যোগী হয়ে করতে পারে তার সমস্ত ববস্থা এই বিলে করা হয়েছে। আমি দেখতে পাচ্ছি পঞ্চায়েত বিলে আর্থিক দিক সম্পর্কেও যথাযথ ব্যবস্থা করা হয়েছে। জেলা এবং ব্লক পর্যায়ে উন্নয়ন কাজে যে পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন সেই সমস্ত কাজগুলিও বিভিন্ন পর্যায়ে পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলি করতে পারবে। এবং এই সমস্ত কাজের নীতি নির্দ্ধারণ, পরিকল্পনা অনুমোদন এবং বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতাও পঞ্চায়েতগুলিতে দেওয়া হয়েছে। বলবন্ত রাও মেটা কমিটির সুপারিশ অনুযায়ী এবং রাষ্ট্রীয় উন্নয়ন পরিষদের নীতি অনুযায়ী এই পঞ্চায়েত বিলটি আমাদের সম্মুখে রাখা হয়েছে। এইভাবে সর্বভারতীয় নীতি ও আদর্শের সংগে পশ্চিম বঙ্গে পঞ্চায়েত রাজ সংযুক্ত হল। বাংলা দেশের একটি বহু সমস্যা জড়িত গ্রামাঞ্চলের প্রতিনিধি হিসাবে একথা আমি নিঃসংশয়ে বলতে পারি যে গ্রামের মানুষের সর্বাঙ্গীন কল্যাণের সম্ভবনা এই বিলের মধ্যে রয়েছে। গ্রামের সমস্যাগুলিকে গ্রামের মানুষ যত আপন করে বোঝে সহরের মানুষ তা বোঝে না। কাজে কাজেই গ্রামের সমস্যা সমাধানের দায়িত্ব গ্রামের মানুষের উপর দিলে সমস্যাগুলির সমাধান ত্বরান্বিত হওয়া স্বাভাবিক। সরকারী সাহায্যে সাথে গ্রামের মানুষের স্বতঃপ্রবৃত্ত দান এই সমস্ত কাজগুলির সুষ্ঠু রূপায়ণে আর্থিক সমস্যাগুলিকেও অনেকাংশে কমিয়ে ফেলতে পারবে। গ্রামের মানুষের মনে নূতন মূল্যবোধ আসবে, নূতন দায়িত্ব এবং গর্ববোধও জাগবে। গ্রামে গ্রামে ভাল কাজের প্রতিযোগিতার মধ্যে দিয়ে কাজগুলি সুষ্ঠুভাবে সফল হয়ে উঠবে। আর্থিক দিক দিয়েত বটেই অন্যান্য দিক দিয়েও দেখতে পাই গ্রামের মানুষ বহু যুগ ধরে নিপীড়িত, তাদের অভাব অভিযোগের কথা বলবার এবং বুঝবার ও তা মোচনের একটি

নূতন দুয়ার এই বিলের মাধ্যমে আজ খোলা হল। পশ্চিমবঙ্গের সুযোগ্য স্বায়ত্ব শাসন মন্ত্রি শ্রীশৈলকুমার মুখোপাধ্যায় পশ্চিমবঙ্গ জেলা পরিষদ বিলটি বিধান সভায় পেশ করে গ্রামের মানুষের প্রয়োজনে সাড়া দিয়েছেন। এই বিলটিকে তাই আমার অকুণ্ঠ সমর্থন জানাই। বিরোধী পক্ষ এই বিলটি সার্কুলেশন করার যে প্রস্তাব করেছেন আমি তার বিরোধিতা করে এই বিলটিকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Adjournment

The House was then adjourned at 4-54 p.m. till 12 noon on Thursday, the 25th July, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 25th July, 1963, at 12 noon.

Present :

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mallick) in the Chair, 12 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 162 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

(12—12-10 p.m.)

Pay-scales of basic school teachers in Purulia district

***75.** (Admitted question No. *383.) **Dr. Kanai Lal Bhattacharya :** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the services of the teachers of senior and junior basic schools of the district of Purulia, which had been transferred from Bihar to West Bengal since November, 1956, have been integrated with those of the West Bengal and their pay and allowances have been fixed as per West Bengal rules; and

(b) if not, the reasons therefor ?

The Hon'ble Sourindra Mohan Misra: (a) & (b) The teachers of primary and junior basic schools in Purulia are enjoying the pay scales and other benefits services enjoyed by similar teachers in West Bengal.

The senior basic schools in Purulia as transferred from Bihar cover classes I to VI whereas West Bengal senior basic schools have classes VI to VIII. The status of the West Bengal schools is thus higher and the teachers of the senior basic schools in Purulia are not as qualified as the teachers in the senior basic schools of other parts of West Bengal. It was not therefore possible to treat the senior basic schools of Bihar as on a par with senior basic of the West Bengal type and to extend the pay scales and other benefits of the senior basic school teachers in West Bengal to teachers of senior basic schools of Bihar type in Purulia. However, a scheme for the reorganisation of the Purulia schools on West Bengal pattern is under the consideration of Government.

Dr. Kanai Lal Bhattacharya:

তিনি বল্লেন

the teachers of primary and junior basic schools are enjoying some benefits as the junior basic and primary teachers of West Bengal............

আমি জিজ্ঞাসা করছি তাঁরা কোন দিন থেকে এই বেনিফিট পাচ্ছেন?

The Hon'ble Sourindra Mohan Misra:
The West Bengal scales of pay and allowances, i.e., district school board scales as prescribed by the State Government for primary and junior basic teachers according to their qualifications were introduced with effect from 1.4.59. for the teachers of primary junior basic schools in the transferred territories of Bihar.............

Dr. Kanai Lal Bhattacharya :
মন্ত্রিমহাশয় বল্লেন ১লা এপ্রিল, ১৯৫৯ সাল থেকে এফেক্ট্ দেওয়া হচ্ছে, কিন্তু পুরুলিয়া ইন্টিগ্রেটেড হয়েছে উইথ ওয়েস্ট বেঙ্গল ইন দি ইয়ার ১৯৫৬ নভেম্বর, তাহলে এই কয়েক বছরের এরিয়ার পে কি দেওয়া হবে?

The Hon'ble Sourindra Mohan Misra:
আমি তো বল্লাম আমরা ১৯৫৯ থেকে এটা করেছি, তার আগে ষ্ট্যাটাস কুও মেইন্টেইন করা হয়েছিল।

Dr. Kanai Lal Bhattacharya :
গভর্ণমেন্ট অর্ডারএ প্রাইমারী এণ্ড জুনিয়ার বেসিক টিচার্সদের সমান করে দেওয়া হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, এটা করা হয়েছে ১৯৫৯এর ১লা এপ্রিল থেকে। ১৯৫৯ সালে পুরুলিয়া ইন্টেগ্রেটেড হয়েছে। এই তিন বছরের ইনক্রিজড পে এণ্ড এলাউন্সেসটি তাদের দেওয়া হবে না?

The Hon'ble Sourindra Mohan Misra:
আমিতো বলেছি ১৯৫৯ থেকে এফেক্ট দেওয়া হবে, তার আগে থেকে নয়।

Dr. Kanai Lal Bhattacharya :
দে মেড সেভারেল রিপ্রেজেনটেসন টু ইউ সেটা কি আপনারা দেবেন না?

The Hon'ble Sourindra Mohan Misra:
এখন পর্যন্ত ঠিক আছে দেওয়া হবে না, গভর্ণমেন্ট অর্ডার যা আছে তা বল্লাম।

Dr. Kanai Lal Bhattacharya :
মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন সিনিয়র বেসিক স্কুল টিচার্স যারা বিহার থেকে ওয়েষ্ট বেঙ্গলে এসেছেন তাঁদের ষ্ট্যাণ্ডার্ড বেঙ্গল-এর ষ্টাণ্ডার্ড নয়। কাজেই সমান দেওয়া যাবে না। শেষের দিকে তিনি বলেছেন এ সম্বন্ধে গভর্ণমেন্ট একটা পরিকল্পনা করছেন।

The Hon'ble Sourindra Mohan Misra:
কতগুলি স্কুলে কোয়ালিফাইড টিচার্স পাওয়া যাচ্ছে সেই সকল স্কুলে ওয়েষ্ট বেঙ্গলএর মতো সিনিয়ার বেসিক সিক্স টু সেভেন করে নেওয়া হচ্ছে, ২৬টি স্কুলের মধ্যে দুটো স্কুলকে আমরা ইতিমধ্যেই ওয়েষ্ট বেঙ্গলএর মতো সিনিয়র বেসিক করে নিয়েছি, অন্যান্যগুলির বিষয় এখন বিবেচনাধীন আছে। কিছু দিনের মধ্যেই হবে।

Dr. Kanai Lal Bhattacharya :
এটা গত তিন বৎসর ধরে চলছে। এটা তরান্বিত করা উচিৎ।

The Hon'ble Sourindra Mohan Misra:
মাননীয় সদস্যকে আমি এই আশ্বাস দিতে পারি যে, যথাশীঘ্র সম্ভব করা হবে। আমি আগেই বলেছি ২৬টা স্কুলের মধ্যে ২টা স্কুলকে পশ্চিম বঙ্গের অন্যান্য সিনিয়র বেসিকএর পর্যায়ে আনা হয়েছে, আর কয়টা আনা যায় সে সম্বন্ধে তথ্য সংগৃহীত হচ্ছে।

Shri Sanat Kumar Raha :
পুরুলিয়ায় যেসব স্কুল পশ্চিমবঙ্গে হস্তান্তরিত হয়েছে সেসব স্কুলে বিহার সমবায় কর্তৃক একটা বর্ধিত ভাতা দেবার কথা ছিল, সেটা পশ্চিমবঙ্গের হাতে দেওয়া হয়েছে এটা ঠিক কিনা?

The Hon'ble Sourindra Mohan Misra:
এটা বর্ধিত হারের প্রশ্ন নয়।

Shri Sanat Kumar Raha :
পুরুলিয়া স্কুলের ষ্টেণ্ডার্ডাইজেসনএর কথা আপনি বলছেন। প্রাইমারী টিচারদের কিছু টাকা পাওনা ছিল বিহার সরকারের কাছে, এই টাকা পশ্চিমবঙ্গ সরকারের হাতে দেওয়া হয়েছে এটা ঠিক কিনা?

The Hon'ble Sourindra Mohan Misra:
এটা এই প্রশ্ন থেকে উঠে না।

Economic rehabilitation of gold artisans

***76.** (Admitted question No. *384.)

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) বেকার স্বর্ণশিল্পীদের অর্থনৈতিক পুনর্বাসনের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কিরূপ?

The Hon'ble Bijoy Singh Nahar :

(ক) হ্যাঁ।

(খ) দুঃস্থ, দুর্গত ও বেকার স্বর্ণশিল্পীদের সুষ্ঠু অর্থনৈতিক পুনর্বাসনের জন্য পশ্চিম বাংলা সরকার নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করিতেছেন।

(১) প্রশিক্ষণ ব্যবস্থা—শিল্প শিক্ষা কেন্দ্রগুলিতে কর্মচ্যুত অসহায় স্বর্ণ শিল্পীদের এবং উহাদের উপর নির্ভরশীল ব্যক্তিদের শিক্ষার ব্যবস্থা।

(২) কারখানায় শিক্ষার ব্যবস্থা।

(৩) কলিকাতায় নির্বাচিত কয়েকটি প্রখ্যাত গহনার দোকানে শিক্ষার ব্যবস্থা।

(৪) বেঙ্গল ষ্টেট এইড টু ইণ্ডাস্ট্রিজ অ্যাক্টএর মারফত্ ঋণদান।

(৫) দুঃস্থ স্বর্ণশিল্পীদের সন্তানদের শিক্ষার জন্য আর্থিক ও পারিপার্শ্বিক সুযোগের ব্যবস্থা।

(৬) কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলির মারফত বেকার স্বর্ণশিল্পীদের কর্মসংস্থানের ব্যবস্থা ইতিপূর্বেই গৃহীত হইয়াছে।

(৭) যেখানে পুনর্বসতির সুযোগ দেওয়া সম্ভব নয়, সেখানে আর্থিক সাহায্য দানের ব্যবস্থা করা।

Dr. Kanai Lal Bhattacharya :
মন্ত্রিমহাশয় বল্লেন ৩টা জায়গায় শিক্ষা দেবার বন্দোবস্ত করা হচ্ছে, শিক্ষাকালীন কোন ভাতা দেওয়া হবে স্বর্ণশিল্পীদের বা তাদের পোষ্যদের?

The Hon'ble Bijoy Singh Nahar :
এখনো এই ব্যবস্থা হয়নি, তবে যে পরিকল্পনা আছে তাতে ভাতা দিয়েই শেখাবার ব্যবস্থা আছে।

Dr. Kanai Lal Bhattacharya :
আপনি বল্লেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর মাধ্যমে এদের চাকরী দেবার বন্দোবস্ত হচ্ছে, আমি জানতে পারি কি কোন স্টাটিস্‌টিকস্ আছে কিনা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর মাধ্যমে কত লোককে চাকরী দেওয়া হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar :
আমাদের যা ফিগার আছে তাতে এই পর্যন্ত ২০৬ জন কাজ পেয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya :
মন্ত্রিমহাশয় বল্লেন স্টেট এইড টু ইণ্ডাষ্ট্রিজ এই আইনের মারফৎ তাদের আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে, এই রকম কতজনকে দেওয়া হচ্ছে?

The Hon'ble Bijoy Singh Nahar :
দেওয়া হচ্ছে আমি বলিনি, আমি বলেছি পরিকল্পনা করা হয়েছে। ভারত সরকারের কাছে লেখা হয়েছে, বন্দোবস্ত হলে দেওয়া হবে।

[12-10—12-20 p.m.]

Shrimati Santi Das:

মন্ত্রিমহাশয় একটু আগে বললেন যে, স্বর্ণশিল্পীদের ট্রেনিং দেওয়া হবে এবং এক্সজিসটিং ট্রেনিং-এ যারা ট্রেনিং নিয়েছে তারা সবাই এম্‌প্লয়মেন্ট পেয়ে গেছে এবং স্বর্ণশিল্পীদের সেম্‌ ক্যাটিগরিতে যদি ট্রেনিং দেওয়া হয় তাহলে আনএম্‌প্লয়মেন্ট-এর পরিমান বাড়বে। এটা একটু এক্সপেলেন করবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

ওপিনিয়ন হিসেবে বলতে পারি যারা ট্রেনিং পাচ্ছে তাদের সকলের কর্মসংস্থান হচ্ছে এবং অন্যের চেয়ে তড়াতাড়ি কর্মসংস্থান হচ্ছে। অনেক লোক নিজেরাই কাজ পাচ্ছেন—অন্য জায়গায় কাজ জুটিয়ে নিচ্ছেন। আমি আশাকরি স্বর্ণশিল্পী যারা ট্রেনিং নিচ্ছে তাদের কাজের ব্যবস্থা নিশ্চয়ই হবে এবং তারা নিজেরাই কাজ পেতে পারবে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় যে প্রশিক্ষণ ব্যবস্থার কথা বললেন তাতে আমার প্রশ্ন হোল কি ধরণের শিক্ষা ব্যবস্থা দেওয়া হবে সেটা জানাবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar :
শিক্ষা দেবার ব্যবস্থা সম্বন্ধে ডিটেলস্‌ আমার কাছে এখন নেই কাজেই নোটিশ চাই।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি কোথায় কোথায় এই প্রশিক্ষণ ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি পূর্বেই বলেছি এখনও ব্যবস্থা করা হয়নি। এতে টাকার ব্যাপার রয়েছে কাজেই ভারত সরকারের কাছে আমরা স্কীম পাঠিয়েছি। টাকা পেলেই আরম্ভ করব।

Shri Nikhil Das:
মন্ত্রিমহাশয় জানাবেন কি বাংলা দেশে বেকার স্বর্ণশিল্পীদের সংখ্যা কত?

The Hon'ble Bijoy Singh Nahar:
সেই ফিগার আমার কাছে নেই। তবে এই প্রশ্ন থেকে ওটা ওঠে না।

Shri Nikhil Das:
মন্ত্রিমহাশয় জানাবেন কি এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ কত বেকার স্বর্ণশিল্পীর নাম লিখিয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
৬-৭-৬৩ তারিখ পর্যন্ত ৫ হাজার ২৪৯ জন।

Shri Nikhil Das:
এর মধ্যে মাত্র ২০৬ জন চাকরী পেয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
হ্যাঁ।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানালেন স্টেট এইড টু ইন্ডাস্ট্রিস অ্যাক্ট অনুসারে সাহায্য দেওয়া হবে। কি কি সর্ত আছে এবং কি কি থাকলে তাদের সাহায্য দেওয়া হবে সেটা জানাবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এ্যাক্ট-এ যা লেখা আছে সেটাই রুল-এর মধ্যে থাকবে। আমাদের এই পরিকল্পনা যদি ভারত সরকার কর্তৃক অনুমোদিত হয় এবং টাকা পাওয়া যায় তাহলে ডিটেল্ড ব্যবস্থা করা যাবে এবং সহজে যাতে পেতে পারে সেই ব্যবস্থা করা যাবে। তবে এটুকু বলতে পারি এর পূর্বে

যেভাবে লোন দেওয়া হয়েছে সেইভাবে দেবার পরিকল্পনা আমাদের নেই—সত্যিই যারা কাজ আরম্ভ করবেন তাঁরা পাবেন।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, স্টেট এইড টু ইণ্ডাস্ট্রিস এ্যাক্ট-এ যে সমস্ত রুলস্ রয়েছে স্বর্ণশিল্পীদের ক্ষেত্রে সেগুলো রিলাকসেসন্ করবার কথা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar :

আমি পূর্বের প্রশ্নেই বলেছি।

Shri Debsaran Ghosh:

এই যে ২০৬ জনকে চাকুরী দেওয়া হয়েছে এদের চাকুরীর কি পারমান্যান্ট হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar :

আমাদের চাকুরী দেবার অধিকার নেই। যেখানে যেখানে লোক চেয়ে পাঠায় সেখানে পাঠিয়ে দেই। কাজেই কোথায় পার্মান্যান্ট হিসেবে পেয়েছে আর কোথায় অল্প দিনের জন্য পেয়েছে সেটা বলতে পারছিনা।

Shri Debsaran Ghosh:

এ সম্পর্কে কোন সংবাদ রাখেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমার সংবাদ রাখার সুযোগ নেই।

Shri Nikhil Das:

গত এ্যাসেম্বলী সেসন-এ শুনেছিলাম তাদের ট্যাক্সী পারমিট দেবার পরিকল্পনা সরকারের আছে। মন্ত্রিমহাশয় জানাবেন কি তারা ট্যাক্সী পারমিট পেয়েছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

এ সম্বন্ধে কালকেই সমস্ত বলা হয়েছে যে এখনও সময় হয়নি। তবে এই পরিকল্পনা অনুযায়ী যাদের ট্যাক্সী পারমিট দেবার অধিকার আছে সেই ডিপার্টমেন্টকে জানিয়ে দেওয়া হয়েছে যে স্বর্ণশিল্পীরা যদি ট্যাক্সী পারমিট-এর জন্য এ্যাপ্লাই করেন তাহলে তাঁদের যেন অগ্রাধিকার দেওয়া হয়।

Shri Nani Bhattacharjee:

ট্যাক্সী পারমিট পেতে হলে যে সমস্ত সর্ত পালন করবার কথা বলা হয়েছে—অর্থাৎ ৪ হাজার টাকা জমা দিতে হবে সেটা স্বর্ণশিল্পীদের বেকার অবস্থার দিকে তাকিয়ে রিলাক্স করবার কথা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:

রিলাক্সের কোন প্রশ্ন আসে না। আমি কাল বলেছি আমরা এবারে একটা ফর্ম সৃষ্টি করেছি, ফর্মে লেখা আছে

Are you a goldsmith ? Are you a displaced person ? Are you a Taxi driver.

এই রকম করে কতকগুলি ফর্ম করে দিয়েছি। এখন যারা সেই পর্যায়ভুক্ত হবে তাদের আর টি এ বিচার করে দেখবে কিভাবে দেওয়া চলে। কেননা একটা জিনিষ মাননীয় সদস্যদের বুঝিয়ে দিচ্ছি যেমন স্বর্ণশিল্পীরা দুঃস্থ তেমনি পলিটিকেল সাফারাররা দুঃস্থ ডিস্‌প্লেস্‌ড পার্সনরা দুঃস্থ। এই যে ১ হাজার ট্যাক্সী দেবার মনস্থ করেছি, এটা যদি সমস্ত স্বর্ণশিল্পীদেরই দিই, অন্যরা একটাও পেতে পারেনা, এটা হতে পারেনা কারণ সকলেরই পাওয়া দরকার। কাজেই আর টি এ-কে বলে দিয়েছি দুঃস্থ মানুষের সাহায্য করার জন্য যেন ট্যাক্সীগুলি দেওয়া হয়, যাদের বাড়ী আছে তাদের যেন না দেওয়া হয়। একটা বিষয়ে সাবধান করে দিয়েছি কারণ আমি আমার অভিজ্ঞতা থেকে জানি অনেক সময় সত্যিকারের দুঃস্থ মানুষদের অনেক সময় খাড়া করে

তার পেছনে অর্থশালী লোকেরা থাকে, তাদের মাসিক ৫০ কি ১০০ টাকা দিয়ে গাড়ী পাবার জন্য তারা ব্যবস্থা করে। এটা যাতে ন হয় এই সমস্ত অন্যায় যাতে না হয় সেদিকে লক্ষ্য রেখে পারমিট দেবার যথাসাধ্য চেষ্টা করা হচ্ছে।

Shri Hemanta Kumar Basu:
মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন না এই যে চার হাজার টাকার সর্ত আছে, এটা যদি থাকে তাহলে অর্থবান লোকেরাই তার সুবিধা নেবে, এটা যদি রিলাক্স করা হয় তাহলে কি সুবিধা হতে পারে না?

The Hon'ble Sankardas Banerji:
৪ হাজার টাকা থাকতেই হবে এরকম কোন সর্ত নাই। কিন্তু আমি জানি আমার অভিজ্ঞতা থেকে, আর টি এ যখন সহর এবং গ্রামাঞ্চলে মিউনিসিপ্যালিটি এরিয়ায় বাস রুট দেয় তখন ব্যাঙ্ক পজিশন জানতে চায়। অনেক রকম অন্যায় হয়, একদিনের জন্য ব্যাঙ্কে টাকা জমা দিয়ে দেয়, তারপর যেদিন পারমিট পেল, তার পরদিনই টাকা তুলে নেয়। এই অবস্থা হয়। যাতে দুঃস্থ মানুষরা পায়, সেভাবেই চেষ্টা করছি যাতে ভালভাবে দেওয়া যায়।

Shri Balai Lal Das Mahapatra :
স্বর্ণশিল্পীরা সমবায় গঠন করলে তার মারফত ট্যাক্সীর পরমিট দেওয়ার ব্যবস্থা করবেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:
যারা সমবায় গঠন করে আসবে তাদের প্রাওরিটি দেওয়া হবে। আমার কাছে অনেকে এসেছে, এসে জানিয়েছে আমরা সমবায় করবো। আমি বলেছি করবো বললে হবেনা, সমবায় আগে করতে হবে। সমবায়ের মাধ্যমে যদি দরখাস্ত দেন তাহলে নিশ্চয়ই আর টি এ তাদের দেবার চেষ্টা করবেন। স্বর্ণশিল্পীরাও আমার কাছে অনেকে এসেছে, তাদেরও নির্দেশ দিয়েছি, দয়া করে সমবায় গঠন করুন, কেননা এক কালীন ৪ হাজার টাকা সংগ্রহ করা কঠিন হতে পারে কিন্তু ৫।৬ জন কি ৮ জন সংঘবদ্ধ হয়ে যদি টাকা যোগাড় করেন তাহলে নিশ্চয়ই ট্যাক্সী পাবার সুবিধা হবে।

The Hon'ble Prafulla Chandra Sen :
তাছাড়া যদি ১০।১২ জন মিলে ট্যাক্সী সমবায় সমিতি করেন, তাহলে তাদের অনেকগুলি গাড়ী দেওয়া হয়, এবং সরকারের তরফ থেকে তারা কিছু সাহায্য পায়। কাজেই সমবায় করলে অনেক সুবিধা পাবে।

Shri Ramendra Nath Dutt:
নর্থ বেঙ্গলে ইণ্ডাষ্ট্রিয়েল ট্রেনিং এ্যারেঞ্জমেন্ট নাই সেখানে স্বর্ণশিল্পীদের রিহ্যাবিলিটেশনের কি ব্যবস্থা আছে, তাদের স্টেট ট্র্যান্সপোর্ট মারফত রিহ্যাবিলিটেশন করার কোন ডিরেকশন দেওয়া হয়েছে কিনা এবং কলকাতায় যে ট্যাক্সী দেওয়া হবে তাদের ডিষ্ট্রিক্ট-ওয়াইজ কোন প্রেফারেন্স দেওয়া হবে কিনা? ।।

The Hon'ble Sankardas Banerji:
ডিষ্ট্রিক্ট-ওয়াইজ কোন প্রেফারেন্স দেওয়া হবে না।

[12-20—12-30 p.m.]

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister-in-charge of Transporation please agree with me that if the Gold artisans form themselves into a Co-operative and apply for taxi permit under section 57 of the Motor Vehicles Act, they are entitled to get statutory preference, and the State Government or the R.T.C. has no option in the matter?

The Hon'ble Sankardas Banerji : If they are bound to get under the law, they will get.

Shri Kashi Kanta Maitra : My point, therefore, is that if a Co-operative is formed the State Government have no option in the matter.

The Hon'ble Sankardas Banerji : I am making it more than clear that the R.T.A. cannot travel beyond the four corners of the Motors Vehicles Act. It is not a matter where they can go on arbitrarily. They will have to give due consideration to the Motor Vehicles Act, and we have said, while you exercise your discretion take into consideration the cases of those particular class of people. There is no injunction, no mandate ; we cannot give any mandate which is not contemplated by the Motor Vehicles Act.

Shri Sudhir Chandra Das :
ছোট ছোট শিল্প কারখানা করে ঐ বেকার স্বর্ণশিল্পীদের নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar :
স্বর্ণশিল্পীরা সেই রকম যদি কোন কারখানা করেন তাহলে তাঁদের সাহায্য দেবার পরিকল্পনা আছে।

Shri Sailendra Nath Adhikary :
মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে ফরক্কা ব্যারেজ পরিকল্পনা বা দুর্গাপুরে যে সমস্ত নিউ এক্সটেনসান হচ্ছে তাতে স্বর্ণশিল্পীদের কাজের ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে?

The Hon'ble Bijoy Singh Nahar :
আমি পূর্বে বলেছি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম যাঁরা লিখিয়েছেন যেখান থেকে তাদের চাহিদা আসবে সেই লোকাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তাঁদের অগ্রাধিকার দিচ্ছে।

Shri Sailendra Nath Adhikary :
এই সমস্ত নতুন প্রকল্পগুলিতে যে সমস্ত লোকের দরকার হবে তাতে স্বর্ণশিল্পীদের প্রথম স্থান দেওয়া হবে এ কথা সরকারী সূত্রে এখানে আপনারা ঘোষণা করবেন কিনা?

Mr. Deputy Speaker : You are going too far.

Shri Sailendra Nath Adhikary :
আই হ্যাভ নট গট মাই রিপ্লাই। আমার প্রশ্ন হচ্ছে স্বর্ণশিল্পীদের পুনর্বাসনের ব্যাপারে একটা পলিসি স্টেটমেন্ট গভর্ণমেন্ট করবেন কিনা?

Mr. Deputy Speaker :
শুনুন শৈলেনবাবু, আর একটা কোয়েশ্চেন আনবেন, এর থেকে এই প্রশ্ন উঠে না। গভর্ণমেন্ট কি করবেন না করবেন সে কথা বলতে পারবেন না, যা করেছেন বলেছেন।

Shri Ananda Gopal Mukhopadhya :
স্বর্ণশিল্পীদের সাহায্য করার জন্য যখন কলকাতায় ট্যাক্সী দিয়ে কিছু সুবিধা দেওয়ার কথা তাঁরা চিন্তা করছেন তখন তিনি কি এই ট্যাক্সী পারমিটের জন্য ওয়েস্ট বেঙ্গল যে লাস্ট ডেট এ্যাডভার্টাইজ করেছেন তাতে সব জায়গার স্বর্ণশিল্পীদের দরখাস্ত করার সুযোগ দিয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
সেদিন আমাদের পরিবহণ মন্ত্রি বলেছেন ১ হাজার পর্যন্ত বোধহয় দেওয়া যেতে পারে। ইতিমধ্যে দরখাস্ত পাওয়া গেছে ৬ হাজার। স্বর্ণশিল্পীদের পরিবারের লোক সংখ্যা হচ্ছে ১ লক্ষ ১০ হাজার। কাজে কাজেই পরিবারের সংখ্যা হবে ২৫।২৬ হাজার। সুতরাং সব স্বর্ণশিল্পীদের ট্যাক্সীর পারমিট দেওয়া সম্ভবপর হবে না।

Shri Ananda Gopal Mukhopadhya :
আমার প্রশ্ন ছিল কলকাতা ছাড়া পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যে সমস্ত স্বর্ণশিল্পী আছে তাদের পক্ষে এই কলকাতায় ট্যাক্সির জন্য দরখাস্তের শেষ তারিখ জানা সম্ভব হয়নি এবং সেই

কারণে অনেকে কোন জেলা থেকে কেউই দরখাস্ত করতে পারেনি। এই সুযোগ কি সরকার তাদের দেবেন?

The Hon'ble Sankardas Banerji:

আমরা বিজ্ঞাপন দিয়ে জানিয়ে দিয়েছি যে ২৬এ জুনের মধ্যে দরখাস্ত করতে হবে। যদি তাঁরা কেউ না করেন তাহলে এর চেয়ে বেশী সুযোগ সরকারের পক্ষে দেওয়া সম্ভব নয়।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই ট্যাক্সি পারমিট—আগে আমার নর্থ বেঙ্গলের বন্ধু যে কথা বলেছিলেন যে কলকাতায় স্বর্ণশিল্পীদের মধ্যে সীমাবদ্ধ না রেখে জেলায় যে স্বর্ণশিল্পীরা আছে তাঁদের জন্য আরো কিছু কোটা রাখবেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:

মাননীয় সদস্যকে আমি একথা বলতে পারি কুচবিহার থেকে, ডায়মণ্ডহারবার থেকে, যেখান থেকে ইচ্ছা করলে দরখাস্ত করতে পারে। এমন কোথাও কিছু নির্দেশ দেওয়া নেই যে কলকাতা সীমাবদ্ধ যেসব স্বর্ণশিল্পী আছে তাদের দরখাস্ত গ্রাহ্য হবে অপরদের হবে না। আমি জানি গ্রাম থেকে বহু দরখাস্ত পড়েছে।

Shri Ananda Gopal Mukhopadhyay:

আমি যেটা বলতে চেয়েছিলাম সেটা হচ্ছে প্রত্যেক জেলার যে স্বর্ণশিল্পীরা আছেন তাদের জন্য জেলা বেসিসে কোন কোটা রাখবেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:

না।

Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে স্বর্ণশিল্পীরা সব কলকাতায় বাস করেন, না বাংলা দেশের বিভিন্ন গ্রামাঞ্চলেও বাস করেন?

The Hon'ble Sankardas Banerji:

এটার যদি উত্তর দিতে হয় তাহলে আমার মনে হয় ব্যাঙ্গে পরিণত হবে।

Shri Nikhil Das:

এদের পুনর্বাসন ব্যাপারে গত বাজেট অধিবেশনে আমাদের মুখ্যমন্ত্রি এই বিধানসভা ভবনে একটা ঘোষণা করেছিলেন, তারপরে আজকে আমরা খবরের কাগজে দেখছি যে পুনর্বাসনের দাবীতে স্বর্ণশিল্পীরা যে আইন ভাঙ্গতে বাধ্য হয়েছেন সে সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা এবং এই আইন ভাঙ্গছে তার আগে সরকারের কাছে পুনর্বাসন ব্যাপারে তারা বারবার দেখা করেছেন এবং সরকারের কাছে স্মারকলিপি দিয়েছেন সে সম্পর্কে সরকার পুনর্বিবেচনা করেছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সমস্ত জিনিস নিয়ে বিবেচনা করা হয়েছে একটু আগে মাননীয় শ্রমমন্ত্রিমহাশয় তিনি এখানে সেটা উল্লেখ করেছেন।

Industrial Estate in Siliguri

***77.** (Admitted question No. *400.)

শ্রীনবী ভট্টাচার্য: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) শিলিগুড়িতে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট গঠনের পরিকল্পনা কার্যকর করিতে কি পরিমাণ সময় লাগিবে;

(খ) ইহা কি সত্য যে শিলিগুড়ির জন্য নির্দিষ্ট ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটের যন্ত্রপাতি প্রভৃতি শিলিগুড়ির পরিবর্তে অনত্র লইয়া যাওয়া হইয়াছে; এবং

(গ) সত্য হইয়া থাকলে কারণ কি?

The Hon'ble Tarun Kanti Ghosh :

(ক) এস্টেটের গঠনকার্য সম্পূর্ণ হইয়াছে। বর্তমানে উহা ভারত সরকারের দেশ রক্ষা বিভাগের অধিকারে আছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Nani Bhattacharjee :

আমার প্রশ্ন ছিল "শিলিগুড়িতে ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট গঠনের পরিকল্পনা কার্যকর করিতে কি পরিমাণ সময় লাগিবে"—উনি বলেছেন "এস্টেটের গঠনকার্য সম্পূর্ণ হইয়াছে"। মাননীয় মন্ত্রি-মহাশয় কি জানবেন যে সেখানে কটা পাওয়ার লুম ইনষ্টল করা হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh :

আমি উত্তরে বলেছি যে এখন এটা ডিফেন্স ডিপার্টমেন্ট নিয়ে নিয়েছে। সেজন্য একটাও পাওয়ার লুম সেখানে নেই।

Shri Nani Bhattacharjee :

মন্ত্রিমহাশয় বলেছেন যে গঠনকার্য সম্পূর্ণ হইয়াছে কিন্তু এখন বললেন একটাও পাওয়ার লুম বসানো সম্ভব হয়নি। আমার প্রশ্ন হচ্ছে যে শিলিগুড়ি এস্টেটের জন্য নির্দিষ্ট যে পাওয়ার লুম সেই পাওয়ার লুম তাহলে কোথায় গেল?

The Hon'ble Tarun Kanti Ghosh :

মাননীয় সদস্যকে আমি বলি যে ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট করা মানে হচ্ছে সেখানে ল্যাণ্ড ডেভেলপ করে কিছু বাড়ী বা সেড তৈরী করে দেয়া; ইলেকট্রিসিটির বন্দোবস্ত করে দেওয়া যাতে করে যে কোন ইণ্ডাষ্ট্রী তার অ্যাডভানটেজ নিয়ে গড়ে উঠতে পারে। পাওয়ার লুম ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট করতে পারে কিন্তু পাওয়ার লুম ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেটের জিনিস নয়। সেখানে যে ৮টা সেড করা হয়েছে ভাড়া দেয়ায় জন্য সেখানে পাওয়ার লুম যদি আসে বসতে পারে বা অন্য কোন ইণ্ডাষ্ট্রী সেখানে বসতে পারে। অতএব পাওয়ার লুম হওয়াটা ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেটের উপর নির্ভর করে না। আমরা ঠিক করেছিলাম যে পাওয়ার লুমদের কিন্তু যেহেতু এস্টেট কমপ্লিট হওয়ার জন্য ডিফেন্স ডিপার্টমেণ্ট নিয়ে নিয়েছে সেহেতু সেটা তাদের দখলে রয়েছে। সেজন্য আমরা কিছু করতে পারিনি।

Shri Nani Bhattacharjee :

মন্ত্রিমহাশয় কি বলবেন যে সেখানে স্যাংশনড যে ৭টা পাওয়ার লুম সেটা বেহালা এবং কাশী-পুরে প্ল্যাণ্ট করা হয়েছে কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh :

৮টা কিনা ঠিক আমার মনে নেই। এখানে আর একটা প্রশ্ন করেছিলেন আপনাদের তরফ থেকে একজন কোচবিহারে কয়েকটা পাওয়ার লুম বসাবার কথা হয়েছিল, তাদের সাময়িকভাবে কোলকাতা সহরের কাছে কোথাও বসাবার জন্য আমরা অনুমতি দিয়েছি। যেদিন ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট আমাদের হাতে আসবে, ডিফেনস ডিপার্টমেন্টে ছেড়ে দেবে সেদিন তারা এখান থেকে সরিয়ে নিয়ে যাবেন এই কথা আছে।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় কি জানেন পাওয়ার লুম অ্যাডভাইজার মিঃ স্বরাজ বোস বেনামীতে ৫টা পাওয়ার লুম খোলার চেষ্টা করছেন?

The Hon'ble Tarun Kanti Ghosh :
এ প্রশ্ন এর থেকে উঠে না।

[12-30—12-40 p.m.]

Shri Nikhil Das:
আপনি বললেন শিলিগুড়িতে ৮টা সেড হয়েছে, শক্তিগড় ইণ্ডাষ্ট্রিয়েল এষ্টেটএ ২০টি সেড হয়েছে, তার মধ্যে মাত্র ৫টা সেড ছাড়া বাকী ১৫টি এখন পর্যন্ত খালি আছে, কেন এগুলি খালি আছে? অবাঙ্গালীদের দেওয়া হবে বলেই কি এগুলি খালি রাখা হয়েছে?

Mr. Deputy Speaker: I won't allow this question.

Shri Nikhil Das:
কেন খালি আছে তিনি বলতে পারেন না?

Mr. Deputy Speaker:
কেন খালি আছে তিনি এখন বলতে পারবেন না।

Shri Nikhil Das:
এই যে খালি আছে তার কারণ কি লোকে দরখাস্ত করেনি, এতে টাকার অপচয় হচ্ছে কিনা?

Mr. Deputy Speaker: I won't allow this question.

Shri Sailendra Nath Adhikary :
মন্ত্রিমহাশয় বল্লেন শিলিগুড়িতে যে ইণ্ডাষ্ট্রিয়াল এসেস্ট তা সেখানকার মিলিটারীরা ডিফেন্স-এর জন্য নিয়ে নিয়েছে বলে সেখানকার কাজ এখন বন্ধ। আমি জিজ্ঞাসা করতে চাই এর অল্টারনেটিভ কিছু চিন্তা করেছেন কিনা। দ্বিতীয় কথা হচ্ছে, যদি অল্টারনেটিভ কিছু চিন্তা না করে থাকেন তাহলে কি এটা বন্ধ করে দিলেন সাইনি ডাই।

The Hon'ble Tarun Kanti Ghosh :
মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন গত অক্টোবরে চৈনিক আক্রমণ হবার পর ডিফেন্স-এর জন্য ওটা টেম্পোরেরিলি সৈন্য বিভাগ থেকে নেওয়া হয়েছিল, তারা পরে ছেড়ে দেবে, সেজন্য অন্য কোন পরিকল্পনা চিন্তা করা হয়নি। আমরা আশাকরি তাঁরা শীঘ্রই ছেড়ে দেবেন।

Murshidabad District School Board Jeep

***78.** (Admitted question No. *420.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের "জিপ" সম্পর্কে অডিটার বিরুদ্ধ মন্তব্য করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, সেগুলি কি?

The Hon'ble Sourindra Mohan Misra:

(ক) হ্যাঁ।

(খ) মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্যতের ১৯৬০-৬১' সালের হিসাব পরীক্ষাকালে সরকারী অডিটর উক্ত পর্যতের জীপের ব্যবস্থা সম্পর্কে আপত্তিমূলক মন্তব্য করেন। বর্তমানে জীপের নিয়ম বহির্ভূত ব্যবস্থা পর্ষৎ কর্তৃক নিষিদ্ধ হইয়াছে।

Shri Birendra Narayan Ray:
কে কে জীপ ব্যবহার করেছিলেন?

The Hon'ble Sourindra Mohan Misra:
বিনি পর্ষতের উপসভাপতি তিনি অফিসে আসবার জন্য জীপ ব্যবহার করেছিলেন বলে অডিট থেকে আপত্তি করা হয়েছিল।

Shri Birendra Narayan Ray:
উপসভাপতির নাম কি?

The Hon'ble Sourindra Mohan Misra:
মুর্শিদাবাদ জেলার লোক হিসাবে আপনি তো তা খুব ভালোভাবেই জানেন।

Shri Birendra Narayan Ray:
তিনি কি বর্তমানে জেলা কংগ্রেস কমিটির সভাপতি?

The Hon'ble Sourindra Mohan Misra:
জানি না।

Shri Birendra Narayan Ray:
কত টাকা অপচয় হয়েছে?

The Hon'ble Sourindra Mohan Misra:
তা আমি বলতে পারব না। টাকার অংক জানতে হলে আরেকটা নোটিশ দিতে হবে।

Shri Balai Lal Das Mahapatra:
জেলা স্কুল বোর্ডের জীপ কারা কারা ব্যবহার করতে পারেন?

The Hon'ble Sourindra Mohan Misra:
জেলা স্কুল বোর্ডের জীপ অনেকেই ব্যবহার করতে পারেন। অফিস এটেন্ড করার জন্য এই জীপ ব্যবহার করা হয়েছিল বলে অডিট থেকে আপত্তি করা হয়েছিল।

Managing Committee of Nabagram Junior High School

***79.** (Admitted question No. *421.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: গত ৭ই মার্চ ১৯৬৩ তারিখে প্রদত্ত অতারকিত ১৫৯ নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবগ্রাম জুনিয়ার হাই স্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচন হইয়াছে কিনা;

(খ) উক্ত স্কুলের কোনও শিক্ষকের কোনও অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(গ) অভিযোগ পাইয়া থাকিলে, তাহা কি প্রকারের?

The Hon'ble Sourindra Mohan Misra:
(ক) না।

(খ) সরকার সরাসরি পান নাই, তবে মাধ্যমিক শিক্ষা বোর্ড যে দরখাস্ত পাইয়াছিলেন বোর্ড তাহা শিক্ষাধিকারে পাঠাইয়াছেন।

(গ) বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকটিকে চাকুরী হইতে অপসারণ করেন। তিনি বিদ্যালয় কর্তৃপক্ষের এই আদেশের বিরুদ্ধে মধ্যশিক্ষা পর্ষতে আপীল করিয়াছেন।

Shri Birendra Narayan Ray:
মন্ত্রিমহাশয় বলেন ৭ই মার্চ তারিখে, অর্থাৎ শীঘ্রই নির্বাচন হবে, শীঘ্র বলতে কতদিন তাঁরা মিন করেন?

The Hon'ble Sourindra Mohan Misra:
ডিকসানারী দেখলেই বুঝতে পারবেন শীঘ্র বলতে কি বোঝায়।

Shri Birendra Narayan Ray:
সরকার যে এড হক কমিটি করেছেন তার সদস্যদের নাম কি?

The Hon'ble Sourindra Mohan Misra:
বি, ডি, ও, নবগ্রাম; সভাপতি, ইউনিয়ন বোর্ড, নবগ্রাম; শ্রীদুর্গাপদ সিংহ; শ্রীনীলকমল মণ্ডল; এবং প্রধান শিক্ষক।

Shri Birendra Narayan Ray:
বর্তমান সম্পাদক কে?

The Hon'ble Sourindra Mohan Misra:
সম্পাদক কে বলতে পারব না।

Shri Birendra Narayan Ray:
সরকার কি জানেন যে, নবগ্রাম ইউনিয়ন বোর্ডের বর্তমান সভাপতি কাজ না করা সত্ত্বেও এড হক কমিটিতে আছেন?

The Hon'ble Sourindra Mohan Misra:
আমি তো বল্লাম এড্ হক্ কমিটিতে তিনি আছেন ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট হিসাবে নয়, তিনি এখন কাজ করছেন কিনা বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary :
এই যে এড হক কমিটি গঠন করা হয়েছে এটা কি মাধ্যমিক শিক্ষা পর্ষৎ থেকে গঠন করে দেওয়া হয়েছে না কি লোকাল ইন্সপেকটোরেট থেকে গঠন করা হয়েছে?

The Hon'ble Sourindra Mohan Misra:
লোকাল ইন্সপেকটোরেইট থেকে নাম পাঠান, মধ্যশিক্ষা পর্ষৎ গঠন করে দিয়েছে।

Shri Sailendra Nath Adhikary :
লোকাল ইন্সপেকটোরেটে যে নাম পাঠান তার মধ্যে দেখা যচ্ছে একজন কংগ্রেসের ইনফ্লুয়েনসিয়েল মেম্বার এবং বর্তমান এম, এল, এ তার প্রতিদ্বন্দ্বী। সেই কন্সটিটিউয়েনসীর যিনি এম, এল, এ তাঁকে এড হক কমিটিতে নেওয়ার কথা চিন্তা করলেন না কেন?

The Hon'ble Sourindra Mohan Misra:
আমি এখানে দেখছি তাঁর নাম দুর্গাপদ সিংহ, তিনি এম, এল, এ কিনা বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary :
আপনারা যখন নমিনেসান দেন তার একমাত্র কণ্ডিসন কি এই যে, আপনারা কিছুই জানেন না?

The Hon'ble Sourindra Mohan Misra:
এটা সম্ভবপর নয় যে, নবগ্রামের প্রতিটি লোক কে ভাল কে মন্দ তা জানা। মোটামুটি যা পাঠান বোর্ডে, বোর্ড সেটাই বিচার করেন।

Shri Sailendra Nath Adhikary :
যাঁদের নাম পাঠান হয় তাঁদের লোকাস স্টেন্ডি ইন্টিগ্রিটি সম্বন্ধে কোন রিমার্ক পাশাপাশি থাকে না?

The Hon'ble Sourindra Mohan Misra:
নিশ্চয়ই থাকে, রিকমেন্ড করে দেওয়া হয়, সেটা ডাইরেকটোরেটএ বর্তমানে নেই বা আমার কাছেও এখন নেই।

Shri Gopal Banerjee :
যাঁদের নাম পাঠান হয় তাদের পুলিস ভেরিফেকেশন হয়?

The Hon'ble Sourindra Mohan Misra:
পুলিস ভেরিফিকেসন-এর কোন প্রয়োজন নাই।

Shri Birendra Narayan Ray:
এটা কি জেলা কংগ্রেস কমিটির সম্পাদক এড হক কমিটিতে থাকবার জন্য নির্বাচন করা হচ্ছে না?

The Hon'ble Sourindra Mohan Misra:
এ সংবাদ আমার কাছে নাই।

University Grant Commission for West Bengal Universities

***80.** (Admitted question No. *439.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবঙ্গের সাতটি বিশ্ববিদ্যালয়ের জন্য একটি স্বতন্ত্র অর্থমঞ্জুরী কমিশন গঠন সম্পর্কে রাজ্যসরকার কোন স্মারকলিপি পাইয়াছেন কি?

[12-40—12-50 p.m.]

The Hon'ble Sourindra Mohan Misra:
না।

Shri Sanat Kumar Raha:
গভর্ণমেণ্ট এই বিষয়ে কি কিছু চিন্তা করছেন না?

The Hon'ble Sourindra Mohan Misra:
এখন কিছু চিন্তা করছেন না।

Co-operative marketing society of Beldanga Block No. II

***81.** (Admitted question No. *443.)

শ্রীসনৎকুমার রাহা: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে. বেলডাঙ্গার ২নং ব্লকের কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির শেয়ার হোল্ডারগণের সভা না ডাকিয়া সম্প্রতি স্থানীয় বি ডি ও ম্যানেজার নিযুক্ত করিয়াছেন;

(খ) ইহা কি সত্য যে, ১৯৬২-৬৩ সালের অডিট রিপোর্টে উক্ত সমবায় মার্কেটিং সোসাইটি সম্পর্কে বিরূপ মন্তব্য করা হইয়াছে; এবং

(গ) সত্য হইলে, উক্ত সোসাইটি যাহাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় তাহার জন্য কিরূপ ব্যবস্থা গৃহীত হইয়াছে?

The Hon'ble Chittaranjan Roy:
(ক) না।

(খ) না, উক্ত সালের অডিট এখনো হয় নি।

(গ) এই প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:
১৯৬২-৬৩ সালের অডিট রিপোর্ট আপনাদের হস্তগত হয়েছে?

The Hon'ble Chittaranjan Roy:
এখনো অডিট হয় নি, রিপোর্ট আসবে কি করে?

Shri Sanat Kumar Raha:
১৯৬২-৬৩ সালের অডিট রিপোর্ট-এ উক্ত সমবায় মার্কেটিং সোসাইটি সম্বন্ধে বিরূপ মন্তব্য করা হয়েছে এর উত্তরে আপনি বল্লেন 'না'।

The Hon'ble Chittranjan Roy:
কারণ রিপোর্ট এখনও পাই নি।

Shri Sanat Kumar Raha :
যদি অডিট রিপোর্ট না পেয়ে থাকেন তাহলে মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে জবাব দেওয়া যায় কিনা যে এখনও মন্তব্য করা হয় নি?

The Hon'ble Chittranjan Roy :
কি হবে না হবে বলতে পারি না।

Managing committees for Free Primary Schools

***82.** (Admitted question No. *451.)

শ্রীসনৎকুমার রাহা : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—প্রাথমিক অবৈতনিক বিদ্যালয়গুলির পরিচালনার জন্য পরিচালক (অভিভাবক ও শিক্ষক প্রতিনিধিসহ) সমিতি গঠন করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

Shri Mukti Pada Chatterjee :
না।

Nabagram Agricultural Co-operative Society and Lalgola Dhenki Co-operative Society

***83.** (Admitted question No. *469.)

শ্রী[illegible] রায় : গত ২রা এপ্রিল ১৯৬৩ তারিখে প্রদত্ত অতারকিত ৫৪৯ নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মুর্শিদাবাদ জেলার (১) নবগ্রাম ইউনিয়ন সমবায় কৃষি ঋণদান সমিতি এবং (২) লালগোলা ঢেঁকী শিল্প সমবায় সমিতিদ্বয়ের কার্যনির্বাহক সমিতির সভ্যদের নাম ও পরিচয় কি?

The Hon'ble Chittranjan Roy :

(১) নবগ্রাম ইউনিয়ন সমবায় কৃষি ঋণদান সমিতির কার্য্য নির্বাহক সমিতির সভ্যগণের নামঃ—

১। শ্রীকাশীনাথ চট্টরাজ, সভাপতি ও কোষাধ্যক্ষ,
২। শ্রীদেবব্রত চট্টরাজ, সহ-সভাপতি,
৩। শ্রীনির্মলকুমার চট্টরাজ, সম্পাদক,
৪। শ্রীবৈজনাথ চট্টরাজ, সহ-সম্পাদক,
৫। শ্রীনগেন্দ্রনাথ চট্টরাজ,
৬। শ্রীশ্যামাপদ মণ্ডল,
৭। শ্রীশিশিরকুমার দাস,
৮। শ্রীসেখ রহমতুল্লা,
৯। শ্রীসামসুদ্দিন সেখ,
১০। শ্রীপতি সরকার,
১১। শ্রীসোহরাব শেখ, এবং
১২। শ্রীকালীকান্ত মণ্ডল.

ইহারা সকলেই কৃষিজীবী।

(২) [illegible] ঢেঁকি শিল্প সমবায় সমিতির কার্য্য নির্বাহক সমিতির সভ্যগণের [illegible]-

১। শ্রীমতী গৌরীবালা হালদার,
২। শ্রীমতী কিশোরীবালা হালদার.

৩। শ্রীমতী রাধারানী হালদার,
৪। শ্রীমতী শান্তিবালা হালদার,
৫। শ্রীমতী টুলুবালা হালদার,
৬। শ্রীমতী বুলুবালা হালদার,
৭। শ্রীমতী কিরণবালা হালদার,
৮। শ্রীমতী উষারানী সরকার,
৯। শ্রীমতী ফণিবালা হালদার,
১০। শ্রীমতী পঞ্চমীবালা বিশ্বাস,
১১। শ্রীমতী খুকীবালা হালদার,
১২। শ্রীমতী কিরণবালা সরকার, এবং
১৩। লালগোলা ব্লক ডেভেলপমেন্ট অফিসার,
১৪। লালগোলার মহকুমা কৃষি বিপণন অফিসার,
১৫। লালগোলাস্থিত খাদ্য ও সরবরাহ বিভাগের সহকারী পরিদর্শক, এবং
১৬। শ্রীযাদবচন্দ্র মণ্ডল।

১নং হইতে ১২নং পর্যন্ত নির্বাচিত সভ্যা ইহাদের সকলেরই পেশা ধান ভানা, ১৩নং হইতে ১৬নং পর্য্যন্ত রেজিষ্ট্রার কর্তৃক নিযুক্ত সভ্য।

Shri Birendra Narayan Ray:
মন্ত্রিমহাশয় এ্যাডমিটেড কোশ্চেন ১১৮৫-তে বলেছেন পরিচালনা সমিতির ব্যয়ভার আয়ের তুলনায় অনেক বেশী। আমার প্রশ্ন হচ্ছে এই অবস্থায় কো-অপারেটিভ চালাতে দেওয়া হচ্ছে কেন?

The Hon'ble Chittranjan Roy :
আপনি কোনটার কথা বলছেন—ঢেঁকি কমিতির কথা বলছেন বোধ হয়।

Shri Nani Bhattacharjee :
এই যে চট্টরাজ গোষ্ঠী এবং হালদার গোষ্ঠী একটা ঢেঁকি আর একটা কৃষি ঋণদান ব্যাপারে, তাদের ওখানকার কংগ্রেসের যিনি প্রধান শ্রীদুর্গাপদ সিংহ তাঁর সংগে বন্ধুত্ব বা আত্মীয়তার যোগাযোগ আছে কিনা?

The Hon'ble Chittaranjan Roy :
ননীবাবু জিয়াগঞ্জের লোক তিনিই জানেন কি সম্পর্ক আছে।

Shri Jaharlal Banerjee:
পরিচালনা সমিতির যারা সভ্য তারা অধিকাংশ কি নির্বাচিত?

The Hon'ble Chittaranjan Roy :
নবগ্রাম ইউনিয়নের কৃষিঋণদান সমিতির ১২ জন নির্বাচিত, আর ঢেঁকি সমবায় সমিতিতে মেয়েদের নাম যা বললাম তারা নির্বাচিত। তবে যেহেতু তারা লেখাপড়া জানে না সেজন্য নমিনেশনে ৩ জন অফিসার দেওয়া হয়েছে। বি ডি ও, Fxtention Officer, Agriculture.

Shri Jaharlal Banerjee:
হালদার বা চট্টরাজদের নির[illegible] ওয়ার কোন বাধা আছে কি?

The Hon'ble Chittaranjan Roy :
কোন বাধা নাই।

Shri Abhoy Pada Saha :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ঐ নবগ্রাম কৃষিঋণদান সমিতির চট্টরাজরা যারা ওখানকার সদস্য তারা কি একই পরিবারভুক্ত লোক?

The Hon'ble Chittaranjan Roy :
আমি ঠিক জানি না, তবে ১২ জন নির্বাচিতের মধ্যে ৫ জন চট্টরাজ, আর বাকী অন্য লোক।

Shri Sailendra Nath Adhikary :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এই যে ঋণদান কমিতি এবং ঢেঁকি শিল্প সমিতির সদস্য তারা নির্বাচিত, আমি জিজ্ঞাসা করছি এই দ্বটো সমিতির শেয়ারহোল্ডারদের সংখ্যা কত এবং শেয়ার ক্যাপিটেল কত?

The Hon'ble Chittaranjan Roy :
নোটিশ চাই।

Shri Birendra Narayan Ray:
সরকার কি জানেন হালদার গোষ্ঠীর কো-অপারেটিভ করা হয়েছে সেটা শ্রীকাজেম আলি মির্জা যখন উপমন্ত্রি ছিলেন কুটির শিল্পের, তখন তাঁর কেন্দ্রে করা হয়েছিল?

The Hon'ble Chittaranjan Roy :
কার কেন্দ্রে বলতে পারি না।

Shri Sailendra Nath Adhikary :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই ঢেঁকি শিল্পের ঢেঁকিগুলি কাজ করছে কিনা?

The Hon'ble Chittaranjan Roy :
কাজ করছে।

[12·50—1 p.m.]

Shri Birendra Narayan Ray:
সারা পশ্চিমবংগে অন্য কোন ঢেঁকি কো-অপারেটিভ শিল্প হালদারদের দিয়ে চালু আছে?

The Hon'ble Chittranjan Roy :
যদি হালদারদের দিয়ে চালু থাকে তাহলে আছে, না থাকলে নেই।

Shri Birendra Narayan Ray:
ওঁরা বেনামে টাকা নেবার জন্য এটা করছেন অথচ ওঁদের কোন অস্তিত্ব নেই।

[No Reply]

Shri Abhoy Pada Saha :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে নবগ্রাম কৃষি ঋণদান সমিতি আছে সেই সমিতির যাঁরা সদস্য তাঁরা নবগ্রামের সবচেয়ে বড় জোতদার এবং ধনী জোতদার?

The Hon'ble Chittaranjan Roy:
তাঁরা নির্বাচনের মাধ্যমে এসেছেন। সব মেম্বার তাঁদের নির্বাচিত করেছেন। কাজেই আমরা তা মেনে নিতে বাধ্য।

Shri Abhoy Pada Saha :
সমবায় সমিতিকে কত টাকা ঋণ দেওয়া হয়েছে?

The Hon'ble Chittaranjan Roy:
নোটিশ চাই।

Shri Ananda Gopal Mukhopadhya :
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই ঢেঁকি কো-অপারেটিভ সোসাইটি বর্তমানে বীরেন রায় মহাশয়কে ধান ভাঙ্গা করে দিচ্ছে?

The Hon'ble Chittaranjan Roy:
তিনি আমার বন্ধু, কাজেই এ সম্বন্ধে কিছু বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary :
মাননীয় মন্ত্রিমহাশয় কি একথা জানেন যে এই নবগ্রাম সমবায় সমিতি ধান চালের কারবার করে?

The Hon'ble Chittaranjan Roy:
এই রকম কোন অভিযোগ পাইনি।

Dr. Golam Yazdani :
আমার প্রশ্ন হচ্ছে কৃষি ঋণদান সমিতি ঢেঁকি শিল্প সমবায় সমিতির যে নির্বাচনগুলি হয়েছে সেই নির্বাচনগুলি কি পদ্ধতিতে হয়েছে?

The Hon'ble Chittaranjan Roy:
বেঙ্গল কো-অপারেটিভ এ্যাক্ট, ১৯৪০, আইন মতে নির্বাচন হয়েছে।

Requirement of citizen's certificate in transfer of lands

***84.** (Admitted question No. *507.)

শ্রীকমলাকান্তি গুহ : বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কোচবিহার জেলায় জমি ক্রয় এবং বিক্রয়ের জন্য রেজিস্টারী করিতে হইলে ভারতীয় নাগরিকত্ব প্রমাণের জন্য প্রমাণপত্র পেশ করিতে হয়;

(খ) সত্য হইলে, এই উদ্দেশ্যে প্রদত্ত এম এল এ-র সার্টিফিকেট বিবেচনা করা হয় কি; এবং

(গ) গত তিন বৎসরে ও বর্তমান বৎসরের বর্তমান সময় পর্যন্ত কোচবিহার জেলার দিনহাটা সাব-রেজিস্টারী অফিসে কতজন হিন্দু এবং কতজন মুসলমানের নিকট হইতে উক্ত রেজিস্টারীর জন্য নাগরিক সার্টিফিকেট লওয়া হইয়াছে?

The Hon'ble Iswar Das Jalan :
(ক) হ্যাঁ। তবে শুধু কুচবিহার জেলাতেই নয়, এই রাজ্যের সর্বত্রই নিবন্ধন আধিকারিক দাতার নাগরিকত্ব সম্বন্ধে যাচাই করিতে পারেন এবং প্রয়োজন হইলে তিনি পাসপোর্ট বা নাগরিকত্ব সার্টিফিকেট তলব করিতে পারেন।

এই সার্টিফিকেট নিবন্ধন আধিকারিকের সন্তোষ মতে হইলেই হইল। নির্দিষ্ট কোন ব্যক্তির সার্টিফিকেট লইতে হইবে এরূপ কোন বাঁধাধরা নিয়ম নেই। তবে সাধারণতঃ ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট, পঞ্চায়েৎ প্রধান, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের সার্টিফিকেট পেশ হইয়া থাকে। এম-এল-এ, এম-পি'র সার্টিফিকেট গ্রহণ করিতেও কোন বাধা আছে বলিয়া মনে হয় না।

(গ) মোট নাগরিক সার্টিফিকেটের সংখ্যা হইতেছে ৪,০৪০টি। ইহার মধ্যে কতকগুলি হিন্দুর নিকট হইতে এবং কতকগুলি মুসলমানের নিকট হইতে লওয়া হইয়াছে সে সম্বন্ধে বিস্তারিত তথ্য সরকারের নিকট নাই, তবে উল্লেখ করা যাইতে পারে যে, এখানে কোন সাম্প্রদায়িক প্রশ্ন নাই। নাগরিকত্বের যাচাই-ই ইহার উদ্দেশ্য। দেশের অর্থ বিদেশে অন্যায়ভাবে প্রেরণ বন্ধ করাই সরকারের লক্ষ্য।

Shri Kamal Kanti Guha :
(4) from Shri Narayan Choubey regarding non-payment of pay etc. to the Malaria Eradication staff of Khargpur.

I have selected the notice of Shri Tarun Kumar Sen Gupta regarding unemployment due to abolition of the Deep Sea Fishing scheme. Hon'ble Minister in charge may please make a statement.

The Hon'ble S. M. Fazlur Rahman : Mr. Deputy Speaker, Sir, the factual position is that the Government of West Bengal has decided to transfer the three T.C.M. trawlers to the Government of India. As a result of this decision, the following three categories of staff will be affected :—

(i) floating staff, i.e. the staff engaged in operation of the trawlers ;

(ii) other technical staff who are normally shore-based, and

(iii) office staff.

The above staff are now employees of the West Bengal Deep Sea Fishing Board. Nevertheless, the State Government, in consultation with the Union Government, are taking all possible steps so that they may not be thrown out of employment.

Regarding (i), the floating staff, I have been assured by the Union Deputy Minister for Food that they would be absorbed by the Government of India. I have also requested him to consider the feasibility of absor-

bing the other technical staff as at (ii) above who are normally shore-based, under the Government of India in view of their long experience. Regarding (iii), i.e. office staff, some of the staff who are on deputation from the State Government will revert to their parent office under this Government. Regarding the remaining staff, the State Government is considering the question of their absorption in suitable posts in the Directorate of Fisheries, West Bengal, and elsewhere provided they possess the requisite qualifications.

Leave of absence

Mr Deputy Speaker : I have received an application from Shri Subodh Chowdhury, an honourable member of this House, for permission of the Assembly to be absent from its meetings. I place this matter before the House, and I ask if he has the permission of the Assembly asked for by him.

[At this stage there was a pause.]

Mr Deputy Speaker : I take it that the leave is granted.

Laying of report

The Hon'ble Dr. Prabodh Kumar Guha: I beg to lay before the Assembly the Report of the Joint Committee on the West Bengal Homeopathic System of Medicine Bill, 1963.

GOVERNMEMT BILL

The West Bengal Zilla Parishad Bill ,1962

Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পশ্চিমবাংলার জেলা পরিষদ বিল সিলেক্ট কমিটির মধ্যমে আমাদের কছে কিছু কিছু পরিবর্তিত আকারে এ সছে। যদিও সিলেক্ট কমিটির দীর্ঘ আলোচনার মাধ্যমে এর কিছু কিছু রূপান্তর হয়েছে কিন্তু আমি মনে করি যে এর গুণগত বা মৌলিক কোন রূপান্তর ঘটে নি এবং এই বিল আলোচনা করার প্রারম্ভে উদ্দেশ্য ছিল যে গ্রাম থেকে সহর পর্যন্ত জেলাতে জেলাতে শাসনকে বিকেন্দ্রীকরণ করা হবে। কিন্তু তাহাতে এটাই ছিল এর মূল লক্ষ্য যে বর্তমানে যারা কংগ্রেসী শাসক শ্রেণীর সমর্থনে আছে তাদের কায়েমী স্বার্থের ভিত্তির উপর যে শাসন চলছে তাদেরকে একত্রীকরণ করা যাবে এই বিলের মারফতে।

যে কারণে সিলেক্ট কমিটির মিটিং-এ বিরোধীপক্ষ থেকে আমরা বারবার বলেছি একটা নীতি অনুসরণ করা উচিৎ যার ফলে বাংলাদেশে যুগান্তকারী জেলা পরিষদ বা পঞ্চায়েৎ রাজ প্রতিষ্ঠিত হবে, কিন্তু নীতিগত হিসাবেই হোক বা যে কোন কারণেই হোক, আমাদের পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে সেই দৃষ্টিভঙ্গী গৃহীত হয় নি। জেলা পরিষদের মূলগত পরিবর্তন কিছুই হয় নি যার জন্য বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যৎ এবং গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ সম্পর্কে মাননীয় শৈলবাবু যেকথা বলেছেন তা আমাদের বিশ্বাস হয় না, তা আমরা বিশ্বাস করি না। আমাদের মূলনীতি ছিল ডাইরেক্ট ইলেকসন-এর মাধ্যমে জেলাপরিষদ রচিত হোক, কিন্তু তাতে কেবল নির্বাচনের পালা চলবে এই অজুহাতে যদি নির্বাচন বাতিল করে দেওয়া যায় তাহলে আমার মনে হয় নির্বাচনকে খেলো করে দেখা হবে। আমরা জানি, মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের দেশ এখন পর্যন্ত আধা সামন্ততান্ত্রিক দেশ, আমাদের দেশে এখনো শিল্পায়ণ হয় নি; আমাদের দেশের অর্থনীতি যেভাবে পরিচালিত হচ্ছে তার মধ্যে যদিও আমরা প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের মারফৎ জেলাপরিষদের দায়িত্ব নিই তবুও আমি মনে করি গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ হওয়া সম্ভব হবে না এই জন্য যে, এখনো পর্যন্ত ভেস্টেড ইন্টারেস্ট কায়েমীস্বার্থ অর্থনীতির ক্ষেত্রে গণতন্ত্রের প্রসারে বাধা দিচ্ছে। অর্থনীতির ক্ষেত্রে যদি গণতন্ত্রের প্রসারতা না আসে তবে

কোনদিনও আমাদের দেশে বয়স্ক ভোটাধিকারের মারফৎ পরিপূর্ণ গণতন্ত্রপ্রতিষ্ঠা হবার সম্ভাবনা আছে বলে মনে করি না। তথাপি এই আধা সমান্ততান্ত্রিক সমাজ ব্যবস্থায়ও যদি সাবালকের প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের মাধ্যমে প্রত্যক্ষ নির্বাচন হয় তাতে দেশে একটা আলোড়নের সৃষ্টি হয়। রাজনৈতিক, অর্থনৈতিক বিষয়বস্তু নিয়ে বহুরকম বিতর্কযুদ্ধ দেশের মধ্যে শুরু হয়ে যায় যার জন্য নির্বাচনকে যুদ্ধ বলে আখ্যা দেওয়া হয়। এই নির্বাচনের মাধ্যমে জনসাধারণ বহুকালের কুসংস্কার ও অন্ধকার থেকে আলো পাবার সুযোগ পায় এবং গণতন্ত্রের মধ্যে কোথায় তাদের দায়িত্ব আছে নির্বাচনের মাধ্যমে মানুষ সেই শিক্ষা পায়। বর্তমানে আমাদের সমাজ ব্যবস্থায় কায়েমীস্বার্থের প্রভাব থাকা সত্ত্বেও নির্বাচনের মাধ্যমে লোকের মনে প্রেরণা আসে, তাদের মধ্যে প্রাণ সঞ্চার হয়, তারা চিন্তা করতে শেখে নির্বাচন সম্বন্ধে কি করে তারা তাদের অংশগ্রহণ করবে। এখানে যে জেলাপরিষদের ভূমিকা মাননীয় মন্ত্রীমহাশয় নিয়ে এসেছেন সেই ভূমিকায় জনসাধারণের প্রত্যক্ষভাবে অংশগ্রহণের সুযোগ থাকছে না। সুতরাং আমি নির্বাচন বাতিল করে দেওয়ার ঘোরতর প্রতিবাদ করি। কায়েমীস্বার্থের দ্বারা পরিচালিত সমাজ ব্যবস্থায় তার মধ্যে ৪টা ধাপে যে নির্বাচনপ্রথা আপনারা শুরু করবেন তাতে আপনাদের বাছাই করা লোক নিয়ে জেলাপরিষৎ তৈরী হবে। আমরা জানি বর্তমানে অঞ্চল প্রধান, য়ুনিয়ন বোর্ড প্রধান, তাঁদের প্রভাবে গ্রামে নানাধরণের জিনিস পরিচালিত হয় দিস ইজ দি অবজেকটিভ কন্‌ডিসান অফ আওয়ার সোসাইটি। এই বাস্তব অবস্থা পরিবর্তন করার জন্য প্রয়োজন ছিল গণভোট, সাবালকের ভোটে জেলাপরিষদ তৈরী করা হয়। যদি কংগ্রেস গভর্নমেণ্টের এই দৃষ্টিভঙ্গী হয় যে এই অবস্থা বদলাতে হবে, ধনিকগোষ্ঠী ও কায়েমীস্বার্থবাদীদের দ্বারা পরিচালিত এই সমাজ ব্যবস্থার পরিবর্তন করা যদি দরকার হয় তাহলে এই জেলাপরিষৎ বিলের মাধ্যমে সেই সুযোগটা এসেছিল, কিন্তু সরকার সেই দৃষ্টিভঙ্গী গ্রহণ করেন নি। মাননীয় শৈলবাবু সিলেক্ট কমিটিতে আমাদের যে কথা বলেছিলেন সেটা গ্রহণ করা হয় নি।

[1-10—1-20 p.m.]

দ্বিতীয়তঃ নির্বাচনের মাধ্যমে আমরা যৌথ দায়িত্ব সৃষ্টি করতে পারতাম, জনসাধারণের ভোটে গণতন্ত্রের কাঠামোকে আরো ডেভেলপ করে তার মধ্যে অংশগ্রহণ করে ধন বন্টন ও ধনসম্পদ সৃজনের ব্যাপারে তাদের কি ভূমিকা ও দায়িত্ব রয়েছে সে সম্পর্কে তাদের গণশিক্ষা দেবার সুযোগ গ্রহণ করতে পারতাম, কিন্তু এখানে সেই মাস এডুকেসান-এর সুযোগ থেকে তাদের বঞ্চিত করা হয়েছে। এর মধ্যে এক জায়গায় বলা হয়েছে যে গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ, শক্তির বিকেন্দ্রীকরণ করা হবে, ক্ষমতার এবং শাসনের বিকেন্দ্রীকরণ করা হবে। কিন্তু জনসাধারণের দিকে না তাকিয়ে, নীতিগতভাবে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে যদি জেলাপরিষদ না গঠন করা হয় তাহলে মোটামুটি এই দাঁড়াবে যে, বিকেন্দ্রীকরণ মানে হবে করাপসন, উপরতলার করাপসন কায়েমীস্বার্থের যে প্রাচীর রয়েছে আমাদের সমাজ ব্যবস্থায় সেটারই বিকেন্দ্রীকরণ হবে, অর্থাৎ জেলায় জেলায় রাইটার্স বিল্ডিং-এর মতো যার বহুরকম দুর্নীতির কথা আমরা জানি এবং দিনরাত শুনি সেই রকম দুর্নীতিরই বিকেন্দ্রীকরণ হবে। আমরা জানি একজন এক্সটেনসন অফিসার, এগ্রিকালচার, প্রোমোটেড হয়েছে, কিন্তু টাকা না দেওয়ার জন্য তাকে আজ পর্যন্ত প্রোমোসন-এর পজিসন-এ নিয়ে যাওয়া হয় নি। আমাদের জেলার ডিস্ট্রিক্ট বোর্ড এর একজন কর্মচারীকে সুপারয়েনুয়েটেড হিসাবে রাখার কথা হয়েছিল, তদ্বিরতদারকও করা হয়েছিল, এর জন্য ২০০ টাকা চাওয়া হয়েছে, না দিলে হবে না। আমরা জানি একজন নার্সকে সে নার্সিং স্কুল থেকে পরীক্ষায় পাস করলেও কাজের সুযোগ দেওয়া হয় না, যতক্ষণ পর্যন্ত না সে বাই আদার মিনস্‌ এই সুযোগ নিতে পারে ততক্ষণ পর্যন্ত সে অবহেলিত হবে। এই শাসনের রন্ধ্রে রন্ধ্রে চতুর্দিকে যে দুর্নীতির বাসা ছড়িয়ে আছে তারই বর্তমান বিকেন্দ্রীকরণ হচ্ছে, রাইটার্স বিল্ডিংস থেকে তাকে বিকেন্দ্রীকরণ করার জনাই এই জেলাপরিষৎ বিল আনা হয়েছে।

আমাদের সমাজের যে ধরণের কাঠামো, সমাজের মধ্যে যে ধরণের কুসংস্কার চলছে তাতে পুরাণ সমাজের যা কিছু আছে তার উপর ভিত্তি করে অর্থাৎ তাকে লেজুড় হিসাবে রেখে নূতন সমাজ ব্যবস্থা গড়বার দৃষ্টিভংগী নিয়ে আমরা এগিয়ে যাবার চেষ্টা করছি। স্যার, সমাজের অর্থনৈতিক ক্ষেত্রে কোন গণতান্ত্রিক বিধি প্রবর্তিত হোল না, কৃষক ভূমি পেল না, বেকার

বেকার অবস্থাতেই থেকে গেল, গরীব চাষী দিন দিন জমি হারাল, গ্রামে গ্রামে অনটন দেখা দিল এবং ভূমি সংস্কার-এর নামে বড়বড় জমিদার জোতদারদের স্বার্থ পরোক্ষভাবে থাকল এবং ঠিক এই পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ বিল আমাদের সামনে এসেছে। সিলেক্ট কমিটির ভেতর দিয়ে কিছু রূপান্তর করা হয়েছে, কিছুটা আমলাতান্ত্রিক প্রভাব খর্ব করবার চেষ্টা করা হয়েছে, কিছুটা জন প্রতিনিধি নেবার চেষ্টা করা হয়েছে কিন্তু তথাপি এর মূলগত, গুণগত এবং মৌলিক পরিবর্তন যে হয় নি সেটা আমি কয়েকটি ধারার মধ্য দিয়ে দেখাতে চাই। স্যার, রাষ্ট্রের হস্তক্ষেপ বহু জায়গায় আছে—অর্থাৎ রাষ্ট্রের হস্তক্ষেপে চেয়ারম্যান, ভাইস্-চেয়ারম্যান-কে রিমুভ করা যায় এবং ডিস্ট্রিক্ট বোর্ড সুপারসিড করা যায়। শৈলবাবু বলেছেন নমিনেসন-এর সুযোগ নেই। কিন্তু আমি পার দেখাব যে নমিনেসন-এর সুযোগ রয়েছে। জেলা পরিষদের হাতে ফান্ড দেবার ব্যবস্থা নেই ফলে অর্থের আনুকূল্যের জন্য রাষ্ট্রের হস্তক্ষেপ সর্বক্ষেত্রে হতে বাধ্য। শুধু তাই নয়, যে কোন ফিলিম্‌জী গ্রাউন্ড-এ সুপারসেসন্ করার সুযোগ পেলে তা করে দেবে এবং নমিনেসন দিয়ে যেখানে নিজেদের লোক জেলা পরিষদে ঢোকান প্রয়োজন সেখানে চেয়ারম্যান, উইমেন, সিডিউল কাস্ট, ব্যাকওয়ার্ড শ্রেণী বা পশ্চাতপদ জাতি হিসেবে ঢোকান যেতে পারবে। কাজেই দেখা যাচ্ছে এইভাবে নমিনেসন্, রিমুভাল এবং সুপারসেসন-এর ক্ষেত্রে ফান্ড-এর মাধ্যমে রাষ্ট্রের হস্তক্ষেপ করবার সুযোগ রয়েছে। তারপর ৪ এবং ৪৯ নম্বর ধারায় যেখানে জেলা পরিষদের গঠন সম্পর্কে পদ্ধতি নির্ণয় করা হয়েছে সেখানে আমার বক্তব্য হচ্ছে এই পদ্ধতির সম্পূর্ণ রূপান্তর হওয়া দরকার। তবে সরকার যদি নীতিগতভাবে সম্পূর্ণ নির্বাচন সাবালকের ভোটের ভিত্তিতে না করতে চান তাহলে আমি দাবী করব অন্ততঃ কিছু সংখ্যক লোক জনসাধারণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে কৈফিয়ত দেবার দায়িত্ব নিয়ে জেলা পরিষদে এসে হাজির হোক। এইভাবে হলে তাঁরা বলতে পারবেন, আমরা জনসাধারণের ভোটে এসেছি কাজেই আমাকে কৈফিয়ত দিতে হবে জেলা পরিষদে আমি কি করলাম না করলাম। কিন্তু অপ্রত্যক্ষ ভোটের মাধ্যমে যাঁরা আসবেন তাঁদের কৈফিয়ত দেবার নৈতিক দায়িত্ব থাকে না। এবং থাকলেও তাঁরা তা দেন না। তারপর, রিমুভাল-এর ব্যাপারে ৭ নম্বর ক্লজ (১) এবং ৫২ নম্বর ক্লজ (১) এই দুটি সেকসন-এ রাষ্ট্রকে যে ক্ষমতা দেওয়া হয়েছে আমি মনে করি এটা অত্যন্ত অন্যায়। আমার মনে হয় চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান বা প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট যাঁরা অঞ্চলের এবং জেলা পরিষদের হবেন তাঁদের রিমুভ করতে হলে রিটায়ার্ড জজ-এর দ্বারা তদন্ত করিয়ে তারপর অর্ডার দেওয়া উচিত। একথা আমি আমার নোট অব ডিসেন্ট-এ জানিয়েছিলাম। তারপর স্যার, (৪)(১) ডি(২) এই সেকসন-এ দেখবেন যে নমিনেসন-এর ব্যাপারে সরকার যথেষ্ট সুযোগ পাবেন তাঁদের নিজেদের মনোনীত ব্যক্তিকে পাঠাবার জন্য। শিক্ষকদের ব্যাপারে আমি বলতে চাই যে, ক্লজ ৯ (বি) এবং ৫৪ (বি) অনুসারে সব শিক্ষককে পদত্যাগ করতে হবে। গ্রামের শিক্ষকরা খুব মান্য গণ্য লোক এবং বহু লোক তাঁদের উপর নির্ভর করে। গ্রামের শিক্ষক বলে এইসব শিক্ষক অনেকে অধ্যক্ষ হিসেবে আছেন, অনেকে অঞ্চল প্রধান হয়ে আছেন এবং অনেকের আঞ্চলিক প্রধান হবার সম্ভাবনা আছে। কিন্তু আমি দেখছি গ্রামাঞ্চলে যে শ্রেণী সবচেয়ে বেশী মান্য, যাঁরা সবচেয়ে বেশী সম্বর্ধনা পায় এবং যাঁদের সব লোকে বেশী বিশ্বাস করে সেই শিক্ষক শ্রেণী জেলা পরিষদের নির্বাচন থেকে বঞ্চিত হবেন। এখনও যদি কেউ অধ্যক্ষ থাকেন বা অঞ্চল পঞ্চায়েতের মেম্বার থাকেন বা ইউনিয়ন বোর্ডের মেম্বার থাকেন তাহলে আগামী দিনে জেলা পরিষদ গঠিত হবার পর তাঁদের সবাইকে পদত্যাগ করতে হবে কারণ ৩৫ ধারা দেখবেন বহুজায়গায় ১৬ ধারা মতে লেখা আছে যে পশ্চিমবংগ সরকারের শিক্ষা বিভাগ থেকে যে নির্দেশ যাবে সেই নির্দেশে জেলা পরিষদ পরিচালনা করবেন স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে, আর স্ট্যান্ডিং কমিটির বা জেলা পরিষদের কর্মচারী হলে তাঁরা নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না। কাজেই দেখা যাচ্ছে সমস্ত শিক্ষক শ্রেণীকে নূতনজীবন তৈরী করবার কাজে লাগান যাবে না। এমতাবস্থায় শৈলবাবু চিন্তা করুন শিক্ষকদের সম্পর্কে বিশেষ কোন প্রভিসন রাখতে পারেন কিনা। স্যার, গ্রামাঞ্চলে শিক্ষকদের যে ভূমিকা এবং সুযোগ আছে দেশের লোককে উদ্বুদ্ধ করবার জন্য তাতে প্রত্যক্ষভাবে দায়িত্ব নিয়ে তাঁরা জেলা পরিষদে আসুন এবং নূতন জীবন গঠন করবার কাজে নূতন উপাদান সৃষ্টি করুন এটা আমরা চাই। তারপর ৩৫(৬), সেকসন্ ১৬-তে আমরা কতগুলি জিনিস দেখছি।

[1-20—1-30 p.m.]

ইন ম্যাটার্স অফ প্রাইমারী এডুকেশন সমস্ত নির্দেশ করবেন অর্থাৎ পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের দপ্তর থেকে যে নীতি নির্দেশ যাবে সেই নির্দেশ পালন করতে হবে প্রাইমারী ষ্ট্যান্ডিং কমিটিকে, এবং জেলা পরিষদ তার কর্তা হয়ে উপর থেকে দেখবেন সেগুলি কার্যকরী হচ্ছে কিনা। সংগে সংগে আর একটা জিনিস দেখছি জেলা স্কুল বোর্ড অর্থাৎ যেটা স্ট্যান্ডিং কমিটিতে পরিণত হবে তারা যদি সব কিছু কাজ করে এবং উপর তলার শিক্ষা দপ্তর থেকে নীতি নির্দেশ পাঠান হয় তাহলে খামকা জেলা পরিষদ মাঝখানে থেকে কাজের গণ্ডগোল হবে কিনা, দ্বন্দ্ব আসবে কিনা ডায়রকি ইন্ ফাংশন, ডায়রকি ইন অথরিটি এন্ড পাওয়ার আসবে কিনা সেগুলি বিবেচনা করা দরকার। আমি বিশেষ করে ৩৫ ধারার উপর আমার আলোচনা বিশেষ নিবদ্ধ রাখতে চাই। প্রথমে আপনি প্রাইমারী এডুকেশন এ্যাক্টের সেকশন ৫১ দেখুন,

Delegation of power to Union Boards Union Committees, etc.

অর্থাৎ স্কুল বোর্ড তার পাওয়ার ডেলিগেট করতে পারবেন ইউনিয়ন বোর্ডকে অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েত-এর শিক্ষার ব্যাপারে। দ্বিতীয়তঃ দেখছি পেণ্ডিং ইন্সপেকশন, কন্ট্রোলের ব্যাপারে ইন্সপেকটিং অথরিটি কে হবে? ডি, আই, এস, আই তাদের তরফ থেকে ইন্সপেকশন হবে না কি জেলাপরিষদের হুকুম মত আঞ্চলিক পরিষদ, অঞ্চল প্রধান, গ্রাম পঞ্চায়েৎ তাদের তরফ থেকে ইন্সপেকশন করার সুযোগ দেওয়া হবে। তারপর আরও আছে। বর্তমানে যে নিয়ম আছে যদি কোন টীচার পেনালাইজড হন তাহলে সেই টীচার ডি, পি আই-এর কাছে আপীল করে কিন্তু বর্তমান রেওয়াজ অনুযায়ী ডি পি আই তার কোন উত্তর ২।৩ বছরের মধ্যে দেন না ফলে সেই শিক্ষক কোন কেস করতে পারেন না এবং এভাবে সে ফান্ডামেন্টাল রাইট থেকে বঞ্চিত হয়। এখন আপনারা এই জিনিসটা যদি কেড়ে নিতে চান তাহলে আমার মনে হয় সেই পাওয়ারটা জেলা পরিষদের হাতে দেওয়া উচিত। অবিলম্বে তার বিচার হওয়া উচিত এবং যদি কোন শিক্ষকের উপর অন্যায় অবিচার হয়ে থাকে তাহলে তার প্রতিকারের জন্য জেলা পরিষদ থেকে তার দায়িত্ব নেওয়া দরকার এটা পরিষ্কার করে এই ধারায় বলা উচিত। পেমেন্ট অব টীচারস—শিক্ষকদের বেতন দেওয়ার যে পদ্ধতি আছে তাতে টীচাররা রিটার্ন করেন এস আই স্যাংশন করে ডি, আই-কে পাঠান। ডি, আই স্কুল বোর্ড থেকে টাকা পাঠান প্রত্যেক শিক্ষকের নামে নামে। তিন ষ্টেজে টাকা পে-মেন্ট হবে। আমার মনে হয় যদি পরিস্কার করে ব্যবস্থা করা না হয় তাহলে ছয়টি ষ্টেজে টাকা পে-মেন্ট করতে হবে। প্রথমে প্রাইমারী টীচার তারপর নেবে এস-আই তারপর ডি, আই এবং ডি আই দেবে জেলা পরিষদকে এবং জেলা পরিষদ দেবে আঞ্চলিক পরিষদকে। অমনি করে করে ছয় ধাপে টাকা পে-মেন্ট হবে। ততে কতকাল লাগবে দেখুন। বর্তমানে ৩।৪ মাস পরে প্রাইমারী টীচারস বেতন পান, এর পরে ক-মাস পরে বেতন পাবে? তার ব্যবস্থা এই আইনে পরিষ্কার থাকা দরকার। তারপর দুজন পার্সনস—ইন্টারেষ্টেড ইন এডুকেশন গভর্ন-মেন্ট থেকে কমিটিতে দেবার ব্যবস্থা আছে। আমার বক্তব্য হচ্ছে এই যে দুজন স্ট্যান্ডিং কমিটিতে এ্যাপয়েন্ট করবেন এ সম্বন্ধে এরূপ একটা ব্যবস্থা করুন যারা প্রাথমিক শিক্ষক, যাদের অভিজ্ঞতা আছে, যারা প্রবলেম বোঝে সেই রকম দুজন শিক্ষক নির্বাচিত হয়ে আসুন কিংবা নির্বাচনে যদি আপত্তি থাকে কমসে কম দু জন শিক্ষককে সেই ষ্ট্যান্ডিং কমিটিতে পাঠান।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, গতকাল আমাদের হাউসের সামনে মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয় জেলা পরিষদ বিল যখন উত্থাপন করেন তখন তিনি অত্যন্ত স্পষ্টভাবে ঘোষণা করেছিলেন যে এই বিল আনয়ণের মধ্য দিয়ে আমরা পশ্চিমবংগে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠার শেষ সোপানে উপনীত হয়ে যাবে। তিনি অত্যন্ত পরিষ্কারভাবে বলেছিলেন যে এই বিলকে আইনে পরিণত করার মধ্য দিয়ে গ্রামে সাধারণ মানুষের হাতে ক্ষমতা পৌঁছে দেওয়া হবে এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ হবে এবং সর্বশেষ তিনি উল্লেখ করেছিলেন যে এই বিল আমার মধ্যে দিয়ে সমস্ত পশ্চিমবংগের গ্রাম্য জীবনে একটা বৈপ্লবিক পরিবর্তন আনা সম্ভবপর হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গতকাল যখন হাউসের সামনে প্রবর্তিত জেলা পরিষদ বিল উত্থাপন করা হয়েছিল তখন আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী একটা অত্যন্ত সুন্দর কথা বলেছিলেন যে

প্ল্যানিং এবং ডেভেলপমেন্ট সাকসেসফুল করতে হলে এ্যাকটিভ পার্টিসিপেসান অব দি রুর‍্যাল ফোক এটা অত্যন্ত বেশী প্রয়োজন। আমিও তাঁর সংগে এক মত যে একটা দেশের সামগ্রিক উন্নয়ন করতে হলে, একটা দেশের প্ল্যানিং সাকসেসফুল করতে হলে গ্রামবাসীদের সক্রিয় সহ-যোগিতা অত্যন্ত বেশী প্রয়োজন। কিন্তু এই যে বিলটা আমাদের সামনে আছে সেই বিলটা যদি আমরা অত্যন্ত ভালভাবে পর্যালোচনা করি তাহলে আমরা দেখব যে

active participation of the rural folk in planning and development has been completely denied.

এখানে পরিষ্কারভাবে তাদের সেই সুযোগকে অপহরণ করা হয়েছে, তাদের সেই সুযোগের কোন স্থান নেই। আমি এই বিলের ৪ নম্বর ক্লজের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের ৪ নম্বর ক্লজ বলছে যেখানে কমপোজিসান অব দি পরিষদ—পরিষদের গঠন চরিত্র সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে সেখানে আমরা দেখছি যে এই পরিষদ বিভিন্ন আঞ্চলিক পরিষদের সভাপতি থাকবেন, প্রত্যেক মহকুমা থেকে গ্রাম পঞ্চায়েত থেকে দু'জন করে অধ্যক্ষ থাকবেন, বিভিন্ন মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যানের মধ্য থেকে একজনকে সরকার মনোনীত করবেন, দু'জন মহিলাকে সরকার মনোনীত করবেন এবং প্রেসিডেন্ট অব দি স্কুল বোর্ড থাকবেন, এই যেখানে পরিষদের গঠন ভংগীমা সেখানে আমরা কেমনভাবে আশা করতে পারি যে সাধারণ মানুষ এখানে তাদের এ্যাকটিভ পার্টিসিপেসান রাখতে পারবে? কেমনভাবে আশা করব গ্রামের উন্নয়ন বা সামগ্রিকভাবে একটা জেলার উন্নয়নের ক্ষেত্রে সাধারণ মানুষ তার বক্তব্য অত্যন্ত পরি-ষ্কারভাবে রাখার সুযোগ পাবে? সুতরাং এই যে প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের তাঁরা স্বীকৃতি দিয়েছেন সেটা যদি জেলা পরিষদ গঠনের ক্ষেত্রে স্বীকৃতি দিতেন যে প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে জেলা পরিষদ গঠিত হবে তাহলে আমরা বুঝতাম স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয় যে ঘোষণা করেছিলেন যে

active participation of the rural folk in planning and development.

সে কথার তিনি মর্যাদা দিয়েছেন। তিনি দ্বিতীয় কথা বলেছিলেন যে জেলা পরিষদ গঠনের মধ্য দিয়ে একটা অত্যন্ত গণতান্ত্রিক রূপ তাঁরা নতুনভাবে দেবার চেষ্টা করছেন। আমি পরিষ্কারভাবে এই হাউসের সামনে এই কথা রাখতে চাই যে এই বিলের মধ্যে দেখা যাবে এ্যাবসেন্স অব ডেমোক্র্যাটিক ক্যারেক্টর অব জেলা পরিষদ, জেলা পরিষদের মধ্যে গণতন্ত্রের অভাব রয়েছে। জেলা পরিষদের কাঠামোর মধ্যে গণতান্ত্রিক রূপ আরোপ করতে গিয়ে মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয় আমার মনে হয় একটা ইলিউসান ক্রিয়েট করেছেন। আমাদের স্বায়ত্ব-শাসন মন্ত্রী শুনেছি তিনি দর্শন সম্বন্ধে অনুরাগী, আমার মনে পড়ে বেদান্তের সেই সেনকের ইলিউসানের কথা, তিনি সেই ইলিউসান ক্রিয়েট করেছেন—ইলিউসন ইজ দি এক্স-পিরিয়েন্স অব ডেমোক্র্যাটিক ক্যারেক্টর। তিনি ডেমোক্র্যাটিক ইলিউসান জেলা পরিষদের উপর স্থাপন করে আমাদের সামনে একটা ইলিউসন ক্রিয়েট করেছেন। এই জেলা পরিষদ বিলের ১৬ নম্বর ক্লজ যদি দেখেন তাহলে দেখবেন সেখানে আছে জেলা পরিষদ সমস্ত কাজ করতে পারবে

subject to any general and special direction of the Government.

অর্থাৎ সরকারের কাছ থেকে একটা নির্দেশ আসার পর জেলা পরিষদ তার কাজ করবে। গণ-তান্ত্রিক চরিত্রের এই কি চেহারা? যেখানে জেলা পরিষদ গঠণ করে বলা হচ্ছে যে তার পূর্ণ ক্ষমতা থাকবে, যেখানে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হবে বলে বলা হচ্ছে সেখানে দেখা যাচ্ছে পুরোপুরি সরকারের উপর নির্ভর করে জেলা পরিষদ গঠন করার প্রয়াস তাঁরা করছেন।

[1-30—1-40 p.m.]

ক্লজ ১৬(সি)-তে বলা হচ্ছে যে গ্রাম এলাকায় যে জল সরবরাহ করা হবে সেখানে সরকারের অনু-মোদন করা হবে। ওয়াটার সাপ্লাই গ্রামাঞ্চলে যেখানে করা হবে উইথ দি এপ্রুভাল অফ দি গভর্নমেন্ট। ক্লজ ১৬(৩) তে বলা হয়েছে

Jilla Parishad shall not undertake any scheme without the approval of the Government.

জেলা পরিষদ কোন স্কীম গ্রহণ করতে পারবে না সরকারের অনুমোদন ব্যতীত। এই কি গণতান্ত্রিক বডির একটা চেহারা সেখানে একটা জেলা পরিষদকে গণতান্ত্রিক আদর্শের কাঠামো হিসাবে স্থাপন করবার জন্য আমাদের সামনে উপস্থিত করা হয়েছে সেখানে ক্লজ ১৬(৩)-তে বলা হচ্ছে যে গভর্নমেন্টের অনুমোদন ছাড়া কোন স্কীম জেলা পরিষদ গ্রহণ করতে পারবে না। জেলা পরিষদ বিলের ক্লজ ৩০তে বিভিন্ন স্ট্যান্ডিং কমিটির নাম করা হয়েছে, সেখানে পঞ্চায়েতকে একটা প্রাইমারী এডুকেশন কমিটি স্ট্যান্ডিং কমিটি হিসাবে রাখা হয়েছে। এই জেলা পরিষদকে যদি ডেমোক্র্যাটিক করেকটর বলি তাহলে বিভিন্ন স্ট্যান্ডিং কমিটির ডেমোক্র্যাটিক কারেকটরে আমরা দেখবো ফুল হাউসে একটা স্ট্যান্ডিং কমিটি হিসাবে রাখা হয়েছে। বেংগল প্রাইমারী এডুকেসন য়্যাক্ট, ১৯৩০ যদি আমরা দেখি তাহলে দেখবো সেখানে সেকসন ৬ এ বলা হচ্ছে যে একজন ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেট, ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস, ২ জন সিডিউল কাষ্ট, একজন শিক্ষক এবং যতগুলি মহকুমা আছে সেখান থেকে একজন করে প্রতিনিধি সরকার নিয়োগ করবে এই হচ্ছে জেলা স্কুল বোর্ডের সাকসেসান এবং এই জেলা স্কুল বোর্ড জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি হবে। কাজে কাজেই একদিকে গণতান্ত্রিক কাঠামোর কথা বলা হচ্ছে, অপরদিকে জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিতে পুরোপুরি সমস্ত সরকারী মনোনীত মানুষ রাখা হচ্ছে। কাজে কাজেই যে কথা আমি আগেই বলেছি যে আমাদের সামনে একটা ইলিউসান ক্রিয়েট করা হয়েছে, আমাদের সামনে একটা ইলিউসানী এ রেজোলিউসন রাখা হয়েছে যে ডেমোক্র্যাটিক ফরম অফ অরগেনাইজেসন হচ্ছে এই জেলা পরিষদ গঠনের মধ্যে দিয়ে। দ্বিতীয় যে কথা বলতে চাই সেটা হচ্ছে মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রী কালকে এখানে বলেছেন যে ক্ষমতার বিকেন্দ্রিকরণ করা হচ্ছে, গ্রামের সাধারণ মানুষের ক্ষমতা দেয়া হচ্ছে, বাংলাদেশের বিভিন্ন জেলায় জেলায় ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে দেয়া হচ্ছে এই বিলের মধ্য দিয়ে। বিভিন্ন জেলায় জেলায় জেলা পরিষদ নিজেদের গ্রামোন্নয়নের কথা চিন্তা করবে, নিজেদের গ্রামকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ ২ এর প্রতি। এখানে একজিকিউটিভ অফিসারের য়্যাপয়েন্টমেন্টের কথা আছে এবং একজিকিউটিভ অফিসারদের হাতে পুরোপুরি ক্ষমতা দেয়া হয়েছে তিনি সমস্ত কিছু করতে পারেন ভাংগতে পারেন, গড়তে পারেন। কাজে কাজেই যে ক্ষমতা বিকেন্দ্রিকরণের কথা বলা হচ্ছে সেখানে দেখা যাচ্ছে পুরোপুরি সমস্ত ক্ষমতা একজিকিউটিভ অফিসারের হাতে থাকবে। এখানে আমার মনে পড়ছে বিজ্ঞানে সেন্ট্রিপেটাল ফোর্সের কথা তার মধ্যে বলেছে সেন্ট্রিপেটাল ফোর্স ইজ টু ফোর্স দি সেন্টার, এখানে তেমনি ভাবে আমাদের ক্ষমতা দেয়া হয়েছে কিন্তু সেন্টার বা কেন্দ্রের প্রতি তাদের আকর্ষণ রেখে দেয়া হয়েছে। তারপরে যেকথা আমি রাখতে চাই সেটা হচ্ছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন যে বাংলাদেশের সমস্ত গ্রামগুলিকে, অঞ্চলগুলিকে একটা সূত্রে বাঁধার চেষ্টা করা হয়েছে জেলা পরিষদ বিলের মাধ্যমে। অত্যন্ত পরিষ্কারভাবে গতকাল মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এখানে যে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত, আঞ্চলিক পরিষদ এবং ওপরে তুলে দিচ্ছেন জেলা পরিষদকে—আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করবো যে আজকের এই যে চেন করছেন এর মধ্যে একটা ঘোরতর সংকটপূর্ণ প্রশ্ন উঠছে, সেই প্রশ্ন হচ্ছে আজ আবার দেখছি আচার্য বিনোবাজীর হাতে পশ্চিমবাংলার বহু গ্রামদান করা হয়েছে। গতকাল এখানে ভূমিরাজস্বমন্ত্রী ঘোষণা করেছেন যে যে সমস্ত গ্রাম বিনোবাজীর হাতে দান করা হয়েছে সেই গ্রামগুলির প্রশাসনিক ব্যবস্থা কি হবে সে সম্পর্কে একটা আইন অচিরে তিনি আনছেন, অর্থাৎ এই গ্রামগুলিতে গ্রাম পঞ্চায়েৎ নিশ্চয়ই থাকছে না-গ্রামসভা হবে কি অনুরূপ কোনরকম প্রতিষ্ঠান হবে সে সম্পর্কে সরকার একটা বিল আনার চেষ্টা করছেন। এখন কথা হচ্ছে যে বিনোবাজীর হাতে যে সমস্ত গ্রাম বলছি সেই সমস্ত গ্রামগুলির সাথে জেলা পরিষদের কি সম্পর্ক হবে সে সম্পর্কে জেলা পরিষদ বিলে কোন রকম উল্লেখ নেই। গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধি জেলা পরিষদে থাকবে--কিন্তু যে গ্রামগুলি বিনোবাজীর হাতে গিয়েছে যে গ্রামগুলির ভবিষ্যত গতকাল মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে ত্রিশঙ্কুল অবস্থায় আছে তার ভবিষ্যৎ কি হবে তা আমি জানতে চাই। এই ত্রিশঙ্কুল থাকা গ্রামগুলির সাথে জেলা পরিষদের কি সম্পর্ক হবে তার কোন উল্লেখ এর মধ্যে নেই। অথচ আমরা মনে করি যে আজকে যেখানে সমস্ত বাংলাদেশের গ্রামের সর্বাঙ্গীন উন্নতির জন্য একটা বিল রচিত হচ্ছে সেখানে এই যে ডিস্ক্রিমিনেসন কেন? আমার

মূল প্রশ্ন অন্য জায়গায় যে আজকে সমস্ত প্রশাসনিক ব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করে জেলার ভবিষ্যৎ গঠনের যে কাজ চলছে সেখানে একজন মাত্র মানুষের খেয়াল চরিতার্থ করার জন্য ডিস-ক্রিমিনেসন সৃষ্টি করা হচ্ছে কেন? তা যদি করাই হয় তাহলে তার কোন প্রভিসন এই বিলের মধ্যে রাখা হয় নি কেন। আমি আশা করবো মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য রাখবার সময় এটা পরিষ্কার করে রাখবেন। সর্বশেষ যে আমি বলছি সেটা অনেক বক্তা বলে গেছে সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা। এ সম্পর্কে কিছু বলা দরকার এজন্য যে আজকে সারা পশ্চিমবাংলায় নয় সমস্ত দেশের মানুষের প্রাথমিক শিক্ষার উপর যথেষ্ট গুরুত্ব আরোপিত হয়েছে। প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কেমন ভাবে দেশের সর্বত্র ছড়িয়ে দিতে পারা যায় তার জন্য সমস্ত মহল থেকে চিন্তা সুরু হয়েছে এবং বিভিন্ন ধরণের প্রস্তাব রাখা হচ্ছে। আজকে গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে অত্যন্ত সুষ্ঠুভাবে রাখা দরকার—এটা সরকার স্বীকার করেন এবং আমরাও বলি। গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পরিচালনা করার জন্য আমরা দেখেছি যে সেখানে স্কুল বোর্ড আছে—বেঙ্গল প্রাইমারী এডুকেসন এ্যাক্ট অনুসারে যাতে গ্রামাঞ্চলের শিক্ষা ব্যবস্থা সুপরিচালনা করা যায় তার জন্য ঐ বেঙ্গল প্রাইমারী এডু-কেশন এ্যাক্ট, ১৯৩০ মধ্যে আমরা দেখেছি যে তার যে ১৪ নং ধারা আছে সেখানে স্কুল বোর্ডগুলি হবে একটা অটোনমাস বডি। সেই স্কুল বোর্ড নিজে তার নিয়ম কানুন রচনা করবে এবং সেই স্কুল বোর্ড বাংলা দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পরিচালনা করবে। অথচ জেলা পরিষদের যে বিল তার ক্লজ ৩০তে আমরা দেখছি যে সেখানে বলা হচ্ছে যে সেখানে স্কুল বোর্ড একটা স্ট্যান্ডিং কমিটিতে পরিণত হবে। আমরা বুঝতে পারছি না যে কেমনভাবে অটোনমাস বডিকে একটা স্ট্যান্ডিং কমিটিতে পরিণত করা যায়। কেমনভাবে এই প্রতিক্রিয়াশীল স্কুল বোর্ড-এর মত প্রতিষ্ঠা জেলা পরিষদের মধ্যে গিয়ে তার কাজ সুষ্ঠুভাবে সমাধান করতে পারবে। জেলা পরিষদের বিলের ক্লজ ৩৫-তে আছে যে সেখানে জেলা পরিষদের প্রতিটি নির্দেশ তারা কার্যকরী করবে প্রভাইডেড যে কোন ইজ নট ইনকন্-সিসটেন্ট উইথ দি এফোরসেইড এ্যাক্ট অর্থাৎ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৩০ সালে যে আছে তার সাথে ইনকনসিসট্যান্সি নেই এবং প্রতিটি স্তরে জেলা স্কুল বোর্ড তা কার্যে পরিণত করার চেষ্টা করবে। কিন্তু গোড়াতে আমাদের মনে সন্দেহ জাগছে যে স্কুল বোর্ডের যে আইন রচিত সেই প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, ১৯৩০-তার মধ্য এমন ধারা নেই যে সেখানে অন্য একটা প্রতিষ্ঠানের দ্বারা পরিচালিত হবে। ইনকনসিসট্যান্সি হচ্ছে সেখানে। কাজেই এই যে কন্ট্রাডিকসন যেখানে বলা হচ্ছে ক্লজ ৩৫-তে বলা হচ্ছে যে এমন কোন নির্দেশ পালন করবে না যেখানে ইনকনসিসট্যান্স আছে। কিন্তু এমন কোন প্রভিসন নেই যে জেলা পরিষদ জেলার নির্দেশ অনুযায়ী পরিচালিত হবে। প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, ১৯৩০-তার সেকসন ১৪-এতে আমরা দেখছি যে তাকে অটোনমাস বডি হিসাবে ঘোষণা করা হয়েছে। তার সাথে জেলা পরিষদের কোন সম্পর্ক নেই বা থাকতে পারে না। সেখানে জেলা পরিষদের সিদ্ধান্ত কার্যকরী করতে পারবে সে সম্পর্কে পরিষ্কারভাবে উল্লেখ থাকার প্রয়োজন। এজন্য এই বিল সারকুলেসনে দেবার জন্য যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি এবং আমি মনে করি গতকাল স্বায়ত্বশাসন মন্ত্রী আমাদের সামনে যে সমস্ত কথাগুলি রেখেছিলেন সেই সমস্ত কথাগুলি বাস্তবে কার্যকরী করতে হলে এর আমূল পরিবর্তন প্রয়োজন এবং নূতনভাবে হাউসের সামনে আনার প্রয়োজন এবং তারপর আলোচনা করে আমরা নূতনভাবে সিদ্ধান্ত যাতে গ্রহণ করতে পারি সেই সুযোগ আমাদের দেওয়া উচিত।

[1-40—1-50 p.m.]

Shri Gurupada Khan:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রি জেলা পরিষদ বিল যেটা জয়েন্ট কমিটি থেকে এসেছে এবং আজকে এখানে উপস্থিত করেছেন তাতে বিরোধী পক্ষ থেকে অনেকে বলছেন এই বিলটিকে জনমত সংগ্রহের জন্য আবার কিছুদিনের জন্য বাইরে প্রচার করার ব্যবস্থা করা হউক। তাদের প্রধান আপত্তি এই বিল সম্বন্ধে যেটা সেটা হচ্ছে যে এখানে প্রত্যক্ষ নির্বাচনের ব্যবস্থা করা হচ্ছে না। জেলা পরিষদে প্রত্যেকটি সভ্যকে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নিয়ে আসা উচিত। দ্বিতীয় আরেকটি প্রধান বা মূল জিনিষ তারা বলছেন যেটা সেটা হচ্ছে

স্কুল বোর্ড সম্পর্কে। আমি এই দুটো জিনিষ সম্বন্ধে আমার বক্তব্য আপনার কাছে পেশ করতে চাই। প্রথম কথা হচ্ছে যে আমরা যারা বিধান সভার সভ্য রয়েছি তারা প্রত্যেকে প্রাপ্তবয়স্কদের ভোটে নির্বাচিত হয়ে এসেছি সুতরাং প্রাপ্তবয়স্ক ভোটাধিকার যে কত গুরুত্বপূর্ণ ব্যাপার সেটা আমরা প্রত্যেকে উপলব্ধি করি। কিন্তু এই জেলা পরিষদএর ক্ষেত্রে যে পরিপ্রেক্ষিতে এবং যে উদ্দেশ্যে এই জেলা পরিষদ বিল গঠিত হয়েছে যে উদ্দেশ্য সার্থক করবার জন্য এই বিলটিকে আইনে পরিণত করতে আমরা চলেছি সেটাই হচ্ছে প্রধান বিচার্য বিষয়। আজকে অপ্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে এই জেলা পরিষদ গঠন করতে আমরা চলেছি সেই অপ্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে যারা জেলা পরিষদের সভ্য হয়ে আসছেন তাদের দ্বারা এই বিলের উদ্দেশ্য সার্থক হবে কিনা এইটুকু যদি আমরা যাচাই করে দেখি তাহলে এর অনেক ঝংঝাট থেকে আমরা বাঁচবো। কেননা সব ক্ষেত্রেই বাস্তবিকই প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার অত্যন্ত পবিত্র জিনিষ এই বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু যদি আজকে আমরা বলি যে সব ক্ষেত্রে আমরা প্রাপ্তবয়স্ক ভোটাধিকার চাই এবং সেটা দিয়েই সমস্ত কাজ আমরা পরিচালিত করতে চাই তহালে মুস্কিল হবে। এই জেলা পরিষদ বিল সম্পর্কে বলতে গিয়ে আমি বলতে পারি যে আমরা তো দেখেছি প্রথম যে গ্রামসভা থেকে গ্রাম পঞ্চায়েত গঠিত হয়েছে এগুলি প্রাপ্ত-বয়স্ক যারা রয়েছেন তাদের ভোটে নির্বাচিত হয়েছে। এই সঙ্গে সঙ্গে তারা অঞ্চলএ এসেছেন এবং তারা সঙ্গে সঙ্গে যারা আবার আঞ্চলিক পরিষদে আসবেন তার সঙ্গে সঙ্গে যারা আবার জেলা পরিষদ আসবেন এইভাবে চারটা হল। তারপরে এম-এল-এ যারা এম-পি যারা এম. এল. সি যারা হবেন এই রকম ভাবে প্রত্যেকটিই যদি আমরা বলে থাকি যে প্রত্যেকটিতেই প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত হয়ে আসুক তাহলে আমাদের যে সরকারী প্রশাসনিক ব্যবস্থা তাকে ভোট নিয়েই থাকতে হবে। তার চেয়ে আমাদের বিলের যে প্রথম এবং প্রধান উদ্দেশ্য রয়েছে যে আমরা আমাদের দেশে যে গঠনমূলক কাজ চলেছে সেটা আমাদের এই প্রাদেশিক সরকারের মধ্যে সীমাবদ্ধ না রেখে জেলায় যাতে ছড়িয়ে পড়ে যাতে গ্রামের লোকের সঙ্গে একটা প্রত্যক্ষ সংযোগ থাকে যার জন্য এই বিলটা আমরা প্রণয়ন করেছি। আসল উদ্দেশ্য সাধিত হয় কিনা সেটাই দেখা দরকার। আমরা দেখেছি জেলা পরিষদ বিলে জেলা পরিষদ গঠন যারা করছেন তাতে সভ্য হচ্ছেন প্রধানতঃ কারা আঞ্চলিক পরিষদের যারা প্রধান তারা। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয় আঞ্চলিক পরিষদের সভ্য যিনি সভাপতি হবেন তার সম্বন্ধেও কোন কোন সদস্য সন্দেহ প্রকাশ করে বলেছেন যে, এই যে আঞ্চলিক পরিষদের যিনি সভাপতি হয়েছেন যিনি সভ্য থেকে সভাপতি হয়েছেন তাকে আঞ্চলিক পরিষদের সভ্য করা হয়েছিল বা অঞ্চলের প্রধান যিনি হয়েছেন অঞ্চলের সভ্য করা হয়েছিল কেবল মাত্র একটি ক্ষুদ্র গণ্ডির মধ্যে কাজ করবার জন্য হয়ত তারা যারা নির্বাচন করেছেন তারা সমগ্র জেলার উপরে দায়িত্বভার না দিতে পারতেন, কিন্তু একথাটা আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই যে যে আঞ্চলিক পরিষদের সভ্য রয়েছেন প্রত্যেকটি অঞ্চল প্রধান এম. এল. এ রয়েছেন এম. পি. বা এম. এল. সি যারা রয়েছেন এবং আরও বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তিরা তারা সকলে মিলে যখন তাকে সভাপতি করেছেন তিনি নিশ্চয়ই একটা সাধারণ লোক হবেন না। এত বড় গুরুতর দায়িত্ব যাকে দেওয়া রয়েছে তিনি নিশ্চয়ই সম্মানের যোগ্য ব্যক্তির হবেন। দ্বিতীয় কথা হচ্ছে আঞ্চলিক পরিষদের যিনি সভাপতি তিনি তো আঞ্চলিক পরিষদের সভ্য নিশ্চয়ই। তিনি কি হিসাবে সভ্য হয়েছেন না তিনি হয় অঞ্চলের প্রধান হিসাবে সভ্য হয়েছেন কিম্বা অধ্যক্ষদের মধ্যে নির্বাচিত হয়ে তিনি এসেছেন। অধ্যক্ষরা নির্বাচন করেছেন একজন অধ্যক্ষকে, তার থেকে হয়ত তিনি নির্বাচিত হয়ে এসেছেন। এই যে সমস্ত যারা রয়েছেন প্রত্যক্ষ ভাবে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারএর ভিত্তিতে তারা নির্বাচিত হয়ে না এলেও একথাটা কি আমরা অস্বীকার করতে পারি যে গ্রামের মানুষ যার উপরে আস্থা রেখে গ্রাম পঞ্চায়েত গঠন করেছেন এবং গ্রামের যে বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি যার উপর আস্থা রেখেছেন এবং গ্রাম সভার উন্নয়নমূলক কাজগুলি করবার জন্য তাকে অঞ্চলে প্রেরণ করেছেন এবং অঞ্চল যার উপর আস্থা রেখে প্রেরণ করেছেন আঞ্চলিক পরিষদে আমরা কি তাদের উপর অনাস্থা নিয়ে আসতে পারি। কখনই তা আনতে পারি না। সেজন্য আমি এখানে জোর দিয়ে এই কথাটা বলতে চাই যে যদিও

এখানে আমরা অপ্রত্যক্ষ নির্বাচনকে স্বীকার করে নিয়েছি তবুও আমরা একথা বলতে পারিনা যে জনসাধারণএর সংগে তার সাক্ষাত সম্বন্ধ খুব কম রয়েছে। বরং একথাটা অত্যন্ত সত্যি যে আজকে আমাদের যে উন্নয়নের কাজ চলেছে যে সমস্ত গঠনমূলক পরিকল্পনার কাজ চলেছে তার সংগে আমরা যদি আমাদের চিন্তাধারা একটি গ্রামের মধ্যে সীমিত করে রাখি—এই সীমিত চিন্তা ধারায় ব্যাপকভাবে. আমরা দেশের কথা চিন্তা করতে পারব না। আমি মনে করি পঞ্চায়েতরাজ যা আমরা সৃষ্টি করতে চলেছি তাতে কাজ এবং উপযুক্ত প্রত্যেকটা লোকের রাজ-নৈতিক শিক্ষার প্রয়োজনীয়তা আছে। যদি সে ক্ষেত্রে জেলা পরিষদের প্রত্যেকটি সভাকে আমরা পৃথকভাবে নির্বাচন করতে চাই তাহলে কি আপনারা বলতে পারেন—আপনারা কি এই কথাটা স্বীকার করে নেবেন যে তারা তাদের গ্রামকে ছেড়ে দিয়ে, তাদের অঞ্চলের কথা ছেড়ে দিয়ে ব্যাপকভাবে তারা দেশের কথা বা জেলার কথা চিন্তা করবেন তা হতে পারে না। উপরন্তু তাদের প্রতি দেশবাসী আস্থা স্থাপন করেছে, গ্রামবাসীরা আস্থা স্থাপন করছে, গ্রামের সংগে তাদের ঘনিষ্ট যোগাযোগ রয়েছে, অঞ্চলের সংগে তাদের ঘনিষ্ট যোগাযোগ রয়েছে এবং আঞ্চলিক পরিষদের সংগে তাদের ঘনিষ্ট যোগাযোগ রয়েছে এবং তিনি জেলা পরিষদের সভ্য হবার জন্য সব জায়গায় কাজ করবার সুবিধা হবে। আমি মনে করি এম, এল, এ এম, পি থাকার জন্য একটা ঘনিষ্ট যোগাযোগ রয়েছে আঞ্চলিক পরিষদে এবং জেলা পরিষদে। এই আঞ্চলিক পরিষদের সমস্যাগুলি এবং জেলা পরিষদের সমস্যাগুলি এই বিধান সভার সদস্যদের মারফত যেমন এগুলি এখানে উত্থাপিত হতে পারবে এবং তার দ্রুত সমাধনের সম্ভাবন আমরা দেখতে পাব, তেমনি করে আবার জেলা পরিষদে উত্থাপিত হতে পারবে আঞ্চলিক পরিষদের সমস্যাগুলি অঞ্চলের সমস্যাগুলি। কাজেই এদিক থেকে যে জেলা পরিষদ গঠনের যে পরিকল্পনা নেওয়া হয়েছে তাতে আমি কোন ত্রুটী দেখতে পাইনি। দ্বিতীয় কথা হচ্ছে স্কুল বোর্ড সম্বন্ধ্যে যে প্রশ্নটা উঠেছে সে প্রশ্নের আমি একটু আলোচনা করতে চাই। স্কুল বোর্ডকে বলা হয়েছে কেন একে জেলা পরিষদের একটি অংশ করে নেওয়া হল। তাকে কেন বিলোপ সাধন করে দেওয়া হল না। তাকে স্ট্যানডিং কমিটি হিসাবে রাখার কেন প্রয়োজনীয়তা হল। আজ আপনারা দেখতে পাচ্ছেন স্বাধীনতার পরে আমাদের হাতে শিক্ষা বিশেষ করে প্রাথমিক শিক্ষা আমরা বাধ্যতামূলক করতে চলেছি এবং দেশের ভিতরে শিক্ষা যে রকম বিস্তার লাভ করেছে তার জন্য একটা পৃথক ব্যবস্থা রাখার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি। কেন একে জেলা পরিষদের সংগে যোগাযোগ সাধন করে দেওয়া হয়েছে জেলায় যে সমস্যাগুলি রয়েছে—বিরাট সমস্যাগুলি নিয়ে যারা মাথা ঘামাচ্ছেন যারা উপায় উদভাবন করছে এই সব সমস্যার সমাধান করবার জন্য তাদের উপদেশ তাদের নির্দেশ এবং তাদের পরামর্শ তারা পাবেন বলেই এই জিলা স্কুল বোর্ড গুলিকে আমাদের জেলা পরিষদের সংগে সংযুক্ত করা হয়েছে। জেলা স্কুল বোর্ডগুলিকে যদি সম্পূর্ণভাবে আমরা বিলোপ সাধন করে দিই তাহলে আজ প্রাথমিক শিক্ষা যেভাবে দেশের মধ্যে বিস্তার লাভ করতে করতে শুরু করেছে তাতে জেলা পরিষদের যে বিভিন্ন রকমের কাজ আছে সেই কাজের মধ্যে এত বড় কাজ যদি আবার তার মধ্যে বেশী করে দিই তাহলে আজ শিক্ষার যে বিভিন্ন রকম সমস্যা রয়েছে সেই সমস্যাগুলি সমাধানের জন্য নিশ্চয়ই বিলম্ব ঘটার সম্ভাবনা আছে। তাই এই শিক্ষাক্ষেত্রে অনর্থক দ্বন্দটাকে পরিহার করবার জন্য এই স্কুল বোর্ডগুলির পৃথক অস্তিত্ব যেমন স্বীকার করা হয়েছে তেমনি আবার স্কুল বোর্ডগুলির সংগে এর একটা ঘনিষ্ট সম্বন্ধ নিয়ে এসে জেলার সব রকমের উন্নতি তার সংগে প্রাথমিক শিক্ষার যে উন্নতি তার সংগে একটি ঘনিষ্ট যোগাযোগ স্থাপন করবার জন্য জেলা পরিষদের সংগে জেলা স্কুল বোর্ডের একটা সংযোগ স্থাপন করা হয়েছে। এতে আমার মনে হয় কোন কিছু খারাপ হবে না এতে দুটো কাজ হবে জেলা স্কুল বোর্ডের কাজ এবং প্রাথমিক শিক্ষার কাজ দুটো ভালভাবে চলবে।

[1-50—2 p.m.]

কাজেই এই যে দুটি মূল জিনিস সেই দুটি জিনিস নিয়ে বিরোধী পক্ষের বন্ধুদের মস্ত বড় বিরোধ রয়েছে এবং তাঁরা এই দুটি মূল জিনিসের ব্যাপারে সন্দেহ প্রকাশ করেছেন। কিন্তু আমি মনে করি তাঁরা যদি ধীরভাবে চিন্তা করেন তাহলে দেখবেন প্রকৃতপক্ষে বিলের উদ্দেশ্য

যাতে সার্থক হয় এবং গ্রাম সভা থেকে শুরু করে, গ্রামের অধ্যক্ষ থেকে শুরু করে জেলা পরিষদের কাজে যাতে ঘনিষ্ট যোগাযোগ থাকে এবং গ্রাম এবং জেলার মধ্যে যাতে সংযোগ স্থাপিত হতে পারে তারজন্য জেলা পরিষদের এই যে কন্সটিটিউসন হয়েছে সেটা খুব অন্যায় নয়। আমি স্বায়ত্তশাসন মন্ত্রিকে ধন্যবাদ জানাব কারণ তিনি একটা বৈপ্লবিক আইন প্রণয়ন করতে চলেছেন। এই আইনের ফলে ভবিষ্যতে পঞ্চায়েত রাজ সৃষ্টি হয়ে দেশের লোকের মনে আশা আকাঙ্খার সঞ্চার করবে এবং দেশের উন্নয়নের সংগে তাদের একটা ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হবে।

Shri Shambhu Gopal Das:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, কিছুদিন আগে স্বায়ত্বশাসন মন্ত্রি পশ্চিম বাংলার বিধান সভায় জেলা পরিষদ বিল এনেছিলেন এবং তারপর জয়েন্ট সিলেক্ট কমিটিতে আলোচনার জন্য সেই বিল দার্জিলিং-এ গিয়েছিল এবং দার্জিলিং-এর হাওয়া খেয়ে ঘুরে ফিরে সেই বিল আবার পশ্চিম বাংলার বিধান সভায় এসে হাজির হয়েছে। সেদিন বিলের যে কাঠামো এবং কন্সটিটিউসন ছিল তাতে একথা অস্বীকার করবার কারণ নেই যে জয়েন্ট কমিটি তার কিছু কিছু পরিবর্তন ঘটিয়েছে এবং সেই পরিবর্তনে ডেমোক্রেসী বেশী পরিমাণে যে বিলের মধ্যে এসেছে সেকথা আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়েই বলছি। স্যার, স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশয় প্রথমে যখন এই বিল এনেছিলেন তখন তিনি খুব গুরুগম্ভীর গলায় এবং স্বভাবসিদ্ধ কায়দায় বক্তৃতা দিয়েছিলেন এবং অনেক আশা পোষণ করেছিলেন। গতকাল যখন জেলা পরিষদ বিল আনলেন তখনও তিনি সুন্দরভাবে বক্তৃতা দিলেন এবং তাঁর কন্ঠস্বর শুনে মনে হোল বাংলা দেশের ভবিষ্যত সম্পর্কে তিনি খুব আশান্বিত। তিনি গ্রাম জীবনে একটা বৈপ্লাবিক পরিবর্তন আনবেন এরকম কথা বলেছেন এবং গুরুপদবাবুও সেকথা বলেছেন যে গ্রাম জীবনে একটা বৈপ্লাবিক পরিবর্তন ঘটতে যাচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিপ্লব এবং বৈপ্লাবিক পরিবর্তন কথাটা অত্যন্ত সহজভাব ব্যবহার করা যায় এবং যে কেউ যেভাবে খুশি আজকাল এই কথাগুলো ব্যবহার করতে শিখে গেছে। যাহোক, এই বিল সম্বন্ধে খুঁটিনাটি আলোচনা করবার আগে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে একটা প্রশ্ন রাখতে চাই। স্যার, বাংলা দেশের বহু জায়গায় পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত তৈরী হয়েছে। মাননীয় স্বায়ত্বশাসনমন্ত্রি একটা নির্দিষ্ট পরিবেশে বাস করেন বলে দূর পল্লীর খবর, মানুষের মনস্তত্ত্বের রাখবার সুযোগ পাননা। পুরান দিল্লী নূতন দিল্লী হয়েছে কিন্তু গ্রামের মানুষ পুরান দিল্লীকে যেভাবে দেখত নতুন দিল্লীকেও সেইভাবে দেখে। ঠিক তেমনি ইংরেজ আমাদের শাসক কর্তৃপক্ষ গ্রামের মানুষকে যেভাবে দেখত নূতন বাংলার শাসক গোষ্ঠীও সেইভাবে দেখছে। ডেমোক্রেসীর কথা বলা হয়েছে এবং সেই ডেমোক্রেসীকে ডিসেন্ট্রালাইজ করবার জন্য, সমগ্র জেলার ডেভেলপমেন্ট ওয়ার্ক এবং সর্বাত্মক উন্নতির জন্য এই বিল আনা হয়েছে এরকম কথা বলা হয়েছে। স্যার, বিরোধী পক্ষের সদস্য গণতন্ত্রের প্রতি যাঁদের শ্রদ্ধা ভক্তি আছে তাঁরা অ্যাস্ এ লাভার অব ডেমোক্রেসী অ্যাডাল্ট ফ্রানচাইজ-এর কথা বলেন। কিন্তু জেলা পরিষদ বিলে আমরা দেখলাম না যে একজন পার্লামেন্ট-এর মেম্বার এবং একজন এম এল, এ ছাড়া জেলা পরিষদের দায়িত্বশীল পদে যাঁরা থাকবেন তাঁরা প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন। আমি অবশ্য একথা বলছি না যে জেলা পরিষদের সমস্ত সদস্য বা আঞ্চলিক পরিষদের সমস্ত সদস্যই অ্যাডাল্ট ফ্রানচাইজ-এর মাধ্যমে নির্বাচিত হবেন।

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, যেকথা আমার বলতে আদৌ দ্বিধা নেই সেটা হচ্ছে অন্ততঃ দুয়ের তিন অংশ মেম্বার প্রাপ্তবয়স্কদের ভোটে নির্বাচিত হোন প্রত্যক্ষভাবে, একথাই আমি আপনার সামনে রাখতে চাচ্ছি। তাহলে হয়ত কথা উঠবে আর একটা সাধারণ নির্বাচন-এর অনুষ্ঠান করতে হবে সারা জেলায়। এখানে প্রশ্ন হচ্ছে যদি নূতনভাবে চিন্তা করা যায় তাহলে দেখা যাবে আর একটা জেনারেল ইলেকশনের প্রশ্ন উঠে না। পঞ্চায়েত নির্বাচন যখন হয় তখন পঞ্চায়েত নির্বাচন এবং জেলা পরিষদের নির্বাচন সেটা একই সংগে সেরে ফেলতে পারেন যেমন আমাদের বিধান পরিষদের নির্বাচনের সময় লোক সভার সদস্য নির্বাচিত করে থাকি।

তারপর ডেপ্টী স্পীকার মহাশয় এই বিল সম্পর্কে আমার যে কথা সে সম্পর্কে আমাদের দলের নেতা ননীবাব্ একটা ডিসেন্ট দিয়েছেন। সে কথা হল আঞ্চলিক পরিষদের যিনি প্রেসিডেন্ট হবেন তিনিই জেলা পরিষদে থাকছেন, এবং দেখা যাচ্ছে কোন অধ্যক্ষ সেই জেলা পরিষদের মেম্বার থাকছেন। কাজে কাজেই প্রেসিডেন্টের কাজের চাপ সেখানে থাকবে। যে বিভিন্ন বহুমুখী দায়িত্ব সেখানে দেওয়া হয়েছে সেক্ষেত্রে দেখা যাবে আঞ্চলিক পরিষদের যিনি প্রেসিডেন্ট তাকে সেখানে অঞ্চল পঞ্চায়েতের প্রেসিডেন্ট হিসাবে অফিসের কাজ করতে হবে, এবং জেলা পরিষদের যে দায়িত্ব সেটাও পালন করতে হবে এবং গ্রামসভায় অধ্যক্ষ মহাশয়কে ডবল রেস্পন্সিবিলিটি নিয়ে চলতে হবে। আমি আজকে গ্রামের নিছক মানুষ হিসাবে জানি, গ্রামের মানুষের সংগে যে পরিচয় আছে তাতে জানি, আজকে গ্রামসভার যে অবস্থা —বস্তব অভিজ্ঞতা থেকে দেখেছি, বাংলা দেশের বশীর ভাগ পঞ্চায়েত বেশীর ভাগ আঞ্চলিক পরিষদের গ্রামসভা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়ে গেছে। একথা অস্বীকার করবার কোন কারণ নেই। শুনলে আপনি আশ্চর্য হয়ে যাবেন আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেটা কলকাতা থেকে অনেক দূরে, সখানে ইউনিয়ন বোর্ড এবং অঞ্চল পঞ্চায়েত নিয়ে ১৪টি ব্যাপার আছে এবং অজস্র গ্রাম-সভার সদস্য মূলতঃ সম্পূর্ণভাবে অঞ্চল পঞ্চায়েত প্রধান ২০।৩০টি ইউনিয়নের যারা প্রেসি-ডেন্ট যারা পূর্বে ইংরেজ আমলে—ইংরেজের দালালি করেছে তারাই ফিরে আবার পঞ্চায়েতের মেম্বার হয়ে আজ গ্রাম সভার অধ্যক্ষ হয়ে আসছেন গ্রামসভা তাদের হাতে পড়ে কি জঘণ্য জিনিষ হচ্ছে সেটা আমরা টেষ্ট রিলিফের কাজে জানতে পারি। গম যখন বিলি করা হয় তখন তাদের কাজে এটা প্রমাণিত হয়ে যায় যে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এই পঞ্চায়েত ব্যবস্থা। এক্সপেরিমেন্ট করে এ জিনিষ বুঝান যেতে পারে। প্রশ্ন আসে তারপর এক দিকে যেমন জটিলতা সৃষ্টি হচ্ছে অন্য দিকে আমরা দেখবো ব্যবস্থা এমনই হয়ে দাঁড়াবে যে এইসব অঞ্চল পঞ্চায়েতের প্রধান বা এ ধরনের কেউ, তারাই হয়ত জেলা পরিষদের প্রেসিডেন্ট হয়ে বসবেন এবং ফলে দেখা যাবে অফিসের কাজ চালাবার জন্য যে ধরনের কোয়ালিফিকেশন দরকার, সেটা তাদের নেই, সই করতে পারেন না এমন লোক আছেন এবং এই ধরনের লোকই যারা ভিলেজ পলিটিক্স ভাল করে বুঝেন তারাই হয়ত সেখানে বসবেন জেলা পরিষদ হলে, এবং এক্সপার্ট লোক যারা তাদের সংগে ঝগড়া-ঝাটি করবেন এবং তাঁরাও হয়ত ইনফ্লুয়েন্সড হয়ে যাবেন। এ দিকটা চিন্তা করতে বলছি। বিলে যে ডেভেলপমেন্টের কথা সেটা সর্বাত্মক। শিক্ষা থেকে আরম্ভ করে স্যানিটেশন, রাস্তা তৈরী সবই আছে।

[2—2-10 p.m.]

এখন জেলা পরিষদের হাতে জেলার উন্নতির ভার দেওয়া হল। কিন্তু সংগে সংগে কতকগুলি বাস্তব দিক আমি আপনার সামনে রাখতে চাই, যেমন পি ডবলিও ডি বলে গভর্ণমেন্টের ডিপার্টমেন্ট আছে, আর, ডবলিউ, এস ডিপার্টমেন্ট আছে যাদের গভর্ণমেন্টের সাথে ডাইরেক্ট যোগাযোগ আছে। তারা নিজের দায়িত্বে জল দেবার চেষ্টা করে। পি, ডবলিউ, ডি, নিজের দায়িত্বে কাজ করে থাকে। এদের সংগে এমন অনেক ক্ষেত্র আসবে যেখানে জেলা পরিষদের যে কর্মসূচী তার সংগে বিরোধ বেঁধে যাবে। বিভিন্ন মহকুমায় দেখা যাচ্ছে আর, ডবলিউ, এস'র কর্মচারী যারা আছে তাদের সংগে ব্লকের ঝগড়া বেঁধেছে। কাজে কাজেই জেলার উন্নতির জন্য লোকাল ডেভেলপমেন্টের জন্য কার কতটুকু কাজ এই যে দ্বৈত এ্যাডমিনিসট্রেসান এ সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনামা জেলা পরিষদ বিলের মধ্যে আছে বলে আমি ঠিক মনে করতে পারছি না। তারপর সকলেই স্কুল বোর্ডের কথা বলেছেন। আমরা এই কথা বলি না যে বাংলা দেশে আজ যে সমস্ত স্কুল বোর্ড আছে সেগুলি আমরা সম্পূর্ণভাবে সমর্থন করি। আমরা জানি অনেক কেলেংকারী তাদের সংগে জড়িত আছে। কিন্তু তা সত্ত্বেও আমি এই কথা বলতে পারি যে মোটের উপর স্কুল বোর্ড একটা অটোনমাস বডি, কেন না সায়ত্বশাসন মন্ত্রি এটা স্বীকার করেছেন। একটা অটোনমাস বডি যদি আর একটা অটোনমাস বডির অংশ হয়ে দাঁড়ায় তাহলে আমি অনেক উকিল বন্ধুর সংগে আলোচনা করে দেখেছি এই নিয়ে যদি আদালতে মামলা হয় তাহলে তাহলে শৈলবাবুর জেলা পরিষদ আইন বাধা প্রাপ্ত হবে। একটা অটোনমাস বডি যদি আর একটা অটোনমাস বডির পার্ট হয়ে দাঁড়ায় তাহলে যে আইনগত বাধা সেই আইনগত বাধাকে

তিনি এড়াতে পারবেন না। আমি প্রাইমারী এডুকেশানের বিপক্ষে কোন কথা বলতে চাই না। কিন্তু আইনের দিক থেকে একটা স্বতন্ত্র সংস্থাকে কিভাবে আর একটা স্বতন্ত্র সংস্থার মাধ্যমে নিয়ে যাওয়া হচ্ছে সে সম্বন্ধে চিন্তা করার প্রয়োজন আছে বলে মনে করি। এই কথা তাঁরা বলেছেন যে এই বিল আনা হয়েছে গ্রাম্য জীবনে একটা বৈপ্লবিক পরিবর্তন আনার জন্য। বৈপ্লবিকের মানে যাই হোক মানুষের অর্থনৈতিক অবস্থার দিক তাকিয়ে দেখতে হবে। আজকে বাংলা দেশের গ্রামগুলির অর্থনৈতিক চেহারাটা কোন্‌খানে আছে সেটা দেখতে হবে। শুধু তাদের হাতে গণতন্ত্র লাড়ুর মত তুলে দিলে হবে না। তারা রক্তের সংগে এই জিনিসটাকে যাতে গ্রহণ করতে পারে সে দিকে যদি ভাল করে নজর না দেওয়া যায় তাহলে কিছু হবে না। এস· কে দেএর বইতে একটা কথা আছে কলোনিয়নাল রুলাররা চলে গেছে বটে কিন্তু তাদের এ্যাডমিনিসট্রেসান আজো আমাদের দেশে রয়ে গেছে। গ্রামীন অর্থনীতি আলোচনা করলে দেখা যায় দরিদ্র মানুষ নানা অর্থনৈতিক অক্টোপাশের মধ্যে বাঁধা আছে। দরিদ্র পেজ্যান্ট মোড়ল মাতব্বরদের সংগে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। গ্রামের দরিদ্র মানুষ যারা টেস্ট রিলিফের কাজ করে নিজেদের জীবিকা নির্বাহ করে তারা কোনদিন জেলা পরিষদে আসতে পারবে না, ইংরাজ আমলে যেমন স্বার্থান্বেষী এক ধরনের লোক গরীব মানুষের মাথায় হাত বুলিয়ে চিরকাল খবরদারী করে এসেছে, যারা জমিদার জোতদার বেনামে যারা জমি রেখেছে তারাই এই গ্রাম পঞ্চায়েত দখল করবে, অঞ্চল পঞ্চায়েত দখল করবে, তারাই জেলা পরিষদ দখল করবে। সেই পুরান মদ আবার নতুন বোতলে ঢালার ব্যবস্থা হয়েছে। পঞ্চায়েত অনেক জায়গায় হয়েছে, কিন্তু বাস্তবে আমরা যা দেখলাম তাতে গ্রামের মানুষের সংগে তার কোন যোগাযোগ নেই। গ্রামে অর্থনৈতিক ডেমোক্র্যাসি নেই। সেখানে যদি অর্থনৈতিক গণতন্ত্র না থাকে তাহলে গ্রামের যারা জোতদার জেলা পরিষদ তাদের দখলেই থাকবে, ভূমিহীন গরীব কৃষকদের তাতে কিছু উপকার হবে না। আপনি সেখানে ভাইটালিটি আনুন, তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হোক, মজুরদের জীবনে ভরসা আসুক। সেখানে যদি গণতন্ত্র না আসে তাহলে গণতন্ত্রের উদ্দেশ্য ব্যর্থ হবে, শৈলবাবু শিব গড়তে গিয়ে শেষ পর্যন্ত বাঁদর গড়ে তুলবেন।

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই জেলা পরিষদ বিল সিলেক্ট কমিটি থেকে পাস হবার পর তার যা রূপ পড়ে দেখলাম সেটা দেখে আমি এটুকু খুব জোরের সঙ্গে বলতে পারি আমাদের স্বায়ত্ব-শাসন বিভাগের মন্ত্রিমহাশয় আচার্যভাবের ভাবে বিভোর কিনা জানিনা মুখ্যমন্ত্রী মহাশয় ত যথেষ্ট বিভোর হয়ে যান। ভাবেজী গান্ধিজীর শিষ্য, গান্ধিজী যে পঞ্চায়েৎ রাজের কল্পনা করেছিলেন সেই পঞ্চায়েৎ রাজের মৌলিক নীতি এর মধ্যে যথেষ্ট ক্ষুন্ন করা হয়েছে। এমন একটা জেলা পরিষদ গঠনের চেষ্টা করা হয়েছে সেটাতে কেবলমাত্র আমলাতান্ত্রিক রূপ পরিস্ফুট হয়ে উঠেছে, আমলা রাজ প্রচেষ্টা করবার আয়োজন হয়েছে এবং ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে কথা অত্যন্ত জোর গলায় বলেছেন সেখানে ক্ষমতা কেন্দ্রিকরণ করে একেবারে আমলা-তন্ত্রী করণ করা হয়ে গেছে - সেটা কতকগুলি ধারা দেখলে বুঝতে পারবেন। জেলা বোর্ড যে আইন তাতে পূর্ণ গণতান্ত্রিক রূপ প্রকাশিত হয়েছে সেখানে মনোনয়ন ছিলনা। মনোনয়ন গণতান্ত্রিক প্রতিষ্ঠানে কখনও থাকতে পারেনা। শৈলবাবু একটা নূতন ব্যাখ্যা দিতে পারেন কিন্তু আমরা তা স্বীকার করতে রাজী নই। গণতান্ত্রিক প্রতিষ্ঠানে মনোনয়ন কেন থাকবে? ৪ ক্লজে আছে মেয়েদের মনোনয়ন করা হবে। দ্বিতীয়তঃ জেলা বোর্ডের যে অধিকার ছিল জেলা পরিচালনার ক্ষেত্রে সেই অধিকারের উপর কোন সরকারী কর্মচারী কোন প্রকার হস্তক্ষেপ করতে পারতো না। এখানে একটা একজিকিউটিভ অফিসারকে তাদের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন সম্পূর্ণভাবে সরকারী প্রভাবে পরিচালিত করবার জন্য। গান্ধিজী কি এটা চেয়েছিলেন। গান্ধিজী চেয়েছিলেন জনগণের স্বতঃস্ফূর্ত্ত দাবী এবং ইচ্ছা যেটা প্রকাশিত হবে তাকে কাজে রূপ দিতে। এখানে একটা একজিকিউটিভ অফিসারকে জেলা পরিষদের উপর চাপিয়ে দেয়া হচ্ছে, তিনি কন্ট্রোল করবেন সমস্ত অফিসারকে। যাকিছু প্রোগ্রাম এবং পরিকল্পনা তারা একজিকিউট করবেন তার উপর একজিকিউটিভ অফিসারের কন্ট্রোল থাকবে এবং এমন ক্ষমতা

দিয়েছেন যে ⅓ অংশ সদস্যের কম হলে একজিকিউটিভ অফিসারকে আর সরানো যাবেনা অনাস্থা প্রস্তাব এনে। এটা একটা অদ্ভুৎ প্রস্তাব বলে আমি মনে করি এবং এখানে পুরোপুরি সরকারী নিয়ন্ত্রন রাখা হয়েছে। তারপরে পঞ্চায়েৎ রাজের যে মূল কথা কর্তৃত্ব বাজেট পাশ করবার তা গ্রাম পঞ্চায়েতের নেই, যেমন গ্রামসভার নেই, অঞ্চলের নেই, জেলা পরিষদেরও তেমন বাজেট পাশ করবার সম্পূর্ণ চুড়ান্ত ক্ষমতা নেই সেটা স্টেট গভর্নমেন্ট কেড়ে নিয়েছেন। এর নাম কি গণতান্ত্রিক জেলা পরিষদ যে বাজেট পাশ করবার পরিপূর্ণ অধিকার নেই—একজিকিউটিভ অফিসার দিয়ে সমস্ত অফিসারদের কন্ট্রোল করে সরকারী প্রভাব রেখে দেবার পরিপূর্ণ আয়োজন এতে রয়েছে। কাজেই তাদের গালভরা গণতান্ত্রিক জেলা পরিষদ এটা আমরা কখনও স্বীকার করতে পারিনা। চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানের ক্ষেত্রেও এই ধরণে কেড়ে নিয়েছেন।

[2-10—2-20 p.m.]

যদি সেই সেক্সন ৭(১) (এ) তে যা আছে

is incapable of exercising his powers performing his functions or discharging his duties

এই যে ভেকটা তাতে বলি যে ভালভাবে দলবাজী হবে কিন্তু যদি একথা বলা থাকে যে শুধু

wilfully neglects or refuses to carry out the Government order or direction.

তাহলে এটা বুঝি যে ইচ্ছাকৃতভাবে সরকারী নির্দেশকে যদি অমান্য করে তাহলে একটা চার্জ আসবে। কিন্তু এই যে

incapable of exercising his powers and functions and discharging his duties.

তারা এটা করছেন কি করেন নি অবশ্য তার দায়িত্ব গভর্নমেন্টের আছে—কিন্তু করছেন কি করছেন না অমনি সরকার তার ক্ষমতা কেড়ে নেবে তাকে সরিয়ে দেওয়া হবে এই দলবাজী করবার ক্ষমতা পরিপূর্ণ রাখা হয়েছে। যদি তার দল হেরে যায় সরকারী দল অমনি তাকে সরিয়ে দেবার ব্যবস্থা করা হয়েছে বলে মনে করি। আমি মনে করি এটা প্রতিক্রিয়াশীল ধারা। আমরা চাই স্কুলবোর্ড তুলে দেওয়া হোক—একথা অনেকে বলেছেন। এটা অত্যন্ত নিন্দনীয় প্রতিষ্ঠানে পরিণত হয়েছে যে একটি মাত্র দল আপনি খোঁজ নিয়ে দেখুন—যে একটি মাত্র কংগ্রেস দল সেখানে আছে আর অন্য কোন দল নেই। এটা গণতান্ত্রিক রূপকে নষ্ট করে অগণতান্ত্রিক রূপ ধারণ করেছে। তাই আমি অনুরোধ করবো যে এই শিক্ষা বোর্ডকে বিলোপ করে দিন এবং প্রাইমারী এডুকেশন এ্যাক্ট রিপিল করে জেলা পরিষদের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিন তাতে বিরোধী দলের লোক থাকবে এবং অন্য মনোভাবাপন্ন লোক যেতে পারবে। এবং এই যে দলীয় দুর্ণীতি তা আর বাড়বার সুযোগ থাকবে না। এই যে প্রতিটি জেলা বোর্ডে দুর্ণীতি চলেছে সেটা বন্ধ হবে। আর একটা কথা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে নিয়েছেন। জানি জেলা বোর্ডে-এর মধ্যে মিউনিসিপ্যালিটি পড়ে কিন্তু এটা বুঝলাম না যে এদের জেলা পরিষদে আনবার কি যুক্তি আছে। এই রকম নানানভাবে এমন একটা পরিষদ খাড়া করছে যাতে প্রত্যক্ষভাবে জনসাধারণের নির্বাচিত লোক নেই। এ এক অদ্ভুৎ চরিত্রের বিল। অবশ্য শুধু অধ্যক্ষ আছেন প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে। আমরা তাই চাই যে—আমার পার্টির থেকে যে বলা হয়েছে—যে ইলেকটোর‍্যাল কলেজ করে গণভোটের মাধ্যমে আসতে দিন। অন্তত ইলেকটোর‍্যাল কলেজ করে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত তাদের যে ভোট আছে তার মধ্যে থেকে আনুন—অন্ততঃ ১০।১২ জনকে—চেষ্টা করুন তাহলে কিছু ভাল লোক পাওয়া যাবে—বাইরের যোগ্য যারা পঞ্চায়েতে দাঁড়ায়নি এমন লোক সুযোগ পাবে। ব্লকগুলির এরিয়া থেকে লোককে নির্বাচন করে আনুন তাহলে একটা ভাল প্রতিনিধিত্ব হবে বলে মনে করি। নির্বাচনের এলাকা আরও বৃহত্তর করুন তাতে আরও ভাল হবে। আমি আর একটা অনুরোধ করছি যে খাজনার ব্যাপারে। গ্রাম পঞ্চায়েতকে খাজনার কতটুক অংশ দেওয়া হবে তা কিছুই দেন নি। আপনি জানেন স্যার অঞ্চল পঞ্চায়েতের ফান্ড নেই—খোঁজ নিয়ে দেখুন অঞ্চল পঞ্চায়েত—অচল হয়ে বসে আছে ফাংসান করতে পারছে না। জেলা পরিষদের এই

সীমিত ফান্ড তা যে কত দেবেন তা বলছেন না। আপনি উড়িষ্যা, পাঞ্জাব, ইউ পি-তে দেখুন সব জায়গায় দেখতে পাবেন ১৫ পারসেন্ট, কোথায় ২৫ পারসেন্ট, কোথাও ৩০ পারসেন্ট—একটা খাজনার অংশ কত পাবে তা নির্দেশ করে দেওয়া আছে। আমি অনুরোধ করবো যে ঠিক সেই রকম জেলা পরিষদের হাতে খাজনার কত অংশ তারা পাবে তার একটা পরিষ্কার কথা আপনি বলুন তাদের কি ফান্ড হবে এবং তাতে কিছু সুবিধা হতে পারে আর তা নাহলে গণতন্ত্রের নাম নিয়ে যা চালাবার চেষ্টা করে যাচ্ছেন তা ব্যর্থ হবে এবং গান্ধিজীর যে পঞ্চায়েৎ রাজ-এর কল্পনা আপনারা চোখে দেখছেন এই রঙ্গীন স্বপ্ন সমস্ত নষ্ট হয়ে যাবে।

Shri Jaharlal Banerjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সর্বপ্রথম মাননীয় মন্ত্রী শৈলবাবুকে ধন্যবাদ জানাচ্ছি যে তিনি এই রকম একটা প্রগতিশীল বিল আনার জন্য। তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে কংগ্রেস স্বাধীনতা আন্দোলন এর সময় যে প্রতিশ্রুতি মানুষকে দিয়েছিল যে যদি কোন দিন কংগ্রেস শাষণ ক্ষমতায় অধিষ্ঠিত হয় তাহলে সে সমস্ত ক্ষমতা নিজের মধ্যে সীমাবদ্ধ না রেখে সমস্ত ক্ষমতা জনমানবের মধ্যে ছড়িয়ে দেবে। আজকে শৈলবাবু এই বিলটার মাধ্যমে প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করতে চলেছেন। কংগ্রেস ১৯৫০ সালে ২৬এ জানুয়ারী কংগ্রেস সরকার যে গঠনতন্ত্র তৈরী করেছিল এবং যে গঠনতন্ত্রের মাধ্যমে জনরাজ এবং গণরাজ্য তৈরী করেছিল সেই গণরাজ্যের একটি বলিষ্ট পদক্ষেপ আজকে দেখাদিল এই বিলটার মাধ্যমে। এই বিলটা একটি জয়েন্ট কমিটির মাধ্যমে গিয়েছিল সেজন্য আমি প্রথমে মনে করেছিলাম যে যেহেতু সেই জয়েন্ট কমিটির মধ্যে প্রতিদলের প্রতিনিধি ছিল সেইজন্য এটা বিতর্কমূলক বিল হবেনা বলেই আমার ধারণা ছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে যে অবজেকশান তারা দিয়েছিলেন সেগুলি পড়ে দেখেছি একমাত্র প্রত্যক্ষ নির্বাচন ছাড়া মোটামুটিভাবে এই বিলটিকে তারা অভিনন্দন জানিয়েছেন। কিন্তু আজকে প্রত্যেক দল থেকে নানান ফ্যাকরা তুলে বিলটার নিন্দা করা হয়েছে। সবচেয়ে বড় যে আপত্তি জানান হয়েছে সেটা ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড সম্বন্ধে। ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড সম্বন্ধে আমি দেখেছি কমিউনিষ্ট পার্টির সনৎবাবু, ফরোয়ার্ড ব্লক এর ভক্তিবাবু এবং পি এস পি-র সুধীর বাবু প্রভৃতি সবাই হায় হায় করেছেন বুঝি বা সব গেল। তারা ভুলে যাচ্ছেন—এমন কি অধ্যাপক শম্ভুবাবুও বলেছেন এই যে স্কুল বোর্ড এখানে একটি বড় লিষ্ট দেখিয়াছেন নমিনেটেড মেম্বারের কিন্তু তিনি হয়ত ভুলে গেছেন বা ইচ্ছা করে ভুলে গেছেন যে এখানেতে নমিনেটেড ছাড়াও নির্বাচিত প্রতিনিধিও অনেক আছেন এবং তারাও লোকের ভোটের দ্বারা নির্বাচিত হবে। প্রত্যেক সাব-ডিভিশান থেকে দুইজন আমি শিক্ষক প্রতিনিধির কাছে সবিনয়ে নিবেদন করব যে মনের জ্বালা মনে চেপে রাখলেই ভাল হত। এই রকম করে প্রকাশ করবার কোন অর্থ হয়না। কারণ আমরা জানি যে পশ্চিমবঙ্গে যতগুলি স্কুল বোর্ড আছে প্রত্যেক জায়গায় নির্বাচনে তারা প্রতিদ্বন্দ্বিতা করেছেন এবং বিফল মনোরথ হয়ে তারা ফিরে এসেছেন। সেই জ্বালাটা যেটা পেলুম সেটাকে পুড়িয়ে দেওয়া হল—এই নীতি নিয়ে তারা অগ্রসর হয়েছেন। আমি তাদেরকে ধৈর্য্য ধরতে বলব কারণ জনসাধারণ যদি তাদের না চায় তাহলে কংগ্রেস সেজন্য দায়ী নয়, তাদের নীতিই তাদের জন্য দায়ী। আমি সবিনয়ে মনে করিয়ে দিচ্ছি এই যে স্কুল বোর্ড এই স্কুল বোর্ডগুলিতে অনেকে জানেন এখানে খুব গালাগাল দিয়েছেন এবং স্কুল বার্ড যেন কংগ্রেসের একটা ল্যাজ গোছের। কিন্তু তা নয় সেখানে নির্বাচিত প্রতিনিধি রয়েছেন। তারা কংগ্রেসের প্রতিনিধি হতে পারেন জনসাধারণ তাদের চান বলেই তারা এসেছেন। এই হচ্ছে কথা। তাদের কি নীতি আমি বুঝিনা? যেহেতু তার সেখানে মেজরিটি হতে পারেননি অতএব সেটা উচ্ছন্নে যাক তাহলে আমি বলি বিধান সভার তো তারা মেজরিটি হননি সুতরাং এটাকে উচ্ছন্ন দেবার জন্য কেন তারা প্রস্তাব পাশ করছেন না। তারপরে আরেকটা কথা বলেছেন যে গ্রামের যে সমস্ত অঞ্চলের প্রধান—ওদের সব মনোনয়ন দিয়েছেন কিন্তু সত্যিকারের তা নয় জনসাধারণের ভোটের যে সমস্ত গ্রাম পঞ্চায়েতের সভ্যরা হয়েছেন তারাই তাদের নির্বাচিত করেছেন অতএব যদি কোন দোষ করে থাকেন তারা জানেন আমরা জানিনা—অবশ্য তাহলে জনসাধারণই করেছেন—তারা তো জনসাধারণকে কোন দিন বিশ্বাস করেন না। কারণ তারা সব সময় মনে করেন যে টাকা দিয়ে ভোট

কেনা যায় সেজন্য তারা জনসাধারণকে বিশ্বাস করেননা বলেই তাদের প্রতিনিধিদেরও বিশ্বাস করছেন না। এখানে শম্ভুবাবু এবং আরও অনেকেই নানান কথা বলেছেন তাতে জনসাধারণই প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে দায়ী অথচ তারাই তাদের নির্বাচিত করেছেন। অনেকে ইলেকটোরাল কলেজ সম্বন্ধে বলেছেন কিন্তু ইলেকটোরাল কলেজ যদিও নাই কিন্তু যে সব অঞ্চলের প্রতিনিধিরা আসছেন তারা প্রত্যক্ষ ভোটের মাধ্যমে আসছেন। অতএব প্রত্যক্ষ ভোট নাই অতএব হায় হায় সব গেল এই ভাবে তারা কেন বলছেন আমি বুঝতে পারছি না। তারপর রাহা মহাশয় বলেছেন প্রত্যক্ষ ভোটের দ্বারা হলেও যে কায়েমী স্বার্থ সমস্ত এসে অঞ্চল পঞ্চায়েতে উপস্থিত হয়েছে। আমি জানি তাদের এত হায় হায় করবার উদ্দেশ্য হচ্ছে পঞ্চায়েত ইলেকশানে তারা সব জায়গায় ডিগবাজী মেরেছেন। আজকে যেহেতু কংগ্রেস সব জায়গায় সংখ্যা গরিষ্ঠতা অর্জন করেছেন সেইজন্য তারা হায় হায় করছেন যে সব কায়েমী স্বার্থের দল ঢুকে পরছে। জনসাধারণকে বিশ্বাস না করার জন্যই তাদের এই কথাগুলি প্রতিফলিত হচ্ছে। এক্স অফিসিও সম্বন্ধে তারা কেন বলছেন বুঝতে পারছিনা। তারা বলছেন এক্স অফিসিও হচ্ছে সর্বেসর্বা কিন্তু অমরা জানি যে তা নয় তিনি সরকারী কর্মচারী মাত্র। বিলে স্পষ্টভাবে বলা আছে টুথার্ড মেম্বার অন্ততঃ তার কাজ সম্বন্ধে বিরূপ মনোভাব প্রকাশ করেন এবং সেটা যদি সরকারের কাছে জানান হয় তাহলে সরকার তাকে প্রত্যাহার করে নেবেন। এর চেয়ে বড় ক্ষমতা জনসাধারণের প্রতিনিধিদের আগে কখনও দেওয়া হয়েছিল বলে আমি জানিনা। তারপর সব চেয়ে এই বিলটা সম্বন্ধে এত বেশী কথা বলেছেন তার কারণই হচ্ছে এরা সব রকম নির্বাচনকে ভয় পান। সেই জন্যই তারা এত সব কথা বলছেন। আমরা কংগ্রেস দল আমরা এই বিলকে অভিনন্দিত করছি। জনসাধারণের হাতে আমরা ক্ষমতা দিতে রাজী হয়েছি এই জন্য যে আমরা জনসাধারণকে বিশ্বাস করি। আমরা জানি যে তারা আমাদের মাষ্টার। আমি শেষ কথা বলছি যে ইংল্যাণ্ডে এডুকেশান বিলটা আনবার সময় ওখানকার মন্ত্রী যেমন বলেছিলেন উই মাষ্ট টিচ আওয়ার মাষ্টারর্স টু গভর্ন দেমসেলভ্স্ তেমনি আমিও এখানে সেই কথারই প্রতিধ্বনি করে বলতে চাই উই মাষ্ট টিচ আওয়ার মাষ্টারর্স টু গভর্ন দেমসেলভ্স্ তাদের নিজেদের শাসন করবার জন্য আমরা তাদের এই বিলের মারফৎ শিক্ষিত করে তুলব। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করব।

[2-20—2-30 p.m.]

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলা পরিষদ বিল যেটা উত্থাপিত হয়েছে তার মূল উদ্দেশ্য হচ্ছে জনসাধারণের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে দেওয়া। তাই জনগণের দাবী রাজ্য এবং কেন্দ্রে যে সার্বভৌম ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা জেলার জনসাধারণকে দিতে হবে। এটা শুধু জেলার জনগণের দাবী নয়, গান্ধিজীর মূল আদর্শ ছিল বি-কেন্দ্রিত আত্মশাসন করতে হবে, সমস্ত শাসন ক্ষমতার বি-কেন্দ্রীকরণ করতে হবে। আমাদের সামনে যে পঞ্চায়েত রাজ দেখতে পাচ্ছি সেই পঞ্চায়েতের মধ্যে সার্বভৌম ক্ষমতার অংশ মাত্র নেই। আজ পঞ্চায়েত শক্তি বিচ্ছিন্ন হয়ে রয়েছে। তাই জেলার জনগণের সুসংবদ্ধ শাসন ক্ষমতা চাই। কিন্তু জেলা পরিষদ বিলে আমরা দেখতে পাচ্ছি সেই সার্বভৌম ক্ষমতার কোন অংশ নেই। জনসাধারণকে সেই ক্ষমতা দেবার নামে প্রতারণা করা হয়েছে। এই প্রতারণা কেন করা হয়েছে সেকথা আমি আপনার মাধ্যমে বলি। ক্ষমতা বি-কেন্দ্রীকরণের মূল জিনিস তিনটি। প্রথম হোল, ক্ষমতার অংশ চাই, দ্বিতীয় হোল প্রতিনিধিত্বের উপযুক্ত ব্যবস্থা থাকা চাই এবং তৃতীয় হোল পরিচালনার ক্ষেত্রে স্বাধীন এবং সুসংবদ্ধ ব্যবস্থা থাকা চাই। এবারে আমরা দেখি জেলা পরিষদ বিলের মধ্যে কি আছে। আমাদের দেশের সমস্ত শাসন ব্যবস্থা দুইভাগে ভাগ করা রয়েছে এবং তার এক ভাগ রাজ্যের আর এক ভাগ কেন্দ্রের। আমার কথা হোল রাজ্যের শাসন ক্ষমতার অংশ থেকে ভাগ দিয়ে তৃতীয় ভাগ করা উচিত ছিল, কিন্তু জেলা পরিষদ বিলে সেই সার্বভৌম ক্ষমতা ভাগ করা নেই। এবারে দেখি জনপ্রতিনিধিত্বের ক্ষেত্রে কি অবস্থা। জনগন চায় প্রতিনিধিত্ব এবং এটা একটা মহান বিষয় এবং জনগণের মৌলিক অধিকার। এই হিসেবে সারা জেলায় ব্যাপকভাবে এবং

উপযুক্তভাবে নির্বাচন হওয়া উচিত ছিল; কিন্তু তার বদলে যা হয়েছে সেটা আমরা সকলেই জানি। পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের মেম্বারদের মধ্য দিয়ে জেলা পরিষদ তৈরী করা হবে কিন্তু যে পঞ্চায়েতকে মূল ভিত্তি করে জেলা পরিষদ গঠিত হচ্ছে সেই পঞ্চায়েতের উপর জনসাধারণের কোন আস্থা নেই। এই পঞ্চায়েত প্রতিনিধিগণের নির্বাচন সরকারী ব্যবস্থার জনসাধারণের কোন আস্থা নেই। এই পঞ্চায়েতের প্রতিনিধিগণের নির্বাচন সরকারী অবাঞ্ছিত ব্যবস্থার মধ্যে তৈরী হয়েছে এবং এই পঞ্চায়েত নির্বাচনের ফলে আমরা দেখেছি যে পঞ্চায়েত একটা সরকারী যন্ত্র স্বরূপ। কাজেই এই পঞ্চায়েতের মাধ্যমে যে জেলা পরিষদ তৈরী হবে সেটাও হবে একটা সরকারী যন্ত্র মাত্র। এবারে দেখি গ্রাম পরিচালনার ক্ষেত্রে কি অধিকার দেওয়া হয়েছে। আমরা দেখছি এই জেলা পরিষদে যাঁরা নেতৃত্ব বা প্রতিনিধিত্ব করবেন তাঁদের জেলা পরিষদ চালাবার ব্যাপারে স্বাধীনতা থাকবে না। তাঁদের উপর পরিষদের কর্মকর্তাদের সমস্ত কাজ চালাবার যে অধিকার দেওয়া আছে-সেটা হাতীর মাথার অংকুশের মত; কারণ এর মধ্যে চালক হয়ে এক্সিকিউটিভ অফিসার এবং পঞ্চায়েৎ সুপারভাইজার সম্পাদক থাকবেন। তাহলে দেখা যাচ্ছে জেলার লক্ষ লক্ষ জনগণের প্রতিনিধিদের হাতে কোন ক্ষমতা না দিয়ে সেই ক্ষমতা দেওয়া হোল ঐ মানিকজোড়ের হাতে এবং তাঁরাই লক্ষ লক্ষ জনগণের প্রতিনিধিদের পরিচালনা করবেন এবং তাঁদের পেছনে থাকবে রাজ্য সরকারের ইঙ্গিত। অনেক মাননীয় সদস্যেরা বলেছেন যে ক্ষমতার বি-কেন্দ্রীকরণ করা হচ্ছে। রাজ্য সরকারের ইঙ্গিতে যেখানে লক্ষ লক্ষ জনগণ পরিচালিত হবে তার নাম কি ক্ষমতার বি-কেন্দ্রীকরণ? তাই আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, এই বিলের মারফৎ জনগণকে অধিকার দেবার নামে তাঁদের সঙ্গে প্রতারণা করা হয়েছে। স্যার, এই বিলের মারফৎ গণতান্ত্রিক অধিকার যা দেওয়া হয়েছে সেটা যেন হাতীর ঘোড়দৌড় এবং সোনার পাথর বাটি। মোটের উপর কথা হোল এই বিলের দ্বারা জনগণ কোন অধিকার পায়নি এবং জেলা পরিষদকে একটা সরকারী চৌকিদার হিসেবে গঠন করা হচ্ছে এবং এই বিলের দ্বারা জনসাধারণকে শাসন এবং শোষণ করবার ব্যবস্থা হচ্ছে।

[2-30—2-40 p.m.]

Shri Monoranjan Hazra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গতকাল থেকে এই বিল সম্পর্কে আলোচনা হচ্ছে আলোচনার একটা কথা আমি নূতন করে বলতে চাই যেটা অনেক সদস্যের মুখ থেকে শুনবো আশা করেছিলাম কিন্তু শুনতে পাইনি। একটা কথা নিয়ে সুরু করতে হবে। রবীন্দ্রনাথ তাঁর যোগাযোগ লেখবার সময় গোড়াতেই লিখেছিলেন সন্ধ্যাবেলায় দীপ জ্বালাবার আগে, সকাল বেলায় সলতে পাকান দরকার। শৈলবাবু এই জেলা পরিষদ বিল এনেছেন সন্ধ্যাবেলার দীপ জ্বালার জন্য, কিন্তু সকাল বেলায় যে সলতে পাকান হয়ে গেছে সেটা বলা দরকার। এর আগে যখন পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আইন পাশ হয়েগেছে তারপর যখন বিভিন্ন থানায় থানায় ব্লক তৈরী হয়েছে তখন অভিজ্ঞতার ভিত্তিতে আমরা কি দেখতে পাচ্ছি? কাল শৈলবাবু কম্পোজিট ইউনিটের কথা বলেছিলেন যেটা স্টেটসম্যান পত্রিকায় দেখলাম। আমি সেই সময় ছিলাম না, যদি ভুল করি মন্ত্রিমহাশয় আমাকে সংশোধন করে দেবেন। তিন ধাপে আমাদের প্রশাসনিক ভিত্তি —জেলা পরিষদ থেকে আরম্ভ করে গ্রাম পঞ্চায়েত পর্যন্ত কম্পোজিট ইউনিট তৈরী হবে, একথা তিনি বলেছেন। এ দিক দিয়ে আমার অভিজ্ঞতা কিন্তু সম্পূর্ণ অন্য রকম। বি ডি ও অফিসাররা বসে আছেন, তার কর্মচারীরা আছেন এবং সেই পঞ্চায়েত নির্বাচনের বিভিন্ন অঞ্চলগুলি ভাগ করা হয়েছে, গ্রামসভা ভাগ করা হয়েছে। কোন কোন জায়গায় এমনভাবে ভাগ করা হয়েছে যে এমন চমৎকার সৃষ্টি আর কোথাও আছে কিনা জানিনা। যেখানে রাজনৈতিক বিরোধিদলের লোক আছে সেখানে বাড়ীগুলি এমনভাবে ভাগ করা হচ্ছে যে যাতে সে নির্বাচিত না হতে পারে। গ্রামগুলিকে এমনভাবে টুকরো টুকরো করা হচ্ছে নির্বাচনে এ ধরণের লোক আসতে পারে। সব চেয়ে মারাত্মক হচ্ছে বি ডি ও অফিসারকে গ্রামে এখানে সেখানে দেওয়া হচ্ছে কি দৃষ্টিভংগী নিয়ে দেওয়া হচ্ছে সেটা একটু জানা দরকার। আমার কাছে একটা ব্লক শীল মোহর দেওয়া প্রস্তাব আছে, আমি পড়ে পড়ে শোনাচ্ছি—চণ্ডীতলা ব্লকে জনাই বলে একটা

ইউনিয়ন আছে, সেখানে উদয়ন সংঘ বলে একটা ক্লাব আছে। সেই ক্লাবে নাকি কিছু টাকা দেওয়া হবে, পরে সেই ইউনিয়নের প্রেসিডেন্ট জানিয়েছেন এই ক্লাবের রাষ্ট্রবিরোধী কার্য করেন এমন লোক আছেন। অমনি সঙ্গে সঙ্গে টাকা বন্ধ হয়ে গেল। ব্লক থেকে প্রস্তাব নেওয়া হল সভায় বিস্তারিত আলোচনান্তে ইহা স্থির হয় যে প্রেসিডেন্ট রাষ্ট্র বিরোধী কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের নাম বি ডি ও-কে গোপনীয় পত্রের দ্বারা জানাইবেন, তাহার নিকট হইতে পত্র পাইলে বি ডি ও তদন্ত করিয়া দেখিবেন যে ঐ সকল ব্যক্তিদের উদয় সংঘ হইতে মিটিং করিয়া বিতাড়িত করা হইয়াছে এবং তাহার রিপোর্ট বি ডি ও আগামী অধিবেশনে উপস্থিত করিবেন। এই সিদ্ধান্ত গৃহীত হইল। অর্থাৎ প্রত্যেক জায়গায় যাকে অবাঞ্ছিত মনে করা হচ্ছে এরূপ চাপ দিয়ে তাদের সংস্পর্শ নস্যাৎ করবার জন্য চেষ্টা করা হচ্ছে। আমি একটা কথা জিজ্ঞাসা করি রাষ্ট্র বিরোধী কার্যকলাপ দেখবার জন্য পুলিশ আছে, সরকার আছে। বি ডি ও এই সব কাজ আরম্ভ করেছে। এই সমস্ত ব্যাপার থেকে যে মন্ত্রীমন্ডলী তৈরী হচ্ছে তাতে সেখানে যে কাকে নির্বাচিত করবে সেটা স্পষ্টই বুঝা যাচ্ছে। এবং এই যে নির্বাচনের উপর জেলা পরিষদ হচ্ছে সেখানে পরিষ্কারভাবে ইনডাইরেক্ট ইলেকসান আমরা দেখতে পাচ্ছি। কাজে কাজেই এই জেলা পরিষদ কি হবে? কম্পোজিট ইউনিট যদি এই মত হয় তাহলে আমি বলব যে পরিপূর্ণভাবে শাসকদল সর্বত্র তাঁদের ঘাঁটি গাড়বার জন্য এই রকম বিল এনেছেন বৃটিশ সাম্রাজ্যবাদীরা যে জেলা বোর্ড তৈরী করেছিলেন তারও একটা নির্বাচন ছিল। কিন্তু ডেমোক্র্যাটিক শৈলবাবু এই বিলে সেই প্রভিসান রাখতে পারেন নি। অবশ্য জানতাম যে শৈলবাবু তা পারবেন না। যখন ছেলে বেলায় পড়তাম তখন পান্ডব কৌরবে পড়েছিলাম—

"অতি ছল অতি খল অতীব কুটিল,
তুমিই তোমার মাত্র উপমা কেবল।"

শৈলবাবু যে কত বড় অগণতান্ত্রিক সেটা তার একটা বড় প্রমাণ। তিনি অনেক দিন স্পীকারের পদ অলংকৃত করেছিলেন। তিনি তাঁর নেতাকে বলতে পারেন নি যে মন্ত্রীত্ব নেব না, যিনি গণতান্ত্রিক নিদর্শনকে এই রকমভাবে অবহেলা করতে পারেন তাঁর কাছে গণতন্ত্রের আশা করা খুব মুস্কিল। কাজে কাজেই এই দিক থেকে আমি বলতে চাই যে সন্ধ্যা বেলায় দীপ জ্বালাবার আগে সকাল বেলায় যে সলতে পাকান দরকার সেটা না করলে সেই দীপ দিয়ে গ্রামকে উজ্জ্বল করা যাবে না। হিটলার মরে ভূত হয়ে গেছে। তাঁর যে সমস্ত শাসন প্রণালী, তাঁর এ্যাডমিনিস্ট্রেসানের যে সমস্ত দিক আছে সেই সব থেকে এই সব আমদানী করা হয়েছে। আমি শৈলবাবুকে দোষ দিই না, কারণ তিনি আসার অনেক আগে এই বিল তৈরি হয়েছিল। তিনি যখন এই পোর্টফোলিও নিয়েছেন তখন তাঁকে এই বিল তুলতে হবে। কিন্তু এইভাবে করলে কিছুতেই গণতান্ত্রিক উদ্দেশ্য সফল হবে না, বৈপ্লবিক অবস্থা নিয়ে আসা যাবে না, পিপল্স পার্টিসিপেসান আনা যাবে না। তিনি নির্বাচনের খুব বড়াই করেন। ব্লক এরিয়ায় ৩টা নির্বাচন হয়েছে। ৩টা নির্বাচনে সি পি আই, ক্যান্ডিডেট জয়লাভ করেছে। সেখানে আমাদের ডিস্পেন্সারী আছে, হাসপাতাল আছে, সেখানে আমরা গঠনমূলক কাজ করি। সেজন্যই তো ৩টা ইলেকসান জিত হয়েছে মেজর পার্টি থাকা সত্ত্বেও। সেখানে কোন ব্লক এরিয়ার লোক নেওয়া যায় নি; এমন কি পরাজিত ক্যানডিডেট তিনিও আছেন, কংগ্রেস ওয়ার্কারদের কো-অপ্ট করা হয়েছে। অথচ তাঁরা গণতান্ত্রিক কথা বলেন যে কো-অপ্ট করা হয়েছে। সেখানে দুজন কমিউনিস্ট পার্টির লোক আছে—একজন এম এল এ, মনোরঞ্জন হাজরা, আর একজন ধীরেন ভট্টাচার্য তাঁদের নেওয়া হয়নি। যাঁদের নেওয়া হয়েছে তাঁরা হচ্ছেন কংগ্রেসের লোক। কাজেই গণতন্ত্রের কথা বলা উচিত নয়। আর একটা কথা আমি শৈলবাবুকে নিবেদন করতে চাই আপনি নির্বাচন ব্যাপারটা করছেন না কেন? কি ভয় আপনার? এই নির্বাচনের মাধ্যমে যদি জেলা পরিষদ তৈরি করা হয় তাহলে তাতে এমন কি খরচ বেশী হবে? সেচ্ছাসেবক শিবির করে যে টাকা খরচ করেন ব্লক অফিসার এবং সেখানে যে পান্তুয়া এবং রসগোল্লা খাওয়ান তাতে একটা এলাকায় নির্বাচন হতে পারে কিছু অসুবিধা হয় না। এই জন্য বলছি যে নির্বাচন করুন। যদি আঞ্চলিক পরিষদ এলাকাকে নিয়ে একটা ইলেকসান করা যায় এবং সেখান থেকে যদি একটা মেম্বারকে ইলেক্ট করা যায় এই রকমভাবে জেলার বিভিন্ন জায়গা থেকে তাহলে সেখানে

পরিষ্কারভাবে একটা ইলেক্টেড বডি হতে পারে এবং অপ্রত্যক্ষ নির্বাচনের যে অযোগ্যতা তা এইভাবে দূর করা যেতে পারবে। আর একটা কথা হচ্ছে অপ্রত্যক্ষ নির্বাচন সম্বন্ধে কেউ কেউ বলেছেন যে আমি এই এলাকার নির্বাচিত লোক আমি আর একটা এলাকায় গিয়ে সেখানে প্রভুত্ব করব এটা হয় না। সেখানে আমাদেরও কথা হচ্ছে আমি এক জায়গায় নির্বাচিত হয়েছি ঠিক, কিন্তু আর একটা জায়গায় গিয়ে সেখানকার জন মতের উপর প্রভুত্ব করব এতে মুস্কিল আছে। সেজন্য বলি নির্বাচন আনুন সব গোলমাল মিটে যাবে এবং পঞ্চায়েত রাজ যেটা আমাদের সংবিধানের উদ্দেশ্য শৈলবাবু বলেছেন আমরা যেন সেই উদ্দেশ্যকে অভিনন্দন জানাই স্বাগত জানাই আমরা সবাই মিলে এটা করব।

[2-40—2-50 p.m.]

আপনাদের হাতে গভর্নমেন্ট রয়েছে, আমরা সেখানে দাঁড়িয়ে আপনাদের পরিকল্পনা কার্যকরী করবার চেষ্টা করতে পারবো। নির্বাচিত প্রতিনিধিদের যদি থাকতে দেন তাহলে জনসাধারণ আরো বেশীভাবে আসতে পারবে এবং আমাদের দেশ গঠনের কাজে, উৎপাদনের কাজে, উন্নয়নের কাজে সমস্ত কাজে তাঁরা এগিয়ে আসতে পারবেন—যদি নির্বাচন করেন আর তা নাহলে কি হবে, এই গ্রাম পঞ্চায়েৎ, অঞ্চল পঞ্চায়েৎ, আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ এই চার থাক অফিসের মধ্যে গ্রামের লোক অক্টোপাসের বন্ধনে বাঁধা পড়বে। এবং তারা হাঁপিয়ে উঠবে। একটা সামান্য ব্যাপার নিয়ে গ্রামসভার হল না অঞ্চল পঞ্চায়েত গেল, তারা বল্লো আমাদের ব্যাপার নয়, আঞ্চলিক পরিষদের কাছে গেল, তারা বল্লো আমাদের ব্যাপার নয়—জেলা পরিষদের কাছে আবার সেটা ফিরে এলো। এমনিভাবে চার থাক শাসনের মধ্যে জনসাধারণ হাঁপিয়ে উঠবে। বাস্তবে এর ভাল দেখতে পারলে আমরা স্বীকার করবো, তা নাহলে এরকমভাবে এই চার থাক শাসন ব্যবস্থা রাখার কোন মানে হয় না। মূল কথা হচ্ছে এটা যা করছেন, এই অপ্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে যে জেলা পরিষদ তৈরী করছেন সেই জেলা পরিষদের ক্ষমতা সম্বন্ধে অনেকেই বলেছেন, অনেকে ১৬ ধারার কথা উল্লেখ করেছেন যে ষ্টেট গভর্নমেন্টের অনুমতি ব্যাতিরেকে, য়্যাপ্রুভ্যাল ব্যতিরেকে কোন স্কীম কার্যকরী করা যাবে না এবং সেখানে আমি বলবো যে নিশ্চয়ই মুস্কিল হবে। যদি আপনাদের বিরোধীদল মনোনীত কোন জেলা ওঠে সেখানে ষ্টেট গভর্নমেন্ট সেটাকে সুপারসীড করার রাস্তা বহাল করবেন। শৈলবাবু এ বিষয়ে খুব দক্ষ, তিনি মন্ত্রী হবার পর বাংলাদেশের বহু জায়গার মিউনিসিপ্যালিটিতে তিনি সুপারসেসনের হাত লাগিয়েছেন, তিনি সব জায়গায় জনপ্রতিনিধিদের অধিকার কেড়ে নিচ্ছেন। সেখানে ১১টার সীটের মধ্যে ১১টা নেয়া হয়েছে, ১০টা সীটের মধ্যে ১০টা নেয়া হয়েছে। এসব মিউনিসিপ্যালিটিগুলিকে কেড়ে নিয়েছেন ইমার্জেন্সীর সুযোগে এবং ইমার্জেন্সীর সুযোগে বৃটীশ সাম্রাজ্যবাদীরা যে বিল আনতে সাহস করে নি, নির্বাচন অপরিহার্য বলে যাদের মেনে নিতে হয়েছিল তার চেয়ে ঘৃণ্য অস্বাস্থ্যকর বিল তিনি নিয়ে আসছেন। এর উদ্দেশ্য মহৎ, আমি তাকে সমর্থন করি কিন্তু যতক্ষণ না একে সংশোধন করা হচ্ছে ততক্ষণ এক ঘৃণ্য বিল বলে আমি আখ্যায়িত করছি এবং আমি আশা করি মাননীয় শৈলবাবু এখানে যে সমস্ত সংশোধন আসবে সেই সংশোধন সম্বন্ধে যখন ক্লজ বাই ক্লজ আলোচনা হবে তখন তিনি সেগুলি গ্রহণ করবার চেষ্টা করবেন। আমার কংগ্রেস দলের কাছে আবেদন আবার আপনারা পার্টী মিটিং-এ বসুন, আজকে একটা গণতান্ত্রিক চেতনা সৃষ্টি করার জন্য, দেশের একটা যে গণতান্ত্রিক ঐতিহ্য আছে তার ধারাবাহিকতা বজায় রাখবার জন্য আপনারা আর একবার বসুন, বসে এই বিলটা আলোচনা করে পরিষ্কারভাবে একটা সম্পূর্ণীকৃত বিল নিয়ে আসুন যে বিলের মধ্যে দিয়ে মানুষ আশার আলো দেখতে পাবে, এই হচ্ছে আমার কথা।

Dr. Radhakrishna Singha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে জেলা পরিষদ বিল এই সভায় উপস্থাপিত হয়েছে সে সম্বন্ধে আমি কতকগুলি কনষ্ট্রাকটিভ সাজেসান মন্ত্রীমহাশয়কে দেব আপনার মাধ্যমে। সিলেক্ট কমিটির মধ্য দিয়ে এর ত্রুটি বিচ্যুতি অনেক দূর হয়েছে এবং অনেক গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছেন সিলেক্ট কমিটি। এটা পড়ে আমি বুঝতে পেরেছি যে ৩৬ জন সদস্যের মধ্যে ৫ জন নোট

অব ডিসেন্ট দিয়েছেন, বাকী ৩১ জন এর পক্ষে মত দিয়েছেন। আমরা জানি যে পঞ্চায়েতী ব্যবস্থার সহিত মিল রাখবার জন্য জেলা পরিষদ বিল আনা হয়েছে এবং ভারতবর্ষের অনেক রাজ্যে এর কাজ চলছে এবং এটা আরম্ভ হয়ে গেছে। আমি কতকগুলি সাজেসন দিচ্ছি—৪ নং ধারা সম্বন্ধে আমি বলছি যে বিভিন্ন কো-অপারেটিভ সংস্থা যে আমাদের দেশে রয়েছে, তাদের মধ্য থেকে একটা ইলেকটেড রিপ্রেজেনটেটীভ নেবার জন্য আমি অনুরোধ করছি।

সিডিউল্ড কাষ্ট ফিমেল যেটা বলছি এই কারণে বলছি যে ওদের পুরুষেরা তো আমাদের মত হয়ে গেছে কিন্তু মেয়েরা এখনও সে রকম হয় নি। তাই আমি মেয়েদের তরফ থেকে অনুরোধ করবো যে একটা মেয়ে সিডিউল্ড কাষ্ট নেবার জন্য। ১০নং ধারা ২নং উপ-ধারায় আপনি বলেছেন যে যদি কোন লিগ্যাল প্রাকটিসনারস

"If a member acts as a lawyer against the Zilla Parishad in any legal proceedings to which the Zilla Parishad is a party he shall cease to be a member. It is an affair against a professional man."

যেমন আপনি বলেছেন যে গণতন্ত্রের বিপ্লব আনছে—সেখানে অন্যের অধিকার থেকে বঞ্চিত করছেন—এটা এমেন্ড করতে বলছি। ২৬-এর/এ-তে যে সমস্ত অফিসার বা এমপ্লয়িকে আপনারা ইচ্ছামত ছাটাই করতে পারবেন সেখানে আমি বলি

Opportunity should be given to the officers and employees concerned to explain their cases.

৩০নং-এতে সেল্‌ফ গভর্ণিং-স্কুল বোর্ড তার মধ্যে বলেছেন যে এই কথা এ... করে পায় আমি তা জানি না। মাননীয় সদস্য কি করে করেছেন যে সেল্ফ গভর্ণিং বডি কি করে একটা ষ্টানডিং কমিটি হিসাবে কাজ করতে পারে? সুতরাং......

দি অনারেবল শৈল কুমার মুখার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে ধারাবাহিকভাবে যখন আপনি ক্লজ বাই ক্লজ আলোচনা হবে তখন বলবেন এবং তাতে উনি উত্তর পেতে পারবেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহ: আমি তবে তাই বলি—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলবো এ্যাক্ট যা আছে তার ৫৫নং ধারা যা আছে তাতে বলি যে এই জেলা পরিষদের মেম্বারদের আত্মীয়-স্বজন যারা আছে তাদের সেই আত্মীয় স্বজনদের সাথে যোগ করবেন যারা কাজ করবে—এটা আমার নিজের সাজেসন। তারপর পানিসমেন্ট আমি বলবো যে যার জন্য ডিষ্ট্রিক্ট বোর্ড-এর ম্যাজিষ্ট্রেটদের অত্যন্ত বিপর্যস্ত হতে হচ্ছে। আমার মনে হয় একটা ধারা রাখা উচিত যে মিনিমাম এমাউন্ট অফ রিয়েলাইজেসন এটা করা উচিত। তাহলে পর সেই জেলা পরিষদ, অঞ্চল পরিষদ সাবপ্রেসন হবে। আমি আর একটা শেষ কথা বলবো যে রেটের পারসেনটেজ অব ল্যান্ড রেভিনিউ যেটা জেলা পরিষদকে দেবেন সেই রেভিনিউয়ের একটা পারসেনটেজ একটা মিনিমাম এ্যামাউন্ট লিপিবদ্ধ করা উচিত। এবং তার করলে আমার মনে হয় এই বিলের যে উদ্দেশ্য তা সফল হবে। অবশ্য এও জানি যে কোন বিল প্রথমে যখন আনা হয় তখন এটা সর্বাঙ্গীনসুন্দর হতে পারে না। সেইজন্য এ্যামেন্ডমেন্ট বা তার প্রভিসন থাকে। এই গতকাল ষ্টেট এ্যাকুইজিসন সম্বন্ধে আলোচনা হোল এই সভায়—এবং এটা কত দিন আগে হয়েছে কিন্তু তাও এখনও পূর্ণতা পায় নি। এজন্য বলি প্রথমে যতই আপনি সিলেক্ট কমিটিতে যান না কেন তা সর্বাঙ্গ সুন্দর হতে পারে না—ব্যবহারিক ক্ষেত্রে যতক্ষণ না প্রয়োগ হচ্ছে। সেজন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়কে পুনরায় অনুরোধ করবো যে এই পয়েন্টগুলো দেখার জন্য এবং চেষ্টা করবার জন্য যাতে এই পয়েন্টগুলো যতদূর সম্ভব নেওয়া যায়।

[2-50—3 p.m.]

Shri A. K. M. Isahaque:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে সারকুলেশান যখন একবার হয়ে গিয়েছে জনমত সংগ্রহ

হয়েছে সেই জন্য নতুন করে আবার বিলটা সারকুলেশান এ যদি যায় তাহলে সময় নষ্ট করা ছাড়া আর কিছু হবেনা। আমি বলছি

With the very publication of this Bill Government sent this Bill for circulation.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য : উনি স্যার, সারকুলেশন হয়ে গেছে কিভাবে বলছেন?

শ্রী এ, কে, এম, ইশাক : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, নীতিগত ভাবে অত্যন্ত আশার কথা এবং অত্যন্ত আনন্দের কথা যে নীতিগত ভাবে বিরোধী পক্ষের কোন বন্ধু এই বিলের বিরোধীতা করছেন না। তারা কতকগুলি পয়েন্ট তুলেছেন। যেমন এতে ডাইরেক্ট ইলেকশানের প্রভিশান নাই এবং তারজন্য এই বিলের সমস্ত উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে বলে তারা ভয় পাচ্ছেন। ডাইরেক্ট ইলেকশান-এর তাৎপর্য্য তারা নিশ্চয়ই বোঝেন। ডাইরেক্ট ইলেকশানের ফলাফল কি ডাইরেক্ট ইলেকশানে এ যদি কোন লোক নির্ব্বাচিত হয়ে আসেন তাহলে সে কি দাবী করবেন অপোজিশান পার্টির বন্ধুরা যে জানেন না তা নয়। আমাদের গঠনতন্ত্রে আমাদের কনসটিটিউসন-এ পার্লিয়ামেন্ট স্বীকার করা হয়েছে। এবং লেজিসলেটিভ এ্যাসেম্বলী: কথাও স্বীকার করা হয়েছে। আমাদের এই এ্যাসেম্ব্লিতে এবং পার্লিয়ামেণ্ট-এর সদস্যগণ ডাইরেক্ট ইলেকশান-এ আসে। এ্যাডাল্ট সাফরেজ-এর উপর তারা আসেন। তারা আসেন বলেই লেজিসলেটিভ পাওয়ার এক্সারসাইজ করেন। ফর ওভিয়াস রিজন আমরা যদি আমাদের ডিষ্ট্রিক লেভেলে এ্যাডাল্ট সাফরেজ-এর প্রবর্তন করি দেয়ার ইজ নো হিউম্যান রিজন হাউ উই ক্যান ডিনাই দি ফুল রাইট্স, তাহলে হাউ উই ক্যান ডিনাই রাইট্স অব লেজিসলেশান এবং তাহলে দেয়ার উইল বি ক্লাশ অফ গভর্ণমেন্ট ফর হুইচ দেয়ার ইজ নো সাচ প্রভিশান আমরা যেমন লেজিসলেটিভ এ্যাসেম্ব্লিতে বসে বাংলাদেশের জন্য আইন প্রণয়ন করছি তেমনি যদি তারা জেলা পরিষদে বসে জেলার জন্য আইন প্রনয়নের দাবী করে তাহলে কি হবে? তারপরে স্যার ওদের আরেকটা দাবীর দিক হল যে এই ভোট এ্যাডাল্ট সাফরেজের বেসিসে হত তাহলে ভাল ভাল লোক আসতে পারত। ধরে নিলাম—আমরা যারা বিধান সভার সভ্য অন্তত আমরা তো ডাইরেক্ট ভোটে এসেছি· আমরা অপোজিশান বন্ধুদের কাছ থেকে কি কথা শুনেছি যে আমরা ভোট কিনে তবে এখানে এসেছি। বাংগালীকে টাকা দিয়ে কেনা যায় এই যাদের অভিযোগ তারা তো এছাড়া অন্য কোনকথা বলতে পারবেন না যদি আজকে এই সিস্টেম অব ভোট না রেখে যদি আজ ওখানে ডাইরেক্ট সিস্টেম অব ভোট রাখা হত অপোজিশান বন্ধুগন ঠিক এই কথাই বলতেন কংগ্রেস-এর লোক সমস্ত লোককে টাকা দিয়ে নির্বাচিত হয়ে এসেছে। স্যার, আমরা দেখছি অভিযোগের তো অন্ত নেই। যদি ডাইরেক্ট ইলেকশান-এর ব্যবস্থা থাকত তাহলে এই অভিযোগ আসত যে কংগ্রেস টাকা দিয়ে ওখানে জিতেছে। আমরা বিধান সভায় যখন গণভোটের মাধ্যমে এখানে আসি তখন আমাদের কি অভিযোগ শুনতে হয় যে আমরা টাকা দিয়ে মানুষকে কিনে তবে এখানে এসেছি। যে কথা ছাত্ররা জানে সে কথা বিধান সভার মাননীয় সদস্যরা জানেন না তা নয় যে ডাইরেক্ট ইলেকশান যদি দেওয়া হয়.........

শ্রী শম্ভু চরণ ঘোষ: অন এ পয়েন্ট অব অর্ডার। বিধান সভায় কংগ্রেসীরা টাকা দিয়ে এখানে এসেছে কীনা এ সম্পর্কে এখানে আমরা আলোচনা করতে এসেছি কীনা?

মিষ্টার ডেপুটী স্পীকার: হি ইজ কোয়াইট রেলিভেন্ট

শ্রী এ, কে, এম, ইশাক: ডাইরেক্ট ইলেকশান-এর তাৎপর্য্য বিরোধী পক্ষের মাননীয় বন্ধুগণ অত্যন্ত ভালভাবে জানেন যেহেতু এই বিলটাকে অপোজ করতে হবে সেইহেতু তারা এই অপোজিশান দিচ্ছেন। নীতিগত ভাবে এই বিলের বিরোধীতা ওরা করতে পারেননি কেননা এর থেকে ভাল বিল আসা সম্ভব নয় তা ওরা জানেন তবুও যেহেতু ওরা বিরোধী পক্ষে আছেন যেহেতু ওদের বিরোধীতা করতে হবে সুতরাং তাদের এই পয়েন্ট তুলতে হচ্ছে। আজ

ডাইরেক্ট ইলেকশান-এ যদি জেলা পরিষদ সৃষ্টি হত তাকে ওভিয়াস রিজন পাওয়ার অব লেজিসলেশান দিতে হত। এটা সকলেই জানেন যে গ্রাম থেকে গ্রামান্তরের প্রতিটী জায়গার সমস্ত দায়িত্ব এই বিধান সভার উপরে ন্যস্ত আছে। কোন সুদূর গ্রামে একটী লোক মারা যায় তার সমস্ত দায়িত্ব এই সরকারের উপর স্থাপন করা হয়, এই থেকে আমরা বুঝেছি যেহেতু আমরা ডাইরেক্ট ইলেকশানে এসেছি সেইজন্য এই রেসপনসিবিলিটি আছে ডেভালাপ-মেণ্টের রিসপনসিবিলিটি আছে লেজিসলেশানের সমস্ত রেসপনসিবিলিটি আছে। যদি প্রতিটী মানুষ ডাইরেক্ট ভোটে জেলা পরিষদে যায় তারা লজিক্যালি ক্লেইম সাম পওয়ার অফ লেজিসলেশান আবার কয়েকজন বক্তা অভিযোগ করেছেন যে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান জেলা পরিষদে থাকবেন সরকার তাদের উপর ক্ষমতাটা হাতে রাখলেন কেন। আমি কথাটা বুঝতে পারছি না—তারা বলছেন যেহেতু গণভোটের মাধ্যমে এই নির্ব্বাচন হচ্ছেনা, যেহেতু গণভোটের মাধ্যমে জেলা পরিষদের মেম্বার নির্ব্বাচিত হচ্ছেনা তাহলে ভাল লোক আসবেনা। যদি ভাল লোক না আসে তাহলে খারাপ লোক চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান হবে। খারাপ চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান যদি সরকার রিমুভ করেন তাহলে ওদের এত মাথা ব্যাথা কেন। ওভার অল কনট্রোল-এর কথা ওরা বলেছেন। স্যার, আমার একটি কথা মনে পড়ছে বিরোধী পক্ষের মাননীয় বন্ধুগণ যখনই যে কোন বিষয় এই গৃহে আলোচনা করেন তখনই আমরা দেখেছি বাংলার প্রত্যেকটী দায়ীত্ব তারা নিজেরা গ্রহণ করেন—এই সামান্য দিন কতক আগে কলকাতা করপোরেশান-এর কথা শুনেছি তাদের মুখে তারা বারবার এখানে দাবী করেছেন যে কেন সরকার ইনটারফিয়ার করছেন না। তারা একমুখে দাবী করছেন ইনটারফিয়ার বাই গভর্ণমেন্ট আবার একই মুখে সংগে সংগে বলছেন সব জায়গায় গভর্ণমেন্ট কনট্রোল করতে চাচ্ছেন তারা একই মুখে দুই কথা বলেন।

[3—3-25 p.m.]

আমি এইসব হেঁয়ালীর অর্থ বুঝিনা কারণ তাঁরা একমুখে দুকথা বলেন। ও'রা আর একটি কথা বলেছেন যে, যে পদ্ধতিতে নির্বাচন হবে সেই পদ্ধতিতে যদি নির্বাচন হয় তাহলে সমস্ত ক্ষমতা চলে যাবে জমিদার জোতদারদের হাতে। কিন্তু আমি জানিনা বাংলাদেশে আজও জমিদার আছে কিনা যে জমিদারদের কথা মাননীয় সদস্যরা বললেন। এই পদ্ধতিতে নির্বাচন হলে সমস্ত ক্ষমতা জমিদার, জোতদার, কায়েমীস্বার্থবাদীদের হাতে চলে যাবে বলে তাঁরা যে অভিযোগ করলেন তাতে আমি তাঁদের ১৯৬২ সালের কথা স্মরণ করতে বলি এবং তাঁদের কনস্টিটিউএন্সী দেখতে বলি যে কোথাও জমিদার আছে কিনা দেখুন। আমি স্যার, আমার অভিজ্ঞতায় দেখেছি যখনই কোথাও ভোট হয় তখনই কায়েমীস্বার্থবাদী কথাটা খুব বড় হয়ে ওঠে। আমি আমার নিজের কনস্টিটিউএন্সী-র কথা বলছি। আমার বিরুদ্ধে ইলেকসন-এ কাজ করতে গিয়েছিলেন একজন বিরাট ক্রোড়পতি লোক।

শ্রীনিখিল দাস: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। ওনার কনস্টিটিউএন্সী-তে ধনী লোক গিয়েছিলেন না অন্য লোক গিয়েছিলেন তার সংগে বিলের কি সম্পর্ক আছে? বিলের আলোচনা করতে গিয়ে উনি যদি এইসব কথা বলেন তাহলে আমরা কি বিল আলোচনা করতে গিয়ে একথা বলতে পারব যে, ওখানে রসগোল্লা পাওয়া যায়, দ্বারিক ঘোষের দোকানে সন্দেশ পাওয়া যায়?

মিঃ ডেপুটি স্পীকার: আপনি বিল সম্বন্ধে যা বলার আছে তা বলুন।

Shri A. K. M. Isahaque:

স্যার, আমি দেখেছি নির্বাচন যখন হয় তখন মানুষের সামনে যে ইস্যু থাকে তার উপরেই বিচার করা হয়। একথা আজ শুধু বিরোধী পক্ষের বন্ধুদের মুখেই শোভা পায় যে মানুষকে টাকা দিয়ে কেনা যায়, একথা বলা তাঁদেরই পক্ষে শোভা পায় যে মানুষ অপারের কথা শোনে এবং তাদের বিবেক, বুদ্ধি বলে কিছু নেই। কিন্তু আমি বিশ্বাস করি বাংগালী যে কাজ করে সেটা তাঁরা তাঁদের বুদ্ধির উপর বিশ্বাস রেখেই করে এবং তাঁদের নিজেদের বুদ্ধির উপর আস্থা আছে বলেই ও'দের উপর আজ তাঁদের ফাস্ট্রেসন এসেছে।

[নয়েস এ্যান্ড ইনটারাপসন্স]

স্যার, আর একটা কথা হচ্ছে অনধিকার যাঁরা দেখেন তাঁরা যেমন চিরকালই অনধিকার দেখেন ঠিক তেমনি ও'রাও ১৬ বছর ধরে অনধিকার দেখেছেন। একথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

Shri Sunil Das Gupta:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, কিছ্ বলবার আগে প্রথমে একটি কথা বলে নিই যে আমি নিজে সিলেক্ট কমিটির মেম্বার ছিলাম কিন্তু সিলেক্ট কমিটির রিপোর্ট যখন আমার কাছে এসে পেণছে তখন আমার নিজের জায়গা না থাকার জন্য সময়মত আমি নোট অব ডিসেন্ট দিতে পারিনি। এই কারণে আমার মূল বক্তব্য এই বিলের মধ্যে নেই। যাই হোক আমি আবার আমার বক্তব্য রাখছি। ভারতীয় সংবিধানে দেওয়া আছে যে সমস্ত ভারতবর্ষের মধ্যে অবিলম্বে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করতে হবে। এই ব্যাপারে আমাদের পশ্চিমবংগ অন্যান্য প্রদেশ থেকে পিছিয়ে আছে। আজকে তাঁরা যে জেলা পরিষদ বিল দ্বারা পঞ্চায়েত রাজ কায়েম করবার জন্য এগিয়ে এসেছেন সেজন্য আমরা আনন্দিত। এই জেলা পরিষদ বিল আজকে আমরা যে আকারে পাচ্ছি সিলেক্ট কমিটিতে দেওয়ার আগে তার যে রূপ ছিল তা যদি দেখি তাতে দেখবো শৈলবাবু বার বার আমাদের যে কথা শুনিয়েছেন সেই মূলনীতি তার মধ্যে লেশ মাত্র ছিল না। আমি প্রথমেই যে কথা বলতে চাই সেটা হল প্রাপ্ত বয়স্কদের ভিত্তিতে গ্রামের মানুষদের যদি এই পরিকল্পনার মধ্যে নিয়ে আসার সুযোগ থাকত তাহলে আমি অত্যন্ত আনন্দিত হতাম। সিলেক্ট কমিটিতে একথা বার বার বলেছি কিন্তু আমার মত সিলেক্ট কমিটির মধ্য দিয়ে প্রতিষ্ঠা করতে পারি না। সেজন্য আমি অত্যন্ত দুঃখিত। যাই হোক আবার যখন এই হাউসের মধ্যে আলোচনা সুরু হয়েছে আমি চাই শৈলবাবু আমাদের বিরোধী পক্ষের দাবী, প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে এর কাঠামো তৈরী করার যে দাবী সেই দাবীর দিকে বিশেষ দৃষ্টি দেবেন। তারপর এই বিলের মধ্যে প্রতি পদে পদে আমলাতন্ত্রের অক্টোপাসের বাঁধন রয়েছে, এবং যে শক্ত বাঁধন প্রথমে ছিল সেটা যদিও সিলেক্ট কমিটির মাধ্যমে কিছুটা পরিবর্তন হয়েছে তথাপি আরও কিছু পরিবর্তন হওয়া দরকার। দ্বিতীয়তঃ যে স্ট্যান্ডিং কমিটি করা হয়েছে সে সম্পর্কে আমার একটু বক্তব্য রয়েছে সেটা হল এডুকেশন অব প্রাইমারী স্ট্যান্ডিং কমিটি যেটা তৈরী হয়েছে সেটার ব্যাপারে পশ্চিমবঙ্গের লোকাল সেল্ফ গভর্নমেন্ট সাব-কমিটির যে রিপোর্ট আছে তার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। সেই রিপোর্টের মধ্যে পরিস্কার তাঁরা বলেছেন এই যে স্কুল বোর্ড এর মধ্যে অলরেডি ডায়ার্কি রয়েছে। আজকে জেলা পরিষদের কাঠামোর মধ্যে যদি স্কুল বোর্ডকে এইভাবে জোর করে ঢুকিয়ে দেবার চেষ্টা করা হয় তাহলে সেখানে ডায়ার্কি ফর্ম করবে, সেজন্য আমি দাবী করছি যাতে এই স্কুল বোর্ড আইনকে আগাগোড়া বদল করে এই স্কুল বোর্ডকে যেন জেলা পরিষদের ফুল কন্ট্রোলের মধ্যে আনা হয়, কেননা এই স্কুল বোর্ডের নামে এডুকেশন ডিপার্টমেন্ট যে টাকা বরাদ্দ করবে তার উপর জেলা পরিষদের কোন রকম খবরদারীর এক্তিয়ার থাকবে না। শুধু এই জেলা পরিষদ এই স্কুল বোর্ডগুলি পরিদর্শন করবে, এবং তার রিপোর্ট আলোচনা করবার যে সামান্যতম সুযোগ রয়েছে এই জেলা পরিষদে আমি মনে করি সেটাও রদ করবে। কাজেই এটার পরিবর্তন সাধন করা উচিত। তৃতীয় অর্থনৈতিক সংস্থান সম্পর্কে। আপনারা সবাই এই বিল আলোচনা করলে দেখতে পাবেন অর্থনৈতিক সংস্থানের দিক থেকে এই জেলা পরিষদকে প্রতি পদক্ষেপে সরকারের মুখের দিকে তাকিয়ে থাকতে হবে। সরকার যদি টাকা পয়সা না দেয় তাহলে মূলতঃ তার কোন কাজ করবার ক্ষমতা থাকবে না। সেজন্য সিলেক্ট কমিটির মধ্যে আমরা এই দাবি তুলেছিলাম যে আমাদের ভূমি রাজস্ব যা আদায় হয় তা পুরোপুরিভাবে এই জেলা পরিষদকে দিয়ে দেওয়া হোক, যদিও আমাদের সেই বক্তব্য আমরা সিলেক্ট কমিটির মাধ্যমে কার্যকরী করে তুলতে পারি নি। আজকে আমি বিশেষ কিছু বলতে চাই না, কেননা, আমাদের যেটুকু বক্তব্য ছিল তা আমরা সিলেক্ট কমিটির মাধ্যমে রেখেছি। আর একটা

ছোট্ট কথা এখানে বলব সেটা হচ্ছে বিলের ২ নম্বর ধারাতে যেটা রয়েছে সেটা হচ্ছে কুচবিহার টাউন কমিটি এ্যাক্ট, কুচবিহার মিউনিসিপ্যাল এ্যাক্ট এটাকে এর মধ্যে থেকে বাদ দেওয়া হয়েছে। সেই কারণে আমি শৈলবাবুকে অনুরোধ করব সেটাকে যেন এর মধ্যে ইনক্লুড করা হয়। সারা বাংলাদেশের একটা এলাকা আইনের মধ্যে থাকবে না এই পরিস্থিতির উদ্ভব যেন না হয়, সে দিকে দৃষ্টি রাখবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-25—3-35 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্যগণ সবাই জানেন যে জয়েন্ট সিলেক্ট কমিটিতে এই বিল আলোচনার পর সব ব্যাপারে এক মত হওয়া যায় নি। এবং যে ব্যাপারগুলিতে এক মত হওয়া যায় নি সেটা হল মূল নীতিগত ব্যাপার এবং সেই মূল নীতিগত কারণে আমাদের মধ্যে ঐক্য মত হয় নি এবং নোট অব ডিসেন্ট আমরা সেই সেই পয়েন্টের উপর দিয়েছি। প্রথম কথা হচ্ছে এই যে আমরা চেয়েছিলাম এবং এখনও চাইছি এলিমেন্ট অব ডাইরেক্ট ইলেকসান জেলা পরিষদ গঠনের ক্ষেত্রে রাখা উচিত। কংগ্রেস পক্ষের কেউ কেউ মাননীয় সদস্য বলেছেন ওতে এম, এল, এ, এবং এম, পি,-দের পূর্ণ সদস্য করা হয়েছে। সুতরাং সেইভাবে এলিমেন্ট অব ডাইরেক্ট ইলেকসান জেলা পরিষদের ক্ষেত্রে মেনে নেওয়া হয়েছে। অর্থাৎ নীতিটুকু মেনে নেওয়া হয়েছে। সেখানে পরিষ্কার বক্তব্য হচ্ছে এম, এল, এ, এম, পি,-দের জেলা পরিষদে পূর্ণ সদস্য পদের যে অধিকার সেই অধিকার দেওয়া সত্ত্বেও জনসাধারণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিদের সে লোকসভার ক্ষেত্রে হোক আর বাংলা দেশের বিধানসভার ক্ষেত্রে হোক আইন প্রণয়নের ব্যাপারে এবং বিভিন্ন ব্যাপারে যেভাবে ব্যস্ত থাকতে হয় তাতে করে পূর্ণ সদস্য পদের অধিকার থাকলেও তাঁরা জেলা পরিষদের কাজ চালানর ব্যাপারে নীতি নির্ধারণের ব্যাপারে পূর্ণ সময় কেন আংশিক সময়ও দিতে পারেন না। প্রশ্নটা সে দিক থেকে বিচার না করে শুধু নম নম করে একটা ডাইরেক্ট ইলেকসনের নীতি মেনে নিলাম এইভাবে না করে সেখানে এখনও আমরা বলছি এবং আলোচনার সময় আমরা বলেছিলাম যে প্রাপ্ত বয়স্ক জনসাধারণের ভোটে নির্বাচিত কিছু প্রতিনিধি এই জেলা পরিষদের ক্ষেত্রে পাঠানর ব্যবস্থা হোক এবং আঞ্চলিক পরিষদের ক্ষেত্রে পাঠানর ব্যবস্থা হোক। এ ছাড়া ইনডাইরেক্ট ইলকসানের কথা আমরা বলেছিলাম। ইনডাইরেক্ট ইলেকসান—যেমন গ্রামে পঞ্চায়েত আছে অঞ্চল পঞ্চায়েত আছে, সেই পঞ্চায়েতের সদস্যরা সিংগল ট্রান্সফারেবল ভোটে কিছু সংখ্যক প্রতিনিধি সেই জেলা পরিষদে পাঠাতে পারতেন। এইভাবে প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে এবং পরোক্ষ নির্বাচনের ভিত্তিতে এবং কিছু কিছু এক্সঅফিসি মেম্বার ও নিশ্চয়ই থাকবেন তাঁদের নিয়ে জেলা পরিষদ গঠিত হোক এটা আমরা চেয়েছিলাম এবং আমরা দেখেছি যে জয়েন্ট সিলেক্ট কমিটিতে আলোচনার পর যে বিল ঠিক হল তাতে সেটা থাকে নি। একটা কথা এই প্রসংগ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই লোকাল সেল্‌ফ গভর্নমেন্ট এই কথাটা সত্যই খুব পুরাণ কথা এবং সেটা বৃটিশ যুগের আইডিয়া বহন করে আছে। সেই যুগের লোকাল সেল্‌ফ গভর্নমেন্ট সম্বন্ধে যে আইডিয়া ছিল তা ভারতবর্ষের একটা সীমানা থেকে অন্য সীমানা পর্যন্ত পরিব্যাপ্ত হয়ে আছে। জনসাধারণ যখন স্বরাজের জন্য আন্দোলন করেছে তখন জনসাধারণের সেই বিক্ষোভ সেই দাবি পূরণ করবার জন্য কিছু নম নম করে পাওয়ার জনসাধারণের হাতে দেওয়ার জন্য লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের সৃষ্টি এবং লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের যে আইডিয়া সেই আইডিয়া ওখান থেকে সৃষ্টি। প্রত্যক্ষ শাসন ব্যাপারে নয়, স্থানীয় স্বায়ত্ব শাসন ব্যাপারে, স্থানীয় ছোট-খাট ব্যাপারে যাতে স্থানীয় লোকেরা কিছু ক্ষমতা পায় সে দিক তাকিয়ে এটা করা হয়েছে। প্রথম কথা হচ্ছে জনসাধারণকে ক্ষমতা থেকে বঞ্চিত করা এই যে কুণ্ঠা ইংরাজ শাসকদের তরফ থেকে দেখা দিয়েছিল সেই কুণ্ঠা আজ পর্যন্ত আমাদের শাসক শ্রেণীর মধ্যে বা এই পশ্চিমবংগের স্বায়ত্ব শাসন দপ্তরের যিনি মন্ত্রী তাঁর মধ্যে এখনও বড় হয়ে আছে।

সেই কুণ্ঠায় ইংরাজ আমলে তারা জনসাধারণের হাতে ক্ষমতা দেয়নি বা ক্ষমতা দিলেও একেবারে যে নামমাত্র ক্ষমতা দিয়েছে সেই চেষ্টা এখনও পর্যন্ত এই গভর্নমেন্টের মধ্যে বড় হয়ে আছে এটা পরিষ্কার দেখা যাচ্ছে। সেই কুণ্ঠা কি রকম—এটা খুব সোজা কথা স্থানীয় স্বায়ত্ব শাসন বলুন বা লোকায়ত্ব শাসন বলুন, এখানকার সব থেকে বড় কথা হচ্ছে এর যা উদ্দেশ্যবলী হয়েছে এবং স্বায়ত্ব শাসনমন্ত্রী বলেছেন বিভিন্ন জায়গায় যে সমস্ত রিপোর্ট সেই সমস্ত রিপোর্ট যে কথা বলছে যে গণ উদ্যোগ বাড়াতে হবে স্থানীয় স্বায়ত্বশাসন ব্যাপারে যে সমস্ত ডেভেলপ-মেন্টাল কাজ করতে হবে, জনকল্যাণকর যে সমস্ত কাজ হবে সেই সমস্ত ক্ষেত্রে জনসাধারণের উদ্যোগ বাড়াতে হবে এবং জনসাধারণের উদ্যোগ বাড়ানোর সবথেকে প্রধান কথা, তা বাড়াতে গেলে দুটো কাজ অন্যতম। একটা হচ্ছে জেলা পরিষদ গঠনের ক্ষেত্রে জনসাধারণের উদ্যোগ বাড়াতে হলে সেখানে জনসাধারণকে অধিকার দিতে হবে কাকে দিয়ে কোন প্রতিনিধিকে দিয়ে সেই জেলায় জনসংগঠনকর কাজগুলি করিয়ে নিতে হবে, জেলায় বিলি ব্যবস্থাগুলি করিয়ে নিতে হবে। অর্থাৎ এক কথায় সেখানকার জনসাধারণের হাতে জেলা পরিষদের প্রতিনিধি নির্বাচনের ক্ষমতা এটা একটা কাজ গেল। যদি জনসাধারণের উদ্যোগ বাড়াতে হয় গণ কল্যানকর কাজ করার ব্যাপারে কিম্বা অন্যদিকে জনসাধারণের হাতে বা জনসাধাররেণর নির্বাচিত প্রতি-নিধিদের হাতে যে ক্ষমতা দেয়া, সেই ক্ষমতা দেয়ার ক্ষেত্রে যদি আমরা দেখি সেই ক্ষমতা নানা-ভাবে সংকুচিত করা হয়েছে সেখানে আমলাতান্ত্রিক কন্ট্রোল জেলা ভিত্তিতে কিছুটা ক্ষীণ করা সম্ভবপর হলে তা করতে হবে। সঠিকভাবে যে কন্ট্রোল জেলা পরিষদগুলির উপর থাকবে যেটা প্রচন্ডভাবে আমলাতন্ত্রের উপর দেওয়া হয়েছে, সেটা অন্ততঃ গণ উদ্যোগ বাড়ানোর পক্ষে সহায়ক নয়, সেটা গণ উদ্যোগকে বাড়ানোর পথে একটা বড় অন্তরায় হয়েছে। ক্ষমতা দিলাম জন-সাধারণের হাতে, সে ক্ষমতা যে ব্যবহার করে করুক, পরীক্ষা চলছে, নূতন আইন আমরা তৈরী করছি—পরীক্ষা চলতে চলতে যদি দেখি যে না যে ক্ষমতার অপব্যবহার হচ্ছে, আমি মনে করি সেক্ষেত্রে সরকারের দায়িত্ব আছে কর্তব্য আছে, অর্থাৎ জেলা পরিষদের কর্মকর্তারা যে ক্ষমতা ভোগ করছে সে ক্ষমতার অপব্যবহার হচ্ছে কোথাও তাহলে সেখানে বাংলাদেশের সরকারের খবরদারী করবার ক্ষমতা থাকবে। সেখানে সেই ক্ষমতা অপব্যবহার করতে না পারে তার জন্য চেক থাকবে, কেউ এটা অস্বীকার করবে না এবং কোন দ্বিমত থাকবে না কিন্তু যদি দেখি ক্ষমতা কম করে দিয়েছেন, নামে মাত্র দিয়েছেন তাহলে সেক্ষেত্রে যত ভাল ঘোষণা হোক না কেন, যত বৈপ্লবিক পরিবর্তনের কথা এই জেলা পরিষদ গঠণের ভেতর দিয়ে বলা হোক না কেন সেটার যে উল্টো রাস্তাতে আমরা যাচ্ছি এটা ধরা পড়বে। সেদিক থেকে জেলা পরিষদ গঠনের ক্ষেত্রে যেমন একদিকে প্রত্যক্ষ নির্বাচনকে অস্বীকার করে গণউদ্যোগের যে প্রবণতা সেই প্রবণতাকে নষ্ট করে দেবার চেষ্টা হয়েছে, তেমনি অন্যদিকে জেলা পরিষদগুলির ক্ষমতা সীমিত করে দিয়ে সেখানে জনসাধারণের উদ্যোগকে এবং তাদের ক্ষমতাকে কার্যকরী রূপ দেবার যে চেষ্টা সেই চেষ্টার পথে এটা বাধাস্বরূপ হয়ে দেখা দিয়েছে। সেদিক বিবেচনা করে নীতিগত কারণে আমি মনে করি পশ্চিমবংগ সরকারের স্বায়ত্ব শাসন বিভাগের মন্ত্রীমহাশয় যদি সেখানে বৈপ্লবিক পরিবর্তন আনতে চান, আমলাতান্ত্রের রূপায়ন আনতে চান তাহলে তাঁর কোন না কোন ভাবে প্রত্যক্ষ নির্বাচনের রাস্তা নেয়া উচিৎ এবং সেই সংগে সংগে নির্বাচিত জেলা পরিষদের সদস্যদের উপযুক্ত ক্ষমতা দেয়া উচিৎ এবং সেই ক্ষমতার অপব্যবহার যাতে না করতে পারে তার জন্য সর-কারের সঠিক যে খবরদারী চেক সেটা সেই জায়গায় রাখা উচিৎ। এবং সেই সংগে সংগ জেলা পরিষদের ক্ষমতা দেওয়া উচিত এবং সেই ক্ষমতা যাতে অপব্যয় করতে না পারে তার জন্য সরকারের খবরদারী বা চেক থাকা উচিত এইভাবে করা যেতে পারে।

[3-35—3-45 p.m.]

আর একটা কথা বলা উচিত সেটা হচ্ছে স্কুল বোর্ডকে প্রাইমারী এডুকেশন কমিটি করার যে বিধান এখানে এসেছে সেটা আমরা আপত্তি দিয়েছিলাম এবং আমরা বলেছিলাম যে এটা ন্যায়ত উচিত নয় এবং আইনের দিক থেকে এটা আনপেয়েবেল এবং এখানে যে নোট অব ডিসেন্ট যে কথা উল্লেখ করেছিলেন যে সোজা কথা একটা অটোনমাস বডি যেটা প্রাইমারী এডুকেশন এ্যাক্ট অনুসারে গঠিত সেই স্কুল বোর্ড একটা অটোনমাস বডি জেলা পরিষদরূপী একটা স্ট্যান্ডিং কমি-টিতে পরিণত হতে পারে না। সেদিক থেকে আইনগত প্রশ্ন এর সংগে ভীষণভাবে জড়িত আছে এবং আমি মনে করি যে এটা যদি আজকে কোর্টের প্রশ্ন উঠে তাহলে দেখা যাবে যে এই প্রাইমারী

এডুকেশন কমিটি একটা অটোনমাস কমিটি সেটা স্ট্যান্ডিং কমিটি হবে সেটা অবৈধ বলে মনে করি। মন্ত্রী মহাশয় এটা আরও একটু ভালভাবে বিচার বিবেচনা করবেন এবং করে এই আইনগত এ্যানোম্যালি সেটা যাতে এই বিলের মধ্যে না থাকে তার ব্যবস্থা করবেন। এছাড়া আরও কতকগুলি পয়েন্ট আছে সেগুলি মূল পয়েন্টের থেকে গৌন যে ধরুন যে গ্রামাধ্যক্ষ জেলা পরিষদের সদস্য হবেন সেই গ্রামাধ্যক্ষের একটা বড় ফ্যাসান হবে গ্রামাধ্যক্ষ হিসাবে গ্রামসভা পরিচালনা—সেই গ্রামের বিভিন্ন কাজকর্ম তার নজরে বেশী পড়বে এবং তার ফলে জেলা পরিষদের সদস্য হিসাবে তার যে করণীয় সেই কাজে তার গাফিলতি দেখা দেবে। ঠিক এইভাবে অঞ্চল পঞ্চায়েতের বেলায়ও সেই একই কথা যদি সেই অঞ্চল পঞ্চায়েতের প্রেসিডেন্ট জেলা পরিষদের সদস্য হয় তাহলেও সেই একই অবস্থা হবে। জেলা পরিষদের সদস্য হিসাবে সেখানে তার যে করণীয় সে সম্বন্ধে তার শিথিলতা দেখা দেবে সে বিষয়ে সন্দেহ নেই। আমি মনে করি জেলা পরিষদ একটা উইকর্ডিড বডি এবং আমি মনে করি তাদের দিয়ে যে জেলা পরিষদের সর্বাঙ্গীন কল্যাণের যে দায়িত্ব দেওয়া হচ্ছে সে দায়িত্ব প্রতিপালনে তারা সমর্থ হবে না বলে মনে করি। শুধু তাই নয় তারা জনহিতকর কাজের ব্যাপারে তারা তা করতে সমর্থ হবে না: তখন একজিকিউটিভ অফিসার-এর যে অভ্রভেদী ক্ষমতা তা তিনি প্রয়োগ করবার চেষ্টা করবেন—চীফ একজিকিউটিভ অফিসারের ক্ষমতা সেখানে বাড়িয়েও রাখা হয়েছে। যে পরিমাণ জেলা পরিষদের সদস্যগণ অন্য কাজে ব্যস্ত থাকেন তাতে তাদের শিথিলতা দেখলে তারা যে পরিমাণ শিথিলতা করবে সেই পরিমাণ ঐ চীফ একজিকিউটিভ অফিসার-এর ক্ষমতা আরও জোরদার করে তুলবে এবং আমলাতান্ত্রিক কন্ট্রোল-এর সৃষ্টি হবে। জেলা পরিষদ থেকে আরম্ভ করে অঞ্চল পঞ্চায়েত সেখানে সমস্ত কিছু ব্যর্থ করে দেবে। নিশ্চয়ই এই উদ্দেশ্য মন্ত্রী মহাশয়ের নেই এবং ছিলও না। চতুর্থ কথা হচ্ছে ভোটের ব্যাপার—এখানে বলা হয়েছে যে সর্ব এজের প্রাপ্ত বয়স্ক ভোটাধিকার দ্বারা যদি জেলা পরিষদ গঠন করা হয় তাহলে মুস্কিল দেখা দেবে—এ আপত্তির কথা অবশ্য কেউ তুলেন নি। এবং নীতির ক্ষেত্রে কংগ্রেসী সদস্য বা আমাদের কারোরই আপত্তি নেই আমরা সবাই একমত। কিন্তু আমি মাননীয় বন্ধুদের বক্তৃতা শুনে মনে করছি যে একটা ভোটের ঝমেলা বেড়ে যাবে। সারা দেশে ভোটের একটা ঝামেলা বছরের পর বছর থেকে যাবে এবং ভোটের খরচও বেড়ে যাবে। সেক্ষেত্রে আমি আমার বক্তব্য রাখছি যে যেমন আমরা বিধানসভার নির্বাচন এবং লোকসভার নির্বাচন একসংগে করছি ঠিক তেমনি পঞ্চায়েত নির্বাচন জেলা পরিষদের নির্বাচন, অঞ্চল পরিষদের নির্বাচন আমরা যুগপৎ করতে পারি এবং এই ঝঞ্ঝাট এবং খরচ তা কম হয়ে যেতে পারে। সেই দিকে তাকিয়ে প্রত্যক্ষ প্রাপ্ত ভোটাধিকার দ্বারা নির্বাচনের ভিত্তিতে জেলা পরিষদ গঠন করলে মৌলিক আপত্তি কংগ্রেস তরফ থেকে দেখা দেবে না বা খরচের অজুহাত তুলে এই যে মৌলিক আপত্তি তা থাকবে না এটা আমি আশা করবো। এই যে ঝঞ্ঝাট বা খরচ কমাবার জন্য যে সাজেসন তা আপনার কাছে রেখেছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মারফত লোকসভার ও বিধানসভার যে নির্বাচন তা যেমন যুগপৎ করা হচ্ছে তেমনি সেই পঞ্চায়েতের নির্বাচন, অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন এবং জেলা পরিষদের নির্বাচন তা যুগপৎ করা হোক তাহলে ঝঞ্জট কমবে এবং আমি আশা করবো যে তার জন্য একটি আইন এই হাউসে সর্বসম্মতিক্রমে তৈরী করতে পারবেন এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Brindabon Chattopadhyay:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের স্বায়ত্বশাষণ মন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার পল্লী অঞ্চলের সমাজকে নবভাবে রূপায়িত করবার যে ব্যবস্থা করেছেন তারজন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। তাঁর উদ্বোধনী ভাষণে তিনি বলেছেন যে ১লা বৈশাখ ১৩৭১ সালের মধ্যে পশ্চিমবাংলায় এখনও যেখানে ইউনিয়ন বোর্ড আছে সেখানে ইউনিয়ন বোর্ড ভেঙে দিয়ে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত গঠন করবার ব্যবস্থা করবেন। আমাদের অনেক বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন যে যদিও ইউনিয়ন বোর্ড এবং জেলা বোর্ড ইংরাজের সৃষ্টি তবুও সেগুলি গণতান্ত্রিক ছিল। এবং নতুন যে ব্যবস্থা হচ্ছে যে গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদ এগুলি অগণতান্ত্রিক হচ্ছে। আজকে আমি সেই সদস্যদের বলতে চাই যে তখনকার দিনে ইউনিয়ন বোর্ড এবং জেলা বোর্ড এ যে নির্বাচন হত তাতে যারা কেবল করদাতা ছিলেন তাদেরই প্রতি-

নিধি ছিলেন এবং করদাতাদের বেশীর ভাগই পুরুষ থাকার জন্য সেখানে কোন মহিলা প্রতিনিধি থাকতো না। স্যার, আমাদের দেশে অর্দ্ধেক নারী এবং অর্দ্ধেক নর আছে। এবং এই বিলে নারীদের নির্বাচিত হবার সুযোগ আছে। আমরা দেখেছি আগেকার দিনে বেশীর ভাগ ক্ষেত মজুর এবং গ্রামের হরিজন সম্প্রদায় এবং আদিবাসী সম্প্রদায় এবং দুঃস্থ পরিবারের মধ্যে থেকে তাদের কোন প্রতিনিধি ছিল না। কিন্তু গ্রাম পঞ্চায়েত নির্বাচন হবার সংগে সংগে আমরা দেখছি বহু মহিলা গ্রাম পঞ্চায়েতের সভ্য নির্বাচিত হয়েছে। এবং বহু হরিজন এবং আদিবাসী সম্প্রদায়ের লোক সভ্য নির্বাচিত হয়েছে। এমন কি আদিবাসী এবং গ্রামের অনুন্নত সম্প্রদায়ের লোক অঞ্চল পঞ্চায়েতের সদস্যও নিযুক্ত হয়েছেন। এবং কয়েকটী জায়গায় অঞ্চলের প্রধান ও নিযুক্ত হয়েছেন। আজকে এই যে বৈপ্লবিক বিল এখানে এসেছে তাকে বিরোধী পক্ষের বন্ধুরা ঠাট্টা বিদ্রূপ করছেন। আমি তাদের দেখিয়ে দিতে চাই যে এটা বৈপ্লবিক পরিবর্তন কিনা—প্রথমতঃ হচ্ছে বহু নারী এর সদস্য হতে পারবে। কিন্তু এর আগে হয়ত আইনে বাধা ছিল না কিন্তু বেশীরভাগ হোল্ডিং পুরুষদের নামে ছিল সেজন্য নারীরা নির্বাচিত হতে পারত না। তারপর স্যার আপনি জানেন যে ইংরেজের সৃষ্টি ইউনিয়ন বোর্ড তার প্রেসিডেন্টরা অনেক সময় অনেক জায়গায় কি ভাবে দুর্নীতির আশ্রয় গ্রহণ করে তার নিজেদের পদ বজায় রাখতেন। যে বছর নির্বাচন হত তার আগেকার বছরের যারা নির্বাচকমন্ডলীর সদস্য থাকতেন তাদের ট্যাক্স নেওয়া হত না। তাদের ডিফল্টার করে রাখা হত, যার ফলে তারা ভোটে অংশ গ্রহণ করতে পারত না। কিন্তু গ্রাম পঞ্চায়েতে এই সুযোগ নেই। প্রত্যেকটি নর-নারী তারা অংশ গ্রহণ করতে পারবে। এগুলি বৈপ্লবিক পরিবর্তন বলে আমি দাবী করি। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন যে এই বিলটাকে সারকুলেশানে দেওয়া হউক। আমি তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-45-3.55 p.m.]

Shri Gour Chandra Kundu:

মাননীয় স্পীকার স্যার, কংগ্রেস যখন ক্ষমতা পায়নি আপনি নিশ্চয়ই জানেন তখন আমরা সকলে এই কথাই বলেছিলাম যে প্রত্যেকটি জেলা মিউনিসিপ্যালিটিতে এবং করপোরেশানে আমরা সকলের ভোটাধিকার চাই এবং আমাদের দেশকে শাসন করবার এবং দেশকে চালাবার পুরা অধিকার চাই। তখন সেই যে আওয়াজ ছিল তার পিছনে বাংলাদেশের সমস্ত মানুষ সমবেত হয়েছিল এবং আমরাও সমবেত হয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয় কংগ্রেস ক্ষমতা পাবার পর মানুষ যখন আশা করে যে আমাদের আরও সুযোগ সুবিধা দেওয়া হবে গণতন্ত্রকে আরও প্রসার করা হবে। তখন আমরা দেখছি কংগ্রেস সরকার যখন দেখলেন যে গণতান্ত্রকে প্রসারিত করতে গেলে পরে বিপদ আছে দলীয় স্বার্থ বিপন্ন হবার আশংকা আছে তাই আস্তে আস্তে সেই গণতন্ত্রকে সংকুচিত করছেন বিভিন্ন ভাবে। আমি এখানে অন্য আলোচনার মধ্যে যাব না, অন্য ভাবে কিভাবে গণতন্ত্রকে সংকুচিত করা হচ্ছে, ভারতবর্ষের সংবিধানকে কিভাবে সংকুচিত করা হচ্ছে সে পথে আমি এখন যাব না। কিন্তু আজকে মিউনিসিপ্যালিটিগুলিতে জনমতের চাপে আমাদের সরকার এডাল্ট ফ্রানচাইজ করতে বাধ্য হলেন ঠিকই কিন্তু আমরা দেখছি এ্যাডাল্ট ফ্রানচাইজ যাতে প্রকৃত না হয় অফিসারদের কুক্ষিগত হয় তার জন্য আরও সংশোধনী বিল আনবার চেষ্টা করছেন। তারা ধারণা করেছেন এই এ্যাডাল্ট ফ্রানচাইজ এর সুযোগে বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলিকে বামপন্থীরা যখন ক্ষমতা দখল করবে তখন আমাদের আগামী নির্বাচনে বিপদের সম্ভাবনা আছে। সেইজন্য জেলা পরিষদ বিল রচনা করবার সময় সেই দিকটা বিশেষভাবে লক্ষ্য করেই আমাদের মন্ত্রী মহাশয় এনেছেন। এবং আজকে, সেজন্য এ্যাডাল্ট ফ্রানচাইজ এর যে মূল নীতি এবং লক্ষ্য সেই লক্ষ্যকে পদদলিত করা হয়েছে এই জেলা পরিষদ বিলেতে। এবং এই কথা আমি মনে করি যে জেলা পরিষদের মধ্যে দুই একজন এক্সপার্ট থাকুন তাতে ক্ষতি নাই। কিন্তু আগে জেলা বোর্ড যে ভাবে গঠন করা হত যদিও সেটা রেসট্রিকটেড ফ্রানচাইজ হত সত্য কিন্তু যে প্রতিনিধি সেখানে যেতেন তিনি মানুষের ভোট পেয়ে যেতেন এবং মানুষের কাছে জবাবদিহি করার সুযোগ তার ছিল।

জনসাধারণ সম্পূর্ণ অন্ধকারের মধ্যে পড়ে থাকবে আর যারা আপনাদের আস্থাভাজন, যারা আপনাদের হয়ে কাজ করবে শুধু তাদেরই জেলা পরিষদে পাঠাবেন। কে কোন

পার্টির সভ্য সেটা বিচার করবার অধিকার তাদের দেওয়া হচ্ছে না। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলায় শহরের চেয়ে গ্রামের সংখ্যা বেশী কাজেই কথা হোল গ্রামের লোককে কি করে স্বায়ত্বশাসনের অধিকার দেওয়া যায়। আমরা মনে করি পঞ্চায়েত এবং জেলা বোর্ডের মাধ্যমে যদি গ্রামের কাজকর্ম পরিচালনা করা হোত এবং গণতন্ত্রকে যদি রুরাল এলাকায় প্রসারিত করতে হয় তাহলে তার একটি মাত্র উপায় হচ্ছে গ্রাম পঞ্চায়েতকে অধিকতর ক্ষমতা দিতে হবে এবং অত্যন্ত গণতান্ত্রিক পন্থায় জেলা পরিষদে নির্বাচন করে জেলার কাজকর্ম চালাতে হবে। কিন্তু আমরা দেখলাম গ্রাম পঞ্চায়েতকে বিশেষ কোন ক্ষমতা দেওয়া হয় নি। গ্রাম পঞ্চায়েত-এর উপর অঞ্চল পঞ্চায়েত করা হয়েছে এবং তার উপর আঞ্চলিক পরিষদ করার কথা বলা হয়েছে এবং তারপর জেলা পরিষদ। স্যার, এই যে ৪টি ধাপ হচ্ছে এই ৪টি ধাপে লড়াই লাগবে এবং তার ফলে জটিলতা বাড়বে। আমরা যারা গ্রামাঞ্চলে বাস করি তারা জানি গ্রাম পঞ্চায়েত হোক আর অঞ্চল পঞ্চায়েতই হোক বিভিন্ন ব্যাপারে নানা রকম খুঁটিনাটি ঝগড়া লেগেই আছে। কার কত ট্যাক্স হবে, সেটা কিভাবে বিলি বণ্টন হবে, রিলিফ কিভাবে বিলি বণ্টন হবে তা নিয়ে ঝগড়াঝাটি হয় এবং এটা হওয়া স্বাভাবিক। গ্রাম পঞ্চায়েতকে বিশেষ কোন ক্ষমতা দেওয়া হয়নি কিন্তু আমি মনে করি পঞ্চায়েত রাজ যদি করতে হয় তাহলে গ্রাম পঞ্চায়েতের হাতে অধিকতর ক্ষমতা দেওয়া দরকার এবং জেলা পরিষদে গণতান্ত্রিক পন্থায় নির্বাচন হওয়া দরকার। মিউনিসিপ্যালিটিতে যেমন এ্যাডাল্ট ফ্রানচাইজ চালু করা হয়েছে জেলার ভিত্তিতে সেইরকম এ্যাডাল্ট ফ্রানচাইজ চালু করা দরকার। মন্ত্রীমহাশয় এবং সরকারের যদি সদিচ্ছা থাকে যে আমরা গ্রামাঞ্চলে গণতন্ত্র প্রসারিত করব, পঞ্চায়েত রাজ করব, জনসাধারণ যাতে শাসন কার্যে পার্টিসিপেট করতে পারে, তাদের ন্যায্য প্রতিনিধি যাতে পার্টিসিপেট করতে পারে তার ব্যবস্থা করব তাহলে তাঁদের সেইভাবে আনা উচিত ছিল। কংগ্রেস পার্টির নীতি যদি জনসাধারণ ভালবাসে তাহলে তাঁদের তারা ভোট দেবে যদি খারাপ লাগে তাহলে তাঁদের ভোট দেবে না। কাজেই এতে তাঁদের ভীত হবার কোন কারণ নেই। আসল কথা হচ্ছে এবং আলোচনার বিষয়বস্তু হচ্ছে এখনই এ্যাডাল্ট ফ্রানচাইজ চালু করা প্রয়োজন এবং আশা করি মন্ত্রীমহাশয় এটা বিচার করবেন। তারপর, জেলা পরিষদ বিলের মধ্যে দ্বিতীয় জিনিস দেখছি এত রেস্ট্রিকটেড ওয়েতে জেলা পরিষদ গঠন করার পরও তাঁরা জনসাধারণের প্রতিনিধির উপর বিশ্বাস স্থাপন করতে পারছেন না। তাঁরা বলছেন একদিকে এক্সিকিউটিভ অফিসার থাকবেন এবং সেক্রেটারীও থাকবেন—অর্থাৎ শুধু এক্সিকিউটিভ অফিসারকে দিয়ে ক্ষান্ত হন নি। স্যার, জেলা পরিষদে অত্যন্ত রেস্ট্রিকটেড ওয়েতে নির্বাচন হচ্ছে এবং তাদের ক্ষমতা খর্ব করবার জন্য ২ জন অফিসারকে বসিয়ে দিচ্ছেন এবং এটা করবেন স্টেট গভর্নমেণ্ট। কিন্তু এই ২ জনের যে কি ফাংসন হবে সেটা আমি বুঝতে পারছি না। আমাদের অঞ্চলে আমরা দেখেছি সেক্রেটারী কাজ করছেন কিন্তু এক্সিকিউটিভ অফিসার-এর আবার কেন প্রয়োজন হোল? কাজেই এটা মাথাভারী শাসন ব্যবস্থা ছাড়া আর কিছু নয়। আমি এর প্রতিবাদ করে বলছি যে এক্সিকিউটিভ অফিসারকে রাখার কোন প্রয়োজনীয়তাই নেই, একজন সেক্রেটারী থাকলেই ভালভাবে কাজ চলতে পারবে। আমি আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি এই ৪ দফা ব্যবস্থা যেটা করা হয়েছে এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় গভীরভাবে চিন্তা করুন। তবে এটা শুধু আমার কথা নয়, আপনি যদি গ্রাম এলাকায় গিয়ে যে সমস্ত অঞ্চল পঞ্চায়েতের অফিসাররা আছেন বা বি. ডি. ও.-রা তাঁদের কাছে জিজ্ঞাসা করেন তাহলে তাঁরাও বলবেন যে এই ৪ দফা সিস্টেম যেটা করতে যাচ্ছেন সেটা অকেজো হয়ে পড়বে, এতে জটিলতা সৃষ্টি হবে এবং নিত্য নূতন ঝগড়াঝাটি হবে। এই পঞ্চায়েতের সংগে ঐ পঞ্চায়েতের ঝগড়াঝাটি হবে এবং সেগুলো মেটাতে গিয়ে তাদের সাসপেন্ড করে দিয়ে এক্সিকিউটিভ অফিসার-এর উপর ক্ষমতা দিয়ে দেবেন। এর ফলে আসল কাজ ব্যাহত হবে। অন্য কোন প্রদেশে এই ৪ দফা সিস্টেম চালু করবার ব্যবস্থা নেই অথচ পশ্চিমবাংলায় আপনারা এই ৪ দফা সিস্টেম চালু করবার ব্যবস্থা করেছেন। উত্তরপ্রদেশ, বিহার এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশের কথা জানি যে সেখানে এই ৪ দফা সিস্টেম চালু নেই—সেখানে আছে জেলা পরিষদ এবং গ্রাম পঞ্চায়েত। আমি মনে করি বাংলাদেশ তাদের চেয়ে স্বতন্ত্র নয় কাজেই এই ৪ দফা সিস্টেম সম্বন্ধে চিন্তা করুন।

আমি আর একটি বিষয় উত্থাপন করতে চাই। সেটা ননীবাবু বলেছেন, সভ্য যাদের করা হয়েছে তাদের ডুয়েল ফাংশন থাকছে। সেই সভা একাধারে গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ থাকছেন, একাধারে জেলা পরিষদের মেম্বার থাকবেন, একাধারে মিউনিসিপ্যাটির চেয়ারম্যান থাকবেন, জেলা পরিষদের মেম্বার থাকবেন, এই ভাবে যে করা হচ্ছে এতে কাজের খুব অসুবিধা হবে। ধরুন যে এম, এল, এ বা এম, পি মেম্বার হয়ে যাবেন তিনি সব সময় উপস্থিত থাকতে পারবেন না, এক মাস যদি মিটিং হয় তিনি তাহলে সব সময় তাতে অংশ গ্রহন করতে পারবেন না। এবং তার পক্ষে করা সম্ভবও নয়। কিন্তু এই জেলা পরিষদের যিনি প্রধান পরিচালক হবেন তিনি যদি অন্য কাজে ব্যাপৃত থাকেন, অন্য কাজে যদি ব্যস্ত থাকেন তাহলে জেলা পরিষদের কাজ চালাতে পারবেন না, অফিসারদের ক্রীড়নক হয়ে থাকবেন। সেজন্য আজকে দরকার কিছু লোককে এ্যাডাল্ট ফ্রানচাইজে সেখানে দেবার ব্যবস্থা করা, যাদের আর কোন ফাংশন থকবে না, জেলা পরিষদের কার্যাবলী নিয়ে মাথা ঘামাতে পারবেন, এবং যেমনভাবে করলে জেলা পরিষদের কাজ সুষ্ঠুভাবে চালাত পারবেন তাদের যাওয়া দরকার। আর একটা জিনিস যিনি চেয়ারম্যান হচ্ছেন তিনি হবেন রাজ্য সরকারের নমিনেশনে, তিনি নির্বাচিত হয়ে আসছেন না। এই নমিনেশনের ব্যাপারে আমরা দেখেছি, রিলিফের ব্যাপারে আমরা দেখেছি যে কংগ্রেসী ছাড়া দুনিয়ার আর কোন লোক জনসেবার জন্য নাই। এই নমিনেশনের ব্যাপার মান্ধাতার আমল থেকে চলে অসছে, তা বদল করা হচ্ছে না। এই যিনি চেয়ারম্যান হবেন তিনিও হবেন কংগ্রেসী, কংগ্রেসের দলপুষ্ট করা ছাড়া আর কিছু হবে না। এই চেয়ারম্যানকে যখন সরকার নমিনেশন দেবেন তখন কংগ্রেসী যারা তাদেরই নমিনেশন দেবেন, বামপন্থীদের সেখানে চেয়ারম্যান হয়ে যাবার সম্ভবনা নাই। স্ট্যাণ্ডিং কমিটিতে দুজন যাবে নমিনেশনে এইভাবে কৃত্রিমভাবে মেজরিটি ব্যবস্থা করছেন। এগুলি অত্যান্ত অগণতান্ত্রিক, আমি মনে করি এর পরিবর্তন হওয়া দরকার। পরিশেষে আমি যেটা বলতে চাই মন্ত্রীমহাশয়ের যদি আন্তরিকতা থাকে আমাদের দেশে গণতন্ত্রের প্রসারণ করার তবে আমি মনে করি জেলার ভিত্তিতে যা করছেন তাতে বাংলাদেশের জনসাধারণকে গণতান্ত্রিকতা থেকে বঞ্চিত করবেন না। এই আবেদন মন্ত্রীমহাশয়কে জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

[3-55—4-05 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় চেয়ারম্যান স্যার, যে বিল আজকে আমাদের সামনে এসেছে, তার মাধ্যমে যে স্বায়ত্ব শাসন ব্যবস্থা চালু হচ্ছে বলে বলা হচ্ছে এই জেলা পরিষদ বিল মাধ্যমে, এটা বলা ঠিক নয়। আমি মনে করি এটা একটা সত্যের অপলাপ করা হচ্ছে। আর যাই হোক স্বায়ত্ত-শাসন এই জেলা পরিষদ বিলের মাধ্যমে দেওয়া হচ্ছে না। এটা অনস্বীকার্য, বিলটা পড়লেই সেটা বুঝা যায় ভালভাবে। কারণ এই বিল দ্বারা যে জেলা পরিষদ গঠিত হচ্ছে তাকে কোন স্পেসিফিক পাওয়ার দেওয়া হয় নি। পাওয়ারস এবং ফাংশন সম্বন্ধে বলা হয়েছে ষ্টেট গভন-মেণ্ট যে ডাইরেক্ট, এবং তদ্দ্বারা যখন যেখানে যে ক্ষমতা স্টেট গভর্নমেণ্ট মনে করবে সেগুলি দেবে, কিন্তু সেখানে এই পাওয়ার্স এবং ফাংশন দিতে গিয়ে যে লিষ্ট দেওয়া হয়েছে সেটা আমি আপনার সামনে উপস্থিত করছি। বলা হয়েছে

To undertake schemes for the development of agricultural livestock, industries, co-operative movement,

স্যার, প্রত্যেকটি কাজের জন্য আমাদের সরকারের ডিষ্ট্রিক্ট অফিসার আছে এবং তাঁদের দ্বারা সেই সমস্ত কাজগুলি হয়। যেমন পাবলিক হেলথের জন্য ডিষ্ট্রিক্ট হেলথ অফিসার আছে, ওয়াটার সাপ্লাই-এর জন্য এ্যাসিসট্যাণ্ট ইঞ্জিনীয়ার আছে, লাইভ স্টক দেখার জন্য ডিষ্ট্রিক্ট এগ্রিকালচার অফিসার আছে, গভর্নমেন্ট ডাইরেক্টলি তাঁদের মাধ্যমে করেন। তা ছাড়া ইরিগেশান দেখছেন ডিষ্ট্রিক্ট এগ্রিকালচার অফিসার। প্রত্যেকটি কাজ সরকার এখন ডাইরেক্টলি থ্রু অফিসারস করছেন গ্রামের মধ্যে। কিন্তু মিউনিসিপ্যালিটির মধ্যে সেগুলি করছেন না। মিউনিসিপ্যালিটির মধ্যে এখনও সত্যিকারে কিছুটা স্বায়ত্বশাসন আছে যদিও সেটা মাননীয় মন্ত্রী মহাশয় কেড়ে নেবার চেষ্টা করছেন এর পরবর্তী ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যামেণ্ডমেন্ট বিলের মাধ্যমে তাহলেও এখ-নও স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠান মিউনিসিপ্যালিটিগুলির নিজেদের কিছুটা শাসন করবার

ক্ষমতা আছে, ডিষ্ট্রিক্টের তা নেই। সব জায়গায় এগুলি তুলে দেবেন তাও বলছেন না। তাহলে কি দুটো শাসন পাশাপাশি চলবে? ডিষ্ট্রিক্ট হেল্থ অফিসার তিনি ডিষ্ট্রিক্টের পাবলিক হেল্থ দেখবেন, সংগে সংগে আবার আমাদের জেলা পরিষদ তাঁরাও দেখবার চেষ্টা করবেন। আমি জানি না তাঁরা হয়ত আবার একটা ডিষ্ট্রিক্ট হেল্থ অফিসার এ্যাপয়েন্ট করবেন। অবশ্য বিলের মধ্যে সে রকম কিছু নেই। আমার মনে হয় এই ডিষ্ট্রিক্ট হেল্থ অফিসারের মাধ্যমে জেলা পরিষদ কাজ করবার চেষ্টা করবেন। এটা কি স্বায়ত্বশাসন? এটাকে যদি মন্ত্রী মহাশয় স্বায়ত্বশাসন বলেন তাহলে আমি বলব আপনি তা মনে করতে পারেন কিন্তু আমাদের দেশের সাধারণ মানুষ সেটা মনে করে না। অর্থাৎ এ্যাকচুয়ালি এই জেলা পরিষদের হাতে কিছু ক্ষমতা দেওয়া হচ্ছে না। এই জেলা পরিষদ গঠন করতে গিয়ে কতখানি ভুল করা হচ্ছে এবং এর দ্বারা কিভাবে কনফিউসান সৃষ্টি হবে সেটা সম্বন্ধে আমি পরে বলছি। এই তো গেল পাওয়ার তারপর আসুন ফাইনান্সে। ফাইনান্সের কোন সোর্স নেই। স্যার, আপনি এর ফাইনান্সের ক্লজটা দেখুন, দেখবেন আমাদের স্টেট গভর্নমেণ্ট এ্যাজ এ গ্রাণ্ট যেটুকু দিয়ে দেবেন সেটুকুই তাঁদের মেন ফাইনান্স। অবশ্য একটা জায়গা আছে, তারা রোড সেস পাবে। ডিষ্ট্রিক্ট বোর্ড যে রোড সেস পেত আমার মনে হচ্ছে সেটাই তাদের স্পেসিফিক সোর্স অব ফাইনান্স। তার দ্বারা অন্ততঃ জেলা পরিষদের অফিস চালান যাবে না, অন্য কাজ চালান দূরের কথা। অর্থাৎ অর্থের জন্য সম্পূর্ণভাবে আমাদের স্টেট গভর্নমেণ্টের মুখের দিকে চেয়ে থাকতে হবে। মিউনিসি-প্যালিটির যেমন সোর্স অব ফাইনান্স আছে তারা রেট কালেকসান করতে পারে, তারা অন্যান্য ট্যাক্স আদায় করতে পারে, তাদের লিমিটেড স্কোপ আছে যে তারা ফাইনান্স ক্রিয়েট করতে পারে। এখানে সে রকম কোন স্কোপ দেওয়া হয় নি সেভ এণ্ড এক্সেপ্ট রোড সেস। কাজেই যে অর্গানাইজেসান করতে যাচ্ছেন সেই অর্গানাইজেসানের না আছে কোন ক্ষমতা না আছে কোন ফাইনান্সিয়াল সোর্স। তাকে কি করে স্বায়ত্বশাসন বলছেন? সমস্ত ব্যাপারে সরকারের মুখের দিকে চেয়ে থাকতে হবে। এটাকে আর যাই বলুন স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠান বলবেন না। এই যে স্টেট গভর্নমেণ্টের কাছ থেকে কিছুটা কাজ একটা সংস্থার মাধ্যমে করবার চেষ্টা করছি ডিষ্ট্রিক্টে কো-অর্ডিনেটেড ওয়েতে তাকে পঞ্চায়েতী রাজ, স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠান এইসব বলা উচিত নয়। তৃতীয়তঃ, এই যে নির্বাচন হচ্ছে যেটা অনেক সদস্য বলে গেছেন, এটা এ্যাডাল্ট ফ্রানচাইজের মাধ্যমে হচ্ছে না. এটা মস্ত বড় ডিফেক্ট। অনেক নির্বাচিত কংগ্রেস সদস্য যেমন গুরুপদ বাবু, জহর বাবু, যাঁরা এতে মেম্বার হচ্ছেন তাঁরা প্রায় সকলেই এ্যাডাল্ট ফ্রানচাইজের ভিত্তিতে নির্বাচিত হয়ে এসেছেন, সেটা সত্য কথা।

[4-05 - 4-15 p.m.]

আমরা এম এল এ-রা যারা মেম্বার হব আমরা ইলেকটেড বাই য়্যাডাল্ট ফ্রানচাইজ। ধরুন আঞ্চলিক পরিষদের যিনি চেয়ারম্যান তিনিও একজন অঞ্চল প্রধান, কাজেই তিনিও ইলেকটেড অধ্যক্ষ, তিনি ইলেকটেড বাই য়্যাডাল্ট ফ্রানচাইজ এটা অস্বীকার করছি না কিন্তু তিনি এই জেলা পরিষদে যাবেন বলেতো আর ইলেকটেড হন নি। আমরা আজকে ইলেকটেড হয়ে এসেছি এ্যাসেম্বলীতে লেজিসলেটিভ ওয়ার্ক করবো বলে। আমার কনষ্টিটিউয়েন্সীর উপর একটা দায়িত্ব আছে লেজিসলেসান ব্যাপারে তাঁরা আমাদের পাঠিয়েছেন এই কাজ আমাদের করতে হবে—যদি না করতে পারি আমাদের তারজন্য কনষ্টিটিউয়েন্সীর কাছে জবাবদিহি করতে হবে। মনে করুন স্যার, জেলা পরিষদ আইনের মারফৎ আমি যদি সেই জেলা পরিষদের কাজ না করি, তারজন্য আমার কোন জবাবদিহি করতে হবে না আমার কনষ্টিটিউয়েন্সীর কাছে এটা আইনে আছে, ৬টা মিটিং-এ আমি যদি জয়েন না করি, আমার সদস্য পদ নাকচ হল, তার জায়গায় আর এক-জন ইলেক্ট করতে পারবেন—পারবেন না। মনে করুন একজন অঞ্চল পঞ্চায়েৎ বা অধ্যক্ষ তিনি নির্বাচিত হয়েছেন, তিনি ৬টা মিটিং-এ যেতে পারলেন না, তিনি সেখান থেকে চলে গেলে আবার কি নির্বাচিত হতে পারবেন? যাঁরা প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত হয়েছেন তাঁদের একটা রেসপনসিবিলিটি আছে, এখানে তাঁদের কোন দায়িত্ব নেই। অর্থাৎ এটা হবে যে নিজেদের কোন দায়িত্ব নেই অথচ আমাদের ডুয়েট ফাংসন। আমাদের কাজ

করার পর যদি সময় হয় তাহলে জেলা পরিষদের কাজ করবো। একজন মিউনিসিপ্যাল কমিশনার তিনি নির্বাচিত হয়েছেন প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে হোক অথবা রেস্ট্রিকটেড ফ্রানচাইজ হোক্ তাঁকে রেট পেয়ারসের কাছে জবাবদিহি করতে হবে কিন্তু এখানে এমন কেউ নেই যিনি নির্বাচিত হচ্ছেন এখানকার কাজ করার জন্য। অতএব এর দ্বারাও যাঁরা নির্বাচিত হবেন তাঁদের কাজ করার ইচ্ছা কমে যাবে। সেদিক দিয়ে বিচার বিবেচনা করে দেখা যায় এই যে সংস্থা গঠিত হবে এর দ্বারা দেখা যাচ্ছে যাঁরা নির্বাচিত হচ্ছেন তাঁরা ইনডাইরেক্টলি নির্বাচিত হওয়ার জন্য তাঁদের সদস্যপদের যে গুরুত্ব সেই গুরুত্ব তাঁরা সম্পূর্ণরূপে নাও দিতে পারেন—দেবার কোন বাধ্যবাধকতা নেই। স্যার, আজকে আমি এম এল এ হিসাবে নির্বাচিত হয়েছি, আমি যদি এম এল এ-র কাজ না করি, আমার নির্বাচকমণ্ডলী পরের বারে আমাকে নাকোচ করে দিতে পারে কিন্তু তার কোন ব্যবস্থা এখানে নেই। আর একটা কথা এর মধ্যে আছে—আমি শুধু রেফার করে যাচ্ছি—স্টেট গভর্নমেণ্ট ক্ষমতা নিয়েছেন যে ওরা যে কোন মেম্বারকে নাকোচ করে দিতে পারে কিন্তু আমি দেখছি একজন এম এল এ কিম্বা এম পি-কে তাঁরা অর্ডার দিয়ে নাকোচ করে দিলেন যে না, আপনি জেলা পরিষদের মেম্বার থাকতে পারবেন না কিন্তু তাঁর জায়গায় যে আর একজনকে নমিনেট করতে পারেন সে ক্ষমতা তাদের নেই। এরকমভাবে একটা ক্ষমতা যে তারা কেন নিচ্ছেন জানি না—অবশ্য ক্লজ বাই ক্লজ ডিসকাসনের সময় সেই ক্লজ আমি দেখবো কিন্তু এটা অত্যন্ত অন্যায় কথা। স্যার, এই যে জেলা পরিষদ গঠিত হতে চলেছে—আমার যতদূর মনে হচ্ছে এটা অনেকটা আমাদের ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল কিম্বা সাব ডিভিসনাল ডেভেলপমেন্ট কাউন্সিল যেরকম ছিল সেরকমই-তার চেয়ে কিছুটা অরগানাইজড্ হতে চলেছে তবে এর পেছনে সরকারের এবং জনসাধারণের কিছুটা অর্থ খরচ হবে কিন্তু যে উদ্দেশ্যে ও'রা করছেন সে উদ্দেশ্য যে কতখানি সাধিত হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। সেইজন্য আমাদের বক্তব্য হচ্ছে এই যে আজকে এইভাবে বিলটা না তৈরী করে অন্যভাবে বিলটাকে তৈরী করা উচিত ছিল। আমাদের এখানে যখন বিদেশী সরকার ছিল—বৃটিশ গভর্নমেণ্ট তখন সেল্ফ গভর্নমেণ্ট নিয়ে আন্দোলন হয়েছিল এবং আমাদের ইনডিপেনডেন্স দিয়ে যখন আন্দোলন করেছিলাম—স্বাধীনতার আন্দোলন করেছিলাম—তখন তারা একটা কথা বলেছিল যে আস্তে আস্তে শাসন করতে শেখো এবং সেল্ফ গভর্নমেণ্ট আমাদের কিছু কিছু দিয়েও ছিল—তাই এখানে সরকার কি সেই মনোভাব দেখাচ্ছেন—সমস্ত ক্ষমতা কুক্ষিগত হয়ে থাকবে, তোমরা আগে শাসন করতে শেখো তারপর আস্তে আস্তে ক্ষমতা দেবো যে কথা আমাদের জহরবাবু বলেছিলেন উই স্যাল টিচ দি পিপ্‌ল এডমিনিস্ট্রেসন এদের এ্যাডমিনিস্ট্রেসন করতে শেখাবো আস্তে আস্তে তারপর ক্ষমতা দেবো। আমি মনে করি এই মনোভাব প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে যারা নির্বাচিত সেই নির্বাচিত সরকারের এটা থাকা উচিত নয়। কাজেই সেই দিকে লক্ষ্য করে এবং এই বিলের যথেষ্ট পরিবর্তনের প্রয়োজন আছে এবং তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো এই বিল জনসাধারণের মতামত নেওয়ার জন্য পাঠানো হোক এবং যে প্রস্তাব এসেছে এখানে সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে জেলা পরিষদ বিলের উপর আলোচনা করতে গিয়ে আমার পূর্ববর্তী বক্তা যে সমস্ত বলেছেন সেই সমস্ত কথার মধ্য দিয়ে আমাদের যে মনোভাব সেই মনোভাব মোটামুটি প্রকাশ পেয়েছে। এই জেলা পরিষদ বিল যখন এই হাউসে এসেছিল তখন আমার মনে হয় সেটা ছিল বসন্ত কাল। সেই বসন্তের হাওয়ায় হিন্দোলিত হয়ে শৈলবাবু এই বিল নিয়ে একটা অত্যন্ত জোরালো বক্তৃতার মধ্য দিয়ে আমাদের শুনিয়েছিলেন যে নূতন বিপ্লব তিনি নিয়ে আসছেন এবং আমরাও রোমাঞ্চিত হয়ে উঠেছিলাম যে শৈলবাবু কি ধরণের বিপ্লব নিয়ে আসবেন—জানি না। তিনি বসন্তের হাওয়ায় হিন্দোলিত হয়ে বলে উঠেছিলেন যে আমি গ্রামীন বাংলার একটা নূতন যুগান্তকারী বিপ্লব নিয়ে আসতে যাচ্ছি। কিন্তু তারপর যখন দেখলাম জয়েন্ট সিলেক্ট কমিটি অনেক দূরে দার্জিলিংয়ের শৈল শিখরে শৈলবাবুর সংগে একসংগে গিয়ে বসে এই বিল আলোচনা আরম্ভ করলেন তখন মনে করেছিলাম বসন্তের

সংগে সেখনকার নব বসন্ত যোগ হয়ে একটা নূতন জিনিস সৃষ্টি হবে। কিন্তু আসলে এখানে যে ব্যাপারে এসে দাঁড়িয়েছে—এতো আলোচনা, এতো আনাগোনা, এতো আবেদন নিবেদন করবার পর শৈলবাবুর কাছ থেকে এই বিল যেভাবে এসে দাঁড়িয়েছে তাতে আমার এই কথা বলতে ইচ্ছা হচ্ছে যে শৈলবাবুর জেলা পরিষদ বিল এটা অদূর ভবিষ্যতে জনসাধারণ আর একটা নাম দেবে যে শৈলবাবু জেলা পরিষদ বিল। ঠিক সেইভাবেই বিলটি রচিত হয়েছে। মি চেয়ারম্যান স্যার, বলবন্তরাও মেটা কমিটি ভারতবর্ষে কি ধরণের ডিসেন্ট্রালাইজড গভর্ণমেন্ট হবে তার একটা ব্যাপকরূপ দিয়েছিলেন এবং সেই বলবন্ত রাও মেটা কমিটি তার নিজের ইচ্ছায় সেটা দেয় নি। আমাদের মহান শাসনতন্ত্রের নির্দেশ অনুসারে তারা সেটার রূপ দিয়েছিলেন এবং সেইভাবেই তারা লিখিতভাবে দিয়েছিলেন। সেই কমিটির রিপোর্ট-এ যে ধরণের ডিসেন্ট্রালাইজেশনের কথা আছে যেভাবে ক্ষমতা জনসাধারণের হাতে ছেড়ে দেওয়ার কথা আছে জেলা পরিষদ বিলে, বা জেলা পঞ্চায়েত বিলে শৈলবাবুর বিলে ঠিক তার উল্টো কাজ করা হয়েছে।

[4-15—4-25 p.m.]

আমাদের দেশে যেটা আমরা দেখেছি তাতে এক এক সময় আমার মনে হয় এক রসিক ভদ্রলোক যে কথা বলেছিলেন—ইংলণ্ডে বা অন্য কোন জায়গায় কতগুলি কন্‌সারভেটিভ রাজার বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ করেছিলেন, তাঁরা বলেছিলেন হ্যাং দি কিং এবং তার সংগে সংগে বলেছিলেন লং লিভ দি কিং। ঠিক সেইভাবে শৈলবাবু যখন ব্রিটিশ আমলের নীতির কথা বলেন তখন বলেন হ্যাং দি কিং, লং লিভ দি কিং। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই ভূমিকার পর আমি এই বিল সম্বন্ধে একটা জিনিস আপনার সামনে তুলে ধরছি। স্যার, কোন কালে কি অংকে শুনেছেন এ পার্ট ইজ ইকুয়েল টু হোল, একটা বিশেষ অংশ একটা পূর্ণাঙ্গের সমান এই তথ্য কি কোন কালে শুনেছেন? অজ আমি আপনার সামনে দেখছি এই বিলে সেই পদ্ধতি, সেই অদ্ভূত পদ্ধতি কিভাবে নিয়ে আসা হয়েছে।—এ পার্ট ইজ ইকুয়েল টু দি হোল, কি রকম এই বিলের ক্লজ ৪ যেখানে কম্‌পজিসন অফ দি জিলা পরিষদ আছে, সেই ক্লজ ৪ (ই) আপনার সামনে তুলে ধরতে চাই, এই সাব-ক্লজ (ই)তে আছে এই কম্‌পজিসন-এর মধ্যে কে আসছেন—প্রেসিডেন্ট অফ দি স্কুল বোর্ড, এক্স অফিসিও। স্যার, এর সংগে সেকসন ৩০ আপনার সামনে তুলে ধরতে চাই, সেখানে আছে

Zilla Parisad shall have the following standing committees, namely, primary education committee as provided under section 35 and section 35

তে আছে এই

School board will be the said Standing Committee

এখন কোয়েশ্চেন দাঁড়াচ্ছে এই যে, স্কুল বোর্ড জেলা পরিষদের সাবরডিনেট কিনা, স্ট্যান্ডিং কমিটি যখন জেলা পরিষদের সাবরডিনেট হতে বাধ্য তখন জেলা পরিষদই হচ্ছে পেরেন্ট বডি সেই পেরেন্ট বডির ইচ্ছানুসারেই স্ট্যানডিং কমিটি গঠিত হবে। অথচ সেই স্কুল বোর্ড থেকে একজন এক্স অফিসিয়ো পেরেন্ট বডিতে যাচ্ছেন তার নিজস্ব ক্ষমতায়, এটা একটা অদ্ভূত লজিক একটা অদ্ভূত ধরণের চিন্তাধারা এটা আমরা বুঝতে পারি না, হাউ ক্যান ইট বি পসিবল দ্যাট এ পার্ট ইজ ইকুয়েল টু দি হোল? আমি যেটা আপনার সামনে তুলে ধরতে চাই, মিঃ চেয়ারম্যান, স্যার, সেটা হচ্ছে, স্কুল বোর্ডএর প্রেসিডেন্ট এক্স-অফিসিয়ো হিসাবে আসার কোন অর্থ হয় না, তার কারণ স্কুল বোর্ড ইজ ইটসেল্ফ এ স্ট্যান্ডিং কমিটি। গণতন্ত্রের এত বড় অপমান করবার কোন অধিকার নাই মাননীয় শৈলবাবুর। যেখানে আজকে লিট্‌ল এ্যাসেম্‌বিলি তৈরী হতে যাচ্ছে, লিটল এ্যামেবিলিজ আর বিয়িং ফরমড সে ক্ষেত্রে আমরা যদি তার প্রস অ্যান্ড কনস না তুলে ধরতে পারি তাহলে আমরা কি করব? এবং তার ফল কি হচ্ছে? আমাদের মধ্যে যে সব মাননীয় সদস্য জয়েন্ট সিলেক্ট কমিটিতে ছিলেন—সুবক্তা, বাংলা দেশের তরুণ রাজনীতিক কাশিকান্তবাবু এবং প্রবীণ রাজনীতিজ্ঞ নরেনবাবু তাঁরা একটা নোট অফ ডিসেণ্ট দিয়েছেন এবং তার ফলে একটা ডায়েরার্কি সৃষ্টি হবে। স্যার, আপনি জানেন লর্ড কর্ণওয়ালিশের

ডায়েরকি নিন্দা সকলেই করেছিলেন, আজকে ১৫০ বৎসর বাদে মাননীয় শৈলবাবু আরেকটা ডায়েরকি সৃষ্টি করতে যাচ্ছেন। এবং আগে বলা হয়েছে এডাল্ট ফ্রানচাইজ এর কথা। এডাল্ট ফ্রানচাইজ সম্পর্কে কংগ্রেসী বন্ধুরা বলেছেন আমরা নাকি ইলেকসনএ ভয় পাই। আমাদের ভয় করবার কিছু নাই, বিকজ উই অ্যান্ড নাথিং টু লুজ, আজকে পিপল এমন জায়গায় এসেছে যে, আমাদের লুজ করবার কিছু নাই, যদি কিছু হয় আপনাদেরই হবে, আমাদের কিছু হবে না। আমাদের ভাববার কিছু নাই। কাজেই, মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে আরেকটা কথা তুলে ধরে আমি আমার বক্তব্য শেষ করব, সেটা হচ্ছে জিলা পরিষদের ফাইনেন্স সম্পর্কে। আমরা দেখছি যে, সব কিছু গ্রান্টস এণ্ড কন্ট্রিবিউসান্স হয় লেভি অর্থাৎ নিউ টাক্সেশন-এর মাধ্যমে, অথচ জেলা পরিষদের যেটা মূল জিনিস, রুধির, অর্থাৎ অর্থ যা ছাড়া জেলা পরিষদ চলবে না, এই অর্থ কোথা থেকে আসবে? গ্রামের মানুষ এমনিতেই ৩৬ টাকা মণ দরে চাল কিনতে পারে না, যে অনাহারে আছে সে কি করে অর্থ দেবে? এইদিকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী একটার পর একটা ট্যাক্স করে যাচ্ছেন। এর জন্যও নূতন করে লেভি ও ট্যাক্স করতে হবে। আমি বলছি মটর ভেইকল ট্যাক্সএর অংশ কেন দেওয়া হবে না, রোড সেস, শিক্ষা সেস কেন দেওয়া হবে না, আরো যে সমস্ত আছে, যেমন গভর্ণমেন্ট ফেরি ইত্যাদি ম্যানেজ করে যা লেভি করেন তার থেকে কেন অংশ দেওয়া হবে না? আরও একটা জিনিস আমি বলছি—আমি নিজে মিউনিসি-প্যালিটিতে আছি, আমি দেখেছি যা কিছু করতে চান, অর্থ ছাড়া হবে না। একটা প্রাথমিক দায়িত্ব ও কর্তব্য হচ্ছে কর্মচারীদের মাইনে দেওয়া। সেইজন্য আমি বলতে চাই, পঞ্চায়েত ফাইনেন্স করপোরেশন গঠন করে যদি সেইভাবে অর্থ দেওয়া হয়, বা ঐ রকম কিছু একটা পদ্ধতি করে দেন তাহলে এর কাজ কিছুটা ভাল ভাবে হতে পারে। কিন্তু যাই করুন না কেন এডাল্ট ফ্রানচাইজ-এ যদি না নিয়ে আসেন, ইলেকটোরেল কলেজ করে তার মধ্যে দিয়ে ডাইরেক্টলি লোক না যায় তহালে কোন ব্যবস্থাই সুষ্ঠু হবে না।

"If the people have responsibility, they will act responsibly, as responsibly as you are acting or as irresponsibly as you are acting."

কাজেই আমি বলছি এ্যাডাল্ট ফ্রানচাইজ যেটা হচ্ছে মূল মন্ত্র এবং যেটা আমাদের কন্সটি-টিউসন-এর কথা সেই এ্যাডাল্ট ফ্রানচাইজ-এর মাধ্যমে জেলা পর্যত তৈরী করুন। জেলা পর্যত যদি চালু করতে হয় তাহলে এ্যাডাল্ট ফ্রানচাইজ-এর ব্যবস্থা করুন, জনসাধারণের হাতে আরও ক্ষমতা দিন এবং ব্যুরোক্রেটিক কন্ট্রোলকে কমিয়ে দিন। এই যদি করতে পারেন তবেই দেশে সত্যিকারের ডিসেন্ট্রালাইজড গণতন্ত্র হবে আর তা না হলে এই জেলা পরিষদ শৈলবাবুর জেলা-পরিষদ হবে।

Shri Kamini Mohan Ray:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই জেলা পরিষদ বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আগে জেলা বোর্ডে যে সমস্ত প্রতিনিধিরা আসতেন সেখানে সাধারণ মানুষের প্রতিনিধিত্ব করবার সুযোগ ছিলনা তাঁরা প্রকৃত চাষী বা গ্রামের অধিবাসীরূপে জেলা বোর্ডের সদস্য হয়ে আসবার সুযোগ পেতেন না। কিন্তু এই নূতন জেলা পরিষদে গ্রামের লোকেরা যে প্রতিনিধিত্ব করতে পারবেন এটা খুবই সুখের বিষয়। এখানে যাঁরা অধ্যক্ষ, প্রধান প্রভৃতি হবেন তাঁরা সকলেই গ্রামের অধিবাসী কাজেই গ্রামের সুবিধা, অসুবিধা তাঁরা ভালভাবেই বুঝবেন এবং তাঁদের পক্ষে কাজ করাও সুবিধাজনক হবে। গ্রামবাসীদের মতানুসারে জেলা পরিষদ চালু হবে এবং পরিষদে যেসব কর্মচারীরা থাকবেন তাঁরা গ্রামবাসীদের কথামত কাজ করতে বাধ্য থাকবেন। প্রথম প্রথম জেলা পরিষদের কার্য পরিচালনার ব্যাপারে কিছুটা অসুবিধা হতে পারে কিন্তু আস্তে আস্তে কাজ করতে করতে সেগুলি সব সংশোধিত হয়ে পরে সুষ্ঠুভাবে চলবে। তারপর অঞ্চলিক পরিষদে এবং জেলা পরিষদে সাধারণ মানুষের তরফ থেকে চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যান হলে পর তাঁদের যদি কোন অভিজ্ঞতা না থাকে তাহলে তাঁদের পক্ষে কাজ করতে অসুবিধা হবে এবং কার্য পরিচালনায় ব্যাঘাত হবে। কাজেই এ'দের ক্ষেত্রে সরকার ইচ্ছা করলে পরিবর্তন করতে পরবেন বলে যা বলেছেন সেটা ভালই করেছেন। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা

বারবার ইলেকসন-এর কথা বলছেন। আমার মনে হয় প্রাপ্ত বয়স্কদের ভোটে এম পি, এম এল এ এবং মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান জেলা পরিষদে আসবার সুযোগ পাচ্ছেন। এই প্রসঙ্গে আর একটা কথা বলি যে, জেলা পরিষদের অর্থ অন্যায়ভাবে খরচ করার আমি পক্ষপাতি নই। স্যার, বিরোধী পক্ষের বন্ধুরা মনে করেন ইলেকসন হলেই তাঁরা জয়ী হতে পারবেন। আমার বক্তব্য হচ্ছে তাঁরা যদি অধ্যক্ষ, প্রধান বা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান হতে পারেন তাহলে তাঁদের আসবার পক্ষে কেন বাধা নেই। যাহোক সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যেরা দার্জিলিং-এর হিম শীতল আবহাওয়ায় মস্তিষ্ক ঠান্ডা করে সিলেক্ট কমিটির মাধ্যমে যেটা ঠিক করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান স্যার, জেলা পরিষদ পরিবর্তিত হয়ে আমাদের সামনে এসে উপস্থিত হয়েছে। স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশয় এই বিল পেশ করার সময় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় সুললিত কন্ঠে পুলকিত হৃদয়ে কতকগুলি ভাল ভাল কথা আমাদের শুনিয়েছেন কিন্তু প্রত্যেক বিল পেশ করার সময় আমরা সাধারণতঃ দেখি যে মন্ত্রিমহাশয়-এর মনের ভাব সাধারণতঃ শেষে যখন উত্তর দেন তখন সেই ভাব প্রকাশ করার সুযোগ পাননা। তিনি মনের আবেগে যেটা প্রকাশ করেন আবেগের বশে ভাল কথা বললেও বিলের অভ্যন্তরে অন্য জিনিষ থাকে এবং আমাদের সামনে এসে তা ধরা পড়ে। মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিলের গঠন পদ্ধতি সম্পর্কে যে ব্যবস্থা হয়েছে সে সম্পর্কে এখানে আলোচনা হয়েছে, এই বিলের উদ্দেশ্য সম্পর্কে মন্ত্রিমহাশয় যতই ভাল কথা বলুন না কেন, এই বিলটাকে একটা দুরভিসন্ধিমূলক বিল বলে আমি মনে করি। গ্রাম পঞ্চায়েত বিলের মাধ্যমে দেশের সাধারণ মানুষকে যে ক্ষমতা যে অধিকার দেওয়া হয়েছিল এই বিলে সেই অধিকারকে খর্ব করা হচ্ছে এবং সেই অধিকার থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। এই বিলকে আমি দুরভিসন্ধিমূলক বলে মনে করি এজন্য যে ইতিপূর্বে এই দেশে যখন জমিদারতন্ত্র কায়েম ছিল, দেশের কায়েমী স্বার্থবাদী মানুষরা তাদের অধিকার শাসন ক্ষমতায় বজায় রাখবার জন্য গ্রামে যে জমিদার জোতদার শ্রেণী তারা সৃষ্টি করেছিল, কংগ্রেস সরকারের দ্বারা জমিদারী উচ্ছেদের পর কায়েমী স্বার্থবাদী মানুষদের দালাল সেখানে থাকছ না সেজন্য গ্রামাঞ্চলে কিছু সাংঘাতিক লোককে তৈরী করবার জন্য এই সরকার এই বিল এনেছেন। আমি গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে এবং অঞ্চল পঞ্চায়েতের নির্বাচনে এ জিনিষটা ভালভাবে লক্ষ্য করেছি যে আজকে দেশের যে অবস্থা—গ্রামাঞ্চলে সাধারণ মানুষের শিক্ষার যে অবস্থা এবং তারা যে অর্থনৈতিক দুরবস্থার মধ্যে আছে তাতে সেখানে যে সাধারণ যে সব অধিকার আছে সুযোগ আছে সেগুলি স্বার্থান্বেষী ব্যক্তিরা, ভেষ্টেড ইন্টারেস্টেড পার্সনস্‌রা সেই ক্ষমতাগুলি নিয়ে তার অপব্যবহার করছে। সেজন্য এখন এই পঞ্চায়েত গঠন পদ্ধতিতে আমি লক্ষ্য করছি জন-সাধারণকে গণতান্ত্রিক অধিকার যা গ্রাম পঞ্চায়েতে দেওয়া হয়েছিল তা থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। এজন্য বিরোধী পক্ষ থেকে বার বার দাবী করছি যে এই গঠন পদ্ধতি, নির্বাচন পদ্ধতি এখানে যা আছে সেটা যথেষ্ট ত্রুটিপূর্ণ এবং সেজন্য দাবী হচ্ছে জনসাধারণের ভোটে এই জেলা পরিষদ গঠন করতে হবে। আমরা দেখছি প্রাথমিক পর্য্যায়ে গ্রাম পঞ্চায়েত, দ্বিতীয় পর্য্যায়ে অঞ্চল পঞ্চায়েত, তৃতীয় পর্য্যায়ে আঞ্চলিক পরিষদ চতুর্থ পর্য্যায়ে জেলা পরিষদ। প্রথমে গ্রাম পঞ্চায়েতে প্রতিনিধি জনসাধারণ নির্বাচন করবে, সেখানে তাদের দ্বারা শাসন পদ্ধতি গঠিত হবে, তারপরে দেখছি সনসাধারণের সংগে তাদের আর কোন যোগাযোগ নাই। এজন্য এটাকে গণ-তান্ত্রিক পদ্ধতি বলে মনে করিনা। সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয় যে বলেছেন যে গ্রামবাসীদের জীবনের উন্নতির জন্য সর্বপ্রকার ডেভেলপমেন্টের জনাই এই জেলা পরিষদ গঠিত হচ্ছে সেটা ঠিক নয়। কেননা একটু লক্ষ্য করলে দেখা যায় যে কমিটি প্রথম বিলটা যেভাবে পেশ করেছিলেন তাতে দেশের মঙ্গল কর যায়না, সাধারণ মানুষের আজ পর্যন্ত মঙ্গল করা যায়নি। কতকগুলি লোককে নির্বাচন করে বা নমিনেট করে কমিটি গঠন করার পরে যদি তাদের হাতে ক্ষমতা না দিয়ে সঙ্গে সঙ্গে ভাল করার জন্য যে অর্থের প্রয়োজন সে অর্থের দিকটা তাদের হাতে দেবার যদি ভাল ব্যবস্থা না করা যায় তাহলে গ্রামবাসীদের জীবনে যে মঙ্গলের কথা বলছেন তা সম্ভব হবে না। এই বিলে আমরা দেখছি আর্থিক কোন সুবন্দোবস্তের কথা নাই।

[4-35—4-45 p.m.]

আমরা সেজন্য মনে করি যে জেলা পরিষদ বিল যে রীতিতে আমাদের সামনে এসেছে এইভাবে যদি পাশ হয়ে যায় তাহলে তাঁরা যে জিনিসটা করতে যাচ্ছেন গ্রাম এবং জেলার উন্নতি করা সেটা আদৌ সম্ভবপর হবে না। শুধু তাই নয়, আমরা যথেষ্ট সন্দেহ পোষণ করছি যে এই বিলের দ্বারা স্বার্থান্বেষী কতকগুলি লোকের হাতে ক্ষমতা তুলে দেওয়া হচ্ছে এবং যারা গ্রামে সাধারণ মানুষের স্বার্থের বিরুদ্ধে কাজ করে এসেছে ভবিষ্যতে সেই ক্ষমতা তারা জন স্বার্থের বিরুদ্ধে প্রয়োগ করবে। সর্বোপরি সমস্ত ক্ষমতার উপর সরকারের যে কর্তৃত্ব যে আমলা তান্ত্রিক কর্তৃত্ব যেটা আমরা লক্ষ্য করে থাকি সেটা আলোচ্য বিলে দেখছি। একজন এগজিকিউটিভ অফিসার বসান হচ্ছে, তাঁর হাতে যথেষ্ট ক্ষমতা দেওয়া হচ্ছে। তিনি ইচ্ছা করলে পঞ্চায়েতের যে কোন সভ্যকে তাঁর পদ থেকে খারিজ করে দিতে পারেন। এমন কি আমরা দেখেছি স্থানীয় বি ডি ও-র সঙ্গে যদি অঞ্চল পঞ্চায়েতের কোন মতদ্বৈধ হয় তাহলে বি ডি ও সেই অঞ্চল পঞ্চায়েতকে বাতিল করে দেন, বিশেষ করে যদি দেখেন যে অঞ্চল পঞ্চায়েত কংগ্রেস দলের লোকের দ্বারা পরিচালিত হচ্ছে না বামপন্থী দলের লোক দ্বারা পরিচালিত হচ্ছে সেখানে বি ডি ও সাহেবকে যে ক্ষমতা দেওয়া আছে, অঞ্চল পঞ্চায়েত অফিসারের হাতে যে ক্ষমতা দেওয়া আছে সেই ক্ষমতার বলে তিনি অযৌক্তিক কারণে সেই সমস্ত পঞ্চায়েত বতিল করে দেন। কাজেই জনসাধারণের হাতে যে ক্ষমতা দেওয়ার কথা বা গণতান্ত্রিক পদ্ধতিতে যে ক্ষমতা দেওয়ার কথা দেশের মঙ্গলের জন্য তিনি ঘোষণা করেছেন যে বিল তিনি এখানে আমাদের সামনে উপস্থাপিত করেছেন সে বিলের প্রতিটি ছত্র এবং প্রতিটি ধারা তাঁর সেই কথা যে কত অসত্য এবং দুরভিসন্ধিমূলক তা প্রমাণ করছে। সেজন্য আমি প্রস্তাব করছি যে এই বিলটা জনসাধারণের কাছে প্রচার করা হোক তাদের মতামতের জন্য। পরিশেষে মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে এই বক্তব্যটা রাখছি যে তিনি যেন সম্রাট ক্যানিউটের গল্পটা মনে রাখেন। আমাদের শ্রদ্ধেয় দাদা রাধা কৃষ্ণ পালের মত যে সমস্ত ভাঁড়ের দল আছে তাঁদের কথায় তিনি যদি চলেন তাহলে সম্রাট ক্যানিউটের মত দুরবস্থায় একদিন পড়বেন। বাম পন্থীদের কথা বিশ্বাস করুন আর না করুন এই রকম ভাঁড়েদের কথায় বিশ্বাস করে আপনি কার্য পরিচালনা করবেন না। নিজের বিচার বিবেকের উপর নির্ভর করে দেশের মঙ্গলের জন্য যা করা দরকার সে দিকে লক্ষ্য রেখে কাজ করবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ এই বিল সম্পর্কে বিভিন্ন বক্তা তাঁদের অভিমত জ্ঞাপন করেছেন। আমি আপনার মাধ্যমে এই বিল যিনি উত্থাপন করেছেন শৈলবাবু তাঁর দৃষ্টি আকর্ষণ করে কতকগুলি কথা রাখতে চাই। প্রথমে আমাদের মনে রাখা দরকার যে পঞ্চায়েতী রাজ গ্রামে কায়েম করা। অবশ্য আমাদের দেশের সংবিধান-এর আর্টিকেল ৪০শে যে ডাইরেকটিভ প্রিনসিপল ঘোষণা করা হয়েছে সেই ঘোষণা অনুযায়ী ভারতবর্ষের বিভিন্ন স্টেট বিভিন্ন সময় পঞ্চায়েত এবং জেলা পরিষদ আইন পাশ করে তাকে বাস্তব রূপ দওয়ার চেষ্টা করেছে। কিন্তু তার আগেও আমরা জানি যে ১৯২০ সাল থেকে মাদ্রাজের কোন কোন অংশে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত আছে এবং গত ৩০ বছর ধরে বোম্বে এবং মাইশোরের কোন কোন অঞ্চলে এই পঞ্চায়েত রাজ সীমাবদ্ধভাবে পরিচালিত হয়ে আসছে এবং তার থেকে আমরা খানিকটা অভিজ্ঞতা লাভ করতে পারি। তা ছাড়া আজকে যখন আমরা আমাদের এই পশ্চিমবঙ্গে এই বিল নিয়ে আলোচনা করছি তার বহু আগে ভারতবর্ষের অন্যান্য জায়গায় যে আইনগুলি পাশ হয়ে গেছে যেমন গুজরাট, রাজস্থান, উড়িষ্যা, বিহার, পাঞ্জাব ইত্যাদি অঞ্চলে সেই আইনগুলি পাশ করে সেখানকার জেলা পরিষদের কাজ কিভাবে এগিয়ে চলেছে, সেখানকার গ্রাম্য জীবনে নতুন গণ-তান্ত্রিক চেতনা কতখানি হয়েছে নতুন দৃষ্টিভংগী নিয়ে সেখানকার মানুষ আমাদের দেশের পরিকল্পনাকে রূপায়ন করার পথে কতখানি এগিয়ে যেতে পেরেছে সেইসব কার্যকলাপের দিকে যদি আমরা দৃষ্টি দিই এবং কতখানি সার্থক পঞ্চায়েত রাজ ভারতবর্ষের বিভিন্ন মফঃস্বলের গ্রামকে পুনর্গঠিত হতে সাহায্য করতে পেরেছে সে দিকে যদি দৃষ্টি দিই তাহলে

ক্ষোভের সংগে এই কথা বলতে হয় যে ভারতবর্ষের সমস্ত জায়গায় এই পঞ্চায়েত রাজ এবং এই জেলা পরিষদ তার অভিষ্ট সিদ্ধ করতে পারে নি। যে নতুন উৎসাহ উদ্দীপনা নিয়ে যে নতুন প্রেরণা নিয়ে আমাদের স্বাধীনতা লাভ করার পর এই পঞ্চায়েত রাজ নতুন গ্রাম সৃষ্টি করার নতুন দৃষ্টিভঙ্গী সৃষ্টি করার প্রচেষ্টা সুরু করেছিল তা আজ অনেক জায়গায় আঘাত খাওয়ায় আমরা উৎসাহহীন হয়ে পড়েছি। সেদিক দৃষ্টি রেখে আমি শৈলবাবুর কাছে এই নিবেদন করতে চাই আপনার মাধ্যমে যে এতবড় একটা আদর্শ, ভারতবর্ষে [illegible] থেকে যে আদর্শ আমাদের সামনে বড় হয়ে দেখা দিয়েছিল ডিসেন্ট্রালাইজেসানের সেই আদর্শ কেন আমরা বাস্তবে রূপায়িত করতে পারছি না, কেন গ্রামের মানুষ নূতন প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে এই আইনে যে ক্ষমতা তাদের দেয়া হয়েছে তাকে কার্যকরী করবার জন্য, নূতন জীবন, নূতন গ্রাম গঠন করবার জন্য এগিয়ে আসছেন, এই কাজে ঝাঁপিয়ে পড়ছেন না? তার একমাত্র কারণ হচ্ছে আইনগুলি রচনার মধ্য দিয়ে এমন কতকগুলি দৃষ্টিভংগীর পরিচয় আমরা পাই যেখানে মানুষের কর্মোদ্যগকে ব্যহত করার চেষ্টা হয়েছে, যেখানে নূতন প্রেরণা উৎসাহকে দমিয়ে দেবার চেষ্টা করা হয়েছে, যার জন্য আমরা এগুলি কার্যকরী করতে পারি নি, গ্রামে নূতন উৎসাহ বা প্রেরণা সৃষ্টি করতে আমরা পারি নি। একথা ঠিক যে প্রাচীন কাল হতে আমাদের গ্রামতান্ত্রিক বাংলাদেশ এবং ভারতবর্ষ। একথা ঠিক ওয়ান নেসান, ওয়ান ষ্টেট বা ষ্টেট ন্যাসানালিস্ট এসব প্রশ্ন হবার আগে আমাদের দেশের কমিউনিটিজগুলি, গ্রামের গোষ্ঠীগুলি তারা নিজেদের শাসনব্যবস্থাকে নিজেদের হাতে পরিচালিত করতো এবং একদিন সেই সমস্ত ছোট ছোট গোষ্ঠীগুলি তারা নিজেদের স্বাধীনতা হারিয়ে ফেলে ষ্টেটের হাতে তাদের সমস্ত ক্ষমতা তুলে দিয়ে একটা কেন্দ্রিয় সেন্ট্রাল গভর্নমেন্ট এস্টাব্লিস করেছে। আজকে সারা ভারতবর্ষে, সারা পৃথিবীতে বিভিন্ন নেসান ষ্টেটগুলি যখন ক্ষমতা কেন্দ্রিভূত করবার চেষ্টা করছে তখন আমরা চেষ্টা করেছি যে আমাদের বাংলাদেশের এবং ভারতবর্ষের প্রাচীন ঐতিহ্যকে বাঁচিয়ে রেখে গ্রামের মানুষের হাতে নিজেদের রাষ্ট্র পরিচালনার ক্ষমতা দিয়ে দেশকে নূতনভাবে গড়ে তোলার, নূতন স্বাধীনতার চেতনা যেন গ্রামের সাধারণ দীনতম লোকের ঘরেও গিয়ে পোঁছাতে পারে, দেশের দরিদ্র হরিজন বা যারা অত্যন্ত নিপীড়িত সাধারণ মানুষ তারাও যেন অনুভব করতে পারে যে তাদের হাতেও খানিকটা দেশ শাসন করবার ক্ষমতা এসেছে। নূতন জীবন সম্পর্কে, নূতন স্বাধীনতা সম্পর্কে নূতন চেতনা যাতে এর মধ্যে দিয়ে গড়ে উঠতে পারে তার জন্য পরিকল্পনা দিয়ে আমরা এগিয়েছিলাম কিন্তু যে মহত্তর উদ্দেশ্য নিয়ে আমরা গ্রামগুলিকে সজীব করতে চাই, গ্রামগুলিকে বহুদিনের সংস্কার থেকে মুক্ত করতে চাই এবং তাদের শাসন করার যে পদ্ধতি, যা দিয়ে গ্রামকে নূতনভাবে গড়ে তুলবার যে চেষ্টা সেই সমস্ত কিছু আমাদের কেন ব্যহত হতে চলেছে আমি সে সম্পর্কে কয়েকটা কথা অত্যন্ত দুঃখের সংগে আপনার মাধ্যমে নিবেদন করতে চাচ্ছি। প্রথম কথা হল গ্রাম পঞ্চায়েতরাজ যদি সুষ্ঠ এবং সুন্দরভাবে গড়ে তুলতে চাই তাহলে প্রয়োজন ছিল গ্রাম্য জীবনে শিক্ষা ব্যবস্থাকে আরো এগিয়ে নিয়ে যাওয়া।

[4-45—4-55 p.m.]

দুর্ভাগ্যের কথা যদিও কনষ্টিটিউসনে আমাদের অধিকার দিয়েছিল এবং ডাইরেক্টিভ প্রিন্সিপ্যালস আমাদের দেশের মানুষকে কম্পালসারি এডুকেশন যে বিস্তার করতে হবে এবং সেই প্রাইমারী এডুকেশন-এর ক্ষেত্রে আমাদের দেশ যে বহু পিছিয়ে পড়ে আছে সেই কম্পালসারি এডুকেশন গ্রামে এখনও পর্যন্ত অনুপ্রবেশ করিয়ে দিতে পারেন নি—সেই দায়িত্ব এখনও পর্যন্ত সরকার পালন করতে পারেন নি। এই যে কাজ—এই যে ল্যাক অব এডুকেশন তার ফলে কি হয়েছে? আমরা দেখছি ল্যাক অব কমিউনিটি কনসাসনেস যে সব জায়গায় পঞ্চায়েৎ রাজ, জেলা পরিষদ কায়েম হয়েছে সেই ল্যাক অব কমিউনিটি কনসাসনেস সবচেয়ে বেশী দেখা দিয়েছে। এটা কেন হল? এই জন্য হোল যে আমরা দেখেছিলাম এই আইন পাশ করে যখন গ্রাম পঞ্চায়েৎ, জেলা পরিষদ গড়ে তুলেছিলেন তখন সেই সমস্ত জায়গায়—গুজরাটের, পাঞ্জাবের কথা বলছি রাজস্থানের কথা বলছি সেই সব জায়গায় দেখা গেল যে লোকের মধ্যে প্রেরণা আসছে না—তারা মনে করছে যদি একটা ভিলেজে ইরিগেসন ক্যানেল হয় তাহলে সেই গ্রামের যে অর্থ সেই অর্থটা যদিও ব্যয়িত হচ্ছে মাত্র কয়েকজন মানুষের জন্য এবং সেই ভাবে গ্রামের মানুষের কাছ থেকে যে আদায় হচ্ছে গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে সেই

টাকা যদি গ্রামের একটি অঞ্চলের জন্য ব্যয়িত হয় তাহলে সেই অঞ্চলের লোক এসে বাধা দেয়। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার সামনে

Report of a study team on democratic decentralisation in Rajasthan.

আমি সেই ষ্টাডি টিম-এর প্রেসিডেন্ট জয়প্রকাশ নারায়ণ—তাঁর মন্তব্য থেকে বলছি—তিনি বলছেন এই যে ল্যাক অব কমিউনিটি কনসাসনেস এটা এতো বেশী বেশী জায়গায় সেটা হোল কোন কাজের পরিকল্পনা যখন একটা জায়গা পরিচালনা করবার জন্য চেষ্টা করা হয় তখন দেখা যায় যে সেই অঞ্চলের সারা মানুষ এসে তাদের বাধা দেয়। তারা বলে আমাদের টাকা নিয়ে আমাদের কৃষি ক্ষেত্রে নালা কাটা হবে না—আমরা তা করতে দেবো না—এই টাকা এমন জায়গায় ব্যয়িত হোক যেটা সমস্ত গ্রামের মানুষের কাজে লাগে এবং সেইভাবে স্কুল, হাসপাতাল এমন বিস্তর প্রতিষ্ঠান আছে যা কোন ব্যক্তিগত প্রতিষ্ঠান নয় সেই প্রতিষ্ঠানে সমস্ত গ্রামের মানুষ উপকৃত হবে সেই জায়গায় অর্থ ব্যয়িত হচ্ছে কিন্তু একটি নালা কেটে দিলে ১০ জন লোকের উপকার হয় সেই কাজ এই গ্রাম পঞ্চায়েতের মধ্য দিয়ে করতে পারছে না এবং এটা আমরা দেখছি যে কমিউনিটি কনসাসনেস আমরা জাগিয়ে তুলতে পারছি না বলেই এই রকম হচ্ছে—এবং আমরা তার চেষ্টাও করছি না। যার জন্য বিভিন্ন জায়গায় পঞ্চায়েৎ আইন থাকা সত্ত্বেও তা ব্যর্থতায় পর্যবসিত হতে চলেছে। এবং সে সম্পর্কে ষ্টাডি টিম আলোচনা করে এগুলি বিশেষভাবে তুলে ধরেছেন। শুধু তাই নয় দেখা গেছে যে এই পঞ্চায়েতী রাজ, জেলাপরিষদগুলি গ্রামের ফুড প্রডাকসন ইত্যাদি সেই সমস্ত ক্ষেত্রে কোন কাজ করতে পারেন না সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এবং এই ব্যর্থতা সম্পর্কে উনি দেখিয়েছেন

we find no awareness in the Panchayat of their duty either to increase production or to provide employment in the village

অথচ যে উৎসাহের মধ্যে দিয়ে গ্রাম থেকে গ্রামান্তরে এটা ছড়িয়ে দিতে চেয়েছিলেন তার কোন প্রতিধ্বনি দেখা দেয়নি। গ্রামের যে প্রথম ফান্ডামেণ্টাল বেস, যে ভিত্তি সেই ভিত্তি আমরা স্থাপন করিনি। অথচ ১৫ বছর স্বাধীনতার মধ্য দিয়ে যে গ্রামের সাধারণ এডুকেশন বিস্তার করে প্রাইমারী এডুকেশনকে ছড়িয়ে দিয়ে যে কনসাসনেস স্থাপন করা উচিৎ ছিল যে ডিউটি আমাদের ছিল কনষ্টিটিউসন অনুসারে সেই এলিমেণ্টারী ডিউটি থেকে আমরা বঞ্চিত হয়েছি বলে আজকে বিভিন্ন জায়গায় পঞ্চায়েৎ রাজ কোন কাজ করতে পারে নি বরং ব্যর্থতার গ্লানি ঢুকে গেছে। এবং সমস্ত স্টেট শুধু রাজস্থান নয়, অন্ধ্রতেও এই পঞ্চায়েৎ সিসটেম বা জেলা পরিষদ যা সেখানে কার্যকরী হয়েছে সে সম্পর্কে আমরা ষ্টাডি টিমের যা বক্তৃতা তা পড়েছিলাম এবং দেখেছিলাম সেই একই কথা। জয়প্রকাশের নেতৃত্বে একটা কমিটি গঠিত হয়েছিল অন্ধ্রে, এবং তাঁরা এক কথাই বলেছেন, আমরা দেখতে পাচ্ছি—গ্রামের মানুষের মধ্যে কোন চেতনা দেখা দেয়নি, পঞ্চায়েতগুলিও কোন কার্য্যকরী কাজ করছে না। ইরিগেসন সম্পর্কেও ঠিক একই কথা তাঁরা বলেছেন, ইরিগেসন ফেসিলিটেড-এর কোন সর্ট স্কীমে কার্য্যকরী করতে পারছে না. এবং সেগুলির এক্সিকিউসন-এর পথে চরম বাধা এসে পৌঁচেছে। এবং এই সম্পর্কে ষ্টাডি টীম আরেকটা কথা খুব জোরের সংগে এবং পরিষ্কারভাবে বলেছেন যেটার প্রতি আমি স্যার শৈলবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই এইজন্য যে, তিনি আরো একটা ডিপার্টমেণ্টের দায়িত্ব নিয়েছেন সিডিউল্ড ট্রাইবস অ্যাণ্ড সিডিউল্ড কাস্টস। আমরা আশা করেছিলাম তাঁর কাছ থেকে অন্ততঃপক্ষে এতবড় একটা বিল যার দ্বারা গ্রামে পঞ্চায়েৎ রাজ প্রতিষ্ঠা করতে চাচ্ছেন—সেই বিলে গ্রামের সবচেয়ে যারা অবহেলিত অংশ, সবচেয়ে নিপীড়িত অংশ তাদের সম্পর্কে—আমরা যেমন দেখেছি পাঞ্জাব এবং বিহার জেলা পরিষদ বিলে যে প্রভিসন্‌গুলো আছে—সেই প্রভিসনগুলি এই বিলের মধ্যেও থাকবে এবং আমাদের সবচেয়ে পিছিয়ে-পড়া ও পশ্চাৎপদ শ্রেণী সম্পর্কে তিনি আরো একটু বেশি ও বিশেষ দৃষ্টি দেবেন, বিহার জেলা পরিষদ অ্যাক্টে এবং পাঞ্জাব অ্যাক্টে যে সমস্ত স্পেশিয়েল প্রভিসন আছে সেগুলির প্রতি দৃষ্টি দিয়ে আমাদের এখানে জেলা পরিষদ গড়ে তোলবার চেষ্টা করবেন। কিন্তু তিনি তা করেননি। সেই ডিপার্টমেণ্টের ভারপ্রাপ্ত মন্ত্রি হওয়া সত্ত্বেও এটা কি করে তাঁর নজর এড়িয়ে গেল, এটা অত্যন্ত বেদনার কথা। আমি নিজে জানি তিনি কয়েকদিন আগেও সিডিউল্ড

কাস্টস এ্যান্ড ট্রাইবস-এর এক মিটিং-এ বক্তৃতা করে এসেছেন। তিনি আজকে এখানে এই বিল পাইলট করছেন অথচ সে সম্পর্কে তিনি একেবারে নীরব রইলেন। ভারতবর্ষের অন্যান্য যে সমস্ত স্টেট-এ এই বিল পাস হয়েছে, তারা যে সমস্ত স্ট্যান্ডিং কমিটির ব্যবস্থা করেছেন আপনার এই আইনের মধ্যে সেই সমস্ত স্ট্যান্ডিং কমিটির উল্লেখ নাই, আমাদের যারা পিছিয়ে পড়া ও নিষ্পেষিত তাদের সম্পর্কে এগিয়ে এসে, তাদের সমস্যা সম্পর্কে একটু উদার দৃষ্টি-ভঙ্গী নিয়ে বিচার করার কোন ব্যবস্থাই এর মধ্যে নাই। ঐ স্ট্যাডি টীম বলেছেন যে আজকে গ্রামে গ্রামে জেলা পরিষদ ভেঙ্গে যাচ্ছে। কেন? কি তার অন্তরায় ও প্রতিবন্ধক? এখানে আমরা যাই করি না কেন, এটা কলকাতা, একটা মেট্রোপলিটান শহর। গ্রামের জীবন আলাদা, সেখানকার ভিন্নরকমের গ্রুপিংস ভুলে গেলে চলবে না, সেখানকার বাস্তব অবস্থা অস্বীকার করলে চলবে না। সেই স্টাডি টীম তাই বলছেন,

older caste and inter-caste groupings continue to exist for certain purposes. The new statutory institutions do not recognise these and so another statutory working Act on a different plane. The two are not complimentary and this is one reason for the comparative ineffectiveness of the panchayats

এই স্টাডি টীম বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে স্থানীয় অবস্থা পর্যবেক্ষণ করে এই মূল্যবান তথ্য তুলে ধরেছেন। মাননীয় শৈলবাবুর মতো একজন ব্যক্তির কাছে আমরা আশা করেছিলাম যে, তিনি অন্ততঃ এই বিল ড্রাফট করবার আগে বিভিন্ন যে সমস্ত ইভেলুয়েসন রিপোর্ট বেরিয়েছে সেগুলি নিশ্চয়ই পড়বেন, সেই ইভেলুয়েসন রিপোর্টগুলি স্টাডি করে বাস্তব দৃষ্টি-ভঙ্গী দিয়ে গ্রামের দরিদ্র মানুষের জন্য একটা ভালো প্রভিসন করবেন। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি সেজন্য বলছিলাম—মাননীয় শৈলবাবুর কাছে বিরোধী পক্ষের বক্তা হিসাবে আমি অত্যন্ত বিনয়ের সংগে এই কথা উল্লেখ করছি যে, তিনি অন্ততঃ আরেকবার ভালভাবে চিন্তা করে দেখবেন আমি যে কথাগুলি বলছি সেগুলি এই বিলের মধ্যে ইনকরপোরেট করা চলে কিনা।

[4-55—5-05 p.m.]

তারপর মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আরো কতগুলি কথা বলব—ট্রেজারী বেঞ্চ থেকে একথা প্রায়ই বলা হয় যে, কো-অপারেটিভস যাতে করে গ্রামের কৃষকদের মধ্যে গড়ে উঠে তার জন্য চেষ্টা করতে হবে শুধু তাই নয়, মানুষের জীবনে একটা রি-অরিয়েনটেসান আনার কথা বলা হয়, আরো বলা হয় যে, কো-অপারেটিভ-এর মধ্যে দিয়ে, সহযোগিতার মধ্যে দিয়ে, কো-অপারেটিভ মুভমেন্ট-এর মধ্যে দিয়ে আমরা গ্রামের আর্থনীতিক বুনিয়াদ শক্তিশালী করতে পারব। অন্যান্য প্রদেশের জেলা পরিষদ বিল পড়ে আমি দেখছিলাম যে, তার মধ্যে অনেক প্রভিসন আছে কো-অপারেটিভ মুভমেন্টকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, এবং জেলা পরিষদের মধ্যে রিপ্রেজেনটেটিভস ইলেক্ট করে নেবার ব্যবস্থা আছে। কিন্তু আমাদের এই বিলে—এই কথা এখানে লজ্জার সংগে বলতে হয় যে, আমাদের পশ্চিমবাংলায় কো-অপারেটিভস মুভমেন্ট সবচেয়ে পশ্চাৎপদ, এটা নিশ্চয়ই শৈলবাবু অস্বীকার করবেন না, বা কো-অপারেটিভ-এর যিনি বর্তমানে মন্ত্রি আছেন তিনিও অস্বীকার করবেন না যে কো-অপারেটিভ-এর ক্ষেত্রে আমরা সবচেয়ে পিছিয়ে আছি। এই অঞ্চল পঞ্চায়েৎ এ্যাক্টের মধ্যে এমন কোন সুর পেলাম না যাতে করে কো-অপারেটিভ মুভমেন্টকে উৎসাহ দেওয়া যেতে পারে, কো-অপারেটিভকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোনপ্রকার উদ্যোগও এর মধ্যে নাই। এই যে জেলা পরিষদ বিল আনছেন এর মধ্যে কো-অপারেটিভ সম্পর্কে সম্পূর্ণ সাইলেণ্ট। আমি আশা করি মাননীয় শৈলবাবুও এসম্পর্কে আমাদের সংগে একমত হবেন। কৃষকদের মধ্যে কো-অপারেটিভ ঠিক ভাবে গড়ে তোলা হলে তার মাধ্যমে দেশের প্রডাকসন অগমেন্টেড হবে, দেশের ফুড প্রডাকসন বৃদ্ধি পাবে। আমরা আশা করেছিলাম যে এই বিলের মাধ্যমে আমরা সেই দৃষ্টি-ভঙ্গীর পরিচয় পাব। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার মাধ্যমে আমি কতগুলি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই, যদি শৈলবাবুর পক্ষে সম্ভব হয় তবে তিনি নিশ্চয়ই কো-অপারেটিভ মুভমেন্ট সম্পর্কে নতুনভাবে চিন্তা

করবেন এবং বিলের মধ্যে যদি এই সম্পর্কে নতুন কিছু সংযোজন করা সম্ভব হয় তবে তা করবেন। মিঃ চেয়ারম্যান, স্যার, তিনি কি জেলা পরিষদের মধ্যে বা আঞ্চলিক পরিষদের মধ্যে কোন কো-অপারেটিভ-এর মেম্বার ইলেকটেড হবার সুযোগ দিয়েছেন? মাননীয় শৈলবাবু আরেকটু ভালোভাবে দেখুন, কোন কো-অপারেটিভকে এর মধ্যে তিনি মেম্বার হবার সুযোগ দেননি। এর মধ্যে কো-অপারেটিভ থেকে কোন মেম্বার ইলেকটেড হয়ে আসবেন এমন সুযোগ নাই। মিঃ চেয়ারম্যান, স্যার আমর সময় কম—আমি এটুকু বলতে চাই, এর আগে অনেক বক্তা এই কথা বলেছেন যে, এই পঞ্চায়েতের মধ্যে যে রিপ্রেজেনটেটিভস যান তাতে দেখা যায় গ্রামের শক্তিশালী, অর্থশালী লোক যাঁরা তাঁরাই রাজত্ব কায়েম করেন, এবং গ্রামের সাধারণ মানুষ, গরীব মানুষ যারা তারা নিজেদের উন্নতির এতটুকু ব্যবস্থাও করতে পারে না।

এই প্রসঙ্গে যখন বামপন্থীদের তরফ থেকে কোন কোন বক্তা একথা বলেছিলেন তখন ঐ পক্ষ থেকে তার প্রতিবাদ করে বলা হয়েছিল যে আমরা দেখেছি হরিজনদের তরফ থেকে অধ্যক্ষ হয়েছেন, হরিজনরা সুযোগ পেয়েছে। কিন্তু তার টোটাল কত? বাংলাদেশের কথা আমি বলব না কারণ এখনও পর্যন্ত এ্যাক্ট কার্যকরী হয়নি। কিন্তু বাংলার বাইরে যেখানে জেলা পরিষদ এ্যাক্ট কার্যকরী করা হয়েছে সেখানে স্ট্যাডি টিম একথা বলছে,

It was however, generally agreed and admitted by all concerned that the richer section was the one that is most benefited from the Panchayat Raj scheme.

অর্থাৎ তাঁরা একথা পরিষ্কারভাবে বলছেন যে পঞ্চায়েৎ রাজ স্কীম-এ রিচার সেকসন অব দি ভিলেজ পিপল বেনিফিটেড হয়েছে টু দি ম্যাক্সীমাম এবং যারা গ্রামের গরীব সাধারণ মানুষ তারা এক্সপ্লয়েটেড হয়েছে। স্যার, আমি একটা জায়গায় দেখলাম শৈলবাবু স্ট্যান্ডিং কমিটি গঠন করতে গিয়ে আঞ্চলিক পরিষদে ২ জন মহিলা রিপ্রেজেনটেটিভস নিয়েছেন টু মেম্বার্স অব দি ব্যাকওয়ার্ড ক্লাসেস, টু সোসাল ওয়ার্কার্স। এই যে টু সোসাল ওয়ার্কার-এর চিন্তাধারা তাতে আমি তাঁর কাছে সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই যারা গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতে নির্বাচিত হোল তারা কি সোসাল ওয়ার্কার নয়? তাহলে তিনি কি একথাই বলতে চান যে তাদের চেয়ে বেটার সোসাল ওয়ার্কার ২ জন তিনি নমিনেট করতে পারবেন? তাদের চেয়ে যদি বেটার সোসাল ওয়ার্কার থাকবে তাহলে তাঁরা কেন আসবেন? কাজেই কেন ২ জন সোসাল ওয়ার্কার নমিনেট করতে হবে বা এটা কেন রাখলেন তা আমি বুঝতে পারছি না। ভারতবর্ষের বহু জায়গায় জেলা পরিষদ বিল আছে এবং আমার কাছেও ২।১ খানা আছে কাজেই আমি খুব সবিনয়ে শৈলবাবুকে বলতে চাই যে, ভারতবর্ষের অন্য আইন থেকে দেখিয়ে দিন যে এই ধরণের স্পেশাল সোসাল ওয়ার্কার-এর ব্যবস্থা কোথায় আছে? আপনারা এই যে রেট্রোগ্রেডিং স্টেপস নিচ্ছেন তাতে আমাদের তরফ থেকে এবং বাংলাদেশের যে গণতান্ত্রিক মতামত আছে তার তরফ থেকে বলছি যে এটা বাদ দিন। এই প্রিসিডেন্ট কোথাও নেই এবং ২ জন সোসাল ওয়ার্কার্স বললে এই পরিষদের যাঁরা নির্বাচিত সদস্য তাঁরা যে সোসাল ওয়ার্কার নন সেটাই প্রমাণিত হচ্ছে। তারপর আমার অনুরোধ হচ্ছে এই যে স্ট্যান্ডিং কমিটিগুলো হচ্ছে এই স্ট্যান্ডিং কমিটির মধ্যে একটি স্ট্যান্ডিং কমিটি হওয়া উচিত ছিল হরিজন যাদের বলি তাদের নিয়ে। আপনি যদি পাঞ্জাব জেলা পরিষদ এ্যাক্ট দেখেন তাহলে দেখবেন উইমেন এবং চিলড্রেন-দের জন্য একটা স্পেশাল কমিটি করা আছে।

Adjournment

The House was then adjourned at 5-5 p.m. till 12 noon on Friday, the 26th July, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 26th July, 1963, at 12 noon.

Present :

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mallick) in the Chair, 14 Hon'ble Ministers, 7 Hon'ble Ministers of State, 9 Deputy Ministers and 154 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Allegations against Ranigunj-Searsol Coal-Mines authorities

***88.** (Admitted question No. *440.)

Shri Sanat Kumar Raha :

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাণীগঞ্জের সিয়ারশোল কয়লা খনি সম্পর্কে নিম্নরূপ অভিযোগ কি রাজ্যসরকার পাইয়াছেন ঃ—

(১) শ্রমিকগণ প্রাপ্য মজুরী যথাসময়ে পায় না;

(২) প্রভিডেন্ট ফান্ডের লক্ষাধিক টাকা জমা হয় নাই;

(৩) গত নভেম্বর মাসে চারি রবিবারের কাজের দরুন শ্রমিকদের মজুরী ইত্যাদি বাবত প্রাপ্য টাকা কর্তৃপক্ষ প্রতিরক্ষা তহবিলে জমা দেন নাই।

(৪) কলিয়ারী মজদুর সংস্থার সহিত উক্ত খনি কর্তৃপক্ষ যে চুক্তি সম্পাদন করেন তাহাও অমান্য করেন; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Hon'ble Bijoy Singh Nahar :

কয়লাখনি শ্রমিক ব্যবস্থা ভারত সরকারের এক্তিয়ার ভুক্ত। এ বিষয়গুলি সম্বন্ধে রাজ্য সরকারের কিছু জানা নাই।

Shri Sanat Kumar Raha :

ইন্ডাস্ট্রিয়াল ট্রুস শিল্পে শান্তি চুক্তির ব্যাপারে কোলিয়ারির মজদুরদের সঙ্গে মালিকের যে চুক্তি হয়েছিল সে কথা পশ্চিমবঙ্গ সরকার জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar :

সমস্ত ভারতবর্ষময় চুক্তি হয়েছিল। কিন্তু যেগুলি পশ্চিমবঙ্গ সরকারের হাতে নেই তার সম্বন্ধে আমাদের কোন খবর জানা নেই।

Dr. Narayan Chandra Roy :

এখানে বাংলাদেশের মধ্যে ঘটনাট হচ্ছে। কিন্তু সেন্ট্রাল গভর্ণমেন্টের নাম করে সেই চুক্তিগুলি ইমপ্লিমেন্টেসান বা ভঙ্গ হলে শাস্তি দেবার ভার যদি সরকারের থাকে তাহলে সে সম্বন্ধে তিনি কিছু খবর রাখেন না?

The Hon'ble Bijoy Singh Nahar :

শাস্তি দেবার ভর ভারত সরকারের উপর রয়েছে। আমাদের যদি কেউ জানান তাহলে আমরা সে সম্বন্ধে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করি।

Dr. Narayan Chandra Roy :
আমার প্রশ্ন হচ্ছে মজুররা যে প্রাপ্য মজুরী পায় না সে সম্বন্ধে আপনার তথ্য নেই। এটা ভারত সরকারের কাছে পেশ করেছেন?

The Hon'ble Bijoy Singh Nahar :
স্পেসিফিক কেস পাঠালে আমরা ভারত সরকারের কাছে পাঠিয়ে দিই।

Shri Sanat Kumar Raha :
আমার শেষের প্রশ্নটা ছিল অভিযোগ পাইয়া থাকিলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন? আমার প্রশ্ন হচ্ছে কোলিয়ারী সম্পর্কে কি কোন অভিযোগ পান নি?

The Hon'ble Bijoy Singh Nahar :
আমার কাছে অভিযোগ আসে নি। যদি এসে থাকে তাহলে পাঠিয়ে দিয়েছি।

Distress in Purulia and the Sundarbans

***89.** (Admitted question No. *518.) **Shri Jamini Bhusan Saha :** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) whether the Government is aware of the news of widespread distress in Purulia and Sundarbans resulting in starvation deaths of dozens of persons ; and

(b) if so, what steps the Government have taken to relieve the distress of the people ?

The Hon'ble Abha Maiti : (a) There is distress in Purulia and Sunderbans but Government have no information of any proved case of death due to starvation ;

(b) Necessary and adequate measures for relief of distress in the shape of doles, employment on Relief Works, issue of Agricultural Loans etc. have been taken by Government as detailed below :—

	Purulia	Sundarbans
Gratuitous Relief—	Rs. 90,200/- (Cash)	10,089 (Cash)
12,000 qutls. of foodgrains of the value of	Rs. 5,28,000/-	2,105 Metric tons of food-grains of the value of Rs. 8,84,100
Total	Rs. 6,18,200	Total Rs. 8,94,189

	Purulia	Sundarbans
Relief Works— For payment of wages in cash	Rs. 3,30,000	Rs. 30,000
For payment of wages in kind (money value of 14,000 qutls., of foodgrains	Rs. 18,04,000	3,408 Metric tons of foodgrains valued at Rs. 14,31,360
Total	Rs. 21,34,000/-	Total Rs. 14,61,360
Agricultural Loans	Rs. 5,50,000/-	Rs. 3,22,000/-

Shri Jamini Bhusan Saha :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কোন প্রমাণযোগ্য মৃত্যুর খবর আমরা পাই নি। কিন্তু আইন সভার ৫ জন বিশিষ্ট সদস্য ওখানে এনকোয়ারী করে যে মৃত্যুর সংবাদ দিয়েছিলেন সে সম্পর্কে সরকার কি অবগত আছেন?

The Hon'ble Abha Maiti :
তাঁদের যাওয়ার খবর সংবাদপত্রে দেখেছি।

Shri Nani Bhattacharjee :
মন্ত্রিমহোদয় কি বলবেন তিনি এখানে বলেছেন
Government are not aware of proved case of starvation.
কি হলে প্রুভড কেস অব স্টারভেশন হতে পারে?

The Hon'ble Abha Maiti :
যখন সত্যি সত্যি অনাহারে মৃত্যু হবে।

Shri Nani Bhattacharjee:
কি কি সর্ত পূরণ করলে প্রুভড কেস-এ স্টার্ভেশন হয়?

The Hon'ble Abha Maiti :
এখানে যাঁরা মারা গেছেন তাদের বেশীর ভাগ আমাদের কাছ থেকে ড্রাই ডোল পেতেন কিংবা টেস্ট রিলিফে কাজ করতেন। কাজেই সেগুলি স্টারভেসন কেস বলে আমরা মনে করি না।

Shri Anadi Das :
মন্ত্রিমহাশয় কি বলবেন লোক সেবক সংঘ এই সমস্ত মৃত্যুর কেস দিয়ে যে একটা হ্যাণ্ডবিল আপনাদের কাছে দিয়েছেন, সমস্ত সদস্যদের কাছে দিয়েছেন তার প্রত্যেকটা কেস কি আপনারা বিচার করে দেখেছেন?

The Hon'ble Abha Maiti :
লোক সেবক সংঘের কোন হ্যান্ডবিল আমি দেখি নি।

Shri Anadi Das :
আপনাদের কাছে যদি দেওয়া হয় তাহলে সেটা পরীক্ষা করে দেখবেন কি?

The Hon'ble Abha Maiti :
দিলে নিশ্চয়ই দেখবো।

Shri Hemanta Kumar Basu :
মন্ত্রিমহাশয়া বলবেন কি যদি তারা ড্রাই ডোল পেতেন তাহলে কি কারণে মারা গেলেন?

The Hon'ble Abha Maiti :
মারা অনেক কারণে যেতে পারেন। ড্রাই ডোল পেলে কেউ বৃদ্ধ হবেন না, অসুস্থ হবেন না, অন্যান্য কারণে তাঁর মৃত্যু ঘটবে না এতো হতে পারে না।

Shri Hemanta Kumar Basu :
এমন কি হয়েছে যে অনেকদিন অনাহারের পরে তাঁরা ড্রাই ডোল পেয়েছেন?

The Hon'ble Abha Maiti :
এ রকম কোন সংবাদ আমার জানা নেই।

Shri Jamini Bhusan Saha:
যারা মারা গছেন তাঁরা কিসে মারা গেছেন বলতে পারেন কি?

The Hon'ble Abha Maiti :
স্পেসিফিক কোন কেস দিলে নিশ্চয়ই বলতে পারবো।

Shri Balai Lal Das Mahapatra :
আপনি কি কোন সংবাদ নিয়েছেন যে মারা যাবার কতদিন আগে তাঁরা ড্রাই ডোল পেয়েছেন?

The Hon'ble Abha Maiti :

কোন কোন ক্ষেত্রে ১৯৬১ সালে, কোন কোন ক্ষেত্রে ১৯৫৮ সালে, কোন কোন ক্ষেত্রে ১৯৬২ সাল থেকে তাঁরা ড্রাই ডোল পেয়েছেন।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় বলেছেন যে এগ্রিকালচারাল লোন দেয়া হয়েছে—কোন্ কোন্ শর্ত পূরণ করলে কৃষিজীবী মানুষ এগ্রিকালচারাল লোন পেয়ে থাকে সেটা কি উনি, আমাদের জানাবেন?

Mr. Deputy Speaker: That question does not arise.

Shri Abani Kumar Basu: She has mentioned that agricultural loan has been distributed, and on the reply made by her I have asked her, what conditions should be fulfilled before loan can be distributed.

The Hon'ble Abha Maiti :

আশাকরি এখানে গ্রামাঞ্চল থেকে যে সমস্ত সদস্যরা এসেছেন তারা জানেন কিভাবে এগ্রিকালচারাল লোন দেয়া হয়। তা সত্ত্বেও আমি অবনীবাবুকে বলছি ল্যান্ডলোন পেতে পারেন যদি তাঁরা গ্রুপ তৈরী করেন এক সঙ্গে ৫।১০ জন মিলে কিংবা ইন্ডিভিজুয়ালীও পেতে পারেন এবং যাঁদের লোন দেয়া হয় তাঁদের রিপে করার ক্ষমতা আছে কিনা সেটা দেখে নেয়া হয়। কোন ক্ষেত্রে যদি ভাল জমি থাকে সেখানে পেতে পারেন, কোন ক্ষেত্রে যে জমিতে কম ফসল হয় সেখানে দেখে নেয়া হয় সেই জমি আছে কিনা—এই রকম নানা জিনিস দেখে দেয়া হয়।

Shri Nani Bhattacharjee :

আমি মন্ত্রিমহোদয়াকে জিজ্ঞাসা করছি যে এর আগে লোক সেবক সংঘের মাননীয় অরুণবাবু চীফ মিনিষ্টারের কাছে ঐ ৩১ জন যে অনাহারে মারা গেছে তাদের সম্বন্ধে চিঠি দিয়েছেন সেটা আমরা বলেছি—সেটার সম্পর্কে কি করলেন?

The Hon'ble Abha Maiti :

এ সম্বন্ধে আমার কিছু জানা নেই—চীফ মিনিষ্টার আমাকে কিছু দেন নি।

Shri Nani Bhattacharjee :

চীফ মিনিষ্টার তো এখানে আছেন তিনি কি কোন চিঠি পেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

৩ জন লোক মারা যাবার পরে চিঠি গিয়েছিল।

Shri Nani Bhattacharjee :

আপনি কি চিঠি পেয়েছিলেন এবং পাবার পরে কোন এনকোয়ারী ব্যবস্থা করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

চিঠি পেয়েছিলাম এবং ইনকোয়ারী করে জানতে পেরেছি যে এগুলি কেসেস অব ষ্টারভেশন ডেথ নয়।

Shri Jamini Bhusan Saha:

তাহলে কিসে মারা গেছে?

The Hon'ble Prafulla Chandra Sen :

রোগে মারা গেছে।

Shri Jamini Bhusan Saha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বল্লেন ইনকোয়ারী করে জানা গেছে যে তারা রোগে মারা গেছে, আমি জিজ্ঞাসা করছি কি রোগে মারা গেছে?

The Hon'ble Prafulla Chandra Sen :

সেরকম কিছু এখন আমার কাছে নেই যে কি রোগে মারা গেছে।

Shri Birendra Narayan Roy:
তাহলে কি মাননীয় মুখ্যমন্ত্রী বলতে চান যে অরুণবাবু যা বলেছিলেন সেটা অসত্য?

The Hon'ble Prafulla Chandra Sen :
একেবারেই অসত্য এ বিষয়ে কোন সন্দেহ নেই।

Shri Kashi Kanta Maitra :
আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি গত ১৪ বছর এই কংগ্রেসী রাজত্বকালে একটাও প্রুভড কেস অব ষ্টারভেশন ডেথ আপনাদের হাতে এসেছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমার মনে নেই এরকম কোন কেস এসেছে কিনা—বোধ হয় আসে নি।

Shri Kashi Kanta Maitra :
মাননীয় সদস্য শ্রীননী ভট্টাচার্য্য মহাশয় যা বল্লেন কি কি কণ্ডিসন ফুলফিল্ড হলে আপনারা ডিসাইড করেন যে,
,it is approved case of starvation death
সেটা আমরা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen :
অনাহারে মৃত্যু হলেই বুঝা যাবে যে ষ্টারভেসন ডেথ।

[12-10—12-20 p.m.]

Shri Cirish Mahato:
পুণ্ডার ভাদু মাহাতো এবং মাদুরার ভরত মাহতো এরা না খেয়ে মারা গিয়েছে একথা অবগত আছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
না খেয়ে মারা যায় নি, আমরা এটুকু অবগত আছি, না খেয়ে মারা যায় নি, এটা রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য প্রচার করা হচ্ছে।

Shri Cirish Mahato:
মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমার সংগে তদন্ত করতে যাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
আপনার চেয়ে ঢের বেশি লোককে দিয়ে আমি তদন্ত করিয়েছি, একজনকে দিয়ে নয়—আপনার সংগে যাবার কোন প্রয়োজন মনে করি না। আমার ধ্রুব বিশ্বাস হয়েছে, এই সমস্ত মৃত্যু অনাহারজনিত নয়, এই সমস্ত মৃত্যু লোক সেবক সংঘের লোকেরা রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য করছেন। বাংলাদেশের একটি লোকের মনেও সন্দেহ নাই, কি উদ্দেশ্যে এই লোকগুলিকে জোর করে অনাহারে মারা হয়েছে।

Shri Nikhil Das:
মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি এই যে লোক মারা গেলে পর আমাদের কংগ্রেসী সরকার সেটা অস্বীকার করবার নীতি গ্রহণ করেছেন এর পিছনে কি রাজনৈতিক উদ্দেশ্য নাই?

The Hon'ble Prafulla Chandra Sen :
বিরোধী দলের কথা যদি আমরা বিশ্বাস করতাম তাহলে আজ পর্য্যন্ত ৩ কোটি লোকই মারা যেত।

Shri Nikhil Das:
আমার প্রশ্ন হচ্ছে, তিনি বল্লেন তারা অনাহারে মারা যায় নি, আর লোক সেবক সংঘের লোকেরা বলছেন তারা অনাহারে মারা গিয়েছে—মন্ত্রিমহাশয়রা এই যে অস্বীকার করেন অনাহারে মারা গেলেও তার পিছনে কি রাজনৈতিক উদ্দেশ্য নাই? —নোংরা রাজনৈতিক উদ্দেশ্য?

[No reply]

Shri Sailendra Nath Adhikary :
মুখ্যমন্ত্রী মহাশয় বল্লেন পুরুলিয়ায় অনাহারে মৃত্যু হয় নি, তাহলে মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে বলবেন কি যে মৃত্যুগুলি হয়েছে সেগুলি কি অতি আহারের ফলে হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen :
আমাদের দেশে রোজই কেউনা কেউ মৃত্যুমুখে পতিত হচ্ছে। যে দেশে মৃত্যুর হার দিন দিন কমে আসছে সেই দেশে মরণে পর রোগেই মরে, অনাহারে মরে না।

Shri Sailendra Nath Adhikary :
কি রোগে মারা গিয়েছে ইনভেষ্টিগেশন করা হয়েছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
প্রত্যেকটি কেস-এ করা হয়েছে।

Shri Anadi Das :
মুখ্যমন্ত্রী মহাশয় এই যে উত্তর দিলেন লোক সেবক সংঘ এই কাজ করছে—এই ব্যাপারে জুডিসিয়াল এনকোয়ারি বসাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen :
না, মোটেই প্রয়োজন মনে করিনা, জুডিসিয়াল এনকোয়ারি বসাব না।

[Noise and interruptions]

Shri Jamini Bhusan Saha :
জুডিসিয়াল এনকোয়ারী করতে ভয় পান কেন?

The Hon'ble Prafulla Chandra Sen :
মোটেই ভয় পাই না—আমার ধ্রুব বিশ্বাস এগুলি একেবারে অসত্য—আমি জুডিসিয়াল এনকোয়ারী বসাব না।

[Noise and interruptions]

Shri Jamini Bhusan Saha :
পুরুলিয়া এবং সুন্দরবনে আপনারা যে টাকা দিয়েছেন, কত লোককে দিয়েছেন? লোন গ্যাচুইটাস রিলিফ টাকা ইত্যাদি কত দিয়েছেন, কতদিনে দিয়েছেন?

The Hon'ble Abha Maiti :
এক লক্ষ পাঁচ হাজার সত্তর, এপ্রিল, মে এবং জুন মাসে পর পর বেড়েছে—আগে ছিল ৩৫ হাজার—যেমন যেমন টেষ্ট রিলিফ করেছে তেমনি ডোল বেড়েছে।

Procedure of raising a question of privilege

Shri Anadi Das :
অন এ কোশ্চেন অব প্রিভিলেজ, স্যার, যখন অনাহারে মৃত্যুর মত বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে হাউস ইজ ডিভাইডেড এবং আমরা যারা তদন্ত করে দেখে এসেছি সকলেই বলছেন অনাহারে মৃত্যু হয়েছে, সরকার বলছেন হয় নি, এই ব্যাপারে কেন জুডিসিয়াল এনকোয়ারী হবে না?

Mr. Deputy Speaker : That question does not arise

Shri Jamini Bhusan Saha :
অন এ পয়েন্ট অব প্রিভিলেজ কিছু সংখ্যক সদস্য মনে করছেন—তাঁরা এনকোয়ারী করে দেখেছেন অনাহারে মৃত্যু হয়েছে গভর্নমেন্ট বলছেন, না।

Mr. Deputy Speaker :
কিছু সংখ্যক সদস্য মনে করলে হবে না, ইট ইজ ডেমক্র্যাসি হিয়ার, মেজরিটিকে মনে করতে হবে।

Shri Nikhil Das:

স্যার, হোয়াট ইজ ডেমক্র্যোসি? ডেমক্র্যোসি কি মেজরিটির ব্রুট ফোর্স, না মাইনরিটিরও কিছু অংশ আছে তাতে?

Shri Jamini Bhusan Saha :

একজন সদস্য, তিনি বলেছেন যে, পুরুলিয়ায়, তদন্ত করে তিনি বলেছেন অনাহারে মৃত্যু হয়েছে, এবং এই সভায় মুখ্যমন্ত্রী, তিনি বিধানসভার লিডার, তিনি বলছেন, না, অনাহারে মৃত্যু হয় নি—এই অবস্থায় তাহলে প্রমাণিত হয়ে যাচ্ছে, যে সদস্য অনাহারে মৃত্যু হয়েছে বলেছেন তাঁকে মিথ্যাবাদী প্রমাণ করবার চেষ্টা করছেন। সুতরাং এই প্রশ্ন আজকে ডেমক্রেসির মেজরিটি, মাইনরিটির প্রশ্ন নয়, সভার সদস্যদের অধিকারের প্রশ্ন এবং এই অধিকার ক্ষুণ্ণ হয়েছে কিনা। সুতরাং এই জিনিসটা প্রিভিলেজ কমিটিতে যাক।

Mr. Deputy Speaker:

আমি মনে করি এতে ব্রীচ অব প্রিভিলেজ হয় নি, এটা প্রিভিলেজ-এর প্রশ্ন নয়।

[12-20—12-30 p.m.]

Shri Nikhil Das:

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। স্যার, আমরা নিশ্চয়ই এই আশা করব যে মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে সত্য ভাষণ দেবেন। মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে অনাহারে মৃত্যু হয়নি—এটি অসত্য ভাষণ। হেমন্তবাবু, ত্রিদিববাবু, এন, সি, চ্যাটার্জী প্রভৃতিরা পুরুলিয়া ঘুরে এসে বলেছেন যে অনাহারে মৃত্যু হয়েছে এবং তাঁদের কথা বিশ্বাস করি। কাজেই মুখ্যমন্ত্রী মহাশয় অসত্য ভাষণ দিয়েছেন কিনা সেটা বিচারের জন্য প্রিভিলেজ কমিটিতে পাঠান হোক।

Mr. Deputy Speaker:

আপনি লিখে দিন।

Dr. Kanai Lal Bhattacharya :

স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় হাউসের সামনে অসত্য ভাষণ করে হাউসের প্রিভিলেজ নষ্ট করেছেন এবং তার জন্য তাঁর কনটেম্‌প্ট অব হাউস-এ পড়া উচিত। আমি যে প্রিভিলেজ মোসান আনছি সেটা আপনি এ্যাডমিট করুন এবং এটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক এবং সাক্ষী নেওয়া হোক যে মুখ্যমন্ত্রী সত্য কথা বলেছেন না হেমন্তবাবু প্রভৃতিরা সত্য কথা বলেছেন।

Mr. Deputy Speaker:

মিঃ ভট্টাচার্য, আপনি এটা লিখে দিন।

The Hon'ble Abha Maiti :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অনাহারে, অনসনে মৃত্যুর কথা উঠেছে এবং আমি যদিও জানি না তবে লোক সেবক সংঘ কর্তৃক কিছু সংখ্যা দেওয়া হয়েছে এবং দিনের পর দিন তার সংখ্যা বাড়ছে। "দৈনিক বসুমতী", "আনন্দবাজার পত্রিকা" এবং "অমৃতবাজার পত্রিকায়" কয়েকটি নাম বেরিয়েছিল এবং আমরা সেগুলি তদন্ত করেছি। আমি এখানে কয়েকটি নাম পড়ব তাতেই আপনি বুঝতে পারবেন যে মুখ্যমন্ত্রী মহাশয় সত্য ভাষণ দিয়েছেন না অসত্য ভাষণ দিয়েছেন। স্যার, লোক সেবক সংঘ কর্তৃক প্রচারিত সংবাদের মধ্যে ২টি নাম ছিল—মোহন সর্দার এবং তার মেয়ে। মোহন সর্দার কয়েকমাস আগে—অর্থাৎ ডিসেম্বর মাসে ঝরিয়া কলিয়ারিতে কাজ করতে গিয়েছিল এবং সেখানেই সে মারা গিয়েছে। তারপর তার মেয়ের অনাহারে মৃত্যু হয়েছে বলে যা বলা হয়েছে তাতে দেখছি তার বয়স মাত্র ৪ মাস। স্যার, এই হাউসের বিরোধী দলের সদস্যেরা কতখানি যে সত্য কথা বলছেন সে সম্বন্ধে জানাতে চাই যে, যে শিশুর বয়স মাত্র ৪ মাস এবং যার মা বেঁচে রয়েছে সে কি করে অনাহারে মরে এবং সে কি করে পুরুলিয়ায় মারা যায় সেটা আমি বুঝতে পারছি না।

[Noise and interruptions]

Shri Nikhil Das:

স্যার, আমাদের পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে................................

Mr. Deputy Speaker:

আপনি পয়েন্টস্‌ লিখে দিন তারপর আমি আমার রুলিং দেব।

Shri Jamini Bhusan Saha :
স্যার, এতে দেখবার কি আছে, এটা নিশ্চয়ই একটা পয়েন্ট অব প্রিভিলেজ।

Mr. Deputy Speaker:

আপনি নূতন এসেছেন তাই হয়ত জানেন না। প্রিভিলেজ মোসন এইভাবেই—আপনি রুলস্‌ পড়ে দেখুন।

[Noise and interruptions]

The Hon'ble Jagannath Kolay:

প্রিভিলেজ কমিটির ব্যাপারে আমাদের রুলস্‌ —এ রয়েছে যে, যদি প্রিভিলেজ কমিটিতে দিতে হয় তাহলে নোটিস দিতে হবে এবং তারপর উনি ডিসাইড করবেন এবং তখন ইট উইল গো টু দি প্রিভিলেজ কমিটি। হাউসে বললেই প্রিভিলেজ কমিটিতে দেওয়া হয়না।

Dr. Kanai Lal Bhattacharyya:
মুখ্যমন্ত্রিমহাশয় যা বলেছেন তার জন্য প্রিভিলেজ মোশন আনার প্রয়োজন নাই। তিনি এই হাউসের সামনেই বলেছেন এবং তার জন্য যে তথ্যের প্রয়োজন তা আপনার নিজের কাছেই আছে।

[হট্টগোল]

Mr. Deputy Speaker:
এটা থাকলে হবে না, হাউসের প্রসিডিওর হচ্ছে লিখিত মোশন দিতে হবে।

Shri Hemanta Kumar Basu :
এর আগে প্রিভিলেজ কমিটিতে যেসব বিষয় গিয়েছে সেগুলির জন্য লিখিত মোশন দিতে হয় নি, অমনি প্রস্তাব করেই সেগুলি প্রিভিলেজ কমিটিতে গিয়েছে, কখনও মোশন দেওয়া হয় নি।

Dr. Kanai Lal Bhattacharyya:
আমি আপনার কাছে রুল ২২৫টা পড়ে দিচ্ছি। (এ ভয়েস: ২২৬টাও পড়ুন) শুনুন, এখানে আছে প্রিভিলেজ নোটিশ কোশ্চেন আওয়ারের পর,
Sir, I would draw your attention to rule 225.
এর কোন জায়গায় একথা বলা নাই কোশ্চেন অব প্রিভিলেজ নোটিশ লিখিতভাবে দিতে হবে, এখানে আছে কোশ্চেন আওয়ারের পর হতে পারে, কিছুদিন আগে গত সেসনে আমি একটা প্রশ্ন তুলেছিলাম তাতে আমাকে লিখিতভাবে মোশন দিতে হয়নি, নোটিশ যে অলওয়েজ দিতে হবে তার কোন মানে নেই। এখানে মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন সংগে সংগে প্রিভিলেজের প্রশ্ন তোলা হয়েছে, সেটা প্রসিডিংসে আছে, রেকর্ডে আছে, আপনাকে দেখতে হবে প্রাইমা ফেসী কেস আছে কিনা।

[গোলমাল]

The Hon'ble Rai Harendra Nath Choudhury: Sir, I would draw the attention of the House to Rule 226.

[Noise and interuptions]

Dr. Kanai Lal Bhattacharya :
আপনাকে জাজ করতে হবে প্রাইমা ফেসী কেস আছে কিনা।
227. If the Speaker is satisfied that there is a prima facie case that a breach of privilege has been committed and that the matter is being raised at the earliest opportunity he may allow the member to raise the matter as a question of privilege.

Mr. Deputy Speaker:
আমি এই হাউসে আপনার কাছে শিখতে পারব না।

Dr. Kanai Lal Bhattacharyya:
আমি অবজেকশন নিচ্ছি, এটা কি? (গোলমাল) সবার কাছেই সবাই শিখতে পারে (গোলমাল)

Mr. Deputy Speaker:
আমি অন্য কিছু করতে চাইনি, আপনার কাছে লিখিত মোশন চাইছি, সেটা দেখে আমি ওপিনিয়ন দেবো একথাই আপনার কাছে অনুরোধ জানিয়েছি।

[12-30—12-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharyya:
আপনি এইমাত্র একটা উক্তি করে একজন অনারেবল মেম্বারের বিরুদ্ধে এ্যাসপার্সান এনেছেন।

Mr. Deputy Speaker:
কার বিরুদ্ধে?

Dr. Kanai Lal Bhattacharyya:
আমার বিরুদ্ধে। আপনি বলেছেন আপনি আমার কাছে শিখতে চান না। প্রত্যেকে প্রত্যেকের কাছে শিখতে পারে। কারোর এত শিক্ষাভিমান নেই যে তিনি বলতে পারেন আমি কারোর কাছ থেকে শিক্ষা গ্রহণ করতে চাইনা। কাজেই আমি মনে করি আপনি যে উক্তি করেছেন সেটা আপনি দয়া করে প্রত্যাহার করবেন।

Mr. Deputy Speaker:
আমি প্রত্যাহার করছি।

The Hon'ble Sankardas Banerji: Mr. Deputy Speaker, Sir, I am trying to assist the House, if honourable members will kindly permit me to explain the correct legal position. Chapter XX deals with the question of privilege. Rule 224 says, "Any member may, with the consent of the Speaker, raise a question involving a breach of privilege either of a member or of the House or of any committee thereof."
So, you will see, the consent of the Speaker is necessary. Article 225 says, "A question of privilege must be raised immediately after the questions and before the list of business for the day is entered upon." Therefore, Rule 225 lays it down perfectly clearly at what point of time you can raise a question of privilege. Then you will kindly see the following rule, Rule 226. It says, "A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Secretary before the commencement of the sitting on the day on which the question is proposed to be raised. If the question proposed to be raised is based on a document the notice shall be accompanied by the document." Then, there is Rule 227. It says, "If the Speaker is satisfied that there is a prima facie case that a breach of privilege has been committed and that the matter is being raised at the earliest opportunity he may allow the member to raise the matter as a question of privilege." Therefore, if any honourable member thinks that there has been breach of privilege, he is entitled to think so; there is no question about it. But the rules must be strictly complied with. It honourable members feel that there has been a breach of privilege, which again is a matter of opinion, I may feel there is no breach of privilege, on the other hand my friends in the opposition may feel there has been breach of privilege, then they have every right to raise a question of privilege. If they feel there has been a breach of privilege then the procedure must be strictly followed. As I have pointed out to the honourable members of this House from rule 225, a question of privilege must be raised immediately after the questions, that is, not during the questions, but before the list of business for the day is entered upon. If

any honourable member is labouring under a mistake that during questions he can raise the question of privilege, this, in my opinion, for whatever it is worth, cannot be done at this stage. When the questions are over, you can certainly raise the question of privilege when the days work begins and notice is given to the Secretary........

Dr. Kanai Lal Bhattacharyya: In writing ?

The Hon'ble Sankardas Banerji : Yes. The Speaker or the Deputy Speaker or the Chairman, whoever it is, must be satisfied that there is a prima facie case: that is to say, that the evidence before the House is enough for him to come to the conclusion that there has been a breach of privilege. If the Speaker feels that there is no prima facie case we have got to abide by the decision of the Speaker.

These are my respectful submissions.

Shri Anadi Das : I am one of those who went to Purulia.
মোহন সর্দার আপনি তদন্ত করবার জন্য ত্রাণমন্ত্রী যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা ঠিক নয়। সেজন্য আমাকে কিছু বলতে দেওয়া উচিত।

Mr. Deputy Speaker :
এটাতে আর আলোচনার কিছু নেই। আপনি বসুন।

Shri Hemanta Kumar Basu :
আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে মোহন সর্দার সেখানে খেতে না পেয়ে কোলীয়ারীতে কাজ করতে গিয়েছিল কিনা?

The Hon'ble Abha Maiti :
মাননীয় হেমন্তবাবু এটা নিশ্চয়ই জানেন যে প্রত্যেক বছর পুরুলিয়া, মেদিনীপুর, বাঁকুড়া প্রভৃতি অংশ থেকে বহু লোক বহু জায়গায় কাজ করতে যায়। হতে পারে মোহন সর্দার ভাল কাজের সন্ধানে বাইরে গিয়েছিল।

Shri Hemanta Kumar Basu :
না খেতে পেয়ে গিয়েছিল কিনা বলুন?

The Hon'ble Abha Maiti :
আমি তামাসা করিনা।

Shri Cirish Mahato:
আপনি যখন পুরুলিয়ায় যান তখন ইনকোয়ারী করেছিলেন কি?

The Hon'ble Abha Maiti :
আমি বিনা ইনকোয়ারীতে হাউসের সামনে কিছু বলি না।

Mr. Deputy Speaker :
আপনি এবার অনুগ্রহ করে বসুন, আর সময় নষ্ট করবেন না।

Shri Cirish Mahato:
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের জনৈক মেম্বারকে বল্লেন যে বামপন্থী সদস্য যারা তাদের কথা আপনি শুনবেন না--তাহলে এখানে কি সংখ্যালঘুদের বলার কোন মূল্য নেই?

Shri Birendra Narayan Roy:
স্যার, নেপালবাবু এখানে এসে বড় ডিস্টার্ব করছেন।

Shri Anadi Das :
পুরুলিয়াতে চৌধুরীদের সম্পর্কে তদন্ত করা হয়েছে, কিনা

[No reply]

[Noise and interruptions]

Aid to the tribal people for litigation purpose

*90. (Admitted question No. *556.)

Shri Birendra Narayan Ray:
গত ১লা এপ্রিল ১৯৬৩ তারিখে প্রদত্ত অতারকিত ৫১১নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের আদিবাসীদের (১) মামলা পরিচালনার জন্য, এবং (২) ঐ শ্রেণীর নেতাদের দান হিসাবে কত অর্থ সরকার কোথায় দিয়াছেন; এবং

(খ) আদিবাসীদের মধ্যে কোন্ কোন্ ব্যক্তি নেতা বা সাহায্য পাইবার উপযুক্ত এ সকল ব্যাপার কিভাবে স্থিরীকৃত হয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:
(ক) নিম্নে রক্ষিত বিবরণী "ক" দ্রষ্টব্য।

(খ) তৃতীয় পঞ্চবার্ষিক যোজনায় আদিবাসী নেতাদের পুরস্কার দিবার কার্যসূচীটি গৃহীত হয় নাই। কাজেই ইহাদের এখন আর পুরস্কার দেয়া হয়না।

স্থাবর সম্পত্তি বিষয়ক মামলায় ব্যয় নির্বাহের জন্য আদিবাসীগণ জেলা শাসকের নিকট আবেদন করিলে জেলাশাসক অনুসন্ধানাদির পর আপাত দৃষ্টিতে যদি মনে করেন যে যথার্থ কারণেই তাহাকে মামলা করিতে হইয়াছে তবে সে সরকারী সাহায্য পাইয়া থাকে।

Statement referred to clause (Ka) of starred question No. 90

বিবরণী "ক"

মুর্শিদাবাদ জেলায় আদিবাসীদের মামলা পরিচালনার জন্য এবং আদিবাসী নেতাদের পুরস্কার প্রদানের জন্য ১৯৬০-৬১, ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে ব্যয়িত অর্থের হিসাব:

বৎসর:	মামলা পরিচালনার অনুদান	আদিবাসী নেতাদের পুরস্কার প্রদান:
১৯৬০-৬১	নবগ্রাম থানায়-৭২ টাকা	বহরমপুর থানায়—১০০ টাকা
		বারওয়ান থানায়—১০০ টাকা
		নবগ্রাম থানায় ৩০০ টাকা
		সাগরদীঘি থানায় -৩০০ টাকা
১৯৬১-৬২	——	——
১৯৬২-৬৩	——	——

Shri Birendra Narayan Ray:
আপনি শুধু মুর্শিদাবাদ জেলার কথা বল্লেন বাদবাকী জেলা সম্বন্ধে কি হল?

The Hon'ble Saila Kumar Mukherjee:
সমস্ত পশ্চিম বাংলার তথ্য সংগ্রহ করতে গেলে সময় লাগবে।

Shri Birendra Narayan Ray:
আপনি পার্টিয়াল অ্যানসার দিলেন কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:
এর আগের প্রশ্ন ছিল এই জেলায় কত সেজন্য সেটা দেয়া হয়েছে।

Shri Birendra [illegible] Ray:
[illegible] করেছেন ছিল সমস্ত পশ্চিমবঙ্গে।

The Hon'ble Saila Kumar Mukherjee:
আমি তো বললাম সেটা বহু সময় সাপেক্ষ।

Shri Anadi Das:
মন্ত্রিমহাশয় কি বলবেন যে তিনি খোঁজ নিয়ে একটা টাইম লিমিট দেবেন কিনা যে এত দিনের মধ্যে উত্তর দিতে পারি?

Mr. Deputy Speaker:
আপনি নোটিশ দিন।

[12-40—12-50 p.m.]

Shri Narayan Choubey:
এই প্রশ্ন কবে পেয়েছেন তিনি জানাবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:
১৮ই জুলাই।

Shri Nani Bhattacharjee:
মাননীয় মন্ত্রিমহাশয় কি এই প্রশ্নটা পড়েননি?

The Hon'ble Saila Kumar Mukherjee:
আরেকটা প্রশ্নের সংগে এটা সংলগ্ন ছিল। সারা পশ্চিম বাংলায় আদিবাসীদের অন্ততঃ এক হাজার সেন্টার আছে, সুতরাং একটু সময় সাপেক্ষ।

Shri Birendra Narayan Ray:
আদিবাসীদের মধ্যে কারা কারা নেতা?

The Hon'ble Saila Kumar Mukherjee:
এটা দু বৎসর আগেই বন্ধ হয়ে গিয়েছে। এখানে নেতাদের নাম নাই।

Shri Birendra Narayan Ray:
নেতা কে এটা কে স্থির করেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:
এটা ৩ বৎসর আগে হয়েছে, এখন এটা জানবার সময় নয়।

Shri Sanat Kumar Raha:
জেলা শাসকের কাছে কয় মাসের মধ্যে উত্তর পাওয়া যাবে বা সাহায্য পাওয়া যাবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:
সরকারের নিয়ম অনুযায়ী যথা শীঘ্রসম্ভব, ইচ্ছাপূর্বক বিলম্ব করা হয় না।

Shri Birendra Narayan Ray:
মুর্শিদাবাদ জেলার যারা কংগ্রেসের বেনামদার তাদের কি সরকার থেকে সাহায্য দেওয়া হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:
জেলা ম্যাজিস্ট্রেটের অনুমোদন ব্যতীত কিছুই দেওয়া হয়না।

Shri Jaharlal Banerjee:
সরকার কি জানেন যে, এই সমস্ত নেতাদের নাম এডভাইসরি কমিটি অ্যাপ্রুভ করেন এবং সেই এডভাইসরি কমিটিতে বিরোধী দলের সদস্য আছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:
কেন্দ্রীয় সরকারের নির্দেশে এটা বন্ধ হয়ে গিয়েছে। সুতরাং এই প্রশ্ন উঠে না।

Shri Anadi Das :
এই [illegible] কিন্তু তাকে বিরোধী [illegible]?

[No reply]

Shri Birendra Narayan Ray:
মন্ত্রিমহাশয় বল্লেন জেলা ম্যাজিস্ট্রেট ঠিক করেন, জহরলালবাবু বল্লেন প্লান কমিটি ঠিক করেন, এটা কি কনট্রাডিকশন নয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:
না, এর মধ্যে কোন কনট্রাডিকশন নাই, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর অনুমোদনের পর ডিস্ট্রিক্ট এডভাইসরি কমিটি-র মাধ্যমে সরকারের কাছে আসে।

Shri Birendra Narayan Ray:
আপনি কি এই সদস্যদের নাম বলতে পারেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:
না, নোটিশ দিলে নিশ্চয়ই বলতে পারব।

Messrs. Bangeswari Cotton Mills Ltd.

***91.** (Admitted question No. *576.) **Shri Panchu Gopal Bhaduri :** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware that Messrs. Bangeswari Cotton-Mills Ltd. of Serampore have violated and broken the letter and spirit of the Industrial Truce Resolution ; and

(b) if so, what steps, if any, have been taken by Government in this respect ?

The Hon'ble Bijoy Singh Nahar : (a) Government are aware that in some cases Messrs. Bangeswari Cotton Mills Ltd. of Serampore have violated the spirit of the Industrial Truce Resolution.

(b) The disputes have either been settled at the intervention of the Labour Directorate or referred to the Industrial Tribunals for adjudication.

Instances of violation have also been brought to the notice of the management.

Shri Panchu Gopal Bhaduri :
কর্তৃপক্ষ কোন্ কোন্ বিষয়ে ইনডাস্ট্রিয়াল কোড ভায়োলেট করেছিলেন?

The Hon'ble Bijoy Singh Nahar :
আমার যতদূর জানা আছে
discontinuance of C shift, working of major number of looms and non-payment of statutory leave wages to a number of workers.

Shri Panchu Gopal Bhaduri :
মাননীয় মন্ত্রিমহাশয় এরকম কোন কমপ্লেন্ট পেয়েছেন কি যে, ৫০০ ওয়ার্কার্স ষ্ট্যাটুটারি লিভ ডিউজ পায়নি, কয়েক শত ব্যাকওয়েজ পয়নি, এবং ৫০০ মতো ওয়ার্কার্স সিক লিভ ডিউজ পায়নি?

The Hon'ble Bijoy Singh Nahar :
আমার কাছে ডিটেলস নেই, এটুকু বলতে পারি যে, ত্রিপক্ষীয় যে আলোচনা হয়েছিল তাতে এসব ব্যাপারে নিষ্পত্তি হয়ে গিয়েছে।

Shri Panchu Gopal Bhaduri :
ত্রিপক্ষীয় আলোচনা প্রত্যেকটা শর্ত মিল কর্তৃপক্ষ ভেঙ্গেছেন এই রকম কোন অভিযোগ পেয়েছেন?

The Hon'ble Bijoy Singh Nahar :
কোম্পানী জানিয়ে দিয়েছে
payment of wages and all other dues to the workmen have since been regularised.

Shri Panchu Gopal Bhaduri :
এবার কোন অভিযোগ, পেয়েছেন কি শ্রমিকদের তরফ থেকে যেখানে দুটো শ্রমিক ইউনিয়ন আছে, INTUC এবং ADTUC

The Hon'ble Bijoy Singh Nahar :
বঙ্গেশ্বরী কটন মিলের ইউনিয়নের তরফ থেকে একটা পাওয়া গিয়েছিল।

Shri Panchu Gopal Bhaduri :
ষ্ট্যাট্যুটারি লিভ রুলস ছাড়া লে অফ করা হয়েছিল এবং ওয়েজ ওয়ার্ক-লোড পড়ে তার বেনিফিট পাবলিককে দেওয়া হয়নি ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস ভাওলেট করে এটা কি সত্য?

The Hon'ble Bijoy Singh Nahar :
কোন্ কোন্ বিষয়ে তাঁরা ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস ভাওলেট করেছিলেন সেটা আগেই জানিয়েছি।

Shri Panchu Gopal Bhaduri :
গভর্নমেণ্ট কি মনে করেন যে এই রকম মালিক যাঁরা ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজলিউশন প্রায় সবধারা এবং শ্রমিকদের স্বার্থ সংরক্ষণের যে আইন তা ভঙ্গ করেছেন এ'দের সম্পর্কে আইনতঃ কোন ব্যবস্থা অবলম্বন বা ভারতরক্ষা বিধি অনুসারে কোন ব্যবস্থা গ্রহণের প্রয়োজন নাই?

The Hon'ble Bijoy Singh Nahar :
ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজলিউশন কোন আইনগত ব্যাপার নয়। এই ক্ষেত্রে আইনের বিধি প্রয়োগ করা সম্ভব নয়।

Shri Panchu Gopal Bhaduri :
এটা ভাঙ্গলে কোন ব্যবস্থা গ্রহণের সম্ভাবনা আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar :
সেক্ষেত্রে ইমপ্লিমেণ্টেশন কমিটি বা সেই রকম যে অর্গানাইজেশন আছে তাদের জানাতে হয়।

Shri Sailendra Nath Adhikary :
ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস ভেঙ্গেছে কয়েক মাসের মধ্যে এই রকম কোম্পানীর সংখ্যা আপনার কাছে আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar :
নোটিশ দিলে বলতে পারব, এখন আমার কাছে নাই।

Shri Panchu Gopal Bhaduri :
এই যে কোম্পানী ভায়োলেট করছে, লিগাল ডিউজ দিচ্ছে না এবং ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজিউলেশন-এর স্পিরিট ভায়োলেট করছে এই রকম কোম্পানীর লাইসেন্স ক্যানসেল করার কথা ভাবছেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:
না।

Shri Jamini Bhusan Saha:
আপনি কি জানেন ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজিউলেশন ভায়োলেট করার জন্য শ্রমিকদের ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
ইন্ডাষ্ট্রিয়াল ট্রুস ভায়োলেট করার জন্য গ্রেপ্তার করা হয়নি।

Shri Jamini Bushan Saha:
প্রোডাকশন স্লো ডাউন করার জন্য অ্যারেস্ট করা হয়েছে ডিফেন্স অফ ইণ্ডিয়া রুল-এ এটা জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:
স্লো ডাউন করার জন্য অ্যারেস্ট করা হয় নি, অন্য কোন চার্জ-এ হবে।

Shri Jamini Bushan Saha:
ইন্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজিলিউসান হয়েছিল উৎপাদন অব্যাহত রাখবার জন্য, উৎপাদন ব্যবস্থার গণ্ডগোলের অভিযোগে কোন শ্রমিককে ডি আই রুল-এ অ্যারেস্ট করা হয়েছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:
নোটিশ দিলে বলতে পারব, বর্তমানে এটুকু বলতে পারি যে, ইন্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজিউলেসন মারফৎ অ্যারেস্ট করার ব্যবস্থা নাই, এবং করাও হয় নি।

[12-50—1 p.m.]

Shri Narayan Choubey:
আপনি এইমাত্র বললেন স্লো ডাউন করবার জন্য ডি, আই, রুলস এ্যাপ্লাই করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে স্লো ডাউন করবার জন্য ডি, আই, রুলস-এ অ্যারেস্ট করা হয়েছে কি?

The Hon'ble Bijoy Singh Nahar:
নোটিশ চাই।

Shri Jamini Bushan Saha:
আপনি কি জানেন কিছুদিন আগে পলতার জয় কারখানায় ১০জন কর্মী যারা ট্রেড ইউনিয়নের এক্সিকিউটিভ মেম্বার তাদের গ্রেপ্তার করা হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:
এ থেকে এই প্রশ্ন যদিও ওঠেনা তবে নোটিশ দিলে বলতে পারি।

Shri Gopal Banerjee:
বঙ্গেশ্বরী কটন মিলের মালিকরা ইন্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজলিউসন ভঙ্গ করে প্রডাকসন হ্যাম্পার করেছে বলে কি আপনি মনে করেন?

The Hon'ble Bijoy Singh Nahar:
কাজ যদি না চলে তাহলে নিশ্চয়ই প্রডাকসন কমে যাবে, তবে এই জন্য কমেছে কিনা আমি বলতে পারি না।

Shri Gopal Banerjee:
মজুরদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয় কাজেই আমার প্রশ্ন হচ্ছে প্রডাকসন যদি কমে যায় তাহলে এ'দের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি বারে বারেই বলেছি যে, ইন্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজলিউসন-এর ব্যাপারে আইনগত ব্যবস্থা করা আমাদের পক্ষে সম্ভব নয়। আমরা তাদের জানাই এবং তাদের পেরেন্ট অর্গানাইজেসন-কে জানাই এবং শ্রমিকরা যদি ভঙ্গ করে তাহলে তাদের ইউনিয়ন-কে জানাই। তারা এটা স্বেচ্ছায় মেনে নিয়েছে এবং সেইভাবে কার্যকরী করার চেষ্টা হচ্ছে।

Shri Narayan Choubey:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, স্লো ডাউন করলে, লক আউট করলে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এ শাস্তি দেবার বা অ্যারেস্ট করবার প্রভিসন আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar :
অনেক জায়গায় আছে।

Shri Gopal Banerjee:
মালিকদের বেলায় একরকম আর শ্রমিকদের বেলায় ডি, আই, রুলস—এটা কি রকম ব্যবস্থা?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি ডি. আই, রুলস-এর কথা বলিনি, ইন্ডাস্ট্রিয়াল ট্রুস-এর কথা বলেছি।

Shri Gopal Banerjee:
শ্রমিক যদি স্লো ডাউন করে তাহলে ডি, আই, রুলস প্রয়োগ করা হয় কাজেই আমার প্রশ্ন হচ্ছে মালিকরা যদি ইন্ডাস্ট্রিয়াল ট্রুস ব্রেক ডাউন করে প্রডাকসন হ্যাম্পার করে তাহলে তাদের বিরুদ্ধে ডি, আই, রুলস প্রয়োগ করা যাবে কিনা এবং এরকম কোন নজীর আছে কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:
এই প্রশ্ন থেকে ডি, আই, রুলস-এর প্রশ্ন আসেনা কাজেই এ সম্বন্ধে আমি আর কিছু বলতে পারব না।

Election of Konnagar Municipality

***92.** (Admitted question No. *578.) **Shri Panchu Gopal Bhaduri :** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state whether there will be elections in the coming winter for the Konnagar Municipality ?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : (এ) নো, আন্টিল দি সাসপেনসন্ পিরিয়ড ইজ ওভার।

শ্রীগোপাল ব্যানার্জী : সাস্পেন্ড হয়ে কতদিন থাকবে বলবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : ইট ওয়াস্ সুপারসিডেড ফর এ পিরিয়ড অব টু ইয়ার্স

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : নভেম্বর থেকে মার্চ মাসের মধ্যে প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে যখন ইলেকসন হয়েছে তখন কোন্নগরে মিউনিসিপ্যালিটিতে ইলেকসন হোলনা কেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে হচ্ছেনা, বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুসারে যেখানে যেখানে ডিউ হয়েছে তাদের হয়েছে।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী : যে অবস্থার ভেতর দিয়ে এবং যে যে কারণে কোন্নগরে মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করা হয়েছে তাতে মন্ত্রীমহাশয় কি এটা মনে করেন না যে এটা অন্যায় করা হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee :
জেলা শাসক তাঁর রিপোর্টে ডেডলক, ম্যালএ্যাডমিনিস্ট্রেসন প্রভৃতি চার্জ সুস্পষ্টভাবে না দিলে সরকার সুপারসেসন্ করেন না।

Shri Panchu Gopal Bhaduri:
মিউনিসিপ্যালিটির রুলিং পার্টি অপজিসনকে ভয় দেখিয়ে এবং গভর্ণমেন্ট-এর তরফ থেকে ডি, আই, রুলস-এ অ্যারেস্ট করিয়ে যদি ডেড লক সৃষ্টি করা হয় তাহলে সুপারসিড করা হয় কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:
নো।

Shri Anadi Das:
[illegible] সুপারসেশন-এর অবস্থাকে হ্যাপি বলে মনে করেন কিনা এবং যদি না করেন তাহলে তাড়াতাড়ি শেষ করবার কথা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:
হ্যাপি বলে মনে করিনা। তবে আইন যদি বলে, জনসাধারণ যদি চায় এবং প্রস্তাব আসে তাহলে আইন অনুসারে সুপারসিড করা হয়।

Shri Anadi Das:
যদি তা না হয় তাহলে তাদের ইলেকসন ডিউ হবার আগে তাদের ইলেকসন করাবার কথা মনে করেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:
দ্যাট ইজ এ হাইপথেটিক্যাল কোশ্চেন হুইচ আই অ্যম আনেবেল টু অ্যানসার।

Shri Anadi Das:
কোন মিউনিসিপ্যালিটিতে ডিউ টাইমের আগে ইলেকশানের ইচ্ছা সরকারের আছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:
ডিউ টাইমের আগে ইলেকশন হচ্ছে না।

Implementation of the Industrial Truce Resolution

***93.** (Admitted question No. *596.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Industrial Truce Resolution is being implemented by the employers in the State since November, 1962

(b) if not, the names of the defaulters ;

(c) if it is a fact that large number of industrial disputes have since cropped up ; and

(d) what steps have been taken to adjudicate the industrial disputes and strictly enforce the Industrial Truce Resolution ?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি নেক্সট উইকে উত্তর দেবো, সময় নিতে চাচ্ছি।

Recruitment in Commercial Firms through Employment Exchanges

***94.** (Admitted question No. *597.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) how many industrial concerns and commercial establishment in West Bengal complied with the provisions of Compulsory Notification of Vacancies Act and recruited their employees through the various Employment Exchanges in the State from the 1st January, 1961, up to date ; and

(b) the number of employees so recruited in these industrial and commercial concerns during the said period ?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) 3109 industrial concerns and commercial establishment in the private sector in West Bengal have complied with the provisions of the Compulsory Notification of Vacancies Act during the period from 1st January, 1961 to 31st March, 1963. 12,979

employers used the Employment Exchanges during this period. According to the system of maintenance of statistics an employer is counted every time he uses the Employment Exchange.

(b) 20,050 during the period from 1st January, 1961, to 31st March, 1963.

Shri Kashi Kanta Maitra:
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ৩,১০৯ কনসার্নস কম্প্লাই করে কমপালসরি নোটিফিকেসন অব ভেকানসিজ এ্যাক্টএ আমার প্রশ্ন হচ্ছে এ ধরনের ইন্ডাষ্ট্রিয়েল কনসার্ন-এর মধ্যে প্রাইভেট সেক্টারে কিছু আছে, কিছু কমপ্লাই করেছে, সংখ্যাটা বললেন কিন্তু কতটি কমপালসরি নোটিফিকেশন অব ভেকানসিজ এ্যাক্ট এ্যাপ্লাই করেনি?

The Hon'ble Bijoy Singh Nahar:
মোট ৩,৬২৪টির মধ্যে ৩,১০৯টি কমপ্লাই করেছে। ৫১৫ জন সম্বন্ধে দ্বিধা ছিল, তাদের কাছে নোটিস দেওয়া হয়েছে, তার উত্তর এলে মিলিয়ে দেখলাম ২২ জনের উত্তর স্যাটিসফ্যাক্টরী হয়নি, ২২ জনের বেলায় ইন্সপেকশন করা হয়, এবং কতকগুলি জায়গায় দেখা গেল অন্যায় করেনি, যেখানে অন্যায় করেছে, তাদের কাছ থেকে লিখিয়ে নেওয়া হয়েছে, তারাও এখন থেকে করবে, সেজন্য তাদের প্রসিকিউট করা হয়নি।

Shri Kashi Kanta Maitra:
১৯৬১ সাল থেকে আপ টিল নাউ ২০,০৫০ জন কাজ পেয়েছে, এই পিরিয়ডে যদি মাত্র ২০ হাজার নোটিফিকেশনে এম্পলয়েড হয়ে থাকে, তাহলে এই যে তিন বছরে ২০ হাজার জন প্রাইভেট সেক্টারে কমপালসরি নোটিফিকেশন অব ভেকেনসিজ অ্যাকটে কাজ পেল তাতে মোট এমপ্লয়মেন্টের তুলনায় পারসেনটেজ কত?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি এটা বলতে পারি যে কোন মালিক বাধ্য নন যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে নাম গেলেই তার মধ্য থেকে নিতে হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যাদের নাম গিয়েছে তার মধ্য থেকে ২০ হাজার ৫০ জনকে নিয়েছে, এ ছাড়া বাইরে থেকে যাদের নিয়েছে তার ফিগার আমার কাছে নেই।

Shri Panchu Gopal Bhaduri:
যারা কমপালসরি নোটিফিকেশনে করেন নি, সেই সেমস্ত ইন্ডাষ্ট্রিয়েল এ্যাষ্টাব্লিশমেন্টের নাম ব্ল্যাক লিষ্ট করে এনাউন্স করবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:
তার দরকার নাই। তাদের সংগে কথাবার্তা হয়েছে, তারাও এবার থেকে করবে।

Shri Panchu Gopal Bhaduri:
কোন টাইম লিমিট করে দিয়েছেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:
কোন টাইম লিমিটের দরকার নাই।

Shri Panchu Gopal Bhaduri:
কমপালসরি নোটিফিকেশনে ভেকেন্সী ফিল-আপ করা সম্পর্কে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যে সংখ্যা যাবে তার মধ্যে আনস্কিলড লেবারদের প্রাইওরিটি দেওয়া হবে এই রকম কোন আইন বা নিয়ম করবেন কিনা জানাবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:
এখন এরকম কোন পরিকল্পনা নেই।

Mr. Deputy Speaker: Question time is over.

Starred question to which answer was laid on the table

Resignation of Roll Turners of Indian Iron and Steel Co. Ltd., Burnpur

*95. (Admitted question No. *620.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that 30 Roll Turners of Indian Iron and Steel Co. Ltd. of Burnpur were compelled to resign from their job on 3rd June, 1963; and

(b) if so—

(i) what are the reasons which forced these technical persons to resign; and

(ii) whether the Government intervened in the dispute?

The Minister for Labour: (a) 23 Roll Turners and 2 Improvers submitted voluntary resignation on 3rd June, 1963. On 4th June, 1963 another Roll Turner and two Improvers followed suit;

(b) (i) Does not arise;

(ii) The voluntary resignation took place during the pendency of conciliation proceedings which followed a bipartite agreement regarding industrial disputes raised by the Roll Turners. As resignation is not an industrial dispute, Government intervention is not called for.

[1—1-10 p.m.]

Question of Privilege

Shri Nikhil Das:

মিঃ ডেপ্‌টি স্পীকার, স্যার, কোয়েশ্চেন পিরিয়ডের পরে বিজনেস আরম্ভ করার আগে আমি আমার মোশান অব প্রিভিলেজ তুলতে পারি। আমি যে মোশানটা তুলতে চাচ্ছি সেটা হচ্ছে—

that the Chief Minister by making statements regarding starvation deaths of Purulia district during the session of the House which is untrue and in variance with some of the members of the House and has committed a breach of privilege of the House and is guilty of the contempt of the House.

Dr. Kanai Lal Bhattacharya:

আমি প্রস্তাবটা সমর্থন করছি।

Shri Sailendra Nath Adhikary:

আমিও প্রস্তাবটা সমর্থন করছি।

Mr. Deputy Speaker: I shall examine the case and shall let you know my decision on Monday next.

I have received 4 notices of calling attention on the following subjects, namely,—

(1) proposed strike in the Serampore Municipality—by Shri Panchu Gopal Bhaduri,

(2) grant of parole for Shri Jyoti Basu, M.L.A. up to his father's sradh ceremony—by Shri Bejoy Pal,

(3) crisis in implementation of 12,000 fishermen of Malda, Nadia and Murshidabad due to implementation of Nehru-Noon agreement—by Shri Sailendra Nath Adhikary,

(4) non-fulfilment of legal obligations on the part of the management of Bangeswari Cotton Mills—by Shri Panchu Gopal Bhaduri.

I have selected the notice of Shri Panchu Gopal Bhaduri on the subject of non-fulfilment of legal obligations on the part of the management of Bangeswari Cotton Mills. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible or give a date for the same.

The Hon'ble Bijoy Singh Nahar: I shall make the statement on Tuesday.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এই হাউসের এবং বিশেষ করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা খুব গুরুত্বপূর্ণ সংবাদের প্রতি। মুখ্যমন্ত্রী কিছুক্ষণ আগে ছিলেন, তিনি থাকলে ভাল হত। আজকে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড পত্রিকার প্রথম পৃষ্ঠাতে একটা গুরুত্বপূর্ণ সংবাদ পরিবেশিত হয়েছে। তাতে বলা হচ্ছে—

West Bengal Government will use D.I. Rules against profiteers in rice and paddy. As instructed by the Centre the West Bengal Government is going to use D.I. Rules against the profiteers and black-marketeers in rice and paddy, it is learnt. But this does not mean a reversal of the Chief Minister Mr. Sen's stand that price fixation is essential before action can be taken against dealers under the D.I. Rules. What the State Government is doing is that it will fix as soon as possible the profit of margin of wholesalers and other dealers in rice and paddy. These margins will be fixed by taking into account the transport cost and other incidental charges. Dealers will be required to display in their establishments the cost price and the percentage of profits fixed by the Government. If the sale price goes beyond that they will be liable to action under D.I. Rules.

এই হাউসে তিন দিন ধরে ফুডের উপর ডিবেট হয়েছে, অনাস্থা প্রস্তাব আলোচিত হয়েছে, কিন্তু মুখ্যমন্ত্রী আমাদের এই হাউসের কাছে এই হাউস চলাকালীন এই রকম একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জানান নি। আমরা জানতে চাই যে যদিও তাঁরা প্রাইস ফিক্সেশন করবেন না বলছেন কিন্তু তাঁরা মার্জিন অব প্রফিট ক্যালকুলেট করে দেবেন, কিন্তু কোন মার্জিন অব প্রফিট ন্যায়সঙ্গত হবে এবং কোনটা করলে ডি. আই. রুলের আওতায় আসবে সে সম্বন্ধে আমরা কিছু জানি না। এই হাউসে তাঁর কাছে দাবি এই যে তিনি এই সম্পর্কে একটা পলিসি স্টেটমেণ্ট করুন যে কোন পর্যন্ত দাম উঠলে ব্ল্যাক মার্কেটিং-এর আওতায় পড়বে বা পড়বে না। স্যার, আপনার কাছে অনুরোধ করছি যে এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন, মুখ্যমন্ত্রী হাউসে এসে একটা পলিসি স্টেটমেণ্ট করুন এবং আমাদের কাছে একটা এক্সপ্লেন করুন। কেন না, তা না হলে আমাদের কাছে এবং দেশের লোকের কাছে কনফিউসান বাড়বে।

The Hon'ble Jagannath Kolay:

আপনি যদি কলিং এ্যাটেনসান মোশান দেন তাহলে মুখ্যমন্ত্রী নিশ্চয়ই এ সম্বন্ধে বলবেন।

Shri Kashi Kanta Maitra:

স্যার, আপনি বুঝতে পারছেন যে এই সংবাদটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সংবাদ। বাংলাদেশে আমরা যখন এই নিয়ে এত আন্দোলন করছি, এই হাউসে যখন এত আলোচনা হয়ে গেছে তখন আমরা চাচ্ছি যে মুখ্যমন্ত্রী এই হাউসে একটা স্টেটমেন্ট করুন।

The Hon'ble Jagannath Kolay:

অল রাইট, তিনি একটা স্টেটমেন্ট করবেন।

GOVERNMENT BILL

The West Bengal Zilla Parishads Bill, 1962

Shri Panchu Gopal Bhaduri :

মিঃ ডেপুটি স্পীকার স্যার, এই জেলা পরিষদ বিল সিলেক্ট কমিটি হয়ে আমাদের কাছে যেভাবে এসেছে তাতে সেটা গ্রহণযোগ্য হয় নি। এর আগে যখন এই হাউসে লোকাল সেলফ গভর্নমেন্ট মিনিস্টার ঐ বিলটা এই হাউসে উপস্থিত করেন তখন তিনি খুব আবেগ দিয়ে গলা কাঁপিয়ে কাঁপিয়ে একটা বক্তৃতা করেছিলেন—সেই বক্তৃতা শুনলে মনে করতে ইচ্ছা হয়—যে একটা শিহরণ লেগেছে গায়ে, যেন আমাদের দেশের সমস্ত দিগন্ত উদ্ভাসিত করে সূর্যোদয়ের মত সর্বোদয় হতে চলেছে, গ্রাম্য জীবনে সর্বাঙ্গীন উন্নতি হবে এরকমভাবে খুব আবেগ দিয়ে একটা বক্তৃতা তিনি আমাদের সামনে করেছিলেন। কিন্তু যতই দিন যাচ্ছে ততই এই জেলা-পরিষদ বিলের যে স্বরূপ হবে সেটা খানিকটা খানিকটা আমাদের সামনে পরিষ্কার হতে বসেছে এবং এ সম্পর্কে আমি ২।১টা কথা এই হাউসে রাখতে চাই। এর আগেও আমাদের মূল আপত্তি আমরা জানিয়েছিলাম যে পরোক্ষ নির্বাচন এবং মনোনয়ন মারফৎ এই যে জেলা পরিষদ গঠিত হবে এতে আমরা একধাপ পিছিয়ে চলে যাচ্ছি—পূর্ণ বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন পরিচালিত হওয়া উচিত বলে আমরা মনে করি এবং সেটা এখানে প্রবর্তন করা উচিত। এই প্রথম মূল আপত্তি আমরা জানিয়েছিলাম। দ্বিতীয় কথা হচ্ছে, এর ভেতর একজিকিউটিভের উপর হস্তক্ষেপ বিভিন্ন যে সমস্ত ক্ষেত্রে রয়েছে সেগুলি সম্পর্কেও যথেষ্ট আপত্তিজনক জিনিস আছে, অর্থাৎ এই জিনিসটাকে যেভাবে দেখা যাচ্ছে তাতে পরোক্ষ নির্বাচন করে একটা পার্টীর কর্তৃত্ব মোটামুটি সুনিশ্চিত করেছেন—সেখানে ভয়াস পেতে পারেন না বর্তমান সরকার—কেননা বর্তমান সময়ে তাদের যে স্বরূপ সেটা একটুখানি সকলকে বুঝতে হবে। বর্তমান সময়ে যদি গ্রামাঞ্চলের দিকে, গ্রাম্য সমাজের দিকে আমরা তাকাই তাহলে এটা দেখতে পাবো না যে সমস্ত কৃষক জমি পেয়েছে, তারা উৎপাদনের সমস্ত সাজ-সরঞ্জাম এবং বীজ, সার, সেচের ব্যবস্থা সব পেয়েছে, পেয়ে তারা প্রাণপণে উৎপাদন বাড়াবার চেষ্টা করছেন—এই অবস্থা দেখা যাবে না, বরং দেখা যাবে যে ৭০।৮০ ভাগ কৃষক তারা অবিরাম শোষিত হচ্ছে এবং তাদের উপর শোষণ করছে প্রধানতঃ ৩।৪।৫ জন যে গ্রাম্যধনী তারা। দেশের শোষণ ব্যবস্থা দিন দিন অত্যন্ত তীব্র অত্যন্ত পীড়নমূলক হয়ে উঠছে এবং সেই শতকরা ৩ থেকে ৫ জন যে গ্রাম্য ধনী তারা গ্রাম পঞ্চায়েৎ, অঞ্চল পঞ্চায়েৎ এবং আগেকার জেলা বোর্ড বর্তমানে স্কুল বোর্ড সর্বত্র এবং কংগ্রেসের যে শাসনযন্ত্র সেই শাসনযন্ত্রকে প্রভাবিত করে কন্ট্রোল করে ব্যবসা করে। এইভাবে একটা মুষ্টিমেয় গ্রাম্য ধনীর শোষণরাজ প্রতিষ্ঠা হচ্ছে।

[1-10—1-20 p.m.]

কাজেই যদি প্রত্যক্ষ নির্বাচন হ'ত তাহলে অন্তত জনসাধারণের কাছে বার বার যেতে হোত এবং সেই যাওয়ার মধ্য দিয়ে একটা সুরাহা—কিছু কিছু ভাল রাস্তায় ভাবার সম্ভাবনা দেখা যেতো। সেটা না হয়ে পরোক্ষ নির্বাচন হয়ে সে পথ বন্ধ হয়েছে এবং গ্রামের যে ছবি—যে শোষণের ছবি, সমাজ বিভাগের, কৃষি সংস্কারের যে ছবি, কৃষির সাথে জমি সংস্কারের যে ছবি, সেখানে কৃষকের হাতে যারা চাষ করে খায়, যারা লাঙ্গল চালায় তাদের হাতে জমি দিতে অস্বীকার করার যে ছবি তাতে বেশ পরিষ্কার ভাবে ফুটে উঠেছে। সেখানে যারা অকৃষি যাদের বেনামে জমি রাখতে দিতে যে ব্যবস্থা করেছেন তাদের সেই অর্থনৈতিক অবস্থাকে অব্যাহত রেখে তার পর সেখানে জেলা পরিষদের মারফত সর্বোদয়ের আদর্শ প্রতিফলিত হচ্ছে—একথা চিন্তা করলে এই বিলকে উপহাস করা হয় জনসাধারণকে প্রতারণা করা হয়। সেজন্য যদিও সেদিন এর সংগে আর একটা বিষয়ের প্রতি আমরা জানিয়েছিলাম যে সিলেক্ট কমিটির মারফতে এসেও বিলের সেই ধারার পরিবর্তন হয় নি। সেটা যে সেকালের যে স্কুল বোর্ড তাতে এটা একটা সাব-কমিটি ও একটি স্ট্যান্ডিং কমিটি করা হবে। স্কুল বোর্ডকে অব্যাহত রেখে তাকে একটা স্ট্যান্ডিং কমিটিতে পরিণত করা এটা একটা স্বায়ত্বশাসনকে উপহাস করা ছাড়া আর কিছু নয়। কাজেই ঐ স্কুল বোর্ডকে ঐভাবে রাখা এটা মোটেই সমীচীন নয়। এটা নতুন সাজাতে হবে। জেলা পরিষদ বিলের এটা একটা প্রতিক্রিয়াশীল ধারা—একে হুবহু এর সংগে গেঁথে

দেওয়া হয়েছে। তাই এই দিক থেকে জেলা পরিষদকে সর্বজনের ভোটাধিকার ভিত্তিতে গ্রাম্য সমাজ ব্যবস্থাকে পরিবর্তনের দিক থেকে সরকারের অক্ষমতার দিক থেকে এবং একজিকিউটিভ অফিসারের বার বার বিভিন্ন অংশে হস্তক্ষেপ করার যে সুযোগ আছে সেদিক থেকে এবং ষ্ট্যান্ডিং কমিটির সংগে চূড়ান্ত দায়িত্বের দিক থেকে এর একটা প্রতিক্রিয়াশীল ভাব ফুটে উঠেছে আমরা দেখতে পাচ্ছি। কাজেই আমি আপনার সামনে বলবো যে খুব তাড়াতাড়ি করে এই জেলা পারিষদ বিলকে পাশ না করিয়ে এটা সম্পর্কে আরও বিবেচনা করা হোক এবং যদিও অনেকের—অনেক সদস্যের আপত্তির ভিতরে সিলেক্ট কমিটিতে পাশ হয়েছে তবুও এটা আবার বিচার করে নূতন করে একটা সিলেক্ট কমিটি করে প্রকৃত একটা ভাল বিল করা হোক। এটা সত্য যে কথা আজকে হাউসের ডেপুটি মিনিষ্টার বলেছেন যে ডেমোক্র্যাসী মানে হচ্ছে সংখ্যাগরিষ্ঠদের শাসন, সেটা আংশিক সত্য, পারসিয়েল ট্রুথ। এটা রুলড বাই দি কনসেন্ট অব দি মাইনরিটি —সংখ্যালঘুর সম্মতি নিয়ে শাসন করা। ডেমোক্র্যাসি সংখ্যালঘুকে পিষ্ট করে শাসন নয়। ডেমোক্র্যাসি নিশ্চয়ই সংখ্যাগরিষ্ঠের শাসন। কিন্তু সংখ্যালঘিষ্ঠের সম্মতি নিয়ে তাদের শাসন করতে হবে। অবশ্য আমাদের ডেপুটি স্পীকার মহাশয় এই হাউসে যে মত প্রকাশ করলেন যে ডেমোক্র্যাসী মানে সংখ্যাগরিষ্ঠের একটা ষ্টীম রোলার তারা যা খুশী তাই করতে পারবে এটা কিন্তু ঠিক নয়। ডেমোক্র্যাসী নিশ্চয়ই সংখ্যালঘিষ্ঠের মত নিয়ে চলবে এবং তারা এই মত না নিলে সংখ্যাগরিষ্ঠের মতেই শাসন হবে। কিন্তু সংখ্যাগরিষ্ঠের আন্তরিক চেষ্টা থাকবে যাতে সংখ্যালঘুর সম্মতি নিয়ে শাসন করতে পারেন। সেদিক থেকে আমি বলবো যে সে সিলেক্ট কমিটি আপনারা করেছিলেন তাতে সংখ্যালঘিষ্ঠের মত প্রতিক্রিয়াশীল ধারাগুলি পায় নি সেজন্য এই বিলটিকে উইথড্র করে, প্রত্যাহার করে আবার নূতন করে ঢেলে সাজান এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kamal Kanti Guha:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ জেলা পরিষদ বিল যেটা আমাদের সামনে এসেছে সে সম্বন্ধে গত দুই দিন ধরে আমাদের এই হাউসে আলোচনা হচ্ছে সে সম্বন্ধে আমি দুই একটী কথা বলতে চাই। এই বিল সম্বন্ধে আমাদের বিরোধী পক্ষ থেকে যে সমস্ত বক্তব্য রাখা হয়েছে আমি দেখছি সে সম্বন্ধে কোন কথাই আমাদের সরকার পক্ষের মনঃপূত হয় নি। তবুও যেহেতু আমরা জনসাধারণের প্রতিনিধি যেহেতু গ্রামীণ জীবনের সাথে জড়িত সেখানকার যে সমস্যা এই জেলা পরিষদ বিলের মধ্যে উঠবে বলে আমি মনে করি। সে সম্বন্ধে কয়েকটি কথা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই। মন্ত্রীমহাশয় বলেছেন যে এই জেলা পরিষদ বিল আইনে পরিণত হলে গ্রামীন জীবনের মধ্যে গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে, সাধারণ মানুষের হাতে ক্ষমতা আসবে এবং উন্নয়নমূলক কাজগুলি ধাপে ধাপে অগ্রসর হবে। এবং আমাদের অন্যান্য যে সব পরিকল্পনা আছে তা সার্থক হবে। এই ধরনের উদ্দেশ্য আমাদের কাছে রাখা হয়েছে। কিন্তু আমি মনে করি যে মাননীয় মন্ত্রিমহাশয় তিনি এর কতকগুলি সমস্যার দিকে চিন্তা করে দেখেন নি। যেমন এই বিলের মধ্যে এমন কোন জায়গায় কোন কথা বলা হয় নি যে গ্রামসভার সাথে বা অঞ্চল পঞ্চায়েতের সাথে আঞ্চলিক পরিষদের কি সম্বন্ধ রয়েছে। এই কথা পরিষ্কার ভাবে কোথায়ও বলা হয় নি। কিন্তু যদি আমরা আমাদের ক্ষমতাকে আজকে কেন্দ্রীভূত না করে আমরা বিকেন্দ্রীভূত করি তাহলে তার প্রথম সোপান হচ্ছে গ্রাম সভাগুলি সেই গ্রামসভার সাথে অঞ্চল পঞ্চায়েতের সাথে আঞ্চলিক পরিষদের সম্বন্ধ থাকা উচিত ছিল। এখানে বলা হয়েছে এই বিলে জেলা পরিষদ প্রয়োজন হলে আঞ্চলিক পরিষদ অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতকে সুপারশেসান করতে পারবে। এবং ডেভোলাপমেন্টের যে পরিকল্পনা থাকবে সে সম্বন্ধে এবং এই পলিসিটা কি হবে পরিষ্কার ভাবে মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কাছে বলেন নি। কাজেই আমরা দেখেছি এবং আমরা জানি যে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতকে সরাসরি নিয়ন্ত্রণ করেন বি ডি ও অফিস, পঞ্চায়েত ইন্সপেক্টার এবং পঞ্চায়েত সুপারভাইজাররা। এরা রয়েছেন, ব্লক ডেভোলাপমেন্ট অফিস রয়েছে তারা সরাসরিভাবে একে কন্ট্রোল করছেন। এই যে আঞ্চলিক পরিষদ গঠিত হবে এই আঞ্চলিক পরিষদের কতখানি ক্ষমতা থাকবে অঞ্চল পঞ্চায়েতের এবং গ্রাম পঞ্চায়েতের

উপর এটা পরিষ্কার রাখা দরকার। কেবল একটি জায়গায় বলা হয়েছে এই আঞ্চলিক পরিষদ গঠিত হবে এর এক্স-অফিসিও সেক্রেটারী হবে ব্লক ডেভালাপমেন্ট অফিসার। সেখানে আমাদের একটু বক্তব্য আছে যে বি, ডি, ও, যদি এর এক্স-অফিসিও সেক্রেটারী হন তিনি যদি আঞ্চলিক পরিষদের কর্মচারীদের এবং অফিসকে কন্ট্রোল করেন তাহলে আমার একটি সাজেশান রাখতে চাই। প্রথমত আমি মনে করি বি, ডি, ও, কে এক্স অফিসিও সেক্রেটারী করার কথা হচ্ছে না কারণ আমরা এই কথা জানি আজকে স্বীকার করতে লজ্জা নাই যে গ্রামের যারা অধ্যক্ষ প্রধান আসে তারা বেশীর ভাগ কৃষক শ্রেণীর মানুষ তারা সরল মানুষ তারা নিজেদের গ্রামের উন্নতি চান সেই উদ্দেশ্য নিয়ে তারা অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েত-এ নির্বাচিত হয়ে আসেন। কিন্তু তাদের নিজেদের সাংসারিক জীবন নিয়ে বৃত্তি নিয়ে তাদের এত ব্যস্ত থাকতে হয় যে দৈনন্দিন অফিসের কাজকর্মের দিকে খুব বেশী তরা নজর দিতে পারেন না। যার দরুণ আমরা দেখেছি তাদের পঞ্চায়েত সেক্রেটারী দেওয়া হয়েছে সরকারের তরফ থেকে এই ধরণের সাহায্য করবার জন্য। কাজেই সেখানে যদি ব্লক ডেভালাপমেন্ট অফিসাররা এক্স অফিসিও সেক্রেটারী হয় এবং তিনি যদি আঞ্চলিক পরিষদের যে সেক্রেটারী তিনি যদি কাজকর্ম কন্ট্রোল করেন তাহলে আমরা মনে করব ধীরে ধীরে ব্লক ডেভালাপমেন্ট অফিস এর আওতায় সম্পূর্ণ আঞ্চলিক পরিষদ এসে যাবে। সেটি একটি ঠুঁটো জগন্নাথ হয়ে দাঁড়াবে। সেজন্য আমার প্রথম বক্তব্য হচ্ছে এক্স অফিসিও বি, ডি, ও, কে করা উচিত নয়। কারণ বি, ডি, ও, অফিসের সাথে আঞ্চলিক পরিষদের সংঘাত কোন কোন ক্ষেত্রে অনিবার্য হয়ে দেখা দিতে পারে। কারণ এই আঞ্চলিক পরিষদের উন্নয়নমূলক কাজের জন্য তার পরিকল্পনা ঠিক করবে এবং ব্লকএর নিজস্ব কতকগুলি পরিকল্পনা আছে। হয়ত সেখানে দেখা যাবে এই সব প্রতিষ্ঠানের মধ্যে সংঘাত হয়ত দেখা দিচ্ছে। সেখানে বি, ডি, ও, অফিসার যদি এক্স অফিসিও সেক্রেটারী হয় তাহলে তিনি তার মতামত তিনি তার বক্তব্যকে জোর করে আঞ্চলিক পরিষদের উপর চাপিয়ে দেবার চেষ্টা করবেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে এক্স অফিসিও সেক্রেটারী কে হবে সেটা আঞ্চলিক পরিষদের উপর ছেড়ে দেওয়া উচিত। আমার দ্বিতীয় কথা মাননীয় মন্ত্রিমহাশয়, যদি মনে করেন বি, ডি, ও, এক্স অফিসিও সেক্রেটারী থাকবেন, তিনি না থাকলে কাজ ভাল ভাবে হবে না এবং সেটা যদি আমরাও স্বীকার করে নিই তাহলে আমরা একটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন আছে যে আঞ্চলিক পরিষদে আমরা দেখছি আপনারা কিছু কর্মচারী নেবেন তার একটি আলাদা এ্যাস্টাব্লিশমেন্ট হবে তার অফিস থাকবে। আমার বক্তব্য হচ্ছে আলাদা খরচ না করে আলাদা কর্মচারী নিয়োগ না করে তাদের বেতনের জন্য আলাদা খরচ না দিয়ে বি, ডি, ও, যদি এক্স অফিসিও থাকেন তাহলে ব্লক ডেভালাপমেন্টে-এর যে কাজ ব্লক ডেভালাপমেন্ট-এর যে অফিস সেটা আঞ্চলিক পরিষদের অফিস করে দেওয়া হউক। তাহলে অনেক বেশী খরচ বেচে যাবে বলে আমি মনে করি। আমার বক্তব্য হচ্ছে পঞ্চায়েতের সেক্রেটারীদের আঞ্চলিক পরিষদের কর্মচারীদের নেওয়া হউক।

[1-20—1-30 p.m.]

কারণ আমরা দেখি এই পঞ্চায়েতের সেক্রেটারীরা এরা বেশ শিক্ষিত এবং এদের মিনিমাম কোয়ালিফিকেশান স্কুল ফাইনাল পাশ এবং এদের সারভিস আজকে অনেক বেশী দিতে হচ্ছে। এবং এরা ব্লক অফিসার-এর নির্দেশে বি, ডি, ও,র নির্দেশে এরা গ্রামের সমস্ত কাজগুলি করে থাকেন যেগুলি অঞ্চল পঞ্চায়েতের থেকে প্রস্তাব গৃহীত হয় এবং ব্লক ডেভলাপমেন্টের অফিস থেকে নির্দেশ দেওয়া হয়। এই কাজগুলিকে এরা বাস্তব ক্ষেত্রে পরিচালিত করেন। সেজন্য আমার বক্তব্য হচ্ছে এদের আঞ্চলিক পরিষদের মধ্যে নিয়ে এসে এদের যদি বেতন ঠিক করে দেওয়া হয়, এদের চাকরী যদি স্থায়ী করে দেওয়া হয় তাহলে এদের হাত দিয়ে আমরা আরও বেশী সারভিস পাব। তারপর আরেকটী কথা বলা হয়েছে যে প্রত্যেক অঞ্চল থেকে ২ জন অধ্যক্ষ তাদের অধ্যক্ষদের ভোটে আঞ্চলিক পরিষদ নির্বাচিত হয়ে আসবেন। একটী কথা আমি গত দুই বছর ধরে শুনছি যে যখন আমরা একটা বক্তব্য জোরের সংগে তুলে ধরবার চেষ্টা করেছি যে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারে সকলে নির্বাচিত হউক তখন সরকার পক্ষ থেকে বলা হয়েছে এত খরচা বেড়ে যাবে ঝামেলা বেশী বাড়বে। এবং সারা বছর ধরে শুধু নির্বাচনই চলবে আসল কান কাজ হবে না। এটা আংশিক সত্য বলে আমি মনে করি। সেখানে

আমার একটা প্রস্তাব রয়েছে যে আপনারা বলছেন এক একটা অঞ্চল পঞ্চায়েতের অধীনে আছেন তাদের দুইজন প্রতিনিধি নির্বাচিত হলে আঞ্চলিক পরিষদে আসবেন। সেখানে আপনারা যদি প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের আপনারা নির্বাচন করেন অঞ্চল ভিত্তিতে তাহলে কিন্তু খরচ বেশী হবে না। আঞ্চলিক পরিষদে প্রতি অঞ্চল থেকে প্রাপ্ত বয়স্কের ভোটে একজন নির্বাচিত হয়ে আসবে। সেখানে আপনারা রাখছেন অধ্যক্ষদের ভোটে অধ্যক্ষ নির্বাচিত হয়ে আসবে। সেখানে আপনাদের একটা মেসিনারী সেট করতে কিছু মিনিমাম খরচ আপনাদের করতে হবে। কেননা নির্বাচনকে সুষ্ঠু ভাবে পরিচালিত করতে হলে কতকগুলি আইনকানুন আছে যেগুলি আপনাদের মেনে নিতেই হবে। তা যদি আপনারা করতে পারেন তাহলে প্রাপ্ত বয়স্কদের ভোটে একজন নির্বাচিত হয়ে আসবে আঞ্চলিক পরিষদ এটা দয়া করে স্বীকার করে নিন তাহলে আপনাদের যে সদিচ্ছা সেটা প্রমাণিত হবে। সেটা যদি না করেন শুধু বলেন ঝামেলা বেড়ে যাবে খরচ বেড়ে যাবে সেখানে আমি বলি আঞ্চলিক পরিষদে প্রাপ্ত বয়স্কদের ভোটে একজন প্রতিনিধি নির্বাচনের ব্যবস্থা করুন। প্রধানদের হাতে সেই নির্বাচনের ভার দিয়ে দিতে পারেন তাহলে খরচ বেশী হবে না এবং ঝামেলা বেশী হবে না। তাহলে খরচ বেশী বাড়বে না। আপনারা প্রধানের হাতে সেই নির্বাচনের ভার দিয়ে দিতে পারেন এবং এটা সহজেই হতে পারে। একটা কথা আপনারা বলেছিলেন যে—যদি কোন প্রধান আঞ্চলিক পরিষদে আসতে না চান তাহলে সেখানে অঞ্চল পঞ্চায়েতের মধ্য থেকে আপনারা একজনকে নির্বাচিত করে নিয়ে আসবেন। সেখানে বক্তব্য এটাকে আরও একটু ব্যাপক করে দিন যে কোন প্রধান যদি না আসতে চান ব্যক্তিগত অসুবিধার জন্য বা অন্যকোন কারণে তাহলে সেখানে অঞ্চল পঞ্চায়েতের মধ্যে সীমাবদ্ধ না রেখে সেখানে সমস্ত অঞ্চল পঞ্চায়েত যেমন স্কুল বোর্ড-এর ব্যাপারে করেছেন—কোন প্রধান যদি না আসতে চান সেখানেও সমস্ত অঞ্চল পঞ্চায়েত তাদের নির্বাচনে একজন প্রতিনিধি আনতে পারবেন সেই ব্যবস্থা করলে এটা তাহলে ব্যাপক হবে এবং তাতে আপনাদের উদ্দেশ্য সিদ্ধ হবে। আমার শেষ কথা—আমরা দেখেছি আজকে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত এদের যে পরিকল্পনার টাকা বাজেটে পান তাতে বছরের শেষেও দেখা যায় তারা সেই কাজ করতে পারছেন না। এদের অর্থের অত্যন্ত অভাব। সেজন্যে আজকে পরিষ্কারভাবে আলোচনা করা দরকার এই যে জেলা পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত এদের কাজের জন্য অর্থ কোথা থেকে পাবে। এদের সুনির্দিষ্ট সোর্সেস অব ইনকাম যদি না থাকে তাহলে এগুতে পারবে না। একটা কথার উপর জোর দিচ্ছেন—কন্ট্রিবিউশন বা লেভি-র উপর। আজকে অঞ্চল পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েতের মানুষ ট্যাক্স দিয়ে অস্থির হয়ে গিয়েছে তারা খেতে পাচ্ছে না—জমির খাজনা দিতে পারছে না। যদি খোঁজ নেন দেখবেন প্রত্যেকটি খাজনা অফিস থেকে জমির খাজনার জন্য দিনের পর দিন নোটীশ পাচ্ছে, সেই মানুষদের কাছে ট্যাক্স বা লেভি বা কন্ট্রিবিউশন-এর উপর নির্ভর করে আমরা এই ব্যাপক যজ্ঞে নামছি এটা হতে পারে না। সেজন্যে আমার বক্তব্য আজকে পরিষ্কার ভাবে আমাদের মধ্যে আলোচনা করে স্থির করা উচিত এদের ইনকাম কি হবে এবং সরকার কত টাকা দেবেন এবং তাদের উপর কত ট্যাক্স হবে। এসব ঠিক না করলে সমস্ত পরিকল্পনা বানচাল হবে বলে মনে করি।

Shri Monoranjan Bakshi:

মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, আজকে জেলা পরিষদ বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমরা দেখছি আমাদের জাতীয় সরকার সমাজতান্ত্রিক ধাঁচে যে সমাজ গড়বার পরিকল্পনা নিয়েছেন সেদিকে এই বিল বলিষ্ঠ, দৃঢ় পদক্ষেপ সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে আজকে পল্লীবাংলার মানুষ বহুদিন থেকে যে আশা এবং উৎসাহ নিয়ে এই জেলা পর্ষদকে যেভাবে চেয়েছিল সেইভাবে তাকে তারা পায় নি। উদাহরণ হিসাবে বলতে পারি যে সেটা হচ্ছে যেমন একটি বক একটি শৃগালকে নেমন্তন্ন করেছিল এবং কলসীর মধ্যে খাবার রেখে দেওয়ার শৃগাল একেবারেই খাবার খেতে পারল না—বকই সব খেয়ে নিল। পরবর্তীকালে শৃগাল বককেও নেমন্তন্ন করে থালার তলায় খাবার রেখে নিজেই চেটে চুটে খেয়ে নিল—বক কিছুই খেতে পারল না—নিরাশ হয়ে চলে গিয়েছিল—তেমনি এই জেলা পরিষদ বিল সম্পর্কে

গ্রামবাসীরা বহুদিন থেকে যে স্বপ্ন দেখছিল জানি না কার্যতঃ সে আশা পূরণ হবে কি না—বিশেষ করে যে আকার এবং চরিত্র নিয়ে এটা এসেছে সেজন্যে। কংগ্রেস বহুদিন থেকে বলছে আসছে জনসাধারণের কাছে তিল তিল করে সমস্ত ক্ষমতা বিলিয়ে দেবে, কিন্তু আমার মনে হয় ক্ষমতা বিকেন্দ্রীকরণের পরিবর্তে সমস্ত ক্ষমতা তারা করায়ত্ব করছেন—এবং করে ভাবছেন মেজর পাওয়ার মোর প্রফিট স্যার, ক্লজ ৪ 'বি' প্যারাতে বলা হয়েছে যে অধ্যক্ষ যদি নির্বাচন করতে না পারেন তাহলে পরবর্তীকালে নির্বাচন করা হবে, ফেল করলে আবার নির্বাচন হবে, তার পরেও যদি নির্বাচন না হয় তাহলে গভর্ণমেণ্ট নমিনেশন দেবেন।

[1-30—1-40 p.m.]

ঠিক এইভাবে বিল রচনা করেছেন। এতে আমার মনে হয় যাঁরা জনসাধারণের প্রতিনিধিত্ব করছেন সেইসব অধ্যক্ষদের উপর সরকারের আস্থা নেই। সরকার ঠিক করেছেন অধ্যক্ষ নির্বাচন করবেন না—তিনি অযোগ্য ইলেকটোরেট এই ধারণা করে নিয়ে যে সুযোগ দিচ্ছেন তা দেখে মনে হবে যে দয়াপরবশ হয়ে এখানে একটা বিল উত্থাপন করছেন। কিন্তু দুঃখের বিষয় এই সুযোগ বা কৌশলে যেখানে যেখানে দেখবেন তাঁদের সমর্থিত কোন মেম্বার নির্বাচিত হোল না তখন সরকার পক্ষ থেকে সেই প্রত্যক্ষ ইলেকসন-কে যে কোন কারণ দেখিয়ে ইরেগুলার করে দিয়ে তাঁদের মনোনীত সদস্যকে নেবেন। শুধু তাই নয়, সেই সরকারী মনোনীত সদস্যকে সম্পূর্ণ নির্বাচিত সদস্য বলে গণ্য করবেন। আমার মনে হয় এই সদস্যকে এইভাবে গণ্য না করে তাঁকে এ্যাসোসিয়েটেড মেম্বার হিসেবে গণ্য করা উচিত। যাহোক, আমার অনুরোধ হচ্ছে হোল ক্লজ 'বি', প্যারা—থ্রি পরিবর্তন করুন এবং সাধারণ নির্বাচনের ক্ষেত্রে যে বিধিব্যবস্থা আছে সেইভাবে করুন এবং পুনরায় সুযোগ না দিয়ে এইভাবে করলেই যথেষ্ট হবে। তারপর, আমরা দেখছি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে সেপারেট করে একটা স্ট্যাণ্ডিং কমিটি করা হয়েছে। স্যার, অত্যন্ত দুঃখের বিষয় যে সারা ভারতবর্ষে ৩টি নির্বাচন হয়ে গেল অথচ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ইলেকসন-এ এখনও মধ্যযুগীয় প্রথা রয়েছে -অর্থাৎ ইলেকটোরেট-কে দাঁড়িয়ে মুখে মুখে ভোট দিতে হবে। কিন্তু স্যার, এটা অত্যন্ত লজ্জার কথা যে গণতান্ত্রিক ধাঁচে ভারতবর্ষ এগিয়ে চলেছে অথচ এটা যে কোন ধরনের গণতান্ত্রিক ধাঁচ সেটা মন্ত্রিমহাশয়কে দেখতে অনুরোধ করছি। আমার বক্তব্য হচ্ছে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-কে জেলা পরিষদের মধ্যে নেওয়া উচিত। তারপর, ক্লজ সেভেন এবং টেন-এ বলা হয়েছে যে স্টেট গভর্নমেণ্ট সমস্ত কর্তৃত্ব করবেন। আমার বক্তব্য হচ্ছে ঠিক এটা না করে প্রেসিডেণ্ট, চেয়ারম্যান বা ভাইসচেয়ারম্যান-এর কেস যেন হাইকোর্টে রেফার করবার সুযোগ দেওয়া হয় তারপর, ক্লজ ৫২ এবং ৫৫তে যেকথা বলা হয়েছে তাতে মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ হচ্ছে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মেম্বারদের বলবার সুযোগ সুবিধা, বিচারের সুযোগ সুবিধা এটা স্টেট গভর্নমেন্ট-এর তরফ থেকে না করে একজন ডিস্ট্রিক্ট জজ এবং নিম্ন পক্ষে একজন সাবর্ডিনেট জজ-এর দ্বারা করান উচিত। তারপর, যদি ডাইরেক্ট ইলেকসন করা হয় এবং জেলা পরিষদ হবে বলে দীর্ঘদিন ধরে মানুষের মনে যে আশার সঞ্চার হয়েছিল তাকে বাস্তবে পরিণত করবেন এবং তাহলে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের দ্বারা ইলেকসন করান উচিত। তা যদি না হয় তাহলে দীর্ঘদিনের যে স্বপ্ন, স্বাধীন ভারতের যে স্বপ্ন সেটা দুঃস্বপ্নে পরিণত করবেন এবং আমি জানি না মানুষ এই গণতন্ত্রকে সত্যিকারের গণতন্ত্র বলে মনে করবে কিনা। কাজেই তাঁদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করা প্রয়োজন একথা বলে আমি আমার এই আবেদন রাখছি।

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার বক্তব্য আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদের নির্বাচনের ব্যাপারের উপর সীমাবদ্ধ রাখব। স্যার, স্বায়ত্বশাসনমন্ত্রীর উদ্বোধনী বক্তৃতায় শুনলাম যে গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ এটাই হচ্ছে মূল উদ্দেশ্য এবং এই মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে আমাদের কাছে বিল এনেছেন। গণতন্ত্র বিকেন্দ্রীকরণের মূল কথা হচ্ছে দেশে গণতন্ত্র যেভাবে গড়ে উঠেছে তাতে দেশের জনসাধারণ যাতে সক্রিয় অংশ গ্রহণ করতে পারে এবং তাদের অংশ গ্রহণের উদ্যোগ যাতে বর্ধিত হয় এই দুটি জিনিস সামনে রেখে বিল আনা

উচিত কিন্তু আমরা দেখছি আঞ্চলিক পরিষদ যেভাবে গড়ে উঠবে, জেলা পরিষদ যেভাবে গড়ে উঠবে তাতে আমাদের সরাসরি নির্বাচনের উৎসাহে উৎসাহিত করলেও আসলে ঘুরিয়ে নির্বাচন করা হচ্ছে।

অর্থাৎ গ্রাম হচ্ছে ছকমাত্র জায়গা, গ্রামসভা হচ্ছে একমাত্র জায়গা যেখানে সরাসরি নির্বাচন হচ্ছে। অঞ্চল পরিষদে সরাসরি নির্বাচন নেই, জেলা পরিষদেও সরাসরি নির্বাচন নেই। গ্রাম পঞ্চায়েতে সরাসরি নির্বাচন হচ্ছে। গ্রামসভা এবং গ্রাম পঞ্চায়েতের কনষ্টিটিউশন যদি দেখি তাহলে দেখবো গ্রামসভার সদস্যদের নির্বাচন করে দেয় ১ হাজার থেকে দেড় হাজার লোক ভোট দিয়ে, তারা গ্রাম পঞ্চায়েতের সদস্য নির্বাচিত করে দেয়। যারা এইভাবে নির্বাচিত হন তাদের গ্রামের সুবিধা অসুবিধার কথা সামনে রেখে নির্বাচন করেন, তারাই আবার ধীরে ধীরে ইনডাইরেক্ট ইলেকসন মারফত জেলা পরিষদ পর্য্যন্ত চলে যাচ্ছে। তার ফলে জেলা পরিষদে বা অঞ্চল পরিষদে যে ধরনের লোক গেলে পর এই অঞ্চল পরিষদ বা জেলা পরিষদ ভালভাবে চলতে পারত সে পথ বন্ধ হয়ে যাচ্ছে। কারণ গ্রামসভার যখন নির্বাচন হয় প্রথমে গ্রামের লোকেরা যখন ভোট দেয় তখন গ্রামের স্বার্থ সামনে রেখেই তাদের পাঠায়, এখন জেলা পরিষদে যারা যায় এই নির্বাচিত লোকদের মধ্য থেকেই যায়। আপনি দেখুন গ্রাম পঞ্চায়েত থেকে আসছে অঞ্চল পঞ্চায়েতে, অঞ্চল পঞ্চায়েত থেকে যিনি প্রধান তিনি চলে আসছেন আঞ্চলিক পরিষদে এবং এই আঞ্চলিক পরিষদ থেকেই জেলা পরিষদে চলে আসছে। সুতরাং ডাইরেক্ট ইলেকসন শুধু গ্রামসভাতেই হয়। এই ব্যবস্থা যদি থাকে আঞ্চলিক পরিষদের যে আসল উদ্দেশ্য, মূল যে উদ্দেশ্য সেটা ব্যাহত হবে। গ্রামসভার যিনি প্রধান হয়ে বসবেন, তিনিই গ্রামের মোড়ল হবেন, তিনি ছোট্ট কনষ্টিটিউশন থেকে নির্বাচিত হবেন, এঁরাই আবার জেলা পরিষদে আসবেন ফলে এই বৃহত্তর জায়গা গ্রাম্য মোড়লদের, গ্রামবাসীদের দলাদলি ক্ষেত্র হিসাবে পরিণত হবে। ফলে জেলা পরিষদের আঞ্চলিক পরিষদের মূল উদ্দেশ্য ব্যাহত হবে। কংগ্রেস তরফ থেকে ২।১ জন ব্যক্তিকে শুনলাম ডাইরেক্ট ইলেকশনের বিরোধিতা করতে। তাঁরা খরচের প্রশ্ন তুলেছেন। আমি এ প্রশ্ন মানতে রাজী নই। বাংলাদেশের তথা ভারতবর্ষের শতকরা ৭৫ জন হল গ্রামবাসী। গণতন্ত্রের যদি বিকাশ করতে হয় গ্রামবাসী মানুষদের এই গণতন্ত্রের মধ্যে আনতে হবে এবং সেইভাবে যাতে দেশ গড়ে উঠে তার জন্য সক্রিয় চেষ্টা করতে হবে। সেই চেষ্টা আজকে এই জেলা পরিষদ বিলে আঞ্চলিক পরিষদ বিলে ব্যাহত হচ্ছে বলে আমি মনে করি।

দ্বিতীয় কথা আজকে নির্বাচন সম্পর্কে নানা কথা উঠেছে। কেউ বললেন টাকা দিয়ে ভোট কেনা যায়, একথা নাকি আমরা বলি। প্রশ্ন হল গণতন্ত্র যখন গড়ে উঠে অন্যান্য দেশেও তার মধ্যে ত্রুটি থাকে বিচ্যুতি থাকে। এটা স্বাভাবিক। তার মধ্যে নানা রকম অসুবিধা সৃষ্টি হওয়া স্বাভাবিক। কিন্তু তার জন্য গণতন্ত্রের পথ পরিহার করবো একথা বামপন্থী তরফ থেকে বিরোধী পক্ষ কেউ বলে নি। আমাদের দেশে যে গণতান্ত্রিক কাজকর্ম চলেছে এবং তার জন্য নির্বাচন যা হচ্ছে তা আজও পরীক্ষা-নিরীক্ষা স্তরে আছে। আজকে সব কিছু সাফল্যমণ্ডিত হয়েছে একথা বলি না। তাই পরীক্ষা-নিরীক্ষা স্তরে যতদিন থাকবে ততদিন ত্রুটি বিচ্যুতি থাকবে। তা বলে সরাসরি নির্বাচনের পথ থেকে দূরে চলে যাব গণতন্ত্রের প্রতি অসম্মান দেখাবো না সেটা ঠিক নয়। এখানে সে কথা জোর দিয়ে বলতে চাই সেটা হল জেলা পরিষদে, আঞ্চলিক পরিষদে এমন কিছু সভ্যের আসার সুযোগ রাখা দরকার যারা সরাসরি জনসাধারণ দ্বারা নির্বাচিত হয়ে আসবে। জেলা পরিষদ জেলার সমস্ত লোকের পক্ষ থেকে কাজ করবে কিন্তু কৈফিয়ৎ দেবে কার কাছে?

[1-40—1-50 p.m.]

জেলার লোক কোথায় তাদের ধরবে? তারা তাদের সরাসরি নির্বাচিত করে পাঠায় নি। তাই জেলা পরিষদের সভ্য যারা, এম-এল-এ, এম-এল-সি, কাউন্সিল অব স্টেটস মেম্বার যাঁরা তাঁদের বাদ দিয়ে জয়েন্ট কমিটি যে বিল আমাদের কাছে উপস্থাপিত করেছেন সেই বিলে শৈলবাবু যাদের রেখেছেন তাঁরা সরাসরি জনসাধারণের কাছে দায়ী নন। জনসাধারণ তাঁদের সরাসরি

নির্বাচিত করে পাঠায় নি। যেহেতু সরাসরি নির্বাচিত করে পাঠায় নি তাই গ্রামসভায় আসতে হলে ভাল কাজ করা দরকার এই বোধটা থাকে না এবং কারোর কাছে কৈফিয়ৎ দেবার প্রশ্ন আসে না। আজ যেসমস্ত মন্ত্রিমহাশয় বসে আছেন তাঁদের মধ্যে অনেকে ডাইরেক্ট ইলেকসানে এসেছেন, অনেকে ইনডাইরেক্ট ইলেকসানে এসেছেন। যাঁরা ডাইরেক্ট ইলেকসনে এবারে বিধান সভায় আছেন তাঁরা ৫ বছরে কি করলেন সেই কৈফিয়ৎ তাঁদের জনসাধারণের কাছে দিতে হয় এবং সেই কৈফিয়তের উপর দাঁড়িয়ে তাঁদের আবার নির্বাচনে প্রার্থী হতে হয়। জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এমন একটা জিনিস হচ্ছে যার সভ্যরা জনসাধারণের কাছে কৈফিয়ৎ দেবে না। এই রকম কৈফিয়ৎ গ্রামসভার যাঁরা প্রধান বা অঞ্চল পঞ্চায়েতের যাঁরা প্রধান বা আঞ্চলিক পরিষদের যিনি অধ্যক্ষ, লক্ষ লক্ষ জনসাধারণের কাছে দেবার কিছু নেই। তারা কতকগুলি জায়গায় ট্যাক্স করতে পারে, যেমন গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাতে পারে, দরকার হলে বাই-সাইকেলের উপর ট্যাক্স বসাতে পারে, এই ধরণের আরো কিছু ট্যাক্স বসাতে পারে। কিন্তু সেই ট্যাক্স বসিয়ে জনসাধারণের জীবনে যে দুঃখ দুর্দশা আনবে তার জন্য তারা জনসাধারণের কাছে দায়ী নয়। জনসাধারণের কাছে তাদের খারাপ কাজের জন্য অন্ততঃ তারা কৈফিয়ৎ দেবে না। এই ব্যবস্থা আঞ্চলিক পরিষদ জেলা পরিষদের মাধ্যমে করছেন। এটা অগণতান্ত্রিক কাজ। এই অগণতান্ত্রিক ধারা তুলে দেওয়া দরকার। সে দিক থেকে আমি আপনার মাধ্যমে মন্ত্রি মহাশয়ের কাছে এবং কংগ্রেসের দিকে যে সমস্ত সভ্য আছেন তাঁদের কাছে আবেদন করব জেলা পরিষদ আঞ্চলিক পরিষদের মাধ্যমে ঠিক ঠিক ভাবে যদি গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ চান লোকাল সেলফ গভর্ণমেন্টের যে লক্ষ্য লোকাল পিপলের ইনিসিয়েটিভ ডেভেলপ করতে চান তাহলে আঞ্চলিক পরিষদ জেলা পরিষদের গঠনতন্ত্রে ডাইরেক্ট ইলেকসান আনতে হবে। সেই ডাইরেক্ট ইলেকসান আনতে হবে। সেই ডাইরেক্ট ইলেকসানের মাধ্যমে যাতে তাঁরা এর মধ্যে থাকেন সেই আবেদন আপনার কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশয় জেলা পরিষদ বিল আমাদের সামনে এনে অনেক আশার কথা বলেছেন এবং অনেক ভরসার কথা শুনিয়েছেন। তিনি আমাদের আর একবার শোনালেন যে এট গণতান্ত্রিক ক্ষেত্রে বিপ্লবের সূচনা করবে। এর পূর্বে আর একবার শুনেছিলাম, ভূতপূর্ব মন্ত্রি ডাঃ বিধানচন্দ্র রায় জমিদারী দখল আইনের সময় বলেছিলেন যে অর্থনৈতিক ক্ষেত্রে বিপ্লবের সূচনা হবে। আবার তৃতীয়বার আমাদের শোনাবার সৌভাগ্য হল বাংলাদেশে গণতান্ত্রিক ক্ষেত্রে বিপ্লব আসছে। আমরা গত ১০ বছর ধরে জমিদারী দখল আইনের ভেতর দিকে কিভাবে বিপ্লব এসেছে তা মর্মে মর্মে অনুভব করেছি। গণতান্ত্রিক ক্ষেত্রে কিভাবে বিপ্লব আসছে তা জেলা পরিষদ বিলের যে রূপ তার মধ্য দিয়ে আমরা অনুভব করতে পারছি। যাই হোক, তিনি বলেছেন পঞ্চায়েৎ রাজ প্রতিষ্ঠার সূচনা হল। আমি কিন্তু বলতে চাই এট অগণতান্ত্রিক, তাঁর স্বপ্ন যে এককালে সমাধিপ্রাপ্ত হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি অবশ্য স্বীকার করব জয়েণ্ট কমিটি অনেক কষ্ট করেছেন, সেজন্য আমি আনন্দিত হয়েছি। কিন্তু দুঃখের সাথে বলব যে যেখানে সত্যিকারের গণতন্ত্রের ভিৎ রচিত হবে তাকে উপেক্ষা করে গেছেন। তাহলেও আমি বলব এই যে রিপোর্ট প্রকাশ করা হয়েছে তাতে বিরোধী দলের পক্ষ থেকে যে নোট অব ডিসেণ্ট, অনেক মূল্যপূর্ণ বিষয়ের অবতারণা করা হয়েছে সেগুলি যদি মাননীয় মন্ত্রিমহাশয় সহানুভূতির সাথে বিবেচনা করেন তাহলে সত্যিকারের তাঁর যে স্বপ্ন সেটা সার্থক হবে। সেজন্য আমি নোট অব ডিসেন্টের প্রতি বিশেষভাবে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

এখানে একটা কথা অবশ্য উল্লেখ করবো যে দীর্ঘদিনের একটা স্থান অচল জরাজীর্ণ এবং দলীয় রাজনীতির যে পঙ্ককাণ্ড জেলা বোর্ড তার সম্পর্কে তিনি রচনা করেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। অনেকবার আমরা এই বিধানসভায় প্রশ্ন তুলেছি যে জেলা বোর্ডগুলির অবসান হওয়ার দরকার। অবশ্য অনেকে ভাল কাজ করছেন। আমি মেদিনীপুরের কথা বলছি, সেখানে ২০।২২ বছর কোন নির্বাচন ছিল না এবং সেখানে স্বজনপোষণ, আত্মীয় পোষণ দুর্নীতি প্রভৃতি ছিল। একটা কথা আমি উল্লেখ করি, সেটা সত্য বলে প্রমাণিত হবে। যদি

ঘটনা আছে, আমি সেরূপ একটা কথা উল্লেখ করবো—আমার নির্বাচন কেন্দ্র বালন্ড বলে একটা গ্রাম আছে, সেখানে একটা হোমিওপ্যাথিক চ্যারিটেবল ডিসপেন্সারী অভিযাত্রী সংঘ নামে [illegible] কিছুদিন আগে পর্য্যন্তও ছিল। জেলা বোর্ডের সদস্য শ্রীত্রৈলোক্য প্রধান সেখানে যান এবং তার উচ্ছ্বসিত প্রশংসা করেন। তিনি নির্বাচনে কংগ্রেসপ্রার্থী ছিলেন কিন্তু হেরে গেলেন এবং তারপরে এই দাতব্য চিকিৎসালয়ের এড্ বন্ধ হয়ে যায়। এ ব্যাপারে [illegible] বহু অনুনয় বিনয় করা হয়েছিল, তাঁরা বললেন ত্রৈলোক্য বাবুর সুপারিশ না হলে সাহায্য দেওয়া হবে না, তিনি সুপারিশও করলেন না। কাজেই জেলাবোর্ড এমন সুন্দরভাবে চলছে যে তাদের সাহায্য বন্ধ করে দিয়ে দুস্থ রোগীদের চিকিৎসা পাবার যে সুযোগ সুবিধা সেটা বন্ধ করে দিয়েছেন। কাজেই জেলা বোর্ডের চিতাশয্যার ব্যবস্থা হোক এটা আমরা আগে থেকে কামনা করেছিলাম এবং মাননীয় মন্ত্রিমহাশয় যে তার অবসান করলেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আমরা [illegible] যেটা ছিল তার চেয়ে ভাল জিনিস আসবে। জেলা বোর্ডে যেটা ছিল তাতে নির্বাচিত সদস্য ছিলেন কিন্তু গণতান্ত্রিক [illegible] নামে যে বিল এনেছেন জেলা পরিষদ বিল তাতে মনোনয়নের ব্যবস্থা, আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ ব্যবস্থা করে এমন একটা জিনিস এনেছেন যার দ্বারা গণতন্ত্রের বিকাশ কখনও হতে পারে না। কাজেই আমি অনুরোধ করছি সেদিক লক্ষ্য রেখে এই বিলটা রচনা করার চেষ্টা করুন। এখানে ও আমার কথা অনেকেই বলেছেন—আমি সেখানে বলতে চাই গণরাজ প্রতিষ্ঠার মুখ্য উদ্দেশ্য কি ছিল? সংবিধানে পরিস্কারভাবে বলা হয়েছে সামাজিক, অর্থনৈতিক, [illegible], ন্যায় বিচারের ভিত্তিতে গণতান্ত্রিক [illegible] ব্যবস্থা করতে হবে, পঞ্চায়েত রাজের ব্যবস্থা করতে হবে এই হচ্ছে সংবিধানের নির্দেশ এবং সংবিধান একথা বলেছে রাজ্যগুলি গ্রাম পঞ্চায়েত গঠন সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করবেন এবং তাদের স্বায়ত্বশাসনের মূল কেন্দ্ররূপে কাজ করার জন্য প্রয়োজনীয় ক্ষমতা, কর্তৃত্ব ও অধিকার দিতে হবে কিন্তু আপনারা কি তা করতে পেরেছেন, আপনি চিন্তা করুন বাংলাদেশে এই পঞ্চায়েত আইন এমন হংসডিম্ব প্রসব করেছে যার ফল এখনও পাওয়া যাচ্ছে। তাদের সম্পর্কে অনেক উচ্চ আকাংখা রাখা হয়েছে কিন্তু তাদের কোন ক্ষমতা নেই। গান্ধিজী পরিস্কার বলেছিলেন ভারতের স্বাধীনতা নীচ হতে আরম্ভ হবে এবং এরূপ প্রত্যেকটা গ্রাম পূর্ণ ক্ষমতাবিশিষ্ট এক একটা রিপাব্লিক বা পঞ্চায়েতে পরিণত হবে কিন্তু আপনি কি তা করতে পেরেছেন? আপনি চিন্তা করে দেখুন আপনারা যে গ্রাম পঞ্চায়েত গঠন করেছেন তার সত্যিকারের কোন ক্ষমতা আছে কিনা? কোন ক্ষমতা নেই। তাদেরকে বি ডি ও'কে একটা এজেন্ট বলা যেতে পারে, বরং আমি বলবো অঞ্চল পঞ্চায়েতের কিন্তু ক্ষমতা আছে কিন্তু সেই অঞ্চল পঞ্চায়েতের ক্ষমতাকে আবার খর্ব করবার জন্য ব্যবস্থা করা হয়েছে। আপনি চিন্তা করে দেখুন সেখানে যে ক্ষমতার লড়াই হবে তাতে অঞ্চল পঞ্চায়েত কিছু করতে পারবে কিনা সেখানে সেবিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। তারপর আমি আরো আপনাকে স্মরণ করিয়ে দিই যে নীতি আপনারা জেলা পারিষদে নিয়ে এসেছেন আপনারা না সংবিধানকে স্বীকার করছেন, না জাতির জনক গান্ধিজীর তাঁর যে আশা ছিল, আকাংখা ছিল, যাঁর প্রেরণায় সংবিধান রচিত হল তাঁর দিকে লক্ষ্য রেখেছেন, অথবা আমি বলবো প্রধানমন্ত্রী শ্রীনেহেরু ১৯৪৮ সালে স্বায়ত্তশাসন মন্ত্রীদের সামনে যে বক্তৃতা দিয়েছিলেন যে ঘোষণা করেছিলেন আপনারা তাও স্বীকার করেন নি। তিনি বলেছিলেন,

democracy of the top would not be a success unless it is built on the foundation from below.

[1-50—2 p.m.]

যদি নিচে থেকে গণতন্ত্রের কাঠামো [illegible] শক্ত না করা হয় তাহলে উপরে কয়েকজনকে বসিয়ে দিয়ে কি করে চালাবেন তা আমি বুঝে উঠতে পারছি না। আপনারা না যাচ্ছেন ইংরেজদের কথায় না যাচ্ছেন নেহরুর কথায়, না যাচ্ছেন গান্ধীজীর কথায়, না যাচ্ছেন সংবিধানের মধ্যে। কতকগুলি অধ্যক্ষ বসিয়ে দিয়ে কতকগুলি এক্স-অফিসিও বসিয়ে দিয়ে এগুলি করতে যাচ্ছেন। এটা আপনার সামনে হাজির করেছি আপনি বিচার করে দেখবেন এটা উচ্চ পরিষদ হতে পারে কিনা। তার আর একটা কথা বলবো মনোনয়নের কথা। মহিলাদের মনোনয়ন করে আনছেন।

[illegible] বলছি যে যদি মনোনয়ন করে আনতে হয় মহিলাদিগকে তাহলে এ্যাসোসিয়েটেড মেম্বার করে আনতে পারেন। সেখানে যখন নির্বাচনকে আমরা প্রাধান্য দিয়েছি মনোনয়নের প্রশ্ন উঠছে কেন? এই অঞ্চল পঞ্চায়েতে ব্যাকওয়ার্ড ক্লাস-এর নাম করে মনোনয়ন করে আনতে প্রয়োজন এটা কি? আমি বলছি এ্যাসোসিয়েটেড মেম্বার করে দিন। মহিলাদের আমি নিশ্চয়ই চাই—যদি যোগ্য হন তাহলে নিশ্চয়ই আসবেন—তা না হলে এ্যাসোসিয়েটেড মেম্বার করে দিন। আমি মহিলাদের পূর্ণ স্বাধীনতা আমি নিশ্চয়ই চাই তাদের পূর্ণ স্বাধীনতা থাকুক। কিন্তু কথা হচ্ছে এইভাবে চাই না এবং (মিনিস্টারকে উদ্দেশ্য করে) আপনি চান না। কারণ এভাবে মহিলাদের আনলে তাদের অপমান করা হবে। আজ মহিলাদের মধ্যে অনেক যোগ্য আছেন—ইউনিভারসিটিতে তাদের প্রধান প্রধান স্থান আছে। আমি তাদের সম্মান করছি এবং আপনারা তাদের সম্মান করছেন না। আপনারা কেন মনে করছেন যে মহিলারা আসতে পারে না। স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এক্স-অফিসিও করছেন। আমি বলছি এটা অত্যন্ত অন্যায় করছেন। স্কুল বোর্ড একটা দুর্নীতির কেন্দ্র একথা অনেকে বলেছেন এবং যেখানে গ্রামের প্রাথমিক শিক্ষাকে প্রাধান্য দেওয়া হচ্ছে সেখানে প্রত্যেক গ্রামের লোক যাতে সুযোগ পায় তার ব্যবস্থা করা উচিত। এতে যদি আপনাদের আপত্তি থাকে তাহলে ১৯৩০ সালের আইনকে যেখানে স্কুল বোর্ড একটা দুর্নীতির আখড়া হয়ে উঠেছে বাতিল করে দেওয়া দরকার। জেলা পরিষদের সঙ্গে একে জুড়ে দেওয়া হোক। প্রাথমিক শিক্ষা ব্যবস্থার দায়িত্ব জেলা পরিষদের উপর বর্তায় যাতে তার ব্যবস্থা করা দরকার এবং সেখানে তাহলে এই এক্স-অফিসিওর প্রশ্ন থাকে না। তারপর যে ফোর্সের কথা তুলেছেন। সমস্ত ভারতবর্ষের রাজ্যে, অন্ধ্র, রাজস্থান, আসাম, মহীশূর, উড়িষ্যা, মাদ্রাজ সব জায়গাতে তিনটি ধাপ সেখানে আছে। আমি আপনাকে প্রশ্ন করি যেখানে জেল পরিষদের উপর এতখানি দায়িত্ব দিচ্ছেন সেখানে এই চারটি ধাপ করলেন এর কি প্রয়োজনীয়তা আছে? যেখানে জেলা পরিষদ করলেন সেখানে অঞ্চল পরিষদের কি প্রয়োজন আছে জেলা পরিষদের ডিসিসন—সেখানে এম, এল, এ থাকবেন, প্রেসিডেন্ট থাকবেন বি, ডি, ও-র অধীনে একটা এ্যাডহক কমিটি এই কার্য নির্বাহক পরিষদ হিসাবে কাজ করবে এবং যখন এটাই হবে সুপারসিসন অথরিটি তখন আমি বুঝতে পারছি না এই অঞ্চল পরিষদ কেন থাকবে—এর কি প্রয়োজনীয়তা আছে। তাই আমি বলি একে তুলে দেওয়া দরকার। তার পর নির্বাচন সম্পর্কে বলবো যাতে জনসাধারণ নির্বাচন করতে পারে এবং জনসাধারণের কাছে যাতে তারা জবাবদিহি হতে পারে তার জন্য—যেটা আমরা আমাদের নোট অব ডিসেন্টে বলেছি—এক একটি ব্লকে এক একটি ইলেকটোর‍্যাল কলেজ করুন। সেখানে অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতের যারা সদস্য সেখানে একজন হোক, দু জন হোক সেইভাবে প্রতিনিধি পাঠাতে পারবে। তার পর এই যে সব এক্স-অফিসিও, বি, ডি, ও, যেসব আছে এই যে সুপারভিসনের ব্যবস্থা করেছেন এই সব নিয়ন্ত্রণ কমিয়ে দিন। গণতন্ত্র যাতে বিকাশ লাভ করতে পারে তার ব্যবস্থা করুন। তার পর সার্ভিস সম্পর্কে বলছি যেটা অঞ্চল পঞ্চায়েতে কিছু কিছু চাপিয়ে দেওয়া হয়েছে—জেলা পরিষদের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। সেখানে আমি বলবো একটা ডিস্ট্রিক্ট সার্ভিস কমিটি হোক—আড়াই শত টাকা পর্যন্ত সেখানে ঠিক করে দিন তাদের যোগ্যতা বিচার করে তারা নিয়োগ করবেন, আর আড়াইশত টাকার বেশী যখন হবে তখন একটা প্রভিন্সিয়াল কমিটি করা হোক সেখানে সার্ভিস রুল হবে তাহলে সেখানে স্বজন পোষণ করবার আর সুযোগ থাকবে ন। যোগ্য ব্যক্তি সেখানে আসবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি নিবেদন করবো এই সমস্ত বিচার করে বাংলা দেশের সতিকারের গণতন্ত্র, গণরাজ প্রতিষ্ঠাতে যাতে হতে পারে সেই দিকে লক্ষ্য রেখে এই বিলটাকে ঢেলে আবার সাজাবার ব্যবস্থা করুন এবং আপনি যে বলছেন বাংলা দেশে বিপ্লবের সূচনা করবেন যদি সত্যিকারের আমাদের কথা কয়টি মেনে নেন তাহলে আপনার উদ্দেশ্য সফল হবে এবং আমাদের সকলের ধন্যবাদের পাত্র হবেন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রায় ২৮ জন মাননীয় সভ্য এই বিলের প্রাথমিক যে বিচার-বিবেচনা তাতে অংশ গ্রহণ করেছেন এবং একটা প্রস্তাব রেখেছেন যে এই বিলটা পুনরায় জনমত সংগ্রহের

জন্য প্রেরণ করা হউক। আমাদের এ পক্ষের মাননীয় সদস্য শ্রীইশাক সাহেব কাল যখন বক্তৃতা করছিলেন তখন তিনি এই কথাই বলতে চেয়েছিলেন যে এই বিলটা একবার জনমত সংগ্রহের জন্য প্রেরিত হয়েছে তখন তার কথায় এখানে তীব্র প্রতিবাদ ধ্বনি উত্থাপিত হয়েছিল। আমি তাই প্রথমেই মাননীয় সদস্যদের কাছে জানাচ্ছি যে ১৮ই আগষ্ট ১৯৬২ সালে এই বিলটির খসড়া কলিকাতা গেজেটে প্রকাশিত হয়. এই নোটিফিকেশান বলে,

"The following Bill, viz. the West Bengal Zilla Parishads Bill, 1962, which is proposed to be brought forward in the next session of the State Legislature is hereby published for general information together with the Statement of Objects and Reasons and the financial memorandum. Comments with respect to the Bill may be sent by any individual or public body to the Special Officer, *Ex-officio* Joint Secretary in the Local Self-Government Department."

[2—2-10 p.m.]

সুতরাং এই বিষয়ে আর যুক্তি দিয়ে বোঝাতে হবে না যে সরকার এই বিল সম্বন্ধে এই গুরুত্বপূর্ণ বিল এই নতুন আইন যেটীকে আমি বৈপ্লবিক পরিবর্তন পশ্চিম বাংলার বলে বর্ণনা করেছি, আমি জনমত সংগ্রহের জন্য কি রকম ব্যাকুল ছিলাম। এবং এর পরে মাননীয় সদস্যগণ যদি পাবলিকেশান এর কোন নোটিশ না নেন সরকার বহু জনমত বাংলাদেশের বহু স্থান থেকে পেয়েছেন, বহু প্রতিষ্ঠানের কাজ থেকে এবং সেগুলির পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারী মাসের অধিবেশনে যখন এই বিলটী আবার উত্থাপিত করা হয় এবং খসড়া ১৯৬২ সালে আগষ্ট মাসে যা প্রকাশিত হয়েছিল পরিবর্তিত আকারে আবার বিধান সভায় আনা হয় তখনও সরকার মনে করলেন এই গুরুত্বপূর্ণ বিল মাননীয় দুই পক্ষের সদস্যগণ বিচার বিবেচনা পুংখানুপুংখ রূপে খুটিনাটি দেখবার জন্য একটী যপ্রক্ত ৩৬ জন সকলদলীয় সদস্য ভুক্ত কমিটি ৭ দিন ব্যাপী অধিবেশনের মতামত দিয়ে আবার সেই বিলটীর আমূল সংস্কার —করে আজ বিধানসভার কাছে উপস্থাপিত করা হয়েছে তথাপি পুনরায় আমরা এই বিলের প্রারম্ভিক আলোচনা মাননীয় সদস্যদের মতামত শ্রদ্ধার সংগে শুনবার চেষ্টা করেছি যদি এখন কোন পরিবর্তন প্রয়োজন হয় নিশ্চয়ই তা করা হবে এই অধিবেশনে। আজকে পুনরায় সারকুলেশান এর প্রস্তাব তারা চিন্তা করে দেখেন নি বলে আমি মনে করি। আজকে এই বিলের আলোচনায় দুটী মৌলিক বাধা বলে ব্যাখ্যা করেছেন বিরোধী দলের সদস্যগণ এই বিলের দুটী সম্বন্ধে সেটী হচ্ছে এ্যাডাল্ট ফ্রানচাইজ এ ইলেকশান প্রত্যক্ষ নির্বাচন প্রতি স্তরে অর্থাৎ অঞ্চল পঞ্চায়েতে কেউ কেউ বলেছেন আঞ্চলিক পরিষদে এবং জেলা পরিষদে কেন আনা হয় নি। আমি মাননীয় সদস্যদের একটু চিন্তা করতে বলব যে এই বিলের পটভূমিকা এবং আজকে পশ্চিম বাংলার এটা নূতন নয় সর্বভারতীয় ভিত্তিতে এবং রাষ্ট্রতন্ত্রের ধারা অনুসারে আমরা সারা ভারতে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা করতে চলেছি—এই পরিপ্রেক্ষিতে এই বিলটী যদি বিবেচনা করে থাকেন তারা দেখবেন এর কাঠামো যেটা তৈরী হয়েছে তার মূল কথা সেইখানের এরা ভুল করেছেন একটা জেলা পরিষদ একটা আঞ্চলিক পরিষদ একটী অঞ্চল পঞ্চায়েত একটী গ্রাম পঞ্চায়েত ভিন্ন ভিন্ন ইনডিপেনডেন্ট ইউনিট নয়। এই বিলের সমস্ত পরিকল্পনা হচ্ছে একটা সমাজদেহ গঠন তার ভিন্ন অংগপ্রতংগ রয়েছে যেটা গ্রাম পঞ্চায়েত অঞ্চল পঞ্চায়েত আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ। মানব দেহের অবয়ব যেমন মস্তক থেকে হস্ত থেকে পদ থেকে বিচ্ছিন্ন করে তাকে শক্তিশালী করা যায় না। দুষ্ট ব্রণ মানুষের হস্তকে কলুষিত করলেও যেমন তার জীবনের আশংকা আছে তেমনি এই যে কাঠামো তার একটীকে যদি ঘুন ধরে সমস্ত জেলায় ঘুন ধরবে। এবং এটা আমরা জেলা পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা করতে যাই নি। আমরা আঞ্চলিক পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করতে যাই নি। আমরা শুধুমাত্র গ্রাম পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করতে যাই নি। সারা ভারতবর্ষে নতুন আমি কিছু করি নি। দীর্ঘ দশ বৎসর স্বাধীনতার পর গান্ধিজীর আদর্শে বিশ্বাসী এবং বর্তমান রাষ্ট্র নায়কের বহুজন এই বিষয়ে বিচার বিবেচনা করে আমাদের বলবন্ত রাও মেটা কমিটি সর্ব ভারতীয় ভাবে রেখেছিলেন তারই

ভিত্তিতে এই বিলটী রচনা করা হয়েছে। যদি মনে করে থাকেন এ্যাডাল্ট ফ্রানচাইজ ইলেকশান প্রত্যেক স্তরে হওয়া উচিত সেখানে আমি বিস্তৃত আলোচনা করব না, শুধু একটী জেলার দৃষ্টান্তের কথা আপনাদের কাছে উপস্থাপিত করব এবং দেখাবো যে কোথায় এটা ক্ষতি হয়েছে কোথায় এটা অগণতান্ত্রিক কোথায় এটা কায়েমী স্বার্থ বজায় রাখার চেষ্টা হয়েছে, কোথায় কোথায় জমিদার জোতদার আসবার সম্ভবনা আছে তাদেরই কথা উক্তি করে আমি বলছি—যে আজ মালদয় জেলা দেখুন মালদহ জেলা এই আইন অনুসারে জেলা পরিষদের সদস্য হবেন ৯ জন, এম, এল, এ; তারা প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত হয়েছেন। আর ৪ জন অধ্যক্ষ আছেন তারা কে—সেই জেলার বা মহকুমার সমস্ত পঞ্চায়েতের অধ্যক্ষ যারা প্রথম মৌলিক প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত করেছেন তারাই তাদের নির্বাচন করে ৪ জন পাঠাচ্ছেন। আর দুই জন আছে এম, এল, সি, তারা ডাইরেক্ট ইলেকশানে না আসলেও ইনডাইরেক্ট ইলেকশানে তারা আসেন নি। রেসট্রিকটেড ফ্রানচাইজে তারা একটা নির্বাচনের মাধ্যমে এসেছেন বিধান পরিষদে। সুতরাং ১৮ জন সদস্যদের মধ্যে বাকী রইল মালদহ জেলা পরিষদে ১৪ জন। আঞ্চলিক পরিষদের সভাপতি এখন দেখা যাক আঞ্চলিক পরিষদের ১৪ জন সভাপতি তারা কি কায়েমী স্বার্থের প্রতিনিধি। তারা কি জমিদার জোতদারদের প্রতিনিধি? তারা কাদের প্রতিনিধি—জেলা পরিষদের যারা সদস্য তারা আঞ্চলিক পরিষদের সভাপতি। তারা মনোনীত সদস্য নন। তারা কি করে নির্বাচিত হয়েছেন। তাদের এলাকার প্রধান আঞ্চলিক পরিষদে পাঠিয়েছে। সেই অঞ্চল প্রধান কারা? অঞ্চল প্রধানকে প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে অধিক গ্রামের লোকেরা নির্বাচিত করে পাঠিয়েছে। সুতরাং মনোনয়নের প্রশ্ন নেই। এখানে আছে একটি কাঠামো যে কাঠামো ধরে নিতে পারেন চারতলার একটি বাড়ী যার নীচের তলা হ'ল গ্রাম পঞ্চায়েত, দ্বিতীয় তলা হ'ল অঞ্চল পঞ্চায়েত, তৃতীয় তলা হ'ল আঞ্চলিক পরিষদ, চারতলা হ'ল জেলা পরিষদ। এই আইনের মধ্যে পরিষ্কার আছে তারা একটা হোল ছোট অর্গানিক ইউনিট—অর্গানাইজিং লিংক করার জন্য এই জিনিসটি অন্যান্য প্রদেশের আদর্শ অনুসরণ করে গ্রহণ করা হয়েছে। এর ভিতর আর একটি তাৎপর্য আছে—কেন প্রধান এবং প্রেসিডেন্ট আসবেন, সাধারণ সদস্য কেন প্রেসিডেন্ট নির্বাচিত হয়ে আসবে না সেখানে সিলেক্ট কমিটি বিবেচনা করছেন। এখানে আজকে যদি জেলা পরিষদে অঞ্চল পঞ্চায়েতের একজন অর্ডিনারি মেম্বার বা বাইরের লোক আসেন তিনি পরিকল্পনার উন্নয়ন বিষয়ে একেবারেই অবহিত বা পরিচিত নন তেমনি আজ আঞ্চলিক পরিষদে যারা সভাপতিরূপে আসবেন তারা অঞ্চল প্রধান অর্থাৎ এই পঞ্চায়েত রাজের প্রশাসনিক ব্যবস্থা, উন্নয়ন পরিকল্পনা, অর্থসংগতি এবং ট্যাক্স তোলবার সংগে প্রত্যক্ষভাবে দৈনন্দিন কাজের মধ্যে জড়িত—তাদের মধ্যে যারা আঞ্চলিক পরিষদে বা জেলা পরিষদে আসবেন তাদের মত মুক্তকন্ঠে নিজেদের অঞ্চলের সমস্যাবলী আলোচনায় অংশগ্রহণ করা যতটা সম্ভব হবে একজন বাইরের সদস্য তা করতে কিছুতেই পারবেন না। সেজন্য একটা অর্গানিক লিংক রাখবার জন্য এই জিনিস করা হচ্ছে। সুতরাং এই যারা অঞ্চল পরিষদে আসবেন প্রেসিডেন্ট, তারা আসছেন একেবারে নিচের তলা থেকে—জনসাধারণের প্রত্যক্ষ এ্যাডাল্ট ফ্রানচাইজ এর জোরে তারা আসছেন তাতে আমরা কোন দোষ আছে মনে করি না। একজন সদস্য বলেছেন এ্যাডাল্ট ফ্রানচাইজ-এ ইলেকশন করলে কেন আমরা হতাম না। আমাদের তো ইউনিট হিসাবে তারা আপনাদের এই এ্যাক্ট এর মধ্যে আছে। এটা দেখবেন জেলা পরিষদের কর্তা কে হবে এটা আছে আইনে আছে। পাওয়ার্স অ্যান্ড ফাংশনস্-এর মধ্যে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদের সমস্ত কাজের ইনটিগ্রেটেড ডেভেলপমেন্ট এবং তার সমস্ত সুপারভিশন তাদের ঘাড়ে সমস্ত দায়িত্ব—এমন কি অর্থ বন্টনের দায়িত্বও তাদের হাতে আছে। তেমনি আঞ্চলিক পরিষদকে যেখানে ক্ষমতা দিয়েছে সেখানে আঞ্চলিক পরিষদকে বলা হয়েছে তাদের প্রাথমিক কর্তব্য সংহতি সাধন এবং ইনটিগ্রেটেড প্যান এবং ডেভেলপমেন্ট সম্বন্ধে তাদের কাজ করতে হবে। যেসব ইউনিট বিচ্ছিন্নভাবে কোন কাজ করছেন না তাদের উপরে বিশেষভাবে সুপারভিশন ডিউটি আছে—এ ছাড়া তাদের ইনটিগ্রেটেড ডেভেলপমেন্ট প্ল্যান কার্যে পরিণত করার ভার তাদের উপর ন্যস্ত করা হয়েছে। সুতরাং আমি মনে করি আপনারা যদি সেই দৃষ্টিভংগী দিয়ে এই জিনিসটা দেখেন তাহলে আমরা যে নব রূপায়ণের চেষ্টা করছি বাংলা দেশের গ্রামীণ সমাজকে—তাদের আমরা চার চারটি এ্যাডাল্ট ফ্রান-

চাইনে ইলেকশন দিয়ে নির্বাচিত করতে চাই না। তারা একবার সকাশন সদস্য নির্বাচন করবেন যার অধিকাংশ সদস্য হবে নির্বাচিত। প্রত্যেক সদস্য জনসাধারণের ভোটে যারা আসবেন তারা সেখানে আইনের বলে পূর্ণ সদস্যের মর্যাদা লাভ করবেন এ জন্য মেম্বারশিপ উইথ রাইট অব ভোট।

[2-10—2-35 p.m.]

সুতরাং তাঁরা যখন থাকবেন তখন এই বিধান সভার সদস্য যাঁরা পশ্চিম বাংলার সমস্যার সঙ্গে পরিচিত তাঁরা অন্যান্য সদস্যদের সহযোগিতা সেই অঞ্চলের বা এলাকার বা ব্লকের কাজ তদারক করতে পারবেন এবং সেই হিসেবে বাইরের সদস্যকে বা নিয়ে সেই সদস্যকে নিজে কাজের সুবিধা হবে বলে মনে করি। তারপর, অর্থ বণ্টনের ব্যাপারে কেউ কেউ বলেছেন যে ফাইনান্স কেন বেঁধে দেওয়া হোল না স্যার, বাংলাদেশে ১৫টি জেলার ভিন্ন ভিন্ন সমস্যা—কোন জেলায় এগ্রিকালচারে কম খরচ করতে হবে, কোন জেলায় শিক্ষায় বেশী খরচ করতে হবে, আবার কোন জেলায় পথ নির্মাণে বেশী খরচ করতে হবে কাজেই সরকার ইলাসটিক প্রভিসন রেখেছেন। সরকার কনস্টিটিউসন এ্যান্ড গ্র্যান্ট রেখেছেন এবং অর্থ নীতি সম্পর্কে সকল স্তরের কাছে সমান ক্ষমতা দেওয়া হয়েছে যাতে তাঁদের এলাকার জন্য তাঁরা খরচ করতে পারেন এবং কর নির্ধারণ করতে পারেন। তারপর, প্রশ্ন উঠেছে যে, সরকারী কর্মচারী রেখে সরকার সর্বদা এটাকে কুক্ষিগত করে রেখেছেন যা সরকারের হস্তক্ষেপের ব্যবস্থা করেছেন। আমি মাননীয় সদস্যদের কাছে বিনম্রভাবে একটি প্রশ্ন করি, তাঁরা কি মনে করেন বা বিশ্বাস করেন যে পশ্চিমবাংলার অবহেলিত, লাঞ্ছিত, শত শতাব্দীর বিক্ষুব্ধ জনসাধারণের এই জ্ঞান আছে যে তারা নিজেরাই বর্তমান আধুনিক প্রথায় কৃষির উন্নতি, পশু পালন এবং সেচের উন্নতি প্রভৃতি করতে পারবেন? আমার মনে হয় মডার্ন টেকনোলজি প্রথা অনুসরণ করে উন্নতি করা তাদের পক্ষে সম্ভব নয়। সর্বভারতীয় পলিসি হচ্ছে ইট ইজ পিপলস্ পার্টিসিপেসন্ এডেড বাই দি গভর্নমেন্টাল এজেন্সী। গভর্নমেন্ট-এর কর্মচারী যা দেওয়া হয়েছে তাঁরা শুধু নীতি নির্ধারণ করবেন—তাঁরা যে কোন প্রভাব বিস্তার করতে পারবেন না সেটা আইনের দ্বারা বন্ধ করে দেওয়া হয়েছে। তাঁরা ফুল মেম্বার নয় এবং তাঁদের কোন ভোট নেই। তাঁরা এ্যাসোসিয়েটেড মেম্বার এবং সাহায্য করবার জন্য যাচ্ছেন। গ্রামবাসীকে বিজ্ঞান সম্বন্ধে জ্ঞান দেবার জন্য ন্যাসনাল এক্সটেনসন সার্ভিস—অর্থাৎ জাতীয় সম্প্রসারণ কৃত্যক যা ভারতবর্ষে তৈরী হয়েছে সেখান থেকে শিক্ষাপ্রাপ্ত কর্মচারীদের গ্রামে পাঠিয়ে তাঁদের দিয়ে কাজ করাবেন এটাই নীতি। তাঁরা যাতে কোন রকম প্রভাব বিস্তার করতে না পারেন তার জন্য আইনে ব্যবস্থা করা হয়েছে। তাঁরা শুধু নীতি নির্ধারণ করবেন এবং পরিকল্পনা রূপায়ণের সমস্ত দায়িত্ব তাঁদের হাতে—অর্থাৎ শুধু এক্সিকিউটিভ ফাংসন দেওয়া হয়েছে। তাঁদের সরিয়ে দেবার ক্ষমতা দেওয়া হয়েছে, রিকল-এর পাওয়ার দেওয়া হয়েছে এবং তাঁরা যদি কর্মচারীদের শাস্তি দেন তাহলে আপিল করতে পারবে। কাজেই সরাকারী কর্মচারীর কথা শুনলেই যদি কেউ মনে করেন সরকার হস্তক্ষেপ করছেন তাহলে বর্তমান পরিপ্রেক্ষিতে এটা অত্যন্ত ভুল দৃষ্টিভংগী বলে আমি নিবেদন করব। আমরা অন্তরের সংগে বিশ্বাস করি যে বিশেষজ্ঞ, প্রশিক্ষণ প্রাপ্ত সরকারী কর্মচারীদের দ্বারা এঁদের গাইড করা প্রয়োজন।

সেজন্য আজকে কেউ কেউ বলেছেন এক্সিকিউটিভ অফিসার-এর কথা, বি. ডি. ও.-এর কথা, আপীল নাকি ভেস্ট করবে. ভেস্টতো করবেই, আপীলের আজকে প্রভিসন কি করে রাখা হবে? ২৩৩টি ব্লকের মধ্যে ১০০টি ব্লক ডেভেলপমেন্ট অফিসার তৈরী হয়েছে। আজকে এগুলি আইন করা হবে নিশ্চয়ই এবং জেলা পরিষদের যে আইন আছে তাতে সমস্ত সম্পত্তি ভেস্ট করবে। এগুলি হবে ডিভেলপমেন্ট অফিসার যারা জনসাধারণের প্রতিনিধিত্ব করবে।

আমি আর একটি প্রশ্নের উত্তর দিই। কেউ কেউ মহিলা সদস্যদের সম্বন্ধে বলেছেন আমরা নাকি মহিলাদের নমিনেশনে আনছি। তাঁরা ভাল করে আইনটি পড়েন নি। দুটি মহিলাকে নমিনেশনের পাওয়ার সরকার রেখেছেন। এই ব্যবস্থা হচ্ছে যেখানে মহিলাদের এলেকার লোক নির্বাচন করে পাঠাবেন না সেখানকার জন্য। মহিলারা যদি নির্বাচিত হয়ে আসেন দুজনের অধিক সেখানে সরকারের মনোনয়ন করার কোন অধিকার নাই। কিন্তু এক্ষেত্রে

আছে? যেখানে দুই-এর কম অথবা একজন মহিলাকেও গ্রামবাসীরা অথবা [illegible] থেকে পাঠাতে পারেন নি। কিন্তুই সরকার মনে করেন যে [illegible] আমাদের [illegible] এই সমস্ত গ্রামের কাজের সঙ্গে সংযুক্ত করা উচিত, সেজন্য তাঁরা নমি-নেশন দেবেন। এই [illegible] প্রস্তাবকে বাতিল করে দেবে জনসাধারণ আমার বিশ্বাস। একটাই আমার খবর আছে অনেক গ্রাম পঞ্চায়েতে অনেক মহিলা সদস্য নির্বাচিত হয়েছে। আজকে ২০ হাজার গ্রামে আড়াই হাজার পঞ্চায়েত এর মধ্যে এই তিন [illegible] নির্বাচন চলেছে। আমার বিশ্বাস প্রত্যেক জায়গায় [illegible] গ্রামবাসী মহিলা [illegible] দেশের এই নূতন কর্মপদ্ধতিতে তাঁরা আত্মনিয়োগ করবেন, মহিলারা পিছিয়ে থাকবেন না। এই তিনটি মৌলিক বিষয় ছাড়া আরও অনেকে অনেক বিষয় আলোচনা করেছেন, আমি আর হাউসের দীর্ঘ সময় নিতে চাইনা। তবু যাই তবু আলোচনায় সময় প্রত্যেকটির উত্তর দেব। আমি সার্কুলেশন মোশনের বিরোধিতা করছি এবং এই বিল [illegible] জন্য যে প্রস্তাব [illegible] জন্য অনুরোধ করছি।

The motion that the West Bengal Zilla Parishads Bill, 1962, be circulated for eliciting opinion was then put and lost.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Zilla Parishads Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

NON-OFFICIAL BUSINESS

Private Members' Resolution

[2-35—2-45 p.m.]

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that in view of the failure of the objectives of Gold Control Order and untold sufferings of thousands of goldsmiths, this House is of opinion that the Central Government be requested to modify the Gold Control Order, 1963.

আমি আমার প্রস্তাবের সমর্থনে কিছু বলছি। প্রথমে ৯ই জানুয়ারী ১৯৬৩ সালে এই গোল্ড কন্ট্রোল অর্ডার ঘোষণা করা হয় এবং ১০ই তারিখে মাঝরাত্রি থেকে এটাকে কার্যকরী করা হয়, এবং যে উদ্দেশ্য নিয়ে কেন্দ্রীয় সরকার এই গোল্ড কন্ট্রোল অর্ডার চালু করেছিলেন সেটা দেখছি মূলতঃ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। প্রথম ধাপে তাঁরা বলেছিলেন সোনার যে বিরাট চোরাকারবার চলছে যাতে আমাদের দেশের বৈদেশিক মুদ্রা কোটি কোটি টাকার অপচয় হচ্ছে, সেটা রোধ করতে হবে। কিন্তু আজকে আমরা ৫ মাস পরে দেখি যে সোনার চোরাকারবার বন্ধ তো হয় নি বরঞ্চ ক্রমশঃ বেড়ে চলেছে এবং নানাপ্রকারে তার আমদানি দেশের মধ্যে ছড়িয়ে পড়েছে। এই আইন চালু করবার সময় কেন্দ্রীয় সরকার একটা বিশেষ শ্রেণীর উপর যে লক্ষ্য রাখেন নি সে সম্পর্কে আমরা নিশ্চিত। তারা হচ্ছে আমাদের দেশের এই লক্ষ লক্ষ স্বর্ণ শিল্পী ভাইরা। আজকে ৫ মাস পরে আমরা দেখি আত্মহত্যার মিছিল আমাদের দেশের বুকের উপর দিয়ে বয়ে চলেছে, একটার পর একটা আত্মহত্যার সংবাদ বয়ে নিয়ে আসছে আমাদের দেশের সংবাদপত্র। কিছু দিন আগে স্বামী স্ত্রী দু'জন একসঙ্গে আত্মহত্যা করে একটা মর্মান্তিক ঘটনার সূচনা করে গেছেন। আজকে এই যে স্বর্ণ শিল্পী তাঁদের সম্পর্কে সরকার যে অত্যন্ত অবহেলার সঙ্গে চিন্তা করছেন এটা আমরা এই কারণে বুঝতে পারছি যে এই স্বর্ণ শিল্পীদের পুনর্বাসনের ব্যাপারে তাঁরা বড় বড় গালভরা কথা বিভিন্ন সময় ঘোষণা করেছেন, অনেক নীতির কথা বলেছেন কিন্তু কার্যকরীভাবে কোন ব্যবস্থা গ্রহণ করতে আমরা দেখি নি। কিছু সংখ্যক স্বর্ণ শিল্পীদের তাঁরা মাসিক ৪ টাকা ভাতা দিয়ে তাঁদের কাজ শেষ হয়েছে বলে মনে করছেন। আমি সেজন্য সরকারের এই অকর্মণ্যতাকে গভীরভাবে নিন্দা করছি। আজকে

স্বর্ণ শিল্পীদের সংখ্যা কত সে সম্পর্কে সরকারের সঠিক কোন সংবাদ আছে কিনা সে সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। ১৯৬০ সালে প্ল্যানিং কমিশনের যে সমীক্ষা হয় তার থেকে আমরা জানতে পারি যে সারা ভারতবর্ষের শহরাঞ্চলের স্বর্ণকার এবং রৌপ্যকারদের সংখ্যা হচ্ছে ২ লক্ষ ২০ হাজার। ১৯৬২ সালে স্বর্ণকারদের সংখ্যা হল ৫ লক্ষ ১৫ হাজার ৫ শো কিন্তু স্বর্ণ শিল্পী সমিতির মত তাদের সংখ্যা হচ্ছে ২৫ লক্ষ। এই স্বর্ণ শিল্পীদের জীবিকা সম্বন্ধে সরকারের নির্দিষ্ট কোন পরিকল্পনা নেই। কিন্তু তাদের পুনর্বাসনের জন্য তাদের [illegible]। সম্পর্কে আমাদের বিশেষভাবে চিন্তা করতে হবে। ৫ লক্ষ ১৫ হাজার ৫ শো এই যে সেনসাস রিপোর্ট পাওয়া গেছে এর মধ্যে ২ লক্ষ ৬৯ হাজার ৬ শো শহরাঞ্চলে কাজ এবং ব্যবসায়ে নিযুক্ত আছে। শহরাঞ্চলে প্রতি ১ শো জন কর্মে নিযুক্ত ব্যক্তির মধ্যে একজন স্বর্ণকার বা একজন রৌপ্যকারের শিক্ষাগত যোগ্যতার কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে বলি। তাদের শিক্ষাগত যোগ্যতা অত্যন্ত ভয়াবহ। ন্যাশনাল স্যাম্পল সার্ভের যে রিপোর্ট প্রকাশ পেয়েছে তাতে শতকরা ২১ ৪৭ ভাগ অক্ষরজ্ঞানহীন, বাকি ৭৮·৫৩ ভাগ অক্ষরজ্ঞান সম্পন্ন হলেও তারা নন-ম্যাট্রিক। সেই রিপোর্টে আরো দেখা যায় যে তাদের মধ্যে শতকরা ১৫·৭৫ ভাগ হল মালিক কর্তৃক নিযুক্ত কারিগর, শতকরা ৭৪·৭৬ ভাগ স্বনিয়োজিত কারিগর, শতকরা ১·৫২ ভাগ কর্মকর্তা। আমাদের ভারতবর্ষের একটি প্রাচীন শিল্পকে যারা এতদিন পর্যন্ত জাগিয়ে রেখেছিল এক কলমের খোঁচায় তাদের ভিখারী করে দেওয়া হয়েছে। তাদের পুনর্বাসনের কথা চিন্তা করা উচিত। কি প্রকারের কাজ তাদের দিলে পর তারা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারবে সে সম্পর্কে সরকারের বিশেষভাবে চিন্তা করা উচিত। তাই এই স্বর্ণ নিয়ন্ত্রিত বিধি প্রয়োগ করতে গিয়ে সরকারের তরফ থেকে যে গোল্ড কন্ট্রোল বোর্ড তৈরি করা হয়েছে তার চেয়ারম্যান সম্বন্ধে আমি দু' চারটি কথা বলতে চাই। গিরিধারী লাল কোটাক, তিনি কংগ্রেসী করতেন, সৌরাষ্ট্রের খেবর মন্ত্রী সভার সদস্য ছিলেন এবং তিনি একজন বড় তুলার ব্যবসায়ী। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সদস্যদের জানাচ্ছি যে এই কোটাক সাহেবকে ১৯৫৮ সালে ৩ লক্ষ টাকা ফাইন করা হয়েছিল। কি কারণে জানেন বৈদেশিক মুদ্রা আইন ভংগ করার জন্য। এই গিরিধারী লাল কোটাক সম্পর্কে পার্লামেন্টের আলোচনায় প্রকাশ পায় যে তিনি একবার স্মাগলিং করতে গিয়ে ধরা পড়েন এবং সেই সময় তিনি ড্রাইভারের উপর দোষ চাপিয়ে দিয়ে সাময়িকভাবে তার থেকে উদ্ধার পান।

এই কোটাকের দুই ভাই এ. পি. কোটাক এবং পি. বি. কোটাকের নামে ওসাকা এবং নিউ ইয়র্কে পার্সোনাল য়্যাকাউন্টে এবং আর এক পার্টনার শান্তিলাল কোটাকের নামে মার্কেন্টাইল ব্যাংকে এবং চাটার্ড ব্যাংকে বৈদেশিক মুদ্রা জমা আছে, এটা ভারত সরকার তদন্ত করে ধরতে পেরেছেন, আজকে তাঁদের নামে চোরাকারবারের কেস ধরা পড়ছে। কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে সরিষার মধ্যে ভূত। তাঁরা নিজেরা এই দোষে দুষ্ট, তাঁরা বৈদেশিক মুদ্রা নিয়ে চোরাকারবারে ধরা পড়েছিলেন তাঁদের উপর কেন এই দায়িত্ব দেয়া হয়েছে একথা আমি মন্ত্রিমহাশয়ের সামনে রাখতে চাই। আজকে এই স্বর্ণ শিল্পীদের সমস্যার সমাধান করার জন্য আমি মন্ত্রিমহোদয়ের কাছে সুনির্দিষ্টভাবে আমার প্রস্তাব রাখছি। তাই প্রস্তাব হল এই গোল্ড কন্ট্রোল রুলের মধ্যে বলা আছে অলংকার ছাড়া অন্য কোন সোনা সম্পর্কে ডিক্লারেসান দিতে হবে। ঐ জায়গায় আর একটা জিনিস য়্যাড করতে হবে, সেটা হল অলংকারের ডিক্লারেসান দিতে হবে এবং অন্য সোনারও ডিক্লারেসান দিতে হবে এবং সেই সোনা কোন সোর্স থেকে তারা সংগ্রহ করেছে তার ডিক্লারেসান দিতে হবে। আজকে ১৪ ক্যারেটের প্রশ্ন তুলে দিতে হবে, ১৮ বা ২২ ক্যারেট সোনা যার যেরকম খুশী সেভাবে গয়না তৈরী করতে পারবে এবং স্বর্ণকারকে এই গয়না তৈরী করবার জন্য হুকুম দিতে হবে। তৃতীয় কথা হচ্ছে যে অলংকার তৈরী করবার এবং অলংকার রাখবার একটা লিমিট সরকারকে নির্দিষ্ট করে দিতে হবে। যদি কেউ নূতনভাবে সোনার গয়না তৈরী করে তাহলে পরে সেই ম্যানুফ্যাকচারার এবং যিনি তৈরী করেছেন তাঁদের উভয়কেই একটা ডিক্লারেসান দিতে হবে যে কোন সোর্স থেকে তাঁরা সেই সোনা সংগ্রহ করছেন। আজকে আমার এই প্রস্তাবে মূলতঃ [illegible] ভাবে সোনার চোরাকারবার হয়ত বন্ধ হবে না কিন্তু যারা চোরাকারবারে সোনা কিনে এসব কারবার করে এবং কারা কেনে তাদের

কিন্তু মোটামুটি একটা হিসাব করার ব্যবস্থা করা যাবে। স্যার, সোনার চোরাকারবার বন্ধ করবার জন্য এই গোল্ড কন্ট্রোল অর্ডার সরকার জারী করেছিলেন কিন্তু আমি একটা কথা পরিষ্কার-ভাবে বলতে চাই একসাইজ রুল যদি কঠিনভাবে প্রয়োগ করবার ব্যবস্থা করা যায় এবং কাস্টমস ডিপার্টমেন্টকে যদি ভালভাবে ঢেলে সাজানো যায় তাহলে পরে তাদের প্রধান কর্তব্য হচ্ছে বে-আইনী চোরাই চালান বন্ধ করা। যে আইন মানুষকে খেতে দিতে পারে না, যে আইনে মানুষের শুভ মংগল আসছে না সেই আইন সম্বন্ধে সৎভাবে ব্যবহার করা উচিত। আর একটা প্রস্তাব আমি মন্ত্রীমহোদয়ের কাছে রাখছি, সেটা হল যে উদ্বাস্তুদের পুনর্বাসনের সময় আমরা দেখেছি যে সরকার থেকে ইন্ডিভিজুয়ালী বহু টাকা তাদের লোন দিয়েছিলেন, তার মধ্যে বহু টাকা চুরি গেছে বলে আমরা এখন জানতে পারছি—সেই সময় সরকারকে আমরা হুঁসিয়ারী দিয়েছিলাম। আজকে মন্ত্রীমহোদয়ের কাছে আমি যে প্রস্তাব রাখছি সেটা হল এই যে তাঁরা ঘোষণা করুন স্বর্ণ শিল্পীদের পুনর্বাসনের জন্য তাঁরা কত টাকা লোন হিসাবে তাঁদের দেবেন এবং যে টাকাটা লোন হিসেবে তাঁদের দেবেন সেটা স্বর্ণ শিল্পীদের নামে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট করে একটা কারখানা আপনারা চালু করে দিন, একটা ঘড়ির কারখানা চালু করে দিতে পারেন। সেই কারখানাতে স্বর্ণশিল্পীরা কর্মচারী হিসাবে থাকবে এবং সেখান থেকে যে মজুরী পাবেন তা দিয়ে তাদের সংসার চালাতে পারবে এবং প্রফিটের যে অংশ পাবে তা থেকে তারা মূলধনের যে ঋণ সেটা শোধ করবার ব্যবস্থা করতে পারবে। সরকারী তরফ থেকে সেই কারখানা যাতে সুষ্ঠুভাবে চালু করতে পারে তার একটা ওভার অল সুপারভিসন রাখতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-45—2-55 p.m.]

Shri Bejoy Pal:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন যে গত ২ শত বছর ইংরাজ শাসনে আমাদের দেশ কিভাবে লাঞ্ছিত, নির্যাতিত হয়েছে। এর সংগে আজকে দেখতে পাচ্ছি গত ১৬ বছর কংগ্রেস শাসনে দেশের অবস্থা আজ কোথায় এসে দাঁড়িয়েছে। কিন্তু সম্প্রতি কংগ্রেস গোল্ড কন্ট্রোল অর্ডার নামে যে আইনটি রচনা করেছিলেন তার মাধ্যমে কি অবস্থা হয়েছে সে কথা আমাদের ভাল করে বুঝতে হবে। আপনারা কি কোন দিন শুনেছেন যে একটা কলমের খোঁচায় ২০ লক্ষ মানুষকে আজ পথে বসিয়ে দেওয়া হয়েছে। আপনারা কি শুনেছেন যে লক্ষ লক্ষ মা বোনদের গা থেকে স্বর্ণ অলংকার কেড়ে নেওয়া হয়েছে। আপনারা কি একথা শুনেছেন যে মধ্যবিত্ত পরিবারের আপদে বিপদের সম্বল হিসাবে তাদের যে গহনা তা তাদের হাত থেকে কেড়ে নেওয়া হয়েছে। নিশ্চয়ই আপনি একথা শুনেন নি। কিন্তু মোরারজী দেশাই-এর আইনের মাধ্যমে এ ঘটনা ঘটেছে। মোরারজী দেশাই আমাদের মাননীয় অর্থমন্ত্রী একটা কথা বলেছিলেন যখন গোল্ড কন্ট্রোল অর্ডার বিল নিয়ে আসেন এই দেশবাসীর সামনে অত্যন্ত জোরের সংগে যে এই গোল্ড কন্ট্রোল অর্ডারের মধ্য দিয়ে দেশেতে যে চোরাকারবার সোনা নিয়ে চলেছে তা তিনি দমন করবেন। কিন্তু আমি একথা বলি যে এই অর্ডারের মধ্যে দিয়ে যে সোনা লুক্কায়িত অবস্থায় রয়েছে তা বের করে আনতে পেরেছেন কি? তিনি একথা বলেছিলেন যে সোনার দাম এমন ভাবে নির্ধারিত করবেন—এমন জায়গায় নিয়ে যাবেন যেখানে আন্তর্জাতিক ব্যাপারে আমাদের খুব সুবিধা হবে। এবং এরই সংগে সংগে তিনি বলেছিলেন যে হাজার লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী যে বেকার হয়ে যাবে তাদের পুনর্বাসনের ব্যবস্থা তিনি করবেন এবং ১৪ ক্যারেট গোল্ডের মাধ্যমে দেশেতে একটা স্বর্ণশিল্প তিনি গড়ে তুলবেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি মোরারজী দেশাইয়ের দলের লোককে বিশেষ করে ট্রেজারী বেঞ্চে আমাদের অর্থমন্ত্রী মোরারজী দেশাই যে কথা তিনি ঘোষণা করেছিলেন তা তিনি রাখতে পেরেছেন কিনা। গোল্ড কন্ট্রোলের ফলে দেশে কি অবস্থা হয়েছে সে কথা আপনারা নিশ্চয়ই জানেন। আজ ২০ লক্ষ স্বর্ণশিল্পী এবং তাদের পরিবারবর্গ তাদের সংখ্যা প্রায় ১ কোটি হবে তারা আজ পথে বসেছে একথা আপনারা সকলেই জানেন। তাদের অবস্থা এমন জায়গায় এসে পৌঁছেছে যে তারা অনাহারে, অনশনে তাদের দিন কাটাতে হচ্ছে। গত কয়েক মাসে এই আইনের ফলে ১৫০ জন স্বর্ণশিল্পী আত্মহত্যা করেছে এবং বাংলা দেশে

১৫ জন স্বর্ণশিল্পী তাদের মধ্যে ২ জন মহিলা আছেন তারা আত্মহত্যা করেছে। আপনারা একথা জানেন অনেক [illegible]। পাগল হয়ে গেছে, রাস্তায় ঘুরে বেড়াচ্ছে তাদের শিশু সন্তানদের কোন ব্যবস্থা করা হয় নি একথা আপনারা জানেন। অত্যন্ত ক্ষোভের সঙ্গে জানাতে চাই যে, যাঁরা জনগণের জন্য এত দরদ দেখান এবং এত অশ্রুপাত করে থাকেন তাঁদের আমি জিজ্ঞাসা করতে চাই যারা শহীদ হয়েছে তাদের পরিবারের জন্য আপনারা কি করেছেন। যারা আপনাদের নীতির ফলে আত্মহত্যা করল তাঁদের পরিবারবর্গের জন্য আপনারা কোন ব্যবস্থা করতে পারলেন না? গোল্ড কণ্ট্রোল-এর ফলে সাধারণ মধ্যবিত্তের হাতে যে সোনা ছিল সেই সোনা আপনারা কেড়ে নিয়েছেন। ৪ হাজার কোটি টাকার সোনার মধ্যে একটা অংশ ছিল সাধারণ লোকের হাতে যারা বিপদের সময় অলঙ্কার বন্ধক দিয়ে বিপদ থেকে উদ্ধার পেত। এর মধ্যে আরেকটা অংশ ছিল হোর্ডেড, লুকান সোনা, এই লুকান সোনার মধ্যে কতটা বের হয়েছে আমরা জানতে চাই। আপনারা আপনাদের এই নীতির ফলে একটা প্রাচীন শিল্পকে ধ্বংস করেছেন। অতীতের ঐতিহ্য নিয়ে আপনারা বড়াই করে থাকেন, কিন্তু আজকে আপনারা আপনাদের নীতির ফলে একটা প্রাচীন ঐতিহাসিক শিল্পকে ধ্বংস করলেন। আপনারা [illegible] যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন তার একটাও রক্ষা করেন নি। পণ্ডিত নেহরু বলেছিলেন আমি স্বর্ণশিল্পীদের পুনর্বাসনের ব্যবস্থা করব। দিল্লীতে হাজার হাজার স্বর্ণশিল্পীরা পণ্ডিত নেহরুর বাড়ী ঘেরাও করেছিল বলে তিনি এই কথা বলতে বাধ্য হয়েছিলেন। পণ্ডিত নেহরু আরো বলেছিলেন যে, এই সম্পর্কে বিভিন্ন স্টেটকে জানিয়ে দেওয়া হবে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবার জন্য। আমি পশ্চিমবংগ সরকারকে জিজ্ঞাসা করতে চাই, পণ্ডিত নেহরু যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা কতদূর রক্ষা করেছেন। গুজরাটে ১।।০ হাজার শিল্পীর পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। আপনারা আজ পর্যন্ত কোন স্বর্ণশিল্পীর পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেন নি। আপনারা ১৪ ক্যারেট সোনা সম্পর্কে জনসাধারণকে উপদেশ দিচ্ছেন। আমি শুনেছি সম্প্রতি আমাদের মন্ত্রিমণ্ডলীর দুইজন মন্ত্রীর আত্মীয়ের বিবাহ হয়েছে—একজন হচ্ছেন শ্রীতরুণকান্তি ঘোষ, তাঁর আত্মীয়ের বিবাহে কত ক্যারেট সোনা ব্যবহার করেছিলেন আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই। শ্রীমতী আভা মাইতির একজন আত্মীয়ের বিবাহ হয়েছে সম্প্রতি, এই বিবাহে কত ক্যারেট সোনা ব্যবহৃত হয়েছে আমি জানতে চাই। জনসাধারণকে আপনারা ১৪ ক্যারেট সোনা ব্যবহার করবার জন্য উপদেশ দিচ্ছেন, কিন্তু আপনারা নিজেরা তা ব্যবহার করছেন না। কোথায় হোর্ডেড গোল্ড রয়েছে তা আপনারা জানেন। কলকাতা শহরের একজন বুলিয়ন মার্চেণ্ট-এর ৩০০ ভরি সোনা আছে বলে তিনি ডিক্লারেশন দিয়েছেন, কিন্তু আমি জানি তাঁর ৩০ মণ সোনা আছে। শ্রীনেপাল রায় কলিকাতার একটা জনসভায় বক্তৃতা প্রসঙ্গে বলেছিলেন আমি জানি বহু ঘরে সোনার ইঁট আছে, কিন্তু আমি সেই কথা বলতে পারছি না। তাদের উপর ডি আই রুলস প্রয়োগ করা হয় না কেন? তার কারণ কি এই যে, শ্রীমোরারজী দেশাই তাঁদেরই প্রতিনিধিত্ব করছেন এবং তার জন্যই তাঁদের উপর ভারত রক্ষা আইন প্রয়োগ করতে পারেন না। আপনারা গোল্ড কণ্ট্রোল অর্ডার উইথড্র করুন, মডিফাই করুন, নতুবা স্বর্ণশিল্পীদের বিকল্প চাকুরির ব্যবস্থা করুন। এই সংগে সংগে আমি বলব মোরারজী দেশাই মাস্ট গো। তাই আমি আপনাদের কাছে নিবেদন করতে চাই, স্বর্ণশিল্পীদের বিকল্প চাকুরী সম্পর্কে আপনাদের অবিলম্বে ব্যবস্থা করতে হবে, তা না হলে স্বর্ণশিল্পীরা আন্দোলন করে আপনাদের বাধ্য করবে তাদের দাবি স্বীকার করতে।

[2-55—3-5 p.m.]

Shri Nikhil Das: Sir, I beg to move that the following be added at the end:

"in a manner so that the problems of unemployment of the goldsmiths may be solved and smuggling and blackmarketing of gold may be prevented."

Shri Sunil Das Gupta: I accept the amendment.

Shri Nikhil Das:

মাননীয় ডেপ্রটি স্পীকার, স্যার, আমরা জানি গোল্ড কণ্ট্রোল অর্ডার এটা কেন্দ্রীয় বিধি এবং কেন্দ্রীয় আইন। এই প্রস্তাবে এই কথাই বলা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের কাছে আমরা এখান থেকে সবাই মিলে একটা সর্বসম্মত প্রস্তাব পাঠাতে পারি কিনা গোল্ড কণ্ট্রোল অর্ডার কি কি কারণে পরিবর্তন করা উচিত। আমি এখানে গোল্ড কণ্ট্রোল-এর ভিতরের ধারা সম্পর্কে কিছু বলতে চাই। এতে ডিলার্সদের লাইসেন্সিনং লাগবে ১০০ টাকা। ডিলার্স কারা? ডিলার-এর ডেফিনেসান-এ বলা হয়েছে ডিলার্স হচ্ছে যারা ম্যানুফ্যাকচার করবে, রিপেয়ার করবে, পালিশ করবে, প্রসেস করবে। ডিলার-এর এই রিপেয়ার ডেফিনেসান-এ দেখছি ডিলার-এর পর্য্যায়ে প্রায় সমস্ত ওয়ার্কারই পড়ছে। রিপেয়ার-এর কাজ করতে হলে, প্রসেস-এর কাজ করতে হলে, ম্যানুফ্যাকচার করতে হলে লাইসেন্স করতে হবে। আমরা জানি এম বি সরকার অথবা পি সি চন্দ্র ইত্যাদি বড় বড় ম্যানুফ্যাকচারাররা এদের টকা দিয়ে লাইসেন্স করিয়ে দেবে এবং তার ফলে ওয়ার্কারদের নিজেদের স্বাধীনভাবে ব্যবসা করবার অধিকার থাকে না, বড় বড় ম্যানুফ্যাকচারারদের স্লেভস-এ পরিণত হয়। দ্বিতীয় কথা, গোল্ড কণ্ট্রোল অর্ডার-এর ভিতর রিফাইনারির যে জায়গা সেই জায়গা তুলে নেওয়া হয়েছে। আপনি জানেন, মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, এলয় নামে যে পদার্থ মিশ্রণ দেওয়া হয়, তা রিফাইন করবার অধিকার না যদি দেওয়া হয় তাহলে তারা সোনার গহনা তৈরী করবে কি করে। তাদের রিফাইন করবার অধিকার কেড়ে নেওয়া হয়েছে। তিন নম্বর কথা হচ্ছে, যারা সোনার কাজ করবে তার মাত্র তিন ভরি সোনা রাখতে পারবে। আপনি জানেন, মাননীয় ডেপ্রটী স্পীকার মহাশয়, তিন ভরি সোনার কাজ করতে হলে ৪।৪৷৷·।৫ ভরি সোনা রাখতে হয়। এর ফলে ছোট দোকানদারদের কাজের অসুবিধা হবে। সবচেয়ে বড় কথা হচ্ছে, বর্তমানে ১৪ ক্যারট গোল্ড-এর কিছু কিছু দোকান হয়েছে এবং তারা ১৪ ক্যারট গোল্ড-এর তোলা ৮৫ টাকা থেকে ৮৭৷৷০ টাকায় বিক্রী করছে। এটা যদি পিওর গোল্ড-এ পরিণত কর যায় তাহলে দেখা যাবে যে পিওর গোল্ড-এর দাম পড়বে প্রতি তোলা ১৫৫ টাকা। যেখানে সোনার দাম কমানোর জন্য গোল্ড কণ্ট্রোল আনা হয়েছে সেক্ষেত্রে বাজারে ১৫৫ টাকা যদি পিওর গোল্ড-এর দাম হয় তাহলে নতুন এক ধরনের [illegible]ব্ল্যাকমার্কেট-এর সুযোগ দেওয়া হবে। কারণ বর্তমানে সোনার দর ১২৫ টাকা। এর বিরুদ্ধে আমি আমার বক্তব্য রাখতে চাই।

আর একটা কথা বলতে চাইছি। আপনি জানেন যে সোনা স্মাগলড্ হচ্ছে, গহনা তৈরী করতে পারে না তাই স্মাগলড্ হয়ে বর্ডার পেরিয়ে পাকিস্থানে যাচ্ছে। পাকিস্থানে তৈরী হয়ে গহনা এখানে আসবে অর্থাৎ সোনার গহনা তৈরী করে যে মজুরী হোত এখানকার কর্মচারীরা তা তারা আর পাচ্ছে না—যার জন্য ২২ ক্যারেট খাদের সোনার গহনা এখানে বাজারে পাওয়া যায় এবং সেই সোনার গহনা এখানে লোকে কেনে। বাংলাদেশে ১½ লক্ষ স্বর্ণশিল্পী আছে—তার মধ্যে চল্লিশ ক্যাটিগরির লোক আছে। স্বর্ণশিল্পীদের মধ্যে শিবপুর এলাকার যারা ছাই গুঁড়া ন্যাড়াওয়ালা তারাও আছে এবং তাদের সংখ্যা ৩½ হাজার। এই ধরনের বিভিন্ন ক্যাটিগরির চল্লিশ রকমের ১½ লক্ষ লোক—পরিবার পিছু পাঁচজন ধরলে ৭½ লক্ষ লোক [illegible] উপর [illegible] হয়ে ছিল। ১৪ ক্যারেট সোনার গহনার চাহিদা নেই এবং চাহিদা না থাকার দরুণ স্বর্ণশিল্প আজ এমন জায়গায় পৌঁছেছে যে ১½ লক্ষ স্বর্ণশিল্পী আজ বেকারত্বের জায়গায় এসে পৌঁছেছে। গোল্ড কণ্ট্রোল অর্ডার যখন হয় তখন যে সমস্ত উদ্দেশ্যের কথা বলা হল সেই সব উদ্দেশ্যের পুরোপুরি বিরোধিতা আমরা করি না। কারণ, যদি সোনার দাম আন্তর্জাতিক দামে নামিয়ে আনা যেত, যদি স্মাগলিং বন্ধ করা যেত বড় লোকের ঘরের সোনা যদি বের করে আনা যেত সেটা সকলেই সমর্থন করতেন। এই তিনটি উদ্দেশ্য আমাদের সামনে ধরা হয়েছিল এবং বলা হয়েছিল ডিফেন্স-এর কাজে লাগান হবে। তারপর আমাদের মোরারজী দেশাই-এর সম্বন্ধে আর কি বলব? তিনি সেদিন গর্বের সংগে বলেছেন গোল্ড কণ্ট্রোল অর্ডার-এর আমরা অনেকটা সাকসেস-ফুল হয়েছি। কোথায় সাকসেসফুল হয়েছেন। মজুত যে সোনা ছিল তা কি বের হয়েছে, স্মাগলিং কি বন্ধ হয়েছে? তা হয় নি যেটা হয়েছে তা হল বাংলাদেশে ১½ লক্ষ [illegible]

বেকারত্ব হয়েছে এবং বিভিন্ন গৃহস্থ যারা বিপদের দিনে কয়েক তোলা সোনা ঘরে থাকে তা দিয়ে টাকা ধার করেন সেটা বন্ধ হয়েছে। বললেন ব্যাংক-এ তো টাকা জমাতে পারে, কিন্তু সেটা ইজিলি এ্যাভেলেবল মানি সেটা তেলা যায়, কিন্তু স্ত্রী, মায়ের গায়ের যে গহনার সোনা চরম বিপদের দিনে ছাড়া খুলে দেয়না, আজকে অবস্থা কি দাঁড়িয়েছে? সেই গৃহস্থ বন্ধক দিতে গেলে ওই ইনটারন্যাশনল মার্কেট রেট ৬২½ টাকা ধরবে, কিন্তু কিনতে যান ১৫৫ টাকা তোলা। আজকে গ্রামের চাষী যারা তারা কাজের সময় ঘরে যে ২।১ তেলা সোনা থাকে তা বন্ধক দিয়ে চাষের কাজ করে আবার চাষ উঠে গেলে সেটা উদ্ধার করে। গ্রামাঞ্চলের যারা খবর রাখেন তারা বলবেন যে এবার চাষের সময় চাষীরা যখন সোনা বন্ধক দিতে গিয়েছে কি রকমভাবে তারা বন্ধক দিয়েছে এবং ধীরে ধীরে সেটা গহনাগুলি বড়লোকের ঘরে গিয়ে স্তূপীকৃত হচ্ছে।

[3-5—3-15 p.m.]

এখন বেকারত্ব সম্বন্ধে কিছু বলি। আজকে দেড়লক্ষ স্বর্ণশিল্পীর মধ্যে শুনলাম বিজয়বাবুর কাছে যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে ২০৬ জনের চাকুরী হয়েছে। এবারে আমি একটি করুণ কাহিনী আপনার মাধ্যমে রাখতে চাই। বর্ধমান জেলার গোপালপুর গ্রামের স্বপনকুমার দত্ত নামে একজন লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ স্বর্ণশিল্পী বলে কার্ড করান। তারপর তার চাকরীর জন্য ডাক এল এবং সে এমপ্লয়মেন্ট অফিসারের সংগে দেখা করাতে তিনি বললেন, তুমি যে স্বর্ণশিল্পী তার প্রমান কি? সে তখন বি ডি ও, জুনিয়র ল্যাণ্ড রিফর্ম অফিসার এবং ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট-এর দেওয়া সার্টিফিকেট দেখিয়ে বলল যে সে স্বর্ণশিল্পী। তখন এমপ্লয়মেণ্ট অফিসার চটে গিয়ে বললেন যে তোমার চাকুরী হবেনা এবং এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর কার্ডখানা টুকরা টুকরা করে ছিঁড়ে ফেলল। আমি সেই ছেঁড়া কার্ডখানা আপনার কাছে উপহার দিতে চাই। স্যার, শ্রমমন্ত্রি বললেন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকুরী হয়েছে কিন্তু ওখানে ডান হাত, বাম হাত না করলে যে চাকুরী হয় না তার প্রমাণ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর এই ছেঁড়া কার্ড। তবে এটা শুধু আমার কথা নয়, নেপালবাবুর বলবেন কারণ তাঁর এলাকায় বহু স্বর্ণশিল্পী আছে এবং গ্রামাঞ্চল থেকে যাঁরা এসেছেন তাঁরাও বলবেন স্বর্ণশিল্পীরা কি দুর্দশার মধ্যে গিয়ে পড়েছে। তাদের এমপ্লয়মেণ্ট কোথায়? কেউ তাদের চাকুরী দিচ্ছে না। তারা যে এখনও বেঁচে রয়েছে তার কারণ হোল বড় বড় ম্যানুফ্যাকচারাররা ব্ল্যাকমার্কেটিং-এর গোপন দরজায় এখনও ২২ ক্যারেট সোনার গহনা তৈরী করছে এবং সেই গহনা মন্ত্রিমহাশয়দের এবং বড় বড় লোকদের বাড়ীতে বিয়ের ব্যাপারে চলছে। স্যার, স্বর্ণশিল্পীরা সোনার উপর নির্ভরশীল কাজেই এই গোল্ড কন্ট্রোল অর্ডার তাদের বাধ্য করছে ব্ল্যাকমার্কেটিং-এর পথে যেতে, চুরী করতে, এবং অসৎ হতে। এই নীতির ফলেই তারা এরকম হয়েছে কাজেই এই বিধির বিরুদ্ধে আমাদের এই হাউসের সকলের প্রতিবাদ করা উচিত। এটা কোন দলের প্রশ্ন নয়, রাজনীতির প্রশ্ন নয় বা কংগ্রেস বামপন্থীর প্রশ্ন নয়, এটাকে পশ্চিমবাংলার সমস্যা হিসেবে তুলে ধরতে হবে, এই সমস্যাকে লোকসভার সদস্যদের তুলে ধরতে হবে, পশ্চিমবাংলার স্বাধীন নাগরিক হিসেবে সকলকে এটা তুলে ধরতে হবে। সাড়ে সাত লক্ষ স্বর্ণশিল্পী যারা সোনার উপর নির্ভরশীল তারা বেকার হয়েছে, অনাহারে, অর্ধাহারে আছে বলে ক্ষুধার জ্বালায় আইন ভাঙ্গতে বাধ্য হয়েছে। তারা আগে জানত না কি করে আইন ভাঙ্গাতে হয়, তারা কোনদিন প্রসেসন-এ অংশ গ্রহণ করত না, তারা কোনদিন কোন মিটিং-এ আসত না এবং এক কথায় বলা যায় তারা কনজারভেটিভ টেম্পারামেন্ট-এর লোক। যে স্বর্ণশিল্পীরা ছোট কুটীরের মধ্যে বসে গহনা তৈরী করত তাদের আজকে রাস্তায় আনতে, মিছিলের পথে আনতে, আইন ভাঙ্গতে এবং আত্মহত্যা করতে বাধ্য করেছে এই স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি। তাই আমি কংগ্রেস পক্ষের কাছে, তাঁদের মানবতার কাছে আবেদন করছি যে মাননীয় সদস্য সুনীলবাবু যে প্রস্তাব এনেছেন এবং তার সংগে আমার যে এ্যামেণ্ডমেণ্ট আছে এই দুটো মিলে যে প্রস্তাব দাঁড়িয়েছে সেটা হাউস থেকে সর্বসম্মতিক্রমে গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হোক।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের সামনে যে রেজোলিউশন আছে সে রেজোলিউশন আমি আমাদের দলের তরফ থেকে সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে দু-একটি কথা বলতে চাই। স্যার, এই বছর যখন শুরু হল বাংলা বছর অর্থাৎ ১লা বৈশাখ যখন শুরু হল, সেদিন খবরের কাগজে দেখলাম নূতন বছরের সেই নূতন সূর্যাকে আহ্বান করলেন নিজের রক্ত দিয়ে একজন স্বর্ণশিল্পী। এই কদিন আগেও বহরমপুরে দেখেছি একটি যুবক স্বর্ণশিল্পী এবং তাঁর স্ত্রী মৃত্যু-পথযাত্রী হয়েছেন এবং এইরূপে একের পর এক জীবন দেউটি বাংলাদেশে নিভে যাচ্ছে। আর যারা বেঁচে আছেন তাদের সামনে বিরাট অন্ধকার দাঁড়িয়ে আছে। আমি কোন দলের কথা বলছি না, কোন মতের কথা বলছি না। আমি স্যার, মানবিকতার নামে, মনুষ্যত্ব-অধিকারের নামে এই সভার সামনে যে কথা পেশ করতে চাই সেটা হল এই গোল্ড কন্ট্রোল অর্ডারের ফলে কি জাতি সমৃদ্ধি ফিরে পেয়েছে? এর ফলে স্মাগলিং কি চেক্‌ড হয়েছে? জাতি কি শক্তিশালী হয়েছে? জাতীয় জীবন কি শক্তিশালী হয়েছে? আমরা যদি দেখতাম কিছু হয়েছে তাহলে নিশ্চয়ই অন্ততঃ বলা দরকার হত এটা করা সম্ভব, এটা করা ঠিক। কিন্তু দেখতে পাচ্ছি গোল্ড কন্ট্রোল অর্ডার হবার পর কোটি কোটি টাকার সোনা পাকিস্তান থেকে স্মাগল্‌ড হয়ে আসছে এবং অলংকার হয়ে আসছে, এটা কে না জানে? কোটি কোটি টাকার সোনা বোম্বে বন্দর দিয়ে কারা নিয়ে আসছে সেটা কে না জানে? তারা পথঘাটের লোক নয় বড় বড় বাড়ীর মালিক ১।৫ তলা বাড়ীর মালিক, সিরাজুদ্দিনের মত লোক যারা মন্ত্রিসভাকে দুর্নীতিগ্রস্ত করে তারাই এই সোনা নিয়ে আসে স্মাগল্‌ড করে। দেশের আজ সবচেয়ে বড় দুর্ভাগ্য যে তাদের বাঁচবার জন্যই আজকে লক্ষ লক্ষ স্বর্ণশিল্পীদের বলি দেওয়া হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন আজ থেকে ১৫০ বছর আগে ভারতবর্ষ থেকে বিদেশের একটি মহান শিল্প মস্লিন শিল্পকে ধ্বংস করার জন্য, ম্যাঞ্চেস্টারের বণিকদের লাভের অংক বাড়াবার জন্য তাঁতীদের হাতের আঙ্গুল কেটে দেওয়া হয়েছিল, ভারতবর্ষের হাজার হাজার তাঁতী যুবকদের আজকে হাল তাই হয়েছে, আমেদাবাদের বণিকদের লাভের জন্য তাদের হাতের আঙ্গুল হারাতে হচ্ছে না বটে কিন্তু তাদের জীবন হারাতে বসেছে, এবং তার জন্য হাহাকার উঠেছে সারা ভারতবর্ষে। এর চেয়ে লজ্জার কথা আর কি আছে? যে মন্ত্রিসভা প্রতিনিধিত্ব করে বলে নিজেরা দাবী করেন এবং যেটা গণতন্ত্রের মধ্য দিয়ে স্বীকৃত হয়েছে, সেই মন্ত্রিসভা যুদ্ধের প্রয়োজনে সব চেয়ে প্রয়োজনীয় জিনিস না করে বেকারী সৃষ্টি করছেন কেন? আমি তো জানি পুঁজিবাদী রাষ্ট্রে যুদ্ধ শুরু হলে, যুদ্ধের আবহাওয়া শুরু হলে এমপ্লয়মেন্টের সুযোগ হয়, একথা সবাই জানে, এবং তাই হয় বলে পুঁজিবাদী রাষ্ট্রে যুদ্ধ অনিবার্য হয়। আজকে আশ্চর্যের কথা যুদ্ধের আবহাওয়া চলছে কিন্তু লক্ষ লক্ষ লোক বেকার হয়ে যাচ্ছে। এটা বিচিত্র ব্যাপার। আমি বলতে চাই নিশ্চয়ই রাষ্ট্র ব্যবস্থায় এমন কোন গলদ আছে, এই মন্ত্রিসভা এবং দিল্লীর মন্ত্রিসভার কার্যাবলীর মধ্যে এমন কোন গলদ আছে যার জন্য অসম্ভব জিনিস সম্ভব হচ্ছে, যার জন্য আজকে স্বর্ণশিল্পীরা বলি পড়ছে। আমরা দেখেছি যে পশ্চিমবাংলার তরফ থেকে বলা হয়েছিল যে স্বর্ণশিল্পীদের পুনর্বাসনের জন্য সরকার সাহায্য করবেন এবং তাদের এমপ্লয়মেন্ট দেবেন। এমপ্লয়মেন্টের নমুনা আমাদের শ্রদ্ধেয় বন্ধু বিজয় সিং নাহার মহাশয় বলেছেন, শ্রম মন্ত্রি মহাশয় বলেছেন—প্রায় ৮।১০ মাসে মাত্র ২০৬ জন লোককে এমপ্লয়মেন্ট দিতে পেরেছেন, এবং তিনি বলেছেন আরও এমপ্লয়মেন্ট দেবার চেষ্টা করছেন। ৮।১০ মাসে মাত্র ২০৬ জনকে কাজ দিতে পেরেছেন, কি চমৎকার ব্যবস্থা। শ্রদ্ধেয় বিজয়বাবু জানেন এই স্বর্ণশিল্পীদের সংখ্যা কত, এই ২০৬ জনের কত গুণ বেশী। আমার কথা হচ্ছে আপাততঃ বিকল্প ব্যবস্থা করা দরকার এবং করা সম্ভব। কিভাবে সম্ভব সেকথা আমি আপনার মাধ্যমে বলতে চাই। আমাদের শংকরবাবু বলেছেন ট্যাক্সী পারমিট দেবেন এবং দিচ্ছেন। এবং যেটা দেওয়া হচ্ছে সেখানে কো-অপারেটিভ করার কথা যেটা বলেছেন সেটা নূতন কথা কিছু নয়। এখানে একজন স্বর্ণশিল্পীর জন্য নূতন কিছু করা হচ্ছে না। যেকোন লোকই কো-অপারেটিভ করলে সে এই সুযোগ পাবে। এটা নূতন সুযোগ কিছু নয়। আমি যেটা বলছি এই যে ফাইভ

ইয়ার পরিকল্পনা হচ্ছে এই বিরাট প্রকল্পের মধ্যে হাজার হাজার লোক দরকার হবে। কাজেই মন্ত্রিসভার তরফ থেকে এই ডিসিশন নেওয়া হোক যে তাদের প্রত্যেক জায়গায় নেওয়া হবে।

[3-15—3-25 p.m.]

আজকে স্বর্ণশিল্পীদের যে টাকা দেওয়া হবে সেই টাকা মূলধন করে ছোট ছোট শিল্পে তাদের শেয়ার হোল্ডার করে এক একটা জায়গায় সরকারী উদ্যোগে কলকারখানা হতে পারে। আমরা যখন সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করতে যাচ্ছি তখন এগুলি সরকারী উদ্যোগে হবে না কেন? যদি এগুলি সরকারী উদ্যোগে হয় তাহলে আমরা মনে করি তাদের কর্মসংস্থান হতে পারে। স্যার স্বর্ণশিল্পীদের ব্যাপারে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ সম্বন্ধে মাননীয় নিখিলবাবু যে কথা বলে গেছেন আমিও সে সম্বন্ধে আর একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। কিছু দিন আগে আমি শুনেছি যাদবপুর অঞ্চলে একজন স্বর্ণশিল্পী এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছিল। খিদিরপুর এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে তার কার্ড হয়েছিল। মিলিটারীতে যাওয়ার জন্য তার কল হয়েছিল। মিলিটারীতে যখন সে ইণ্টারভিউ-এ গেল তখন তাকে তার একজন সহকর্মী বলে দিয়েছিল যে মিলিটারীর যিনি কর্তৃপক্ষ তিনি যখন জিজ্ঞাসা করবেন তখন তাঁকে বলবে যে আমাকে একটা স্কীল্ড লেবারের জায়গায় দেবেন। সেই ছেলেটা যখন এই কথা বলছে তখন সেই অফিসার তাকে শুধু অপমান করেন নি তাকে লগা ধাক্কা দিয়ে তাড়িয়ে দিয়েছেন এবং তার যে কার্ড সেই কার্ডে লিখেছেন হি ইজ নট উইলিং টু ওয়ার্ক এইভাবে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মারফত লোক পাঠালেও তাদের এই অবস্থা হচ্ছে। আমরা চাই মন্ত্রিসভায় যাঁরা আছেন তাঁরা যদি সত্যসত্যই এদের প্রতি দরদ উপলব্ধি করেন তাহলে এই ব্যাপারে এগিয়ে যাবেন এবং সে দিক থেকে মন্ত্রিমহাশয়কে বলছি হাজার ২।৩ টাকা তাদের গ্রাণ্ট দেওয়া দরকার। আপাততঃ যদি মফঃস্বলে ২ হাজার টাকা করে এ্যাড-হক গ্রাণ্ট দেওয়া হয় ক্যাপিট্যাল ফর্মেশানের জন্য তাহলে তার দ্বারা দেশ উপকৃত হবে এবং তারা তা দিয়ে ছোট ছোট কল-কারখানা তৈরী করে কাজ করতে পারবে। সে দিকে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার শেষ কথা হচ্ছে এটা কোন দল বা মতের কথা নয়, আজকে যখন এই ঠাণ্ডা আবহাওয়ার মধ্যে আমরা তাদের সম্পর্কে আলোচনা করছি তখন বাইরে ঐ উত্তপ্ত রোদের মধ্য দিয়ে বৃষ্টির মধ্য দিয়ে তারা আসছে—তারা আসছে আপনাদের কাছে আবেদন করার জন্য, তারা আসছে আপনাদের ধিক্কার দেওয়ার জন্য, তারা আসছে তাদের অভিযোগ জানাবার জন্য তাদের জীবনে বাঁচবার দাবির জন্য। আপনারা যদি চুপ করে বসে থাকেন তাহলে আপনারা শুধু তাদের প্রতি অবহেলা করবেন না একদিন দেখা যাবে ভবিষ্যৎ বংশধরদের অবহেলা করেছেন, দেশের ঐতিহ্যের প্রতি অবহেলা করেছেন। সেজন্য কোন দিন জাতি সেটা ক্ষমা করবে না।

Shri Sambhu Charan Ghosh: I move that in line 2, after the words "Gold Control Order" the words "and closing down of age-old gold industry of West Bengal" be inserted.

Shri Sunil Das Gupta: I accept the amendment.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের সামনে স্বর্ণ নিয়ন্ত্রণ বিধিটা মডিফাই করার জন্য যে প্রস্তাব এসেছে এবং সেই প্রস্তাবের উপর আমি যে সংশোধনী এনেছি সেই প্রসংগে আমি এই হাউসের সামনে রাখতে চাই যে স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি চালু করার জন্য যে প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল সেই প্রয়োজনীয়তাকে কতখানি সরকারের পক্ষ থেকে সার্থক করে তুলতে পেরেছেন সেটা বিচার করা দরকার। আমরা একটা জিনিস লক্ষ্য করেছি এবং সরকারও নিশ্চয়ই স্বীকার করবেন যে স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি চালু হবার পর আমাদের দেশে লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী বেকার হয়েছে, তাদের বিকল্প কর্মসংস্থার কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। এবং বিশেষ করে আমাদের দেশের যে একটা সুপ্রাচীন কুটীর শিল্প সেই

কুটীর শিল্প ধ্বংসের মুখে গেছে। সেজন্য আমরা এই হাউসের সামনে গোল্ড কন্ট্রোল অর্ডারকে মডিফাই করার জন্য প্রস্তাব এনেছি। আমি প্রথমেই বলতে চাই যে স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি রচনা করা যে ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটের ৩নং ধারানুযায়ী কিন্তু আমরা অত্যন্ত ভালভাবে দেখেছি যে ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটের ৩নং ধারাতে কোথাও এমন কথা নেই যে আমরা গোল্ড কন্ট্রোল রুলের দ্বারা এমন অবস্থার সৃষ্টি করতে পারি যার মধ্য দিয়ে লক্ষ লক্ষ মানুষকে আমরা বেকারত্বের পথে ঠেলে দিতে পারি। ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটের ৩নং ধারাতে আছে –

Central Government may by notification in the official gazette make such rules as appear to be necessary and expedient for securing defence of India, civil defence, public safety, maintenance of public order or efficient conduct of military operation or maintenance of supply and service essential to the life of the community

সেন্ট্রাল গভর্নমেন্ট ডিফেন্স অব ইণ্ডিয়ার য়্যাকটের ৩নং ধারাতে ক্ষমতা নিয়েছেন যে প্রয়োজনানুযায়ী তাঁরা যে কোন বিধি প্রণয়ন করতে পারেন এবং সেই ক্ষমতা অনুযায়ী তাঁরা গোল্ড কন্ট্রোল অর্ডার প্রণয়ন করেছেন কিন্তু এই ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটের মধ্যে আমি অন্ততঃ কোথাও এ সম্পর্কে কোন ধারা পাইনি সেখানে জুয়েলার্স ও গোল্ডস্মিথ এবং কারিগর তাদের বিরুদ্ধে আমরা এই রকম একটা নীতি-প্রণয়ন করতে পারে। ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটের সেকসন ৩(২) (৩৩) তাতে আছে যে সরকার কিভাবে বিধি প্রণয়ন করতে পারে

controlling the possession, use or disposal or in dealing with coin, bullion, bank notes, currency notes, security or foreign exchange

অর্থাৎ সেকসন ৩(২) (৩৩) তাতে আছে যে সরকার বুলিয়ান কন্ট্রোল করার জন্য বিধি প্রণয়ন করতে পারেন, গোল্ড অর্নামেন্ট বা স্বর্ণকে নিয়ন্ত্রণ করবার জন্য বিধি প্রণয়নের কোন ক্ষমতা ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটে নেই। সেকসান ৩(২) (২৩) সেখানে আছে

control of trade or industry for the purpose regulating or increasing the supply and of obtaining of information with regard to articles or things which may be used in connection with the conduct of military operation or civil defence or maintaining supply and service esential to the life of the community.

সেকসান ৩(২) (২৩) তাতে আমরা দেখেছি সেখানে কোথাও এমন কথা নেই বা এই য়্যাকটের কোন ধারায় এমন কথা নেই যে আমরা এমন বিধি এই ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাক্টকে কেন্দ্র করে করবো যার মধ্যে দিয়ে আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষকে আমরা বেকারত্বের পথে ঠেলে দেব কিন্তু দেখা যাচ্ছে যে গোল্ড কন্ট্রোল রুলের মধ্য দিয়ে এমন কতকগুলি প্রভিসন রাখা হয়েছে, বিশেষ করে স্বর্ণ নিয়ন্ত্রণ বিধির ডিলারের যে ডেফিনিসান সেই ডিলারের ডেফিনিসানের মধ্য দিয়ে সেখানে সকলকে ইনক্লুড করা হয়েছে, সেখানে গোল্ডস্মিথ, কারিগর কেউই বাদ যায়নি এবং আমি মনে করি যে এই গোল্ড কন্ট্রোল অর্ডার ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটের বিরোধী বা পরিপন্থী। ডিফেন্স অব ইণ্ডিয়া য়্যাকটকে ভিত্তি করে এমন কোন রুল আমরা ফ্রেম করতে পারিনা যে রুল এই ডিফেন্স অব ইণ্ডিয়ার পরিপন্থী হবে বা তার বিপরীত দিকে যাবে এটা হচ্ছে আমার প্রথম সাবমিসান।

[3-25—3-35 p.m.]

এটা হচ্ছে আমার প্রথম সাজেসন—এর জন্য আমি স্বর্ণনিয়ন্ত্রণ বিধির মডিফিকেশন চাই। দ্বিতীয় কথা হচ্ছে যে কথা অনেকে বলবার চেষ্টা করেছে যে স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি যখন চালু করা হয় তখন সরকার পক্ষ থেকে একথা ঘোষণা করা হয়েছিল যে আমরা সোনার চোরাকারবারী বন্ধ করবো এবং সোনা যে বাইরে থেকে এনে আমাদের বৈদেশিক মুদ্রা নষ্ট হচ্ছে সেটাকে বন্ধ করবো। আমি সবিনয়ে একথা বলছি যে সরকার সোনার চোরাকারবারী বন্ধ করার জন্য অন্য পথ নিতে পারতেন। সরকার এটা স্বীকার করবেন যে বহু কোম্পানী আমাদের দেশে যারা বাই-

রের থেকে সোনা আনে—পাকিস্তান থেকে সোনা আনে এবং যে সমস্ত গহনা পাকিস্তান থেকে আমাদের দেশে আনে সেটা হচ্ছে একটা সার্কিট এবং আর একটা সার্কিট হচ্ছে আমাদের দেশে যে সমস্ত বড় বড় ব্যবসায়ী সোনা হোর্ড করে রেখেছে। সেই হোর্ড করা সোনা আমাদের বর্ডার পাকিস্তানে পাঠিয়ে সেখান থেকে গহনা করে আমাদের নিয়ে আসে। একথা গোল্ড কন্ট্রোল আইনের মধ্যে কোথায়ও নেই যে গহনা তারা সীজ করতে পারে। কাজেই যারা বাইরের থেকে মাল দিচ্ছে যারা চোরাই হিসাবে পাকিস্তান থেকে গহনা নিয়ে আসছে বা হোর্ড করে রাখছে এবং আমাদের দেশে পাকিস্তান থেকে নিয়ে এসে বিক্রি করছে তাদের বিরুদ্ধে আইন চালু করার কথা ছিল। কিন্তু আমরা দেখছি সেটা সম্পূর্ণ সার্থকতা লাভ করতে পারে নি। এবং আমরা বার বার দেখতে পাচ্ছি যে এর উপর নির্ভর করে যাদের জীবিকার্জন করতো তারা আজকে পথে বসেছে, এসিড খেয়ে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। আজকে তারা মিছিল করে প্রতিবাদ জানাবার জন্য সরকারের কাছে এসেছে—তারা সবিনয়ে এই লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী সরকারকে প্রশ্ন করছে যে যারা সোনার চোরাকারবার করছে, যারা সোনা হোর্ড করছে তাদের বিরুদ্ধে কোন রকমভাবে আইন প্রয়োগ না করতে পারে এই লক্ষ লক্ষ মানুষের রুটিরুজি নিয়ে তাদের একটা অত্যন্ত খারাপ জায়গায় এনেছে যেখান থেকে তাদের বাঁচবার কোন উপায় নেই। শুধু মাত্র এই লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী বেকার হয়েছে তা নয় আর একটা দিকের কথাও আছে। আমাদের বাংলাদেশের যে সুপ্রাচীন স্বর্ণশিল্প সেই স্বর্ণশিল্প ধ্বংস হতে চলেছে। একথা বহু ব্যক্তি বলেছেন যে আমাদের দেশের সংস্কৃতি এবং সভ্যতা এই স্বর্ণশিল্পীকে কেন্দ্র করে গড়ে উঠেছে এবং এটা আমাদের দেশের সভ্যতার নিদর্শন বহন করে আনছে। যে ২২ ক্যারেডের ব্যবহার বন্ধ করা হয়েছে এবং ১৪ ক্যারেডে সেই সূক্ষ্ম কাজ হতে পারে তার ফলে আমাদের দেশের একটা সংস্কৃতির দিক বন্ধ হয়ে যাবে। স্বর্ণশিল্পীরা যে বেকার হয়ে গিয়েছে এবং আমাদের সামনে শ্রমমন্ত্রী ও শিল্পমন্ত্রী বার বার বলেছেন যে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। সেখানে আজ পর্যন্ত আমরা জানতে পারলাম না যে বাংলাদেশের স্বর্ণশিল্পীদের কর্ম সংস্থানের বিকল্প ব্যবস্থা কি করেছেন। আমরা দেখলাম যে ১৭ই ফেব্রুয়ারী অমৃতবাজার পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছিল বোম্বে থেকে যে, গোল্ড কন্ট্রোল বোর্ডের যে সিদ্ধান্ত এই সিদ্ধান্ততে বলা হচ্ছে যে

The Gold Control Board has initiated high level consultation with the Union and State authorities to devise various forms of assistance to goldsmiths and gold artisans who have been rendered unemployed on account of the new gold policy.

কাগজে বেরিয়েছে যে একটা হাই লেবেল টক হয়েছে এবং সরকার কতকগুলি সিদ্ধান্ত নিয়েছেন কিন্তু সেই সিদ্ধান্তগুলি আজ পর্যন্ত আমাদের সামনে রাখা হচ্ছে না। আমাদের সামনে রাখা হোল যে বেকর স্বর্ণশিল্পীদের ট্যাক্সি পারমিট দেওয়া হবে। কিন্তু দেখা গেল যে বেকার স্বর্ণশিল্পীদের পক্ষে ট্যাক্সী নেবার ক্ষমতা নেই এবং সাধারণ মানুষের মধ্যে অবস্থাপন্ন তারা সেই সুযোগ গ্রহণ করছে। আমাদের সামনে বলা হোল যে বেকার স্বর্ণশিল্পীদের ডোল দেবার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু আমরা জানি অধিকাংশ জায়গায় ডোল গিয়ে পৌঁছায় নি। কাজেই আমাদের পরিষ্কার বক্তব্য হচ্ছে যে সরকার এই ব্যাপারে ব্যর্থ হয়েছে—কর্মসংস্থানের ব্যবস্থার কাজ কোন মতেই করতে পারছেন না। সেই জন্য আজকে হাউস থেকে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা হোক যে গোল্ড কন্ট্রোল অর্ডারকে উপযুক্তভাবে মডিফাই করার জন্য।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হঠাৎ স্বর্ণনিয়ন্ত্রণের ফলে লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী এবং তাদের সহকর্মী যারা এক সংগে কাজ করতো তারা বেকার হয়ে গেল—উপোস করতে লাগলো, খেতে পাচ্ছে না। কিন্তু এটা যে হবে তা জানা ছিল। আমাদের কেন্দ্রীয় সরকার মোরারজী দেশাই এমন একটা আইন আমাদের সামনে আনলেন এবং আমরাও বল্লাম যে বেশ করেছেন মোরারজী দেশাই সাহেব। কিন্তু হঠাৎ দেশের মানুষের মধ্যে লক্ষ লক্ষ লোক এই যে অবস্থার মধ্যে পড়লো তার জন্য কি কোন দায়িত্ব সরকার পক্ষের নেই?

[3-35—3-45 p.m.]

আপনাদের হাতে পুলিশ রয়েছে কিন্তু একটী লোকও তো ধরতে পারছেন না। আর ধরবার মধ্যে এই গরীব স্যাকরারা এদের ধরেছেন—আমি যে কথা সভা সমিতিতে বলেছি যে আমরা জন প্রতিনিধি হিসাবে এখানে এসেছি এখানে আজকে কোন ভোটাভুটির প্রশ্ন নয়। বাংলা-দেশের সর্বত্র একই সমস্যা রয়েছে—আজকে এই রকম অবস্থা করার কোন সরকারের অধিকার নাই। মানুষকে এই রকম করে এই পর্যায়ে আনতে পারে পৃথিবীর ইতিহাসে কোন স্বাধীন দেশে যদি এই রকম অবস্থা ১ ঘন্টার জন্য হত তাহলে সেখানকার মন্ত্রীরা বিনা বাধায় ঘুমাতে পারতো না। কিন্তু আমাদের দেশে সবই সম্ভব। আমার দৃঢ় বিশ্বাস যদি আগেকার দিনের নেতাজী সুভাষচন্দ্র বসু প্রভৃতির মতন লোক আর যারা আমাদের জননায়ক ছিলেন তারা যদি কেউ এখানে থাকতেন তাহলে এই জিনিস হওয়া সম্ভব হত না। শুনছি তারা পরিকল্পনা করছেন এবং বলছেন আমরা খেতে দেব ৪ টাকা করে নাকি তাদের মাথাপিছু ডোল দেবেন। এই হাউসে আমি অনেকবার বলছি এখন যা অবস্থা দেখছি তাতে সমস্ত মানুষকে ডোলের পর্যায়ে যেতে হবে। এছাড়া আর কোন রাস্তা নাই। আজকে লোকেরা আত্মহত্যা করছে–আমি বলি সখ করে তো কেউ আত্মহত্যা করেনা. মন্ত্রীত্ব পাবার জন্য রাজ্য পাবার জন্য অনেক কিছু করা যায় কিন্তু আত্মহত্যা করা যায় না। এই যে লোকে পর পর স্বামী স্ত্রী একসংগে আত্মহত্যা করছে তাতে কারো প্রাণে যায় না–কাগজে একটী ছবি দেখি তারপর সকলেই ভুলে যায় আর সরকার বলে কি করব আমরা তো সব করলাম কিন্তু কিছুই হল না। এই সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে বাংগালী রেজিমেন্টের কথা তার কি হল। শুনলাম তিনি নাকি বলেছেন অনেক কিছু করা হল কিন্তু কিছু হল না। আর কিছু তাদের নাকি করবার নাই। আমাদের যদি এই অবস্থা হয় যে আমাদের করবার কিছুই না থাকে তাহলে স্বর্ণশিল্পীর জন্য তত বেশী ব্যস্ত নই যত বেশী ব্যস্ত এর পরে যদি আবার এইরকম হয় তাহলে তখন কি হবে। আজকে স্বর্ণশিল্পী ধরেছেন কাল আবার অন্যদের ধরবেন না তার কোন মানে নেই। সুতরাং আজকে এই স্বর্ণ-শিল্পীদের সম্বন্ধে কোন ব্যবস্থা করতে হয় তাহলে মেরুদন্ডহীন হয়ে এখানে প্রতিনিধিত্ব করলে চলবে না। আজকে বাংলাদেশের স্বার্থকে যদি রাখতে হয় তাহলে মোরারজী দেশাইকে জানিয়ে দেওয়া উচিত যে আমরা যাদের নিয়ে এই রাষ্ট্র পরিচালনা করছি হঠাৎ রাষ্ট্রের এত-গুলি লোক এই অবস্থায় পরেছে যা কিছু ব্যবস্থা করতে ৭ দিনের মধ্যে আপনি করবেন তাছাড়া রইল মহাশয় আপনার চাকরী আমি পারবো না। আজকে যদি এই রকম মনোভাব না থাকে—শুধু যা চাইছেন তাই করে দেব—একে কিছু হবে না। আমি কাউকে উত্তেজিত করতে চাই না. উত্তেজিত এখানে সকলেই হয়ে আছেন। এখানে অনেক কিছু দেখছি এবং শুনছি। তবে আজকে আমাদের দুঃখ দুর্দশা বেড়ে চলেছে এখন আমাদের সময় এসেছে প্রতিবাদ করবার। আমি বলি প্রতিবাদ ছাড়া অনুনয় বিনয় করে কোন কিছু হবে না। আজকে যে প্রস্তাব এখানে এসেছে আমাদের উচিত সকলে একমত হয়ে সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাঠান উচিত। সেই প্রস্তাব মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত প্রস্তাব নয় এই প্রস্তাব বাংলাদেশের জনসাধারণের প্রতিনিধিদের সর্বসম্মতি ক্রমে গৃহীত প্রস্তাব। সেই প্রস্তাব মুখ্যমন্ত্রীকে অনুনয় বিনয় করে বলতে হবে না—বলতে হবে মোরারজী দেশাইকে যে আমার উপর নির্দেশ দিয়েছে বিধানসভার প্রতি-নিধিরা যে আপনি এর ব্যবস্থা করুন। এর পর মোরারজী দেশাই কি উত্তর দেন সেটা বিধান সভায় পেশ করুন। কারণ বাংলাদেশের মানুষ এখনও মরে যায় নি। আজকে তাদের কোন অধিকার নেই যে বিনা বন্দোবস্ত করে নিজেদের খামখেয়ালী করে খুসীমত বলবে লক্ষ লক্ষ মানুষ মরে যে যাক তাতে কি। এই রকম তো কল্পনা করা যায় না। অথচ এখানে সংখ্যাগরিষ্ঠতার জোরে সব কিছু হয়। আজকে আমি সকলের কাছে অনুনয় বিনয় করে বলছি সকলে এক হয়ে একটী প্রস্তাব পাশ করে মোরারজীর কাছে নির্দেশ নামারমত পাঠান হউক। আজকে যদি আমাদের এই প্রস্তাব আমরা কার্যকরী করতে না পারি তাহলে আমাদের বিধানসভার সভ্য থাকার কোন অধিকার নাই। আজকে আমি ব্যক্তিগত ভাবে জানি কি কষ্ট তাদের। সরকার অনুগ্রহ করে আমাদের উপর একটী বড় দায়িত্ব দিয়েছিলেন যে এই ট্যাক্সির পারমিট দেওয়া হবে আপনারা যাদের লিখে দেবেন তাদেরই দেওয়া হবে। আমরা ২০০/৫০০ করে রোজ লিখে দিয়েছি। কিন্তু কে পাচ্ছে কাকে দেওয়া হচ্ছে তা আজ পর্যন্ত কিছুই জানতে পারলাম

না। আজকে তাদের দাবী তাদের বাঁচতে দিন। যদি এই দাবী পূরণ না করতে পারেন তাহলে আপনাদের কোন অধিকার নাই রাষ্ট্র পরিচালনা করবার। সংখ্যাগরিষ্ঠতা কাদের নিয়ে এরাও তো মানুষ। আজকে লক্ষ লক্ষ মানুষ বেকার হয়ে গেল এক কথায়। আজকে আমি আমার শেষ কথা বলছি যে আজকে দলাদলির প্রশ্ন নয় মতবাদের প্রশ্ন নয় আজকে আমাদের সর্ববাদী সম্মত প্রস্তাব নিতে হবে যে স্বর্ণশিল্পীরা বেকার হয়ে গেল তাদের অর্থনৈতিক পুনর্বাসন দিতে হবে তাদের সমস্যার সমাধান করতে হবে। তিনি আবার বলছেন আমি বিপ্লব আনছি—আজকে এই রকম একটা ফ্যাশন হয়েছে সকলেই বিপ্লব করছে। তিনি আবার কাগজে লিখছেন যে স্বর্ণশিল্পীদের আইন করে আজকে বিপ্লব সাধিত হবে। প্রথমে তাদের কিছুটা কষ্ট হবে পরে সব সয়ে যাবে। আমি বলি সে তো হচ্ছে। সময়ে স্বর্ণশিল্পীদের নামও আর কেউ করবে না তাও আমি জানি। সময়ে সবই সয়ে যাবে। কিন্তু সওয়া আর বেশী দিন লোকে সহ্য করবে না। এবার আপনারা সকলে একটু রুখে দাঁড়ান। এই কয়টী কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই সমস্যা খুব গুরুতর সমস্যা, গোল্ড কনট্রোল অর্ডার এ ভাবে ভারতবর্ষের ২৫ লক্ষ লোকের উপর দুঃখ বেদনা নেমে এসেছে, যে ভাবে তাদের জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে ত আমরা এই ৬৮ বছরের জীবনে আমি এমন কোন আইন দেখিনি এমন কি বৃটিশ গভর্ণমেন্ট-এর সময় ও এমন কোন আইন দেখিনি যাতে একটি আইনের দ্বারা লক্ষ লক্ষ লোকের জীবিকার পথ থেকে বঞ্চিত হয়ে পড়েছে। আজ গোল্ড কনট্রোল অর্ডার যে ভাবে কার্য-করী করা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি প্রায় ২৫ লক্ষ লোক আজ বেকার হয়ে পড়েছে। সুতরাং আমাদের নিশ্চয়ই এই জিনিষটা বিবেচনা করে দেখতে হবে। এই বিপর্যায় থেকে তাদের কি করে মুক্ত করা যায় তারজন্য নিশ্চয়ই আমাদের ব্যবস্থা অবলম্বন করতে হবে। সরকার যে ভাবে পুনর্বাসনের ব্যবস্থা করছেন এবং যে ভাবে সাহায্য করছেন তা অতি অকিঞ্চিতকর। এ যেন রাস্তার ভিক্ষুকদের ভিক্ষা দেওয়া। ৭ টাকা করে মাথা পিছু সাহায্য দিলে আজকের দিনে যেখানে ৩৮ টাকা চালের মণ তাতে কি করে একটা ক্ষুদ্র পরিবার বাঁচতে পারে। সেজন্য আমরা দেখছি তারা আর কোন রাস্তা না পেয়ে বাধ্য হয়ে আর কোন রাস্তা না পেয়ে বাধ্য হচ্ছে আত্মহত্যা করতে। অর্থাৎ তারা তাদের জীবিকার পথ থেকে বঞ্চিত হয়ে আর কোন উপায় না দেখলে যে অবস্থা ঘটে তাই ঘটেছে।

মোরারজী দেশাই বলছেন কালোবাজার বন্ধ করবেন এবং সোনার দাম কমাবেন। কিন্তু সোনার দাম কমেনি বা কালোবাজার বন্ধ হয়নি। ৭০ টাকার বেশী দামে যদি বিক্রি হয় তাহলে কালোবাজার চলছে বলতেই হবে। কাজেই দেখা যাচ্ছে এইসব বন্ধ করতে পারছে না অথচ এত-গুলো লোককে জীবিকা থেকে বঞ্চিত করেছেন। কাজেই আজকে এ্যাসেম্বলীতে গোল্ড কনট্রোল অর্ডার সম্বন্ধে যেসব আলোচনা হোল এবং আমরা যে মত প্রকাশ করলাম তাকে ভিত্তি করে বাংলা সরকার নিশ্চয়ই মোরারজী দেশাই-এর উপর একটা চাপ সৃষ্টি করতে পারেন যে, তোমার স্বর্ণ আইনের ফলে আমরা দেখছি তোমার যে উদ্দেশ্য স্বর্ণ নিয়ন্ত্রণ করা সেটা সফল হয়নি, কালোবাজার বন্ধ হয়নি, বরং এতগুলো লোককে জীবিকা থেকে বঞ্চিত করা হয়েছে। কাজেই এখন যদি ১৪ ক্যারেটের জায়গায় ২২ ক্যারেট করা যায় তাহলে তাদের জীবিকার পথ খুলে যাবে। তার কোনদিন রাজনীতি করতনা বাংলাদেশের বুকের উপর দিয়ে এত আন্দোলন চলে গেছে কিন্তু স্বর্ণ শিল্পীরা তাতে কোনদিন যোগ দেয়নি, তারা কোনদিন পথে ঘাটে নামেনি এবং এই ব্যাপারে তাদের কোন জ্ঞান বা চেতনা ছিলনা। কিন্তু আজকে সরকারী নীতির ফলে তাদের মনে রাজনৈতিক চেতনা জেগেছে। স্বর্ণ শিল্পীরা বিভিন্ন আন্দোলন থেকে দূরে নিজেদের কুটিরের মধ্যেই নিজেদের জীবিকার পথ বেছে নিয়েছিল, কিন্তু আজ এই অবস্থায় পড়ে সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে বাধ্য হচ্ছে। তার এই কাজ [illegible] তাদের বাঁচার প্রশ্ন আজ তাদের সামনে এসেছে। তারা এতদিন পর্যন্ত অপেক্ষা করেছে, সরকারের কাছে আবেদন করেছে, শ্রমমন্ত্রীর কাছে আবেদন করেছে আমাদের কাছে এসেছে কিন্তু ইণ্ডিয়া গভর্ণ-মেন্ট এখন পর্যন্ত তাদের জন্য কোন ব্যবস্থা করেনি।

[3-45—3-55 p.m.]

কাজেই সেদিক থেকে নিশ্চয়ই এই সরকার যেভাবে এই স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি চালু করেছিলেন এবং যে উদ্দেশ্যে চালু করেছিলেন, সে উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। বড় বড় ধনীর ঘরে ভোল্টে সোনা মজুত আছে, সোনার কারবার চলেছে, কিছুতেই তা বন্ধ হয়নি। একমাত্র হয়েছে কি, দেড় লক্ষ লোকের জীবনের যে আয়ের পথ ছিল তা বন্ধ হয়েছে, কাজেই সেদিক থেকে নিশ্চয়ই বিবেচনা করতে হবে কিম্বা বাংলা সরকারের ভারত সরকারকে চাপ দিতে হবে এই বলে যে টাকা দাও। বিজয় সিং নাহার মহাশয় বলেছেন ভারত গভর্ণমেন্টের কাছ থেকে কোন টাকার ব্যবস্থা করেননি। আজকে ভারত সরকারের নিয়ন্ত্রণের ফলে এতগুলি লোকের জীবনে ২৫ লক্ষ লোকের জীবনে দুঃখ এবং দারিদ্র্য নেমে এসেছে, এদের জন্য টাকা মঞ্জুর করার জন্য নিশ্চয়ই ভারত সরকারকে চাপ দিতে হবে, এবং ভারত গভর্ণমেন্ট যাতে তাদের জন্য টাকা স্যাংশন করে তার ব্যবস্থা করতে হবে। তারপর টাকা মঞ্জুর হলে পর মননীয়া সদস্যা শান্তি দাস মহাশয়া যা বলেছেন যে শঙ্খের কারখানা, ঘড়ির কারখানা এই রকম নানা রকম যন্ত্রপাতির কারখানা তৈরী করে তাদের কাজে লাগান যেতে পারে। এরা কিছুতেই জীবনযাপনের পথ খুঁজে পাচ্ছে না। বাংলা সরকার যদি ভারত সরকারের উপর চাপ দিয়ে তাদের জীবনযাপনের পথ করে দিতেন তাহলে তাদের আর জেলে যেতে হতনা। আজকে তাদের সামনে একমাত্র অন্ধকার ছাড়া আর কিছু নাই, বাঁচবার আর কোন রাস্তা কোন পথই তারা পাচ্ছেনা। আজকে দেড় লক্ষ লোকের যখন এই অবস্থা তার মধ্যে মাত্র পাঁচ হাজার লোককে টাক্সী দেওয়া হবে, তার মধ্যে ৪।৫ শত হয়ত স্বর্ণশিল্পীরা পারে। তাতে তাদের সমস্যার সমাধান হবে না। কিন্তু যারা পাবে তাদেরও যে ৪ হাজার টাকা করে জমা দিতে হবে, সেই টাকা তারা কোথায় পাবে? তাদের যদি ব্যবসা বাণিজ্য করতে হয় তাহলে তারা কোথায় টাকা পাবে? এজন্য দাবী করছি যে তাদের অন্ততঃ সাড়ে সাত হাজার টাকা করে লোন দিতে হবে। তাদের যদি চাকুরি দিতে হয়, তাহলে তাদের অন্ততঃ ১৫ টাকা মাইনের চাকুরি দিতে হবে এবং তাদের ছেলেদের লেখাপড়া শেখাবার সে রকম সুযোগ সুবিধার ব্যবস্থা কর হোক এই সমস্ত দাবী আমি আপনার সামনে রাখলাম এবং সংগে সংগে সরকারকে একটা কথা অনুরোধ করছি, তারা যেন গয়ং গচ্ছ নীতি না নেন এবং ভারত গভর্ণমেন্টকে দয়া করে যা কর্তব্য তা করতে বলেন। তাঁরা যেন বাংলাদেশের বেদনার কথা দুঃখের কথা, দারিদ্র্যের কথা, অভাবের কথা ভারত গভর্ণমেন্টকে জানান এবং তাঁরা সজাগ হয়ে তাদের কর্তব্য পালন করেন, এবং এই স্বর্ণবিধির পরিবর্তন করে মানুষের জীবিকার পথ খুলে দেবার ব্যবস্থা করেন সেই চেষ্টা করেন। এই কথা বলেই আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ফরওয়ার্ড ব্লকের বন্ধু যে নন-অফিশিয়াল রেজোলিউশন এই হাউসের সামনে রেখেছেন সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে দু-একটি কথা আপনার মাধ্যমে হাউসের সামনে রাখতে চাই। আপনি জানেন ইংরেজ যখন দেশ ছেড়ে চলে যায়, দেশ যখন স্বাধীন হয়, পূর্ববাংলার লক্ষ লক্ষ মানুষ উদ্বাস্তু হয়ে এখানে চলে আসে। দেশের স্বাধীনতা তাঁরাও চেয়েছিল। সেটা ছিল স্বধীনতার প্রয়োজনে বলিদান দিতে হবে তাই দিয়েছিল। তখন ভারত সরকার কোটি কোটি টাকা ব্যয় করবার চেষ্টা করেছেন। কিন্তু আমরা দেখেছি পূর্ববংগের ভাগ্যভূতের মধ্যে এখনও পর্যন্ত অনেক মানুষ যারা তাদের শেষ সম্বলটাকে নিয়ে এ দেশে আসতে পেরেছিল তারা পুনর্বাসন পায়নি এখনও পর্যন্ত তারা রাস্তাঘাটে, শিয়ালদাহ ষ্টেসনের মত জায়গায় পড়ে আছে। কিন্তু স্বাধীনতা লাভের অনিবার্যকারণবশতঃ তাদের এই দুঃসহ জীবন। কিন্তু আজ স্বর্ণনিয়ন্ত্রণ দল দেশের স্বাধীনতা রক্ষার প্রয়োজনে এবং অমারা এটা করতে বাধ্য হয়েছি। কিন্তু তা বলে এরজন্য দেশের লক্ষ লক্ষ মানুষ ভিখারীতে পরিণত হবে। তাদের আত্মহত্যার প্ররোচনা দান করতে এ আমরা এখনও বাংলাকে যারা ভালবাসি এবং বাঁসেন মেনে নেবে না। বাংলার সাধারণ মানুষ হিসাবে নিশ্চয়ই বলব স্বর্ণনিয়ন্ত্রণের আগে তার যে পরিণতি হবে লক্ষ লক্ষ মানুষ বেকার হবে তাদের যে সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করা উচিত ছিল পশ্চিম-বাংলা সরকারের তরফ থেকে দল ছাড়া একজন সাধারণ মানুষ হিসাবে আমার বক্তব্য নিশ্চয়ই

সরকার পক্ষের সামনে রাখব। গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া-র বিষয়ে সমস্ত দায়িত্ব নেওয়া উচিত। লক্ষ লক্ষ মানুষকে বেকার করে দিলাম—রাস্তায় রাস্তায় তারা কুকুরের মত তাদের ঘুরিয়ে নিয়ে বেড়ালাম, কোন সভ্য দেশে এ নজীর পাওয়া যায় না। অতএব আমরা এখানে কাউকে কোন ক্রিটিসিজম না করে শুধু এই কথা বলব আমাদের এখান থেকে পশ্চিমবংলা সরকারের কাছ থেকে যে সমস্ত ট্যাক্স ইনকাম ট্যাক্স বা অন্যান্য ট্যাক্স রোড ট্যাক্স যেগুলি ভারত সরকার নিয়ে হচ্ছেন রোড ট্যাক্স তার বিনিময়ে আমাদের হাতে সামান্য কিছু দিচ্ছেন অর্থাৎ পশ্চিমবংগ সরকারকে ঐ সমস্ত ট্যাক্সের কোটি কোটি টাকা এখনও বন্ধ করে আগে স্বর্ণশিল্পীদের পুনর্বাসন করা দরকার। আমরা জানি দিল্লীর মানুষ এখনও জানে না যে পশ্চিমবাংলা সরকারকে এজন্যে কতখানি অশান্তিজনক পরিস্থিতির সম্মুখীন হতে হচ্ছে। গণতান্ত্রিক পদ্ধতিতে এই যে ডেমন্‌স্ট্রেশন হচ্ছে দিনের পর দিন যার জন্য পণ্ডিত নেহেরু বলেছেন ক্যালকাটা ইজ এ সিটি অব প্রসেসন—আমরা মনে করি তার কারণ বাংলাদেশে সজীব মানুষ বাস করে—দিল্লীতে মরা মানুষ বাস করে তারা প্রসেশন করে গণতান্ত্রিক পদ্ধতিতে তাদের দাবী জানাতে পারেনা। আমি মনে করি এটা গণতন্ত্রের একটা অংশ এবং বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ যারা মৃত্যুর মুখে দাঁড়িয়ে রয়েছে তারা যদি প্রসেশন করে এগিয়ে আসে যদি ডেমন্‌স্ট্রেশন করে তাহলে অন্যায় কিছু তারা নিশ্চয়ই করছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের বন্ধুদের বলছি যে এটা আপনাদের একচেটিয়া ব্যাপার নয়। আমরা এ দেশেরই মানুষ ও দেশেরই জনপ্রতিনিধিত্ব করছি। আমি জানি আমার এলাকায় কয়েক হাজার স্বর্ণশিল্পী বাস করে। আমি দিনের পর দিন চেষ্টা করে কিছু লোককে চাকুরী করে দিয়েছি। ওরা এমন ফাইন কাজ করত যে ওদের মুটে মজুরের কাজ করতে হলে তা করতে পারবে না। সবাই সব কাজ করতে পারবে না। আমাকে যদি বলা হয় লাঙ্গল ধরে চাষ করতে আমি তা পারব না কিন্ত একজন চাষীকে বললে সে আনন্দের সংগে করবে। আমি পশ্চিমবংগ সরকারকে অনুরোধ করব ভারত সরকারের কত কলকারখানা আছে এমপ্লয়মেন্ট-এর জায়গা আছে সব জায়গায় এদের অগ্রাধিকার দিতে হবে—এই স্বর্ণশিল্পীদের।

[3-55—4-5 p.m.]

এখানে ট্যাক্সির কথা উঠেছে। আমি বেঙ্গল ট্যাক্সি এ্যাসোসিয়েসানের প্রেসিডেন্ট হিসাবে বলছি যে স্বর্ণশিল্পীদের যদি ট্যাক্সি দেওয়া হয় তাহলে তাদের আত্মহত্যা করতে আরো প্ররোচনা দেওয়া হবে। কেন বলছি জানেন—কামারকে যদি কুমারের কাজ দেওয়া হয় তাহলে সে যেমন পারে না তেমনি স্বর্ণশিল্পীদের যদি ট্যাক্সি দেওয়া হয় তাহলে তারা তাদের ঘরের পুঁজিটুকু পর্যন্ত ট্যাক্সির ব্যবসায়ে লাগিয়ে শেষ হয়ে যাবে। আমি সেজন্য এর বিরোধিতা করছি। আমি বলছি যে তাদের ট্যাক্সি না দিয়ে অন্য কাজ দিন যে কাজ তারা করতে পারবে। আজকে ট্যাক্সির কাজ বাংলাদেশের অনেক লোক করতে পারে না। নির্বাচনের সময় দেখেছি অনেক বাঙ্গালী ছেলেদের বলা হয়েছিল যে আচ্ছা কাজ কর হবে। পেয়েছে অনেকে কিন্তু রাখতে পারে নি। অস্বীকার করবার কিছু নেই, সত্য কথা বলছি তার অনেকে পেয়েছে কিন্তু রাখতে পারে নি। কে দিয়েছে ভগবান জানেন, আমি তো দিইনি, কিন্তু তারা রাখতে পারে নি। অবাঙ্গালীরা পারে নি, একমাত্র পাঞ্জাবীরা ট্যাক্সির ব্যবসা চালাচ্ছে। তারা বলছে যে এই ব্যবসায়ে আর লাভ নেই, এই ব্যবসা ছেড়ে দিতে হবে। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি বলব যে স্বর্ণশিল্পীদের মধ্যে যারা দোকানদার তারা কোন রকমে ম্যানেজ করতে পারবে কিন্তু ছোট ছোট যারা কারিগর তাদের যদি আপনারা লোভ দেখান যে তোমাদের ট্যাক্সি দেব, খুব মুখরোচক কথা, তাতে চিড়ে ভিজবে না। স্বর্ণশিল্পীরা সেখান রিহ্যাবিলিটেসান পাবে না। এইসব ধাপ্পা কথা বাদ দিয়ে আমি বলব যেমন শ্রদ্ধেয় নেতা হেমন্তবাবু বলেছেন, তাদের কারখানা করে দেওয়া দরকার। তাদের কারখানা করে দিতে হবে এবং আমাদের যে সমস্ত রাইফেল ফ্যাক্টরী, গান এবং সেল ফ্যাক্টরী আছে সেখানে তাদের টপ প্রায়োরিটি দিতে হবে। কারণ, তারা ফাইন ওয়ার্ক জানে। কিন্তু কোথায়। আজ পর্যন্ত দেখলাম না যে সেখানে তাদের ভর্তি করা হয়েছে। সরকার যদি ইনিসিয়েটিভ না নেয় তাহলে সমস্যার সমাধান হবে না। আমি জানি বিরোধী দল চেঁচাবে, আমরা উল্টো চেঁচিয়ে তাদের গলা বন্ধ করব। কিন্তু আজকে এমন একটা সমস্যা

আমাদের সমস্ত রাজনৈতিক দল রাজনীতি ভুলে গিয়ে সমাধান করা উচিত। তারপর এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা আলোচনা হয়েছে। আমাদের নিখিলবাবু স্বর্ণশিল্পীদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড সম্বন্ধে এখানে রেখেছেন। এই রকম ঘটনা আমার কাছে অনেক এসেছে। ব্যাপার হচ্ছে স্বর্ণশিল্পীদের রাস্তায় বেরিয়ে ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কার্ড করাবার সুযোগ হয় না। তারা যাচ্ছে, সেখানে গিয়ে দেখছে যে সেখানে এমন একটা বেড়াজালের সৃষ্টি করা হয়েছে যা প্রমাণ করা তাদের পক্ষে বিপদ। আমি অন্ততঃ ১০ হাজার লোককে সার্টিফিকেট দিয়েছি। স্বর্ণশিল্পী প্রমাণ করবার জন্য সার্টিফিকেট আনতে হবে এই রকম যদি কোন ল থাকে, রুলস থাকে তাহলে এখনই সেটা তুলে দেওয়া দরকার। ধরে নিলাম একজন সোনার দোকানে ১।১½ মাস বা ২ বছর কাজ করেছে। এখন সে বেকার হয়ে নাম লিখিয়েছে, তাতে দোষের কি আছে? বেকার মানুষ যদি শতকরা ৫ জন যায় তাতেও ক্ষতি নেই। সে বেকার হয়ে কাজ চাচ্ছে। এই ক্ষেত্রে আমি মাননীয় শ্রম মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে এই রকম ঘটনা কলকাতার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে বহু ঘটেছে অনেক সময় আমরা বিরোধী দলের কথাগুলি উড়িয়ে দিই, কারণ তারা অল্পই সত্য কথা বলেন।

যাহোক নিখিলবাবু যে প্রস্তাব করেছেন, এ্যামেন্ডমেণ্ট যেগুলি দিয়েছেন সেগুলি খুব সত্য কথা- সরকারের যে উদ্দেশ্যগুলি ছিল যে সোনার দাম কমবে, সোনার কালোবাজারী বন্ধ হবে, হোর্ডারদের কাছ থেকে সোনা নিয়ে আমরা ডিফেন্সের কাজে লাগাবো। কৈ আমরা কত কোটি টাকার সোনা হোর্ডারদের কাছ থেকে আদায় পেরেছি? বরং আমরা সোনার বাজারটাকে আরো কতকগুলি ব্ল্যাকমার্কেটিয়ারের হাতে তুলে দিয়েছি আমরা তুলে দিয়েছি সোনার বাজারকে পাকিস্তানের হাতে। পাকিস্তানের লোক যেখান থেকে পুরোপুরি আমাদের দেশের সোনা পাচ্ছে, নিয়ে গহনা তৈরী করছে, গহনা তৈরী করে আবার ফেরৎ পাঠাচ্ছে বেশী দামে- মজুরী তারা পাচ্ছে আমরা পাচ্ছি না। আমি তাই পূর্বে যখন স্বর্ণ নিয়ন্ত্রণ স্যার, হয় তখন এই হাউসে দাঁড়িয়ে বলেছিলাম যে স্মাগল্ড গোল্ড যেগুলি আসছে সেগুলি বন্ধ করার চেষ্টা করুন, কারণ বাংলাদেশে স্মাগল্ড গোল্ড সোনা খুব কম। রোমের কাছে এসে আগে ল্যান্ড করে, বোম্বেতে নিয়ে গিয়ে তারপরে বিভিন্ন প্রভিন্সে এই সোনাগুলি পাচার হয়ে যায়। সেগুলি যদি বন্ধ করতে পারতাম তাহলে নিশ্চয়ই আমাদের যা উদ্দেশ্য সেই উদ্দেশ্য সাধিত হত। তবে একটা কথা স্যার, নিশ্চয়ই আমি শেষকালে বলবো যে আজকে আমাদের বিরোধীদলের বন্ধুরা বলছেন, আমরাও বলছি যে স্বর্ণ নিয়ন্ত্রণের ফলে লক্ষ লক্ষ মানুষ যে আজকে বেকার হয়েছে, তাদের জন্য ব্যবস্থা একটা করতে হবে কিন্ত সেটা রিহ্যাবিলিটেশান ডোল দিয়ে নয় কারণ আমরা জানি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্টের কয়েক লক্ষ মানুষকে দিনের পর দিন ডোল দিয়া একেবারে পিপু ফিসু দলে তৈরী করেছিল, এদের কার্যকাল পর্যন্ত নষ্ট হয়ে গেল। আজকে ডোলের পরিবর্তে আমরা বলবো যে তাদের কলকারখানায় কাজের সুযোগ করে দিতে হবে, ছোট খাট কারখানায় সুযোগ করে দিতে হবে এবং সেই টাকা পশ্চিমবঙ্গ সরকার দেবে না, সেই টাকা দিতে বাধ্য থাকবে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া, কারণ দায়িত্ব গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার। পশ্চিমবঙ্গ সরকারের এই দায়িত্ব নয়, পশ্চিমবঙ্গ সরকার গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়াকে বাধ্য করাবেন যত টাকা লাগবে ১ কোটি, ২ কোটি, ৫০ কোটি টাকা যদি লাগে, স্বর্ণশিল্পীদের রিহ্যাবিলিটেশনের জন্য তাহলে সেটা তাঁদের দিতে হবে। স্যার, আজকে আমার অবাক লাগলো আজকে এই গোল্ড কণ্ট্রোল অর্ডার কেন হল? আজকে চোরের মায়ের বড় গলা যারা সবচেয়ে আমার নদিয়ার কমিউনিস্ট বন্ধুরা, যাঁরা চেঁচিয়ে মারা যাচ্ছেন স্বর্ণশিল্পীদের জন্য —স্বর্ণশিল্পীদের আন্দোলন নেতৃত্বে এরা চেঁচাতে আরম্ভ করেছিলেন রাস্তায় দাঁড়িয়ে যে সরকারের বুকে জাতীয় দিয়ে পেটাতে হবে তবে সরকার শুনবে—তাদের জনাই তো হয়েছে, তখন আমরা দেখছি—এঁরা বড় বড় গলায় চেঁচিয়ে ঐ গভর্ণর হাউসের সামনে দক্ষিণ ফটকে দাঁড়িয়ে। স্যার আমি বলছি যে আজকে যদি চাইনীজ এ্যাগ্রেসন না হত, আজকে যদি ঐ কমিউনিস্টরা ইম্পিরিয়ালিস্ট চায়নাকে সমর্থন না করতো তাহলে কি আজকে গোল্ড কণ্ট্রোল অর্ডারকে আমাদের দরকার হত কোন দরকার হত না। আমরা জানি আজকে দেশের এই যে লক্ষ লক্ষ মানুষের কষ্ট হচ্ছে তারা যে আত্মহত্যা করছে এর জন্য দায়ী কারা—এর জন্য সম্পূর্ণ দায়ী ঐ চায়নার দালাল ভারতের কমিউনিস্ট পার্টী।

[4-5—4-15 p.m.]

Shri Siddhartha Shankar Ray:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মাত্র ২ মিনিট সময় নেবো—অবশ্য আমার নাম আগে দেওয়া হয় নি—আমরা যে সমস্যা নিয়ে আলোচনা করছি সেটা নিশ্চয়ই একটা খুব গুরুত্বপূর্ণ সমস্যা। এবং সে সমস্যা সমাধান করা দরকার। কেবল বক্তৃতায় এই সমস্যা সমাধান করা যাবে না। তার জন্য আমি প্রস্তাব করছি ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের কাছে যে তিনি অনুগ্রহ করে কনসিডার করুন যে এই এসেম্বলী হাউস থেকে ৫ জন সভ্য নিয়ে ইমিডিয়েটলি একটা কমিটি করুন, তারা সমস্ত গোল্ডস্মিথদের প্রবলেম কি করে সলিউসন করা যায় তার একটা ডিস্ট্রিক্ট ওয়াইজ একটা ঠিক করে দেবেন যে তাদের সম্বন্ধে কি করা যায় না এবং কি করা হয়েছে কত স্বর্ণশিল্পী এমপ্লয়েড হয়েছে কত হয় নি, কত স্বর্ণশিল্পীকে কাজে নেওয়া যেতে পারে—কত স্বর্ণশিল্পীকে রিহ্যাবিলিটেশন দেওয়া যেতে পারে এইভাবে একটা টার্মস অব রেফারেন্স করে ৫ জন সদস্য এই সভার নিয়ে—অবশ্য সেটা কোন দলের হবে তাতে কিছু যায় আসে না, এটা কোন দলের ব্যাপার নয়—একটা কমিটি করা হোক যে কমিটি সরকারের কাছে তার রিপোর্ট পেশ করবেন এবং সরকার সেই রিপোর্ট অনুযায়ী স্বর্ণশিল্পীদের প্রবলেম সলভ করবেন এই সাজেসনটা আমি এখানে রাখছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে প্রস্তাব এখানে এসেছে সত্যই এ বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু তার মধ্যে খুব বড় কথা রয়েছে। একটা হচ্ছে আমাদের দেশের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই যে একটা আইন করা হয়েছে—সোনাকে কন্ট্রোল করে দেওয়া হয়েছে এটা একটা বিষয় এবং তার সংগে সংগে যে শিল্পীরা ও ব্যবসায়ীরা ছিল তাদের জীবিকার কি ব্যবস্থা হবে। আমরা যদি প্রথম দেখি যে এটা আমাদের দেশের সামরিক আইনের উপর করা হয়েছে তা নয় তার চেয়ে বড় কথা এখানে রয়েছে যে আমাদের দেশের অবস্থার আমূল পরিবর্তন হবে একটা নূতন সমাজের দিকে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে—অবশ্য এটাকে অনেকে ভাল মনে করেন আবার অনেকে এটাকে মন্দ বলে মনে করতে পারেন। কিন্তু সোনার ব্যবহার যাতে বন্ধ হয়ে যায়—সোনাকে গয়না রূপে কিংবা তাকে নিজেদের ঘরে হোর্ডিং করবার কিংবা এটাকে মূলধন হিসাবে ব্যবহার করা বন্ধ করবার জন্য একটা রাস্তা নেওয়া হয়েছে। তার কারণ সোনার ভিতর দিয়ে ফরেন এক্সচেঞ্জ নির্ভর করছে। আমাদের দেশে যে স্মাগলিং গুডস আসতো তাকে যদি বন্ধ করতে না পারি তাহলে যুদ্ধ লাগবার পর যে পরিস্থিতি হয়েছে এবং যেভাবে খরচ চলেছে—তার জন্য যে ফরেন এক্সচেঞ্জ দরকার তা কিছুই সম্ভব হচ্ছিল না। সেজন্য যাতে আমরা সোনার ব্যবহার কমিয়ে দিতে পারি তার চেষ্টা এই বিলের ভিতরে আছে যারা বলছেন যে আমরা স্বর্ণ বিধি কার্যকরী করতে পারি নি তাঁদের কাছে আমি বলতে পারি যে আজকে যে নিয়ম হয়েছে তা যদি দেখেন তাহলে দেখবেন যে আজকে সোনা কেনা বা বেচা কিছুই সম্ভব হবে না। আজকে সোনা কিনতে যান—কেবল গোল্ড—তা বাজারে কারও বিক্রি করবার অধিকার নেই। এটা আপনারা গোল্ড কন্ট্রোল অর্ডারে দেখবেন। সোনার গহনা তৈরী করবার অধিকার আছে এবং লাইসেন্স থাকলে তৈরী করতে পারবে এবং লাইসেন্স ছাড়া সোনার গহনা অন্য কোন লোকই তা বিক্রি করতে পারবে না। যদি কেউ তার গায়ের সোনার গহনা বিক্রি করতে যায় তাহলে সেটা কেউ কিনতে পারবে না এই আইনে আছে। সরকারের সেই ৭৯ টাকা কয় আনা দরে কিনবে তার বেশী কেউ হার দিতে পারবে না। বাস্তব হচ্ছে এই যে সোনার ব্যবহার চলবে না এই অবস্থা করা হচ্ছে। সোনার কেনাবেচা যদি না হয় তাহলে কেউই সোনা কিনে তা হোর্ডিং করবে না। কারণ ধরুন আজকে যদি কুমার বীরেন রায়ের বাড়ীতে সোনা থাকবে সেই সোনার মূল্য মাটির মূল্য হয়ে যাবে। আজকে যা বলা হয় পুঁজিপতি ধ্বংস হোক তার দিকেই এগিয়ে যাবার চেষ্টাই আমরা করছি। সোনা কেবল ব্যবহার হবে প্রদেশের সংগে প্রদেশের, এক সংসারের সংগে অন্য সংসারের, এক রাষ্ট্রের সংগে অন্য রাষ্ট্রের। সেই জন্য এই নিয়ম করে দেওয়া হয়েছে যে সোনা কেউ গলাতেও পারবে না। অনেকে বললেন সোনার রিফাইনারিদের কথা, তারাও সোনা গলাতে পারবে না। সরকার সোনা

গলিয়ে ১৪ ক্যারেট করে দিলে কারিগর সেই সোনার গহনা তৈরী করতে পারবে। এত ঝামেলা কেউ পোয়াতে পারবে না। সোনা যদি বিক্রি না থাকে সোনা যদি কেউ কিনতে না পারে তাহলে সোনার প্রচলনও কমে যাবে। আপনারা হয়ত জানেন যে ডিক্লারেশান দিতে হয়েছে কার কাছে কত সোনা আছে, কার কাছে কত সোনার গহনা আছে, সমস্ত দোকানদারদের এই সব ডিক্লারেশান দিতে হয়েছে। সেই সোনাকে ১৪ ক্যারেটে না পরিণত করলে সে গহনা তৈরী করতে পারবে না। এবং যে সোনা তাদের কাছে আছে তার বাহিরে এক রতি সোনার গহনা তারা তৈরী করতে পারবে না। যদি কেউ নিজের সোনা দিয়ে অর্থাৎ ঘরের সোনা দিয়ে আরেকটী সোনার গহনা তৈরী করতে চান তাহলে তাকেও সরকারের মাধ্যমে আসতে হবে। রিফাইন করে ১৪ ক্যারেট করে তবে দোকানদার গহনা তৈরী করতে পারবে। যাদের আজকে মনে দ্বিধা হয়েছে যে এই অর্ডার ফেল করেছে আমি বলব তারা বাস্তব দেখছেন না শুধু প্রচারের জন্যই প্রচার করছেন। আমি বলব যে এই স্বর্ণ নীতি করা হয়েছে তা সম্পূর্ণ সাফল্যের দিকে এগিয়ে চলেছে। এটা আমি জোর করে বলতে পারি আমি জানি এগুলি আপনাদের ভাল লাগছে না। কারণ আমি আপনাদের প্রচার করার কথা কেড়ে নিচ্ছি। আমি যাতে এই অপপ্রচার বন্ধ হয় তার জন্য বলছি। অনেকে এখানে বলেছেন যে সোনা আমাদের অর্থনৈতিক কাঠামো ছিল এবং এখন ১৮ ক্যারেটে কিম্বা ২২ ক্যারেটে করে দেওয়া হউক। আমি বলি তা সম্ভব নয় এবং উচিতও নয়। দ্বিতীয় কথা যেটা বলেছেন যে স্বর্ণকার যারা ব্যবসা করত, দৈনন্দিন কাজ করত তাদের কি হবে। আমরা জানি যে একটা খুব বড় সেকশান বহু লোক তাদের কাজ থেকে বঞ্চিত হয়েছেন। সেটা বিচার বিবেচনা করার দায়িত্ব নিশ্চয়ই আমাদের। যারা বেকার হয়েছেন তাদের অর্থনৈতিক পুনর্বাসনের দায়িত্ব আমাদের নিতে হবে। সরকার সে দায়িত্ব এড়িয়ে যাবার চেষ্টা কোন দিনই করেন নি। আজকে এখানে যে সমস্ত কথা বলা হয়েছে তার উত্তরে আমি এইটুকু বলতে পারি যে সরকার এ সম্বন্ধে বিশেষ সচেতন আছেন এবং তারা চেষ্টাও করছেন। আমরা ভারত সরকারকে বলেছি যে তাদেরও এ বিষয়ে দায়িত্ব আছে। আমরা পরিকল্পনা করেছি যে কি ভাবে তাদের পুনর্বাসন করা যায়। অনেক পরিকল্পনা করা হয়েছে এবং মাননীয় সদস্যদের কাছে আমি অনুরোধ করছি তারা যদি কোন নতুন পথের সন্ধান দিতে পারেন তাহলে আমরা সেটা গ্রহণ করে তা রূপায়িত করবার চেষ্টা করব। এই ব্যাপারে নিশ্চয়ই আমরা সকলের পরামর্শ নেব। কিন্তু শুধু সমালোচনা করলেই হবে না। এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্বন্ধে বলা হয়েছে সত্যিই আমি দুঃখিত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যদি এইরকম ব্যবহার করে থাকেন সেটা আমি নিশ্চয়ই তদন্ত করব যথাসম্ভব আমি এর বিহিত করব। অন্য কোথায় যদি এইরকম হয়ে থাকে তাহলে আমি অনুসন্ধান করে তার প্রতিকার করব। আমি তাদের কাছে এইটুকু বলতে পারি এই সমস্ত ঘটনা যদি তারা আমাকে আগে জানাতেন তাহলে আমি নিশ্চয়ই তার অনুসন্ধান করে এখানে তার উত্তর দিতে পারতাম। আমাদের নেপালবাবু যে কথাগুলি বললেন তিনি যদি আমাকে আগে লিখে জানাতেন তাহলে আমি তদন্ত করে তাকে বলে দিতে পারতাম। আমি এই কথাই বলব যে আজকে স্বর্ণশিল্পীরা দুঃস্থ হয়েছে, এদের নিয়ে আমরা যেন রাজনীতি না করি। এদেরকে দলের কাজের জন্য যাতে নিয়োগ না করি। আমাদের যারা পূর্ববঙ্গ থেকে এসেছিল তাদের নিয়ে আমরা অনেক খেলা করেছি। তাতে কোন সমস্যার সমাধান হয়না। বিরোধী পক্ষের অনেকে মনে করেন যে তারা এই খেলা খেলে যাবেন তাতে তাদের মঙ্গল হউক বা না হউক। আমি তাদের অনুরোধ জানাব যে তারা যেন এদের নিয়ে খেলা সুরু না করেন। তাদের নিয়ে রাস্তায় ঘুরালে কিছু হবে না বা তাদের দিয়ে জেল ভর্তি করালেই সমস্যার সমাধান হবে না। আমরা কি কি পরিকল্পনা করেছি তা আমাদের মাননীয় শিল্পমন্ত্রী বিশদভাবে এখানে বললেন এবং এই কাজের জন্য পরশু দিন তিনি দিল্লী যাচ্ছেন। তিনি মোরারজী ভাইয়ের সংগে দেখা করবেন। যাতে তাড়াতাড়ি টাকা আসে তার জন্য চেষ্টা করবেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বহু চিঠিপত্র এবং তাদের সংগে কথাবার্তা বলছেন। আমরা চুপ করে বসে নাই। কিন্তু আপনারা যদি মনে করেন যে প্রভোকেশান দিয়ে জেলে পাঠিয়ে দিয়ে কিম্বা হামলা করে এর প্রতিকার করবেন তাহলে আমি বলব আপনারা ভুল করছেন। এই কয়টী কথা বলে আমি এই প্রস্তাবের বিরোধীতা করছি এবং আপনাদের সেই সংগে অনুরোধ জানাচ্ছি যে আজকে যদি আমরা এমন

একটা প্রস্তাব এখানে আনতে পারি যাতে আমরা সকলে একমত হতে পারি এবং সেই প্রস্তাব আমরা ভারত সরকারের কাছে পাঠাতে পারি তাহলে আমরা খুব জোরের সংগে বলতে পারি যে এদের জন্য আমরা ব্যবস্থা করতে পারব। এবং আমি আশা করছি এই হাউসে সেই প্রস্তাব নিশ্চয়ই সকলেই গ্রহণ করবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

Shri Anadi Das:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় বললেন যে তারা সচেতন আছেন আমি কিন্তু তাদের এই সচেতনতার অর্থ বুঝতে পারলাম না। এই গোল্ড কণ্ট্রোল অর্ডার প্রবর্তন করলে যে লক্ষ লক্ষ মানুষ বেকার হবেন এটা কি আগে জানতেন না পরে জানলেন। যদি পরে জেনে থাকেন আইন তৈরী করার পর লক্ষ লক্ষ মানুষ যখন খুব হৈ চৈ করতে আরম্ভ করল তখন তাদের চেতনা হল তাইত এই আইন ভুল করে ফেলেছি- এই হচ্ছে এক ধরণের চেতনা আর এক ধরণের চেতনা যে হ্যাঁ এই ব্যবস্থা করতে হবে সরকারকে এই আইন করতে হবে তার দরুন লক্ষ লক্ষ লোক বেকার হবে সুতরাং আমি একটা সময় নিই এই মানুষগুলিকে আগে পুনর্বসতি করি তাদের রুজিরোজগারের ব্যবস্থা করে দিই তাদের জীবনযাত্রার ব্যবস্থা করে দিই তারপব গোল্ড অর্ডার চালু হবে। এই দুটো সচেতনতার মধ্যে পার্থক্য আছে। যখনই সরকার কোন আইন করেন তখন আগে দেখেন যে তার এ্যাফেক্ট কি হবে এবং তার জন্য অলটারনেটিভ ব্যবস্থা করেন তারপর আইন করেন। নেপালবাবু একটা ফ্যালাসী অব আরগুমেন্ট নিয়ে এলেন, তিনি বললেন যে পাকিস্তান থেকে যারা এসেছেন তার কারণ ছিল ভারতের স্বাধীনতার জন্য দরকার হয়েছিল তারা অনেক দুঃখ কষ্ট স্বীকার করেছেন। আজও স্বাধীনতা রক্ষা করবার জন্য এই রকম ভাবে গোল্ড আইন করবার দরকার হয়েছে। কিন্তু এটা ভুলে যাচ্ছেন যে সেটা একই ষ্টেট-এর মধ্যে নয়, একই রাষ্ট্রের মধ্যে নয়, একই গভর্ণমেণ্টের মধ্যে নয়, পাকিস্তান এবং ভারতবর্ষ আলাদা গভর্ণমেণ্ট।

সরকার তাই দেশরক্ষার জন্য এমন আইন করেছেন যার ফলে দেশের মানুষ মরে যাচ্ছে। এই স্বর্ণ আইন যে ব্যর্থ হয়েছে এবিষয়ে কোন সন্দেহ নেই। এই স্বর্ণ আইন এত দ্রুত করার কারণ কি ছিল, না, দ্রুত সোনা আসবে। কিন্তু আমরা তো ৪ হাজার কোটি টাকার সোনার বদলে মাত্র ৪ কোটি টাকার সোনা এসেছে। আইন করার পরে খুব বেশী সোনা আসেনি অল্প সোনাই এসেছে। বড় বড় কথা শ্রমমন্ত্রি এখানে আউড়ে গেলেন অথচ সেই নীতি কার্যতঃ কোথাও প্রয়োগ করা হয়নি। কি হয়েছে না, যারা বেকার হয়েছে তারা তো আছেই, যারা করেছেন তারা মরছেন, কিন্তু এর ফলে শুধু জনসাধারণের দুর্গতি হয়েছে তা নয়—জনজীবনে আরও দুর্গতি প্রশ্রয় পেয়েছে। আমরা জানি গোল্ড কণ্ট্রোল বোর্ড করে অন্ততঃ একজন লোক আছেন এবং সরকার তাকে মনোনীত করেছেন যিনি চোরাই চালানে কলকাতার একজন সেরা লোক পি সি চন্দ্র এ্যান্ড কোম্পানীর শ্রীবিনয় চন্দ্র চন্দ্র, সেখানে যে চোরাই চালান হয় একথা আমাদের জানা আছে আবার একটি জায়গায়- এইচ পি সরকার-এর দোকানে চোরাই চালানের সময় খবর দেওয়া সত্ত্বেও পুলিশ আসেনি। পরে পুলিশ অনুসন্ধান করে এবং লিখে দেয় যে এখানে ৮ ঘণ্টা, ১০ ঘণ্টা সার্চ করা সত্ত্বেও এখানে কিছু পাওয়া গেল না। মুখার্জী এ্যান্ড কোম্পানী—সেখানে কিন্তু সার্চ করে তার খাতাপত্র সীজ করে চলে যাওয়া হয়। বড় দোকানদার—যাদের অর্থের প্রভাব আছে তাদের বেলায় এসব হয় না—যারা ছোট্ট দোকানদার তাদের অকারণে মারবার ব্যবস্থা হয়—স্বর্ণ আইনে এইটুকু কাজ হচ্ছে সরকার আমাদের কনভিন্স করেছেন স্বর্ণ আইন প্রয়োজন—আমরা বুঝি এই সোনা সরকারের হাতে যাওয়া দরকার অন্ততঃ যতক্ষণ পর্যন্ত স্বর্ণ আইনে এ্যাফেক্টেড লোক পুনর্বাসন না পাচ্ছে ততদিন যেন এই আইন চালু বন্ধ থাকে—এইটে আমরা চাই। যখন সমস্ত মানুষের পুনর্বাসন হয়ে যাবে তার পর স্বর্ণ আইন চালু হবে—এই ব্যবস্থা সরকার অনায়াসে করতে পারেন। গত ৮ মাসে মাত্র ২০০ কর্মচ্যুত স্বর্ণশিল্পীর চাকরি হয়েছে। এইভাবে যদি কাজ চলে তাহলে কোনদিন এদের পুনর্বাসন সমস্যার সমাধান হবে না। স্বর্ণশিল্পী নয়, স্বর্ণব্যবসায়ের সংগে আরও অনেক লোকের জীবিকা জড়িত

ছিল। বহু লোক বিভিন্ন স্বর্ণালংকার প্রতিষ্ঠানে সেলসম্যান, আকাউন্টান্ট হিসাবে কাজ করত স্বর্ণ আইনের ফলে এরাও বেকার হয়েছে অথচ তাদের স্বর্ণ আইনে এ্যাফেক্টেড বলে ধরা হচ্ছে না যেমন নিখিল দাস মহাশয় বলেছেন যারা সোনার কুড়া বিক্রী করে তেমনি এখানে আরও লোক আছেন যারা সোনার দোকানে চাকরী করে জীবিকা নির্বাহ করতেন। দোকানের মালিক এদের সার্টিফিকেট দেয়নি, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এ গেলে বলে সার্টিফিকেট আন। আমি কতকগুলি লোককে সার্টিফিকেট দিয়েছি ন্যাশনাল এমপ্লয়মেণ্ট সার্ভিস, স্টেট কমিটির সদস্য হিসাবে, ক্যালকাটা গোল্ডস্মিথ জুয়েলার্সদের প্রেসিডেণ্ট হিসাবে এবং এম-এল-এ হিসাবে। লেবার ডিপার্টমেণ্ট-এ কমপ্লেণ্ট করার পর বলা হচ্ছে নামটা রেজিষ্ট্রি করে নিলাম বটে—কিন্তু কোন গেজেটেড অফিসারের সার্টিফিকেট না হলে আপনার চাকুরির ব্যবস্থা হবে না।

[4-25—4-35 p.m.]

এই সমস্ত দোকানে যে সমস্ত কর্মচারীরা ছিল তারা ছাঁটাই হয়ে গেছে কিন্তু লেবার ডিপার্টমেণ্ট থেকে এমনতর কোন ব্যবস্থা করা হয়নি যাতে তারা রেট্রেন্চমেণ্ট বেনিফিট পেতে পারে। সোনার কারবার যখন উঠে গেল তখন এই সমস্ত কোম্পানীর কর্মচারীরা কার কাছ থেকে এই রিট্রেন্চমেন্ট বেনিফিট নেবে? স্যার, আমরা দেখছি স্বর্ণ আইনে সোনার দাম কমাতে পারেনি সোনার গহনা ঠিক তৈরী হচ্ছে। সোনা কেনা যাবেনা ঠিক, কিন্তু গহনা কেনা তো নিষিদ্ধ নয় তাই আমরা দেখছি গোপনে গহনা তৈরী করতে পারলে বিক্রি করতে পারছে। কোলকাতার একটি দোকানে গোপনে সোনার গহনা তৈরী করা হোত, তখন কর্মচারীরা বলল আমরা যে গোপনে তৈরী করছি ধরা পড়লে আমাদের নিরাপত্তার ব্যবস্থা করবেন কিনা, আমাদের রক্ষা করবেন কিনা? সেই কর্মচারীটি শেষ পর্যন্ত সংভাবে জীবন যাপন করতে চেয়েছিল বলে তার চাকুরী চলে গেল। এই হোল স্বর্ণ আইন। যাহোক, সরকার যদি সিরিয়স হন তাহলে অনায়াসেই তাঁরা এর একটা ব্যবস্থা করতে পারেন এবং বলতে পারেন স্বর্ণশিল্পীদের পুনর্বাসন দেব তারপর গোল্ড রুলস করব।

Shrimati Biva Mitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এখানে যে রেজলিউসন আনা হয়েছে তার উপর আমি একটা এ্যামেন্ডমেন্ট দিচ্ছি এবং সেটি হচ্ছে—

I beg to move that for the words beginning with "the failure of" in line 1 and ending with the words and figure "Gold Control Order, 1963" in the last, the following be substituted, namely:—

"The grave foreign exchange crisis, this Assembly fully supports the principle of the Gold Control Order, 1963 and requests the Government of West Bengal to approach the Government of India for requisite funds and to take effective measures for adequate rehabilitation of the unemployed goldsmiths"

Mr. Deputy Speaker: I think the House has no objection to the amendment.

Shrimati Biva Mitra:

স্যার, ৬ মাস আগে ইণ্ডিয়া গভর্ণমেণ্ট স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি প্রণয়ন করেছেন এবং এই বিধি প্রণয়নের ফলে কি কি অবস্থার উদ্ভব হয়েছে সেটা একজন মহিলা হিসেবে, মা-এর জাত হয়ে আমি যেটুকু উপলব্ধি করেছি সেটা এখানে বলতে চাই। আমার প্রথম বক্তব্য হচ্ছে মানুষকে হাত পা বেঁধে যদি মারা হয় তাহলে তার যে অবস্থা হয় সেই অবস্থাই এঁদের হয়েছে। আন্দোলনের ফলে কি হবে বা জেলে গিয়ে কি হবে আমি জানিনা, আমি শুধু এটুকু জানি যে এই স্বর্ণ নিয়ন্ত্রণ বিধির ফলে একটা শ্রেণীর মানুষকে হাত-পা বেঁধে মারা হচ্ছে। স্যার, এঁরা জীবনে লেখাপড়া করেনি, স্ত্রী-পুরুষ মিলে সুখের সংসারে বাস করত এবং বংশ পরম্পরায় এই

কাজ করত। আমাদের গভর্ণমেণ্ট-এর বা সমাজের বা কোন ব্যক্তির উপর এ'দের দায়িত্বভার ছিলনা এবং কোনদিন সেই দায়িত্ব নিতেও হয়নি। আমরা যখন তাদের কাছে গিয়েছি তখন তারা আনন্দের সংগে আমাদের কাজ করে দিয়েছে এবং তাদের ঘরের মহিলার হার তৈরী করতে করতে আমাদের সংগে কথাবার্তা বলেছে। কিন্তু আজ আমরা তাদের হাতের কাজ এবং মুখের অন্ন কেড়ে নিয়েছি।

আমি বলবো স্যার, আজকে এই বিষয়ে সরকারের সমস্ত দায়িত্ব। আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে হাউসের সামনে এবং মন্ত্রিদের কাছে আমার মনের কথা এবং উপলব্ধির কথা জানাতে চাই। আজকে এই স্বর্ণশিল্পী ভাই বোনেরা সকাল থেকে রাত্রি অবধি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে দাঁড়িয়ে থাকে কার্ড করার জন্য, রাতের পর রাত তারা দাঁড়িয়ে আছে সেই অফিসের দরজায় কখন অফিসার তাদের উপর সদয় হবেন এবং তাদের কার্ড করে দেবেন। তারপর তাদের কাজের ব্যবস্থা হবে। এই অবস্থায় তারা দিনের পর দিন পয়সা খরচ করে কার্ড করে যাচ্ছে। তারপর এই কার্ড করার ব্যাপারে এই অবস্থা, তারপর অনেক স্বর্ণশিল্পী যারা দরখাস্ত নিয়ে আসে তাতে যদি প্রকৃত স্বর্ণশিল্পী বলে আমরা সার্টিফিকেট দিই তাতে অনেক অফিসার সেগুলি মানছেনা, অবশ্য সব অফিসারই তা করছে তা বলছিনা, তারা বলছে এম-এল-এর সার্টিফিকেটে হবেনা, গেজেটেড অফিসারের সার্টিফিকেট চাই। এর প্রমাণ আছে আমার কাছে। আজকে আমরা স্বর্ণশিল্পীদের এই দুর্ভোগের মধ্যে নিয়ে এসেছি। আজকে সরকারের যদি এদের দায়িত্ব নিতে হয়, সর্বসম্মতিক্রমে আমাদের সকলের চিন্তা করতে হবে। এদের ছেলেমেয়েদের আন্দোলনের মুখে ঠেলে দিয়ে সরকারের গুলি খাইয়ে কারাগারে বন্ধ করে তাদের দায়িত্ব শেষ হবে না। তাদের দায়িত্ব নিতে হবে ঘরের মধ্যে।

[এ ভয়েসঃ—কালীঘাটের কথা বলছেন?]

এটা কালীঘাটের কথা মোটেই নয়, আমি সমস্ত দেশের স্বর্ণশিল্পীদের কথাই বলছি। আজকে প্রায় দু কোটি আড়াই কোটি স্বর্ণশিল্পী ভাই বোনেরা বেকার হয়েছে, যারা ওকথা বলছেন তাঁরা বোধ হয় তাদের ঘরে যাননি। যাদের বাড়ী আছে যাদের গাড়ী আছে তাদের জন্য এ'রা শুধু কুম্ভীরাশ্রু ফেলেন, তাদের কথা আমি বলতে চাই না। যাদের দরদ আছে যাঁরা ফিল করেন তারা নিশ্চয়ই আমার সংগে একমত হবেন। সরকার কিছু ডোল দিয়েছেন একথা ঠিক, কিন্তু সেটা অতি সামান্য, আবার সে টাকাও অনেকে পায়নি। তাছাড়া গভর্ণমেণ্ট বলেছিলেন যে তাদের ছেলেমেয়েদের পড়াশুনার জন্য কিছু কিছু সাহায্য করা হবে, কিন্তু তাদের ছেলে-মেয়েদের পড়াশুনা আজকে প্রায় বন্ধ হতে চলেছে। স্কুল অথরিটির কাছে ফ্রি-শিপের জন্য দরখাস্ত করেও কাজ হয়নি। এদিকে যখন সরকারের কাছে জানান হয় তাঁরা বললেন যে সেণ্ট্রাল থেকে টাকা এখনও আসেনি। তাহলে মানুষ কি করবে জানতে চাই, অন্তরের সংগে জানতে চাই। কোন দলাদলির ব্যাপার থেকে এটা জানতে চাইছি না।

[4-35—4-45 p.m.]

মাননীয় শ্রমমন্ত্রি বিজয়সিংহ নাহার মহাশয় এখানে আছেন। তাঁকে আমি কয়েকটা জিনিস দেখাব বলে এই হাউসের সামনে এনেছি। কয়েকটা জায়গায় এইসব স্বর্ণশিল্পীদের চাকরির জন্য পাঠান হয়েছিল। চাকরির জন্য এমপ্লয়মেণ্ট অফিসার খুব সদয় হয়ে তাদের পাঠিয়ে দিলেন। আমরা খুব গর্বিত হলাম যে, অফিসারটা খুব ভাল, কারণ তাড়াতাড়ি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে তাদের পাঠিয়ে দিয়েছেন। তাদের চাকরিতে গিয়ে যে দুর্ভোগ ভুগতে হয়েছিল তা আপনাদের শোনাব। অনেক চিঠি আমার কাছে আছে, সব আনিনি, একটা মাত্র এখানে পড়ে শোনাব। একজন স্বর্ণশিল্পী লিখছে—"গত ৩রা জুলাই ১৯৬৩ তারিখে খিদিরপুর এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস থেকে কাজের জন্য ডাক আসে। তারপর ৬ই জুলাই ১৯৬৩ তারিখে জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া ৫ নং মিড্‌লটন স্ট্রীট, অফিসে পাথর ও খনিজ পদার্থ বাছাই করা কাজ পাই। কিন্তু সেখানে গিয়ে আমাকে কুলির কাজ এবং মুটে মজুরের কাজ করতে হবে। আমি কিংবা আমরা রাজী না হওয়াতে আমাদের লওয়া হয় নাই। আমি

অফিসারের নাম বলতে চাই না। পরে মন্ত্রিমহাশয়কে জানাব—প্রায় ৩॥• ঘন্টা অপেক্ষার পর বিদায় দিলেন। আমি কি অপরাধ করলাম? আমি একজন গরীব স্বর্ণকার, আমার ভাগ্যে এই দুর্ভোগ ছিল। আমি আমার এই কাহিনী বর্ণনা করলাম। আমার চাকরি আমি গ্রহণ করলাম তবুও তিনি আমাকে চাকরি দিলেন না। প্রথমে বললেন ৪০ টাকা মাইনে, তারপর বললেন ৬০ টাকা মাইনে, তারপর বললেন ১০০ টাকা হবে, তারপর আমাকে বিদায় গ্রহণ করতে হল"। এই রকম আরো অনেক ঘটনা আছে আমাদের অর্থ মন্ত্রি দয়ালু হয়ে অনেকগুলি স্বর্ণ-শিল্পীর দরখাস্ত নিয়ে দিলেন। তিনি সমস্ত দরখাস্তগুলি একটা জায়গায় পাঠিয়ে দিলেন কিছু চাকরির বন্দোবস্তের জন্য। সেখান থেকে একজন অফিসার, আমি নাম করব না, ডিপার্ট-মেণ্ট বলব না, আমি মন্ত্রিদের কাছে যাঁরা পাঠিয়েছিলেন এবং হাউসের কাছে রাখছি যে এইসব অফিসাররা কি রকমভাবে চলছে, তাকে বললেন তোমার ৪৪ বছর বয়স হয়েছে তোমাকে চাকরি দেওয়া হবে না। সে স্বর্ণশিল্পী, তার আবার এক রেসট্রিকসান কি? তাকে তো গ্রহণ করতেই হবে।" আজকে ট্যাক্সির কথা উঠেছে। ট্যাক্সি নিশ্চয়ই স্বর্ণশিল্পীদের পাওয়া উচিত। কিন্তু যে লাইসেন্সের কথা বলা হচ্ছে সেই লাইসেন্স তারা কোথা থেকে পাবে? তাদের তো ট্যাক্সি চালান পেশা ছিল না। তবুও যখন তারা অভাবে পড়েছে তখন নিশ্চয়ই তারা শিখবে। নেপালবাবু যা বলেছেন তাদের বিপদ হবে আমি বলব যে বিপদ হবে না। যারা বড় বড় মালিক আছে তারা ট্যাক্সি নেবে, নিয়ে তাদের সংগে এই কণ্ডিসান থাকবে যে যেসব গরীব স্বর্ণশিল্পী আছে তাদের ড্রাইভারের কাজে হোক যে কোন কাজে হোক রাখতে হবে। আজকে এদের ব্যবস্থা সম্বন্ধে কোন পরিকল্পনা নিতে পারব না। কারণ আমরা তো এত বড় বড় পরিকল্পনা নিই না, ছোট সংসারের পরিকল্পনা নিয়েছি। এখন যাঁরা বড় পরিকল্পনা নিয়েছেন, এই ২॥ কোটি মানুষের খেয়ে মেখে বাঁচবার জন্য যে ব্যবস্থা সেই ব্যবস্থার জন্য যে পরিকল্পনা সেই পরিকল্পনা আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে নিতে হবে এবং তাঁরা যেন সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে সেই পরি-কল্পনার জন্য যে ব্যয় হবে তা দেবার জন্য চাপ দেন এই বলে আমি আমার বক্তব্য এই হাউসের সামনে রাখলাম।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে স্বর্ণ নিয়ন্ত্রণ আদেশ এর পিছনে যে মূল নীতি ছিল সেটা হচ্ছে সোনার চোরা চালান বন্ধ হবে এবং ঐ ৪ হাজার কোটি গোপন সোনার সঞ্চয় বের করে দেশরক্ষা প্রতিরক্ষার কাজে লাগান যাবে এবং সোনার যে ভারতীয় দাম সেটা খুব উঁচু হারে আছে, তার থেকে নামিয়ে আন্তর্জাতিক মানের কাছাকাছি আনা যাবে। এই নীতি-গুলি আমরা মেনেছিলাম। কিন্তু এই নীতিগুলি কার্যে পরিণত হওয়ার দিকে মোটেই এগোয় নি, বরং এতে বলি হল স্বর্ণশিল্পী যাঁরা আজকে চুপচাপ করে বসে নেই, আজকে এসেম্বলির বাইরে আইন অমান্য করছেন। আইন অমান্য তাঁদের পেশা নয়। আপনারা যাঁরা দেখেছেন তাঁরা জানেন এবং আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে তাঁরা অত্যন্ত ভীরু, দক্ষ কারিগর হিসাবে স্বর্ণশিল্পীর কাজ করতেন। কোন দিন আন্দোলন করবেন এই কথা তাঁদের মাথায় ঢোকে নি। যখন তাঁরা হঠাৎ একেবারে বেকার হয়ে গেলেন এবং বেকারের সংখ্যাটা আপনারা দেখেছেন পশ্চিমবঙ্গের সমস্ত জনসংখ্যার শতকরা ২ জন হচ্ছে বেকার স্বর্ণশিল্পী তখন তাঁরা আন্দোলন করতে বাধ্য হলেন। এতবড় বৃহৎ জনসংখ্যাকে একেবারে বেকার অসহায় করে দেওয়া কোন সভ্য সরকার করেনি। সেইভাবে যখন এরা বেকার হয়ে গেল তখন তারা প্রথমে [illegible] কাছে আসে নি, প্রথমে ডাঃ প্রতাপচন্দ্রের মত ব্যক্তির কাছে তারা গিয়েছে, যাঁর ভেতর প্রগতি-পন্থী আদায় যেটুকু ঝাঁঝ ছিল সেটুকু ঢেঁকুরে পরিণত হল এবং আন্দোলন বন্ধ হয়ে গেল। তারপরে তারা বাধ্য হয়ে এদিক ওদিক ঘুরেছে এবং বামপন্থী বিভিন্ন সংগঠনের লোক তাদের আন্দোলনের সঙ্গে যুক্ত হয়েছে। তাদের আন্দোলন হচ্ছে নিজেদের পুনর্বাসনের জন্য আন্দোলন নিজেদের পেশা ফিরিয়ে পাবার আন্দোলন। এই ১৪ ক্যারেটের কথা বলা হচ্ছে এটা একটা অত্যন্ত প্রহসণ উপ-হাসের মত—১৪ ক্যারাট সোনার অলংকার হয় না। ১৪ ক্যারাটের কথা বলে তাদের বেকারত্ব

কিছু বন্ধ হয় নি, তারা সম্পূর্ণভাবে বেকার হয়েছে—আজকে একথা পশ্চিমবঙ্গের সমস্ত মন্ত্রীসভার কাছে এসে পড়েছে। তাঁরা যেভাবে বেকার সমস্যার সমাধান করবেন বলে ভেবেছেন যে কারাবরণ করিয়া বেকার সমস্যার সমাধান করবেন কিম্বা আত্মহত্যা করিয়ে করবেন সেই পথ থেকে কি তাদের যেতে দেয়া হবে। অবশ্য কংগ্রেস তরফ থেকে একটা সংশোধনী এসেছে, আমি জানিনা সরকারপক্ষ বা ট্রেজারী বেঞ্চ থেকে সেটা সমর্থন করা হচ্ছে কি না। তাতে বলা হয়েছে যে ঐ প্রিন্সিপল সমর্থন করা হচ্ছে কিন্তু বেকার স্বর্ণকারদের পুনর্বাসনের জন্য যথেষ্ট পরিমান টাকা এবং অন্যান্য ব্যবস্থা করার জন্য পশ্চিমবংগ সরকার ভারত সরকারের সংগে দেখা করবেন যাতে পর্যাপ্ত টাকা পাওয়া যায়। পর্যাপ্ত টাকা মানে কি? মাথাপিছু ৪ টাকা, ১ লক্ষ ১০ হাজার স্বর্ণশিল্পীদের জন্য ৪ লক্ষ ৪০ হাজার টাকা হলেই কি তাকে পর্যাপ্ত বলবো, না মাথাপিছু অন্ততঃ কিছু বেশী করে টাকা, কয়েক হাজার করে টাকা দরকার যাতে তাদের বিকল্প পুনর্বাসন হতে পারে। সেদিক থেকে আমরা জানি ঐ বাস্তুহারাদের পুনর্বাসনের বেলায় দেখেছিলাম যে সেখানে বাস্তুহারাদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য যে পরিমান টাকা দেয়া হয়েছিল এই বেকার স্বর্ণ শিল্পীদের তার থেকে অনেক কম দেয়া হচ্ছে, তার থেকে কিছু বেশীর ব্যবস্থা করতে হবে। সেজন্য টাকার পরিমান হিসাব করতে গিয়ে পশ্চিমবংগ সরকারের যিনি যাবেন ভারত সরকারের সংগে দেখা করতে তিনি মাথা পিছু ৪ টাকা হিসাব যেন না দেন, তিনি যেন অন্ততঃ ১৷৷ হাজার ২ হাজার টাকা মাথাপিছু হিসাব দেন। যে ১ লক্ষ ১০ হাজার শ্রমদপ্তর-এর হিসাবে আমাদের হিসাবে ১ লক্ষ ৫০ হাজারের কম হবে না, সেই ১ লক্ষ ৫০ হাজার স্বর্ণশিল্পীর সমস্ত অর্থনৈতিক পুনর্বাসন ব্যবস্থার জন্য যে টাকার দরকার সেই টাকা যেন নিয়ে আসা হয়। সেইভাবে যদি একটা প্রস্তাব বা সংশোধনী আমাদের সামনে আসে সেই প্রস্তাবকে সর্বসম্মত প্রস্তাব হিসাবে আমরা সমর্থন করতে পারি, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

The Hon'ble Tarun Kanti Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে এখানে যে প্রস্তাব ফরোয়ার্ড ব্লকের বন্ধু সুনীল বাবু এখানে এনেছেন এটা একটা মানবিকতার সংগে যুক্ত প্রস্তাব এবং যে সমস্ত বক্তা এখানে বক্তৃতা দিয়েছেন তাদের যে এ বিষয়ে উৎকণ্ঠা থাকতে পারে সেটা সবাই আমরা বুঝতে পারি। এটা ঠিকই আমাদের শ্রমমন্ত্রী বিজয়বাবু যেভাবে বোঝাবার চেষ্টা করেছেন যে গোল্ড কন্ট্রোল অর্ডারের দরকার ছিল এবং সেজন্যই আমরা ঐ অর্ডারকে মানি, তেমনি এটাও ঠিক যে এটা মানার ফলে বহু লোকের কষ্ট হয়েছে এবং যে কষ্ট লাঘব করার দায়িত্বও সরকারের আছে এবং এটাও ঠিক যে আজ পর্যন্ত আমরা যা করতে পেরেছি তা যথেষ্ট নয়। যথেষ্ট হলে নিশ্চয় কোন মানুষ আত্মহত্যা করতো না। তবে এটুকু আমরা বলতে পারি যে আমরা কিছু হয়তো পিছিয়ে থাকলেও, যত দ্রুততার সংগে করা উচিত তা করতে না পারলেও আমরা যে পরিকল্পনা রচনা করেছি যে পরিকল্পনার মধ্য দিয়ে আমরা আশা করছি যে বাংলাদেশে যে সমস্ত বেকার স্বর্ণশিল্পী রয়েছে তাদের খানিকটা সাহায্য দিতে পারবো, পুনর্বাসনের ব্যবস্থা করতে পারবো। একটা কথা আপনারা সবাই বোঝেন যে পশ্চিমবংগ সরকারের এবং জনসাধারণের সবায়ের সমর্থন আছে যে গোল্ড কন্ট্রোল অর্ডার দরকার ছিল এবং এর উপর আমাদের কোন হাত ছিল। এবং আজকে যে কষ্টের সৃষ্টি হয়েছে কিছু মানুষের উপর তাদের সেই কষ্ট লাঘব করার ইচ্ছা যতই থাকুক- এই টাকা সরকারের সংগতি নেই যে ভারত সরকারের সাহায্য ব্যতিরেকে এই কাজ আমরা করতে পারি। সেই জন্য আমরা পরিকল্পনা রচনা করে ভারত সরকারের কাছে পাঠিয়েছি তাদের সাহায্য পাবার জন্য এবং সাহায্য পেলেই আমরা কাজ সুরু করবো। এর আগে বলে দিই যে পশ্চিমবংগ সরকারের দায়িত্ব আছে এটা আমরা উপলব্ধি করি। এবং ভারত সরকারের কাছে টাকাও চাইবো কিন্ত আমাদের যতটা করা সম্ভব তাও আমরা করবো। আগে আমি বলি যে রিলিফের ব্যাপারে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার ৪ লক্ষ টাকা বিভিন্ন ডিষ্ট্রিক্ট এবং কলকাতা সহরে যাঁরা বিলি করবেন তাঁদের দিয়েছি। এবং ৩০।৬।৬৩ পর্যন্ত ২ লক্ষ ১৬ হাজার ১০১ টাকা ব্যয় করা হয়েছে ডোলের জন্য এবং ২৪০টি মানুষকে সাহায্য দেওয়া হয়েছে। এবং কলকাতা সহরে আরও রিলিফ দেবার জন্য

কা দেওয়া হয়েছে এটা আমি আপনাদের জানিয়েছি। যে টাকা আমরা এখন দিচ্ছি যে টাকা আমরা এখন নিজেদের তহবিল থেকে খরচ করে যাচ্ছি। ভারত সরকারের কাছ থেকে কোন টাকা আমরা পাই নি। মোটামুটি আমরা যে পরিকল্পনা রচনা করেছি —প্রথম পরিকল্পনা যে—ও এটা শেষ পরিকল্পনা নয়—একদিকে ট্রেনিং আর একদিকে গ্রান্ট দিয়ে কিছু ব্যবসায় প্রতিষ্ঠা করিয়ে দেবার ব্যবস্থা এছাড়া চাকরী দেবার কথা ও ট্যাক্সি দেবার কথা—যা আগেই বলেছেন তার আর পুনরুল্লেখ করতে চাই না। ট্রেনিংয়ের যে ব্যবস্থা করেছি তা মোটামুটি হচ্ছে কমার্স-ইণ্ডাস্ট্রি বিভাগের যে সমস্ত ট্রেনিং ইনষ্টিটিউট রয়েছে সে সমস্ত জায়গাতে ৫ শতটি ছেলেকে আমরা ট্রেনিং দেবার ব্যবস্থা করেছি। প্রত্যেকটী ছেলেকে আমরা হিসাব করেছিলাম ৩০ টাকা করে ষ্টাইপেণ্ড দেবো ভারত সরকারের গোল্ড কন্ট্রোল বোর্ড থেকে লোক এসে-ছিলেন তিনি বল্লেন ২৫ টাকার বেশী আপনারা করতে যাবেন না—তাতে বলি কি দেবেন আমরা জানি না তবে একটা ষ্টাইপেণ্ডের ব্যবস্থা হবে। আমাদের কটেজ এ্যাণ্ড স্মলস্কেল ইণ্ডাস্ট্রি ডিপার্টমেন্ট থেকে ট্রেনিং প্রডাকশন কাম ট্রেনিং সেন্টারে ৯৩০টি ছেলেকে ট্রেনিং দেবার পরিকল্পনা গ্রহণ করেছি। আর বিভিন্ন কলে-কারখানায় ঢুকিয়ে দিয়ে কাজ করতে করতে ট্রেনিং হবে এ রকম ২ হাজার লোকের জন্য আমরা পরিকল্পনার বন্দোবস্ত করেছি। ৫ হাজার স্বর্ণশিল্পীকে ৫০০ টাকা গ্রান্ট দেবার একটা পরিকল্পনা গ্রহণ করেছি যেজন্য ২৫ লক্ষ টাকা খরচ হবে, আর ৭৫০ স্বর্ণশিল্পীদের ২ হাজার টাকা লোন দেওয়ার একটা পরিকল্পনা আছে, যার জন্য ১৫ লক্ষ টাকা খরচ হবে। এছাড়া স্বর্ণশিল্পীদের ছোট ছোট ছেলেমেয়েরা যাতে লেখাপড়া শিখতে পারে তার জন্য তাদের সাহায্য করার জন্য আমরা একটা স্কীম করেছি, তাতে ব্যয় হবে প্রায় ২৯ লক্ষ টাকা। সবশুদ্ধ ৬ - ১১ বছর বয়স্ক ১১ হাজার ২০০ ছেলেমেয়েকে পড়ার খরচ বাবত সাহায্য দেবার কথা চিন্তা করা হয়েছে, এবং এই বাবতে ২৯ লক্ষ টাকা ব্যয় করা হবে। সবশুদ্ধ ১ কোটি টাকার মতো এই বাবতে খরচ হবে বলে আমরা ধরেছি এবং ভারত সরকারকে আমরা জানিয়েছি। আমাদের মুখ্যমন্ত্রীমহাশয়ও মোরারজী ভাই দেশাই এর কাছে এই ব্যাপারে চিঠি লিখেছেন যাতে করে কাজ ত্বরান্বিত হতে পারে, চিঠির শেষে তিনি লিখেছেন,

"...rme will be going to Delhi on the 29th instant to attend a conference convened by the Planning Commission on the rural industrialisation project and he will take this opportunity of seeing you to discuss this vital subject.

[4-55—5-6 p.m.]

তাকে মোটামুটিভাবে বলতে গেলে এই কথাই বলতে পারা যায় আমরা যে সাহায্য চেয়েছি তাতে সবশুদ্ধ হিসাব করলে দেখা যাবে ১০ হাজার স্বর্ণশিল্পীর জন্য ব্যবস্থা করতে পারা যাবে। এখানে নিখিলবাবু তাঁর বক্তৃতায় বলেছেন, এবং হেমন্তবাবুও তাঁর বক্তৃতায় স্বর্ণ-শিল্পীদের সংখ্যা ১½ লক্ষ বলে উল্লেখ করেছেন। নিখিলবাবু এই ফিগার কোথায় পেয়েছেন আমি জানিনা কারণ ১৯৬১ সালে যে সেন্সাস হয়েছিল তাতে ৩৭ হাজার স্বর্ণশিল্পীদের ফিগার নির্দিষ্ট করা হয়েছে। তবে ডাইরেক্ট, স্বর্ণশিল্পী না হলেও ইনডাইরেক্ট বা ডিপেণ্ডেন্ট শিল্পীর সংখ্যা এরকম হতে পারে। যাই হোক, আমরা যে পরিকল্পনা করেছি তাতে মোট ১০ হাজার স্বর্ণশিল্পীর জন্য ব্যবস্থা করতে হবে বলে আমরা ভারত সরকাররকে জানিয়েছি। এখানে একজন বন্ধু তার বক্তৃতায় বলেছেন যে, রেফিউজীদের বেলায় যেভাবে ধার দেবার বন্দোবস্ত করা হয়েছে সেইভাবে স্বর্ণশিল্পীদের ধার দিয়ে কলকারখানার কাজে প্রতিষ্ঠা করা যায় কিনা। আমরা জানি উদ্বাস্তু ভাইদের জন্য যে টাকা দেওয়া হয়েছিল তার একটা অংশ সেই উদ্দেশ্যে কাজে লাগবে না। তার অনেক কারণ আছে। এখানে আমরা সেই রকম কোন পরিকল্পনার কথা চিন্তা করছি না। তবে তাঁরা যেকথা বলেছেন তা আমরা চেষ্টা করে দেখব কিছু করা যায় কিনা। তাঁরা যদি কো-অপারেটিভ-এর মারফৎ এগিয়ে আসেন,—১৫ জন হলেই একটা কো-অপারেটিভ হতে পারে—তবে তাঁরা সরকারী সাহায্য পেতে পারেন। আমি মনে করি এতে তাঁদের পুনর্বাসনের কাজ ত্বরান্বিত হবে। আমরা এই ব্যাপারে মাননীয় সদস্য-দের সহযোগিতা কামনা করি, তারাও এই বিষয়ে স্বর্ণশিল্পীদের সাহায্য করতে পারেন।

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, কলকাতা সহরে হাজার হাজার লরী রয়েছে—আমি এখানে কোন প্রকার প্রাদেশিকতার না তুলে এই কথা বলতে চাই যে, কোথায় সুদূর জলপাইগুড়ি, সেখানে দেখেছি পাঞ্জাবী ভাইয়েরা লরী চালাচ্ছে। তাঁদের শক্তি রয়েছে, সুতরাং এ সম্বন্ধে কিছু বলবার নাই। এইভাবে যদি স্বর্ণশিল্পীরা ছোট ছোট ব্যবসার কাজে এগিয়ে আসেন তাহলেও অনেক কাজ হতে পারে। কলকাতা সহরে তাঁরা যদি ট্যাক্সি কো-অপারেটিভ করতে চান তবে তাদের ট্যাক্সি পারমিট দেওয়া হবে। সরকারের মধ্যে যে রেড টেপিজম্ আছে। তা তাঁরা তাদের কাজের মাধ্যমে ভাঙ্গতে পারেন। তারপর, হ্যান্ডলুম করপোরেটিভ হতে পারে। হেমন্তবাবু বলেছেন এবং আরো অনেকে বলেছেন যে, নানা ধরণের কাজ তাঁরা করতে পারেন। স্বর্ণশিল্পীরা সংঘবদ্ধভাবে এগিয়ে এলে সরকার থেকে সাহায্য করা হবে। আমি এখানে জানাতে চাই, বিভিন্ন ডিস্ট্রিক্টে যে সমস্ত কো-অপারেটিভ অফিসার আছেন, এ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটি এবং ইন্ডাস্ট্রিয়াল অফিসার আছেন তাঁদের নির্দেশ দেওয়া হয়েছে যে, স্বর্ণশিল্পীরা যদি এগিয়ে আসেন তাহলে তাদের যতটা সম্ভব সাহায্য করা দরকার। তাঁরা যদি জানতে চান কোন্ বিজনেস করবেন তাহলে তাঁদের সংগে বসে তাঁদের সর্বপ্রকার সাহায্য দেবার বন্দোবস্ত করতে হবে। আজকে আমরা দেখছি যে ভারতবর্ষে একটা বিরাট পরিমান টাকা আন্ডার ইনভয়েসিং করেই হোক, যেভাবেই হোক, লোকসান হচ্ছে, এটা বন্ধ হওয়া উচিত এটা সকলেই বোঝেন। বর্তমানে আমাদের ফরেন এক্সচেঞ্জ এর যা অবস্থা তাতে একমাত্র ক্যাপিটাল গুডস বিদেশ থেকে আমদানী হতে পারে, তাছাড়া আর কোন জিনিস নিয়ে আসা উচিত হবে না। আবশ্যকীয় যন্ত্রপাতি ছাড়া আর অন্যকিছু এখন আনা উচিত হবে না, এই কথা আমাদের প্ল্যানিং কমিশন বলছেন, আমাদের ফিনান্স ডিপার্টমেন্ট আমাদের ইকনমিক ডিপার্টমেন্টও এই কথাই বলছেন। এই গোল্ড কন্ট্রোল অর্ডার এর জন্য সরকারের উপর যে দায়িত্ব রয়েছে সরকার সেই দায়িত্ব স্খালন করতে চান না, দেরী হলেও সরকার তার দায়িত্ব পালন করবেন। আরেকটা ব্যাপার জানাতে চাই, যদি কেউ ছোট ছোট ইনডাস্ট্রি করতে চান তবে তার জন্য বি ডি ও-র কাছে পারসোনাল গ্যারান্টিতে ৪০০ টাকা পেতে পারেন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ১০ হাজার টাকা পর্যন্ত দেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে। এর আগে স্টেট এড টু ইনডাস্ট্রিজ যে আইন ছিল সেই আইনে ম্যানুফ্যাকচারিং কনসার্ন ছাড়া ধার দেওয়া যেত না। আমরা আমাদের লিগাল রিমেমব্রানসার এর সংগে কথা বলে অন্য বিজনেস-এর জন্যও ধার দিবার অনুমতি নিয়ে নিয়েছি।

লিগাল রিমেমব্রানসার বলেছেন এতে কোন বাধা নেই—এটা দেওয়া যেতে পারে। সাধারণভাবে আমরা চাই ইনডাস্ট্রি-র মধ্যে ধার দেব, কিন্তু অনেক স্বর্ণশিল্পী রয়েছে যারা ইনডাস্ট্রি না করে ব্যবসা করতে চান। তাদের ধার দেওয়ার ব্যবস্থা করতে পারি। আমি আর বেশী সময় নেব না। আমি শুধু বলব হেমন্তবাবু যে কথা বলেছেন এই হাউস-এ আমি তা সমর্থন করি যে এরকম একটা ব্যাপারে যদি আমরা একমত হতে পারি ভাল হয়। সেদিক দিয়ে শ্রীমতী বিভা মিত্র যে এ্যামেন্ডমেন্ট এনেছেন যদি সুনীলবাবু সেটা মেনে নেন তাহলে কালকে আমি দিল্লী যাচ্ছি আমার পক্ষে সুবিধা হবে এবং সেখানে জোর করে বলতে পারব যে সমস্ত হাউস একমত হয়ে এই প্রস্তাব গ্রহণ করেছেন—এই টাকা দিতে হবে। আমাদের দিক থেকে যা করণীয় নিশ্চয়ই তা করব এই প্রতিশ্রুতি দিচ্ছি। সেজন্যে আমি সুনীলবাবুকে অনুরোধ করছি আমাদের এ্যামেন্ডমেন্ট যদি গ্রহণ করেন তাহলে আমরা সমবেতভাবে গ্রহণ করি এবং এই মানবিক সমস্যার সমাধান করতে সচেষ্ট হতে পারি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয় আমাদের সামনে যে কথা রেখেছেন এবং কংগ্রেস পক্ষ থেকে যে এ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা মন্দের ভাল বলে এবং হাউস-এ একটা ইউন্যানিমাস রেজলিউসন গ্রহণ করার স্বার্থে আমার সংশোধনী প্রস্তাব উইথড্র করছি।

The motion of Shri Sambhu Charan Ghosh that in line 2, after the words "Gold Control Order" the words "and closing down of age-old gold industry of West Bengal" be inserted, was then by leave of the House **withdrawn.**

Shri Nikhil Das:

আমার একটা সংশোধনী প্রস্তাব ছিল তাতে স্বর্ণশিল্পীদের প্রবলেম অব আনএমপ্লয়মেন্ট-এর সমাধান এবং স্বার্থে ব্ল্যাকমার্কেটিং বন্ধ করার কথা ছিল। কংগ্রেস তরফ থেকে মাননীয়া বিভা মিত্র যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তার স্পিরিট সম্বন্ধে কিছু আপত্তি আমার নেই এবং তরুণবাবু বলেছেন যে তিনি আন্তরিকভাবে চেষ্টা করবেন এই প্রস্তাব কার্যকরী করার জন্য। সেদিক দিয়ে সরকারকে আমি একটা চান্স দিতে চাই। এই বিবেচনা করে আমি আমার এ্যামেন্ডমেন্ট উইথড্র করছি।

The motion of Shri Nikhil Das that the following be added at the end:
", in a manner so that the problems of unemployment of the goldsmiths may be solved and smuggling and blackmarketing of gold may be prevented,"

was then by leave of the House withdrawn.

Dr. Narayan Chandra Roy:

নীতিগত মতপার্থক্য থাকলেও আমরা একমত হয়ে প্রস্তাব গ্রহণের জন্য আমাদের প্রস্তাব উইথড্র করছি।

Shri Sunil Das Cupta:

মাননীয়া সদস্যা শ্রীমতী বিভা মিত্র যে সংশোধনী এনেছেন আমার এই প্রস্তাবের উপরে স্বর্ণশিল্পীদের দুঃখের দিকে চেয়ে এবং মন্দের ভাল হিসাবে এবং এই হাউস-এ একটা সর্ববাদী সম্মত প্রস্তাব গ্রহণের জন্যে আমি সেই সংশোধনী গ্রহণ করে নিচ্ছি।

The motion of Shrimati Biva Mitra that for the words beginning with "the failure of" in line 1, and ending with the words and figure "Gold Control Order, 1963," in the last line, the following words be submitted, namely,—

"the grave foreign exchange crisis this Assembly fully supports the principle of the Gold Control Order, 1963 and requests the Government of West Bengal to approach the Government of India for requisite funds and to take effective measures for adequate rehabilitation of the unemployed goldsmiths",

was then put and agreed to.

The motion of Shri Sunil Das Gupta as amended that in view of the grave foreign exchange crisis this Assembly fully supports the principle of the Gold Control Order, 1963, and request the Government of West Bengal to approach the Government of India for requisite funds and effective measures for adequate rehabilitation of the unemployed goldsmiths, was then put and agreed to.

Mr. Deputy Speaker: The resolution is passed unanimously.

Shri Jamini Bhusan Saha: Sir, I beg to move that in view of the changed circumstances in the country and in view of the demand voiced by the different sections of the public for lifting Emergency, the House requests the Government of West Bengal to urge upon the Government of India for immediate lifting of the Emergency.

Mr. Deputy Speaker: The House stands adjourned till 12 noon on Monday next.

Adjournment

The House was accordingly adjourned at 5-6 p.m. till 12 noon on Monday, the 29th July, 1963, at the Lagislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 29th July, 1963, at 12 noon.

Present :

Mr. Deputy Speaker: (Shri Ashutosh Mullick) in the Chair, 13 Hon'ble Ministers, 7 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 148 Members

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Mayna Basin Scheme

***96.** (Admitted question No. *10.) **Shri Anil Maitra :**

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে তৃতীয় পরিকল্পনা কালে ময়না বেসিন স্কীম মঞ্জুর হইয়াছে;
(খ) উহার মোট এষ্টিমেট কত;
(গ) উহার স্কীম প্রস্তুত হইয়াছে কি না; এবং
(ঘ) উহার কার্য্য কবে আরম্ভ হইবে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) হ্যাঁ, ইহা তৃতীয় যোজনার অন্তর্ভুক্ত হইয়াছে।

(খ) প্রকল্পটি প্রস্তুতির পর্যায়ে রহিয়াছে; সুতরাং উহার আনুমানিক ব্যয় কত হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

(গ) না।

(ঘ) প্রকল্পটি প্রস্তুতির পর্যায়ে রহিয়াছে সুতরাং কার্য্যটি কবে আরম্ভ হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় এস্টিমেট কত সেটা বলতে পারেননি। এস্টিমেট কমিটিতে যাওয়ার পর কতদিন লাগে ফাইনালাইজড্ হতে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ওটা এস্টিমেট কমিটি নয় আমাদের ডিপার্টমেন্টের ইঞ্জিনীয়াররা এস্টিমেট তৈরী করেন।

Mayna-Paramanandapur-Pingla Road

***97.** (Admitted question No. *11.) **Shri Anil Maitra :**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তা কোন পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে;
(খ) উহার মোট এস্টিমেট কত;
(গ) উহার কার্য্য কতদূর সম্পন্ন হইয়াছে;
(ঘ) উক্ত রাস্তার অন্তর্গত ময়না থানার মাটির কাজ কোন্ সনে আরম্ভ হইয়াছে; এবং
(ঙ) উক্ত মাটির কার্য্য কবে শেষ হইবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়।

(খ) ১৩,৭১,০০০ টাকা।

(গ) ১৩ মাইল রাস্তার পিংলা হইতে দ্লাক পর্যন্ত ৭ মাইল পাকার কাজ প্রায় শেষ হইয়াছে। দ্লাক হইতে দোবানিং পর্যন্ত অংশের মধ্যে যেখানে মাটির কাজ শেষ হইয়াছে সেখানে এই বর্ষায় খোয়া মাড়াই-এর কাজ আরম্ভ হইবে। দোবানিং হইতে ময়না পর্যন্ত অংশের মাঝে মাঝে মাটির কাজ হইয়াছে এবং বাকি অংশে মাটির কাজের ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) ১৯৬০ সালে মার্চ মাসে।

(ঙ) ঠিকমত টেন্ডার পাওয়া গেলে ১৯৬৪ সালের মার্চ মাসের মধ্যে মাটির কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Construction of a bridge over the Dobandhi on Mayna-Paramanandapur-Pingla Road

***98.** (Admitted question No. *12.) **Shri Anil Maitra:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তার উপর দোবাঁধি নদীর উপর পুল ৩য় পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে কি;

(খ) উহার মোট এস্টিমেট কত; এবং

(গ) উহার কাজ কবে আরম্ভ হইবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) এই সেতুটি ৩য় পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে।

(খ) ইহার জন্য দশ লক্ষ টাকা ৩য় পরিকল্পনায় বরাদ্দ আছে।

(গ) প্রয়োজনীয় তথ্যাদি অনুসন্ধানের পর নক্সা ইত্যাদি করা হইতেছে। প্রারম্ভিক কাজ এবং নক্সা ইত্যাদি প্রস্তুত হইলেই কাজ আরম্ভ হইবে।

Shri Abhoy Pada Saha:

এই কাজটা ৩য় পরিকল্পনার মধ্যে শেষ হওয়ার সম্ভাবনা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

শেষ হতে পারে কিনা বলা কঠিন।

Shri Sailendra Nath Adhikary:

দ্বিতীয় পরিকল্পনায় মঞ্জুরীকৃত কাজটা তৃতীয় পরিকল্পনার তৃতীয় বছর পর্যন্ত সুরু হচ্ছে। এই বিলম্বের কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা তৃতীয় পরিকল্পনার কাজ, দ্বিতীয় পরিকল্পনার নয়।

Irrigation channels in Jalpaiguri

***99.** (Admitted question No. *15.) **Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) If it is a fact that in 1954 due to the flood in Alipur Duars subdivision of Jalpaiguri, all the irrigation channels were damaged;

(b) if so, what action has been taken by the Government to make the channels operative since then;

(c) what steps, if any, have been taken by the Government for repairs to and reconstruction of Cement Bundh and Embankment of the Belakoba River Irrigation Channels in Purba Madarihat, district Jalpaiguri, under Purba Madarihat mauza ; and

(d) what action has been taken regarding the "Holong Irrigation Scheme" under Madarihat police-station ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: (a) Most of the irrigation channels in Alipurduar Subdivision were damaged due to heavy floods in 1954.

(b) All the damaged irrigation channels in Alipurduars Subdivision had been repaired and the channels have been operating satisfactorily since then.

(c) Pending finalisation of a bigger scheme titled Holong-Belakoba Irrigation Scheme which on investigation has been found to cover the entire irrigable area of the Belakoba Irrigation channel, the damaged cement cross Bundh and embankment of the Belakoba River Irrigation channel have not been repaired or reconstructed yet.

(d) Holong-Belakoba Irrigation Scheme includes the area covered by Holong Irrigation Scheme. The scheme is under preparation.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister is aware that for the defence of the country production is very essential and the Hon'ble Minister says that in 1954 most of the irrigation channels were damaged due to heavy floods. Is the Hon'ble Minister aware that the people of Madarihat Thana and Falakata are suffering from want of irrigation ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

যে সমস্তগ‍ুলি ড্যামেজ হয়েছিল, আমি জবাব দিয়েছি, তার সমস্তই রিপেয়ার করা হয়ে গিয়েছে। কেবল এই হলং—বেলাকবা স্কীমটা একটা বিগার স্কীমের অন্তর্ভুক্ত আছে।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be kind enough to let this House know which are the channels that have been repaired by the Irrigation and Waterways Department in the Alipurduars Subdivision ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: Sir, I want notice. I cannot give you all the names.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has said that the Irrigation channels in Alipurduar Subdivision were damaged.

The Hon'ble Ajoy Kumar Mukherjee: My answer was that all had been repaired.

Holong irrigation channel

***100.** (Admitted question No. *17.) **Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) the reasons for not repairing the bundh and embankment of the Belekoba River irrigation channels in Purba Madarihat mauza of Jalpaiguri district which was destroyed by the flood of 1954 ;

(b) the reasons for not constructing the Holong Irrigation Channel in Madarihat police-station, district Jalpaiguri; and

(c) whether the Government contemplate taking up the above Irrigation Scheme immediately?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: (a) A bigger scheme viz. *Halong-Belakoba Irrigation Scheme* which covers the entire irrigable area of the Belakoba Irrigation Scheme in Purba Madarihat had been taken up for investigation.

As such, repairs to the damaged bundh and embankment of the Belakoba River Irrigation Channel were not done pending finalisation of the bigger scheme.

(b) Investigation for drawing up the Holong-Belakoba Irrigation Scheme revealed that though sufficient water is available in the river for irrigation of about 1000 acres but major portion of the command area of the proposed scheme together with head works is subject to flood spill of the River Torsa. As such further investigation was carried out and a scheme is under preparation.

(c) As the scheme has not yet been finalised there is no scope for taking up the scheme immediately.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister is aware that from 1954 onwards the people of Madarihat area are regularly making petitions for the repairs of the Belakoba and other schemes. The Hon'ble Minister himself has written a letter to the parties stating that he has written to the Superintending Engineer in connection with the schemes. What has the Superintendent done up till now from 1954?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: The scheme is under preparation.

[12-10—12-20 p.m.]

Shri A. H. Besterwitch: There may be misunderstanding on my part, but the people are suffering. From 1958 up till now the Government did not think it advisable to get all the channels rectified. That is why I am putting third question direct: are the Government contemplating taking up this irrigation scheme immediately?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: I have just answered that as the scheme has not yet been finalised there is no scope for taking up the scheme immediately.

Shri A. H. Besterwitch: Here is a letter from the Executive Engineer, Cooch Behar Irrigation Division where he has clearly stated that it is likely to be taken up, and that is dated 22-9-62, and now we are in July, 1963.

The Hon'ble Ajoy Kumar Mukherjee: What he has stated is that it is likely to be taken up, and not that it has already been taken up.

Construction of certain bridges in Jalpaiguri

***101.** (Admitted question No. *19.) **Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government has any plan for constructing the following two bridges :—

(i) Dinbazar Bridge.

(ii) a bridge across the river near the Jalpaiguri Court which was previously called the "Iron bridge" (Lohar Pool), and

(b) whether the construction of all the bridges destroyed during the flood of 1954 on the Falakata-Sonapur Road in Jalpaiguri district is under consideration of the Government?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

(a) Yes.

(b) It is not clear which road the Hon'ble Member means. If this relates to N.H. 31 from Falakata to Sonapurhat, the reply would be that there is no such bridge on this route as was affected by the 1954 floods but remains unattended till now.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister says he does not know which road it means; but there is only one road from Falakata to Alipurduar via Sonapurhat; there is no other road.

The Hon'ble Khagendra Nath Das Gupta: There is no road by the name of Falakata-Sonapur Road, but, I think what you mean is the portion of National Highway 31. So, I gave that reply.

Flood Enquiry Commission's recommendation for Malda district

***102.** (Admitted question No. *58.)

Dr. Golam Yazdani:

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় বন্যা নিয়ন্ত্রণ কমিশনের সুপারিশ মত কোন কাজ হইয়াছে কিনা ; এবং

(খ) কাজ না হইয়া থাকিলে, তাহা কবে আরম্ভ হইবার সম্ভাবনা আছে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) ও (খ) মালদহ জেলায় বন্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ের জন্য কোন বন্যা নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয় নাই, সুতরাং কমিশনের সুপারিশ মত কোন কাজ করার প্রশ্ন উঠে না। তবে প্রাদেশিক বন্যা নিয়ন্ত্রণ বোর্ডের অধীনে টেকনিক্যাল কমিটির সুপারিশ মত এবং উক্ত বোর্ডের অনুমোদন ক্রমে মালদহ জেলায় বন্যা নিয়ন্ত্রণ কার্যসূচীর মধ্যে চারিটি কাজ ইতিমধ্যে করা হইয়াছে এবং দুইটির কাজ চলিতেছে।

Dr. Golam Yazdani:

এই কাজগুলি কোথায় কোথায় হয়েছে সেটা একটু বলুন।

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(1) Protection of English Bazar town from erosion of the river Mahananda—Rs. 1,16,000.

(2) Protection of the left bank of river Mahananda at Sahapur—Rs. 2,34,000.

(3) Construction of Kalapahar bundh and a regulator in P.S. Ratua—Rs. 1,54,000.

(4) Short-term scheme for protection of Nagharia village from erosion of river Kalindi—Rs. 29,000.

(5) Protection of "Tal" areas in Sambalpur Union—Rs. 19,45,000.

(6) Malior Beel drainage shceme in P.S. Harishchandrapur—Rs. 64,81,000.

প্রথম চারটার কাজ হয়ে গিয়েছে, শেষের দুটোর কাজ চলছে।

Dr. Golam Yazdani:

এই সমস্ত ছাড়া গঙ্গায় বন্যা নিয়ন্ত্রণের জন্য আর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherjee :

নিম্নোক্ত পরিকল্পনাগুলিও সরকারের আছে:—

Protection of Nagharia village in Malda district—6·40 lakhs, protection of low areas in P.S. Kaharba from inundation by the rivers Mahananda and Mara Mahananda—10 lakhs, Gobindapur-Itakhola scheme in Malda district (estimated cost Rs. 8.45 lakhs)—provision 13 lakhs.

Dr. Golam Yazdani:

এইগুলি কি স্যাংকশনড্ হয়ে গিয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

তা বলতে পারিনা, তবে আগের থেকে ইমপ্রুভ করে গিয়েছে, এস্টিমেট ঠিক হওয়ার পর গভর্নমেন্ট অর্ডার দিলে আমরা টেক আপ করব।

Dr. Golam Yazdani:

কতদিনে হতে পারে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

যেমন যেমন এস্টিমেট আসবে সেইভাবে আমরা করব।

Tour of Shri Syed Kazem Ali Meerza in Murshidabad

***103.** (Admitted question No. *152.) **Shri Sanat Kumar Raha:**

বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ১৯-৩-৬৩ তারিখে প্রদত্ত ৩২৮নং অতারকিত প্রশ্নের লিখিত উত্তর উল্লেখ করিয়া মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কি কি সরকারী কার্যোপলক্ষে উপমন্ত্রী শ্রীসৈয়দ কাজেম আলী মির্জাকে ১২ বারের জন্য মুর্শিদাবাদ জেলায় যাইবার প্রয়োজন হইয়াছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

বিভিন্ন সরকারী কার্যব্যপদেশে উপমন্ত্রী শ্রীসৈয়দ কাজেম আলী মির্জাকে ১২ বার মুর্শিদাবাদ জেলায় সফর করিতে হইয়াছিল।

Shri Sanat Kumar Raha:

আমার প্রশ্নটা ছিল কি কি সরকারী কার্য উপলক্ষে উপমন্ত্রী শ্রীসৈয়দ কাজেম আলী মির্জাকে ১২ বার মুর্শিদাবাদ জেলায় যেতে হইয়াছিল—এই যে সরকারী কাজে গিয়েছিলেন এই কাজের প্রকৃতি ও কায়দা কি ছিল, কি কি কাজে গিয়াছিলেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কোয়েশ্চেনটা ছিল

number of official tours undertaken by Syed Kazem Ali Meerza, Deputy Minister for the Department of Public Works in Murshidabad district and in other districts during 1962 and in the months of January and February 1963. Number of official tours undertaken by Shri Syed Kazem Ali Meerza, Deputy Minister for the department of Public Works in Murshidabad district in 1962—12, in other districts in 1962—1; in Murshidabad district in January 1963—nil; in other districts in January 1963—Nil; in Murshidabad district in February 1963—1; in other districts in February 1963—Nil.

Shri Sanat Kumar Raha:

আমার প্রশ্নটা হল কি কি কার্যোপলক্ষে ১১ বার তাঁকে যেতে হয়েছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta: I shall give answer next week.

Archaeological excavation at Rangamati

***104.** (Admitted question No. *154.)

Shri Sanat Kumar Raha:

বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, যে মুর্শিদাবাদ জেলার রাঙামাটি চাঁদপাড়া ইউনিয়নে প্রত্নতত্ত্ব বিভাগ হইতে খনন কার্য চালান হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এই খনন কার্যের ফলে কি কি বস্তু পাওয়া গিয়াছে?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) রাজ্য সরকারের প্রত্নতত্ত্ব অধিকার রাংগামাটিতে খননকার্য চালান নাই। তবে ভারত সরকারের প্রত্নতত্ত্ব বিভাগের অনুমোদনক্রমে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগ কর্তৃক সেখানে খননকার্য চালান হইয়াছিল।

(খ) বহু প্রাচীন নিদর্শন এবং পাঁচটি স্পষ্ট নির্মান পর্যায়ের ইমারতী ধ্বংসাবশেষ ব্যতীত ষষ্ঠ এবং অস্টম শতাব্দীর মধ্যেকার সময়ের অনেকগুলি ক্ষোদিত পোড়মাটির শীলমোহর পাওয়া গিয়াছে।

Shri Sanat Kumar Raha:

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগ থেকে যে খননকার্য করা হয়েছিল তার ব্যয়ভার আংশিক বা ১৬ আনা পশ্চিমবংগ সরকার বহন করেছেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Sanat Kumar Raha:

যেসব জিনিস বা বস্তু পাওয়া গিয়েছে সেগুলি কোথায় রক্ষিত হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি ঠিক বলতে পারছিনা তবে ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে যখন করা হয়েছে তখন বোধহয় সেখানেই রক্ষিত হবে।

Shri Sanat Kumar Raha:

এই যে খনন কার্য করা হয়েছে তাতে পশ্চিমবংগ সরকারের সংগে ইউনিভার্সিটির কোন যোগাযোগ করবার উদ্দেশ্য আছে কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Sambhu Charan Ghosh :

এই খননকার্য থেকে যে সমস্ত জিনিস পাওয়া গেছে সেগুলির আয়ুষ্কাল পরীক্ষা করবার জন্য কোন বিশেষজ্ঞ বা এক্সপার্ট-এর কাছে পাঠান হয়েছিল কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ব্যাপার কাজেই বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে পাঠান হয়েছিল কিনা সেটা আমার পক্ষে বলা কঠিন।

Government help to district Boards for repair of roads

***105.** (Admitted question No. *179.) **Shri Sanat Kumar Raha:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে উন্নয়ন বিষয়ে রাস্তাঘাট সংস্কারের জন্য রাজ্যসরকার জেলা বোর্ড-গুলিকে কোনরূপ সাহায্য দেন না;

(খ) স্টেশন অ্যাপ্রোচ রোডগুলির উন্নয়ন করিবার দায়িত্ব কাহার?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) হ্যাঁ।

(খ) সংশ্লিষ্ট রাস্তা কর্তৃপক্ষের।

Shri Sanat Kumar Raha:

তাহলে দেখা যাচ্ছে জেলার দিকে কোন সাহায্য দেওয়া হয়নি এটাই হচ্ছে কর্তৃপক্ষের উত্তর আমার প্রশ্ন হচ্ছে স্টেসন এ্যাপ্রোচ রোডগুলি তাহলে কাদের?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

স্টেসন এ্যাপ্রোচ রোডগুলি যদি জেলা বোর্ডের হয় তাহলে জেলা বোর্ডের, যদি ইউনিয়ন বোর্ড-এর হয় তাহলে ইউনিয়ন বোর্ড-এর, যদি রেলওয়ে-র হয় তাহলে রেলওয়ে-র এবং যদি পি ডব্লিউ ডি-র হয় তাহলে পি ডব্লিউ ডি-র।

Shri Sanat Kumar Raha:

বহরমপুরে স্টেসন এ্যাপ্রোচ রোড এবং খাগড়ার স্টেসন এ্যাপ্রোচ রোড জীর্ণ অবস্থায় আছে। জেলাবোর্ড কিছু টাকা পেয়েছিল বলে সারিয়ে নিয়েছিল। কিন্তু এখন বলছে এটা আমাদের নয়, এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার বলছেন আমাদের নয়। আমাদের প্রশ্ন হচ্ছে তাহলে কার কাছে যেতে হবে, কে অথরিটি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্রশ্ন পাঠালে আমি উত্তর দেব।

Shri Jaharlal Banerjee:

জেলা বোর্ডের রাস্তাগুলি যে নষ্ট হয়ে যাচ্ছে সে সম্বন্ধে সরকার চিন্তা করছেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

জেলা বোর্ডের রাস্তা উন্নয়ন করবার জন্য প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা কিছু নিয়েছি এবং এক একটা পরিকল্পনায় ধীরে ধীরে আরও রাস্তা নিচ্ছি। বাকীগুলো যা রয়েছে সেগুলি জেলাবোর্ডের।

Shri Jaharlal Banerjee:

উনি বললেন বর্ধমান জেলার খণ্ডকোষ রাস্তাটি ডিস্ট্রিক্ট বোর্ডের। কিন্তু এটা একটা ইমপরট্যান্ট রাস্তা হওয়া সত্ত্বেও ডিস্ট্রিক্ট বোর্ড কিছু করে না কাজেই সরকার এ বিষয়ে কিছু চিন্তা করছেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এখন কিছু চিন্তা করছিনা। তবে তৃতীয় পরিকল্পনায় যে যে রাস্তা গ্রহণ করেছি তার মধ্যে যদি কোন রাস্তা স্থান না পেয়ে থাকে তাহলে চতুর্থ পরিকল্পনায় সেগুলি সম্বন্ধে বিবেচনা করা হবে।

Plot of land attached to Contai Subdivisional Officer(I)'s Office

***106.** (Admitted question No. *246.)

Shri Sudhir Chandra Das:

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কাঁথি সেচ বিভাগের এস ডি ও অফিসের সংলগ্ন স্থানের পরিমাণ

(খ) ইহা কি সত্য, যে ঐ স্থানের কতকাংশ কাঁথি কো-অপারেটিভ ব্যাংককে বন্দোবস্ত দেওয়া হইয়াছে ;

(গ) সত্য হইলে, ঐ বন্দোবস্তের মিয়াদ কত এবং কত টাকায় বন্দোবস্ত দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) অবশিষ্ট স্থান বাস স্ট্যান্ড, রিকশা স্ট্যান্ড, তরি-তরকারি ও মাছের বাজার প্রভৃতি জনসাধারণের অত্যাবশ্যকীয় কাজের জন্য বন্দোবস্ত দেওয়ার কোন প্রস্তাব আছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) ১০·৬৫ একর।

(খ) হ্যাঁ, ২০০'×৮০' পরিমাপ জমি কাঁথি কো-অপারেটিভ ব্যাংককে বন্দোবস্ত দেওয়ার জন্য ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরকে হস্তান্তরিত করা হইয়াছে এবং ঐ দপ্তর কাঁথি কো-অপারেটিভ ব্যাংককে বন্দোবস্ত দিয়াছে।

(গ) এ বিষয়ে এই বিভাগে কোন তথ্যাদি নাই। কারণ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগ জমি বন্দোবস্ত করিয়াছে।

(ঘ) না।

Shri Sudhir Chandra Das:

আপনি "খ" প্রশ্নের উত্তর বললেন, না। আমার প্রশ্ন হচ্ছে যেখানে নূতন লক্ষপতি ব্যাংক-ওয়ালাদের স্থান দিয়েছেন সেখানে জনসাধারণকে ঐ পরিমাণ স্থান দিতে অসুবিধা কি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

আমাদের জমির প্রয়োজন আছে বলে আমরা ছাড়তে রাজী নই।

Shri Sudhir Chandra Das:

এই স্থানটি তাহলে ভূমি রাজস্ব বিভাগকে হস্তান্তরিত করা হয়েছে বলা হয়েছে। আমি জানতে চাচ্ছি তাহলে মালিক কে, সেচ বিভাগ না শ্যামাদাসবাবুর রাজস্ব বিভাগ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ভূমি-রাজস্ব বিভাগের হাতে সব রয়েছে।

Shri Sudhir Chandra Das:

মালিকানা কার?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

এখন ভূমি রাজস্বের।

Shri Sudhir Chandra Das:

তাহলে এই জমি দেবার মালিক কি আপনার বিভাগ না ভূমি রাজস্ব বিভাগ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

আমরা ছেড়ে দিয়েছি, ও'রা বিলি ব্যবস্থা করছেন।

Shri Sudhir Chandra Das:

এই ১০ একর জমির কথা বলেছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

না, সেটা আমার হাতেই আছে।

Shri Sudhir Chandra Das:

আপনার হাতে রয়েছে কিন্তু মালিকানা কার?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

বাকি যে জমি আছে সেটা সেচ বিভাগের হাতেই রয়েছে।

Shri Sudhir Chandra Das:

এটা কি জানেন কো-অপারেটিভ ব্যাঙ্কের সেলামী সাত হাজার টাকা ধার্য হয়েছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

সেটা ভূমি রাজস্ব বিভাগকে জিজ্ঞাসা করুন।

Government plots for low-income group people

***107.** (Admitted question No. *313.) **Shri Kashi Kanta Maitra:** গৃহ নির্মাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার দরিদ্র পরিবারগুলির গৃহ সমস্যা সমাধানের উদ্দেশ্যে এ পর্যন্ত শহরতলীর বিভিন্ন অংশে আধুনিক জীবনযাত্রা নির্বাহের সুযোগ-সুবিধা যুক্ত মোট কতগুলি বৃহদাকার অট্টালিকা সরকার কত টাকা ব্যয়ে নির্মাণ করিয়াছেন;

(খ) এই সব অট্টালিকায় কতকাল একটি বা দুইটি "শয্যা-গৃহের" ফ্ল্যাট আছে এবং কি কি সর্তে এই সব ফ্ল্যাটগুলি মাসিক কত ভাড়ায় ভাড়া দেওয়া হইয়া থাকে;

(গ) মোট ফ্ল্যাটের কতগুলি খালি পড়িয়া আছে ও তাহার কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) কলিকাতা এবং শহরতলী অঞ্চলে অপেক্ষাকৃত নিম্ন আয়বিশিষ্ট পরিবারগুলির জন্য সরকার অথবা সরকারের সাহায্যে অন্যান্য সংস্থা ইত্যাদি বিভিন্ন গৃহনির্মান পরিকল্পনায় মোট প্রায় ৩ কোটি ৩৩ লক্ষ টাকা ব্যয়ে ৬১৬৯ টেনেমেন্ট্স্-এর নির্মানকার্য সম্পূর্ণ করিয়াছেন। ইহাদের মধ্যে আনুমানিক প্রায় ৭০০টি গৃহ একতলা বিশিষ্ট।

(খ) উল্লিখিত মোট ৬১৬৯টি গৃহের মধ্যে এক এবং একাধিক শয্যাগৃহ সমন্বিত গৃহের সংখ্যা যথাক্রমে ৫,০১৪ এবং ১,১৫৫।

জনসাধারণ সরকারী সাহায্যে নিজেদের বাসস্থানের জন্য যে গৃহ নির্মাণ করিয়াছেন সেগুলি ভাড়া দিবার প্রশ্ন আসেনা। ভাড়া দিবার উদ্দেশ্যে নির্মিত গৃহগুলির ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনায় কিভাবে ভাড়া নির্ধারণ করিতে হইবে তাহার নির্দেশ দেওয়া রহিয়াছে। সেই নির্দেশ অনুসারে শ্রমিকদের জন্য নির্মিত গৃহগুলি অনধিক ৩৫০ টাকা আয়বিশিষ্ট শ্রমিকদের মধ্যে বিলি করা হয় এবং ঐরূপ একশয্যা বিশিষ্ট গৃহের ভাড়া মাসিক সাধারণত ১৭·৫০ নঃপঃ হইতে ২০ টাকা এবং দুই শয্যাবিশিষ্ট গৃহের ভাড়া সাধারণত মাসিক ২৭·৫০ নঃপঃ হইতে ৩০ টাকা ধার্য করা হইয়া থাকে।

বস্তি অপসারন পরিকল্পনায় নির্মিত ফ্ল্যাটগুলি মাসিক ২৫০ টাকার অনধিক আয়বিশিষ্ট বস্তিবাসিদের বিকল্প বাসস্থানের জন্য নির্মিত এবং উহার ভাড়া সাধারণত ২১·৫০ নঃ পঃ মধ্যে ধার্য্য করা হয়।

নিম্ন আয় সম্পন্ন জনসাধারণের জন্য নির্মিত গৃহগুলি ভাড়া নো লস্ নো প্রফিট ভিত্তিতে ৮৫ টাকা ধার্য্য করা হইয়াছে।

(গ) মোট ৬,১৬৯টি নির্মিত ফ্ল্যাটের মধ্যে ৪,৬২১টি ফ্ল্যাটের বিলিব্যবস্থা করা হইয়াছে বাকী ১৫৪৮টির ক্ষেত্রে জল সরবরাহ, বৈদ্যুতিক ব্যবস্থা প্রভৃতি সম্পর্কিত কিছু কিছু কাজ বাকি থাকায় ঐগুলির বিলিব্যবস্থা এখনও করা হয় নাই।

ভাড়ার জন্য উন্মুক্ত ৪,৬২১ সংখ্যা ফ্ল্যাটের মধ্যে মাত্র ৬৭৫টি খালি আছে। এই ৬৭৫টি খালি ফ্ল্যাটের ক্ষেত্রে ১৭৬টি বিলি করা হইয়াছে এবং যে কোন সময় উহা অধিকৃত হইতে পারে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন পশ্চিমবঙ্গ সরকার এবং বিভিন্ন সংস্থা সকলে মিলে গৃহগুলি নির্মাণের জন্য ব্যবস্থা করেছেন এবং কোটি টাকার মত খরচ হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি মাননীয় মন্ত্রিমহাশয়-এর ডিপার্টমেন্ট ছাড়া আর কোন সংস্থা গৃহনির্মাণ ব্যাপারে লিপ্ত আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এগুলি হাউসিং ডিপার্টমেন্ট থেকে করে কিম্বা ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে টাকা দিই তারা করে।

[12-30—12-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

হাউসিং ডিপার্টমেন্ট থেকে ফ্ল্যাটের যে ভাড়া ধার্য হয় তদনুরূপ ফ্ল্যাটের ভাড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে যা ধার্য হয় এই দুটোর মধ্যে তারতম্য হয় এবং ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ভাড়া কম হয়। এর কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ফ্ল্যাটের ভাড়া কম হয়। কারণ, ইম্প্রুভমেন্ট ট্রাস্ট জমি কম দরে পায়।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি বস্তি অপসারণের দরুন বস্তিবাসীদের জন্য যে সমস্ত বিকল্প গৃহ নির্মিত হয়েছে তাদের আয়ের প্রতি লক্ষ্য রেখে সেই সমস্ত গৃহের ভাড়া ধার্য করা হয়েছে কি? এবং যদি ভাড়া ধার্য করা হয়ে থাকে তাহলে তাদের অধিকাংশ সেখানে থাকতে পারছে না কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমরা ভাড়া স্থির করেছি আয়ের উপর লক্ষ্য রেখে ঠিক নয়। সাধারণতঃ বস্তি অপসারণের জন্য যে সমস্ত গৃহ নির্মাণ করা হয় তার শতকরা ৩৭॥ ভাগ ভারত সরকার দান স্বরূপ দেন, আর ৩৭॥ ভাগ ভারত সরকার ঋণ স্বরূপ দেন এবং পশ্চিমবঙ্গ সরকার ২৫ ভাগ দান স্বরূপ দেন। এই ৩৭॥ ভাগ যেটা ঋণ স্বরূপ ভারত সরকার আমাদের গৃহ নির্মানের জন্য দেন সেটা আমরা ভাড়া বাবত আদায় করি এবং এ ছাড়াও আমাদের খরচ করতে হয়, কেননা যে টাকা ভারত সরকার দিয়েছেন এই রকম টেনেমেন্ট নির্মাণ করার জন্য সেই টাকায় কলকাতা শহরে কোন টেনেমেন্ট নির্মিত হতে পারে না।

Shri Birendra Narayan Ray:

অল্প আয় বিশিষ্ট লোক বলতে কত আয়ের লোক মিন করছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি ইতিপূর্বে বলেছি যে ৩৫০ টাকা শ্রমিকদের ক্ষেত্রে, আর যারা শ্রমিক নয় তাদের ২৫০ টাকা।

Shri Anadi Das:

এই যে টাকাটা ব্যয় করা হল এবং যেটা তুলে নেবার কথা হল সেটা কতদিনে তুলে নেওয়া হবে বলে সরকার ঠিক করেছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমরা সাধারণতঃ ৬০ বছর একটা বাড়ী দাঁড়াবে সেই হিসাব করেছি।

Shri Sailendra Nath Adhikary:

এই যে ৬০ বছর হিসাব ধরেছেন এর মধ্যে ডেপ্রিসিয়েসান কিরকম হবে সেটা ধরা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সব রকম রিপেয়ারই ধরা আছে।

Shri Bijoy Kumar Banerji:

মাননীয় মন্ত্রিমহাশয় (খ) উত্তরে বলেছেন যে দরিদ্র পরিবারের গৃহ সমস্যা সমাধানের জন্য ৬ হাজার ৪৯টি টেনেমেন্ট তৈরী করা হয়েছে এবং তারজন্য ৩ কোটি টাকা খরচ হয়েছে। আমি জানতে চাই আনুমানিক সংখ্যা এই রকম দরিদ্র পরিবার বাংলাদেশে কত আছে, আর তার জন্য কত বাড়ী তৈরি করা দরকার, আর কত দিনে এই ৬ হাজার বাড়ী হয়েছে এবং সেটা পূরণ করতে কত বছর লাগবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এর উত্তর জানতে হলে নোটিশ দেবেন, আমি উত্তর দিতে চেষ্টা করব।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন বস্তি অপসারণ করবার পর বস্তির বিকল্প ব্যবস্থা হিসাবে যে হাউসিং হল সেই হাউসিংএ প্রত্যেক বস্তিবাসীর যাওয়ার বা সেখানে থাকবার ব্যবস্থা করেছেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

চেষ্টা হয়। যাঁরা যেতে চান তাঁদের নিয়ে যাওয়া হয়, যাঁরা চাননা তাঁদের নিয়ে যাওয়া হয়না।

Shri Sailendra Nath Adhikary:

ইহা কি সত্য যে মাত্র কয়েকদিন আগে কলকাতার কোন একটা বস্তি অপসারণ করবার পর সেখানকার মহিলা সমেত কয়েকজন লোক যেতে চাওয়া সত্বেও তাদের পথে পথে ঘুরে বেড়াতে হয়েছিল এবং বৃষ্টিতে ভিজে দিনের পর দিন কাটাতে হয়েছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা হয়ত ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-এর বস্তি অপসারণ স্কীমের কথা বলছেন। এটার সম্পর্কে সঠিক তথ্য অবগত নই। নোটিশ দিলে বলতে পারব।

Shri Nikhil Das:

যাদবপুর অঞ্চলে লয়ালকা ময়দানে গভর্নমেন্ট হাউসিং স্কীমে কয়েকটা বাড়ী হয়েছে। এ কথা কি সত্য যে সেখানকার যে টু রুম ফ্ল্যাটগুলি আছে সেগুলি ভাড়া ৮৫ টাকা থেকে শুরু করে ৯০ টাকা পর্যন্ত?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

লয়ালকা ময়দানের কথা আমি ঠিক বলতে পারব না।

Shri Nikhil Das:

সেখানে এক তলা, দোতলা, তিন তলার যে ভাড়া তার চেয়ে এখানে ভাড়া অনেক বেশী। অবশ্য সেই জায়গায় গভর্নমেন্ট যদিও লায়েলকা ময়দানে চার তলা বাড়ী করেছেন গভর্নমেন্টের হাউসিং স্কীমে, সেখানে দুই রুমের ভাড়া ৮০ থেকে শুরু করে ৯০।৯৫ টাকা পর্যন্ত আছে এবং সে সম্পর্কে সংবাদপত্রেও লেখালেখি হয়েছিল যে গভর্নমেন্ট হাউসগুলি তৈরী করে ৯০—৯৫ টাকা ভাড়া দিয়ে ব্ল্যাক মার্কেটিং করছেন। সেখানে টু রুমস যে ফ্ল্যাটগুলি তার ভাড়া ৮৫ থেকে ৯০ টাকার মধ্যে কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমরা কতকগুলি ফ্ল্যাট সেখানে করেছি এবং সেখানে টু রুমস ফ্ল্যাট ৮৫ টাকা ভাড়া। কলকাতা শহরে সেটা খুব বেশী নয়।

Shri Nikhil Das:

কত কিউবিক অর স্কয়ার ফিট এরিয়া নিয়ে সেই টু রুমস ফ্ল্যাটগুলি তৈরী হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নোটিশ দিলে বলতে পারি।

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গভর্নমেন্ট হাউসিং স্কীম সম্পর্কে বলেছেন যে স্বল্প আয় বিশিষ্ট লোকদের বাড়ীর সুবিধা করে দেবার জন্য এই স্কীম করেছেন। তাহলে সেখানে টু রুমস ফ্ল্যাটের ভাড়া যদি ৯০ টাকা হয় তাহলে সেখানে স্বল্প আয় বিশিষ্ট লোকদের আপনারা সেই সুবিধা কতটা নেওয়াতে পেরেছেন?

Mr. Deputy Speaker: That is a question of opinion.

The Hon'ble Khagendra Nath Das Gupta:

৯০ টাকা বাড়ী ভাড়া স্থির করিনি, ৮৫ টাকা পর্যন্ত আছে। সেখানে যে খরচ পড়ে সেই হিসাবে হয়। ইন বেঙ্গল আমরা নো প্রফিট নো লস বেসিসে করি।

Shri Anadi Das:

এই যে ওয়ান রুম ফ্ল্যাট যেগুলি হয়েছে সেগুলির এক একটা করতে এ্যাভারেজ কত খরচ পড়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমাদের যা তৈরী করার খরচ সেট হিসাব করে আমরা ভাড়া স্থির করি এবং এই ভাড়ার মধ্যে কোন লাভের অঙ্ক থাকেনা।

Shri Anadi Das:

এক একটা করতে কত কস্ট পড়েছে এবং সেই ঘরগুলির ফ্লোর স্পেস কত বলবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নানা জায়গায় নানা ধরণের বাড়ী হচ্ছে এবং এক এক জায়গায় এক এক রকম খরচ পড়েছে। আপনি কোন জায়গার কথা বলছেন সেটা নোটিশ দিলে আমি জানতে পারবো।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রিমহাশয় অল্প আয় বিশিষ্ট লোক বলতে শ্রমিকদের বেলায় বলেছেন ৩৫০ টাকা আয় আর যারা শ্রমিক নয় তাদের বেলায় বলেছেন ২৫০ টাকা। এই তারতম্যের কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

৩৫০ টাকা যারা ফ্যাক্টরীতে কাজ করে, ম্যানেজমেন্টে নয়, তারা ফ্যাক্টরী ওয়ার্কার পর্যায় পড়ে এইজন্য এই টাকা ধরে নেওয়া আছে।

Shri Birendra Narayan Ray:

তাহলে এম এল এ রাও কি থাকতে পারবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এম এল এ রা যদি কোন ফ্যাক্টরীর ওয়ার্কার হন তাহলে পেতে পারেন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে ইম্প্রুভমেন্ট ট্রাস্টের তুলনায় সরকারী ফ্ল্যাটের দাম বেশী পড়ে এবং তার কারণ হিসাবে বলেছেন যে, ইম্প্রুভমেন্ট ট্রাস্টের জমি কিনতে কম খরচ হয়। সরকারের খরচ বেশী পড়ে তার কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সব ক্ষেত্রে নয়, কোন কোন ক্ষেত্রে হতে পারে। ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ভাড়া কম তার কারণ

ইম্প্রুভমেন্ট ট্রাস্ট জমি সংগ্রহ করে, এ্যাকুইজেশন করে, ডেভলপ করে নানাভাবে বিলি বন্টন করবার পর কিছু জমি তারা নিজের হাতে রেখে দেয়। সেদিক দিয়ে তাদের খরচ কম পড়তে পারে।

(12-40– 12-50 p.m.)

Shri Sailendra Nath Adhikary:
শ্রমিকদের জন্য যে ফ্ল্যাটগুলি তৈরী করা হয় তা কি শ্রমবিভাগের ইচ্ছানুযায়ী তৈরী করা, না আপনারা নিজেরা করেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
শ্রমবিভাগের সংগে পরামর্শ ক্রমে করা হয়।

Shri Sailendra Nath Adhikary:
শ্রমবিভাগের অনুমোদিত অনেকগুলি ফ্ল্যাট ১৯৬১ সাল থেকে এখনো পর্যন্ত হয়নি আপনারা তাগিদ দেওয়া সত্ত্বেও একথা সত্যি কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
একথা আমার জানা নেই।

Government houses at Regent Estate, Tollygunge

***108.** (Admitted question No. *314.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) how many houses have been built by the Housing Department, Government of West Bengal, at Regent Estate, Tollygunge, under Middle Income Group Housing Scheme and at what cost ;

(b) the names of the allottees of these houses ;

(c) who are the members of the Screening and Scrutiny Committee on whose recommendation houses have been allotted ;

(d) how many applicants had applied for these built houses and the total amount received from them by way of deposit fee ; and

(e) what tests were laid down to determine if an applicant really belonged to Middle Income Group or not ?

The Hon'ble Khagendra Nath Das Gupta: (a) Twenty houses have been built at a cost of about Rs. 5.75 lakhs including cost of land for sake purposes.

(b) (1) Shri R. N. Sen Gupta
(2) ,, S. K. Ghosh
(3) ,, B. K. Banerjee
(4) ,, B. N. Roy
(5) ,, S. R. Sarkar
(6) ,, Dilip Sinha
(7) ,, Lokesh Chandra Guha Roy
(8) Captain. S. R. Choudhury
(9) Shri S. K. Mukherjee
(10) ,, Pranab Das Gupta
(11) ,, Malay Banerjee
(12) ,, P. Mondal
(13) ,, Aloke Biswas
(14) ,, Chandra Bhusan Nag

(16) Shri Prakash Chandra Bose
(17) „ Ramesh Chandra Banerjee
(18) Dr. S. N. Choudhury
(19) Shri S. C. Roy
(20) Sm. Uma Guha

(c) Chairman: Shri K. N. Das Gupta, Minister-in-charge of the Public Works Department.

Members: (1) Shri Bijesh Chandra Sen, Minister of State, Public Works and Development Departments,

(2) Sm. Biva Mitra, M.L.A.,

(3) Shri S. K. Banerjee, Development Commissioner, West Bengal, and

(4) Shri B. B. Mondal, Joint Secretary, Housing Department.

(d) (i) No. of applicants—395,

(ii) Total amount deposited as application fee at Rs. 25 per application—Rs. 9,875.

(e) By verification of income certificate from employer or income-tax certificate according to the nature of the case.

Shri Sudhir Chandra Das:

সবগুলি ঘরেই কি বাসিন্দা আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সবগুলিই ডিসট্রিবিউটেড হয়ে গিয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি যাদের নাম করলেন তাঁরা কি মিডল ইনকাম গ্রুপ-এর মধ্যে পড়ে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যাদের ইনকাম্ ট্যাক্স ভেরিফাই করে দেখা গিয়েছে তাঁরা মিডল্ ইনকাম্ গ্রুপ-এ পড়েন।

Shri Sailendra Nath Adhikary:

কতটাকা ইনকাম্ হলে মিডল ইনকাম্ গ্রুপ-এ পড়ে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

বছরে ৬০০০ টাকার উপর থেকে ৪৫ হাজার টাকা পর্যন্ত।

Shri Anadi Das: Screening and Scrutiny Committee-তে বিরোধীদলের কোন সদস্য নাই এর কারণ জানাবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এর উত্তর দেবার কিছু নাই।

Installation of telephones at Government expenditure at the Ministers' village homes

***109.** (Admitted question No. *466.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether any Minister or Ministers of the State Government have been allowed to install telephone or telephones at his or their village home at Government expenditure ; and

(b) if so, the expenditure incurred by the State Government in each such case of installation ?

The Hon'ble Khagendra Nath Das Gupta: (a) Yes.

(b) Expenditure so far incurred in one case only, viz. Rs. 621.00 in respect of the phone in the village home of the Finance Minister.

Shri Birendra Narayan Ray:

কোন মন্ত্রীর পল্লীভবনে টেলিফোন বসানো হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ফিনান্স মিনিস্টার।

Shri Sailendra Nath Adhikary:

ফিনান্স মিনিষ্টার কি তাঁর পল্লীভবন থেকে সরকারী কাজ ম্যানেজ করেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

অনেক সময় দরকার হয় কলকাতায় সেক্রেটারীদের সংগে কথাবার্তা বলার জন্য।

Shri Sailendra Nath Adhikary:

অন্যান্য মন্ত্রীর দরকার হয়না কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যদি কোন মন্ত্রীর দরকার হয় নিশ্চয়ই তাঁরা জানাবেন।

Shri Birendra Narayan Ray:

কবে বসান হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নোটিশ দিলে পরে ডেট বলতে পারব।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীরা কি টেলিফোন শুধু সরকারী কাজেই ব্যবহার করেন, না ব্যক্তিগত কাজেও ব্যবহার করেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সরকারী এবং ব্যক্তিগত সর্বপ্রকার কাজে।

Shri Balai Lal Das Mahapatra:

আত্মীয় কুটুম বন্ধুবান্ধব সকলের সংগেই ব্যবহার করতে পারেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

কোন মন্ত্রীর যদি ৩।৪টা পল্লীভবন থাকে তাহলে প্রত্যেক পল্লীভবনেই কি টেলিফোন বসানো হতে পারে?

Mr. Deputy Speaker:

কেন মিছিমিছি ব্যাপারটাকে বড় করে তুলছেন।

Shri Nikhil Das:

তার পল্লীভবনে টেলিফোন দেবার প্রয়োজনটা কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তো বলেছি মাঝে মাঝে তাঁকে ওখানে যেতে হয়, তখন সরকারী প্রয়োজনে দরকার হয় তাঁর সংগে যোগাযোগ রাখবার।

Shri Nikhil Das:
অন্যান্য মন্ত্রীর কি প্রয়োজন হয়না এরকম যোগাযোগ রাখবার?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
আগেই জবাব দেওয়া হয়েছে প্রয়োজন হলে তাঁরা নিশ্চয়ই জানাবেন।

Dr. Kanai Lal Bhattacharya:
তিনি যখন থাকেন না তখনো কি টেলিফোন ব্যবহার করা হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
তখন বন্ধ থাকে।

Dr. Kanai Lal Bhattacharya:
বাড়ীর লোকেরা বা অন্য কোন লোক ব্যবহার করেনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
বাইরের লোক কেউ করেনা।

Shri Anadi Das:
এজন্য কত সরকারী ব্যয় হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
প্রথমেই আমি এর উত্তর দিয়েছি।

Shri Sailendra Nath Adhikary:
তিনি মাসে কতবার তাঁর পল্লীভবনে যান এবং কতদিন থাকেন, এটা আমাদের জানার দরকার আছে কারণ ইট ইজ পাবলিক মানি।

The Hon'ble Khagendra Nath Das Gupta:
নোটিশ দেবেন, পরে জানাব।

Shri Deb Saran Ghosh:
তিনি যে মাঝে মাঝে পল্লীভবনে যান সেটা কি সরকারী কাজেই যান?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
সরকারী বা বেসরকারী সবরকম কাজেই যান।

Shri Sailendra Nath Adhikary:
এটা কি সত্যি তাঁর পল্লীভবনের টেলিফোন নেপাল হালদার বলে এক ভদ্রলোক ব্যবহার করেন?
না।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

Escape of prisoners from Lalbagh sub-jail

***110.** (Admitted question No. *81.) **Shri Birendra Narayan Ray:** গত ৪ঠা আগস্ট ১৯৬২ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত ৫৪নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১ সালের নবেম্বর মাসে লালবাগ সাবজেল হইতে যে তিনজন পাকিস্তানী বন্দী পলায়ন করে সে সম্বন্ধে যে তদন্ত হইতেছিল তাহার ফলাফল কি;

(খ) ইহা কি সত্য যে ঐ সাবজেলের তৎকালীন সাবজেলারের সম্প্রতি পদোন্নতি হইয়াছে; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

[12-50—1 p.m].

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) লালবাগ সাবজেল হইতে ১৯৬১ সালের নভেম্বর মাসে তিনজন বন্দীর পলায়ন সম্পর্কে পুলিশ তদন্ত শেষ হইয়াছে, কিন্তু এখনও চার্জশিট দাখিল করা হয় নাই।

(খ) উল্লিখিত সাবজেলার-এর পদোন্নতির কথা সত্য নয়।

(গ) এই প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Ray:

তখন সাবজেলার ছিলেন কে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

সাম্ সরকার, নামটা পরে বলব।

Shri Birendra Narayan Ray:

তখন এ. আর. সাহা, সাব-জেলার ছিলেন একথা কি সত্য?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না, এ'র নাম যতীন্দ্র নাথ সরকার।

Shri Birendra Narayan Ray:

আপনি কি জানেন যে তিনজন বন্দী পলায়ন করেছে তার মধ্যে একজন হচ্ছে পাকিস্তানের ওয়েয়ারলেস অপারেটর, আর একজন হচ্ছে ই. পি. আর. ফোর্স-এর লোক এবং আর একজন হচ্ছে মুর্শিদাবাদের বাস্তুত্যাগী পঞ্চম বাহিনী?

The Hon'ble Purabi Mukhopadhyay:

একথা সত্য নয়। এ'দের মধ্যে একজন শিকার করতে করতে এপারে পা দিয়েছিল এবং যেহেতু তার হাতে বন্দুক ছিল এবং আমাদের ভাষায় সে বর্ডার ক্রস করেছে সেহেতু ফরেনার্স এ্যাক্ট গানস্ আর্মস এ্যাক্ট অনুযায়ী তাকে ধরা হয়েছে। আর একজন পদ্মায় ভাসতে ভাসতে আমাদের বর্ডারে এসে পড়ে এবং আমাদের যেসব পুলিশ ওখানে ছিল তারা তাকে পাশপোর্ট এ্যাক্ট-এ এ্যারেস্ট করে। আর একজনকে ওখানকার গ্যাম্বলিং কেস-এ যখন রেড করা হয় তখন তাকে এ্যারেস্ট করা হয়।

Shri Birendra Narayan Ray:

ও'রা কখন পালিয়েছিল, দিনে না রাত্রে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

রাত্রিবেলায়।

Shri Birendra Narayan Ray:

কটার সময়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

জানা নেই।

Shri Birendra Narayan Ray:

কখন জানতে পারলেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয়া বললেন যে ৩ জন ধরা পড়েছিল তার মধ্যে একজন পাখি শিকার করতে করতে এ পারের বর্ডারে বন্দুক হাতে ধরা পড়েছিল, আর একজন পদ্মায় ভাসতে ভাসতে এসে ধরা পড়েছিল এবং আর একজন জুয়ো খেলার ফলে ধরা পড়েছিল। আমার প্রশ্ন হচ্ছে এই ৩ জন কবে ধরা পড়েছিল?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এ'দের কেস সম্বন্ধে আমি খানিকটা বলে দিচ্ছে। সেভেনটিনথ/এইটিনথ নভেম্বর, ১৯৬১ আমাদের জেলখানা থেকে এ'রা পালিয়েছিল। জেলে আসার পর যে রিপোর্ট পাওয়া গিয়েছে সেই রিপোর্ট আমি দিতে পারি এবং কি কি কেস্-এ ইনভলভড হয়ে এ'রা জেলে এসেছিল সেটাও দিতে পারি। এ ছাড়া যদি অন্য কোন প্রশ্ন করতে চান তাহলে পুলিশ দপ্তরে অনুসন্ধান করতে হবে।

Shri Sailendra Nath Adhikary:

এদের ডেট অব অ্যারেস্ট জানাবেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

একজনের ডেট অব এ্যারেস্ট হচ্ছে ২৮-৮-৬১, আর একজনের হচ্ছে ১১-৯-৬১, এবং আর একজনের ডেট অব অ্যারেস্ট ক্লিয়ারলী লেখা নেই।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয়া বললেন একজন শিকার করতে করতে ধরা পড়েছিল। আমার প্রশ্ন হচ্ছে তার কাছে বন্দুক পাওয়া গিয়েছিল না রাইফেল পাওয়া গিয়েছল?

The Hon'ble Purabi Mukhopadhyay:

গান বলতে যা বোঝায়।

Dainan Dak Bungalow in Tamluk police-station

***111.** (Admitted question No. *501.) **Shri Sudhir Chandra Das:**

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ১৮ই এপ্রিল ১৯৬৩ তারিখে তমলুক মহকুমার অন্তর্গত 'দেনান' ডাক বাংলোকে মুখ্যমন্ত্রীর এক রাত্রির অবস্থানের জন্য প্রস্তুত রাখার নির্দেশ দেওয়া হয়েছিল;

(খ) সত্য হইলে, ঐ নির্দেশমত ডাক বাংলোকে মুখ্যমন্ত্রীর বাসোপযোগী করিবার জন্য মোট কত টাকা কি কি বাবদে খরচ হইয়াছে; এবং

(গ) কাজগুলির জন্য আইনানুগ টেণ্ডার গ্রহণের ব্যবস্থা হইয়াছিল কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

১৯৬৩ সালে মুখ্যমন্ত্রী মহাশয় দেনান বাংলোতে গিয়েছিলেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

তারিখ ধরে প্রশ্ন করবেন, কোন সময় না দিলে জবাব দেওয়া যায় না।

Shri Sudhir Chandra Das:

আমি কোন তারিখ চাচ্ছি না, আমার প্রশ্ন হল ১৯৬৩ সালে মুখ্যমন্ত্রী মহাশয় দেনান বাংলোতে গিয়েছিলেন কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

নোটিশ চাই।

Contai Basin Scheme

***112.** (Admitted question No. *503.) **Shri Sudhir Chandra Das:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন জল নিকাশ পরিকল্পনার মধ্যে কোন্ কোন্ স্থানে কোন্ কোন্ খালের উপর পুল নির্মাণের প্রস্তাব আছে; এবং

(খ) এই পরিকল্পনার মধ্যে কাঁথি সহর হইতে মশাগাঁ পর্যন্ত যে ক্যানেল আছে ঐ ক্যানেলের পূর্বপারে মশাগাঁ পর্যন্ত জলনিকাশী খালের সংযোগস্থলে পর পর যে ফুটব্রীজ আছে তাহা চওড়া করিবার পরিকল্পনা আছে কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) কাঁথি বেসিন জল নিকাশী পরিকল্পনার প্রথম পর্যায়ে কাঁথি সহরের উপকণ্ঠে কন্টাই নালার শেষ প্রান্তে কন্টাই বেলদা রাস্তার উপর একটা রেগুলেটার সহ পাকা পুল এবং কাঁথি সহরের নিকটে কাঁথি দীঘা রাস্তার ও পার্নিপিয়া খালের সংযোগস্থলে একটি পাকা পুল নির্মাণের প্রস্তাব আছে। ইহা ছাড়া পার্নিপিয়া খাল ও শাখা খালের উপর ১৯টি ফুট ব্রীজ নির্মাণের প্রস্তাব আছে। এই ১৯টি ব্রীজের স্থান জেলা সমাহর্তার সহিত পরামর্শ করিয়া ঠিক করা হইবে।

(খ) না।

Shri Sudhir Chandra Das:

এখনও কি পুলগুলির স্থান নির্বাচন করা হয়নি? এটা জেলা সমাহর্তা করবেন না কে করবেন? কে ফাইনাল অথরিটি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

জেলা সমাহর্তার সংগে পরামর্শ করে ইরিগেশন ডিপার্টমেন্ট স্থির করে শাখা খাল কি কি হবে, এটা শুধু প্রজেক্টে ধরা হবে।

Shri Sudhir Chandra Das:

মশাড়া পর্যন্ত যে ক্যানেল আছে সেখানে সেই ফুট ব্রীজটার সম্বন্ধে বার বার জানতে চেয়েও কোন উত্তর পাইনা কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

এক্ষুণি ঠিক বলতে পাচ্ছি না।

Lalbagh-Panchgram and Berhampore-Jangipur roads

***113.** (Admitted question No. *663.) **Shri Birendra Narayan Ray:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) লালবাগ-পাঁচগ্রাম এবং (২) বহরমপুর-জঙ্গীপুর রাস্তা দুইটির বহু স্থানে মেরামতের অভাবে লোক চলাচলের অযোগ্য হইয়া আছে; এবং

(খ) অবগত থাকিলে, এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) (১) লালবাগ-পাঁচগ্রাম রাস্তাটিতে বর্তমানে নির্মাণকার্য চলিতেছে। নির্মাণকার্যজনিত সাময়িক যানবাহন চলাচলের কিছু অসুবিধা হইতে পারে কিন্তু লোক চলাচলের অযোগ্য নহে।

(২) বহরমপুর-জঙ্গীপুর রাস্তাটি কিছু অসমতল হওয়ার দরুণ যানবাহন চলাচলের কিছু অসুবিধা হইতে পারে। কিন্তু ইহা লোক চলাচলের অযোগ্য নহে।

(খ) ১নং রাস্তার নির্মাণকার্য আরম্ভ হইয়াছে। ২নং রাস্তার পর মেরামতি কার্য সুরু করা হইবে।

Shri Birendra Narayan Ray:

লালবাগ বিলবলিয়া রাস্তার উপর ব্রীজ এখনও সম্পূর্ণ হয়নি জানেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এর নির্মাণ কার্য চলেছে।

Shri Birendra Narayan Ray:

কবে থেকে নির্মাণ কার্য সুরু হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সুরু হয়েছিল, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের ১১ লক্ষ ৬০ হাজার টাকা খরচ হয়েছিল, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬ লক্ষ ৯০ হাজার টাকা ধরা হয়েছে।

Shri Birendra Narayan Ray:

বহরমপুর জংগীপুর রাস্তায় উঁচু নীচু হয়েছে এটা কার দোষে হয়েছে, কন্ট্রাক্টারের দোষে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

রাস্তার এক দিকে জল দাঁড়িয়ে থাকে, কিছুটা রাস্তা অসমতল, বর্ষার পর রিপেয়ার হয়ে যাবে।

খড়াক্ষ—৫৬

Construction of a bridge over the Bhagirathi at Berhampore

***114.** (Admitted question No. *668.) **Kumar Jagadish Chandra Sinha:** Will the Hon'ble Minister-in-charge of Development (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that a portion of the bridge under construction over the Bhagirathi at Berhampore had recently collapsed, causing obstruction to the free flow of river and movement of boats;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the cause of this breakdown;
(ii) the amount of the loss involved,
(iii) who is to bear the loss, and
(iv) the period necessary for reconstruction?

The Hon'ble Khagendra Nath Das Gupta: (a) Yes.

(b) The matter is under investigation; the particulars cannot be supplied until that investigation is completed.

Kumar Jagadish Chandra Sinha:

সরকার কি মনে করেন এটা ব্রেকডাউন হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ঠিক বলতে পারি না।

Kumar Jagadish Chandra Sinha:

এটা অনুসন্ধান করে ডিরেক্টার অব এক্সপ্লসিভের কাছে দেবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই যে কমিটি অব এক্সপার্টস্ করা হয়েছে তারা যদি মনে করেন তবে দেবেন।

Kumar Jagadish Chandra Sinha:

এই কমিটির সভ্য কে দয়া করে জানাবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তাদের নাম হচ্ছে

T. Mitra, Chief Engineer, P.W.D; B. Maitra, Director, River Research Institute; V. Khandaswami, Addl. Chief Engineer, Central P.W.D R. P. Basu Chowdhury, Dy, C.E. Bridges, S. E. Rly., and another.

Kumar Jagadish Chandra Sinha:

ডিরেক্টর অব এক্সপ্লসিভের নাম তো দেখলাম না। এই রকম কোন নাম দিয়ে সরকার কি কোন এক্সপার্ট নিয়োগ করবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যদি টেক্‌নিকেল কমিটি মনে করেন তবে ডিরেকটার অব এক্সপ্লসিভের সংগে পরামর্শ করে তারা নিয়োগ করবেন।

Lay-off of 500 workers in Hindusthan Motor Co. at Uttarpara

***114A.** (Short Notice) (Admitted question No. *751.) **Shri MONORANJAN HAZRA:**

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১লা জুলাই হইতে উত্তরপাড়ায় অবস্থিত হিন্দুস্থান মোটর্স কোম্পানীর কর্তৃপক্ষ সরকারকে পূর্বাহ্নে না জানাইয়া ৫০০ শ্রমিককে 'লে অফ' করিয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

(ক) হিন্দুস্থান মোটরস্ কোম্পানী পশ্চিমবঙ্গ শিল্পবিরোধ নিয়মাবলীর ৭৬ নং নিয়ম অনুযায়ী ২৯।৬।৬৩ তারিখে একটি নোটিশ দিয়া ১।৭।৬৩ তারিখ হইতে ৫০১ জন কর্মীকে "লে-অফ" করেন এবং ঐ নোটীশের একটি প্রতিলিপি পশ্চিমবঙ্গের শ্রম-মহাধ্যক্ষ ও আঞ্চলিক সহ-শ্রমমহাধ্যক্ষের নিকট পাঠান। লে-অফ করিবার পূর্বে কোম্পানী সরকারের সহিত কোন আলোচনা করেন নাই।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক এ্যামবেসাডর মোটর গাড়ী তৈয়ারীর প্রয়োজনীয় অংশের আমদানি পরিমাণ শতকরা ৪৪·১ ভাগ হ্রাস করার ফলে কোম্পানীর মজুত মালের পরিমাণ ক্রমাগত কমিতে থাকে এবং গত জুন মাসের শেষে গাড়ী তৈয়ারী করিবার মত আমদানীকৃত মাল কোম্পানীর নিকট ছিল না। ইহাই এই 'লে-অফে'র কারণ।

হিন্দুস্থান মোটর ওয়ার্কার্স ইউনিয়ন এই লে-অফের ব্যাপারে হস্তক্ষেপের জন্য শ্রম-অধিকারের নিকট ১।৭।৬৩ তারিখে আবেদন করেন। শ্রম-অধিকার ৫।৭।৬৩ তারিখে কোম্পানী ও

ইনিয়নের সহিত পৃথকভাবে আলোচনা করেন এবং এই লে-অফের ব্যাপারে কোম্পানীর বক্তব্য ইউনিয়ন প্রতিনিধিকে জানান। ইউনিয়ন কোম্পানীর অভিমতের যৌক্তিকতা অস্বীকার করিতে পারেন নাই। শ্রম-অধিকার অনুসন্ধান করিয়া জানিতে পারেন যে লে-অফের কারণটি অসংগত নয়। তাই সরকারের পক্ষে এ ব্যাপারে বর্তমানে কিছু করণীয় নাই।

[1—1-10 p.m.]

Mr. Deputy Speaker: I have got an adjournment motion by Shri Sanat Kumar Raha. There is also a Short Notice Question No. 114-B on the same subject. I have allowed the Short Notice Question and the Hon'ble Minister is ready to reply.

***114B.** 881, (Short Notice) **Dr. Narayan Chandra Roy:** Will the Hon'ble Minister in charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether D. I. Rules prisoners in some Central Jails have given notice of Hunger Strike on the 29th July, 1963 ;

(b) if so, what are the demands forwarded ; and

(c) what are the Jails involved and what is the number of prisoners involved ?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) Yes.

(b) Demands are different in different jails, and some are common.

(c) (i) Dum Dum Central Jail—74 involved, (ii) Presidency Jail—36 involved, (iii) Krishnagar Jail—29 involved, (iv) Alipore Central Jail—8 involved, though no previous notice was served.

Dr. Narayan Chandra Roy:

আমার এখানে প্রশ্ন রয়েছে যে ডাঃ রায়ের সংগে তাঁদের যে আলোচনা হয়েছিল ১৯৪৮-৪৯ সালে যে রাজনৈতিক বন্দীদের একই ধরণের রাজনৈতিক বন্দীদের একই মর্যাদা দেওয়া হবে এখানে সে সম্বন্ধে কোন দাবী আছে কিনা জানেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমাদের প্রেসিডেন্সি জেল থেকে যে নোটিস্ দেওয়া হয়েছে তাতে দেখছি ক্লাসিফিকেসন-এর দাবী করতে গিয়ে তারা ডিভিসন ওয়ান ডাক্তার রায়-এর চুক্তি অনুযায়ী.........

Shri Nepal Chandra Roy: (Rose to speak.)

Dr. Narayan Chandra Roy:

স্যার, নেপালবাবুর জ্বালায় কোন প্রশ্ন করার উপায় নেই।

Mr. Deputy Speaker:

নেপালবাবুর কথায় কান দেবেন না।

Shri Asoke Krishna Dutta: On a point of order, Sir.

আমরা কোশ্চেন এবং আনসার থেকে ইনফরমেসন এলিসিট করবার চেষ্টা করি এবং সেজন্য সাপ্লিমেন্টারি করে থাকি। মাননীয় ডাঃ রায় আর একজন মাননীয় সভা সম্পর্কে যে মন্তব্য করলেন এটা উচিৎ নয়। এর বিরুদ্ধে প্রোটেস্ট করা উচিৎ। এর দ্বারা হাউস-এর প্রিভিলেজ ক্ষুন্ন করা হয়েছে।

Mr. Deputy Speaker:

আচ্ছা আপনি বসুন। প্রিভিলেজ ক্ষুন্ন হলে আমি দেখব।

Shri Nepal Chandra Roy:

স্যার, মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের যথাযথ জবাব দেবেন কি না?

The Hon'ble Purabi Mukhopadhyay:

জবাব তো দিয়েছি।

Dr. Narayan Chandra Roy:

এই হাঙ্গার স্ট্রাইক-এর ডেট কতদিন এ সম্বন্ধে জানা আছে কি না?

The Hon'ble Purabi Mukhopadhyay:

শুধু আজকে প্রতীক হাঙ্গার স্ট্রাইক।

Dr. Narayan Chandra Roy:

মন্ত্রী মহোদয়া কি অবগত আছেন এই হাঙ্গার স্ট্রাইক-এর জন্য তাদের পরিবারগুলি আজ অনশনে আছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমার জানা নেই।

Shri Jamini Saha: (Rose to speak.)

Shri Nepal Chandra Roy:

আমার কোশ্চেন আছে।

Mr. Deputy Speaker:

আপনি পরে বলবেন।

Shri Nepal Chandra Roy:

আমার ফান্ডামেন্টাল রাইট অস্বীকার করছেন কি করে? ডাঃ রয়-এর পরে আমি উঠেছি আমাকে বলতে দেওয়া উচিৎ।

Mr. Deputy Speaker:

বলুন।

Shri Nepal Chandra Roy:

বিভিন্ন জেলে মোট কতজন বন্দী আছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ফিগার তো দিয়েছি।

Shri Nepal Chandra Roy: Supplementary question,

মাননীয় মন্ত্রীমহোদয়া জানাবেন কি যে ডাঃ বি. সি. রায়ের সংগে যে এগ্রিমেন্ট হয়েছিল সেটা পলিটিক্যাল প্রিজনার্স সম্বন্ধে এবং দেশদ্রোহীদের বেলায় নিশ্চয়ই এ ক্লাস দেওয়া যেতে পারে না?

Mr. Deputy Speaker:

এ প্রশ্ন আসে না।

Shri Nepal Chandra Roy:

কেন আসবে না? যারা ডিফেন্স অফ ইণ্ডিয়া রুল-এ ধরা পড়েছে তাদের পলিটিক্যাল প্রিজনার্স কি করে বলবেন? তাদের রাজবন্দী হিসাবে সরকার কেন গণ্য করবেন শুনতে চাই।

[No reply]

Shri Asoke Krishna Dutta:

মাননীয়া মন্ত্রী মহাশয় এইমাত্র জানালেন যে চুক্তি পালন করা হয় নি—কেন পালন করা হয় নি এটা বুঝিয়ে দেবেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

যে কারণে এবার কমিউনিস্টদের ধরা হয়েছে এই ডি. আই. রুলের ৩০(২)তে, তাতে এই চুক্তির প্রশ্ন উঠে না। চুক্তিতে ছিল এই যে কোন গণতান্ত্রিক কিংবা কৃষক বা জনসাধারণের পক্ষ থেকে এনি ওয়ার্কিং ক্লাস-এর মুভমেন্ট হলে তবে সেখানে ডিভিসন ওয়ান দেওয়া হবে। আমরা এই জন্য এদের সবাইকে দিতে পারি না কারণ সেই চুক্তি পালনের জন্য যে কয়টি সর্ত ছিল তার কোন সর্ত এই কমিউনিস্টরা মানেন নি এবং যে আইন ধরা হয়েছে তাতে উক্ত চুক্তির প্রশ্ন উঠে না।

Shri Jamini Bhusan Saha:

আপনি বললেন যে গণতান্ত্রিক আন্দোলনে শ্রমিক এবং কৃষক আন্দোলনে যাদের ধরা হয় তাদের সম্পর্কে এটা প্রযোজ্য। আপনি কি অবগত আছেন যে ময়দা কলে যখন ধর্মঘট হয়েছিল তখন ১৫০ জন শ্রমিককে ডি. আই. রুল ৪১-এ ধরা হয়েছিল তারা ডিভিসন ওয়ান পেয়েছিলেন।

The Hon'ble Purabi Mukhopadhyay:

ডি. আই. রুল ৪১ হচ্ছে একটা স্পেসিফিক কেস-তার মানে সেটা হচ্ছে কোর্টের আওতায়-কোর্ট যে ডিভিসন দেবে সেই ডিভিসন তারা পাবে।

Shri Jamini Bhusan Saha:

আপনি কি অবগত আছেন যে ১৯৫৯ সালে ডাঃ রায়ের সংগে যে চুক্তি হয়েছিল তাতে কৃষক আন্দোলন করে যারা ধরা পড়েছে স্পেসিফিক কেসে তারা ডিভিসন পেয়েছেন কি না?

The Hon'ble Purabi Mukhopadhyay:

স্পেসিফিক কেসে কাউকেই দেওয়া হয় নি। যারা সাধারণ কৃষক আন্দোলন করে, ১৪৪ ধারা ব্রেক করে ধরা পড়েছিল আমরা সেখানে একটা পলিসি করেছিলাম এবং তাদের ক্লাস ওয়ান ডিভিসন দেওয়া হয়েছিল কিন্তু এর সংগে তার কোন সম্পর্ক নেই।

[-10—1-20 p.m.]

Shri Jamini Bhusan Saha:

তাহলে ডাঃ রায়ের সঙ্গে যে চুক্তি করা হয়েছিল সেই চুক্তি কি শুধু এই ছিল যে ১৪৪ ধারা ভঙ্গ হলে তাদের ডিভিসন দেওয়া হবে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

চুক্তিতে সব আছে শুধু ডি. আই. রুলটি নেই, এটি মাননীয় সদস্য জানলে অন্যান্য প্রশ্নের জবাব পাবেন।

Shri Jamini Bhusan Saha:

ডেমোক্র্যাটিক মুভমেন্টে যে ধর্মঘট করেছিল ময়দাকলের শ্রমিকরা সেটা কি গণতান্ত্রিক আন্দোলন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ডি. আই. রুলটা গণতান্ত্রিক আন্দোলনের জন্য নয়, দেশদ্রোহীতার আন্দোলনের জন্য।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি যে ডাঃ রায়ের সময় রাজনৈতিক আন্দোলন, সংগঠন ঘটিত আন্দোলন ইত্যাদি তার ব্যাখ্যা আর এখনকার এই মন্ত্রীমহাশয়ের ব্যাখ্যার মধ্যে ডি. আই. রুলের ইন্টারপ্রিটেসানের জন্য কোন প্রভেদ করছেন কিনা অর্থাৎ শ্রমিক আন্দোলন এবং কৃষক আন্দোলন, তখনকার এবং এখনকার আন্দোলন সবগুলি কি দেশদ্রোহীতার ছাপ মারার দরুণ বদলে গেল অর্থাৎ নতুন কনসেপসান এল এটা কি বলবেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস্ এ প্রথম কথাই আছে যে যে সমস্ত লোক তিনি কৃষক হন, শ্রমিক

হন, সাধারণ নাগরিক হন, দেশের প্রতিরক্ষায় কিংবা উৎপাদনে বাধা দেবেন তাঁদের ডি. আই. রুলে ধরা হবে। অতএব তার সঙ্গে ডাঃ রায়ের রাজনৈতিক চরিত্রের কোন সম্পর্ক নেই।

Dr. Narayan Chandra Roy:

আমার সাপ্লিমেন্টারী হচ্ছে ময়দা কলে উৎপাদনে বিঘ্ন ঘটানর জন্য সেটা যদি ডি, আই, রুলে আসে তাহলে ময়দা ব্ল্যাক মার্কেটিং করার জন্য সেটা কি ডি, আই. রুলে আসে না?

The Hon'ble Purabi Mukhopadhyay:

যে স্পেসিফিক প্রশ্ন ডাঃ নারায়ণ রায় করছেন সেটা স্পেসিফিক কেস সংক্রান্ত আন্দোলন, তদন্তাধীন কেস, তার উত্তর আমি এখন দিতে পারব না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ডি. আই. রুল ৩০(২)তে যাদের এ্যারেস্ট করা হয়েছে তাদের ডিভিসন ওয়ান দেওয়া হয়নি। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই যে যে সমস্ত প্রিজনারদের ধরা হয়েছে ডি, আই, রুলে তাদের কাউকে ডিভিসান ওয়ান দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ডি, আই, রুল ৩০(২)-এতে সাধারণভাবে ডিভিসান ওয়ান কাউকে দেওয়া হয়না। তার সমাজিক, অর্থনৈতিক বুনিয়াদ দেখে যেমন অন্যান্য কেসে ডিভিসান ঠিক করা হয় সেই হিসাবে কিছু কিছু কেস রিভিউ করে ডিভিসান টু থেকে ডিভিসান ওয়ান করা হয়েছে।

Shri Abani Kumar Basu:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই কোন কোন ব্যক্তিকে এই ডিভিসান ওয়ান দেওয়া হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এত পুরো তালিকা পেশ করতে পারব না।

Shri Jamini Bhusan Saha:

ইহা কি সত্য যে ডি, আই রুল ৩০(২)-এতে সমস্ত বন্দীদের ডিভিসান ওয়ান দেওয়া হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না একথা সত্য নয়। কারণ একটা জিনিস পরিষ্কার করে বুঝিয়ে দিই মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, এই ডিভিসান দেওয়া সম্বন্ধে। এই ডি, আই, রুলটা পশ্চিমবাংলার করা আইন নয়, এটা কেন্দ্রীয় আইন। এটা বিভিন্ন প্রদেশে, রাজ্যে যেভাবে অনুসৃত হচ্ছে আমরাও সেইভাবে অনুসরণ করছি। অতএব সকলকে ডিভিসান ওয়ান দেওয়ার প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন সামাজিক এবং আর্থিক বিচারে ডিভিসান দেওয়ার বিচার করা হয়। সামাজিক এবং আর্থিক বিচারের মাপকাঠিটা কি বলবেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা প্রথম ক্যাটিগারি ধরে ছিলাম যারা পার্টির কোন প্রথম কিংবা দ্বিতীয় শ্রেণীর কর্মী তাদের আর্থিক অবস্থার কথা চিন্তা না করে ডিভিসান ওয়ান যখন রিভিউ করা হয়েছিল তখন দেওয়া হয়েছিল। তারপর আর্থিক দিক দেখতে গিয়ে যেখানে নিজের কিংবা পারিবারিক আয় শেষ পর্যন্ত এমন কেস হয়েছে যাদের একশো টাকা অবধি আছে তাদের আমরা দিয়েছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয়া মন্ত্রীমহোদয়া বলবেন কি, সাধারণতঃ চোর, জুয়াচোর, গুণ্ডা, পকেট মার, বদমায়েস, যাদের ডিভিশন (৩) দেওয়া হয়, এই যে দেশদ্রোহী এদেরও কি সেইভাবে ডিভিশন (৩) দেওয়া হয়েছে?

Mr. Deputy Speaker: I disallow the question.

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, যে শিক্ষা ব্যাপারে যদি কোন মান থাকে সেটা সামাজিক ও আর্থিক পর্যায়ে ডিভিশন (১) দেবার যোগ্যতা বলে মনে করেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা এটা পরিষ্কার করে বলে দিতে চাই যে, পশ্চিমবংগ সরকার প্রতিটি কেস তদন্ত করে অন ইটস ওন মেরিট দিয়েছে। কোথায়ও শিক্ষা ব্যাপারও দেখা হয়েছে—প্রফেসর রয়েছেন, কি স্কুলের শিক্ষক রয়েছেন তাঁদেরও দেওয়া হয়েছে।

Dr. Narayan Chandra Roy:

মাননীয়া মন্ত্রী মহোদয়া কি অবগত আছেন যে, এ্যারেষ্ট হবার পর আর এ্যালাউন্স গ্রান্ট হয়ে চলে আসার পর, যে এ্যালাউন্সের কথা উনি বলেছেন এই দুটির মাঝখানে যদি ৬ মাস করে লাগে তাহলে

Justice delayed is justice denied?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি তা মনে করি না। তার কারণ আমরা সেই জায়গাতেই শুধু ফ্যামিলি এ্যালাউন্স দিয়েছি যেখানে এই বন্দী জেলে থাকার দরুণ তার সংসার অচল হয়েছিল। অতএব ভাল করে তদন্ত না করে এই ফেসিলিটি আমরা কাউকে দিতে রাজী নই।

Dr. Narayan Chandra Roy:

আমি নাম করে বলতে পারি, আমি দুটি স্পেসিফিক ইনিস্টান্স দিচ্ছি। মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যাঁদের বাবা ও মা দুইজনকেই ধরে নিয়ে গিয়েছেন অথচ তাঁদের ১০।১১ বৎসরের ছেলে বাইরে পড়ে আছে তাদের জন্য ৬ মাসের মধ্যেও কোন ব্যবস্থা করা হয়নি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি জানি না কোন স্পেসিফিক ইন্সটান্সের কথা উনি বলছেন। নাম বললে তদন্ত করে দেখতে পারি।

Dr. Narayan Chandra Roy:

আমি বলছি

Gopal Acharya and Son, Kanak Mukherjee and her Son.

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি নোটিশ না পেলে, তদন্ত না করে এখানে কিছু বলতে রাজী নই।

UNSTARRED QUESTIONS

[to which written answers were laid on the table]

Production of cereals in West Bengal during the Third Five-year Plan

***152.** (Admitted question No. 159.) **Shri SANAT KUMAR RAHA:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে গম ও চাউলের উৎপাদন বৃদ্ধির জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি; এবং

(খ) পরিকল্পনা গ্রহণ করা হইলে, এবিষয়ে কি কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ) গম ও চাউলের উৎপাদন বৃদ্ধির জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হইয়াছে :

(১) বিবিধ প্রকারের শস্যের ফাউণ্ডেশন বীজ সরবরাহের উদ্দেশ্যে কৃষি ফার্ম স্থাপন ;

(২) কম্পোষ্ট সার ও সবুজসার প্রস্তুত ও প্রয়োগ করণ ;

(৩) প্রচুর পরিমাণে রাসায়নিক সার সরবরাহের ব্যবস্থা ;

(৪) বৃহৎ সেচ প্রকল্প ;

(৫) মধ্যম সেচ প্রকল্প ;

(৬) গভীর নলকূপ দ্বারা সেচ প্রকল্প ;

(৭) নদী হইতে পাম্প দ্বারা সেচ প্রকল্প ;

(৮) শস্যের চারগাছ কীটপতঙ্গ হইতে সংরক্ষণ ব্যবস্থা ;

(৯) উন্নত ধরণের কৃষি যন্ত্রপাতি সরবরাহের ব্যবস্থা ;

(১০) সুলভে উন্নত ধরণের বীজ সরবরাহের ব্যবস্থা।

Plan for Greater Calcutta

153. (Admitted question No. 182.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state whether C.M.P.O. is to make planning for Calcutta or to implement those plans which are accepted by the State Government?

The Minister for Development: C.M.P.O. is a part of the Development Department of the Government of West Bengal. It is a primarily responsible for formulation of a comprehensive development plan for Greater Calcutta now designated as the Calcutta Metropolitan District, and for promoting development of Greater Calcutta in a planned manner. It is not expected to directly execute the plans but would be able to guide implementation.

Temporary Bondobasta of lands

154. (Admitted question No. 216.) **Shri SANAT KUMAR RAHA:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বহরমপুর থানার চরসহলার স্কটের জমি যাহা গত বৎসর ৬১

জনের মধ্যে অস্থায়ী বন্দোবস্ত দেওয়া হয় তাহা এরূপ কয়জনকে দেওয়া হইয়াছে যাহাদের পরিবারে ২০ বিঘার উপর আবাদী জমি আছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) বর্তমান বৎসরে ঐ জমি ভূমিহীন ব্যক্তিদের বন্দোবস্ত দিবার কোন ব্যবস্থা করিতেছেন কিনা ?

The Minister for Land and Land Revenue :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ইহা ভূমি বণ্টন উপদেষ্টা কমিটির বিবেচনাধীন আছে।

Lands vested in Government in Beldanga Circle, Murshidabad

155. (Admitted question No. 224.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা সার্কেলে কত জমি সরকারে ন্যস্ত আছে ;

(খ) উক্ত জমি বণ্টন করিবার কি ব্যবস্থা হইয়াছে ; এবং

(গ) উক্ত সার্কেলে ভাগচাষী ও ভূমিহীন কৃষকের কোন প্রতিনিধি ভূমি বণ্টন উপদেষ্টা কমিটিতে আছেন কি না ?

The Minister for Land and Land Revenue :

(ক) ৩,৫২৬·৯০ একর।

(খ) বাংলা ১৩৬৯ সাল পর্যন্ত একর-প্রতি দশ টাকা হারে লাইসেন্স ফি লইয়া বাৎসরিক ময়াদে প্রকৃত চাষীদের মধ্যে কৃষি জমি বণ্টন করা হইয়াছে। ১৩৭০ সালে ভূমিবণ্টন উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে।

(গ) ভূমি বণ্টন কমিটিতে কেবল ভাগচাষী অথবা ভূমিহীন কৃষক বলিয়াই কাহাকেও সদস্য গ্রহণ করিবার নিয়ম নাই।

Taxi Permit to unemployed gold artisans

156. (Admitted question No. 238.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেকার স্বর্ণশিল্পীদের ট্যাক্সী দিবার ব্যাপারে সরকার কি সাধারণভাবে এই শর্ত আরোপ করিতেছেন যে, তাহাদের ট্যাক্সী পাইতে হইলে ৪,০০০ টাকা জমা দিতে হইবে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে স্বর্ণশিল্পীদের জন্য সরকার কি উক্ত অর্থ ঋণ দিবার ব্যবস্থা করিতে মনস্থ করিয়াছেন ?

The Minister for Home (Transport) :

(ক) সরকার কোন শর্ত আরোপ করেন নাই। ট্যাক্সীর অনুমতিপত্র মঞ্জুর ব্যাপারে কলিকাতা আঞ্চলিক কর্তৃপক্ষ দরখাস্তকারীদের মধ্যে যাহারা নূতন বা পুরাতন গাড়ি কিনিয়া

ট্যাক্সীরূপে ব্যবহার করিতে চাহেন তাঁহাদিগকে দরখাস্তের সহিত গাড়ি কিনিবার সামর্থ্যের নিদর্শন হিসাবে বিবরণ দাখিল করিবার নির্দেশ দিয়াছেন। উক্ত নির্দেশ কেবলমাত্র স্বর্ণ-শিল্পীদের পক্ষেই নহে, সকলের পক্ষে প্রযোজ্য।

(খ) সরকারের এই রকম পরিকল্পনা বর্তমানে নাই।

Rabindra Bhawan at Chinsurah, Hooghly

157. (Admitted question No. 256.) **Shri Sambhu Charan Ghosh:** শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি চুঁচুড়াতে রবীন্দ্রভবন নির্মাণের জন্য আজ পর্যন্ত কত টাকা সংগৃহীত হইয়াছে ;

(খ) হুগলি চুঁচুড়াতে রবীন্দ্রভবন পরিকল্পনা কার্যকর করার জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে ;

(গ) আজ পর্যন্ত এই পরিকল্পনা কার্যকর করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ; এবং

(ঘ) কবে নাগাদ এই পরিকল্পনা কার্যকর করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Local Self-Government and Panchayats :

(ক) ৪৩,১০১ টাকা।

(খ) আনুমানিক ১,২৭,০০০ টাকা।

(গ) অনুমোদিত নক্সা ও প্রাক্কলন অনুসারে পূর্তবিভাগের নির্বাহী বাস্তুকারের তত্ত্বাবধানে নির্মাণকার্য আরম্ভ করিবার ব্যবস্থা করা হইয়াছে। ইতিমধ্যে তিনি টেন্ডারও আহ্বান করিয়াছেন।

জেলাসমাহর্তাকে সভাপতি করিয়া ৭ জন সদস্যসহ একটি কমিটি অনুমোদন করা হইয়াছে।

রবীন্দ্রভবন পরিচালনার জন্য নিয়মাবলীও রচিত হইয়াছে।

(ঘ) আশা করা যায় বর্তমান বৎসরেই পরিকল্পনা রূপায়িত হইতে পারিবে।

Time-table for suburban trains

158. (Admitted question No. 257.) **Shri Sambhu Charan Ghosh:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শহরতলির ট্রেনের সময়-তালিকা প্রস্তুত করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের পরামর্শ ও মতামত গ্রহণ করা হয় কি না ; এবং

(খ) শহরতলিতে ট্রেনের সংখ্যা বাড়াইবার জন্য পশ্চিমবঙ্গ সরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কোন অভিমত দিয়াছেন কি না?

The Minister for Home (Transport)

(ক) ট্রেনের সময়-তালিকা প্রস্তুত করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের মতামত গ্রহণ করা হয় না।

(খ) শহরতলিতে ট্রেনের সংখ্যা বাড়াইবার জন্যে পশ্চিমবঙ্গ সরকার কোন অভিমত পাঠান নাই।

Next general election of the Hooghly-Chinsurah Municipality

159. (Admitted question No. 281.) **Shri Sambhu Charan Ghosh:** স্বায়ত্তশাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি চুঁচুড়া পৌরসভার নির্বাচন কবে নাগাদ অনুষ্ঠিত হইবে;

(খ) এই নির্বাচনের জন্য কোন প্রস্তুতি (ভোটার লিস্ট, এলাকা বিভাগ) হইয়াছে কিনা; এবং

(গ) এলাকা বিভাগের ক্ষেত্রে হুগলি চুঁচুড়া পৌরসভার বর্তমান এ্যাডমিনিস্ট্রেটর স্থানীয় প্রতিনিধিদের কোন মতামত গ্রহণ করিয়াছেন কিনা বা মতামত গ্রহণের প্রস্তাব আছে কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) ১৯৬৪ সালের মার্চ মাসের মধ্যে অনুষ্ঠিত করিবার চেষ্টা করা হইতেছে।

(খ) এলাকা বিভাগ সম্পূর্ণ হইয়াছে। প্রাথমিক ভোটার তালিকার প্রস্তুতির কাজ শুরু হইয়াছে।

(গ) না।

Establishment of Blocks in the district of Midnapore

160. (Admitted question No. 292.) **Shri Mrigendra Bhattacharyya:** সমষ্টি-উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ মহকুমায় কতগুলি ব্লক স্থাপন করা হইয়াছে এবং উহাদের নাম কি;

(খ) উক্ত প্রতি ব্লকের এলাকার পরিমাণ কত;

(গ) উক্ত প্রতি ব্লকে ১৯৬১ সালের লোকগণনা অনুসারে পুরুষ ও স্ত্রীর সংখ্যা কত;

(ঘ) উক্ত কোন ব্লকে কয়টি পঞ্চায়েত সৃষ্টি করা হইয়াছে এবং তাহাদের নাম কি;

(ঙ) ১৯৬২-৬৩ পর্যন্ত এ সকল ব্লকের কতগুলির নিজস্ব অফিস গৃহ নির্মাণ করা হইয়াছে;

(চ) বাকি ব্লকের অফিস গৃহ কতদিনে নির্মাণ করা হইবে;

(ছ) ব্লক অফিসের স্থান নির্ধারণে কি কি বিষয় বিবেচনা করা হয় এবং এই স্থান নির্বাচন করার কোন কমিটি আছে কি; এবং

(জ) কমিটি থাকিলে, তাহাতে স্থানীয় এম এল এ-কে গ্রহণের কোন নিয়ম আছে কি?

The Minister for Community Development and Extension Services:

(ক) ও (খ) মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমায় স্থাপিত ব্লকগুলির নাম ও উহাদের আয়তনের বিবরণ বিবৃতি "ক"এ প্রদত্ত হইল।

(গ) ১৯৬১ সালের লোকগণনার রিপোর্ট সরকারীভাবে এখনও এই দপ্তরে পাওয়া যায় নাই, কাজেই ঐ রিপোর্টের ভিত্তিতে পুরুষ ও স্ত্রী সংখ্যার বিবরণ এক্ষণে দেওয়া সম্ভব নহে।

(ঘ) মেদিনীপুর জেলার মোট ৫২টি ব্লকের মধ্যে ১৬টি ব্লকে মোট ১৫৬টি পঞ্চায়েত সৃষ্টি করা হইয়াছে; তাহাদের নামের তালিকা এতৎসহ বিবৃতি খ-এ প্রদত্ত হইল।

(ঙ) উক্ত সময় পর্যন্ত ৪টি ব্লকের অফিস গৃহের নির্মাণকার্য সম্পূর্ণ হইয়াছে।

(চ) অবশিষ্ট ব্লকগুলির মধ্যে কতকগুলির গৃহনির্মাণ কার্য চলিতেছে বা সমাপ্তির পথে, কতকগুলি ব্লকের গৃহনির্মাণের জন্য জমি দখলের ব্যবস্থাদি চলিতেছে এবং কতকগুলি ব্লক প্রাথমিক পর্যায়ে থাকায় সেখানে গৃহনির্মাণ কার্য আরম্ভ করিবার প্রশ্ন বর্তমানে উঠে না।

(ছ) ব্লক অফিস গৃহ নির্মাণের স্থান নির্বাচনে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হয়ঃ—

(১) স্থানীয় সন্নিহিত অঞ্চলের মধ্যে হাসপাতাল, রেল স্টেশন, ডাকঘর, স্কুল, বাজার থানা ইত্যাদি আছে কিনা,

(২) স্থানটি ব্লক এলাকার কেন্দ্র স্থলে অবস্থিত কিনা,

(৩) জমি যদি উঁচু না হয়, তবে উহা মাটি দ্বারা ভর্তি করিতে ব্যয়ের পরিমাণ,

(৪) জমির মূল্য ইত্যাদি।

উক্ত স্থান নির্বাচন করিবার জন্য প্রতি জেলায় একটি করিয়া কমিটি আছে।

(জ) নিয়ম অনুযায়ী কমিটিগুলি কেবলমাত্র জেলাসমাহর্তা, উন্নয়ন কার্যে রত অফিসার ও বিশেষজ্ঞ অফিসারদের লইয়া গঠিত হয়।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of Unstarred question No. 160.

বিবৃতি "ক"

মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমায় স্থাপিত উন্নয়ন ব্লকের নাম ও উহাদের আয়তন

মহকুমা	ব্লক	আয়তন (বর্গমাইল)
সদর	(১) মেদিনীপুর	... ১৩০·১
	(২) সালবনি	... ২১৩·৩
	(৩) কেশপুর	... ১৮৫·৯
	(৪) গড়বেতা ১নং	
	(৫) গড়বেতা ২নং	... ৪০৮·৪
	(৬) গড়বেতা ৩নং	
	(৭) ডোবরা	... ১৩২·২
	(৮) সাবাং	... ১২০·৪
	(৯) পিংলা	... ৮৬·৩
	(১০) খড়্গপুর ১নং	... ২১৪·৪
	(১১) খড়্গপুর ২নং	
	(১২) নারায়ণগড়	... ১৯৪·৬
	(১৩) দাঁতন ১নং	... ৯৭·৯
	(১৪) দাঁতন ২নং	... ৭২·৮
	(১৫) মোহনপুর	... ৯৪·৩
	(১৬) কেশিয়ারী	.. ১১৪·৫
কাঁথি	(১৭) কাঁথি ১নং	
	(১৮) কাঁথি ২নং	... ১৯৬·১
	(১৯) কাঁথি ৩নং	
	(২০) খেজুরী	... ১৬৪·৮
	(২১) ভগবানপুর ১নং	... ১৪০·০
	(২২) ভগবানপুর ২নং	
	(২৩) পটাশপুর	... ১৩৮·২
	(২৪) রামনগর ১নং	... ১১৬·১
	(২৫) রামনগর ২নং	
	(২৬) এগরা ১নং	... ১৫৫·৬
	(২৭) এগরা ২নং	

মহকুমা	ব্লক	আয়তন (বর্গমাইল)
তমলুক	(২৮) তমলুক ১নং (২৯) তমলুক ২নং	... ৯৪·৫
	(৩০) পাঁশকুড়া ১নং	... ৯৪·৫
	(৩১) পাঁশকুড়া ২নং	... ৬০·২
	(৩২) ময়না	... ৫৭·৩
	(৩৩) মহিষাদল ১নং (৩৪) মহিষাদল ২নং	... ১২৪·৯
	(৩৫) নন্দীগ্রাম ১নং (৩৬) নন্দীগ্রাম ২নং (৩৭) নন্দীগ্রাম ৩নং	... ১৯০·৯
	(৩৮) সুতাহাটা ১নং (৩৯) সুতাহাটা ২নং	... ১২৭·০
ঘাটাল	(৪০) ঘাটাল	... ৮৯·৮
	(৪১) দাসপুর ১নং (৪২) দাসপুর ২নং	... ১২৭·৯
	(৪৩) চন্দ্রকোণা ১নং (৪৪) চন্দ্রকোণা ২নং	... ১৫০·৮
ঝাড়গ্রাম	(৪৫) ঝাড়গ্রাম	... ২০৮·০
	(৪৬) জামবনি	... ১২৬·১
	(৪৭) বিনপুর ১নং	... ১৫৭·২
	(৪৮) বিনপুর ২নং	... ২০৭·৮
	(৪৯) গোপীবল্লভপুর ১নং (৫০) গোপীবল্লভপুর ২নং	... ১৮৪·৯
	(৫১) সাঁকরাইল	... ১০৬·৪
	(৫২) নয়াগ্রাম	... ১৯৫·২

Statement referred to in reply to clause (Gha) *of Unstarred question No.* 160.

বিবৃতি "ঘ"

ব্লক	অঞ্চল পঞ্চায়েতের নাম
১। ঝাড়গ্রাম	(১) মাণিকপাড়
	(২) দাদকুণ্ডি
	(৩) ঝাড়গ্রাম
	(৪) সালবনি
	(৫) রাধানগর
	(৬) নেদাবাহারা
	(৭) সাপধারা
	(৮) বাঁদগোরা
	(৯) সুরদিহা
	(১০) চুবকা
	(১১) সোধাসুলি
	(১২) পাটাশিমুল
	(১৩) অগ্নিবোনি
	(১৪) চান্দু

ব্লক	অঞ্চল পঞ্চায়েতের নাম
২। বিনপুর ১	(১৫) বিনপুর
	(১৬) বেলাটিকারী
	(১৭) আঁধারিয়া
	(১৮) দাহিজুরি
	(১৯) বৈতান
	(২০) ধরমপুর
	(২১) লালগড়
	(২২) সিজুয়া
	(২৩) রামগড়
	(২৪) নেপুরা
৩। বিনপুর ২	(২৫) হাড়দা
	(২৬) কাঁকো
	(২৭) এরগোদা
	(২৮) ভেলাইদিহা
	(২৯) সিলদা
	(৩০) বেলপাহারি
	(৩১) সোঁধাপারা
	(৩২) সিমুলপাল
	(৩৩) বান্দাপাটারি
	(৩৪) জল ভদা
৪। পটাসপুর	(৩৫) অমরপুর
	(৩৬) নৈপুর
	(৩৭) খার
	(৩৮) পাঁচৎ
	(৩৯) পটাশপুর
	(৪০) গোপালপুর
	(৪১) আমর্ষি
	(৪২) চিস্তিপুর
	(৪৩) বরহাট
	(৪৪) ব্রজলালপুর
	(৪৫) শ্রীরামপুর
	(৪৬) মথুরা
	(৪৭) সাউথ খান্দু
	(৪৮) আরগোয়াল
৫। ভগবানপুর ১	(৪৯) মহম্মদপুর
	(৫০) গড়গ্রাম
	(৫১) ভগবানপুর
	(৫২) বিভীষণপুর
	(৫৩) সিমুলিয়া
	(৫৪) বেউন্দিয়া
	(৫৫) কাকরা
	(৫৬) কাজলাগড়
	(৫৭) কোটবর

ব্লক	অঞ্চল পঞ্চায়েতের নাম
৬। ভগবানপুর ২	(৫৮) গরবাড়ী
	(৫৯) জুখিয়া
	(৬০) মুগবেড়িয়া
	(৬১) রাধাপুর
	(৬২) বাসুদেববেড়িয়া
	(৬৩) ইটাবেড়িয়া
	(৬৪) অর্জুননগর
	(৬৫) বোরাজ
৭। খেজুরী	(৬৬) হারিয়া
	(৬৭) লক্ষ্মী
	(৬৮) টিকাসী
	(৬৯) বীরবন্দর
	(৭০) কামারদা
	(৭১) হলুদবাড়ী
	(৭২) কালাগাছিয়া
	(৭৩) বড়তোলা
	(৭৪) খেজুরী
	(৭৫) জাঁকা
	(৭৬) নিজকসবা
৮। তমলুক ১ ৯। তমলুক ২	(৭৭) শান্তিপুর
	(৭৮) খারুই
	(৭৯) কাকারদা
	(৮০) বাল্লুক
	(৮১) নিলকন্টিয়া
	(৮২) রঘুনাথপুর
	(৮৩) ধলহারা
	(৮৪) পিপুলবেরিয়া
	(৮৫) বিষ্ণুবর
	(৮৬) অনন্তপুর
	(৮৭) শ্রীরামপুর
	(৮৮) পদমপুর
	(৮৯) উত্তর-সোনামই
১০। চন্দ্রকোণা ১	(৯০) লক্ষ্মীপুর
	(৯১) জারা
	(৯২) মাংগুর্ল
	(৯৩) মাণিক কুণ্ডা
	(৯৪) মনোহরপুর
১১। চন্দ্রকোণা ২	(৯৫) ভগভামতাপুর ২
	(৯৬) বাসানচোরা ৩
	(৯৭) কুয়াপুর ৭
	(৯৮) বান্দিপুর ৮

ব্লক	অঞ্চল পঞ্চায়েতের নাম
১২। ময়না	(৯৯) ময়না
	(১০০) তিলখোজা
	(১০১) শ্রীকণ্ঠ
	(১০২) গোকুলনয়া
	(১০৩) পরমানন্দপুর
	(১০৪) রামচক
	(১০৫) গোজিনা
	(১০৬) বাক্‌চা
	(১০৭) নিচানপুর
১৩। পাঁশকুড়া ১	(১০৮) মাইসোরা
	(১০৯) গোবিন্দনগর
	(১১০) কেশপাট
	(১১১) পাঁশকুড়া
	(১১২) ঘোষপুর
	(১১৩) হাউর
	(১১৪) চৈতন্যপুর
	(১১৫) প্রতাপপুর
	(১১৬) রাজনাথবাড়ী
	(১১৭) খণ্ডখোলা
	(১১৮) পুরুষোত্তমপুর
	(১১৯) রাধাবল্লভচক্‌
১৪। পাঁশকুড়া ২	(১২০) বৃন্দাবনচক
	(১২১) খয়াড়িহি
	(১২২) বৈষ্ণবচক
	(১২৩) গোপালনগর
	(১২৪) কোলা
	(১২৫) অমলচন্দা
	(১২৬) পুলসিটা
	(১২৭) সাগরবার
	(১২৮) সিন্ধা
	(১২৯) ভোগপুর
	(১৩০) দেরিয়াচক
১৫। নারায়ণগড়	(১৩১) মোকরামপুর
	(১৩২) গ্রামরাজ
	(১৩৩) লার্মা
	(১৩৪) কাঁসপুর
	(১৩৫) পাকুড়সেবী
	(১৩৬) নারায়ণগড়
	(১৩৭) কাশীপুর
	(১৩৮) বেলদা
	(১৩৯) রাণীসরাই
	(১৪০) মন্যা

ব্লক	অঞ্চল পঞ্চায়েতের নাম
	(১৪১) তুতরাঙ্গা
	(১৪২) বাখরাবাদ
	(১৪৩) খুরসী
	(১৪৪) কুসবাসন
	(১৪৫) হেমচন্দ্র
১৬। দেবড়া	(১৪৬) ভবানীপুর
	(১৪৭) ভরতপুর
	(১৪৮) সত্রাপুর
	(১৪৯) খামারদা
	(১৫০) দেবরা
	(১৫১) জালিমন্দা
	(১৫২) মালিঘাটি
	(১৫৩) গোলগ্রাম
	(১৫৪) শ্যামপুর লোয়াদা
	(১৫৫) দানন
	(১৫৬) রাধামোহনপুর

Illegal transfer of lands

161. (Admitted question No. 299.) **Shri Mrigendra Bhattacharyya:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালের ৩১এ মার্চ পর্যন্ত ভূমি সংস্কার আইন অনুসারে কোন জেলায় কতগুলি বে-আইনী জমি হস্তান্তরের কেস সরকারের দৃষ্টিগোচর হইয়াছে ;

(খ) অনুসন্ধানে কতগুলি ঐ প্রকারের কেস ধরা পড়িয়াছে ও এইজন্য কত জমি বাজেয়াপ্ত হইয়াছে ;

(গ) এই আইন ভঙ্গ করার জন্য কতজনকে শাস্তি দেওয়া হইয়াছে ;

(ঘ) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ভূমিরাজস্ব বিভাগের কর্তৃপক্ষ ভূমি সংস্কার আইন ব্যর্থতার কতগুলি কারণ এবং প্রতিকারের পথ সরকারকে জানাইয়াছেন ; এবং

(ঙ) সত্য হইলে, সরকার এ সম্বন্ধে কোন ব্যবস্থা লইয়াছেন কি?

The Minister for Land and Land Revenue:

(ক) আইনটি জমিদারী গ্রহণ আইন ; ভূমি সংস্কার আইন নয়। জেলাওয়ারি বিশদ বিবরণ সংগ্রহ করা সময়সাপেক্ষ। তবে পশ্চিমবঙ্গে মোট ১,৭৮,৬৫৩টি কেস সরকারের গোচরে আসে।

(খ) মোট ৫,৫৩৪টি কেস বে-আইনী বিবেচিত হয় এবং উহার ফলে মোট ৩৫,৭২২ একর জমি সরকারে বর্তাইয়াছে।

(গ) বে-আইনীভাবে হস্তান্তর বাতিল এবং তাহার ফলে হস্তান্তরিত জমি সরকারে বর্তান ব্যতীত অন্য কোন শাস্তির বিধান আইনে নাই।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Crimes of Midnapore during 1961-62 and 1962-63

162. (Admitted question No. 301.) **Shri Mrigendra Bhattacharyya:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে মেদিনীপুর জেলার কোন থানায়—

(১) কতগুলি চুরি হয়, কতজনকে গ্রেপ্তার করা হয় এবং কতজনের সাজা হয়;

(২) কতগুলি ডাকাতি হয়, কতজনকে গ্রেপ্তার করা হয় এবং কতজনের সাজা হয়; এবং

(৩) কতজন খুন হয়, কতজন গ্রেপ্তার হয় এবং কতজনের সাজা হয়?

The Minister for Home (Police):

(১), (২) এবং (৩) প্রশ্নের উত্তরে তিনটি পৃথক বিবরণী উপস্থাপিত করা হইল।

Statements referred to in reply to unstarred question No. 162.

MIDNAPORE DISTRICT

STATEMENT OF THEFT CASES

Name of P. S.	No. of cases reported.	No. of persons arrested.	No. of persons convicted.	No. of cases reported.	No. of persons arrested.	No. of persons convicted.
	1961-62			1962-63.		
Kotwali	161	132	46	123	95	16
Garbeta	56	33	8	57	28	1
Salboni	32	33	4	29	21	2
Keshpore	51	39	3	54	30	6
Debra	64	62	5	70	40	6
Jhargram	101	37	5	136	44	13
Binpore	22	11	4	42	36	4
Gopiballavpur ..	38	49	7	37	9	4
Sankrail	13	7	2	9	3	3
Jambani ..	36	13	2	23	20	1
Nayagram	19	25	9	16	12	1
Contai	98	60	18	14	46	9
Ramnagore	30	51	1	18	16	..
Khejuri	10	10	2	13	14	2
Egra	26	17	3	41	51	7
Patashpore	18	11	2	30	45	3
Bhagwanpore ..	21	15	1	46	56	5
Kharagpore (Town) ..	220	161	41	227	150	37
Kharagpore (Local) ..	91	63	13	102	65	9

STATEMENT OF THEFT CASES—*concld.*

Name of P. S.	No. of cases reported. (1961-62)	No. of persons arrested. (1961-62)	No. of persons convicted. (1961-62)	No. of cases reported. (1962-63)	No. of persons arrested. (1962-63)	No. of persons convicted. (1962-63)
Danton	71	38	11	36	20	3
Narayangarh	61	38	5	57	63	5
Sabong	24	16	3	37	39	2
Pingla	12	30	1	34	16	1
Mohonpore	12	7	1	16	32	1
Keshiary	35	20	4	34	16	3
Tamluk	84	60	13	91	81	11
Panskura	97	101	27	101	115	12
Moyna	45	51	5	49	27	2
Mahisadal	24	20	2	26	31	1
Nandigram	22	19	3	29	15	..
Sutahata	33	37	7	25	28	1
Ghatal	54	58	22	41	47	6
Chandrakona	62	47	11	30	42	10
Daspore	50	41	11	62	43	9

STATEMENT OF DACOITY CASES

Name of P. S.	No. of cases reported. (1961-62)	No. of persons arrested. (1961-62)	No. of persons convicted. (1961-62)	No. of cases reported. (1962-63)	No. of persons arrested. (1962-63)	No. of persons convicted. (1962-63)
Kotwali	1	1	..	2	7	..
Garbeta	1	1	..	4	13	..
Salbani	3	15	1	3	52	..
Keshpur	3	25	..	5	38	..
Debra	8	43	2	..	..	..
Jhargram	2	12	..	3	29	..
Binpur	1	4	..	4	12	..
Gopiballavpur	1	8	..	1	..	..
Sankrail	2	8	1	1	13	..
Nayagram	2	3	..	4	11	..
Contai	1	2	..	3	23	..
Khejuri	1	3	1	2	16	1
Egra	1	9	1	5	43	..
Patashpur	1	17	1	2	20	..
Khargpur (Local)	1	30	..	4	31	..
Dantan	10	46	1	6	37	2
Narayangarh	5	35	..	5	54	..
Sabang	3	13	1	3	15	..
Pingla	1	5	..	4	63	..
Mohanpur	4	20	..	3	23	..

STATEMENT OF DACOITY CASES—*concld.*

Name of P. S.	No. of cases reported. (1961-62)	No. of persons arrested. (1961-62)	No. of persons convicted. (1961-62)	No. of cases reported. (1962-63)	No. of persons arrested. (1962-63)	No. of persons convicted (1962-63)
Keshiary	2	26	1	9	83	..
Mahisadal	1	10	..	..	..	..
Nandigram	3	37	..	2	21	..
Ghatal	2	17	..	3	31	..
Chandrakona ..	3	12	3	2	42	..
Panskura	8	43	..	5	25	1
Moyna	3	24	..	2	13	..
Ramnagar	..	..	..	7	63	..
Bhagwanpur	..	..	..	4	34	1
Khargpur (Town) ..	..	..	..	1	12	1
Sutahata	..	..	..	1	16	..
Daspur	..	..	..	4	41	..
Tamluk	..	..	..	1	5	..

STATEMENT OF MURDER CASES

Name of P. S.	No. of cases reported. (1961-62)	No. of persons arrested. (1961-62)	No. of persons convicted. (1961-62)	No. of cases reported. (1962-63)	No. of persons arrested. (1962-63)	No. of persons convicted (1962-63)
Kotwali	1	..	..	1	1	1
Garbeta	2	6	..	.	..	..
Salbani	1	..	..	1	3	..
Jhargram ..	2	2	..	4	7	..
Binpur	3	5	..	3	6	..
Gopiballavpur ..	1	..	..	1	2	..
Nayagram	1	2	1	1	..	..
Contai	1	..	..	1	1	..
Ramnagar	1	..	..	..	..	..
Egra	1	..	..	2	5	..
Bhagwanpur	1	..	..	..	..	..
Khargpur (Local) ..	2	17	8	2	7	..
Narayangarh ..	2	3	..	4	17	2
Sabang	2	7	..	2	7	..
Kashiary	2	1	1	2	2	..
Mahisadal	1	2	..	..	..	..
Nandigram	2	2	..	..	..	..
Sutahata	2	8	..	..	..	..
Tamluk	1	..	..	2	5	1
Panskura	3	9	1	5	9	..
Moyna	1	6	..	..	..	..
Keshpur	..	..	.	2	2	1
Debra	..	..	..	1	3	..
Jamboni	..	..	..	2	14	..
Daspur	..	..	..	2	2	1

Embankment and Sluice gate of Dharma and Chakbuyalia

163. (Admitted question No. 306.) **Shri Mrigendra Bhattacharyya:**
ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দাসপুর ১নং আর এল আর ৩ এলাকার অন্তর্গত ৪নং ইউনিয়নের অধীন—

(১) ধর্মা এবং চকবুয়ালিয়া জমিদারী বাঁধ অত্যন্ত খারাপ অবস্থায় রহিয়াছে ; এবং

(২) ধর্মা এবং চকবুয়ালিয়া পুল দুইটিও অকেজো হইয়াছে এবং ফলে প্রতি বৎসর ব্যাপক ফসলহানি হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) উক্ত বাঁধ এবং পুল দুইটি মেরামত করার কি ব্যবস্থা হইয়াছে, এবং

(২) কত দিনে তাহা কার্যকর করা হইবে?

The Minister for Land and Land Revenue:

(ক) (১) না।

(২) শুধুমাত্র চকবুয়ালিয়ার পুলটি (স্লুইস গেট) ভগ্নাবস্থায় আছে।

(খ) (১) ও (২) চকবুয়ালিয়াতে একটি কালভার্ট ও রেগুলেটার নির্মাণের জন্য সরকার, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

Sal Forests of West Bengal

164. (Admitted question No. 307.) **Shri Mrigendra Bhattacharyya:**
বন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৪৬-৪৭ সালে পশ্চিমবাংলার কোন জেলায় কত একর শাল জঙ্গল—

(১) সরকারের কর্তৃত্বাধীনে ছিল, এবং

(২) ব্যক্তিগত মালিকানায় ছিল ;

(খ) ১৯৬২-৬৩ সালে শাল জঙ্গল এলাকার পরিমাণ কত ;

(গ) ১৯৫৪-৫৫ হইতে ১৯৬২-৬৩ পর্যন্ত এই কয় বৎসরে সরকার—

(১) কত পরিমাণ জমিতে জঙ্গল সৃষ্টি করিয়াছেন, এবং

(২) এই বাবত খরচের পরিমাণ কত?

The Minister for Forests:

(ক) (১) মোটামুটিভাবে বলা যায় যে, প্রধানত দার্জিলিং ও জলপাইগুড়ি জেলাতেই শাল জঙ্গল ছিল। উক্ত দুই জেলাস্থিত শাল ওয়ার্কিং সার্কেল এবং অনুরূপ ওয়ার্কিং সার্কেলের একত্রিত জঙ্গলের পরিমাণ নিম্নে দেওয়া হইল:—

দার্জিলিং—৫৫,০০০ একর।

জলপাইগুড়ি—১,১২,০০০ একর।

মোট—১,৬৭,০০০ একর।

এই বিষয়ে অধিকতর তথ্য দেওয়া সম্ভব নয়।

(২) সরকারের নিকট যে তথ্য আছে তাহা নিম্নে দেওয়া হইল:—

দার্জিলিং—১,০০০ একর।

জলপাইগুড়ি—৫২,০০০ একর।

মেদিনীপুর—৩,২০,০০০ একর।

বাঁকুড়া—২,৮৫,০০০ একর।

বর্ধমান—৫৮,০০০ একর।

বীরভূম—৩২,০০০ একর।

অন্যান্য জেলা—

মোট—৭,৪৮,০০০ একর।

ইহার অতিরিক্ত এই বিষয়ে আর কোন তথ্য সরকারের নিকট নাই।

(খ) শাল জঙ্গল অন্যান্য গাছের জঙ্গলের সঙ্গে মিশ্রিত থাকে। সেইজন্য সঠিক পরিমাণ দেওয়া সম্ভব নয়। তবে যেসব জঙ্গলে শালের পরিমাণ অপেক্ষাকৃত অধিক তাহার মোট পরিমাণ ১,৮১৩ বর্গমাইল বা ১১,৬০,৩২০ একর।

[এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, পুরুলিয়া জেলার ৩৪০ বর্গমাইল জঙ্গল যাহার হিসাব (ক) প্রশ্নের উত্তরের অন্তর্ভুক্ত নহে তাহা ১,৮১৩ বর্গমাইলের মধ্যে ধরা হইয়াছে।]

(গ) (১) বনসৃজন নূতন জমি গ্রহণের পর করা হয়। আবার পুরাতন বন কর্তনের পরও নূতন করিয়া বনসৃজন করা হইয়া থাকে। সুতরাং প্রশ্নটির উত্তর দুই অংশে ভাগ করিয়া দেওয়া হইল:—

(অ) নূতন জমি গ্রহণের পর বন সৃজন—৬,৪০০ একর।

(আ) পুরাতন বনভূমিতে নূতন বন সৃজন—৬৮,৬০০ একর।

মোট—৭৫,০০০ একর।

(২) ৯১,০৭,১৯৩ টাকা।

উন্নয়নখাতে—৮৬,৫৪,৭৪১ টাকা।

সাধারণ খাতে—৪,৫২,৪৫২ টাকা।

মোট—৯১,০৭,১৯৩ টাকা।

Non-cognisable case at Jamalpur

165. (Admitted question No. 321.) **Shri Kashi Kanta Maitra:**

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত জামালপুর উপনির্বাচনের পর উক্ত উপনির্বাচনকে কেন্দ্র করিয়া জামালপুর থানার শ্রীমানপুর গ্রামে শিবতাই গ্রামনিবাসী প্রজাসমাজতন্ত্র দলের কর্মী শ্রীমহম্মদ আলীর উপর গত ৮ই মে রাত্রে যে বর্বরোচিত আক্রমণ করা হয় সে সম্বন্ধে স্থানীয় পুলিসের নিকট অভিযোগ দাখিল করা সত্বেও এ পর্যন্ত কোনওরূপ ব্যবস্থা অবলম্বিত হয় নাই;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(গ) ইহা কি সত্য যে, ৯ই মে তারিখে ডায়েরী করে আসামীদের নাম ঠিকানা দেওয়া সত্বেও এবং গত ২৭এ মে পুনরায় লিখিত ন্যায়বিচারের প্রার্থনার দরখাস্ত দেওয়া সত্বেও কোনও ব্যবস্থা আসামীদের বিরুদ্ধে গৃহীত হয় নাই।

The Minister for Home (Police):

(ক) গ্রামবাসীদের সহিত কালীপূজার চাঁদা লইয়া কলহের ফলে শ্রীমহম্মদ আলী ৮ই মে রাত্রে সামান্য আঘাত পাইয়াছিলেন, কিন্তু ইহার সহিত জামালপুর উপনির্বাচনের কোনও সম্বন্ধ নাই, কারণ উপনির্বাচন ৭ই এপ্রিল তারিখে অনুষ্ঠিত হয়।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) এ বিষয়ে থানায় একটি ডায়েরী করা হইয়াছিল কিন্তু নন-কগনিজিবল কেস হওয়াতে পুলিস অভিযোগকারীকে কোর্টে দরখাস্ত করার জন্য পরামর্শ দিয়াছিল। আর কোনও দরখাস্ত এ সম্বন্ধে পাওয়া যায় নাই।

Corrugated sheets

166. (Admitted question No. 331.) **Shri Jibankrishna Dey:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কোচবিহার জেলায় ১৯৬০, ১৯৬১ ও ১৯৬২ সালের কোন্ কোন্ বছর কোন্ কোন্ মহকুমায় নিয়ন্ত্রিত মূল্যের কত করোগেটেড টিন পাঠান হয় ;

(খ) সম্প্রতি ১৯৬৩ সালে ঘূর্ণিবাত্যা বিধ্বস্তদের ছাড়া আর কোন টিন গিয়ে থাকলে তার মহকুমাভিত্তিক বিবরণ কি ;

(গ) গত তিন বছরে টিনের জন্য কত দরখাস্ত উক্ত জেলা ও মহকুমা দপ্তরে জমা আছে ;

(ঘ) ইহা কি সত্য যে, উক্ত জেলায় ডিলাররা টিনের জন্য টাকা জমা দিয়ে কয়েক বছরেও টিন পায় নাই ; এবং

(ঙ) সত্য হইলে, পারমিট ইস্যু করার পর ডিলারদের টাকা দিবার ব্যবস্থা চালু করার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি?

The Minister for Food and Supplies:

(ক)

মহকুমা		সরবরাহের পরিমাণ (বাণ্ডিল হিসাবে)		
		১৯৬০	১৯৬১	১৯৬২
(১) কোচবিহার	...	৪০৭	৬০৭	...
(২) মাথাভাঙ্গা	...	...	.	৪২০
(৩) মেখলিগঞ্জ	...	...	২০৩	...
(৪) দিনহাটা		১,০১০	২০৪	...
(৫) তুফানগঞ্জ	...	৬১৪	...	...

(খ) ঘূর্ণিবাত্যা বিধ্বস্তদের জন্য ৩ ওয়াগন টিন পাঠান ছাড়া সম্প্রতি আর কোন টিন কোচবিহার জেলায় পাঠান হয় নাই।

(গ)

মহকুমা		দরখাস্তের সংখ্যা		
		১৯৬০	১৯৬১	১৯৬২
(১) কোচবিহার সদর	..	৫৭০	৬৮৮	৩৩৬
(২) মাথাভাঙ্গা	...	৩৫	৩২০	২৫০
(৩) মেখলিগঞ্জ	...	৫০	৪৪৯	১৫০
(৪) দিনহাটা	...	১৩৫	১,১৯৭	১,৪১৭
(৫) তুফানগঞ্জ	...	৮৭১	৪৮৮	১৩৫

(ঘ) হ্যাঁ। এই প্রদেশের জন্য টিনের বরাদ্দ চাহিদার তুলনায় খুবই অপর্যাপ্ত। সেই হেতু টাকা জমা দিবার পর উৎপাদকদের নিকট হইতে সরবরাহ আসিয়া পৌঁছাইতে যথেষ্ট বিলম্ব হয়।

(ঙ) ভারত-সরকারের অধীনস্থ লৌহ ও ইস্পাত নিয়ামকই এই সংক্রান্ত নীতি নির্ধারণ করিয়া থাকেন। অতএব এই বিষয়ে পশ্চিমবঙ্গ-সরকারের কিছু করিবার ক্ষমতা নাই।

Establishment of Second Block in Tufanganj for Welfare of the Tribes

167. (Admitted question No. 333.) **Shri Jibankrishna Dey:** আদিবাসি-মঙ্গল বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমায় বারকোদালী গ্রামে আদিবাসিদের জন্য পৃথক কোন বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা আছে কি ;

(খ) রাঙাপাড়ায় প্রবেশ করার মত কোন রাস্তা নির্মাণের ব্যবস্থা অবলম্বিত হয়েছে কি ;

(গ) তুফানগঞ্জ মহকুমায় জমিহীন উপজাতি জনতার সংখ্যা কত ;

(ঘ) এন ই এস ব্লক স্থাপনের পর অদ্যাবধি উক্ত উপজাতির কতজনকে জমি দেওয়া হইয়াছে;

(ঙ) একথা কি সত্য যে, দীর্ঘ কোচবিহারে পৃথক কোন ডিষ্ট্রিক্ট ট্রাইবাল অফিসারই ছিলেন না ;

(চ) ডিষ্ট্রিক্ট ট্রাইবাল ওয়েলফেয়ার অফিসারের প্রধান প্রধান কাজ কি ; এবং

(ছ) এন ই এস ব্লক প্রতিষ্ঠার পর তুফানগঞ্জ ব্লকে আজ পর্যন্ত মোট কত টাকা কি কি খাতে আদিবাসি কল্যাণের জন্য খরচ হইয়াছে?

The Minister for Tribal Welfare :

(ক) আপাতত নাই।

(খ) একটি প্রস্তাব আছে বটে, কিন্তু জাতীয় জরুরী অবস্থার জন্য আদিবাসি-মঙ্গল বিভাগের ব্যয়বরাদ্দ হ্রাস করায় বর্তমানে উহা কার্যকর করা সম্ভব নয়।

(গ) প্রায় ৩৪০।

(ঘ) দেওয়া হয় নাই।

(ঙ) জানুয়ারি ১৯৬২ হইতে এপ্রিল ১৯৬৩ পর্যন্ত কোন ট্রাইবাল ওয়েলফেয়ার অফিসার ছিলেন না। কিন্তু উক্ত অফিসারের কার্যভার অপর একজন অফিসারের উপর ন্যস্ত ছিল।

(চ) জেলাস্থ আদিবাসী ও তফসিলী জনগণের বিভিন্ন সমস্যা সম্বন্ধে তথ্যসংগ্রহ করিয়া সরকারের দৃষ্টি আকর্ষণ করা, আদিবাসি-মঙ্গল বিভাগের কার্যসূচিগুলি জেলায় রূপায়ণের সুষ্ঠু ব্যবস্থা করা, আদিবাসী ও তফসিলীদের বিভিন্ন অভাব-অভিযোগের তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা, ইত্যাদি।

(ছ) নিম্নে রক্ষিত বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (Chha) *of unstarred question No. 167.*

এন ই এস ব্লক প্রতিষ্ঠার পর তুফানগঞ্জ ব্লকে আদিবাসি-মঙ্গলের জন্য ব্যয়িত অর্থের হিসাব

পরিকল্পনার নাম		ব্যয়িত অর্থের পরিমাণ টাকা
(১) পানীয় জল সরবরাহ	...	৬,৪৮৪
(২) গৃহনির্মাণ ও বাস্তুজমি ক্রয়	...	১৩,০০০
(৩) ক্ষুদ্র সেচ পরিকল্পনা	...	২,০০০
(৪) কাঠের সেতু নির্মাণ	...	১০,০০৭
(৫) কল্যাণকেন্দ্র স্থাপন	...	৬,৫০০
(৬) শস্যগোলা স্থাপন	...	৩০,৭৫০
(৭) কারিগরদিগকে অর্থ সাহায্য	...	১,০০০
(৮) সাংস্কৃতিক ও সমাজকল্যাণমূলক কার্যের জন্য অনুদান	...	৪০৫
(৯) স্বল্পমূল্যে বীজ বিতরণ	...	৩৮৭
(১০) ফল ও সবজির চারা বিতরণ	...	৫২০
(১১) মাধ্যমিক স্তরে শিক্ষার জন্য ব্যয়	...	২,২৬০
মোট	...	৭৩,৩১৩

Refugee families in the district of Cooch Behar

168. (Admitted question No. 339.) **Shri Jibankrishna Dey:**

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫০ সালের পর কোচবিহার জেলায় মোট কত উদ্বাস্তু পরিবারের আগমন ঘটে ;

(খ) এদের আর্থনীতিক পুনর্বাসনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(গ) তুফানগঞ্জের ধলপল অঞ্চলে বারুজীবী উদ্বাস্তুরা কেবলমাত্র রাস্তার অভাবেই পান চালান দিতে না পারায় তাঁরা কয়েক বছর থেকে লোকসান খেয়ে সর্বস্বান্ত হচ্ছেন এরকম সংবাদ সরকার অবগত আছেন কি ; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কী ব্যবস্থা অবলম্বন করেছেন ?

The Minister for Refugee, Relief and Rehabilitation:

(ক) আনুমানিক ১·৫ লক্ষ জন, অর্থাৎ প্রায় ৩০,০০০টি পরিবার।

(খ) কোচবিহার জেলার উদ্বাস্তু পুনর্বাসনের উদ্দেশ্যে সরকার অদ্যাবধি প্রায় ১ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় করিয়াছেন। কুটিরশিল্প কারিগরি বিদ্যা এবং অন্যান্য বিভিন্ন শিল্পকর্মের জন্য আবণ্টিত অর্থ ইহার অন্তর্ভুক্ত। তদ্ব্যতীত কোচবিহার সমেত এই রাজ্যের বিভিন্ন জেলার উদ্বাস্তু-অধ্যুষিত অঞ্চলে কুটিরশিল্প এবং মাঝারি শিল্প প্রতিষ্ঠার জন্য কেন্দ্রীয় সরকার পুনর্বাসন শিল্প নিগম (রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রীজ কর্পোরেশন) সংস্থার নিকট দায়িত্ব ন্যস্ত করায় আর্থনীতিক পুনর্বাসনের ব্যাপারে কোচবিহার জেলার উদ্বাস্তুগণও উপকৃত হইবেন।

(গ) ইহা সত্য নয়। সকল আবহাওয়াতেই ব্যবহারের উপযোগী একটি কাঁচা রাস্তা ধলপলকে মহকুমা শহরের সহিত যুক্ত করিয়াছে। রাস্তাটিতে গোশকটের অবাধ চলাচল আছে এবং পূর্ত (পথ) বিভাগ ইহার তত্ত্বাবধান করিয়া থাকেন।

(ঘ) এই প্রশ্ন আর ওঠে না।

Acquisition of lands

..**169.** (Admitted question No. 30.) **Shri Jibankrishna Dey:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইন চালু হওয়ার পর তুফানগঞ্জ, কোচবিহার ও দিনহাটা মহকুমায় মোট কত বাড়তি জমি সরকারের হস্তগত হয়েছে ;

(খ) উক্ত বাড়তি জমি পূর্বেকার মালিকগণ একরে ১০ টাকা খাজনা দিয়ে এখনও ভোগ করে চলেছেন এমন অভিযোগের বিষয় সরকার জ্ঞাত আছেন কিনা ;

(গ) ভূমি সংস্কার আইন চালু হওয়ার পর কোচবিহার জেলায় অদ্যাবধি কত সংখ্যক ভূমিহীন চাষীকে ভূমি দেওয়া হয়েছে ; এবং

(ঘ) প্রদত্ত জমির পরিমাণ কত?

The Minister for Land and Land Revenue :

(ক) তুফানগঞ্জ—৬,২১৪·৪৬ একর।

কোচবিহার—৭,০৭৯·৩০ একর।

দিনহাটা—৫,২০৬·২৫ একর।

(খ) না।

(গ) ৩,০৮৮ জন (ভূমিসংস্কার আইন সমগ্রভাবে এখনও চালু করা হয় নাই ; তবে মোটামুটি উক্ত আইনের নীতি অনুসারে জমি বণ্টন করা হইয়েছে)।

(ঘ) ৫,৫৫৯·১৪ একর।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC

Mr. Deputy Speaker: I have received two notices of calling attention on the following subjects:—

(1) hunger-strike by undertrial prisoners under the Defence of India Rules and the West Bengal Security Act from the 27th July 1963 in Krishnagar Jail—given by Shri Gour Chandra Kundu; and

(2) clash among the student demonstrators in protest against India's agreement with the Voice of America—given by Shri Sanat Kumar Raha.

I have selected the notice given by Shri Sanat Kumar Raha calling attention to the clash among the student demonstrators.

The Hon'ble Jagannath Kolay: Statement will be made on Friday next.

The Hon'ble Bijoy Singh Nahar: On receipt of complaints from Bangeswari Mazdoor Union and Bangeswari Cotton Mills Workers Union regarding non-payment of statutory wages, back wages and sick leave wages, the Labour Commissioner took up the matter with the Management and a settlement was signed in a tripartite conference on the 11th April, 1963. The Management agreed to make payment of all dues on account of statutory leave to batches of 25 workmen per week with effect from the 20th April. They agreed to pay all arrear wages by the 15th May, 1963. So far as sick leave wages were concerned, it was settled that payment would be made in three equal instalments in June, July and August 1963.

The position regarding implementation of the agreement is as follows: Payment of statutory leave dues has been made to 267 workmen out of 522 who are entitled to receive statutory leave wages. The amount paid so far is Rs. 11,138. The next payment was due on the 27th July last. The position has to be ascertained. Arrear wages have been paid to 50 workmen by the 15th May, 1963. About 50 workmen could not be paid due to their absence and notices have been issued to the workmen to receive their dues. The total amount paid so far is Rs. 529. Five hundred and ninety-one out of 627 workmen have been paid sick leave wages amount to Rs. 10,866 on the 29th June last. The next instalment is payable to 36 workmen on the 31st July, 1963.

The Implementation Officer of the Labour Directorate is watching the progress of implementation and will take appropriate action under the law for securing implementation of the agreement if the Management is found defaulting.

[1-20—1-30 p.m.]

Shri Birendra Narayan Ray:

স্যার, একটা গুরুত্বপূর্ণ দলিল আমি আপনার মাধ্যমে এই সভার কাছে পেশ করতে চাই। মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী বারবার বলেছেন অনাহারে মরেনি। আমার কাছে মেডিকাল কলেজ-এর পোস্টমরটেম্ রিপোর্ট আছে ২২।৭।৬৩ তারিখে পোস্টমর্টেম্ হয়েছিল এবং ক্লিনিকাল ডায়গোনেসিস-এ ও বলা হয়েছে ম্যালনিউট্রিসন মুখ্যমন্ত্রী বলুন ম্যালনিউট্রিসন জনিত ডেথ স্টারভেসন ডেথ কিনা।

Mr. Deputy Speaker: I will request him to see to this matter.

Shri Sailendra Nath Adhikary:

জগন্নাথবাবু বলেছিলেন সোমবার মুখ্যমন্ত্রী বিবৃতি দেবেন, জগন্নাথবাবু স্বীকার করেছিলেন মুখ্যমন্ত্রী ডি. আই. রুলস সংক্রান্ত ব্যাপারে খবরের কাগজে যে খবর বেরিয়েছে সে সম্পর্কে বিবৃতি দেবেন এবং আমরা জানি আজকে সেটা দেওয়া হবে। আজকে সোমবার।

Mr. Deputy Speaker:

আমি দেখছি।

Shri Nikhil Das:

D. I. Rule

সম্পর্কে মুখ্যমন্ত্রীর কতগুলি স্টেটমেন্ট কাগজে দেখেছি। এ ব্যাপারে আজকে মুখ্যমন্ত্রীর বিবৃতি দেবার কথা ছিল।

Mr. Deputy Speaker: I will draw this attention.

Shri Balailal Das Mahapatra:

"যুগান্তরে"—

Mr. Deputy Speaker:

বলাইবাবু আপনি আমার পারমিসন্ নেননি কালকে বলবেন।

GOVERNMENT BILL

The West Bengal Zilla Parishads Bill, 1962

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Dr. Kanai Lal Bhattacharya:

আমার বক্তব্য হচ্ছে, শনিবার দিন পর্যন্ত য়্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে সেগুলি এখনো পর্যন্ত ছাপা হয়ে আসেনি। ৩।৪টা ক্লজ-এর উপর য়্যামেণ্ডমেন্ট আছে। সেগুলি না এলে ডিসকাসন হবে কি করে?

The Hon'ble Saila Kumar Mukherjee: There are so many amendments They are expected to come from the Press in the afternoon. I think all your amendment will be covered by the numerous other amendments. Members can speak on them.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 2(2)—

(i) in line 4, for the words "six months" the word "one year" be substituted; and

(ii) in lines 4 and 5, for the words "twelve months" the words "two years" be substituted.

ডেপুটি স্পীকার মহাশয়, এখানে এই এ্যামেণ্ডমেন্টগুলি দেওয়া হয়েছে এজন্য যে, এই বিলে কতগুলি ধারার প্রভিসন্ রাখা হয়েছে কতগুলি লোককে জেলা পরিষদে এবং আঞ্চলিক পরিষদে য়্যাপয়েন্ট করে নিয়ে আসবার জন্য কিম্বা কো-অপট্ করে নিয়ে আসবেন, যেমন (৪) (এ) প্রোভাইসো-তে আছে, যদি কোন জায়গায় আঞ্চলিক পরিষদ গঠিত না হয় তাহলে কোন লোককে য়্যাপয়েন্ট করে নেবেন সরকার এবং ৪(এফ) এ বলা হয়েছে ২ জন মহিলাকে য়্যাপয়েন্টমেন্ট করে নিয়ে আসবেন জিলা পরিষদে। এখানে রেসিডেন্স-এর যে ডেফিনিসন্ দেওয়া হয়েছে সেই ডেফিনিশনটা কি? এই ধারাতে বলা হয়েছে

"having a place of residence in or within the block or district mean dwelling in the block or district for a period of at least six months in the aggregate during the twelve months immediately preceding the date of appointment or co-option under this act or having a dwelling place in the block or district in any other case".

[1-30—1-40 p.m.]

অর্থাৎ এ্যাক্টের মধ্যে এই যে রয়েছে হ্যাবিং এ প্লেস অব রেসিডেন্স বা রেসাইডিং ইন দি ব্লক তার অর্থ কি হবে সেটা এখানে এক্সপ্লেন করা হচ্ছে। এখানে এই যে এক্সপ্লানেসন দেওয়া হয়েছে তাতে বলছে এই যে প্রভিসন রাখা হয়েছে তাতে ২ জন মহিলা জেলা পরিষদে আসবেন। তারপর ৪৯(বি)-তে ২ নম্বরে প্রভিসন রয়েছে যে অঞ্চল পঞ্চায়েতে যে কোন একজনকে নেওয়া যাবে। ৪৯(ডি)-তে ২ জন মহিলা এবং ২ জন ব্যাকওয়ার্ড কমিউনিটি-র লোক অ্যাপয়েন্ট করবার প্রভিসন রেখেছেন। তারপর ২ জন সোস্যাল ওয়ার্কার্স কো-অপট্ করবার ব্যবস্থা করেছেন। কিন্তু এই সমস্ত লোক হবে কারা, যাদের প্লেস অব রেসিডেন্স ইন দি ব্লক ফর দিস সার্টেন পিরিয়ড। স্যার, আঞ্চলিক পরিষদে বা জেলা পরিষদে গুরুত্বপূর্ণ কাজ করবার জন্য ডিস্ট্রিক্ট-এর কোন জায়গা থেকে বা ব্লক এরিয়া থেকে এঁরা যেসব লোককে অ্যাপয়েন্ট করে বা কো-অপ্ট করে আনছেন তাদের কোয়ালিফিকেসন হচ্ছে ঐ এলাকায় এসে এক বছরও থাকতে হবেনা, মাত্র ৬ মাস বাস করলেই তারা এই সমস্ত বডি-তে আসবার জন্য কোয়ালিফায়েড হয়ে যাচ্ছে। এখানে আমার বক্তব্য হচ্ছে এই সমস্ত গুরুত্বপূর্ণ সংস্থার কোন কাজ সম্পর্কে বা এই এলাকার কোন সমস্যা সম্বন্ধে তাদের যদি কোন সাজেসন্ দিতে হয়

তাহলে সেই এলাকা সম্বন্ধে তাদের বিশেষ জ্ঞান থাকা দরকার। কাজেই আমি মনে করিনা অন্য জায়গা থেকে কোন লোক ১ বছর আগে সেই এলাকায় এসে মাত্র ৬ মাস বাস করে সেই এলাকার সমস্যা সম্বন্ধে ওয়াকিবহাল হয়ে গেলেন এবং সে সম্বন্ধে কথা বলতে এমনই উপযুক্ত হলেন যাতে করে গভর্নমেন্ট তাকে নমিনেসন দিয়ে নিয়ে আসতে পারেন। আমার মতে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে যাদের নিয়ে আসছেন তারা এমত লোক হওয়া দরকার যাদের এই সমস্ত এলাকা সম্বন্ধে জ্ঞান আছে—তা নাহলে তারা তাদের কর্তব্য ভালভাবে সম্পাদন করতে পারবে না। কাজেই এই যে ব্যবস্থা করেছেন তাতে একটি এলাকা সম্বন্ধে ওয়াকিবহাল হবার জন্য যদি ১ বছর না থাকে তাহলে কি করে একে আমরা সমর্থন করব যে তাদের নিয়ে নিন? স্যার, যোগ্য লোক থাকা সত্ত্বেও এই সমস্ত পদগুলিতে স্থানীয় লোকদের না নিয়ে যদি বাইরের লোক যারা মাত্র ১ বছর আগে এসেছে আপনাদের নীতি সমর্থন করে এবং আপনাদের পেটোয়া লোক তাদের নিয়ে নেওয়া হয় তাহলে কি করে চলতে পারে। তাঁরা অবশ্য বলেছেন স্বল্পকালের জন্য নিচ্ছি, কিন্তু আমার বক্তব্য হচ্ছে আমার এই এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করুন যে, যে কোন লোক বাইরে থেকে এলে তাকে যদি অ্যাপয়েন্টমেন্ট দেন বা মনোনীত করেন তাহলে যেদিন থেকে সে অ্যাপয়েন্টেড হচ্ছে তার ২ বছর আগে থেকে তাকে সেই এলাকায় থাকতে হবে এবং তার মধ্যে ১ বছর তাকে সেখানে বসবাস করতে হবে। এই জিনিস হলে এটুকু সুবিধা হবে যে সেই এলাকা সম্বন্ধে তার একটা সাধারণ জ্ঞান থাকবে। আপনারা এই যে মাত্র ৬ মাস সময় দিয়েছেন এটা অত্যন্ত কম সময় এবং সেইজন্য আমি বলছি যে অন্ততঃ ২ বছর আগে তাকে আসতে হবে এবং ১ বছর সেখানে থেকে সেখানকার জনসাধারণের সংগে যোগাযোগ করতে হবে। যাহোক, আমি যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছি তাতে আশা করি তার গুরুত্ব বুঝে এটা গ্রহণ করবেন।

The Hon'ble Saila Kumar Mukherji: Sir, I oppose the amendment for the simple reason that the provision in the Bill is quite consistent with the provisions of the West Bengal Legislative Assembly Electoral Rolls as well as the Municipal Electoral Rolls. So, we are not setting up a new precedent. Therefore, six months' residence and one year are quite fair. I oppose the the amendment.

The motion of Dr. Golam Yazdani that in clause 2(2),—

(i) in line 4, for the words "six months" the words "one year" be substituted; and

(ii) in lines 4 and 5, for the words "twelve months" the words "two years" be substituted,

was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to

Clause 4

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that in clause 4(1)(a), line 1, for the word "Presidents" the words "a member of each *Anchalik Parishad* elected by the members" be substituted.

I also move that the proviso to clause 4(1)(a), be omitted.

I also move that in the second proviso to clause 4(1)(a), lines 2 and 3, for the words "the State Government may appoint a person residing in the block as a member" the words "a member of the block advisory committee be elected by the members of that block advisory committee" be substituted.

I also move that clause 4(1)(c) be omitted.

I further move that in clause 4(d)(ii), lines 3 and 4, for the words "by the State Government" the words "co-opted by the members of that Zilla Parishad" be substituted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে জেলা পরিষদ কিভাবে গঠিত হবে সেটা ক্লজ ৪-এতে বলা হয়েছে। প্রথমে বলা আছে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট মেম্বার হবেন। আমি বলছি প্রেসিডেন্ট অব দি আঞ্চলিক পরিষদ না হয়ে

"a member of each Anchalik Parisad elected by the member."

এ কথাটা আমি বলছি। আমাদের মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রী মহাশয় সিলেক্ট কমিটিতে এই ধারাটাতে এত পরিবর্তন করেছেন, আর একটু এ্যামেন্ড করুন। যদি প্রেসিডেন্ট মনে করেন যে তিনি মেম্বার থাকবেন না এই জেলা পরিষদের তাহলে তিনি রিজাইন করতে পারেন, এই একটা ডিসক্রিশন তিনি দিচ্ছেন। তাহলে এটা পরিষ্কার বুঝা যাচ্ছে যে অনেক প্রেসিডেন্ট আঞ্চলিক পরিষদের, ঐ জেলা পরিষদের মেম্বার নাও থাকতে পারেন। সেজন্য গোড়া থেকে গোলমাল হবে বলে মনে করা হচ্ছে। এজন্য প্রেসিডেন্টকে না নিয়ে ঐ আঞ্চলিক পরিষদের সদস্যদের মধ্য থেকে নির্বাচন করুন, আঞ্চলিক পরিষদের সদস্যদের মধ্য থেকে নেওয়াটা প্রয়োজন একথাই মনে করেছি। তাহলে ভবিষ্যতে আর কোন ঝঞ্চাট হবেনা। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যে আমার যে এ্যামেন্ডমেন্ট সেটা যদি গ্রহণ করা যায় তাহলে এটা খুব সরল এবং প্রাঞ্জল হয়, কারণ যারা জেলা পরিষদের সদস্য হবেন, সদস্য হবার ইচ্ছা থাকবে তিনি মনোনীত হবেন বা দাঁড়াবেন। এখন যিনি নির্বাচিত হবেন তিনি ছেড়ে দেবেন এসব কথা না লাগালেই ভাল, কারণ আমাদের প্রয়োজন আঞ্চলিক পরিষদে একজন সদস্য নেবার, তিনি প্রেসিডেন্ট হবেন তার কি মানে আছে?

ওখান থেকে যদি একজন সদস্য হয় ওই অঞ্চল পরিষদ থেকে একজন সদস্য যদি নির্বাচিত হয় তাহলে ক্ষতি কি আছে?

[1-40—1-50 p.m.]

Mr. Deputy Speaker:
আপনি সব য়্যামেন্ডমেন্টগুলির উপর বলুন।

Shri Abhoy Pada Saha:
আচ্ছা তাই বলছি। তারপর আছে ৪(১) (এ)। মূল যেটা আছে সেটা ওমিট করে আমার যে এ্যামেন্ডমেন্ট আছে সেটা রাখতে চাই। তারপর আছে ৪(১)(এ) লাইনস্ ২৮৩। সেখানে for the words "the State Government may appoint a person residing in the block as a member,
জায়গায় আমি বলেছি—

a member of the block advisory committee be elected by the members of that block advisory committee.

এখানে ধরা হয়েছে যে যেখানে অঞ্চল পরিষদ গঠিত হবে না সেখানে সেই ব্লক-এর মধ্যে লোকের যে কোন একজনকে গভর্নমেন্ট থেকে নমিনেসন দেওয়া হবে। কিন্তু এটা উচিৎ হবে না, কারণ, আপনারা যে জেলা পরিষদ বিল এনেছেন তাতে প্রায় প্রতিনিধিস্থানীয় লোক নেবার ইচ্ছা ও আগ্রহ আছে। সেই হিসাবে ওই গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ অঞ্চল প্রধান হবে এইভাবে আপনারা নেবার ব্যবস্থা করেছেন। আমি সেজন্য বলেছি যেখানে অঞ্চল পরিষদ গঠিত হবে না সেখানে ব্লক আছে, য়্যাডভাইসরি কমিটি আছে এবং য়্যাডভাইসরি কমিটির মেম্বারস কারা—না, মেম্বারস হচ্ছে বোর্ড-এর মেম্বার। আমি বলেছি সেই য়্যাডভাইসরি কমিটির মেম্বারস থেকে একজনকে নেওয়া হোক এবং সেই য়্যাডভাইসরি কমিটির যারা মেম্বারস আছেন তারা

ইলেক্ট করে একজনকে জেলা পরিষদে পাঠান। আঞ্চলিক পরিষদ যেখানে হবে না সেখানে একজনকে সরকার পক্ষ থেকে মনোনীত করা হবে এতে আমার মনে হয় ঠিক মত বিলের উদ্দেশ্য সফল হবে না।

তারপর হচ্ছে ৪(১) (সি)। এখানে আছে একজন মিউনিসিপ্যাটির চেয়ারম্যান-এর কথা বলা হয়েছে। জেলা পরিদের অধীনে যত মিউনিসিপ্যালিটি আছে সেই মিউনিসিপ্যালিটিস গুলির একজনকে নেওয়া হবে। জেলা পরিষদ আছে—তার সবই হচ্ছে রুরাল এরিয়া নিয়ে, আরবান এরিয়া-র সংগে কোন সম্পর্ক নেই। তার কোন কথা এখানে নেই—তার উন্নতির কথা এই বিলে ঠিক পাওয়া যাচ্ছে না। সেজন্যে মিউনিসিপ্যালিটি-র চেয়ারম্যান-কে পরিষদের মেম্বার হিসাবে নেওয়ার কোন অর্থ নেই। সেজন্যে আমার এ্যামেন্ডমেন্ট দেওয়া আছে যে ৪(১) (সি) এটা ওমিট করা হোক, কারণ, এই মেম্বার নিয়ে জেলা পরিষদের কোন উপকার হবে না। তিনি হচ্ছেন একজন প্রতিনিধি ওই মিউনিসিপ্যালিটির-র—সেই প্রতিনিধিস্থানীয় লোক আমরা নিচ্ছি; কিন্তু মিউনিসিপ্যালিটি আর রুরাল এরিয়ার সংগে কোন সম্বন্ধ নেই। আজ পর্যন্ত দেখতে পাইনি যে ইউনিয়ন বোর্ড, গ্রাম পঞ্চায়েৎ বা অঞ্চল পঞ্চায়েতের সংগে এদের সামান্যতম সম্বন্ধ আছে। সেজন্য আমার এ্যামেন্ডমেন্ট দিয়ে দেখতে পেয়েছি যে ওই চেয়ারম্যান মেম্বার হিসাবে জেলা পরিষদে রাখার কোন সার্থকতা নেই।

তারপর ফোর/ডি/২ লাইন ৩।৪ হচ্ছে ১ জন ব্যাকওয়ার্ড ক্লাস —তপশিলী সম্প্রদায়ের মধ্যে থেকে গভর্নমেন্ট নমিনেশন দেবেন—আমার এ্যামেন্ডমেন্ট আছে নমিনেশন নয়—জেলা পরিষদের যেসব সদস্য যাবেন তারা কো-অপট্ করবেন সেই জেলার দুজন তপশিলী সম্প্রদায়ের লোককে। যারা জেলা পরিষদে যাবেন সদস্য হয়ে তাদের অভিজ্ঞতা এবং তাদের জানাশুনা যথেষ্ট থাকবে সেই জেলা সম্বন্ধে এবং কোন দুজন তপশিলী সম্প্রদায়ের লোক নিলে জেলা পরিষদের উপকার হবে—জেলা পরিষদ লাভবান হবে তাদের উপদেশে এবং তাদের সংগে পরামর্শ করে। আমার মনে হয় এটা খুব ভাল হবে তাই এই ধারাটা এ্যামেন্ডমেন্ট হিসাবে আমি রেখেছি।

Shri Sanat Kumar Raha:

Sir, I beg to move that in clause 4(1)(b), lines 1-3, for the words "two Adhyakshas, one from each of two such constituencies comprised in a Subdivision" the words "one Adhyaksha from each Constituency comprised of two block areas in a Subdivision" be substituted.

আমার এ্যামেন্ডমেন্টের সাধারণ অর্থ হচ্ছে এই যে মহকুমার ২ জন অধ্যক্ষ আসবে—সেখানে বলা হয়েছে একজন অধ্যক্ষ আসবে, ২ জন ব্লক থেকে............

The Hon'ble Saila Kumar Mukherjee: Amendment No. 8 is out of order.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that after clause 4(2)(b), the following be added:—

"(c) The District Health Officer."

[1-50—2 p.m.]

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in the second proviso to clause 4(1)(a), in lines 2 and 3, for the words beginning with "the State Government" and ending with "as a member", the following words be substituted—

"a member shall be elected by the non-official members of the Block Advisory Committee from among themselves"

I also move that in clause 4(1)(b), in lines 1 and 2, after the word "constituencies", the words "as shall be" be inserted.

I also move that in clause 4(1)(b), the first proviso be substituted by the following:—

"Provided that if a district has only one suddivision, one Adhyaksha from each thana of the district elected from among tne Adhyakshas of the thanas".

I also move that in clause 4(1)(b), the second proviso be omitted.

I also move that in clause 4(1)(c)(i), in line 2, the words "elected thereto" be omitted.

I also move that clause 4(1)(d) be omitted.

I also move that clause 4(1)(e) be omitted.

I also move that in clause 4(1)(f), in line 2, for the words "appointed by the State Government", the following words be substituted:—

"elected by the adult women voters of the district from among themselves".

I also move that in paragraph (i) of the proviso to clause 4(1)(f), in line 1, for the word "appointment" the word "election" be substituted.

I also move that in paragraph (ii) of the proviso to clause 4(1)(f), in line 1, for the word "appointment" the word "election" be substituted.

I also move that in clause 4(2)(a), in line 1, for the words "Subdivisional Magistrate", the words "Subdivisional Officer" be substituted.

I also move that after clause 4(1)(f), the following be added:—

"(g) two persons having a place of residence in the subdivision—one from each of two such constituencies comprised in a subdivision of the district as may be specified by notification elected by the voters as in the electoral roll for Assembly Constituency in each such constituency at such time and in such manner as may be prescribed:

Provided that if a district has only one subdivision four persons having a place of residence in the district, one from each of four such constituencies comprised in the district as may be specified by notification shall be elected by the voters of such areas at such time and in such manner as may be prescribed;

(h) two persons having a place of residence in the subdivision elected by members of Gram Panchayats in each subdivision of a district in such manner as may be prescribed:

Provided that if a district has only one subdivision four such persons shall be elected by the members of Gram Panchayats in the district from four constituencies as comprised and in such manner as may be prescribed."

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ৪০ নম্বর এ্যামেন্ডমেন্টে আমার বক্তব্য হচ্ছে কোথাও যদি আঞ্চলিক পরিষদ না থাকে তাহলে গভর্নমেন্ট যে কোন একজন লোককে এ ম্যান রিসাইডিং ইন দি রক মাত্র ৬ মাস ওখানে বাস করলেই এ্যাপয়েন্ট করতে পারেন। আমার কথা হল যে ব্লকে কোন আঞ্চলিক পরিষদ নেই সেখান থেকে মেম্বার তো রয়েছেন। মনে করুন যদি কোন অঞ্চল গঠন না হয়ে থাকে তাহলে ইউনিয়ন বোর্ড-এর মেম্বার আছে, যদি আঞ্চলিক পরিষদ না হয়ে অঞ্চল হয়ে থাকে তাহলে অঞ্চলের মেম্বার রয়েছে। সমস্ত ব্লক এলাকায় পঞ্চায়েত কিংবা ইউনিয়ন বোর্ডের যারা শীর্ষস্থানীয় লোক তাদের মধ্য থেকে একজনকে নিতে হবে। এই হল সমস্যা, এই সমস্যা যখন দেখা দিয়েছে তখন গভর্নমেন্ট বলছে আমি ঐ সমস্যার সমাধান করে দেব আমরা নমিনেটেড একজন লোককে এ্যাপয়েন্ট করব। কিন্তু আমার কথা হচ্ছে সেখানে যে ব্লক ডেভেলপমেন্ট কমিটি রয়েছে সেই কমিটির একজন নন-অফিসিয়াল মেম্বারকে এ্যাপয়েন্ট করুন। আঞ্চলিক পরিষদ যদি ওখানে থাকত তাহলে তার প্রেসিডেন্ট চলে আসত জেলা পরিষদে। যেহেতু সেখানে আঞ্চলিক পরিষদ নেই এবং সেই অঞ্চলের কোন প্রেসিডেন্ট নেই

সেজন্য আমি প্রস্তাব করেছি যে ব্লক ডেভেলপমেন্ট কমিটি রয়েছে সেই কমিটির মেম্বারদের বলা হোক যে তোমাদের মধ্যে একজন রিপ্রেজেনটেটিভকে জেলা পরিষদে ভর্তি করে দাও। এটা করলে আমার মনে হয় ভাল হতে পারে। সেজন্য এ্যামেন্ডমেন্টে বলেছি ব্লক ডেভেলপমেন্ট কমিটি একজন নন-অফিসিয়াল মেম্বারকে জেলা পরিষদে পাঠাবে। তারপর ৪১ নম্বর এ্যামেন্ডমেন্ট দেওয়ার উদ্দেশ্য হল এ্যাজ স্যাল বি এই কথাগুলি যদি দেওয়া হয় তাহলে এই কথার অর্থ পরিষ্কার হয়ে যায়। এই যে কনস্টিটিউয়েন্সি করা হবে ওখান থেকে দু'জন অধ্যক্ষকে নিয়ে আসতে হবে। এই কারণের জন্য আমরা দুটো সাময়িকভাবে কনস্টিটিউয়েন্সি গঠন করতে চাচ্ছি। এই কথাটা যদি দেওয়া হয় তাহলে খুব ফেয়ারফুল হয় যে দু'জন অধ্যক্ষকে আনার জন্য দুটো কনস্টিটিউয়েন্সি করা হল। এইজন্য আমি ওটা দিয়েছি। তারপর, মিঃ ডেপুটি স্পীকার স্যার, ৪২ নম্বর যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটার প্রতি আপনার মনোযোগ বেশী করে আকর্ষণ করছি। এখানে বলা হচ্ছে যদি কোন জেলাতে সাবডিভিসান না থাকে তাহলে সেখান থেকে ৪ জন অধ্যক্ষকে নিয়ে আসার জন্য আমরা সেই জেলায় ৪টা কনস্টিটিউয়েন্সি করে দেব। আমার এখানে কথা হল এত হাঙ্গামার মধ্যে না গিয়ে এইভাবে করে দেন না কেন যে প্রত্যেক থানা থেকে আমরা একজন করে অধ্যক্ষ নেবো। এটাত ধরে নিচ্ছি যে প্রত্যেক জায়গাতে অঞ্চল গঠন হয়ে যাবে এবং অঞ্চল যখন গঠন হয়ে যাবে এবং থানারও যখন একটা বর্ডার লিমিট রয়েছে সেই লিমিটের মধ্যে থেকে একজন অধ্যক্ষ হলেই হল। সেই থানার মধ্যে যতগুলি অধ্যক্ষ আছে সেই অধ্যক্ষদের মধ্যে থেকে একজনকে নির্বাচিত করে দিয়ে দেবেন। এটা অতি সোজা হয়ে যাবে। এবং এটা আমি আরো বেশী করে দিয়েছি এইজন্য যে, যে জেলায় সাবডিভিশন নেই সেটা স্বভাবতঃই একটা ছোট জেলা, যেমন মন্ত্রিমহাশয় সেদিন বলেছিলেন যে মালদহ জেলার কথাটাই এখানে ধরা হোক. তিনি বলেছিলেন মোটমাট ৩২ জন হবে সেখানে। কেননা, এম এল এ হবেন ৯ জন, এম এল সি ২ জন, এম পি ৩ জন এবং এ্যাক্টের যে প্রভিশন আছে সেই অনুসারে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ১ জন, ডিষ্ট্রিক্ট বোর্ডের প্রেসিডেণ্ট ১ জন, মহিলা ২ জন, আর অঞ্চল পরিষদের মেম্বার ১০ জন, এবং অধ্যক্ষ হবেন ৪ জন, এই মোট ৩২ জন হবে মালদহ জেলাতে যেখানে সাবডিবিশন নেই। আমি যে কথাটা এ্যামেন্ডমেন্টে নিতে বলেছি সেই কথাটা যদি নেওয়া হয় তাহলে এখানে কি হবে? এই মালদহ জেলাতে ১০ জন অধ্যক্ষ আসবে কারণ ১০টি থানা। তাহলে যেখানে ৩২ জন জেলা পরিষদের মেম্বার হবে সেখানে ৩৮ জন হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়কে আমি এদিকে একটু মনযোগ দিতে বলছি এইজন্য যে, যে জেলাতে সাবডিভিশন নেই, ছোট জেলা, সেই জায়গাতে আপনি মনে করুন যে মাত্র ৩২ জন মেম্বার হচ্ছে, আর প্রত্যেক থানা থেকে একজন করে অধ্যক্ষ নিলে যেখানে ৩২ জন আছে সেখানে ৩৮ জন হচ্ছে এমন কি বেশী হচ্ছে। এবং আমি মনে করি যে প্রত্যেক থানা থেকে যদি একজন অধ্যক্ষ আসে তাহলে বেশ ভাল হয়। এখানে এই সংখ্যাটা বেশী বেড়ে যাচ্ছে এতে আশংকিত হবার কোন কারণ নেই। কেননা, বড় বড় জেলাগুলিতে, যেমন ২৪ পরগণা, মেদিনীপুর জেলা, সেখানে কতজন জেলা পরিষদের মেম্বার হবেন? মন্ত্রিমহাশয় সেদিন ছোট জেলার কথাই বলেছিলেন কতজন মেম্বার হবেন, সবচেয়ে বড় জেলায় কতজন হবেন তা তিনি বলেন নি, কিন্তু আমরা যদি অনুমানিক একটা হিসাব করি তাতে আমার মনে হয় অন্ততঃ পক্ষে ১০০ জন জেলা পরিষদের মেম্বার হবেন। ছোটখাট একটা এ্যাসেমব্লী। তাহলে যেখানে আমরা দেখছি যে বড় বড় জেলাতে অন্ততঃ ৮০।৯০।১০০ জন মেম্বার হয়ে যাচ্ছে সেখানে ছোট জেলাতে যদি ৩৮ জন মেম্বার হয় তাহলে কি এমন এসে যাচ্ছে সেইজন্য এখানে ৪ জন অধ্যক্ষ নিতে হবে যদি সাবডিভিশন একটা থাকে তার জন্য এতবড় একটা এনাক্টমেন্ট করতে হচ্ছে, প্রভিশন করতে হচ্ছে, ৪টি কনস্টিটিউয়েন্সি করতে হবে, আরো অনেক রকমের কমপ্লিকেশন হতে পারে, এত গন্ডোগোলের মধ্যে না গিয়ে সোজাসুজি যদি বলে দেওয়া হয় যে প্রত্যেক থানা থেকে আমরা একজন অধ্যক্ষ নেবো যে জেলার অধ্যক্ষ নেই সেইজন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি।

তারপর আমার এ্যামেন্ডমেন্ট নং ৪৩তে বলেছি যে

in clause 4(1)(b), the second proviso be omitted.

স্বাভাবিকভাবে যদি আমার এ্যামেন্ডমেন্টটা নেওয়া হয় যে প্রত্যেক থানা থেকে একজন অধ্যক্ষ হবে তাহলে দ্বিতীয় প্রভিসোটা চলে যাচ্ছে এবং শুধু চলে যাচ্ছে না, ঐ প্রথমটার সংগেও সম্বন্ধে আছে যে আমরা মনে করিনা যে অধ্যক্ষ নির্বাচন করতে এমন কোন গোলমাল হবে।

তারপর আমার এ্যামেন্ডমেন্ট নং ৪৫ বিলে রয়েছে

House of the People or the Assembly of the State elected thereto for a constituency comprising the district or any part thereof not being a Minister.

সেখানে আমি বলেছি যে ঐ 'ইলেকটেড দেয়ার টু' যে কথাটা সেই কথাট' অমিট করে দেওয়া হোক। এই 'ইলেকটেড দেয়ার টু' এই কথাটার কি অর্থ এখানে থাকতে পারে? বরং এটা একটা ধাঁধাঁ লাগিয়ে দিচ্ছে। মনে হচ্ছে ঐ হাউস অব পিপল এবং এ্যাসেমব্লীর মেম্বার এম এল এ এবং এম পি তাঁদেরকেও নির্বাচন করতে হবে নূতন করে এই জেলা পরিষদে আনার জন্য। কেননা, ইলেকটেড দেয়ার টু, কি এ্যাপয়েন্টেড, এই ধরণের কথাগুলি বলা হয়েছে আগে যেখানে ঐ অধ্যক্ষ ইলেকটেড হবে কিম্বা এ্যাপয়েন্টেড হবে ঠিক সেই রকম ধরণেরই কথা যেন এখনে বলা হচ্ছে, ইলেকটেড দেয়ার টু! অর্থাৎ মনে হচ্ছে যে, জেলা পরিষদে আসার জন্য এম এল এ এবং এম পি দের ইলেকটেড হয়ে আসতে হবে। এই কথা দুটি দিয়ে একটা বিভ্রান্তি সৃষ্টি করা হচ্ছে। সেইজন্য আমি মনে করি ঐ ইলেকটেড দেয়র টু কথাটা অমিট করে দেওয়া হোক।

[2—2-10 p.m.]

তারপর এ্যামেন্ডমেন্ট নং ৪৬এ আমি বলছি ৪(১)(ডি) বি ওমিটেড, এখানে ৪(১) (ডি)তে আছে যে

A Chairman of a Municipality or a Mayor of a Municipal Corporation in the district appointed by the State Government.

স্যার, আপনাকে এই এ্যাক্ট-এর ১ নম্বর ধারায় দুই নম্বর উপ-ধারার দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। ২ নম্বর উপধারাতে বলছে যে এই অ্যাক্টটা কোথায় কোথায় থাকবে। এই জিলা পরিষদ অ্যাক্ট-এতে বলা হচ্ছে

It extends to the whole of West Bengal except the areas to which the provisions of the Calcutta Municipal Act, 1951, the Bengal Municipal Act, 1932, the Chandernagore Municipal Act, 1955 and the Cantonments Act, 1924, apply.

অর্থাৎ এই মিউনিসিপ্যাল এলাকাগুলি বাদ দিয়ে দেওয়া হচ্ছে করপোরেশন-এর আওতা থেকে। যখন বাদ দিয়ে দেওয়া হচ্ছে সেই রকম এলাকা থেকে একট সংস্থার চেয়ারম্যানকে নেবার কি অর্থ থাকতে পারে এই জেলা পরিষদে। এইজন্য আমি বলছি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে বাদ দিয়ে দেওয়া হউক।

তারপর এ্যামেন্ডমেন্ট নং ৪৮ এখনে বলছি ৪(১)(ই) বি অমিটেড। এখানে বলা হয়েছে President of the District School Board.

ও জিলা পরিষদের মেম্বার করে নেওয়া হবে। আমি বলি এর কোন অর্থ নেই, কেননা আমি এর পরে যে সমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে জেলা স্কুল বোর্ডকে তুলে দিতে হবে। এবং এটাই আমরা চাই। আমরা চাই বলে আমরা বলছি এখানে প্রেসিডেন্ট-এর আসার অর্থ নেই। যখন ৩৫ ধারা আমরা আলোচনা করব জেলা স্কুল বের্ড এখানে থাকা উচিত নয় অলাদা ভাবে তার যুক্তি আমি দেব। যদি বিলোপ করে দেওয়া হয় তাহলে জেলা স্কুল বোর্ড-এর প্রেসিডেন্ট এখানে আসতে পারেনা। তাই আমি এখানে তুলে দিতে বলেছি।

তারপর এ্যামেন্ডমেন্ট নাম্বার ৫০। এখানে বলছি যে

clause No. 4(1)(f) for the word appointed by the State Government the following words be substituted elected by the adult women voters of the district from among themselves.

এখানে দুইজন মহিলাকে আনার কথা হয়েছে জেলা বোর্ডে। অবশ্য তারা যদি অন্যান্য চ্যানেলে এসে থাকেন তাহলে হবে না, আর যদি না এসে থাকেন তাহলে হবে। আর একজন যদি এসে

থাকেন তাহলে আকেজন হবে। এখানে আমি বলছি যে যদি তারা অন্যান্য চ্যানেলে না এসে থাকেন তাহলে কেন স্টেট গভর্নমেন্ট তাদেরকে য়্যাপয়েন্টমেন্ট দেবেন। আমি বলি মহিলাদের মধ্যে উৎসাহ দেবার জন্য এবং তাদের মধ্যে চাঞ্চল্য এনে দেবার জন্য তারা জেলা পরিষদে এসে একটা দায়িত্ব নেবেন সেই দায়িত্বটা যাতে তারা সম্যকভাবে উপলব্ধি করতে পারেন সেজন্য আমি মনে করি সমস্ত মহিলাদের মধ্যে একটা ইলেকসন হওয়া দরকার এবং তারা নিজেদের মধ্যে থেকে দুইজন মহিলাকে ইলেকশন করে এই জেলা পরিষদে পাঠাবেন।

তারপর য়্যামেণ্ডমেন্ট নাম্বার ৫১ তাতে বলছি ৫০ নাম্বার য়্যামেণ্ডমেন্ট যদি নেওয়া হয় তাহলে স্বভবতই এটা করতে হবে এ্যাপয়েন্টমেন্ট-এর জায়গায় ইলেকশন।

তার ৫২ য়্যামেন্ডমেন্ট-এ বলছি এটাও ঠিক তাই ঐ ৫০ নম্বর য়্যামেন্ডমেন্ট-এর সংগে সম্বন্ধ রয়েছে।

তারপর য়্যামেণ্ডমেন্ট নাম্বার ৫৩ এখানে অন্তত আমরা জানি সাবডিভিশানাল ম্যাজিস্ট্রেট আর সাবডিভিশানাল অফিসার দুইজন আলাদা লোক। আমরা জানি এস ডি ও-কে সাব ডিভিশানাল ম্যাজিস্ট্রেট বলে না। আমি বলছি মাননীয় মন্ত্রিমহাশয় যেন একটু নজর দেন কারণ মালদহে আমরা দেখেছি এই দুটো আলাদা পোষ্ট। সুতরাং এখানে যদি সাবডিভিশানাল ম্যাজিস্ট্রেট রাখেন তাহলে সব গোলমাল হয়ে যাবে। সেইজন্য আমি বলছি এখানে সাব ডিভিশানাল অফিসার রাখা দরকার।

তারপর য়্যামেণ্ডমেন্ট নাম্বার ৮৬ আছে।

স্যার, আমার এই এ্যামেন্ডমেন্ট-এর সমর্থনে আমি বলতে চাই যে যখন ফাষ্ট রিডিং হয়েছিল বিলের তখনই আমরা দেখিয়েছিলাম এবং বলেছিলাম যে এই জেলা পরিষদ যে গঠন হচ্ছে তাতে ডিরেক্ট প্রত্যক্ষ নির্বাচনে কোন মেম্বার হচ্ছেন না। অথচ এখানে বলা হচ্ছে যে আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে বিকেন্দ্রীকরণ করছি কিন্তু সেই নীতিটা জেলা পরিষদ গঠনের বেলায় কোন জায়গায় য়্যাপলাই করা হয়নি। এবং এটাতে আমরা বিরোধীতা করি। জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি জেলা পরিষদের মধ্যে থাকছে না। যদিও আমরা মনে করি ঐ অধ্যক্ষ যাদেরকে আপনারা নিচ্ছেন তারাই জনসাধারণের প্রতিনিধি কারণ প্রত্যক্ষ ভোটেই তারা নির্বাচিত হয়ে আসছেন। এবং ঐ পর্যন্তই শেষ। তারপরে আমরা যা দেখছি যে অঞ্চল পঞ্চায়েত এবং আঞ্চলিক পরিষদ যা গঠন হবে সেগুলি সমস্ত অপ্রত্যক্ষ ভোটে নির্বাচিত হচ্ছে। গ্রাম পঞ্চায়েতের মেম্বাররা অঞ্চল পঞ্চায়েতের মেম্বার করছে আবার ঐ প্রধান যারা হচ্ছে তারাই চলে আসছেন আঞ্চলিক পরিষদে। এইভাবে তারা চলে আসছেন। শুধু সত্যিকারের জন প্রতিনিধি হচ্ছে অধ্যক্ষরা। কিন্তু তারা খুব বেশী সংখ্যায় আসছেন না এবং আমি আমার য়্যামেন্ডমেন্ট-এ সেটা রেখেছি। যে আমরা চাই ঐ রকম ধরণের কতকগুলি প্রতিনিধিকে চাই সেইজন্য আমার য়্যামেণ্ডমেন্ট-এ সেটা দিয়েছি। কিন্তু নতুন জি সাব ক্লজ-এ যেটা বলেছি যে নতুন করে কয়েকজন লোককে অন্তত আনতে হবে জেলা পরিষদে ইলেকশান করে।

[2-10—2-20 p.m.]

একথা বলার উদ্দেশ্য হোল আমরা চাই জনসাধারণের প্রতিনিধি সরাসরি চলে আসবে। কতগুলি স্তর পার হয়ে এলে আমরা মনে করি জেলা পরিষদে এসে তাঁরা দায়িত্ব নিয়ে কাজ করতে পারবেন না এবং তাঁদের কোন বাধ্যবাধকতা থাকবেনা জনসাধারণের কাছে কৈফিয়ত দেবার তাঁরা যদি ট্যাক্স বসিয়ে দেন তাহলে তার জন্য কৈফিয়ত দিতে হবে না, যদি এমন কোন কাজ করেন যেটা জনসাধারণের পছন্দ নয় তাহলেও কৈফিয়ত দিতে হবেনা এবং জনসাধারণের জন্য যেটা করা দরকার সেটা না করে যদি অন্য কাজ করেন তাহলেও কৈফিয়ত দিতে হবেনা। এর ফলে এই হবে যে, আমাদের দায়িত্ব একটু কম এই মনে করে তাঁরা নিজেদের মনে নিজেরা সন্তুষ্ট থাকবেন এবং সেইভাবে কাজ করে চলে যাবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার আরও আপত্তির কারণ হচ্ছে পঞ্চায়েত রাজ যা গঠন করা হচ্ছে তাতে একথা খুবই সত্য যে গ্রামের ধনী শাসক শ্রেণী অত্যন্ত প্রভাবশালী বলে এর মধ্যে ঢুকে পড়েছে এবং এটা খুব জোর করে বলতে পারি অঞ্চল পঞ্চায়েত থেকে যে স্তর সুরু হয়েছে সেখানে এই সব প্রভাবশালী লোকেরা টাকা দিয়ে অঞ্চল পঞ্চায়েতের প্রধান হবেন।

সকলে নাহলেও অনেকেই এইভাবে হন। কাজেই দেখা যাচ্ছে যে ধরণের অন্যায় অঞ্চল পঞ্চায়েতের মধ্যে রয়েছে সেই ধরণের অন্যায় জেলা পরিষদ পর্যন্ত এসে পৌঁছাবে। স্যার, যে ধরণের অন্যায় অঞ্চল পঞ্চায়েতের মধ্যে দেখতে পাচ্ছি তাতে এইসব ধনী শোসক শ্রেণী জেলা পরিষদ পর্যন্ত চলে যাবে। তারা কেউ বিরোধী পক্ষের নয়, সবই কংগ্রেসের ধামাধরা লোক। তাঁরা বড়বড় পদ পেয়েছেন তাই টাকা ঘুস দিয়ে চলে যাবেন এবং সরকারী সমর্থক হয়ে সরকারী নীতি সফল করবার জন্য কাজ করবেন। আমরা চাচ্ছি গণতান্ত্রিক উপায়ে হোক এবং বিরোধী পক্ষের লোক যদিও থাকছে কিন্তু আসলে দেখতে পাচ্ছি যেভাবে নিয়ন্ত্রন করবার ব্যবস্থা হচ্ছে এবং সরকারী নীতির সমর্থক এই সব ধনী শোসক শ্রেণী যখন থাকছে তখন উপর থেকে সরকারী চাপ এবং ভেতর থেকেও সরকারী চাপ আসবে। এর ফলে সরকারী প্রোগ্রাম সফল করবার জন্য এম এল এ, এম পি, এবং বিরোধী পক্ষের প্রগতিশীল লোক থাকলেও জেলা পরিষদে সেগুলি পাশ হবে না। সেইজন্য আমি বলছি ডাইরেক্টলী জনসাধারণের প্রতিনিধি থাকা দরকার এবং সেটা করতে হলে এইরকমভাবে ইলেকসন করুন। অনেক মাননীয় সদস্য বলেছেন যে এতে এক্সপেন্স বেশী হবে, কিন্তু আমার বক্তব্য বা সাজেসন হচ্ছে পঞ্চায়েত নির্বাচনের সময় আপনারা জেলা পরিষদের নির্বাচন করতে পারেন। তারপর, অধ্যক্ষদের থেকে যদি কিছু মেম্বার নিয়ে আসেন তাহলে আমরা সব রকম মেম্বারই পাচ্ছি---অর্থাৎ জনসাধারণের প্রতিনিধি পাচ্ছি, অধ্যক্ষদের পাচ্ছি এবং জেলা পরিষদে আসবে এরকম মনোভাব নিয়ে তারা ভোট দেবে। যাহোক, এই সমস্ত এ্যামেন্ডমেন্ট যদি না নেওয়া হয় তাহলে জেলা পরিষদ থেকে যে জিনিস আমরা আশা করছি সে জিনিস পাবনা এবং পিপলস্ পার্টিসিপেসন হবেনা। তবে শুধু তাই নয়, এরকম ধরণের কতগুলি লোককে যদি জেলা পরিষদের মধ্যে না আনেন তাহলে জনসাধারণ-এর সঙ্গে যোগাযোগ রক্ষা করবার প্রেরণা অনুভব করবেনা।

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that in clause 4(1)(e)(i), line 1, for the word "or" the word "and" be substituted.

Sir, if it is the intention of the Government to take all the M.P.s and M.L.As why should it use the word "or" which has an exclusive sense. It could very well be substituted by the word "and". What is the harm if you make it "and" which will make it unequivocal, if the intention is not to exclude anybody at one's pleasure? If there is any harm, of course I would not press my point; but why leave it vague? We have another word in the English language—"and". It is the composition of the Zilla Parishad which has come in for all sorts of controversy and debate in this House. It was decided in the Select Committee meeting that the M.Ps and M.L.As would be there. So, I am suspicious why this word "or" should not be substituted by the unequivocal word "and".

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that clause 4(1)(b) be omitted.

I also move that in clause 4(1)(b), lines 1—6, for the words beginning from "two Adhyakhas" and ending with "as may be prescribed", the words "One member elected by the Anchal Panchayats and Gram Panchayats from a Block" be substituted.

I also move that in second proviso to clause 4(1)(b) for the word "Adhyakhas" the word "Panchayats" be substituted.

I also move that clause 4(1)(d) be omitted.
I also move that clause 4(1)(e) be omitted.
I also move that clause 4(1)(f) be omitted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ৪ নম্বর ক্লজের উপর যে সংশোধনী এনেছি সে সম্বন্ধে বলবো কারণ ৪ নম্বর ক্লজটা হচ্ছে জেলা পরিষদের মূল জিনিস। এই কাঠামোর উপরই গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত সমস্ত কাজ করবে। কিন্তু এখানে যে গভর্নমেন্ট ডিরেকশন দেবে

এ সম্বন্ধে আমরা প্রথম থেকেই আপত্তি করেছিলাম এই বলে এটা গণতান্ত্রিক ভিত্তিতে যতটুকু করা যেতে পারে তা রাখা হয়নি। সেজন্য আমি এ্যামেন্ডমেন্ট এনেছি ৪(১)ই, ৪(১)ডি, ৪(১)এফ এ কটি বাদ দিতে বলেছি। মিউনিসিপ্যালিটির একজন চেয়ারম্যানকে স্টেট গভর্নমেন্ট এ্যাপয়েন্ট করে দেবেন, এমনি গনতান্ত্রিক রূপ এঁরা দিচ্ছেন। পূর্ববক্তা বক্তা যে কথা বলেছেন, আমিও মিউনিসিপ্যালিটি এলেকা থেকে একজন চেয়ারম্যানকে নিয়ে আসার কোন আবশ্যক আছে বলে মনে করিনা। সেজন্য এটা বাদ দেবার জন্য প্রস্তাব রাখছি।

[2-20—2-30 p. m.]

স্কুল বোর্ড-এর সভাপতি সম্পর্কে প্রচুর আলোচনা হয়েছে। এটা আমরা বাদ দিতে চাইছি। আমরা সোজাসুজি এই একটি নীতি চাইছিলাম যে সম্পূর্ণ ক্ষমতা জেলা পরিষদের হাতে অর্থাৎ প্রাথমিক শিক্ষার যত দায়িত্ব সব নিয়ে নিক তাহলে প্রাথমিক শিক্ষার আইন যেটা সেটা রিপীল করে দিলে কাজ সহজে হবে। বর্তমানে যেভাবে আছে তাতে অন্ততঃ স্কুল বোর্ডের প্রসিডেন্ট না রেখে একজন নির্বাচিত লোককে স্কুল বোর্ডে যদি আনতে যান তাহলে হতে পারে, নতুবা, একেবারে ওটা তুলে দিন তাহলে এর গণতান্ত্রিক রূপ প্রকাশিত হবে।

দ্বিতীয়তঃ দুইজন মহিলাকে য়্যাপয়েন্টমেন্ট দেবেন। গভর্নমেন্ট আবার গণতান্তিক পন্থার কথা বলেন কি করে এটা বুঝতে পারিনা। মনোনয়নের কথা সেদিন যখন বলছিলাম তখন স্বায়ত্বশাসন মন্ত্রী বিস্মিত হয়েছিলেন। আমরা গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করতে গিয়ে য়্যাপয়েন্টমেন্ট এবং মনোনয়ন যত পারি বাদ দিতে চাই। সেজন্য মহিলার প্রশ্ন বা অন্য কোন প্রশ্ন আমরা এর মধ্যে আনতে চাইনা যেহেতু সেটা য়্যাপয়েন্টমেন্ট বা মনোনয়ন। আর একটা কথা বলতে চাই যে আমরা গ্রামাঞ্চলে কাজ করতে গিয়ে দেখেছি যে অধ্যক্ষ বলতে সব গ্রামের অধ্যক্ষ যারা নির্বাচিত হন তার থেকে অঞ্চল পরিষদের দায়িত্ব বেশী বলে ক্ষমতা বেশী দেওয়া হয়েছে। যত জায়গায় নির্বাচন হয়েছে সব জায়গায় দেখতে পাচ্ছি না। গ্রাম অধ্যক্ষের থেকে অঞ্চল পঞ্চায়েতের প্রধান যারা তারা বেশী যোগ্যতাসম্পন্ন এবং কিছু বেশী যোগ্য লোক এসেছেন জেলা পরিষদে। গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা অঞ্চল পঞ্চায়েত থেকে কম হওয়ার জন্য তারা গ্রাম সভা থেকে এমন লোককে নির্বাচন করে পাঠান যারা অঞ্চল পঞ্চায়েৎ থেকে কম দায়িত্ব সম্পন্ন এবং কম অভিজ্ঞতা সম্পন্ন। সেই কারণে এটা একটা গুরুতর আইন সৃষ্টি হবে। যদি সরকার এই পয়েন্টে স্টিক করেন যে অধ্যক্ষ নিয়ে যাবেন জেলা পরিষদে তাহলে অত্যন্ত ভাল হবে সেখানে রিপ্রেজেন্টেসন ভালভাবে করতে পারবেন এ আশা আমরা করতে পারিনা। প্রধান এবং অধ্যক্ষ এদের মধ্যে যে অনেক পার্থক্য সেটা বিবেচনা করবেন। সেজন্য আমি চেয়েছিলাম যাতে গণতান্ত্রিক রূপ নিতে পারেন তার ব্যবস্থা রাখা এবং সেজন্য ইলেক্টোরাল কলেজ-এর কথা আমার প্রস্তাবের মধ্যে রয়েছে—

of the words begining from 2 adhyakas and ending with as may be prescribed.

অর্থাৎ গোটা ক্লজ ৪(১)(বি) তুলে দিতে চাই তুলে দিয়ে আমরা সমস্ত গ্রাম পঞ্চায়েত সমস্ত অঞ্চল পঞ্চায়েত নির্বচনে যে কোন লোক যদি নির্বাচিত হয় তিনি চলে আসুন একটি ব্লকের মধ্যে। আপনারা সাবডিভিসান-এর মধ্যে দুটো ব্লক সৃষ্টি করবেন যাতে অসুবিধা হবে। সে রকম লোক তাড়াতাড়ি পাচ্ছেন না। ব্লক যখন নির্বাচিত করে দিচ্ছেন সেখানে যাতে বেশী লোক নির্বাচিত হয়ে আসতে পারে এবং অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েত প্রভৃতির সাথে সংশ্লিষ্ট নন এরকম লোক যারা বাইরে আছেন তারা যাতে আসতে পারেন সেজন্য এই য়্যামেন্ডমেন্ট দিয়েছি এবং সিলেক্ট কমিটিতে আমাদের পক্ষ থেকে বিশেষ দাবী করা হয়েছিল যে এখানে গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করা হোক। যারা একটা এলাকা জুড়ে একটা ব্লক-এর সম্পূর্ণ এলাকার দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করবেন এবং সমস্ত ব্লক এরিয়ার সমস্যা নিয়ে ডিল করতে পারেন তিনি আসতে পারবেন। যিনি বাইরের লোক হবেন ও উপযুক্ত কর্মী হবেন যিনি ব্লক এলাকার সম্বন্ধে সম্পূর্ণভাবে চিন্তা করে কথা বলতে পারবেন এবং সেখানকার সমস্যা সম্পর্কে অবহিত হতে পারবেন সেখানকার লোক নেওয়া নিশ্চয়ই যেতে পারবে কিন্তু তা না করলে জেলা পরিষদের যা উদ্দেশ্য তা সম্পূর্ণ ব্যর্থ হবে বলে মনে করি সেইজন্য আমি এই ধারার পরিবর্তন করতে চাই। তৃতীয় কথা হচ্ছে

—যে কথা আমি বলেছিলাম যে আঞ্চলিক পরিষদ যেটা করতে যাচ্ছেন সে সম্পর্কে ডেফিনিট কোন কিছু নেই—এ সম্বন্ধে নিশ্চয়ই একটু চিন্তা করবেন। আমার এমেন্ডমেন্টে যা আছে সেটা যদি গ্রহণ করেন তাহলে কিছু কিছু গণতান্ত্রিক পদ্ধতিতে প্রতিনিধি আসতে পারে এবং মনোনয়ন বাদ দেওয়া যেতে পারে এবং এ্যাপ্রুভ অব গভর্নমেন্টে যে ক্ষমতা আছে সেটা বাদ দিয়ে জেলা পরিষদকে গণতান্ত্রিক ভিত্তিতে গঠিত হওয়া সম্ভব বলে মনে করি। এটা নিশ্চয়ই মন্ত্রিমহোদয় বিবেচনা করবেন।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 4(1)(d), in line 2, after the words "in the district" the words "to be elected by the Commissioners of the Municipalities within the said district" be inserted.

I also beg to move that the following proviso be added to clause 4(1)(e):—

"Provided that the President shall be an Elected member of the School Board."

এই ক্লজ ফোরে—এই ৪নং ধারার উপর আমার যে দুটো এমেন্ডমেন্ট দিয়েছি সেই দুটি সম্বন্ধে আমি আপনার মাধ্যমে কিছু বলবো আমি গত কয়েক দিন আগে এই বিলের প্রাথমিক পর্যায়ে যে জিনিসটি বলেছিলাম তাতে আমরা দেখিয়েছিলাম যে এই বিলের অনেকগুলি জায়গায় এ্যানোমেলাস হয়ে যাচ্ছে এবং অনেক জায়গা আছে যার মধ্যে ইনকংগ্রুইটি দেখা যাচ্ছে। সেজন্য এর এনোমেলিটি এবং ইনকংগ্রুইটিগুলিকে যাতে স্ট্রেটেনএ্যাওয়ে করা যায় তার ব্যবস্থা করা দরকার। এই ধরুন ক্লজ ফোরে যাদের নিয়ে কনষ্টিটিউট হবে তাদের মধ্যে একটা

'a Chairman of a Municipality or a Mayor of a Municipal Corporation in the district appointed by State Government.

আমার এ্যামেন্ডমেন্ট সেখানে হচ্ছে যে

to be elected by the Commissioners of the Municipalities within the said district.

এখানে উপদিন এবং ইনড্রপড্ হয়ে গেছে। আমার এ্যামেন্ডমেন্ট কেন দিয়েছি তার একটা ভূমিকা নিশ্চয়ই আছে। প্রথমত হচ্ছে যেটা আমি আগেই বলেছি যে জেলা পরিষদের ব্যাপারে মিউনিসিপ্যালিটিগুলির রিপ্রেজেন্টেটিভ আসা কতখানি দরকার সে সম্বন্ধে অনেকের সন্দেহ আছে। তবে এর মধ্যে মাননীয় মন্ত্রিমহোদয় হয়তো যদি এইভাবে দেখে থাকেন যে একটা জেলার মধ্যে রুর‍্যাল এরিয়া রয়ে গেছে এবং আরব্যান এরিয়া আছে এবং তার রিপ্রেজেন্টেটিভ থাকলে পোজিসন ভাল হবে তাহলে অন্তত পক্ষে একটা বিবেচনার বিষয় হতে পারে।

[2-30—2-40 p.m.]

কিন্তু সেখানেও দাঁড়িয়েছে এ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট। আমরা লক্ষ্য করে দেখছি যে জেলা পরিষদ বিলের প্রতিটি ধারায় হয় এ্যাপয়েন্টেড, না হয় নোমিনেটেড, না হয় এক্স-অফিসিও এই তিনটি কথা হামেশাই ব্যবহার করা হয়েছে। অমুক এক্স-অফিসিও, অমুক এ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট অর্থাৎ স্টেট গভর্নমেন্ট যেটা এ্যাপয়েন্টমেন্ট দিচ্ছে সেটা স্টেট গভর্নমেন্ট উপর থেকে দিচ্ছে। হোয়ার এ্যাজ জেলা পরিষদ একটা আলাদা জিনিস নয়, গ্রাম সভা থেকে সুরু করে জেলা পরিষদ পর্যন্ত এমন একটা ধারা যা তারা পরস্পরের সঙ্গে ইন্টারলিংকড। গ্রাম সভাকে বাদ দিয়ে যেমন গ্রাম পঞ্চায়েত হবে না, গ্রাম পঞ্চায়েতকে বাদ দিয়ে যেমন অঞ্চল পঞ্চায়েত হবে না, এগুলি বাদ দিয়ে যেমন আঞ্চলিক পরিষদ হবে না, তেমনি সভাগুলি বাদ দিয়ে জেলা পরিষদ হবে না। কাজেই এটা একটা কমপ্লিট বডি। কাজেই সেখানে পাওয়ার কোথায় যাবে সেটা আমাদের চিন্তা করতে হবে। একটা কথা কিন্তু প্রত্যেকটি জায়গায় দেখা যাচ্ছে যে গ্রাম সভা বা যেখানে বটম সেখান থেকে পাওয়ার যাচ্ছে না, পাওয়ার যাচ্ছে উপর থেকে নীচে। এই জিনিসটা গণতন্ত্র বিরোধী এবং বলবন্ত রাও মেটা কমিটির রিপোর্টে পরিষ্কারভাবে এই রকম চিন্তাধারা আছে। এতে জেলা পরিষদ ডিসেন্ট্রালাইজড

ডেমোক্র্যাসির একটা অঙ্গ হিসাবে তৈরী করার পক্ষে হানিকর হবে। আমি যেটা বলেছি সেটা হচ্ছে স্টেট গভর্নমেন্ট দ্বারা এ্যাপয়েন্টেড এই কথাটা অবজেকসনাবল। মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মুর্শিদাবাদ ডিষ্ট্রিক্টের কথা ধরুন। সেখানে ৫।৬টা মিউনিসিপ্যালিটি আছে, সেই মিউনিসিপ্যালিটি থেকে একজনকে আমাদের স্টেট গভর্নমেন্ট নিয়ে নেবেন, তার উপর মিউনিসিপ্যালিটির কোন রকম ভয়েস থাকবে না। তাঁদের যাঁকে ইচ্ছা তাকে নিয়ে নেবেন। এমনও হতে পারে শৈলবাবুর মত একজন মোস্ট পপুলার চেয়ারম্যানকে নেওয়া হল, আবার কোথাও নেপালবাবুর মত একজন লোককে নেওয়া হল। কাজেই এই রকমভাবে পাওয়ার দেওয়ার ফলে স্টেট গভর্নমেন্টকে একটা ফ্রি কার্ড দেওয়া হল; সেই কার্ড যদিচ্ছভাবে ইউজড হবে। এটা প্র্যাক্টিক্যালি নোমিনেসান প্রথার নামান্তর। স্বাধীনতার আগে কংগ্রেসের তরফ থেকে বরাবর এই প্রথার বিরোধিতা করা হয়েছিল এ্যাসেম্বলিতে এবং এ্যাসেম্বলির বাইরে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এই এ্যাসেম্বলির বহু দিনের লোক, আপনি জানেন মাননীয় ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ অন্যতম মুখ্যমন্ত্রী হিসাবে নোমিনেসান প্রথা মিউনিসিপ্যালিটি থেকে উঠিয়ে দিয়েছিলেন। ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ নোমিনেসান খেয়ালখুসিমত উঠান নি, কংগ্রেসের তদানীন্তন জাতীয় নীতি হিসাবে উঠিয়ে দিয়েছিলেন। তারপর, জানি না কেন নোমিনেসান এসেছে। নোমিনেসান আসার পর প্রত্যেকটি ক্ষেত্রে দেখছি নোমিনেসান সে যে কোন রূপে হোক না কেন। আমাদের স্টেট গভর্নমেন্ট রাইটার্স বিল্ডিংস-এ বসে রামাকে, না হয় শ্যামাকে ধরে নেবেন এটাকে কি নোমিনেসান বলে? আমি এই নোমিনেসান প্রথার বিরোধিতা করছি। সেজন্য আমি বলছি এটা যখন লিটিল এ্যাসেম্বলী তখন কাউন্সিলে যেভাবে লোকাল সেল্ফ গভর্নমেন্টের তরফ থেকে মিউনিসিপ্যালিটির তরফ থেকে মেম্বার হয় এখানেও ঠিক সেরকমভাবে সেই ডিষ্ট্রিক্ট-এর সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিকে ইলেকটোরাল কলেজ হিসাবে ট্রিট করে সেখান থেকে কমিশনারদের ভোটের দ্বারা নির্বাচিত একজনকে যদি নেন তাহলে ডেমোক্র্যাসি ঠিক থাকবে।

সেই হিসাবেই আমি এই এ্যামেন্ডমেণ্টটা দিয়েছি। এবং আমি মনে করি..........................

Mr. Deputy Speaker:
এবার আপনি নেকস্ট পয়েন্ট বলুন।

Shri Sailendra Nath Adhikary:
এটা পরিপূর্ণ না বললে ঠিক হবে না। আমার বক্তব্যটা স্যার, আপনার সামনে বলা দরকার এবং আপনারও শোনা দরকার। কাজেই এই রকম ধরণের নমিনেশন প্রথার বিরোধিতা করি বলেই এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি।

আমার নেকস্ট এ্যামেন্ডমেন্ট যেটা দিয়েছি সেটা হচ্ছে ক্লজ ৪(১)(ই)তে, সেখানেও দেখুন আছে যে, প্রেসিডেন্ট অব দি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এক্স-অফিসিও। আমি আগেই বলেছি, স্যার, এই পর্যন্ত বিলে আমি মোটামুটি দেখছি যে এক্স-অফিসিও, নমিনেশন, এ্যাপয়েন্টমেন্ট, এই তিনটে এসে মন্দা কথায় এসে দাঁড়িয়েছে। এখানে দেখুন প্রেসিডেন্ট অব দি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এক্স-অফিসিও। প্রেসিডেন্ট অব দি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড মানে কোন সংস্থার? না, এতেই আছে যে, সে হচ্ছে স্ট্যান্ডিং কমিটি—এই জেলা পরিষদের একটা স্ট্যান্ডিং কমিটি তারই একটা সাব-অর্ডিনেট কমিটি। আমি আগেও বলেছিলাম এবং সাবঅর্ডিনেট বডির যা কখনও লোকষ্ট্যান্ডায় আসেনি, সে কিন্তু চলে এলো এক্স-অফিসিও। সেখানটায় একটা গুরুতর এ্যানামলি দেখা দেবে। এবং এই এ্যানামলি দেখা দিলে আমাদের গণতান্ত্রিক চিন্তা ধারার মধ্যেও একটা ব্যাংক্রাপসি দেখা দেবে। সেইজন্য আমি যে এ্যামেন্ডমেন্টটা দিয়েছি এই এ্যামেন্ডমেন্ট হচ্ছে যে,

Provided that the President shall be an elected member of the School Board.

অর্থাত এটা ছাড়া, এটা এখনও যদি কিছু করা সম্ভব হয় সেইজন্য স্কুল বোর্ডের যিনি প্রেসিডেন্ট —তিনিত আসবেনই, কেননা এটা দেখা যাচ্ছে যে এঁরা হয়ত নেবেননা—তাহলে তাঁকে ইলেকটেড হয়ে আসতে হবে। এবং ইলেকটেড হয়ে এলে তার পিছনে জনমতের যে রূপ সেই রূপকে সঙ্গে করে নিয়ে আসবে। স্কুল বোর্ডের প্রেসিডেন্ট হলেই হবেন, তাঁকে ইলেকটেড হয়ে আসতে

হবে। তাতে হচ্ছে কি, গণতান্ত্রিক যে চিন্তাধারা সে চিন্তাধারা ব্যাপক হচ্ছে, তাতে হচ্ছে কি, জেলা পরিষদের যে প্রকৃত উদ্দেশ্য সেই উদ্দেশ্য খানিকটা এগিয়ে যাচ্ছে। অর্থাৎ প্রেসিডেন্ট অব দি স্কুল বোর্ড সে পিপলের স্যাংশন নিয়ে আসছে এবং তাতে ডিসেন্ট্রালাইজেশনের যে রূপ সে রূপটাও আরো পরিপূর্ণ হয়ে যাচ্ছে। সেইজন্য আমি এই এ্যামেন্ডমেন্টটা দিয়েছি। আমি মনে করি যে প্রথমতঃ, যদি শৈলবাবু এটা ভালভাবে চিন্তা করে দেখেন যে এইরকমভাবে একটা স্ট্যান্ডিং কমিটিকে তাকে আবার একটা প্যারালাল কমিটি হিসাবে ট্রিট করা এটা সংগত কিনা। তিনি একজন আইনজ্ঞ মানুষ কাজেই আমার পক্ষে এটা খুব বেশী বলা হয়ে যাবে। দ্বিতীয়তঃ, তাঁরা যদি এটা ভাল না মনে করেন, অন্ততঃপক্ষে ইলেকটেড হয়ে প্রেসিডেন্ট যদি আসে তাহলে অন্ততঃপক্ষে আমাদের যে গণতান্ত্রিক চিন্তাধারা এবং আমাদের যে জেলা পরিষদের মূল লক্ষ্য সেই মূল লক্ষ্যের পক্ষে সেটা সুগম হবে। এই কথা বলে আমি আমার এ্যমেন্ডমেন্ট আপনার সামনে রেখে আমি আমার আসন গ্রহণ করছি।

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that for Clause 4, the following be substituted:—

"Composition of Zilla Parishad

4. Subject to the provisions of sections 9 and 10, the following persons shall be members of the Zilla Parishad:—

(a) Two Anchalik Parishads together shall form a constituency and from each constituency an elected member on the basis of Assembly electoral roll;

(b) Local M.L.A., M.L.C. and M.P.;

(c) Chairman of the municipalities or a Mayor of a municipal corporation in the district;

(d) District Medical Officer; and

(e) Associate members—

(i) Subdivisional Magistrate of each subdivision of the district,

(ii) District Panchayat Officer.".

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি ক্লজ ৪ এর একটা সংশোধনী নিয়ে এসেছি। সেই সম্পর্কে আমি বলতে চাই এই যে, প্রথম যখন আমরা জনমত সংগ্রহের জন্য এই বিলটি প্রচার করা হোক সেই অবস্থায় ছিল তখন বলেছিলাম নির্বাচনের কথা। এখন ক্লজ ৪এ যেভাবে জেলা পরিষদ তৈরী করার কথা বলা হয়েছে, প্রায় অনেকটা অংশ রেখেই, আমি নূতন একটা সংশোধনী সমস্ত ক্লজটার জন্য এনেছি যার মধ্যে একেবারে নূতন জিনিষ হচ্ছে

Two Anchalik Parishads together shall form a constituency and from each constituency on elected member on the basis of Assembly electoral roll.

এটাই তার মধ্যে সবচেয়ে নূতন কথা আছে। এই প্রসঙ্গেই আমি বলতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় গত দিনে তাঁর ভাষণ দেবার সময় বলেছিলেন যে, আমাদের এই গণতান্ত্রিক সংস্থা সমূহে অধিকার বি-কেন্দ্রীকরণ করার জন্য যে ব্যবস্থা আমরা অবলম্বন করছি সেই ব্যবস্থাটা হচ্ছে একটা সম্পূর্ণ অবয়ব। জেলা পরিষদ থেকে গ্রামসভা পর্যন্ত একটা অবয়ব এবং বিভিন্ন সংস্থাগুলি হচ্ছে তার একটা অংগ-প্রত্যংগ।

[2-40—2-50 p.m.]

এই যদি যুক্তি হয় তাহলে আমি প্রথমে বলতে চাই তাহলে ভারতীয় সংবিধান সেই সংবিধানখানি একটা বিরাট মহীরুহ। সেই সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি থেকে আরম্ভ করে গ্রামের চৌকিদার পর্যন্ত সেই মহীরুহেরই নানা অংশ অতএব আর আমাদের কোন কিছু করার প্রয়োজন নেই--এই কথা বলতে পারতাম। কাজেই অবয়ব বলে যে জিনিসটা তিনি বলতে চেয়েছেন সেটা হচ্ছে এই যে জিলা পরিষদ থেকে গ্রাম সভা পর্যন্ত এই সংগঠনকে তিনি বোঝাতে চেয়েছেন তার

মধ্যে দিয়ে জনসাধারণের এবং দেশের যে গণতান্ত্রিক অধিকার তা বি-কেন্দ্রীকরণ করা যাবে। এবং সেখানে তিনি আরেকটী কথা বলেছিলেন নির্বাচন প্রসঙ্গে যে আমি বিভিন্ন নির্বাচনের ব্যাপারে বিপর্যস্ত করতে চাই না এই কথাটী তিনি বলেছিলেন। আমি স্যার, আপনাকে ১৯৩৬ সালে যখন লোকাল সেলফ গভর্নমেন্ট এই বিলটী আলোচনা হয়েছিল ১৮৮৫ অ্যাক্ট-এর যখন সংশোধন প্রস্তাব নিয়ে যখন আলোচনা হয়েছিল, সরকার পক্ষের যিনি মাননীয় মন্ত্রী ছিলেন তিনি ঠিক এই কথাই বলেছিলেন

so it will be bare waste of time and money to have election every fourth year.

ঠিক শৈলবাবুর কাছে সেদিন বৃটিশ সাম্রাজ্যবাদের যারা পদলেহন করেছিলেন তাদের যে ভাষা সেই ভাষাই আজ ১৯৬৩ সালে ৩৭ বছর পরে শৈলবাবুর মুখে শুনলাম। আশ্চর্য লাগল জনসাধারণের যে অধিকার যে ভোটাধিকার তার ভিত্তিতে নির্বাচন করতে অসুবিধাটা কোথায় এবং বিপর্যস্ত করব না এই কথা বলে তিনি আমাদের বোঝাতে চাইলেন এই ভাবে জিলা পরিষদ তৈরী হউক। আমরা তার কন্ঠস্বরে সেই সাম্রাজ্যবাদী দালালের যে কন্ঠস্বর তাই শুনব এই কথা আশা করিনি। সেজন্য সেদিনও এই যুক্তি ছিল নির্বাচনের অধিকার হরণ করবার এই সুন্দর মনোহারী কথা সেদিন ছিল। সেজন্য আমি এই সংশোধনী প্রস্তাব এনেছি যে মাননীয় মন্ত্রিমহাশয় দুটা আঞ্চলিক পরিষদকে একটা নির্বাচন ক্ষেত্র করে তার থেকে এক একজন নির্বাচিত ব্যক্তিকে নিয়ে এই জেলা পরিষদ তৈরী হলে অধিকতর এবং সঙ্গত ভারতবর্ষের সংবিধানে যে অধিকার আছে তদনুযায়ী এই জেলা পরিষদকে তৈরী করা যাবে। তাহলে একটা জিনিষ হবে যে সেই সমস্ত নির্বাচন ক্ষেত্র থেকে যে সমস্ত নির্বাচিত ব্যক্তি আসবেন তারা তাদের নির্বাচন ক্ষেত্রগুলিকে পরিষ্কারভাবে সেবা করতে পারবেন, দেখাশুনা করতে পারবেন এবং অভাব অভিযোগগুলির প্রতিকারের চেষ্টা করতে পারবেন। কোন একটা প্রেসিডেন্ট বা অধ্যক্ষ নির্বাচিত হয়ে যাবার পর তাদের যে অঞ্চল সেই অঞ্চলে তাদের পরিচিতি আছে অন্য অঞ্চলে তাদের পরিচিতি থাকবেনা সেখানকার অভাব অভিযোগ সেখানকার সম্বন্ধে কাজ করবার যে সমস্ত প্রেরণা সেই প্রেরণা তার পক্ষে স্বাভাবিক নয়। মানুষ তার সীমাবদ্ধ গন্ডীর মধ্যে অধিকাংশ সময় কাটাতে বাধ্য হয় এবং সেখানকার সুখ দুঃখের অংশীদার রূপে তার কর্তব্য তিনি পালন করে যান। কাজে কাজেই নিজের যে অঞ্চল সেই অঞ্চলের বাহিরে তার কোন মমত্ব থাকা স্বাভাবিক নয় যদিও তিনি খুব হৃদয়বান মানুষ হন খুব দূরদৃষ্টি থাকে তাহলে হয়ত মেকানিক্যাল কিছু কাজ করবার প্রেরণা হয়ত তার আসতে পারে কিন্তু সেখানকার মানুষের সুখদুঃখের প্রতিকার করবার জন্য ভিতর থেকে যে প্রেরণা তার পক্ষে আসা সম্ভব নয়। এই কারণে নির্বাচনের মাধ্যমে সমস্ত এলাকার লোক সেই জেলা পরিষদে যদি আসতে পারে তাহলেই মাত্র জেলা পরিষদের যে সমস্ত কাজ তা করা যাবে। আমি আরেকটা কথা বলেছি যেটা মাননীয় মন্ত্রিমহাশয়ের বিলের মধ্যে আমি দেখিনি সেটা হচ্ছে যে এই জেলা পরিষদে জেলা মেডিক্যাল অফিসারকে নেবার কথা। এবং এই ব্যক্তি না থাকলে এই জেলার এবং এই প্রতিষ্ঠানের যে স্বাস্থ্যের দিক আছে তা অবহেলিত হবে। সেই জন্য আমি এই প্রস্তাব দিয়েছি। তারপর তার যে এ্যাসোসিয়েট মেম্বার প্রভৃতি আছে সেগুলি সম্পূর্ণভাবে থাকা উচিত। কারণ সেখানকার যারা শাসক যে সমস্ত অফিসার না থাকলে সেখানকার কাজকর্ম ভাল ভাবে হবে না আমি সেজন্য সেগুলি রেখেছি। এখন আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই সংশোধনী রাখছি। আশা করি মাননীয় মন্ত্রিমমহাশয় আমার প্রস্তাব বিবেচনা করে দেখবেন।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপুটী স্পীকার স্যার, এই ৪ নম্বর ধারাটা এই বিলের অত্যন্ত গুরুত্বপূর্ণ ধারা—এইজন্য যে এই ধারার ভিতর দিয়ে জেলা পরিষদ গঠন করার নির্দ্দেশ আছে। স্যার, আমি আমার এ্যামেন্ডমেন্টগুলি মুভ করার আগে আমি এই ক্লজ সম্বন্ধে দুই চারটা কথা বলতে চাই। স্যার, এই ক্লজে আছে যে জিলা পরিষদ কিভাবে গঠিত হবে প্রথম বলেছেন আঞ্চলিক পরিষদের সভাপতিদের নিয়ে তারপর নির্বাচিত অধ্যক্ষ প্রত্যেক সাবডিভিশান থেকে দুইজন করে এম এল এ, এম এল সি এবং এম পি দের নিয়ে তার সাথে আছে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান অথবা

করপোরেসন-এর মেয়র, জেলা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ইত্যাদি। স্যার, একটা জিনিস লক্ষ্য করা যাবে যে যতগুলি সদস্য এই জেলা পরিষদে এই রুল অনুযায়ী নির্বাচিত অথবা মনোনীত হবেন প্রত্যেকের কিন্তু একটা করে আলাদা ডিউটী আছে। অর্থাৎ আঞ্চলিক পরিষদের যিনি সভাপতি তিনি স্বতঃই অর্থাৎ এক্স-অফিসিও হিসাবে এই জেলা পরিষদের সদস্য নির্বাচিত হবেন। তার একটা দায়িত্ব আছে আগে থাকতেই। হয় তিনি অঞ্চল প্রধান আর না হয় তার আঞ্চলিক পরিষদের সভাপতি হিসাবে সেই আঞ্চলিক পরিষদের কাজকর্ম তাকে করতে হচ্ছে। অর্থাৎ এই জেলা পরিষদের সভ্য হিসাবে যে কাজটা সেটা তার উপর চাপিয়ে দেওয়া হচ্ছে তার যে হিসাবে তিনি নির্বাচিত হয়েছেন তাছাড়াও একটা আইন করে তার উপরে কাজ চাপিয়ে দেওয়া হচ্ছে। এর পরে অধ্যক্ষ যারা জেলা পরিষদের সভ্য হচ্ছেন তাদের গ্রাম পঞ্চায়েতের কাজ দেখতে হবে এবং গ্রাম পঞ্চায়েতের কাজ দেখবার জন্যই তারা অধ্যক্ষ হিসাবে নির্বাচিত হয়েছেন এই সদস্যর কাজটা তাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। ঠিক সেই ভাবে এম এল এ, এম এল সি এবং এম পি, ডিস্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান, ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের প্রেসিডেন্ট, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, কর্পোরেসান-এর মেয়র ইত্যাদি প্রত্যেকটা সদস্য দেখা যাচ্ছে যে তাদের একটা করে মুখ্য কাজ আছে এটা সকলেই গৌন হিসাবে ধরে নেবেন, ধরে নিতে বাধ্য হবেন। একটা আইন করে তাদের উপর কাজ চাপিয়ে দেওয়া হচ্ছে।

[2-50—3 p.m.]

এবং তাদের ইচ্ছায় তাদের হাতে সমস্ত ক্ষমতা অর্পণ কর। ইউনিভার্সিটি বিলে সেইভাবে একটা পিভট্ তৈরী করা হয়েছে, কিন্তু এর মধ্যে কোন পিভট্ নেই। অর্থাৎ এমন কোন মানুষ নেই বা থাকবেনা মুখ্যতঃ ইলেকটেড যারা নাকি এই জেলা পরিষদ-এর সমস্ত কাজ চালাবেন। কিন্তু মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে আমরা দেখছি যিনি চেয়ারম্যান তিনি কমিশনার হিসেবে নির্বাচিত হয়ে পরে চেয়ারম্যান হচ্ছেন এবং সেইভাবেই মেয়র হচ্ছেন। কাজেই দেখা যাচ্ছে এটা একটা নূতন ধরণের বিল এবং এরকম ধরণের আইন অন্ততঃ ষ্ট্যাটুট করে এমন কোন সংস্থার হয়নি যার উপর এরকম ধরণের ক্ষমতা দিয়ে এরকম একটা সংস্থা তৈরী করা হচ্ছে। তাই আমার মনে হয় যে উদ্দেশ্যে এটা করা হচ্ছে সেই উদ্দেশ্য এর দ্বারা সাধিত হবে না। তবে যদি বুঝতাম যে এর মধ্যে এমন ৩।৪ জন আছেন যাঁরা মুখ্যতঃ এর জন্য কাজ করবেন তাহলে কিছুটা আস্থা রাখা যেত। কাজেই মন্ত্রিমহাশয় যতই বলুননা কেন অন্য রকম দৃষ্টিভঙ্গী দিয়ে যদি এই বিলকে ঢেলে না সাজান বা সম্পূর্ণরূপে পরিবর্তন না করেন তাহলে যে কাজ করবার জন্য এটা গঠিত হচ্ছে সেটা হবে না। স্যার, আমরা চেয়েছিলাম এবং ফার্ষ্ট রিডিং-এ বলেছিলাম যে জেলা পরিষদে যদি অ্যাডাল্ট ফ্রানচাইজ-এর ভিত্তিতে নির্বাচন হয় তাহলে যাঁরা নির্বাচিত হবেন তাঁদের উপর একটা স্পেসিফিক দায়িত্ব থাকবে! কিন্তু দুঃখের বিষয় মন্ত্রিমহাশয় সেটা গ্রহণ করেননি। যাহোক, যেভাবে তিনি বিল পাশ করতে চলেছেন তাতে আমরা মনে করি যে উদ্দেশ্য নিয়ে তিনি এটা করতে চাচ্ছেন সে উদ্দেশ্য সাধিত হবেনা। তারপর, আই ড় নট মুভ অ্যামেণ্ডমেণ্ট নাম্বার ১২০। এর কারণ হোল আমি যেটা সংশোধন করতে চেয়েছিলাম তাতে প্রথমে আমি ভালভাবে দেখিনি কিন্তু এখন দেখছি ৫ ধারার ২ উপধারায় সেটা দেওয়া আছে। এবারে স্যার,

Sir, I beg to move that in clause 4(1)(b), line 4, for the word "Adhyakshas" the word "Panchayats" be substituted.

I also move that in clause 4(1)(b), line 5, the words "from among themselves" be omitted.

I also move that in first proviso to clause 4(1)(b), line 5, for the word "Adhyakshas" the word "Panchayats" be substituted.

I also move that in first proviso to clause 4(1)(b), lines 5 and 6, the words "from among themselves" be omitted.

I also move that in second proviso to clause 4(1)(b), line 2 for the words "Adhyakshas" the word "Panchayats" be substituted.

I also move that in second proviso to clause 4(1)(b), lines 6—12, the words beginning with "and in the case Adhyakshas" and ending with "duly elected member" be omitted.

I also move that in clause 4(1)(d), lines 2 and 3, for the words "appointed by the State Government" the words "elected by the Councilors or Commissioners of Corporation or Municipality at such time and in such manner as may be prescribed" be substituted.

স্যার, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫ একসংগে বলছি। এখানে অধ্যক্ষ নির্বাচন করার কথায় বলা হচ্ছে যে দুইজন অধ্যক্ষ প্রত্যেক সাব-ডিভিসন-এর অধ্যক্ষদের দ্বারা নির্বাচিত হবেন। এখানে আমার বক্তব্য হচ্ছে এটাকে এইভাবে কিছুটা ডেমোক্রাটাইস্ করবার চেষ্টা করুন যে, অধ্যক্ষ যাঁরা নির্বাচিত হবেন তাতে গ্রাম পঞ্চায়েতে যাঁরা নির্বাচিত হবেন তাঁরা ভোটার থাকবেন - অধ্যক্ষরা শুধু নির্বাচিত হতে পারবেন। এটাই আমার বলার মুখ্য উদ্দেশ্য এবং সেইজন্য এ্যামেণ্ডমেন্ট দিয়ে বলেছি যে ক্লজ ফোর বি উপধারায় যে কয়টা জায়গায় অধ্যক্ষ নির্বাচনের কথা আছে সেখানে পঞ্চায়েত দেওয়া হোক এবং ফ্রম এ্যামংস্ট দেমসেলভস্ কথাটা দেওয়া হোক। আমর এ্যামেণ্ডমেন্ট-এর মধ্যে এ ছাড়া আর কিছু নেই এবং এর দ্বারা বিলের মধ্যে নির্বাচন করার ক্ষমতাকে সম্প্রসারিত করা যাবে।

এই যে আমাদের উদ্দেশ্য এর দ্বারা বড় কিছু পরিবর্তন হবেনা, তবে কিছুটা ডেমোক্রাটিক রাইটস্ এক্সটেণ্ডেড হবে। এর পরে আমার যে এ্যামেণ্ডমেণ্ট আছে ১২৬ নম্বর তাতে ৪ নম্বর ধারার বি উপধারার দুইটি প্রভাইসোর শেষ কটি লাইন বাদ দিতে চাচ্ছি। এজন্য চাচ্ছি বিলে আছে যে কোন অধ্যক্ষকে যদি নির্বাচিত করতে হয়, একটা স্পেসিফিক টাইমের মধ্যে যদি ফেইল করে তাহলে সরকার সেই অধ্যক্ষকে নির্বাচন করে দেবেন, তাঁরা যে কোন অধ্যক্ষকে মনোনীত করে দেবেন। এটা আমি বাদ দিতে চাচ্ছি। আমি এটা বুঝতে পাচ্ছি না, একটা রুল যদি করা হয় যে একটা সাব-ডিভিশনে অধ্যক্ষ একজন নির্বাচিত হবেন এবং সেই স্পেসিফিক টাইমের মধ্যে করতে কেন ফেইল করবে? মনে করুন ইলেকশন কমিশনার একটা নোটিফিকেশন করে দিলেন যে অমুক তারিখে ইলেকশন হবে, একবার কি দুবার যদি ফেইল করে ইলেকশন করতে তাহলে কি আমরা থার্ড টাইমে একজন এম-এল-এ নমিনেট করে দিই? কাজেই এই কয়টি লাইন রাখার যৌক্তিকতা বুঝিনা। যদি প্রথমবার ফেইল করে তাকে দ্বিতীয়বার চান্স দিতে হয়, দ্বিতীয়বার যদি ফেইল করে তবে সরকার মনোনীত করে দেবেন কেন? আর ফেইলই বা করবেন কেন? যতবার লাগবে ততবার তাকে চান্স দিতে হবে। আমাদের যদি কোন এম-এল-একে নির্বাচন করতে হয় এবং যে কোন কারণে আমরা ফেইল করি দুবার ফেইল করি তাহলে কি সরকার মনোনীত করে দেবেন? প্রথমতঃ ফেইল-এর প্রশ্ন হতে পারে না, দ্বিতীয়তঃ যদি হয় তাহলেও সরকার কেন মনোনীত করে দেবে? এরকম একটা উদাহরণ কি দিতে পারেন প্রত্যক্ষ হোক অপ্রত্যক্ষ হোক কোন নির্বাচন ফেইল করলে সরকার সেটা মনোনীত করে দেবেন? এর কোন মানে হয় না। এটা থাকা উচিত নয়। কাজেই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এটা সম্পূর্ণরূপে বাদ দেওয়ার জন্য। প্রথমতঃ ফেইলতো কেউ করবেনইনা, দ্বিতীয়তঃ যদি কেউ করে তাহলে তাকে সেই সুযোগ দিতে হবে।

তারপর ১২৭ নম্বর এ্যামেণ্ডমেণ্ট, সেটা হচ্ছে একজন চেয়ারম্যান

'a Chairman of a Municipality or Mayor of a Municipal Corporation in the district will be appointed by the State Government.'

আমার প্রশ্ন হচ্ছে নমিনেশনের প্রশ্ন কেন রাখলেন, সিলেক্ট কমিটির উচিত ছিল এটা করা যে কোন ওয়েতে ইনডাইরেক্ট ইলেকশন করা। আঞ্চলিক পরিষদের অধ্যক্ষকে নমিনেট করলেন এক্স-অফিসিও, সেখানে দুজন উইমেন কো-অপ্ট করছে, সেখানে কেন ষ্টেট গভর্ণমেণ্টের নমিনেশনের প্রশ্নটা রাখছেন? আমার মনে হয় এখানে যদি এরকম করে যে কোন ডিষ্ট্রিক্ট মিউনিসিপ্যাল কমিশনার্স উইল ফর্ম এ্যান ইলেক্টরিয়েল কলেজ। চেয়ারম্যান অব দোজ মিউনিসিপ্যালিটিজ যারা কেণ্ডিডেট দিতে পারবেনা ইলেক্ট করবে। এই রকম একটা ব্যবস্থা থাকলে আমার মনে হয় মিউনিসিপ্যালিটিতে ষ্টেট গভর্ণমেণ্টের নমিনেশনের প্রয়োজন

হয়না। মনে করুন ২৪টি জেলা, সেখানে ১০।১২ জন মিউনিসিপ্যাল কমিশনার্স ছিলেন দে ফর্ম ইলেক্টরেল কলেজ, সেখান থেকে একজন ইলেক্টেড হবে, কিন্তু চেয়ারম্যান যিনি আছেন তিনি ইলেক্টেড হতে পারেন কিন্তু একজন চেয়ারম্যানকে সরকার নমিনেট করার যে দায়িত্ব নিচ্ছেন আমি মনে করি এটা অন্যায়।

[3-00—3-25 p.m.]

সেজন্যে আমি আমার এই এ্যামেণ্ডমেণ্ট রাখছি যে এখানে একটা নির্বাচনের বন্দোবস্ত করা হোক। যাই হোক এটা আপনার সামনে পেশ করলাম মন্ত্রিমহাশয় যেন বিবেচনা করেন।

Shrimati Ila Mitra:

স্যার, একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ই এম ই কারখানার শ্রমিকরা যারা দীর্ঘদিন স্ট্রাইক করে আসছে আজকে তারা মিছিল নিয়ে এখানে এসেছেন। মুখ্যমন্ত্রীর বা শ্রমমন্ত্রীর সংগে তারা কথা বলবেন। আপনি দয়া করে মন্ত্রীমহাশয়দের এবিষয়ে অবহিত করুন।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[3-25—3-35 p.m.]

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 4(1)(d), line 3, for the words "by the State Government" the words "by the Zilla Parishad", be substituted.

Sir, I also beg to move that in clause 4(1)(f), line 2, for the words "State Government" the words "Zilla Parishad", be substituted.

আমার এ্যামেণ্ডমেণ্ট অত্যন্ত সহজ। নমিনেশন-এর জায়গায় ইলেকশন-এর কথা বলতে চাইছি। ইলেকসন ঠিক নয়। যেখানে ষ্টেট গভর্ণমেণ্ট য়্যাপয়েণ্ট করবেন সেখানে জেলা পরিষদ য়্যাপয়েন্ট করুন—যেখানে মিউনিসিপ্যাল চেয়ারম্যান ষ্টেট গভর্নমেন্ট য়্যাপয়েন্ট করবেন বলেছেন সেখানে জেলা পরিষদ য়্যাপয়েণ্ট করুন—নমিনেট করুন, কো-অপ্ট করুন—যা ইচ্ছা করুন। ২৩৮ নং এ্যামেণ্ডমেণ্ট এতে ওই কথা বলা হয়েছে। যেখানে মেয়েদের উন্নয়ানদের ব্যাপারে ষ্টেট গভর্ণমেণ্ট-এর পক্ষ থেকে য়্যাপয়েণ্টমেণ্ট সেখানে অন্য মনোনয়ন য়্যাপয়েণ্টমেণ্ট তুলে দিয়ে জেলা পরিষদ যদি প্রয়োজন মনে করেন কো-অপ্ট করা তারা কো-অপ্ট করে নেবেন।

Shri Bhakti Bhusan Mondal:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই ক্লজ ৪ সম্বন্ধে বলতে গিয়ে আমি বলতে চাই যে যেমন ইণ্ডিয়ান কনষ্টিটিউশন একটা তৈরী হয়েছে যাতে পৃথিবীর অনেক জায়গার অনেক কনস্টিটিউসন-এর কতকগুলি সাম য়্যাণ্ড সাবস্ট্যান্স নেওয়া হয়েছে, ঠিক তেমনি লক্ষ্য করে দেখলাম রাজস্থানের যে জেলা পরিষদ অ্যাক্ট হয়েছে ইউ, পি'তে যে জেলা পরিষদ অ্যাক্ট হয়েছে সেগুলি সব বিবেচনা করে কোন জায়গার একটা পয়েণ্ট নেওয়া হয়েছে, আর এক জায়গার আর একটা পয়েণ্ট নেওয়া হয়েছে এই ভাবে জেলা পরিষদ কম্পোজ করার চেষ্টা হয়েছে। কিন্তু যেখানে খুব ডেমোক্রাটিক ওয়েতে ক্লজ করা হয়েছে অন্য জায়গায় সেগুলি মোটেই নেওয়া হয়নি।

আমার এ্যামেণ্ডমেণ্ট আছে ৪(ডি) এবং ক্লজ ৪(ই)-এর উপর। এই ধারাতে আমার স্পেসিফিক এ্যামেণ্ডমেণ্ট দেওয়া আছে। আমি এখানে বলতে চেয়েছি যে এটা ওমিট করা দরকার। এটা এইজন্য বলেছি যে যদি এই বিলটি ভালভাবে দেখা যায় তাহলে দেখা যাবে যে Municipality has nothing to do.

সেইখানে আমরা দেখতে পাচ্ছি ঐ এ্যামেণ্ডমেণ্টগুলি কার্যকরী করলে আমি মনে করি....

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আপনি কি বলছেন—ঠিক করে বলুন।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আমরা এখনও এ্যামেণ্ডমেণ্টগুলি পাই নি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা আশা করেছিলাম যে ২ টার মধ্যে এ্যামেণ্ডমেণ্টগুলি এসে যাবে—উনি যেটা বলতে চাচ্ছেন......

মিঃ ডেপুটি স্পীকারঃ ঐ যে এসে গেছে।

This is being circulated. You may move the amendments, Mr. Mondal.

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আমি কয়েকটি কথা বলছি এই ক্লজ ফোরে এবং এ্যামেণ্ডমেণ্টসগুলি মুভ করছি।

Sir, I beg to move that clause 4(1), item (d) be omitted.
I also move that clause 4(1)(e) be omitted.

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ আপনি কোন এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে বলছেন?

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আমি বলছি ৪ ডি এণ্ড ই। এ্যামেণ্ডমেণ্ট নং ১৫৬--আমার আর একটা আছে—মোট দুটা এ্যামেণ্ডমেণ্ট ছিল—যাক খুঁজে পাচ্ছি না যাহোক আমি বলছি যে চেয়ারম্যান সম্বন্ধে বলা হয়েছে যা তাতে দেখছি যে চেয়ারম্যানের কিছু করার নেই-কারণ মিউনিসিপ্যালিটিকে যদি ইনক্লুড না করা হয় তাহলে এটা বোঝা যাচ্ছে রুর‍্যাল প্রাইমারী এডুকেশন এ্যাক্টে যেমন মিউনিসিপ্যালিটিকে বাদ দেওয়া হয়েছে সেখানে কেন চেয়ারম্যানকে নিতে চান? যদিও সেটা মনোনয়ন করা হয়েছিল তবুও সেখানে কোন চেয়ারম্যান রাখার প্রভিসন নেই। কাজেই আমি বলছি যে এই চেয়ারম্যানকে কেন রাখা হোল সেটা বুঝতে পারলাম না এবং এটা অপ্রাসঙ্গিক হচ্ছে কিনা সেটা দেখুন—হয়তো উনি টাউনে আছেন বলে করেছেন কিনা তা ঠিক বুঝতে পারছি না।

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ আপনাকে বোঝাবার চেষ্টা করবো—অবশ্য বোঝাতে পারবো কিনা জানি না।

শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ নিশ্চয়ই পারবেন যদি রিজনেবলি বোঝাবার চেষ্টা করেন তাহলে নিশ্চয়ই আমরা বুঝবো আর যদি সেল্‌ফ ইনটারেষ্ট নিয়ে বোঝাবার চেষ্টা করেন তাহলে আমি বুঝবো না। হাওড়া মিউনিসিপ্যালিটিতে বাস করেন বলে আপনি মনে করছেন যে একটা মিউনিসিপ্যালিটি রাখা দরকার তাহলে ঠিক হবে না। কারণ প্রাকটিক্যালি জেলা পরিষদ হচ্ছে এক্সকুলুসিভলি দি মিউনিসিপ্যাল এরিয়া সেটাতে রুর‍্যাল এরিয়ার রিপ্রেজেণ্টেটিভ থাকা উচিত। এবং কোন রকমেই এখানে আরবেন এরিয়ার রিপ্রেজেণ্টেসন থাকার দরকার নেই। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে—এ চেয়ারম্যান অব দি মিউনিসিপ্যালিটি—অর্থাৎ ১০।১২।২০ যটাই মিউনিসিপ্যালিটি থাকুক একজনকে দেওয়া হবে। এখানে আমাদের প্রাকটিক্যাল এক্সপিরিয়েন্স থেকে আমরা জানি- এটা এইজন্য করা হয়েছে যে যদি দেখা যায় সবগুলি লেফটিষ্ট চেয়ারম্যান হয়েছে আর একমাত্র কংগ্রেস হয়েছে একটিতে তাহলে হয়তো এ্যাপয়েণ্ট পাবে ঐ একটি—এ রকম এক্‌জাম্পল আমরা দিতে পারি। যেমন বীরভূম জেলাতে তিনটি মিউনিসিপ্যালিটি আছে আর-টি-এ-এর মেম্বারের ব্যাপারে —যেখানে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান থাকবে-সেখানে দেখা গেল সিউড়িতে কংগ্রেস সিউড়িকে দেওয়া হোল, বোলপুরে কংগ্রেস বোলপুরকে দেওয়া হোল কিন্তু যেহেতু রামপুরহাট নন-কংগ্রেস রামপুহাটকে আর মেম্বার করা হোল না।
সেই রকম এটার একটা ইণ্টেনসান থাকবে। এ চেয়ারম্যান অব এ মিউনিসিপ্যালিটি এই কথাটা উনি কি মিন করতে চাইছেন? সমস্ত মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানদের মধ্যে যদি একজনকে করা হয় এই যদি মিন করতে চান তাহলে সেটা তাঁদের ফেভারিট থাকবে তাঁকেই নমিনেশান দেওয়া হবে অন প্রিন্সিপল। সেজন্য আমরা অনেক সময় বলেছি যে নমিনেশান আমরা পছন্দ করিনা এবং নমিনেশান দেওয়া উচিৎ হবে না। তার অনেক কারণ আছে, বিশেষ করে একটা কারণ আমি বলছি সেটা হচ্ছে ডেমোক্র্যাটিক কারণ। এই কারণে নমিনেশান দেওয়া কোন গভর্ণমেণ্টের উচিৎ নয় বিশেষ করে যখন এটা ডিসেণ্ট্রালাইজ করা হচ্ছে তখন নমিনেশান না

দিলেই ভাল হয়। আমার আর একটা এ্যামেন্ডমেন্ট আছে সেটা হচ্ছে স্কুল বোর্ডের প্রেসিডেণ্টকে এক্স-অফিসিও মেম্বার করা হবে না। স্কুল বোর্ডের প্রেসিডেণ্টকে এক্স-অফিসিও মেম্বার করা বোধ হয় ঠিক নয়। তার কারণ হচ্ছে এই স্কুল বোর্ডে প্রেসিডেণ্ট এগজিকিউটিভ হেড আছেন, আর ডি আই হচ্ছেন স্কুল বোর্ডের সেক্রেটারী। আমরা প্রথমেই বলেছি যে স্কুল বোর্ডকে এর ভেতরে আনা প্রয়োজন। কারণ স্কুল বোর্ডকে যদি না আনা যায় তাহলে জেলা পরিষদের যে কি মানে হবে তা আমরা নিজেরাই বুঝতে পারছি না। কারণ, ম্যাক্সিমাম টাকাটা জেলার স্কুল বোর্ডে খরচ হয়। আমাদের বীরভূম জেলা একটা সামান্য ছোট জেলা। কিন্তু সেখানে ৫২ লক্ষ টাকা স্কুল বোর্ডে হয়। আরো যেসব হেড আছে সেখানে ৫২ লক্ষ টাকার অবস্থা নেই। এখন সেখানে সাম টোটাল করলে দেখা যাবে ২০ লক্ষ টাকা আছে কিনা। মেজর হেড যেটা সেটা যদি বাদ যায় তাহলে জেলা পরিষদের মাধ্যমে যেটা উনি প্রথমে বিলটা ইণ্ট্রোডিউস করার সময় বলেছেন যে ডেমোক্র্যাটিক ডিসেণ্ট্রালাইজেসান করছি আমার মনে হয় সেটা সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে; বিশেষ করে স্কুল বোর্ডের প্রেসিডেণ্টকে রাখার কোন রকম যুক্তি আছে বলে আমরা মনে করি না। আর যদি থাকেন তাহলে তাঁকে উইথ ভোটস্ এই পাওয়ারই বা কেন দেওয়া হবে? যেমন এস ডি ও'কে করা হয়েছে, ডিষ্ট্রিক্ট পঞ্চায়েত অফিসারকে করা হয়েছে তেমনি প্রেসিডেণ্টকে এ্যাসোসিয়েটেড মেম্বার করতে পারতেন। এমন কতকগুলি লোককে করা প্রয়োজন ছিল যেমন ডিষ্ট্রিক্ট এগ্রিকালচারাল অফিসারকে এদিকে টেকনিক্যাল এক্সপার্ট হিসাবে এ্যাসোসিয়েটেড মেম্বার করা উচিৎ ছিল। সেজন্য বলছি উনি এই দুটো সম্বন্ধে কন্সিডার করে দেখবেন বিশেষ করে যেখানে।

Principle of nomination is involved.

দেখবেন যাতে এগুলি অমিট করা যায় এবং সেটা করলে আমি মনে করব ঠিক করা হবে।

Shri Balai Lal Das Mahapatra: I move that clause 4(1)(a) be omitted.

I move that after clause 4(1)(a) the following new clause be inserted.—"(a) one member elected from each electoral College constituted by the members of Gram Panchayats and Anchal Panchayats in each block area".

I move that clause 4(1)(b) be omitted.

I move that in clause 4(1)(d), lines 1—3, for the words "a Chairman of a municipality or a Mayor of a municipal corporation in the District appointed by the State Government", the words "a member elected from commissioners of the municipalities and councillors of the municipal corporation in the district as may be prescribed" be substituted.

I move that clause 4(1)(e) be omitted.

I move that clause 4(1)(f) be omitted.

I move that after clause 4(1)(f) the following be added.—"(g) two primary teachers elected from the registered primary teachers' organizations in the district as may be prescribed."

I move that after clause 4(2)(b) the following be added.—"(c) two women having a place of residence in the district appointed by the State Government from the State recognized female organizations,

"(d) two persons belonging to a backward community, having a place of residence in the district, appointed by the State Government,

"(e) the district inspector of schools,

"(f) two primary teachers, having a place of residence in the district, appointed by the State Government from the State recognized primary teachers' organizations."

[3-35—3-45 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:
মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই ৪নং ধারার উপর অনেকগুলি সংশোধনী প্রস্তাব এনেছি। সেদিন ফার্স্ট রিডিং-এ এই ৪ নম্বর ধারাকে উপলক্ষ করে যে কথা বলেছিলাম আজ আবার সেই কথাই বলছি যে এই ৪ নম্বর ধারাটা হচ্ছে জেলা পরিষদের মূল কাঠামো। এই কাঠামো প্রকৃত প্রস্তাবে গণতন্ত্র বিকেন্দ্রীকরণের যে উদ্দেশ্য সেটা সফল করতে পারবে কিনা সেটা আমাদের বিশেষ করে বিচার করে দেখতে হবে। আমি দেখতে পাচ্ছি যে এই ৪ নম্বর ধারাটা গণতন্ত্র বিকাশের পথে প্রতিবন্ধক হয়ে দাঁড়াবে। কারণ, এর মধ্যে এক্স-অফিসিও এমনভাবে আনা হয়েছে, গভর্ণমেন্ট এ্যাপয়েন্টেড মেম্বার এমনভাবে রাখা হয়েছে যার ফলে গ্রাম পঞ্চায়েতের যে মুখ্য উদ্দেশ্য ছিল গ্রাম পঞ্চায়েতগুলিকে সম্পূর্ণভাবে ক্ষমতায় অধিষ্ঠিত করতে হবে, তার স্বায়ত্ব-শাসন দিতে হবে, গান্ধীজীর যে স্বপ্ন ছিল অথবা প্রধানমন্ত্রী যেটা ঘোষণা করেছিলেন তা সব ব্যর্থ হবে।

সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে মূল জিনিষের প্রতি লক্ষ্য রাখবার জন্য বিশেষভাবে অনুরোধ করে কতকগুলি এ্যামেণ্ডমেন্ট আনছি সেগুলি বিশেষভাবে বিবেচনা করে দেখবেন। আমার প্রথম হচ্ছে যেখানটায় বলা হয়েছে সাবক্লজ (এ)তে কেবল প্রেসিডেন্টদের তিনি এক্স-অফিসিও করে আনবেন, সেখানে আমি বলেছি, আমার এ্যামেণ্ডমেন্টটা হচ্ছে,

one member elected from each electoral college constituted by the members of Gram Panchayats and Anchal Panchayats in each block area.

ব্লক এরিয়ার মাঝখানে যতগুলি গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত আছে তার যাঁরা মেম্বার তাঁদের নিয়ে একটা ইলেকটোরাল কলেজ করা হবে এবং তার মধ্যে থেকে একজন সদস্য নির্বাচিত হয়ে জেলা পরিষদে আসবে। এর উদ্দেশ্য হচ্ছে এই যে তাহলে অন্ততঃ পক্ষে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের যে সকল সদস্য আছেন তাঁদের প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে অন্ততঃ পক্ষে যে সদস্যটি গেলেন তাঁকে অন্ততঃ জবাবদিহি করতে পারবেন এবং জেলা পরিষদের প্রতি যে তাঁদের দায়িত্ব আছে সেটাকে তাঁরা আরো প্রকাশ করতে পারবেন এবং সকলের মধ্যে একটা উৎসাহ সৃষ্টি হবে। যখনই গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের সদস্যগণ জেলা পরিষদের জন্য একজন সদস্য নির্বাচন করবেন তখনি তাঁরা মনে করতে পারবেন আমরা জেলা পরিষদের এই দায়িত্ব পালন করবার জন্য তাঁকে এবং যিনি সদস্য গেলেন তিনি মনে করবেন যে ব্লক এরিয়ার প্রতি তাঁর দায়িত্ব রয়েছে। এইজন্যই আমি এই প্রস্তাবটা এনেছি। অতএব মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বলছেন যে একজন অঞ্চল পঞ্চায়েত থেকে প্রেসিডেন্ট পাঠিয়ে দেবেন, তাঁর দ্বারা এই উদ্দেশ্য সফল হবে না। কারণ সেই আঞ্চলিক প্রেসিডেন্টের যে কতখানি দায়িত্ব আছে, একথা অনেকেই আলোচনা করেছেন, আমিও বলছি তাঁর প্রত্যক্ষ কোন দায়িত্ব থাকবে না, না সেই জেলা পরিষদের প্রতি, না সেই অঞ্চলের প্রতি। এইজন্য আমার এই সংশোধনী প্রস্তাবটি তিনি বিশেষভাবে বিবেচনা করে দেখবেন।

তারপরে আমি ৫৫তে বলেছি (বি)টাকে ওমিট করতে বলেছি। তাতে হচ্ছে কি, যে অধ্যক্ষদের সম্বন্ধে তিনি দুইজন করে অধ্যক্ষ এক একটি সাবডিভিশন থেকে নির্বাচনের কথা বলেছেন, আমি সেই কারণেই বললাম, সেখানকার যে সকল অধ্যক্ষ এবং প্রধান সকলেইত নির্বাচনের মধ্যে চলে আসছে কাজেই আর নির্বাচনের কোন প্রয়োজন নেই। কারণ অঞ্চলের যারা মেম্বার এবং গ্রাম পঞ্চায়েতের যারা মেম্বার তারা নির্বাচনের মধ্যে দিয়েই এলেন। কাজেই সেখানে অধ্যক্ষকে আবার নির্বাচনের মধ্যে দিয়ে আনবার কোন প্রয়োজন নেই।

তারপর আমি ১৫৭তে বলতে চাই, (ডি)তে তিনি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং কর্পোরেশনের চেয়ারম্যান সম্বন্ধে বলেছেন, আমার সেখানে বক্তব্য হচ্ছে যে সমস্ত কমিশনার এবং কর্পোরেশনের যাঁরা কাউন্সিলার তাঁদের সকলকে নিয়ে সেই জেলার মধ্যে যতজন আছেন তাঁদেরকে নিয়ে একটা নির্বাচনের ব্যবস্থা করতে হবে। এবং সেই কাউন্সিলার ও কমিশনারদের মধ্যে থেকে একজনকে নির্বাচন করে আনতে হবে। এই হচ্ছে আমাদের নূতন কথা। উনি যেটা বলতে চাচ্ছেন, হয়ত তাঁর দলের লোক হতে পারে, আমি সেই সন্দেহ প্রকাশ করবো না, আমি বলতে চাচ্ছি যতজন কমিশনার এবং যতজন কাউন্সিলার আছেন তাঁদের সকলকে নিয়ে প্রাকটিকেলি

সেখানে একটা ইলেকটোরাল কলেজের মত হবে এবং তাঁদেরই সেই কাউন্সিলার ও কমিশনারদের ভিতর থেকে একজনকে নির্বাচন করে একজন প্রতিনিধি সেখানে আসবে। এই কথা আমি এই ধারায় বলতে চাচ্ছি।

তারপর (ই)তে আমি বলতে চাচ্ছি, প্রেসিডেন্ট অব দি ডিস্‌ট্রিক্ট স্কুল বোর্ড এক্স-অফিসিও, এরজন্য আমার ঘোর আপত্তি আছে। আমি সেদিনও আপত্তি করেছিলাম এবং একেবারে এটাকে অমিট করে দিতে বলেছিলাম। অর্থাৎ স্কুল বোর্ডের আমি অস্তিত্বই রক্ষা করতে চাচ্ছি না। আমি চাচ্ছি যে মুহূর্তে এই জেলা পরিষদ বিল আইনে পরিণত হবে, হবার সংগে সংগে ১৯৩০ সালের যে প্রাথমিক শিক্ষা আইন তাকে বাতিল করে দিতে হবে এবং জেলা স্কুল বোর্ডগুলিকে বাতিল করে দিতে হবে। তার মূল কারণ হিসাবে আমার বক্তব্য হচ্ছে এই, আমি মনে করি গণতন্ত্র বিকাশের প্রধান অংগ হচ্ছে প্রাথমিক শিক্ষা এবং সমবায় সংগঠন। এই দুই যাতে পূর্ণভাবে তার সুযোগ গ্রহণ করতে পারে জেলা পঞ্চায়েতে এবং গ্রাম পঞ্চায়েতে তার ব্যবস্থা করতে হবে। জেলা স্কুল বোর্ড যদি থাকে তাহলে আমি মনে করি প্রাথমিক শিক্ষার কাজে জেলা পরিষদের যে দায়িত্ব সে দায়িত্ব পালন করতে পারবে না। সেখানে ক্ষমতার লড়াই চলবে। যদি তাঁরা বলেন যে জেলা স্কুল বোর্ড তাঁরা চান এবং তাতে জেলা পরিষদের কাজের কোন বাধা হবে না তাহলে অতীতের ইতিহাস থেকে দেখাতে পারি যে জেলা বোর্ড তার বিরুদ্ধে বহু আপত্তি করেছে।

আমরা এই বিধান সভায় বারবার জেলা স্কুল বোর্ড সম্বন্ধে বহু প্রকারের দুর্নীতি তার স্বজন পোষণ, তার আত্মীয় পোষণ, তার পক্ষপাতিত্ব বহু বিষয়ে আমরা আলোচনা করেছি। তার রাজ-নৈতিক দলের উর্দ্ধে থেকে তারা তাদের দায়িত্ব পালন করতে পারেননি। আমরা এটা দেখেছি এবং বিশেষ করে মেদিনীপুর স্কুল বোর্ড সম্বন্ধে বহু অভিযোগ আমরা এখানে এনেছি। এমন কোন জঘন্যতম কাজ নেই তারা যা করে না। কাজেই শিক্ষা ব্যবস্থা তার হাতে যদি থাকে তাহলে কিছুতেই প্রাথমিক শিক্ষা পরিচালিত হতে পারে না। সেইজন্য আমি চাচ্ছি গ্রাম পঞ্চায়েত যেন পূর্ণ সুযোগ প্রত্যেক কর্মী নরনারী যাতে প্রাথমিক শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। একটা শিক্ষক নির্বাচনের ব্যাপারে যদি সেখানে পক্ষপাতিত্ব করা হয় তার যদি সেখানে ঘুষের ব্যবস্থা করা হয় সেখানে যদি দুর্নীতি হয় কোথায় যদি নিজেদের স্বার্থে স্কুলকে তুলে দেওয়া হয় তাহলে কি সেখানে শিক্ষা ব্যবস্থা বিকাশ লাভ করতে পারে। আমি চাই এই জেলা পরিষদ বিল পাশ হবার সংগে সংগে স্কুল বোর্ড যেগুলি আছে তাকে বাতিল করতে হবে। এই বিলে সেটা আনা দরকার। ১৯৩০ সালে যে প্রাথমিক শিক্ষার আইন সংকুচিত আইন বৃটিশ আমলের আইন আজকে স্বাধীন দেশের জন্য সেই আইন উপযোগী নয় তাকে বাতিল করে দেওয়া হউক।

তারপরে আমি (এফ) সম্বন্ধে বলব যে সেদিন বলেছিলাম যে এই যে দুইজন মহিলাকে অ্যাপয়েন্টেড করবার কথা আছে আমি সেদিন তার তীব্র প্রতিবাদ করছি। মন্ত্রিমহাশয় আমাকে বলেছিলেন যে আপনারা কি তাদের সুযোগ সুবিধা দিতে চান না, তাদের স্বাধীনতা চান না। আমি বলি নিশ্চয়ই চাই। আমি বরং মাননীয় মন্ত্রিমহাশয়কে শ্রদ্ধার সংগে বলছি যে আপনি তাদেরকে অবলার যে কলংক ছিল আইনে তাই স্যাবস্ত করতে চাচ্ছেন। আজ আমরা দেখতে পাচ্ছি তারা রাষ্ট্রদূত হচ্ছেন, তারা গভর্ণর হচ্ছেন, তারা মন্ত্রি উপমন্ত্রি হচ্ছেন তারা সব জায়গায় সুযোগ সুবিধা নিচ্ছেন আবার আপনি তাদের অবলা বলে মনে করে তারা নির্বাচনে আসতে পারে না মনে করে অ্যাপয়েন্টেড করছেন। আমি মনে করি এটা দল বৃদ্ধির জন্য এটা করতে চাচ্ছেন। আমি সেজন্য অন্য রকম ব্যবস্থা রেখেছি আমি বলছি

two women having a place of residence in the district appointed by the State Government.

আমি এটা অমিট করে দিতে বলছি। আমি বলি আপনি তাদের নির্বাচনে দাঁড় করান আমি বিশ্বাস করি তারা নির্বাচনে আসতে পারবে।

[3-45—3-55 p.m.]

তারপর আমি ১৬১ য়্যামেন্ডমেন্ট এ আসছি আমি এখানে একটি নতুন ক্লজ যোগ দিতে চাচ্ছি। আমি বলতে চাচ্ছি

two primary teachers elected from the registered primary teachers' organisations in the district as may be prescribed.

আমি এখানে যেখানে প্রাথমিক শিক্ষার এত ব্যবস্থা সেখানে প্রাথমিক শিক্ষককে এখানে আনা হয়নি। আমি চাচ্ছি যে জেলা পরিষদের মাধ্যমে আমরা প্রাথমিক শিক্ষাকে বাংলা দেশে প্রসার করতে চেষ্টা করতে চাচ্ছি। কিন্তু প্রাথমিক শিক্ষকদের সেখানে কোন স্থান দিলাম না সেইজন্য আমি একটা নতুন ধারা এখানে যোগ করতে চাচ্ছি দুইজন প্রাথমিক শিক্ষক যাতে নির্বাচিত হয়ে আসতে পারে তার জন্য সরকার রুল তৈরী করবেন।

তারপর আমার য়্যামেন্ডমেন্ট ১৬২ এখানে বলা হয়েছে এ্যাসোসিয়েট মেম্বার সাব ডিভিশানাল ম্যাজিস্ট্রেট এটার সম্বন্ধে আমি বলি যদিও আমাদের এক বন্ধু বলে গেছেন যে ম্যাজেষ্ট্রিট না হয়ে এস ডি ও হওয়া উচিত সেটা নিশ্চয়ই মন্ত্রিমহাশয় ঠিক করে নেবেন কাজেই এ সম্বন্ধে আমার আর কিছু বলবার নাই। তারপরে ডিষ্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার এই দুইজন আছেন আমি তার সঙ্গে যোগ করতে চাচ্ছি যে য়্যাসোসিয়েট মেম্বার হিসাবে দুইজন মহিলা--কাজেই আপনি যে বলতে চাচ্ছেন আমি মহিলা বিরোধী তা নয়। আমি বলি দুইজন য়্যাসোসিয়েট মেম্বার হিসাবে আসবেন কিন্তু তাদের ভোট থাকবে না। সেজন্য

two women having a place of residence in the district appointed by the State Government from the State recognised female organizations

আপনারা ফিমেল অরগানাইজেসন থেকে দুইজন মহিলা নিন। তারপরে আমি (ডি)তে বলছি ব্যাক্ওয়ার্ড ক্লাস থেকে দুইজনকে আপনি আনুন তাদের ভোটাধিকার থাকবে না। তারপর ডিস্ট্রিক্ট ইন্সপেকটর অব স্কুলস যেখানে আপনারা স্কুল বোর্ডের প্রেসিডেন্টকে আনতে চাচ্ছেন আমি এখানে বলছি ডিস্ট্রিক্ট ইন্সপেকটর অব স্কুল তাকে নিয়ে আসুন তার পরামর্শ নিন কিন্তু তাঁর ভোটাধিকার থাকবে না। যেমন এস. ডি. ও. আছেন পরামর্শ দেবেন তেমনি তিনি পরামর্শ দেবেন। তারপর আর দুইজন প্রাইমারী শিক্ষককে য়্যাসোসিয়েট মেম্বার হিসাবে আনুন। দুই-জনকে নির্বাচনে আর এখানে দুইজনকে আনুন। এই হচ্ছে আমার মোটামুটি বক্তব্য সুতরাং মন্ত্রিমহাশয় এগুলি সম্বন্ধে বিশেষ বিবেচনা করবেন এটাই আশা করি।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ক্লজ ৪ নম্বরের জবাব দেবার আগে আপনার কাছে একটা অনুরোধ করব যে এই বিলটা প্রায় ২০ দিন আগে সারকুলেটেড হয়েছে এবং

by six batches of amendments

প্রায়ই ২৫০ উপর য়্যামেন্ডমেন্ট পেয়েছি, আজকে ধারাবাহিক আলোচনা আরম্ভ হয়ে গিয়েছে আপনার ক্ষমতার দিকে দৃষ্টিপাত করে অনুরোধ করছি আমি আজকে পর্যন্ত যা এসেছে আপনি তারপরে আর সংশোধনী প্রস্তাব গ্রহণ না করেন তাহলে আমাদের বিচার বিবেচনা করবার পক্ষে সুবিধা হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ক্লজ ফোর হচ্ছে জেলা পরিষদ বিলের আসল কথা যার উপর জেলা পরিষদের সমস্ত ভবিষ্যতে, এর গঠন এবং কর্মপন্থা নির্ভর করছে। কাজেই অধিকাংশ মাননীয় সদস্যগণ এই বিষয়ে মনোযোগ দিয়ে বহু সংখ্যক সংশোধনী প্রস্তাব যে দিয়েছেন এটা খুব স্বাভাবিক এবং গণতন্ত্র প্রথা সম্মত। আমি এই সমস্ত আলোচনা খুব মনোযোগ সহকারে শুনেছি। ৪ নম্বর ধারায় বিভিন্ন বক্তা যেভাবে সংশোধন করতে চেয়েছেন তাতে আমি দেখছি তাঁদের অনেক সংশোধনই একই রকমের। সুতরাং প্রত্যেককে আলাদা আলাদা ভাবে জবাব না দিয়ে আমি বিষয়বস্তু ভাগ করে নিয়েছি এবং তার উপরেই বলছি। তাঁদের একটি আপত্তি হচ্ছে জেলা পরিষদে জেলার মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান-কে কেন নেওয়া হচ্ছে এবং যদিও বা নেওয়া

হয় তাহলে সেখানে গভর্ণমেন্ট-এর মনোনয়ন কেন? এটা প্রাসংগিক প্রশ্ন। তবে মাননীয় সদস্যদের আমি এ ব্যাপরে জানাচ্ছি যে ভারতবর্ষে এই যে গ্রাম পঞ্চায়েতের পরিকল্পনা আছে তাত অদূর ভবিষ্যতে শহরের মিউনিসিপ্যালিটিগুলোকেও পঞ্চায়েতের মত করতে পারব এবং আজকে গ্রামের বহু সমস্যা শহরের সংগে জড়িত। যেমন জেলার জনস্বাস্থ্য একটি মূল কাজ এবং সেই কাজটি আমরা জেলা পরিষদের হাতে দিচ্ছি। কিন্তু আপনারা সকলেই জানেন যে জেলায় যখন সংক্রামক ব্যাধি গজিয়ে ওঠে সে ব্যাধির সূত্রপাত হয় শহরাঞ্চল থেকে। আজকে বিভিন্ন মিউনিসিপ্যালিটির পয়ঃপ্রণালীর বা ড্রেনেজ-এর যে অবস্থা তাতে পার্শ্ববর্তী জেলা যদি সহ-যোগিতা না করে তাহলে তার সুষ্ঠু ব্যবস্থা করা অসম্ভব। শুধু তাই নয়, একটি রাস্তা নির্মাণ করতে করতে সরকারকে সমস্যার সম্মুখীন হতে হয় কারণ জেলায় রাস্তাটি যেতে যেতে অনেক সময় মিউনিসিপ্যালিটির মধ্য দিয়ে যাচ্ছে বলে খরচের ভার নিয়ে সংঘর্ষ উপস্থিত হয়। কাজেই এইসব যুক্তি দিয়ে আমি বুঝিয়ে দিলাম যে জেলা পরিষদে মিউনিসিপ্যালিটির সমস্যা আছে কি নেই। তারপর, এই ৫০।৬০।৭০।৮০।১০০ জন যে সদস্য এবং একজন যে চেয়ারম্যান তাঁরা আর কেউ নয়, তাঁরা হচ্ছেন জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি। এবারে প্রশ্ন হোল সরকারের মনোনয়ন কেন রাখা হয়েছে? স্যার এ'রা সবসময়ই মনে করেন নির্বাচন হলেই গণতন্ত্র রক্ষিত হবে এবং যদি মনোনয়ন হয় তাহলে তা রক্ষিত হবে না। অর্থাৎ সিন্দুরে মেঘ দেখলেই যেমন ভয় হয় ঠিক তেমনি সরকারের নামেই আতংক উপস্থিত হয় এবং এ'রা মনে করেন যেখানে সরকার সেখানেই দুর্নীতি। যাহোক, এখন কথা হোল একটি মাত্র চেয়ারম্যান যেটি হচ্ছে সুষ্ঠু নীতি এবং একেই সরকার মনোনয়ন করবেন। তারপর আর একটা এ্যামেণ্ডমেন্ট দেখলাম নমিনেসন দেখেই আতংক উপস্থিত হয়েছে। কিন্তু এটা তাঁরা দেখছে না যে এই মহিলা সদস্য ২ জনকে কেন নমিনেসন দেওয়া হবে? প্রভাইসো-তে লেখা হয়েছে নো সাচ এ্যাপয়েন্টমেন্ট স্যাল বি মেড ইফ টু অর মোর ইউমেন হ্যাভ বিকাম মেম্বার্স অব দি জিলা পরিষদ। কিন্তু কোন জেলার জন-সাধারণের যদি এমন দুর্ভাগ্য হয় যে নির্বাচনের মাধ্যমে ২জন মহিলাকে জেলা পরিষদে আনবার জন্য তাঁরা লোক খুঁজে পেলেননা তাহলে সেখানে সরকার মনে করেন দেশের বর্তমান পরিস্থিতিতে মহিলাদের সুরক্ষিত আসন দেওয়া প্রয়োজন। তবে নমিনেসন-এর প্রশ্ন বোধহয় উঠবে না কারণ অনেক জেলায় মহিলা এম এল এ আছেন যাঁরা এই আইনের ফলে চলে যাবেন। তারপর আপনারা একবার বলছেন সবই নির্বাচন কিন্তু আবার বলছেন ক্যাটেগরি—এটা কিন্তু পরস্পর বিরোধী উক্তি হোল।

[3-55—4-5 p.m.]

ব্যাকওয়ার্ড কমিউনিটির কথা বলেছেন, আজকে কত ট্রাইব্যাল এবং শিডিউল্ড কাষ্ট সদস্য আছেন? তাঁরা প্রত্যেকেই এই জেলা পরিষদে থাকবেন। সুতরাং সুরক্ষিত আসনের যারা বিরোধিতা করেছেন তাদের একথা বলতে পারি আমরাও সাধারণভাবে নমিনেশনের বিরোধী।

আর একটি কথা বলেছেন প্রেসিডেন্ট অব দি স্কুল বোর্ড, এক্স-অফিসিও কেন রাখা হয়েছে? এটাতে অনেকের মনে আতংক এবং ভাবনা। এটা খুবই স্বাভাবিক। অনেক গভীরভাবে চিন্তা করেছি এবং অনেকের সংগেই একমত যে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা যা গ্রামে আছে তাতে ১৯৩০ সালের প্রাইমারী এড়ুকেশন এ্যাক্ট যেটা তার আমূল পরিবর্তন প্রয়োজন। বিরোধী সদস্যরাও অনেকে বলেছেন যে আমূল পরিবর্তন প্রয়োজন। সেই আমূল পরিবর্তন করতে হলে সময় লাগবে দীর্ঘদিন কেননা সেটা শিক্ষার ব্যবস্থা নয় দ্যাট ইজ এ টাক্সিং স্ট্যাটুট, গ্রামে এড়ুকেশন সেস এই আইনের বলে নির্ধারিত হয়। আজকে অতি দ্রুত জেলা পরিষদ করতে যাচ্ছি ১৯৩০ সালের আইন সেটা ভাল হোক বা মন্দ হোক চলছে। মাষ্টার মশায়রা রাজনৈতিক দল করেন, না পড়ান, সবই স্বীকার করলাম কিন্ত এটাতো স্বীকার করতেই হবে যে এই কয় বছরে বাংলাদেশের গ্রামে গ্রামে প্রাথমিক শিক্ষার প্রবর্তন হয়েছে। সুতরাং এটা কি করে সামঞ্জস্য করতে পারি, সেজন্য আপনারা দেখবেন একটা স্পেশাল ধারা করা হয়েছে ৩৫ এটা হচ্ছে ট্রেনজিটরী মেজার। আমরা চাই রুরাল প্রাইমারী এড়ুকেশন এ্যাক্ট-এর আমূল পরিবর্তন যতদিন না হচ্ছে, ততদিন এই এ্যাক্টের কাঠামোয় টাকা আদায় করবার যে ক্ষমতা, কনষ্টিটিউশন, সেটা বজায় রেখে জেলা পরিষদের সংগে যুক্ত করে দেওয়া হোক, সেক-

শন ৩৫-এতে বলা আছে তারা মনে করলে এটা বলতে পারেন যে অমুক অঞ্চলে তিনটি স্কুল আছে যাও অঞ্চল পঞ্চায়েত তুমি গিয়ে দেখ, মাস্টার মশাইরা ঠিকমত স্কুলে আসছে কিনা তুমি দেখে একটা রিপোর্ট দাও। সেই ক্ষমতা দেওয়া হয়েছে। তার মানে হচ্ছে যতদিন না রুরাল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট পরিবর্তন হচ্ছে ততদিন এই যে পঞ্চায়েত রাজ হচ্ছে, জেলা পরিষদ হচ্ছে তার প্রাইমারী এডুকেশনের সংগে সম্পর্ক থাকবে না এটা কল্পনাও করতে পারি না। এটা মৌলিক কথা। সুতরাং আজকে ২০/২৫ বছরের যে কাঠামো তার সংগে এটাকে যুক্ত করে দেবার ব্যবস্থা করেছি সাময়িকভাবে। সেকশন ৩৫ যখন আনবো তখন হয়ত রূপ বদলে যাবে। আমাদের আইনজ্ঞ বিশেষজ্ঞ যাঁরা আছেন তাঁদের মত নিয়ে পরীক্ষা করে দেখেছি তাতে কোন আইন সংগত গলদ বা ত্রুটি হচ্ছে না। এবং এই হিসাবে ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ডকে জেলা পরিষদের সংগে সংযুক্ত করে রাখবার জন্য এই বোর্ড থেকে একটি ষ্ট্যান্ডি কমিটি করে দেওয়া হচ্ছে। স্পেশাল ধারা করা হচ্ছে ৩৫ তে। এটা অন্যান্য কমিটির মত নয় এবং সেই কমিটির সংগে যুক্ত রাখবার জন্য প্রেসিডেন্ট অব দি স্কুল বোর্ড করে দেওয়া হয়েছে।

আর বিভিন্ন বিষয়ে অনেকে বলেছেন, যখন নির্বাচনের কথা, ডাইরেক্ট ইলেকশনের কথা। অধ্যক্ষ মহোদয়, আপনি দেখেছেন আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলছি, সমস্ত কাঠামোই হচ্ছে এই দৃষ্টিভংগী থেকে যে প্রত্যেক সদস্য কি আঞ্চলিক পরিষদ-এর কি জেলা পরিষদের সে সেই এলেকার প্রশাসনিক ব্যবস্থার সমস্যার সংগে যুক্ত থাকবে। কে থাকতে পারে বলুন? আজকে শুধু একজনকে গ্রামের একজন লোককে তুলে ধরলেই সে সেখানকার সমস্যার সংগে পরিচিত নয়। আজকে অঞ্চল পরিষদের হাতে বা জেলা পরিষদের হাতে বিরাট প্রশাসনিক ক্ষমতা দেওয়া হচ্ছে। আজকে যেখানে অঞ্চল পরিষদের কনষ্টিটিউশন সেখানে প্রথমে আসছে প্রেসিডেন্ট অফ দি অঞ্চল পরিষদ এক্স-অফিসিও ১৪ জন। আজকে একটা জেলায় যেমন মালদহ জেলার উদাহরণ দিয়েছিলাম অন্যান্য জেলায় আরও বেশী ১৯ জন পদাধিকারবলে আসছে। সরকারের করুণা ভিক্ষা করে নয়—তাদের পদাধিকারবলে কে অঞ্চল প্রধান লোকটি কে সে নির্বাচিত হয়েছে কার দ্বারা? প্রধান দ্বারা। প্রধান নির্বাচিত হয়েছে কার দ্বারা না অধ্যক্ষর দ্বারা। অধ্যক্ষ নির্বাচিত হয়েছে গ্রাম পঞ্চায়েতের দ্বারা। আমি তাই বলছি লিংক আছে। অঞ্চল পঞ্চায়েতের প্রধান হয়েছে —ওয়েষ্ট বেংগল পঞ্চায়েত এ্যাক্ট এ অঞ্চলের সমস্ত কাজ করবার দায়িত্ব তার। সুতরাং যত জায়গায় আমরা সভা রেখেছি প্রত্যেক এলাকায় কাজের সংগে সমস্যার সংগে পরিকল্পনার সংগে যাদের প্রত্যক্ষভাবে পরিচয় আছে তাদের। আপনারা বলতে পারেন কি দরকার মশাই সবই বাইরের লোক আনুন, সব নির্বাচন আনুন, আমি বিবেচনা করছি বাংলাদেশে একটা নোতুন এক্সপেরিমেন্ট এ এবং বিরাট জিনিস হচ্ছে এখানে আমরা অভিজ্ঞতার দাম দিয়েছি এবং কোন মনোনয়নের দ্বারা নয়, কোন কায়েমী স্বার্থ বা জমিদারী স্বার্থের জন্য নয়--যারা নির্বাচনের মাধ্যমে এসেছেন তাদের দ্বারা। একজন বক্তা বলেছেন

District Health Officer will be ex-office member of the Public Health Committee. District Health Officer

তিনি তো স্বাস্থ্য কমিটির থেকে হবেন এক্স-অফিসিও। তাকে আমরা নমিনেটেড করে জেলা পরিষদে দেব। তাকে তো ভোটাধিকারে য়্যাসোসিয়েটেড মেম্বার করেছি। ডিষ্ট্রিক্ট এগ্রিকালচার অফিসার-এর কথা বলা হয়েছে। নিশ্চয়ই তিনি এগ্রিকালচারাল কমিটি-র মেম্বার মনোনীত হবেন এবং শুধু হেলপ করবার জন্য তাকে দেওয়া হয়েছে। তারপর ডিষ্ট্রিক্ট ভেটেরিনারি অফিসার তাকেও নেওয়া হবে এক্সিকিউটিভ মেম্বার হবেন - তার প্রভিসন রয়েছে। একজন বলেছেন ব্লক এ্যাডভাইসরি কমিটি-র লোক নাও; কিন্তু

Block Advisory Committee is not a statutory body.

সেটা তো মনোনীত বডি—তার তো কোন ক্ষমতা নেই। যদি না পারে- ফেইল করে, বার বার দুইবার ফেইল করলে সেখানে সরকার কি করবেন সেখানে কি অপেক্ষা করবেন? সেজন্যে তুলে দিয়েছি। তারপর আর একজন বলেছেন চেয়ারম্যান অব দি মুনিসিপ্যালিটি সেখানে ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড-এর কথা আমি বলেছি। যে কেন নেওয়া হয়েছে। সাব-ডিভিসনাল ম্যাজি-

*স্ট্রেট-এর কথা বলেছেন। কিন্তু আমি এইমাত্র দেখলাম সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেট হল প্রপার ওয়ার্ড, আপনারা যেটা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কথা বলেছেন সেটা এক্সিকিউটিভ অর্ডার-এ তাকে আমরা সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেট বলি স্ট্যাটুটরি নয় স্ট্যাটুটরি ওয়ার্ড হচ্ছে সাব-ডিভিসনাল ম্যাজিসট্রেট। অধ্যক্ষ সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। আমাদের এই পঞ্চা-*য়েতে যেমন এম, এল, এ-রা প্রাধান্য পাচ্ছেন—নির্বাচিত এম্, এল, এ-রা —তেমনি তার সংগে আমাদের ডাইরেক্ট—প্রত্যক্ষভাবে গ্রাম সংযোগ রাখবার জন্য আরও প্রত্যেক জায়গায় সাব-ডিভিসনাল অধ্যক্ষ দেবার ব্যবস্থা করেছি গ্রু য়্যান ইলেকটোরাল কলেজ। ইলেকটোরাল কলেজ কে? যারা ওই সাব-ডিভিসান ম্যাজিস্ট্রেট। তাহলে চারটি করে ইলেকটোরাল কলেজ। যদি একটি থাকে যেমন মালদহ জেলায় চারটি হবে ইলেকটোরাল কলেজ অর্থাৎ একটা বিরাট নির্বাচনের ব্যাপার। যত কম করা যায় সত্য কথা সরকার চেষ্টা করেছেন। গ্রামবাসীদের ঘাড়ে—যেটা মনোরঞ্জন হাজরা মহাশয় খুব উল্লেখ করে আমাকে সাম্রাজ্যবাদীদের দালালের সংগে তুলনা করেছিলেন—আমি তাঁকে বলছি আমরা ইচ্ছা করে করেছি—সাম্রাজ্যবাদীর দালালের দৃষ্টিভংগীতে না গণতান্ত্রিক প্ল্যান্ড ভারতবর্ষে, প্ল্যানড বেঙ্গল গঠন করবার জন্য এই নীতি গ্রহণ করেছি যে আমাদের বিশেষজ্ঞ যারা—দেশের কাজে যারা মন দিয়েছেন, গ্রামের কাজ করছে গ্রামের কাজের সংগে যাদের পরিচয় আছে প্রশাসনিক সুবিধা অসুবিধার পরিচয় যার আছে, গ্রামের সমস্ত সমাজের সংগে যারা জড়িয়ে আছেন তাদের আনবার চেষ্টা করেছি। আমরা সত্যিই গ্রামের মধ্যে গোলমাল সৃষ্টি করবার জন্য কিছু করি না। দ্বিতীয়তঃ এখানে যে ইলেকসন য়্যাক্ট-এ ইলেকসন হবে যার সংগে সমস্ত ইলেকসন হয়ে যাবে গ্রাম পঞ্চায়েৎ, তার সংগে হয়ে যাবে য়্যাসেম্বলি, তারপরে লোকসভা, তার সংগে হয়ে যাবে আপনাদের পর পর যোগ্যতা অনুসারে স্তরে স্তরে। আপনারা চাইছেন এই তিনটি ছাড়া স্তরে স্তরে য়্যাডালট্ ফ্রানচাইজ-এ ইলেকসন হোক।

[4-5—4-15 p.m.]

আপনাকে অনুরোধ করবো—আপনি যে ১৯৩৬ সালের সেই ইংরাজ আমলের একটি অফি-সারের সংগে তুলনা করেছেন—আপনি গান্ধীজীর ইন্ডিয়ান
গান্ধীজীর নীতিই আমরা নিয়েছি। প্রথম স্তরে ডাইরেক্ট ইলেকসন তারপর পরোক্ষ নির্বাচন ইনডাইরেক্ট ইলেকসন দরকার—আমরা গান্ধীজীরই কনষ্টিটিউসন মেনে নিয়েছি। এটা মনো-রঞ্জন হাজরার অবগতির জন্য বলছি। এই সমস্ত বিষয়ের প্রশ্নের আশা করি আমি জবাব দিয়েছি ৪নং ধারার- আর একটি কথা—প্রাইমারী টিচারের ব্যাপারে যেটা বলাই দাস মহাপাত্র বলেছেন—আমি আশ্চর্য হই কিভাবে প্রাইমারী টিচাররা জেলা পরিষদের কর্মচারী হয়ে তারা আসতে পারে। এ কোন সভা জগতে নাই যে বেতনভুক কর্মচারী হয়ে সেই প্রতি-ষ্ঠানের শাসন ব্যবস্থার মধ্যে নিয়োগ করা হয়েছে—এটা আমার জানা নেই। অতএব এটা হতে পারে না।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে সেকেন্ডারী এডুকেশন বোর্ডের টিচাররা কি করে সেখানে আসে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

They will be employees. Primary teachers are not the servants of the people of West Bengal. They are the servants of the Zilla Parishad.

Dr. Kanai Lal Bhattacharya:

এটা না হয় হোল—কিন্তু ইউনিভারসিটির টিচার হয়ে কি করে তারা সিনেটের মেম্বার হন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

If you read the University Act, you will find they have been given a special right.

যা হোক আমি আমার যুক্তি বলেছি—এবং এই ক্লজ ফোরে যে সমস্ত এমেন্ডমেট—সংশোধনী এসেছে আমি তার বিরোধীতা করছি।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has not clearly spoken about whether there is any difference between "or" and "and" in 4(c)(i).

The Hon'ble Saila Kumar Mukherjee: There is no difference between "or" and "and". We have consulted legal opinion.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 4(1)(a), line 1, for the word "Presidents" the words "a member of each Anchalik Parishad elected by the members" be substituted was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the proviso to clause 4(1)(a) be omitted was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in the second proviso to clause 4(1)(a), lines 2 and 3, for the words "the State Government may appoint a person residing in the block as a member" the words "a member of the block advisory committee be elected by the members of that block advisory committee" be substituted was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that clause 4(1)(c) be omitted was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 4 (d)(ii), lines 3 and 4, for the words "by the State Government" the words "Co-opted by the members of that Zilla Parishad" be substituted was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that after clause 4(2)(b), the following be added:—

"(c) The District Health Officer" was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in the second proviso to clause 4(1)(a), in lines 2 and 3, for the words beginning with "the State Government" and ending with "as a member", the following words be substituted—

> "a member shall be elected by the non-official members of the Block Advisory Committee from among themselves".

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 4(1)(b), in lines 1 and 2, after the word "constituencies" the words "as shall be" be inserted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 4(1)(b), the first proviso be substituted by the following:—

> "Provided that if a district has only one subdivision, one Adhyaksha from each thana of the district, elected from among the Adhyakshas of the thanas".

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 4(1)(b), the second proviso be omitted, was then put and lost.

The motion of Shri Lakshmi Ranjan Josse that in clause 4(1)(c)(i), line 1, for the word "or" the word "and" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 4(1)(c)(i), in line 2, the words "elected thereto" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that clause 4(1)(d) be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that clause 4(1)(e) be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 4(1)(f), in line 2, for the words "appointed by the State Government", the following words be substituted:—

"elected by the adult women voters of the district from among themselves".

was then put and lost

The motion of Dr. Golam Yazdani that in paragraph (i) of the proviso to clause 4(1)(f), in line 1, for the word "appointed" the word "election" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in paragraph (II) of the proviso to clause 4(1)(f), in line 1, for the word "appointment" the word "election" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 4(2)(a), in line 1, for the words "Subdivisional Magistrate", the words "Subdivisional Officer" be substituted, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that clause 4(1)(b) be omitted was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that in clause 4(1)(b), line 1-6, for the words beginning from "two Adhyakhas" and ending with "as may be prescribed" the words "One member elected by the Anchal Panchayats and Gram Panchayats from a Block" be substituted was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that in second proviso to clause 4(1)(b), for the word "Adhyakhas" the word "Panchayats" be substituted was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that clause 4(1)(d) be omitted was then put and lost.

The motion of Shri Sailen Adhikary that in clause 4(1)(d), in line 2, after the words "in the district" the words "to be elected by the Commissioners of the Municipalities with said district" be inserted was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that clause 4(1)(e) be omitted was then put and lost.

The motion of Shri Sailen Adhikary that the following proviso be added to clause 4(1)(e):—

"Provided that the President shall be an elected member of the School Board" was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that clause 4(1)(f) be omitted was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that after clause 4(1)(f), the following be added:—

"(g) two persons having a place of residence in the subdivision—one from each of two such constituencies comprised in a subdivision

of the district as may be specified by notification elected by the voters as in the electoral roll for Assembly Constituency in each such Constituency at such time and in such manner as may be prescribed:

Provided that if a district has only one subdivision four persons having a place of residence in the district, one from each of four such constituencies comprised in the district as may be specified by notification shall be elected by the voters of such areas at such time and in such manner as may be prescribed:

(b) two persons having a place of residence in the subdivision elected by members of Gram Panchayats in each subdivision of a district in such manner as may be prescribed:

Provided that if a district has only one subdivision four such persons shall be elected by the members of Gram Panchayats in the district from four constituencies as comprised and in such manner as may be prescribed." was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that for clause 4, the following be substituted:—

"Composition of Zilla Parishad

4. Subject to the provisions of sections 9 and 10, the following persons shall be members of the Zilla Parishad:—

(a) Two Anchalik Parishads together shall form a constituency and from each constituency an elected member on the basis of Assembly electoral roll;

(b) Local M.L.A., M.L.C. and M.Ps.;

(c) Chairman of the municipalities or a Mayor of a municipal corporation in the district;

(d) District Medical Officer; and

(e) Associate members—

(i) Subdivisional Magistrate of each subdivision of the district,

(ii) District Panchayat Officer",

was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 4(1)(b), line 4, for the word "Adhyakshas" the word "Panchayats" be substituted was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 4(1)(b), line 5, the words "from among themselves" be omitted was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in first proviso to clause 4(1)(b), line 5, for the word "Adhyakshas" the word "Panchayats" be substituted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in first proviso to clause 4(1)(b), lines 5 and 6, the words "from among themselves" be omitted was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in second proviso to clause 4(1)(b), line 2, for the word "Adhyakshas" the word "Panchayats" be substituted was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in second proviso to clause 4(1)(b), lines 6-12, the words beginning with "and in the case

Adhyakshas" and ending with "duly elected member" be omitted was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 4(1)(d), lines 2 and 3, for the words "appointed by the State Government" the words "elected by the Councillors or Commissioner of Corporation or Municipality at such time and in such manner as may be prescribed" be substituted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that clause 4(1)(a) be omitted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that after clause 4(1)(a) the following new clause be inserted.—"(a) one member elected from each electoral College constituted by the members of Gram Panchayats and Anchal Panchayats in each block area" was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that clause 4(1)(b) be omitted was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that clause 4(1), item (d) be omitted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 4(1)(d), lines 1-3, for the words "a Chairman of a municipality or a Mayor of a municipal corporation in the District appointed by the State Government" the words "a member elected from commissioners of the municipalities and councillors of the municipal corporation in the district as may be prescribed" be substituted was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that clause 4(1)(e) be omitted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that clause 4(1)(f) be omitted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that after clause 4(1)(f) the following be added.—"(g) two primary teachers elected from the registered primary teachers' organizations in the district as may be prescribed" was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that after clause 4(2)(b) the following be added:—

(c) two women having a place of residence in the district appointed by the State Government from the State recognized female organizations.

"(d) two persons belonging to a backward community, having a place of residence in the district, appointed by the State Government.

"(e) the district inspector of schools,

"(f) two primary teachers, having a place of residence in the district, appointed by the State Government from the State recognized primary teachers' organizations" was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 4(1)(d), line 3, for the words "by the State Government" the words "by the Zilla Parishad", be substituted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 4(1)(f), line 2, for the words "State Government" the words "Zilla Parishad", be substituted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and a division taken with the following results:

* * * * * * *

The Ayes being 94 and the Noes 34, the motion was carried.

Clause 4A

The question that clause 4A do stand part of the Bill was put and agreed to.

4-15—4-25 p.m.]

Clause 5

Dr. Golam Yazdani: Sir, I beg to move that clause 5(4) be omitted.

I also move that in clause 5(5), in line 2, for the word "appointed" the word "elected" be substituted.

I also move that in clause 5(5), line 3, for the word "appointed", the word "elected" be substituted.

I also move that in line 3 of the proviso to clause 5(5) for the words "appointed by the State Government in his place", the words "elected as prescribed" be substituted.

I move that for clause 5(6) the following be substituted—

"(6) If any President of an Anchalik Parishad be disqualified to be a member, members of the Anchalik Parishad shall elect from amongst themselves a member for the Zilla Parishad and if any person referred to in sub-clause (1) of clause (1) of section 4 be disqualified to be a member, the vacancy shall be filled up by elections by the women voters as prescribed."

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি ক্লজ ৫এ আমার এ্যামেণ্ডমেণ্ট নং ৮৭এ বলছি যে ... ৫(৪) কে অমিটেড। এই ৫(৪)এ আছে যে, চেয়ারম্যান অর মেয়র অব দি মিউনিসিপ্যালিটি ... ক্লজের সংগে এটার সম্বন্ধ আছে এবং আমি আগেই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম যে চেয়ারম্যান যেন না নেওয়া হয়। তাই এখানে এ্যামেণ্ডমেণ্ট দিতে হয়েছিল যে এই ক্লজটা অমিট করতে হবে। ৮৮ নং এ্যামেণ্ডমেণ্টে আমি দিয়েছি যে ৫(৫)এর দুই নং লাইনে এ্যাপয়েণ্টেড-এর জায়গায় ইলেকটেড হতে হবে। এটার সম্বন্ধ হল ঐ ৪ নং ক্লজের ১ নং প্রভাইসোর সম্বন্ধ আছে। ঐখানে বলা হয়েছে যে কোন জায়গাতে যদি আঞ্চলিক পরিষদ না থাকে তাহলে একজন লোককে এ্যাপয়েন্টমেন্ট করা হবে। আমি এখানে বলেছিলাম যে এ্যাপয়েন্টেড কথাটা তুলে দিয়ে ইলেকটেড করতে হবে। এখন ঐটা যদি সংশোধিত হোত তাহলে এখানে এটা সংশোধন করার প্রয়োজন ছিল এবং এই প্রভিসোর সাব ক্লজে যেখানে এ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট আছে সেখানে আমি আমার ৯০ নং এ্যামেণ্ডমেণ্টে বলেছিলাম ওটা ইলেকটেড এ্যাজ প্রেসক্রাইবড করতে হবে। এটা বলা হয়েছিল এইজন্য যে আমি চেয়েছিলাম এ্যাপয়েণ্টেড না করে ইলেকটেড করতে হবে। ৪ নং ক্লজের ঐ ধারাগুলির সংগে এর সম্বন্ধ আছে। ৯১ নং এ্যামেণ্ডমেণ্টে আমি বলতে চাচ্ছি যে ৫(৬) এটাকে তুলে দিয়ে সেখানে আমি যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেটা সাবস্টিটিউট করতে হবে। সেটা হল এই যে, ইফ এনি প্রেসিডেণ্ট ইত্যাদি।

এখানে বলা হয়েছে এই ধারাতে যে আঞ্চলিক পরিষদের প্রেসিডেণ্ট কিম্বা সাব ক্লজ (ডি) এবং (এফ)এ অর্থাৎ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং দুইজন মহিলাকে এ্যাপয়েণ্ট করে নেওয়া হবে। তাঁরা যদি ডিসকোয়ালিফায়েড হয়ে যান, অর্থাৎ ডিসকোয়ালিফিকেশনের এখানে

*List of names of the members taking part in the Division could not be printed due to failure of Electric Vote Recording machine.

যে ধারাগ্নলি দেওয়া হয়েছে ৯নং এবং ১০নং এ, এই ৯নং এবং ১০নং ধারার মতে তাঁরা যদি ডিসকোয়ালিফায়েড হয়ে যান তাহলে তাঁরা বলছেন আমরা যেভাবে পারি ফিল-আপ করে নেব ভেকান্সিগ্নলি। এখানে এটা এইভাবে ভেগ রেখে দেওয়ার অর্থ কি হতে পারে?

In such a manner and for such period as may be prescribed.

এখানে একটা নির্দিষ্ট নির্দেশ দেওয়া উচিত। যদি আঞ্চলিক পরিষদের মেম্বার ডিসকোয়ালিফায়েড হয়ে যায় তাহলে আঞ্চলিক পরিষদের মেম্বাররা একটা মেম্বার ইলেক্ট করে জেলা পরিষদে পাঠিয়ে দেবে অতি সোজা কথা। এবং আমি এখানে যেহেতু মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে একেবারে তুলে দিতে বলেছিলাম সেহেতু আমার এ্যামেন্ডমেন্টে ওকথার উল্লেখ নেই। সাব ক্লজ (ডি)-কে আমি বাদ দিয়েছি এবং (এফ) টাতে বলেছি যে মহিলা সদস্য যাঁরা পরিষদে এ্যাপয়েন্টেড হয়ে আসবেন,- অবশ্য আমি আগেই এ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম যে তাঁদেরকেও নির্বাচন করা হোক—তাঁরা যদি ডিসকোলিফায়েড হয়ে যান তাহলে তাঁরা আবার কিভাবে এখানে নির্বাচিত বা মনোনীত হয়ে আসবেন, সরকার [illegible] করবেন তাই করবেন এই ধারাতে বলা হয়েছে, কিন্তু আমি বলছি এইরকম ভেকান্সি যদি হয়ে যায় তাহলে মহিলাদের দ্বারাই সেই মহিলাদের এখানে নির্বাচিত করে আনতে হবে। এই আমার এ্যামেন্ডমেন্ট।

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that clause 5(6) be omitted.

স্যার, এই ধারাটা হচ্ছে টেনিওর অফ অফিস অর্থাৎ যে সমস্ত সদস্য নির্বাচিত হবেন তাঁরা কত দিন সদস্য হিসেবে থাকবেন সেই সম্বন্ধে এই ধারাটা এবং সেই ধারার ৬নং উপধারায় যেকথা বলা হয়েছে তা বোধগম্য হচ্ছে না, সেজন্য এটা বাদ দিতে বলেছি। এর প্রধান কারণ হচ্ছে ৬নং উপধারাতে বলা হয়েছে,

If any President of an Anchalik Parishad or if any person referred to in sub-clause (a) of clause (2) of section 4 be disqualified to be a member or an associate member, the State Government may fill the vacancy in such manner and for such period as may be prescribed.

প্রথম কথা হচ্ছে, ডি আর এফ এ যে দুইজন হবেন তাদের ষ্টেট গভর্নমেন্ট নমিনেট করবেন। আবার বলছেন তাঁরা যদি ডিসকোয়ালিফায়েড হন,—ডিসকোয়ালিফিকেশন কিভাবে হতে পারে সেটা আছে সেকশন ৯ আর সেকশন ১০ তে। সেকশন ৯তে বলা হয়েছে ইফ হি ইজ আন্ডার টুয়েন্টিফাইভ অফ এজ যদি ২৫ বৎসরের কম বয়েস হয়, যদি তিনি জেলা পরিষদের বা আঞ্চলিক পরিষদের একজন অফিসার বা এমপ্লোয়িজ হন, যদি তিনি dismissed from Central Government or State Government

ইত্যাদি এবং ১০তে আছে যদি তিনি ব্যবসা করেন, জেলা পরিষদের এগেনস্টে ওকালতি করেন যদি তিনি আনসাউন্ড মাইন্ড হন - এই হলে মেম্বারসিপ যাবে। আমার প্রথম কথা হচ্ছে কেন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বা কর্পোরেশনের মেয়র এমন লোককে নমিনেট করবেন যিনি ডিসকোয়ালিফায়েড হতে পারেন। ধরে নিতে হবে তিনি ডিসকোয়ালিফায়েড হবেন না।

[4-25—4-29 p.m.]

এই যে দুজন ষ্টেট গভর্নমেন্ট এ্যাপয়েন্টমেন্ট করবেন তারা যদি ডিসকোয়ালিফায়েড হন তাহলে ষ্টেট গভর্নমেন্ট কিভাবে ভেক্যানসি ফিল আপ করবেন ষ্টেট গভর্নমেন্ট তা রুলস-এ প্রেসক্রাইবড্ করবেন। প্রথম কথা হচ্ছে, ষ্টেট গভর্নমেন্ট এইরকম পারসনকে কেন নমিনেট করবেন। চেয়ারম্যান অফ এ মিউনিসিপ্যালিটি যিনি তাঁকে নমিনেট করলে ডিসকোয়ালিফিকেশন-এর প্রশ্ন আর আসতে পারে না। দ্বিতীয় কথা হচ্ছে, ফিমেল মেম্বার তাঁরা নমিনেট করবেন, দুজন মহিলা সদস্যা তাঁরা নমিনেট করবেন। তাঁরা যদি ডিসকোয়ালিফায়েড হন তাহলে নমিনেট করবেন কেন? মূলধারায় রয়েছে গভর্নমেন্ট নমিনেট করতে পারেন যদি কোন মেম্বার ডিসকোয়ালিফায়েড হন, ৪নং ধারার একথা রয়েছে। যে কোন মেম্বার ডিসকোয়ালিফায়েড হোকনা কেন, সেই ডিসকোয়ালিফিকেশন হবার পরে তিনি যেভাবে প্রথমে নির্বাচিত হয়েছেন, তিনিও সেইভাবে নির্বাচিত হবেন। কাজেই এটা রিএ্যামেন্ডমেন্ট বলে

মনে করি। দ্বিতীয় কথা হচ্ছে, যদি কোন সদস্য ডিসকোয়ালিফায়েড হন তাহলে নিশ্চয় তিনি আঞ্চলিক পরিষদের মেম্বার হিসাবে ডিসকোয়ালিফায়েড হয়ে যাবেন। তিনি আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট থাকবেন না। তা যদি তিনি না থাকেন তাহলে যিনি তাঁর পর প্রেসিডেন্ট হবেন তিনিই হবেন সদস্য। কাজেই এই ৬ ধারাটা কনফিউশান সৃষ্টি করে। আমার মনে হয় এই ধারাগুলি থাকলে তাতে শুধু কনফিউশান সৃষ্টি হবে না, এর দ্বারা গভর্নমেন্ট-এর পাওয়ার আছে কিনা প্রেসক্রাইব করায় তা নিয়েও একটা কনট্রোভারসি হতে পারে। ৫ ধারার ৬ উপ-ধারায় নির্বাচিত হবে কি মূল ৪ ধারায় নির্বাচিত হবে এই নিয়ে কনট্রোভারসি হতে পারে। সেইজন্য আমি মনে করি ৬ উপধারাটা বাদ দেওয়া উচিৎ।

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that clause 5(4) be omitted Sir, clause 5(4): A Chairman or a Mayor appointed under sub-clause (d) of clause (1) of section 4 shall hold office for a period of four years or for so long as he continues to be such Chairman or Mayor, whichever is earlier.

স্যার, আমার বলার কথা হচ্ছে, ক্লজ ৪-তে এই যে নমিনেশন দেওয়া হবে চেয়ারম্যানকে বা মেয়রকে সে সম্বন্ধে আমরা আপত্তি জানিয়েছি এবং কি কি গ্রাউন্ড-এ দেওয়া উচিৎ নয় তা বলেছি। কাজেই, সেকশন ৪(ডি) যদি ডিলিট করা হয় তাহলে clause 5, sub-clause 4 automatically delete করতে হবে। ক্লজ ৫, সাব ক্লজ ৬ সম্বন্ধে কানাইবাবু যেকথা বলেছেন মূলতঃ আমি সেটা সমর্থন করি।

The Hon'ble Saila Kumar Mukherjee: মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যারা তাঁদের এ্যামেন্ডমেন্টগুলিতে বলতে চেয়েছেন যে চেয়ারম্যান অব মিউনিসিপ্যালিটি চাপিয়ে দেওয়া হয়েছে, কিন্তু ক্লজ ৪ যখন গৃহীত হয়েছে সেই প্রশ্ন আর আসে না। কানাইবাবু ক্লজ ৬ সম্বন্ধে বলেছেন এটা কেন। এটাতো extreme contingency provision normal course-এ এটা হবার সম্ভাবনা নাই। সাবসিকোয়েন্টলি যদি ডিসকোয়ালিফায়েড হন তাহলে কি করবেন, হঠাৎ আবার একটা বিরাট নির্বাচন হবে, প্রেসক্রাইবড রুলস করতে হবে। সুতরাং আমি বিরোধিতা করছি।

Clause 5

The motion of Dr. Golam Yazdani that clause 5(4) be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 5(5), in line 2, for the word "appointed" the word "elected" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 5(5), in line 3 for the word "appointed", the word "elected" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in line 3 of the proviso to clause 5(5), for the words "appointed by the State Government in his place", the words "elected as prescribed" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that for clause 5(6) the following be substituted—

"(6) If any President of an Anchalik Parishad be disqualified to be member, members of the Anchalik Parishad shall elect from amongst themselves a member for the Zilla Parishad and it may

person referred to in sub-clause (i) of clause (1) of section 4 be disqualified to be a member, the vacancy shall be filled up by elections by the women voters as prescribed."

was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that clause 5(4) be omitted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that clause 5(6) be omitted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-29 p.m. till 12 noon on Tuesday, the 30th July, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 30th July, 1963, at 12 noon.

Present:

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mallick) in the Chair, 13 Hon'ble Ministers, 7 Hon'ble Ministers of State, 6 Deputy Ministers and 156 Members.

Starred questions

(to which oral answers were given.)

[12—12-10 p.m.]

Visit of Shri Vinoba Bhave in West Bengal

***115.** (Admitted question No. *380.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) whether Vinoba Bhabeji has been invited to West Bengal by the Government for making his padayatra;

(b) whether he is a guest of the Government; and

(c) how much money has been spent from the State Exchequer on that account up to the time of his stay in West Bengal?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Acharyya Vinobaji was invited by the Chief Minister of West Bengal to visit Calcutta when he entered West Bengal from East Pakistan for Padayatra in West Bengal.

(b) No - excepting during his stay in Calcutta.

(c) Information is being collected.

Shri Kamal Kanti Guha:

মন্ত্রিমহাশয় জানাবেন কি তিনি কোলকাতা থাকাকালীন সরকার তাঁর জন্য কত টাকা খরচ করেছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

সমস্ত ইনফর্মেশন সংগ্রহ করা হচ্ছে, কাজেই পরে জানাব।

Shri Kamal Kanti Guha:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যখন পশ্চিমবাংলার অন্যস্থানে ছিলেন তখন তিনি সরকারী অতিথি হিসেবে ছিলেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি যখন কোলকাতা শহরে ছিলেন তখনই কেবলমাত্র সরকারী অতিথিরূপে গণ্য হয়েছিলেন। কোলকাতার বাইরে অন্য জেলায় বা গ্রামে যখন ছিলেন তখন নয়।

Shri Kamal Kanti Guha:

তিনি সরকারী অতিথিরূপে কোলকাতায় থাকাকালীন প্রতিরক্ষা সম্বন্ধে যে সমস্ত উক্তি করেছেন তাতে প্রতিরক্ষার কাজ বিঘ্ন হয়েছে বলে আপনি মনে করেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা ম্যাটার অব ওপিনিয়ন।

Shri Anadi Das:

মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যখন কাকদ্বীপ গিয়েছিলেন তখন তিনি রাষ্ট্রের অতিথি হিসেবে গিয়েছিলেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

আদৌ না। তিনি যখন কোলকাতার বাইরে ছিলেন তখন তাঁর জন্য রাজ্যের অতিথি হিসেবে এক পয়সাও খরচ হয়নি।

Shri Kamal Kanti Guha:

মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যখন পশ্চিমবাংলার বিভিন্ন মফঃস্বল অঞ্চলে ভ্রমণ করেছেন তখন তাঁর সঙ্গে যে সমস্ত মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রিরা গিয়েছিলেন তাঁরা সরকারী খরচে গিয়েছিলেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সঠিক বলতে পারছি না, তবে মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রিরা কেউ ট্রাভেলিং এ্যালাউন্স ড্র করেন নি।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যখন কোলকাতায় ছিলেন তখন তাঁকে কতকগুলি গাড়ী দেওয়া হয়েছিল কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

শুধু কোলকাতায় নয়, তিনি যখন কোলকাতার বাইরে ছিলেন তখন যদিও তিনি স্টেট গেস্ট বলে গণ্য হন নি কিন্তু তাঁর জিনিসপত্র বইবার জন্য এবং অন্যান্য সুবিধার জন্য তাঁকে আমরা গাড়ী দিয়েছি।

Shri Balai Lal Das Mahapatra:

তাঁর দল যখন কোলকাতার বাইরে গিয়েছিল তখন তাঁদের জন্য গাড়ী দেওয়া হয়েছিল কি ?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁর সঙ্গে তাঁর সঙ্গী হিসেবে ক্যাম্প-এ যাঁরা থাকতেন তাঁদের জিনিসপত্র বইবার জন্য আমরা গাড়ী দিয়েছি।

Dr. Kanai Lal Bhattacharya:

মুখ্যমন্ত্রী বললেন বিনোবাজী যখন কোলকাতায় ছিলেন তখন তিনি স্টেট গেষ্ট হিসেবে ছিলেন। আমার প্রশ্ন হচ্ছে বিনোবাজী যখন পশ্চিমবাংলায় প্রথম প্রবেশ করলেন তখন মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা তাঁকে অভ্যর্থনা জানাবার জন্য গিয়েছিলেন কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি একজন মহাপুরুষ জন্য আমরা তাঁকে অভ্যর্থনা জানিয়েছি এবং তিনি আমাদের কল্যাণ করবেন এটাই আমাদের বিশ্বাস।

Dr. Kanai Lal Bhattacharya:

তিনি ব্যক্তিগত ক্যাপাসিটিতে গিয়েছিলেন নাকি মুখ্যমন্ত্রী হিসাবে গিয়েছিলেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

মুখ্যমন্ত্রী হিসাবে গিয়েছিলাম।

Dr. Kanai Lal Bhattacharya:

তিনি যখন স্টেট গেস্ট ছিলেন না তখন কি হিসাবে গিয়েছিলেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

মুখ্যমন্ত্রী যে কোন লোককে অভ্যর্থনা করবেন মুখ্যমন্ত্রী হিসাবে যদি তিনি মনে করেন যে সে ব্যক্তি আমাদের দেশের কল্যাণ করবেন।

Shri Anadi Das:

১৩ই মে ঠাকুরপুকুর থেকে কাকদ্বীপে যাবার সময় তিনি রাষ্ট্রের অতিথি হিসাবে গিয়েছিলেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen:

পূর্বেই বলেছি. তিনি কলকাতা হয়ে যে কদিন ছিলেন রাষ্ট্রের অতিথি হিসাবে গণ্য হয়েছিলেন। কলকাতার বাইরে রাষ্ট্রের অতিথি বলতে যে জিনিষ বুঝায় সে হিসাবে গণ্য হননি।

Dr. Kanai Lal Bhattacharya:

বিনোবাজী রাষ্ট্রের অতিথি হিসাবে ছিলেন না, কিন্তু একথা কি সত্য আমাদের ডেপুটি মন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জীকে নিযুক্ত করা হয়েছিল তাঁকে দেখাশুনা করার জন্য ?

The Hon'ble Prafulla Chandra Sen :

মোটেই নয়। প্রত্যেক মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রীকে ক্যাবিনেট থেকে বলা হয়েছিল তাঁরা আচার্য বিনোবাজীর কাছে যতটা সম্ভব সাহায্য করবেন।

Dr. Kanai Lal Bhattacharya:

যখন দীঘায় মন্ত্রীসভার বৈঠক হয়েছিল, তখন বিনোবাজী ২৪ পরগণা জেলা টুর করছিলেন, সেই সময় শ্রীমতী মায়া ব্যানার্জি এবং অর্ধেন্দু নস্কর মহাশয় দীঘায় এবং দার্জিলিং-এ না গিয়ে কেন বিনোবাজীর তদারক করতে ব্যস্ত ছিলেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

বেশ করেছিলেন।

Dr. Kanai Lal Bhattacharya:

তাঁরা কি জনসাধারণের টাকা নেননা, জনসাধারণের কাজ ছাড়া বিনোবাজীর পেছনে কেন গিয়েছিলেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা ওতো জনসাধারণের কাজ।

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রী মহাশয় জানাবেন কি বিনোবাজী কিভাবে জনসাধারণের কাজ করছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

এটা বোঝার জায়গা নয়, আপনার কাছে গেলে বুঝিয়ে দেব। এটা কোন প্রশ্ন হতে পারে না।

Dr. Kanai Lal Bhattacharya:

আমি ওঁকে যেটা প্রশ্ন করছি পার্লামেণ্টারী জিজ্ঞাসা করছি, পার্লামেণ্টারী করার আমার অধিকার আছে। এতে মুখ্যমন্ত্রীর রক্তচক্ষুতে ভীত হবো না, আমি যা জিজ্ঞাসা করছি তাঁকে জবাব দিতে হবে।

The Hon'ble Prafulla Chandra Sen :

এ সম্বন্ধে না জানি, তার অতিরিক্ত আর কিছু বলতে পারবো না।

Shri Anadi Das:

ঠাকুরপুকুরের পর থেকে বিনোবাজীর সঙ্গে কতজন সরকারী পদস্থ কর্মচারী গিয়েছিলেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নোটিশ চাই।

Shri Birendra Narayan Roy:

কলকাতা শহর ছাড়া অন্য জায়গায় সরকারী অতিথি হিসাবে তিনি ছিলেন না, তা সত্বেও সরকারী গাড়ী ব্যবহার করা হয়েছে কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের ইচ্ছা আমরা করি।

Shri Nikhil Das:

আমরা যে প্রশ্ন করি তা হচ্ছে কিছু খবর পাবার জন্য।

(গোলমাল)

কিন্তু তার জন্য আমাদের মুখ্যমন্ত্রী রক্তচক্ষু দেখান, যখন প্রশ্ন করি তিনি আমাদের রক্তচক্ষু দেখান। প্রশ্ন করার আমাদের অধিকার আছে, এরকম করলে আমাদের যে প্রিভিলেজ আছে সেটা ভঙ্গ হয়। এর আগে একটা প্রশ্ন করেছিলাম তিনি বললেন—"বেশ করেছি", Is it a reply? Whether it is a matter of opinion or it is a reply.

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্পর্কে আমি আপনার রুলিং চাচ্ছি। তিনি বলছেন ইট ইজ এ ম্যাটার অব অপিনিয়ান, বেশ করেছি, ভাল করেছি, এটা কি কোশ্চেনের রিপ্লাই?

Mr. Deputy Speaker:

You put separate questions.

Shrimati Biva Mitra:

আমি একটা প্রশ্ন করছি

(নয়েজ)

(Several Members rose to speak)

(Noise and interruption)

[12-10—12-20 p.m.]

Mr. Deputy Speaker:

কানাইবাবু আপনি বসুন। আজ আমার শরীর ভাল নেই, গোলমাল করবেন না। যদি গোলমাল করেন তাহলে হাউস চালান আমার পক্ষে অসুবিধা হবে।

Shri Kamal Kanti Guha:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, চীফ মিনিস্টার যা বলেছেন তা প্রত্যাহার করতে বলুন।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি কোন জিনিসই প্রত্যাহার করব না।

(Noise and interruption)

Shri Hemanta Kumar Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, চীফ মিনিস্টার যে ভাষা ব্যবহার করেছেন এই রকম ভাষা ব্যবহার করা উচিত নয়। এটা খুব আপত্তিজনক। সেজন্য আমি বিশেষভাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে চীফ মিনিস্টার যেভাবে কথা বলেছেন সেই ভাবে যাতে না বলেন সেই বিষয়ে আপনি তাঁকে বলুন। এটা অত্যাধিক অন্যায়। তিনি লিডার অব দি হাউস হয়ে যে কথা বলেছেন সেরকম কথা বলা উচিত নয়।

Mr. Deputy Speaker:

আমার কথাটা শুনুন। উনি এমন কিছু বলেন নি যেটা আনপার্লামেণ্টারী। কাজেই আমি কি বলব। উনি যেটা বলেছেন বেশ করেছি ওটা আনপার্লামেণ্টারী নয়।

Shri Kamal Kanti Guha:

একজন মাননীয় সদস্য যদি সাপ্লিমেণ্টারী কোয়েশ্চেন করতে থাকেন এবং উনি যদি উত্তর দিতে না পারেন তাহলে উনি বলতে পারেন নোটিশ দেবেন, না হলে বলবেন আমি বলতে পারব না। কিন্তু উনি বলেছেন জেরা করবেন না, বেশ করেছি। এই কথা কি উনি বলতে পারেন?

Shrimati Santi Das:

স্যার, বিগত ১৫ই জুলাই থেকে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা আমাদের ঐতিহাসিক দার্শনিক শঙ্করাচার্যের মারাপদে আচ্ছন্ন হয়ে রয়েছেন। আমি যতদূর জানি আমাদের চীফ মিনিস্টার তিনি সায়েন্স স্টুডেণ্ট

(গোলমাল)

Dr. Kanai Lal Bhattacharya:

অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার, শ্রীমতী শান্তি দেবী তিনি সাপ্লিমেণ্টারী সার বলতে উঠেছেন, উঠে তিনি সাপ্লিমেণ্টারী তো করলেন না, তিনি গোটাকতক মন্তব্য করলেন—আমার মনে হয় ইট ইজ [illegible] রুড। এই হাউসকে অন্ততঃ আপনাকে এইভাবে তিনি চিট করেছেন। এটা অত্যন্ত অন্যায়; এরকম ভবিষ্যতে যাতে আর না হয় আপনি দেখবেন।

Shrimati Santi Das:

স্যার, বিরোধীপক্ষের সদস্যরা আমার প্রশ্ন শেষ করতে দেন নি।

Dr. Kanai Lal Bhattacharya:

আমার সাপ্লিমেণ্টারি হচ্ছে মাননীয় মন্ত্রী [illegible] গেছেন প্রশ্নের [illegible] এবং তার জন্য যে খরচ হয়েছে সেই খরচের হিসাব এখনও পাওয়া যায় নি। বিনোবাজী কোলকাতা থেকে ১০।১৫ দিন আগে গেছেন এই ১৫ দিনের মধ্যে হিসাব হল না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

কেন-র উত্তর আমরা দিই না।

Dr. Kanai Lal Bhattacharya:

I wanted to elicit certain information.

মুখ্যমন্ত্রী কি একথা বলতে পারেন? সেটা আপনাকে জিজ্ঞাসা করছি। আমি একটা ইনফরমেসান এলিসিট করবার জন্য তাঁর কাছে সাপ্লিমেণ্টারী করেছিলাম, আপনি সেই সাপ্লিমেণ্টারি অ্যালাউ করেছেন—উনি একথা বলতে পারেন কি কোন জবাব আমি দেব না সেটাই আমি আপনার কাছে থেকে জানতে চাচ্ছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

জবাব কি করে দেব?

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমরা এখানে এসেছি, আমাদের সকলের একটা প্রিভিলেজ আছে। আপনি চেয়ারে বসে as custodian of the rights and privileges of the House.

আপনি যদি আমাদের বক্তব্যগুলি না শোনেন এবং কোনরকম বিচার না করেন তাহলে আপনি কি আশা করেন এই হাউস ভালভাবে চলবে?

Mr. Deputy Speaker:

না।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে আপনি একটা জবাব দিন। মন্ত্রীমহাশয় বললেন কোন জবাব আমরা দিই না—তিনি কি এটা বলতে পারেন? হ্যাঁ কি না বলুন। স্থানুর মত বসে থাকবেন না।

Shri Abani Kumar Basu: On a point of previlege Sir,

মাননীয় কানাইবাবু একটু আগে আপনার সম্বন্ধে উক্তি করেছেন যে আপনি স্থানুর মত বসে আছেন। এটা আমি মনে করি আপনার প্রতি এবং এই হাউসের প্রতি অসম্মান করা হয়েছে। এই ব্যাপারটা প্রিভিলেজ কমিটিতে দেয়া হোক। আপনি রুলিং দিন।

(Noise and interruptions)

Shri Kamal Kanti Guha:

উনি বলেন নি।

Shri Abani Kumar Basu:

উনি আপনার দিকে আঙ্গুল দেখিয়ে বলেছেন স্যার, যে মানুষ মত বসে থাকবেন না।

(Noise and interruptions.)

Shri Abani Kumar Basu: Sir, I want your ruling,
আমি প্রিভিলেজ পয়েণ্ট তুলেছি কানাইবাবু আপনার প্রতি অসম্মান প্রদর্শন করেছেন।

Shri Nikhil Das:

আমরা যখন প্রশ্ন করি তার উদ্দেশ্য হচ্ছে মন্ত্রীমহোদয়ের কাছে একটা খবর জানার জন্য তাতে তাঁরা যদি বলেন চোখ রাঙ্গিয়ে "যা বলেছি বেশ করেছি", "উত্তর দেব না", তাহলে এই হাউসে কোশ্চেন আওয়ার রেখে লাভ কি। আমরা শুনলাম আপনার শরীর খারাপ, আপনি তাহলে প্যানেল অব চেয়ারম্যান থেকে কাউকে বসিয়ে দিন। আমাদের রাইট নষ্ট হবে এটা হতে পারে না।

(12-20--12-30 p.m.)

The Hon'ble Sankardas Banerji: Sir, may I with the permission of the House try to give some assistance in this direction? Sir, the position is this. I have carefully looked into the question and I think the controversy has arisen by reason of question (c), viz. "how much money has been spent from the State Exchequer on that account up to the time of his stay in West Bengal? Of course, so far as the question is concerned, it is a perfectly legitimate question to ask and certainly the honourable members are entitled to a complete reply. But, as far as I have been able to find out, the Chief Minister has indicated to the House that we are not read with the answer because perhaps the departments concerned have not been able to answer the query. There has been some delay, but I do not think, with all respect due to every honourable member, that there can be a supplementary question as to why delay has taken place. All that can certainly be said with a great deal of emphasis is "We want the answer at an early date" and the Government must certainly take upon itself the task of giving the reply. But why it has not been possible to give the answer today is a question which, in my humble submission, does not arise out of it.

Dr. Kanai Lal Bhattacharya:

আমরা শঙ্করদাসবাবুকে এই প্রশ্ন প্রায় ১০।১৫ দিন আগে করেছিলাম, তখন শঙ্করদাসবাবু বলেছিলেন সমস্ত খবর পরে দেব। ইতিমধ্যে দশদিন হয়ে গেল। এর মধ্যে কত টাকা পয়সা খরচ হয়েছে এ সম্বন্ধে সরকার পক্ষ থেকে কোন জবাব আসছে না। মুখ্যমন্ত্রী যদি শঙ্করদাস বাবুর মতো বলতেন যে ডিপার্টমেণ্ট দিতে দেরী করছে তাহলে আমরা একটা কথা বুঝতাম কেন দেরী হচ্ছে তা জানতে আমরা এনটাইটেল্ড। ১৫ দিন আগে তিনি কলকাতায় এসেছিলেন, স্টেট গেস্ট ছিলেন, ১৫ দিন চলে গিয়েছে আজকেই শুধু আমরা এই প্রশ্ন করছি তা নয় টুডে ইজ দি থার্ড অর ফোর্থ ডে আমরা খরচপত্র সম্পর্কে প্রশ্ন করছি। প্রত্যেকবারই যদি সরকার বলেন খরচের হিসাব আমরা এখন বলতে পারবো না তাহলে আমার মনে হয় এই হাউসের রাইটস তারা ডিনাই করছেন। বিনোবাজী আসার জন্য স্টেট এক্সচেকার থেকে কত খরচ হয়েছে সেটা আমরা জানতে চাই। যদি তাঁরা কোন ইনফরমেশন না দিয়ে বলেন, আমরা এখানে সংখ্যাগরিষ্ঠ আমরা জবাব দেব না, তাহলে এই অ্যাসেম্বলী রেখে ডেমোক্রাসীর কথা বলার দরকারটা কি? কাজেই, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা কথা গভর্নমেণ্টকে বলি, আপনাকেও বলি আমাদের লেজিটিমেট রাইটস যদি রক্ষা না করা হয় এবং অন্যায়ভাবে আমাদের প্রতিটি রাইট খর্ব করা হয় তাহলে আমরা যদি অন্যায় ভাবে কাজ করি এই হাউসে তাহলে আমাদের দোষ দিতে পারবেন না।

(Noise and interruption)

Shri Kamal Kanti Guha:

আপনি যদি মনে করেন আমরা শুধু বলে যাব, আপনি অফিসের বড় বাবু, আমরা আপনার উমেদারী করব তাহলে আপনি ভুল করছেন।

Shri Abani Kumar Basu: It is certainly an objectionable remark.

(Noise and interruption)

Dr. Kanai Lal Bhattacharya:

অন্ততঃ সরকারপক্ষ থেকে আমাদের বলা হোক অমুক দিনের মধ্যে, ৫।৭ দিনের মধ্যে এ সম্বন্ধে খবর দেওয়া হবে, তাহলে আমরা একটা কথা বুঝতে পারি যে অমুকদিন আমরা জবাব পাব।

The Honb'le Sankardas Banerji: My answer is this: I can quite see the force of the statement made, but as far as I am aware Vinobajee travelled throughout West Bengal, in various districts. He is now in Midnapore, I am told. It is not possible, therefore, to give a complete answer because he has not left West Bengal. The other point which I would like to impress upon the honourable members is that various Departments were involved because, my honourable friends are aware of the fact that, motor vehicles were employed: officers visited the places; and certain other expenses were incurred. I do not know exactly all the details, because I did not accompany him in any of the visits. I imagine there were expenditures on different counts. The District Magistrates and the Police officers of all the districts will have to be referred to. Every endeavour will be made by the Government to give a reply before the House adjourns finally.

Dr. Kanai Lal Bhattacharya:

চিফ্ মিনিস্টার যখন জবাব দিয়েছিলেন তখন শঙ্করদাসবাবু ঘরে ছিলেন না, তিনি জানেন না চিফ্ মিনিস্টার কি জবাব দিয়েছিলেন। আমরা জানতে চাচ্ছি স্টেট গেস্ট হিসাবে কলকাতায় থাকবার সময় তাঁর পিছনে কত খরচ হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen: How much money has been spent from the State Exchequer on that account up to the time of his stay in West Bengal?

শুধু কলকাতায় থাকলে এখনি উত্তর দিতে পারতাম।

Shri Nikhil Das:

স্যার, এটা অসত্য ভাষণ হচ্ছে, মুখ্যমন্ত্রী বলেছিলেন কলকাতায় পয়সাকড়ি খরচ হয়েছে কলকাতার বাইরে এক পয়সাও খরচ হয়নি। আমরা শান্তিসেনানী বলে [illegible] পশ্চিমবাংলায় কত খরচ হয়েছে, মুখ্যমন্ত্রী বলেছিলেন পশ্চিমবাংলায় খরচ হয়নি, খালি কলকাতায় খরচ হয়েছে।

Mr. Deputy Speaker:

Mr Banerji তো various departments এর কথা বলছেন।

Shri Nikhil Das:

কোন্‌টা সত্য মনে করব, কোন্‌টা অসত্য মনে করব?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কথা সবই সত্য—আমি এই কথা বলেছি কলকাতায় আচার্য বিনোবাজী যখন ছিলেন তাঁকে আমরা স্টেট গেস্ট হিসাবে গণ্য করেছিলাম, তার মানে হচ্ছে—

আমি একথা আগেই বলেছি—যে বিনোবাজী যখন কোলকাতায় ছিলেন তখন আমরা যে তাঁকে স্টেট গেস্ট হিসেবে গণ্য করেছিলাম তার মানে হচ্ছে তাঁর খাওয়া-পরার খরচ আমরা বহন

করেছিলাম। অন্যত্র যখন তিনি ছিলেন তাতে আমি আগেই হাউসে বলেছি যে তিনি তো পায়ে হেটে যান, তবে তাঁর মালপত্র বইবার জন্য যানবাহন খরচ আমরা করেছি। কোলকাতায় কত খরচ হয়েছে সেটা আমাকে জিজ্ঞাসা করা হয়নি, হোল অব ওয়েস্ট বেঙ্গলে কতখরচ হয়েছে সেটা সংগ্রহ করা হচ্ছে।

Dr. Kanai Lal Bhattacharyya:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি যখন ওয়েস্ট বেঙ্গলের ডিস্ট্রিক্ট-এ স্টেট গেস্ট হিসেবে ছিলেন ন তখন তাঁর মালপত্র বইবার জন্য স্টেট এক্সচেকার থেকে কেন খরচ করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

গভর্নমেণ্ট খরচ করতে বলতে পারেন এবং কেন খরচ করা হয়েছে সে প্রশ্ন উঠতে পারে না।

[12-30—12-40 p.m.]

The Hon'ble Sankardas Banerji: I understand that Mr. [illegible] is in West Bengal at the moment. He will be staying in West Bengal till the 10th of August. Therefore any answer that we [illegible] will be up to a date. If the House adjourns on the 5th August [illegible] up to a particular date- it will never be a complete answer in the way my friends want.

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি জানতে চাই এই হাউসে আমাদের কি অধিকার আছে, কী পজিসন আছে? এখানে এই [illegible] হচ্ছে, ফাইনান্স মিনিস্টার এই জবাব দিলেন। কিন্তু আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে কোন মন্ত্রী বা মাননীয় পার্লামেণ্টারী কোশ্চেন-এর এই জবাব দিতে পারেন [illegible] আপনার কাছে আমি এই পয়েণ্ট অব অর্ডারের রুলিং চাই।

Mr. Deputy Speaker:

ইট ইজ নট এ পয়েণ্ট অব অর্ডার।

The Hon'ble Jaganath Kolay:

স্যার, আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে রুলে এমন কোন ব্যবস্থা নেই যে কোশ্চেন-এর উপরে ডিসকাসন হবে। কিন্তু আজকে দেখছি কোশ্চেন-এর উপর ডিসকাসন হচ্ছে। আমাদের রুলস-এ আছে যদি ফার্দার ইনফরমেশন [illegible] তাহলে হাফ এ্যান আওয়ার ডিসকাসন হবে—এটা আমাদের রাইট। তবে যদি নোটিশ দেওয়া হয় তাহলে উই ক্যান অ্যানসার দোজ কোশ্চেনস। কিন্তু আমার [illegible] এমনি কোশ্চেনে ১৫ মিনিট চলে গেল এতে এঁরা অন্যান্য মেম্বার-এর রাইট নষ্ট করেছেন।

Mr. Deputy Speaker:

কোশ্চেন-এর উপর ডিসকাসন হওয়া ঠিক নয়। এ প্রশ্ন ওঠে না। যাহোক, দিস কোশ্চেন ইজ হেল্ড ওভার—আপনি পরের দিনের জন্য তৈরী হন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: On a Point of Order, Sir. The question was "how much money has been spent from the State Exchequer on that account up to the time of his stay in West Bengal." Since his stay in West Bengal is not yet over, I think this question is inadmissible at the present stage.

Mr. Deputy Speaker:

কোশ্চেনের উপর ডিসকাসন ঠিক হয় না। আমি এটা হেল্ড ওভার করছি।

Shri Sailendra Nath Adhikary:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, অনারেবল হরেনবাবু একটা কথা বললেন যে এটার এ্যাডমিসিবিলিটি নাই।

Mr. Deputy Speaker:

I have already said that this question is held over. Now let us pass on to the next question.

The Hon'ble Jagannath Koley:

আমি আপনার কাছে একটা কথা নিবেদন করবো, এটাকে হেল্ড ওভার না করে নোটিশ দিয়ে যদি ঠিক করা হয় হাফ-এন-আওয়ার ডিবেটের তাহলে আমার মনে হয় ভাল হয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

তাহলে এটা পরে ঠিক করা যাবে। উই শ্যাল ডিসকাস, হেল্ড ওভার যে করলেন তাহলে Will you violate your own ruling.

Mr. Deputy Speaker:

The question is held over.

Spurious passports

***116.** (Admitted question No *467.)

Shri Birendra Narayan Roy:

(ক) গত ৫ই মার্চ, ১৯৬৩, তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত ৩৪নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উক্ত বিষয়টির তদন্ত শেষ হইয়াছে কি না ?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত কারবারে জড়িত সন্দেহে কয়জনকে গ্রেপ্তার করা হইয়াছে,

(২) উক্ত জাল পাশপোর্টের সুযোগে কয়জন ভারতীয় বিদেশে গিয়াছেন ; এবং

(৩) উক্ত জাল পাশপোর্টধারী কয়জন ভারতীয় নিম্নলিখিত দেশে আছেন বা ভ্রমণ করিয়া আসিয়াছেন—(/০) চীনের মূল ভূখণ্ড, (৵০) আমেরিকা, (৶০) সোবিয়েত-য়ুনিয়ন, (।০) জাপান, (।/০) পাকিস্তান, এবং (।৵০) বৃটিশ যুক্তরাষ্ট্র ?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) না, তদন্ত এখনও চলিতেছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Roy:

তদন্ত হচ্ছে বলেছেন। এখনও শেষ হয়নি ?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখনও চলছে।

Shri Briendra Narayan Roy:

এই তদন্ত কতদিন চলবে

The Hon'ble Prafulla Chandra Sen:

যতদিন শেষ না হবে, ততদিন চলবে

Shri Birendra Narayan Roy:

এক বছর না দু বছর একটা টাইম লিমিট দিতে পারেন কি ?

(নো রিপ্লাই)

Rise in price of sugar

***117.** (Admitted question No. *520.) **Shri Jamini Bhusan Saha:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state whether it is a fact that the price of sugar has shown a sharp rise in Calcutta in recent times?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the reasons thereof; and

(ii) what are the measures that the Government is contemplating to take to bring down the prices of sugar?

[12-40—12-50 p.m.]

The Hon'ble Charu Chandra Mahanty: (a) No.

(b) Does not arise.

Dr. Narayan Chandra Roy:
আপনি বললেন চিনির দাম বাড়েনি। কিন্তু আপনি কি অবগত আছেন যে বাজারে চিনি নেই?

The Hon'ble Charu Chandra Mahanty:
বাজারে চিনি নাই ইহা সত্য নহে।

Dr. Narayan Chandra Roy:
বাজারে চিনি আছে কি নেই?

The Hon'ble Charu Chandra Mahanty:
বাজারে চিনি আছে।

Shri Birendra Narayan Roy:
আমি জিজ্ঞাসা করছি বিভিন্ন দোকানে যেখানে চিনি নেই বলে টাঙ্গিয়ে দিয়েছে তার সম্বন্ধে সরকার কোন খবর রাখেন কিনা এবং সে সম্পর্কে কোন স্টেপ নিচেছন কিনা?

The Hon'ble Charu Chandra Mahanty:
আমাদের কাছে এমন কোন খবর নেই যে কোন দোকানে চিনি নেই।

Dr. Narayan Chandra Roy:
আপনারা কি এই রকম কোন হুকুম দিয়েছেন যে রেশনের দোকানে রেশন কার্ড হোল্ডাররা চালের সঙ্গে চিনি পাবে আর না হলে পাবে না?

The Hon'ble Charu Chandra Mahanty:
না। চালের সঙ্গে কেন অন্য সময়ে গেলেও চিনি পাবে।

Shri Jamini Bhusan Saha:
আপনি প্রথম প্রশ্নের উত্তরে বললেন যে না, চিনির দর বাড়েনি। আপনি কি বলবেন কলকাতায় জানুয়ারী মাসে চিনির দর কত ছিল?

The Hon'ble Charu Chandra Mahanty:
নোটিশ না দিলে জানুয়ারী মাসের দর বলতে পারব না। কারণ, তখন কণ্ট্রোল হয়নি, তখন বাজারে চিনির দাম বেড়েছিল।

Shri Jamini Bhusan Saha:
তাহলে আমার প্রশ্নটা হচ্ছে কণ্ট্রোলটা কেন হল?

The Hon'ble Charu Chandra Mahanty:
যখন কণ্ট্রোল হয়নি তখন চিনির দাম বেড়েছিল।

The Hon'ble Prafulla Chandra Sen:
আপনার প্রশ্নটা হচ্ছে

will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state whether it is a fact that the price of sugar has shown a sharp rise in Calcutta in recent times?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the reasons thereof; and

(ii) what are the measures that the Government is contemplating to take to bring down the prices of sugar?

তার উত্তর তো উনি দিয়েছেন।

Shri Jamini Bhusan Saha:
উনি বলেছেন চিনির দাম বাড়েনি, অতএব প্রশ্ন উঠে না। আমি জানুয়ারী মাসের কথা বলাতে উনি বললেন নোটিশ চাই। আমি জিজ্ঞাসা করছি যে মাসে কলকাতায় চিনির দর কত ছিল?

The Hon'ble Charu Chandra Mahanty:
আপনার কোয়েশ্চেনে ছিল সার্প রাইজ ইন রিসেণ্ট টাইম। রিসেণ্ট টাইম বলতে কি মিন করছেন? থার্ড উইক অব মে কণ্ট্রোল অর্ডার প্রোমালগেটেড হল। কণ্ট্রোল হওয়ার আগে, না পরে?

Shri Jamini Bhusan Saha:
কণ্ট্রোলের আগে মে মাসে কত দর ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
বি-২৯ মোটা চিনির দর মে মাসে ছিল ১.২৫ নঃ পঃ পার কে. জি। আমরা দর বেঁধে দিয়েছি ১.২২ নয়া পয়সা পার কে জি.।

Shri Anadi Das:
চিনি সম্বন্ধে গভর্নমেণ্ট কি এই পলিসি নিয়েছেন যে মডিফায়েড রেশনের দোকান ছাড়া অন্য কোথাও চিনি পাওয়া যাবে না?

The Hon'ble Prafulla Chandra Sen:
কলকাতায় এবং শিল্পাঞ্চলে আমরা চাইছি যে আমাদের যে ফেয়ার প্রাইস সপ আছে সেখানে লোকে কার্ড রেজিস্টার্ড করুক; রেশন কার্ড হোল্ডারের এগেন্সটে আমরা চিনি দেব। কলকাতা এবং শিল্পাঞ্চলে ৫৫ লক্ষ লোকের মধ্যে ২৩ লক্ষ লোক নাম রেজিস্ট্রি করেছে, তারা রেশন কার্ডের এগেন্সটে চিনি নিচ্ছে। এখনও অনেক লোক নাম রেজিস্ট্রি করেনি। যতক্ষণ না নাম রেজিস্ট্রি করবে ততক্ষণ পর্যন্ত মুদির দোকানে চিনি দিতে বাধ্য হচ্ছি। যত তাড়াতাড়ি তারা নাম রেজিস্ট্রি করবে রেশন কার্ডের এগেন্সটে চিনি পাবার জন্য সেটা তাদের পক্ষে ভাল এবং আমাদের পক্ষে ভাল।

Shri Anadi Das:
মুদির দোকানে যে চিনি দেয়া হচ্ছে কি দরে দেয়া হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের বি-২৯ ১.২২ নঃপঃ-য় বিক্রী হওয়া উচিত এবং হচ্ছেও। যদি বেশী দাম নেয় তাহলে শাস্তি বিধান করা হবে।

Shri Sudhir Chandra Das:
কণ্ট্রোলের পূর্বে ১.২৫ নঃ পঃ দাম যেটা ছিল বলে বল্লেন মুখ্যমন্ত্রী সেটা কোলকাতার কথা বল্লেন না মফঃস্বলের কথা বল্লেন।

The Hon'ble Prafulla Chandra Sen:
সমস্ত প্রশ্নটাই কোলকাতার কথা বলা হয়েছে

Shri Jamini Bhusan Saha:
মন্ত্রিমহাশয় বল্লেন যে কোলকাতায় মে মাসের তৃতীয় সপ্তাহে কণ্ট্রোল করা হয় চিনির দর বেড়ে ছিল বলে—চিনির দর কেন বেড়েছিল?

The Hon'ble Charu Chandra Mahanty:
প্রোডাকসন কমে গিয়েছিল বলে।

The Hon'ble Prafulla Chandra Sen:
চিনির দর বাড়াটা এর থেকে আসে কি?

Shri Jamini Bhusan Saha:
কি আসে না?

Mr. Deputy Speaker:
এখানে ফ্যাকটসের কথা বলা হয়েছে, কেন বেড়েছে বলেন নি তো।

Shri Jamini Bhusan Saha:
কোয়েশ্চেন (বি) (i) এ আছে, দি রিজন্স দেয়ারঅফ—উনি বলেছেন চিনির দর যে বাসে বেড়েছিল বলে কণ্ট্রোল করা হয়েছে।

The Hon'ble Charu Chandra Mahanty:
কণ্ট্রোল হবার পূর্বে বেড়েছে। পরে বাড়ে নি তো।

Shri Jamini Bhusan Saha:
মুখ্যমন্ত্রি বল্লেন প্রশ্ন আসে না—কেন আসে না?

The Hon'ble Prafulla Chandra Sen:
উনি উত্তর দিয়েছেন টাইমসে বাড়েনি, অতএব এ প্রশ্ন উঠে না।

Shri Jamini Bhusan Saha:
রিসেণ্ট টাইম বলতে কি বুঝেন?

Mr. Deputy Speaker: It is a matter of opinion
এ প্রশ্ন আসে না।

Shri Jamini Bhusan Saha:
রিপোর্ট বলতে গত ৩ মাসের মধ্যে চিনির দর বেড়েছে কিনা? উনি বলছেন যে হ্যাঁ, কণ্ট্রোলের আগে বেড়েছিল। বাড়ার কারণ কি, উনি বলেছেন প্রোডাকসন কম হয়েছে, উনি এই জবাব দিয়াছেন, ইতিমধ্যে রেকর্ড হয়ে গেছে। প্রোডাকসন কম হয়েছে যখন বলেছেন তখন আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে গত বছর কত প্রোডাকসন হয়েছিল এবং এ বছর কত প্রোডাকসন হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
প্রোডাকসনের খবর পশ্চিমবঙ্গ সরকার রাখেন না। সেটা ভারত সরকার রাখেন।

Shri Jamini Bhusan Saha:
তাহলে কোন্ হিসাবে উত্তরে বল্লেন যে প্রোডাকসন কমেছে বলে? আমি জবাবটা পাচ্ছি না স্যার, আমি জিজ্ঞাসা করছি গত বছর কত প্রোডাকসন হয়েছিল, এ বছর কত প্রোডাকসন হয়েছে—নিশ্চয়ই এখবরটা রাখেন, তা না হলে কি করে বলছেন প্রোডাকসন কম হয়েছিল?

[12-50—1 p.m.]

The Hon'ble Charu Chandra Mahanty:
সেণ্ট্রাল ফুড মিনিস্টার বলেছিলেন প্রোডাকসন কম হয়েছে বলে কণ্ট্রোল করতে হল এবং সেজন্য দাম বেড়েছিল।

Shri Briendra Narayan Roy:
কেজার প্রাইস সপ-এ পার হেড পার উইক কত করে চিনি দেওয়া হচ্ছে?

The Hon'ble Charu Chandra Mahanty:
প্রত্যেককে ৫০০ গ্রাম।

Shri Nepal Chandra Ray:
মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি চীনের জন্য চিনির দাম বেড়েছে কিনা?

Mr. Deputy Speaker: I disallow this question.

Shri Jamini Bhusan Saha:
মন্ত্রিমহাশয় বলেছেন উৎপাদন কম হয়েছে, সেই হেতু দাম বেড়েছে, আমার কথা হচ্ছে কত উৎপাদন কম হয়েছে। সেটা কি বলেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমরা সেই কথা বলতে পারব না। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী একটা স্টেটমেণ্টএ বলেছিলেন ভারতবর্ষে এই বছর চিনির উৎপাদন কম হয়েছে, সেটা থেকে মাননীয় মন্ত্রিমহাশয় এই কথা বলেছেন।

Shri Jamini Bhusan Saha:
কবে তিনি এই স্টেটমেণ্ট দিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিশ চাই।

Shri Nikhil Das:
স্যার, কলকাতার ব্যাপারটা কলকাতায় চিনির দাম কেন বেড়েছে—তিনি বল্লেন ফেয়ার প্রাইস সপ, মডিফায়েড রেশন সপ, ছাড়া কিছু সংখ্যক মুদির দোকানে লাইসেন্স দেওয়া হয়েছে। কিন্তু যেখানে রিটেল সেল-এর জন্য লাইসেন্স দেওয়া হয়েছে সেখানে চিনি বিক্রী হচ্ছে না, সেই চিনি লোপাট হয়ে গিয়ে খোলা বাজারে বিক্রী হচ্ছে।

Mr. Deputy Speaker: I disallow this question.

The Hon'ble Prafulla Chandra Sen:
এই প্রশ্ন উঠে না।

Shri Anadi Das:
৫৫ লক্ষের মধ্যে ২০ লক্ষ নাম রেজিস্ট্রি করেছে, বাকী লোক যতদিন না নাম রেজেস্ট্রী করে ততদিন সে সম্পর্কে গভর্নমেণ্টের পলিসি কি?

Mr. Deputy Speaker:
পলিসি ওরা গ্রহণ করছেন।

Shri Sailendra Nath Adhikary:
আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি ওয়েস্ট বেঙ্গল এ যে দুটো সুগারমিল আছে ন্যাশানাল সুগার মিলস এবং রামনগর সুগারমিলস সেখানকার চিনি আপনাদের আওতায় এসে ফুড ডিস্ট্রিবিউসন-এর মধ্যে পড়ে?

The Hon'ble Prafulla Chandra Sen:
এই প্রশ্ন আসে না।

Shri Nepal Chandra Roy:
মন্ত্রিমহাশয় জানাবেন কি মডিফায়েড রেশন সপ যা কলকাতা এবং আশেপাশে আছে তাতে লোকে যদি শুধু চিনি চায়, তাহলে তা দেবার নির্দেশ দেওয়া হয়েছে কি?

The Hon'ble Charu Chandra Mahanty:
সে নির্দেশ আছে।

Shri Nepal Chandra Roy:
কিন্তু অনেক দোকানে চাল বা আটা না নিলে চিনি দেওয়া হচ্ছে না।

The Hon'ble Charu Chandra Mahanty:
এমন কোন ইনফরমেসন আমাদের কাছে আসে নি।

National Sports Stadium

***118.** (Admitted question No. *565.)

Shri Kashi Kanta Maitra :

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—কলিকাতায় "ন্যাশনাল স্পোর্টস স্টেডিয়াম" গঠন সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার কার্যকরী কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

জরুরী অবস্থার জন্য কলিকাতায় স্পোর্টস স্টেডিয়াম নির্মাণকার্যে হাত দেওয়া সম্ভবপর হয় নাই। সরকার এই বিষয়ে সচেতন এবং যত শীঘ্র সম্ভব ইহার একটা ব্যবস্থা করিবার জন্য সচেষ্ট আছেন।

Shri Balai Lal Das Mahapatra:
কতদিনে হাত দেবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
জরুরী অবস্থার সুরাহা হলে স্টেডিয়াম নির্মাণের জন্য যে প্রচুর পরিমাণ সিমেন্ট এবং লোহালক্কর দরকার হবে তা পাওয়ার সম্ভাবনা আছে। সুতরাং তখন কাজ আরম্ভ হবে।

Shri Balai Lal Das Mahapatra:
মন্ত্রিমহাশয় জানেন কি খেলা দেখতে গিয়ে বহুলোক আহত হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
জানি।

Shri Balai Lal Das Mahapatra:
এই জরুরী অবস্থায় ফোনের জন্য ৬ হাজার টাকা খরচ হচ্ছে, আর কত ভাবে অপব্যয় ও ও অপচয় হচ্ছে।

The Hon'ble Khagendra Nath Das Gupta:
কথাটা হচ্ছে, স্টেডিয়াম নির্মাণের জন্য যে প্রচুর পরিমাণ সিমেন্ট, লোহালক্কর ও ওয়াগন দরকার, সেটা আমরা পাচ্ছি না বলেই কাজ আরম্ভ করতে পারছি না।

Shri Balai Lal Das Mahapatra:
কতদিন থেকে এই পরিকল্পনা করেছেন বলবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
অনেক দিন আগে থেকেই এই প্রচেষ্টা হয়েছিল। প্রথমে জমি কোথায়, কোথায় স্টেডিয়াম হবে এটা স্থির করা হয় ভারত সরকারের সঙ্গে অনেক লেখালেখির পর। ভারত সরকার থেকে যে জমি পাওয়া যায় তার পরিমাণ ২২.৭৭২ একর। এই জমির উপর কি ধরণের স্টেডিয়াম নির্মাণ হবে তা নক্সা প্রণয়নের জন্য আমরা বিখ্যাত এঞ্জিনিয়ার স্বর্গীয় শিবদাস ব্যানার্জির উপর ভার দিই, তিনি নানাদেশ ভ্রমণ করে আমাদের কাছে নক্সা পেস করবার পূর্বেই মৃত্যুমুখে পতিত হন। তারপর, ইটালীর একজন আরকিটেকচারকে আমরা ভার দিই, তিনি একটা ওয়ার্কিং প্ল্যান ঠিক করে দিয়েছিলেন সেটা আমরা একসেপ্ট করবার পর তিনি ডিটেলস ড্রইং করে দিয়ে ছিলেন, এটা পশ্চিমবঙ্গ সরকার যখন পরীক্ষা করে কাজ করতে যাবেন এমন সময় জরুরী অবস্থা দেখা দেয়।

Answers to starred questions Nos. 119 to 125 were laid on the table

Unmilled paddy production

***119.** (Admitted question No *575.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the figure of unmilled paddy production available for consumption in this year;

(b) the additional supply through normal trade channel during this year;

(c) the estimated figure of deficit up-to-date; and

(d) how much of the deficit is available from outside the province, how much as rice and how much as wheat?

The Minister for Food: (a) The net production of paddy in West Bengal in 1963 is 5889.2 thousand tons.

(b) The additional supply of Rice so far received thorough trade channel from different States and Nepal amounts to 145.8 thousand tons.

(c) The estimated figure of deficit in 1963 is 22 lakh tons of cereals.

(d) Part of the estimated deficit is likely to be met by Central assistance and import from outside the State. Total expected receipts from outside are likely to be of the order of 12.25 lakh tons of which 3.25 lakh tons will be Rice and the rest 9 lakh tons will be wheat.

Output of sugar in Ramnagar Sugar Mill and Ahmedpur Sugar Mill

***120.** (Admitted question No. *598.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the total output of sugar in the Ramnagar Sugar Mill at Plassey, Nadia and in the Ahmedpur Sugar Mill for the months of March, April, May and June, 1963;

(b) what steps, if any, have been taken to ensure Governmental control over the sugar stocks of these two mills after the promulgation of sugar control order; and

(c) if it is a fact that these two sugar mills were permitted to sell their stock through their own agent?

The Minister for Food: Total output of sugar:—

Month	Ramnagar Sugar Mill	Ahmedpur Sugar Mill
March '63	Nil	1012 bags
April '63	Nil	Nil
May '63	Nil	Nil
June '63	Nil	Nil

Entire stock and production of all the sugar mills are controlled by the Govt. of India. The ex-mill factory prices of these 2 mills have also been fixed by them.

Only the May quota of these mills were so permitted with the direction to them that their nominated agents are to sell the sugar at controlled prices, fixed by the District Authorities concerned with intimation to them and Govt.

Malda District Hospital

***121.** (Admitted question No. *601.)

Dr. Golam Yazdani:

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলা হাসপাতালের জন্য বিশেষজ্ঞসহ কতজন ডাক্তার বরাদ্দ আছে এবং বর্তমানে সেখানে কতজন ডাক্তার আছে;

(খ) ইহা কি সত্য যে উক্ত হাসপাতালে বিশেষজ্ঞদেরকেও এমারজেন্সী ডিউটি করিতে হয়;

(গ) ইহা সত্য হইলে সপ্তাহে কতদিন কত ঘণ্টা করিয়া করিতে হয় এবং কোন্ কোন্ বিশেষজ্ঞ এই ধরণের ডিউটি করেন;

(ঘ) এমারজেন্সী ডিউটি ছাড়া তাঁহাদের কি বহির্বিভাগের ডিউটি সপ্তাহে কতদিন কত ঘণ্টা করিয়া করিতে হয়;

(ঙ) শুধু বহির্বিভাগের কাজ করিবার জন্য সেখানে কয়জন ডাক্তার আছেন এবং কোন্ কোন বিভাগে; এবং

(চ) হাসপাতালের ইনডোরে কোন্ কোন্ বিভাগে কতজন রোগীর বিছানা আছে এবং বর্তমানে এই সব বিভাগে কতজন করিয়া রোগী আছে?

The Minister for Health:

(ক) বিশেষজ্ঞ সহ ৭ জন ডাক্তার বরাদ্দ আছেন এবং সকল কাজেই মেডিক্যাল অফিসার নিযুক্ত আছেন।

(খ) বর্তমান নিয়ম অনুযায়ী বিশেষজ্ঞ অবিশেষজ্ঞ নির্বিশেষে প্রত্যেককেই পালাক্রমে এমার্জেন্সী ডিউটি করিতে হয়।

(গ) সাধারণতঃ নিম্নলিখিত বিষয় সমূহের বিশেষজ্ঞগণকে প্রতি মাসে ৫ দিন সন্ধ্যা ৬টা হইতে রাত্রি ৯টা পর্যন্ত ইমার্জেন্সী ডিউটি দিতে হয়, অর্থাৎ সপ্তাহে গড়ে ১ দিন ইমার্জেন্সী ডিউটি দিতে হয়। ইহা ছাড়া প্রয়োজনবোধে দিবা বা রাত্রি যে কোন সময়ে তাহাদের স্ব স্ব বিভাগে ইমার্জেন্সী কাজের জন্য উপস্থিত থাকিতে হয়—

(১) ভেষজ বিশেষজ্ঞ

(২) শল্য বিশেষজ্ঞ

(৩) স্ত্রীরোগ বিশেষজ্ঞ

(৪) চক্ষুরোগ বিশেষজ্ঞ

(ঘ) রবিবার এবং ছুটির দিন ছাড়া চক্ষু রোগের বিশেষজ্ঞ ব্যতীত অন্যান্য বিশেষজ্ঞগণ সপ্তাহে ২ দিন ২ ঘণ্টা করিয়া কাজ করেন, চক্ষুরোগ বিশেষজ্ঞ রবিবার ও ছুটির দিন ছাড়া প্রত্যহ ২ ঘণ্টা কাজ করেন।

(ঙ) কেবল বহির্বিভাগের জন্য পৃথক কোন ডাক্তারের ব্যবস্থা নাই। হাসপাতালের শয্যানুযায়ী বরাদ্দ ডাক্তারগণই পালাক্রমে বহির্বিভাগে কাজ করেন।

(চ) অন্তর্বিভাগে সর্বসমেত ১২৮টি শয্যা আছে এবং উহা নিম্নলিখিত ভাবে ভাগ করা আছে:—

(১) ভেষজ চিকিৎসা—৩২ (পুরুষ ১৮, মহিলা ১৪)

(২) শল্য চিকিৎসা—৩২ (পুরুষ ১৮, মহিলা ১৪ এবং চক্ষু ৬)

(৩) স্ত্রীরোগ ও প্রসূতি—২৮

(৪) সংক্রামক—৮

(৫) যক্ষ্মা—২০

(৬) পেয়িং—৮ (পুরুষ ও স্ত্রী উভয়ের মধ্যে দরকার বোধে ভাগ করা হয়)

বর্তমানে সকল শয্যাতেই রোগী আছেন।

Operation cases in Malda District Hospital

***122.** (Admitted question No. *602.)

Dr. Golam Yazdani:

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর হইতে আজ পর্যন্ত প্রতি মাসে মোট কতগুলি অপারেশন কেশের জন্য কত বোতল রক্ত দরকার হইয়াছে এবং ঐ রক্ত কোথা হইতে সংগ্রহ করা হইয়া থাকে এবং হাসপাতালে কিভাবে সংরক্ষণ করা হয়;

(খ) অপারেশন রুমের বয়েলস এ্যাপারেটাস-এর জন্য অক্সিজেন ও অন্যান্য গ্যাস নিয়মিত সরবরাহ করা হয় না—ইহা কি সত্য; এবং

(গ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Health:

(ক) কলিকাতাস্থ কেন্দ্রীয় ব্লাডব্যাঙ্ক হইতে গত বৎসরের এপ্রিল মাস হইতে বর্তমান বৎসরের জুন মাস পর্যন্ত কলিকাতার হাসপাতালগুলিতে মোট ১৮,৭০০ এবং মফঃস্বল হাসপাতালগুলিতে মোট ৩,৩২৪ বোতল রক্ত সরবরাহ করা হইয়াছে। কলিকাতার হাসপাতালগুলিতে সরবরাহের মাসিক বিন্যাস এইরূপ:

এপ্রিল '৬২ —১২৭৫
মে " —১৩১৮
জুন " —১২১৫
জুলাই " —১০৫৭
আগস্ট " —১১৫৫
সেপ্টেম্বর " —১১৭৬
অক্টোবর " —৯৬৪
নভেম্বর " —১১৫২
ডিসেম্বর " —১২১৯
জানুয়ারী '৬৩ —১২৭৫
ফেব্রুয়ারী '৬৩—১৩০৩
মার্চ " —১৬০৭
এপ্রিল " —১২৩১
মে " —১৪৭৩
জুন " —১২৮০

মফঃস্বল হাসপাতালগুলিতে কেন্দ্রীয় ব্লাডব্যাঙ্ক হইতে রক্ত সরবরাহের এবং জেলা ব্লাডব্যাঙ্কগুলি হইতে রক্ত সরবরাহের বিবরণী সংগ্রহ করা যায় নাই।

অপারেশন কেসের সংখ্যাও সংগ্রহ করা সম্ভব হয় নাই।

রক্তদাতাগণ ব্লাডব্যাঙ্ক অল্পাধিক ২৫০ সি. সি. রক্তদানের বিনিময়ে নগদ ১০ টাকা ও ১ টাকা মূল্যের খাদ্য পাইয়া থাকেন। প্রায় সমস্ত রক্তই এইরূপ অর্থের বিনিময়ে সংগ্রহ করা হইয়া থাকে। অবশ্য কোন কোন দাতা ঐ নগদ টাকা গ্রহণ করেন না।

হাসপাতালে রক্ত ঠাণ্ডা ঘরে, রেফ্রিজারেটারে অথবা বটল কুলারে সংরক্ষিত হয়।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

Diathermy apparatus for the Malda District Hospital

***123.** (Admitted question No. *603.)
Dr. Golam Yazdani:

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মালদহ জেলা হাসপাতালে কোন "ডায়াথারমি" যন্ত্র নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত হাসপাতালে এই যন্ত্র সরবরাহ করিবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা?

The Minister for Health:

(ক) হ্যাঁ

(খ) বাজারে দুষ্প্রাপ্যতা।

(গ) আছে।

Maternity Department in the Paharpur-Kalinarayanpur Union Health Centre

***124.** (Admitted querstion No. *708.)

Shri Gour Chandra Kundu:

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কালিনারায়ণপুর গ্রামে অবস্থিত পাহাড়পুর কালিনারায়ণপুর ইউনিয়ন হেলথ সেণ্টারএ কোন ম্যাটারনিটি ডিপার্টমেণ্ট আছে কি;

(খ) না থাকিলে, উক্ত ডিপার্টমেণ্ট চালু করার ব্যবস্থা হইবে কি;

(গ) উক্ত সেণ্টার বিল্ডিংকে ইলেকট্রিফায়েড করার ব্যবস্থা হইয়াছে কি: এবং

(ঘ) উক্ত সেণ্টারএ প্রয়োজনীয় ঔষধপত্র সময়মত না পাওয়ার অভিযোগ সম্বন্ধে সরকার অবগত আছেন কিনা?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

(ঘ) না।

Concealed Gold

***125.** (Admitted question No. *724.)

Shri Anadi Das:

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বর্ণ আইনের পর পশ্চিমবঙ্গে কত চোরাই সোনা উদ্ধার করা হইয়াছে;

(খ) কোন্ কোন্ ফার্ম বা ব্যক্তির নিকট হইতে এই চোরাই সোনা পাওয়া গিয়াছে;

(গ) চোরাই সোনা উদ্ধারের জন্য কলিকাতায় কোন্ কোন্ কোম্পানী দোকানে ও বাড়ীতে তল্লাসী চালান হয়; এবং

(ঘ) এই তল্লাসীর ফলাফল কি?

The Minister for Home (Police):

(ক) (খ) (গ) ও (ঘ) যেহেতু রাজ্য সরকারের এ ব্যাপারে কিছু করণীয় নাই অতএব এ বিষয় সংক্রান্ত কোনও তথ্য সরকারের জানা নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid in the Table)

Enhancement of pay of Intermediate passed Primary School Teachers

170. (Admitted question No. 145.)

Shri Sarat Kumar Raha:

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রাজ্যসরকার কর্তৃক প্রাথমিক স্কুলে নিযুক্ত যেসকল ইণ্টারমিডিয়েট পরীক্ষা পাশ শিক্ষক কাজ করেন তাহাদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকার করিয়াছেন কিনা?

The Minister for Education:

না।

Mango processing in Murshidabad

171. (Admitted question No. 163.)

Shri Sarat Kumar Raha:

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের আমের ফসলকে রক্ষা করার জন্য ও ইহাকে উন্নত করার জন্য সরকার হইতে কোন পরিকল্পনা হইতেছে কি; এবং

(খ) অনুরূপভাবে মালদহের আমচাষ সম্পর্কে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা?

The Minister for Agriculture:

(ক) এবং (খ) হ্যাঁ।

Industrial Estate

172. (Admitted question No. 171.)

Shri Sanat Kumar Raha:

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলাতে শিল্পনগরী করিবার কোন পরিকল্পনা আছে কি?

The Minister for Cottage and Small Scale Industries:

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে নাই।

Central Co-operative Societies in West Bengal

173. (Admitted question No. 178.)

Shri Sanat Kumar Raha:

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্রেতা সমবায় প্রকল্প অনুযায়ী কোথায় কোথায় কেন্দ্রীয় সমবায় গঠিত হইয়াছে;

(খ) এই প্রকল্পকে কার্যকরী করিবার জন্য কি কি ব্যবস্থা হইয়াছে;

(গ) এই প্রকল্পকে পরিচালনার জন্য কোন সংগঠন সরকার কর্তৃক গঠিত হইয়াছে কিনা; এবং

(ঘ) কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের কিভাবে সাহায্য করিবেন তাহা রাজ্যসরকার অবগত আছেন কি?

The Minister for Co-operation:

(ক) পশ্চিমবঙ্গে এ-যাবৎ চারিটি পাইকারী ক্রেতা সমবায় সমিতি গঠিত হইয়াছে। এগুলি কলিকাতা, আসানসোল, খড়্গপুর ও শিলিগুড়িতে অবস্থিত।

(খ) এই প্রকল্পকে কার্যকরী করিবার জন্য নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে:

(১) সমিতিগুলিকে বিভিন্ন ধরণের আর্থিক সাহায্য এবং ঋণদানের ব্যবস্থা করা হইয়াছে।

(২) এই প্রকল্পের কার্য তত্ত্বাবধান করিবার জন্য একজন যুক্ত নিবন্ধক নিযুক্ত হইয়াছে।

(৩) পাইকারী সমিতিগুলিকে সংগঠন কার্যে সাহায্য করিবার জন্য একজন করিয়া সহ-নিবন্ধককে উহাদের একজিকিউটিভ্ অফিসাররূপে নিয়োগ করা হইয়াছে। কলিকাতার পাইকারী সমিতির জন্য এই উদ্দেশ্যে একজন উপনিবন্ধককে নিয়োগ করা হইয়াছে।

(৪) বিভিন্ন রকমের ভোগ্যপণ্য সংগ্রহের ব্যাপারে যথাসম্ভব সমিতিগুলিকে সাহায্য করার ব্যবস্থা হইতেছে।

(৫) এই সকল সমিতির দোকান ও গুদামঘর সংগ্রহের ব্যাপারে সাহায্য করা হইতেছে।

(গ) না। তবে রাজ্যস্তরে একটি কো-অর্ডিনেশন কমিটি গঠন করিবার প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) হ্যাঁ।

Financial assistance to the K. N. College, Berhampore for opening of Commerce Department

174. (Admitted question No. 185.)

Shri Sanat Kumar Raha:

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

বহরমপুর কৃষ্ণনাথ কলেজে কমার্স বিভাগ খুলিবার জন্য সরকার হইতে আংশিক আর্থিক সাহায্য দেওয়ার প্রস্তাব আছে কি?

The Minister for Education:

না।

Recognition of Primary School of village Murura, Murshidabad

175. (Admitted question No. 188.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার গোকর্ন ইউনিয়নের মুররা গ্রামের প্রাথমিক স্কুলটি অনুমোদিত না হওয়ার কারণ কি ?

(খ) উক্ত জেলার মহলনন্দি ইউনিয়নের ডাঙ্গাপাড়া গ্রামের প্রাথমিক স্কুলটি অনুমোদিত হইয়াছে কিনা ?

The Minister for Education:

(ক) ও (খ) উল্লিখিত প্রাথমিক বিদ্যালয় দুইটির অনুমোদনের বিষয় বর্তমানে মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষদের বিবেচনাধীন আছে।

Upgrading of Junior High School at Goaljan

176. (Admitted question No. 190.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলার গোয়ালজান জুনিয়ার হাই স্কুলটি দশম শ্রেণীতে উন্নীত করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ?

The Minister for Education:

এই বিদ্যালয়টিকে দশম শ্রেণীর উচ্চ বিদ্যালয়রূপে মঞ্জুরীর জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট বিদ্যালয় কর্তৃপক্ষ আবেদন করিয়াছিলেন। কিন্তু প্রয়োজনীয় শর্তগুলি পূরণ না হওয়ায় মঞ্জুরীর জন্য সুপারিশ করা হয় নাই।

Training facilities for the Untrained Matriculate Teachers

177. (Admitted question No. 196.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ম্যাট্রিক ননট্রেণ্ড শিক্ষকগণের ট্রেনিংএর যথেষ্ট সুযোগ না থাকায় তাঁহারা নন্‌ম্যাট্রিক ট্রেণ্ড শিক্ষকগণের সহিত একই হারে বেতন পাইতেছেন ; এবং

(খ) সত্য হইলে, এই শ্রেণীর শিক্ষকগণের ট্রেনিংএর সুযোগের ব্যবস্থা সরকার চিন্তা করিতেছেন কিনা ?

The Minister for Education:

(ক) শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত প্রবেশিকা অনুত্তীর্ণ শিক্ষকগণ "খ" শ্রেণীভুক্ত। প্রবেশিকা উত্তীর্ণ শিক্ষকগণ যতদিন পর্যন্ত শিক্ষণপ্রাপ্ত না হয়েন ততদিন "খ" শ্রেণীভুক্ত থাকেন ও ঐ শ্রেণীর জন্য প্রচলিত বেতন প্রাপ্ত হয়েন।

(খ) প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকগণ বুনিয়াদী শিক্ষণ শিক্ষা কেন্দ্রে অথবা উন্নত ধরণের প্রাথমিক শিক্ষা শিক্ষণ কেন্দ্রে শিক্ষাপ্রাপ্ত হইতে পারেন।

এই সকল কেন্দ্রে বর্তমানে ৫,০২০টি আসন আছে। আরও আসন বর্ধিত করার কথা সরকার চিন্তা করিতেছেন।

Special allowance to Special Cadre Headmasters

178. (Admitted question No. 197.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

অপরাপর প্রধান শিক্ষকের মত স্পেশাল ক্যাডার প্রধান শিক্ষকগণ কি মাসিক পাচ টাকা হিসাবে বর্ধিত বেতন পাইয়া থাকেন?

The Minister for Education:

ম্যাট্রিক বা অনুরূপ পরীক্ষা পাশ ও প্রাথমিক শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত স্পেশাল ক্যাডার প্রধান শিক্ষকগণ অপরাপর প্রধান শিক্ষকের মত মাসিক পাঁচ টাকা হারে ভাতা পাইবার যোগ্য।

Enhanced pay to Primary Teachers

179. (Admitted question No. 198.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

প্রাথমিক স্কুলে যেসকল শিক্ষক ম্যাট্রিকুলেট অথচ চল্লিশ বৎসরের ঊর্ধ্বে এবং পঞ্চাশের নিম্নে, তাঁহাদের জন্য রাজ্যসরকার বেতন বৃদ্ধির ব্যবস্থা করিয়াছেন কি?

The Minister for Education:

না। শিক্ষণ শিক্ষারহিত ম্যাট্রিক পাশ শিক্ষকেরা ৭৫-১-৮০ টাকা হিসাবে বেতন পাইয়া থাকেন; তাঁহাদের জন্য যাঁহাদের বয়স পঞ্চাশের (৫০) বেশী তাঁহাদের দীর্ঘ অভিজ্ঞতার জন্য মাসিক পাঁচ টাকা অতিরিক্ত ভাতা দেওয়া হয়।

Grants to Special Cadre Schools

180. (Admitted question No. 199.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

অপরাপর প্রাথমিক স্কুলের অনুরূপ স্কুল বাড়ি সংস্কার বাবত কোন গ্রাণ্ট স্পেশাল ক্যাডার স্কুলকে দেওয়ার ব্যবস্থা রাজ্যসরকারের আছে কি না?

The Minister for Education:

স্পেশাল ক্যাডার বিদ্যালয় নামে প্রাথমিক বিদ্যালয়ের কোন শ্রেণী বিভাগ নাই। শিক্ষিত বেকারদিগের চাকরী সংস্থানের জন্য ভারত সরকারের একটি বিশেষ পরিকল্পনায় যে সকল প্রাথমিক শিক্ষককে নিযুক্ত করা হইয়াছিল তাঁহাদিগকে 'স্পেশাল ক্যাডার' শিক্ষক বলা হয়।

জেলা স্কুল বোর্ড কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলিকে গৃহনির্মাণ বাবত সরাসরি সরকারী সাহায্য করিবার কোন ব্যবস্থা নাই। জেলা স্কুল বোর্ড নিজ তহবিল হইতে গৃহ-সংস্কারের দরুন যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারেন।

Urinals and lavatories in Collectorate Buildings, etc., at Berhampore

181. (Admitted question No. 232.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বহরমপুরে কলেকটরেট বিল্ডিং ও অন্যান্য বাড়িতে যেসকল সরকারী কর্মচারী কাজ করেন তাঁহাদের বহুদিনকার অনুরোধ থাকা সত্বেও অদ্যাবধি ঐ সকল বাড়িতে প্রস্রাবাগার ও পায়খানার কোন ব্যবস্থা নাই ; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ের প্রতিকারকল্পে সরকার কোন ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিবেন কি ?

The Minister for Land and Land Revenue:

(ক) ইহা সত্য যে ভাল কোন ব্যবস্থা বর্তমানে নাই ।

(খ) উপযুক্ত ব্যবস্থা করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ।

Financial assistance to Kazi Nazrul Islam

182. (Admitted question No. 235.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কবি নজরুলের সুচিকিৎসা ও শুশ্রূষার জন্য রাজ্যসরকার কোন স্থায়ী ব্যবস্থা করিয়াছেন কি ; এবং

(খ) ব্যবস্থা করিয়া থাকিলে, তাহা কিরূপ ?

The Minister for Education:

(ক) ও (খ) পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগ হইতে কবি কাজী নজরুল ইসলামকে স্থায়ী-ভাবে মাসিক ২০০ টাকা করিয়া ভাতা দেওয়া হইতেছে ।

Cattle purchase and Fertilizer loan

183. (Admitted question No. 241.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে রাজ্যের কৃষি উৎপাদনের জন্য গো-ক্রয় ঋণ ও ফার্টিলাইজার ঋণ বাবত কত টাকা বিভিন্ন জেলায় পাঠান হইয়াছে ; এবং

(খ) উক্ত ঋণের টাকার কিরূপ অংশ এযাবৎ বিতরিত হইয়াছে ?

The Minister for Agriculture:

(ক) গো-ক্রয় ঋণ বাবত বিভিন্ন জেলায় প্রেরিত অর্থ ২৫,৫০,০০০ টাকা, ফার্টিলাইজার ঋণ বাবত বিভিন্ন জেলায় প্রেরিত অর্থ ২৪,১০,২০০ টাকা ।

(খ) গো-ক্রয় ঋণ বাবত এযাবৎ বিতরিত অর্থ ৮,৩৪,১৭৫ টাকা । ফার্টিলাইজার ঋণ বিতরণ বর্তমানে আরম্ভ হইয়াছে । বিতরিত অর্থের পরিমাণ সম্বন্ধে তথ্য এই বিভাগে এখনও প্রাপ্ত হয় নাই ।

Balagoria Co-operative Bank

184. (Admitted question No. 254.) **Shri Sudhir Chandra Das:**

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত বলাগেড়া কো-অপারেটিভ ব্যাঙ্কের বিরুদ্ধে গুরুতর অভিযোগ সরকার পাইয়াছেন কি না ; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইতেছে?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ। উক্ত ব্যাঙ্কের প্রাক্তন সম্পাদকের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) এই অভিযোগ সম্বন্ধে কাঁথির সমবায় সমিতিসমূহের সহনিবন্ধক বিধিমত তদন্ত করিয়াছেন। সহনিবন্ধক বেলাগড়িয়া, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে নির্দেশ দিয়াছেন যেন সমস্ত বিষয়টি উক্ত ব্যাঙ্কের কার্য্যকরী সভা বিবেচনা করিয়া এই বিষয়ে স্থির সিদ্ধান্তে উপনীত হন এবং সিদ্ধান্ত সহনিবন্ধককে জানান হয়।

Farakka Barrage

185. (Admitted question No. 260.) **Shri Sambhu Charan Ghosh:** সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কা বাঁধের কার্য্যের অগ্রগতি কতদূর হইয়াছে;

(খ) কবে নাগাদ এই বাঁধের কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) ইহা কি সত্য যে, বর্তমান চীফ ইঞ্জিনীয়ারকে তাঁহার পদ হইতে বদল করা হইতেছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে। সুতরাং রাজ্যসরকারের এ বিষয়ে কিছু বলিবার নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) হঁ্যা, কেন্দ্রীয় সরকার তাঁকে ফেরত দিতে যাচ্ছেন।

Degree Course in Agricultural School at Chinsurah

186. (Admitted question No. 261.) **Shri Sambhu Charan Ghosh:** কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চুঁচুড়ায় অবস্থিত সরকারী কৃষি বিদ্যালয়ে ডিগ্রী কোর্স চালু করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে নাগাদ কার্যকরী করা হইবে।

The Minister of State for Agriculture:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Football grounds in Calcutta

187. (Admitted question No. 263.) **Shri Sambhu Charan Ghosh:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক কলিকাতার ফুটবল খেলার ঘেরা মাঠগুলির দখল নেওয়ার পর হেডওয়ার্ড কোম্পানিকে কোন ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) ক্ষতিপূরণ দেওয়া হইলে, তাহার পরিমাণ কত?

The Minister for Home (Police):

(ক) না। এখনও দেওয়া হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Hooghly Imambara Hospital

188. (Admitted question No. 265.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী ইমামবাড়া হাসপাতালে মোট শয্যা সংখ্যা কত;

(খ) ঐ হাসপাতাল সম্প্রসারণের আশু কোন পরিকল্পনা আছে কিনা;

(গ) ইহা কি সত্য যে, হুগলী ইমামবাড়া হাসপাতালে জল নিকাশের সন্তোষজনক কোন ব্যবস্থা নাই; এবং

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি করিতেছেন?

The Minister of State for Health:

(ক) ১৯২।

(খ) আছে। বর্তমান হাসপাতাল গৃহের উপর আর একটি তলা নির্মাণ করিয়া প্রায় ১০০টি অতিরিক্ত শয্যা খোলার প্রস্তাব বিবেচনা করা হইতেছে।

(গ) সত্য নহে।

(ঘ) প্রশ্ন উঠে না।

Improvement of large drains under Hooghly-Chinsurah Municipality

189. (Admitted question No. 280.) **Shri Sambhu Charan Ghosh**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি-চুঁচুড়া পৌর এলাকার অন্তর্গত পর্তুগীজ আমলের বড় বড় ড্রেনগুলি সংস্কারের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কবে নাগাদ কার্যকরী করা হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Repair of cremation ground

190. (Admitted question No. 283.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি-চুঁচুড়া পৌরসভার অন্তর্গত শ্যামবাবুর ঘাটে অবস্থিত শ্মশানটিকে সংস্কার করিবার আশু কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কবে নাগাদ তাহা কার্যকরী হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হুগলি-চুঁচড়া পৌরসভার অন্তর্গত শীলেদের শ্মশানঘাট ও নিবটবর্তী শ্যামবাবুর শ্মশানঘা সহ হুগলি নদীর তীরবর্তী প্রায় ১০০ ফুট দীর্ঘ তটভূমি ১৯৫৯ সাল হইতে সরকারী পর্যবেক্ষে আছে এবং এখন পর্যন্ত উহাতে বিপজ্জনক কোন ভাঙ্গন পরিলক্ষিত হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Plan for allotting permits for soft coke to unemployed gold artisans

191. (Admitted question No. 287.) **Shri Kashi Kanta Maitra:** Wil the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department b pleased to state whether the State Government has any plan to allot permit for soft coke to unemployed distress gold artisans of this State as a par of the economic rehabilitation programme?

The Minister for Food and Supplies: The State Government has n such plan.

Gold artisans in West Bengal

192. (Admitted question No. 308.) **Shri Sudhir Chandra Das:** শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের প্রতি জেলায় স্বর্ণশিল্পীর মোট সংখ্যা কত;

(খ) এ আইন বলবৎ হইবার পর এই প্রদেশ এ পর্যন্ত মোট কতজন স্বর্ণশিল্পী আত্মহত্যা করিয়াছে বলিয়া সরকার অবগত আছেন;

(গ) এ আইন বলবৎ হইবার পর হইতে এ পর্যন্ত স্বর্ণশিল্পীগণকে কি কি বাবতে মো কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে;

(ঘ) বেকার স্বর্ণশিল্পীদের বিকল্প কর্মসংস্থানের কোন ব্যবস্থা হইয়াছে কি না;

(ঙ) এ পর্যন্ত কতজন বেকার স্বর্ণশিল্পীকে কোন কোন্ কর্মে নিয়োগ করা হইয়াছে; এব

(চ) এই কর্মসংস্থানের দায়িত্ব কেন্দ্রীয় সরকারও গ্রহণ করিতে সম্মত হইয়াছেন কি না?

The Minister for Labour:

(ক) প্রতি জেলায় কতজন স্বর্ণশিল্পী আছেন তাহা সঠিক জানা নেই। স্বর্ণনিয়ন্ত্রণ আই চালু হইবার ফলে প্রতি জেলায় যে সমস্ত লোক দুর্দশাগ্রস্ত হইয়াছেন তাহার একটি তালিক এতৎসহ দেওয়া হইল।

(খ) ৬ জন।

(গ) ১৯৬৩ সালের মার্চ মাসে খয়রাতি সাহায্য বাবত ৫৯,৩৫২ টাকা দেওয়া হইয়াছে বর্তমান আর্থিক বৎসরের ১২ই জুলাই পর্যন্ত সরকার সাহায্যদানের জন্য ৪,৭৬,৯৫৬ টাক মঞ্জুর করিয়াছেন। মোট ৫৫,২৮৩ জন লোক এই সাহায্য পাইয়াছেন।

(ঘ) বেকার স্বর্ণশিল্পী ও তাঁহাদের উপর নির্ভরশীল ব্যক্তিদের পুনর্বাসনের জন্য সরকা বিভিন্ন শিল্প শিক্ষাকেন্দ্রে, কারখানায় ও প্রখ্যাত দোকানে প্রশিক্ষণের পরিকল্পনা গ্রহনে ব্যবস্থা করিতেছেন।

(ঙ) ১৮০ জন বেকার স্বর্ণশিল্পীকে নিয়োগ করিবার জন্য নির্বাচিত করা হইয়াছে।

(চ) পুনর্বাসনের পরিকল্পনা কার্যকরী করিবার জন্য কেন্দ্রীয় সরকারকে আর্থিক সহায দান করিতে অনুরোধ করা হইয়াছে।

List referred to in reply to clause (ক) of unstarred question No. 192

জেলার নাম ও দুর্দশাগ্রস্ত লোকের সংখ্যা

দার্জিলিঙ—২,০০০

বাঁকুড়া—৭,০০০

মালদহ—৩,৯৯২

পুরুলিয়া—২,০০০

পশ্চিম দিনাজপুর—১,০৩৬

হাওড়া—৯.৯৩৭

নদিয়া—৯,০৯২

জলপাইগুড়ি—২,৪৭৪

মেদিনীপুর—৫,০২৬

হুগলি—৩.৫২৮

কলিকাতা—২৪.০০০

মুর্শিদাবাদ—৮,০০০

বর্ধমান—৮.৯৮৮

বীরভূম—৩.৮৮১

চব্বিশপরগণা—১৬,৫৩০

কোচবিহার—২,৬৬৩

Muslim students' hostel of B. N. College, Hooghly

193. (Admitted question No. 316.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) If it is a fact that the present hostel for Muslim students of Itachuna B. N. College situate at Itachuna in the district of Hooghly is extremely unhygienic and the accommodation available at the moment inadequate; and

(b) if so, whether the Government consider the desirability of constructing a good new hostel for these students or accommodating them in the other existing hostel?

The Minister for Education: (a) No. The hostel for Muslim students is reported to have been accommodated in a pucca house consisting of four rooms, kitchen, sanitary latrines and a tubewell. It is also furnished with electric light.

The accommodation available is not considered inadequate for the present number of boarders—20 only.

(b) This question does not arise at present.

Expenditure for cabinet meeting at Darjeeling

194. (Admitted question No. 328.) **Shri Jiban Krishna Dey:** অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিংএ অনুষ্ঠিত মন্ত্রিমণ্ডলীর সাম্প্রতিক অধিবেশন বাবত রাজ্যসরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) এই অধিবেশন কলিকাতায় হইলে কত টাকা খরচ পড়িত?

The Minister for Finance:

(ক) টাকা ৩৯,২৪১.৬৬ নয়া পয়সা।

(খ) কোন খরচ পড়িত না।

Siliguri-Jogighopa Broad Gauge Railway

195. (Admitted question No. 329.) **Shri Jiban Krishna Dey:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রস্তাবিত শিলিগুড়ি-যোগীঘোপা ব্রডগেজ রেল লাইন সম্পর্কে রাজ্যসরকারের সুপারিশসমূহ কি কি; এবং

(খ) উক্ত রেলের গতিপথ সম্পর্কে রাজ্যসরকার কিছু অবগত থাকিলে তাহা কি?

The Minister for Home (Transport):

(ক) এ সম্পর্কে রাজ্যসরকারের কোন সুপারিশ নাই।

(খ) আমরা এই রেলের গতিপথ (রুট) সম্পর্কে বিশেষ কিছু জানি না।

Development of roads

196. (Admitted question No. 330.) **Shri Jiban Krishna Dey:** পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত রাস্তাসমূহের উন্নতি সাধনের জন্য স্থানীয় অধিবাসী ও জনপ্রতিনিধিদের নিকট হইতে সরকার আবেদন পাইয়াছেন কি—

(১) বলরামপর-দেওয়ানহাট রাস্তা,

(২) তুফানগঞ্জ-বালাভূত রাস্তা,

(৩) বাক্‌লা-বক্সীরহাট অথবা বাক্‌লা-মহিষখুচির রাস্তা,

(৪) চিলাখানা-পানিবাড়ীর রাস্তা,

(৫) তুফানগঞ্জ-শলপল ভাটিবাড়ী রাস্তা, এবং

(খ) এ কথা কি সত্য যে সংস্কারের অভাবে তুফানগঞ্জ হরিরহাট হয়ে বাকলাগামী বিরাট রাস্তাটি গত কয়েক বছরে সম্পূর্ণ অচল হয়ে গেছে এবং এটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Public Works (Roads):

(ক) রাস্তাগুলির উন্নয়নের জন্য স্থানীয় অধিবাসীদের নিকট হইতে কোনও আবেদনপত্র পাওয়া গিয়াছে বলিয়া দেখা যাইতেছে না। তবে (১), (২) ও (৫) নং রাস্তা কয়টি তৃতীয় পরিকল্পনায় উন্নয়নের জন্য জেলা উন্নয়ন কাউন্সিল সুপারিশ করিয়াছিলেন।

(খ) রাস্তাটি সংস্কারের অভাবে মোটেই অচল নয়। তবে রাস্তাটি কাঁচা বলিয়া বর্ষাকালে উহাতে চলাচলের কিছু অসুবিধা হইতে পারে। রাস্তাটি পূর্ত বিভাগের সংরক্ষণাধীন।

Rent remission due to cyclone at Tufanganj

197. (Admitted question No. 334.) **Shri Jiban Krishna Dey:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ১৯এ এপ্রিল, ১৯৬৩ তারিখে তুফানগঞ্জ মহকুমার আটিটি গ্রামে যে বিধ্বংসী ঘূর্ণিবাত্যা সংঘটিত হয়, তাহাতে ক্ষতিগ্রস্ত গ্রামগুলির ১৯৬৩ সালের খাজনা মকুব দিবার বিষয় সরকার বিবেচনা করেছেন কি?

The Minister for Land and Land Revenue: ১৯এ এপ্রিল যখন ঘূর্ণিবাত্যা সংঘটিত হয়, তখন ফসল কাটা হইয়া গিয়াছিল। কোন ফসল হানি না হওয়ায় খাজনা মকুবের প্রশ্ন আসে না।

[1-1-10 p.m.]

Information regarding a press report

Dr. Narayan Chandra Roy: স্যার, আপনার মারফতে মুখ্যমন্ত্রীর কাছে একটি আবেদন রাখতে চাই যে, কাগজে "ভূপেশ গুপ্তের চিঠি" এই বলে যে খবর বেরিয়েছে সে সম্বন্ধে তিনি আমাদের কাছে কিছু বলতে পারবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি কিছু বলতে পারব না।

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: The Hon'ble Minister-in-Charge of the Development Department will please make a statement on the press comments on the administration of the Durgapur Projects Ltd., called attention by Shri Ananda Gopal Mukhopadhyay on the 24th July, 1963.

The Hon'ble Prafulla Chandra Sen: I have a very lengthy statement to make. It will take nearly twenty minutes to read it out.

Mr. Deputy Speaker: Let it be circulated.

Statement on the affairs of Durgapur Projects Ltd.

The Hon'ble Prafulla Chandra Sen: In reply to the calling attention notice of Shri Ananda Gopal Mukherjee I make the following statement for information of the House:—

1. Complaint has been made that the production from Coke Plant has not been up to the guaranteed figures due to (a) supply of plants and equipments below specification and (b) deposit of carbon on the roof of the ovens. The matter has been carefully investigated and I desire to state for the information of the honourable Members that the complaint is groundless. The guaranteed daily capacity of the Coke Plant is 925 tons of coke on dry basis as it comes out of the ovens. This amounts to 962 tons of coke per day with the usual 4 per cent moisture content in coke. The Plant is fully capable of giving the guaranteed out-turn and has given much more on many

days, the maximum daily production reached so far being 1,050 tons which is nearly 10 per cent above the guaranteed figure. Before taking over the plant a proper guarantee test was done by the Central Fuel Research Institute of Government of India and the capacities in almost all sections of the plant were found to be in excess of the guaranteed figures.

The Plant has not been damaged in any way because of deposit of carbon below roofs of the ovens which takes place more or less in course of normal working. Ovens are cleaned periodically to remove such deposits. Far from the production going down, the average daily production was 940 tons in May and 969 tons in June last. The Plant is thus in full production.

2. It has also been complained that there has been wasteful investment of capital in installing the Screening Plant, the Sulphuric Acid Plant and the Tar Distillation Plant. The Screening Plant is very useful equipment and is a 'must' item in a modern coke plant. Nearly 60 per cent. of the coke, before being loaded for despatch, is passed through this plant, which leads to saving in loading time and costs. The Sulphuric Acid Plant costing Rs. 10 lakhs was purchased for recovery of sulphur from coal and for maunfacturing ammonium sulphate by utilising this sulphuric acid with the by-product 'ammonia' of the coke plant. As the economics of ammonium sulphate production was subsequently found to be unstatisfactory, it was decided to avoid further foreign exchange expenditure and utilise the sulphuric acid for making alum. The Sulphuric Acid Plant is likely to be put into operation by 1964-65 when the Coke Plant Expansion will be completed and the Alum Plant will also be ready.

Products obtained by distilling tar are the base for a diversied chemical industry. The Tar Distillation Plant is therefore a very important plant. This produces various useful materials, namely, (1) carbolic oil, (2) anthracene oil, (3) wash oil, (4) resin, (5) crude naphthalene, (6) road tar, (7) processed tar, (8) timber pickling oil and (9) sodium phenolate. These products are sold to important chemical industries in the private sector but when Durgapur Chemicals Projects goes into operation some of these products will be the raw material for this Project. The plant capacity is for daily throughput of 100 tons of tar. Until the Coke Plant Expansion is completed in 1964—65, only 42 tons of tar is available daily and the plant has to run intermittently as it cannot operate at less than 75 per cent. load. All the products are sold regularly and there is no noteworthy accumulation of stock. Even working intermittently the plant, which went into operation in June 1962, has earned enough to cover full depreciation and a return of 5 per cent. on the capital invested. It has been stated that many irregularities were committed in ordering this plant, and the plant operation is not satisfactory. Order for the plant was placed with the lowest tenderer and the regular procedure was followed. The plant had some teething troubles, but these have mostly been remedied by the contractor at his cost, and the balance of rectification work will be done shortly.

3. Comments have been made by some about the feasibility of the Gas Grid Project. It has been stated that the Durgapur Projects Limited will be unable to supply gas to Calcutta and even if the gas supply could be made possible, it would take another 2 years more. I am glad to announce that the gas supply to the city has already started. I should like to mention that this project was the first of its kind in India and no technical personnel were available in this country who were conversant with all the intricacies of such a project. The design features of the Gas Compression & Purification Plant are quite complicated and all important sections of this plant had to be thoroughly examined by the foreign consultants, the Central Fuel Research

Institute and the Project's technical staff before clearance could be given. Also for the crossing of the Vivekananda Bridge the design once approved by the Eastern Railway had to be changed subsequently at their suggestion. Due to these reasons there has been a little delay in completing the project.

There should be no apprehension that very little gas will be delivered to Calcutta. The supply from Durgapur will be of the order of 5 million cft. per day to start with, but this will be stepped up to over 10 million cft. per day within 2/3 years. This quantity will be available for Calcutta after meeting the local commitments at Durgapur.

It has been stated that pipes for this project were imported against the advice of Government of India. This is not correct. The order for the Gas Grid was placed with Invest Import of Yugoslavia with the approval of Government of India. Before giving clearance, the Central Government had suggested that the necessary pipes might be manufactured in Rourkela Plant which Government of India intended to set up. But when it was explained that Durgapur-Calcutta gas grid pipe line should be constructed of seamless extrusion pipes which were stronger and more suitable for gas supply than the welded pipes which the proposed Rurkela Plant would manufacture, Central Government readily gave clearance to import of pipes.

It has been alleged that though the contract was made with Invest Import for execution of the Gas Grid Project at a cost of Rs. 310 lakhs, the project will cost Rs. 476 lakhs. This has no bases in fact. No firm price for the Gas Grid was settled with Invest Import. The agreement laid down the following basis for price fixation—(i) Pipes and Valves—fair European prices, (ii) Compression and Purification Plants—lowest acceptable European tender, (iii) Pipe laying and crossings—the rates quoted by the suitable Indian sub-contractor acceptable to Invest Import plus 15 per cent. of the sum to Invest Import to cover the cost of overall teachnical control and supervision by Yugoslav experts, the risk cover for guarantees by invest for sub-contractors work, etc. The estimate prepared by the Consultants for the work between Durgapur and Bally was for Rs. 327 lakhs. On the basis of accepted tenders this figure came to Rs. 357 lakhs. The above estimate did not include custom duty, transport charges, cost of buildings for the operational staff, Consultant's fees, etc. which were outside the responsibility of the Contractor and which are estimated to cost Rs. 81 lakhs. Including Rs. 84 lakhs for the work from Bally to Calcutta which covers crossing the Vivekananda Bridge, the total estimated cost of the Gas Grid stands at Rs. 485 lakhs. There is liikely to be a small saving of Rs. 10 lakhs or so in this estimate.

For the cross-country pipe laying work 11 quotations had been received varying from Rs. 55 lakhs to Rs. 444 lakhs, which shows that many of the tenderers had little idea of the nature of the work involved. The final selection of the sub-contractor rested with Invest Import and they recommended the tender of Messrs. C. K. G. Pithawalla who had quoted a price of Rs. 75 lakhs. It has been stated that substantial extra claims have been paid to this firm. The total amount claimed by Messrs. Pithawalla for extra works for Durgapur-Bally line is a little less than Rs. 4.5 lakhs, of which nearly Rs. 4 lakhs is for repairing the pipes damaged during transit from the Port to the site. According to information received the cost of the cross-country pipe-laying work from Durgapur to Bally compares very favourably with similar works that are now being done elsewhere in India.

4. There have been complaints of irregularity in purchase of boiler coal. It has been stated that in purchasing boiler coal:

(a) tenders are not being called so that supplies may be confined to a small 'ring',

(b) a better offer from a firm was rejected without any reason and preference was given to less attractive offers,

(c) deduction allowable for out-of-specification coal was not being enforced against a particular supplier as a special favour and

(d) the Management is reluctant to purchase middlings from Lodna Washery in spite of the advice of the Central Government, in order to take greater quantities of Raniganj coal from the favoured contractors.

Shri Sanat Kumar Raha:

এই সাব কমিটির মেম্বার কারা ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই সাব কমিটির মেম্বার আমরা তিন জন মন্ত্রী আছি—আমি আছি, আমাদের অনারেবল মিনিস্টার ফর লেবার এবং অনারেবল মিনিস্টার ফর ইরিগেসন আছেন।

Shri Sanat Kumar Raha:

সাব কমিটিতে যারা আছেন তারা কি পুলিশ রিপোর্টের উপর বেজ করে বিচার করেন ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

পুলিশ রিপোর্টের উপর বেস করে সব সময় করেন না—দরখাস্তে যদি কিছু প্রমাণ না থাকে তাহলে পুলিসের কাছে পাঠানো হয় প্রমাণ পাবার জন্য।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে একটি পলিটিক্যাল প্রিজনারদের যে রিলিফ দেয়া হয়, কি কি ধরণের রিলিফ দেয়া হয়।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মান্থলি পেনসন দেয়া হয়, কোথাও কোথাও লাম্প গ্রাণ্ট দেয়া হয়, তবে [illegible] পেনশন প্রায় বন্ধ করে দেয়া হয়েছে, লাম্প গ্রাণ্ট দেয়া হয়। আর যদি টি বি পেসাণ্ট হন, তাঁর ট্রিটমেণ্টের জন্য যতদিন তিনি টি বি তে ভুগবেন ততদিন টাকা দেয়া হয়।

Shri Sailendra Nath Adhikary:

লাম্প গ্রাণ্ট ম্যাক্সিমাম এবং মিনিমাম কত দেয়া হয় ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তাঁর কোন স্থিরতা নেই।

Shri Girish Mahato:

এই সমস্ত রাজনৈতিক কর্মীদের ছেলেদের জন্য বৎসর বৎসর যে সাহায্যের জন্য দরখাস্ত করা হয় সেই সাহায্য আজও পর্যন্ত পাওয়া যায় নি এর কারণ কি ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ছেলেদের জন্য যে দরখাস্ত সেটা আমি যে উত্তর দিলাম এর [illegible] পড়ে না, সেই [illegible] অন্য দপ্তর থেকে দেয়া হয়। কাজেই অন্য দপ্তর [illegible] পেতে বিলম্ব হতে পারে।

Shri Birendra Narayan Ray:

আমার এক প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয় বলেছিলেন যে বর্তমানে যাঁরা রাজনীতি করছেন তাদের এই স্কীমের মধ্যে আনা হয়নি, আর আজকে বলছেন যে কংগ্রেস বা বিরোধিপক্ষের কিছু কাজকর্ম অল্প-স্বল্প করলে সেটা বিবেচনা করা হবে—এই দুটো কি কনট্রাডিক্টরী নয় ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কবে কি বলেছি আমি বুঝতে পারছি না।

Shri Birendra Narayan Ray:

এই সেসানে ৮।১০ দিন আগে বলেছেন—আমার তারিখটা ঠিক মনে নেই।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হয়ত কিছুদিন আগে উত্তরে বলেছি জানি না—আগে ছিল যে যাঁরা কোন রাজনৈতিক আন্দোলনে

লিপ্ত আছেন তাদের দেয়া হবে না, রাজনৈতিক আন্দোলন শুধু নয়, কোন রাজনৈতিক প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থাকলেও দেয়া হবে না। সেটা আমরা কিছুটা মডিফাই করেছি রিসেণ্টলি।

(12-10—12-20 p. m.)

Shri Birendra Narayan Ray:

এটা মডিফাই করেছেন কতদিন আগে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই অল্প কয়েক দিন আগে।

Shri Birendra Narayan Ray:

অল্প কয়েক দিন আগে মানে কতদিন আগে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তা বলতে পারি না।

Shri Gour Chandra Kundu:

এই যে বলেছেন অল্পস্বল্প কংগ্রেস করলে পাওয়া যাবে আবার অল্পস্বল্প বিরোধী দল করলেও পাওয়া যাবে, তাহলে যদি কেউ মণ্ডল কংগ্রেসের সভাপতি হয় তাহলে সে পাবে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

অল্পস্বল্পর কথা বলিনি। কথাটা হচ্ছে, যেকোন প্রতিষ্ঠানের হয়ত তিনি মেম্বার আছেন কিন্তু এ্যাকটিভ নন সেগুলি আমরা বিবেচনা করি।

Shri Gour Chandra Kundu:

কেউ মণ্ডল কংগ্রেসের সভাপতি হলেও কি সে সেই সাহায্য পেতে পারবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কোন মণ্ডল কংগ্রেসের সভাপতি যদি এ্যাপ্লাই করেন তাহলে তাঁর অন্যান্য সব দিক বিবেচনা করে আমরা স্থির করবো।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন আগেকার যে নীতি ছিল সেই নীতি রিভাইসড হয়েছে রিসেণ্টলি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এই রিভিশন কি আপনার যে কমিটি আছে সেই কমিটি বাই স্পেশাল মিটিং অর বাই অ্যানি আদার থিং আপনারা এটা করেছেন জানাবেন কি, এই রিভাইস কিভাবে করেছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ক্যাবিনেট ডিসাইড করেছে।

Shri Sanat Kumar Raha:

এই যে মডিফিকেশনের বিশেষ প্রয়োজন দেখা গেল, এটা বিশেষ বিশেষ কোন্ কোন্ ক্ষেত্রে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা ক্যাবিনেট থেকে এই মডিফিকেশন করেছি।

Shri Sanat Kumar Raha:

কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

কেন তার উত্তর দিতে বাধ্য নই।

Shri Sanat Kumar Raha:

প্রশ্নটা হচ্ছে, আমাদের টাকা খরচ করবেন, মন্ত্রিমণ্ডলীর একটা নীতি ছিল যে কোন রাজনৈতিক দলের কর্মী বা সভ্যকে তাতা দেওয়া হবে না এই নীতি পরিবর্তন করলেন কেন সেটা কি জিজ্ঞাসা করতে পারি না ?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা নীতির পরিবর্তন করেছি সেটা আমাদের আয়ত্তের এবং অধিকারের মধ্যে, তারজন্য আমরা জবাবদিহি করতে রাজী নই।

Shri Kamal Kanti Guha:

স্পীকার মহাশয়, মাননীয় সদস্যরা জিজ্ঞাসা করলেন কেন পরিবর্তন করা হয়েছে। মন্ত্রীরা জবাবদিহি করতে বাধ্য এবং তিনি করবেন কি করবেন না সেটা আপনাকে বলতে পারেন। কিন্তু তিনি তা না করে আমাদের সোজাসুজি বলছেন যে জবাবদিহি করবো না।

Mr. Speaker:

দ্যাট ইজ এ সাফিসিয়েণ্ট এনসার।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

গভর্নমেণ্ট সব দিক বিবেচনা করে উপযুক্ত মনে করেছেন তাই করেছেন।

Shri Kashi Kanta Maitra:

আমার সাপ্লিমেণ্টারি হচ্ছে যে, আপনারা নূতন করে রিভাইস করলেন আমাদের পলিসি তাতে জানতে চাচ্ছি এর ফলে এমন কোন ঘটনা জানা আছে কিনা যে যে সমস্ত পলিটিক্যাল সাফারারস্ আগে থেকে ল্যাম্প সাম গ্রাণ্ট পাচ্ছিলেন পরবর্তী কালে সেই গ্রাণ্ট ডিসকনটিনিউ হয়েছে ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Nikhil Das:

এই যে নীতি পরিবর্তন করলেন আপনারা পলিটিক্যাল সাফারারদের ব্যাপারে এর কারণ কি এই যে কংগ্রেস প্রতিষ্ঠানের সঙ্গে যারা যুক্ত ছিল পুরাণো নীতির ফলে তারা রিলিফ পাচ্ছিল না তাদের রিলিফ দেবার জন্যই এই পরিবর্তন করেছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি আমরা করে থাকি তাতে আমাদের লজ্জিত হবার কিছু নেই।

Shri Nani Bhattacharjee:

যদি করে থাকি—এটা কি উত্তর হল ?

Mr. Speaker:

যদি করে থাকি মানে কি ?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনাকে বলছি যে, যদি ক্যাবিনেট কোন ডিসেসন নিয়ে থাকে তাহলে সেটা এসেমব্লী বা কাউন্সিলে তার জবাব দিতে বাধ্য নই।

Mr. Speaker: What I am suggesting is, if you had only said that it was the policy of the Government that would have been sufficient. You cannot say 'if we have done, etc.'

The Hon'ble Sankardas Banerjee: Sir, with due respect may I submit that it can be said 'This thing has been done and I am not ashamed of it'. How is it inappropriate?

Dr. Kanai Lal Bhattacharya: Sir, can he say anything after your decision?

Mr. Speaker: The honourable members can ask whether it has been done—no reason can be asked.

Advisory Committee for distribution of khas lands

***127.** (Admitted question No. *625.) **Dr. Golam Yazdani:**

ভূমি ও রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানায় "খাস জমি বিতরণ উপদেষ্টা কমিটি" কবে গঠন করা হইয়াছে।

(খ) ইহা কি সত্য যে উক্ত কমিটিতে স্থানীয় এম এল এ-কে নেওয়া হয় নাই;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি;

(ঘ) বাংলাদেশের অন্যান্য জায়গায় অনুরূপ কমিটিতে কোনও এম. এল. এ-কে লওয়া হইয়াছে কি; এবং

(ঙ) যদি (ঘ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে কোথায় কোথায় লওয়া হইয়াছে এবং ঐ সকল এম. এল. এ-দের নাম কি?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

(ক) ১-৪-৬৩ তারিখে।

(খ) হ্যাঁ।

(গ) এম এল. এ গণকে তাঁহাদের পদাধিকার বলে সদস্য হিসাবে গ্রহণের ব্যবস্থা নাই।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Dr. Golam Yazdani:

সাপ্লিমেণ্টারি স্যার, এই কমিটির মধ্যে স্টেট গভর্নমেণ্ট-এর কে কে আছেন।

The Hon'ble Shyamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে আছে এই কোশ্চেন এখানে চার পাঁচ বার উঠেছে' মাননীয় সদস্য হয়ত এখানে ছিলেন না। তবুও তাঁর অবগতির জন্য বলছি সবাই জানেন সেখানে বি. ডি. ও. স্থানীয় এগ্রিকালচারেল এক্সটেনসন অফিসার জে. এল. আর. আছেন। অঞ্চল প্রধান এবং ইউনিয়ন বোর্ড-এর প্রেসিডেণ্ট আছেন সমবায় বিভাগের স্থানীয় প্রতিনিধি আছেন সরকার মনোনীত দুইজন প্রতিনিধি থাকতে পারে।

Dr. Golam Yazdani:

এই যে সরকার মনোনীত সদস্যের কথা বললেন উপদেষ্টা কমিটিতে এদের কে কে আছেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

এটা আপনি প্রশ্ন করলে বলতে পারতাম। আমার নিজের ধারণা এবার কেউ হয়নি।

Dr. Golam Yazdani:

ঐ যে দুইজন মনোনীত করে নেওয়ার কথা আছে, বাংলাদেশে কতগুলি উপদেষ্টা কমিটি হয়েছে তাতে নমিনেটেড মেম্বার নেওয়া হয়েছে কি?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

আমার নিজের ধারণা কোন জায়গায় নেওয়া হয়নি।

Dr. Golam Yazdani:

আপনি ঐ যে দুইজন মনোনীত সদস্যের ফাঁক রেখেছেন এতে কি ধরে নেব এর মধ্যে কংগ্রেসী এম. এল. এ-দের নেবার জন্য........

The Hon'ble Shyamadas Bhattacharyya:

এটা কোন প্রশ্ন বলে মনে হয় না, তবে এর মধ্যে যে বক্রোক্তি আছে—ইনসিনুয়েশান আছে তার উত্তরে বলতে চাই কোন এম. এল. এ এ পর্যন্ত মনোনীত হননি।

Shri Sanat Kumar Raha:

১-৪-৬২ তারিখে যে উপদেষ্টা কমিটি গঠিত হয়েছে তা থেকে আজ পর্যন্ত কি এটা পরীক্ষামূলক আছে? এই কমিটিকে কোন লোক্যাল এম. এল. এ যদি কোন উপদেশ দেন সেটা কি আলোচ্য বিষয়ের মধ্যে পরিগণিত হবে?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

যদি কোন ভদ্রলোক উপদেশ দেন উপদেষ্টা কমিটি সেটা বর্জন করবেন কি গ্রহণ করবেন সেটা স্থানীয় উপদেষ্টা কমিটির উপর নির্ভর করে।

Shri Sanat Kumar Raha:

উপদেষ্টা কমিটির যে কাজ—খাস জমি অর্থাৎ ভেস্টেড ল্যাণ্ড বিতরণ করা—সে জমির লিস্ট কি জনসাধারণের কাছে বিতরণ করা হয়েছে?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

না।

Shri Sanat Kumar Raha:

তাহলে এই যে বিতরণ করা হবে—কাদের মধ্যে এটা বিতরণ করা হবে?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

মাননীয় সদস্য একথা শুনেননি যে এই ভেস্টেড ল্যাণ্ড-এর লিস্ট উপদেষ্টা কমিটির কাছে রাখা হবে।

(12-20—12-30 p. m.)

Dr. Golam Yazdani:

জনসাধারণের কাছে সেই লিস্ট পৌঁছাবার জন্য আপনারা কোন ব্যবস্থা করেছেন কিনা এবং কিভাবে জনসাধারণের কাছে ভেস্টেড জমিগুলির তালিকা পৌঁছাবার ব্যবস্থা করেছেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

জনসাধারণের কাছে কোন প্রচার করা হয়নি, স্থানীয় উপদেষ্টা কমিটি এই বিষয়ে যথাবিহিত ব্যবস্থা করবেন।

Dr. Golam Yazdani:

আমি এখন একটা পার্টিকুলার জায়গার কথা বলছি, সেখানে ভেস্টেড জমির তালিকা কিভাবে জনসাধারণের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা করা হয়েছে?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

আমি তো বলেছি স্থানীয় উপদেষ্টা কমিটি যথাবিহিত ব্যবস্থা করবেন।

Shri Sanat Kumar Raha:

এই উপদেষ্টা কমিটিকে জনসাধারণের কাছে প্রচার করবার ব্যবস্থা করেছেন কিনা?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

স্থানীয় কর্তৃপক্ষ ইচ্ছা করলে করতে পারেন।

Shri Sanat Kumar Raha:
সরকার পক্ষ থেকে কোন ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Shyamadas Bhattacharyya:
না।

Dr. Golam Yazdani:
যাতে জনসাধারণের কাছে ভেসটেড জমির লিস্ট পৌছায় তার জন্য প্রচারের ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Shyamadas Bhattacharyya:
ইট ইজ এ রিকোয়েস্ট ফর এ্যাক্সন, নিশ্চয়ই দেখব।

Alleged double realisation of rents

***128.** (Admitted question No. *666.) **Shri Birendra Narayan Ray:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে মধ্যস্বত্ব বিলোপের পর প্রসন্নকুমার ঠাকুর দিগরের অধীন "ঠাকুর এস্টেট" নামে পরিচিত জমিদারীর প্রজাদের দেয় খাজনা মহামান্য হাইকোর্টের নির্দেশে উক্ত জমিদারেরা আদায় করিয়াছিলেন;

(খ) সত্য হইলে—

(১) কয় বৎসরের এবং কোন্ কোন্ বৎসরের খাজনা উক্ত জমিদারেরা আদায় করিয়াছেন;

(২) উক্ত বৎসরগুলির জন্য সরকারও উক্ত প্রজাদের নিকট হইতে খাজনা আদায় করিয়াছেন কি; এবং

(৩) আদায় করিয়া থাকিলে, কি কারণে আদায় করিয়াছেন; এবং

(গ) মুর্শিদাবাদ জেলায় কোথায় কোথায় ঐ প্রকার আদায় সরকার করিয়াছেন এবং টাকার অঙ্কে তাহার পরিমাণ কত?

The Hon'ble Shyamadas Bhattacharyya:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটার উত্তর দেবার জন্য, অনেকগুলি তথ্যের প্রয়োজন। সমস্ত তথ্য এখনো সংগৃহীত হয়নি।

Shri Birendra Narayan Ray:
এর কয়েকটা জায়গায় তথ্যের প্রয়োজন ছিল না এবং তার জন্য বিশেষ সময়ও দরকার হয় না।

The Hon'ble Shyamadas Bhattacharyya:
মাননীয় অধ্যক্ষমহোদয়, এই প্রশ্নটাতে এমন সব তথ্য চাওয়া হয়েছে যেগুলি সংগ্রহ করতে গেলে অনেক সময় লাগবে। তাঁর প্রশ্নের প্রথম অংশের উত্তর দেওয়া যায়, কিন্তু তার পরের অংশের প্রশ্নের উত্তর দিতে গেলে সময় লাগবে।

Shri Birendra Narayan Ray:
কতদিনের মধ্যে দিতে পারবেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:
বলতে পারছি না, সংগ্রহ করবার চেষ্টা করছি।

Shri Birendra Narayan Ray:
এই সেসন-এ দিতে পারবেন না বলছেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

আমি তো বল্লাম সংগ্রহ করবার চেষ্টা করছি।

Shri Sanat Kumar Raha:

সরকার পক্ষ থেকে কোন এলেকার খাজনা আদায় করবার ব্যবস্থা হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

কোন কোন ক্ষেত্রে সরকার থেকে আদায় করা হয়েছিল। সেটা যখন আমাদের দৃষ্টিতে পড়ল তখনি আমরা বন্ধ করে দিয়েছি এবং জমিদাররা যতটা আদায় করেছেন সেটা এডজাস্ট করবার জন্য চেষ্টা করছি।

Non-plying of Calcutta taxis beyond Dunlop Bridge

***129.** (Admitted question No. *667.) **Shri Gopal Banerjee**: Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government is aware of the inconvenience caused by non plying of Calcutta taxis beyond Dunlop Bridge on the B. T. Road; and

(b) if so, what steps are being taken to allow such taxis to ply beyond that point?

The Hon'ble Sankardas Banerji: (a) Yes.

(b) Under the provisions of the Motor Vehicles Act, 1939, fixation of limits of operation of taxis registered in Calcutta is done by the Regional Transport Authority, Calcutta Region. The question of revision of the same is now under the consideration of the said Authority.

Shri Gopal Banerjee:

এতে লোকের অসুবিধা হচ্ছে এ সম্পর্কে সরকার অবগত আছেন কিনা এবং কোন রিপ্রেজেন্টেসন পেয়েছেন কিনা?

The Hon'ble Sankardas Banerjee: We are aware of the inconvenience suffered by the public for not permitting taxis to go beyond the Dunlop Bridge. That is why when this matter was brought to our notice, we referred it to the Regional Transport Authority to re-consider whether we can permit taxis to go beyond the limit fixed.

Shri Gopal Banerjee:

বেঙ্গল ট্যাক্সি যা আছে সেখানে তাদের ষ্ট্যাণ্ড করবার টেম্পোরারিলি কোন ব্যবস্থা করেছেন কিনা?

The Hon'ble Sankardas Banerji: I am not aware of the words "Bengal taxi". If you mean taxis plying beyond the limits of Calcutta, as far as I know they cannot come into Calcutta. The regions are fixed.

Shri Gopal Banerjee:

ডানলপ ব্রীজের ওপার থেকে হাসপাতালের কোন রোগীর আসবার উপায় নাই। আপনারা জানেন যে ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির এম্বুলেন্স নাই। সুতরাং টেম্পোর‍্যারিলি কোন ব্যবস্থা করছেন কিনা, এবং আর টি এ যে কনসিডারেশন করছেন সেই কনসিডারেশন শেষ হতে কতদিন লাগবে?

The Hon'ble Sankardas Banerji: We are aware of the inconvenience you have mentioned, that sonetimes people who are sick cannot be brought into Calcutta. I personally made enquiries of what we could do about it. It was pointed out to me that Calcutta is in short supply of taxis. If taxis leave the Calcutta region and travel beyond into areas outside the Calcutta regoion, Calcutta would be in still

shorter supply of taxis. We considered these points before the Transport Advisory Board. It was suggested to me that matters would take a different shape if these baby, these new taxis are issued; and thereafter we shall be in a position to tell you whether it would be advisable for taxis to ply into areas which are now forbidden areas.

Shri Gopal Banerjee:

যাদের হাসপাতালের ডিসচার্জ সার্টিফিকেট আছে তাদের কলকাতার ট্যাক্সি নিয়ে ব্যারাকপুরে যেতে দেওয়া হবে কিনা ?

The Hon'ble Sankardas Banerji: It is difficult to discriminate between those who are discharged and those who are not discharged; then a special arrangement will have to be made to find out such cases. It is not possible under the present set up to do it.

Shri Rani Bhattacharjee:

মফঃস্বল থেকে ডানলপ ব্রীজ পর্যন্ত এলে সেখানে তাদের টেম্পোর‍্যারি স্ট্যাণ্ড যদি হয় তাহলে এই ট্যাক্সি থেকে যাবার কলকাতার ট্যাক্সিতে উঠতে পারে। সুতরাং যতদিন আর. টি. এ-র বিবেচনাধীন আছে ততদিন পর্যন্ত এইরকম স্ট্যাণ্ড তৈরী করবার পরিকল্পনার কথা ভাবছেন কিনা ?

The Hon'ble Sankardas Banerji: No. We had never that idea. Now that you have suggested it, I shall communicate it to the Regional Transport Authority so that they will think over the matter. The matter rests with them, not with us.

Shri Kashi Kanta Maitra: The Hon'ble Minister has just now said that the decision as regards the fixation of limits rests with the discretion of the Regional Transport Authority, which is a statutory body, but is he not aware that there is another statutory body created under the Motor Vehicles Act known as the State Transport Authority and, apart from his personal anxiety, has this statutory body, the State Transport Authority, which is required to give directions from time to time to the Regional Transport Authority, given any such direction to consider relaxation of the fixation of limits?

(12-30—12-40 p. m.)

The Hon'ble Sankardas Banerji: The Regional Transport Authority sends up any suggestions to the State Transport Authority. Unless the Regional Transport Authority sends up the suggestions, they are not considered.

Howrah-Amta bus route

***130.** (Admitted question No. *690.) **Dr. Kanai Lal Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether the Government is considering to sanction a bus route from Howrah to Amta via Ranihati?

The Hon'ble Sankardas Banerji: No.

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রিমহাশয় তাঁর জবাবে বললেন, না। আমার প্রশ্ন হচ্ছে হাওড়া থেকে আমতা যাবার জন্য দু'টি পীচের রাস্তা থাকা সত্বেও সেখানে বাস রুট কেন করা হয়নি ?

The Hon'ble Sankardas Banerji: Everything is done in accordance with the principle and procedure of the Motor Vehicles Act. Proposals for opening up new stage carriage routes and grant of additional stage carriage permits are sent by the Regional Transport Authority to the State Transport Authority, West Bengal, for approval before any action is taken. No proposal has yet been received from

the Regional Transport Authority, Howrah, in the matter of opening up stage carriage route from Howrah to Amta via Ranihati. Now 24 buses of route No. 62 plied via Ranihati. With regard to the scooter service, Howrah Amta Light Railway raised objection.

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রিমহাশয় বললেন আর. টি. এ-র কাছে কোন প্রোপোজাল পাঠান হয়নি। আপনি কি জানেন জনসাধারণের তরফ থেকে আর. টি. এ-র কাছে বাস রুট খোলবার জন্য বলা হয়েছে এবং তার একটা কপি এস. টি. এ-কে পাঠান হয়েছে?

The Hon'ble Sankardas Banerji: I will only inform the honourable member that the State Transport Authority never had the opportunity to consider the question because the Regional Transport Authority never sent up the peroposal.

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রিমহাশয় জানাবেন একথা সত্য কিনা যে, আর. টি. এ অথবা এস. টি. এ. এ সম্বন্ধে যে কন্সিডার করছেন না তার কারণ হচ্ছে এই বাস রুট খুললে মার্টিন কোম্পানীর ট্রেনের ক্ষতি হবে?

The Hon'ble Sankardas Banerji: I said previously that, with regard to scooter service connecting Ranihati with Amta, Howrha Amta Light Railway Company raised objection.

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি স্কুটার সার্ভিসের কথা বললেন। কিন্তু আপনি কি জানেন যে স্কুটার-এ অত্যধিক ভাড়া চার্জ করা হয় কাজেই বাস হলে অনেক সস্তায় জনসাধারণ যেতে পারে?

The Hon'ble Sankardas Banerji: I am not aware of it.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state whether the Transport Department had given any direction to the RTA straightaway to open new routes?

The Hon'ble Sankardas Banerji: I have made the position perfectly clear. There are different stages in which we act. The Regional Transport Authority, deals with the regional questions. If they feel that the public needs more buses on new routes, they send up the suggestions. Until that is done we on our own part do not do anything at all.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state whether in view of the demands from the members of the public, RTA should grant permit to open new routes and further in view of the fact that the RTA till now has not done anything in the matter, will he kindly look into the matter and give an assurance that the RTA should take up the matter in right earnest?

The Hon'ble Sankardas Banerji: The question is hypothetical. I am not aware if the public has been demanding it. Therefore if I had known that the public had been demanding it, I would have told yes. From the answer it is quite clear that the S. T. A. could not have known about it because there is no demand.

Shri Jaharlal Banerjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে যে সমস্ত লাইট রেলওয়েকে সেন্ট্রাল গভর্নমেণ্ট থেকে সাবসিডি দেওয়া হয় সেখানে যদি বাস রুট খুলতে হয় তাহলে তাদের পারমিশন নিতে হয়।

The Hon'ble Sankardas Banerji: I cannot answer hypothetical questions. I have made it quite plain that the scooter service has been objected to by the Martin Railway and they must have grounds for that.

Dr. Kanai Lal Bhattacharya :

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যেহেতু আর. টি. এ. কোন এ্যাক্সন নিচ্ছে না, এই এস. টি. এ. পাবলিকের তরফ থেকে যদি কোন দরখাস্ত দেয় তাহলে কোন এ্যাক্সন নেবেন কিনা ?

The Hon'ble Sankardas Banerji: I think S. T. A. cannot deal with it unless it is routed through R.T.A. Dr. Bhattacharya is talking about inconvienience; I shall look into the matter. But that is not an answer to the question.

Dr. Kanai Lal Bhattacharya: Thank you.

Transfer of 12 bus permits of Salkia Transport Agency

***131.** (Admitted question No. *713.) **Dr. Kanai Lal Bhattacharya :** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that R. T. A., Howrah, made an enquiry into the allegations made by the Bus Workers' Union, Howrah, regarding the transfer of 12 bus permits of Salkia Transport Agency on routes Nos. 51, 54 and 56, to one Shri A. C. Khanna; and

(b) if so, the findings of the said enquiry?

The Hon'ble Sankardas Banerji : (a) Yes.

(b) No alleged illegal transfer could be proved.

Dr. Kanai Lal Bhattacharya :

১২ খান বাস লাইনে চলছে কি ?

The Hon'ble Sankardas Banerji:

চলছে কিনা আমার পক্ষে বলা সম্ভব নয়।

Dr. Kanai Lal Bhattacharya:

ডিউরিং ইনকুইয়ারী চলছে কি ?

The Hon'ble Sankardas Banerji: I can not tell you something about which I have no perfect knowledge.

Dr. Kanai Lal Bhattacharya:

আমি বলছি এলেজ্‌ড ট্রান্সফারের ব্যাপারে ফাইণ্ডিং হচ্ছে প্রুভ করা যায় না, মন্ত্রি মহাশয় কি জানেন ১২ খানা বাস ইনকুয়ারী করার সময় রাস্তায় চলছিল এবং ১২ খান বাসে যে সমস্ত ড্রাইভার কণ্ডাক্টার আছে তাদের বসিয়ে দেওয়া হয়েছিল, এটা সত্য কিনা ?

Mr. Speaker:

অলরেডি তিনি বলেছেন এ বিষয়ে জানেন না। আমার মনে হয় যে কোশ্চেন করছেন, এটা অপারেটিভ পোরশন ওঁর পক্ষে উত্তর দেওয়া সম্ভব নয়,

unless there is a fresh notice. You can ask questions regarding the enquiry, but not whether buses are running or not.

The Hon'ble Sankardas Banerji : The question was, if it is a fact that R. T. A., Howrah, made an enquiry into the allegations, and have said, yes, an enquiry was made. Then, the question was, what was the finding of the enquiry, and I have said, no alleged illegal transfer could be proved.

Advisory Committee for distribution of khas lands

***132.** (Admitted question No. *715.) **Dr. Golam Yazdani:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশে "খাস জমি বিতরণ উপদেষ্টা কমিটি" গঠন করার নির্দেশ কবে দেওয়া হইয়াছে ; এবং

(খ) এই উপদেষ্টা কমিটিতে সরাসরিভাবে স্থানীয় এম. এল. এ-কে না রাখিবার কারণ কি ?

The Hon'ble Syamadas Bhattacharyya :

(ক) ২১-২-৬৩.

(খ) উপদেষ্টা কমিটিতে স্থানীয় এম এল এ-কে তাঁহার পদাধিকার বলে সদস্য হিসাবে গ্রহণ করিবার নিয়ম নাই।

Dr. Golam Yazdani:

২১-২-৬৩ তারিখে এই কমিটি গঠিত হয়েছে। এর পর কি কাজ হয়েছে, কত জমি বণ্টন হয়েছে তার হিসাব কি আপনার কাছে আছে ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না, হিসাব আমার কাছে নাই।

Shri Nani Bhattacharjee:

জুলাই থেকে পাঁচ মাস হয়ে গেল এর মধ্যে কতটা কাজে হাত দিয়েছে ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

পুরোপুরি রিপোর্ট দিতে পারি না, তবে আমার যতদূর জানা আছে, দার্জিলিং-এর কথা বলতে পারি না, সমস্ত জেলায় এই কমিটি গঠিত হয়েছে এবং কাজে হাত দিয়েছে। কোন কোন জায়গায় প্রপোরশনেটলী বেশী হয়েছে, কোন কোন জায়গায় কম হয়েছে, কিন্তু কাজ আরম্ভ হয়েছে সব জায়গাতে।

[12-40—12-50 p. m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, জলপাইগুড়ি এবং সুন্দরবন অঞ্চলে এর আগে প্রায়োরিটি দেওয়ার কথা হয়েছিল ? খাস জমি বণ্টন নীতি অনুসারে শুধু জলপাইগুড়ি এবং সুন্দরবন অঞ্চলে খাস জমি বিতরণ কমিটি কি কি কাজে হাত দিয়েছেন ? আমি উদাহরণ দিচ্ছি—যেমন খাস জমির তালিকা তৈরি করা, আমীন দিয়ে সেই জমি মাপা, লাইসেন্স ফি, কমপেনসেসান ঠিক মত দেওয়া হচ্ছে কিনা সেটা দেখা, এই রকম কাজে কতখানি হাত দিয়েছেন সুন্দরবন এবং জলপাইগুড়ি জেলায় সেটা জানাবেন কি ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি নোটিশ পেলে এই বিষয়ে সম্পূর্ণ তথ্য আপনাকে জানাব। তবে একটা কথা বলি যে কত জমি ভেস্ট করেছেন তার তালিকা তৈরি করার ভার উপদেষ্টা কমিটির উপর নেই। প্রস্তুত তালিকা উপদেষ্টা কমিটির হাতে দেওয়া হয়। উপদেষ্টা কমিটি সেই তালিকা পেলে পর কোন্ কোন্ জমি খাসে থাকবে বা পতিত থাকবে বা অরণ্য সৃষ্টি করবে সেই সমস্ত স্থির করবেন এবং সেই অনুসারে পরামর্শ দেবেন।

Shri Nani Bhattacharjee :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ভূমি বিতরণ উপদেষ্টা কমিটি সেই কমিটির কাজ কি হবে না হবে সে সম্বন্ধে বিস্তৃত সার্কুলার কি সমস্ত কমিটিকে দেওয়া হয়েছে?

The Hon'ble Syamadas Battacharyya:

আমার ধারণা দেওয়া হয়েছে। সেই রকম নির্দেশ প্রত্যেকটি কমিটি এবং প্রত্যেকটি সদস্যকে দেওয়ার কথা।

Dr. Golam Yazdani :

আপনি এর আগে প্রশ্নোত্তরে বলেছেন নোমিনেটেড মেম্বার এখনও নেওয়া হয়নি। কতদিনে নামিনেটেড মেম্বার নেওয়া হবে বলে মনে করেন?

The Ho'nble Syamadas Bhattacharyya:

অবশ্য এটা এ প্রশ্ন থেকে উঠে না। তবুও বলতে পারি নোমিনেটেড মেম্বারগুলি এখনও আমরা নিই নি। তবে দু'একটা জায়গায় নেওয়া হয়েছে কিনা বলতে পারি না। অনেক জায়গা থেকে নোমিনেটেড মেম্বার হিসাবে অন্তর্ভুক্ত হওয়ার জন্য লিখেছেন, তা সত্বেও এখনও আমরা নোমিনেটেড মেম্বার গ্রহণ করিনি এবং শীঘ্রই গ্রহণ করতে পারব বলে মনে করি না।

Dr. Golam Yazdani :

নোমিনেটেড মেম্বারের মধ্যে অন্তত: কংগ্রেস এলাকাগুলির কংগ্রেস এম. এল. এ-দের নেবেন না এই এ্যাসিওরেন্স দিতে পারেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি এ বিষয়ে কোন এ্যাসিওরেন্স দিতে পারি না। আমি একথা বলেছি যে এ পর্যন্ত কোন এম. এল. এ.-কে নেওয়া হয়নি। মাননীয় সদস্যদের মধ্যে একটা বড় আশঙ্কা আছে যে বোধ হয় শুধু কংগ্রেস এম. এল. এ-দের নেওয়া হয়, অন্যান্য বিরোধী পক্ষের এম, এল, এ দের বাদ দেওয়া হয়। আমি বারংবার আশ্বাস দিয়েছি যে এম. এল. এ. দের এ-পর্যন্ত নেওয়া হয়নি, নেওয়া হবে কিনা এ পর্যন্ত বলিনি। পরে এটা যাচাই করে নেবেন।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি আমাদের জানাবেন উপদেষ্টা কমিটি যে গুরুতর বিষয় নিয়ে গঠিত হয়েছে সেই বিষয়ের উপর গুরুত্ব দিয়ে এই কমিটিগুলি—আমার জেলায় অনেক কমিটি ফাঙ্কসান করছে না—যাতে সুচারুরূপে কর্তব্য করতে পারেন সে দিক থেকে কোন নীতি নির্দেশ দেবেন কিনা এবং যদি কমিটিগুলি ব্যর্থ হয়ে যায় তাহলে তার পরবর্তী ব্যবস্থা কি হবে সে বিষয় কোন চিন্তা করছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এই যে উপদেষ্টা কমিটি গঠিত হয়েছে তাতে স্থানীয় নির্বাচিত প্রতিনিধি আছে। তাদের কার্যাক্ষমতায় আমাদের বিশ্বাস আছে। কোন জায়গায় কোন অসুবিধা দেখা দিলে কোন ত্রুটি-বিচ্যুতির সংবাদ পাওয়া গেলে আমরা দেখব। সাধারণভাবে সমস্ত কমিটিগুলি যাতে ভালভাবে কাজ করতে পারে তারজন্য আমরা নিশ্চয়ই সর্বদা সজাগ থাকব।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন ভূমি বণ্টন সম্পর্কে যে বিভিন্ন সমস্যা রয়েছে সে সম্পর্কে প্রত্যক্ষ অভিজ্ঞতার জন্য এম. এল. এ-গণকে উপদেষ্টা কমিটিতে রাখা প্রয়োজন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা তো মতামতের প্রশ্ন।

Answer to held over Question No. *66

Mr. Speaker : As regards Starred Question No. 66, which was held over for further information, the Hon'ble Minister for Land and Land Revenue will please furnish the information which he assured the House would be given today.

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) এরূপ কোন সন্ধান পাওয়া যায় নি।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Nani Bhattacharjee :

মন্ত্রিমহাশয় কি বলবেন সীজ ওয়ারেন্ট ঐ সমস্ত ক্ষেত্রে কোথাও ইস্যু করা হয়েছে কিনা ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি "ক" প্রশ্নের উত্তরে একথা বলেছি যে আমরা এরূপ কোন সন্ধান পাইনি।

Shri Nani Bhattacharjee :

আমার প্রশ্ন হচ্ছে দ্যাট অল সীজ ওয়ারেন্ট ইস্যু করা হয়েছে কিনা সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কোন আলোকপাত করবেন কি ?

The Hon'ble Syamadas Bhattacharyya :

সীজ ওয়ারেন্ট বলতে আমার ধারণা মাননীয় সদস্য মহাশয় মনে করেছেন ব্যক্তিগতভাবে কোন মহাজন বা জোতদার কৃষকের বিরুদ্ধে কোন পাওনা ওয়ারেন্ট জারী করে আদায় করবার চেষ্টা করছেন সে জিনিসটা জানতে পারিনি আমরা এবং এভাবে আমাদের পক্ষে জানা সম্ভব নয় তবে আমরা জানবার চেষ্টা করেছিলাম কিন্তু কোন সন্ধান পাইনি।

Shri Nani Bhattacharjee :

মাদারীহাট ও কালচিনি এলাকায় অন্তত: ৪।৫টা সীজ ওয়ারেন্ট ইস্যুড হয়েছে এবং বহু ধান আটক আছে এবং সেই ধান বিক্রী করে তার টাকা ট্রেজারীতে জমা আছে। বিশেষ করে মাদারী হাটের ক্ষেত্রে সেটা আপনি জানেন কি ?

The Hon'ble Syamadas Bhattacharyya :

আপনি যখন জানেন তখন আমাকে তথ্য দিলে আমি ভাল করে খোঁজ করবো।

Further information of question No. *21 of Shri Sudhir Chandra Das relating to the expenditure in connection with the visit of Acharya Vinoba Bhabe.

Mr. Speaker : As regards the next question for further information by Shri Sudhir Chandra Das, the Hon'ble Minister-in-charge will please give the information.

The Hon'ble Sankardas Banerji : This question relates to the expenditure in connection with the visit of Acharya Vinoba Bhave. I am reading out the departmental note.

প্রয়োজনীয় তথ্যাদি বিভিন্ন বিভাগ হইতে সংগ্রহ করা হইতেছে। তথ্যগুলি-সংগৃহীত হইলেই উত্তর দেওয়া হইবে।

Regarding the details, the following statement is annexed:—

1. Cost on account of Maidan Meeting	..	Rs.	15,000
2. Cost on account of entertainment of Acharyya Bhave and Party	..	Rs.	12,000
3. Cost of Transport (including petrol and overtime allowance to drivers)	..	Rs.	28,465.74 np.
	Total	Rs.	55,465.74 np.

Sir, I have given the total amount, viz., Rs. 55,465.74 n.p. but the period during which this amount was spent is not given in the last answer. I have checked it up and I find that the period during which this amount was spent was from the 21st September 1962, to the 19th July 1963.

[12-50—1 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, রাষ্ট্রীয় অতিথি হিসাবে যাঁকে রাখা হয়েছিল এবং এই খরচ করা হয়েছিল, তিনি কলকাতার জনসভায় চীনাদের প্রতিরোধ করার জন্য বালক বালিকাদের পাঠিয়ে দেবার কথা বলেছিলেন, এটা আপনি জানেন কিনা ?

Mr. Speaker:

দ্যাট কোশ্চেন ডাস নট এরাইজ।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি গত তারিখের সুধীরবাবুর প্রশ্নটা দেখেন তাহলে দেখবেন, আচার্য বিনোবাভাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে সফরান্তে কি কি বাবদ খরচ হয়েছে এই ছিল। এর মধ্যে থেকে বেছে নিয়ে শুধু কস্ট অফ একাউণ্ট অফ ময়দান মিটিং ১৫,০০০ টাকা, শুধ ময়দান মিটিং সিঙ্গিল আউট কেন করছেন ? তিনি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন গ্রামাঞ্চলে গিয়েছেন, সরকার পক্ষ থেকে বড় বড় জনসভা হয়েছে, তার খরচ এর মধ্যে ধরা হয়েছে কিনা ?

The Hon'ble Sankardas Banerji: These expenses have been incurred by the Government either in the Maidan or elsewhere. This is a complete history of the expenditure incurred. To any expenditure incurred elsewhere, the Government has not contributed anything.

Shri Kashi Kanta Maitra:

আমার সাপ্লিমেণ্টারি হচ্ছে, এই যে তিনি বলেছেন কস্ট অফ ট্রেনস্পোর্ট ইনক্লুডিং পেট্রোল এ্যাণ্ড ওভারটাইম এলাউন্স, এখানে এই যে ট্রান্সপোর্ট কথাটা বলেছেন, এটা কাদের নিয়ে যাবার জন্য বলেছেন কারণ আচার্য বিনোবাভাবে তিনি ত পদযাত্রা করেন। সেখানে কাদের জন্য এই ২৮ হাজার টাকা খরচ করেছেন ?

The Hon'ble Sankardas Banerji: I think Mr. Maitra was not present in the House yesterday when the Chief Minister partially answered this question. Acharya Vinobajee had a number of companions, and he had his own luggage besides their luggages and so on and so forth. It was not expenditure on Acharya Vinobajee alone, because we know he walks most of the time.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অর্থমন্ত্রীমহাশয় বলেছেন গতকাল মুখ্যমন্ত্রীমহাশয়ও বলেছেন এবং তিনি তাঁর প্রতিধ্বনি করে আজও বলেছেন যে বিনোবাজীর সঙ্গে যাঁরা আছেন তাঁদের জন্য খরচ হয়েছে ইনক্লুডিং হিজ লাগেজ। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবার বিবেচনা করে দেখতে বলছি যে শুধুমাত্র কি আচার্য ভাবের পার্টির লোকদের নিয়ে যাবার জন্য খরচ হয়েছে এবং ড্রাইভার পেট্রল ইত্যাদির জন্য ২৮,৪৬৫ টাকা খরচ হয়েছে, অন্য কারো জন্য কি নয় ?

The Hon'ble Sankardas Banerji: I think the answer is complete in all its features in the statement which has been annexed. It has been made quite clear—cost on account of entertainment of Acharyya Bhave and party, cost of transport including petrol, overtime allowance to drivers and everything. We have not left out anything. That is the total sum spent on Acharya Bhave. The propriety or otherwise is not the subject-matter of the question.

Shri Kashi Kanta Maitra: I am not putting any question of propriety. I am asking if this expenditure includes expenditure incurred by the Ministers, Deputy Ministers, Ministers of State and other Government officials who also went to see Acharya Bhave and the members of his party.

The Hon'ble Sankardas Banerji: I made it quite clear right at the start that no money was spent on account of Ministers, Ministers of State or Deputy Ministers in connection with Acharya Vinobaji.

Shri Nepal Chandra Roy:

আচার্য বিনোবা ভাবের সঙ্গে যারা দেখা করতে এসেছিলেন আপনি বলছেন তাদের জন্য কত টাকা যেন খরচ হয়েছে। আমরা শুনেছি এবং কাগজেও দেখেছি যে কমিউনিস্ট পার্টির লিডাররা বিনোবাজীর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন। এই খরচও কি তাদের জন্যও হয়েছে।

The Hon'ble Sankardas Banerji:

আমার জানা নেই কম্যুনিস্ট পার্টির লোকের জন্য কি খরচ হয়েছে বা কত খরচ হয়েছে।

Shri Sudhir Chandra Das:

রাজস্ব মন্ত্রিমহাশয় কোলাঘাটে বিনোবাজীর পদযাত্রা সফল করার জন্য প্রোগ্রাম নিয়ে ভাল করে বন্দোবস্ত করার জন্য তিনি সমস্ত এম.এল. এ-দের সরকারী টুর করার জন্য আমন্ত্রণ জানিয়েছিলেন কি?

The Hon'ble Sankardas Banerji: That question does not arise.

Dr. Kanai Lal Bhattacharya:

মুখ্যমন্ত্রী বলেছেন আচার্য ভাবেকে রাষ্ট্রীয় অতিথি হিসাবে শুধু কলিকাতায় অভ্যর্থনা জানান হয়েছে। আজকে অর্থমন্ত্রী বলছেন সমস্ত বাংলাদেশে টুর করার জন্য তার লাগেজ লোড করার জন্য কয়েক হাজার টাকা ব্যয় হয়েছে। এটা কি রকম হল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কালকে একথা পরিষ্কারভাবে বলেছিলাম যে কলকাতা সহরে আচার্য ভাবেকে রাষ্ট্রীয় অতিথি হিসাবে গণ্য করা হয়েছিল—অন্য কোথাও হয়নি অর্থাৎ অন্য কোন জায়গায় তার খাওয়াদাওয়া বা সভার খরচ বহন করা হয়নি। কিন্তু একথা আমি পরিষ্কারভাবে বলেছিলাম যে তাঁর লোকজন জিনিষপত্র তাঁর বিছানাপত্র বইপত্র বহন করার জন্য আমরা শুধু ট্রেনস্পোর্ট খরচা করেছি।

Shri Kashi Kanta Maitra:

পাবলিসিটি ডিপার্টমেণ্ট বিভিন্ন জেলায় ভ্রমণ করেছে তার জন্য যে খরচ হয়েছে সেটা কি এর মধ্যে ইনকুড করা হয়েছে।

The Hon'ble Sankardas Banerji: I am giving you the figures—

Home Publicity Department—

		Rs. nP.
Maidan meeting—		
(i) Loudspeaker arrangement	..	4,485.00
(ii) Barricades, rostrum, loudspeaker poles, first-aid post and other small structures		9,168.00
(iii) Flowers—Malas	..	9.00
(iv) Telephone and electric installations	..	1,338.00
Entertainment, etc.		
Grant-in-aid to West Bengal Vinoba Reception Committee for entertainment of Bhave's Party	..	10,000
Cash expenditure in connection with visit of Vinobaji and Party	..	2,000
Cost of transport, etc.		
F. R. S. (Sectt) Department—		
Cost of petrol	..	688.30
Cost of Engine oil	..	15.72
Overtime	..	78.12

		Rs. nP.
Health Department—		
Cost of petrol for conveyance of medical specialists	..	112.00
Home (Transport) Department—		
Cost of petrol etc. for pool vehicles of Calcutta and districts	..	16,234.26
Cost of launches engaged from 24-Parganas district pool	..	11,337.34

The Grand Total comes to Rs. 55,465.74 nP.

[1—1-10 p.m.]

Enquiry about a Short Notice Question

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, একটা সর্ট নোটিশ কোশ্চেন দেওয়া হয়েছিল আমাদের তরফ থেকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে—পান্নালাল ইনস্টিটিউসন, কল্যাণী সম্পর্কে, আমরা আশা করেছিলাম শিক্ষামন্ত্রী মহাশয়ের জবাব আজকে পাব।

Mr. Speaker: It is being looked into.

Unstarred questions to which written answers were laid on the table

Roads in Malda district

198. (Admitted question No. 49.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) the names of roads with mileages which are still under construction under the First or Second Five-Year Plan for each thana of Malda district with estimated costs noting particularly the nature of unfinished work with details; and

(b) if any construction work of the roads is still unfinished or not yet started, when such work is expected to be completed or started?

The Minister for Public Works (Roads): (a) A statement is laid on the Table.

(b) Within the current Plan period.

Statement referred to in reply to clause (a) of the unstarred question No. 198

Roads included in the First or Second Plan for Malda which have been taken over to the Third Plan for completion

Serial No.	Name of roads.	Thana.	Mileage.	Estimated cost. (In lakhs of rupees)	Nature of unfinished work.
1.	Samsi-Ratua ..	Ratua ..	8	17.94	All works completed except some flood damage repair works.
2	Ratua-Bhaluka ..	Do. ..	12	7.07	Stone Consolidation work is in progress on seven miles and earthwork on six miles.
3.	Kaliachak-Golapganj ..	Kaliachak ..	8.50	6.23	Earth-work done on three miles; earth-work on the remaining length and metalling is yet to be done.
4.	Kaliachak-Niamatpur ..	Kaliachak ..	12	18.00	Jhama consolidation completed except 6th and 10th mile. Jhama consolidation on the remaining length and surfacing are to be done yet.
5.	Chanchal-Kharba-Chauramanghat with links.	Kharba ..	8	7.89	Completed except seventh mile.
6.	Mirzapur-Bansihari ..	Bamangola ..	11	9.78	Eight miles completed, three miles yet to be done.
7.	Malda-Bulbulchandi ...	Old Malda ..	9	10.00	Malda-Tangon Section (seven miles) completed; remaining length to be done yet.
8.	Englishbazar-Kotwali ..	Englishbazar ..	4.50	4.85	Completed except for a few chains on which metalling is being done.

Production of pure seeds in Thana Farms

199. (Admitted question No. 50.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the various kinds of pure seeds produced in the Thana Farms of Malda district (excepting Kharba Thana Farm) for the last three years;

(b) quantity of such seeds produced per bigha in the same period; and

(c) the total quantity of "Foundation" seeds distributed to total numbers of "A" type growers for the same period in the jurisdiction of each such Farm?

The Minister for agriculture: (a) to (c) A statement is laid on the Table.

Statement referred to in reply to clauses (a), (b) and (c) of unstarred question No. 199.

Name of pure seeds produced.	Production per Bigha.			Total quantity of foundation seed distributed to "A" type growers.		
	1960-61.	1961-62.	1962-63.	1960-61.	1961-62.	1962-63.
	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.
	NAME OF THE THANA FARM—BAMANGOLA DISTRICT—MALDA					
Aus paddy	3 0 0	2 17 0	1 0 0	28 37 0	30 2 8	12 10 0 }
Aman paddy	5 19 0	5 21 0	2 28 0	181 39 0	191 33 0	267 20 0 }
Jute seed	0 15 0	0 26 0	0 28 0			
Sugarcane	..	..	121 27 0			
Dhaincha	..	..	2 7 0			
Pulse	0 29 0	0 15 0				
Oilseed	0 15 0	0 15 0	0 22 0			
Gram	..	..	0 7 0			
Maize	..	..	2 28 0			
Jowar fodder	..	..	233 13 0			
	Number of "A" type growers not readily available.					
	NAME OF THE THANA FARM—KALIACHAK DISTRICT—MALDA					
Aus paddy	1 7 0	..	..	127 35 0	52 32 8	40 10 0
Jute seed	0 18 0	..	0 15 0			
Jute fibre	..	..	2 33 0			
Sugarcane	..	..	331 13 0			
Wheat	3 2 0	3 7 0	2 0 0			
Pulse	1 34 0	2 8 0	2 9 0			
Oil seed	0 33 0	..	3 9 0			
Maize	..	..	4 0 0			
Barley	3 0 0	3 2 0	2 0 0			

Name of pure seeds produced.	Production per Bigha. 1960-61.	Production per Bigha. 1961-62.	Production per Bigha. 1962-63.	Total quantity of foundation seed distributed to "A" type growers. 1960-61.	Total quantity of foundation seed distributed to "A" type growers. 1961-62.	Total quantity of foundation seed distributed to "A" type growers. 1962-63.
	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.
NAME OF THE THANA FARM—HARISCHANDRAPUR						
DISTRICT—MALDA						
Aus paddy	5 13 0	3 15 0	3 28 0	47 24 0	76 30 0	33 37 0
Aman paddy	6 22 0	5 13 0	7 9 0	67 20 0	99 6 0	181 0 0
Jute seed	0 26 0	0 29 0	0 19 0			
Sugarcane	278 13 0	160 0 0	Not yet reported.			
Wheat	2 8 0	3 30 0	Ditto.			
Dhaincha	4 21 0	..	2 4 0			
Pulse	1 0 0	1 18 0	2 25 0			
Oil seed	0 34 0	1 32 0	1 8 0			
[illegible]	..	..	2 9 0			
NAME OF THE THANA FARM—RATUA						
DISTRICT—MALDA						
Aus paddy	2 5 0	1 23 0	Damaged	109 0 0	111 25 0	32 30 0
Aman paddy	..	..	..	..	..	134 20 0
Jute seed	0 12 0	1 17 0	0 2 0			
Jute fibre	..	..	2 1 0			
Wheat	1 15 0	5 0 0	Not yet reported.			
Dhaincha	5 7 0	..	..			
Pulse	2 0 0	2 34 0	..			
Oil seed	0 34 0	1 34 0	1 11 0			
Maize	..	..	2 15 0			
Kalai	..	..	2 8 0			

Name of pure seeds produced.	Production per Bigha. 1960-61.	Production per Bigha. 1961-62.	Production per Bigha. 1962-63.	Total quantity of foundation seed distributed to "A" typw growers. 1960-61.	Total quantity of foundation seed distributed to "A" typw growers. 1961-62.	Total quantity of foundation seed distributed to "A" typw growers. 1962-63.
	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.
	NAME OF THE THANA FARM—GAZOLE DISTRICT—MALDA					
Aus paddy	6 28 0	3 32 0	5 7 0	70 0 0	37 0 0	22 5 0
Aman paddy	5 3 0	3 23 0	6 34 0	220 0 0	206 0 0	338 0 0
Jute seed	0 20 0	0 34 0	1 3 0			
Jute fibre	..	..	..			
Sugarcane	..	..	2 0 0			
Wheat	2 8 0	2 20 0	..			
Dhaincha	5 2 0	12 27 0	4 29 0			
Pulse	2 11 0	1 13 0	Not yet reported.			
Oil seed	11 7 0	0 34 0	2 7 0			
Maize	..	..	3 13 0			
	NAME OF THE THANA FARM—HABIBPUR DISTRICT—MALDA					
Aus paddy	2 35 0	1 33 0	2 38 0	76 38 0	57 6 0	8 20 0
Aman paddy	6 13 0	6 6 0	4 32 0	157 0 0	179 0 0	284 0 0
Jute seed	..	0 37 0	0 23 0 (Oil)			
			0 8 0 (Cap.)			
Sugarcane	..	..	121 27 0			
Wheat	1 35 0	0 23 0	0 27 0			
Dhaincha	..	..	0 39 0			
Pulse	0 19 0	0 13 0	..			
Oilseed	0 2 0	0 13 0	0 22 0			
Gram	..	..	3 7 0			
Maize	..	..	4 20 0			
Linseed	..	..	2 0 0			

Name of pure seeds produced.	Production per Bigha.			Total quantity of foundation seed distributed to "A" type growers.		
	1960-61.	1961-62.	1962-63.	1960-61.	1961-62.	1962-63.
	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.
NAME OF THE THANA FARM—MANIKCHAK DISTRICT—MALDA						
Aus paddy	1 13 0	1 27 0	2 13 0	26 32 0	12 30 0	21 23 0
Jute seed	0 14 0	0 17 0	0 36 0			
Jute fibre	..	..	0 28 0			
Sugarcane	..	..	6 29 0			
Wheat	4 15 0	3 2 0	Not yet reported.			
Dhaincha	..	..	1 13 0			
Pulse	1 17 0	0 33 0	Not yet reported.			
Oil seed	2 7 0	1 23 0	3 3 0			
Maize	2 3 0	..	83 13 0 (F) 5 0 0 (S)			
Barley	4 27 0	3 33 0	Not yet reported.			
NAME OF THE THANA FARM—MALDA DISTRICT—MALDA						
Aus paddy	3 24 0	2 32 0	2 27 0	40 0 0	20 28 0	10 15 0 }
Aman paddy	4 13 0	4 29 0	4 16 0	124 25 0	103 12 0	174 0 0 }
Jute seeds	0 34 p	2 21 0	0 17 0			
Jute fibre	..	..	9 27 0			
Sugarcane	..	..	20 0 0			
Wheat	2 7 0	3 12 0	..			
Pulse	0 15 0	0 30 0	..			
Oilseeds	0 11 0	0 14 0	..			
Maize	..	..	2 0 0			

Unauthorized sale of bricks from Government brick fields

200. (Admitted question No. 70.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that bricks from Government brickfields at Kaligram and Govindapara in Kharaba police-station of Malda district, have recently been sold by the overseer-in-charge to certain persons of Khrba police-station without the permission of Government;

(b) if so, whether the bricks have been recovered;

(c) if not, the reasons thereof;

(d) what are the names and particulars of persons to whom these bricks were sold; and

(e) what steps, if any, have been taken by the Government in this matter?

The Minister for Public Works (Roads): (a) to (e) On receipt of reports about unauthorized sale of bricks from brickfields at Kaligram and Govindapara, departmental investigation has been started. The details asked for in the question cannot be given until the investigation has been completed.

Relief Works by M. L. As. in selected Blocks

201. (Admitted question No. 155.)

Shri Sanat Kumar Raha:

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিধানসভার সদস্যগণের সিলেকটেড ব্লক এলাকায় রিলিফ কমিটির কাজেও যোগদানে কোন অসুবিধা হইবে না ;

(খ) সত্য হইলে, বর্তমানে বিধানসভার সদস্যগণ ওই সকল রিলিফ কমিটিতে যোগ দিতে পারিতেছেন কি ?

The Minister for Relief:

(ক) না, বর্তমানে কোনও সিলেকটেড ব্লক নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Refugee Camps in West Bengal

202. (Admitted question No. 160.)

Shri Sanat Kumar Raha:

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিঃসহায় উদ্বাস্তু স্ত্রীলোকের পরিবারবর্গের জন্য পশ্চিমবঙ্গে কয়টি আশ্রয়শিবির আছে ;

(খ) উক্ত আশ্রয়শিবিরগুলিতে কতজন বসবাস করে ; এবং

(গ) উক্ত শিবিরগুলিতে স্থায়িভাবে রক্ষার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ১২টি সাধারণ আশ্রয় সদন এবং একটি অক্ষমদের জন্য আশ্রয় সদন।

(খ) ১০,৮২৭ জন।

(গ) হাঁ।

Workers in B. T. Mills Kashimbazar

203. (Admitted question No. 161.)

Shri Sanat Kumar Raha:

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাশিমবাজার বি টি মিলসে বর্তমানে কত কর্মী (শ্রমিক) কাজ করেন;

(খ) এই মিলে কতজন বর্তমানে অস্থায়ী মজুর; এবং

(গ) এই মিলে শ্রমিকের শতকরা কতজন উদ্বাস্তু?

The Minister for Labour:

(ক) ৮২১ জন।

(খ) ৪১৮ জন (বদলি ১৮০, শিক্ষার্থী ২৩৮)।

(গ) শতকরা ৯১.৮৪।

Berhampore to Jiagonj Road

204. (Admitted question No. 176.)

Shri Sanat Kumar Raha:

স্থানীয় স্বয়ত্ত শাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর হইতে জিয়াগঞ্জ যাইবার জন্য যে রাস্তা তাহা সম্পূর্ণরূপে পিচের রাস্তা করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কবে কার্যকরী হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) বহরমপুর হইতে জিয়াগঞ্জ পর্যন্ত স্টেট হাইওয়ের অংশটি বর্তমানে পিচেরই আছে

(খ) প্রশ্ন উঠে না।

Gratuitous relief to the gold artisans

205. (Admitted question No. 204.)

Shri Sanat Kumar Raha:

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বর্ণ শিল্পীদের সাহায্যের জন্য পশ্চিমবঙ্গ সরকারের গত তিন মাসে মোট খয়রতি সাহায্যের পরিমাণ কত;

(খ) বেকার দুঃস্থ স্বর্ণশিল্পীদের জন্য কি পরিকল্পনা রচিত হইয়াছে;

(গ) পুনর্বাসনের জন্য কি পরিমাণ অর্থের প্রয়োজন এবং

(ঘ) উক্ত অর্থের কোন অংশ কেন্দ্রীয় সরকারের নিকট চাওয়া হইয়াছে কিনা?

The Minister for Labour:

(ক) ২,১৬,৮৩৩ টাকা।

(খ) দুঃস্থ ও কর্মচ্যুত স্বর্ণশিল্পীদের সুষ্ঠু এবং অর্থনৈতিক পুনর্বাসনের জন্য পশ্চিমবঙ্গ সরকার নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করিতেছেন—

(১) প্রশিক্ষণ ব্যবস্থা—শিল্প শিক্ষাকেন্দ্রগুলিতে কর্মচ্যুত অসহায় স্বর্ণশিল্পীদের এবং উহাদের উপর নির্ভরশীল ব্যক্তিদের শিক্ষার ব্যবস্থা।

(২) কারখানায় শিক্ষার ব্যবস্থা।

(৩) কলিকাতায় নির্বাচিত কয়েকটি প্রখ্যাত গহনার দোকানে শিক্ষার ব্যবস্থা।

(৪) বেঙ্গল স্টেট এইড টু ইণ্ডাস্ট্রিজ অ্যাক্ট-এর মারফত ঋণদান।

(৫) দুঃস্থ স্বর্ণশিল্পীদের সন্তানদের শিক্ষার জন্য আর্থিক ও পারিপার্শ্বিক সুযোগের ব্যবস্থা।

(৬) কর্মবিনিয়োগ কেন্দ্রগুলি মারফত বেকার স্বর্ণশিল্পীদের কর্মসংস্থানের ব্যবস্থা ইতিপূর্বেই গৃহীত হইয়াছে।

(৭) যেখানে পুনর্বসতির সুযোগ দেওয়া সম্ভব নয়, সেখানে আর্থিক সাহায্যদানের ব্যবস্থা করা।

(গ) আপাতত ৯২ লক্ষ টাকা।

(ঘ) খয়রাতি সাহায্য ব্যতীত অন্য কোন খরচ এখনও করা হয় নাই। তবে পুনর্বাসনের জন্য যে খরচ হইবে তাহার সম্পূর্ণ অর্থই কেন্দ্রীয় সরকারকে বহন করিবার জন্য অনুরোধ করা হইয়াছে।

Age of superannuation of the Primary School teachers

206. (Admitted question No. 278.)

Shri Sambhu Charan Ghosh:

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের প্রাথমিক স্কুল শিক্ষকদের অবসর গ্রহণের সীমারেখা কত, এবং

(খ) পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে পৌরসভা-পরিচালিত প্রাথমিক স্কুল শিক্ষকদের অবসর গ্রহণের বয়সের সীমারেখা কত?

The Minister for Education:

(ক) জিলা বিদ্যালয় পর্ষদ কর্তৃক নিযুক্ত প্রাথমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়ঃসীমার কোন নির্দিষ্ট নিয়ম নাই। প্রচলিত রীতি অনুযায়ী প্রাথমিক শিক্ষকগণ ৬০ বৎসর বয়স পর্যন্ত সক্রিয়ভাবে শিক্ষকতা কার্যে বহাল থাকেন।

(খ) পৌরসভা-পরিচালিত প্রাথমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়ঃসীমা নির্ধারণের দায়িত্ব নিয়োগকারী সংস্থা পৌর কর্তৃপক্ষের।

Banamahotsab under First, Second and Third Plans

207. (Admitted question No. 294.)

Shri Mrigendra Bhattacharyya:

বন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনার দুই বৎসরে কোন্ জেলায় কতগুলি বৃক্ষ বনমহোৎসবে রোপণ করা হইয়াছে;

(খ) রোপিত বৃক্ষগুলির মধ্যে কতগুলি বাঁচিয়া আছে;

(গ) রোপিত চারাবৃক্ষগুলি রক্ষণাবেক্ষণের জন্য কি কি ব্যবস্থা আছে;

(ঘ) প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার, দুই বৎসরে বনমহোৎসবের জন্য কত টাকা খরচ হইয়াছে; এবং

(ঙ) এই খরচের কত টাকা কোন্ বৎসর কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে দিয়াছেন?

The Minister for Forests:

(ক) সংলগ্ন তালিকায় বৃক্ষরোপণের হিসাব দেওয়া হইল।

(খ) ১৯৬১ সাল পর্যন্ত যেসব চারা রোপিত হইয়াছিল, তাহার মধ্যে মোটা ১,৪৮,২৮,২৮৭টি চারা রোপণের এক বৎসর পরেও বাঁচিয়া ছিল বলিয়া জানা আছের ইহাদের মধ্যে কতগুলি এখনও বাঁচিয়া আছে তাহার হিসাব দেওয়া সম্ভব নহে। ১৯৬২ সালে রোপিত চারাগুলির মধ্যে কতগুলি বাঁচিয়াছে, তাহার হিসাব গ্রহণে সময় এখনও হয় নাই।

(গ) বনমহোৎসব পালন একটি জাতীয় প্রচেষ্টা। এই উৎসব উপলক্ষে রোপিত চারাগুলি সযত্নে রক্ষা করিবার দায়িত্ব প্রধানত যাঁরা রোপণ করেন সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানেরই। সচরাচর দেখা যায় অনেকেই নিজব্যয়ে বাঁশের, কাঁটার বা তারের বেড়া দিয়া রোপিত চারা রক্ষার ব্যবস্থা করেন। জনসাধারণের মধ্যে এই ব্যাপারে বিশেষ উৎসাহ সঞ্চারের জন্য সরকারের পক্ষ হইতে যেসব পুরস্কার দিবার ব্যবস্থা আছে তাহার জন্য রোপিত চারার মধ্যে যেগুলি সযত্নে রক্ষিত হইয়া এক বৎসর পরেও বাঁচিয়া থাকে, তাহারই হিসাব গণ্য করা হইয়া থাকে।

(ঘ) মোট ৬৩,৩৯১ টাকা।

(ঙ) এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কোন ব্যয়ভার বহন করেন না।

Statement referred to in reply to clause (Ka) of the unstarred question No. 207.

জেলা ও মোট রোপিত বৃক্ষের সংখ্যা

(১) চব্বিশপরগণা—১৬,৫০,৭৬৯
(২) নদিয়া—৭,১২,৫৬৮
(৩) মুর্শিদাবাদ—৪,২১,৩৯২
(৪) বর্ধমান—১০,৪০,৪০৬
(৫) বীরভূম—৩,৯৬,১৬১
(৬) বাঁকুড়া—১৪,৫৬,৯১০
(৭) মেদিনীপুর—১,৭৮,৬৫,২৬৬
(৮) হুগলি—৫,৭৬,০৭৫
(৯) হাওড়া—৫,৭৯,০৩০
(১০) জলপাইগুড়ি—৪,২৩,৮৭৭
(১১) দার্জিলিঙ—১৬,৮০,২২৪
(১২) মালদহ—২,৬৮,৫৩৩
(১৩) পশ্চিম দিনাজপুর—১,৯৭,৬৯৩
(১৪) কোচবিহার—৩,৬৩,৯৮৬
(১৫) পুরুলিয়া—১,৮৪,৫৯৭ (পুরুলিয়া পশ্চিমবঙ্গে আসার পর যে বৃক্ষ রোপণ করা হয়েছে)
(১৬) কলিকাতা—২৬,১৫৮।

Minimum Wages Act in West Bengal

208. (Admitted question No. 305.)

Shsi Merigendra Bhattacharyya:

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাঙলার কোন্ কোন্ জেলায় মিনিমাম ওয়েজেস অ্যাক্ট ক্ষেতমজুরদের ক্ষেত্রেও চালু করা হইয়াছে;

(খ) উক্ত আইন প্রয়োগ ঠিকমত কার্যকরী হইতেছে কিনা তাহা তদারক করার কোন ব্যবস্থা হইয়াছে কিনা;

(গ) ১৯৬৩ সালের ২১এ জুন পর্যন্ত উক্ত আইন ভঙ্গ করার অভিযোগে—

(১) কতজনকে গ্রেপ্তার করা হয় এবং

(২) কতজনের সাজা হয়; এবং

(ঘ) যে সমস্ত জেলায় উক্ত আইন চালু করা হয় নাই সে সমস্ত জেলায় কতদিনে চালু করা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Labour:

(ক) পশ্চিম বাঙলার সব জেলাতেই ন্যূনতম মজুরী আইন ক্ষেতমজুরদের ক্ষেত্রে চালু করা হইয়াছে।

(খ) উক্ত আইন ঠিকমত কার্যকরী হইতেছে কিনা তাহা তদারক করিবার জন্য উক্ত আইনের বিধান অনুযায়ী পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে।

(গ) উক্ত আইন ভঙ্গ করিবার জন্য গ্রেপ্তার করিবার কোন বিধান নাই। তবে উক্ত আইন ভঙ্গের অজুহাতে নির্দিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আদালতে অভিযোগ করিবার বিধান আছে। ক্ষেতমজুরদের ক্ষেত্রে ১৯৬৩ সালের ২১এ জুন পর্যন্ত এরূপ কোন অভিযোগ করা হয় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

Consumer's Co-operative Societies in West Bengal

209. (Admitted question No. 341.)

Shri Narayan Choubey:

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জনসাধারণকে ন্যায্যমূল্যে প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করণার্থে ক্রেতা সমবায় (কনজিউমার্স কো-অপারেটিভ) স্থাপন করিবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন কিনা;

(খ) পশ্চিম বাঙলার কোথায় কোথায় মোট কতগুলি এরূপ সমবায় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে;

(গ) এ পর্যন্ত এরূপ কোনও সমবায় কোথাও স্থাপিত করা হইয়াছে কিনা;

(ঘ) এইরূপ সমবায় স্থাপনের নিয়মাবলী কি?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে মোট ২৭টি পাইকারী এবং ৫৪০টি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি গঠনের পরিকল্পনা আছে। এই সমিতিগুলি অন্যূন ৫০,০০০ লোক সংখ্যাবিশিষ্ট শহরাঞ্চলে গঠিত হইবে।

(গ) হ্যাঁ। এ পর্যন্ত কলকাতা, শিলিগুড়ি, আসানসোল এবং খড়গপুর এই চারিটি শহরে ৪টি পাইকারী ও ৬৮টি প্রাথমিক সমবায় সমিতি স্থাপিত হইয়াছে।

(ঘ) পাইকারি সমিতি—পাইকারি সমিতিগুলি কোন্ কোন্ শহরে স্থাপিত হইবে তাহা সরকার নির্ধারণ করেন। প্রত্যেক পাইকারি সমিতির ২০টি প্রাথমিক সমিতি কিম্বা পাইকারি সমিতির শাখা (উপযুক্ত সংখ্যক প্রাথমিক সমিতি না থাকিলে) থাকা আবশ্যক। আরম্ভকালে প্রাথমিক সমিতি কিম্বা পাইকারী সমিতির শাখাসংখ্যা অন্তত: ১০ হওয়া চাই। পাইকারি সমিতির সভ্য প্রাথমিক সমিতি শাখা হইতে প্রারম্ভিক শেয়ার বাবতে প্রাপ্ত মূলধন ২০,০০০ টাকা হওয়া প্রয়োজন এবং এক বৎসরের মধ্যে এই মূলধনের পরিমাণ বাড়াইয়া ১ লক্ষ টাকা করিতে হইবে।

প্রাথমিক সমিতি—যেসব শহরে পাইকারি সমিতি স্থাপিত হইবে সেইসব শহরে এবং তাহার শহরতলী অঞ্চলে প্রাথমিক সমিতি গঠন করা যাইবে। উপযুক্ত সংখ্যক প্রাথমিক সমিতি গঠন করা সম্ভব না হইলে পাইকারি সমিতির শাখা প্রয়োজনমত খোলা যাইতে পারে। তবে এই শাখাগুলিকে যতশীঘ্র সম্ভব প্রাথমিক সমিতিতে পরিণত করিতে হইবে।

অন্তত ১০০ জন সভ্য এবং ১,০০০ টাকা মূলধন লইয়া প্রাথমিক সমিতি শুরু করতে হইবে। প্রাথমিক সমিতিগুলিকে অবশ্যই স্থানীয় পাইকারি সমিতির সভ্য হইতে হইবে এবং উপযুক্ত মূল্যের শেয়ার ক্রয় করিতে হইবে।

এ ছাড়া প্রাথমিক ও পাইকারি উভয় সমিতিকেই বি. সি. এস. অ্যাক্ট ও রুল অনুযায়ী রেজিস্ট্রীকৃত হইবার জন্য অবশ্য পালনীয় নিয়মগুলি পালন করিতে হইবে।

Water-Supply Schemes for Kharagpur and Tamluk

210. (Admitted question No. 344.)

Shri Narayan Choubey:

গত ৫ই মার্চ ১৯৬৩ তারিখে প্রদত্ত ১২৩নং অতারকিত প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) উল্লিখিত ২৬,০৮,০০০ টাকার পরিকল্পনাটি কবে প্রস্তুত করা হইয়াছে;

(খ) পরিকল্পনাটি রূপায়িত করিতে প্রয়োজনীয় অর্থ সংগ্রহের কী প্রচেষ্টা হইতেছে;

(গ) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এ কার্য শুরু হইবার সম্ভাবনা আছে কিনা;

(ঘ) তমলুক শহরে পানীয় জলের পরিকল্পনা কবে প্রস্তুত হয়; এবং

(ঙ) উহা কত টাকার পারকল্পনা?

The Minister of State for Health:

(ক) ১৯৬১ সালে।

(খ) এইরূপ পরিকল্পনায় অর্থসংস্থান সম্পর্কে প্রচলিত নিয়ম এই যে সরকার উহার দুই-তৃতীয়াংশ ব্যয় দান হিসাবে মঞ্জুর করিয়া থাকেন এবং অবশিষ্ট এক-তৃতীয়াংশ পৌরসভা নিজ তহবিল হইতে অথবা সরকার হইতে ঋণ লইয়া বহন করিয়া থাকেন। খড়্গপুর পরিকল্পনাটি পৌরসভার অনুমোদনের জন্য এবং উহার আর্থিক ব্যবস্থা সম্পর্কে যথারীতি প্রস্তাব জেলাশাসক ও বিভাগীয় কমিশনার মারফৎ সরকারের নিকট পেশ করিতে পৌরসভাকে বলা হইয়াছে। পৌরসভার উত্তর অপেক্ষা করা হইতেছে।

(গ) নিশ্চিতরূপে কিছু বলা যায় না তবে অর্থের সঙ্কুলান হইলে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে উহার কার্য শুরু হওয়ার সম্ভাবনা আছে।

(ঘ) ১৯৫৯ সালে।

(ঙ) ৪,৮৫,৪০০ টাকার।

Bridge over the Consaye

211. (Admitted question No. 348.)

Shri Narayan Choubey:

বাস্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর ও খড়্গপুর শহর দুইটির সংযোগরক্ষাকারী কাঁসাই নদীর উপর অবস্থিত বর্তমান পুলটি নির্মাণ কবে করা হইয়াছিল;

(খ) বর্তমানে এ পুলটির অবস্থা যানবাহন চলাচলের পক্ষে বিপজ্জনক বলিয়া সরকার অবগত আছেন কিনা;

(গ) অবগত থাকিলে, এই পুলটির পরিবর্তে আরেকটি আধুনিক পুল নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে, তাহা কত টাকার পরিকল্পনা ও কত দিনে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

Minister for Public Works:

(ক) ১৯৪৪ সালে।

(খ) হ্যাঁ, আছেন।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) ৪০,৩১,৩৬৭ টাকার পরিকল্পনা, পুলটির নির্মাণকার্য ১৯৬৬ সালে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Distress in the districts of Purulia, Bankura and Midnapore

212. (Admitted question No. 349.)

শ্রীনারায়ণ চৌবে ঃ ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার কোনও কোনও অঞ্চলে বিশেষ অভাব ও দুর্গতি দেখা দিয়াছে;

(খ) অবগত থাকিলে, উক্ত অঞ্চলগুলির থানা ও ইউনিয়নের নাম কি কি;

(গ) দুর্গত অঞ্চলগুলির জনসংখ্যা কত;

(ঘ) এই বৎসর এ যাবৎ ঐ সব অঞ্চলে (১) কত খয়রাতি সাহায্য, (২) ধার (লোন), ও (৩) স্টেট রিলিফের কাজ দেওয়া হইয়াছে;

(ঙ) পুরুলিয়ার ঐসব দুর্গত অঞ্চলে অনাহারে মৃত্যু হইয়াছে বলিয়া সংবাদ সরকার অবগত আছেন কিনা; এবং

(চ) ঐ সব অঞ্চলের জনগণের দুর্গতি নিবারণকল্পে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Relief:

(ক) পুরুলিয়া ও মেদিনীপুর জেলার কোন কোন অংশ হইতে বিশেষ অভাবের সংবাদ পাওয়া গেলেও বাঁকুড়া জেলার কোন অঞ্চলে, সাধারণভাবে দুস্থতা থাকিলেও, বিশেষ অভাব ও দুর্গতি দেখা দেয় নাই।

(খ), (গ) ও (ঘ) ঃ পুরুলিয়া ও মেদিনীপুরের দুর্গত অঞ্চলের সম্বন্ধে একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঙ) না।

(চ) ব্যাপকভাবে বিভিন্ন ধরনের সরকারী সাহায্যদানের ব্যবস্থা করা হইয়াছে।

Statement referred to in reply to clauses (Kha), (Ga) and (Gha) of the unstarred question No. 212

Name of the district	Names of P.Ss. and Unions of the distressed areas		Population of the distressed areas.	Amount of expenditure incurred on account of G. R. Loan and Relief work (from 1-4-63 to 30-6-63).		
	P.S.	Union/Anchal.		Gratuitous Relief.	Relief work	Loan
	(i)	(ii)		Rs. (i)	Rs. (ii)	Rs. (iii)
Midnapore ..	Entire Ramnagar P.S. ..	....	1,02,927	22,636	1,12,888	61,000
	Garbetta P.S.	1. Kadra	5,042			
		2. Sandhipur	4,469			
		3. Baramura	3,691			
		4. Shyamnagar	5,902			
		5. Dhadika	4,776			
		6. Agna	3,159	41,220	1,86,000	9,150
		7. Benapapra	5,841			
		8. Nalibana	3,945			
		9. Nayabasat	4,771			
		10. Satbankura	3,261			
		11. Kharkusma	5,582			
		12. Raskunda	2,861			
			53,300			
	Narayangarh P.S ..	1. Makrampur	6,725			
		2. Ladma	4,045	5,644	32,284	15,000
		3. Kushabasan	5,317			
			16,087			

Statement referred to in reply to clauses (Kha), (Ga) and (Gha) of the unstarred question No. 212—contd.

Name of the district.	Names of P.Ss. and Unions of the distressed areas.		Population of the distressed areas.	Amount of expenditure incurred on account of G.R. Loan and Relief work (from 1-4-63 to 30-6-63).		
	P.S.	Union/Anchal.		Gratuitous Relief.	Relief work.	Loan.
	(i)	(ii)		Rs. (i)	Rs. (ii)	Rs. (iii)
..	Sabang P.S. ..	.. 1. Kharpara	4,950			
		2. Chaulkuri	4,011	3,284	23,434	14,000
		3. Kapasda	5,891			
			14,852			
..	Hura P.S. ..	.. 1. Manguria-Lalpur				
		2. Chatumadar	20,000	2,74,370	1,05,983	30,000
		3. Daldali				
	Puncha P.S. ..	.. 1. Puncha				
		2. Bagda	30,486	57,319	2,93,022	50,000
		3. Chirudi				
		4. Lakhra				
	Manbazar P.S. ..	.. 1. Manbazar				
		2. Bisri				
		3. Jituguri	31,500	70,726	2,24,358	30,000
		4. Gopalnagar				
		5. Chandra Pairachali				
		6. Barmeshya-Ratnnagar				

State Medical Unit at Kharagpur

213. (Admitted question No. 350.)

Shri Narayan Choubey:

গত ৫ই মার্চ, ১৯৬৩ তারিখে প্রদত্ত ১২২নং অতারকিত প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়্গপুরের ঐ মেডিক্যাল ইউনিটটির নির্মাণকার্য শেষ হইয়াছে কিনা;

(খ) শেষ না হইয়া থাকিলে, উহার কারণ কি ;

(গ) নির্মাণকার্য শেষ করিয়া পরিকল্পিত ও নির্ধারিত সময় কি ছিল;

(ঘ) ঐ নির্মাণকার্যের ঠিকা কোন্ কোম্পানির উপর ন্যস্ত হইয়াছে; এবং

(ঙ) এই ইউনিটটি কবে চালু হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Health:

(ক) প্রায় শেষ হইয়াছে।

(খ) জলসরবরাহের কার্য এখনও শেষ হয় নাই বলিয়া।

(গ) অক্টোবর, ১৯৬২।

(ঘ) পূর্ত বিভাগের ঠিকাদার শ্রী এন ভক্ত।

(ঙ) ১৯৬৩-৬৪ সালের মধ্যে।

Air-conditioning of office rooms

214. (Admitted question No. 358.)

Shri Mrigendra Bhattacharyay :

পূর্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ মন্ত্রিমহাশয়ের অফিস-ঘর "শীতাতপ-নিয়ন্ত্রিত" (এয়ার কণ্ডিশন) করা হইয়াছে এবং কতদিন হইতে;

(খ) কোন্ কোন্ সরকারী কর্মচারীর অফিস-ঘর "শীততপ-নিয়ন্ত্রিত" এবং কতদিন হইতে;

(গ) সরকারী কর্মচারীদের মধ্যে কে কে "শীতাতপ-নিয়ন্ত্রিত" গভর্নমেণ্ট কোয়ার্টারে বাস করেন।

(ঘ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে এই "শীতাতপ-নিয়ন্ত্রণ" ব্যবস্থা বাবত কত অর্থ ব্যয়িত হইয়াছে; এবং

(ঙ) পশ্চিমবাঙলার অর্থনৈতিক অবস্থা এবং জরুরি অবস্থা বিবেচনা করিয়া উক্ত শীতাতপ-নিয়ন্ত্রণ" ব্যবস্থা কয়েক বৎসরের জন্য স্থগিত রাখার পরিকল্পনা আছে কি?

The Minister for Public Works:

(ক) মুখ্যমন্ত্রী সহ সমস্ত মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রীদের মহাকরণস্থ অফিস-ঘর "শীতাতপ-নিয়ন্ত্রিত" করা হইয়াছে। সর্বপ্রথম ১৯৪৮ সালে মুখ্যমন্ত্রীর অফিস-ঘর "শীতাতপ-নিয়ন্ত্রিত" করা হয়। তারপর ১৯৫৪ সাল হইতে বিভিন্ন সময়ে প্রয়োজনবোধে অন্যান্য মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীদের অফিস-ঘরসমূহ "শীতাতপ-নিয়ন্ত্রিত" করা হইয়াছে।

(খ) মহাকরণে সমস্ত বিভাগের সচিব, বিভাগীয় ভারপ্রাপ্ত যুগ্ম সচিব, মহা আরক্ষা পরিদর্শক এবং স্বাস্থ্য কৃত্যক অধিকর্তার অফিস-ঘর "শীতাতপ-নিয়ন্ত্রিত" করা হইয়াছে। ইহা ব্যতীত, লালবাজার পুলিস হেডকোয়ার্টারে নগরপাল, কলিকাতায় প্রেসিডেন্সি ডিভিসনের ভুক্তিপতি, চুঁচুড়ায় বর্ধমান ডিভিসনের ভুক্তিপতি এবং শিলিগুড়িতে জলপাইগুড়ি ডিভিসনের ভুক্তিপতির অফিস-ঘরসমূহ "শীতাতপ-নিয়ন্ত্রিত" করা হইয়াছে। এই কাজগুলি ১৯৫৪ সাল হইতে বিভিন্ন সময়ে প্রয়োজনবোধে করা হয়।

(গ) কেহ নয়।

(ঘ) "শীতাতপ-নিয়ন্ত্রণ" ব্যবস্থা বাবত নিম্নলিখিত অর্থ ব্যয়িত হইয়াছে:

সাল	টাকা
১৯৬০-৬১	৬১,০২৯
১৯৬১-৬২	৩২,৮২৮
১৯৬২-৬৩	৬৬,৯৮৯

(ঙ) না।

Deaths from cholera and smallpox in different districts

215. (Admited question No. 359.)

Shri Mrigendra Bhattacharyya :

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে কোন্ জেলায় কতজনের কলেরায় ও বসন্তরোগে মৃত্যু হয়;

(খ) উক্ত প্রতি সালে কোন্ জেলায় কতজনকে বসন্তের "টীকা" ও কলেরার "ইনজেকশন" দেওয়া হয়; এবং

(গ) ঐ সমস্ত ব্যাধি নির্মূল করার সরকারী পরিকল্পনা কি?

The Minister of State for Health:

(ক) বিবরণী "ক" উপস্থাপিত করা হইল।

(খ) বিবরণী "খ" উপস্থাপিত করা হইল।

(গ) বিবরণী "গ" উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ka) of the unstarred question No. 215.

Serial No.	Name of the district.		1960-61. Deaths from cholera.	1960-61. Deaths from smallpox.	1961-62. Deaths from cholera.	1961-62. Deaths from smallpox.	1962-63. Deaths from cholera.	1962-63. Deaths from smallpox.
1.	Burdwan	..	46	40	57	24	126	371
2.	Birbhum	.	..	1	30	4	21	6
3.	Bankura	..	66	5	22	15	36	92
4.	Midnapore	..	201	3	82	16	581	167
5.	Hooghly	..	94	7	51	3	90	82
6.	Howrah	..	256	13	472	22	386	541
7.	24-Parganas	..	586	181	487	168	1,249	483
8.	Nadia	..	23	3	10	1	29	26
9.	Murshidabad	..	16	..	..	..	5	57
10.	West Dinajpur	..	47	10	..	..	..	4
11.	Jalpaiguri	..	..	..	..	..	..	12
12.	Malda	..	11	..	2	..	..	2
13.	Darjeeling	..	..	6	..	1	..	..
14.	Cooch Behar	..	..	..	..	..	..	..
15.	Purulia	..	..	5	..	1	..	29
16.	Calcutta	..	591	20	1,077	43	880	1,0'2
	Total	..	1,937	294	2,290	298	3,403	2,924

Statement referred to in reply to clause (kha) of the unstarred question No. 215

Serial No.	Name of the district.		1960-61.			1961-62.			1962-63.		
			A. C. Inoculation.	Vaccination.		A. C. Inoculation.	Vaccination		A. C. Inoculation.	Vaccination.	
				Pri.	Re-vacn.		Pri.	Re-vacn.		Pri.	Re-vacn.
1.	Burdwan	..	515,347	117,204	796,516	654,656	138,223	792,858	631,847	170,971	1,110,429
2.	Birbhum ..	..	140,146	21,961	165,466	118,507	35,751	315,227	103,004	195,476	579,249
3.	Bankura ..	..	155,651	73,909	310,906	122,516	76,285	180,444	118,047	79,290	166,133
4.	Midnapore	..	409,485	193,853	796,920	413,160	173,207	622,918	603,493	180,691	1,038,611
5.	Hooghly ..	..	297,781	74,262	383,386	294,029	89,146	539,930	890,855	88,098	818,694
6.	Howrah ..	..	455,177	72,104	333,031	578,754	67,686	530,204	554,737	99,194	980,779
7.	24-Parganas	..	119,695	211,314	1,133,165	1,042,855	201,583	1,021,931	1,487,856	468,659	1,498,138
8.	Nadia ..	..	182,396	65,063	321,756	120,747	103,488	225,140	119,501	79,573	502,620
9.	Murshidabad	..	91,589	82,960	346,862	251,584	48,561	400,471	163,256	47,989	222,579
10.	West Dinajpur	..	160,582	67,482	265,265	115,061	97,644	255,415	116,206	71,306	363,922
11.	Jalpaiguri	..	72,362	47,406	153,082	57,861	53,109	140,674	28,946	59,391	283,802
12.	Malda ..	..	172,987	56,1 2	185,467	284,243	52,846	114,023	266,073	63,695	352,542
13.	Darjeeling	..	9,070	13,605	194,726	7,033	38,929	155,521	4,245	13,651	205,392
14.	Cooch Behar	..	106,231	60,642	120,206	47,453	47,981	86,320	9,837	64,719	158,667
15.	Purulia ..	..	109,416	112,144	259,007	159,534	93,999	607,289	84,579	45,203	533,231
16.	Calcutta ..	..	1,654,729	108,227	2,077,120	1,966,465	93,629	1,923,431	1,857,100	117,370	3,084,276
	Total	..	5,725,174	1,378,308	7,843,775	6,234,458	1,412,073	7,901,796	6,645,582	1,815,276	11,899,000

Statement referred to in reply to clause (Ga) of the unstarred question No. 215

ভারতবর্ষ হইতে বসন্ত রোগ উচ্ছেদকল্পে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুসারে রাজ্যসরকার দুই বৎসরের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত জনগণকে টীকা দিবার উদ্দেশ্যে একটি বসন্ত উচ্ছেদ পরিকল্পনা গ্রহণ করিয়াছেন।

চব্বিশপরগনা, মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদিয়া, হাওড়া ও হুগলি জেলায় উক্ত পরিকল্পনাভুক্ত নয়টি সংস্থা (ইউনিট) সুপরিকল্পিত উপায়ে কার্য করিতেছে। প্রথম বৎসরের কার্যশেষে ঐ সংস্থাসমূহ রাজ্যের অবশিষ্ট জেলাগুলিতে স্থানান্তরিত হইবে এবং সেই সমস্ত জেলায় দ্বিতীয় বৎসরে অনুরূপ কার্য সম্পন্ন করা হইবে। যে জেলাগুলিতে এ বৎসর বসন্ত রোগ উচ্ছেদের পরিকল্পনা গ্রহণ করা হয় নাই সেই জেলাগুলিতে টীকাদানের কার্যে সহায়তার জন্য সরকার চলতি বৎসরে ৩৪৩ জন অস্থায়ী টীকাদার নিয়োগ করিয়াছেন। ইহা ছাড়া বসন্ত রোগ নিয়ন্ত্রণের জন্য প্রতি থানায় ৫ জন করিয়া টীকাদার এবং তাহাদের সহায়তার জন্য প্রায় ৫৮০টি গ্রাম্য স্বাস্থ্য-কেন্দ্রের টীকাদার এবং পৌরসভা নিযুক্ত টীকাদারগণ আছেন। তাহারা রাজ্যের সর্বত্র সাধারণভাবে জনসাধারণের চাহিদামত টীকা দানের কার্য এবং মহামারী নিরোধের কার্য করিয়া থাকেন।

কলেরা রোগ প্রতিরোধের জন্য কলিকাতা ও পার্শ্ববর্তী ৩১টি পৌরসভা এলাকায় রাজ্য-সরকার কর্তৃক স্বল্পমেয়াদী পরিকল্পনা গৃহীত হইয়াছে। এই পরিকল্পনা অনুসারে কলেরা ও টাইফয়েড রোগ নিয়ন্ত্রণ তথা বসন্ত রোগ নির্মূল করিবার উদ্দেশ্যে কথিত এলাকাগুলির জন্য সরকার কলিকাতা মেট্রোপলিটান ইম্যুনিজিসন অর্গানাইজেসন নামক একটি সংস্থা গঠন করিয়াছেন। উক্ত সংস্থা পৌরসভাসমূহের জনস্বাস্থ্য কর্মীদের সহযোগিতায় কলেরা রোগ নিয়ন্ত্রণের জন্য বৎসরে দুইবার সুপরিকল্পিত উপায়ে ইনজেকসন দেওয়ার কার্য আরম্ভ করিয়াছে। এতদ্‌ভিন্ন উপরিউক্ত অন্যান্য রোগগুলির উচ্ছেদ ও নিয়ন্ত্রণকার্য চলিতেছে।

সহরে কলেরা রোগ দূরীকরণার্থে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ বৃদ্ধির জন্য নূতন নলকূপাদি স্থাপন, অপরিশ্রুত জল ক্লোরিণ দ্বারা বীজাণুমুক্তকরণ, শহরের খাটা পায়খানার মল অপসারণের ব্যবস্থা, ময়লা নিকাশন ব্যবস্থার উন্নয়ন, মক্ষিক উৎপাত নিবারণ ইত্যাদি পরিকল্পনা কলিকাতা কর্পোরেশন কর্তৃক গৃহিত হইয়াছে। এই সমস্ত পরিকল্পনার কয়েকটির জন্য রাজ্যসরকার কর্তৃক অর্থ সাহায্য এবং অন্যবিধ সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে।

কিন্তু কলেরা রোগ সম্পূর্ণভাবে নির্মূল করিতে হইলে আরও বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, অপরিশ্রুত জল সরবরাহ বন্ধ, ব্যাপকভাবে পয়ঃপ্রণালী চালু, বস্তী উচ্ছেদ ইত্যাদির জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনার প্রয়োজন। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, উপরিউক্ত কলিকাতা এবং পার্শ্ববর্তী ৩১টি পৌরসভা এলাকায় যথাযথ তথ্যাদি সংগ্রহ করিবার জন্য কলিকাতা মেট্রোপলিটন প্ল্যানিং অরগানাইজেসন (সি এম পি ও) নামক সংস্থাকে অনুসন্ধান এবং সমীক্ষার কার্যাদির জন্য ব্যবস্থা করিতে দেওয়া হইয়াছে। উক্ত সংস্থা এ বিষয়ে তাহাদের কার্য আরম্ভ করিয়াছে।

গ্রামাঞ্চলে নলকূপের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ এবং ময়লা নিষ্কাশনের বিবিধ ব্যবস্থা করা হইতেছে। পল্লী অঞ্চলের স্বাস্থ্য-কেন্দ্রগুলি এবং ভ্রাম্যমাণ চিকিৎসা সংস্থাসমূহের মাধ্যমে কলেরা প্রতিষেধক ইনজেকসন, পানীয় জল বিশোধন, রোগীগণকে হাসপাতালে লইয়া পৃথকীকরণ প্রভৃতি দ্বারা কলেরা রোগের বিস্তার রোধ করার অবিরাম চেষ্টা চলিতেছে।

Cinema Houses in West Bengal

216. (Admitted question No. 361.)

Shri Mrigendra Bhattacharyya:

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কতগুলি স্থায়ী সিনেমা রহিয়াছে;

(খ) গত পাঁচ বৎসরের কোন্ কোন্ বৎসর কত টাকা কোন জেলা হইতে সিনেমা বাবদ ট্যাক্স সরকার পাইয়াছেন।

(গ) অস্থায়ী ও স্থায়ী সিনেমা পরিচালনার লাইসেন্স মঞ্জুর করার শর্ত কি কি; এবং
(ঘ) লাইসেন্স মঞ্জুরী দেওয়ার অথরিটি কাহার উপর?

The Minister for Home (Political):

(ক) হাওড়া—৩১,
হুগলি—২৯,
বর্ধমান—২৯,
বীরভূম—৪,
বাঁকুড়া—৫,
মেদিনীপুর—১৮
পুরুলিয়া—৪,
পশ্চিম দিনাজপুর—২,
মালদহ—৪,
জলপাইগুড়ি—১৩,
দার্জিলিং—৭,
কোচবিহার—২,
মুর্শিদাবাদ—১১,
নদিয়া —৯,
চব্বিশপরগনা—৫৯,
এবং কলিকাতা—৭৫।

			১৯৫৮-৫৯	১৯৫৯-৬০	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩
			টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
হাওড়া	..	..	৯,৮১,৩৫৮.৩১	৯,৬৮,৯৯২.৩৫	১০,৪২,৭৮৩.৫৫	১২,৭৭,৭১৯.১২	১৫,৯৪,৮৯৬.৪৬
হুগলি	..	..	৬,৩০,১৮২.৮২	৬,৩৮,২৭৫.০৬	৬,৭৬,৮৫৯.৯৩	৮,১৫,৮৭৪.০৩	১০,৮৪,৯২৭.৯২
বর্ধমান	..	..	..	৮,৮৮,৭৭৯.০২	৮,৯১,১৩৫.৩৬	১০,৫২,০৯১.২২	১৪,৩৮,৮৮৯.৩৫
বীরভুম	..	..	৬০,৬২০.০০	৮৬,৯৪৯.০০	১,২৬,৬৪৩.০০	১,০৮,২২১.০০	১,৩১,৬৫৪.০০
বাঁকুড়া	..	..	৯৬,৩৪১.৯১	৯৫,৩২৬.০০	২,০০,০৪৮.৬৮	১,১৪,৩৩৯.২১	১,৪৬,৭৯৬.৬৮
মেদিনীপুর	..	..	৩,০২,৪৬০.০০	৩,১৫.৪১৯.০০	৩,৭৮,৩৫১.০০	৪,২৮,২৩০.০০	৬,১৪,০২৫.০০
পুরুলিয়া	..	..	১,৫০,৪৮৩.০০	১,০১,৪৭৭.০০	১,০৫,৫৯৮.০০	১,০৩,১৯৮.০০	১,২৪,১৫৩.০০
পশ্চিম দিনাজপুর	..	..	৮৫,৭০০.০০	৯৯,৬৫৫.০০	১,১৩,২৫১.০০	১,৪১,৫৪৫.০০	১,৪১,৮৯০.০০
মালদহ	..	..	৫৮,৭৪৬.০০	৬৬,২৩৭.০০	৯৯,৪০৬.০০	৮০,৬৭৯.০০	১,১০,৪৫৪.০০
জলপাইগুড়ি	..	..	২,২৮,৩৩২.৪৮	২,৬৩,০২৩.৫১	২,০০,০০০.০০	৩,৭১,২৩৮.৬৯	৪,৪৮,২৬৭.২৮
দার্জিলিং	..	..	৩,৪৪,৮৭২.৫২	৩,২৮.৮৫৫.৪৯	৩,৪৭,৬০৬.৫৫	৩,৪৭,৫১৪.০০	..
কোচবিহার	..	..	৮৭,০৯৩.০৭	৮৫,১৪৭.০৭	৮৬,৫৮৪.২৭	১,৩৬,৬৮১.১৩	১,০৭,৭১৫.৮৭
মুর্শিদাবাদ	..	..	২,২০,৯৩৭.৬৪	২,২৩,৫২৫.০৮	২,৪৩,০২৭.৮৩	৩,০৫,২১৩.৪৮	৩,৭৩,৩১৬.৪৬
নদিয়া	..	..	২,৮৪,১২১.০০	২,৫৮,৪৩৬.০০	২,৯৯,১২৩.০০	৩,৬৩,৯০৫.০০	৪,২২,৯২৩.০০
২৪-পরগনা	..	..	১১,৫২,৩২৩.৯৫	১৫,০৯,৯৯৬.২৮	১৫,৮৯,৮২৮.৫০	১৮,৮১,৩৩৬.১৪	৩২,৭৮,২৭৫.৮০
কলিকাতা	..	..	৮৩,০৭,৪০৬.০৪	৮১,৭৮,৫২৭.৯৮	৮৭,৯৭,৮৬২.০৭	১,০১,২২,৭৮৩.৩৪	১,৩৬,৪৩,১৩১.৯৪

(গ) প্রয়োজনীয় শর্তগুলি ১৯৫৬ সালের ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেশন অফ পাবলিক এক্জিবিশনস) রুলস-এ বর্ণিত আছে। উক্ত রুলস ১৯৫৬ সালের ১০ই আগস্ট তারিখের "কলিকাতা গেজেট"-এ প্রথম ছাপা হয়। বর্তমানে ইহা পুস্তিকা আকারে সাধারণে বিক্রয়ার্থ সরকারী পুস্তক বিক্রয়কেন্দ্রে মজুত রাখা আছে।

(ঘ) কলিকাতায় কমিশনার অফ পুলিস, কলিকাতা, এবং জেলাগুলিতে জেলাশাসক।

Cinema Houses in Ghatal subdivision

217. (Admitted question No. 362.)

Shri Mrigendra Bhattacharyya:

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় কয়টি স্থায়ী এবং কয়টি অস্থায়ী "সিনেমা" চলিতেছে;

(খ) উক্ত সিনেমাগুলি চালু হওয়ার তারিখ কি;

(গ) অস্থায়ী সিনেমাগুলিকে স্থায়ী লাইসেন্স দেওয়া হইতেছে না কেন;

(ঘ) ১৯৫১-৫২ হইতে ১৯৬২-৬৩ পর্যন্ত কয়টি সিনেমার লাইসেন্স বাতিল করা হই এবং কোন্ কোন্ নূতন সিনেমাকে মঞ্জুরী দেওয়া হয়;

(ঙ) ১৯৫৫-৫৬ হইতে ১৯৬২-৬৩ পর্যন্ত ঘাটাল মহকুমার কোন্ সিনেমা হইতে কত টাকা সরকারী তহবিলে কোন্ বৎসর জমা পড়িয়াছে?

The Minister for Home (Political):

(ক) এবং (খ) স্থায়ী সিনেমার সংখ্যা দুইটি। ইহাদের লাইসেন্স যথাক্রমে ১৬-৭-৪১ ও ৬-৫-৫৯ তারিখে দেওয়া হয়।

অস্থায়ী সিনেমার সংখ্যা পাঁচটি। ইহাদের লাইসেন্স যথাক্রমে ৬-১১-৬২, ২০-২-৬৩, ৪-৩-৬৩ ও ২২-৪-৬৩ তারিখে দেওয়া হয়।

(গ) বর্তমানে অস্থায়ী সিনেমাগুলির মধ্যে একটিকে স্থায়ী লাইসেন্সের জন্য স্থায়ী গৃহ-নির্মাণের অনুমতি দেওয়া হইয়াছে। অন্যান্য সিনেমাগুলিকে স্থায়ী লাইসেন্স দেওয়ার জন্য প্রয়োজনীয় কোনও দরখাস্ত এখনও পাওয়া যায় নাই।

(ঘ) ১৯৫২-৫৩ সালে একটি স্থায়ী সিনেমার লাইসেন্স বাতিল করা হয়। ১৯৫৯-৬০ সালে একটি নূতন স্থায়ী সিনেমার (আনন্দময়ী সিনেমা, খাড়ার) লাইসেন্স দেওয়া হয়। ১৯৬২-৬৩ সালে মিতালী সিনেমা, গৌতম টকীজ, গোষ্ঠ টকীজ, রমণী টকীজ, শ্রীদুর্গা টকীজ, জ্যোতিশ্রী টকীজ ও মধুরাণী সিনেমা নূতন লাইসেন্স (অস্থায়ী) দেওয়া হয়।

(ঙ)		ভারতী টকীজ	আনন্দময়ী	নবিতা টকীজ	গোর্ষ্ঠ টকীজ	জ্যোতিশ্রী টকীজ	বিশ্বভারতী টকীজ	কমলা টকীজ	মিতালী সিনেমা	পৌঁছজ টকীজ	রমনী টকীজ	শ্রীদুর্গা টকীজ
			টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
১৯৫৫-৫৬	..	৯,৫১০	..	..	২৬২	২৭২	..	..	..	..	..	..
১৯৫৬-৫৭	..	১২,২০৮	১,১৩৮	..	১,০৩৬	১৫৩	..	.	..	..	..	..
১৯৫৭-৫৮	..	১২,৭৮৫	১,৬৫৬	..	১,৯২০	৮০০	..	..	..	..	..	..
১৯৫৮-৫৯	..	১৩,৭১৬	১,২২৯	..	..	৩০৯	..	..	..	..	..	..
১৯৫৯-৬০	..	১২,৮৪১	৩,৫৮৪	..	..	..	..	..	..	..	..	..
১৯৬০-৬১	..	১৫,৪৫৬	২,১৩৯	৮৭৪	৭৩৯	৩৮৮	..	..	..	..	..	..
১৯৬১-৬২	..	১৬,৪২১	২,৫৪৮	৬০৩	১,৮৯৭	১,৪৪৫	৬০০	১,২২৬	..	..	..	..
১৯৬২-৬৩	..	১৯,৯৯৪	২,৩৪০	২,৩৪৭	১,৮৫২	১,৪৫৪	..	..	১,৪১৯	৮৯২	২৯২	১০

Division II detainees under rule 30 of Defence of India Act

218. (Admitted question No. 377.)

Shri Ganesh Ghosh:

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরী অবস্থা ঘোষণার পর হইতে পশ্চিম বাঙলায় ভারতরক্ষা আইনের ৩০নং ধারায় গ্রেপ্তার করিয়া যাঁহাদিগকে জেলখানায় বিচারাধীন বন্দী ডিভিসন ২ হিসাবে আটক রাখা হইয়াছিল ১লা জুন ১৯৬৩ সালে তাহাদের সংখ্যা কত ছিল;

(খ) ১লা জুলাই ১৯৬৩ সালে তাঁহাদের সংখ্যা কত;

(গ) ওই সব বন্দীদের মধ্যে যাঁহারা আজও ডিভিসন ২ বিচারাধীন বন্দী হিসাবে আটক আছেন তাঁহাদের নাম কি; এবং

(ঘ) ভারতরক্ষা আইনের ৩০নং ধারায় যাঁহাদিগকে জেলখানায় আটক রাখা হয় তাঁহাদিগকে জেলখানায় বিচারাধীন বন্দী ডিভিসন ১ হিসাবে গণ্য কররিবার শর্ত কি?

The Minister for Home (Special):

(ক) ৪৩ জন।

(খ) ১৫ জন।

(গ) বর্তমানে দ্বিতীয় শ্রেণী বন্দী হিসাবে মাত্র একজন আছেন। তাঁহার নাম শ্রীননী কর।

(ঘ) প্রাক্-বন্দীকালীন সামাজিক মর্যাদা এবং জীবনযাত্রার মানের উপর আটক বন্দীদের প্রথম শ্রেণীভুক্তি নির্ভর করে।

Tube-wells in West Bengal districts, 1963-64, under Rural Water Supply Scheme

219. (Admitted question No. 385.) **Dr. Kanailal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state how many tube-wells have since been sunk or are proposed to be sunk or resunk in the State of West Bengal during the year 1963-64 under the Rural Water Supply scheme districtwise?

The Minister of State for Health: A statement is placed on the Table.

Statement referred to in reply to the unstarred question No. 219.

Name of districts.	Number of water sources which have been constructed or proposed to be constructed or reconstructed during the year 1963-64.*
Hooghly	93
Burdwan	236
Birbhum	113
Bankura	68
Midnapore	403
Purulia	60
24-Parganas	161
Nadia	42
Murshidabad	175
Malda	20
West Dinajpore	76
Cooch Behar	40
Jalpaiguri	28
Darjeeling	3
Total	1,518

*These are spill-over works out of the previous years' programmes. The new programme for 1963-64 has not yet been finalised.

Staff engaged at Beldanga police-station under Rural Water Supply Scheme

220. (Admitted question No. 388.)

Shri Debsaran Ghosh:

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা থানায় রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এর অধীনে ফিটার ও হেলপার-এর সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) এদের সংখ্যা বৃদ্ধির কোন প্রস্তাব আছে কিনা?

The Minister of State for Health:

(ক) উক্ত থানায় রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এর অধীনে নিযুক্ত স্টাফ-এর সংখ্যা নিম্নরূপ:—

মেকানিক—১ জন।

অ্যাসিস্ট্যাণ্ট ফিটার—১ জন।

হেলপার—২ জন।

(খ) না।

Ramnagar-Farakka Road

221. (Admitted question No. 389.)

Shri Debsaran Ghosh:

পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় "রামনগর-ফরাক্কা" রাস্তার জন্য যে সমস্ত চাষের জমি সরকার কর্তৃক দখল লওয়া হইয়াছে তাহার জন্য কবে এবং কি পরিমাণ ক্ষতিপূরণ দেওয়া হইবে;

(খ) জমির দখল লওয়ার সময় যে সমস্ত জমিতে ফসল ছিল তাহার জন্য কি অতিরিক্ত ক্ষতিপূরণ দেওয়া হইবে;

(গ) বেলডাঙ্গা থানার সীমানার মধ্যে উক্ত উদ্দেশ্যে কত পরিমাণ জমি লওয়া হইয়াছে?

The Minister for Public Works (Roads) :

(ক) রামনগর বাহার সাহু-চৌরিগাছা কারাঘাট নামে একটি রাস্তা বহরমপুরের কাছে ৩৪নং জাতীয় সড়কে মিশিয়া ধুলিয়ান হইয়া ফারাক্কার সংযোগসাধন করিবে। সরকারী নিয়মানুসারে ঐ রাস্তা নির্মাণকল্পে দখলীকৃত চাষের জমির জন্য সমুদয় ক্ষতিপূরণ অনুসন্ধান সর্বতোভাবে শেষ হইলে, ভূমি সংগ্রহ বিভাগ হইতে দেওয়া হইবে।

(খ) সরকারী নিয়মানুসারে ফসলসহ জমির দখলের জন্য ফসলের দরুন পৃথক ক্ষতিপূরণ দেওয়া হয়।

(গ) বেলডাঙ্গা থানার অধীনে এ রাস্তার (১১ মাইল লম্বা) জন্য আনুমানিক একশত নয় একর জমি লওয়া হইয়াছে।

Protection of 'Kapileswar Temple' at Saktipur

222. (Admitted question No. 390.)

Shri Debsaran Ghosh:

সেচ এবং জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার শক্তিপুর 'কপিলেশ্বর মন্দিরটি' গঙ্গার ভাঙ্গন হইতে রক্ষা করার জন্য সরকার একটি প্রকল্প গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, উহার কার্য কবে শুরু করা হইবে।

The Minister for Irrigation and Waterways :

(ক) একটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছে।

(খ) উহা কার্যকরী করা যাইবে কিনা তাহা বিবেচনাধীন আছে। সুতরাং কাজ কবে গ্রহণ করা হইবে বর্তমানে বলা সম্ভব নহে।

Typhooned areas of Tufanganj subdivision

223. (Admitted question No. 392.)

Shri Jiban Krishna De:

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯এ এপ্রিল, ১৯৬৩ তারিখে তুফানগঞ্জ মহকুমার যেসকল গ্রামে বিধ্বংসী ঘূর্ণীবাত্যা হয় সেইসব গ্রামবাসীদের উপর বকেয়া গ্রুপ লোনের জন্য নোটিশ জারী ঘূর্ণীবাত্যার পর স্থগিত রাখার প্রস্তাব আছে কিনা ;

(খ) এই ঘূর্ণীবাত্যায় মোট নিহত এবং আহত ব্যক্তির সংখ্যা কত ;

(গ) মোট কত সংখ্যক পরিবার ঘূর্ণীবাত্যায় ক্ষতিগ্রস্ত হন ;

(ঘ) ক্ষতিগ্রস্তদের জন্য মথাপিছু সরকার হইতে কত সাহায্য বরাদ্দ হয়;

(ঙ) রিলিফ, টেস্ট রিলিফ ও গৃহনির্মাণ খাতে এই গ্রামগুলিতে ঐ ঘূর্ণীবাত্যার পর আজ অবধি কত টাকা ব্যয় হইয়াছে ; এবং

(চ) বিধ্বস্ত ঘরবাড়ির কতসংখ্যক এ পর্যন্ত পুনর্নির্মিত হইয়াছে ?

The Minister for Relief:

(ক) এরূপ কোন প্রস্তাব নাই।

(খ) নিহত—৩৯, আহত—১৫৭ গুরুতররূপে (হসপিটালাইজড), ২,৬৪৮ (অল্প আহত ; প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়)।

(গ) ১,২১৪ পরিবার।

(ঘ) (১) প্রাপ্তবয়স্কদের মাথাপিছু সপ্তাহে ২ কেজি চাউল বা গম এবং অপ্রাপ্তবয়স্কদের জন্য মাথাপিছু ১ কেজি চাউল বা গম সাত সপ্তাহের জন্য দেওয়া হইয়াছে।

(২) অনুদান ও ঋণ বাবত পরিবারপিছু গড়ে ৯২ টাকা।

(ঙ) চাউল, গম, চিড়া, কাপড়-চোপড় ইত্যাদি বাবত এবং যে সকল পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি মারা গিয়াছেন তাহাদের ভরণপোষণের জন্য (মেন্টেনান্স গ্রান্ট) বরাদ্দ বাবত, মোট প্রায় ৪৬,০০০ টাকা ব্যয় করা হইয়াছে। এতদ্ব্যতীত গৃহনির্মাণ খাতে মবলগ সাহায্য ও ঋণদান বাবত ১,১০,২৭৫ টাকা ব্যয় করা হইয়াছে। ইহা ব্যতিরেকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সাহায্য তহবিল হইতে গৃহনির্মাণের টিন ও অন্যান্য বাবতে ৪৮,৭৫৭.৪২ টাকা দেওয়া হইয়াছে।

(চ) ক্ষতিগ্রস্ত ৩,১৩০ বাড়ির মধ্যে ৩,০৭৪টি।

Promised Statement by Chief Minister

Shri Kashi Kanta Maitra :

এই হাউসে আমার একটা প্রশ্নের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলাম মুখ্যমন্ত্রি মহাশয়ের সেটা হচ্ছে পশ্চিমবাংলার বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে যে পশ্চিমবঙ্গ সরকার, কেন্দ্রীয় সরকার অসাধু traders-এর বিরুদ্ধে ডি আই রুলস এপ্লাই করার জন্য যে নির্দেশ দিয়েছেন সে সম্পর্কে বিবেচনা করছেন। সেই সঙ্গে প্রফিট মারজিন ক্যালকুলেইট করার একটা সংবাদও বেরিয়েছিল। গতকাল স্টেটসম্যান-এ একটা প্রেসনোট বেরিয়েছে এ সম্বন্ধে। এই হাউসে জগন্নাথ কোলে মহাশয় বলেছিলেন যে, চীফ মিনিস্টার একটা স্টেটমেন্ট দেবেন। আমার বক্তব্য হচ্ছে, হাউস চলাকালীন বাইরে সংবাদপত্রে প্রেসনোট বের হবে হাউসের কাছে কোন বিবৃতি বা পলিসি স্টেটমেন্ট না দিয়ে এটা কি করে চলতে পারে ? চালের ব্যাপারে চিনির ব্যাপারে এখানে একটা স্টেটমেন্ট হওয়া দরকার।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Out of the 5 Calling Attention Notices that I have received, the first one is from Shri Birendra Narayan Ray on the subject of "Reported death due to malnutrition in the Medical College". The next one is from Shri Sanat Kumar Raha and Shri Amarendra Nath Basu on the subject of "Reported suicide of an unemployed goldsmith Sasthi Gopal Basak of Hari Ghose Street". The third one is from Shri Narayan Chobey, on the subject of "Insufficient supply of rice to various M. R. shops at Kharagpur and other places in Midnapore district. The fourth one is from Dr. Narayan Chandra Ray on the subject of "Letter of Shri Bhupesh Gupta, M. P., on the release of some detenus"; and the last one from Shri Nikhil Das on the subject of "State Transport Corporation s plan to raise the bus fares".

I have selected the notice of Shri Nikhil Das on the subject of the State Transport Corporation's plan to raise the bus fares. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date for making the statement.

The Hon'ble Bijesh Chandra Sen: A statement will be made on Friday.

GOVERNMENT BILL

The West Bengal Zilla Parishads Bill, 1963

Clause 24

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in proviso to clause 24(3), line 2, for the words "rupees three hundred" the words "rupees three hundred and one" be substituted.

Shri Sanat Kumar Raha:

মিঃ স্পীকার স্যার কাল থেকে আমাদের এই হাউসে জিলা পরিষদ বিলের উপর ১৫০টির উপর এমেণ্ডমেণ্ট এসেছে, কিন্তু সবই নাকচ হয়ে গিয়েছে। এই যে অ্যামেণ্ডমেণ্ট আমি আনছি আমি মনে করি নীতিগতভাবে—মন্ত্রিমহাশয় বলেছিলেন এটা নীতির কোন প্রশ্ন নয়। কর্মকাণ্ড, পদ্ধতি এবং প্রশাসনিক ব্যাপারে একটা নিয়ম করা যেতে পারে যার ফলে প্রশাসনিক কাজ সহজ হয়, সুগম হয়। সেটা হচ্ছে, বর্তমানে যে আইনটা করা হচ্ছে, জেলা পরিষদ এমন কোন পদ সৃষ্টি করবে না যেখানে ৩০০৲ উপর মাইনে দিতে হবে এবং ৩০০৲ বেশী মাইনে দিতে গেলে জেলা পরিষদকে স্টেট গভর্নমেণ্ট-এর এপ্রুভাল ও পারমিসন নিতে হবে। আমার বক্তব্য হচ্ছে, একটা স্কেল এবং গ্রেড ভিত্তিতে এই আইনটা রচিত হওয়া উচিত।

The Hon'ble Saila Kumar Mukherji: I accept this amendment.

Shri Sanat Kumar Raha:

এই সংশোধনী গৃহীত হওয়ায় আমার বলার কিছু থাকছে না।

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that in clause 24(1), in line 3, after the words "be prescribed", the words "including his functions" be inserted.

Sir, clause 24 reads "There shall be an Executive Officer for a Zilla Parishad appointed by the State Government on such terms and conditions as may be prescribed". I want that his functions also may be prescribed along with the terms and conditions. An officer with the designation of the Executive Officer has been foisted on the Zilla Parishad but what he executes is very difficult to know. Being an Executive Officer he must have something to execute. The functions of the Executive Officer have been defined in clause 26, namely, that he shall exercise general control over all officers and other employees of the Zilla Parishad and the same function is performed by the District Magistrate. Under section 28 the District Magistrate exercises general power of supervision over the officers.

It is very difficult to know where the function of the District Magistrate begins there may be overlapping. From a cursory glance of the functions it seems that he is a dignified personal manager as we have in big business houses who deals with the leave, promotion and general maintenance of discipline among the staff. Such a big officer is going to be foisted on the Zilla Parishad which is to discharge its duty as a Panchayat Raj throughout the districts but the Zilla Parishad is competent enough to discharge the duties properly. So some other functions besides what are given under section 26 should be given. Of course he will be a dignified person who will very well look after the responsibility of such a body as the Zilla Parishad but I think the functions should be defined.

[1-10—1-20 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the following second proviso be added to clause 24(3):

"Also provided that such officers of the Zilla Parishad shall be guided by a service rule and scale of pay uniformly prescribed for West Bengal."

আমার এই এ্যামেণ্ডমেণ্টটা হচ্ছে ক্লজ টুয়ানটিফোর, সাব-ক্লজ থ্রি-এর উপর। স্যার, এই এ্যামেণ্ডমেণ্টটি দেবার কারণ হচ্ছে সাব-ক্লজ থ্রি-তে বলা হয়েছে,

A Zilla Parishad may appoint such other officers and employees as may be required by it and may fix the salaries to be paid to the persons so appointed.

তাহলে দেখা যাচ্ছে জেলা পরিষদ ফিক্সেসন অব স্কেল করবে। কিন্তু আমার মনে হয় গ্রেডেসন যেটা হবে তাতে বিভিন্ন জেলা পরিষদে বিভিন্ন রকম গ্রেডেসন হবার স্কোপ এর মধ্যে থেকে গেছে—কোন ইউনিফর্ম সিস্টেম নেই। এর ফলে এই হবে যে, পাশাপাশি জেলায় একই সার্ভিসে থেকে যদি দুই রকম পে স্কেল এবং গ্রেডেসন হয় তাহলে যারা কাজ করবে তারা খানিকটা এগ্রিভড হবে এবং তাদের মোরেল নষ্ট হবে। সেইজন্যই আমি বলছি অল ওভার বেঙ্গল যদি ইউনিফর্ম স্কেল এবং গ্রেডেসন হয় তাহলে তাদের মধ্যে ইস্পেটাস আসবে এবং তাছাড়া জেলা পরিষদ সমস্ত অংগের সঙ্গে সংযুক্ত। জেলা পরিষদ মানে ওয়েস্ট বেঙ্গলকে বাদ দিয়ে নয়, তার জিওগ্রাফিক্যাল, এথিকাল সব কিছুর সঙ্গে জড়িত। কাজেই জেলা পরিষদে যদি গ্রেডেসন ব্যবস্থা চালাতে হয় তাহলে তার এম্প্লয়ীসদের মধ্যে একটা ইউনিফর্মিটি থাকা দরকার এবং সেইজন্যই আমার বক্তব্য হচ্ছে ইউনিফর্ম স্কেল এবং ইউনিফর্ম গ্রেডেসন যাতে হয় সেই সুনির্দিষ্ট ব্যবস্থা করবার জন্য চিন্তা করুন। আমার আর একটা বক্তব্য হচ্ছে অলরেডি মিউনিসিপ্যালিটিগুলোতে একটা ইউনিফর্ম স্কেল হয়েছে এবং মিনিমাম ওয়েজেজ এ্যাক্ট অনুযায়ী মোটামুটি ক্যাটিগরি করে দেওয়া হয়েছে যে তারা কি ধরণের পে পাবে। আমার মনে হয় মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে বা লোকাল সেল্ফ গভর্নমেণ্টের ক্ষেত্রে যখন এটা করা হয়েছে তখন জেলা পরিষদের ক্ষেত্রে এটা করা অসম্ভব হবে না। তাছাড়া কয়েকমাস আগে এই হাউসে শ্রমমন্ত্রী বলেছিলেন যে ১০০ টাকার নীচে কোন কর্মী যাতে বেতন না পান সেটা তিনি দেখবেন—অর্থাৎ মিনিমাম ওয়েজ ১০০ টাকা হবে এরকম একটা প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন। কাজেই এখন জেলা পরিষদ যখন হচ্ছে তখন এই সুযোগে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট-এর তরফ থেকে যদি একথা বলা হয় যে, যে কোন জেলা পরিষদে যে কোন এ্যাপয়েণ্ট-ই হোক না কেন তাদের স্যালাররি ১০০ টাকার নীচে হবে না তাহলে সরকারের তরফ থেকে শ্রমমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা রূপায়ণ হবে এবং কোন কমপ্লিকেসনস এ্যারাইস করবে না। কাজেই আমার এই এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে চিন্তা করুন একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhakti Bhusan Mandal: I move that clause 24(1) be omitted.

আমি অন প্রিন্সিপল এই জিনিষটাতে আপত্তি জানাচ্ছি। যখন একজন সেক্রেটারী আছে জেলা পরিষদের তখন এক্সিকিউটিভ অফিসার রাখার কি প্রয়োজনীয়তা আছে। কারণ এক্সিকিউটিভ অফিসারকে রাখলে অসুবিধা হবে। হয়ত এক্সিকিউটিভ অফিসারের সঙ্গে জেলা

পরিষদের মিল হবে না, একটা লড়াই আরম্ভ হয়ে যাবে এবং শেষ পর্যন্ত যদিও লেখা আছে রিজোলিউশন করে সরিয়ে দেওয়া যাবে কিন্তু এমন ভাবে জেলা পরিষদের কাজ চলবে যে সে লোকটি বোধ হয় সমস্ত বিষয়ই কণ্ট্রোল করবে—আলটিমেটলী তার উপর এক্সীকিউটিভ অফিসারের হাতে সমস্ত কিছু এক্সিকিউশনের ভার পড়বে। সেজন্য বলছি এক্সিকিউটিভ অফিসারের পোস্ট যেন না দেওয়া হয়। এবং যাকে সেক্রেটারী রাখা হয়েছে সে যদি সমস্ত কাজ করে আমার মনে হয় ভাল হয়। কাজেই এক্সিকিউটিভ অফিসারের পোস্টটা তুলে দেওয়া হোক।

Dr. Kanai Lal Bhattacharya : I move that in proviso to clause 24(1), lines 4 and 5 the words ' not less than two-thirds of" be omitted.

I also move that the proviso to clause 4(2) be omitted.

মাননীয় স্পীকার মহোদয়, এক্সিকিউটিভ অফিসারের ব্যাপার এতে আছে। এখানে দুটি এ্যামেণ্ড-মেণ্ট আছে। এখানে ২৪(১), ফার্স্ট প্রভাইসোতে বলা আছে, এই এক্সিকিউটিভ অফিসারকে সরিয়ে দেওয়া যাবে বাই টু-থার্ডস অব ভোটস, সেখানে আমার বক্তব্য হচ্ছে এক্সিকিউটিভ অফিসারের উপর যদি জেলা পরিষদের অধিক সংখ্যক লোকের আস্থা না থাকে তাহলে তাকে সরিয়ে দেওয়া উচিত। কারণ এটা এজন্য বলছি টু থার্ডস মেজোরিটি করলে অসুবিধা আছে। টু থার্ডস টুটাল স্ট্রেংথ যদি করা যায় তাহলে এমন একটি অবস্থা আসতে পারে যখন জেলা পরিষদের অধিক সংখ্যক সদস্যের আস্থা এই এক্সিকিউটিভ অফিসারের উপর থাকবে না। তা সত্বেও তার কাজ করতে হতে পারে। এমনও হতে পারে যে এই অধিক সংখ্যক সদস্যদের মধ্যে চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান থাকতে পারে, কাজেই তাদের পক্ষে কাজকরা অসম্ভব হতে পারে। আমি মনে করি যে টু থার্ড অব দি টুটাল মেম্বারশিপ না করে এটা সিম্পল মেজরিটি করা উচিত। শুধু গণতান্ত্রিক দিক দিয়ে নয়, যিনি এক্সিকিউটিভ অফিসার থাকবেন, তার পক্ষে কাজ চালান অসুবিধা হবে কেননা তার উপর বেশীর ভাগ সদস্যদের আস্থা নাই।

আমার দ্বিতীয় এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে ২৪(২)তে যে প্রভাইসো আছে, সেটা বাদ দিতে বলেছি। ওঁরা বলেছেন যে পঞ্চায়েৎ অফিসার ডিস্ট্রিক্টে হবেন, তিনি হবেন সেক্রেটারী এক্স-অফিশিও, এটার উদ্দেশ্য বুঝতে পারলাম না। ডিস্ট্রিক্ট পঞ্চায়েৎ অফিসার কে সমস্ত জেলার গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত, অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদ-এর কাজে ওভার-অল সুপারভিশন করতে হবে। কারণ এই আইনের ভিতর অনেকগুলি কাজের নির্দেশ বা অধিকার স্টেট গভর্নমেণ্ট নিয়েছেন, শুধু এটাতে নয়, গ্রাম পঞ্চায়েত আইন যেটা আছে, তাতে দেখা যাবে স্টেট গভর্নমেণ্ট-এর অনেক অধিকার আছে, সে সমস্ত কর্তব্য ঠিকমত হচ্ছে কিনা তা জেলা পঞ্চায়েত অফিসারকে দেখতে হবে। আবার তার উপর সেক্রেটারীর উপর কাজের দায়িত্ব দিয়ে কাজের চাপ বেশী দেওয়া অন্যায় হবে।

[1-20—1-30 p.m.]

দ্বিতীয়তঃ যদি মনে করা যায় যে জেলা পরিষদের জন্য একজন সেক্রেটারী নিয়োগ করতে হবে তাহলে শুধু শুধু ৪ বছরের জন্য কেন ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসারকে নিয়োগ করা হবে? এর কোন প্রয়োজন নেই। আমি মনে করি এই প্রোভাইসো তুলে দেওয়া উচিত এবং মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করে দেখবেন। আমার তৃতীয় এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে ৩ নম্বর উপধারার যে প্রোভাইসো আছে সেই প্রোভাইসো বাদ দেওয়া হোক। সেটাতে বলা হচ্ছে ৩শো টাকার বেশী যদি কোন পদের সৃষ্টি করতে হয় অথবা এ্যাবলিস করার প্রয়োজন হয় তাহলে স্টেট গভর্নমেণ্টের পার্মিসান নিতে হবে। যদি জেলা পরিষদের আর্থিক ক্ষমতা থাকে এবং তাঁরা যদি মনে করেন যে তাঁদের কাজ করার জন্য একজন অফিসার কিংবা একজন এমপ্লয়ীকে ৩শো টাকার বেশী মাইনে দিয়ে নিয়োগ করতে হবে তাহলে এর জন্য স্টেট গভর্নমেণ্টের কাছে যাওয়ার কোন প্রয়োজন আছে বলে মনে করি না। সেজন্য এটুকু বাদ দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

Shri Balai Lal Das Mahapatra :

স্যার, আমি আপনার পার্মিসান নিয়ে ক্লজ ২৪এর উপর কিছু বলতে চাই। ক্লজ ২৪(২)তে যেখানে বলা হচ্ছে ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসারকে জেলা পরিষদের সেক্রেটারী নিযুক্ত করতে হবে সেখানে আমি চাচ্ছি

There shall be a Secretary of the Zilla Parishad to be appointed on such terms and conditions as may be prescribed

সেখানে কেবল এই একটা নিয়ম থাকবে যে জেলা পরিষদ নিযুক্ত করবে এবং তারপর যে প্রোভাইসো আছে সেটা একেবারে তুলে দিতে চাই। প্রকৃত প্রস্তাবে সেখানে যদি একজন এক্সিকিউটিভ অফিসার থাকল এবং আবার যদি পঞ্চায়েত অফিসারকে রাখা যায় সেক্রেটারী হিসাবে ৪ বছরের জন্য তাহলে সেখানে জেলা পরিষদের পক্ষে কাজকম করা অসুবিধা হবে। সেজন্য এটা তুলে দিতে চাই। দ্বিতীয় যেটা বলতে চাই সেটা হচ্ছে সমস্ত নিয়ম-কানুন মাফিক চলবে এবং জেলা পরিষদ নিয়ম-কানুনের ভেতর দিয়ে যে কর্মচারী এ্যাপয়েন্ট করবে তার যে প্রোভাইসো আছে সেখানে আছে

without the approval of the State Government.

সেখানে তার জায়গায় আমি নুতন একটু এ্যাড করতে চাই উইদাউট দি রিকমেণ্ডেসন অফ দি ডিস্ট্রিক্ট সারভিস কেডার কমিটি সেক্সান ৩০এ যে স্ট্যাণ্ডিং কমিটির কথা বলা হচ্ছে সেখানে আর একটা কমিটি করতে চাই সেই কমিটির নাম হল ডিস্ট্রিক্ট সার্ভিস কেডার কমিটি। পঞ্চায়েত থেকে অথবা জেলা পরিষদ থেকে যে সমস্ত কর্মচারী নিযুক্ত করা হবে তাদের ইণ্টারভিউ হবে সার্ভিস কেডার কমিটির আণ্ডারে, সার্ভিস কেডার কমিটি রেকমেণ্ড করবে। স্টেট গভর্নমেণ্ট সমস্ত কণ্ট্রোল না করে ডিস্ট্রিক্ট সার্ভিস কেডার কমিটির রেকমেণ্ডেসানে জিনিসটি চলবে এই হচ্ছে আমার বক্তব্য।

Mr. Speaker : Honourable Members, this Bill which was taken before the Select Committee has been throughly gone into. The Select Committee has given their report. Therefore, my appeal to honourable members would be to cut short their speeches not for saving time, but for the fact that, after the Select Committee members give their report, there is very little scope to say anything unless there is something very important.

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মি: যোশী আর মি: শৈলেন অধিকারীর যে অ্যামেণ্ডমেণ্ট প্রস্তাব আছে—এরা দুজনেই বোধ হয় ১০৫ ধারার দিকে দৃষ্টিপাত করেন নি। ১০৫ ধারায় বিরাট আইন করবার ক্ষমতা রয়েছে, তার মধ্যে বলে দেয়া হয়েছে কি কি বিষয়ে রুল হবে, তার মধ্যে রয়েছে কোয়ালিফিকেসন, রিক্রুটমেণ্ট, স্কেলস অব পে ; কণ্ডিসানস অব সার্ভিস, প্রভৃতি। সুতরাং যেগুলি ওঁরা বলছেন সেগুলি রুল দ্বারা হবে। তারপরে শ্রীভক্তিভূষণ মণ্ডল আর ড: কানাই লাল ভট্টাচার্য মহাশয় এক্সিকিউটিভ অফিসার এবং ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার সম্বন্ধে বলেছেন এবং তাঁরা বলেছেন যে এটা তুলে দেয়া উচিত কিন্তু এক্সিকিউটিভ অফিসারের নীতি তো গ্রহণ করা হয়েছে। একজিকিউটিভ অফিসারের রিমুভ্যাল

Executive Officer is a Government Officer under Government Scale of service. It is transferable service.

সে পার্মানেণ্টাল যায়নি, ৩।৪ বছর বাদে বদলে যাবে। ৩।৪ বছরের মধ্যে সেই অফিসার যদি বেশীর ভাগ সংখ্যক লোকের আস্থাভাজন না হতে পারেন তাহলে তাকে বিকল করে দেওবার প্রয়োজন আছে এবং দুই তৃতীয়াংশ ইজ দি ইউনিফর্ম স্টেণ্ডার্ড বাংলাদেশের সকল আইনে নির্দিষ্ট সংখ্যক মেজরিটি আছে, সেখানে সিম্পল মেজরিটি করলে কোন অফিসারের সিকিউরিটি অব সার্ভিস থাকে না। দ্বিতীয়ত: ডিস্ট্রিক্ট পঞ্চায়েৎ অফিসারকে কেন সেক্রেটারী করা হয়েছে—বলা হয়েছে এটা এক্সপেরিমেণ্টাল, এটা দেখবেন এক্স অফিসিও, তাঁর যাবতীয় কাজ পার্ট টাইম অফিসার হিসাবে তিনি সেক্রেটারীয়াল ওয়ার্ক করবেন। তাঁর বিরাট অভিজ্ঞতায় পঞ্চায়েৎ গঠন করবেন। সুতরাং তাঁকে জেলা পরিষদের ওপরও ছেড়ে দেওয়া হয়েছে। যদি জেলা পরিষদ মনে করেন সেক্রেটারী অ্যাপয়েণ্ট করবেন, তাঁরা করতে পারবেন। আর জেলা পরিষদ যদি বলেন কাজ ভালভাবে চলছে তাহলে ডিস্ট্রিক্ট পঞ্চায়েৎ অফিসার থাকতে পারেন। এই দৃষ্টিভঙ্গী নিয়ে যদি দেখাব তাহলে আমার মনে হয় কোন আপত্তি এতে হবে না। আমি শ্রীসনৎ রাহার প্রস্তাবটা গ্রহণ করছি, আর সবগুলির বিরোধিতা করছি।

The motion of Shri Sanat Kumar Raha that in proviso to clause 24(3), line 2, for the words "rupees three hundred", the words "rupees three hundred and one" be substituted, was then put and agreed to.

The motion of Shri Lakshmi Ranjan Josse that in clause 24(1), in line 3, after the words "be prescribed", the words "including his functions" be inserted, was then put and lost.

The motion of Shri Sailen Adhikary that the following second proviso be added to clause 24(3) :—

"Also provided that such officers of the Zilla Parishad shall be guided by a service rule and scale of pay uniformly prescribed for West Bengal",

was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that clause 24(1) be omitted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in proviso to clause 24 (1), lines 4 and 5, the words "not less than two-thirds of" be omitted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the proviso to clause 4(2) be omitted, was then put and lost.

The question that clause 24, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 25

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that in clause 25, in line 1, after the words "Government may", the words "on the request of Zilla Parishad" be inserted.

The clause as it now stands reads "The State Government may place at the disposal of the Zilla Parishad the services of such officers or other employees serving under it as it may think fit." What I have suggested by way of amendment is that keeping in view the dignity of the Zilla Parishad, dignity that has been conferred by our Government on a body called Zilla Parishad, the State Government, instead of making it dumping ground of Government Officers, let the Zilla Parishad have some say in the matter. If the words "on the request of the Zilla Parishad" are added, this will give dignity to the Zilla Parishad. I have been told that a similar phraseology has been accepted in the case of the Special Officer in the Calcutta Corporation. If that has been accepted there, I do not understand why it should not be acceptable here. I would request the Hon'ble Minister to give me a reply on this, why it is not acceptable. There is no personal question here ; it is the question of the dignity of the Zilla Parishad.

[1-30—1-40 p.m.]

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that in clause 25, the provisos be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০১-তে এই যে প্রভিসোটাকে ডিলিট করে দিয়েছি এইজন্য যে প্রথমে আছে দুই তৃতীয়াংশ এই সিমপিল মেজরিটি এটা ডিসিপ্লিনারী ওভার দেয়। এটা টু থার্ড সিমপিল মেজরিটি করা উচিত। আর দ্বিতীয়টা এইজন্য বলছি যে ডিসিপ্লিনারী কণ্ট্রোল থাকবে স্টেট গভর্নমেণ্টের অথচ জেলা পরিষদে কাজ করবে এটা এ্যানোমেলাস পোজিসন ক্রিয়েট করবে। আমি সেজন্য যদিও স্টেট গভর্নমেণ্টের আণ্ডার ইমপ্লয়ীরা থাকবে তবুও তারা মুস্কিলে পড়বে কাজ করার ব্যাপারে। কারণ জেলা পরিষদে যাঁরা থাকবেন তাঁরা এদের কণ্ট্রোলে রাখতে পারবে না। কাজেই যে বলা হচ্ছে ডিসেণ্ট্রালাইজ করা হচ্ছে সেটা সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়ে যাবে। সেজন্য বলছি যে এই ২নং সম্বন্ধে কনসিডার করা দরকার।

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that in first proviso to clause 25, lines 4 and 5, the words "not less than two-thirds" be omitted, and that second proviso to clause 25 be omitted.

আমার বক্তব্য ভক্তিবাবু বলেছেন আমি আর বক্তৃতা করছি না।

Shri Sudhir Chandra Das : I move that in clause 25, lines 7—8 for the words beginning with "of not less than two thirds" ending with "time being" the words "of votes members present" be substituted.

এ সম্পর্কে এখানে মন্ত্রীমহাশয়র কাছে থেকে যে কিছু কিছু যুক্তি শুনলাম এই টু থার্ড মেজরিটি সম্বন্ধে তাতেও আমরা এটা গ্রহণ করতে পারছি না। তাই পুনরায় অনুরোধ করছি যে তিনি যে সেফগার্ড দিতে চাচ্ছেন কর্মচারীদের এবং জেলা পরিষদের দায়িত্বপূর্ণ সভায় যারা থাকবেন তারা কিছু করতে পারবেন না তাঁদের সম্বন্ধে এটা কি করে হয় আমরা বুঝতে পারছি না। সুতরাং এটা যুক্ত কমিটিতে দিলেও আমাদের অধিকার আছে, রাইট আছে এটাকে রদবদল করে দেওয়ার।

Mr. Speaker: I may tell the honourable members that discussion on this Bill will end to-day. It is an important Bill and I think it should not be passed by applying the guillotine. The honourable members may be brief in their speeches.

Dr. Kanai Lal Bhattacharya :

আপনি কি এনটায়ার ডিবেটটা আজই শেষ করে দিতে চান?

Mr. Speaker : It will end in time unless I extend the time. Of course I have some power to go for an hour or so more. But let the honourable members be brief in their remarks.

Dr. Kanai Lal Bhattacharya :

এটা খুব ইম্পর্টেণ্ট বিল—আমাদের আরও সময় দিতে হবে।

Mr Speaker : I appreciate your point.

Shri Sudhir Chandra Das :

আমরা যথেষ্ট তাড়াতাড়ি করছি। যাহোক আমার যুক্তি হচ্ছে বিশেষ করে যেখানে কতকগুলি জনপ্রতিনিধি দায়িত্ব নিয়ে জেলা পরিষদে কাজ করছে সেখানে সিমপল মেজরিটিতে একজন কর্মচারীকে সরাতে পারবেন না এটা অদ্ভুত ব্যবস্থা বলে মনে করছি। তাতে বহু কর্মচারী যেহেতু টু থার্ড মেজরিটি হতে পারবে না সেখানে দুর্নীতি, দায়িত্বহীনতা এই রকম সর্বপ্রকার খারাপ কাজ করা সত্তেও তারা এই বোর্ডের মধ্যে বাসা বেঁধে থাকবে সেটা বিশেষভাবে বিবেচনা করা দরকার। কেন না এটা করলে কোন ক্ষতি হবে না, কোন অসুবিধা হবে না বলে মনে করি। এতদিন জেলা বোর্ড চালিয়ে আসতে সেখানে সেই অধিকার ছিল টু থার্ড মেজরিটি না নিলে হবে না এ রকম রাইট ছিল না—এখন সেখানে এই রকম সেফগার্ড দিয়ে আমি মনে করি গণতান্ত্রিক অধিকারকে আরও হরণ করা হয়েছে। তাই আমি অনুরোধ করছি এই ২।৩ যে ধারাটি তা রেখে এটাকে সংখ্যাধিক্যে পাশ করলে তাকে সরাতে পারা যাবে এই এমেণ্ডমেণ্ট এনেছি আপনি এটা গ্রহণ করুন।

Shri Belai Lal Das Mahapatra :

আমি এ্যামেণ্ডমেণ্ট দিই নাই বলে এই ক্লজের উপর বলছি। আমার বক্তব্য হচ্ছে এই যে আমি বলেছি রেকমেণ্ডেশনটা করবার ভার দেওয়া হয়েছে—উনি রেকমেণ্ডেশন ফিনান্স এবং এসট্যাবলিসমেণ্টএর কাছে করতে চাচ্ছেন—আমি সেখানে বলতে চাচ্ছি ডিস্ট্রিক্ট সারভিস কেডার কমিটি বলে যে একটা কমিটি করা হচ্ছে ক্লজ ৩০এ, তার কাছে তিনি রেকমেণ্ডেশন করবেন। তারপর তারা আবার রেকমেণ্ড করবেন জেলা পরিষদের কাছে, জেলা পরিষদ যদি সন্তুষ্ট হন তাহলে তাকে ডিসমিস করা হবে। আপনি যেখানে ফিনান্স এ্যাণ্ড এসট্যাবলিশমেণ্ট করতে যাচ্ছেন আমি সেখানে, পরে আমার এ্যামেণ্ডমেণ্ট আছে, আমি বলতে চাচ্ছি ফিনান্স এ্যাণ্ড এসট্যাবলিশমেণ্ট কমিটির কাছ থেকে সেটা না দিয়ে সেটা ডিস্ট্রিক্ট সার্ভিস কেডার কমিটির কাছে দেবে।

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্লজ সম্বন্ধে আমার মনে হয় কয়েকজন সদস্যের বিকৃত ধারণা হয়েছে। এটা ঠিক সাধারণ কর্মচারী নিয়োগ তা নয়। এই ক্লজটা দেখুন placing the services of State Government officers at the disposal of the Zilla Parishad.

একথা নেই যে তারা চিরন্তন, পার্মানেণ্ট কর্মচারী হয়ে গেল। এখানে জন প্রতিনিধি এবং বিশেষজ্ঞ নিয়ে গ্রামের শাসন ব্যবস্থা যখন নূতনভাবে রূপায়ণ করা হবে তখন আজকে সরকার যদি মনে করেন অমুক জেলায় আমরা এক কোটি টাকা খরচ করবো কৃষিতে, সেখানে বিশেষজ্ঞ অফিসার পাঠিয়ে দিলেন সেই জেলা পরিষদে।

I may tell Mr. Josse that no question of request arises here. He has drawn analogy with the provision in the Calcutta Municipal Ordinance under which Government officers were sent to the Calcutta Corporation. That was a temporary measure and it is going to be replaced by a permanent enactment very soon. But these Government Officers of the Zilla Parishad are not going to be permanent officers of the Zilla Parishad. They are being temporarily placed by the State Government at the disposal of the Zilla Parishad for specific purposes. Therefore, there is no question of such officers being placed at the disposal of the Zilla Parishad on a request being made by the Zilla Parishad in that behalf. When the State Government will find that such officers are necessary in some districts, they will send them there. With regard to the question of recall, you will find that if a particular officer does not behave properly with the elected members of the Parishad, the right of recall by a two-thirds majority, as usual, has been given to the Parishad.

Now, as regards control over such officers, we must remember that these officers are full-fledged Government officers and they are guided by the Government Servants Conduct Rules. So, how can they be under the disciplinary control of the Zilla Parishad? Such officers will be sent to the Zilla Parishad for specific purposes and for specific periods. So, the State Government will have full control over such officers.

The motion of Shri Lakshmi Ranjan Josse that in clause 25, in line 1, after the words "Government may", the words "on request of Zilla Parishad" be inserted was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 25, the provisos be omitted was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharyya that in first proviso to clause 25, lines 4 and 5, the words "not less than two-thirds" be omitted was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharyya that second proviso to clause 25 be omitted was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that in clause 25, lines 7 and 8 for the words beginning with "of not less than two-thirds" and ending with "time being," the words "of votes of members present" be substituted, was then put and lost.

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26

Dr. Kanai Lal Bhattacharyya : Sir, I beg to move that in clause 26(4), line 4, for the word "meeting", the words "a special meeting called for the purpose" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, এই ২৬ নং ধারার ৪ নং উপধারায় আছে যে, কোন অফিসার অথবা এম্পলয়ি, যার মাইনে ৩০০ টাকার বেশী তাকে যদি কোন শাস্তি দেওয়া হয় তাহলে শাস্তি দিতে হবে জেলা পরিষদের একটা মিটিং ডেকে। আমার বক্তব্য হচ্ছে এই মিটিংটা সাধারণ মিটিং না বলে এটাকে বলা হোক এ স্পেস্যাল মিটিং কল্ড ফর দি পার্পাস। আমার বক্তব্য রাখতে গিয়ে আমার যুক্তি হচ্ছে এই যে সমস্ত সাধারণ সভা হবে সেই সাধারণ সভায় নানা বিষয় আলোচনা হবে তার সঙ্গে একজন এমপ্লয়ি যে নাকি ৩০০ টাকা মাইনে পায় তাকে সেখানে যদি শাস্তি দেবার জন্য আইটেমের মধ্যে দেওয়া হয় তাহলে সেই এমপ্লয়ির প্রতি ঠিক মত বিবেচনা করা হবে না।

[1-40—1-50 p.m.]

যদি একটা মিটিং ডাকা যায় শুধু এই কেস ডিসাইড করার জন্য তাহলে আমার মনে হয় সেখানে যে আলোচনা হবে সেই আলোচনার পর যে সিদ্ধান্ত হবে সেটা মোটামুটি ঠিক ভাবে হবে বলে আশা করছি। তাকে শাস্তি দেওয়া হবে কি না এই আইটেম যদি অন্য আইটেমের সঙ্গে ঢুকিয়ে দেওয়া যায় তাহলে জিনিষটা ঠিকমত বিচার হবে না। সেজন্য আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে এ্যাট এ স্পেসাল মিটিং কল্ড ফর দি পারপাস শুধু এই ধরনের শাস্তি দেবার জন্য আমি স্পেশাল মিটিং ডাকার কথা বলেছি। আশা করি এটা মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন।

The Hon'ble Saila Kumar Mukherjee : Under clause 105 extensive rule-making power has been taken and that includes everything. It is the desire that officers drawing above Rs. 300 per month should not be punished departmentally by an officer ; each case must come up before a meeting. If you want a special meeting, it will be a sort of requisitioned meeting. After all, punishment is not such an important matter that it should form an item on the agenda for a special meeting to be called. The question is whether the whole body of Zilla Parishad members are given an opportunity of applying their mind to the particular case. Therefore, this provision has been made. I do not think a special meeting is necessary.

I oppose the amendment.

The motion of Dr. Kanai Lal Bhattacharyya that in clause 26(4), line 4, for the word "meeting", the words "a special meeting called for the purpose" be substituted, was then put and lost.

The question that clause 26 do stand part of the Bill was then put and agreed to.

Clause 27

Shri Bhakti Bhusan Mandal : I move that in clause 27(2), line 1, for the words "the State Government", the words "the District Judge" be substituted.

মাননীয় সহকারী অধ্যক্ষ মহাশয়, আমি, বলেছি স্টেট গভর্নমেন্ট-এর পরিবর্তে ডিস্ট্রিক্ট জাজ করা হোক। এটা এজন্য বলছি যে যদি পানিসমেন্ট হয় তাহলে সেটা ঠিকভাবে পানিসমেন্ট হয়েছে, কি না এটা বিচার করার ভার যদি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর উপর দেওয়া হয় তাহলে জুডিসিয়াল মাইন্ড এপ্লাই করে সেটা দেখতে প্যারবেন। যদি তা না হয় তাহলে এপয়েন্টিং অথরিটি-র কাছে এপিল করবার অধিকার দেওয়া হোক।

Shri Sailendra Nath Adhikary : Sir, I beg to move that in clause 27(1), in line 4, after the words "the date of that order" the words "and the Zilla Parishad shall hear and pass its judgment within two months from the date of filing of such appeals" be inserted.

স্যার, ক্লজ ২৭-এর উপর যেখানে এপিল-এর কথা আছে সেখানে আমি বলতে চেয়েছি যে এপিল যেটা হবে ওখানে বলা হয়েছে উইদিন ওয়ান মান্থ ফ্রম অর্থাৎ এক্জিকিউটিভ অফিসার

কোন অবিচার করলে এমপ্লয়ি এপিল করবে এক মাসের মধ্যে। এক মাসের টাইম নির্দিষ্ট হয়েছে। কিন্তু এপ্রিল ডিসপোজ অব করার ব্যাপারে কোন টাইম লিমিট নেই। সেজন্য বলেছি এপিল ফাইল হওয়ার দুই মাসের মধ্যে যাতে রায় দেওয়া হয় সেজন্য এই এমেন্ডমেন্ট দিয়েছি কারণ, ওই যে বলা হয় জাষ্টিস ডিলেড ইজ জাষ্টিস ডিজায়ার্ড সেটা খুব সত্যি হয়ে দাঁড়ায়। সেজন্য আমি এই টাইম লিমিট করতে চাইছি।

তার কারণ জাষ্টিস যদি ডিলেড হয় ইট মিনস্ ডিনায়েল সেই জিনিসটা লক্ষ্য করেই ২ মাসের মধ্যে ডিসপোজ অব করার জন্য আমি এই এ্যামেণ্ডমেন্ট দিয়েছি।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতে করে কম্প্লিকেসান এরাইজ করে কোর্ট ইনজাংসান করতে পারে। সুতরাং কোন টাইম লিমিট বেঁধে দেওয়া ঠিক হবে না। যতদূর সম্ভব ১ মাসের মধ্যে কেস বিচার হবে, আশা করা যায় তাঁরা যথা সম্ভব শীঘ্রই বিচার করবেন। এন এপিল স্যাল বি উইদিন ওয়ান মান্থ এই যে এখানে যথেষ্ট। ভক্তিভূষণ বাবু যেকথা বলেছেন ডিস্ট্রিক্ট জাজ-কে অর্ডার দেবার কোন স্কোপ নাই। সে নিজে যেতে পারে, ডিস্ট্রিক্ট জাজ-এর কাছে এপিল করতে পারে কোন অফিসার অন্যায় করলে। জেলা পরিষদের ২৬ জন জনপ্রতিনিধি যদি বিচার না করতে পারে তাহলে তাতে জনপ্রতিনিধিদের নিজেদের প্রতিই অনাস্থা হল।

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 27(2), line 1, for the words "the State Government", the words "the District Judge" be substituted' was then put and lost.

The motion of Shri Sailen Adhikary that in clause 27(1), in line 4, after the words "the date of that order" the words "and the Zilla Parishad shall hear and pass its judgment within two months from the date of filing of such appeals" be inserted, was then put and lost.

The question that Clause 27 do stand part of the Bill was then put and agreed to.

Clause 28

Clause 28 was omitted by the Joint Committee.

Clause 29

The question that Clause 29 do stand part of the Bill was then put and agreed to.

Clause 30

Shri Abhoy Pada Saha : Sir, I beg to move that in clause 30(2), lines 1 and 2 for the words "two Standing Committees", the words "one Standing Committee' be substituted.

Sir, I also beg to move that in clause 30(3), line 1, the figure "34" be omitted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্লজ ৩০তে আছে কতগুলি ষ্টেন্ডিং কমিটি জেলা পরিষদের থাকবে। আমার এমেন্ডমেন্ট হচ্ছে সেই ষ্টেডিং কমিটিতে, একটা ষ্টেন্ডিং কমিটিতে ছাড়া আর আর কোন ষ্টেন্ডি কমিটিতে জেলাপরিষদের মেম্বার থাকতে পারবেন না, কারণ এটা হলে আন্ডার ডিসেন্ট্রালাইজেসন আরো বেশী হবে। যদি একজন মেম্বার একটা ষ্টেডিং কমিটিতে থাকেন তাহলে সেই জেলাপরিষদের যত মেম্বার আছেন তাদের মধ্যে একটা সক্রিয় সহযোগিতা গড়ে উঠবে সেই ষ্টেডিং কমিটির মাধ্যমে। কিন্তু একজন মেম্বার যদি দুটো ষ্টেডিং কমিটি অধিকার করে বসেন তাহলে অল্পসংখ্যক সদস্যের জেলাপরিষদের ষ্টেডিং কমিটিতে যাওয়ার স্কোপ থাকবে। সেজন্য আমার এমেন্ডমেন্ট হচ্ছে একজন মেম্বার একটা ষ্টেডিং কমিটিতে যাবেন, আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করে দেখবেন। আমার আরেকটা এমেন্ডমেন্ট আছে যে, প্রাইমারী স্কুল বোর্ড-এর যে ষ্টেডিং কমিটি হবে তাতে বলা আছে ক্লজ

৩০(৩) এই উপধারায় যে, ৩১, ৩২, ৩৩, ৩৪ এই ক্লজগুলি ষ্টেডিং কমিটিতে প্রযোজ্য হবেনা? আমার এমেন্ডমেন্ট হচ্ছে, ক্লজ ৩৪ বাদ দেওয়া হোক। ক্লজ ৩৪তে আছে যে, জেলাপরিষদের নির্দেশানুযায়ী এই ষ্টেডিং কমিটিগুলি কাজ করবে। কিন্তু ক্লজ ৩৪তে যে ষ্টেডিং কমিটি হবে—জেলা বোর্ড ষ্টেডিং কমিটি হিসাবে কাজ করবে ততে ৩৪ বাদ দেওয়া আছে, কিন্তু ৩৪ যদি বাদ দেওয়া যায় তাহলে জেলাপরিষদের সঙ্গে যোগাযোগ থাকবে না। সেইজন্য আমার এমেন্ডমেন্ট হচ্ছে ক্লজ ৩৪ তুলে দেওয়া হোক, ৩১, ৩২, ৩৩ থাকুক।

Dr. Golam Yazdani : Sir, I beg to move that clause 30 (3) be omitted.

[1-50—2 p.m.]

স্যার, আমার এ্যামেন্ডমেন্ট ১৯তে আমি বলেছি ৩০(৩) বি অমিটেড মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্লজ ৩০(৩)-তে আছে

the provisions of sections 31, 32, 33 and 34 shall not apply to the Education Committee.

এখানে জেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটি কতগুলি করা হল, তার মধ্যে একটা করা হল প্রাইমারী এডুকেশন কমিটি, এবং এই ষ্ট্যান্ডিং কমিটিগুলি কিভাবে গঠিত হবে, তার ফাংসান কি হবে এবং মেম্বাররা কতদিন যাবৎ কাজ করবেন, চেয়ারম্যান কতদিন কাজ করবেন—এই সমস্ত কথা বলা হয়েছে ৩১, ৩২, ৩৩, ৩৪ ধারায়; এবং ৩১ ধারায় বলা হয়েছে কতজন মেম্বার নেওয়া হবে, ৩২ ধারায় বলা হয়েছে একজন মেম্বার ষ্ট্যান্ডিং কমিটি-তে মেম্বার হিসাবে কতদিন কাজ করতে পারবেন, ৩৩-তে বলা হয়েছে চেয়ারম্যান কতদিন কাজ করবেন, ৩৪-তে বলা হয়েছে ষ্ট্যান্ডিং কমিটি কিভাবে ক্ষমতা খাটাবেন। এখন প্রাইমারী এডুকেসন কমিটি—এটাতে বলা হয়েছে দি প্রভিসনস অফ দি সেক্সনস্ যেগুলি বল্লাম সেগুলি প্রাইমারী এডুকেশন কমিটির-র ক্ষেত্রে খাটবে না। আমার বক্তব্য হচ্ছে, তাহলে ষ্ট্যান্ডিং কমিটি হিসাবে গণ্য করার কি অর্থ হতে পারে, যদি ষ্ট্যান্ডিং কমিটির কোন আইনকানুন না খাটে তাহলে ষ্ট্যান্ডিং কমিটি বলা কি অর্থে হতে পারে। তাহলে ষ্ট্যান্ডিং কমিটি হয় না। আমি আগেই বলেছি জেলা স্কুল বোর্ডকে প্রাইমারী এডুকেশন কমিটি হিসাবে গণ্য করা হোক স্কুল বোর্ড তুলে দিয়ে। যেখানে আমরা বলেছি স্কুল বোর্ড তুলে দিতে হবে তার সংগে সংগতি রক্ষার জন্য এই ক্লজ-টা অমিট করা হোক।

Shri Bhakti Bhusan Mandal : Sir, I move that in clause 30(1) (vi), lines 1 and 2, the words "as provided under section 35" be omitted.

আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে এ জেলা পরিষদ স্যাল হ্যাভ দি ফলোয়িং স্ট্যান্ডিং কমিটিস্, নেইমলী—এবং তারপর সিক্স অব সাব-ক্লজ (ওয়ান)?এতে প্রাইমারী এডুকেসন কমিটি অ্যাস প্রোভাইডেড আন্ডার সেকসন ৩৫ বলে যে কথা বলা তার উপরে। এ সম্বন্ধে আমি বলতে চাই যে, এটাকে স্ট্যান্ডিং কমিটির পর্যায়ে রাখা হোল না কারণ সাব-সেকসন সম্বন্ধে বলতে হলে বেংগল রুরাল প্রাইমারী এডুকেসন এ্যাক্ট ১৯৩০ এটাকে যদি এ্যামেন্ড করা না হয় তাহলে দুটি অলটারনেটিভ এ্যাক্ট থেকে যাবে এবং দুটির মধ্যে এমন গন্ডগোল লাগবে যে স্ট্যান্ডিং কমিটি যদি কিছু ডিসিসন করে তাহলে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড সেটা মানবে না এবং যদি না মানে তাহলে যতটা পড়ে বুঝেছি তাতে দেখছি তাদের যে বাধ্য করা যাবে এরকম কিছু নেই। কাজেই আমার বক্তব্য হচ্ছে এগুলি যখন করা হচ্ছে তখন এই প্রাইমারী এডুকেসন-এর যে আইন তাকে যদি পরিবর্তন করা হয় বা থরোলি রিপিল করা হয় তাহলে ভাল হয়। স্যার, ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে কোন কোন জায়গা থেকে যে ফান্ড পাওয়া যায় সেটা দেখলে দেখা যাবে এডুকেসন সেস্ এবং এডুকেসন ট্যাক্স সব থেকে জেলাতে বেশী আদায় হয়। আমাদের বীরভূম জেলায় যেখানে ডিস্ট্রিক্ট বোর্ডে ৩ লক্ষ টাকার বাজেট হয় সেখানে আমরা দেখছি ৫২।৫৩ লক্ষ টাকা'র বাজেট ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে হয়। কাজেই এরকম ধরণের আইনকে যদি রিপিল না করা হয় তাহলে জেলা পরিষদের মানে কি হচ্ছে আমরা বুঝতে পারছি না। এখানে বলা হচ্ছে ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেসন হচ্ছে, কিন্তু আমরা দেখছি পিওরলি ডি[illegible] হচ্ছে না। আসল কথা হচ্ছে টাকার উপর যদি তাদের হাত দিতে না দেওয়া হয় তাহলে স্ট্যান্ডিং

কমিটি সেটা মানবে না এবং স্ট্যান্ডিং কমিটির কাজ করবার কিছু থাকবে না। কাজেই এই সাব-সেকসন সম্বন্ধে কনসিডার করতে হলে বেংগল রুরাল প্রাইমারী এডুকেসন এ্যাক্ট-এর রেলেভ্যান্ট এ্যামেণ্ডমেন্ট না আনলে একটা এ্যানোমালাস্‌ পজিসন হবে এবং প্রাইমারী এডুকেসন কমিটি যে উদ্দেশ্যে করা হচ্ছে সেটা বা ফেল্ড হয়ে যাবে। শুধু তাই নয়, সেকসন ৩০-এর সংগে ৩৫-এর যদি স্ক্রুটিনি করে দেখি তাহলে দেখব বেংগল প্রাইমারী এডুকেসন এ্যাক্ট-কে যদি থরোলি এ্যামেণ্ড করা না হয় এবং একটা ওভাররাইডিং এফেক্ট দেওয়া না হয় তাহলে এটা ব্যর্থ হয়ে যাবে। তারপর, সেকেণ্ডারী স্কুল এবং টেকনিক্যাল স্কুল যেগুলি থাকবে সে সম্বন্ধে কিছু করা যাবে না বলে যা বলা হয়েছে সেখানে আমার বক্তব্য হচ্ছে কেন করা যাবে না? এই জিনিসগুলি নীতিগতভাবে আমি বুঝতে পারছি না বলে মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2—2-10 p.m.]

Shri Sailendra Nath Adhikary : Sir, I move that in clasue 30(1)(vi), lines 1 and 2 the words "as provided under section 35" be omitted.

I also move that clause 30(3) be omitted.

এই ক্লজ ৩০তে কয়েকটি স্ট্যাণ্ডিং কমিটি করার কথা আছে, এখন স্ট্যাণ্ডিং কমিটি করার ব্যাপারে ক্লজ ৩০-এর মধ্যে আছে, প্রাইমারী স্ট্যাণ্ডিং কমিটি এ্যাজ প্রেভাইডেড আণ্ডার সেক্সন ৩৫, আবার আর একটা সেক্সনে এই ক্লজ গাইডেড হচ্ছে। এখন দেখা যাচ্ছে অন্যান্য স্ট্যাণ্ডিং কমিটিতে যা যা প্রয়োগ হবে এই প্রাইমারী স্ট্যণ্ডিং কমিটি তা থেকে এক্সেমশন, সেটা ইমিউট হয়ে যাচ্ছে।

আমার বক্তব্য হচ্ছে স্ট্যাণ্ডিং কমিটি কে এটা বুঝা দরকার। এই স্ট্যাণ্ডিং কমিটি কোথা থেকে আসছে? আমরা যতটা জানি

'The authority of the parent body is distributed and earmarked on such terms and conditions as the parent body thinks it necessary.'

কাজেই স্ট্যাণ্ডিং কমিটির অথরিটি পেরেণ্ট বডি থেকে আসে এবং ইণ্টিএনজিক অথরিটি কতটুকু দেবে, কি কণ্ডিশনের উপর দেবে সেই সমস্ত কণ্ডিশনের উপর ঠিক করবে। এখানে দেখছি ঠিক উল্টো হচ্ছে, অর্থাৎ জেলা পরিষদের স্ট্যাণ্ডিং কমিটি তৈরীর করার ব্যাপারে কোন হাত নাই। তাদের অথরিটি যা পেয়েছে ডিস্ট্রিবিউট করে স্ট্যাণ্ডিং কমিটিকে কতটুকু দেবে, কতটুকু দেবে না সেটা নাই। কেবল স্ট্যাণ্ডিং কমিটি নামে হবে, আর অথরিটি সম্বন্ধে তাদের কোন রকম ইয়ার মার্ক করবার ক্ষমতা নাই। আর একটি জায়গায় দেখছি কয়েকটি স্ট্যাণ্ডিং কমিটি রয়েছে তার মধ্যে একটিকে সিঙ্গল আউট করা হয়েছে আমার মনে হয় এটা ঠিক নয়, উচিত হয়নি। এটার নাম হচ্ছে প্রাইমারী স্ট্যাণ্ডিং কমিটি। অডিনারিলি দেয়ার should be no discrimination in applying the same set of laws for the same purpose.

কাজেই একই ব্যাপারে কাজগুলি পরিচালনা করবার জন্য দু' রকম ধরণের নওয়া উচিত নয় সেজন্য আমি মনে করি ক্ল ৩০(৩) ইট ভাইলেক্স ওবিনিসিও দি ইকুইটি। এই ইকইটিটা নষ্ট করছে। কাজেই আমি মনে করি ফর দি সেক

of equity, for the sake of propriety and for the sake of justice too, this sub-clause (3) should be omitted.

তাহলেই ইকুইটি বজায় থাকবে।

Shri Panchu Gopal Bhaduri :

মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী মহাশয়ের আরগুমেণ্টটা আর একটু বলতে চাই। এখন স্কুল বোর্ড তার অথরিটি ডিরাইব করেছে ১৯৩০ সালের রুরাল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট থেকে, তা কোন পরিবর্ত্তন হচ্ছে না। এখন প্রপোজড জিলা পরিষদ এ্যাক্ট যেটা হবে তা থেকে তাঁরা অথরিটি ডিরাইভ করবে। এখন স্কুল বোর্ডটাকে স্ট্যাণ্ডিং কমিটি করে তুলেছেন জিলা পরিষদের, অথচ তার উপর জেলা পরিষদের কোন ক্ষমতা থাকছে না, তাকে প্যারালাল বডি অথরিটি বলতে পারেন, ইণ্ডিপেণ্ডেণ্ট বডি একটা করে তুলেছেন। তাহলে এই স্ট্যাণ্ডিং কমিটি বলাটাকে বলা যেতে পারে এ্যানামেলাস এবং ডিস্পোটিভ সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো একটা প্রভাইসো কোথাও রাখুন যে ১৯৩০ সালের এ্যাক্টের স্ক্রেচটাকে তুলে দেবেন এবং তুলে দিয়ে তার অধীনস্থ যাতে একটা স্ট্যাণ্ডিং কমিটি হতে পারে তার ব্যবস্থা হওয়া দরকার। তা ভিন্ন এই ড্রাফ্টিং ন্যাচারেল হচ্ছে না। খানিকটা আন-ন্যাচারেল হচ্ছে এবং এটা একটা প্যারালেল এবং ইণ্ডিপেণ্ডেণ্ট বডি হয়ে যাচ্ছে, এটা—স্ট্যাণ্ডিং কমিটি মোটেই হচ্ছে না, এই ড্রাফ্টিংটা ঠিক হচ্ছে না।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় স্পীকার মহাশয়, আমি সেকসান ৩০(১) এর কথা বলছি। এখানে ফাইনেন্স এণ্ড এস্টাব্লিসমেণ্ট কমিটি যেটা আছে এর ফাইনেন্স-টাই যথেষ্ট ব্রড টার্ম, এরাই এসট্যাবলিসমেণ্টের উপর সমস্ত জায়গায় কর্তৃত্ব করতে পারবে। সেজন্য এটাকে তুলে দিয়ে এখানে সার্ভিস সম্পর্কে আর একটা স্ট্যাণ্ডিং কমিটি বাড়াতে চাইছি সেটার নাম দিতে চাইছি ডিস্ট্রিক্ট সার্ভিস্ কেডার কমিটি যেটা আমি আগেই বলেছি। আমার নতুন বলার কিছু নেই। আমরা চাচ্ছি সমগ্র জেলার যারা কর্মচারী তারা ঐ সার্ভিস কেডার কমিটির আণ্ডারে থাকবে, তাদের সুপারভিসানে থাকবে, তাদের রেকমেণ্ডেসানে কাজকর্ম করবে। এইজন্য আর একটা সার্ভিস কমিটি করতে চাইছি, তাতে অনেক সুবিধা হবে এবং তাতে কোন পক্ষপাতিত্ব থাকবে না। সেখানে যদি সার্ভিস কমিটির আণ্ডারে আসে তাহলে আমি মনে করি অনেকখানি নিরপেক্ষভাবে কর্মচারীরা কাজ করতে পারবে।

তারপর প্রাইমারী এডুকেশান কমিটি যেটা করেছেন উনি বলছেন যতক্ষণ পর্যন্ত ১৯৩০ এ্যাক্ট রিপিল করা না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এইভাবে কাজকর্ম করে যেতে হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে

Provided that as soon as the Bengal Primary Education Act, 1930, bshalle repeated the Primary Education Act shall come under section 34.

যখন রিপিল হয়ে যাবে তখন সেকসান ৩৪-এর আণ্ডারে চলে আসবে। এটা স্কুল বোর্ড সম্বন্ধে আমার বক্তব্যে বলেছি। যত তাড়াতাড়ি রিপিল হয় সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্ট্যাণ্ডিং কমিটির চ্যাপটার সম্বন্ধে কয়েকজন সদস্য সংশোধনী প্রস্তাবের মাধ্যমে প্রশ্ন করেছেন যে এর ক্ষমতা কি সেটা বঝতে পারছি না। আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ ৩৪ এর প্রতি। সেখানে বলা হয়েছে

A Standing Committee shall exercise such powers, perform such functions, and discharge such duties as may be prescribed or as may be assigned to it by the Zilla Parishad.

সুতরাং অত্যন্ত পরিষ্কারভাবে স্ট্যাটটরী স্ট্যাণ্ডিং কমিটির কাজ করার স্কোপ বর্ণনা করা হয়েছে। তারপর এই স্ট্যাণ্ডিং কমিটির চ্যাপটার থেকে সেকসান ৩০তে যে প্রশ্ন উঠেছে প্রাইমারী এডুকেশান কমিটি নিয়ে এটা নিশ্চয়ই খুব বিতর্কমূলক এবং এ বিষয়ে অনেকের মনে সন্দেহ আছে যে এটা বোধ হয় ডুয়েল কণ্ট্রোল হচ্ছে, এটা বোধ হয় বিধি সম্মত হচ্ছে না। এ বিষয়ে সরকারের যে বিভাগ যুক্ত কমিটি বিশেষ মনোনিবেশসহকারে বিচার করছেন। যখন ক্লজ ৩৫ হবে তখন এ বিষয়ে পুনরুল্লেখ করা হবে। তবে এখন এটা না বলে পরছি না যে আপনারা দেখবেন যেটা মূল সেকসান ১৬ যেখানে আছে জেলা পরিষদ কি কি কাজ

করবে, সেই নানা কাজের মধ্যে তার প্রাইমারী এডুকেশানের দায়িত্ব আছে। আজকে বাংলাদেশে গ্রাম পঞ্চায়েত করব, জেলা পরিষদ করব, আঞ্চলিক পরিষদ করব, আর গ্রামে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা তার হাত থেকে সরিয়ে রাখব এটা কোন প্রদেশে নেই এবং আমরা কল্পনা করতে পারি না।

[2-10—2-20 p.m.]

কিন্তু আমাদের সামনে এই আইন রচনার সময় বলা হয়েছিল— কৃষি বা স্বাস্থ্যের কোন একটা স্ট্যাটিটরী বডি ফাংসান করছে না কিন্তু প্রাথমিক শিক্ষা নিয়ে ১৯৩০ সাল থেকে রুরাল প্রাইমারী এডুকেসান এ্যাক্ট ওয়েস্ট বেঙ্গল ফাংসান করছে। শুধু যে প্রাথমিক শিক্ষা পরিচালনার দায়িত্ব তাঁদের উপর আছে তা নয়, দেনার টাকা তোলার দায়িত্ব, ট্যাক্সিং স্ট্যাটুট, এডুকেসান সেস তাঁরা তুলছেন। বহু টাকা তাঁরা তুলেছেন এবং তাঁদের একটা গঠন পদ্ধতি আছে—সেই গঠন পদ্ধতি অনুসারে পশ্চিমবাংলার গ্রামে গ্রামে বহু সহস্র সহস্র প্রাথমিক বিদ্যালয় চলছে। সকল সদস্যের মত হচ্ছে রুরাল প্রাইমারী এডুকেসান অ্যাক্ট অনুসারে যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড চলছে তা সুপরিচালিত নয়, তার সম্পূর্ণ পরিবর্তন প্রয়োজন কিন্তু সেটা সময় সাপেক্ষ। কাজেই আমরা যখন প্রথম একটা গণতান্ত্রিক ভিত্তিতে বাংলাদেশে জেলা পরিষদ গঠন করতে চলেছি তখন আমরা প্রাথমিক শিক্ষাকে বাদ দেব না। সুতরাং কি ভাবে আনুকূল্য রক্ষা করে চলা যায় তার চেষ্টা করতে হবে। তাই দেখবেন ভেস্কিনিসনে যে স্ট্যান্ডিং কমিটি আছে, সেটা সেক্সান ৩৫এ বসানো হয়েছে বিশেষ প্রাথমিক শিক্ষা ব্যবস্থার জন্য জেলা পরিষদ আইনের দ্বারা। এখানে পরিস্কারভাবে ৩৫এ বলা হয়েছে প্রাইমারী এডুকেসান অ্যাক্টের কোন পরিবর্তন করলাম না, অথচ সে অঞ্চলে আঞ্চলিক পরিষদ বলে একটা জনপ্রতিষ্ঠান আছে, তাঁরা যদি মনে করেন যে হ্যাঁ, স্কুলগুলি ভালভাবে পরিচালিত হচ্ছে না, মাস্টার মশাইরা রাজনীতি করেন। পড়ান না, ১১টায় স্কুল অথচ ১২টার আগে স্কুল বসে না, নিয়মিতভাবে সেখান হয় না এরকম নানারকম অভিযোগ সকলের কাছে এসেছে, সকল সদস্যই জানেন—সেই অবস্থায় আইনসঙ্গত উপায়ে কিছু তার উপর কর্তৃত্বভার দেয়া হয়েছে ৩৫ ধারায় অর্থাৎ ডিস্ট্রিক্ট এডুকেসান ফাণ্ড একবারে পৃথক রেখে ইট স্যাল নট ফরম পার্ট অফ দি জেলা পরিষদ ফাণ্ড তার এক পয়সাও প্রাথমিক শিক্ষাখাতে, অন্যখাতে খরচ করতে পারবে না। দ্বিতীয়তঃ আজকে আমরা জেলা পরিষদের আণ্ডারে স্ট্যাটিটরী কমিটি করছি—একটা ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ১৯৩০ সাল থেকে একটা আইনের কাঠামোতে চলেছে, সেটাকে আমরা জেলা পরিষদের আওতায় আনলাম। কিছু কিছু সুপারভিসান কতকগুলি ইনস্ট্রাকসন, যেমন ট্রানসফার অন ম্যানেজমেণ্ট-ইনস্পেকসন রিপোর্ট অর্থাৎ তাতে আমরা এটুকু বুঝবো যতদিন না আমরা নূতন একটা আইন আমাদের মনোমত জনসাধারণের মতানসারে সম্পূর্ণ চালু করতে পারি ততদিন পর্যন্ত এটা করা দরকার জেলা পরিষদের। নিশ্চয়ই সকল সভ্য দেশে প্রাথমিক শিক্ষার দায়িত্ব নিয়েছে লোকাল সেলফ গভর্নিং ইনস্টিটিউসন। আজ আমরা আর্বান কমপালসরী ফ্রি প্রাইমারী এডুকেসন আইন আনতে চলেছি, তারি প্রতিষ্ঠানগুলির হাতে সরকার সমস্ত প্রাথমিক শিক্ষার ভার এবং অর্থ দেবার ব্যবস্থা করছেন, পরে হয়ত জেলা পরিষদের হাতে দিতে হবে কিন্তু যতদিন না হয় এটা ধরে নিতে পারেন ট্রানজিটরী প্রভিসান হিসাবে আমরা ৩৫ ধারায় ব্যবস্থা করেছি। এই স্কুলগুলি যা চলছে সেগুলির কাঠামো বদলে না দিয়ে তার উপর জনসাধারণের নির্বাচিত জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদের প্রতিনিধিরা যাতে কিছুটা ভার নিতে পারেন তারই আইনসঙ্গত ব্যবস্থা হয়েছে। অনেকে সন্দেহ প্রকাশ করেছেন যে এটাতে কনফ্লিক্ট অব লেজিসলেসন হবে, অথাৎ রুরাল প্রাইমারী এডুকেসন অ্যাক্টের সঙ্গে সংঘর্ষ হবে। এ বিষয়ে আমাদের অভিজ্ঞরা বিশেষ অভিমত দিয়েছেন সে সংঘর্ষ হবে না। বরং টু দ্যাট এক্সটেনট রুরাল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট রিপিল করলাম, অর্থাৎ জেলা পরিষদ তার গ্রামে প্রাথমিক শিক্ষার ম্যানেজমেণ্ট পরিদর্শন, ইনসপেকসন রিপোর্ট প্রভৃতি করবার ক্ষমতা গ্রহণ করলেন।

সেইজন্য প্রাইমারী এডুকেশন কমিটিকে স্ট্যাণ্ডিং কমিটি বানান হয়েছে এণ্ড আণ্ডার সেকসন ৩৫-এ এবং এটাকে একটা বিশিষ্ট স্থান দেওয়া হয়েছে। সেজন্য সেকসন ৩১, ৩২, ৩৩ ৩৪ সেগুলো অন্য স্ট্যাণ্ডিং কমিটি বেলায় প্রযোজ্য সেই প্রাইমারী এডুকেশনের বেলায় প্রযোজ্য নয়। প্রাইমারী এডুকেশন কমিটিটা হুবহু ডিসট্রিক্ট স্কুল বোর্ড টাকে যেন পরিদর্শন না করে।

আর জেলা পরিষদের সঙ্গে সংযোগ রাখবার জন্য তার চেয়ারম্যানকে আমরা জেলা পরিষদের সদস্য করেছি। এই ভাবে আমরা উপস্থিত প্রাইমারী এডুকেশন এ্যাক্টটাকে এমেণ্ড টু দ্যাট এক্সটেণ্ট জেলা পরিষদের মাধ্যমে এনেছি। সুতরাং আমি সেই ভিত্তিতে আশা করছি মাননীয় সদস্য এমেণ্ডমেণ্টগুলি তুলে নেবেন।

The motion of Shri Abhoy Pada Saha that in clause 30(2), lines 1 and 2, for the words "two Standing Committees", the words "one Standing Committee" be substituted, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 30(3), line 1, the figure "34" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that clause 30(3) be omitted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 30(1) (vi), lines 1 and 2, the words "as provided under section 35" be omitted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 30(1)(vi), lines 1 and 2, the words "as provided under section 35" be omitted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that clause 30(3) be omitted was then put and lost.

The question that clause 30 do stand part of the Bill was then put and agreed to.

[2-20—2-30 p.m.]

Clause 31

Shri Birendra Narayan Ray : Sir, I move that in clause 31(1) (i), in line 4, after the words "among themselves" the words "by single transferable vote" be added.

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার এ্যামেণ্ডমেণ্ট অতি ছোট এবং সোজা। এই যে স্ট্যাণ্ডিং কমিটিগুলি হচ্ছে এ স্ট্যাণ্ডিং কমিটিগুলির মধ্যে যে ৯ জনকে জেলা পরিষদের সদস্য নির্বাচন করবেন সেটা সিংগিল ট্রান্সফারাবেল ভোটে হওয়া উচিৎ। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন প্রপরশনেট রিপ্রেজেণ্টেশনের প্রশ্ন উঠেছে যেখানে সেখানে সিংগিল ট্রান্সফারেবল ভোটই একমাত্র হওয়া উচিত গণতন্ত্রের দিক থেকে। তাহলে মেজরিটি এবং মাইনরিটি প্রত্যেক প্রপোর্শনেট রিপ্রেজেনটেশন পরেও মন্ত্রী মহাশয় বলেছিলে প্রারম্ভিক বক্তৃতায় যে তিনি অবসটিনেট হবেন না। যদি যুক্তি থাকে তাহলে এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করবেন। আমি এই যুক্তি দিলাম। প্রপোর্শনেট রিপ্রেজেণ্টেশনের দিকে লক্ষ্য রেখে এই বাই সিঙ্গল ট্রেন্সফারেবল ভোট যোগ করে নেন।

Dr. Kanai Lal Bhattacharya : Sir, I move that in clause 31(1)(i), lines 1 and 2, the words "as may be prescribed for each Zilla Parishad" be omitted.

I also move that clause 31(1)(ii) be omitted.

I also move that clause 31(1)(iii) be omitted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার এ্যামেণ্ডমেণ্ট নং ২০৯, ২১০, এবং ২১১। এই ধারাটায় আছে যে স্ট্যাণ্ডিং কমিটিতে কত জন সদস্য হবে এবং স্ট্যাণ্ডিং কমিটির কে চেয়ারম্যান হবে। মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে আছে ৯ জন মেম্বার সবচেয়ে বেশী

Such number of persons not exceeding nine as may be prescribed for each Zilla Parishad.

আমার বক্তব্য হচ্ছে ৯ জনকে হাইয়েস্ট লিমিট করে দেওয়া হচ্ছে তখন প্রত্যেক জেলার জন্য আবার আলাদা আলাদাভাবে সংখ্যা নির্দ্ধারণ করার জন্য রুল তৈরী করার প্রভিশন এখানে

রাখার প্রয়োজন আছে কি? আমার প্রশ্ন হচ্ছে যখন আমাদের প্রত্যেক জেলার জন্য সংখ্যা নির্ধারণ করা আছে তখন রুল তৈরী করবার কি প্রয়োজন আছে? আপনারা বলে দিলেন যে সব চেয়ে বেশী সংখ্যা হবে ৯ জন, সেখানে আবার রুল তৈরী করতে যাচ্ছেন হাওড়ায় ৩ জন, হুগলীতে ৪ জন, ২৪ পরগণায় ৯ জন, তাহলে মনে হয় বিভিন্ন জেলার প্রতি একটা ডিস্ক্রিমিনেশন করা হবে। আর একটা কথা হচ্ছে, যদি হাওড়া জেলা কিম্বা হুগলী জেলা, যেটা ছোট জেলা, তাঁরা যদি মনে করেন তাঁদের ৯ জনই থাকা উচিত এবং আইনে সেই অধিকার দেওয়া হয়েছে তাহলে সেই অধিকার রুল করে খর্ব করা উচিত হবে বলে মনে করি না।

যদি বলতেন যে পাঁচজনের বেশী করতে পারবেন যেটা নাকি আগে ছিল তাহলে বুঝতাম, কিন্তু এখানে যখন বলে দেওয়া হয়েছে নয় এর বেশী করতে পারা যাবে না সেখানে আমার মনে হয় ওই রুল বাদ দেওয়া উচিত। স্টেট গভর্নমেণ্ট আবার এর মধ্যে অফিসার ঢুকিয়ে দিয়েছেন। আমাদের যে আপত্তি ছিল যে অফিসারদের অ্যাসোসিয়েট মেম্বার হওয়ার ব্যাপার নিয়ে তা থেকে যাচ্ছে জেলা পরিষদ এবং তার পরিচালনা জনসাধারণের প্রতিনিধিদের দ্বারা হওয়া উচিত। অফিসার যদি আসেন সেখানে যদি প্রয়োজন হয় তারা যদি জেলা পরিষদের এমপ্লয়ী হন তাহলে সেই কমিটিকে আসতে হবে, যদি এমপ্লয়ী না হন, বাইরের লোক হন তাহলে তাদের কমিটির মধ্যে আনার কোন প্রয়োজন আছে বলে মনে করি না।

তৃতীয়তঃ ধারাটি আমি বাদ দিতে বলেছি এজন্য যে রুলটি বাইরের লোককে নিয়ে আসার প্রচেষ্টা এবং আমার মনে হল খানিকটা রাজনীতি সরকার-এর মাধ্যমে ঢুকাবেন, যে দল ক্ষমতায় থাকবেন সেই দল কংগ্রেসী হন কিংবা বামপন্থী হন তারা চেষ্টা করবে নিজের দলীয় লোক এক্সপিরিয়েণ্ট নাম দিয়ে নিয়ে আসবার। আমরা বিভিন্ন সংস্থায় দেখেছি এটির দ্বারা বাইরের [illegible] জেলা পরিষদের মধ্যে আনার প্রচেষ্টা হয়েছে। আমি তাই মনে করি নয় জন থাকলে যথেষ্ট তার সংগে বাইরের দুইজন অফিসার আনার কোন দরকার নেই।

Shri Balai Lal Das Mahapatra:

স্যার, রুল ৩৫-এর উপর আমার বক্তব্য পরিস্কার রাখতে চাই। মন্ত্রিমহাশয় আমাদের শুনালেন যে এতে কোথাও কোন অসুবিধা হবে না—জেলা পরিষদ এবং স্কুল বোর্ড এর মধ্যে কোন গোলমাল হবে না। আমি মনে করি দ.জন প্রভু সকলে গোলমাল নিশ্চয়ই হবে তিনি যদি টাইম লিমিট করে দিতেন তাহলে কিছু বলার ছিল না। সেজন্যে বলেছি—

"Provided that the State Government shall repeal the Rural Primary Education Act, 1930, within a year from the date of commencement of the Zilla Parishad.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, we are discussing Clause 31 and not Clause 35.

Shri Balai Lal Das Mahapatra: I am sorry.

Shri Nepal Chandra Roy: On a point of privilege, Sir.

Mr. Chairman: This is not the time. Such matters are taken up after questinos and the previous consent of the Speaker is also necessary.

[2-30—2-40 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee:

ডাঃ কানাই ভট্টাচার্য বলেছেন রুল করে কেন হবে। এমন জেলা আছে যেখানে সদস্য সংখ্যা সর্বনিম্ন হতে পারে ৩৪, আবার এমন জেলা আছে, যেমন মেদিনীপুর, ২৪ পরগণা, সেখানে সর্বোচ্চ সদস্য সংখ্যা হল ১২৫। সুতরাং যেখানে ১২৫ জন সদস্য বিশিষ্ট একটা জেলা পরিষদ সেখানে যদি ৯ জন করেন এবং ক্ষমতা দেন তাহলে তাতে অনবরত অসুবিধা হতে পারে। কাজেই সরকার স্থির করেছেন যে, সদস্য সংখ্যা স্ট্যাণ্ডিং কমিটির কমান যেতে পারে। দ্বিতীয় কথা, আরেকটা কথা বলা হয়েছে যে, অফিসারদের আবার কেন আনছেন। অফিসারদের আনা হচ্ছে, তাঁদের তো ভোট দেবার ক্ষমতা দেওয়া হয়নি, স্যার নট হ্যাভ এনি রাইট

টু ভোট। এই স্ট্যাণ্ডিং কমিটি যা করা হয়েছে তার ফাংসান তো আপনারা দেখেছেন। কৃষিবিষয়ক কমিটি একজন ডিসট্রিক্ট এগ্রিকালচারাল অফিসার তাতে উপস্থিত থেকে সদস্যদের নানা বিষয়ে পরামর্শ দেবেন, কিন্তু তিনি ভোট দিয়ে প্রভাব বিস্তার করতে পারবেন না। সেদিক থেকে আমি বারে বারে বলছি সরকারী কর্মচারী যাঁরা তাঁরা সহযোগিতা করবেন, কিন্তু কোন প্রভাববিস্তার করতে পারবেন না। তাঁদের জ্ঞান ও উপদেশ দিতে পারবেন। এজন্য আমি এই দুটো সংশোধনীর বিরোধিতা করছি।

The motion of Shri Birendra Narayan Roy that in clause 31(1)(i), in line 4, after the words "among themselves" the words "by single transferable vote" be added was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that inclause 31(1)(i), lines 1 and 2, the words "as may be prescribed for each Zilla Parishad" be omitted, that clause 31(1)(ii) be omitted, and that clause 31(1)(iii) be omitted, were then put and lost.

The question that clause 31 do stand part of the Bill was then put and agreed to.

Clause 32

Dr. Kanai Lal Bhattacharya : I move that in clause 32(1), line 2, for the words "four years", the words "one year" be substituted.

I also move that in clause 32(3), line 2, for the words "four years" the words "one year" be substituted.

I further move that proviso to clause 32(3) be omitted.

Dr. Kanai Lal Bhattacharya :

স্যার, এই ক্লজএ আমার যে অ্যামেণ্ডমেণ্ট তা অত্যন্ত সিমপল্‌ল। স্ট্যাণ্ডিং কমিটি লাইফ এখানে বলা হয়েছে ৪ বৎসর। আমার বক্তব্য হচ্ছে, মিউনিসিপ্যাল আইনে দেখা গিয়েছে যে, সেখানে স্ট্যাণ্ডিং কমিটির লাইফ শুধু এক বৎসর। ১ বৎসর করায় একটা যুক্তিও আছে, মাননীয় মন্ত্রিমহাশয় যেকথা বলেছেন, একটা জিলা পরিষদের ১৩৪ জন যদি মেম্বার থাকেন এবং সেখানে যদি ৫।৬টা স্ট্যাণ্ডিং কমিটি করে ৪৫ জন কিম্বা ৫০ জন করে নির্বাচন করা যায় তাহলে ৪ বৎসরের জন্য, অর্থাৎ জেলা পরিষদের যতদিন লাইফ থাকবে স্ট্যাণ্ডিং কমিটিরও ততদিন লাইফ থাকবে, এতে অন্যান্য সদস্যরা যারা থাকবেন তাঁরা স্ট্যাণ্ডিং কমিটিতে যাওয়ার সুযোগ পাবেন না। স্ট্যাণ্ডিং কমিটি যদি বদলানো হয় তাহলে কাজও ভাল হয়। নতুন সদস্য হলে নতুন উৎসাহ নিয়ে স্ট্যাণ্ডিং কমিটিতে কাজ করতে পারবেন। কাজেই জেলা পরিষদের লাইফ যতদিন স্ট্যাণ্ডিং কমিটির লাইফও ততদিন এটা করা ঠিক হবে বলে মনে হচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে, স্ট্যাণ্ডিং কমিটির লাইফ এক বৎসরের বেশি করা উচিত নয়। প্রত্যেক বৎসর স্ট্যাণ্ডিং কমিটির ইলেকসান হবে যেমন মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন ইত্যাদিতে হয়।

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যুক্ত কমিটি বিশেষ বিবেচনা করে এটা করেছেন। মিউনিসিপ্যালিটি-গুলি সহরের বহুদিনের প্রতিষ্ঠান। মিউনিসিপ্যালিটির সঙ্গে এর তুলনা হয় না। এখানে একটা পরীক্ষামূলক কাজ করা হচ্ছে, গ্রামের লোককে উৎসাহিত করবার জন্য এটা করা হয়েছে, জেলা পরিষদের যতদিন লাইফ আছে ততদিন যুক্ত করে রাখলে তাদের উৎসাহ ও কর্মনিষ্ঠা বেশি হবে। যুক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে এই অ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করা আমার পক্ষে সম্ভব নয়।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 32(3), line 2, for the words "four years" the words "one year" be substituted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that proviso to clause 32(3) be omitted, was then put and lost.

[2-40—2-50 p.m.]

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 32(1), line 2, for the words "four years", the words "one year" be substituted, was then put and a division taken with the following result :

NOES—97

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hasem, Shri
Ahamed Ali Mufti, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Barui, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall

Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdeh, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Maitra Shri Anil
Maity, Shri Bijoy Krishan
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Sekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Dr. Radha Krishna
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Siromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu

Ray, Shri Kamini Mohan
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tarapada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Singhdeo, Shri Shankar Narayan
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

AYES—46

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Bakshi, Shri Monoranjan
Basu, Shri Hemanta Kumar
Bestorwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Anadi
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das, Shri Sambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Tarapada
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Hrishikesh
Hansda, Shri Jaleswar

Hazra, Shri Monoranjan
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhusan
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Ray, Sri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Thakur, Shri Shreemohan

The Ayes being 46, and the Noes 97, the motion was lost.

The question that clause 32 do stand part of the Bill was then put and agreed to.

Clause 33

The question that clause 33 do stand part of the Bill was then put and agreed to.

Clause 34

The question that clause 34 do stand part of the Bill was then put and agreed to.

Clause 35

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that after clause 35(2) (aa), the following be inserted :—

"(aaa) The Zilla Parishad may entertain, dispose of appeals against punishments inflicted to staff, transfer of Primary teachers when such action of the District School Board will be deemed punitive ;

(aaaa) The Zilla Parishad may also entertain, dispose of appeal for recognition of new School (Primary) in case due consideration by School Board was not given."

I also move that in clause 35(5), in line 3, after the words "separate fund" the words "but the Zilla Parishads in the matter of allocation and disbursement of fund, if the Zilla Parishads consider that such allocation and disbursement are irregular and inconsistent", be added.

Shri Sanat Kumar Raha :

এখানে আমার বক্তব্য হচ্ছে প্রাথমিক শিক্ষা যা অত্যন্ত গুরুত্বপূর্ণ তা জেলা পরিষদের হাতে নেওয়া হয়েছে এবং প্রাথমিক শিক্ষাকে যেভাবে গুরুত্বপূর্ণ স্থান দেওয়া হয়েছে তাতে সঙ্গে সঙ্গে আমার মনে হয় প্রাথমিক শিক্ষার সঙ্গে সহজাতভাবে প্রাথমিক শিক্ষকদেরও একটা গুরুত্বপূর্ণ চলে আসে, যদিও এই বিলের মধ্যে প্রাথমিক শিক্ষকদের ভূমিকাকে একেবারে নস্যাৎ করে দেওয়া হয়েছে। তথাপি যদি কোন পিউনিটিভ ঘটনা সাজামূলক ঘটনা ঘটে কিংবা স্কুল সম্পর্কে অবহেলা বা দলীয় সঙ্কীর্ণতা দোষে দোষ ঘটে সে ক্ষেত্রে এই ধরণের রুখ থাকা উচিত। সেজন্য জেলা পরিষদের কাছে প্রাইমারী টীচারদের বিশেষ করে তাদের ট্রানসফার সম্পর্কে এবং অন্যান্য বিষয় সম্পর্কে অভিযোগ যদি থাকে তাহলে সেই অভিযোগের ব্যাপারে আবেদন করার অধিকার থাকবে, এবং এই সমস্ত বিচার করবার ক্ষমতা জেলা পরিষদের হাতে দেওয়া হোক।

তারপর বর্তমানে স্কুলবোর্ডের ভূমিকা অত্যন্ত দলীয় এবং সঙ্কীর্ণ এবং এই শাসকদলের রাজনীতি দ্বারা পরিচালিত সেজন্য নানভাবে প্রাথমিক শিক্ষকদের হয়রানি করা হচ্ছে। তাদের যেখানে সেখানে ট্রান্সফার করা হয়. ইলেকশনে যদি তারা কংগ্রেস পক্ষে কাজ না করে তাহলে ১০।১২ মাইল দূরে পাঠিয়ে দেওয়া হয়, তাছাড়া বহু সাজামূলক ব্যবস্থা করা হয়। এখন রুলসে নিয়ম আছে ডি পি আই-এর কাছে আবেদন পেশ করতে হয় এবং করে বসে থাকতে হয়, বছর বার, সদুত্তর পাওয়া যায় না। সেজন্য প্রাথমিক শিক্ষকদের কোর্টে যাবার যে সুযোগ ছিল সেগুলো কাটেলড হয়ে যাচ্ছে। আমার মনে হয় ডি পি আই-এর হাতে এরকম ক্ষমতা না দিয়ে প্রাথমিক [illegible] বিচার বিবেচনার ভার জেলা পরিষদের হাতেই দেওয়া উচিত। আমার জেলায় একটা প্রাথমিক স্কুল আমকে ১২ বছর ধরে রিকগনিশন পায়নি। মরুয়া গ্রামে একটা স্কুল ৬ বছর ধরে এরকম চলছে, আমি নিজে ভিজিট করে দেখেছি আজ পর্যন্ত হয়নি। হয় কোনটা? বহরমপুরের পাশে স্থানীয় কংগ্রেসী এম এল এ শ্রীদর্গাপদ সিংহের অনুরোধক্রমে ৬ মাসের মধ্যে একটি স্কুল রিকগনিশন পেয়ে গেল। এরকম কীর্ত্তি কলাপ বহু আছে যাতে মহাভারত হয়ে যাবে রচনা করলে। অনেক কংগ্রেসী সদস্যও স্বীকার করবেন যে স্কুলবোর্ডের কীর্ত্তিকলাপ আর সহ্য করা যায় না। এই স্কুলবোর্ডের বিরুদ্ধে যতটা সম্ভব আলোচনা সিলেক্ট কমিটিতে করেছি, এখানে আবার বলছি, প্রাথমিক শিক্ষাকে যেভাবে গুরুত্ব দিয়েছেন তাতে [illegible] যে ভূমিকা তাকেও অনুরূপভাবে গুরুত্ব দেওয়া উচিত। তা দেন নি। তাদের কর্মচারী হিসাবে গ্রহন করে তাদের নির্বাচনে আসতে দেন নি। অঞ্চল পরিষদ থেকে আরম্ভ করে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ ইত্যাদি গণতান্ত্রিক প্রতিষ্ঠানে তাদের যে ভূমিকা থাকা উচিত ছিল তাকে একেবারে পঙ্গু করে দেওয়া হয়েছে। শিক্ষকদের সেখানে কর্মচারী হিসাবে যেন বহাল করা হচ্ছে। গ্রামের মধ্যে তারাই শিক্ষিত, সকলের দ্বারা রেসপেকটেড, আর বাদ বাকী শিক্ষিত লোকতো সহরে চলেই আসছে। অথচ এই শিক্ষিত সম্মানিত লোকদের কোন স্থান দেওয়া হয়নি, তাদের চাকরি করে শাড়ার সংস্থান করে দিয়ে ডি পি আই-এর হাতে ছেড়ে দিয়েছেন।

[2-30—3 p.m.]

কাজেই প্রাথমিক শিক্ষা সম্পর্কে আমার যা ধারণা তাই বলছি। প্রাথমিক শিক্ষা সম্পর্কে [illegible] হচ্ছে প্রাথমিক শিক্ষকদের চাকরিতে রেখে অনুগ্রহ করেছেন। তাদের এ্যাপিল সম্পর্কে অভিযোগ সম্পর্কে বিচার করার অধিকার দেওয়া হয়েছে ডি. পি. আই. এর উপর। ডি. পি. আই. বিচার করার মালিক হওয়া সত্ত্বেও কোন উত্তর দেন না বলে তারা বাধ্য হবে তাদের [illegible] জন্য কোর্টে আসতে পারে। এই অধিকার জেলা পরিষদের থাকা উচিত। তাদের বিচারের ভার জেলা পরিষদের থাকা উচিত। তৃতীয়তঃ প্রাথমিক শিক্ষা অনুমোদন সম্পর্কে অনেক কেলেঙ্কারী কাহিনী [illegible] জানি। অনুমোদনের ব্যাপারে তথাকথিত স্টাফিং কমিটির বিরুদ্ধে আমাদের যদি কোন অভিযোগ থাকে তাহলে জেলা পরিষদ সেই [illegible] মীমাংসা করবে। [illegible] করে [illegible] [illegible] ভার ব্যবস্থা করা উচিত। এই দুটো [illegible] [illegible] [illegible] যে দিয়েছি তা গ্রহণ করা উচিত।

The Hon'ble Saila Kumar Mukherjee : Sir, I beg to move that in sub-clause (2) of clause 35, in paragraph (a), for the words "control over" the words "management of" be substituted.

I also move that in sub-clause (2) of clause 35, in paragraph (aa), for the words "the control whereof" the words "the management whereof" be substituted.

Sir, these are quite consistent with the language of the Primary Education Act.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that in clause 35(1), in line 3, the words "subject to the provisions of sub-sections (3), (4) and (5)," be omitted.

I also move that in clause 35(2) (b), at the end the following be added—

"till the District Primary Education Fund forms part of the Zilla Parishad Fund."

I also move that clause 35(6) be omitted.

I also move that in clause 35(2) (a), in line 1, after the words "control over" the word "all" be inserted.

I also move that in clause 35 (2) (aa), in lines 1 and 2, the words "under the management of the District School Board and of the Schools" be omitted.

I also move that in clause 35 (2) (b), in line 4, after the words "so transferred," the words "including salary of teachers" be inserted.

I also move that after clause 35 (2) (b), the following sub-clause be added—

"(c) the submission of pay bills of teachers of schools managed by Anchalik Parishads, Anchal Panchayats or Gram Panchayats after approval by local of Sub-Inspector of Schools to respective Panchayats directly."

I also move that in clause 35, sub-clauses (3) and (4) be omitted.

I also move that for clause 35(5), the following be substituted—

"(5) The District Primary Education Fund shall form part of the Zilla Parishad Fund as soon as transfer of all schools to Anchalik Parishads, Anchal Panchayats or Gram Panchayats for management is complete."

Dr. Golam Yazdani :

মিঃ স্পীকার, স্যার, এই ক্লজটাতে ডিসট্রিক্ট স্কুল বোর্ড এবং জেলা পরিষদ কিভাবে কাজ করবে তারই একটা আইডিয়া দেওয়া হয়েছে। আমরা মাননীয় মন্ত্রিমহাশয়কে বরাবর বলেছি যে জেলা স্কুল বোর্ড এবং জেলা পরিষদের ফাংকসানের মধ্যে একটা সংঘর্ষ হবে। মাননীয় মন্ত্রিমহাশয় এখনই বললেন যে না কোন সংঘর্ষ হবে না। কিন্তু এই ধারাতে যে উপধারা আছে সে দিকে লক্ষ্য করলে বোঝা যাবে যে সংঘর্ষ অনিবার্য। আমি প্রথমতঃ আমার এ্যামেণ্ডমেণ্টগুলি বলার আগে সামগ্রিকভাবে এই ক্লজ সম্বন্ধে বলতে চাই তাহলে আমার এ্যামেণ্ডমেণ্টগুলি বুঝতে সুবিধা হবে। প্রাইমারী এডুকেশান এ্যাক্ট, ১৯৩০ অনুযায়ী স্কুল বোর্ড একটা স্বয়ং শাসিত সংস্থা এবং তার কম্পোজিসান যেভাবে হয়েছে তাতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেট, আরো কতকগুলি মেম্বার আছেন, মোটামুটি ১৬ জন মেম্বার ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে এসেছেন। এর মধ্যে নোমিনেটেড বেশী। যে সমস্ত ইলেকসানের কথা বলা হচ্ছে সেই ইলেকসানগুলি হবে ইউনিয়ন বোর্ডের মেম্বার দ্বারা, আঞ্চলিক পরিষদের মেম্বার দ্বারা এবং ডিস্ট্রিক্ট বোর্ডের মেম্বার দ্বারা অর্থাৎ সীমাবদ্ধ কতকগুলি লোকের মধ্যে এই নির্বাচনগুলি

হচ্ছে। আর কতকগুলি সিডিউল কাস্ট থেকে এ্যাপয়েণ্ট করার প্রভিসান এখানে রেখেছেন ; অর্থাৎ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড যেভাবে গঠন করা হয়েছে এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক ভাবে হয়েছে। আমরা যখন বলেছিলাম নির্বাচন হওয়ার সুযোগ রয়েছে আঞ্চলিক পরিষদের মেম্বার যারা, ইউনিয়ন বোর্ডের মেম্বার যারা তখন কংগ্রেস এটা সমর্থন করেনি। এর যেভাবে গঠন পদ্ধতি রয়েছে তাতে জনগণের আশা সম্পূর্ণরূপে রূপায়িত করা যাবেনা। অথচ এই বোর্ডকে এখানে রাখা হচ্ছে এবং জেলা পরিষদের হাতে প্রাইমারী এডুকেশনের কিছু দায়িত্ব দেওয়া হচ্ছে। সেই দায়িত্বগুলি কিরকমভাবে ভাগাভাগি হয়ে যাচ্ছে তা ৩৫নং ক্লজে দেখা যাচ্ছে ;

মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে সংঘর্ষ হবে না, কেন হবে না ? এই যে ৩৫ প্রভিসন করেছেন এটা সংঘর্ষের একটা উৎস করে রেখে দিয়েছেন, কেননা কতকগুলি স্কুল চলে যাচ্ছে—আঞ্চলিক পরিষদে কতকগুলি, গ্রাম পঞ্চায়েতে কতকগুলি এবং কতকগুলি জেলা পরিষদে, আবার কতকগুলি স্কুল থেকে যাচ্ছে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের হাতে এবং এদের যে ম্যানেজমেণ্টে বিভিন্ন ধরণের, সবাই ম্যানেজমেণ্ট করবে, কিছু ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড করবে, কিছু আঞ্চলিক পরিষদ, কিছু অঞ্চল পঞ্চায়েৎ, কিছু গ্রাম পঞ্চায়েৎ করবে এবং এতে প্রশাসনিক কাজে বিশৃঙ্খলার সৃষ্টি হবে, বিশেষ করে আমরা যে মিনিষ্টারের প্রতি বারে বারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হল টীচারদের ব্যাপার নিয়ে যে গণ্ডগোল সেই গণ্ডগোল আরো বেড়ে যাবে। বর্তমান অবস্থায় আমরা দেখি যে টীচারদের মাইনা পেতে ২।৩ মাস সময় লেগে যায়, কেন না সাব ইনসপেক্টর অব স্কুলস বিল পাঠান ডিস্ট্রিক্ট ইনস্পেক্টরের কাছে, সেখান থেকে মণি অর্ডার হয়ে টীচারদের কাছে, যায়। ফলে টীচারদের মাইনা পেতে ২।৩ মাস দেরী হয়ে যায়। এখন হবে কি—ডিস্ট্রিক্ট ইনস্পেক্টরের কাছ থেকে আসবে জেলা পরিষদের কাছে, জেলা পরিষদের কাছ থেকে আঞ্চলিক পরিষদে, অঞ্চল পঞ্চায়েতে বা গ্রাম পঞ্চায়েতের কাছে পাঠানো হবে। তাহলে রাস্তাটা আরো ঘোরালো হয়ে গেল অর্থাৎ টীচারদের মাইনা পেতে ভীষণ দেরী হবে। তাছাড়া মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনাকে ক্লজ ৩৫(৪)-এর দিকে দৃষ্টি দিতে বলছি। আপনি দেখুন যে এখানে আবার বলা হয়েছে অন্যান্য প্রাইমারী এডুকেসন অ্যাক্টের মধ্যে যাই থাকুক না কেন আমরা আবার দুজন লোককে নিয়ে নিতে পারি—স্কুল বোর্ড পারসনস ইণ্টারেস্টেড ইন এডুকেসন আমার এখানে বক্তব্য হল মিঃ চেয়ারম্যান স্যার, যে প্রাইমারী এডুকেসন অ্যাক্ট, ১৯৩০ একটা রয়ে গেছে, ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের গঠন পদ্ধতি সম্পর্কে তাতে সব বলা হয়েছে। এখন যদি আবার এক্সট্রা কোন সদস্য নেয়ার দরকার হয় তাহলে ঐ অ্যাক্ট অ্যামেণ্ড করে—তাঁরা নিতে পারতেন কিন্তু ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে তারা মনোনীত সভ্য খুব বেশী করে নিতে চান। যে অগণতান্ত্রিক পদ্ধতি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে রয়েছে এবং তারা যাঁরা মেম্বার আছেন তাতে তারা সন্তুষ্ট নন, সেজন্য আরো কিছু মনোনীত মেম্বার নিয়ে স্কুল বোর্ডকে শক্তিশালী করে নিতে চান। এখানে জেলা পরিষদের সঙ্গে স্কুল বোর্ডের সংঘর্ষ হবে—কাজেই তাতে আমাদের আরো বেশী লোক থাকা উচিত। সেজন্য এখানে প্রভিসন করে দিচ্ছেন যে ডিস্ট্রিক্ট স্কুলবোর্ডে আরো দুজন মেম্বার মনোনীত করে নেবেন এবং নির্দিষ্ট সময়ের জন্য ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ফাংশান করে যাবে। কাজেই এই ক্লজ দেখলে মনে হয় যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এবং জেলা পরিষদের মধ্যে গণ্ডগোল সৃষ্টি করার চেষ্টা করেছেন এবং এই ফাঁকে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে তাঁরা শক্তিশালী করার চেষ্টা করছেন। মিঃ চেয়ারম্যান স্যার, আমি একটা একটা করে অ্যামেণ্ডমেণ্টগুলি বলছি—অ্যামেণ্ডমেণ্ট নং ১০০, তাতে আমি বলেছি

in clause 35(1), in line 3, the words "subject to the provisions of sub-sections (3), (4) and (5)," be omitted.

এখানে ৩, ৪, ৫ যে সাব সেকসানে আছে তাতে ঐ ৩নং সাব সেক্সনে বলা হয়েছে যে প্রাইমারী এডুকেসন অ্যাক্টে যাই থাকুক না কেন, দু জন মেম্বার আবার নেবেন, ৪নং সাব সেক্সনে বলা হয়েছে যে ৪ বছর কাজ করবেন এবং ৫ নং-এ বলা হয়েছে যে ডিস্ট্রিক্ট প্রাইমারী এডুকেসান ফাণ্ড যে পয়েণ্ট থেকে যাবে, জেলা পরিষদের সঙ্গে-এর কোন সম্পর্ক নেই। তারপরে ৩৫এ যে সমস্ত কথাগুলি বলতে চান আমি বলছি যে এই ধারাগুলি রাখার কোন কারণ নেই, এই ধারাগুলি তুলে দিতে হবে। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এবং জেলা পরিষদের মধ্যে যদি স্কুল ম্যানেজমেণ্ট ভাগাভাগি হয় তাহলে এই সেকসন থাকার কোন প্রয়োজন নেই। সুতরাং এই সেকসনগুলি তুলে দেওয়া দরকার।

[3—3-30 p.m.]

তার আগে আছে ১০৩তে আছে বলা হয়েছে যে জেলা পরিষদ স্কুল বোর্ডকে নির্দেশ দিতে পারবে কোন কোন বিষয়ে ? এই দুই তিন করে তাতে বলা হয়েছে অর দি ট্রান্সফার অব কণ্ট্রোল। যা হোক এখানে কণ্ট্রোল এনেও করে ম্যানেজমেণ্ট করেছেন। যদি তাই বলি তাহলে

transfer of management over schools under the management of the District School Board to Anchalik Parishad, Anchal Panchayat and Gram Panchayat.

আমার এখানে বক্তব্য হোল যে স্কুলের কথা যেখানে বলা হয়েছে সেখানে সমস্ত স্কুলগুলি নিয়ে 'অল'কে ইনসার্ট করতে এ্যাণ্ড না করে।

In clause 35(2) (aa), in lines 1 and 2, the words, "under the management of the District School Board and of the Schools" be omitted.

১০৪তে বলা হয়েছে যে জেলা পরিষদ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে নির্দেশ দিতে পারবে স্কুলগুলি ইনস্পেকসন করার জন্য। এখানে আমি চাই আণ্ডার দি ম্যানেজমেণ্ট অব দি ডিসট্রিক্ট স্কুল বোর্ড এটা তুলে দেওয়া দরকার—কেন না ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর আণ্ডারে কেন থাকবে ? তাদের ম্যানেজমেণ্ট আঞ্চলিক পরিষদের হাতে থাকুক। এটা আমি আমার এমেণ্ডমেণ্ট ১০১ বলেছি ৩৫ (২) (বি)তে।

In clause 35(2) (b), in line 4, after the words "so transferred", the words "including salary of teachers" be inserted.

এখানে বলা হয়েছে যে জেলা পরিষদ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে নির্দেশ দিতে পারবে

To make payments by way of contribution or otherwise to Anchalik Parishads, Anchal Panchayats or Gram Panchayats for meeting the cost of management of the schools so transferred.

এখানে আমি এ্যাড করে দিতে চাই যে স্যালারি অব দি টিচার--শিক্ষকদের বেতন যাতে তারা আঞ্চলিক পরিষদ থেকে পায় যাতে এখানে সরাসরিভাবে শিক্ষকরা বেতন পেতে পারে—এতে তাদের সুবিধা হবে—সেজন্য আমি এই অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। এটা ইনক্লুড করা দরকার।

after clause 35(2) (b), the following sub-clause be added :—

"(c) the submission of pay bills of teachers of schools managed by Anchalik Parishads, Anchal Panchayats or Gram Panchayats after approval by local Sub-Inspector of Schools to respective Panchayats directly.

এখানে আমি বলতে চাচ্ছি যে সাব-ইনস্পেক্টার অব স্কুলস ইনেস্পেক্টার অব স্কুলের কাছে পে বিল পাঠান। এখানে আমার এমেণ্ডমেণ্ট দিয়ে বলতে চাচ্ছি যে এই ডিস্ট্রিক্ট ইনেস্পেক্টার অব স্কুলস এখানে না দিয়ে এখানে সরাসরিভাবে সাব-ইনেস্পেক্টার অব স্কুল চেক করবে বা ঠিক শিক্ষকদের বেতন ইত্যাদি। যেখানে আঞ্চলিক পরিষদ, গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েত রয়েছে তাদের কাছে যে সমস্ত স্কুল আছে সেই সমস্ত স্কুলের শিক্ষকদের বেতন দিবার জন্য সরাসরিভাবে তাদের কাছে পে বিল পাঠাবেন তাহলে শিক্ষকরা তাড়াতাড়ি বেতন পেতে পারবে এবং এইজন্যই আমি অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি।

এবার ১০১৫ আসছি

In clause 35 (2) (b), at the end of the following be added—

"till the District Primary Education Fund forms part of the Zilla Parishad Fund."

এখানে এই সেকশনে বলা হয়েছে যে প্রাইমারী এডুকেশন ফাণ্ড আর ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ফাণ্ড আলাদা আলাদা থাকবে। আমি এখানে বলছি যে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ফাণ্ডটা ঐ জেলা পরিষদের হাতে দিয়ে দিলে যে পর্যন্ত না জেলা পরিষদের ফাণ্ড মিশে হয়ে যাবে ততদিন পর্যন্ত তারা এই নির্দেশ দিতে পারবেন ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে যে স্কুলের [illegible] বেতনের

[illegible] তাদের টাকা পাঠাও। আর যখন ঐ ফাণ্ডটা এদের হাতে এসে যাবে তখন সেই নির্দেশ পাঠাবার কোন প্রয়োজন হবে না।

এর পর ১০৯এ বলছি—এটার কথা আমি কিছুক্ষণ আগেই বললাম যে প্রাইমারী এডুকেশন এ্যাক্টে মেম্বারদের নেবার প্রভিশন রয়েছে। এখানে এই কথাটা ঢোকান অবান্তর বলে আমি মনে করি। জেলা পরিষদের গঠন এবং তার ফাংশন ইত্যাদি বলা হয়েছে। এখানে জেলা পরিষদে ঐ প্রাইমারী এডুকেশন অ্যাক্ট অনুসারে সদস্য নেওয়া হবে এটা কেন বলা হচ্ছে? তার জন্য ত আলাদা একটা অ্যাক্ট রয়েছে। আপনারা যদি সদস্য নিতে চান তাহলে ঐ এ্যাক্টটাকে অ্যামেণ্ডমেণ্ট করে নেন। এখানে জেলা পরিষদের মধ্যে ঢোকানর কোন মানে হয় না। সেই জন্য ঐ সাব সেক্সন (৩) এবং (৪) এটা সম্পূর্ণ সুপারফ্লুয়াস, এটাকে তুলে দেওয়া উচিত এবং আমি তুলে দিতে বলেছি।

অবশেষে আমি ১১০এ বলছি প্রাইমারী এডুকেশন ফাণ্ড যে পর্যন্ত না সমস্ত স্কুলগুলির ভার স্কুল বোর্ড জেলা পরিষদকে দিয়ে দিচ্ছে ততদিন পর্যন্ত স্কুল বোর্ডের হাতে ফাণ্ডটা থাকবে আর যখনই দেখা যাবে যে সমস্ত স্কুলের ভার আঞ্চলিক পরিষদ, কি অঞ্চল পঞ্চায়েত কিম্বা গ্রাম পঞ্চায়েতকে দিয়ে দেওয়া হবে তখনই সেই ফাণ্ডটা তাদের জেলা পরিষদকে দিয়ে দিতে হবে। এই কথাই আমি এই এ্যামেণ্ডমেণ্টের মধ্যে বলেছি। আমার আর একটা অ্যামেণ্ডমেণ্ট আছে, ৩৫(৬) বি অমিটেড। সেই ৩৫(৬)এ রয়েছে যে প্রাইমারী এডুকেশন এ্যাক্ট ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের ক্ষেত্রে চালু থাকবেই। আমি এখানে বলছি যে প্রাইমারী এডুকেশন অ্যাক্টটাকে তুলে দিতে হবে। যদি স্কুল বোর্ডের সমস্ত কাজ জেলা পরিষদ তুলে নেয় তাহলে স্কুল বোর্ডের আর কোন ফাংশন থাকবে না। সুতরাং প্রাইমারী এডুকেশন এ্যাক্টের আর কি প্রয়োজন থাকতে পারে? এখানে প্রাইমারী এডুকেশন অ্যাক্টটাকে রাখার প্রস্তাব রয়েছে, আমি বলছি যে এই প্রস্তাবটা ঠিক নয়, এ প্রস্তাবটা তুলে দেওয়া উচিত। সেই জন্য আমি বলছি এই সাব ক্লজটা ডিলিটেড হয়ে যাওয়া উচিত। মাননীয় স্পীকার, স্যার, আমি এই সমস্ত অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি এবং তার উদ্দেশ্য হচ্ছে, যে সংঘর্ষ জেলা পরিষদ ও স্কুল বোর্ডের মধ্যে হবে সেই সংঘর্ষ হবার সম্ভাবনা লোপ পাবে বলেই আমি মনে করি। সেইজন্য আমি যে সমস্ত এ্যামেণ্ডমেণ্টগুলি দিয়েছি সেই অ্যামেণ্ডমেণ্টগুলিতে যে যুক্তি আছে তা মন্ত্রিমহাশয় একটু ধীরভাবে চিন্তা করে দেখবেন এবং ঐ অ্যামেণ্ডমেণ্টগুলি নেবার চেষ্টা করবেন।

[At this stage the House was adjourned for 20 minutes]

(After adjournment)

[3-30—3-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary : Sir, I move that after clause 35 (2) (aa), the following be added :—

"(aaa) Hearing of the appeals of teachers and staff and other necessary action as are not inconsistent with provisions of the Bengal (Rural) Primary Education Act, 1930".

I also move that after clause 35(2) (b), the following be added :—

"(c) appointments of Primary teachers, after considering the recommendation of the District School Board, dismissal and discharge of such teachers and staff."

I also move that the following proviso be added to clause 35 (5) :—

"Provided that the fund shall remain under the guidance, supervision and control of the Zilla Parishad."

Shri Sailendra Nath Adhikary :

মাননীয় [illegible], স্যার, এই ক্লজ ৩৫ এর উপর আমার যে অ্যামেণ্ডমেণ্ট আছে সেটা [illegible] [illegible] বি [illegible]।

এটা হচ্ছে ক্লজ ৩৫, সাব ক্লজ (২) তারপর। এর পর আর একটা ক্লজ আমি জুড়ে দিয়েছি, তার পরে আর একটি, ক্লজ মুভ করেছি—এ্যাপয়েন্টমেণ্টস অফ প্রাইমারী টিচার্স এটসেট্রা।

তার পরে আর একটা মুভ করছি

to move that the following proviso be added to clause 35(5) :—"Provided that the fund etc.

স্যার, এই তিনটি অ্যামেণ্ডমেণ্ট যখন মুভ করতে যাচ্ছি তখন আমার একটা পারস্পেকটিভ আছে তার উপরে নির্ভর করে আমার এই তিনটি অ্যামেণ্ডমেণ্ট মুভ করছি। প্রথমে এর আগে ক্লজ (৩০) যখন মুভ করা হয় তখন আমি একটা পয়েণ্ট উঠিয়েছিলাম যে স্ট্যাণ্ডিং কমিটি তার জুরিসডিকসন তার প্রোপার ওয়ে অব এক্সান তার সঙ্গে এটা লিঙ্কড আপ আছে। এখানে বলেছি

the District School Board "constituted under the Bengal Rural Primary Education Act, 1930, shall, subject to the provisions of sub-sections (3), (4), (5) function as the Primary Education Committee of the Zilla Parishad and shall, subject to any general or special directions of the Education Department of the State Government give effect to any instructions of the Zilla Parishad in so far as such instructions are not inconsistent with the provisions of the aforesaid Act."

এখানে প্রাইমারী এডুকেসন কমিটি হবে। স্কুল বোর্ড যখন হল তখন তার সাব-ক্লজেস ৩, ৪, অ্যাণ্ড ৫ বাদ দিয়ে বাকী কতকগুলি কাজ তাকে করবার ক্ষমতা দিল—সেই ক্ষমতা হচ্ছে স্কুল বোর্ডকে যে ডাইরেকসান দেবে

School Board give effect to any instruction, etc. :—provided that

সেই ইনস্ট্রাকসান কনসিসটেণ্ট থাকবে—প্রাইমারী এডুকেসান অ্যাক্ট অনুসারে কনসিসটেণ্ট থাকবে। অ্যাক্ট-এর বাইরে দিতে পারবে না। কিন্তু ধরুণ একটা স্কুল যেটা এখন বলছি একটা প্রাইমারী স্কুল তার টিচারকে স্কুল বোর্ড স্যাক করল, যেমন ধরুণ চরকেষ্টপুর আমাদের ওখানে একজন স্কুল টিচার শ্রীআবদুল জব্বর—সে আমার ইলেকসান-এ কাজ করেছিল বলে তাকে রিসেণ্টলি স্যাক করা হয়েছে—সেরকম যদি করা হয় তাহলে কি হবে? এখানে ধরুণ জেলা পরিষদ যে রিয়েল বডি সে যদি মনে করে এই টিচারকে রি-ইনস্টেইট করতে হবে সেরকম ইনসট্রাকসান যদি দায় স্কুল বোর্ডের কাছে স্কুল বোর্ড সেটা মানবে কি মানবে না?

দ্বিতীয় কথা হচ্ছে স্কুল বোর্ডের কাজ আজ পর্যন্ত যা হয়েছে সেটা আমরা জানি কিন্তু এই স্কুল বোর্ডকে যদি ফ্রিলি হাণ্ডল করবার সুযোগ দেওয়া যায় তাহলে পারপিসুয়েড করবে এই সমস্ত এ্যাকশানগুলি। সে জন্য আমরা মনে করি যে এখনও কতকগুলি ক্লজ যদি যোগ করা যায় তাহলে খানিকটা সুরাহা হতে পারে। যেমন ধরুন আমি যেটা বলেছি টিচার এবং স্টাফদের যখন আমার স্ট্যাণ্ডিং কমিটি সাবওরনেট কমিটি তখন তার গ্রিভান্স তার আপীল সেটা শুনবে কে জেলা পরিষদ শুনবে। এবং তারই একটা ব্যবস্থা করবার জন্য আমি বলেছি। আমি মনে করি প্রপ্রাইটা এবং ইকুইটার দিক থেকে এটা মাননীয় মন্ত্রিমহোদয় চিন্তা করবেন। দ্বিতীয় কথা হচ্ছে প্রাইমারী টিচারের এ্যাপয়েণ্টের ব্যাপারে। আমারই আণ্ডারএ একটা স্ট্যাণ্ডিং কমিটি যে উইদাউট মাই পারমিশান উইদাউট মাই নলেজ

He is the appointing authority whereas I stand him.

এটা হতে পারে না। কাজেই তাদের এই রকম ভাবে এখন করা চলতে পারে যেটা শৈলবাবু বললেন যে পরে ব্যবস্থা করা হবে কিন্তু ইনটারিম পিরিয়ডে এই ভাবে চলতে পারে যে স্কুল বোর্ড তাদের প্যানেল তৈরী করে সেই প্যানেলটা জেলা পরিষদের কাছে দিল জেলা পরিষদ সেটাকে সেংকসান দিল তাহলে সেটা ভ্যালিড হল। এই ভাবে করলে জিনিসটা প্রপার হয়। আরেকটা কথা হচ্ছে স্যার যে স্কুল বোর্ড এর গঠন-তন্ত্রে আছে যে স্কুলবোর্ডে জেলা বোর্ডের মেম্বাররা থাকবে। আমি এটা বুঝে উঠতে পারছি না। যে জেলা পরিষদ গঠন হবার পর জেলা বোর্ডের অস্তিত্ব বিলুপ্ত হবে এটা শিডিউলড ২ এ বলা হয়েছে যে জেলা বোর্ডের স্থলে জেলা পরিষদ হয়ে যাবে। এখন সেই মেম্বারদের পজিশানটা কি? এবং তাদের সম্বন্ধে এই জেলা পরিষদের সম্বন্ধটা

কি? জেলা বোর্ডের বদলে যখন জেলা পরিষদ হয়ে গেল তখন জেলা পরিষদের মেম্বাররা স্কুল বোর্ডে যাবে কী না—এই প্রশ্নগুলি আসে। কাজেই এটা একটা চিন্তা করার কথা। আরেকটি কথা বলেই আমি শেষ করব যে যাকে স্কুল বোর্ডের ফাণ্ড আলাদা ভাবে রাখার পরেও যে তাকে গাইড করা, তাকে সুপারভাইজ করা এবং তাকে বিভিন্ন ভাবে কণ্ট্রোল করবার দায়িত্ব জেলা পরিষদের উপর স্বভাবতই আসা উচিত। নতুবা স্কুল বোর্ডের ক্ষমতা এমন হয়ে যাবে যাতে একটা প্যারালাল আলাদা অরগানাইজেশান সেটআপ হয়ে যাবে। কাজেই সেজন্য আমি বলছি তাদের ফাণ্ড আলাদা থাক যতক্ষণ পর্যন্ত নূতন আইন করে নেওয়া না হচ্ছে কিন্তু তাদেরকে সুপারভিশান কণ্ট্রোল যে এখন এই এই ব্যাপারে তুমি টাকা দেবে। তার পরেই স্যার পেমেণ্টএর ব্যাপার যা হচ্ছে যে মফস্বলে মাস্টাররা ঠিক মত পেমেণ্ট পাচ্ছে না। কাজেই পেমেণ্টের ব্যাপারে যদি অঞ্চল পঞ্চায়েতের উপর দায়িত্ব থাকে তাহলে আরও তাড়াতাড়ি হয়ে যাবে। সেই জন্য আমি বলছি ফাণ্ড সে সেপারেট থাকলেও সুপারভিসান, কণ্ট্রোল এবং গাইডেন্স এই তিনটা স্কুল বোর্ডের এলে এটা অসঙ্গত হবে না। এই তিনটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Motion for extension of time allotted for Bill

The Hon'ble Jagannath Kolay: সভাপতি মহাশয়, এই মোশানটা মুভ করা বিশেষ প্রয়োজন কেননা আমরা যে সময় ধার্য করেছিলাম তা উত্তীর্ণ হয়ে গেছে, সে জন্য আমি একটা মোশান দিচ্ছি মুভ করবার জন্য

Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 48 and the Noes 91, the motion was lost.

The question that clause 39 do stand part of the Bill was then put an agreed to.

Clauses 40 to 42

The question that clauses 40 to 42 do stand part of the Bill was the put and agreed to.

Clause 43

Shri Bhakti Bhushan Mandal: Sir, I beg to move that clause 43(3) be omitted.

স্যার, আমাদের স্বায়ত্ব শাসন মন্ত্রী যখন প্রথম এই বিলটি ইনিসিয়েট করেন তখন বিরাট কথা বলেছিলেন কিন্তু যতই বিলটার ভিতরে ঢুকতে যাচ্ছি ততই আমরা দেখছি যে এটা সম্পূর্ণভাবে গোজামিলে ভর্তি। শুধু তাই নয়, এটা কি করে যে উনি বললেন প্রগ্রেসিভ লেজিসলশন করছি সে কথা বুঝে উঠতে পারছি না। এই জন্যই বলছি, প্রথমেই তিনি বলেছিলেন যে আমরা গান্ধীজীর নীতি অনুযায়ী ডিসেণ্ট্রালাইসড এ্যাডমিনিস্ট্রেসন করবো—এই সব বড় বড় কথা বলেছিলেন, এখন দেখছি গান্ধীজীকে কিরকমভাবে হত্যা করা হয় তা এর এক একটা ক্লজে বেশ পরিস্কারভাবে বোঝা গিয়েছে। নাথুরাম গড়সে তাঁকে ফিজিক্যালি এ্যাসাসিনেট করেছিল। কংগ্রেসী সরকার প্রত্যেক সময়েই বলেন যে গান্ধীজী যা বলেন আমরা তাই করি। কিন্তু গান্ধীজীর যেটুকু অংশ তাঁদের স্বার্থের বিরুদ্ধে যায় সেটুকু তাঁরা কোন দিনই মানেন নি, এখানেও তাই হয়েছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বক্তৃতা করবো না, আমি বলতে চাচ্ছি যে এইরকমভাবে বলার প্রয়োজনটা কি ছিল? তিনি যদি বলেন যে আমাদের মেজোরিটি আছে, আমরা একটা বিল খাড়া করবো, আমরা পাশ করিয়ে নিয়ে যাবো, আমাদের কিছুই বলবার নেই। কারণ আমরা যখন বাঙ্গলাদেশে জেনারেল ইলেকসনের সময় ইন জেনারেল পরাজিত হয়েছি আপনারা অনাচার, অত্যাচার যা করবেন তা আমরা মনে ঠিক নিতে বাধ্য। কারণ হচ্ছে এই যে প্রতিবাদ করলেও আপনারা শুনবেন না। কিন্তু এই ভাল কথা বলে গান্ধীজীকে অপমান করবার অধিকার আমাদের স্বায়ত্ব শাসন মন্ত্রীকে কে দিয়েছে? তিনি বলছেন যে ডিসেণ্ট্রালাইজ করা হচ্ছে কিন্তু পৃথিবীর ইতিহাসে কোন জায়গায় এইরকম ভাবে ডিসেণ্ট্রালাইজেশন পাওয়া যায় না। আমি এই জন্য বলছি যে এই ক্লজ ৪১(১)তে আছে, তিনি কি ডেলিবারেটলি এটা ইনসার্ট করেছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এটা আমার কথা নয়, দয়া করে দেখুন যুক্ত কমিটির দ্বারা এটা হয়েছে।

Shri Bhakti Bhusan Mandal:

সেখানে নোট অব ডিসেণ্ট আছে দেখবেন দয়া করে। কেন এইকথা বারবার বলছেন যে এই বিল ক্ষমতাকে ডিসেণ্ট্রালাইজ করার জন্য করা হয়েছে এবং গান্ধীজীর রামরাজ্যের যে ডিসেণ্ট্রালাইজেশন সেই অনুযায়ী করা হয়েছে। এখন আমি এটাই বলছি, তিনি জ্ঞানসম্পন্ন লোক, তাঁকে আর একবার তাঁর বিবেক দিয়ে এটা বুঝতে বলছি, তিনি বুঝে দেখুন যে এটা করা কি উচিত হয়েছে? আজকে যদি বলেন, কোর্টের ওকালতীর একটা পয়েণ্টের ফাঁক দিয়ে কোন জায়গাকে সাপ্রেস করা যায় সেই অনযায়ী যদি করেন তাহলে আমার বলবার কিছু নেই।

(এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ—আপনিও ত তাই করছেন।)

আরে আপনি চুপ করুন, আপনিত ৩৯৫ ধারার ডাকাতির আসামী হয়ে আছেন এবং সরকারকে দিয়ে সেটা মিটিয়ে নেবার চেষ্টা করছেন। আপনি আবার কোন মুখে কথা বলেন?

আমি সেইজন্য বলতে চাচ্ছি যে এই সাব ক্লজটা ভাল করে পড়া উচিত এবং সেইজন্য আমি এই সাব ক্লজটা পড়ে দিচ্ছি

"The State Government may, within such time as may be prescribed, either approve of the budget or return it to the Zilla Parishad for such modifications as it may direct. On such modifications being made, the budget shall be resubmitted within such time as may be prescribed for approval to the State Government. If the approval of the State Government is not received by the Zilla Parishad by the last date of the year, the budget shall be deemed to have been approved by the State Government."

[5—5-10 p.m.]

এই যে সাব ক্লজ এতে সমস্ত পাওয়ার রেখে দেওয়া হয়েছে স্টেট গভর্নমেণ্ট-এর হাতে। এই সঙ্গে আমি রেফার করছি সেক্সান ৩৯ মনে করুন কোন জায়গায় টাকা দরকার হল, তার জন্য তারা বাজেট করে পাঠান সঙ্গে সঙ্গে স্টেট গভর্নমেণ্ট বলল—এই তো তোমাদের সোর্স

আছে অর্থাৎ মুরগী, হাঁস, গরু এমন কি গরুর গাড়ী আজকে পঞ্চায়েৎ অ্যাক্টএ ট্যাক্স করতে গিয়ে নাজেহাল হতে হয়েছে প্রধানদের, সেজন্যে বলছি এই যে রেখে দেওয়া হল সাব ক্লজ (৩) তাতে হঠাৎ বলবে তোমাদের আরও অনেক সোর্স আছে। সেগুলি ট্যাক্স না ধরলে দেখা যাবে সরকার বাজেট পাস করলেন না ও ফলে এমন অবস্থার সৃষ্টি হ'বে যে জেলা পরিষদ স্টেট গভর্নমেন্ট-এর পেটুয়া না হলে কোন কাজ করতে পারবে না। সেজন্যে ডিসেণ্ট্রেলাইজেসন এর কথা যা বলা হয়েছে এই ক্লজ থাকলে ডিসেণ্ট্রালাইজেসন হবে না এবং স্টেট গভর্নমেন্ট-এর জয়ঢাক যদি জেলা পরিষদ না হয় তাহলে কোনমতেই কাজ করতে পারবে না। রুলিং পার্টি যেটা আছে অর্থাৎ কংগ্রেস হয়ত চিরকাল তারা থাকবেন না আর একটা পার্টি হয়ত রুলিং পার্টি হবে তখনও এই অবস্থার সৃষ্টি হবে। সেজন্যে বলছি এই সাব ক্লজ টি ডিলিট করে দিতে হবে। তা করলে অন্তত: মনে হবে আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রীর শুভবুদ্ধির উদয় হয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গোড়াতেই বলেছি বিরোধী পক্ষের মেম্বারদের একটা করাপসান ফোবিয়া হয়েছে। আমি নোতুন কিছু করিনি। বেঙ্গল লোক্যাল সেলপ গভর্নমেন্ট অ্যাক্টএ আজ ৫০ বছর ধরে এই জিনিস আছে

[interruptions from the opposite benches]

কমিশনারের পওয়ার আছে।

এই ৩৩১টি ব্লক ১৫টি জেলায় জেলা পরিষদ স্টেট গভর্নমেন্ট-এর নির্দেশে পঞ্চায়েত চালু করতে যাচ্ছেন। নোতুন অবস্থায় বাজেট হবে আগে আপনাদের প্রোপোজাল দিতে হবে লোন স্যাংকসান কনট্রিবিউসান গ্রাণ্ট কি দরকার এবং আপনারা কি অর্থসংগতি করেছেন জানাতে হবে। আজকে সরকারের প্রভূত অর্থ সাহায্য ছাড়া যেখানে বাজেট করা অসম্ভব সেখানে সরকার বাজেট দেখবার ব্যবস্থা করেছেন এবং যদি মনে করেন তাহলে বলতে পারেন যে তোমরা এখানে বদলাও, এটি করা, এটা মডিফাই করে নাও। কোন জায়গায় হয়ত ডেভলপমেন্ট বেশী খরচা করতে হবে সেজন্যে বাজেট অদল বদল করতে হতে পরে। স্টেট গভর্নমেন্ট এই বাজেটের ক্ষেত্রে অচল অবস্থার সৃষ্টি করবেন এটা বলা উচিত নয়। এই প্রোভিসান সব জায়গায় আছে তা নয়, ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট, ১৯৫৭ সালে যেটা করেছি তাতে আছে। ভক্তি মণ্ডল মহাশয় আকাশ থেকে পড়ছিলেন যে আমরা গণতন্ত্রকে হত্যা করছি। সুতরাং দেখা যাচ্ছে নতুন কিছু আমরা করিনি, দেশে প্রচলিত আইন, আমাদের পঞ্চায়েৎ আইনে যা আছে তাই অনুসরণ করা হয়েছে। আমি আপনার প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করছি।

Shri A. H. Besterwitch: It comes from British period; we want something new.

Shri Bhakti Bhusan Mandal:

আপনি বৈপ্লবিক পরিবর্তনের কথা বলেছেন। ডিসট্রিক্ট বোর্ড যে রিএক্সনারী ধারা গুলি আছে সেগুলি সাপোর্ট করে যদি বলেন বৈপ্লবিক পরিবর্তন করা হচ্ছে তাহলে কি আমাদের উপহাস করা হচ্ছে না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

নিশ্চয়ই আমি জোর গলায় বলব বৈপ্লবিক পরিবর্তন সাধনই সরকারের সংকল্প।

The motion of Shri Bhakti Bhusan Mandal that clause 43(3) be omitted was then put and a division taken with the following result:—

NOES—92

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri

Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chowdhury, Shri Birendra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lal
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Phabodh Kumar
Jana, Shri Prabir Chandra
Haldar,Shri Haralal
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan

Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Maitra, Shri Anil
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Banhdu
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad

Sinha, Kumar Jagadish Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

AYES—39

Abul Mansur Habibullah, Shri Syed
Bagdi, Shri Lakhan
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nimai Chand
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada

Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 39 and Noes 92 the motion was lost.

The question that clause 43 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 44 to 48

The question that clauses 44 to 48 do stand part of the Bill was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-10 p.m. till 12 noon, on Thursday, the 1st August, 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 1st August 1963, at 12 noon.

Present :

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 13 Hon'ble Ministers, 7 Hon'ble Ministers of State, 7 Deputy Ministers and 166 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Alleged defalcation of money in the Raiganj Girls' Higher Secondary and Mohanbati High Schools

***133.** (Admitted question No. *571.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that two separate criminal cases have been instituted against two prominent office bearers of the managing committees of Raiganj Girls' Higher Secondary and Mohanbati High Schools for alleged defalcation of lump grants made available by the Education Department in favour of those two schools;

(b) if so, the names and status of the persons against whom these cases have been started at Raiganj;

(c) if there was any investigation by D. E. B. Police and thereafter special audit held in respect of the allegation of defalcation; and

(d) if so, the findings of special audit and D. E. B. enquiry ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(a) Not known to Government.

(b) Does not arise.

(c) Not known to Government.

(d) Neither the findings of special audit nor report of D. E. B. enquiry have yet been submitted to the Department

স্পীকার মহাশয়, এ সম্বন্ধে আমরা আরো তথ্য জানার জন্য ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলস এর কাছে চিঠি দিয়েছিলাম। সেই তথ্য এসে পৌঁছেছে। আজ আমি সভার কাছে পাঠ করে দিতে চাই, তাহলে হয়ত সাপ্লিমেণ্টারী নাও হতে পারে। আমি পড়ে দিচ্ছি—

One criminal case alleging defalcation regarding Mohanbati High School fund has been instituted against Dr. R. N. Dutt, M. L. A., ex-Secretary of the school by the present managing committee of the school. A case was filed in the court of Judical Magistrate, Raiganj. One criminal case alleging defalcation of school fund regarding Raiganj Girls Higher Secondary School has been instituted by Shri Sukumar Guha, Pleader, present Secretary of the managing committee against Kishenlal Ghosh, District Engineer, District Board, West Dinajpur, ex-Secretary of the school. A case has been filed in the court of the Judical Magistrate, Raiganj. Hearing of the case is continuing. Another case has also been filed by the ex-Secretary Kishenlal

Ghosh against the present managing committee of the school alleging irregularities in the election of office bearers in the reconstituted managing committee of the school.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় যে লিখিত রিপোর্ট রেখেছেন তাতে বলেছেন নো, পরে উত্তর দিয়ে বলেছেন কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ। আমার প্রশ্ন হচ্ছে এই যে ডিফালকেশান অব ফাণ্ডের জন্য যে দুজনের বিরুদ্ধে স্কুল ম্যানেজিং কমিটির পক্ষ থেকে মামলা রুজু করা হয়েছে সেটা কবে করা হয়েছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

ডেটটা ঠিক বলতে পারবো না।

Shri Kashi Kanta Maitra:

আপনি যখন প্রশ্নের নোটিশ পান তখন কি চেয়ে পাঠিয়েছিলেন যে এই ধরনের কেস রুজু হয়েছে কিনা এবং হয়ে থাকলে কবে হয়েছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আমি তো আপনাকে বল্লাম যে প্রশ্নটা পাবার পর আমরা ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলস-এর কাছে এটা জানাবার জন্য চিঠি দিই। সেই চিঠির উত্তর আজ এসে পৌঁছেচে বলে এই তথ্যগুলি আপনাকে দিলাম।

Shri Kashi Kanta Maitra:

আমার প্রশ্ন ছিল এই মামলা জুন মাসের আগে রুজু হয়েছে কিনা—তাতে কেন বল্লেন নো এবং কোয়েশ্চন ডাজ নট অ্যারাইজ। তাতে সংশয় হচ্ছে যে আপনারা ডিপার্টমেন্টে এই প্রশ্ন করে-ছিলেন আদৌ এ ধরণের মামলা রুজু হয়েছে কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এই প্রশ্ন পাবার পরে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসের কাছে লেখা হল যে তোমরা এ সম্বন্ধে তথ্য জানাও, তাদের কিছু তথ্য এসেছে, সেই তথ্য আমাদের কাছে পরিবেশন করেছে। যখন প্রশ্নটা পাওয়া গেল তখন এডুকেশান ডিপার্টমেণ্টের কাছে কোন খবর ছিল না বলে বলা হয়েছিল নো এবং ডাজ নট অ্যারাইজ।

Shri Kashi Kanta Maitra:

কত টাকা ইনভলভড্ এই ডিফালকেসনে?

Mr. Speaker: After all, the Hon'ble Minister has said that after receipt of the question, he had made enquiries and whatever information has been received by him has been placed before the House. So, I do not think at this stage further supplementaries will help in any way.

Shri Kashi Kanta Maitra: I am definite about it. Therefore, I asked if the whole matter was pending consideration by the Enforcement Branch of the Home Ministry of the State Government and also if the matter was under the consideration of the Special Auditor. The answer is the question does not arise. Therefore, I am asking if the matter is really awaiting consideration by the D. E. B. as also by the Special Auditor of the Government of West Bengal.

The Hon'ble Sowrindra Mohan Misra:

তখন কিছু জানতাম না বলে বলেছিলাম।

Mr. Speaker: It does not arise, in the context of the answer to the 1st question (a)

এটার কনটেক্সটে উনি বলেছিলেন যে তাজ নট অ্যারাইজ কারণ এখনও পর্যন্ত জানেন না বলে, not that does not arise by itself.

Shri Nani Bhattacharjee :

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন (ডি) তে

neither the findings of the special audit nor the report of the D. E. B. enquiry has been submitted to the department.

আমি তাঁকে জিজ্ঞাসা করছি সে ডি. ই. বি—এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের তরফ থেকে ইনকোয়ারী কবে সুরু হয়েছে।

The Hon'ble Sowrindra Mohan Misra :

আমি তো বল্লাম যে এ সম্বন্ধে আর বেশী কোন তথ্য দিতে পারবো না, কবে ইনকোয়ারী হয়েছে বলতে পারবো না।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বল্লেন যে চৌর্য্য বৃত্তির অপরাধে একজন যিনি ধরা পড়েছেন, তিনি একজন এম. এল. এ.

The Hon'ble Sowrindra Mohan Misra :

ধরা পড়েছে একথা বলিনি।

Shri Sailendra Nath Adhikary:

অভিযুক্ত হয়েছেন একজন এম. এল. এ—আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছি তিনি কোন পার্টির এম. এল. এ—কংগ্রেস পার্টির এম. এল. এ কি ?

The Hon'ble Sowrindra Mohan Misra :

রায়গঞ্জের এম. এল. এ, তিনি কংগ্রেস পার্টির এম. এল. এ।

Shri Nani Bhattacharjee :

ডাঃ আর. এন. দত্ত, এম. এল. এ, তিনি কি এই স্কুলের সঙ্গে এখনও জড়িত আছেন—তিনি এক্স সেক্রেটারী ছিলেন।

The Hon'ble Sowrindra Mohan Misra :

যদি এক্স সেক্রেটারী হন তাহলে এখনও কি করে থাকতে পারেন ?

Shri Nani Bhattacharjee:

কমিটির মেম্বার তো থাকতে পারেন।

The Hon'ble Sowrindra Mohan Misra:

মেম্বার কিনা সেটা নোটিশ না দিলে বলতে পারবো না।

Shri Sailendra Nath Adhikary:

এই স্কুলের শেষ অডিট কবে হয়েছিল জানাবেন কি ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এখন বলতে পারি না।

Managing Committee for Amarkunda High School

***134.** (Admitted question No. *582) **Shri Birendra Narayan Ray:**

গত ৫ই এপ্রিল ১৯৬৩ তারিখে প্রদত্ত অতিরিক্ত ৭১৬নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার তকাগ্রাম থানার অমরকুণ্ডে অবস্থিত বিদ্যালয়ের কর্তৃপক্ষ কোন্ তারিখে ম্যানেজিং কমিটি গঠনপ্রসঙ্গে একটি বিশেষ গঠনপ্রণালীর জন্য আবেদন করিয়াছেন;

(খ) এ সম্বন্ধে পর্ষদের নিকট হইতে কোনও নির্দেশ পাওয়া গিয়াছে কি;

(গ) উক্ত স্কুলের বর্তমান ম্যানেজিং কমিটির সভ্যদের নাম ও পরিচয় কি; এবং

(ঘ) উক্ত স্কুলের ধানী জমির দাতা কে বা কাহারা?

[12-10—12-20 p.m.]

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) সরকারের নিকট কোন আবেদন করেন নাই।

(খ) মধ্যশিক্ষা পর্ষদ শিক্ষা অধিকর্তাকে বিদ্যালয়ের কর্তৃপক্ষের ম্যানেজিং কমিটির বিশেষ গঠন প্রণালী সম্বন্ধে মতামত জানাইতে লেখায় উহা শিক্ষাধিকর্তার বিবেচনাধীন আছে।

(গ)

সভ্যদের নাম	পরিচয়
১। এস. ডি. ও, লালবাগ	বিভাগীয় প্রতিনিধি
২। শ্রীগতিশ চন্দ্র বসু (অবসরপ্রাপ্ত স্কুল সাব-ইনস্পেক্টর)	শিক্ষানুরাগী
৩। শ্রীধরম দাস বিশ্বাস	অভিভাবক
৪। শ্রীআবদুল গফুর খান	ঐ
৫। শ্রীনরেন্দ্র চৌধুরী	ঐ
৬। শ্রীবীরেন্দ্র নাথ ঘোষ	দাতা ও প্রতিষ্ঠাতা
৭। শ্রীসুধীর কুমার ঘোষ	ঐ
৮। শ্রীকিশোরী মোহন ঘোষ	ঐ
৯। ডা: অমূল্য রতন ঘোষ	ঐ
১০। শ্রীঅহিভূষণ ঘোষ	শিক্ষক ও প্রতিনিধি
১১। শ্রীমনতোষ কুমার সরকার	ঐ
১২। শ্রীপ্রভাত কুমার সিংহ	প্রধান শিক্ষক (পদাধিকারবলে)

(ঘ)

১। শ্রীচন্দ্রকান্ত ঘোষ	(অমৃতকুণ্ড)
২। শ্রীঅমূল্য রতন ঘোষ	,,
৩। শ্রীসুধীর কুমার ঘোষ	,,
৪। শ্রীকিশোরী মোহন ঘোষ	,,
৫। শ্রীবৈদ্যনাথ ঘোষ	,,
৬। শ্রীমতী উষাংগিনী ঘোষ	,,

দাতা বলিয়া জানা যায় কিন্তু কোন রেজিস্টার্ড ডিড এ পর্যন্ত সম্পাদিত হয় নাই।

Shri Birendra Narayan Roy :

গত প্রশ্নোত্তরকালে দেখা গেল ১৯৫৬ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত ৫ বছরে আয় হয়েছে ৭ হাজার ৭৩৪ টাকা ৬৫ নয়া পয়সা—অর্থাৎ ১ হাজার টাকা বিঘা জমিতে গড়ে বিঘা প্রতি ৩১ টাকারও কম হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে স্কুল এই যে টাকাটা পেয়েছে এটা কম পেয়েছে বলে আপনি মনে করেন কিনা ?

The Hon'ble Sowrindra Mohan Misra :

মনে করি কিনা এটা একটা প্রশ্ন নয়।

Shri Birendra Narayan Roy :

এই ঘোষ পরিবার কমিটিতে থেকে জমির সিলিং বাঁচাবার জন্য স্কুলকে প্রতারিত করেছে এবং নিজেরা ফল ভোগ করেছে এটা সত্য কিনা ?

The Hon'ble Sowrindra Mohan Misra :

প্রশ্নকর্তা জানতে পারেন, আমার জানা নেই।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় দাতাদের নাম ঘোষণা করলেন এবং বললেন এঁরা কোন রেজিস্টার্ড ডিড মারফত দান করেন নি। আমি জিজ্ঞাসা করছি রেজিস্টার্ড ডিড মারফত দান না করলে সেখানে সরকার কি তাঁদের দাতা বলে গ্রহণ করবেন ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

দাতা বলে গ্রহণ করলে স্পেসাল কন্‌স্টিটিউসন হোত। তাঁদের এখনও দাতা বলে গ্রহণ করা যায়নি এবং সেইজন্যই আমার উত্তরে আছে যে, দাতা বলে জানা যায় এবং কোন রেজিস্টার্ড ডিড এখন পর্যন্ত সম্পাদিত হয়নি।

Shri Sailendra Nath Adhikary:

একথা যদি সত্য হয় তাহলে আমার প্রশ্ন হচ্ছে এই দাতাদের মধ্য থেকে কোন ডোনার্স রিপ্রেজেণ্টেসন এই ম্যানেজিং কমিটির মধ্যে আছে কিনা ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

তাঁরা এই বলে স্পেসাল কন্‌স্টিটিউসন চেয়েছে যে আমরা কয়েকজন দাতা আছি এবং জমি দিয়েছি। এখন দেখা যাচ্ছে জমির উপসত্ব জমা হচ্ছে স্কুল ফাণ্ড-এ কিন্তু জমির সব পুরাপুরি স্কুলফাণ্ড-এ আসেনি। আর রেজিস্টার্ড ডিড না থাকার জন্য আমরা স্পেসাল কন্‌স্টিটিউসন করিনি।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় জানাবেন কি বর্তমান ম্যানেজিং কমিটিতে ডোনার্স রিপ্রেজেণ্টেসন হিসেবে লোক নেওয়া হয়েছে কিনা ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

দাতা এবং প্রতিষ্ঠাতা হচ্ছেন শ্রীবীরেন্দ্রনাথ ঘোষ, শ্রীসুধীর কুমার ঘোষ, শ্রীকিশোরী মোহন ঘোষ এবং ডাঃ অমূল্য রতন ঘোষ।

Shri Sailendra Nath Adhikary:

ডোনার হিসেবে তাঁরা যখন আসবেন তখন তাঁদের একটা নেসেসারী কোয়ালিফিকেশন থাকবে এই হিসেবে দিয়েছেন কি ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

তাঁদের টাকা জমা হচ্ছে অতএব ডোনার সে দিক থেকে হতে পারে। তবে আমরা এখনও স্পেসাল কন্‌স্টিটিউসন দেইনি।

Shri Sailendra Nath Adhikary:

কত টাকা হলে শিক্ষা বিভাগ দাতা বলে গ্রহণ করে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

বিস্তারিত জানতে হলে নোটিশ চাই।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় এই যে দানের কথা বললেন তিনি কি জানেন এই দান কতদিন আগে হয়েছিল?

The Hon'ble Sowrindra Mohan Misra:

সঠিক দিন বলতে পারি না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় একথা জানাবেন কি যদি দান সত্যি হয়ে থাকে, অনেকদিন পূর্বে তাহলে এই দান গ্রহণ করতে কোন বাধা আছে কিনা রেজিস্টার্ড ছাড়া?

The Hon'ble Sowrindra Mohan Misra:

দান গ্রহণ করতে বাধা নেই, কিন্তু সেটা আইনে সত্ব দাঁড়াবে কিনা, যেহেতু আমি ২৪ বছরের আইনজ্ঞ নই সেই হেতু বলতে পারব না।

Shri Birendra Narayan Roy:

কোন তারিখে বিদ্যালয় কর্তৃপক্ষ স্পেশাল কনস্টিটিউসানের জন্য আবেদন করেছিল?

The Hon'ble Sowrindra Mohan Misra:

তারিখের কথা সঠিক বলতে পারব না।

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রিমহাশয় দান সম্বন্ধে যেকথা বললেন এটা কি শিক্ষাবিভাগের নীতি যে রেজিস্ট্রেশন আইনানুযায়ী অস্থাবর সম্পত্তি যখন ১০০ টাকার উপর দান করবে সেটাকে গ্রহণ করা হবে ডিড না হলেও? এটাকে নীতি হিসাবে ঘোষণা করবেন কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এটাতে অস্থাবর সম্পত্তি, তারাতো তার উপসত্ব দিচ্ছে, এখানে যে প্রশ্ন দাঁড়াচ্ছে, তারা যে স্পেশাল কনস্টিটিউশন চাইছেন সেই স্পেশাল কনস্টিটিউশন চাইতে গেলে তারা যে দান করছে কখনও ফিরিয়ে নিতে পারবে না এর স্বত্ব পুরোপুরি বিদ্যালয়ে জন্মে গেছে, এই সমস্ত প্রশ্নগুলি আছে বলেই আমরা স্পেশাল কনস্টিটিউশনের জন্য এখনও রিকমেণ্ড করতে পারিনি।

Shri Kashi Kanta Maitra:

আমার প্রশ্ন ছিল যদি এরকম কোন ডোনার এসে দেখায় আমার জমি আছে অথচ সেখানে রেজিস্টার্ড ডীড নেই, সেখানে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগ কি এই রকম নীতি ঘোষণা করবেন যে এই সমস্ত জায়গায় যদি কমপালসারী রেজিস্ট্রেশন না হয় তাহলে ডোনারের কেটেগরীতে স্বীকার করে নেব না?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

এখানে একটা জমির উপসত্ব দান করা হচ্ছে, সেটা স্থাবর সম্পত্তি, ট্রান্সফার অব প্রপার্টি এ্যাক্ট অনুসারে, স্থাবর সম্পত্তি দান করতে গেলে রেজিস্ট্রী করতে হয়, সেতো জানেন, আইনজ্ঞ ব্যক্তি আপনি।

Shri Birendra Narayan Roy :

আপনি ৫ই এপ্রিল তারিখে বললেন বিদ্যালয়ের ৫০ বিঘা ধানের জমি আছে ১৯৫৬-৫৭ সালের অডিট রিপোর্ট অনুসারে, উক্ত জমির মূল্য ৫০ হাজার টাকা দেখান হয়েছে। যদি স্বত্ব ঠিক না থাকে তাহলে অডিটার কি করে মূল্য নির্ধারণ করবেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

যে জমির উপস্বত্ব আসছে, সে জমির মূল্য কত তা নির্ধারণ করতে অসুবিধা নেই, কিন্তু আইনে স্বত্ব বিদ্যালয়ে বর্তায় কিনা সেটাই বিচার্য বিষয়।

Shri Birendra Narayan Roy :

তাহলে পাঁচ বছর হাজার টাকার বিঘার জমির ইল্ড ৩১ টাকা করে জমা পড়েছে পার ইয়ার, তাহলে ঠিকভাবে করা হয়েছে বলে বিবেচনা করেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

৫ হাজার কি ১০ হাজার টাকা বিঘা তা জানি না, বলতে পারব না।

Shri Birendra Narayan Roy :

৫ই এপ্রিল থেকে ১৯৫৬-৫৭ সাল থেকে ১৯৬০-৬১ সাল এই পাঁচ বছরে ৭৭৩৪ টাকা, অর্থাৎ হাজার টাকা বিঘার জমিতে গড়ে বছরে ৩১ টাকার কম আমদানী হয়েছে, এটা কম বলে মনে করেন কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

কত টাকা জমা পড়েছে তাতে জমির দাম কত তা কি করে বলবো?

Shri Birendra Narayan Roy:

হাজার টাকা বিঘা জমিতে যদি ৩১ টাকা করে আমদানী হয় তাহলে এটা কম বলে মনে করেন কিনা?

The Rai Hon'ble Harendra Nath Choudhuri:

জমির মূল্য অনুসারে তার উপস্বত্ব নির্ধারিত হয় না, কোন্ বছর ভাল ফসল হবে, কোন বছর মন্দ ফসল হবে, সেটা জমির মূল্যের উপর নির্ভর করে না, অন্য ফ্যাক্টরের উপর নির্ভর করে, অডিটার যে টাকা জমা দেখেছে, তার উপরই অডিট করেছে।

Shri Birendra Narayan Roy:

এই ঘোষ পরিবার বে-আইনীভাবে এটাকে ভোগ করেছে কিনা তদন্ত করবেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আমার কাছে সেরকম কোন খবর নাই।

Report of the College Code Enquiry Commission

***135.** (Admitted question No. *619.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what steps, if any, the Government are taking for the publication of the Report of the College Code Enquiry Commission; and

(b) what steps, if any, the Government are taking to give effect to the recommendations of the College Code Enquiry Commission?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) & (b) The Report, an important and voluminous report as it is, now under examination. However, Government is anxious to reach a dicision on the report as early as possible.

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে কলেজ কোড এনকোয়ারি কমিশনের রিপোর্ট তিনি বলেছেন ভলিউমিনাস, এটা কি পাবলিস করা হবে নিয়ার ফিউচারে?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

এটা আমরা বলতে পারি না। এটা আণ্ডার কনিসিডারেশন, এক্সামিন করে তারপর স্থির হবে।

Dr. Kanai Lal Bhattacharya:

আমার জিজ্ঞাস্য হচ্ছে, গভর্নমেণ্ট এই রিপোর্ট কনসিডার করছেন, এটা কি ওঁরা পাবলিস করবেন?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

এটা অফ-হ্যাণ্ড বলা যায় না। আমরা কন্সিডার করছি, কন্সিডারেসন শেষ হ'লে তারপর বলা যেতে পারে।

Shri Sambhu Charan Ghosh:

এনকোয়ারি কমিশন কতদিন আগে রিপোর্ট সাবমিট করেছেন?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

সম্প্রতি, একমাসও হয়নি।

Shri Sambhu Charan Ghosh:

এই কলেজ কোড কমিশনের সামনে পশ্চিমবঙ্গের কতগুলি কলেজ বা কলেজিয় প্রতিষ্ঠান তাদের এভিডেন্স দিয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

সেটা কি আমার মুখস্ত আছে? নোটিশ দেবেন তাহলে বলতে পারবো।

Shri Sambhu Charan Ghosh:

একথা কি সত্য যে এক্স-চিফ জাস্টিস, পি. বি. চক্রবর্তী, যাঁকে নিয়ে কমিশন হয়েছিল, তিনি রিপোর্ট দাখিল করার সময় সরকারের কাছে উল্লেখ করেছিলেন যে এই খসড়া কলেজ কোড পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে প্রয়োগ করবার অসুবিধা আছে?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

তা আমি এখন বলতে পারি না।

Shri Sambhu Charan Ghosh:

আমি প্রশ্নটা একটু পারিস্কার করতে চাই। আমি বলছি যে কলেজ কোড রিপোর্ট এক্স চিফ জাস্টিস, পি. বি. চক্রবর্তী দাখিল করেন এবং তাঁর রিপোর্ট দাখিল করার সঙ্গে তাঁর নিজস্ব একটা মন্তব্য দেন। সে সম্পর্কে আপনি অবহিত আছেন কিনা জানতে চাই?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

মনে হয় আপনি আমার থেকে ভাল করেই জানেন তাহলে আবার প্রশ্ন করছেন কেন? আমি বলেছি যে দি রিপোর্ট ইজ আণ্ডার কন্সিডারেশন সেই রিপোর্ট সম্বন্ধে এখন কোন কথা বলা যাবে না।

Shri Sambhu Charan Ghosh:

মি: স্পীকার, স্যার, আমি এই রিপোর্ট সম্পর্কে কোন কিছু জানতে চাই না। মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় জানালেন যে রিপোর্টটা ভলিউমিনাস, আমি তার ডিটেল আলোচনা করতে চাই না। আমার বক্তব্য হচ্ছে কলেজ কোড কমিশন তার রিপোর্ট পেশ করার সঙ্গে—যাঁকে নিয়ে সেই কমিশন হয়েছিল শ্রী পি. বি. চক্রবর্তী, তাঁর সেপারেট বক্তব্য রেখেছেন—সেখানে একটা মন্তব্য করেছেন যে বর্তমানে পশ্চিম বাংলার কলেজীয় শিক্ষা ক্ষেত্রে এই রকম কোড প্রয়োগ করা সম্ভব নয়।

Mr. Speaker:

এটাত গোড়াতেই জবাব দিয়েছেন যে, ইট ইজ আণ্ডার এক্সামিনেশন এবং ইট কভারস এভরিথিং

Shri Kashi Kanta Maitra:

আমার প্রথম সাপ্লিমেণ্টারি হচ্ছে এই কলেজ কোড এনকোয়ারি কমিশন সম্পর্কে। ওখান যখন কমিশন যখন বসানো হয়েছিল তখন বাংলাদেশের যে সমস্ত ইউনিভারসিটি এফিলিয়েটেড কলেজ আছে, তাদের এই কলেজ কোড কমিশনের সামনে এসে বক্তব্য পেশ করা এটা কি বাধ্যতামূলক ছিল ?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

এটা বাধ্যতামূলক থাকতে পারে না। কে সাক্ষী দেবেন, না দেবেন সেটা তাদের ইচ্ছার উপর নির্ভর করে।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় এইমাত্র বলেছেন যে, বিভিন্ন কলেজ থেকে কলেজ কোড কমিশনের সামনে সাক্ষী দেবে কি না দেবে সেটা বাধ্যতামূলক ছিল না। আমি একটা শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসাবে এই কমিশনের সামনে সাক্ষ্য দিয়েছিলাম, সেখানে যে নোটিশ দিয়েছিল সেটা বাধ্যতামূলক ভাবেই দিয়েছিল ?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

কোন কলেজকে কেউ কি বলতে পারেন যে আপনাকে এভিডেন্স দিতে হবে। ইউ মাস্ট অ্যাপিয়ার বীফোর দি কমিশন এমন কেউই বলতে পারে না।

Shri Sambhu Charan Ghosh:

স্পীকার স্যার, আমাদের কাছে যে নোটিশ দিয়েছিল সেই নোটিশ সমন হিসাবে ট্রিট করার কথা বলা হয়েছিল।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

আপনার ইন্টারপ্রিটেশন কারেক্ট কিনা বলতে পারব না—আমি এটা বলতে পারি যে কোন ইউনিভার্সিটিকে কেউ বলতে পারে না ইউ মাস্ট এপিয়ার।

Shri Sambhu Charan Ghosh:

এই কলেজ কোড কমিশন কতদিন ধরে তাদের কাজ করেছিল ?

The Hon'ble Rai Harendra Nath Chowdhury:

প্রায় এক বছর।

Hostels of Chanchal High School of Kharba police-station

***136.** (Admitted question No. *632.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the amount of money sanctioned for improvement of hostels of Chanchal High School of Kharba police-station, Malda district, which has bee upgraded to a Higher Secondary Multipurpose Schoo l

(b) if it is a fact that the Muslim Hostel of the said school is in a state of dilapidation and the boarders have to live there in dangerous state in the rainy season; and

(c) if so, what steps if any, the Government have taken for its speedy repair?

The Hon'ble Sowrindra Mohan Misra: (a) A grant of Rs. 26,250 has been sanctioned to the school for construction of one unit of hostal building at an estimated cost of Rs. 30,000.

(b) Government are not aware of nor it has been reported that the Muslim Hostel building is in a state of delapidation not that it requires urgent repairs.

(c) Does not arise.

Dr. Golam Yazdani:

এই যে ২৬,২৫০ টাকা স্যাঙ্কসান করার কথা বললেন এই টাকাটা কি দেওয়া হয়ে গিয়েছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

স্যাঙ্কসান হয়েছে, দেওয়া হয়েছে কিনা সঠিক বলতে পারবো না—বোধ হয় দেওয়া হয়েছে।

Dr. Golam Yazdani:

তাহলে তাড়াতাড়ি যাতে দেওয়া হয় সেটা আশা করি দেখবেন।

The Hon'ble Sowrindra Mohan Misra:

নিশ্চয়ই দেখব। আমার কথা হল

One unit of hostel building

এটা আমাদের যেখানে হোস্টেল বিল্ডিং কুড়িটি ছেলের জন্য অর্থাৎ ২০টি ছেলে যাতে থাকতে পারে। প্রশ্নকর্তা জানেন মালদহ জেলায় চাঁচলে একটি টেকনিক্যাল স্কুল দেওয়া হয়েছে—সেখানে বাইরের ছেলেরা আসবে বলে বিশেষ করে সেখানে হোস্টেল তৈরী হচ্ছে।

Dr. Golam Yazdani:

এই টাকাটা স্যাঙ্কসান হয়েছে জানেন কিন্তু কোন হোস্টেল হয়েছে কিনা জানেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

তা আমরা জানি না।

Shri Birendra Narayan Roy:

উনি বলেছেন বোধ হয় দেওয়া হয়েছে। বোধ হয় হয়েছে মানে কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

মানে নোটিশ দিলে সঠিক বলতে পারি।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:

অর্থাৎ উনি বলছেন কাগজপত্রে স্যাঙ্কসান হয়েছে তবে দেওয়া হয়েছে কিনা সঠিক এখন জানেন না।

Dr. Golam Yazdani:

আপনি (বি)তে বলেছেন মুস্লিম হোস্টেল খারাপ অবস্থায় আছে কি না—

Government is not aware nor has it been reported.

আমার প্রশ্ন হচ্ছে ওই খবর জানবার জন্য তো আমি প্রশ্ন করেছিলাম। আপনি সে খবরটা ঐ এলাকা থেকে নিয়ে এসে দিলেন না কেন?

Mr. Speaker:

ডা: ইয়াজদানী, তা যদি হয় তাহলে প্রশ্নটা আরও ব্রডলি দিলে ভাল হত।

Dr. Golam Yazdani:

আমি বলেছিলাম হোস্টেল-এর অবস্থা খুব খারাপ দেওয়াল ভেঙ্গে গিয়েছে এবং যে **কোন** সময় কোলাপস করতে পারে।

The Hon'ble Rai Harendra Nath Chowdhury:

এটা আপনার এ্যালিগেসন। আমরা কোনরকম রিপোর্ট পাইনি যে Hostel is in a state of dilapidation.

Dr. Golam Yazdani:

আপনাকে সে বিষয়ে খবর নিতে বলেছিলাম।

The Hon'ble Sowrindra Mohan Misra:

স্কুল অথরিটি তো জানান নি যে হোস্টেলের অবস্থা খারাপ। এরকম কোন খবর আমরা পাইনি।

Dr. Golam Yazdani:

আমি তো প্রশ্ন করেছিলাম ওই এলাকা থেকে খবরটা আনবার জন্য।

(No reply)

Dr. Golam Yazdani:

আমি অনুরোধ করছি খবরটা নিন।

The Hon'ble Sowrindra Mohan Misra:

রিকোয়েস্ট ফর অ্যাকশন হয় না। আপনি আলাদা ভাবে চিঠি দিলে নিশ্চয়ই দেখব।

Chanchal Siddheswari Institution

***137.** (Admitted question No. *659.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how much money has been paid towards the construction of buildings and purchase of equipments for upgrading the Chanchal Siddheswari Institution of Kharba police-station, Malda district, into a Higher Secondary Multipurpose School;

(b) whether the entire amount of money has been duly utilised;

(c) whether the entire accounts for above purposes have been inspected by any competent Officer of the Education Department; and

(d) if so, if any irregularity has been found?

[12-30—12-40 p. m.]

The Hon'ble Sowrindra Mohan Misra:

(a) Rs. 2,25,625. The details are given below:-

(1) For Humanities Course: Building, equipment and furniture	..	Rs.	12,500
(2) For Science Course: Building, equipment and furniture	..	Rs.	81,375
(3) For Technical Course: Building, equipment and furniture	..	Rs.	1,31,750
	Total:	Rs.	2,25,625

(b) Yes.

(c) No, but the account for the year 1961-62 have been audited by an auditor appointed by the Board of Secondary Education, West Bengal.

(d) No irregularity has been pointed out by the auditor for the amount paid up to 1961-62, viz. Rs. 2,25,625.

Dr. Golam Yazdani:

এই যে টাকাটা দিয়েছিলেন এটা অডিট করার জন্য আপনি বলছেন বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশান থেকে অডিটর গিয়েছিল। বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশান থেকে অডিটর নিযুক্ত করা হয়, না, গভর্ণমেণ্ট থেকে নিযুক্ত করা হয়?

The Hon'ble Sowrindra Mohan Misra: Board of Secondary Education have panel of Auditor.

তারা প্রত্যেকটা হাই স্কুল অডিট করে। অডিট করার সময় যদি কোন ইররেগুলারিটিজ দেখে তাহলে স্কুলকে জানায় এবং আমাদের কাছে জানায়।

Dr. Golam Yazdani:

অডিট ঠিক হয়েছিল কিনা না হয়েছিল সেটা গভর্ণমেণ্ট থেকে আবার দেখার কোন ব্যবস্থা আছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

গভর্ণমেণ্ট থেকে অডিট করার কোন রকম প্রথা নেই।

Dr. Golam Yazdani:

এই যে টাকাগুলি স্যাঙ্কসান হয়ে গেছে হিউম্যানিটিজ কোর্স, সায়েন্স কোর্স এবং টেকনিক্যাল কোর্সের জন্য এইটা

for construction of buildings and purchase of equipments

আলাদা হেডে কিছু বলেন নি। আমি

construction of buildings and purchase of equipments

এই দুটোর আলাদা করে হিসাব চাচ্ছিলাম।

The Hon'ble Sowrindra Mohan Misra:

মোটামুটি বিল্ডিং হচ্ছে ৩৭ হাজার ৫ শো টাকা, ইকুইপমেণ্ট হচ্ছে ১২ হাজার ৫ শো টাকা। সায়েন্সের জন্য ৪৮ হাজার ১ শো ২৫ টাকা, ইকুইপমেণ্টের জন্য ৩৫ হাজার টাকা ফার্নিচারের জন্য ৮ হাজার ৭ শো ৫০ টাকা। একুনে ৯১ হাজার ৮ শো ৭৫ টাকা। টেকনিক্যাল বিল্ডিং এর জন্য ৭০ হাজার, ইকুইপমেণ্টের জন্য ৬৫ হাজার ৬ শো ২৫ টাকা, ফার্নিচারের জন্য ১৩ হাজার ১ শো ২৫, টোটাল ১ লক্ষ ৪৮ হাজার ৭ শো ৫০ টাকা।

Dr. Golam Yazdani:

এই টাকাগুলি স্যাঙ্কসান হয়েছিল ডিফারেণ্ট হেডে। কিন্তু যখন কনস্ট্রাকসান কমপ্লিট হয়ে গেল তখন প্রত্যেকটি হেডে কত খরচ হল তার হিসাব আছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

সেটা অডিট করে বেরোবে। প্রত্যেকটা হেডে আমরা যেটা স্যাঙ্কসান করি সেটা সেইভাবে খরচ করছেন বলে মনে করি। অডিটর কোন ইররেগুলারিটি আমাদের কাছে জানায় নি। জানালে এগুলি নিয়ে তদন্ত করা যাবে।

Teaching of Honours Course in Bio-Science in Midnapore College

***138.** (Admitted question No. *694.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর কলেজে যেসকল ছাত্র থ্রি-ইয়ার ডিগ্রি কোর্স-এ বায়ো-সায়েন্স লইয়াছে তাহারা অনার্স পড়িবার সুযোগ পাইতেছে না; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কী করিতেছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুর কলেজের কর্তৃপক্ষের প্রার্থনা অনুসারে সংস্কৃত ও বাংলা বিষয়ে অনার্স খুলিতে দেওয়া হইয়াছে—উদ্ভিদ বিদ্যা ও প্রাণী বিদ্যায় অনার্স খুলিবার প্রয়োজনীয়তা অতঃপর বিবেচনা করা হইবে।

Shri Ananga Mohan Das:
ওখানকার স্টুডেণ্টস ইউনিয়ন-এর তরফ থেকে এ বছরে উদ্ভিদ বিদ্যায় এবং প্রাণী বিদ্যায় অনার্স কোর্স খুলবার জন্য অনুরোধ করে কোন ডেপুটেসান আপনাদের কাছে এসেছিল?

The Hon'ble Sowrindra Mohan Misra:
হয়ত দিয়েছে, সঠিক বলতে পারব না।

Shri Ananga Mohan Das:
স্টুডেণ্টস ইউনিয়ন তাদের কলেজে বায়ো-সায়েন্সের কোন অনার্স কোর্স না থাকার জন্য তাদের অনার্স কোর্সের পড়ার অসুবিধা হচ্ছে বলে এ বছরে আপনাদের কাছে যে ডেপুটেসান দিয়েছিল তার জবাব আপনারা কি দিয়েছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:
আমি আপনাকে বললাম যে ওটা স্পনসোর্ড কলেজ। এ বছরে দুটো সাবজেক্টে অনার্স দেওয়া হয়েছে। সবগুলো একসঙ্গে দেওয়া যায় না। সামনের বছরে আবার বিবেচনা করে দেব। স্টুডেণ্টস ইউনিয়ন কি করেছে জানি না, তবে কলেজ কর্তৃপক্ষ আমাদের কাছে ৪টি বিষয়ে অনার্স চেয়েছিল।

Shri Ananga Mohan Das:
বায়ো-সায়েন্সে কোন অনার্স দিয়েছেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:
উত্তর দেয়াই হয়েছে ঐ দুটো বাদে দিয়েছে।

Shri Ananga Mohan Das:
সংস্কৃত তো আর বায়ো-সায়েন্স নয়—তা যদি হয় তাহলে এই সমস্ত ছেলেরা কি এমনি বি. এস. সি. পাশ করার পর এম. এস. সি. পড়ার সুযোগ পাবে কি?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri:
যাঁরা পাশ করবে তারা এম. এস. সি. ইউনিভার্সিটিতে পড়বে।

Shri Sailendra Nath Adhikary:
মন্ত্রীমহাশয় বল্লেন যে মেদিনীপুরে যে স্পনসোর্ড কলেজ সেই কলেজে এবছর অনার্স সাবজেক্ট পড়াবার পার্মিসান দেয়া হয়েছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি এরকম অন্য কোন স্পনসোর্ড কলেজে থেকে অনার্স পড়াবার পার্মিসান নেয়ার জন্য আপনাদের কাছে আবেদনপত্র এসেছিল কোন বিভাগ ইউনিভার্সিটি থেকে রেকমেণ্ডেড হয়ে এবং আপনারা দিয়েছেন কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এই প্রশ্নটা মেদিনীপুর কলেজ সম্বন্ধে। কাজেই অন্য কলেজ সম্বন্ধে প্রশ্ন উঠে না।

Shri Sailendra Nath Adhikari

স্পনসোর্ড কলেজ যখন রাখছেন তখন স্পনসোর্ড কলেজ হিসাবে অন্যান্য কলেজকে আপনারা কিভাবে ট্রিটমেণ্ট করছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আমি তো বল্লাম প্রশ্নটা হচ্ছে স্পেসিফিক্যালী মেদিনীপুর কলেজ সম্বন্ধে। অন্যান্য স্পনসোর্ড কলেজ সম্বন্ধে প্রশ্ন তো উঠে না, তবে যে কলেজ সম্বন্ধেই উঠুক এরকম অনেক দরখাস্ত হয়ত এসেছে

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে সায়েন্সে অনার্স না থাকলে এম. এস. সি. পড়া যায় না। অতএব মেদিনীপুর কলেজে ঐ সমস্ত ছাত্ররা বায়োলজিতে অনার্স যদি না পড়ে তাহলে এম. এস. সি. তে ভর্তি হতে পারবে না।

The Hon'ble Sowrindra Mohan Misra:

আপনি যেটা বলছেন—কোন ইউনিভার্সিটি অনার্স না নিলে পাস কোর্স নিলে ভর্তি করে কি করে না তা কি করে জানবো? সেজন্য উত্তর দিয়েছি-সেটা ইউনিভার্সিটির ব্যাপার। সাধারণত: কোলকাতা ইউনিভার্সিটিতে অনার্স না থাকলে পড়ার সুযোগ পায় না।

Shri Ananga Mohan Das:

মেদিনীপুর কলেজের যে সমস্ত ছাত্র বায়োকেমিস্ট্রি নিয়ে ডিগ্রী কোর্সে পাশ করবে তারা উচ্চ শিক্ষার জন্য আর কি ব্যবস্থার সুযোগ পাবে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

সমস্ত বাংলাদেশে যতগুলি স্পনসোর্ড কলেজ আছে তাতে সব সাবজেক্টসে অনার্স আমরা এখন দিতে পারবো না। সেটা সম্ভবপর নয়। আমরা আবার ভবিষ্যতে চিন্তা করবো।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে কোন কোন কণ্ডিসনস একটা কলেজ ফুলফিল করলে তবে তাকে একটা সাবজেক্ট বা কয়েকটা সাবজেক্টে অনার্স পড়াবার সুযোগ দেয়া হয়?

The Hon'ble Sowrindra Mohan Misra:

একটা বড় কণ্ডিসন হচ্ছে স্পনসোর্ড কলেজে যা কিছু করতে হবে সমস্ত সরকারী টাকায়, এটা আমাদের দেখতে হয়। দ্বিতীয় হচ্ছে উপযুক্ত শিক্ষক আছে কিনা, পাওয়া যায় কিনা, সমস্ত রিকমণ্ডেসনের জন্য কত টাকা ক্যাপিটাল এক্সপেণ্ডিচর করতে হবে এ সমস্ত বিষয় বিবেচনা করে আমরা অগ্রসর হই।

[12-40—12-50 p.m.]

Shrimati Santi Das:

মন্ত্রিমহাশয় থ্রি ইয়ার্স ডিগ্রী কোর্স-এর কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে অনার্স ছাড়া যখন অনার্স এডুকেশন পাবে না তখন স্পেসাল অনার্স-এর ব্যবস্থা করেছেন কিনা এবং করলে কত বছর লাগবে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :

অনার্স কোর্সে পড়তে গেলে স্পেসাল অনার্স পড়তে পারবে—এ্যাফিলিয়েসন আছে।

Shrimati Biva Mitra:

মন্ত্রিমহাশয় জানাবেন কি অনার্স স্টুডেণ্ট নাহলে এম. এস. সি. পড়তে পারবে কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আমি আগের উত্তরেই বলেছি যে, অনার্স ছাড়া পড়তে পারবে কিনা সেকথা বলার কোন সুযোগ আমার নেই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

পাশ কোর্সে যারা পাশ করে তারাও পোস্ট গ্র্যাজুয়েট ক্লাশ-এ পড়তে পারে। তবে কোন বছরে যদি এমন হয় যে একটি বিষয়ে বেশী ছেলেরা অনার্স পাশ করেছে তাহলে সমস্ত অনার্স স্টুডেণ্টকে অ্যাডমিসন দিতে পারে না—যদি অনার্সে কম পাশ করে তাহলে সেই বছরে অ্যাডমিসন দিতে পারে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানালেন কোন জায়গায় অনার্স কোর্স স্যাংসন করতে গেলে সুযোগ্য শিক্ষক আছেন কিনা সেটা দেখে থাকেন। আমার প্রশ্ন হচ্ছে এই সুযোগ্য শিক্ষক ছাড়া আর কোন কণ্ডিসন এতে দেন কিনা ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

টাকার প্রশ্ন আছে এবং তাছাড়া আরও অনেক বিষয় বিবেচনা করতে হয়।

Shrimati Santi Das:

মন্ত্রিমহাশয় অতিরিক্ত প্রশ্নের উত্তরে বললেন যে, স্পেশাল অনার্স থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সের নিয়ম অনুযায়ী তারা পাবে। ওল্ড কোর্সে তারা ২ বছর পড়ে স্পেশাল অনার্স দিতে পারে কিন্তু এই বছরই হোল প্রথম বছর যারা থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্স পাশ করা সত্বেও অনার্সে এ্যাডমিসন পায়নি। আমার প্রশ্ন হোল থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সে যদি কেউ স্পেশাল অনার্স দিতে চায় তাহলে তার কত বছর পড়তে হবে এবং কত বছরে দিতে পারবে—ওল্ড কোর্সের মত ২ বছরে দিতে পারবে কিনা ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এর জবাব ইউনিভার্সিটি দিতে পারে।

Shri Nepal Chandra Roy:

ক্যালকাটা ইউনিভার্সিটি-র কথা বললেন যে অনার্স ছাড়া এম এস সি পড়ান যায় না। আমার প্রশ্ন হচ্ছে এমন কোন ইউনিভার্সিটি আছে কি যেখানে অনার্স ছাড়া ছেলেরা ভর্তি হতে পারে এবং পড়তে পারে।

The Hon'ble Sowrindra Mohan Misra:

আপনি বোধহয় শিক্ষামন্ত্রিমহাশয়ের উত্তরগুলি শোনেননি। অনার্স ছাড়া পড়তে পারবে না এরকম কোন স্ট্যাটিউটরী রুলস নেই। সাধারণতঃ যে বছর ছাত্র বেশী হয় সেই বছর সমস্ত ছেলেরা পড়তে পারে না। যদি ছাত্র কম থাকে তাহলে পাশ কোর্সের ছেলেরাও পড়তে পারে। এখন কোন ইউনিভার্সিটিতে কখন ছাত্র কম হবে না বেশী হবে সেটা আমি বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে তাঁরা অনার্স সাবজেক্ট এলাউ করার আগে দুটো জিনিষ দেখে থাকেন—একটা হচ্ছে উপযুক্ত শিক্ষক আছে কিনা এবং দ্বিতীয়টি হচ্ছে ম্যানিটারী এক্সপেনডিচার যা হচ্ছে সেইজন্য ইনভলবমেণ্ট কতখানি হবে, এই দুটো দেখে তারা অনার্স সাবজেক্ট পড়াবার গ্র্যাণ্ট তাঁরা করে থাকেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি উপযুক্ত শিক্ষক থাকা সত্বেও এবং সরকারী তরফে ম্যানিটারী এক্সপেণ্ডিচার হবেনা এরকম গ্যারাণ্টি পাওয়া সত্বেও শ্রীপৎ সিং কলেজে কেন অনার্স পড়াতে দেওয়া হল না ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

প্রশ্ন হল মেদিনীপুর কলেজ সম্পর্কে, পিং পং সিং কলেজ সম্পর্কে নয়। অনার্স দিতে গেলে অনেক বিষয়ে বিবেচনা করতে হয় তবে দিতে হয়।

Shri Ananda Gopal Mukherjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে মেদিনীপুর কলেজে বা মেদিনীপুর জেলার কোন কলেজে অনার্স পড়ান হয় কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

সঠিক জানা নাই।

Shri Ananda Gopal Mukherjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন মেদিনীপুর জেলার বা কলেজের এমন কোন ছাত্র বিজ্ঞান বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার সুযোগ পায় কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

কোন ছেলে পায় কি পায় না, কি করে উত্তর দেব বলুন।

Shri Ananda Gopal Mukherjee:

মেদিনীপুর কলেজে বিজ্ঞান বিষয়ে অনার্স না থাকলে এম. এস. সিতে ভর্তি হওয়া যায় কি যায় না?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এটা বিশ্ববিদ্যালয়ের উপর নির্ভর করে।

Sainik School at Kalimpong

***139.** (Admitted question No. *700.) **Shri L. R. Josse:** Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state what progress has been made in the matter of setting up of a Sainik School at Kalimpong ?

The Hon'ble Sowrindra Mohan Misra: In July, 1962 notification under section 4 of the L. A. Act was issued for acquiring about 188.35 acres of land within the Development area of Kalimpong for the proposed Sainik School. Further steps for the setting up of the school at Kalimpong had to be stayed as the lands notified for the Sainik School were requisitioned for the use of the Army authorities during the present emergency.

Shri Lakshmi Ranjan Josse: Would it be taken that the proposal has been completely given up?

The Hon'ble Sowrindra Mohan Misra : The State Government are on the lookout for a suitable alternative site. A site in Malda district has since been inspected for the purpose, but finalisation has not yet been made. Another proposal for locating the Sainik School at Mansaw in Kalimpong Subdivision has also been under consideration.

Shri Lakshmi Ranjan Josse: Am I to undersand that the proposal for setting up the Sainik School at Kalimpong has been dropped in favour of Malda?

The Hon'ble Sowrindra Mohan Misra: No; not in favour of Malda. At present the proposal has been dropped.

Shri Lakshmi Ranjan Josse: I could not get you. Is it that the Kalimpong proposal has been dropped in favour of Malda?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: There are two proposals. When the Army Department took over the plot that was going to be secured for the Sainik School at Kalimpong, the scheme had to be abandoned for the present. Therefore, alternative site was thought of, and in the first place we thought of changing the site to Malda. But another site has already been found in Kalimpong subdivision, and if it is not possible to set up the Sainik School at the original plot in Kalimpong it may be set up in the alternative plot in Kalimpong.

Shri Lakshmi Ranjan Josse: Just now the Hon'ble Minister said that about 88 acres of land were acquisitioned or requisitioned for the purpose. Now, if the land is not required for the school or some other purpose had it been de-requisitioned?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is difficult to answer a question which begins with "if".

Election of Managing Committee of the Kanksa High School

***140.** (Admitted question No. *722.) **Shri Monoranjan Bakshi:**

ক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাঁকসা হাইস্কুলের পরিচালক সমিতির শেষ নির্বাচন কোন্ সালে অনুষ্ঠিত হইয়াছে;

(খ) সরকার হইতে বর্তমানে উক্ত বিদ্যালয় পরিচালক সমিতির নির্বাচনের জন্য কোন দিন ধার্য হইয়াছে কি; এবং

(গ) দিন ধার্য হইয়া থাকিলে, কবে নির্বাচন অনুষ্ঠিত হইবে ?

12-50—1 p. m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(ক), (খ) ও (গ) ১৯৫৩ সালের ২১শে জুলাই বর্তমান পরিচালক সমিতি পুনর্গঠিত হইয়াছিল। ধ্যশিক্ষা পর্ষদ প্রথমে ১৯৬০ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে এবং পরে ১৯৬১ সালের ৩১শে জুলাই র মধ্যে নূতন নিয়মানুসারে পরিচালক সমিতি পুনর্গঠনের জন্য আদেশ দেন। কিন্তু বিদ্যালয় র্তৃপক্ষ উক্ত সময়ের মধ্যে পরিচালক সমিতি পুনর্গঠিত করিতে পারেন নাই। ১৯৬২ সালের র্চ মাসে পুনর্গঠনের জন্য ভোটার লিস্ট তৈরী হয় এবং শ্রী ডি. এন. বন্দ্যোপাধ্যায়, সম্পাদক হাশয়কে আজীবন সভ্য হিসাবে গ্রহণ করা হয়। শ্রীবন্দ্যোপাধ্যায়ের আজীবন সভ্য হিসাবে ণ্য হইবার বিরুদ্ধে আপত্তি উত্থাপিত হওয়ায় ১৯৬২ সনে পরিচালক সমিতি পুনর্গঠিত হইতে ারে নাই। নূতন নিয়মানুসারে পরিচালক সমিতি পুনর্গঠিত করিবার জন্য মধ্যশিক্ষা পর্ষদকে ানান হইয়াছে। নির্বাচনের দিন এখনও ধার্য্য হয় নাই।

Shri Monoranjan Bakshi:

াননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ম্যানেজিং কমিটির নির্বাচন কত বছর অন্তর হয় ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

িন বছর অন্তর।

Shri Monoranjan Bakshi:

তিন বছর অন্তর হলে নির্বাচন না হওয়ার কারণ কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

যিনি আজীবন সভ্য আছেন তাঁকে প্রস্তাব পাঠিয়েছিলেন, তিনি আজীবন সভ্য হতে পারেন না বলে আপত্তি আসায় দেরী হয়। বোর্ড এটা বিচার করে দেখবেন আপত্তি যেটা এসেছে সেটা সঠিক কিনা, যদি দেখেন তিনি আজীবন সভ্য হতে পারেন না তাহলে তাঁকে লিস্ট থেকে বাতিল করতে পারেন।

Shri Sailendra Nath Adhikary:

লাইফ মেম্বার হওয়ার কোয়ালিফিকেশন কি বোর্ডের মতে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আজীবন সভ্য হওয়ার জন্য বোধ হয় দশ হাজার টাকা এককালীন দিতে হয় বা সেই রকম মূল্যের ভূসম্পত্তি দিতে হয়।

Shri Kashi Kanta Maitra:

আমরা সভ্য বলে কি কোন অগ্রাধিকার আছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

লাইফ মেম্বার মানে যদি আমরণ বলেন তাহলে হতে পারে।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বল্লেন নতুন নিয়ম অনুসারে ম্যানেজিং কমিটির ইলেকশন হবে। নতুন নিয়ম আমি দেখেছি, তাতে আছে নমিনেশন পেপার স্ক্রুটিনি হবার পর দাখিল করতে হবে, এই অদ্ভুত ব্যবস্থা সম্পর্কে আপনি অবহিত আছেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এ সম্পর্কে আমি অবহিত নই, তবে এটা এই প্রশ্ন থেকে উঠে না।

Shri Birendra Narayan Roy:

মন্ত্রিমহাশয় (গ)র উত্তরে বলেছেন প্রেজেণ্ট ম্যানেজিং কমিটি ইলেক্ট করতে পারেন নি, তাহলে অন্যান্য স্কুলের মতো অ্যাডহক কমিটি করে ইলেকশন করা হচ্ছে না কেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

করা হচ্ছে না কেন সেটা বোর্ড বুঝবে।

Shri Sailendra Nath Adhikary:

এর কারণ কি তদ্বিরের জোর আছে বলে।

The Hon'ble Sowrindra Mohan Misra:

আমার জানা নেই, প্রশ্নকর্তা জানতে পারেন।

Shri Birendra Narayan Roy:

আপনি কি জানেন বর্তমান ম্যানেজিং কমিটির সভ্য যাঁরা তাঁরা সকলেই কংগ্রেসের সদস্য?

The Hon'ble Sowrindra Mohan Misra:

জানি না।

Governing Body of the Ranaghat College

***141.** (Admitted question No. *765.) **Shri Gour Kundu:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানাঘাট কলেজের বর্তমান গভর্ণিং বডি কোন সালে গঠিত হইয়াছে;

(খ) বর্তমান কমিটিতে কোন নির্বাচিত সভ্য আছেন কি;

(গ) ইহা কি সত্য যে গত ১০।১২ বৎসরের ভিতর নূতন কোন কমিটির নির্বাচন হয় নাই;

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(ঙ) কবে নূতন কমিটি গঠিত হইবার সম্ভাবনা আছে?

The Hon'ble Sowrindra Mohan Misra :

(ক) ২৭শে অক্টোবর ১৯৫১ তারিখে রাণাঘাট কলেজের গভর্ণিং বডি গঠিত হইয়াছে।

(খ) দুইজন ইলেকটেড টিচারস রিপ্রেজেণ্টেটিভস ছাড়া বর্তমান কমিটিতে কোন নির্বাচিত সভ্য নাই।

(গ) হঁ্যা।

(ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয় বিভিন্ন কলেজের জন্য গভর্ণিং বডির সংবিধান তৈয়ারী করিতেছিলেন এবং সময় সময় আদেশ দিয়া বর্তমান কমিটিকে কার্য্য পরিচালনা করিতে বলিয়াছেন এবং এখনও কলেজ কোড্ তৈয়ারী হইতেছে। এই সকল কারণে এতদিন নূতন কমিটি গঠন করা হয় নাই।

(ঙ) ইতিপূর্বেই রাণাঘাটের মহকুমা শাসককে লেখা হইয়াছে যে তিনি পুরাতন গভর্ণিং [illegible] একটি নূতন গভর্ণিং বডি পুরাতন আদেশমত করিবার জন্য প্রস্তাব দিন। [illegible] হইতে এ বিষয়ে প্রস্তাব পাইলেই একটি নূতন গভর্ণিং বডি অনুমোদনের বিষয় বিবেচনা করা হইবে। অবশ্য কলেজ কোড্ অনুমোদিত হইলেই নূতন আইন মত নূতন গভর্ণিং বডি গঠিত হইবে।

Shri Gour Chandra Kundu :

কতদিন আগে মহকুমা শাসককে চিঠি লেখা হয়েছে?

The Hon'ble Sowrindra Mohan Misra :

প্রায় ৬ মাস আগে।

Shri Gour Chandra Kundu :

কোন উত্তর পাননি এর মধ্যে?

The Hon'ble Sowrindra Mohan Misra :

এখনো পাইনি।

Shri Gour Chandra Kundu :

ইলেকটেড মেম্বারদের নাম বলতে পারেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra :

না।

Shri Gour Chandra Kundu :

কোন সালে নির্বাচিত হয়েছেন বলতে পারেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra :

১৯৫১ সালের ২৭শে অক্টোবর গভর্ণিং বডি গঠিত হয়েছে।

Shri Gour Chandra Kundu :

১৯৫১ সাল থেকেই তাঁরা আছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra :

১৯৫১ সাল থেকেই আছেন। (ঘ)র উত্তরে আমি বলেছি কলিকাতা বিশ্ববিদ্যালয় বিভিন্ন কলেজের জন্য স্ট্যাটুট তৈরী করছেন, সময় সময় আদেশ দিয়ে বর্তমান কমিটিকে কার্য পরিচালনা করতে বলেছেন।

Shri Gour Chandra Kundu :

এই নমিনেটেড কমিটির সেক্রেটারী কে বলতে পারেন?

The Hon'ble Sowrindra Mohan Misra :

না।

Shri Nepal Chandra Roy:

রাণাঘাট কলেজটি স্পনসরড কলেজ, না প্রাইভেট কলেজ?

The Hon'ble Sowrindra Mohan Misra :

অল্পদিন হল স্পনসর্ড কলেজ হয়েছে।

Shri Nepal Chandra Roy:

স্পনসর্ড কলেজ যদি হয় তাহলে সেখানে সরকারের দায়িত্ব আছে। সেখানে প্রফেসার ত্রিবেদী বলে একজন প্রফেসার আছেন যার বিরুদ্ধে সেখানকার ছেলেরা চাইনিজ অ্যাগ্রেসন-এর সময় তাকে প্রোচাইনিজ বলে।

Mr. Speaker :

মিঃ রায়, আপনি অনেকদূরে চলে যাচ্ছেন।

Shri Nepal Chandra Roy:

না, স্যার আমি কলেজ কম্পাউণ্ডেই আছি।

Mr. Speaker :

আপনার প্রশ্নটা করুন।

Shri Nepal Chandra Roy:

প্রফেসর ত্রিবেদীর বিরুদ্ধে সেখানকার ছাত্রদের কাছ থেকে, এমন কি পুলিস কর্তৃপক্ষের কাছ থেকেও দেশদ্রোহিতার রিপোর্ট এসেছে ম্যানেজিং কমিটির কাছে, তৎসত্ত্বেও এখনো পর্যন্ত ম্যানেজিং কমিটি তাঁকে সরিয়ে দেননি কেন আমি তার জবাব চাই।

The Hon'ble Sowrindra Mohan Misra :

এখানে প্রশ্ন ছিল কলেজ গভর্নিং বডি সম্বন্ধে। সেই কলেজে প্রফেসার ত্রিবেদী বলে কেউ আছেন কি নেই আমি তার জবাব দিতে পারব না।

Shri Gour Chandra Kundu :

মন্ত্রিমহাশয় জবাব দেবেন কি বর্তমান ম্যানেজিং কমিটির নমিনেটেড্ সেক্রেটারি একজন কংগ্রেসের সদস্য কি না ?

The Hon'ble Sowrindra Mohan Misra :

সম্পাদককে আমি জানি না—তিনি কংগ্রেসের না কম্যুনিস্ট পার্টির সদস্য তাও জানি না।

[1—1. 10 p.m.]

Shri Ranendra Nath Dutta :

On a point of personal explanation, Hon'ble Minister যে উত্তর দিয়েছেন তার সঙ্গে আমি এইটুকু বলতে চাই যে 'ওই স্কুল-এ লাম্প গ্রাণ্ট (noise and interruptions) স্কুল-এর কোন লাম্প গ্র্যাণ্ট এর বিষয়ে রেজিওনাল ক্লাস-এর বাইরে; আমার বিরুদ্ধে হয়নি। বর্তমান পি. এস. পি. সেক্রেটারি ম্যানিসাসনি একটা কেস করেছেন আমার বিরুদ্ধে।

Shri Kashi Kanta Maitra :

যেটা মাননীয় সদস্য আর. এন. দত্ত পারসোনাল এক্সপ্লানেসনে বলেছেন—

The Hon'ble Bijoy Singh Nahar : On a point of order—

আমার কথা হচ্ছে...........

এই ক্লজের উপর যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি সেই অ্যামেণ্ডমেণ্ট আলাদা আলাদা করে বলার আগে আমি সমগ্র ক্লজের উপর দুচার কথা বলতে চাই। এখানে জনসাধারণের পক্ষ থেকে একেবারে নির্বাচিত প্রতিনিধি নেওয়ার কোন ব্যবস্থা নাই। এটা আমি বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি এজন্য যখন পঞ্চায়েতগুলির নির্বাচন হয় তখন যদি এলাকায় যান তাহলে দেখবেন বিশেষ করে অঞ্চল পঞ্চায়েতে কি ধরণের লোকেরা আসছে আমি আগেও বলেছি এবং এগুলি গুরুত্বপূর্ণ বলে আবার বলছি যখন অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন হয়, তখন গ্রাম পঞ্চায়েতের কয়েকজন মেম্বার তাদের অঞ্চল পঞ্চায়েতের মেম্বার নির্বাচিত করে। সুতরাং গ্রামের ধনী যারা তাঁরা টাকা পয়সা খরচ করে মেম্বারদের হাত করে হয়ে যান। জনসাধারণের যাদের সত্যিকারের আসা উচিত তারা আসতে পারে না। বিশেষ করে এ বিষয়ে নজর দেওয়া উচিত। যারা ধনী গ্রামের লোক যারা শোষণ করে তারাই বেশী পরিমাণে অঞ্চল পঞ্চায়েতে চলে আসে। সেজন্য আমি মনে করি জনসাধারণের সত্যিকারের প্রতিনিধি কিছু থাকা দরকার। আমার এ্যামেণ্ডমেণ্ট ১৩৮ যদি দেখেন দেখবেন

Prodhans and Presidents of the Union Boards within the block

মেম্বার কে কে হবে। আমি চাইছি in 49(1)(a), in lines 1 and 2, the words "and Presidents of the Union Boards within the bolck" be omitted.

এটা বলার উদ্দেশ্য হল জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ গঠন করছি কিসের ভিত্তিতে? আমাদের সমস্ত এলেকাই অঞ্চল হয়ে যাবে। এখন আপনিই বলেছেন আমাদের যেখানে যেখানে অঞ্চল গঠন হয়নি, পঞ্চায়েত নির্বাচন হয়নি খুব শীঘ্র করবেন, কাজেই আশা করবো বহু জায়গায়ই পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবে, দু-চারটি জায়গায় বাকী থাকবে, এবং সেখানে শীঘ্রই করে নেবেন। তাহলে ইউনিয়ন বোর্ড বলে কোন জিনিষ থাকবে না, যখন থাকবে না তখন এ্যাক্টে ইউনিয়ন বোর্ডের কথা কেন বলছেন?

এটা বলার উদ্দেশ্য হল এই যে জিলা পরিষদ আঞ্চলিক পরিষদ গঠন করছেন কিসের ভিত্তিতে এখন আপনি বলেছেন যেখানে যেখানে অঞ্চল গঠিত হয়নি পঞ্চায়েত নির্বাচন হয়নি আমরা খুব শীঘ্র করব। তাহলে আমরা এইটুকু আশা করি যতদিনে এই আইন চালু হবে ততদিনে বহু জায়গায় পঞ্চায়েত নির্বাচন হয়ে যাবে তাহলে ইউনিয়ন বোর্ড বলে আর কোন জিনিষ থাকবে না—যখন থাকবে না তখন অ্যাক্ট-এর মধ্যে প্রেসিডেণ্ট এব

ইউনিয়ন বোর্ড থাকার কি মানে থাকতে পারে। সেই জন্য আমি বলছি প্রেসিডেণ্ট অব ইউনিয়ন বোর্ডটা তুলে দিন। কেন না আপনার উদ্দেশ্য হচ্ছে সমস্ত জায়গায় পঞ্চায়েত নির্বাচন করব।

তার পরে ১৩৯তে আমি বলছি এখান থেকে আমার অ্যামেণ্ডমেণ্টগুলি আপনার কথামত, যেমন আপনি বলছেন যে প্রধান এবং প্রেসিডেণ্ট অব ইউনিয়ন বোর্ড উইদিন দি ব্লক থাকবে নিজের কথাগুলি কনট্রাডিক্ট করে যাচ্ছেন পরবর্তী জায়গাগুলিতে। কেন না আপনি ধরে নিচ্ছেন ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট হয়ত তখনও থেকে যাবে এবং প্রেসিডেণ্টদের আনতে হবে আঞ্চলিক পরিষদে। যদি তা হয় সেটাই যদি আপনার সত্যি হয় তাহলে এর পরবর্তী যে ধারাগুলি আপনি করেছেন সেখানে তো ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট কিম্বা ইউনিয়ন বোর্ডের মেম্বার তাদের কোন উল্লেখ নাই। সেখানে আপনি খালি অধ্যক্ষ, প্রধান ইত্যাদি বলে যাচ্ছেন। আপনি যদি লক্ষ্য করেন যে ১ নম্বর প্রভাইসোতে

'If any Pradhan communicates to the President of the Anchalik Parishad in writing".

ইত্যাদি ইত্যাদি, সে যদি কাজ করতে না চায় তাহলে এখানে প্রধান নাও তো হতে পারে সেখানে প্রেসিডেণ্ট অব ইউনিয়ন বোর্ড হতে পারে। তাহলে আইনটার যে ভাষা সেটাকে রচনা করলে সেটা কভার করছে না। যে ইফ এনি প্রধান এমন কি কোন জায়গায় যদি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট থাকে সে হয়ত জানাতে পারে যে, না আমি কাজ করব না— তাহলে এটা কি আপনি বলতে চান যে এখানে প্রধান আছে এবং যারা প্রধান হয়ত আসবেন তারাই খালি অনিচ্ছা প্রকাশ করতে পারবেন কিম্বা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট যদি কেউ আসেন তাহলে কি তিনি অনিচ্ছা প্রকাশ করতে পারবেন না। সেজন্য আমার মনে হয় বিলটা ভুল রচনা করা হয়েছে। সেইজন্য বলছি আমাদের অ্যামেণ্ডমেণ্ট যদি নেন তাহলে যে ভাষার ভুল আছে সেটা ঠিক হয়ে যাবে। সুতরাং আমি মনে করি যে ঐ প্রোভাইসোর পর হবে

If any President of union board

হবে, তারপর ১৪০তে বলছি ঐ

49 (1) (a) in the proviso line after the words

অঞ্চল পঞ্চায়েত দি ফলোয়িং ওয়ার্ড বি ইনসারটেড 'অর ইউনিয়ন বোর্ড' তাহলে ইউনিয়ন বোর্ড যদি থাকে তাহলে অঞ্চল পঞ্চায়েত নিশ্চয়ই থাকছেন তাহলে অঞ্চল পঞ্চায়েতের জায়গায় ইউনিয়ন বোর্ড করতে হবে। অর্থাৎ আমি একটা একটা করে না বলে ঐ সবগুলি বলছি যে যেখানে ইউনিয়ন বোর্ড কিম্বা প্রধান রয়েছে সেখানেই প্রেসিডেণ্ট অব দি ইউনিয়ন বোর্ড কিম্বা ইউনিয়ন বোর্ড করতে হবে।

তারপর ১৪১তেও তাই রয়েছে প্রধানের পরেই অর দি প্রেসিডেণ্ট করতে হবে

তারপর ১৪২ অ্যামেণ্ডমেণ্ট এ আমি বলছি যে

49(1)(b), in line 1, after the word "Adhyaksha" the following be inserted:

"or one Union Board member".

এখানে লক্ষ্য করলে দেখা যাবে যে আঞ্চলিক পরিষদের মেম্বার কে কে হবে না প্রত্যেক অঞ্চল পরিষদ থেকে প্রধান কিম্বা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট এবং প্রত্যেক অঞ্চল থেকে একজন করে অধ্যক্ষ। যেখানে এখনও পঞ্চায়েত নির্বাচন হয়নি ইউনিয়ন বোর্ড রয়েছে সেখানে কি হবে অধ্যক্ষ তো নেই তাহলে কি হবে খালি প্রেসিডেণ্ট অব দি ইউনিয়ন বোর্ড আসবে, আর কেউ আসবে না ইউনিয়ন বোর্ড থেকে। আপনি দেখুন ইউনিয়ন বোর্ডের অন্যান্য লোক আসবে তার কি প্রভিশন এখানে রয়েছে, কিছুই নেই। সেইজন্য আমি বলছি যে ইউনিয়ন বোর্ডএর একটা একটা করে ওয়ার্ড আছে সেই ইউনিয়ন বোর্ড-এর ওয়ার্ড থেকে এক এক জন করে লোক নিয়ে আসতে হবে কারণ সেখানে কোন অধ্যক্ষ নেই

সেই জন্য বলেছি আফটার দি "ওয়ার্ড অধ্যক্ষ"
The word or one Union Board member
নিয়ে আসতে হবে।

তারপর ১৪৩তে আমি বলছি
49(1)(b). in line 2. after the word
অঞ্চল পঞ্চায়েত দি ওয়ার্ড ইউনিয়ন বোর্ড বি ইনসারটেড এটার ভিত্তি ঐ একই।

তারপর 144 that in clause 49(1)(b), in line 2, after the word "Adhyaksha" the following word be inserted :
"or Union Board member".
আমার যুক্তিটা ঐ একই।

তারপর 145 to move that in 49(1)(a), in the first proviso, in lines 2, 7 and 10 after the word "Adhyakshas" the words "Union Board members" be inserted.

ঐ একই যুক্তি।

তারপরে ১৪৬এ ঐ একই যুক্তি। তারপরে ১৪৭ টায় আমি একটু বলব এখানে সেক প্রোভাইসোতে বলা হয়েছে যে

"Provided that if there be no Anchal Panchayat within the territorial limits of a Union board the State Government may appoint a person residing within such territorial limits as a member".

[1-40—1-50 p.m.]

এখানে জিনিষটা আমরা বুঝতে পারলাম না। যে এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যদি একটু পরিস্কার করে দেন তাহলে ভাল হয়। ইফ দেয়ার বি নো অঞ্চল পঞ্চায়েত

within Territorial limit within Union board,

ইউনিয়ন বোর্ডের মধ্যে আবার অঞ্চল পঞ্চায়েত কি করে হতে পারে এটা খুব আশ্চর্য কথা। যেখানে ইউনিয়ন বোর্ড আছে সেখানে আমরা আশা করছি অঞ্চল পঞ্চায়েত থাকবে এটা কি করে হতে পারে। আমি এর অর্থ বুঝতে পারলাম না। এটা মন্ত্রিমহাশয় আমাকে একটু বুঝিয়ে দেবেন সেজন্য আমি ওমিট করতে বলেছি।

Next comes my amendment No. 148

এখানে আমার বক্তব্য হল এই যে দুইজন মহিলা এবং ব্যাকওয়ার্ড কম্যুনিটির দুইজন লোককে আপনারা আনতে চাচ্ছেন যেটা, আমরা চাই না। সেজন্য আমি বলছি অ্যাপয়েণ্টমেণ্ট না করে নির্বাচিত করুন।

অন্তত আমি বলি গ্রাম পঞ্চায়েতের মেম্বার দ্বারা নির্বাচিত এই দুইজন মহিলা এবং ব্যাকওয়ার্ড কমিনিটির দুইজনকে আনতে পারেন।

Next comes my amendment No. 149—

আমি বলেছি জনসাধারণের দ্বারা নির্বাচিত দুই একজন প্রতিনিধি আঞ্চলিক পরিষদে থাকতে পারে সেই জন্য আমি বলেছি যখন হয়ত আপনারা পঞ্চায়েতের নির্বাচন করবেন ঠিক সেই সময় আঞ্চলিক পরিষদে যাতে আসতে পারে সেই রকম দুইজন মেম্বারকে আপনারা নির্বাচিত করে নিয়ে আসুন। তাহলে আঞ্চলিক পরিষদে নির্বাচিত প্রতিনিধি কিছু থাকবে। স্যার, আমি নির্বাচিত প্রতিনিধিদের আনার পক্ষে এই জন্য যে আমরা দেখেছি বি. ডি.

ও. আঞ্চলিক পরিষদের এক্সিকিউটিভ অফিসার হবেন এবং আমরা দেখেছি বি. ডি. ও. এর বি. ডি. ও. অফিসের কর্মচারীদের প্রভাব দারুণ এই অঞ্চল পঞ্চায়েতের ভিতরে এবং গ্রাম পঞ্চায়েতের ভিতরে। এবং আঞ্চলিক পরিষদেও ঠিক বি. ডি. ও তিনি এক্সিকিউটিভ অফিসার থাকবেন এবং সেখানে ঐ একই ধরণের লোক নিয়ে যখন কাজ করবেন তখন সেই প্রভাব তাদের মধ্যে চলে যাবে। এবং সরকারী মতামতেই কাজ হবে।

এবং এই সরকারের যে সমস্ত মতামত সেই মতামতেই তাদের মেম্বাররা কাজ করবে। সেইজন্য আমরা মনে করি যে, কিছু অন্ততঃ জনসাধারণের তরফ থেকে প্রত্যক্ষ নির্বাচিত হয়ে আসুক। আর এই প্রসঙ্গে আমি—অবশ্য অ্যামেণ্ডমেণ্ট না হলেও—এই ক্লজটার একটা সামগ্রিক সমালোচনা করতে গিয়ে এটা বলছি যে, যখন আঞ্চলিক পরিষদ গঠিত হয়ে যাবে প্রত্যেকটি ব্লক এরিয়াতে তখন একটা নূতন জিনিষ হবে। এখন আমাদের কি আছে? গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত এবং এখন নূতন করে একটা আঞ্চলিক পরিষদ হতে যাচ্ছে। এখন আঞ্চলিক পরিষদ যখন হতেই যাচ্ছে এবং তার কতকগুলি ফাংশনও রয়েছে তাহলে অঞ্চল পঞ্চায়েতকে এখন বাদ দিয়ে দেওয়া যেতে পারে, বিলোপ করে দেওয়া যেতে পারে। কারণ অঞ্চল পঞ্চায়েতের মূল্যটা কি? অঞ্চল পঞ্চায়েত ট্যাক্স নির্ধারণ করবে, ট্যাক্স আদায় করবে' এবং সেটা গ্রাম পঞ্চায়েতকে বণ্টন করে দেবে। কিন্তু যখন আঞ্চলিক পরিষদ গঠিত হয়ে যাচ্ছে তখনই আমরা মনে করি অঞ্চল পঞ্চায়েতের আর কোন মূল্য থাকছে না। প্রশাসনিক জটিলতার দিক থেকেও পঞ্চায়েতকে উঠিয়ে দেওয়া উচিত। কেন না, ট্যাক্স নির্ধারণের ভার সেটা আঞ্চলিক পরিষদ নিতে পারে এবং এখন আমরা মনে করি জেলা পরিষদ যখন গঠিত হয়ে যাচ্ছে তখন জেলা পরিষদের যত নির্দেশ, যত কাজ, তা ঐ আঞ্চলিক পরিষদের মাধ্যমে গ্রাম পঞ্চায়েতকে সহজেই নির্দেশ দিতে পারবে। গ্রাম পঞ্চায়েতই হল একমাত্র সংস্থা যেখানে লোকেরা সত্যিকারের উন্নয়নমূলক কাজ করবে এবং পরিকল্পনা করতে পারবে। এখন এই মাঝখানে এই অঞ্চল পঞ্চায়েতকে রাখবার আর কোন মানে হয় না। সেইজন্য বলছি গ্রাম পঞ্চায়েত, তারপরেই হোক অঞ্চল পরিষদ এবং তারপরেই জেলা পরিষদ। এই তিনটি লিঙ্ক যদি থাকে তাহলে এই তিনটি লিঙ্কই উন্নয়নমূলক কাজ করতে পারবে। এই বলে আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি।

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that in clause 49(1)(d) (ii), line 3, for the words "the State Government" the words "the Zilla Parishad" be substituted.

I also move that in clause 49(1)(d)(ii), line 3, for the words "the State Government" the words "the Anchalik Parishad" be substituted.

আমার এ্যামেণ্ডমেণ্ট নং ২৫৮ এবং ২৫৯। এখানে আমি যেটা বলতে চেয়েছি আমার এ্যামেণ্ডমেণ্ট সেটা হচ্ছে, যেখানে আঞ্চলিক পরিষদে মহিলা এবং ব্যাকওয়ার্ড, পশ্চাৎপদ সম্প্রদায়ের লোক, তাদের সরকার কর্তৃক মনোনয়ন দেবেন সেখানে আমার বক্তব্য হচ্ছে যে আগাগোড়া, প্রথম পৃষ্ঠা থেকে শেষ পৃষ্ঠা পর্যন্ত যেখানে লোক পূরণ করার কথা সেখানেই স্টেট গভর্নমেণ্টের হাতে তা এসে যাচ্ছে। স্টেট গভর্নমেণ্ট নিজেরা এত কাজের দায়িত্ব নিতে যাচ্ছেন কেন? একটা অঞ্চল পরিষদ থেকে মহিলা সদস্য নিতে হবে, আঞ্চলিক পরিষদে ব্যাকওয়ার্ড শ্রেণীর সদস্য নিতে হবে তারজন্য স্টেট গভর্নমেণ্টকে মাথা ঘামাতে হবে কেন? সেখানে যদি আমরা আঞ্চলিক পরিষদ গঠন করতে পারি, যদি জেলা পরিষদ গঠন করতে পারি,—নীতিগতভাবে আপনারা প্রত্যক্ষ ভোটের মারফত, যদি এই নির্বাচন নাও গ্রহণ করেন তথাপি রাজ্য সরকারের হাতে সমস্ত ক্ষমতা, এত পাঁচ মিশালি কাজ পুঞ্জীভূত করে লাভ কি? রাজ্য সরকারের হাত থেকে কিছু ক্ষমতা ছেড়ে দিন। সুতরাং এ জায়গায় আমার বক্তব্য হচ্ছে যেখানে আঞ্চলিক পরিষদে মহিলা সদস্যা এবং পশ্চাতপদ সম্প্রদায়ের সদস্য রাখবার কথা সেখানে রাজ্য সরকারের আর হাত না বাড়িয়ে সেই ভার দিয়ে দেন জেলা পরিষদের উপর কিম্বা আঞ্চলিক পরিষদের উপর। কাজেই আমি আমার এই এ্যামেণ্ডমেণ্ট রাজ্য সরকারের জায়গায় জেলা পরিষদ করতে বলেছি। আর ২৫৯ নং টা যদি ভাল বোঝেন তাহলে এই টা নিতে পারেন। আঞ্চলিক পরিষদে ব্যাকওয়ার্ড ক্লাসের, যারা মহিলা সমাজের

মঞ্জুর করবেন সেই হিসাবে আঞ্চলিক পরিষদ সদস্য করতে পারবেন। রাজ্য সরকারের নিজের হাতে সমস্ত ক্ষমতা না নিয়ে নমিনেশন বা এ্যাপয়েন্টমেন্ট করার ক্ষমতাটা জেলা পরিষদ কি অঞ্চল পরিষদকে ছেড়ে দিন। খানিকটা বিকেন্দ্রীকরণ করুন জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদকে ক্ষমতা ছেড়ে দিন।

[1-40—2 p. m.]

Dr. Kanai Lal Bhattacharya: I move that in clause 49(1)(b), line 2, for the word "Adhyakshas" the word "Panchayats" be substituted.

I move that in clause 49(1)(b), line 3, the words "from among themselves" be omitted.

I move that in first proviso to clause 49(1)(b), line 2, for the word "Adhaksha" the word "Panchayats" be substituted.

I move that in first proviso to clause 49(1)(b), lines 7 to 13, the words beginning with "and in case" and ending with "duly elected member" be omitted.

I move that clause 49(1)(e) be omitted.

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমার এখানে যে এ্যামেন্ডমেন্টগুলি আছে সেগুলি মোটামুটি ৪৩নং ধারায় যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছিলাম সেই রকম ধরণের। আমি আমার ২৩২নং এ্যামেণ্ডমেন্ট কেবল মুভ করছি না। তা ভিন্ন আমার আর যে এ্যামেণ্ডমেন্টগুলি আছে, ২২৮, ২২৯, ২৩০, ২৩১ এবং ২৩৩ সেগুলি মুভ করছি। মুভ করতে গিয়ে আমি একটাই বলছি যে মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে একটু বিবেচনা করুন—অন্তত এই আঞ্চলিক পরিষদে যে অধ্যক্ষ নির্বাচিত হবেন তারা যাতে পঞ্চায়েতদারদের ভোটে নির্বাচিত হন সেদিকে দৃষ্টি রাখবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি এবং সেই অনুযায়ী আমার এই এ্যামেণ্ডমেণ্টগুলি নেবার কথা বলছি। এবং ৪৯ ধারার ১নং উপধারায় বি ক্লজে যে প্রোভাইসো আছে তার শেষের কয়েকটি লাইন আমি বাদ দিতে বলছি এইজন্য যে এই লাইনটা দেবার কোন প্রয়োজন নেই। যদি অধ্যক্ষরা নির্বাচন করতে না পারেন তাহলে দ্বিতীয়বার তারা চান্স দেওয়া হবে কিন্তু তৃতীয়বার দেওয়া হবে না। আমার মনে হয় নির্বাচন পদ্ধতি যদি ঠিকমত বিধিবদ্ধ করা যায় তাহলে একবারেই নির্বাচন ঠিকমত হবে—এর জন্য স্টেট গভর্নমেন্টের হাতে কোন স্পেশ্যাল ক্ষমতা নেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আমার শেষ এ্যামেণ্ডমেণ্টটা হচ্ছে—ঐ যে দুজন সদস্যকে গ্রহণ করার কথা হয়েছে কো-অপ্ট করে এটাকে বাদ দেবার জন্য। আমি মনে করি যে এই রকম ধরণের কো-অপশনের ক্ষমতা যদি দেওয়া হয় তাহলে শেষ পর্যন্ত হবে এই যে এ নিয়ে কিছুটা রাজনৈতিক দলাদলি হবে এবং খটাখটি হবে—সেটা হওয়া বাঞ্ছনীয় নয়। যারা ক্ষমতায় আসীন থাকবেন তারা নিজের মনোনীত দুজন লোক বাইরে থেকে নেবেন এটা যতই এখানে বিধিবদ্ধ থাক আইনে এবং যতই লেখা থাক যে

Knowledge of and experience in social and rural development work.

এটা কেউই মানবে না এবং এ নিয়ে নানা রকম প্রশ্ন পর্যন্ত উঠতে পারে এমন কি কোর্টেও গড়াতে পারে। যদি এমন কোন লোক নির্বাচিত হয়—তারা সত্যিকারের আসে কি না জানা—এ নিয়ে মামলাও হতে পারে। এই রকম ধরণের একটা থাকা উচিত নয়। শুধু যদি থাকতো যে ২ জন লোককে নিয়ে নেবে তাহলে বুঝতাম করপোরেশনের অল্ডারম্যান নির্বাচনের মত—যে করপোরেশনের মেজরিটি পার্টি অল্ডারম্যান ইলেক্ট করে তার মেজরিটিটাকে ভালভাবে বজায় রাখবার জন্য তাহলে বুঝতে পারতাম সেখানে পার্টির দ্বারা পরিচালিত হয়; এখানে যদি সেই নীতিটা গ্রহণ করা যেত কিছুটা বোধগম্য হোত তাহলে কিন্তু এখানে আইনের মধ্যে দেওয়া রয়েছে

Who have knowledge of or experience in social or rural development work.

এটা বিচার করবে কে? এটা সত্যিই তার নজির আছে কি না আছে—এটা বিচার করার ভার কার উপর থাকবে? সেজন্য মনে করি এটা বাদ দেওয়া ভাল কো-অপসনের কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না।

Shri Sudhir Chandra Das: I move that in clause 49(1)(b). line 2. for the word "Adhyakshas" the words "members of the Gram Panchayats and Anchal Panchayat" be substituted.

I move that clause 49(1)(d)(i) be omitted.

আমার এ্যামেণ্ডমেণ্ট ২৮৩ এবং ২৮৪ আমি মুভ করছি। ইতিপূর্বে এই প্রসংগটা উঠেছে এবং কানাইবাবু সেটা তুলেছেন প্রথমেই আমি সেটাই বেশী করে তুলে ধরিছ। প্রত্যক্ষ নির্বাচনের কথা তো আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়, সিলেক্ট কমিটির অধিবেশন থেকে স্বীকার করেন নি এবং করছেন না—আমাদের বহু এ্যামেণ্ডমেণ্ট এসেছে। আমাদের প্রস্তাব ছিল যদি প্রত্যক্ষ নির্বাচন যদি নাও করেন যেটা আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি সেটা হচ্ছে অধ্যক্ষ যাঁরা নির্বাচিত হবেন—কানাইবাবু যেটা তুলেছেন আমারও ঠিক সেই এ্যামেণ্ডমেণ্ট। ৬।৭ গ্রাম সভা থাকবে। মন্ত্রিমহাশয় জানেন নিশ্চয়ই যে ৬।৭টি গ্রামসভার উপরে একটি অধ্যক্ষ যদি নির্বাচন করতে হয়। তাহলে ৬।৭টি ভোটার। কারণ গ্রামসভায় ৭।৮ জনের বেশী নেই। তাহলে ঐ ৭।৮ জনের ভোটের মধ্যে নির্বাচিত হয়ে চলে আসবেন। আমরা তুলেতে চাচ্ছি এটা—কারণ এতে অনেক রকম ম্যানুপুলেসন হবে বহু কাণ্ড হবে এবং তা তাড়াতাড়ি করা সম্ভব হবে—তাই বলছি যে কিছুটা ভাল হতে পারে যদি আপনারা গ্রাম পঞ্চায়েৎ এবং অঞ্চল পঞ্চায়েতের সভ্যদের দ্বারা নির্বাচিত হয়ে অধ্যক্ষ যদি আসেন তাহলে কিছু ভাল বেশ হবে এবং কিছু লোকের বেশী সংখ্যক ভোটে তিনি আসতে পারবেন। এটা গ্রহণ করার পক্ষে মাননীয় মন্ত্রিমহাশয়ের কোন অসুবিধা নেই বলে আমি মনে করি।

এই সামান্য একটু অধিকার দিলে কোন অসুবিধা হবে বলে মনে করি না। খুব সম্ভব কোথাও ৪০টা, কি কোথায়ও ৫০টা, এর থেকে খুব বেশী হলে ১ শো টা ভোট নিয়ে তাকে আসতে হবে। তারপর যে কথা তোলা হয়েছে সেটা হচ্ছে আমরা বরাবর বলেছি যে জেলা পরষদে মনোনয়ন চাই না। আমরা বলেছি যে অঞ্চল পরিষদে মনোনয়ন কিছুতেই থাকা উচিত নয়। কেন অনগ্রসর শ্রেণীর পক্ষ থেকে দু'জন মহিলা এবং দু'জন লোক মনোনয়নের মধ্য দিয়ে আসবেন? কানাইবাবু ঠিক যুক্তি দিয়েছেন যে স্টেট গভর্নমেণ্ট মনোনয়ন করবেন এটা চলতে পারে না। সেজন্য এটা বাদ দেওয়ার কথা বলেছি। এই দুটো বাদ দিলে পরিষ্কার পরিচ্ছন্ন হবে। সেখানে অধ্যক্ষ থাকছেন, প্রধান থাকছেন, ব্লক ডেভেলপমেণ্ট অফিসার থাকছেন, আইনসভার সদস্য আছেন এম. এল. সি, এম. পি. থাকছেন। তার উপর মনোনীত দু'জন সদস্যকে কেন রাখবেন? আর একটা প্রশ্ন যেটা আমার বন্ধু ইয়াজদানী তুলেছেন সেটা সত্যিকারে খুব গোলমেলে জিনিস এটা পরিষ্কার করে দেওয়া দরকার। এখানে বলছেন—

(a) Pradhans and Presidents of the Union Boards within the Block ex-officio.

তার পরেই প্রোভাইসোতে বলছেন—

Provided further that if there be no Anchal Panchayat within the territorial limits of a Union Board the State Government may appoint a person residing within such territorial limits as a member".

এটা সেল্ফ কণ্ট্রাডিকসান বলে আমি মনে কর। এটা কি করে হবে? এটা দরকার হলে পরিষ্কার করে দিন, তা না হলে অদ্ভুত গোলমেলে অবস্থা হবে বলে আমি মনে করি। আপনারা একবার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্টকে নিচ্ছেন, ইউনিয়ন বোর্ডকে স্বীকার করে নিয়ে তারপর বলছেন যদি অঞ্চল পঞ্চায়েত এলাকায় ইউনিয়ন বোর্ড না থাকে তাহলে স্টেট গভর্নমেণ্ট একজনকে এ্যাপয়েণ্ট করবেন। এ কথার অর্থ কি বুঝতে পারলাম না। সুতরাই অধ্যক্ষের যখন নির্বাচন হবে তখন সেখানে নিশ্চয়ই ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট

হিসাবে ভোট দেওয়ার অধিকার থাকবে। যদি এমন অবস্থা হয় যে নির্বাচন না করতে পারলে প্রেসিডেণ্ট থেকে যান তাহলে নিশ্চয়ই অধ্যক্ষের জায়গায় প্রেসিডেণ্ট, ইউনিয়ন বোর্ড বলে এটুকু যুক্ত করে নিয়ে সামঞ্জস্যপূর্ণ করা উচিত। তা না হলে এটা অসংগতিপূর্ণ হবে বলে আমরা মনে করি।

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(a), in lines 1 and 2, the words "and Presidents of the Union Boards within the block" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(a), in the proviso, in line 1, after the word "Pradhan", the following words be inserted: "or President of a Union Board" was then put and lost.

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(a), in the proviso, in line 9, after the words "Anchal Panchayat", the following words be inserted:

"or the Union Board".

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(a), in the proviso, in line 10, after the word "Pradhan" the words "or the President" be inserted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(b), in line 1, after the word "Adhyaksha" the following be inserted.

"or one Union Board member",

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(b), in line 2, after the words "Anchal Panchayat" the words "Union Board" be inserted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(b), in line 2, after the word "Adhyakshas" the following words be inserted:

"or Union Board Members",

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(b), in the first proviso, in lines 2, 7 and 10, after the word "Adhyakshas" the words "Union Board members" be inserted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(b), in the first proviso, in line 3, after the words "Anchal Panchayat" the words "Union Board" be inserted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(b), the second proviso be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 49(1)(d), for items (i) and (ii), the following be substituted:

> "(d) two women and two persons belonging to a backward community, having a place of residence in the block and having names entered in the Electoral Roll for Assembly Constituency, elected by members of Gram Panchayats in the block area,".,

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that after Clause 49 (1)(e), the following be added:

> "(f) two persons having a place of residence in the block and having names entered in the Electoral Roll for Assembly Constituency, one from each of two such constituencies comprised in the block as may be specified by notification--elected by voters as in the Electoral Roll for Assembly Constituency in each such Constituency at such time and in such manner as may be prescribed."

was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 49(1)(b). line 2, for the word "Adhyakshas" the word "Panchayats" be substitued, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 49(1)(b), line 3, the words "from among themselves" be omitted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in first proviso to clause 49(1)(b) line 2. for the word "Adhyaksha" the word "Panchayats" be substituted. was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in first proviso to clause 49(1)(b), lines 7 to 13, the words beginning with "and in case" and ending with "duly elected member" be omitted, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that clause 49(1)(e) be omitted, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that in clause 49(1)(b), line 2, for the word "Adhyakshas" the words "members of the Gram Panchayats and Anchal Panchayat" be substituted, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that clause 49(1)(d)(i) be omitted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 49(1)(d)(ii), line 3, for the words "the State Government" the words "the Zilla Parishad" be substituted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 49(1)(d)(ii), line 3, for the words "the State Government" the words "the Anchalik Parishad" be substituted, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 49(1)(a), lines 1 and 2, for the words "Prodhans and Presidents of the Union Boards within the block— ex-officio" the words "one member of each Anchal Panchayat or Union Board elected by the members of that Anchal Panchayat or Union Board within the block" be substituted, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the following third proviso be added to clause 49(1)(b):—

> "Provided further that if there be no Anchal Panchayat within the territorial limits of a Union Board, the members of that Union Board may elect a Anchalik member among themselves",

was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 49(1)(d)(ii), line 3, for the words "appointed by the State Government" the words "co-opted by the members in such manner as may be prescribed" be substituted, was then put and lost.

The question that clause 49 do stand part of the Bill was then put and agreed to.

Clause 49A

The question that Clause 49A do stand part of the Bill was then put and agreed to.

Clause 50

The question that Clause 50 do stand part of the Bill was then put and agreed to.

[2—2-10 p. m.]

Clause 51

Dr. Golam Yazdani; Sir, I beg to move that in clause 51(5), the following words be added at the end —

> "within a period which shall not exceed three weeks from the date of such vacancy".

এখানে মি: স্পীকার স্যার, আঞ্চলিক পরিষদের প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্ট-এর পদ যদি শূন্য হয়ে যায় একসঙ্গে তাহলে কি ভাবে আবার তা পূরণ করা হবে সেকথা বলা হয়েছে এবং এখানে বলা হয়েছে যে সেই পদ যদি একসঙ্গে শূন্য হয়ে যায় তাহলে স্টেট গভর্ণমেণ্ট একজন প্রেসিডেণ্ট কিম্বা ভাইস-প্রেসিডেণ্ট ঠিক করে দেবেন। এখানে আমার কথা হল যে আঞ্চলিক পরিষদ যখন রয়েছে তখন প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্ট আঞ্চলিক পরিষদের মেম্বাররা নিজেদের মধ্যে ঠিক করবেন। এটা খুব সহজ ব্যাপার নয় যে প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্ট একসঙ্গে হয়ত মারা গেলেন কিম্বা একসঙ্গে রেজিগনেশন দিলেন—এটা [illegible] ঘটনা কিন্তু যদি তা ধরে নেয়া যায় তাহলে সেই আঞ্চলিক পরিষদের মেম্বাররা ঠিক করবে তার প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্টকে সেখানে কেন গভর্নমেণ্ট করে দেবেন? আর যদি করতে হয়ে তাহলে ৩ সপ্তাহের মধ্যে আবার কেন মেম্বাররা প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্ট নির্বাচন করেন। সেজন্য দিয়েছি যে ৩ সপ্তাহের মধ্যে ই ভেকান্সি আঞ্চলিক পরিষদের মেম্বাররা আবার পূরণ করবেন।

Shri Ananda Gopal Mukhopadhyay: Sir, I beg to move that in sub-clause (1) of clause 51, the words, brackets and letters "sub-clauses (a), (b), (d) and (e) of" be omitted.

I also move that sub-clause (7) of clause 51 be omitted.

The Hon'ble Saila Kumar Mukherjee: I oppose the amendment of Dr. Golam Yazdani, as I don't think any specific period is necessary. I accept both the amendments of Shri Ananda Gopal Mukhopadhyaya.

The motion of Shri Ananda Gopal Mukhopadhyay that in sub-clause (1) of clause 51, the words, brackets and letters "sub-clauses (a), (b), (d) and (e) of" be omitted, was then put and agreed to.

The motion of Shri Ananda Gopal Mukhopadhyay that sub-clause (7) of clause 51 be omitted, was then put and agreed to.

The motion of Dr. Golam Yazdani that in clause 51(5) the following words be added at the end —

> "within a period which shall not exceed three weeks from the date of such vacancy"

was then put and lost.

The question that clause 51, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 51A

The question that clause 51A do stand part of the Bill was then put and agreed to.

Clause 52

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 52(1), at the end, the following proviso be added:—

> "Provided that at the first instance he shall be suspended from his duties and that such removal shall not be made unless a decision for his removal is given by a Judge not below the rank of a Subordinate Judge to whom the matter shall be referred."

মি: স্পীকার স্যার, এই ধরাটাতে প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্ট বরখাস্ত করে দিতে পারবেন, দূর করে দিতে পারবেন গভর্নমেণ্টকে, সেটা দেয়া হয়েছে। এখানে আমার কথা হল যে প্রেসিডেণ্ট এবং ভাইস-প্রেসিডেণ্টকে এরকম ভাবে অপমান করার কোন অর্থ হয় না তুচ্ছ কারণে।

এই সমস্ত কারণগুলি কোন কারণ নয় যার জন্য স্টেট গভর্নমেণ্ট তাঁকে দূর করে দেবেন। মন্ত্রিমহাশয়ের কাছে আমার বক্তব্য হচ্ছে আঞ্চলিক পরিষদের প্রেসিডেণ্ট বা ভাইস-প্রেসিডেণ্ট যদি ভালভাবে কাজ না করেন তাহলে মেম্বাররাই নো কনফিডেন্স মোসন এনে তাঁদের তাড়িয়ে দিতে পারেন। কাজেই স্টেট গভর্নমেণ্ট কেন করবেন? স্যার, আমরা জানি গ্রাম পঞ্চায়েতের, অঞ্চল পঞ্চায়েতের ক্ষেত্রে যাঁরা রয়েছেন তাতে অধ্যক্ষ যিনি রয়েছেন এবং অঞ্চল পঞ্চায়েতের প্রধান যিনি রয়েছেন তারা যদি ভালভাবে কাজ না করেন তাহলে তাঁরা নো কনফিডেন্স মোসন এনে তাঁদের তাড়িয়ে দিতে পারেন। এখানেও ঠিক সেই জিনিস রয়েছে যে নো কনফিডেন্স মোসন দিতে পারবে। কিন্তু তবুও যে স্টেট গভর্নমেণ্ট বেশী ক্ষমতা নিতে চাচ্ছেন তাতে আমার আশঙ্কা হচ্ছে যে তাঁদের মনোনীত লোক নাহলে এই সব তুচ্ছ কারণে তাঁদের তাড়িয়ে দেবেন। কাজেই আমি বলছি যে তাঁদের ব্যাপারটা জজ-এর কাছে বা সাবডিনেট জজ-এর কাছে এনকোয়ারী করবার জন্য পাঠান হবে এবং তাঁরা যদি বলেন যে তিনি সত্যিকারের অযোগ্য এবং তাঁকে দূর করা দরকার তাহলে স্টেট গভর্নমেণ্ট সেক্ষেত্রে হস্তক্ষেপ করবেন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

স্যার, আমি আগেই বলেছি এবং আবার বলছি যে স্টেট গভর্ণমেণ্ট-এর একজন ডিস্ট্রিক্ট জজ বা সাবডিনেট জজকে এই হুকুম দেবার ক্ষমতা নেই যে আপনি এটার বিচার করে দিন। কাজেই এই প্রশ্ন অবান্তর। তারপর, ট্রিবুনাল-এর ক্ষেত্রে স্টেট গভর্ণমেণ্ট-এর যে প্রসিডিওর আছে এখানেও তাই থাকবে, কাজেই আমি আপত্তি করছি।

Shri Balai Lal Das Mahapatra :

আপনি বলছেন আপনাদের ক্ষমতা নেই, তাহলে এটা ঠিক করবে কে? কাজ করতে পারবে না বলে তাঁদের তাড়িয়ে দেবেন. তাঁদের কি আত্মসম্মান নেই? তাঁদের রক্ষা কবচ কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আত্মসম্মানবোধ সম্পন্ন লোক বাংলাদেশের ৩৫ হাজার গ্রামে আছে কিনা সেটা দেখা যাবে।

The motion of Dr. Golam Yazdani that in clause 52(1), at the end of the following proviso be added:—

"Provided that at the first instance he shall be suspended from his duties and that such removal shall not be made unless a decision for his removal is given by a Judge not below the rank of a Subordinate Judge to whom the matter shall be referred

was then put and lost.

The question that clause 52 do stand part of the Bill was then put and agreed to.

Clause 53

The question that clause 53 do stand part of the Bill was then put and agreed to.

Clause 54

Dr. Golam Yazdani: Sir, I beg to move that clause 54(b) be omitted.

I also move that in clause 54(g), in line 1, for the words "a year" the words "two years" be substituted.

স্যার, আঞ্চলিক পরিষদের মেম্বার কে কে হতে পারবেন না সেটা ক্লজ ৫৪(বি)-তে বলা হয়েছে। আমি এটা ওমিট করতে বলেছি। জেলা পরিষদের যিনি অফিসার হবেন তিনি টিচার বা অন্য যে কোন লোক হতে পারবেন। তারপর, অন্য যে এ্যামেণ্ডমেণ্টা আছে সেখানে আমি ওয়ান ইয়ার-এর জায়গায় টু ইয়ার্স করতে যে বলেছি তার সংগত কারণ আছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি আমার জবাবে বলেছি একটা প্রতিষ্ঠানের যে কর্মচারী সে কি মালিক হবে? যিনি কর্মচারী তাঁর সদস্য হতে বাধা আছে।

[2-10—2-20 p.m.]

The motion of Dr. Golam Yazdani that clause 54(b) be omitted was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 54(g), in line 1, for the words "a year" the words "two years" be substituted was then put and lost.

The question that claue 54 do stand part of the Bill was then put and agreed to.

Clause 55

Shri Abhoy Pada Saha : Sir, I beg to move that in clause 55(3) (e), line 1, for the words "one year" the words "two years" be substituted.

একটি মাত্র এ্যামেণ্ডমেণ্ট আছে। এখানে বলা হয়েছে রিমুভেল সব মেম্বারস। এর মধ্যে অনেকগুলি আইটেম আছে। আমি একটি মাত্র এ্যামেণ্ডমেণ্টে বলেছি যে ট্যাক্স ওয়ান ইয়ার না দিলে রিমুভ করা যাবে এটার জায়গায় ২ বছর করলে অনেক গোলমাল কম হয়। একথা আমি আগেও বলেছি, আর পুনরুক্তি করতে চাইনা। এটা মন্ত্রিমহাশয় বিবেচনা করে দেখবেন। এক বছর ট্যাক্স বাকী থাকলে রিমুভ করা চলবে না, এটা এক বছর না করে দু বছর করুন।

Dr. Golam Yazdani : Sir, I beg to move that in clause 55(2), at the end the following proviso be added :—

> "Provided that the matter shall be referred to a Judge not below the rank of a Subordinate Judge before final decision is taken and the opinion of the Judge shall be final."

I also move that in clause 55(3) (e), line 1, for the words "one year" the words "two years" be substituted.

এখানে আঞ্চলিক পরিষদের মেম্বারদের অপসারণের ব্যবস্থা রয়েছে। এখানে আমি একটি ধরণের কথা বলছি। প্রভাইডেড দ্যাট দি ম্যাটার ইট্‌সেট্রা আমি ওয়ান ইয়ারের জায়গায় টু ইয়ারস করতে বলেছি। এ সম্বন্ধে আমি আগেও বলেছি, তাই আমি মনে করি এটা মন্ত্রি-মহাশয়ের বিবেচনা করা উচিত।

The Hon'ble Saila Kumar Mukherjee :

এর উত্তর আমি আগেই দিয়েছি, ফের পুনরাবৃত্তি করছি। এক বছরের ট্যাক্স যদি বাকী থাকে জেলা পরিষদের কিম্বা আঞ্চলিক পরিষদের সদস্যপদে দাঁড়াবার জন্য যে সুযোগ সে সুযোগ থেকে বঞ্চিত হবে। এটা সর্বত্র মিউনিসিপ্যাল আইনে প্রচলিত আছে। সুতরাং মাননীয় সদস্যরা যাঁরা গণতান্ত্রিক ক্ষমতা চাইছেন, তাঁরা কেন এটা এক বছরের জায়গায় দু-বছর করতে চাইছেন। এ নিয়ম আমরা নূতন করিনি, যারা এক বছর খাজনা দেবেনা তারা ডিস্কোয়ালিফায়েড হবে এই যে নীতি এটা পুরাতন নীতি অনুসারে।

আর একটা সম্বন্ধে যা বলেছেন, সে সম্বন্ধে বক্তব্য হচ্ছে একজন জেলা জজকে কি সাবোর্ডিনেট জজকে হুকুম করবার অধিকার সরকারের নাই।

The motion of Shri Abhoy Pada Saha that in clause 55(3) (e), line 1, for the words "one year" the words "two years" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 55(2), at the end the following proviso be added :—

> "Provided that the matter shall be referred to a Judge not below the rank of a Subordinate Judge before final decision is taken and the opinion of the Judge shall be final."

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 55(3)(e), line 1, for the words "one year" the words "two years" be substituted was then put and lost.

The question that cla se 55 do stand part of the Bill was then put and agreed to.

The question that clause 55 do stand part of the Bill was then put and agreed to.

Clause 56

The question that clause 56 do stand part of the Bill was then put and agreed to.

Clause 57

Shri Abhoy Pada Saha : I move that in first proviso to clause 57(1), line 2 for the words "three" the word "five" be substituted.

Shri Abhoy Pada Saha : I also beg to move that in clause 57(4), for the second proviso, the following be substituted :—

"Provided further that the person presiding shall not exercise his right to vote except casting vote."

এটা হচ্ছে বিশেষ নোটিশ দেওয়া—এখানে বলছেন তিন দিনের ক্লিয়ার নোটিশ দিতে হবে। আমার এখানে অ্যামেণ্ডমেণ্ট হচ্ছে পাঁচ দিনের। কারণ এখন অনেক ইনটিরিয়র জায়গা আছে যেখানে সদস্যরা থাকেন সেখানে তিন দিনে নোটিশ পৌঁছাবেনা, সেজন্য আমি বলছি এটা ক্লিয়ার ফাইভ ডেজ যদি হয় তাহলে সুবিধা হবে। এমন অনেক জায়গা আছে যেখানে তিন দিন অন্তর পোস্টাল বিট বিলি হয় সেজন্য পাঁচ দিন অন্তর করুন। তাহলে ঠিকমত অধিবেশনের নোটিশ পৌঁছাবে।

Dr. Golam Yazdani : I move that in clause 57 (4), in line 1, of the proviso after the word "member" the following be inserted :—

"and members as referred to in section 49(d)(i)(ii) and section 49(e)".

এখানে আঞ্চলিক পরিষদ কি ভাবে কাজ করবে কি ভাবে তারা মিটিং করবে ইত্যাদির কথা বলা হয়েছে। এখানে বলা হয়েছে যত রকমের প্রশ্ন আঞ্চলিক পরিষদের মিটিং-এ আসুক না কেন তার একটা মীমাংসা হয়ে যাবে ভোটের দ্বারা। এবং ভোট থেকে কে কে বিরত থাকবে তাতে বলা হয়েছে।

Provided that an associated member shall have no right to vote.

আমি এখানে যাদের ভোটাধিকার থাকবেনা আমি আরও যোগ করে দিতে বলছি

Pr...ided that and associate member.

তাছাড়া ক্লজ ৪(ডি)(১) পারবেনা তারা হচ্ছে কে—না ঐ দুই জন মহিলা এবং দুইজন ব্যাকওয়ার্ড কমিটির অ্যাপয়েন্টেড লোক এবং মনোনীত দুইজন এই ছয়জন লোক এরা ভোট দিতে পারবেন না।

The Hon'ble Saila Kumar Mukherjee :

স্যার উনি ভালকরে পড়েননি। আমি বলছি তিন দিনের নয় দশ দিনের নোটিশের ব্যবস্থা করা হয়েছে। কেবল প্রোভাইসোতে বলা হয়েছে একটা এমারজেন্সি সিচুয়েশান যদি একটি হঠাৎ বিপদজনক অবস্থা হল সেখানে যত দ্রুত নোটিশ দেওয়া যায় ততই মঙ্গল। সেই জন্য তিন দিনের ক্লিয়ার ডেজ নোটিশ করা হয়েছে। এটা আপনারা আপত্তি করছেন কেন বুঝতে পারছিনা। তাছাড়া গোলাম ইয়াজদানি সাহেব-এর সংশোধনী প্রস্তাব দেখে আমি

অবাক হয়ে গিয়েছি। ওরা এত জনপ্রতিনিধির কথা গণতন্ত্রের কথা বলেন আর এদিকে মহিলাদের এবং ব্যাকওয়ার্ড কমিউনিটি মেম্বারদের ভোটের ক্ষমতা থেকে বঞ্চিত করতে চাইছেন। তাদের কেন ভোট দেবার অধিকার থাকবেনা আমি বুঝতে পারছি না।

[2-20—2-30 p.m.]

Dr. Golam Yazdani :

আপনি কেন হাউসকে ভুল বুঝাচ্ছেন। আমি বলছি নির্বাচন করে নিয়ে আসুন তাহলে নিশ্চয়ই তাদের ভোটাধিকার থাকবে। আপনারা যাদেরকে মনোনীত করছেন তাদেরকে আমরা ভোটাধিকার থেকে বঞ্চিত করতে চাইছি।

The Hon'ble Saila Kumar Mukherjee :

আপনি ভুল করছেন ওরা য়্যাসোসিয়েট মেম্বার নয়, য়্যাসোসিয়েট মেম্বার-এর ডেফিনেশান হচ্ছে যারা গভর্ণমেণ্ট অফিসার; ওরা হচ্ছে নমিনেটেড মেম্বার

"Provided that the associate member shall have no right to vote."

য়্যাসোসিয়েট মেম্বার আর নমিনেটেড মেম্বাররা এক নয় একটু ভাল করে পড়ে দেখুন। আমি সমস্ত য়্যামেণ্ডমেণ্ট এর বিরোধীতা করছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের মধ্যে একটা ভুল ধারণা সৃষ্টি করেছেন যে আমরা ব্যাকওয়ার্ড ক্লাসের মহিলাদের ভোটাধিকার চাইনা। এটা ঠিক নয়, এটা সম্পূর্ণ অসত্য কথা। আমরা চাই যে, যে সমস্ত মহিলারা এখানে আসবেন তাঁরা নির্বাচনের মধ্যে দিয়ে আসুক। এবং আমরা আগেই এই য়্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম কিন্তু তিনি তা স্বীকার করেননি। আমরা য়্যাসোসিয়েটেড মেম্বার বলতে কি বুঝায় তা জানি কিন্তু আমরা চাই যে এই সব নমিনেটেড মেম্বারদের য়্যাসোসিয়েটেড মেম্বার করে রাখা হোক। কারণ তাঁদের নির্বাচনের মধ্যে দিয়ে না আনলে পক্ষপাতিত্বের কথা বারবার উঠবে।

The Hon'ble Saila Kumar Mukherjee : I have nothing further to add. The language is quite clear and anybody who has the elementary knowledge of the language would see it. Shri Golam Yazdani wants to exclude the nominated members from the right to vote. In the Act, we have given nominated members right to vote; we have excluded the Associate Members who are Government servants. I oppose the amendments.

The motion of Dr. Golam Yazdani that in clause 57(4), in line 1, of the proviso, after the word "member", the following be inserted :—

"and members as referred in section 49(d)(i)(ii) and section 49(e)",

was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in the first proviso to clause 57(1) line 2, for the word "three" the word "five" be substituted, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 57(4), for the second proviso, the following be substituted :—

"Provided further that the person presiding shall not exercise his right to vote except casting vote",

was then put and lost.

The question that clause 57 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 58 and 59

The question that clauses 58 and 59 do stand part of the Bill was then put and agreed to.

Clause 60

Dr. Golam Yazdani : Sir, I beg to move that in clause 60(1)(a)(i). at the beginning the words "sponsor and" be inserted.

এখানে আমি জেলা পরিষদের সময় যে কথা বলেছিলাম সেই কথাই বলছি। এখানে অঞ্চল পরিষদ কি কি কাজ করবে সে সম্বন্ধে বলা হয়েছে। আমি বলতে চাই তারা যে কেবল পরিকল্পনা রূপায়ণ করবে তা নয়, তারা পরিকল্পনা রচনাও করবে। সেইজন্য এই কথা বলতে চাই যে তারা পরিকল্পনা রচনা করবে এবং পরিকল্পনা রূপায়ণও করবে।

The Hon'ble Saila Kumar Mukherjee : My objection is not necessary. The language is quite clear.

The motion of Dr. Golam Yazdani that in clause 60(1)(a)(i). at the beginning the words "sponsor and" be inserted, was then put and lost.

The question that clause 60 do stand part of the Bill was then put and agreed to.

Clause 61

The question that clause 61 do stand part of the Bill was then put and agreed to.

Clause 61A

The question that clause 61A do stand part of the Bill was then put and agreed to.

[2-30—2-40 p.m.]

Clause 62

Dr. Golam Yazdani : Sir, I beg to move that after clause 62, the following proviso be added, namely :—

"Provided that the Anchalik Parishad shall arrange to cut down and clear branches of trees standing on private or State land on one or both sides of a road obstructing free passage of vehicular traffic or processions of public or religious functions if the Anchalik Parished finds that such obstruction exists".

এই ক্লজ ৬২-এর উপর আমার য্যামেণ্ডমেণ্ট নং ২৬৫ সম্পর্কে বলছি। জেলা পরিষদ বিল যখন আলোচনা হয়েছিল তখন এই ধরণের একটা য্যামেণ্ডমেণ্ট আমি দিয়েছিলাম। এই ধারাতে রয়েছে

An Anchalik Parishad may take over the maintenance and control of any road.

ইত্যাদি ইত্যাদি। আমি ওখানে একটা প্রোভাইসো দিতে চেয়েছি

provided that that the Anchalik Parisad Shava etc. etc.

আমার এ সম্বন্ধে বেশী কিছু বলার নেই। সেদিন যা বলার বলেছি। মন্ত্রী মহাশয়কে শুধু বাস্তব একটা জিনিস বিবেচনা করতে বলছি। আমাদের বাস্তবিক অসুবিধা আছে এবং তিনি তা জানেননা কিনা জানিনা। আঞ্চলিক পরিষদের পরিচালনাধীন যে সমস্ত রাস্তা সেই রাস্তার গাছের ডালপালা বড় বড় গাড়ী, লরী, ট্রাক যাতায়াতের পথে অকস্ট্রাকসন

হচ্ছি বাড়ছে। সেগুলি কাটতে গেলে মারামারি হয় কোন প্রোসেসন রিলিজিয়াস প্রোসেসন যেতে গেলে মারামারির সম্ভাবনা সেখানে রয়েছে। অথচ জেলা কর্তৃপক্ষ বলেন আমাদের হাতে এমন কোন ক্ষমতা নেই যাতে ডালপালা কাটতে পারি। এখানে বলছেন আমরা রাস্তা কণ্ট্রোল করব। কোন রাস্তা? রাস্তার যে খালি জমি সেটা কণ্ট্রোল করবেন কিন্তু তার উপরে যে স্পেস সেখানে ডালপালার ফলে obstruction হলে সেই বাধা অপসারণ করতে পারবেননা। তার জন্য বহু সংঘর্ষ এবং বহু অশান্তি ঘটনা ঘটে থাকে এবং ঘটছে। তার ব্যবস্থা কি করবেন? সেজন্য বলি এই অ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করুন।

The Hon'ble Saila Kumar Mukherjee :

স্যার, আমি যখন আগের বার বলেছিলাম তখনও বলেছি আবারও বলছি আঞ্চলিক পরিষদের উপর এই ক্ষমতা দেওয়া ঠিক হবেনা তাতে আঞ্চলিক পরিষদের will be involved in unnecessary litigation.

সাধারণ মানুষের আইনগত ক্ষমতা আছে জমির উপর গাছ পুঁতে কারও জমি এনক্রোচ করলে সেখানে রাইট অব এনক্রোচমেণ্ট আছে। সেখানে ন্যাচারাল ল আছে তার প্রতিকারের জন্য। সুতরাং এখানে এই ক্লজ দিয়ে অঞ্চল পরিষদের ঘাড়ে মামলা মোকর্দমা চাপিয়ে দিতে আমরা রাজী নই। এর আমি বিরোধিতা করছি।

The motion of Dr. Golam Yasdani that after clause 62, the following proviso be added, namely :—

> "Provided that the Anchalik Parishad shall arrange to cut down and clear branches of trees standing on private or State land on one or both sides of a road obstructing free passage of vehicular traffic or procession of public or religious functions if the Anchalik Parishad finds that such obstruction exists."

was then put and a division taken with the following result :—

NOES—88

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Abul Hasem, Shri
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravarty, Shri Jnantosh

Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chowdhury, Shri Berendra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhuson Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dhar, Shrimati Charu Shila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishan
Fazlur Rahaman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Probodh Kumar
Haldar, Shri Haralal
Hansdah, Shri Bhusan
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi

Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

AYES—33

Adhikary, Shri Sailendra Nath
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shir A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Gobardhan
Das, Shri Shambhu Gopal

Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Bhakti Bhusan
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nat
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhuson
Sarkar, Shri Dharanidhar
Singha, Dr. Radhakrishna
Soren, Shri Suchand

The Ayes being 33 and the Noes 88, the motion was lost.

The question that Clause 62 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 63 to 71

The question that Clauses 63 to 71 do stand part of the Bill was then put and agreed to.

Clause 72 omitted by Joint Select Committee.

Clauses 73 to 80

The question that Clauses 73 to 80 do stand part of the Bill was then put and agreed to.

[2-40—2-50 p.m.]

Clause 81

Dr. Golam Yazdani : I move that in clause 81(1)(a), line 1, the words "or animals" be omitted.

I move that in clause 81(1)(c)(v), line 2, the word "drinking" be omitted. and

I also move that clause 81(1)(c)(vi) be omitted.

মি: স্পীকার, স্যার, এখানে আঞ্চলিক পরিষদের উপর টোল বসাবার যে ক্ষমতা দেওয়া হয়েছে যে সে সম্বন্ধে আমরা পূর্বেই বলেছি। গাড়ী ঘোড়ার উপর এই যে টোল নির্ধারণ করেছেন এর আমরা বিরোধিতা করি। কারণ, যদি এই সমস্ত গাড়ী ঘোড়ার উপর টোল করা হয় তাহলে গরীব চাষীদের অসুবিধা হবে। সেজন্য ঐ কথাটা বাদ দিতে বলেছি। তারপরের এ্যামেণ্ডমেণ্টে আমি বলতে চাই যে, আঞ্চলিক পরিষদ পানীয় জলের যে সমস্ত ব্যবস্থা করবেন তার জন্য ট্যাক্স দিতে হবে কেন? এখানে আমাদের কথা হল আঞ্চলিক পরিষদ পানীয় জলের যে সমস্ত ব্যবস্থা করবেন তার উপর কোন ট্যাক্স করা চলবে না। বড় বড় ইরিগেশানের যে ব্যবস্থা করবেন তার উপর ওয়াটার রেট বসান। কিন্তু পানীয় জলের ওপর ওয়াটার রেট বসানর কোন অর্থ হয় না। তারপরের এ্যামেণ্ডমেণ্টে আমি ৮১ (১) (সি) (সিক্স) ক্লজটাকে অমিট করতে বলেছি। এখানে আমাদের কথা হল আঞ্চলিক পরিষদ লাইটিং এর জন্য যে ব্যবস্থা করবেন তার জন্য কেন রেট বসাবেন তা আমরা বুঝতে পারছি না। যদি উন্নয়নমূলক প্রতিটি কাজের জন্য একটা রেট বসাতে হয় তাহলে উন্নয়নমূলক কাজের কি অর্থ হতে পারে আমরা জানি না। আমি মনে করি এটা ইনডাইরেক্টলি জনসাধারণের উপর ট্যাক্স বসান হচ্ছে। তাই আমরা এটার বিরোধিতা করছি এবং এটা অমিট করতে বলছি।

The Hon'ble Saila Kumar Mukherjee :

আমি যেটা বলেছি তার চেয়ে নতুন কথা বলবার কিছু নেই। আমি এই অ্যামেণ্ডমেণ্টের বিরোধিতা করছি।

The motion of Dr. Golam Yazdani that in clause 81(1)(a), line 1, the words "or animals" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 81 (1)(c) (v), line 2, the word "drinking" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that clause 81(1)(c) (vi) be omitted, was then put and a division taken with the following results:—

NOES—90

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Abul Hasem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerjee, The Hon'ble Sankardas
Bazlur Rahman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan

Chakravarty, Shri Hrishikesh
Chakravatry, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dhar, Shrimati Charu Shila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansdah, Shri Bhusan
Isaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Misra, The, Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Ismail, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar

Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukhopadhyhy, Shri Ananda Gopal
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Tanti, Shri Anadi Mohan
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

AYES—35

Adhikary, Shri Sailendra Nath
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhadhuri, Shri Panchu Gopal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Gobardhan

Das, Shri Shambhu Gopal
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nimai Chand
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Singha, Dr. Radhakrishna
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 35 and the Noes 90, the motion was lost.

The question that Clause 81 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 82 *to* 87

The question tha C,auses 82 to 87 do stand part o the Bi was then pu an agreed to.

Clause 88 omitted by Joint Select Committee.

Clauses 89 *to* 96B

The question that Clauses 89 to 96B do stand part of the Bill was then put and agreed to.

Clause 97

Dr. Golam Yazdani: Sir, I beg to move that after clause 97, the following proviso be added, namely:—

> "Provided that attendance of such officer be sought by a resolution from the Zilla Parishad or by the Anchalik Parishad and such compliance shall be made within the specified date."

ক্লজ ৯৭তে বলা হয়েছে যে গভর্নমেণ্ট থেকে যেকোন অফিসারকে ঐ জেলা পরিষদ কিম্বা আঞ্চলিক পরিষদের মিটিং-এ পাঠানো যেতে পারবে। এখানে আমাদের আশঙ্কা হচ্ছে—কথাটা এখানে স্পষ্টভাবে কিছু বলা নেই। তাঁরা নিজেরা গিয়ে যেদিন মিটিং হবে জেলা পরিষদের কিম্বা আঞ্চলিক পরিষদের সেদিন হাজির হবেন কিনা, না কি হবে? আমার কথা হল যে পর্য্যন্ত না ডাকা হয় সে পর্য্যন্ত যাবেন না এবং যখন ডাকা হবে তখন যেতে হবে। স্পেসালাইজড ওপিনিয়নের যদি দরকার হয়—কৃষি বিষয়ে কিম্বা অন্যান্য উন্নয়নমূলক যেকোন বিষয়ে, গভর্নমেণ্টের কাছে তাঁরা রেজলিউশন একটা করে পাঠাবেন যে আমাদের অমুক বিভাগের অমুক বিশেষজ্ঞকে চাই, অমুক দিনের মধ্যে এবং ঠিক সেই তারিখের মধ্যে তাঁরা সেই বিশেষজ্ঞকে সেই মিটিং অ্যাটেণ্ড করার জন্য পাঠিয়ে দেবেন এবং যে পর্য্যন্ত জেলা পরিষদ কিম্বা আঞ্চলিক পরিষদ, তাঁরা রেজলিউশন করে কোন বিশেষজ্ঞকে না ডাকছেন সে পর্য্যন্ত তিনি যেতে পারছেন না—এটা করলেই ঠিক হবে এবং জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদের মেম্বাররা বলতে পারবেন যে যদি আমাদের দরকার হয় তাহলে আমরা যেকোন সময়ে বিশেষজ্ঞকে ডাকতে পারি। সেজন্য আমি এই অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি।

The Hon'ble Saila Kumar Mukherjee: I cannot accept the amendment. Government will always be there to help the administration.

The motion of Dr. Golam Yazdani that after clause 97, the following proviso be added, namely:—

> "Provided that attendance of such officer be sought by a resolution from the Zilla Parishad or by the Anchalik Parishad and such compliance shall be made within the specified date."

was then put and lost.

The question that Clause 97 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 98 *to* 101

The question that Clauses 98 to 101 do stand part of the Bill was then put and agreed to.

[2-50—3 p.m.]

Clause 102

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 102(1), after the first proviso the following 2nd proviso be added:—

> "Provided further that before superseding the Zilla Parishad or Anchalik Parishad, the State Government shall refer the matter to a High Court Judge for his opinion in respect of justification for such supersession."

I also move that in clause 102(1), in line 12, for the words "two years" the words "one year" be substituted.

I also move that in clause 102(2), in line 3, for the words "two years" the words "one year" be substituted.

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এখানে জেলা পরিষদ কিম্বা আঞ্চলিক পরিষদকে সুপারসীড করে নেবার কথা বলা হয়েছে। এখন আমার কথা হল, এই যে গভর্নমেণ্ট বলছেন যে আমরা গেজেটে অর্ডার পাবলিশ করে দেব আঞ্চলিক পরিষদ এবং জিলা পরিষদকে সুপারসীড করে নেব এবং তারপর দু বছরের জন্য সুপারসীড করে রাখতে পারব, আমার এ্যামেণ্ডমেণ্টে আমি বলেছি যে সমস্ত জেলাপরিষদ, আঞ্চলিক পরিষদ গঠন করা হয়েছে, তার যদি খুব বেশী ত্রুটি বিচ্যুতি না থাকে তাহলে তুচ্ছ কারণে তাকে সুপারসীড করা যাবে না এবং সুপাসরশন খুব গুরুত্বপূর্ণ কারণে হওয়া দরকার। এখন কারণটা খুব গুরুত্বপূর্ণ কিনা এটা ঠিক করবেন স্টেট গভর্নমেণ্ট, জেলা পরিষদ কিম্বা আঞ্চলিক পরিষদ ঠিকমত কাজ করছে কিনা, তারা কাজে অবহেলা করছে কিনা এ সমস্তই ঠিক করবেন স্টেট গভর্নমেণ্ট। আমার মনে হয় এটা যে স্টেট গভর্নমেণ্ট ঠিক করবেন তা ঠিক হয়না, তারা এটা ঠিক করতে পারেন না। এই যে জিলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ যেটা বলা হচ্ছে ডিমোক্রেটিক ওযেতে তৈরী হচ্ছে তার নিজের নীতি রয়েছে নিজেদের মনোমত কাজ কর্ম করার জন্য, তাদের কাজ কর্ম ঠিক মত করছে কিনা এটা দেখার ভার স্টেট গভর্নমেণ্ট না নিয়ে আমি বলছি এটা দেখার ভার দেওয়া হোক জজের উপর। তার কাছেই সমস্ত কেসটা রেফার করা হোক এবং তিনিই ঠিক করবেন আঞ্চলিক পরিষদ এবং জিলা পরিষদ ঠিকমত কাজ করছে কিনা। তিনি যদি বলেন তবেই জিলা পরিষদ কিম্বা আঞ্চলিক পরিষদকে সুপারসীড করতে পারবেন। এটাই আমি আমার অ্যামেণ্ডমেণ্ট ১১৬তে বলেছি।

after the clause a second proviso be added "Provided further that before superseding the Zilla Parishad or Anchalik Parishad, the State Government shall refer the matter to a High Court Judge for his opinion in respect of justification of such supersession."

তারপর আমার ১১৭ নম্বরে বলছি এখানে গভর্নমেণ্ট বলছেন তারা সুপারসীড করে নেবেন দু বছরের জন্য, আমি আগে যেকথা বলেছি হাইকোর্ট জজের উপর যদি তারা ভার দেন তাহলে ঠিক আছে আর এটা যদি ঠিক হয় যে সুপারসীড করা হবেই তাহলে দু বছরের জন্য না করে এক বছরের জন্য করা হোক এবং জিলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদকে এই নির্দেশ দেওয়া হোক এর মধ্যে তারা যদি ঠিকমত পরিষদকে গঠন করতে পারে তাহলে তাদের হাতেই ক্ষমতা তুলে দেওয়া হবে। ১১৮তেও ঐ কথাই বলতে চেয়েছি যে দু বছরের জায়গায় এক বছর করা হোক।

The Hon'ble Saila Kumar Mukherjee: I oppose all the amendments. Government has no power to give orders to the High Court Judge for any administrative action.

The motion of Dr. Golam Yazdani that in clause 102(1) after the first proviso the following second proviso be added:—

> "Provided further that before superseding the Zilla Parishad or Anchalik Parishad, the State Government shall refer the matter to a High Court Judge for his opinion in respect of justification for such supersession,"

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 102(2), in line 3, for the words "two years" the words "one year" be substituted was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 102(1), in line 12, for the words "two years", the words "one year" be substituted, was then put and a division taken with the following result:—

NOES—90

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Adiitya Kumar
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chowdhury, Shri Birendra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charu Shila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Haldar, Shri Haralal
Hansdah, Shri Bhusan
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khamrai, Shri Niranjan

Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra

Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

AYES—31

Adhikary, Shri Sailendra Nath
Banerjee, Shri Gopal
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Gobardhan
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Majhi, Shri Kandru
Mondal, Shri Bijoy Bhusan
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 31 and the Noes 90, the motion was lost.

The question that clause 102 do stand part of the Bill was then put and agreed to.

Clause 103

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that after sub-clause (5) of clause 103, the following sub-clause be added, namely:—

"(6) Nothing contained in the foregoing provisions of this section shall affect the provisions of section 35 and the District School Board shall continue to function as the Primary Education Committee of the Zilla Parishad."

This amendment Sir, is necessary.

The motion was then put and agreed to.

The question that clause 103 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clauses 103A, 104 *to* 106, 106A, 106B *and* 107 *to* 109

[3—3-20 p.m.]

The question that Clauses 103A, 104 to 106, 106A, 106B and 107 to 109 do stand part of the Bill was then put and agreed to.

First Schedule, Second Schedule and the Preamble

The question that the First Schedule, Second Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee; Sir, I beg to move that the West Bengal Zilla Parishads Bill, 1962, as settled in the Assembly, be passed.

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[3-20—3-30 p.m.]

Postponement of third reading of a Bill if it undergoes amendment

Dr. Kanai Lal Bhattacharya:
আজকে কি থার্ড রিডিং হবে? থার্ড রিডিং কালকে হলে ভাল হত, কারণ বিলের মধ্যে অনেক চেঞ্জেস হয়েছে, মস্তবড় চেঞ্জেস হয়েছে—যেটা হচ্ছে, আগে এস. এল. এদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান হওয়ার ক্ষমতা ছিল না, সিলেক্ট কমিটির রিপোর্টে সেই ক্ষমতা দেওয়া হয়েছে, সুতরাং আজকে থার্ড রিডিং হওয়া উচিত নয়।

Mr. Deputy Speaker:
এটা ৩।৪ দিন আগে সুভড্ হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:
স্যার, বিলের মধ্যে অনেক চেঞ্জেস হয়েছে, আমাদের দেখা উচিত সেগুলির গুরুত্ব কতখানি। এইভাবে য়্যাজ সেটেলড ইন দি য়্যাসেম্বলি বলে পাশ করিয়ে নিলে আমাদের প্রতি অন্যায় করা হবে। আজকে থার্ড রিডিং হতেই পারে না। এভাবে থার্ড রিডিং আমাদের উপর চাপিয়ে দিলে ঠিক হবে না।

Mr. Deputy Speaker:
অন্যায় কিছু হবে না, হতে পারে না এমন কোন কথা নেই, এই হাউস-এ অন্তত: তা ফলো করা হয়নি।

Dr. Kanai Lal Bhattacharya:
পঞ্চায়েৎ আইনের বেলায় এস্টেটস য়্যাকুইজিসন বিল-এর সময় ক্লজ বাই ক্লজ আলোচনা শেষ হবার পর তার পরের দিন থার্ড রিডিং আরম্ভ হয়েছে। আমাদের যে টাইম ছিল সেই টাইম তো আমাদের রইল। কালকে আমরা ডিসকাসন করব, ইতিমধ্যে আমাদের বিলটা দেখতে হবে. আমাদের তৈরী হতে হবে। আজকেও আনন্দবাবু অ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন। আজকে থার্ড রিডিং হতে পারে না।

Mr. Deputy Speaker:
তাহলে আপনি কি করতে বলেন?

Dr. Kanai Lal Bhattacharjya: Adjourn the House. There are chages in the clauses. It is a very important bill.
আমাদের তাড়াহুড়া করার কোন দরকার নাই। আমি মন্ত্রিমহাশয়কে, গভর্নমেণ্টকে অনুরোধ করব এভাবে হারি খু করার কোন প্রয়োজন নাই।

The Hon'ble Bijesh Chandra Sen :
বিলটার জন্য ১৬ ঘণ্টা সময় ছিল। আমরা চাচ্ছি এটা কনটিনিউ করা হোক।

Shri Balai Lal Das Mahapatra:
কালকে নন-অফিসিয়াল এইরকম একটা গুরুত্বপূর্ণ বিল এভাবে তাড়াহুড়া করে--

Dr. Kanai Lal Bhattacharya:
স্যার, রুল ৯২(২)তে আপনার ক্ষমতা আছে,
unless the speaker allows the motion to be made.
আমার বক্তব্য হচ্ছে. আপনি এটা অ্যালাউ করবেন না।

Mr. Deputy Speaker:
কালকে তো ১।। ঘণ্টার বেশী পাবেন না—

Dr. Kanai Lal Bhattacharya:
স্যার, ইভন হোয়েন ইট ইজ মুভড এখানে লক্ষ্য করবার আছে যে,
the bill has undergone many changes.
অনেক ইমপরটেণ্ট চেঞ্জেস হয়েছে। এই বিলটার ১০৫টা ক্লজ রয়েছে ক্লজ বাই ক্লজ ডিসকাসন হয়েছে ৪ দিন ধরে। থার্ড রিডিংএ যদি একদিন লাগে তাহলে কিছু অসুবিধা হবে না। তারপর স্পীকার মহাশয়কে বলে আমরা সময়ও কিছুটা বাড়িয়ে নিতে পারব।

Mr. Deputy Speaker:
আমাকে তো মেজরিটি দেখতে হবে। আপনি যা বলছেন সেটা তো আপনার মত।

Dr. Kanai Lal Bhattacharya:
এখানে মেজোরিটি, মাইনোরিটির কোন প্রশ্ন নাই। আমরা সকলে যদি ফিল করি
third reading should be taken up tomorrow,
তাহলে কি সেটা আপনার লক্ষ্য করা উচিত নয়?

Mr. Deputy Speaker:
আমি আপনার সঙ্গে এগ্রি করি—

Dr. Kanai Lal Bhattacharya:
আমি বিশেষ অনুরোধ জানাচ্ছি আজকে থার্ড রিডিং প্লেস করে একটা প্রিসিডেণ্ট ক্রিয়েট করবেন না। প্রথমতঃ আজকে আমরা তৈরী নই, জোর করে যদি আমাদের ইচ্ছার বিরুদ্ধে আজকে থার্ড রিডিং করা হয় তাহলে
you will do an injustice to us.
তাই আমি বিনীত অনুরোধ জানাচ্ছি আজকে হাউস য্যাডযোর্ন করে দিন।

The Hon'ble Saila Kumar Mukherjee: The matter is entirely left to you. I controvert the point raised by Dr. Kanai Lal Bhattacharya. The amendments that have been accepted to this Bill are very minor and trivial. The amendment merely make change of some words. One amendment to the last clause is only to regularise a legal position. The other amendment has been accepted unanimously by the Hour. A clause has been deleted to enable the MLAs to be Chairman. I would like to draw the attention of the House to the fact that the House has had 19 1/2 hours' discussion in four days. Honourable members must have had plenty of time to give their thought to this Bill during all these four days. There is also the other side of the thing - the Government business is also a part of the business of the House which both the Opposition and this side should see. There is now a Business Advisory Committee. The Business Advisory Committee's proposal has been accepted by the House. If we frequently change the solemn decision of this House it makes the whole proceedings of this House very light and triviall If Kanai Babu says that, for only some slight changes by way of amendments he is unable to apply his mind to the third reading of the Bill, he is entitled to hold that view. It is not fair and proper, when a very important Bill is in the process of discussion for four days, to stop the discussion of this Bill suddenly.

Shri Nani Bhattacharjee :
ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিষয় আপনার রুলস অব প্রসিডিয়োর ৯২-র দিকে দৃষ্টি-আকর্ষণ করছি, মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এই ধরণের ১৯।। ঘণ্টা আলোচনা হয়েছে এবং বলেছেন যে, মাইনর চেঞ্জ কিছু হয়েছে মেজর চেঞ্জ কিছু হয়নি। অবশ্য দ্যাট ইজ এ ম্যাটার অব অপিনিয়ন। তাঁর মনে মেজর চেঞ্জ না হতে পারে, আমাদের মতে মেজর চেঞ্জ হতে পারে। সিলেক্ট কমিটিতে যেগুলি এসেছিল তারপরেও অ্যামেণ্ডমেণ্ট এসেছে। তাই সেটা অপিনিয়নের ব্যাপার। কিন্তু রুলে পরিষ্কার আছে—মেজর মাইনর বলে কিছু নেই—
92. Where a Bill has undergone amendments the motion that the Bill as settled in the House be passed shall not be moved on the same day on which the consideration of the Bill is concluded, unless the Speaker allows the motion to be made.
ডেপুটি স্পীকার মহাশয় আপনার ক্ষমতা আছে কিন্তু এটা সেভিং ক্লজ। সুতরাং এটা সহজে নিশ্চয়ই প্রয়োগ করবেন না। যদি একটা গুরুত্বপূর্ণ অবস্থা হয় তাহলে প্রয়োগ করবেন। সুতরাং সেদিক থেকে আশা করি আজকে হাউস বন্ধ করবেন।

Mr. Deputy Speaker: The motion has already been made.

[3-30—3-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:
স্যার, এটা একটা টেকনিক্যাল বিষয়। আমাদের দু' এক মিনিট আসতে দেরী হয়ে গিয়ে থাকতে পারে কিন্তু তার জন্য আশা করি এত বড় একটা ডিসিশন আমাদের ঘাড়ে চাপিয়ে

দেবেন না। আমাদের কথা হচ্ছে যদি মোশন মুভ করা হয়েও থাকে তবুও ডিসকাশন যে বি হেল্ড টুমরো। এবং আমি আবার বলছি আজ আর ১।। ঘণ্টা মাত্র আছে। আমরা যদি বুঝতাম যে ২ ঘণ্টারও বেশী সময় আছে তাহলে অন্য কথা ছিল। কিন্তু মাত্র ১।। ঘণ্টার জন্য আমাদের ঘাড়ে এটা চাপিয়ে দেবেন না। আমাদের হাউসের যে প্রিসিডেন্স আছে তা ভাংতে যাচ্ছেন কেন? আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি এত বড় বিল যেটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল তার থার্ড রিডিং একদিনে করবেন না।

এটা আপনি ঠিক বলেছি আপনি খবর নিয়ে দেখতে পারেন যে বড় বিল এরকম ধরণের যেগুলি সিলেক্ট কমিটি থেকে এসেছে তার যেদিন ক্লজ বাই ক্লজ ডিসকাসসন হয়ে গেছে সেদিন থার্ড রিডিং শেষ হয়ে যায় নি। স্যার, আপনি তো রুলস কমিটিতে ছিলেন তখন তো এই নিয়ে ডিসকাসসন হয়েছে।

Shri Mansoor Habibullah;

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই যে বিলটা....

Shri Nani Bhattacharjee :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনাকে আবার অনুরোধ করছি যে আজকে এই হাউস অ্যাডজোর্ন করে দিন—এখন প্রায় পৌণেচারটে বাজছে।

Mr. Deputy Speaker:

I have given my decision.

Shri Nani Bhattacharjee :

আপনি স্যার আপনার ডিসিসন রিভাইজ করতে পারেন।

Mr. Deputy Speaker:

I shall not revise my decision.

Shri Nani Bhattacharjee :

আজকে স্যার এই অবস্থাতে কেউই তৈরী নয়। আমাদের অপোজিসন থেকে আমাদের বলবার অধিকার আছে—তবে যদি পাশ করিয়ে নেন তাহলে আমার কিছু বলবার নেই। কিন্তু আমি বলছি যে আজকে থার্ড রিডিংয়ের জন্য কেউই তৈরী নয়—কেউই পড়ে নি—কেউই আজকে পার্টিসিপেট করতে পারবে না। এটা যদি কালকে করেন তাহলে সবাই পার্টিসিপেট করতে পারে। সেইজন্য বলছি যে আজকে থার্ড রিডিং বন্ধ করে দিন।

Mr. Deputy Speaker:

যদি অপোজিসানের কেউ বলতে রাজী না হন তাহলে অন্য কথা। এখন একটা এগ্রিমেন্ট হয়ে গেল, তারপর আপনারা আমাকে সেই এগ্রিমেন্ট রিভাইজ করতে বলছেন, কিন্তু আপনারা রিভাইজ করছেন না।

[3-40—3-50 p.m.]

Dr. Narayan Chandra Roy :

আমরা বলতে রাজী নই।

The Hon'ble Jagannath Kolay;

কালকে আমি বলেছিলাম যে ফারদার ৫।। ঘণ্টা টাইম এক্সটেণ্ড করে দিচ্ছি এবং কানাই-বাবুর অনুরোধে আপনি যখন বলেছিলেন টাইম এক্সটেণ্ড করা দরকারী তখন তা আমি করেছিলাম। আমাদের টাইম এ্যালটমেণ্ট যেটা ছিল তারপরেও ৫।। ঘণ্টার মধ্যে শেষ হয়ে যাওয়া উচিত। কালকে আমরা যে ১।। ঘণ্টা পাব সেইটা তাঁরা নিতে পারবেন, তাতে

আমাদের আপত্তি নেই। আজকে আমাদের হবিবুল্লা সাহেব বলতে পারেন, যদি কেউ বলতে চান বলতে পারেন। যদি না বলতে চান তাহলে কালকে এটা পাশ করিয়ে দেবেন আমার কোন আপত্তি নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

মি: ডেপুটি স্পীকার, স্যার, জগন্নাথ বাবু যখন বললেন তখন আমার কিছু বলা দরকার। এই বিলের উপর যখন সময় দেওয়া হয় তখন বিজনেস এ্যাডভাইসারি কমিটি কোন কিছু ধারণা করতে পারেন নি যে কত এ্যামেণ্ডমেণ্ট আসবে। দ্বিতীয় কথা হল বিজনেস এ্যাডভাইসারি কমিটির প্রথমে একটা মিটিং হয়ে ছিল, তারপর মাঝখানে একটা বসা উচিত ছিল, আজকে ডাকার কথা ছিল কিন্তু ডাকা হয়নি। বিলে টাইম দেওয়া হয়েছিল ১৬ ঘণ্টা। দেখা যাচ্ছে ১৬ ঘণ্টা কেন তারপরে ৫।। ঘণ্টা এই ২১।। ঘণ্টা দিলেও আমরা মনে করি আরো ২।২।। ঘণ্টা বেশী সময় লাগবে। গভর্নমেণ্ট যদি মনে করেন যে তাঁরা কোন সময়ে কোন বিল ভালভাবে আলাচনা করতে দেবেন না simply because one resolution has been passed within the time fixed for it. তাহলে অবশ্য আলাদা কথা। দে ক্যান ডু ইট—জগন্নাথ বাবু তা করতে পারেন। মি: ডেপুটি স্পীকার, স্যার, তা যদি করেন, তাঁরা মেজরিটি পার্টি, তাহলে তাঁরা হাউসে যে কোন বিল পাশ করিয়ে নিতে পারেন। কিন্তু আমরা অপোজিসান মনে করি এই রকম একটা বিল ভালভাবে আলোচিত হওয়া উচিত। ওঁরা যদি মনে করেন আলোচনা করতে দেবেন না তাহলে আলাদা জিনিস। সরকার যদি টাইম না বাড়ান তাহলে অন্ততঃ আপনাকে অনুরোধ করব যে রুল আমরা তৈরি করেছি সেই রুলের স্যাংকটিটি বজায় রাখা উচিত, আপনি হাউস অ্যাডজোর্ন করে দিন, আপনি এটা আলাও করবেন না।

The Hon'ble Jagannath Kolay:

আমি গভর্নমেণ্টের তরফ থেকে এইটুকু বলতে পারি যে অলওয়েজ অপোজিসানের সঙ্গে পরামর্শ করে আমি টাইম এ্যালট করি। যতখানি এ্যাকোমোডেট করবার ততখানি এ্যাকোমোডেট করি। গভর্নমেণ্টের এটা পলিসি নয় যে একটা বিল তাড়াতাড়ি পাশ করিয়ে নেয়। যখনই বলেছেন টাইম দেওয়া প্রয়োজন তখনই আমি দিয়েছি। আপনারা যদি বলতেন যে, না, টাইম আরো বাড়ান দরকার আমি দিতাম। কিন্তু আজকে টাইম নষ্ট করছেন কেন? আপনারা কেউ একজন বলতে পারেন কিংবা এ তরফ থেকে কেউ একজন বলতে পারেন। কালকে যদি শেষ না হয়ে যায় তাহলে নিশ্চয়ই সোমবার যাবে, আমাদের কিছু আপত্তি নেই। আমি ইচ্ছা করলে গিলোটিন করে দিতে পারতাম, কিন্তু তা করিনি। আমি মনে করি জেলা পরিষদ বিল একটা খুব ইমপর্ট্যাণ্ট বিল এবং সেটা এমন ভাবে গিলোটিণ্ড হওয়া উচিত নয়। সেজন্য টাইম বাড়িয়ে দেওয়া হয়েছিল। যদি বলেন আমরা বসব না হাউস এ্যাডজোর্নড হোক তাহলে

It is up to the Deputy Speaker to decide.

যদি বলেন আজকে এই বিলটা থাক তাহলে আমি বলছি এই বিলটা থাক, হাই ওয়েজ বিলটা আরম্ভ করতে পারেন।

Dr. Kanai Lal Bhattacharya:

ক্লজ বাই ক্লজ রিডিং-এ কত সময় লাগবে সেটা আগে থেকে কেউ বলতে পারে না, একটা আন্দাজ করতে পারা যায় কিন্তু ক্লজ বাই ক্লজ রিডিং-এ কত সময় লাগবে সেটা গভর্নমেণ্টও বুঝতে পারে না, অপোজিসনের তরফ থেকেও বুঝতে পারে না। কাজেই অপোজিসন যদি আগে থেকে মত দিয়ে এসে থাকে তার জন্য সেটা কি রকম করে রাখতে হবে, তাকে বদলানো যাবে না এ জিনিস তো হয় না। হাউস তো সেটা চেঞ্জ করতে পারে। রুলে দেয়া আছে যে বি এ কমিটির কোন ডিসিসন হাউস চেঞ্জ করতে পারে। সেজন্য রুল ফ্লেক্সিবিল করে দেয়া হয়েছে। কাজেই যদি টাইম দিতে পারেন ভাল, যদি না দিতে চান দেবেন না কিন্তু আজকে আমরা বসতে রাজী নই।

The Hon'ble Jagannath Kolay:

বিজনেস অ্যাডভাইসারী কমিটি এটা ডিসাইড করেছেন, তবে আজকে যদি আর বসতে না চান আমি কিছু বলতে পারি না,

It is upto the Deputy Speaker to decide.

কিন্তু আমাদের গভর্নমেণ্টের তরফ থেকে যাঁরা মেম্বার আছেন তারা বসতে চান। তবে আপনারা যদি না বসতে চান ডেপুটি স্পীকার মহোদয়, আছেন, তিনি যা বলবেন আমরা তাতে রাজী আছি।

Mr. Deputy Speaker:

এখনও প্রায় ১ ঘণ্টা ১৫ মিঃ সময় আছে। এই বিলের থার্ড রিডি করতে যদি আপনারা রাজী না হন তাহলে সেকেণ্ড আইটেম হাইওয়েজ বিল আছে, সেটা আমরা আরম্ভ করতে পারি। আপনারা যদি এটা করতেন তাহলে ভাল হত।

The Hon'ble Khagendra Nath Das Gupta: *rose*

Dr. Kanai Lal Bhattacharya: On a point of order sir

একটা বিজনেস শেষ না হবার পূর্বে আর একটা বিজনেস কি আপনি কল করতে পারেন?

Mr. Deputy Speaker:

নিশ্চয়ই করতে পারি—বহু ক্ষেত্রে হয়েছে, আপনি ওসব কথা বলবেন না।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি যদি হাইওয়েজ বিল করেন করুন, আমরা তাতে অংশ গ্রহণ করবো না। আপনি যদি জোর করে করতে চান করুন,

Without the co-operation of the Opposition you do it.

The Hon'ble Jagannath Kolay:

আমার মনে হচ্চে কানাইবাবুর বোধ হয় কোথাও কাজ আছে।

Dr. Narayan Chandra Roy :

আজকে আর কোনরকম অপ্রিয় আলোচনা না করে হাইওয়েজ বিলটা আর ধরবেন না স্যার, ওটা কালকে করুন।

Mr. Deputy Speaker:

আমি তো সব সময় ছুটি দিয়েই থাকি, আমি খুব ছুটির পক্ষপাতী কিন্তু এখনও একঘণ্টা আছে, এই সময় যদি কাজ না হয় সেটা খুব অন্যায় হবে।

The Hon'ble Jagannath Kolay:

আমি একটা প্রোপোজাল দিচ্ছি আপনারা যদি আজকে না বলেন আমাদের অনেক মেম্বার আছেন যাঁরা বলতে চান, তাহলে আমরা তাঁদের গোড়ায় বসিয়ে দিতে পারি।

Mr. Deputy Speaker:

তাই হোক না।

Dr. Kanai Lal Bhattacharya:

আমি বলছি আমরা চাচ্ছি না যে রুল ইনফ্রিঞ্জড হোক কিন্তু ওয়ান্স ইট ইজ এস্টাব্লিসড আপনি এইভাবে ডেপুটি স্পীকার মহাশয়, পার্মিসান দিয়েছেন থার্ড রিডিং হতে। এই নজির ভবিষ্যতে টানা হতে পারে। আপনি যদি করতে চান করতে পারেন কিন্তু আমরা আপত্তি জানাচ্ছি। রুলকে একবার যদি ভাঙ্গেন সেটা নজির হিসাবে থেকে যাবে।

It is upto the Deputy Speaker whether he will do it or not.

The Hon'ble Jagannath Kolay:

রুলে কি আছে ?

Dr. Kanai Lal Bhattacharya:

ডেপুটি স্পীকার এরকম একটা বড় বিলে পার্মিসান দিয়েছেন যে বিলটার অ্যামেণ্ডমেণ্ট হয়েছে, সে বিলে রুল্‌স বাই রুল্‌স ডিসকাসান হয়েছে।

The Hon'ble Jagannath Kolay:

কোন রুল ?

Dr. Kanai Lal Bhattacharya:

রুল ৩২।

[3-50—4-1 p.m.]

The Hon'ble Jagannath Kolay:

কানাইবাবু যদি একথা বলেন তাহলে আমি বলব মন্ত্রিমহাশয় এর আগেই মুভ করেছেন। আপনারা একবার বলবেন রুল মানব কিন্তু অসুবিধা হলেই বলবেন রুল মানবনা, তাহলে কি করে চলবে !

Dr. Kanai Lal Bhattacharya:

উনি মুভ করবার পরই আমি এসেছি—আই ওয়াস লেট বাই ওয়ান মিনিট—কাজেই ঐ পয়েণ্টটা ধরবেন না।

Shri Apurba Lal Mazumdar:

রুল-এ যদি একথা থাকে যে সেকেণ্ড রিডিং শেষ হবার সঙ্গে সঙ্গে এক্সেপ্ট দি এ্যাট ডিসক্রিসন অব দি চেয়ার অন্য কিছু হতে পারবে না তাহলে ভিন্ন কথা। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যেহেতু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের ডিসক্রিসন-এর কথা আছে সেহেতু সেই ডিসক্রিসন বলে তিনি ইউস করতে যাবেন ইন ফেভার অব এ্যাণ্ড দি গভর্নমেণ্ট ! রুল-এ যেটা আছে সেটাই হোক না কেন, অনারেবল মিনিস্টার কেন ইনসিস্ট করছেন ?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি ইনসিস্ট করছি না—হাইওয়েজ বিল আলোচনা করুন।

The Hon'ble Jagannath Kolay:

স্যার, এটা আমি স্বীকার করছি যে এর আগে প্রসেসন বিল ছিল কিন্তু আমরা ওয়েস্ট বেঙ্গল হাইওয়েজ বিল এনেছি। তবে আমি এখন বলছি যে হাইওয়েজ বিলটা ইনট্রোডিউস হয়ে থাক।

THE WEST BENGAL HIGHWAYS BILL, 1962

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I beg to introduce the West Bengal Highways Bill, 1962.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I beg to move that the West Bengal Highways Bill, 1962, be taken into consideration.

ডেপুটি স্পীকার মহাশয়, আমি পশ্চিমবঙ্গ সড়ক বিল, ১৯৬২ উপস্থাপিত করিতেছি, ইহা বিবেচনা করা হউক। এই বিলের উদ্দেশ্য হোল এই রাজ্যের সড়কসমূহের উপর অনধিকার দখলসহ নিবারণ

এবং তথা হইতে অনধিকার দখল সমূহ অপসারণ করিয়া সড়কসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ করা।

দেশ বিভাগের সময় এই রাজ্যে সরকারী রাস্তার দৈর্ঘ্য ছিল মাত্র ১১৮১ মাইল। দ্বিতীয় পরিকল্পনার শেষে সড়ক উন্নয়ন কার্যসূচীর মাধ্যমে এই দৈর্ঘ্যের পরিমাণ বৃদ্ধি পাইয়া মোট ৭000 মাইলে দাঁড়াইয়াছে। তৃতীয় পরিকল্পনার শেষে এই দৈর্ঘ্য ৯000 মাইলে দাঁড়াইবে আশা করা যাইতেছে। মহাশয়, এই সমস্ত সড়ক নির্মাণ এবং উন্নয়নে সরকারের কোটি কোটি টাকা ব্যয় হইয়াছে। সড়কের উপর অনধিকার দখল এবং অনুরূপ বাধা বর্তমানে থাকিলে জনসাধারণের পক্ষে সড়ক চলাচলের পূর্ণ সুযোগ সুবিধা লাভ সম্ভব হয় না। ইহাতে সড়কের উপর আকস্মিক গুরুতর দুর্ঘটনাও ঘটিতে পারে। এই রাজ্যের সড়ক সমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ এং নিয়ন্ত্রণ ব্যাপারে বঙ্গীয় সড়ক আইন, ১৯২৫ (১৯৫৩ সালের ১৭নং আইনে সংশোধিত) বিশেষ সহায়ক হয় নাই। সড়কসমূহের উপর অনধিকার দখলসমূহ বাড়িয়াই চলিয়াছে এবং বর্তমানে এই সমস্যা এইরূপ গুরুতর আকার ধারণ করিয়াছে যে সড়কসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ এবং উহাদের উপর সরকারী মালিকানা বর্তমান রাখা এক দুরূহ ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। বর্তমান প্রচলিত আইন অনুসারে সড়ক সংক্রান্ত বিধি ভঙ্গের বিচার করেন ফৌজদারী আদালত। এখানে অভিযুক্ত ব্যক্তি দোষী সাব্যস্ত হইলেই কেবলমাত্র আদালত সড়কের উপর হইতে অনধিকার দখল অপসারণের পক্ষে রায় দিতে পারেন অন্যথায় নহে। এইরূপ নজিরের অভাব নাই যেখানে অভিযুক্ত ব্যক্তি বেকসুর খালাস পান এবং আদালত কর্তৃক সরকারকে দেওয়ানী আদালতের শরণ লইতে বলা হয়। দেওয়ানী আদালতে বিচার নিষ্পত্তি হইতে যথেষ্ট সময় ব্যয়িত হয়, অথচ বিচার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অনধিকার দখল অপসারণের কাজে হাত দেওয়া চলে না।

এমতাবস্থায় সড়কসমূহ হইতে অনধিকার দখল সমূহ অপসারণের জন্য সমস্ত কোন আইন প্রণয়নের প্রয়োজনীয়তা সরকার অনুভব করিয়াছেন। বর্তমান বিলটি সেই উদ্দেশ্যেই প্রণীত হইয়াছে। এই বিল প্রণয়নে বোম্বাই সড়ক আইন, ১৯৫৫-র বিধানগুলি পর্যালোচনা করিয়া দেখা হইয়াছে এবং সেই আইন হইতে এই রাজ্যের উপযোগী করিয়া কয়েকটি ধারা এই বিলে সন্নিবিষ্ট করা হইয়াছে। এই বিলে মুখ্যতঃ সড়কসমূহের রক্ষণাবেক্ষণ এবং নিয়ন্ত্রণের জন্য সড়ক কর্তৃপক্ষের নিয়োগের বিধান রহিয়াছে। সড়কের পার্শ্বে কোন অনধিকার দখল ধরা পড়িলে, সড়ক কর্তৃপক্ষ সেই অনধিকার দখলের জন্য দায়ী ব্যক্তি বা ব্যক্তিবর্গকে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত অনধিকার দখল অপসারণের জন্য নোটিশ জারী করিবেন। যদি উক্ত সময়ের মধ্যে অনধিকার দখল অপসারিত না হয়, তাহা হইলে সড়ক কর্তৃপক্ষ জেলাশাসক নহেন, সে এলাকার ভারপ্রাপ্ত এইরূপ একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের নিকট উক্ত অনধিকার দখল অপসারণের জন্য আবেদন করিবেন। নোটিশ জারী করিয়া এবং প্রয়োজন বোধে শুনানীর পর উক্ত ম্যাজিস্ট্রেট সড়ক কর্তৃপক্ষকে অনধিকার দখল অপসারণ করিয়া রাস্তার দখল লইতে অনুমতি দিতে পারিবেন। ম্যাজিস্ট্রেটের রায়ের বিরুদ্ধে জেলা শাসকের নিকট আপীল করা চলিবে। এই বিল মতে সড়কের উপর যানবাহনের নিরাপত্তা এবং সড়ক চলাচলকারীদের দৃষ্টিপথের বাধা দূর করিবার জন্য, সড়কের কোনের বা বাঁকের জমি ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করা চলিবে। জরিমানাদিরও ব্যবস্থা আছে।

এই বিলের ৫ ধারা বলে সড়ক কর্তৃপক্ষ এবং তাঁহার কাজে সহায়তার জন্য অন্যান্য কর্মচারীবৃন্দ নিয়োগ করা চলিবে। ইহাতে রাজ্যসরকারের কিছু বাড়তি খরচ হইবে। এই বিলের সহিত যুক্ত অর্থব্যয় সংক্রান্ত স্মারকলিপিতে উক্ত বাড়তি খরচের একটি হিসাব দেখান হইয়াছে।

আমার বক্তব্য এইখানেই শেষ করিয়া আমি এই বিল বিবেচনার জন্য অনুরোধ জানাইতেছি।

Mr. Deputy Speaker: Now the amendments will be moved.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, it has been settled with Shri Jagannath Kolay that we shall move the amendments tomorrow.

Mr. Deputy Speaker: The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4.1 p.m. till 12 noon on Thursday the 2nd August 1963, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 2nd August, 1963, at 12 noon.

Present :

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 12 Hon'ble Ministers, 6 Hon'ble Ministers of State, 6 Deputy Ministers and 164 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Allegations against B. D. O. of Raiganj

***142.** (Admitted question No. *570.) **Shri Kashi Kanta Maitra :** Will the Hon'ble Minister-in-charge of the Community Development and Extension Services Department be pleased to state—

(a) if it is a fact that recently a departmental enquiry was held by the District Magistrate, West Dinajpur, into the alleged corrupt practices of the Block Development Officer of Raiganj;

(b) if so, the findings of the Enquiry Officer as regards the conduct of this Block Development Officer;

(c) if the Government is aware of a unanimous resolution of the Association of Anchal Pradhans, dated 7th March, 1963, demanding removal of this Block Development Officer, Raiganj Block; and

(d) if so, why this officer has been recently appointed Administrator of Raiganj Municipality?

The Hon'ble Saila Kumar Mukherjee : (a) Yes.

(b) The allegations have been proved to be false and unfounded.

(c) The matter has come to the notice of this Department very recently.

(d) After expiry of the term of appointment of the previous Administrator on 30th June, 1963, it was decided not to renew his term of appointment as there was certain allegation against him. As no suitable officer was readily available to take charge of the Municipality, the Block Development Officer, Raiganj, has been appointed temporarily and in addition to his own duties as Administrator until 31st December 1963.

Shri Kashi Kanta Maitra : Will the Hon'ble Minister be pleased to state what were the charges framed against this Officer?

The Hon'ble Saila Kumar Mukherjee : That was enquired long ago by the District Magistrate. The charges were that there was a complaint in the "Lok Sevak" against this officer — there were no official charges against him — and, on the basis of the "Lok Sevak" report, the Government directed the District Magistrate to enquire into the matter. The District Magistrate's report is that the charges made in the "Lok Sevak" were not absolutely correct.

Shri Kashi Kanta Maitra : Will the Hon ble Minister be pleased to state if at the time of the enquiry due notice was servedupn the persons who made complaint against the conduct of this B. D. O.?

The Hon'ble Saila Kumar Mukherjee : The District Magistrate directed the S.D.O to make enquiry into the matter and, as usual, the same procedure as is adopted in all departmental enquiries was adopted in this case also.

Shri Kashi Kanta Maitra : Will the Hon'ble Minister be surprised to know that the member of the Anchal Panchayat who also made allegation against this particular officer was never given any intimation as to the complaint made against this officer?

The Hon'ble Saila Kumar Mukherjee : That was on a subsequent complaint which was recently made.

Shri Kashi Kanta Maitra : With regard to the allegation as regards the purchase of pumping machines for distribution among the agriculturists in Raiganj, has the Hon'ble Minister satisfied himself if the enquiry was with regard to that allegation too?

The Hon'ble Saila Kumar Mukherjee : Yes.

Shri Sailendra Nath Adhikary :

মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানাবেন কি এই বি. ডি. ও সম্বন্ধে বহু কমপ্লেইন আগেকার মন্ত্রি শ্যামাপদ বর্মণের কাছে করা হয়েছিল এবং তিনি এনকুইয়ারী করা হবে, বিচার হবে এই রকম কোন আশ্বাস দিয়েছিলেন কিনা ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আমি প্রাক্তন মন্ত্রীর কথাই বলছি, কাশীকান্তবাবুর প্রশ্নের জবাবে বলেছি রিপ্রেজেণ্টেশন যেটা পাওয়া গেছে তার উপর রায়গঞ্জের ম্যাজিস্ট্রেটকে এনকুইয়ারী করতে বলা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary :

পাম্পিং মেশিন সম্বন্ধে ইনকুইয়ারী করতে বলেছিলেন কিন্তু যে কোম্পানী থেকে নিয়েছে সেই কোম্পানী বাদে নগদ ২০০ শত টাকা নিয়েছে এ সম্বন্ধে কোন ইনকুয়ারী করতে দিয়েছেন কি ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

লোকসেবকে যে সমস্ত অভিযোগ বেরিয়েছিল সে সম্বন্ধে ইনকুয়ারী করতে বলা হয়েছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে।

Shri Sailendra Nath Adhikary :

এ কথা কি সত্য যে শ্রী এস. কে. দে, ডেভেলপমেণ্ট মিনিস্টার এই বি. ডি. ও. সম্বন্ধে অত্যন্ত খারাপ রিমার্ক করেছে।

The Hon'ble Saila Kumar Mukherjee :

সমস্ত ভুল কথা। শ্রী এস. কে. দে-র সঙ্গে আমি নিজে উপস্থিত ছিলাম, শ্রী এস. কে. দে বরং প্রশংসা করে বলেছেন এই রকম বি. ডি. ও দেখিনি।

He has a very good impression about the young B.D.O. and his activities in the Block.

Shri Sailendra Nath Adhikary :

আপনি নিজে কি স্যাটিসফায়েড হয়েছেন ?

The Hon'ble Saila Kumar Mukherjee : I have got the impression that he is one of the best B.D.O.s.

Shri Sailendra Nath Adhikary :

তাহলে ইনকুইয়ারী করছেন কেন ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

কমপ্লেইন করলে এবং প্রাক্তন মন্ত্রি যখন বলেছেন তখন আমাদের কর্তব্য হচ্ছে ইনকুইয়ারী করা।

Shri Sailendra Nath Adhikary :

তাহলে ইনকুইয়ারীর ভারডিক্ট আগে থেকেই লেখা হয়ে আছে বলে কি ধরে নেব?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আপনার অভিমত আপনি পোষণ করতে পারেন। তার সঙ্গে প্রশ্নের কোন সম্পর্ক নাই।

Shri Kashi Kanta Maitra : In view of the previsions of the Zilla Parishads Bill the second reading of which is over, if the Anchal Pradhans demand the removal of B.D. O.s Government would certainly give effect to it. In view of what is stated in question 142(c) that the Association of the Anchal Pradhans has passed a resolution demanding removal of the Block Development Officer, Raiganj Block, will the Government take note of this fact and see that certain alterations in the administrative set up are made?

The Hon'ble Saila Kumar Mukherjee : Everything will depend on the result of the enquiry. The complaint is before the District Magistrate.

Shri Balai Lal Das Mahapatra :

আপনি বললেন পাম্পিং মেশিনগুলি কেনা হয়েছে, সেগুলি কি সরাসরি কিনেছে নাকি কৃষকরা কিনেছে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

এত তথ্য দিতে পারব না, বিশিষ্ট অভিযোগ যা লেখা হয়েছে সে সম্বন্ধে জেলা মেজিস্ট্রেট ইনকুইয়ারী করে স্যাটিসফাইড হয়েছেন যে এই অভিযোগ ভিত্তিহীন।

Shri Sudhir Chandra Das :

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি কোন্ কোম্পানী থেকে কেনা হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

বলতে পারি না, নোটিশ চাই।

Shri Sudhir Chandra Das :

ইনকুইয়ারী যেটা করা হবে সেটা দু-পক্ষকে জানিয়ে করা হবে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee :

যে রকম নীতি আছে সাধারণভাবে সে অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেট করবেন।

Shri Sudhir Chandra Das :

যে রকম ঘটনা ঘটছে, পুনরায় তদন্ত করা হচ্ছে, নোটিশ দিয়ে করার জন্য ডাইরেকশন দেবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আমরা ডাইরেকশন দিয়ে জেলা ম্যাজিস্ট্রেটের হাত বেঁধে দিতে চাই না।

Shri Sailendra Nath Adhikary :

এটা সাধারণ অভিযোগ হলে দুবার করে ইনকুইয়ারী করা হচ্ছে কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee : That is a matter of opinion.

[12-10—12-20 p.m.]

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহাশয় কি এই সংবাদ নেবেন কৃষকরা নিজেরা সরাসরি না কিনে বি. ডি. ও. তাদের যে ৩ হাজার টাকা লোন স্বরূপ দিতেন তাতে বি. ডি. ও. কোম্পানীর কাছ থেকে কিনেছেন, তার কমিশন কৃষকরা পায়নি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

ও বিষয়ে পুংখানুপুংখরূপে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তদন্ত করছেন।

Dr. Golam Yazdani :

মাননীয় মন্ত্রিমহাশয় উত্তরে বলেছেন যে এখন ইনভেস্টিগেসান হচ্ছে ইত্যাদি। আমার প্রশ্ন হচ্ছে এই জেলা পরিষদ বিল যদি কার্যকরী হয় যতদিন পর্যন্ত ইনকুইয়ারী সমাপ্ত না হয় ততদিন পর্যন্ত এই জেলা পরিষদ বিলের এ্যাক্ট অনুসারে ঐ বি. ডি. ও কে রিমুভ করা হবে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

তার সঙ্গে এ প্রশ্নের কোন সম্পর্ক নেই।

Dr. Golam Yazdani:

যখন তার সম্বন্ধে একটা ইনকুইয়ারী হচ্ছে তখন এ্যাডমিনিস্ট্রেটর, রায়গঞ্জ মিউনিসিপ্যালিটি কেন নিযুক্ত করেছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee :

স্থানীয় উপযুক্ত অফিসারের অভাবে সরকার মনে করেছিলেন অস্থায়ীভাবে এই অফিসারকে নিযুক্ত করা প্রয়োজন।

Irrigation channels under Tribal Welfare Scheme in Alipurduar police-station

***143.** (Admitted question No.* 670.) **Shri A. H. Besterwitch :** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state whether the Government is considering the desirabiilty of constructing irrigation channels under the Tribal Welfare Scheme for the Tribal cultivators living in Samuktola Barabisa, Mahakalguri—all under Alipurduar police-station, district Jalpaiguri?

The Hon'ble Promatha Ranjan Thakur : The scheme has been proposed to be executed during the current year. But no scheme for Samuktola and Barobisha has been taken up as there were no proposals from the inhabitants of those localities.

Shri A. H. Besterwitch : Is the Hon'ble Minister aware that these areas are thickly populated by the Tribal Community and that there are a large number of tribal cultivators? Does he think that an irrigation scheme is essential there?

The Hon'ble Saila Kumar Mukherjee : That is the reason why you have put the question and we have already given the answer.

Shri A. H. Besterwitch : Sir, I have not got any reply regarding Mahakalguri.

The Hon'ble Saila Kumar Mukherjee : You did not carefully listen to the answer. Your question was whether the Government is considering the desirability of constructing irrigation channels under the Tribal Welfare Scheme for the tribal cultivators living in Samuktola, Barabisa, Mahakalguri—all under Alipurduar police-station, district Jalpaiguri. The reply was: the scheme has been proposed to be executed during the current year. That is one part of the answer. With regard to

the other part no scheme has been taken up as there was no proposal from the tribal inhabitants of those localities.

Shri A. H. Besterwitch: Is the Hon'ble Minister aware that several reports were made by the Samuktola Santhal people to the Tribal Welfare Officer at Jalpaiguri ?

The Hon'ble Saila Kumar Mukherjee : It is not in the hands of the Government yet.

Shri A. H. Besterwitch : Is the Hon'ble Minister aware of the fact that they have repeatedly approached the Tribal Welfare Officer, Jalpaiguri?

The Hon'ble Saila Kumar Mukherjee : You say it is befroe the Tribal Welfare Officer. Honourable member will please see that the local Tribal Welfare Committee may kindly take steps to send an appeal to the Government with their note.

Irrigation canals under the Tribal Welfare Scheme in Madarihat police-station

*144. (Admitted question No. *671.) **Shri A. H. Besterwitch :** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state if the Government is considering the desirability of constructing irrigation canals under the Tribal Welfare Scheme for the benefit of the Tribal cultivators living in Madarihat police-station, district Jalpaiguri?

The Hon'ble Promatha Ranjan Thakur : A scheme named "North Khayerbari Embankment and Jampai Scheme" was executed during the year 1956-57 for providing irrigation facilities to the tribal people of Madarihat police-station. No other proposal for irrigation canals is pending.

Shri A. H. Besterwitch : Is the Hon'ble Minister aware that the scheme was not executed up till now?

The Hon'ble Saila Kumar Mukherjee : We are not aware of it.

Shri A. H. Besterwitch : Will the Hon'ble Minister kindly make an enquiry into this matter?

The Hon'ble Saila Kumar Mukherjee : If the honourable member helps us with requisite information, we will certainly make an enquiry.

Shri A. H. Besterwitch : I think the Hon'ble Minister is quite aware that on this subject I have written letters to him personally. Will he be kind enough to say whether he has received those letters or not ?

The Hon'ble Saila Kumar Mukherjee : I have said in the answer that no such scheme is pending.

Arrangements for drinking water at Totopara

*145. (Admitted question No. *672.) **Shri A. H. Besterwitch :** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state what arrangements, if any, have been made for drinking water for the Tribal people living at Totopara, police-station Madarihat, Jalpaiguri district?

The Hon'ble Pramatha Ranjan Thakur: A reservoir was constructed in the year 1958-59 at a total cost of Rs. 42,187.08 and drinking water is being supplied through pipe lines at different points in Totopara from this reservoir. The place is not suitable either for tubewells or for masonry wells.

Shri A. H. Basterwitch: The Hon'ble Minister has said that the scheme for drinking water supply cost about Rs. 42,000 and it is being supplied by pipes. Is the Hon'ble Minister aware that these pipes are out of order for the last two years?

The Hon'ble Saila Kumar Mukherjee : I am not aware. If the honourable member will kindly send me information, I will enquire.

Shri A. H. Basterwitch : Is the Hon'ble Minister aware that regarding water supply at Totopara, I have repeatedly approached the authorities and written about it?

The Hon'ble Saila Kumar Mukherjee : This is a scheme which was executed and completed in 1958-59, and if anything is out of order, if you would send us the appropriate intimation our department would take necessary steps. As I have already stated in the answer, this place is not suitable for tubewells or masonry wells.

Dr. Golam Yazdani :

এই রিজারভারে কত জল ধরে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

নোটিশ দিলে বলতে পারি।

Dr. Golam Yazdani :

রিজারভারে কত জল ধরে তাতে কত লোককে সাপ্লাই করতে পারেন?

The Hon'ble Saila Kumar Mukherjee :

সেটা আমি বলতে পারি না—সেটা স্থানীয় সদস্য আমার চেয়ে বেশী জানবেন।

Mr. Speaker : Hon'ble Minister-in-charge of Local Self-Government, your attention is drawn to the fact that answers to these questions have not been sent to my Secretariat at all. The answers should have been sent.

Division of the Jhikira Union Board area into two Anchals

***146.** (Admitted question No. *689.) **Dr. Kanailal Bhattacharya :** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) if any proposal for dividing the Jhikira union board area of Amta police-station, district Howrah, into two Anchals has been sent by the district Panchayat Officer of Howrah to the Government;

(b) if so, whether any objection to the said proposal has been made by the people of that area, in the form of a representation to the Government; and

(c) if so, what action, if any, has been taken by the Government in this respect?

The Hon'ble Saila Kumar Mukherjee :

(এ) হ্যাঁ।
(বি) না।
(সি) এ প্রশ্ন উঠে না।

Dr. Kanai Lal Bhattacharya :

ঐ যে বল্লেন যে ঝিকিরা ইউনিয়ন বোর্ড এলাকাকে দুটো অঞ্চলে ভাগ করা হয়েছে ঐ দুটো এরিয়া বলতে পারেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

এরিয়া বলতে পারবো না—ওটা তো স্ট্যাণ্ডার্ড আছে। পপুলেসান বেসিসে হয়, এক একটা অঞ্চলে ৭ হাজার মিনিমাম, ম্যাক্সিমাম ১০ হাজারের মধ্যে হয়। পপুলেসান হিসাবে হয়ে, একজ্যাক্ট এরিয়া থাকে না।

Dr. Kanai Lal Bhattacharya :

একটা এলাকাকে যদি দুভাগে ভাগ করা হয় তাহলে যে এলাকাকে ভাগ করা হল তার মধ্যে কন্টিগিউয়িটি বজায় রাখতে হবে এটাই তো নীতি।

The Hon'ble Saila Kumar Mukherjee :

কতগুলি নীতির মধ্যে ওটাও নিশ্চয়ই একটা নীতি।

Dr. Kanai Lal Bhattacharya :

আপনি কি জানেন এই যে প্রপোজাল পাঠান হয়েছে তার মধ্যে কন্টিগিউয়িটি বজায় রাখা হয়নি ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

এরূপ কোন অভিযোগ আসেনি, তবে একটা অভিযোগ এসেছে, তারা মেনে নিয়েছেন রাংতাবা এবং ঝিকিরা, ঝিকিরা অঞ্চল পঞ্চায়েতের নাম আমরাড় করা হয়।

Dr. Kanai Lal Bhattacharya :

এরিয়া সম্বন্ধে কোন অভিযোগ আসেনি ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

না। আসেনি।

Dr. Kanai Lal Bhattacharya :

আমার জিজ্ঞাস্য দুটো অঞ্চল যে ভাগ করা হয়েছে—দুটো অঞ্চলের মধ্যে একটা অঞ্চলের মধ্যে কন্টিগিউয়িটি আছে কি এবং আমার রিপোর্ট হচ্ছে যে ঝিকিরা ইউনিয়ন বোর্ডকে ৩ ভাগে ভাগ করা হয়েছে, করে মালের দিকে একটা অঞ্চল হয়েছে এবং দুটো পাশের দুটো ভাগ নিয়ে অঞ্চল হয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee :

আপনি যদি তথ্যটা দেন আমি এক্ষনি অনুসন্ধান করবো, কেন না এখন নোটিফিকেসন পাব্লিস হয়নি। বাংলাদেশের মধ্যে অঞ্চল পঞ্চায়েৎ সব এরকমভাবে পরীক্ষা করা হচ্ছে।

Money allotted to Anchal Panchayat No. 3 under Moyna police-station for development purpose

***147.** (Admitted question No. *692.)

Shri Ananga Mohan Das:

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ময়না থানার ৩নং অঞ্চল পঞ্চায়েতের অঞ্চল বোর্ডকে ১৯৬১-৬২ সনের জন্য উন্নয়নকার্য বাবত যাহা বরাদ্দ হইয়াছিল তাহা হইতে এ যাবত রামচন্দ্রপুর ও প্রজাবন্ত গ্রাম পঞ্চায়েতকে তাহাদের অংশের টাকা দেওয়া হয় নাই ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(গ) ১৯৬১-৬২ সনে উক্ত অঞ্চল পঞ্চায়েতের অধীন ঈশ্বরপুর, শ্রীকণ্ঠাউত্তর এই দুইটি গ্রাম পঞ্চায়েত যে টাকা পাইয়াছিল তাহা গ্রাম পঞ্চায়েতের তহবিলে জমা হইয়াছিল কিনা এবং উক্ত বাবত কোন [illegible] হইয়াছিল কিনা ; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর "না" হয়, তাহা হইলে উহার কারণ কি ?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee :

(ক), (খ), (গ) ও (ঘ) প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে।

Shri Ananga Mohan Das :

আমি ত নোটিশ দিয়েছিলাম প্রায় ১০।১২ দিন আগে। এর মধ্যে কি সংগ্রহ করা সম্ভব হল না ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আপনি যে প্রশ্নটা করেছেন যদি দয়া করে দেখেন ১৯৬১-৬২ সাল পর্যন্ত গ্রাম পঞ্চায়েতকে কত টাকা দেওয়া হয়েছিল ? ১৪ হাজার গ্রাম পঞ্চায়েত আছে সেখানে ১৯৬১, ১৯৬২, ১৯৬৩—এই ৩ বৎসরের হিসাব বলতে সময় লাগবে।

Shri Ananga Mohan Das :

তাহলে এই প্রশ্নটার অবস্থা কি হবে, তাহলে কি হেল্ড ওভার হল ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আপনি যদি আমার ঘরে আসেন তাহলে হয়ত এক সপ্তাহের মধ্যেই দিতে পারবো।

Shri Ananga Mohan Das :

আপনারা প্রতি বৎসর এক একটি অঞ্চল পঞ্চায়েতকে উন্নয়ন কাজের জন্য কত টাকা দেন সাধারণতঃ ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

অঞ্চল পঞ্চায়েতের ব্যাপারে স্ট্যাটুটারিতে বাধাই আছে পঞ্চায়েতে একত্রে এক হাজার টাকা।

Shri Ananga Mohan Das :

ঐ যে এক হাজার টাকা দেন অঞ্চল পঞ্চায়েতকে যেটা তারা গ্রাম পঞ্চায়েতকে ভাগ করে দেন, সেটা কি কোন মিটিং করে দেন, না অঞ্চল প্রধানই ভাগ করে দেন ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

সেটাত বলাই আছে যে দফাদার ইত্যাদির মাইনে ৫০ পার্সেণ্ট, আর বাকী ৫০ পার্সেণ্ট এদের মধ্যে ভাগ করে দেবেন তাদের ইচ্ছামত।

Panchayat election

***148.** (Admitted question No. *695.)

Shri Ananga Mohan Das :

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে মোট কত ব্লক আছে এবং তন্মধ্যে কতগুলিতে পঞ্চায়েত নির্বাচন করা হইয়াছে ; এবং

(খ) অবশিষ্ট ব্লকে পঞ্চায়েত নির্বাচন কোন্ সময়ের মধ্যে শেষ হইবে ?

The Hon'ble Saila Kumar Mukherjee :

(ক) এই রাজ্যে মোট ব্লক সংখ্যা ৩৩৩টি ও তন্মধ্যে ১১১টি ব্লকে পঞ্চায়েত নির্বাচন হইয়াছে।

(খ) আগামী নভেম্বর মাস হইতে সুরু হইবে ও আগামী ফেব্রুয়ারী ১৯৬৪ সনের মধ্যে সমাপ্ত হইবে আশা করা যায়। পুরুলিয়া জেলায় সম্ভব হইলে আগামী সেপ্টেম্বর মাসেই নির্বাচন হইবে।

Shri Ananga Mohan Das :

আমার কথা হচ্ছে নির্বাচন ডিসেম্বর-জানুয়ারী মাসে আরম্ভ হবে। কিন্তু ডিসেম্বর-জানুয়ারী মাস রিপিং সিজন, ধান কাটার সময়। ঐ সময় নির্বাচন করাটা কি ঠিক হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

এটা জেলা ম্যাজিস্ট্রেট প্রত্যেক জেলায় দিন ঠিক করে দেবেন। তাছাড়া আমাদের সাধারণ নির্বাচনও জানুয়ারী মাসেই হয়। সুতরাং ধান কাটার অসুবিধা হয় না। জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে পরামর্শ করে দিন স্থির করা হবে।

Shri Balai Lal Das Mahapatra :

আপনি কি জানেন যে ভোটার্স লিস্টে বহু ভুল আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee: Voters list, Assembly Electoral Roll এগুলির মানে আমাদের পঞ্চায়েৎ স্বায়ত্তশাসন বিভাগের কোন সম্পর্ক নেই।

Shri Balai Lal Das Mahapatra :

আপনি বললেন সম্পর্ক নেই, কিন্তু প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন হবে সেখানে তাহলে অনেক ভোটার নির্বাচনে আসতে পারবেন না।

The Hon'ble Saila Kumar Mukherjee : Assembly Electoral Roll এর ভিত্তিতে মোটামুটি নির্বাচন হবে।

Shri Abhoy Pada Saha :

মন্ত্রিমহাশয় বললেন ১১১টি অঞ্চল পঞ্চায়েতে নির্বাচন হয়ে গিয়েছে। তারা কি সকলে চার্জ পেয়ে কাজ আরম্ভ করেছেন।

The Hon'ble Saila Kumar Mukherjee :

হ্যাঁ, নিশ্চয়ই সব জায়গায় কাজ চলছে—সরকার টাকা দিয়েছেন।

Shri Abhoy Pada Saha :

আপনার কি জানা আছে এখনও বহু অঞ্চল পঞ্চায়েৎ নানারকম মামলা মোকর্দমা ঘটিত ব্যাপারে চার্জ পান নি।

The Hon'ble Saila Kumar Mukherjee :

তার সংখ্যা অত্যন্ত নগন্য। যেখানে মামলা মোকর্দমা আছে সেখানে অবশ্য বন্ধ আছে।

Dr. Golam Yazdani :

এখানে আমি একটা প্রশ্ন করতে চাই। ন্যায় পঞ্চায়েৎ কতগুলি গঠিত হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

কতগুলি বলতে পারিব না। অত্যন্ত অল্প হয়েছে। আপনাদের মালদহ জেলায়, দু'চারটে। নির্বাচন করা শেষ হয়ে গেলে তারপর দেখব।

Dr. Golam Yazdani :

এই যে নির্বাচন হবে এটা নভেম্বর থেকে আরম্ভ হবে। গত নির্বাচনের সময় বহু ভুল ভ্রান্তি থেকে গেছে। এই যেমন ডিলিমিটেসন রিভাইজ-এর ব্যাপারে। এগুলি সংশোধন করা হবে কিনা।

The Hon'ble Saila Kumar Mukherjee :

সে সম্পর্কে আমাদের কিছুকরবার নেই;

Dr. Golam Yazdani :

যদি গ্রাম পঞ্চায়েৎ থেকে রেজোলিউসন করে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

পঞ্চায়েৎ আইন অনুসারে যে অধিকার আছে সেই অনুসারে হবে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহোদয় বললেন যে ভোটার লিস্ট সংশোধন করার ব্যাপারে তাদের কোন হাত নেই। আমি বলতে চাই যখন বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে গ্রাম পঞ্চায়েৎ গঠিত হবে তখন পঞ্চায়েত বিভাগের অনেক দায়িত্ব রয়েছে। সে সব সম্পর্কে পঞ্চায়েত বিভাগ বা ইলেকসন বিভাগ আমাদের জানাবেন।

The Hon'ble Saila Kumar Mukherjee :

ইলেকসন বিভাগ প্রতি বছর ইলেকসন রিভাইজ করে না। সুতরাং যা রিভাইজড হবে আইন অনুসারে সেটি হবে। সেখানে সরকারের কোন হস্তক্ষেপ করবার অধিকার নেই।

Shri Sambhu Gopal Das :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন পশ্চিমবাংলার এমন স্থান কয়েকটি আছে যেখানে পঞ্চায়েত চার্জ পায়নি। আমাদের এলাকার তিন চারটি আছে যেখানে পঞ্চায়েৎ ইলেকসন হয়ে গেলে পুরান ইউনিয়ন বোর্ড কাজ করছে এসব জায়গায় নোতুন নির্বাচন হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

আদালতের হুকুমের পরে সেটা নির্ভর করে।

Shri Sambhu Gopal Das :

নোতুন পঞ্চায়েৎ যখন সারা বাংলাদেশে হবে তখন আবার ইলেকসান হবে না পুরান.......

The Hon'ble Saila Kumar Mukherjee :

আদালত যদি নাকচ করে দেন তাহলে আবার ইলেকসন হবে।

Shri Gopikaranjan Mitra :

এই যে নির্বাচন হবে অনেক অঞ্চলে সেখানে সেই অঞ্চলের লোক ছাড়াও বাইরের অনেক লোক আছে—যেমন কয়লাখনি অঞ্চলে ভোটার হয়েছেন যারা অন্য অঞ্চলের লোক—তাদের সম্বন্ধে কি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee :

টি গার্ডেন-এর ফরেস্ট এরিয়া ছাড়া সমস্ত অঞ্চল পঞ্চায়েতের আওতায় আসবে এটা সরকারী সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

Shri Sailendra Nath Adhikary :

মন্ত্রিমহোদয় বললেন যে পশ্চিমবালায় ন্যায় পঞ্চায়েতের সংখ্যা কম হয়েছে। আমি জিজ্ঞাসা করছি একই সঙ্গে অঞ্চল পঞ্চায়েত ও ন্যায় পঞ্চায়েত হওয়ার বিধান পঞ্চায়েৎ অ্যাক্ট-এ আছে এবং তারপরে পঞ্চায়েৎগুলির ইলেকসন হল। ন্যায় পঞ্চায়েত এত কম গঠিত হল কেন তার কোন কারণ মন্ত্রিমহাশয় রাখবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee :

এজন্য করা হয়েছে যে সারা পশ্চিমবাংলায় এক নীতিতে এগুলি করা হবে। যখন নোতুন পঞ্চায়েত জেলা পরিষদ বিল প্রবর্তনের পর হবে তখন সারা বাংলার ভিত্তিতে চালু করা হবে বলে ন্যায় পঞ্চায়েত বন্ধ করে রাখা হয়েছে। সারা বাংলায় ৩০।৪০ টির বেশী ন্যায় পঞ্চায়েত নেই।

Shri Sailendra Nath Adhikary :

এই যে ৩০।৪০টি ন্যায় পঞ্চায়েত রয়েছে—এগুলি কি করে রয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee :

আইনের দ্বারা যেগুলি প্রতিষ্ঠিত হয়েছে সেগুলি নাকচ কেন হবে?

Dr. Golam Yazdani:

আপনি অনুরূপ একটি প্রশ্নে এসেম্ব্লী-তে বলেছিলেন যে যেসব পঞ্চায়েতের ডেলিমিটেসন-এর ব্যাপারে গোলমাল বা ত্রুটি রয়েছে সেগুলি আগামী নির্বাচনের আগে নোতুন করে ডেলিমিটেসন করা হবে। কিন্তু এখন আপনি বলছেন করব না। এটা কি করে হল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

যেগুলি হয়ে গিয়েছে সেগুলি নাকচ করবার কোন অধিকার নেই।

[12-30—12-40 p.m.]

Shri Girish Mahato:

এখন ধান কাটার সময়, এখন পঞ্চায়েৎ গঠন হলে চাষের ক্ষতি হবে এই বলে তারা একটা দরখাস্ত করেছে একথা আপনি অবগত আছেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না।

Shri Ananga Mohan Das:

পঞ্চায়েৎ নির্বাচন উপলক্ষে যাতে পঞ্চায়েৎ আইনের অপব্যাখ্যা না হয় তৎপ্রতি লক্ষ্য রাখবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

অপব্যাখ্যা কি হতে পারে?

Shri Ananga Mohan Das:

এইজন্য বলছি যে, পঞ্চায়েৎ আইনের এমনভাবে ব্যাখ্যা করা হয় যেন পঞ্চায়েৎ আইনে দেশের সর্বনাশ হয়ে যাচ্ছে—এর প্রতিকারের জন্য কোন আইন করবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এমন অবস্থা হলে ইলেকসন পিটিসন সেট এ সাইড করবার অধিকার আছে।

Shri Girish Mahato:

এই পঞ্চায়েৎ আইনে জনসাধারণের সুবিধা হবে না। পুঁজিপতিদের সুবিধা দেওয়াই কি এর উদ্দেশ্য?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এটা কোন প্রশ্ন নয়।

Shri Balai Lal Das Mahapatra:

ফেব্রুয়ারী পর্যন্ত টাইম বাড়িয়ে দেবার কথা বিবেচনা করে দেখবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee: That is a request for action which we shall consider.

Shops and Establishments Inspector for Darjeeling district

***149.** (Admitted question No. *701.) **Shri L. R. Josse:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether a Shops and Establishments Inspector is also posted in the district of Darjeeling as in other districts of West Bengal; and

(b) if not, the reasons therefor?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) It has not yet been possible to post a full time Departmental Inspector in every district of West Bengal and in Darjeeling

district also there is no full time Inspector of Shops and Establishments. The work is being carried out by other Government officers in addition to their own duties.

(b) A full time post of Inspector of Shops and Establishments has been created for the district of Darjeeling and can be posted after recruitment is made through the Public Service Commission.

Shri Lakshmi Ranjan Josse : How long ago was that post sanctioned and there has been provision made for it?

The Hon'ble Bijoy Singh Nahar : Very recently.

Shri Birendra Narayan Ray:

দার্জিলিং-এর মতো জেলায় সপস অ্যাণ্ড এসটাবলিসমেণ্টস ইনস্পেক্টর এতদিন আপনারা রাখেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেখানে এইরকম পোস্ট দরকার হয়নি বলে। এখন চারদিকে দোকান বাড়ছে বলে এদিকে আমরা দৃষ্টি দিয়েছি।

254. (Admitted question No. 541.) **Shri Mrigendra Bhattacharyya:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদম জেলের হাসপাতালের জন্য ১৯৬২-৬৩ সালে কত মূল্যের ঔষধ সরবরাহ করা হইয়াছে;

(খ) উক্ত বৎসরে কত টাকা মূল্যের ঔষধ উদ্বৃত্ত ছিল;

(গ) ১৯৬৩-৬৪ সালের জন্য এ পর্যন্ত কত টাকা মূল্যের ঔষধ পাঠানো হইয়াছে এবং এই বৎসরের মোট মঞ্জুরী কত;

(ঘ) এই জেলে নন্-ক্রিমিনাল লুনাটিক্সদের বর্তমান সংখ্যা কত এবং তাহাদের চিকিৎসার জন্য কত টাকার ঔষধ বর্তমান বৎসরে বরাদ্দ আছে, এবং

(ঙ) উল্লিখিত নন্-ক্রিমিনাল নালুটিক্স ব্যক্তিদের মধ্যে কতজন ১-১-৬৩ হইতে ৩০-৬-৬৩ পর্যন্ত মারা গিয়াছে?

The Minister for Home (Jails):

(ক) ২০,১১৩.৮৩ টাকা।

(খ) ৪,৫৩০.৭৬ টাকা।

(গ) বর্তমান আর্থিক বৎসরে এ পর্যন্ত সরকারী কেন্দ্রীয় ঔষধ ভাণ্ডার হইতে যে ঔষধ পাওয়া গিয়াছে তাহার দরুণ কোনও প্রেষিতক (ইনভয়েস) এখনও আসিয়া পৌঁছায় নাই। সেজন্য তাহাদের মূল্য বলা যায় না। তবে স্থানীয় বাজার হইতে এ পর্যন্ত জরুরী প্রয়োজনে এবং কেন্দ্রীয় ভাণ্ডার হইতে অপ্রাপ্ত ঔষধ মোট ৪৯০·২২ টাকা ক্রয় করা হইয়াছে।

ঔষধ, পথ্য ও হাসপাতাল সম্পর্কিত অন্যান্য ব্যয়বরাদ্দ বর্তমান আর্থিক বৎসরে অত্র কারার জন্য মোট ১,০০,০০০ টাকা (এক লক্ষ টাকা) মঞ্জুর হইয়াছে।

(ঘ) ২২-৭-৬৩ তাং সংখ্যা ৩৮৫ জন। উন্মাদগণের বাবত পৃথকভাবে কোনও অনুদান (অ্যালটমেণ্ট) বরাদ্দ হয় না।

(ঙ) ১৬ জন।

Construction of Health Centres

255. (Admitted question No. 544.) **Shri Mrigendra Bhattacharyya:**

২০-৩-৬৩ তারিখে প্রদত্ত ৩৫০ নং অতারকিত প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর থানার ১০ নং এবং ১২ নং ইউনিয়নের কোন্ স্থানে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের ব্যবস্থা হইয়াছে, এবং কত দিনে নির্মিত হইবে;

(খ) সেকেণ্ডারী স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রশাসনিক সম্মতি কত দিনে দেওয়া হইবে; এবং

(গ) উক্ত অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রগুলির কোন্টা কোন্ বৎসর নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Health:

(ক) পূর্বে প্রতি থানায় ১টি করিয়া থানা স্বাস্থ্যকেন্দ্র এবং প্রতি ইউনিয়নের ১টি করিয়া ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা চালু ছিল। অধুনা ঐ পরিকল্পনা চালু নাই। বর্তমানে প্রচলিত পরিকল্পনা অনুযায়ী প্রতি উন্নয়ন ব্লকে একটি করিয়া প্রাথমিক ও ২-৩টি করিয়া উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয়। ১০ ও ১২ নং ইউনিয়ন দাসপুর ২নং ব্লকের অন্তর্ভুক্ত। ঐ উন্নয়ন সংস্থারই অধীন খুকুরদহ ও নিশ্চিন্তপুর মৌজায় প্রস্তাবিত স্বাস্থ্যকেন্দ্রদ্বয় ঐ ১০নং এবং ১২নং ইউনিয়নের জন্যেও কাজ করিবে এবং উক্ত এলাকার চাহিদা মিটাইবে।

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহ হইলেই নির্মাণের প্রশাসনিক সম্মতি দেওয়া হইবে।

(গ) সঠিক বলা যায় না।

Officers of the minority communities in West Bengal

256. (Admitted question No. 557.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state the number of (1) Gazetted and (2) Non-Gazetted officers of the West Bengal Government of the following minority communities:

(i) Anglo-Indian;

(ii) Schuduled Castes;

(iii) Schuduled Tribes;

(iv) Buddist;

(v) Jainas; and

(vi) Indian Christian?

The Minister for Finance : Information so far collected is noted below:

	Gazetted.	Non-Gazetted.
(i)	84	162
(ii)	106	9,883
(iii)	4	1,375
(iv)	4	46
(v)	Nil	Nil
(vi)	17	170

Non-establishment of a Fire Station at Krishnagar

257. (Admitted question No. 569.)

Shri Kashi Kanta Maitra :

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার সদর কার্যালয় কৃষ্ণনগরে দমকল বা অগ্নিনির্বাপক সংস্থা চালু না করার কারণ কি; এবং

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যেখানে এই সংস্থা চালু করা হয় নাই সেই সব অঞ্চলে দমকল বা অগ্নিনির্বাপক সংস্থা চালু না করার কারণ কি?

The Minister for Local Self-Government and Panchayats :

(ক) ও (খ) বর্তমান আর্থিক অবস্থা এবং বিদেশ হইতে প্রয়োজনীয় অগ্নিনির্বাপক যন্ত্রপাতি আমদানি করিতে যে বৈদেশিক মুদ্রার প্রয়োজন তাহা যোগাড়ের অসুবিধা।

[1—1-10 p.m.]

Calling Attention

Mr. Speaker: Hon'ble Minister in-charge of the Home Department will please make a statement on the clash among student demonstrators in protest against India's agreement with the Voice of America in reply to the Calling Attention Notice given by Shri Sanat Kumar Raha on 29th July, 1963.

The Hon'ble Prafulla Chandra Sen: It was announced that students belonging to the Sutudents' Federation Group would meet at Raja Subodh Mullick Square on the afternoon of the 26th July, 1963, and come out in a procession to submit memoranda before the Chief Minister and the A.I.R. Authorities p otesting against the joint air raid exercises and the agreement between the All-India Radio and the Voice of America. At about 2-40 p.m. a procession of 30 students of S. F. came from the north along Nirmal Chandra Street. It has been ascertained on enquiries that as the procession came near the crossing of Subodh Mullick Square North and Nirmal Chandra Street, a boy lay down on the road with a view to obstruct them. Subsequently, some students, probably belonging to some rival group, appeared on the scene and chased the processionists. A confusion followed and there was some exchange of fists and blows. The processionists dispersed. Two or three

students belonging to the procession (S.F.) were said to have been roughly handled. The police appeared on the scene almost immediately. It was found that one student received slight bleeding injury on the nose. A police officer asked his name and address and wanted to take him to the hospital. He refused and left the spot. The officer-in-charge, Muchipara police-station, remained on the spot with his force and no further trouble took place.

Some placards depicting various slogans against joint air raid agreement, Voice of America, etc., were found on the western footpath of Nirnal Chandra Street opposite Raja Subodh Mullick Square. These placards were taken charge of by the police. It was ascertained on enquiries that at about 2-10 p.m., i.e., before the processionists came, a student brought these placards in a taxi. As soon as he brought down the placards from the taxi, some 7/8 students surrounded the taxi and the occupant of the taxi fled away leaving the placards there. This had taken place when the police was not present at the spot.

No complaint has been lodged at any police-station regarding the above incidents. It is seen from the medical certificates received from the Medical College Hospital that three students attended the Medical College Hospital on the afternoon of 26th July, 1963. They are Sarbashri Paltu Das Gupta, Malay Das Gupta, Manas Kumar Chatterjee. Paltu Das Gupta complained of pain on abdomen and headache and stated that he was assaulted by Shyamal Bhattacharya and others while they were moving in a rally at 2-30 p.m. on 26th July 1963. Shri Malay Das Gupta complained of pain on chest and face and pain and tenderness on the left shoulder joint. He stated before the Medical Officer that he was assaulted by some students of University near Wellington Square while he was moving in a rally at 2-30 p.m. on 26th July 1963. Manas Chatterjee who had a local lascerated injury on left eye brow $\frac{1}{4}'' \times \frac{1}{8}''$ and pain in chest stated to the Medical Officer that he was assaulted by Shyamal Bhattacharya, Biswajit and others at 2-30 p.m. on the 26th July, 1963, near Wellington Square. All the three were attended and discharged from the hospital. As the injuries were simple and minor in nature and as no cognizable case was made out, no police action was initiated on receipt of the medical certificates.

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department will now please make a statement on the proposed increase of bus fares by the State Transport Corporation, called attention by Shri Nikhil Das on the 31st July, 1963.

The Hon'ble Bijesh Chandra Sen : A proposal of the Calcutta State Transport Corporation revision of fare structures in view of the increased cost of operation as a result of the recent budget, is under the consideration of Government.

Mr. Speaker : I have received 4 notices of Calling Attention. The first one, from Shri Anadi Das, regarding allegation against the management of Alipore Zoological Garden; the second from Shri Sailendra Nath Adhikary on the subject of concentration of Pakistani troops along the Indo-Pak border of Cooch Behar, Nadia and Murshidabad. The third from. Shri Birendra Kumar Maitra on the subject of reported flood in Fular and Kalindri river, causing hardship to inhabitants of 60 square miles in Harishchandrapur police-station, district Malda, and the last from Shri Gour Chandra Kundu regarding concentration of Pakistani troops along the border region of Nadia and West Dinajpur districts. I have selected the notice of Shri Birendra Kumar Maitra regarding reported flood in Fular and Kalindri river in the district of Malda. The Hon'ble Minister-in-charge will .will please make a statement today, or give a date for making the statement.

The Hon'ble Abha Maiti : I will make a statement on Monday next.

Point of Privilege

Mr. Speaker : I have received a notice from Shri Nepal Chandra Roy on a question of privilege. As it does not constitute a breach of the privilege, I have refused consent to the raising of that motion in the House.

Shri Hemanta Kumar Basu :

স্পীকার মহোদয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ২৪শে জুলাই থেকে ৬ জন দুর্গাপুরে বাংগালীর চাকরীর দাবীতে অনশন করছে। এবং ১লা আগস্ট থেকে ৪ জন আমরণ অনশন করছে এখানে যে রিক্রুটিং সেণ্টার ছিল সেটা রাচীতে নিয়ে যাওয়া হয়েছে আমি এর প্রতিবাদ করে এই সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Dr. Kanai Lal Bhattacharja :

স্যার, আমি একটা মোশন দিয়েছিলাম।

Mr. Speaker :

হ্যাঁ, আমি এইমাত্র পেয়েছি। আপনিত রুলস ভাল করেই জানেন।

Dr. Kanai Lal Bhattacharja :

কবে হবে?

Mr. Speaker :

তা এখন বলতে পারি না।

GOVERNMENT BILL

The West Bengal Zilla Parishads Bill, 1962

[1-10—1-20 p.m.]

Mr. Deputy Speaker : We shall now take up the West Bengal Zilla Parishads Bill, 1962—third reading. Mr. Habibullah.

Shri Syed Abul Mansur Habibullah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যে বিলটি এখানে দফাওয়ারী আলোচনার পর তৃতীয় পর্যায়ে আলোচনা হচ্ছে সেখানে আপনার মারফৎ সরকারের কাছে কতকগুলি জরুরী বিষয় উত্থাপন করছি। আজকে নীতিগতভাব যে সমস্ত প্রশ্ন এবং বিরোধিতা আমাদের আছে সেগুলি দফাওয়ারী আলোচনার সময় বিশদভাবে আলোচনা অনেকে করেছেন—আমি সেদিকে যাচ্ছি না। আমি আপনার মারফৎ এই বিলটিকে কার্যকরী করার দিকে যে অবস্থা রইল তার মধ্যে কি করলে সরকার অন্তত: কিছুটা গণতান্ত্রিক পদ্ধতি—অন্তত: স্থানীয় স্বায়ত্ত-শাসন ব্যবস্থা করার জন্য দাঁড় করাতে পারেন সেই আলোচনায় আমি যোগদান করব।

আমার প্রথম কথা হচ্ছে আজকে প্রথম দরকার লোকাল ফাইনান্সেস। আপনি দেখেছেন এই বিলের মধ্যে প্রধানত যে দৃষ্টিভঙ্গী আমাদের সাম্রাজ্যবাদী যুগে যে দৃষ্টিভঙ্গী ছিল তা থেকে খুব পরিবর্ত্তন করতে পারলাম না। লোকাল ফাইন্যান্সেস পৃথিবীর অন্য দেশে লোকে জোর করে বলে থাকে যে স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান বড্ড বেশী কেন্দ্রের উপরে নির্ভরশীল না থেকে কিছুটা তাদের ট্যাক্স কলেকসন করা উচিত। এদিক থেকে বিদেশে লোকাল ফাইনান্সেস আলোচনা করা হয়— অর্থাৎ সেখানে লোকাল ফাইনান্সেস বলতে মূলতঃ সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর দায়িত্ব থাকে—স্থানীয়ভাবে ট্যাক্স সংগ্রহ করা হয়ে থাকে। কিন্তু আমাদের এখানে দেখবেন আমাদের যে টাকাটা দেওয়া হবে সেখানে মূলতঃ গ্রাণ্টস ইন এড বলা হয়েছে। কিন্তু লোকাল ফাইনান্সেস আমাদের সেই সমস্ত ট্যাক্স, লেভিস, টোলস ইত্যাদি জেলা পরিষদকে নির্ভর করান হয়েছে। অবশ্য সেখানে স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীর হাতে ক্ষমতা আছে—তিনি জেলা পরিষদকে টাকা দিতে পারবেন—সাহায্য দিতে পারবেন। কিন্তু সমগ্রভাবে এই বিলের মধ্যে এরকম ব্যবস্থা নেই যাতে জেলা পরিষদ মনে করতে পারেন যে আমরা টাকা পাব। সেই দৃষ্টিভঙ্গী দিয়ে আমি সরকারের কাছে বলব এই লোকাল ফাইনান্স-এর ব্যাপারে দৃষ্টিভঙ্গীর পরিবর্তন দরকার। এই বিলের মধ্যে যে ব্যবস্থা আছে তাতে দেখছি ভিক্ষার পাত্র নিয়ে জেলা পরিষদকে বারবার আপনাদের কাছে আসতে হবে। সরকার দয়া করে কি দেবেন না দেবেন তার কোন স্থিরতা নেই। আপনাদের স্বায়ত্তশাসন বিভাগের যে মন্ত্রণালয় তার উপরে এটা সম্পূর্ণ নির্ভরশীল এবং তার জন্য এই বিলকে এমন ভাবে পরিচালিত করবার ব্যবস্থা করতে আমি অনুরোধ করছি যাতে আমরা যেন শীঘ্র বুঝতে পারি সমস্ত জেলা পরিষদকে সরকার কত টাকা দেবেন এবং সেটা যেন আমরা এই আইন সভা থেকে বলে দিতে পারি—যাতে ভিক্ষার পাত্র নিয়ে ছুটাছুটির যে বৃটিশনীতি এর মধ্যে রয়ে গেল সেটা দূরীভূত হতে পারে—যাতে এই জেলা পরিষদ বুঝতে পারে যে একটা তার নির্দিষ্ট আয় আছে—বারে বারে কারও দ্বারস্থ হতে হবে না এবং নীতিগতভাবে যাতে বৃটিশ আমলের নীতি বদলাতে পারি সেই দৃষ্টিভঙ্গী যাতে আনতে পারি সেই ভাবে এই বিলকে চালু করতে অনুরোধ করি। আজ স্বায়ত্তশাসন ব্যবস্থার মধ্যে এই দৃষ্টিভঙ্গী আনতে হবে যাতে উন্নয়নমূলক ব্যবস্থার অংগ হিসাবে কোন জায়গায় একটা নির্দিষ্ট জিনিষ তারা তৈরী করেছেন—বর্ধমানে হোক, হুগলী হোক—শুধু জেলা নয় স্থানীয় ভাবে যাতে ভাল কাজ করতে পারেন সেই দায়িত্ব নিয়েছেন কিন্তু মূলতঃ তারা দায়িত্বপালন করছেন কেন্দ্রীয় সরকারের—যা নাকি বাংলা সরকারের করা উচিত—এই দৃষ্টিভঙ্গী নিয়ে লোকাল ফাইনান্সেস দিকে দৃষ্টি রাখা উচিত। ডেপুটি স্পীকার মহাশয়, আপনি দেখেছেন এই আইনের ভিতর এমন ব্যবস্থা রাখা হয়েছে যাকে বলে সুপারসেসন—অধ্যক্ষ, উপাধ্যক্ষ থেকে আরম্ভ করে এমনকি সমগ্রভাবে জেলা পরিষদকে।

[1-20—1-30 p.m.]

স্যার, আপনার মারফৎ আমি গভর্ণমেণ্টকে বলব এই আইনের ভিতর যে দৃষ্টিভঙ্গি নেওয়া হয়েছে, যেভাবে নাকি সরকার কতগুলি বিশেষ ক্ষমতা নিয়েছেন সেই ক্ষমতাগুলি অত্যন্ত চিন্তা করে, অত্যন্ত বিবেচনা করে, অত্যন্ত ধীরভাবে ব্যবহার করা উচিত, কারণ আমরা ১৬ বৎসর ধরে স্বায়ত্তশাসনের কার্যাবলী দেখে আসছি এবং কংগ্রেস শাসকের পদ্ধতিও আমরা দেখেছি। আপনারা জানেন আসানসোল মিউনিসিপ্যালিটি গত ৭ বৎসর ধরে সুপারসেসন হয়ে গিয়েছে। সুপারসেসন করা যখনই গভর্নমেণ্ট প্রয়োজন মনে করছেন তখনই করছেন। আজকে দেশের ভিতর এমন একটা মনোবৃত্তি তৈরী করা হচ্ছে যেন সরকারী কর্মচারী বসিয়ে দিলেই কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটি ভাল ভাবে চলতে পারে। এতে অনেক তিক্ত অভিজ্ঞতাও হয়েছে। আমরা দেখেছি, কলিকাতা কর্পোরেশনে তো বলতে পারা যায় পুরোপুরি সুপারসেসন হয়ে গিয়েছে, সরকারের হাতে নিয়ে এমন কিছু উন্নতি হয়নি। সেই জন্য আমি বলব, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বায়ত্তশাসনের পুরানো যে দৃষ্টিভঙ্গি তা যেন পরিত্যাগ করা হয় এবং তারা যেমন বলছেন স্বায়ত্তশাসনে বৈপ্লবিক পরিবর্তন আনতে যাচ্ছেন আমরা সেইরকম মনে না করলেও এটুকু আশা করব যে, এই মন্ত্রীসভা এই বিষয়ে একটা বিশেষ দৃষ্টিভঙ্গি নতুন করে সুরু করবেন যাতে করে নির্বাচিত প্রতিনিধিরা বা লোকাল বডিসগুলি প্রকৃতই মানুষের মঙ্গলের জন্য কাজ করতে পারে। আমি কোন

বিশেষ মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের কথা উল্লেখ করতে চাই না। আমি আপনার মারফৎ সরকারকে এই হুঁসিয়ারী দিতে চাই এবং স্পষ্ট করে বলতে চাই আজকে এই আইন-সভায় জেলাপরিষদ বিলের মাধ্যমে যে বিশেষ ক্ষমতাগুলি নিয়েছেন সরকার সেগুলি যেন বিশেষ বিবেচনার সহিত প্রয়োগ করা হয় এবং এসম্পর্কে সরকারের যে দায়িত্ব রয়েছে সেই দায়িত্ব যেন পালন করা হয়। তৃতীয় জিনিস যেটা আমি আপনার সামনে আলোচনা করতে চাচ্ছি সেটা হচ্ছে, আজকে আমরা দেখছি যে, নীতির দিক থেকে গণতন্ত্রকে আমরা অনেকখানি খর্ব করে ফেলেছি। এই বিলের মধ্যে ইনডাইরেক্ট ইলেকসন-এর ব্যবস্থা করা হয়েছে তাতে আমরা অনেকখানি দলাদলির স্থান করে দিয়েছি। আমাদের দেশে ভোট কেনাবেচার ব্যবস্থা করা যায় দুর্ভাগ্যের বিষয়। এটা শুধু যাঁরা নির্বাচিত হবে সদস্য তাদেরই কথা নয়, সমগ্রভাবে জাতির কথাও বটে। আমি মন্ত্রী মহাশয়কে বলব, স্থানীয় প্রতিষ্ঠানগুলিকে আজকে আমাদের দেশে কতগুলি দলের ক্রীড়নক হিসাবে ব্যবহার করা হচ্ছে, জেলা পরিষদে যেন সেটা না হয় এবং বিশেষভাবে বিশেষ লোককে বিশেষ ক্ষমতা যাতে না দেওয়া হয় সেদিকে যেন লক্ষ্য রাখা হয়, এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয় এই যে বিলটা নিয়ে এসেছেন তাতে তিনি বলেছিলেন যে একটা বৈপ্লবিক পরিবর্তন তারা করতে যাচ্ছেন। কিন্তু এই বিলটার আলোচনার মধ্য দিয়ে বৈপ্লবিক পরিবর্তনের নামগন্ধও আমরা দেখতে পেলাম না। যখন এডাল্ট ফ্রানচাইজ-এর কথা বলা হয়েছিল তখন আমরা সকলেই উৎসাহিত ও আনন্দিত হয়েছিলাম এই ভেবে যে এবার থেকে যা নির্বাচন হবে সবই এডাল্ট ফ্রানচাইজ-এর ভিত্তিতে হবে, এবং আমরা একথাও মনে করেছিলাম যে আগেকার ডিস্ট্রিক্ট বোর্ড-এর তুলনায় এটা উন্নত ধরণের হবে, আমরা মনে করেছিলাম যে জেলা পরিষদের যা নির্বাচন হবে তা জনসাধারণের থেকেই হবে। কিন্তু এখন আমরা দেখতে পাচ্ছি যে, এই জেলা পরিষদ বিলে যেসব ধারা সন্নিবেশিত হয়েছে তাতে সরকারের হাতে ক্ষমতা কুক্ষিগত করে রাখারই ব্যবস্থা করা হয়েছে। স্যার, যদিও সিলেক্ট কমিটি থেকে অনেকগুলি পরিবর্তন হয়েছে তাহলেও আমাদের বিরোধী দল থেকে যেসমস্ত সংশোধনী দেওয়া হয়েছিল সেই সমস্ত সংশোধনীর কোনটাই গ্রহণ করা হয়নি। যদি তিনি সেইসমস্ত সংশোধনী গ্রহণ করতেন তাহলে আমরা মনে করতাম যে বাস্তবিকই এই জিলা পরিষদের বিলের পিছনে একটা প্রগ্রেসিভ আউটলুক আছে। কিন্তু সেরকম কিছু আমরা এর মধ্যে দেখতে পাচ্ছি না। আমরা দেখতে পেলাম জেলা পরিষদে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্টকে নেওয়া হবে বা অধ্যক্ষ যাদের নির্বাচিত করে দেবেন তাঁদের নেওয়া হবে—এবং তাঁদের মনোনয়ন করে নেওয়া হবে। তারপর, মেয়েদেরও মনোনয়ন করে নেওয়ার ক্ষমতা রাখা হয়েছে। সুতরাং ঠিক নির্বাচন আমরা এর মধ্যে দেখতে পাচ্ছি না। এডাল্ট ফ্রানচাইজ-এর বেসিসে নির্বাচন হওয়া উচিত তার কোন ব্যবস্থা এর মধ্যে নেই। তারপর সরকার ইচ্ছা করলে ইচ্ছামত বোর্ডকে সুপারসিড করতে পারবেন, তাঁরা তাঁদের ইচ্ছামত এই বোর্ডের কর্মচারীদের এবং চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানকে সরাতে পারবেন। এ সম্পর্কে আমাদের সংশোধনী প্রস্তাব ছিল যে, যদি মেজোরিটির ডিসিসন হয় তাহলে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান বা চীফ এক্সিকিউটিভ অফিসারকে অপসারিত করা যাবে, কিন্তু সেই প্রোভিসন এখানে করা হয়নি। কাজেই এইরকম অবস্থায় বোর্ডের কাজের মধ্যে অনেক গলদ দেখা দেবে। এভাবে কাজ হলে কি করে বোর্ডের কাজ সুষ্ঠভাবে চলতে পারে ভেবে পাচ্ছি না। যেসমস্ত ধারা এখানে নিবদ্ধ করা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি স্কুল বোর্ডকে স্ট্যাণ্ডিং কমিটি হিসেবে জেলা পরিষদে গ্রহণ করা হয়েছে। স্কুল বোর্ড একটা ইলেকটেড এবং ইণ্ডিপেণ্ডেণ্ট বডি কাজেই এটা কি করে জেলা পরিষদে স্ট্যাণ্ডিং কমিটি হিসেবে হতে পারে সেটা আমি বুঝতে পারছি না। মন্ত্রিমহাশয় বলেছেন তাঁর আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করেছেন এবং তাঁরা মনে করছেন এটা সঙ্গত হয়েছে। কিন্তু আমার মনে হচ্ছে এরকম একটা নির্বাচিত বোর্ড কি করে জেলা পরিষদে স্ট্যাণ্ডিং কমিটি হিসেবে কাজ করবে? তাঁরা যে নিয়মে বা ধারায় নির্বাচিত হন তাতে আমরা দেখছি প্রাথমিক শিক্ষার ব্যাপারে তাঁরা যে ডিসিসন করবেন সেটা তাঁদের দ্বারাই ফাইনাল হবে। তাহলে জেলা পরিষদে তাঁরা তাঁদের বক্তব্য কি করে রাখবেন বা স্ট্যাণ্ডিং কমিটি

হিসেবে কাজ করবেন বা তাঁদের কথা শুনবেন? কাছেই সব দিক বিবেচনা করে আমরা দেখছি এই বিলটি কোন মতেই একটা বৈপ্লবিক বিল নয়, বরং সব দিক থেকে এটা একটা প্রতিক্রিয়াশীল বিল এবং সেইজন্যই আমি একে সমর্থন করতে পারছি না। তারপর, এই বিলের অন্যান্য জায়গায় যেসমস্ত কথা উল্লিখিত রয়েছে তাতে আমরা দেখছি জেলা পরিষদের হাতে কোন ক্ষমতা দেওয়া হয়নি যার ফলে জেলা পরিষদকে সব সময় সরকারের উপর নির্ভরশীল হয়ে থাকতে হবে। সরকার কত টাকা দেবেন সেটা তাঁরা বাজেটে ঠিক করে দেবেন। কিন্তু আইনের মধ্যে এরকম কোন ব্যবস্থা করেন নি যাতে বোঝা যায় যে সেস্ প্রভৃতি মারফত জেলা পরিষদ এত টাকা পাবে। স্যার, বর্তমানে মিউনিসিপ্যালিটি এবং জেলা বোর্ড-এর হাতে যেসমস্ত ফাইন্যানসিয়াল রিসোর্সেস আছে তাতে আমরা দেখছি তার দ্বারা কোন মিউনিসিপ্যালিটি বা জেলা বোর্ড তাদের কাজ চালাতে পারে না। এই যখন অবস্থা তখন জেলা পরিষদকে যেসমস্ত টাকা তোলার অধিকার দেওয়া হয়েছে তারদ্বারা তারা কিভাবে জেলা পরিষদের কাজ পরিচালিত করবে সেটা আমি বুঝতে পারছি না। আমরা বলেছিলাম ল্যাণ্ড রেভিনিউর যে পোর্শনটা দেবেন সেটা বিধিবদ্ধ করা হোক। কিন্তু মন্ত্রি-মহাশয় সেই সংশোধনী গ্রহণ করেন নি। মন্ত্রিমহাশয় যে মনোভাব নিয়ে এই বিলটি পরিচালনা করেছেন এবং যেভাবে আলোচনা করেছেন তাতে আমরা দেখছি বিরোধী দলের কোন যুক্তিযুক্ত কথা তিনি শুনতে চান নি। শুধু তাই নয়, যে আদর্শ, যে আউটলুক নিয়ে এই বিল সংশোধিত হওয়া উচিত ছিল সেই আউটলুক বা দৃষ্টি এর মধ্যে নেই। সরকার সব সময়ই মনে করছেন অ্যাডাল্ট ফ্রানচাইজ-এর মাধ্যমে নির্বাচন হলে তাদের হাতে ক্ষমতা থাকবে না, তাই ক্ষমতা কুক্ষিগত করবার জন্য এই সমস্ত ধারাগুলি এখানে রাখা হয়েছে। স্যার, জন-সাধারণের মধ্যে কোন উৎসাহ বা প্রেরণা সৃষ্টি হবে বা তারা তাদের সামাজিক অবস্থার পরিবর্তন করতে পারবে বা তাদের এলাকার জল, রাস্তাঘাট প্রভৃতির সুব্যবস্থা করবার জন্য কোন অধিকার লাভ করল এরকম কোন প্রভিশন জেলা পরিষদ বিলের মধ্যে দেখলাম না বা জনসাধারণের সঙ্গে যোগাযোগের কোন রাস্তাও এই বিলের মধ্যে দেখলাম না। আমরা দেখছি অঞ্চল পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত সব জায়গায়ই মনোনয়নের মধ্য দিয়ে জেলা পরিষদ গঠিত হবে—সাধারণ মানুষের সঙ্গে কোন যোগাযোগ যে আছে সেটা এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি না। আমরা যদি দেখতাম এই রকম একটা ব্যবস্থা বিলের মধ্যে হয়েছে তাহলে আমরা বুঝতে পারতাম যে সত্যিই বৈপ্লবিক মনোবৃত্তি নিয়ে এটা হয়েছে এবং এই বিলের মাধ্যমে একটা বিপ্লব আসবে। মন্ত্রিমহাশয় বলেছেন বৈপ্লবিক পরিবর্তন এনেছেন, কিন্তু আমরা সেটা দেখতে পাচ্ছি না। যাহোক, আমার শেষ বক্তব্য হচ্ছে এর আগে যে ডিস্ট্রিক্ট বোর্ড ছিল তার চেয়ে কোন পরিবর্তিত অবস্থা এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না।

[1-30—1-40 p.m.]

Shri A. H. Besterwitch : Mr. Deputy Speaker, Sir, it is no doubt that everyone in this House will agree with the purpose of this Bill. The purpose of the Bill is noble, and the Hon'ble Minister introducing the Bill certainly deserves congratulations because at the outset he has said that he is going to place a revolutionary legislation in front of us. But right through what I have seen is that he has gone back to the British regime with all powers in his hands. The Bill has been introduced to remodel local self government so that local authorities may associate with the development activities. This Bill has also been introduced to bring about democratic decentralisation. The purpose of the Bill is also to make proper provisions so that people may take part in planning and development work. Well, Sir, we must now see as to how this Bill will make the people take part in planning and development. Naturally, the Zilla Parishad, as contemplated by this Bill, cannot effectively provide people's participation in planning and development. According to this Bill, if you see, you cannot provide the people's participation in planning and development for the simple reason that this legislation of the Zilla Parisdah is absolutely frustrated by the method followed in this House by the Hon'ble Minister, and if this Bill is passed in the present form, the people will not go forward

but will go backward. Every point raised from the opposition side, every amendment put forward by the opposition side, the Hon'ble Minister in advance has thought of throwing it in to the dust bin. As I think I have said, he has brought some laws of the British regime of some 50 years ago, and I told him to throw it out from the House.

The Zilla Parishad, composed mostly of ex-officios cannot deliver the goods to the people. That is why I request the Hon'ble Minister even now to see that there is effective participation of the people by the adult franchise method. If the purpose of this Bill is for the people to take the initiative in their own hand for planning and development, it should be by the representatives of the people through adult franchise. We should arouse initiative, concentration and various other methods by which the people will participate in a more energetic manner than by nomination and ex-officios being in the majority. Well, let 2/3 of the members of the Zilla Parishad be elected through adult franchise and other 1/3 can be nominated so that there may be confidence among the people that they have got something to do for the country, something to do for themselves, something to do for the nation. I request the Hon'ble Minister again that he should accept specially those amendments brought forward by honourable members on our side regarding adult franchise so that the purpose of this legislation can be served in a more revolutionary manner. He has given out with a fanfare that he has brought out a revolutionary legislation but is this a revolutionary piece of legislation?

Mr. Deputy Speaker : After congratulating the Hon'ble Minister, you should not speak like that.

Shri A. H. Besterwitch: Sir, he has spoken about revolutionary legislation. He has brought out a Bill which is worse than the British regime legislation—if you compare this piece with those days, you will find whether I am right or wrong.

[At this stage the honourable member having reached his time limit sat down]

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলের প্রথম আলোচনায় মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি যে নীতির দিক থেকে এই জেলা পরিষদ বিল সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। এই জেলা পরিষদ বিল যে আকারে এসেছে, ৪ ধাপে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা সম্ভব হবে কিনা সন্দেহ আছে। আমি প্রথমে প্রথম ধাপ গ্রাম পঞ্চায়েত সম্পর্কে বলব। গ্রাম পঞ্চায়েতের হাতে কোন ক্ষমতা নেই। আমাদের প্রাক্তন স্বায়ত্তশাসন মন্ত্রী একটা পঙ্গু সন্তানের জন্ম দিয়েছিলেন, সেদিন তার প্রতিবাদ করেছিলাম। অর্থাৎ যেখানে পরিস্কারভাবে বলা আছে এভরি ভিলেজ উইল বি এ ফুল রিপাবলিক পূর্ণ ক্ষমতা বিশিষ্ট এক একটা রিপাবলিক হবে, একটা পঞ্চায়েত রাজ গড়ে উঠবে সেখানে এই পঞ্চায়েত রাজের হাতে কোন ক্ষমতা নেই। এটা মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রী জালান সাহেবের সময় হয়েছিল, আমরা তখন অনেক প্রতিবাদ করেছিলাম। আজ যদি বর্তমান স্বায়ত্তশাসন মন্ত্রী তার কিছু পরিবর্তন আনতে পারতেন এবং তারপর জেলা পরিষদ বিল আনতেন তাহলে ভাল হত। কিন্তু এদিকে তিনি কোন লক্ষ্য রাখেন নি। কাজেই প্রাক্তন মন্ত্রী যেটা এনেছিলেন সেটাকে আমি বলছি পঙ্গু সন্তান। কিন্তু এটাতে গণতন্ত্রের ছাপ দিয়েছেন বলে আমি বলছি তিনি একটা জারজ সন্তানের জন্ম দিয়েছেন। মনোনয়ন দ্বারা এমন একটা অব্যবস্থার সৃষ্টি করা হয়েছে যে এই বিলের দ্বারা গণতন্ত্রের বিকাশ হবে না। দীর্ঘ ১৫ বছর পরে এই বিলটা এসেছে। আজ যাতে সত্যিকারে গণরাজ প্রতিষ্ঠিত হয়, পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হয় সেইভাবে বিলটা আনতেন তাহলে নিশ্চয়ই তাঁকে ধন্যবাদ দিতাম। কিন্তু তিনি আনতে পারেন নি।

[1-40—1-50 p.m.]

এখানে বলবো প্রথমে যে অরিজিনাল বিল এনেছিলেন সেই বিল যদি হত তাহলে আরো প্রতিক্রিয়াশীল হত। জয়েণ্ট সিলেক্ট কমিটি এর অনেক উন্নতি করেছে, তবুও অনেক ভুল ত্রুটি ছিল বলে বিরোধীপক্ষ থেকে আমরা শত শত সংশোধনী দিয়েছি—কিন্তু তিনি সেগুলি গ্রহণ করা প্রয়োজন মনে করেন নি। বিলের ৪নং ধারার দিকে আমি প্রথমে যাবো যে কতখানি

গণতন্ত্রবিরোধী। প্রথমতঃ আমরা বলেছিলাম যে গ্রামের জনমত যাতে প্রকাশ পায় সেজন্য অন্ততঃ পক্ষে এক একটা ব্লকের মাঝখানে গ্রাম পঞ্চায়েৎ, অঞ্চল পঞ্চায়েতের যাঁরা সদস্য তাদের মাধ্যমে একজন প্রেসিডেণ্টকে নির্বাচন করে আনতে চেয়েছিলাম কিন্তু তিনি সেটা স্বীকার করেননি। তারপরে সেখানে অনেক মনোনয়ন দিয়েছেন এবং মনোনয়নের মাঝখান দিয়ে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বা কর্পোরেশনের মেয়রকে আনবার ব্যবস্থা করেছেন, দুজন মহিলা সদস্যাকে মনোনয়ন দেবার ব্যবস্থা করেছেন—আমরা এর তীব্র প্রতিবাদ করেছি। এখনও বলছি যে মনোনয়ন বন্ধ করে অন্ততঃ আপনি সীমাবদ্ধ নির্বাচনের মধ্যে দিয়ে নিয়ে আসুন। একথা সত্য যে মহিলাদের যোগ্যতার উপর আমাদের পূর্ণ বিশ্বাস আছে এবং আমরা জানি তাঁদের নির্বাচনে দাঁড় করালে তাঁরা নির্বাচিত হয়ে আসতে পারবেন। আমি বলবো অন্ততঃ সীমাবদ্ধ নির্বাচনের মধ্য দিয়ে তাঁদের নিয়ে আসুন। তারপরে আর একটা কথা আমি উল্লেখ করছি যে স্কুল বোর্ডের প্রেসিডেণ্টকে এক্স-অফিসিও করে নিয়ে আসবেন। এটা একটা অবাস্তব প্রস্তাব। স্কুল বোর্ডকে সেখানে করছেন এডুকেশান স্ট্যাণ্ডিং কমিটি এবং স্কুল বোর্ডের প্রেসিডেণ্টকে এখানে আবার একজন সদস্য করে এনে এমন একটা ব্যবস্থা করছেন যার ফল কি হবে আমি বুঝতে পারছি না। ধরুণ জেলা পরিষদ শিক্ষা সংক্রান্ত একটা প্রস্তাব নিল, সেখানে স্কুল বোর্ডের প্রেসিডেণ্ট থাকলেন এবং তাকে নিয়ে প্রস্তাব পাশ হল কিন্তু স্কুল বোর্ডের সবাই মিলে স্ট্যাণ্ডিং কমিটির সেই প্রস্তাব মানলো না। তাতে আপনারা কি করতে পারেন? দুটো স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান আইন সঙ্গতভাবে বিধিবদ্ধ। সেক্ষেত্রে সেখানে একটা স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান আর একটা স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের নির্দেশ যদি না মানেন তাহলে সেখানে করবার কি আছে? বলছেন ৩৫ ধারায় গভর্নমেণ্টকে ডাইরেকশন দেবার অধিকার দিয়েছি কিন্তু আমি জানি তাঁরা সেই ডাইরেকশন মানেন না। কারণ স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান হিসাবে তাঁদের যে অধিকার আছে সেই অধিকারকে ক্ষুণ্ণ করা যেতে পারে না। ডাইরেকশন ততক্ষণ পর্যন্ত কার্যকরী হবে না যতক্ষণ পর্যন্ত ১৯৩০ সালের প্রাইমারী এডুকেশন অ্যাক্ট আমরা পরিবর্তন করতে না পারছি। তারপর তিনি বলছেন ২ জন শিক্ষানুরাগীকে মনোনীত করবেন। এটা কি ব্যবস্থা—এতে কি ফল [illegible] কথা মানবেন কি না সেটার কথা কিছু বল্লেন না। আমি বুঝতে পারতাম যে দুজনকে পাঠাচ্ছেন তারা সেখানে গিয়ে গভর্নমেণ্টের আদেশ তারা যদি মানাতে পারতো তাহলে এই দুজনকে পাঠিয়ে লাভ হোত। এতে আমি দেখতে পাচ্ছি কোন লাভ হবে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করতে চাই যে এখানে কোন সরকারী নিয়ন্ত্রণের কথা—এই যে এক্সিকিউটিভ অফিসার করা হয়েছে তাতে জেলা পরিষদের কোন ক্ষমতা নেই। তারা সরকারের দ্বারা নিয়োজিত হবেন, তাদের মাইনে, ডিসিপ্লিনাল, ট্রান্সফার সবই সরকার নিয়ন্ত্রণ করতে যাচ্ছেন—যদিও তারা রেখে দিয়েছেন যে কমিটি রেজলিউশন করে ভোটাধিক্যের দ্বারা তাদেরকে সরাতে পারবেন কিন্তু আমি বলছি যে যদি পূর্ণ নিয়ন্ত্রণ থাকতো তাহলে কাজ হতে পারতো—কিন্তু তা রাখেন নি। এক্সি-কিউটিভ অফিসারকে পূর্ণ ক্ষমতা দিয়েছেন যে চেয়ারম্যানকে এবং অন্যান্যকে তিনি সরাতে পারবেন এবং তাকে আদালতে বিচারেরও কোন অধিকার দেন নি। তারপর আর্থিক অবস্থা সম্পর্কে বলবো। এই যে পরিষদ গঠন করা হয়েছে তাতে কোন স্থায়ী আয়ের ব্যবস্থা নেই। আমরা বার বার বলেছি যে রাজস্বের অংশটা যদি দিতে পারতেন তাহলে ভাল হোত—একটা নির্দিষ্ট করে দিন যেমন অন্যান্য প্রদেশ করেছে। আমরা যখন বার বার বলি তখন তিনি বলেন আমরা নূতন কিছু করি নি পুরানো যা আছে তাই করছি এই রকম বহু উদাহরণ তিনি দেন। কিন্তু আমি বলছি যে অন্যান্য প্রদেশ যা করেছে সেই রকম অনুকরণ করুন এবং করে একটা সুষ্ঠুভাবে ব্যবস্থা করুন। তারপর বাজেট—এই বাজেট সেক্রেটারী তিনি প্লেস করবেন। অদ্ভুত অব্যবস্থা। জেলা পরিষদ একটি স্বয়ংশাসিত প্রতিষ্ঠান তার বাজেট একজন সেক্রেটারী প্লেস করবেন এবং এটা এস্টাবিলসমেণ্ট ফাইন্যান্স কমিটি তৈরী করবেন। যদি জানতাম যে কমিটির চেয়ারম্যান বাজেট প্লেস করবেন তাহলে অন্ততঃ যুক্তিসঙ্গত কারণ থাকতো। কিন্তু তা করেন নি। আমি মনে করি এই বাজেট প্লেস করা উচিত চেয়ারম্যানের। তিনি পলেসি ডিকটেড করবেন স্টেটমেণ্ট দেবেন। এই সব চিন্তা করে বলছি যে যেখানে বাংলাদেশে সর্বত্র জনতার রাজ প্রতিষ্ঠান হোক, যেকথা আপনি বলতে চাচ্ছেন যে হুকুমের দিন চলে গেছে যেখানে জনতার রাজ প্রতিষ্ঠা হতে চলেছে

সেখানে আপনি ঐসবগুলি চিন্তা করুন। সেইজন্য বলছি বাংলাদেশের জনসাধারণের সর্বপ্রকার সুবিধার জন্য এমন ব্যবস্থা করুন যাতে সত্যিকারের লোক গভর্নমেণ্টের সুবিধা লাভ করতে পারে এবং অনুরোধ করবো এটা প্রত্যাহার করে নিয়ে এটা আরও সংশোধন করে নিয়ে আসুন তাহলে বাংলাদেশের লোক আপনাকে ধন্যবাদ জানাবে।

Shri Mahendra Nath Mahato :

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই জেলা পরিষদ বিলকে সমর্থন জানাতে উঠে কয়েকটি কথা আমি এই হাউসের কাছে রাখতে চাই। আজ বহুদিন হতেই ভারতবর্ষের বিভিন্ন স্টেটে এই জেলা পরিষদ চালু হয়ে গেছে। এখানেও গ্রাম পঞ্চায়েত বিল আগে হয়ে গেছে এবং জেলা পরিষদ বিল কিছু হতে দেরী হয়েছে। যাহোক এই জেলা পরিষদ বিল যে ফর্মে এসেছে তাতে হয়তো ২।১ জায়গায় অল্পস্বল্প ত্রুটি-বিচ্যুতি থাকতে পারে। কিন্তু অন দি হোল এই বিলটি অত্যন্ত বাঞ্ছনীয় জিনিস এবং আমাদের দেশ যে অবস্থায় আছে তাতে স্থানীয় লোকের হাতে স্থানীয় সমস্যা সমাধানের ভার দেওয়া ছাড়া অন্য কোন উপায় আমাদের নেই। এই জেলা পরিষদ বিলটিতে যে সমস্ত বিধান বা ব্যবস্থা আছে সেগুলি অর্থাৎ গ্রামাঞ্চলের লোকের যেসব অভাব অভিযোগ আছে সেগুলি যদি সাধারণভাবে আমরা ভাগ করি তাহলে তাকে পাঁচ ভাগে ভাগ করা যায়। যেমন শিক্ষা, স্বাস্থ্য, অন্ন, বস্ত্র, বাসস্থান। এই পাঁচটি সমস্যার কতটুকু আমরা সমাধান করতে পারবো সে সম্বন্ধে কয়েকটি কথা আপনার কাছে রাখি। আজ অনবরত আমরা শুনতে পাই লেবার ইনটেনসিভ প্রোগ্রাম—পপুলেসন অনেক বেশী হয়ে যাচ্ছে। কিন্তু আমরা যেগুলি সমস্যা বলে বলি সেই সমস্যা হোল মানুষের সমস্যা এবং মানুষই যদি বেশী হয় তাহলে মানুষই তার নিজের সমস্যার সমাধান করতে পারবে না কেন? পৃথিবীর অন্যান্য দেশ দেখলে দেখা যাবে যেমন বিলাতে যে সেখানকার প্রায় সাড়ে বার হাজার গ্রাম পঞ্চায়েত অর্থাৎ ছোট ছোট লোকাল বোর্ড আছে এবং সেই সব লোক্যাল বোর্ডই বহু প্রকার কাজ করছে।

[1-50—2 p.m.]

আমেরিকাতেও আমরা দেখতে পাই যেসব লোক্যাল বডি আছে তার হাতে যে লোক্যাল ফিনান্স খরচ হয়, যাকে আমরা পাবলিক ফিনান্স বলি, তার সংখ্যা ১০০ টাকা পাবলিকের কাছ থেকে উঠলে সেই টাকা যেভাবে খরচ হয়, লোক্যাল ফিনান্স অলসো পাবলিক ফিনান্সের ভিতর ইনক্লুডেড, সেখানে ১০০ টাকার ভিতর ফেডারাল গভর্নমেণ্ট খরচ করেন ৪০ টাকা এবং ৪৯টি স্টেট খরচ করে ১২ টাকা, আর লোক্যাল বডিসের মাধ্যমে খরচ হয় ৪৮ টাকা। সেখানে এ্যাটম বোম ইত্যাদি সবই করছে তাদের খরচ হচ্ছে ৪০ পার্সেণ্ট অব দি টোটাল পাবলিক ফিনান্স। লোক্যাল বডিসের হাত দিয়ে ৪৮ ভাগ টাকা খরচ করা হয়। সেদিকে তাদের এ্যাক্টিভিটি কত বেশী তা এই টাকার অঙ্কেই বুঝতে পারা যায়। আমাদের এই দেশ গরীবের দেশ, টাকা নেই, তাসত্ত্বেও দেশের সমস্যার সমাধান আমাদের করতে হবে। একজন আমেরিকান পাদ্রী একটি টিচার্স কনফারেন্সে বক্তৃতা দেবার সময় শিক্ষকদের বলেছিলেন

Well, my friend teachers, you adopt American system of education here in India

তাতে শিক্ষকরা তাঁকে ঠাট্টা করে বলেছিলেন—

Yours is a country of multi-millionaire. Our is a country of beggars. How can we adopt your system here in India

তাতে তিনি বলেছিলেন—

Well, my friend, you think we Americans have to solve the problem of education with good amount of money. That is not the case. We have to solve the problem with good education.

আজকে একথা আমাদের সকলকেই চিন্তা করতে হবে। আমরা টাকা পাবো তবে কাজ করবো, কিন্তু কাজ করে যে টাকা পেতে পারি সেকথাও আজকে ভাবতে হবে। যেসব লোক আমরা আছি মফঃস্বলের, তাদের হাতে যে পরিমাণ ক্ষমতা আছে, যেসব সামগ্রী আছে, যে রিসোর্সেস এ্যাণ্ড দেয়ার ডিসপোজ্যাল, এই দুটির সদব্যবহার করে অনেক সমস্যার আমরা সমাধান করতে পারি। অনেকে হয়ত বলবেন যে কি করে করতে পারবো। আমি

কয়েকটি মাত্র উদাহরণ দিই। আমাদের অল্পসল্প টাকা নিশ্চয়ই দরকার এবং এই অল্প টাকাতেও যে বহু বেশী কাজ করা যায় তার বহু পরিকল্পনা এই জেলা পরিষদ বিলের ভিতর আছে। সেটা বুঝবেন এই ১৬ ধারায় যে সমস্ত ফাংশন আমাদের হাতে দেওয়া হয়েছে জেলা পরিষদের মাধ্যমে সেই সমস্ত কাজ যদি বেশ ভালভাবে, আমাদের অভিজ্ঞতা দিয়ে মেথোডিক্যালি করা যায় তাহলে অনেক কিছু করতে পারা যাবে, কো-অপারেটিভ, এডুকেশন এবং এগ্রিকালচারের ব্যাপারে। আগে জেলা বোর্ডের হাতে এগ্রিকালচার ছিল না, এডুকেশন যদিও ছিল, সেটা লিমিটেড ছিল। এখন কো-অপরেটিভ পর্যন্ত জেলা পরিষদের হাতে দেওয়া হয়েছে। বহুদিন আগে, আপনারা হয়ত জানেন, স্যার হ্যামিলটন টাকা বাদ দিয়েও, বিনা টাকায় বহু কাজ কো-অপরেটিভ এর মাধ্যমে করবার একটা মেথড দিয়েছিলেন। তিনি সেই মেথড ট্রায়াল দিয়েছিলেন, অবশ্য সম্পূর্ণ সাথক করতে পারেন নি। আমাদের এখানে যিনি ডেভালপমেণ্ট কমিশনার ছিলেন, শ্রীএস. কে. দে, তিনি রোমে আছেন, তিনি একটি বিনিময় প্রথা, টাকা না দিয়েও দেশের কাজ করা যায় কিনা চেষ্টা করেছিলেন। তিনিও ট্রায়াল দিয়েছিলেন, অবশ্য সফল করতে পারেন নি। তাছাড়াও মহাত্মা গান্ধী এই গরীব দেশে, যাকে লেবার ইনটেনসিভ প্রগ্রাম বলে, সমভাণ্ডারের মাধ্যমে কাজ করবার একটা পরিকল্পনা করেছিলেন। সর্বোদয় সংঘ এটা চেষ্টা করেছিল কিন্তু সর্ব প্রকারে সফল হতে পারেনি। এই হ্যামিলটনের সেই সিসটেম, মহাত্মা গান্ধীর সমভাণ্ডার, আর আমাদের এস. কে. দের বিনিময় প্রথা, এই তিনটির যে আণ্ডার লাইং প্রিন্সিপিল আছে—ডিটেল বলার সময় নেই—এর দ্বারা বহুরকম প্রগ্রাম কো-অপারেটিভের মাধ্যমে করা যেতে পারে। জেলা পরিষদ কো-অপারেটিভ এবং মিঃ হ্যামিলটনের সিসটেমকে যদি কম্বাইন করে পার্মুটেশন কমবিনেশন করে কাজ করে তাহলে অনেক কাজ করতে পারে।

কিন্তু স্মল ইরিগেশন করবার টাকা আমি মনে করি স্মল ইরিগেশন স্কিমএর যে ওয়াটার রেট-এর বিধান আছে তার থেকে আমরা টাকা কম পেতে পারি না—শুধু টাকা নয়, যাতে খাদ্য উৎপাদনের পথ সুগম হবে। টাকা দিয়ে কাজ করা—

solving the problem of our work with the money ; that is one aspect of the thing

আমরা তা কাজ করবার অধিকার পাই সেই কাজের মাধ্যমে বহু টাকা অর্জন এবং উপার্জন করতে পারি। জেলা পরিষদকে যথেষ্ট পাওয়ার দেওয়া হয়েছে। অনেকে বলেছেন টাকা নেই। সেখানে কো-অপারেটিভ ডেভেলপমেণ্ট করার জন্য ক্ষমতা দেওয়া হয়েছে। জেলা পরিষদের যে বিধান আছে তার মধ্যে শিক্ষা দিয়ে শিক্ষা এবং শিক্ষা দিয়ে টাকা অর্জন করা যায়। এজেন্য যেভাবে খাদ্য উৎপাদন হবে সেখানে স্থানীয় লোক যারা আছেন তারা বহু কাজ করতে পারেন। সেই সমস্ত লোক ইলেকটেড হয়ে এসেছেন, গ্রাম সভায় যারা ইলেকটেড হবেন তারাও ইলেকটেড হয়ে এসেছেন ভোটারের মাধ্যমে। এ সমস্ত লোকের স্থানীয় সমস্যার সঙ্গে বিশেষ পরিচিত আছেন। অনেকে বলেছেন অফিসার থাকবে। তারা ম্যানেজ করা যাবে না। কিন্তু অফিসারদের অভিজ্ঞতা এবং এফিসিয়েন্সি যেমন দরকার এবং স্থানীয় লোকের যে অভিজ্ঞতা বা জ্ঞান স্থানীয় সমস্যা সম্বন্ধে তারও দরকার। সামাজিক মেথড অফ এ্যাপ্রোচ দরকার। অফিসার আমাদের যারা থাকবেন তারা লোকের কথা ভাববেন না এটা মনে করবার কারণ নেই। স্থানীয় নির্বাচিত লোক যারা তারাও অনেক কিছু করবার সুযোগ পাবেন। অনেক লোক আছেন যারা সামান্য অবস্থা থেকে বহু বড় কাজ করে গেছেন। স্যার হেনরী কাইজার অত্যন্ত গরীব লোক ছিলেন, কিন্তু নিজের চেষ্টায় ও পরিশ্রমে তিনি লক্ষ লক্ষ কোটি কোটি টাকার বহু কনসার্ন গড়ে উঠেছে এবং এই সমস্ত বিরাট কনসার্নগুলির যে সমস্ত ম্যানেজার আছেন তাদের বয়েস—৩০।৩২ এর বেশী কারও নয়। সেজন্য মানুষের সামনে যে ক্ষমতা আসে সেগুলি ব্যবহার করে কাজে লাগাবার জন্য চেষ্টা করা উচিত। যে সুযোগ এবং সুবিধা এই আইনের মধ্যে আছে সেটা গ্রহণ করতে পারি এবং বহু ভাল কাজ করতে পারি এবং কাজ করতে গিয়ে যে সমস্ত সুবিধা অসুবিধা আসবে সেই অনুসারে আইনকে অল্প স্বল্প পরিবর্তন করা যেতে পারবে। কিন্তু এখন যেটা হয়েছে সেটা অত্যন্ত ভাল হয়েছে এবং সেটা যদি ইউটিলাইজ করতে পারি তাহলে অনেক কাজ করা যেতে পারবে। যে সমস্ত লোকের হাতে ক্ষমতা দিয়েছেন তারা স্থানীয় লোক। অফিসার আছেন—তাঁদের অভিজ্ঞতা আছে এগুলি সব কো-অর্ডিনেট করে কাজ করবার

চেষ্টা করতে হবে। এত বড় একটা সহর কলকাতা, এখানে লোকাল বডির উপর কেউ স্যাটিসফাইড হতে পারছেন না—সেজন্য এ্যাডমিনিস্ট্রেটিভ এক্সপিরিয়েন্স মাস্ট বি টেকেন ইনটু আওয়ার কনসিডারেসন সেজন্যে আমি আশা করি যে জেলা পরিষদ হয়েছে তার মধ্যে থেকে আমরা অনেক কাজ করতে পারি।

[2-00—2-10 p.m.]

Shri Anadi Das :

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই জেলা পরিষদ বিল যে ভাবে এসেছে তাতে এবং তারপর বহু আলোচনার পরে সংশোধিত আকারে এখানে উপস্থাপিত হয়েছে তাতে আমাদের দেশের জনসাধারণের স্বার্থ এই আইন দ্বারা পুরাপুরি সাধিত হবে বলে আমি মনে করি না। আমাদের দেশে পঞ্চায়েত রাজ গঠন করবার জন্য একটা দাবী অনেক দিন থেকে ছিল। সোভিয়েত রাশিয়াতে অনেকে একথা মনে করেছিলেন যে সোভিয়েটের অর্থ যে ভাবে প্রকাশ পায় আমাদের দেশে পঞ্চায়েত কথার মধ্যে সেই ভাবে তার অর্থ প্রকাশ পাবে এবং জনসাধারণের হাতে প্রকৃত ক্ষমতা গিয়ে পৌঁছাবে। কিন্তু এই বিল সেই ক্ষমতা দেয়নি। আসল উদ্দেশ্যটা ছিল কি, দেখছি প্রতিটি জায়গায় যারা প্রতিক্রিয়াশীল শক্তি, যারা অর্থবান, যারা জনতার শোষণের উপরে নির্ভরশীল তারাই সর্বত্র ক্ষমতায় অধিষ্ঠিত আছেন ব্যক্তিগত ভাবে না হলেও নীতিগত ভাবে। এখানে রাজাজীর কথাটা মনে পড়ে যে যেখানে তিনি বলছেন ধনিকদের যে তোমরা এম. এল. এ. হবার জন্য ভোটে দাড়াবার জন্য কেন চেষ্টা করছ তোমরা এমনতর লোক পাঠাও যারা তোমাদের হয়ে কথা বলতে পারবে। এখানেও সেই নীতি এই জেলা পরিষদ বিলে পরিস্কার ভাবে আমরা দেখতে পাচ্ছি। দেখতে পাচ্ছি যে জনসাধারণ যারা উৎপাদনে উৎসাহিত হবে নিজেদের ভাগ্য নিজেরা নিয়ন্ত্রণ করবে ভবিষ্যতকে তারা নির্দ্ধারিত করবে উৎপাদন ব্যবস্থার অধিকারী হবে এমনতর কোন ব্যবস্থা যাতে না হয় তার জন্য চতুর্দিক থেকে আঁটিঘাট বেঁধে এই বিলটাকে আনা হয়েছে। মনোনয়ন দ্বারা সেই প্রচেষ্টাটা পরিস্কার ভাবে দেখা যাচ্ছে। যখন এ্যাডাল্ট ফ্রানচিস্ট সর্বসাধারণের ভোটাধিকারের কথা উঠলো আমরা সবাই সেই অবস্থাকে অত্যন্ত আনন্দের সঙ্গে মেনে নিলাম কিন্তু এখানেতে এই বিলের মধ্যে মনোনয়ন ব্যবস্থাই প্রধান হয়ে দাড়িয়েছে। কোন কোন জায়গায় কোন গ্রামে যদি যান পঞ্চায়েতের যিনি প্রধান তিনি মনোনীত হবেন এখানে অথচ এটা দেখা যেত এ্যাডাল্ট ফ্রানচিস্ট এর উপর নির্ভর করে জেলা পরিষদের সদস্য যদি নির্বাচিত হত তাহলে তিনি হয়ত বা তার মত কোন ব্যক্তি হয়ত এই জেলা পরিষদে নির্বাচিত হতে পারতেন না। আরও অন্যান্য যে কথাগুলি বলবার সেগুলি অন্য বক্তারা বলেছেন, আমি প্রধানতঃ এই একটা কুজ থাকার জন্য অন্যান্য যে কোন ধারা আছে সমস্ত ধারাগুলি এই একটা ধারার দ্বারা ম্লান হয়ে গিয়েছে। এই জন্য বিশেষ করে এই জেলা পরিষদ বিলে আমি বিরোধিতা করছি। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Panchu Gopal Bhaduri :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জেলা পরিষদ বিলে তৃতীয় পর্যায়ে আলোচনা করতে উঠে খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয় বিরোধী পক্ষের একটিও গুরুত্বপূর্ণ সংশোধনী গ্রহণ করতে পারলেন না। তিনি যে কথা বলে সুরু করেছিলেন আমি আজও তৃতীয় পর্যায়ে আলোচনা সেই কথা বলেই সুরু করছি। তিনি গ্রামাঞ্চলে বিপ্লব করতে চেয়েছেন, এখন বিপ্লব যে রাইটার্স বিল্ডিং-এর কোন একটা কাগজের ব্যাপার নয়—রাইটার্স বিল্ডিং-এ বসে কাগজ কলম ধরে ফাইল নিয়ে টাইপ করে বিপ্লব করে ফেলবেন এই রকম ব্যাপার নয় এই কথা আমরা বলেছি। গ্রামেতে নতুন জীবনের বিকাশ করতে হলে তার মূল এবং মুখ্য ভূমিকা যাদের সেই কৃষকদের—যারা লাঙ্গল চালান তাদের বাদ দিয়ে তাদের জমি তাদের অধিকারের নিশ্চয়তা, তাদের ফসলের মূল্য, তাদের কৃষির পুঁজি তাকেই ভিত্তি করে সমবায় গড়ে তোলা এবং কৃষির পদ্ধতিগত পরিবর্তন এ তাদের জীবনের অর্থনৈতিক ভিত্তিকে সুনিশ্চিত না করে কোন রকম করে গ্রাম্য জীবনকে তাকে বিকশিত করে তোলা যায় না এবং গ্রামের কৃষক সাধারণের উদ্যোগ নিয়ে কোন একটা

কাজ স্বুরু করা যায়না। কাজে কাজেই সেই কাজটা তিনি যখন করছেন না তখন তারা অন্য কি কাজ করছেন। তিনি যেমন কৃষককে অবলম্বন করে এই কাজ করতে চাইছেন না তেমনি যদি এই বিলটিকে ভাল করে লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে যে গ্রাম্য ধনীকে ভিত্তি করে বিপ্লব নয় কতকটা প্রতিবিপ্লব কতকটা প্রতিক্রিয়ার কথা তারা ভাবছেন। সম্প্রতি এই গ্রামেতে বিপ্লব করার কথা গ্রাম্য জীবন গড়ে তোলার কথা সেই সম্পর্কে কাল ১লা আগস্ট তারিখে ভারতবর্ষের প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরু তিনি ক্ষেদের সঙ্গে ক্ষোভের সঙ্গে একটা কথা বলেছেন যে তিনি বলছেন যে আমরা মানুষকে দেখিনি গ্রামেতে অর্থাৎ গ্রামের যে সাধারণ মানুষ গ্রামারে মানুষ বলতে গেলে যে লাঙ্গল চষে যে ফসল তৈরী করে তার কথাই বোঝাচ্চে সেই গ্রামের মানুষকে বাদ দিয়ে তার অধিকার তার স্বত্ব তার যে সমস্ত আশা আকাঙখা সেই সঙ্গে সম্পর্ক না রেখে যদি বিপ্লবের কথা ভাবা যায় তবে পরিহাস ছাড়া তাকে আর কিছু বলা যায় না। এর আগে ভারতবর্ষকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করবার চেষ্টা করা হয়েছিল ১৯৪৯ সালে পণ্ডিত নেহরু লর্ড বয়েডারকে ডেকে চেষ্টা করেছিলেন সমস্ত টাকা খরচ করে যখন ব্যর্থতা এল তখন দেখা গেল যে যত টাকা খরচ হয়েছিল খাদ্যের উন্নতির দিকে না গিয়ে সেই টাকাটা খরচ হয়েছে শুধু মাত্র অর্থকরী ফসলের ব্যয় বাড়াবার চেষ্টার মধ্যে দিয়ে। পুঁজিবাদের এমনই অমোঘ নিয়ম যে তার ফলেতে খাদ্যশস্যে স্বয়ং সম্পূর্ণ না হয়ে অর্থকরী ফসল বেড়েছে। তার পরেতে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা তার যখন মূল্যায়ন করলেন যখন বলবন্তরাও মেটা যখন মূল্যায়ন করলেন তখনও তিনি বললেন যে বাবস্থাটির কথা বলতে গিয়ে যে সমষ্টি উন্নয়ন এর কথা বলতে গিয়ে প্রকল্পগুলি এগুলিতে দেখা গেল জমি নিয়ে এরা বেশী কিছু করতে পারেনি আর গ্রামের জনসাধারণের উদ্যোগকে এরা জাগাতে পারেনি। কি করে পারবে—যদি কৃষকের জমির অধিকার কৃষকের স্বত্ব কৃষকের দাবী কৃষকের হাতে পুঁজি এবং তার ফসলের ন্যায্যমূল্য এর ভিত্তিতে যদি কৃষককে জাগ্রত করা না যায় এবং তার পরেতে সমবায় করে সমবায়ের ভিত্তিতে পদ্ধতিগত পরিবর্ত্তন এনে বিপুল একটা উৎপাদন উন্নতি তার দিকে এগিয়ে যাওয়া—সেটাই হতে পারে পঞ্চায়েতের অর্থনৈতিক ভিত্তি। পঞ্চায়েতের যে কাঠামো সেটা শুধু কাগজে কলমে কয়েকটা নিয়মের সমষ্টি সেই হিসেবে আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী এনেছেন। তার ভিতরে যে জীবন সেই জীবন যদি আমাদের দিতে দিতে হয় তা দিতে হবে এই ভাবে যে কৃষকের অর্থনৈতিক জীবনের যে বনিয়াদ সে বনিয়াদটাকে তৈরী করে। সেটা না করার জন্য সেটা হচ্ছে পণ্ডিত নেহরু কালকেও সেটা ক্ষোভের সঙ্গে ক্ষেদের সঙ্গে বলেছেন যে আমাদের সমস্ত প্ল্যান কাগজে প্ল্যান। আপনাদের বিপ্লবের কথা সেটা মুখের গলাভারী একটা আড়ম্বর ছাড়া আর কিছুই নয়। সেদিক থেকে জমির সমস্যা সেটা সমাধান ছাড়া সেটা করা হচ্ছে দুটো দৃষ্টিভঙ্গী এই হাউসে প্রথম পর্য্যায়ে দ্বিতীয় পর্যায়ে দুটো দৃষ্টিভঙ্গী ফুটে উঠেছে একটা হচ্ছে গ্রামের কৃষকদের অবলম্বন করে নতুন জীবন গড়ে তোলা যে বিপ্লবের কথা মুখে মন্ত্রী মহাশয় বলেছিলেন সত্যি সত্যি কার্য্যক্ষেত্রে সে বিপ্লবকে কার্যকরী করা—আরেকটা জিনিষ সেটা মন্ত্রীমহাশয় লুকিয়ে রেখেছিলেন কিন্তু প্রত্যেকটা ধারা উপধারার মধ্যে দিয়ে যেটা ফুটে উঠেছে প্রকাশ হয়ে পড়েছে যেটা এখন আর লুকান নেই সেটা হচ্ছে গ্রাম্য ধনীকে ভিত্তি করে কংগ্রেসের দলগত প্রভাব গ্রামাঞ্চলে সৃষ্টি করবার জন্য নানা রকম বাধা বিধিনিষেধ নমিনেশান কণ্টকিত এই জেলা পরিষদ বিল তারা যেটা এখানে এনেছেন।

[2-10—2-20 p.m.]

সেইজন্য আমি অনুরোধ করি যদি সত্যসত্যই খাদ্য সমস্যার সমাধান করতে হয়, যদি দীর্ঘস্থায়ী সমস্যার সমাধান করতে হয়, যদি কর্মদক্ষতাকে নূতনভাবে বিকশিত করে তুলতে হয় তাহলে এই বিল ফিরিয়ে নিন, একে পুনর্বিবেচনা করুন, একে ঢেলে সাজুন এবং যে গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্বন্ধে বিরোধীপক্ষ থেকে সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছে সেগুলি গ্রহণ করুন। তবে তা যদি না করেন তাহলে এর মধ্যে মনোনয়ন পদ্ধতি প্রভৃতি যা রয়েছে এবং ঐ তিনতলা, চারতলা ইমারত যা করা হয়েছে তার দ্বারা আঞ্চলিক পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েতের মধ্যে বিরোধ জিইয়ে রাখা হবে এবং আর যা হবে সেটা হচ্ছে গ্রাম পঞ্চায়েত বা গ্রামসভা অর্থাৎ স্বায়ত্বশাসনের সব থেকে যেটা নীচের তলা সেটাকে অত্যন্ত

অকার্যকরী করা হবে। আসল কথা হচ্ছে সেখান থেকে যদি কার্যকারীতা সুরু করতে হয় তাহলে এরকম পরিবর্তন করতে হবে। তারপর, কংগ্রেস পক্ষীয় একজন সদস্য লোকাল ফাইনান্স-এর কথা বলেছেন। ফাইনান্স সম্পর্কে আমরা দেখছি এই বিল অত্যন্ত দুর্বল এবং সরকারের উপর নির্ভরশীল। কাজেই সেদিক থেকে এই বিলকে যদি ঢেলে সাজা না হয় তাহলে একে জনসাধারণের গ্রহণযোগ্য করা যাবে না এবং জনসাধারণের জীবনে এই বিল কোন বৈপ্লবিক পরিবর্তন আনতে পারবে না। কাজেই এই পর্যায়ে আমি মন্ত্রিমহাশয়কে বলি যে এই বিল পুনর্বিবেচনা করার জন্য ফিরিয়ে নিন এবং এমন নূতন ফর্মে আনুন যাতে কৃষক জীবনকে ভিত্তি করে, গ্রামীন অর্থনীতিকে ভিত্তি করে গ্রাম জীবনকে নূতনভাবে বিকাশ করা যায়। শুধু দলীয় শাসন পাকাপোক্ত করে কোন লাভ হবে না এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জেলা পরিষদ বিল আইনে পরিণত হতে চলেছে। বাংলাদেশ অত্যন্ত সমস্যাসঙ্কুল এবং সঙ্কটাকীর্ণ হলেও গণচেতনার দিক থেকে অত্যন্ত উজ্জ্বল এবং উন্নত কাজেই সেই পরিপ্রেক্ষিতে যে ধরণের জেলা পরিষদ আনা উচিত ছিল বিরোধীপক্ষ থেকে আমরা মনে করি সেই ধরণের বিল আসেনি বলে জনসাধারণের চেতনা এবং আকাংখাকে পুরণ করা সম্ভব হয়নি। স্যার, প্রথম পর্যায়ে ৫০০ এ্যামেণ্ডমেণ্ট এবং সিলেক্ট কমিটির পর ৩০০ এ্যামেণ্ডমেণ্ট এই মোট প্রায় ১০০০ এ্যামেণ্ডমেণ্ট-এর মধ্যে বিরোধীপক্ষ থেকে আমরা মনে করি এমন কোন এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করা হয়নি যেটা বাস্তবিক কোন মৌলিক এবং গুণগত পরিবর্তন করতে পারে। কাজেই আমরা মনে করি একটা চরম সংবর্ষের মধ্য দিয়ে একটা বিশেষ দৃষ্টিভঙ্গীর জয়লাভ হয়েছে এবং সেই দৃষ্টিভঙ্গী হচ্ছে কংগ্রেসী শাসকশ্রেণীর। তবে বিরোধী পক্ষ থেকে আমরা জানাতে চাই প্রত্যেকটি ধারার ব্যাপারে আমরা যে রকম সংশোধনী দিয়েছিলাম তার চ্যালেঞ্জ আছে। আপনারা যখন এই বিলকে আইনে পরিণত করে বাইরে প্রয়োগ করবেন সেই প্রয়োগের সময় আমরা দেখিয়ে দেব এই বিলের প্রতি ছত্র সম্বন্ধে আমরা আজ যে কথা বললাম তার প্রতিটি কথা সত্য। অর্থাৎ আমরা বলেছিলাম রাইটার্স বিল্ডিংস-এর দুর্নীতিকে আইনের দ্বারা বিকেন্দ্রীকৃত করা হবে এবং জেলায় জেলায় এক একটা ক্ষুদ্র রাইটার্স বিল্ডিংস তৈরী করা হবে যাকে পরিচালনা করবে আজকের দিনে নূতন করে সৃষ্ট বাংলাদেশের জমিদার এবং মহাজন শ্রেণী। স্যার, বর্তমান আর্থিক অবস্থার মধ্যে এই বিল কোন গুণগত পরিবর্তন আনতে পারবে না এবং যেভাবে এই বিল পাশ হোল তাতে তার প্রতিক্রিয়া বাংলাদেশের সমাজ ব্যবস্থার মধ্যে দেখা যাবে এই চ্যালেঞ্জ দিয়ে যাচ্ছি। কিছুদিন আগে দিল্লীতে বিভিন্ন রাজ্য থেকে মন্ত্রীরা সমাজ উন্নয়ন সম্মেলনে গিয়েছিলেন এবং সেই সম্মেলনে পণ্ডিত নেহেরু বলেছিলেন কংগ্রেস নেতারা ভাল ভাল কথা বলেন। স্যার, পণ্ডিত নেহেরুর কথা শুনলে মনে হয় সমাজ ব্যবস্থার এত বড় নেতা আর কেউ নেই, আমি জানি না কোন রহস্য প্রীতিতে এইসব নির্দেশ পালিত হয়নি, আমি এটা বুঝতে পারি না। তাঁর বাণী কি? তিনি বলেছেন যে সারা ভারতবর্ষে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ করতে গেলে পর আমাদের অন্য কোন পথ নেই জনসাধারণের হাতে ক্ষমতা হস্তান্তর করা ছাড়া। এ ভিন্ন কোন উপায় নাই। জনসাধারণের হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে এবং না করলে সমাজতান্ত্রিকতার দিক দিয়ে, গণতান্ত্রিক দিক দিয়ে এক ধাপও আমরা অগ্রসর হবো না। আমরা বিশ্বাস করি আর নাই করি, অশিক্ষিত কি শিক্ষিত কাজ চালাতে পারুক আর নাই পারুক, কর্ম ক্ষমতা থাক আর নাই থাক জনসাধারণকে বিশ্বাস করতে হবে, তাদের হাতে ক্ষমতা দিতে হবে। পণ্ডিত নেহেরুর বক্তৃতা শুনে মনে হয় এই তার একমাত্র ব্যাখ্যা হওয়া উচিত। এই বিলে দেখতে পাচ্ছি ঠিক উল্টা ধারাই রচিত হতে চলেছে। আইন পাশ হতে চলেছে কিন্তু এই বিলের সব চাইতে গুরুত্বপূর্ণ যে ধারা এমন কি সিলেক্ট কমিটিতেও আলোচনার পরও যে গুরুত্বপূর্ণ বিষয়ে কাগজে প্রকাশিত হয়নি আমি সে বিষয়ের উপর আলোচনা করতে চাই, সে ধারাটি তুলে ধরতে চাই। বাংলা দেশের গ্রাম জীবনে প্রাথমিক শিক্ষা এবং প্রাথমিক শিক্ষকদের অধিকারের ব্যাপকতা কিভাবে সীমিত করা হবে সে সম্বন্ধে বলতে চাই। এই আইনের বলে যা করছেন তাতে হবে কি? যে প্রাথমিক শিক্ষকরা অঞ্চল পরিষদের, জেলা পরিষদের স্কুল বোর্ডের মেম্বার হয়ে আসতে পারতেন, নিয়ন্ত্রক হয়ে আসতে পারতেন, আজকে আইন প্রয়োগ করে শিক্ষকদের অধস্তন কর্মচারী হিসাবে

গ্রহণ করবেন। তারা স্ট্যাণ্ডিং কমিটির এমপ্লয়ী বা জেলা পরিষদের এমপ্লয়ী হয়ে আসতে পারবেন, যার ফলে তারা ভবিষ্যতে এই বিলের দ্বারা গণতান্ত্রিক জীবনের অধিকারী হবে না, তারা জেলা স্কুলবোর্ডে বা আঞ্চলিক পরিষদে আসতে পারবে না। এতবড় যে প্রতিক্রিয়াশীল কাজ অগণতান্ত্রিক কাজ গ্রামজীবনে যখন বিপ্লব সংঘটিত হতে যাচ্ছে এটা ধারণাও করতে পারি না। আমি আবার বলি, এই স্কুল বোর্ডের সম্পূর্ণ বিলুপ্তি ঘটিয়ে নূতন করে ১৯৩০, এ্যাক্টের পরিবর্তন করে ঢেলে সাজা না যদি যায় এবং তদনুযায়ী এই জেলা স্কুল বোর্ড না আসে তাহলে এই জেলা পরিষদ অকার্যকরী হবে, বিপ্লবতো দূরের কথা, আমাদের যতটুকু শিক্ষা যতটুকু অর্থনৈতিক সুযোগ সুবিধার সম্ভাবনা ছিল, তাও ব্যর্থ হয়ে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি যখন এই বিলকে কার্য্যকরী করতে যাবেন তখন তার কতকগুলি ধারা বিশেষ করে পরিবর্তন করতে হবে। যেমন—নমিনেশনের ধারা, রিমুভেলের ধারা, সুপারসেশনের ধারা এগুলি এবং বাজেট স্যাংশনের ধারা ইত্যাদি পরিবর্ত্তন করতে হবে। এগুলি যদি থাকে সেখানে যে ব্যাপক ক্ষমতা দেওয়া আছে তাহলে রিমুভেল সুপারসেশন ইত্যাদি বিষয়ে একমাত্র সরকারই চূড়ান্ত নির্দেশক হবেন এবং সঙ্গে সঙ্গে বাজেট স্যাংশনের মালিকও এরা। কাজে কাজেই ইচ্ছা করলে ক্ষমতা মারফৎ জেলার বাজেটকে নষ্ট করে দিতে পারবেন, ডিভেলপমেণ্টের কাজকে পঙ্গু করে দিতে পারবেন, ইচ্ছা করলে নমিনেশনের মারফৎ নিজের দলের অত্যন্ত ব্যাত দুর্নীতিপরায়ণ লোক হওয়া সত্বেও তাকে সেখানে দিয়ে সুপারসেশন করে নিতে পারবেন। ইচ্ছা করলে আঞ্চলিক পরিষদ থেকে আরম্ভ করে জেলা পরিষদ পর্যন্ত সর্বত্র ধাপে ধাপে নিজের লোকদের দিয়ে সমস্ত কিছু ম্যানেজ করতে পারবেন। একেতো কংগ্রেসী এম. এল. এ.-দের সংখ্যা বেশী, আর এক দিকে নমিনেটেড মেম্বার আর এক দিকে অফিসিয়েল কর্মচারী এ সবের সর্বপ্রকার প্রভাবের ফলে এই জেলা পরিষদ সংস্থা যে রূপ নেবে তার রূপ হবে একমাত্র শ্রেণী-শাসক দলের ক্রীড়নক, তাদের হাতের পুতুল। হয়ত এখানে ওখানে কিছু কিছু বিরোধী দলের লোকও থাকবে জেলায় জেলায় থাকবে কিন্তু তারা হবে অত্যন্ত দুর্বল। এটা ঠিক নয়। আমরা শুনেছিলাম কংগ্রেসী পক্ষের বিশেষ বিশেষ বন্ধুরা আওয়াজ তুলেছেন এই ধারার বিরুদ্ধে দার্জিলিং-এর সিলেক্ট কমিটিতে এবং ফলে কিছু কিছু পরিবর্তনও হয়েছে তা অস্বীকার করা যায় না। যেখানে জেলা ম্যাজিস্ট্রেট, এস. ডি. ও.-এর সুপারভাইজ করার ক্ষমতা ছিল যেখানে পঞ্চায়েত সেক্রেটারী ছিল চিরকাল সরকারী কর্মচারী সেসব কিছু কিছু পরিবর্তিত হয়েছে। আমি তাই মনে করি কংগ্রেসী দলের মধ্যে যারা শুভবুদ্ধি সম্পন্ন মেম্বার আছেন এবং যারা কাজ করবেন তারা আমাদের সঙ্গে বিরোধী দলের সঙ্গে ভেবে দেখতে পারেন রচনার ক্ষেত্রে কোথায় কোথায় বিলটা যে উদ্দেশ্যে রচিত সেই উদ্দেশ্যে ব্যাপ্ত হবে, এবং আমরা সৎ উদ্দেশ্য সমাধা করতে গিয়ে যেখানে যত বিপদই আসুকনা কেন গণতান্ত্রিক ঐক্যের জন্য এক জোটে যেন সেখানে দাঁড়াতে পারি।

[2-20—2-30 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এই জেলা পরিষদ আইন আলোচনার শেষ স্তরে এসে পৌঁছেছি। দীর্ঘ ২ বছর ধরে এই আলোচনা নানাক্ষেত্রে সুরু হয়ে এই বিধান সভায় গত ৫ দিন প্রায় নানা মতের মাধ্যমে আজ শেষ পর্য্যায়ে উপস্থিত। আমি এই ৫ দিন এই বিলের নীতির উপর, বিভিন্ন ধারার উপর যে সমস্ত যুক্তি বিরোধী দলের সদস্য বন্ধুগণ দিয়েছেন আজও তৃতীয় ধাপের আলোচনায় সেই সকল কথারই পুনরুক্তি শুনলাম। আশা করেছিলাম তৃতীয় আলোচনায় সংসদীয় গণতন্ত্রের রীতি অনুসারে নতুন আলোকের সন্ধান পাব, কিন্তু হতাশ হয়েছি। সুতরাং এবারে তার পুনরাবৃত্তি করব না। শেষ তিনটি মৌলিক কথার যে উল্লেখ শ্রদ্ধেয় পাঁচু গোপাল ভাদুড়ী মহাশয়, সনৎ চন্দ্র রাহা মহাশয় এবং হেমন্ত বাবু করেছেন সেগুলি বার বার হলেও শেষ পর্যায়ে তার জবাব দেওয়া কর্তব্য বলে আমি মনে করি। তাঁদের একটা ভীতি এই যে নোমিনেশানকে প্রাধান্য দেওয়া হয়েছে। কিন্তু বাস্তব কি। ১২০।১২৫ কি ১০০ জন প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারে নির্বাচিত সদস্য সংখ্যার মধ্যে মাত্র দু'জন মহিলা সদস্য মনোনীত হতে পারেন যদি দু'জন নির্বাচিত হয়ে না আসেন। মহিলাদের জাতীয় গণ-তান্ত্রিক সরকার যদি এই অধিকার দেন তাহলে বিরোধী দলের সদস্যগণের বার বার এই আপত্তির

কারণ বুঝতে পারি না। কোথায় দেওয়া হয়েছে, না, আঞ্চলিক পরিষদে দু'জন অনুন্নত সম্প্রদায়ের প্রতিনিধি যদি আসতে না পারেন তাহলে সরকার মনোনীত করবেন। বিরাট সংখ্যার মধ্যে গ্রামের অনুন্নত উপজাতি সম্প্রদায়ের দু'জনকে মনোনীত করা যদি গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করা হয় তাহলে আমি তাঁদের সঙ্গে একমত। দ্বিতীয়ত: তাঁদের প্রধান বক্তব্য হচ্ছে যে ৪টি স্তর করেছি তার সর্বস্তরে প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন করবার সৎসাহস দেখাতে পারিনি বলে আমরা নাকি গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ন করেছি। এটা সারহীন ভিত্তিহীন যুক্তি। আমি বার বার জবাব দিয়েছি এই যে ৪টি স্তর এরা ইণ্ডিপেণ্ড্যাণ্ট ইউনিট নয়। গ্রামের কল্যাণের কথা যারা চিন্তা করেন, জেলার সর্বাঙ্গীন উন্নতির কথা চিন্তা করেন তাঁরা এটা সমর্থন করবেন। জেলার সর্বাঙ্গীন কল্যাণের দৃষ্টিভঙ্গী যাঁদের নেই তাঁদের কাছে অবহেলিত উপেক্ষিত এই গ্রামের কল্যাণ সাধন অবাস্তব। বিশেষ করে জেলার হোল বডি স্ট্রাকচারের ভিত্তিতে যাঁরা প্রবেশ করবেন তাঁরা এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজের ভিত্তিতে আসবেন। বিরোধী দলের সদস্যরা বার বার বলেছেন যে কংগ্রেস দলের লোককে অধিকার দেওয়ার জন্য এই আইন করা হয়েছে। যদি বাংলার গ্রামের জনসাধারণ অকুণ্ঠচিত্তে এই প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে কোন কংগ্রেস সদস্যকে মনোনীত করেন তাহলে তার অপরাধ আইনের নয়, তার অপরাধ হবে বাংলার জনসাধারণের, গ্রামের জনসাধারণের। তাঁদের আর একটা যুক্তি হচ্ছে আমরা অর্থ সঙ্গতি এমন চেপে রেখেছি যে সব আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ নাকি সরকারের মুখাপেক্ষী হয়ে বসে থাকবে। তাঁরা এই আইনের খসড়া উল্টো দৃষ্টিভঙ্গীতে দেখেছেন। আনলিমিটেড রিসোর্সেস অফ ফাণ্ড এই আইন দ্বারা দেওয়া হয়েছে। আপনারা বলছেন পার্সেণ্টেজ ফিক্স করে দিন আমরা চাই না। যদি বেশী চান তাহলে তার জন্য যোগ্যতা অর্জন করুন, সরকার দেবার বাধা রাখেন নি আইনের দ্বারা। কৃষি, স্বাস্থ্য, সেচ জনশিক্ষা, পথঘাটের উন্নতির জন্য সর্ববিধ স্তরে সরকারী অর্থ দান, সাহায্য এবং ঋণের ব্যবস্থা করা হয়েছে—যেমন চাইবেন পাবেন। যেহেতু ল্যাণ্ড রেভিনিউর ফিক্সড পার্সেণ্টেজ ধরে দেয়া হয়নি সেহেতু সরকার অর্থ সঙ্কুচিত করে রেখেছেন এটা একেবারে কুযুক্তি বলে আমি মনে করি। দ্বিতীয়ত: আর একটা কথা এখানে সকলে বলেছেন যে দলগত গোষ্ঠির জন্য এটা করা হয়েছে। আমি তো বুঝে উঠতে পারলাম না এই দীর্ঘদিনের আলোচনায় যে কোনখানে সেই সুযোগ আছে এই আইনে একটা দলের জন্য করা হয়েছে। সেখানে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার বাংলার ২০ হাজার গ্রাম পঞ্চায়েৎ নির্বাচিত হবে, সেখানে তাঁদের নির্বাচিত জনপ্রতিনিধি অঞ্চল পঞ্চায়েতে আসবেন, সেখানে সেই কর্মকর্তারা আঞ্চলিক পরিষদে আসবেন এবং তারাই আবার জেলা পরিষদে আসবেন, সেখানে একটাও সরকারী মনোনীত ব্যক্তির কোন ব্যবস্থা নেই সেখানে তাঁরা কি করে বারবার পুনরুক্তি করছেন যে সরকারী মনোনয়ন রেখে গণতান্ত্রিক অধিকারকে সঙ্কুচিত করা হয়েছে? এ শুনে মনে হয় যে তাদের আর বিরোধিতা করবার যুক্তি নেই বলে তাঁরা বারবার অযৌক্তিক কথা বলছেন। আমি শেষকালে আবেদন করবো—পল্লীসংস্কার দীর্ঘ ৪০ বৎসর ভারতবর্ষের মহামণীষীগণের স্বপ্ন ও সাধনা ছিল। প্রায় ৪০ বৎসর আগে রবীন্দ্রনাথ ঠাকুর পল্লী সংস্কারের রূপ দেবার জন্য শুধু তাঁর উপদেশই রেখে যান নি, শ্রীনিকেতনে মডেল একটিভ ভিলেজ রিকনস্ট্রাকশন প্রোগ্রাম জাতির কাছে রেখে গেছেন। রবীন্দ্রনাথের সেই আদর্শ গান্ধীজী এবং জহরলাল বহু লেখায় রূপ দেবার শুধু চেষ্টাই করেননি তাঁরা আজীবন সাধনা করেছেন। দেশবন্ধু চিত্তরঞ্জন দাস এই বিধানসভার প্রথম স্বরাজ্য পার্টির লীডার রূপে তদানীন্তন ফরেন গভর্নমেণ্টের সামনে তার প্রথম বাজেট সম্পর্কে বেঙ্গল রুরাল রিকনস্ট্রাকসন প্রোগ্রাম রেখেছিলেন কিন্তু তদানীন্তন বিদেশী সরকার সেদিকে ভ্রুক্ষেপ করেননি। আজ স্বাধীনতা প্রাপ্তির পর আমাদের মহামণীষীগণের সাধনার ফলে সে সমস্ত বাধা ছিল তা সরে গেছে। রাষ্ট্রতন্ত্রের ৪০ ধারায় আমাদের নির্দেশ দেওয়া হয়েছে যে পঞ্চায়েৎ রাজ প্রতিষ্ঠা করতে হবে, সেই প্রস্তুতি পর্বে পশ্চিমবঙ্গে আজ সর্বশেষ হ্যাভ কলেন লাস্ট ইন লাইন অফ দি আদার স্টেটস আমি বলবো পশ্চিমবঙ্গ এ বিষয়ে লাভ করেছে। সর্বশেষে এই আইন প্রস্তুত করবার সময় অন্যান্য প্রদেশ যে ভুলভ্রান্তি করেছিল সেগুলি যাতে আর এখানে না হয় সে বিষয়ে আমাদের যুক্ত কমিটির সদস্যগণ চিন্তা করেছেন। যুক্ত কমিটির সামনে আমরা পঞ্চায়েৎ ডাইজেষ্ট উপস্থিত করেছি, সমস্ত ভারতবর্ষে পঞ্চায়েৎ আইন কিভাবে গঠিত হয়েছে তা বিবেচনা করবার সুযোগ দিয়েছি। সুতরাং আজকে এই যে নূতন আইন আসছে, আমি এখানে নিবেদন করবো আইন জাতিকে উন্নত করে না, আইন

কার্যে পরিণত করবার জন্য প্রয়োজন হয় জাতির সমবেত প্রচেষ্টা, শুভবুদ্ধি ও শক্তি। আজকে জেলা পরিষদ আইন কি ভাবে কাজে লাগাতে হবে তা নির্ভর করবে আমাদের গ্রামের জনশক্তির সর্ববিধ সমবেত প্রচেষ্টার উপর। আজকে গ্রাম্য দলাদলীর স্বার্থের উর্দ্ধে উঠে এ কাজ আমাদের করতে হবে। আজকে এই আইন দ্বারা বিরাট অধিকার ফাংসানস অ্যাণ্ড পাওয়ার্স চ্যাপটারে আছে যা এতদিন কিছুই ছিল না—ডিস্ট্রিক্ট বোর্ডের অসংখ্য ক্ষমতা অধিকার তাদের দেয়া হয়েছে। মাত্র আইনের দ্বারা সেগুলিকে চালিত করা যায় না। আইন সাহায্য করে কিন্তু চাই তার পশ্চাতে সেই আইনকে কাজে লাগাবার জন্য উপযুক্ত মানুষ।

[2-30—2-50 p.m.]

আমাদের পশ্চিমবাংলার গ্রামীন মানব সমাজকে নূতনভাবে সাহায্য করার জন্য জাতীয় সরকার এই আইনের পরিকল্পনা করেছেন যাতে আশা করছি যে তারা তাদের অর্থনৈতিক উন্নতির পথে আধুনিক বিজ্ঞানসম্মত জ্ঞানের সাহায্য লাভ করে এই ডেমোক্র্যাটিক কনস্টিটিউসন যেটা নেওয়া হয়েছে যেখানে কোন রকম গভর্নমেণ্ট কণ্ট্রোলের স্থানেই তারা তাতে উন্নত হতে পারবে। একথা আমি বার বার রিপিট করছি। এর মাধ্যমে দেওয়া হয়েছে আনলিমিটেড লোক্যাল রিসোর্স, স্টেট রিসোর্সেস তাদের হাতে এবং তার সুযোগ নিয়ে তারা চলতে পারবে। এবং শিক্ষিত প্রশিক্ষণপ্রাপ্ত সরকারী নূতন তরুণ কর্মচারীদের সহযোগিতায় নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে এটা করা হয়েছে যেখানে সেই পুরানো হতাশার ভাব, শত শতাব্দীর কুসংস্কার বরাতের দোহাই দিয়ে যে গ্রামের লোকেরা বেঁচে থাকতো তার দূর করে তারা তেজস্বী সমবেত কণ্ঠে এবং প্রাণে আশা ধ্বনিত করে এগিয়ে যাবে এই আইনের দ্বারা। আমি আশা করি সর্বসম্মতিক্রমে এ আইন বিধান সভার শুভ আশির্বাদ লাভ করবে।

Shri Sarat Kumar Raha :

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শৈলবাবুকে বলি যে প্রাথমিক শিক্ষকদের সম্পর্কে যদি তিনি একটু ক্ল্যারিফাই করে বলতেন যে তাদের গণতান্ত্রিক অধিকার থাকবে কিনা এবং তারা বর্তমানে স্কুলবোর্ডের মেম্বার......

The Hon'ble Saila Kumar Mukherjee :

আমি ধারাবাহিক আলোচনার সময় বিস্তৃতভাবে বলে দিয়েছি।

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Zilla Parishads Bill, 1962, as settled in the Assembly, be passed was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[2-50—3 p.m.]

Deputation of Progressive Students Union to the Education Minister

Shri Nani Bhattacharjee :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মারফতে মাননীয় শিক্ষা মন্ত্রী এবং শিক্ষা দপ্তরের উপমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ছাত্রদের তরফ থেকে তারা মিছিল করে এসেছে তাদের ভর্তির ব্যাপারে সুযোগ দান সম্পর্কে এবং তাদের বাসের কনসেসন দেবার সম্পর্কে এবং হেলথ ইউনিট সম্পর্কে তারা শিক্ষা মন্ত্রীর সঙ্গে দেখা করতে। আমি অনুরোধ করছি যে শিক্ষা মন্ত্রী যদি তাদের সঙ্গে দেখা করেন তাদের দাবী-দাওয়া সম্পর্কে। এই ব্যাপারটি আপনার মারফতে আমি জানাচ্ছি।

The Hon'ble Jagannath Kolay :

আমি শিক্ষামন্ত্রীর কাছ থেকে জেনে বলে দিচ্ছি।

Non-Official Resolutions

Mr. Speaker : Now, we take up the non-official resolution moved by Shri Jamini Bhusan Saha on the previous day.

Shri Kamal Kanti Guha : Sir, I beg to move that in line 1, after the words "to move that" the following be added :

"While there are sufficient reasons to believe that emergency should continue, it is no denying the fact that the Government, by its different anti-people policies, has failed to make the people emergency-minded. It can be said without the fear of contradiction that the Government is using the present situation for petty party interests and is allowing the profiteers and black-marketeers to exploit the situation in their own way."

Shri Kashi Kanta Maitra : Sir, I beg to move that in line 1 after the words "That in view of the changed circumstances" tabled by Shri Shreemohan Thakur the following be substituted:

"..........as evidenced by further accentuation of political and international crisis, created by the deliberate aggressiveness of Communist China and the reported aggravation of the border situation and the slogan raised by Communist China that war being the highest form of struggle is inevitable, and essential for establishing world communism and its denunciation of the theory of peaceful co-existence of different States and the existence of a third road, and in view of the deepening of the international crisis by reasons its blatant condemnation of the theoretical stand taken by Soviet Union and the Socialist Democratic forces in the world on the fundamental question of socialism and so-called inevitability of war, and in view of the reported massing of Chinese troops and the military build-up by China all along the Himalayan border and the bellicose attitude of Red China and Pak Government signing of the Border Pact and Air Pact between Pakistan and Red China on the one hand, and the signing of a Naval Pact between Red China and Ceylon on the other, and in view of the protests voiced by different sections of the patriotic countrymen against the utter negligence and failure of the State and Union Governments to maintain conditions essential for sustaining an emergency and creating an atmosphere of national solidarity, and in view of gross abuse of emergency powers by the ruling party jeopardising the national interests, and the utter failure of the Union and State Governments to meet the national crisis and face the challenge by thorough reorientation of the economic and social policies so as to release forces of social change which could ensure enthusiastic participation of the people in the defence efforts and at the same time bringing about full mobilisation of human and economic resources of the country, failure to ensure social and economic justice to the working people, who have made unique contribution to defence efforts and who came forward gallantly to make supreme sacrifice to save their motherland from naked Chinese aggression, failure of the Government to root out corruption, failure to pursue with religious scrupulousness the stringent programme of austerity at the Governmental and administrative levels, failure to curtail the size of this unweildy and expensive Council of Ministers of this State, and failure to prevent waste, pomp, pageantry, etc.;

This House records its strong condemnation of these various acts of commission and omission and inefficiency of the Government at all levels and utilisation and exploitation of the situation prevailing in the country since

after the proclamation of emergency by the ruling party to secure monopolisation of power and cymical disregard of the views of the Democratic Patriotic Nationalist Opposition in the State, and demands that conditions be immediately created to make the whole nation, particularly the people of this border State, feel that there is real national emergency in the background of latest developments and that emergency powers be invoked forthwith to crush anti-national, anti-social, anti-people forces in the country and smash the conspiracy of the industrial, commercial tycoons, monopolists, the corrupt functionaries of the State, the food racketeers, profiteers, black-marketeers, smugglers, to hold the price line, enforce the Industrial Truce Resolution, punish the defaulting employers who are violating the said Resolution, to prevent retrenchment and unfair labour practices etc., to stop all evictions from land of tenants and share-croppers and cultivators in general, to stop any Bus fare, Tram fare rise as has been threatened, to prevent imposition of unwarranted load of arbitrary Compulsory Saving Deposit on the working people and to secure rehabilitation of the goldsmiths rendered unemployed by the Gold Control Order, to save the country from economic crisis and the present political demoralisation born of policy of keeping the nation divided into haves and have-nots, and to uphold the sovereignty, political and territorial integrity of the country and the liberty of the people;

The House further demands that a Consultative Body consisting of the members of different political parties of this House be formed to examine working and implementation of emergency powers in the State."

Shri Nikhil Das : Sir, I beg to move that in lines 1 and 2, for the words "in view of the changed circumstances in the country" the following be substituted :

"in view of the Government's failure to hold the price line and to prevent profiteering of the capitalists and bunsinessmen and also to check over ambitious effort of the industrialists to inflict extreme hardship on the workers taking advantage of the Industrial Truce Resolution and in view of the failure of the Government to safeguard the interest of the common people."

Shri Anadi Das : Sir, I beg to move that in lines 1 and 2, for the words "in view of the changed circumstances in the country", the following be substituted :

"whereas the vast powers assumed by the Government by the declaration of the Emergency have not been used either for strengthening the country against the external and the internal threat but only to strengthen the vested interests who are actually engaged in weakening the country's defence capability, production and above all destroying the morale of the people and indeed also of the armed forces by their unbridled profiteering black-marketing, inflation and whereas Emergency powers are being used for furtherance of anti-national policy of leaning on reactionary and imperialist forces and whereas the Emergency powers are being used against the common people in all spheres of their lives and particularly against their hard earned rights and liberties".

Shri Debi Prosad Basu :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে জরুরী অবস্থা প্রত্যাহার করার জন্য যে প্রস্তাব সেই প্রস্তাব আমি সমর্থন করছি এজন্যে যে জরুরী অবস্থার গুরুত্ব—জরুরী অবস্থার ভবিষ্যৎ, জরুরী অবস্থার মূল্যায়ন এই সমস্ত কিছুর দিকে তাকিয়ে জরুরী অবস্থা প্রত্যাহার আজ বিশেষ জরুরী হয়ে উঠেছে বলে মনে করি। জরুরী অবস্থা ঘোষণার উদ্দেশ্য দেশের মানুষের মধ্যে সিরিয়াসনেস অফ পারপাস গড়ে তোলা—এ সম্পর্কে দেশবাসীকে অবহিত করা এবং সমস্ত জনতার সঙ্গে সরকারের ঐক্যবদ্ধ হয়ে কাঁধে কাঁধ মিলিয়ে একমুখী হওয়া সেইভাবে তাদের

দিকে অগ্রসর হওয়া। কিন্তু গত ডিসেম্বর মাসের পর থেকে এ যাবৎ পর্যন্ত যে ঘটনাগুলি ঘটছে তাতে জরুরী অবস্থার ঘোষণার যে উদ্দেশ্য সিঙ্গেলনেস অফ পারপাজ সেটা ব্যাহত হয়েছে এবং কোন মতেই হচ্ছেনা। আমরা এই জরুরী অবস্থা ঘোষণার সঙ্গে খানিকটা তুলনা করতে পারি—আমার মনে হয় বিমান আক্রমণের সময় যে সঙ্কেত ধ্বনি করা হয় তার সঙ্গে অনেকটা মিলতে পারে। বিমান আক্রমনের সঙ্কেত ধ্বনির সঙ্গে সঙ্গে—যেমন রাত্রে যদি হয়—গৃহস্থ রাত্রে আলো নিভায় বা অত্যন্ত সামান্য আলো থাকবে—আগুন নির্বাপক দল নিজের নিজেদের জায়গায় থাকবে অ্যানবুলেন্স বাহিনীর লোক নিজের নিজের স্থানে থাকবে এবং বাকী লোক স্লিট ট্রেঞ্চ এর মধ্যে বসে থাকবে যতক্ষণ না পর্যন্ত আক্রমণ থেকে মুক্তির ঘোষণা শুনা না যাবে ততক্ষণ এই ব্যবস্থা চলতে থাকবে। কিন্তু যদি বিমান আক্রমণ সঙ্কেত ধ্বনির পর যারা সঙ্কেত ধ্বনি দিলেন দেখা যায় তারা খানিকটা পর ওই স্লিট ট্রেঞ্চ-এর বাইরে কিছুটা জায়গায় সতরঞ্চি পেতে চায়ের গেলাস নিয়ে একতাড়া তাস নির্বিকার খেলে চলেছেন এবং যে সমস্ত লোক নিজেদের জায়গায় আছে তারা বললেন চুপ করো, জরুরী অবস্থা, তাহলে সেই জরুরী অবস্থার সেই যে বিমান আক্রমণের সঙ্কেতধ্বনি তার গুরুত্ব কোথায় গিয়ে দাঁড়ায়। তাহলে অন্য সমস্ত লোক মনে করবে যে ওই আক্রমণের সংকেতধ্বনি অপর লোকের কাছে সুযোগ ধ্বনি হয়ে এসেছে। আজ এই অবস্থা হয়েছে বলে জরুরী অবস্থা প্রত্যাহার করার প্রয়োজন আছে বলে মনে করি। জরুরী অবস্থার সঙ্গে দেশপ্রেমে উদ্বুদ্ধ সমস্ত জাতি, সমস্ত জনসাধারণ সকলে যেমন দায়িত্ব ও কর্তব্য স্থির করে নিয়েছে তেমনি যে সরকার এই অবস্থা ঘোষণা করেছে তারাও ঠিক করে নিয়েছে। সরকার শুধু ঘোষণা করে না আরও এক পা এগিয়ে তাদের যেতে হবে। খাদ্য সম্বন্ধে কোন অপচয় না হয়, দেশের স্বাধীনতা, অখণ্ডতা, সার্বভৌমত্ব, দেশের প্রতিরক্ষা দৃঢ় করার জন্য সামান্যতম খাদ্যকণা যাতে নষ্ট না হয় এটা যেমন জনসাধারণের লক্ষ্য তেমনি সরকারেরও কর্তব্য আছে—যাতে খাদ্য সঠিকভাবে লোকে পায়, দেশের লোক খাদ্যাভাবে পীড়িত না হয়, যাতে খাদ্যের সুসম বণ্টন হয় এ সব দিকে সরকারের তীক্ষ্ণ দৃষ্টি রাখা উচিত।

[3—3-10 p.m.]

আমি এই জরুরী অবস্থায় খাদ্য সম্পর্কে একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সারা ভারতবর্ষই নয়, সারা ইস্টার্ন কমাণ্ড-এর হেডকোয়ার্টার ছিল কলকাতা। ১৯৫০ সালের দুর্ভিক্ষে বিধ্বস্ত কলকাতা, বিধ্বস্ত বাংলাদেশ, ব্রিটিশ গভর্নমেণ্ট চঞ্চল হয়ে উঠলেন। তাঁরা ভারতবর্ষের তৎকালীন বড়লাট লর্ড লিনলিথগোকে প্রত্যাহার করে নিলেন এবং তাঁর জায়গায় নিয়োগ করলেন ফিল্ড মার্শাল লর্ড ওয়াভেলকে। যেদিন তিনি কাইরো থেকে এসে দিল্লীতে ক্ষমতা গ্রহণ করেন তার পরের দিন সকালবেলা কলকাতায় চলে এলেন। কলকাতায় তখন আমাদের মুসলিম মিনিস্ট্রি। জরুরী সভা ডাকলেন, বল্লেন পূর্বসীমান্ত রক্ষা করতে গেলে এখনি খাদ্য সমস্যার সমাধান করতে হবে। জরুরী অবস্থার ভিতর আপনারা সকলেই জানেন যে কত অল্প সময়ের মধ্যে রেশনিং ব্যবস্থা চালু করতে পারা যায় তা তিনি জানতে চাইলেন। মন্ত্রীসভা বল্লেন ৬ মাস। তিনি বলেছিলেন, ততদিনে পূর্ব সীমান্তের ভাগ্য নির্ধারিত হয়ে যাবে। তখন তাঁরা বল্লেন ৪ মাস। এবং ১৪ দিন পরে কলকাতায় রেশনিং ব্যবস্থা চালু করার সমস্ত দায়িত্ব মিলিটারীর উপর দিয়ে দিলেন এবং তারপরে কলকাতায় রেশনিং প্রথা চালু হল। জরুরী অবস্থা ঘোষণা করে যুদ্ধ জয় করতে গেলে যে সমস্ত সরকারী কর্মচারী রয়েছেন তাঁদের দৈনন্দিন জীবনযাত্রার প্রয়োজনীয় জিনিষপত্র দিতে হবে, তাঁদের বাজারে অসম্ভব মূল্যবৃদ্ধির সঙ্গে সংগ্রাম করতে দিলে চলবে না। সেজন্য ব্যবস্থা করা হল যাতে চিপ রেশন সমস্ত সরকারী কর্মচারীরা পেতে পারে। এর ফলে ভারতবাসী দুটো জিনিস বুঝল, এক যুদ্ধের অবস্থাটাকে ইংরাজ নিতান্ত জরুরী বলে ধরে নিয়েছে, দুইনম্বর বুঝল যে এই যুদ্ধে ইংরাজ সত্যিকারে জয়লাভ করতে চায়। আমাদের দেশে যখন জরুরী অবস্থা ঘোষিত হল তখন আমরা বিরোধীপক্ষ থেকে বারবার বলেছিলাম খাদ্যসমস্যার একটা সমাধান করার জন্য, তা না হলে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা বানচাল হয়ে যাবে, মানুষ দাঁড়াতে পারবে না। তখন মুখ্যমন্ত্রী এখানে ২ টন বক্তৃতা করেছিলেন, ২ টন খাদ্য এল না। প্রথমে তিনি বলেছিলেন ৪।। লক্ষ টন খাদ্য ঘাটতি, পরে সেইটাই হয়ে হয়ে ২২ লক্ষ টন এবং এভাবেই এই সমস্যা সমাধানের চেষ্টা হল। আজকে জীবনযাত্রায় প্রতিটি দিকে অভাব। সরকারী কর্মচারী যাঁরা যুদ্ধজয়ের জন্য তাঁদের সহযোগিতা একান্ত প্রয়োজন, কিন্তু তাদের জন্য

কোন চিপ রেশন-এর ব্যবস্থা করা হয়নি, উল্টো তাঁদের জন্য কি ব্যবস্থা করা হল? বাধ্যতামূলক সঞ্চয়। তাদের বলে দেওয়া হল তোমাদের বেতন থেকে জোর করে টাকা কেটে নেওয়া হবে, এবং তারজন্য তোমাদের ৬ টাকা বার্ষিক সুদ দেওয়া হবে, এর ফলে তোমাদের যা ঘাটতি হবে তা মিটাবার জন্য তোমারা কাবুলিওয়ালার কাছে টাকা ধার নেওগে ঐ টাকায় মাসিক দু আনা সুদ দিবে। অপর দিকে তাঁরা দেশের জনসাধারণের প্রতিটি স্বার্থ এই জরুরী অবস্থার নামে পদদলিত করে চলেছেন, তার অজস্র প্রমাণ আমরা দেখাতে পারি। আজ জরুরী অবস্থার মূল শ্লোগান হচ্ছে যা খবরের কাগজে বিজ্ঞাপন হিসাবে দেওয়া হয় যে, দেশের স্বার্থে জাতির স্বার্থে অমিতব্যয়িতা বন্ধ করো, প্রত্যেকটা পয়সা সঞ্চয় করে জাতীয় প্রতিরক্ষা ভাণ্ডারে দান করো। দেশের জনসাধারণ স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এলেন, কিন্তু তারা সরকারের দিক থেকে কি দেখলেন, না, সরকার এই জরুরী অবস্থায় মন্ত্রিসভার অধিবেশন বসিয়ে চলেছেন আসমুদ্র হিমাচল জুড়ে, অর্থাৎ, দার্জিলিং-এর অধিবেশন বসতে না বসতে তাঁরা চল্লেন দীঘায় সমুদ্রসৈকতে—অবশ্য গোটা মন্ত্রিসভার অধিবেশনের জন্য নয়, কংগ্রেস সম্মেলনের জন্য। আজকে আমাদের দেশের গ্রামে রাস্তাঘাট, হাসপাতাল হয় না টাকার অভাবে। তবু জনসাধারণ এগুলি উপেক্ষা করে চলে। কিন্তু তারা যখন শুনল যে প্রদেশ কংগ্রেস সভাপতি অতুল্য ঘোষের বাগান বাড়ীতে যাবার জন্য ৩ লক্ষ টাকা খরচ করে একটা রাস্তা তৈরী করে দেওয়া হল তখন তাদের ধারণা কি হতে পাবে? এখানে তাঁদের মনে কি অনুভূতি হতে পারে। জনসাধারণকে বলা হল বিদেশ থেকে যন্ত্রপাতি আনা যাবে না, নেহাৎ প্রয়োজন না হলে টেলিফোন করা যাবে না। জনসাধারণ এই সব নীরবে শুনল এবং অনেকে টেলিফোন করা পর্যন্ত বাদ দিয়ে দিল। কিন্তু বিধান পরিষদের এক অধিবেশনের প্রশ্নোত্তর থেকে তাঁরা যখন জানতে পারল একজন রাষ্ট্রমন্ত্রীর জন্য ৬ হাজার টাকার টেলিফোন বিল তৈরী করা হল তখন তাদের মনে জরুরী অবস্থা সম্পর্কে কি ধারণা হতে পারে? তাহলে কি [illegible] চেয়ে কঞ্চি দড়? যেখানে মুখ্যমন্ত্রীকে দিল্লীর সঙ্গে অনবরত টেলিফোন করতে হয়, [illegible] দেশের যে কোন সীমান্তের সঙ্গে টেলিফোন করতে হয়, সেই মুখ্যমন্ত্রীর টেলিফোন বিল ৩ হাজার টাকার ভিতর, কিন্তু একজন রাষ্ট্রমন্ত্রীর টেলিফোন বিল ৬ হাজার [illegible] এর কোন উপযুক্ত কৈফিয়ৎ থাকতে পাবে না। আজকে সীমানা [illegible] সঙ্গে আমাদের বিবাদ। সেদিক থেকে আমাদের রাস্তাঘাট বেশ [illegible] তুলতে হবে। কিন্তু দেখা গেল ২৫ লক্ষ টাকা ব্যয়ে তৈরী ব্রীজ [illegible] পড়ল। সুতরাং এই জরুরী অবস্থা সম্পর্কে জনসাধারণের কি মনোভাব ও অনুভূতি হতে পারে আমি তাঁদের সেই কথা মনে করিয়ে দিতে চাই। শোনা যায় [illegible] মানুষ নিজেদের গলার হার খুলে দিয়েছে, নানাভাবে প্রতিরক্ষা ভাণ্ডারে দান [illegible] যারা দেশের মূল শক্তি ও পরিচালক সেই ধনিক ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে [illegible] চিহ্নমাত্রও দেখতে পাওয়া গেল না।

[3-10—3-20 p.m.]

সুতরাং জরুরী অবস্থা সম্পর্কে সাধারণ মানুষের কি ধারণ আসবে? আমাদের বলা হোল দেশে জরুরী অবস্থা, পৃথিবীর অন্যান্য দেশের মত স্বাভাবিক অবস্থা বজায় থাকবে এবং নির্বাচন সংক্রান্ত কোন ব্যবস্থা হবে না। দেশের লোক তাই মেনে নিয়েছে। কিন্তু তারপর সরকার যখন দেখলেন দেশের লোক সরকারের বিরুদ্ধে প্রতিবাদ করছে না, জরুরী অবস্থা ঠিকভাবে চলছে, সাধারণ মানুষ এই অবস্থাকে মেনে নিয়েছে এবং সরকারের পেছনে এক হয়ে দাঁড়িয়েছে তখন পর্দা সরিয়ে উঁকি মেরে বললেন এর মধ্যে উপ-নির্বাচনটা সেরে নেই। আমাদের মুখ্যমন্ত্রী এবং স্বায়ত্বশাসন মন্ত্রী মার্চ মাসে একথা বলেছিলেন যে ওটা ইলেকশন কমিশনার-এর কথা, আমরা কিছুই জানি না। স্যার, স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলোতে জরুরী অবস্থা থাকাকালীন নির্বাচন করা হবে না এই মিনিটস-এ তা লেখা আছে, কিন্তু কিছুদিন যেতে না যেতে, এ্যাসেম্বলী প্রোরোগ হতে না হতে ১০ দিন পর কাগজে বেরিয়েছে যে সমস্ত স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানে নির্বাচন হবে নভেম্বর মাসে। এখন প্রশ্ন হচ্ছে এই জরুরী অবস্থা সম্বন্ধে পণ্ডিত নেহরু বলছেন যে চীনের সঙ্গে চূড়ান্ত ফয়সালা করতে আমাদের ৫ বছর পর্যন্ত লাগতে পারে। লাগতে পারে সেই ৫ বছর, কারণ কখনও নীতিগত যুদ্ধ চলবে, কখনও অর্থনৈতিক যুদ্ধ চলবে আবার

কখনও সামরিক সংঘর্ষ চলবে। কিন্তু কথা হচ্ছে এই সুদীর্ঘ ৫ বছর পর্যন্ত যদি জাতীয় জরুরী অবস্থা থাকে তাহলে জরুরী অবস্থা সম্পর্কে মানুষের সমস্ত ধারণা নষ্ট হয়ে যাবে। এখানে অবশ্য অপর পক্ষের এই প্রশ্ন উঠতে পারে যে, খবরের কাগজে যখন দেখছি সীমান্তে সৈন্য সমাবেশ হয়েছে তখন জরুরী অবস্থা অবসান করার কথা কেন ওঠে? তার উত্তরে বলব জাতীয় নেতা যখন ডাকবে, সরকার যখন ডাকবে তখন দেশবাসী জাগ্রত হয়ে তাদের ডাকে সাড়া দেবে এবং জরুরী অবস্থা মেনে নেবে, দেশে যখন বিমান আক্রমণের এলার্ম বেজে উঠবে তখন সমস্ত দেশ জেগে উঠবে কাজেই এরকম হাস্যকর অবস্থা সৃষ্টি করবার কোন অর্থ হয় না।

Shri Kamal Kanti Guha :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের সীমান্তে চীন যখন বিপুল সৈন্য সমাবেশ করেছে তখন দ্বিতীয় মহাযুদ্ধের সময় যারা ইংরেজের এজেণ্ট ছিল এবং আজ যারা চীনের এজেণ্ট তারা তাদের চরিত্র অনুযায়ী জরুরী অবস্থা প্রত্যাহার করবার জন্য যে প্রস্তাব এনেছে আমি তার বিরোধিতা করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আন্তর্জাতিক অবস্থার দ্রুত পরিবর্তন ঘটছে—অর্থাৎ আমরা দেখছি আমেরিকা এবং রাশিয়া নিজেদের প্রয়োজনে একটা বোঝাপড়া করবার চেষ্টা করছে এবং আমরা এটাকে একটা মীমাংসার কৌশল বলে মনে করছি। কিন্তু চীন এশিয়ায় তাদের নিজেদের অস্তিত্ব এবং নিরাপত্তা সম্বন্ধে সন্দেহ পোষণ করে বলে এশিয়ার উপর প্রভুত্ব বিস্তার করবার চেষ্টা করছে এবং সেইজন্যই আমরা জরুরী অবস্থা সমর্থন করছি। কিন্তু একটা কথা এই সঙ্গে বলতে হয় এবং সেটা হচ্ছে জরুরী অবস্থা যখন অক্টোবর মাসের পর ঘোষিত হোল তখন আমরা মনে করেছিলাম যে রাষ্ট্রপতি জাতির মানসিক প্রতিফলনকে জরুরী অবস্থার মধ্য দিয়ে প্রকাশ করেছেন। আমরা তখন খুশী হয়েছিলাম কিন্তু গত ৮ মাসে অবস্থার দ্রুত পরিবর্তন ঘটেছে। অর্থাৎ একদিকে আমরা দেখছি সাধারণ মানুষের উপর ট্যাক্স-এর বোঝা বেড়েছে এবং মানুষ অনাহারে, দুর্ভিক্ষে, অনটনে দিন কাটাচ্ছে এবং আর একদিকে দেখছি আমাদের দেশের শাসক শ্রেণী, আমাদের দেশের ব্যবসায়ী, পুঁজিবাদী, চোরাকারবারীরা মুনাফা লুটে চলেছে। আমাদের তরফ থেকে একথা বলা হয়েছে যে আমরা এটা মর্মে মর্মে উপলব্ধি করেছি। জরুরী অবস্থায় উৎপাদন না বাড়ালে প্রতিরক্ষা সুদৃঢ় করা যায় না কিন্তু সেই উৎপাদনের হাতিয়ার শ্রমিক কলকারখানার হাজার হাজার ছাঁটাই হয়ে গেছে এই কয়েক মাসের মধ্যে। আমরা দেখলাম গ্রামের সেই বর্গাদার আবিবাদ জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে যারা নাকি উৎপাদন বৃদ্ধি করবে। সেজন্য আজকে সাধারণ মানুষের মনে জরুরী অবস্থা সম্বন্ধে সন্দেহ দেখা দিয়েছে। আমরা পথেঘাটে চলা-ফেরা করতে শুনতে পাই—সাধারণ মানুষ এই বলছে যে খাদ্য আন্দোলন দমিয়ে দেবার জন্য বাসের যে ভাড়া বৃদ্ধি হচ্ছে তার বিরুদ্ধে আন্দোলন দমিয়ে দেবার জন্য সাধারণ মানুষের আন্দোলনকে দমিয়ে দেবার জন্যই আজকে বলা হচ্ছে সীমান্তে চীন আক্রমণ করতে উদ্যত এবং আমাদের অবস্থা সঙ্গীন হয়ে উঠেছে। সাধারণ মানুষ মনে করছে এটা শোষণের ছলাকলামাত্র, এটা নিন্দনীয় মনোভাব আমরা জানি, এটা সমর্থন করতে পারি না। এই মনোভাব নিন্দনীয় হলেও আজ এটা অস্বাভাবিক নয়, কেন না, আজকে যাদের হাতে জনসাধারণ রাষ্ট্রের নিরাপত্তার ভার স্বাধীনতা রক্ষার ভার তুলে দিয়েছে, তাঁরা গত কয়েক মাসের ভিতর নিজেদের আচরণে নিজেদের চলাফেরায়, কথাবার্তায় কোন রকম আদর্শ সাধারণ মানুষের সামনে স্থাপন করতে পারেন নি। ডেপুটি স্পীকার মহাশয়, আমরা দেখছি আজ পশ্চিমবঙ্গ সরকার জরুরী অবস্থার মধ্যে প্রতিরক্ষা ব্যবস্থা সম্বন্ধে অত্যন্ত একটা অনাদর মনোভাব প্রকাশ করছেন অত্যন্ত অবহেলা দেখাচ্ছেন। আজকে আমরা দেখছি পশ্চিমবঙ্গ অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থায় রয়েছে। আমাদের শিয়রে চীন সৈন্য উদ্যত সাপের ফণা তুলেছে, আমাদের পায়ের কাছে পাকিস্তান সৈন্য সমাবেশ করে আঘাত হানবার জন্য উদ্যত রয়েছে। আজকে এই অবস্থায় যে মনোভাব অনুসরণ করা উচিত ছিল, যে কর্মতৎপরতা দেখান উচিত ছিল, আমাদের সরকার তা দেখাতে পারেন নি। আমরা পশ্চিমবঙ্গে দেখছি চীনারা একটা গুপ্তচর বাহিনী গড়ে তুলেছে এবং সমস্ত গুপ্তচর বাহিনী পশ্চিমবঙ্গে সমাবেশ করা হয়েছে। এ সম্বন্ধে আমাদের পশ্চিমবঙ্গ সরকার সচেতন নয়। গত ১৯৬২ সালের প্রথম দিকে চীনারা একথা বলেছিল যদি ভারতবর্ষ অধিকার করতে হয় ভারতবর্ষের উপর

হামলা করতে হয় তাহলে কমিউনিস্ট পার্টি তাদের সাহায্য করতে পারে না, বড় জোর মানুষকে বিভ্রান্ত করার জন্য ভুল প্রচার করতে পারে কিন্তু এমন লোক রিক্রুট করতে হবে, যোগাড় করতে হবে যে সমস্ত মানুষের সাথে আমাদের প্রতিরক্ষা দপ্তরের মন্ত্রী এবং বড় বড় উচ্চ পর্য্যায়ের কর্মচারীর যোগাযোগ আছে এবং যে মানুষ এই প্রতিরক্ষা দপ্তরের মধ্যে ঢুকে সিক্রেট কথা বার করে নিয়ে আসতে পারবে। এমন লোক চীনারা রিক্রুট করার জন্য সচেষ্ট হয়ে উঠেছিল। যার ফলে আমরা দেখলাম পশ্চিমবঙ্গের একজন মহিলাকে চীনা গুপ্তচরবাহিনী রিক্রুট করেছিল। এই মহিলাকে আমরা দেখেছি লণ্ডনে সেখানে তাঁর কৃষ্ণমেননের সাথে হৃদ্যতা হয়েছিল, ঘনিষ্ঠতা ছিল বন্ধুত্ব ছিল। কৃষ্ণমেনন যখন ভারতবর্ষে ফিরে এলেন সাথে সাথে সেই মহিলাও কলকাতায় ফিরে এসেছিলেন এবং আমরা জানি এই মহিলা এবং তাঁর স্বামী ১৯৫৯ সাল থেকে ১৯৬১ সালের মধ্যে অত্যন্ত আর্থিক অনটনের মধ্যে দিন কাটিয়েছিলেন এবং এও জানি প্রতিমাসে কৃষ্ণমেনন ৫০০ টাকার চেক কেটে এই মহিলা ও তাঁর স্বামীকে সাহায্য করেছেন। এবং আমরা দেখেছি কৃষ্ণমেনন রাজভবনে যখন থেকেছেন সেই মহিলা অনেক রাত পর্যন্ত কৃষ্ণমেননের সঙ্গে কাটিয়েছেন। একথা আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় নিজেও জানেন। ডেপুটি স্পীকার স্যার, আমরা দেখেছি যে ১৯৫৯ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত এই মহিলাকে কৃষ্ণমেননের দয়াতে দিন কাটাতে হয়েছে এবং জালিয়াতী এবং প্রতারণা করে তার সংসার চালাতে হয়েছে।

[3-20—3-30 p.m.]

অথচ আমরা দেখতে পেলাম যে ১৯৬২ সালে যখন এই মহিলাটি কলকাতার চাইনিজ কনসোলেটে যাতায়াত সুরু করল তখন থেকে তার হাতে প্রচুর অর্থ আসতে সুরু করল এবং ১৯৬২ সালের গোড়ার দিকে এই মহিলাটির হাতে ৭ লক্ষ টাকা এল এবং এই ৭ লক্ষ টাকার মধ্যে সে ১ লক্ষ টাকা দিল্লীর কোম্পানীর দেনা শোধ করল, কলকাতার জেমস কোম্পানীকে ৪৮ হাজার টাকা দিল এবং ইণ্ডিয়ান টেক্সটাইল কোম্পানীকে ৭।। হাজার টাকা দিল। এ সম্বন্ধে পার্লামেণ্টে কোয়েশ্চেন উঠেছিল যে এরা এত টাকা কোথা থেকে পেল? পার্লামেণ্টে কোয়েশ্চেন করা হয়েছিল এই মহিলাটির স্বামী পেট্রিয়টের শেয়ার কিনেছে ৫ লক্ষ টাকার। পেট্রিয়টের অথরাইজড শেয়ার ক্যাপিটাল হচ্ছে ৫ লক্ষ টাকা। যার ফলে এই মহিলাটির স্বামী মেজর শেয়ার হোল্ডার হলেন এবং পেট্রিয়টের অন্যান্য ডিরেক্টরস হচ্ছেন কৃষ্ণমেননের ঘনিষ্ঠ বন্ধু ডাঃ বালিগা, অরুণা আসফআলি এবং কেরলের গোবিন্দ নায়ার। পার্লামেণ্টে যখন কথা হল এরা এত টাকা কোথা থেকে পেল তখন মোরারজী দেশাই বলেছিলেন আমি ইনকাম ট্যাক্স ডিপার্টমেণ্টকে দিয়ে তদন্ত করাব। তদন্ত সুরু হল। এ দিকে আমরা যে মহিলাটির আসার রহস্যজনক গতিবিধি কলকাতার উপর দেখলাম। সব চেয়ে আশ্চর্য হয়ে গেলাম অক্টোবর মাসের পরে ইস্টার্ন জোনকে দুই ভাগে ভাগ করবার জন্য কৃষ্ণ মেনন যখন নেফায় যাবার জন্য কলকাতায় এলেন এবং কাউলের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিতে চাইলেন এবং যখন দমদম এয়ার পোর্টে গেলেন তখন আমরা দেখলাম এই মহিলাটি মিলিটারী ট্রাকে করে দমদম এয়ার পোর্টে গেলেন এবং দমদম এয়ার পোর্টে ভি. আই. পি. রুমে কৃষ্ণমেননের সঙ্গে এক ঘণ্টা অতিবাহিত করলেন। কৃষ্ণ মেনন নেফায় উড়ে গেলেন এবং সাথে সাথে এই মহিলাটি দমদম এয়ার পোর্ট থেকে বেরিয়ে চাইনিজ কনসালের অফিসে চলে গেলেন। তখন কলকাতার স্পেশাল ব্রাঞ্চ, ডিটেকটিভ ডিপার্টমেণ্ট তৎপর হয়ে উঠেছিল এবং মুখ্যমন্ত্রীর কাছে এই রিপোর্ট পেশ করেছিল। কিন্তু আশ্চর্য হয়ে গেলাম মুখ্যমন্ত্রী একথা নেহরুকে জানালেন না যে কৃষ্ণমেননের সাথে এই ধরণের একটা মহিলার যোগাযোগ রয়েছে এবং সেই রিপোর্টে মুখ্যমন্ত্রীকে রিকোয়েস্ট করা হয়েছিল যে মহিলাটির বিরুদ্ধে এ্যাকসান নেওয়া হোক। কিন্তু মুখ্যমন্ত্রী সেই এ্যাকসান নিলেন না। কেন নিলেন না তার তদন্ত করতে গিয়ে দেখেছি সেই মহিলাটির বাড়ীতে ১৯৬০ সালের শেষ দিক থেকে ১৯৬১ সালের প্রথম দিক পর্যন্ত আমাদের উপমন্ত্রী মায়া ব্যানার্জী অসুস্থ অবস্থায় ছিলেন। সেখানে আমাদের মুখ্যমন্ত্রী প্রায়ই যাতায়াত করতেন এবং তখন মায়া ব্যানার্জীর সাথে মুখ্যমন্ত্রীর যে কথাবার্তা হত তার টেপ রেকর্ড ঐ মহিলাটি নিয়েছিলেন এবং মায়া ব্যানার্জী এবং মুখ্যমন্ত্রীর অনেক অসতর্ক মুহূর্তের ছবি

ঐ মহিলাটি তুলে নিয়েছিলেন। এর ফলে ঐ মহিলাটি যখন শুনলেন যে স্পেশাল ব্রাঞ্চ ডিটেকটিভ ডিপার্টমেণ্ট এ সম্পর্কে তৎপর হয়েছে, চীফ মিনিস্টারকে অনুরোধ করেছে এ্যাকসান নেওয়ার জন্য তখন মায়া ব্যানার্জীর মাধ্যমে চীফ মিনিস্টারকে হুমকি দিলেন যে যদি এই রিপোর্ট নিয়ে চীফ মিনিস্টার বেশী দূর অগ্রসর হন তাহলে তিনি টেপ রেকর্ড এবং ফটোর কথা সমস্ত বাংলা দেশের মানুষকে জানিয়ে দেবেন। তারপর দেখলাম চীফ মিনিস্টার শামুকের মত নিজেকে গুটিয়ে নিলেন। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে আমরা দেখছি এই মহিলাটি সমানে চীফ মিনিস্টারকে ব্ল্যাকমেল করছে। যে মহিলাটি খেতে পেত না, যে মহিলাটিকে প্রতারণা করে দিন কাটাতে হত সেই মহিলাটির আজকে ৩ খানা এ্যামবাসাডর গাড়ী। আমি চীফ মিনিস্টারকে জিজ্ঞাসা করছি, হাউসের কাছে এটা বিবেচনার জন্য রাখতে চাই যে একটা পরিবার যাদের চীনাদের সাথে এই সম্পর্ক, যাদের গতিনিবিধি রহস্যজনক তারা লক্ষ লক্ষ টাকা কোথা থেকে পাচ্ছে, কোথা থেকে তারা এ্যামবাসাডর গাড়ী পায়? কোথায় তাদের যাতায়াত? কনক বিল্ডংএ এরা একটা অফিস খুলে রেখেছে। সেখানে দেখা যায় হাজার হাজার টাকা খরচ করে ফার্ণিচার করা হয়েছে, কিন্তু অফিস খোলে না। হয়ত হঠাৎ কোন এক দিন ২ ঘণ্টা অফিস খুলল, ফিসফাস আলোচনা হল, তারপর বন্ধ হয়ে গেল। আজ আমরা মনে করি এই লক্ষ লক্ষ টাকা পেয়েছে তারা চাইনিজদের কাছ থেকে আর বাংলা দেশের বুকে বসে ওয়ার স্ট্র্যাটেজি, ওয়ারের বেসিক প্রিন্সিপল্‌ জেনে চীনাদের তা সরবরাহ করছে। তাই আজকে যে কথা বলা হয়েছে যে এমারজেন্সি স্যুড কণ্টিনিউ এটা আমরা সমর্থন করি। কিন্তু এই এমারজেন্সির সময়ে শাসক গোষ্ঠী যারা শুধু মানুষকে শোষণ করবে, যারা শুধু মানুষের কাছে থেকে টাকা পয়সা নেবে আর কাজের সময় কোন কাজ করবে না তাদের বিরুদ্ধে আজকে আমরা তীব্র বিতৃষ্ণা এবং অনাস্থা পোষণ করছি। কিন্তু এই মহিলাটি সম্বন্ধে আমি বলতে চাই যে এই মহিলাটি হচ্ছেন আমাদের উপমন্ত্রী শ্রীমতী মায়া ব্যানার্জীর কাকিমা এবং তাঁর স্বামী হচ্ছেন ডাঃ পি. আর. ব্যানার্জী। মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি একটা কথা এখানে রাখতে চাই, সেদিন আমাদের চীফ মিনিস্টার বলেছিলেন যে এই পি. আর. ব্যানার্জী ভাল লোক, তিনি তাঁকে জানেন কিন্তু আমাদের চীফ মিনিস্টার একটা কথা বলেন নি যে এই পি. আর. ব্যানার্জীর নামে কতগুলি জালিয়াতির কেস উঠেছে, কত কেস কোর্টে পেণ্ডিং ছিল এবং কত কেস টাকা পয়সা দিয়ে মিটিয়ে দেয়া হয়েছে। শুধু তাই নয়, সেদিন তিনি সার্টিফিকেট দিয়েছেন। যারা চীনের দালাল, গুপ্তচর, বাংলাদেশের বুকে বসে যারা গুপ্তচরের কাজ করছে, মায়া ব্যানার্জীর অনুরোধে তাকে তিনি সার্টিফিকেট দিয়েছেন এর চেয়ে ধীককার আর কিছু আজকে বাংলাদশে থাকতে পারে না। মিঃ ডেপুটি স্পীকার স্যার, এই হাউসে আমরা দেখেছি আমাদের বন্ধু শ্রীসিদ্ধার্থ শংকর রায় দিনের পর দিন কংগ্রেসের তোষামোদী করেছেন, কেন না এই মৃদুলা ব্যানার্জী হচ্ছেন তাঁর ভগ্নী এবং তাঁর ভগ্নীর কার্যকলাপকে ঢেকে রাখবার জন্য আজকে তিনি ছলে বলে এই সমস্ত জিনিস করছেন কিন্তু বাংলাদেশের মানুষ এ সমস্ত ক্ষমা করবে না। আজকে ওঁরা বলছেন যে ইমার্জেন্সী সম্বন্ধে তৎপর। আমি বলতে চাই প্রেসিডেন্সী জেলে স্নেহাংশু আচার্য আছেন কিন্তু আমরা দেখেছি যে স্নেহাংশু আচার্য্যের সাথে বাইরের লোকের সমানে যোগাযোগ হচ্ছে। স্নেহাংশু আচার্য প্রেসিডেন্সী জেল থেকে যখন তখন ফোন করছেন এবং সেই ফোনে তিনি চীনা পন্থীদের সঙ্গে যোগাযোগ করছেন। আমরা দেখেছি প্রেসিডেন্সী জেলের সম্মুখে স্নেহাংশু আচার্য্যের গাড়ী দাঁড়াচ্ছে এবং তাঁর সেই গাড়ী জেলার, ডেপুটি জেলাররা ইচ্ছামত ব্যবহার করছেন। এ সমস্ত জিনিস মুখ্যমন্ত্রীর নজরে পড়ে না কেন? আজকে বাংলাদেশের মধ্যে শুধু কমিউনিস্টদের গালাগালি করলে আর নেপালবাবুকে দিয়ে ছাত্রদের মিটিং ভেঙ্গে দিলাম এ করে চীনার কার্যকলাপ থামানো যাবে না। তাই আমি আপনার কাছে বলতে চাই যে ইমার্জেন্সী থাকুক কিন্তু ইমার্জেন্সী থাকাকালীন যে আচরণ দরকার হয় বা যে ব্যবহার করতে হয়, যে কার্যকলাপ নিয়ে এগিয়ে যেতে হয়, যে সুচিন্তিত কার্যসূচী মানুষের সম্মুখে রেখে আদর্শ স্থাপন করতে হয় সে ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার ব্যর্থ হয়েছেন। আজকে আমরা দেখি কংগ্রেসের থেকে বলা হয়েছে চীন পন্থী আর কমিউনিস্ট পন্থী, আমরা সেদিন প্রতিবাদ করেছিলাম অথচ ২৯শে জুলাই মনুমেণ্টের তলায় যে মিটিং হল সেখানে বলা হয়েছে "স্ট্যালিন জিন্দাবাদ"। আজকে যুক্ত মহড়ার বিরুদ্ধে মানুষের মনকে বিষিয়ে তোলা হচ্ছে কিন্তু আমি বলতে চাই আজকে যারা আমাদের সাহায্য

করতে এগিয়ে এসেছে তাদের সেই সাহায্য যদি কার্যকালে আমরা ব্যবহার করতে না পারি তাহলে কেন তারা আমাদের সাহায্য করবে এবং আমরা যদি তাদের সাহায্য কার্যকালে ব্যবহার করতে না পারি তাহলে মহাভারতের কর্ণের মত আমাদের অবস্থা দাঁড়াবে—সেখানে কর্ণ যতবড় বীর হন না কেন সেদিনকে অর্জুনের সমস্ত ছল কৌশলের কাছে তাঁকে পরাস্ত হতে হয়েছিল, কর্ণের মত বীরকেও সেদিন বধ করা হয়েছিল। আজকে ভয়েস অব আমেরিকার বিরুদ্ধে আমাদের বক্তব্য আমরা রেখেছি যে বাংলাদেশের বুকে বসে বাংলা ভাষার প্রচার করা চলবে না, বাংলাদেশের বুকে বসে তাঁরা ইচ্ছামত প্রোগ্রাম ঠিক করবেন এটা মেনে নিতে কখনও আমরা রাজী নই কিন্তু ভয়েস অব আমেরিকার কথা বলতে গিয়ে সাথে সাথে যুক্ত মহড়ার বিরুদ্ধে বলা হচ্ছে, এবং আজকে স্টুডেণ্টদের ক্ষেপিয়ে তোলা হচ্ছে। আজকে প্রগ্রেসিভ ইউনিয়নের স্টুডেণ্টরা ছাত্রদের সীটের কথা, ছাত্রদের ভর্তি সমস্যা যেটা আছে তার সমাধান করার কথা, হেলথ ইউনিটের কথা, ছাত্রদের বেতন কমাবার কথা—ছাত্র ফেডারেশন এ সমস্ত কথা বলুক। আমি একথা বলবো যে লোকের মনোভাব আজও সুদৃঢ় আছে। তাঁরা যতই ব্যাভিচার ভোগলালসায় নিজেরা ভেসে যান কিন্তু আমরা যারা বাংলাদেশকে ভালবাসি আমরা ঠিক আছি, কমিউনিস্ট পার্টিকে ঠিক করা যাবে কিন্তু আপনাদের নিজেদের মধ্যে যে শয়তান আছে, যে দুর্নীতি আছে তাকে দূর করবার জন্য চেষ্টা করুন এবং সাধারণ মানুষের মনে আস্থা ফিরিয়ে আনার চেষ্টা করুন, সাধারণ মানুষকে খেতে দেবার ব্যবস্থা করুন, তাদের ট্যাক্স কমিয়ে দেবার ব্যবস্থা করুন তাহলেই দেখবেন আপনাদের প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় হবে এবং শত্রুকে আমরা প্রতিরোধ করতে পারবো।

[3-30—3-40 p.m.]

Shri Nepal Chandra Roy :

মিঃ স্পীকার স্যার, আজকে ইমারজেন্সী তুলে নেবার জন্য যে প্রস্তাব কমিউনিস্টরা এই সভায় তুলেছেন তার ঘোর বিরোধিতা করছি, আজকে বিরোধীতা করতে গিয়ে আমি দুই একটি কথা এই হাউসের সামনে রাখতে চাই সেটা হচ্ছে একটু আগে আমাদের কমিউনিস্ট বন্ধু দেবী বসু তার বক্তব্য ঠিকভাবে এখানে তিনি পেশ করতে পারেন নি—অগাখিচুড়ি করে ফেলেছেন। তিনি ইমারজেন্সী তোলবার কথা বলতে গিয়ে আবার সেই খাদ্য আন্দোলনের দিকে চলে গেছেন। কারণ এ+বি হোল স্কয়ার ফরমুলায় না ফেললে দেশের মানুষকে ধোঁকা দেওয়া যায় না এটা তাঁরা জানেন। আমি সেজন্য তাদের মুখোস একটু খুলে দিতে চাই আপনাদের সকলের সামনে। আমাদের বিরোধী দলের বন্ধু কমলবাবু যে কথা বলেছেন আমাদের সেদিকে নজর দিতে হবে তার কথাগুলি এড়িয়ে গেলে চলবে না। তার কারণ হচ্ছে আমরা জানি আমাদের এই হাউসে কংগ্রেসী বন্ধুরা ঐ কমিউনিস্টদের ফাঁদে প্রায়ই পা দিয়ে থাকেন আমি তাঁদেরকে হুঁসিয়ার করে দিতে চাই যে ভবিষ্যতে কোন জায়গায়, কোন প্রতিষ্ঠানে যেতে আমাদের বন্ধুরা যেন সচেতন থাকেন। আমি আরও দু একটি কথা এখানে রাখতে চাই, আমার কাছে কয়েকটি ইনফরমেশন আছে যে কিছু দিন আগে যা আনন্দবাজার কাগজে আপনারা দেখেছেন যে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া কালচারাল সেক্সন বাংলা দেশের কতকগুলি কালচারাল প্রতিষ্ঠানকে তাদের কিছু কিছু টাকা দেন—দু এক টাকা নয় —হাজার হাজার লাখে লাখে টাকা তারা দেন এবং সেই টাকাগুলি কিভাবে তছনছ করা হয়, কিভাবে সেই টাকাগুলিতে কমিউনিস্টদের প্রচার যন্ত্রকে পরিপুষ্ট করা হয় তারই দু একটি কথা আপনাদের জানাই। স্যার, গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া স্পষ্টভাবে বলে দিয়েছেন যে এই যে টাকা বিভিন্ন প্রতিষ্ঠানকে দেওয়া হয় তা গভর্নমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গলের রেকমেণ্ডেসনে। কিন্তু আমরা জানি গভর্নমেণ্ট অফ ওয়েস্ট বেঙ্গলের কোন রেকমেণ্ডেসন সেখানে ছিল না। কিন্তু তা সত্বেও দেখতে পাচ্ছি দুটি প্রতিষ্ঠান—আমি নাম বলে দিচ্ছি—একটি হোল মহাদেশ, আর একটির নাম নবগ্রাম—তারা সামনে রেখেছে কিছু কিছু কংগ্রেসী লোক উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে। কি ব্যাপার দেখুন স্যার, গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া টাকা দিচ্ছে আর সেই টকায় প্রচার চালিয়ে যাচ্ছে কমিউনিস্ট পার্টি। গ্রামে গ্রামে গিয়ে প্রতিরক্ষায় সাহায্য করবার নাম করে নাটক করে এবং সেই নাটকের মাধ্যমে কমিউনিস্ট পার্টির প্রচার যন্ত্র চলে যাচ্ছে—দেশদ্রোহিতার কাজ তারা

চালিয়ে যাচ্ছে এবং তার পৃষ্ঠপোষক কে?—ভারত সরকার। স্যার একটি লোক পশ্চিম বাংলায় আছে তার নাম আতাউল রহমন। সেই আতাউল রহমন প্রায় হাজার টাকা মাইনে পান এবং তিনি যোগাযোগ করেন উৎপল দত্ত ও শোভা সেনের সঙ্গে। এই উৎপল দত্ত এবং শোভা সেন সম্বন্ধে বাংলা দেশের মানুষের যদি কোন সন্দেহ থাকে যে তারা কমিউনিস্ট নন তাহলে আমি বলবো তারা ভুল করছেন—তারা স্ট্যাম্পড কমিউনিস্ট এবং এই উৎপল দত্ত এবং শোভা সেন—এদের একটি লিটল থিয়েটার গ্রুপ বলে একটি নাট্য কোম্পানী আছে এবং তারা ৩০ হাজার টাকা পেয়েছে। আমি বুঝতে পারি না ইণ্ডিয়া গভর্নমেণ্ট এই মানুষটিকে, আতাউল রহমানকে, কি করে দিনের পর দিন বাংলার বুকে বসে এইভাবে প্রোচাইনিজ প্রপাগেণ্ডা চালিয়ে যাবার জন্য টাকা দেয়। সরকারের এই সমস্ত অফিসারদের বাংলা দেশ থেকে তাড়িয়ে দেওয়া দরকার। আমি পশ্চিম বঙ্গ সরকারকে এই বিষয় অনুরোধ জানাচ্ছি। স্যার মজা হচ্ছে পশ্চিম বঙ্গ সরকারের দ্বারা পরিচালিত গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার চতুরঙ্গ বলে একটি পত্রিকা আছে। তার মধ্যেও দেখতে পাচ্ছি যে ঐ কম্যুনিষ্ট চরেরা দিন রাত আনাগোনা করছে। আমি বারবার করে বলছি—কমলবাবু যে কথা বলেছেন—আমাদের নিজেদের ছিদ্র বন্ধ করতে হবে। যদি কংগ্রেসের লোক এইভাবে এগিয়ে চলে তাহলে নিশ্চয়ই আমি এ কথা বলবো যে দেশের ক্ষতি আমরাই নিশ্চয়ই বেশী করছি। যারা চেনা ডাকাত তাদের আমরা চিনি কিন্তু যারা অচেনা, যারা ভুল পথে আমাদের পরিচালিত করবার চেষ্টা করছে তাদের সম্বন্ধে আমি হুশিয়ারী করছি। স্যার, ইমার্জেন্সী তুলে দেবার যে প্রস্তাব এখানে এনেছেন তার বিরুদ্ধে বলতে গিয়ে আমি দু'চারটি কথা বলতে চাই। ময়দানের মিটিংএ—যেটা কমলবাবু বলেছেন, আমার কাছেও এর কিছু কিছু খবর এসেছে—সে খবরের মধ্যে এমন কতকগুলি মারাত্মক জিনিস আমাদের সামনে উঠিয়ে দিয়েছে যেগুলি না বললে চলে না। আমরা জানি বর্ষাকালে জোঁক হয়, বর্ষা যখন শেষ হয়ে যায় তখন জোঁকগুলিও চলে যায়, জোঁক দেখতে পাওয়া যায় না কিন্তু যখন জঙ্গল দিয়ে হাটবেন তখন আপনার গায়ে এসে পড়বে এবং আপনার রক্ত একটু একটু করে শুষে নেবে, তখন জানতে পারবেন। তাই এমার্জেন্সির সময় আমরা বাংলা দেশের গ্রামে গ্রামে ঘুরেছি এবং সেখানে মানুষ যাতে যুদ্ধে সাহায্য করে। গ্রামের চাষী, সহরের কল-কারখানার মানুষ, স্কুল কলেজ থেকে স্বরু করে সর্ব শ্রেণীর মানুষ এগিয়ে এসেছিল এই ইমার্জেন্সি পিরিয়ডে সরকারকে সাহায্য করতে, পণ্ডিত নেহরুর হাতকে জোরদার করবার জন্যে। তখন শুনেছিলাম ঐ চীনে জোঁকদের মুখে যে পণ্ডিত নেহরুকে কংগ্রেস দল নাকি অপমান করছে, কংগ্রেসের লোক নাকি পণ্ডিত নেহরুর কথা শোনে না, আমরা কিন্তু সেই সময়ই বলেছিলাম এ ভূতের মুখে রাম নাম। যখন ২৪ ঘণ্টা ধরে রাম নাম করছে তখন কি জানি একটা প্রমাদ ঘটে যায় এই দেশে। হয়ত পণ্ডিত নেহরুকে কৃষ্ণ মেননের মত অবস্থায় গিয়ে দাঁড়াতে হবে, অথবা অন্য কিছু হয়ে যাবে। আমরা তখনই তাই সতর্ক করে দিয়েছিলাম। আজকে তাদের মুখোস খুলে গিয়েছে। তারা যে জোঁকের মত রক্ত খেয়ে যাচ্ছে লোকেরা তা টের পেয়েছে তাই তারা আজ সেই জোঁকগুলির মুখে নুন দেবার ব্যবস্থা করছে। আমরা সেই জোঁকগুলিকে দেখেছি ময়দানের মিটিংএ। এরা শুধু স্ট্যালিন জিন্দাবাদ করেনি আরো অনেক কিছু করেছে। এরা ভারত সরকারের নিন্দা করেছে এমনভাবে যাতে যুদ্ধোদ্যম বাধা প্রাপ্ত হয়। ভারত সরকারকে এবং পণ্ডিত নেহরুকে পর্যন্ত এরা নিন্দা করতে ছাড়ে নি। আমি বুঝতে পারি না এরা একবার যাকে বাবা বলে তাকে অন্য মুহূর্তে ঐ স্ত্রীর ভাইকে যা বলে—আনপার্লামেণ্টারি ভাষা তাই বলতে পারি না—এরা তাই বলে। স্যার, আমি আজকে জোর গলায় বলে যাচ্ছি, যদি এদের প্রতি পশ্চিমবঙ্গ সরকার এতটুকু করুণা প্রদর্শন করেন তাহলে আমি বলবো বাংলার সাধারণ মানুষ মুখ্যমন্ত্রীকেও বাদ দেবে না বা অন্যান্য মন্ত্রীকেও বাদ দেবে না, তারা ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলসএ এঁদেরকে আটকাবে। কারণ আজকে দেশের স্বাধীনতা ব্যহত হবে যদি ইমার্জেন্সি লিফট করা হয়। আমি তাই ইমার্জেন্সি লিফট করার পরিবর্তে বলবো এই চীনে দালাল, এই চীনে জোঁকগুলিকে জেলে নিয়ে গিয়ে রাখা উচিত।

[3-40—3-50 p.m.]

জেলখানায় নিয়ে এদের পলিটিক্যাল প্রিজনার হিসাবে রাখা পৃথিবীর ইতিহাসে নেই। যারা দেশদ্রোহিতা করেছে তাদের বুলেট ছাড়া পলিটিক্যাল প্রিজনার করেছেন কোন দেশের

ইতিহাসে নজীর মিলবে না। চীন দেশের ইতিহাস দেখুন। সেখানে দেশোদ্রোহিতার অভিযোগের কথা থাক সামান্য বিরুদ্ধ মত প্রকাশ করলেও গুলি করে মারা হয়েছে। কম্যুনিজমের পিতৃভূমি রাশিয়ার ইতিহাস পর্যালোচনা করলে আমরা কি দেখতে পাই? বেরিয়া বিশ বছর ধরে স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন তাঁকে ফাঁসীর মঞ্চে ঝুলান হয়েছে বিনা বিচারে, বিনা কারণে। কারণ, ক্রুশ্চভ সাহেব দেখলেন একে নিয়ে চলবে না। আজ আমাদের এখানে কম্যুনিস্টরা দিনের পর দিন গ্রামে গ্রামে সহরে সহরে ঘুরে চাষীদের মজুরদের ডেকে বলছে—এস হে চাষী ভাই, মজুর ভাই তোমরা চীনের দালাল না, আজ কি এদের জন্য আমাদের এমারর্জেন্সী লিফট করতে হবে? আজকে আমরা দেখেছি ওই যে মুষ্টিমেয় ছাত্ররা এসেছিল অবশ্য ছাত্ররা এদের সঙ্গে আজ নেই তারা উপলব্ধি করেছে এদের কতকগুলি পোষা দালাল কুকুর এসেছিল তাদের দাবী জানাতে। উপযুক্ত জবাব দিয়েছে কলকাতার ছাত্ররা—লাঠি দিয়ে তাড়িয়ে দিয়েছে। আবার এরকম দাবী তুললে ঝাঁটাপেটা করে বাংলাদেশের স্কুল কলেজ থেকে এদের তাড়াবে। তাই আমার বন্ধু শ্রীকমল গুহ যা বলেছেন এবং অন্যান্য বন্ধুও বলবেন যে এমারজেন্সি তোলা উচিত নয়। আমরা দেখছি উত্তর প্রান্তের যে জায়গাটা চীনাদের ছেড়ে দেবার কথা হয়েছিল এবং আমাদেরও যেটা ছেড়ে দেবার কথা ছিল সেটা বাফার স্টেট থাকবে সেই জায়গায় আমরা আছি অচল অটল, কিন্তু চীনারা তাদের কথা রাখেনি সে জিনিষ চীনের ইতিহাসেও নেই—চীনের চৌ-এন-লাই কখনও সত্য কথা বলে না কারণ তার নাম হচ্ছে চৌ-এন-লাই—যার নাম - চৌ-এন-লাই সে কখনও চু-এন-ট্রুথ হতে পারে না, তাই বলছি কখনও চীনাদের বিশ্বাস করা উচিত নয়। চীনাদের দালাল বাংলাদেশের কম্যুনিস্ট পার্টি এদের কোনরকম সম্মান দেওয়া উচিত নয়। এদের জায়গা হল জেলখানায়—জেলখানা ছাড়া যদি বাইরে রাখেন তাহলে মস্ত সর্বনাশ করবে এরা। এমারর্জেন্সী পিরিয়ড-এ দেখুন কোটি কোটি টাকার প্রয়োজন দেশকে রক্ষা করতে হলে যা করা দরকার তাতে কত টাকার আজ প্রয়োজন? একটা এয়ার আমব্রেলা—তার দাম ছ' হাজার কোটি টাকা। বাংলা দেশ কেন—সারা ভারতবর্ষের ন্যাশনাল ইনকাম কত? আমরা দেখেছি ১৭০০ কোটি টাকা। তাহলে ক বছর হলে আমরা একটা এয়ার আমব্রেলা কিনতে পারব? আজকে আমেরিকা এবং ইংলণ্ডের লোকেরা—যারা একদিন আমাদের শাসন করেছিল—তারা আজ চীনা ড্রাগনের বিরুদ্ধে আমাদের সাহায্য করতে এগিয়ে এসেছে। আমরা তা নেব না? আমার মায়ের আঁচল ধরে যখন চীনারা টানছে তখন আমরা এই সাহায্য নেব না? সেদিনের কথা কি ভুলে গিয়েছেন যেদিন ওই রাশিয়ার স্ট্যালিন সাহেব পায়ে ধরে আমেরিকার রুজভেল্টকে বলেছিলেন—আমাকে সাহায্য কর, আমাকে বাঁচাও। আমি এই কথা বলে এই রিজোলিউসন-এর বিরোধিতা করছি।

Shri Gour Chandra Kundu : On a point of order Sir.

নেপালবাবু সোভিয়েট গভর্নমেণ্টের বিরুদ্ধে এবং তার প্রধান মন্ত্রী শ্রীক্রুশ্চেভ সাহেবের বিরুদ্ধে যে বক্তব্য রেখেছেন এটা কি রাখা ঠিক হবে? সোভিয়েট সরকার এবং সোভিয়েট প্রধান মন্ত্রী ভারতের বন্ধু এবং ভারত সরকার তাদের সাহায্য পান। একজন্যে আমি মনে করি এই কথাগুলি এক্সপাঞ্জ করা উচিত।

Mr. Speaker : It is no point of order.

Shri Nikhil Das :

মাননীয় স্পীকার মহাশয়, কমিউনিস্ট পার্টির তরফ থেকে ইমারজেন্সি তুলে দেবার যে প্রস্তাব তারা এনেছেন তার উপর আমি একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি, আমার সংশোধনী প্রস্তাব সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আমি যে কথাটা আপনার মাধ্যমে এই হাউসে তুলে ধরতে চাই তা হচ্ছে এই তাদের যে ইমারজেন্সি তুলে দেবার কথা বলেছেন সেখানে আমাদের দলের সাথে তাদের মূলগত পার্থক্য আছে। তারা বলেছেন ইন ভিউ অব দি চেঞ্জড সারকামস্টানসেস অফ দি কাণ্ট্রি তাই আমার যে এ্যামেণ্ডমেণ্ট সেই এ্যামেণ্ডমেণ্ট এ এই ইন ভিউ অফ দি চেঞ্জড সারকামস্টানসেস ইন দি কাণ্ট্রি এটাকে তুলে দিতে বলেছি, এবং এটাকে তুলে দিয়ে আমার যে এ্যামেণ্ডমেণ্টের কথাগুলি সেগুলি তার সঙ্গে জুড়ে দিতে বলেছি। কারণ একটা প্রশ্ন স্বভাবতঃই এই হাউসে উঠেছে এবং আমাদের মনেও যে কথাটা আছে—যে চীনা বাহিনীর ভারত আক্রমণের যে সম্ভাবনা সেই সম্ভাবনার কি অবলুপ্তি ঘটেছে—পাকিস্থানের

সৈন্য সমাবেশ আমাদের সীমান্তে পাকিস্তানের সৈন্যদের যারা ভারত আক্রমণের যে সম্ভাবনা সেই সম্ভাবনার কি একেবারে অবলুপ্তি ঘটেছে—সে কথা আজ জোর করে বলা যায় না। খবরের কাগজের মাধ্যমে যে খবর আমাদের কাছে এসে পেঁছায় তাতে দেখা যায় যে কোন মুহুর্তে আক্রমণ হয়ত হতে পারে। তাই ইন ভিউ অফ দি চেঞ্জড ইত্যাদি এই কথাটার সঙ্গে এক মত না হতে পেরে আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছি। তার সাথে সাথে যে কথাটা আপনার মাধ্যমে এই হাউসে তুলে ধরতে চাই যে চীনা বাহিনীর আমাদের দেশ আক্রমণ করার পরে, আমাদের দেশের একটা অংশ দখল করার পরে আমাদের প্রেসিডেণ্ট ভারতবর্ষে ইমারজেন্সি ডিক্লেয়ার করলেন। আমাদের যে গঠনতন্ত্র তার ৩৫২ নম্বর আরটিকেল অনুযায়ী এবং সেই ইমারজেন্সি ডিক্লেয়ার করার সাথে সাথে কনস্টিটিউশান এর ৩৫৮ নম্বর আরটিকেল অনুযায়ী আমাদের ফাণ্ডামেণ্টাল রাইট এর যে ১৯ নম্বর আর্টিকেল আছে তাতে যে আমাদের রাইটস অব সিভিল লিবার্টি দেওয়া হয়েছে সেই রাইটস অব সিভিল লিবার্টি সাসপেণ্ডেড হয়ে গেল। এবং তারপরে ৩৫৯ নম্বর আর্টিকেলে কনস্টিটুউশানে তারা আমাদের ফাণ্ডামেণ্টাল রাইটসএর ১৪।২১ এবং ২২-এর আর্টিকেলে যে ক্ষমতাগুলি জনসাধারণের ছিল, যে অধিকার ছিল সেই অধিকার গুলি তারা তুলে নিলেন। কিন্তু সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার যেটা সেটা হচ্ছে কনস্টিটুউশানের ৩১ নম্বর আর্টিকেল সেই আর্টিকেলে রাইটস অব প্রপার্টি রয়েছে, এবং ইমারজেন্সীর টাইমে সেই আর্টিকেলকে প্রয়োগ

[3-50 4 p.m.]

করার প্রয়োজন ছিল কিন্তু সেখানে সরকার চুপ সেই আর্টিকেলকে প্রয়োগ করার ব্যাপারে। ৩৫৯ নম্বর আর্টিকেল এ যে তাদের ঘোষণা সেই ৩১ নম্বর আর্টিকেলকে তারা বাদ দিয়েছেন। বাদ দিয়েছেন শুধু এই জন্য কারণ আমাদের এই ৯।১০ মাসের যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতাকে যদি আমরা ভাল ভাবে বিচার করে দেখি তাহলে দেখব এই ইমারজেন্সী ঘোষিত হওয়ার পরে ইমারজেন্সীর পূর্ণ সুযোগ গ্রহণ করেছেন আমাদের দেশের শিল্পপতি যারা আমাদের দেশের ব্যবসায়ী, যারা আমাদের দেশের লুঠেরা যারা জনসাধারণের রক্ত লুঠ করে যারা চিরকাল মোটা হয়েছে—এই ইমারজেন্সির সুযোগ তারা নিয়েছে। তাই তারা ইমারজেন্সীর সুযাগে বিরাট মুনাফা বিরাট সম্পত্তি তারা করেছে, কিন্তু সেই সম্পত্তিতে হস্তক্ষেপ সরকার করবেন না। তাই আর্টিকেল ৩১ যেটা সেটা ইমারজেন্সীর ক্ষেত্রে প্রয়োগ করা হয়নি। মাননীয় স্পীকার মহাশয়, আমরা অহোরহ বিলেতের কথা শুনি, গত মহাযুদ্ধের সময় বিলাতে তাদের ভিতর যে আলোড়ন হল, তাদের দেশে যে সামাজিক পরিবর্ত্তন হল তাদের দেশে যে অর্থনৈতিক পরিবর্ত্তন হল, তাদের রাষ্ট্রকে জনসাধারণের রাষ্ট্র হিসাবে গড়ে তোলবার পরিকল্পনা হল তা আমাদের দেশে গত ৯।১০ মাসে আমরা দেখতে পাইনি। এবং যুদ্ধ সম্পর্কে বলতে গিয়ে প্রথমে আমি মাননীয় জয়প্রকাশ নারায়ণের কথা বলতে চাই, তিনি বলেছেন

Chinese aggression is not only a challenge to our sovereignty but also challenge to our revolution.

অর্থাৎ আমাদের দেশে সমাজতন্ত্র গড়ে তোলার যে সংগ্রাম, আমাদের দেশে সমাজতন্ত্রকে ঠিক ঠিক ভাবে প্রতিষ্ঠিত করবার যে সংগ্রাম সেই সংগ্রামকেও তারা চ্যালেঞ্জ করেছেন। এই যুদ্ধের ব্যাপারে সুযোগ এসেছে আমাদের দেশে তাকে যদি পুরাপুরি কাজে লাগিয়ে দেওয়া যায় তাহলে অতি অল্প সময়ের মধ্যে আমাদের দেশে সোস্যাল রিভুলিউশান করা যায়। আমাদের দেশে সোস্যালিজমকে সমাজতন্ত্রকে প্রতিষ্ঠা করবার যে জায়গা সেই জায়গায় যাওয়া যায়। আমি আমার এ্যামেণ্ডমেণ্টে অতি স্পষ্ট ভাষায় যে কথা বলেছি যে

"in view of the Government's failure to hold the price line and to prevent profiteering by capitalist and business-men.

আমি আপনাকে সরকারী তথ্য থেকে দেখাব যে ইমারজেন্সির এই ৯।১০ মাস সময়ের মধ্যে আমাদের দেশে ইনক্রিজ অব প্রডাকশান হয়েছে শতকরা ৩০ ভাগ। আমাদের দেশে জিনিষপত্রের দাম বেড়েছে শতকরা ৩০ ভাগ কিন্তু শ্রমিক কেরাণী যারা চাকুরী করেন তাদের রিয়াল ওয়েজ শতকরা ৩২ ভাগ কমেছে। প্রডাকশান ৩০ ভাগ বেড়েছে দাম ৩০

ভাগ বেড়েছে, কিন্তু আমাদের রিয়্যাল ওয়েজ ৩২ ভাগ কমেছে। কেন কমেছে সে সম্পর্কে বলতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রী পাতিল এবং সুব্রামনিয়ম বলেছেন মিডলম্যান যারা প্রফিটিয়ার যারা তারা বিরাট প্রফিট করছে এবং বিরাট প্রফিট করার দরুন জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে। আজ তাদের হাতে প্রচুর টাকা গিয়ে জমেছে। ডি. আই. রুল সম্পর্কে আমরা বারবার প্রশ্ন করেছি যে কয়জন প্রফিটিয়ার এর বিরুদ্ধে ডি. আই রুল প্রয়োগ হয়েছে। যে হিসাব আমরা পেয়েছি তাতে আমরা দেখতে পাই যে ৪৫০ জনের মত হোর্ডার এবং প্রফিটিয়ারদের বিরুদ্ধে তারা ডি. আই রুল কার্যকরী করেছেন আর ৭৯২ জন সাধারণের বিরুদ্ধে ডি. আই রুল প্রয়োগ করেছেন. আর যে ৪৫০ জন হোর্ডার প্রফিটিয়ার এর বিরুদ্ধে ডি. আই রুল প্রয়োগ করেছেন, একজনও রাঘব বোয়াল তাদের মধ্যে নেই। এর ভিতরে আছে ছোট দোকানদার এবং যারা ছোট ব্যবসা করে খায় যারা ঐ পথে যেতে বাধ্য হয়েছে রাঘব বোয়ালদের জন্য তাদেরই উপর ডি. আই রুল প্রযোজ্য হয়েছে। আপনি জানেন স্যার, যে কথা আপনার মাধ্যমে আমি বলতে চাই যে আজ জনসাধারণকে স্যাক্রিফাইস করার কথা বলা হচ্ছে, আর জনসাধারণের উপর ট্যাক্স বসছে আর সি. ডি এস. তাদের ঘাড়ে এসে বসেছে তাদের জীবনের মান দিন দিন কি করুণ জায়গায় গিয়ে পৌছাচ্ছে অথচ সরকারের মন্ত্রীমণ্ডলী থেকে সুরু করে সরকারের সমস্ত দপ্তরের মধ্যে যে জিনিষ আমরা দেখি তা হচ্ছে সব জায়গায় অপচয়ের পাহাড়। একটু আগে আমার একজন বন্ধু এখানে বলছিলেন যে দার্জিলিং এ যে মন্ত্রী পরিষদের বৈঠক হয়েছিল তাতে খরচা হয়েছিল ৪০ হাজার টাকার উপরে। দেশে যখন ইমারজেন্সী এবং ডি. আই. রুল রয়েছে, জরুরী অবস্থা যখন আমাদের দেশে রয়েছে যখন আরও বেশী করে টাকা বাঁচান দরকার এবং যেখানে কলকাতা সহরে মন্ত্রী পরিষদের বৈঠক হলে এক পয়সা খরচা হত না সেখানে এই ৪০ হাজার টাকা অপব্যয় করার যে সরকারের নীতি সেই নীতিকেই এখানে বারবার ঘোষণা করছে। এখনও তাদের ভিতরে বিলাসিতা অপচয় আছে মাননীয় স্পীকার মহাশয় সারা ভারতবর্ষের দিকে যদি চেয়ে দেখি তাহলে দেখব যে কোন প্রশ্ন যেখানে আজকে সব চেয়ে বড় প্রশ্ন—আজকে জাতীয় ঐক্যের কথা যেখানে বারবার বলা হচ্ছে জাতীয় ইনট্রিগেশানের কথা যেখানে বারবার বলা হচ্ছে, দেশপ্রেমের কথা যেখানে বারবার বলা হচ্ছে সেখানে যুক্তপ্রদেশের ভিতরে চেয়ে দেখুন—যুক্তপ্রদেশের কংগ্রেসী মন্ত্রীমণ্ডলীর ভিতরে যে দলীয় ঝগড়া সেই ঝগড়া আজ কোথায় উঠেছে। আজ রাজস্থানের দিকে চেয়ে দেখুন রাজস্থানের কংগ্রেসের ভিতরে যে দলীয় ঝগড়া সেই ঝগড়া আজ আজ কোথায় এসে পৌঁছেছে. তারপর আজ পাঞ্জাবের দিকে চেয়ে দেখুন সেখানে কংগ্রেসের দলীয় ঝগড়া আজ কোথায় এসে দাঁড়িয়েছে। তারপর মধ্যপ্রদেশের দিকে চেয়ে দেখুন সেখানে কংগ্রেসের ভিতরে দলীয় ঝগড়া কোথায় এসে দাঁড়িয়েছে। ইমারজেন্সীর ভিতরে দেশকে রক্ষা করবার যে জায়গা, যে ধরণের ইনট্রিগেশানের দরকার ছিল সে ধরণের ঐক্য দরকার ছিল কংগ্রেসী মন্ত্রীমণ্ডলীর সভ্য যারা নেতা যারা তাঁদের আচারে ব্যবহারে প্রতিটি জিনিষ তাঁরা লংঘন করছেন তাই অক্টোবর নভেম্বর মাসের পর আজকে আগষ্ট মাসে এসে দাঁড়িয়েছি. মাননীয় স্পীকার মহাশয়, আজকে দেশের অবস্থাটা একবার চিন্তা করে দেখুন—আমাদের দেশকে যখন বাইরের দেশ এসে আক্রমণ করেছিল কি পরিমাণ দেশপ্রেম আমাদের দেশে জেগে উঠেছিল আজ সেই দেশপ্রেম কোথায় চলে গেছে। আজকে মানুষকে দেশরক্ষার কাজে লাগান কি পরিমাণে ব্যহত হয়েছে। দেশরক্ষার কাজ কতটুক তারা করেছেন। সিভিল ডিফেন্স মেজার তাঁরা কি করেছেন? কতজন জনসাধারণের ভিতর থেকে লোক নিয়ে আরমস্ ট্রেনিং দিয়েছেন। সেখানে আমরা দেখি এঁদের জনসাধারণের উপর বিশ্বাস নেই। অথচ আজকে যুদ্ধের সবচেয়ে বড় কথা, আজকে প্রতিরক্ষার সবচেয়ে বড় কথা আরম্ দি পিপ্‌ল, বিলিভ দি পিপ্‌ল। সেই পিপ্‌লকে অস্ত্র দেবার মত সাহস ও ভরসা তাঁদের নেই। পিপ্‌লকে বিশ্বাস করাবার জন্য আস্থা তাঁদের নেই। গত ৯।১০ মাসের ইমারজেন্সিতে তাঁরা যে ক্ষমতা হাতে নিয়েছিল—যদিও এই সরকারের উপর যুদ্ধের আগেও আমাদের কোন বিশ্বাস ছিল না, তবুও আমরা ভেবেছিলাম এবং আশা করেছিলাম যে দেশের সামনে যখন বিপদ, দেশের স্বাধীনতা যখন বিপন্ন, দেশের সার্বভৌমত্ব যখন আক্রান্ত, তখন এঁদের হাতে যদি ইমারজেন্সি পাওয়ার আমরা দিয়ে দিই তাহলে তারা সেটা দেশ গঠনের কাজে তারা লাগাবে; বড়লোক, মুনাফাখোরদের

ধরবার কাজে লাগাবে, দেশ রক্ষার কাজকে শক্ত করবার কাজে লাগাবে, কিন্তু গত ৯।১০ মাসে আমরা দেখেছি এঁরা ইমারজেন্সি এবং ডি. আই রুলকে এঁরা ব্যবহার করেছেন গরীবকে লুণ্ঠন করার কাজে এঁরা একে ব্যবহার করেছেন নিজেদের বিলাসিতার অপচয় বাড়ানোর কাজে, এঁরা একে ব্যবহার করেছেন যারা জনজীবনে দুঃখ কষ্ট বাড়িয়ে দেয় তাদের রক্ষা করবার কাজে, জনজীবনে যারা শান্তি এনে দেয় তাদের রক্ষা করার কাজে নয়। তাই এই সরকারের উপর অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের উপর আমাদের কোন আস্থা নেই, কোন বিশ্বাস নেই। ইমারজেন্সি পাওয়ার যদি এঁদের হাতে দেওয়া হয় তাহলে সেই পাওয়ার এ্যাবিউসড হতে বাধ্য এবং সেটা করে তাঁরা জনসাধারণের বুকে যুদ্ধ নামিয়ে আনবেন। কেন্দ্রের কথা এখানে উঠতে পারে, কিন্তু প্রধান মন্ত্রী থেকে আরম্ভ করে অন্যান্য মন্ত্রীরা যে আচরণ করছেন তাতে এই মন্ত্রীমণ্ডলীর উপর আমাদের কোন আস্থা নেই—উই হ্যাভ নো ফেইথ ইন কংগ্রেস মিনিস্ট্রি, উই হ্যাভ নো ফেইথ ইন দি কংগ্রেস লিডার্স। তাই আমরা এই অধিবেশনে কংগ্রেস মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে যে নো-কনফিডেন্স মোসন পেশ করেছিলাম তাতে আমরা শুধু দুটি জিনিস রেখেছিলাম—এঁরা খাদ্য সমস্যার সমাধান করতে পারেনি, এঁরা খাদ্য নীতি পরিবর্তন করতে পারেনি এবং ইমারজেন্সীর সময় এঁরা দেশ রক্ষার কাজ করতে পারেনি এবং এই করতে পারেনি বলেই এঁদের বিরুদ্ধে আমরা নো-কনফিডেন্স মোসন এনেছিলাম। তাই এই সরকারের হাতে ইমারজেন্সী পাওয়ার থাক এটা আমরা চাই না। কেন না তা যদি থাকে তাহলে দেশের সমূহ ক্ষতি হবে এবং দেশের অবস্থা যেখানে এসে পৌঁচেছে তাতে এঁদের হাতে যদি ক্ষমতা দিয়ে রাখি তাহলে দেশের মানুষের মনোবল ভেঙ্গে পড়বে এবং লুঠেরা, বড়লোকরা যারা গরীবের পয়সায় বড় হচ্ছে তারা আরও বড় হয়ে দেশ রক্ষার প্রচেষ্টা ব্যাহত করবে। স্যার, আমরা মনে করি কংগ্রেস মন্ত্রীমণ্ডলী এবং কংগ্রেস সংগঠন দেশ দ্রোহিতার ভূমিকায় দাঁড়িয়েছে এবং সেই ভূমিকায় দাঁড়িয়েছে বলেই দেশের মানুষ আজ তাঁদের বিশ্বাস করে না। স্যার, এই প্রসঙ্গে আমি গত এ. আই. সি. সি. সেসন-এ কেন্দ্রীয় মন্ত্রী মোরারজী দেশাই চীন-ভারত যুদ্ধ সম্বন্ধে যা বলেছেন সেটা হাউসের সামনে রাখতে চাই।

Morarji Desai emphatically says that this border dispute where both the parties can claim the area it cannot be equated with the issue involving sovereignty.

স্যার, এপ্রিল মাসে এ. আই. সি. সি. অধিবেসনে এই যদি কেন্দ্রীয় মন্ত্রী তাঁর বক্তব্য রাখেন এবং তারপর আমরা যদি জনসাধারণকে বলি যে, আমাদের সভরেণ্টি চীনা বাহিনী নিয়ে যাচ্ছে তোমরা স্বাধীনতা সংগ্রামে দাঁড়াও তাহলে তারা কি উদ্দীপনা পাবে? শুধু তাই নয় এই এ. আই. সি. সি. অধিবেশনে কংগ্রেস বক্তারা যে বক্তব্য রেখেছেন সেটাও আমি রাখতে পারি। তাঁরা বলেছেন ইউ. এন. ও. কোর্টে এই বিচার পাঠিয়ে দাও। আজকে সব চেয়ে বড় প্রশ্ন ছিল নিজেদের শক্তির উপর দাঁড়িয়ে আমাদের দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষা করা, কিন্তু সেটা ইচ্ছা করে এঁরা বিফল করে দিয়েছেন। কাজেই আমাদের দেশের শত্রু চীন নয়, দেশের শত্রু হচ্ছে এঁরা। এবারে আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। ২০শে জুলাই স্টেটসম্যান কাগজে এম. এল. মালহোত্র একটি মন্তব্য করেছেন। এটা কোন বামপন্থী কাগজ নয়, বরং এটা কংগ্রেস পক্ষের কাগজ। স্যার, আপনি জানেন ডি. আই. রুল এবং ডি. আই. অ্যাক্ট সম্বন্ধে সুপ্রিম কোর্টে মামলা হয়েছে এবং [illegible] রায় বেরুবে। আমি স্টেটসম্যান থেকে পড়ছি—

whatever the Supreme Court's verdict on the constitutional validity of the D.I. Rules, the moral force behind them would cease to exist if they continued to be used only for putting Communists in jail which is perhaps necessary and for demolishing the unauthorised huts and hovels of the poor and were not deployed against the profiteers and blackmarketeers.

স্যার, স্টেটসম্যান, আনন্দবাজার এবং যুগান্তর পত্রিকা বলেছে যে, তাঁরা ঠিক ঠিকভাবে ডি. আই. রুলস রক্ষা করেন নি। তাই আমি অ্যামেণ্ডমেণ্ট মুভ করে বলতে চাই যে, যদিও আমরা মনে করি চীনা আক্রমণের সম্ভাবনা রয়েছে কিন্তু তবুও এই সরকারের হাতে ইমারজেন্সী ক্ষমতা আমরা দিতে চাই না। এই সরকারের উপর আমাদের কোন বিশ্বাস নেই সেইজন্যই আমরা নো-কনফিডেন্স মোসন এনেছিলাম এবং আমরা মনে করি এই সরকার ক্ষমতার অপব্যবহার করবে।

[4—4-10 p.m.]

Shri Kashi Kanta Maitra :

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমে একথা অকপটে বলতে চাই আমাদের মাননীয় কমিউনিস্ট পার্টির বন্ধুরা এই যে প্রস্তাব রেখেছেন, আমি মনে করেছিলাম যে এই প্রস্তাবের আলোচনায় কোন অংশ গ্রহণ করবো না. ব্যক্তিগতভাবে করবো না,—হতাশা এবং নৈরাশ্য এমনভাবে মনটাকে ভেঙ্গে দিয়েছিল। স্মরণ করেছিলাম ১৯৬২ সালের নভেম্বর মাসকে, তখন এই বিধান সভার অধিবেশনে কি উন্মাদনা এবং উত্তেজনাই না দেখা দিয়েছিল। তারপর ৮।৯ মাসে দেশের কি অবস্থা হয়েছে, সেটাও লক্ষ্য করলাম। কিন্তু শেষ মুহূর্তে আমার একথাই মনে হল রাজনীতি যারা করতে এসেছে, সমাজসেবা যাদের [illegible] নিরাশ হবার কোন অবকাশ থাকবে না। দেশের মানুষকে যারা ভালবাসে, দেশের মাটিকে যারা ভালবাসে তাদের নিরাশ হবার কোন অবকাশ থাকে না। যারা পলিটিক্স করে যারা সোসাল ওয়ার্ক করে তাদের কাছে সিনিসিজম এবং সেপটিসিজমের কোন স্থান নাই। আমার কেবলি মনে হচ্ছিল বাগানের মালী কি কখনও বলতে পারে আই উইল সিজ টু উইড বিকজ ইট ইজ এ ওয়েষ্ট সামার। ঠিক রাজনীতি যারা করবে তাদের স্বীবনভোর উইডিং করতে হবে। যেখানে সে দেখবে একটি গাছ জন্মাল এবং যে গাছের উপর সেই জাতির প্রাণশক্তি বেঁচে থাকবে, তাকে রেখে আর বাদবাকী সমস্ত গাছকেই, পরগাছাকেই তাকে নষ্ট করতে হবে সমস্ত জীবনভোর, যারা রাজনীতি করবে সমাজনীতি যারা করবে তাদের তাই করতে হবে। এই আশা নিয়েই আজকে আমি বিতর্কে নেমেছি। আমাদের বন্ধুবর মাননীয় দেবীবাবু যেকথা বললেন, দলের পক্ষ থেকে যে বক্তব্য ছিল হয়ত সময় পাননি বলে বলতে পারেন নাই কিম্বা সংকোচ আছে বলে বলতে পারেন নি, কি কারণ জানি না কিন্তু মাননীয় সদস্য নিখিলবাবুর বক্তব্য অনেক জায়গায় মানে আমি বুঝতে পারিনি। আমরা প্রথমে এই বিধান সভার অধিবেশনে কংগ্রেস দলের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি এবং তা নিয়ে দলের পক্ষ থেকে আমাদের বক্তব্য রেখেছি। বাদা-বিতর্কে আমরা আমাদের বক্তব্য বলেছি, প্রতিদিন যখনই সময় এবং সুযোগ পেয়েছি তখনই সরকারের দুর্নীতি এবং লোলুপতা, সীমাহীন লোভ সম্বন্ধে দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করেছি আপনার মাধ্যমে। কিন্তু আমার মনে এই প্রশ্ন জাগছে আমার বন্ধুরা যারা ইমার্জেন্সী লিফট করবার প্রশ্ন রেখেছেন তারা কি সত্যই বুকে হাত দিয়ে মনে করেন যে দেশে কোন ইমার্জেন্সী নেই? তাঁরা নিজের মনেকেই প্রশ্ন করুন। বিশেষ করে এই ভারতবর্ষের সীমান্তে এই যে তেরো ডিভিশন সৈন্য সমাবেশ হয়েছে, মিলিটারী বিল্ড-আপ সুরু হয়েছে, পনিশা [illegible] সুরু হয়েছে এবং পাকিস্তান পূর্ব সীমান্ত বরাবর বিরাট উন্মাদনা জাগিয়ে রেখেছে এবং উষ্কানি দিচ্ছে তাদেরকে চীন, এটা কি মিয়ার পলিটিক্যাল স্টাণ্ট? এটা কি পলিটিক্যাল সাবটারফিউজ? তারা কি মনে করেন তাহলে, বুকে সাহস থাকে বলুন, ইট ইজ এ ব্লাফ। যদি মনে করেন এটা ব্লাফ নয় তাহলে খুব বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করবো একটা দেশ, যে দেশের সীমান্ত আক্রান্ত হয়েছে, যে দেশের হাজার হাজার বিঘা জমি আজও ডি-মিলিটারাইজেশন নাম করা চীনের দখলে রয়েছে তাদের সোভরেইনটি বিক্রীত হচ্ছে, জনতার স্বাধীনতা লুণ্ঠিত হচ্ছে যারা দেশের মানুষকে ভালবেসেছে তারা কি দাঁড়িয়ে বলবেন আমাদের দেশের সীমান্তে আজ যে তের ডিভিশন সৈন্য দাঁড়িয়ে রয়েছে আর এক দিকে পাকিস্তান হুমকী দিচ্ছে সেই দেশের মানুষ কি দাঁড়িয়ে বলবে ইমার্জেন্সী লিফট করতে হবে, একথাই আমি জিজ্ঞাসা করি। মুছে যাক আমার দল, আমার দেশ বেঁচে থাক। আপনারা বুকে হাত দিয়ে বলুন প্রধান মন্ত্রী যেকথা বলেছেন সেটা কি ব্লাফ? যদি সেটা ব্লাফ হয় তাহলে সেকথা মুখে বললে হবে না, আপনাদের সাহসের পরীক্ষা দিতে হবে, একথা দেশের লোকের কাছে মাঠে ঘাটে পথে প্রান্তরে, স্কুলে কলেজে শিক্ষকদের আড্ডায় কলে কারকারখানায় শ্রমিকের কাছে গিয়ে সেকথা বলতে হবে, শুধু এই হাউসের মধ্যে একথা বললে হবে না। একথা এখানে বললে হবে না যে

It is a bluff. The Government is trying to cheat you. It is a mere political stunt. Don't believe the Government.

[এ ভয়েস ফ্রম অপোজিশন:—অনাস্থা প্রস্তাব কেন সমর্থন করেছিলেন তবে?]

আপনি ইতিহাসের ছাত্র আপনার কাছ থেকে এ অজ্ঞতা আশা আমি করিনি, আপনি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন আপনি জানেন। চার্চিলের মত লোক যখন সিঙ্গাপুর ফল করেছিল তখন বলেছিলেন

"After the fall of Singapore in January 1942, Winston Churchill who was the Premier at that time asked for a vote of confidence. In that supreme hour of national crisis the Prime Minister came forward and said "I have failed. but still I believe it is my duty and democracy demands that I should be sustained by a vote of confidence."

সুতরাং আমার কাছে প্রশ্ন হচ্ছে—এই প্রশ্ন কি চীন ভার্সাস কংগ্রেস গভর্নমেণ্ট? এই প্রশ্ন কি চীন ভার্সাস ভারতবর্ষ নয়? বিশ্বাস করুন, আমি শপথ করে বলছি, আমি দলবাজী করতে আসিনি, আমার কাছে এই প্রশ্নটা জেগেছে। তৃতীয় প্রশ্ন হচ্ছে যদি আমি বলি যে দেশের বিরাট এক সংখ্যক লোক যাঁরা যাঁরা এমারজেন্সি লিফট করতে বলছেন তাঁরা ছাড়াও দেশের সমস্ত মানুষ যদি মনে করেন যে ভারতবর্ষের স্বাধীনতা বিঘ্নিত, ৪৪ কোটি লোকের জীবন বিঘ্নিত এবং এই বিপদের মধ্যে দেশকে বাঁচাবার জন্য দুর্নীতির বিরুদ্ধে লড়তে হবে, লড়তে হবে শোষন অনাচারের বিরুদ্ধে, লড়তে হবে চীনের জঙ্গীবাজের বিরুদ্ধে, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, চীনের হুমকীবাজের বিরুদ্ধে, দেশের অধিকাংশ মানুষ যদি সেই দাবি তোলেন তাহলে কোন ডেমোক্র্যাটিক কাণ্ট্রি সে কমিউনিস্ট সোসালিস্ট হোক

Can any country in the world, can any State make such propaganda to be carried on in season and out of season?

আমি শ্রদ্ধেয় নারাণদাকে জিজ্ঞাসা করছি, তিনি সম্পূর্ণ বিরোধীদলের হলেও তাঁকে আমি অত্যন্ত শ্রদ্ধা করি, তাঁর ত্যাগ ঐতিহ্য রয়েছে, তিনি দাঁড়িয়ে বলুন, আমাদের দেশ বলে আজ রক্ষা পেয়ে গেছে, সোভিয়েট রাশিয়া বলুন, চীন বলুন না অন্য যে কোন কাণ্ট্রি বলুন আজকে কি সেই জেনারাল কাউল রক্ষা পেতেন?

It would have been a matter of ten or fifteen minutes. He would have been placed before a firing squad.

আজকে কৃষ্ণমেনন দেশকে ডুবিয়ে দিয়ে গেছেন। যে কোন কমিউনিস্ট কাণ্ট্রি হলে তাঁকে বুলেটের সামনে ফেস করতে হত, তাঁকে ফায়ারিং স্কোয়াডের সামনে দাঁড়াতে হত। কিন্তু আমাদের দেশ বিচিত্র দেশ। স্ট্রেঙ্থ আর দি ওয়েক্স অফ ইণ্ডিয়ান ডেমোক্র্যাসি। এখানে যদি কেউ নেহরুর স্তুতিবাদ করে যান তাহলে তিনি যত ইচ্ছা দেশদ্রোহিতা করুন কোন অপরাধ নেই। আর্টিকেল ৩৫২'র কথা মাননীয় সদস্য নিখিল দাস তুলেছেন, আমি এখানে কোন দলের কথা বলছি না, তিনি যেন দুঃখিত না হন, আমরা যেন সবাই প্রশ্নটা বিবেচনা করে দেখি। আমার ভুল হতে পারে, তাঁর দলের পক্ষ থেকে সংশোধন করে দেবেন, আমি ছাত্রের মত বিনয় নিয়ে তাঁর কাছে আবেদন করছি। কমিউনিস্টদের কাছে তাই বলছি আর্টিকেল ৩৫২ তাঁরা পড়ে দেখুন। সেখানে যদি সিকিউরিটি থ্রেটেণ্ড হয়, সেখানে যদি এ্যাগ্রেসান এসে দাঁড়ায়। যদি ইণ্টারন্যাল ডিসটারব্যান্স দেখা দেয় তাহলে এমারজেন্সি প্রোক্লেম করতে হবে প্রেসিডেণ্ট যদি স্যাটিসফায়েড হয়। আমি জিজ্ঞাসা করছি যে আজকে তাঁরা বলুন যে কি সারকামস্ট্যান্স হলে ইমারজেন্সী উইল বি স্যাটিসফাইড? কত কোটি লোক যুদ্ধে মারা গেলে, কত শহর ধ্বংস হলে, কত বস্তি একেবারে শ্মশানে পরিণত হলে, কত কলকারখানা মাটিতে লুটিয়ে গেলে তবে সরকার, দেশবাসী বলবেন যে আজ এমারজেন্সী রয়েছে, আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়াও? আজকে দেশের স্বাধীনতা একটা রাজনৈতিক দলের সে পি. এস. পি. হোক, কমিউনিস্ট হোক, ফরওয়ার্ড ব্লক হোক, আর. এস. পি. হোক, আর. সি. পি. আই. হোক, কংগ্রেস হোক তাদের রাজনীতির কচকচির উপর উইল ইট হ্যাঙ্গ অন এ থ্রেট? সমস্ত দেশের ভবিষ্যৎ ইতিহাস কাউকে ক্ষমা করবে না। আজ চীনের দুষমনরা দেখছে আমাদের দেশের কর্ণধার যাঁদের হাতে ক্ষমতা তাঁরা লুটপাট চালিয়ে যাচ্ছেন, মানুষকে শোষণ করছেন, আর এক দিকে দেখছেন অন্যান্য রাজনৈতিক দল যাঁদের হাতে নতুন নেতৃত্ব দেওয়ার দরকার রয়েছে, তাঁরাও আজকে দ্বিধা বিভক্ত হয়ে দেশকে নেতৃত্ব দিতে

নিজ কমিউনিস্ট ইনভেসন ভার্সাস ইণ্ডিয়ান ইণ্ডিপেণ্ডেন্স এ্যাণ্ড সভরেইনটি সেই কনটেক্সটএ এসে দাঁড়াতে হবে। আজকে কংগ্রেস ফেল করেছে এ বিষয়ে কোন প্রশ্ন নেই। মাননীয় একজন বন্ধু বললেন কেন অনাস্থা এনেছি। অনাস্থার দরকার ছিল বলে এনেছি। আজকে অনাস্থা এনেছি বলে দেশ আক্রান্ত হয়েছে দেশকে বাঁচাবার জন্য জেনারাল কাউল, জেনারেল চৌধুরী কি আমাদের হাত বন্দুক ছেড়ে দেবেন? নির্দ্দেশ তো একজনকে দিতেই হবে। দরকার হলে বিরোধী দলের হুমকী দিয়ে দাঁড়াতে হবে দেশ যাতে বিপথে না যায়, বিভ্রান্ত না হয়। আমি দেবীবাবুকে এবং শ্রদ্ধেয় নারাণদাকে বিনয়ের সঙ্গে বলছি যে কিছুদিন আগে এই আনন্দবাজার পত্রিকায় যার সম্বন্ধে কমিউনিস্ট দল অনেক কিছু বলেন, অবশ্য সময় সময় আনন্দবাজারের তথ্য নিষ্ঠার কথাও বলেন, তাতে ১৪ই জুন দিনটা অদ্ভুত মিলে যাচ্ছে চীনার সেই লেটার ডেটেড্ ১৪ই জুন, ১৯৬৩, বেরিয়েছে।

[4-10—4-20 p.m.]

এটাও ১৪ই জুনের একটা চিঠি, তাতে রয়েছে দেশদ্রোহীতার নূতন অংক গোপন ষড়যন্ত্র প্রকাশ্যে জেহাদ। এ খসড়া প্রস্তাবটা পৃথিবীরাজ এই ভূপনামে বেরিয়েছে। বইটা আমি খুঁজে বের করেছি বহু চেষ্টা করে আলোচনার জন্য পার্টির সামনে। তাতে দেখুন কি বলা হচ্ছে। আজকে যদি তাঁরা মনে করেন চাইনীজ ইনভেসান হচ্ছে তাহলে তারা কি করে এটা বলছেন আমি বুঝতে পারছি না। তাঁরা বলছেন আশু কর্মসূচী এক নং ভারত ও চীনের মধ্যে সীমান্ত সম্বন্ধীয় সম্মানজনক সুমীমাংসার জন্য অবিলম্বে আলোচনায় বসার অনুকূল মনোভাব সৃষ্টি করতে হবে। কলম্বো প্রস্তাব পুরোপুরি মানাকে আলোচনায় বসার পূর্ব শর্ত হিসাবে হাজির করার যে বাধা সৃষ্টি হয়েছে তার অযৌক্তিকতা বুঝতে হবে। ভারত ও চীনের মধ্যে জাতীয় বিরোধ জিইয়ে রাখা এবং দীর্ঘস্থায়ী যুদ্ধের দিকে এগিয়ে যাওয়ার অর্থ সাম্রাজ্যবাদীদের অনুপ্রবেশের পথ প্রশস্ত করা এবং দেশের সমূহ সর্বনাশ ডেকে আনা তা বুঝতে হবে। আজকে ভারতবর্ষ যখন আক্রান্ত হল, লড়াই-এর মুখে দাঁড়ালো তখন তো আমাদের বলতে হবে আক্রমণ যে করেছে, যে আমাদের উপর নিষ্ঠুর আঘাত হেনেছে তার জবাব চপেটাঘাত।

History has taught one important lesson. Terror has to be met by counter terror. You cannot meet it by weapons of mind. China having thrown that challenge, having thrown its gauntlet, every patriotic Indian whatever party he may belong to, must stand up and take up the challenge and face the great challenge. In the wake of the struggle the corrupt party will vanish

আজকে লাভার স্রোতের সামনে যেমন ভেসে যায় তেমন এই [illegible] ভেসে যেতে হবে কিন্তু দেশ বেঁচে যাবে। আজকে একদিকে আমরা দেখতে পাচ্ছি এই বাংলার পুস্তিকা—আপনারা পড়ে দেখবেন এই পুস্তিকা। এই পুস্তিকার মধ্যে প্রতি ছত্রে ছত্রে চীনের সপক্ষে বলা হয়েছে, বলা হয়েছে, মহান চীন এবং চীনের অনুকূলে এই যে প্রচার হচ্ছে, এ ম জিজ্ঞাসা করছি যে এই পুস্তিকা পশ্চিমবঙ্গ সরকার কেন ধরতে পারেন নি [illegible] এজন্য যে পুলিশ বিভাগের মধ্যে দেশদ্রোহীদের লোক ঢুকে বসে আছে। তাই আজকে আমরা দেখছি দেশের মধ্যে হতাশা এসে গেছে। এর নাম হচ্ছে খসড়া প্রস্তাব এবং আমি জানি আপনারা অনেকেই [illegible] এই পুস্তিকা পড়েছেন। দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় আর একটা গুরুত্বপূর্ণ [illegible]। আজকে পিওরেটিক্যালি আমরা ডান দিকের এবং বাম দিকের বন্ধু যাঁরা বসেছেন তাদের বলছি মার্ক্সিজম লেনিনিজমকে ইনফলিবল্ প্রমাণ করবার জন্য কি ভারতবর্ষ বেঁচে থাকবে ইতিহাসে, না ভারতবর্ষ তার স্বকীয়তা বাঁচাবার জন্য বেঁচে থাকবে। ভারতবর্ষ ঐশ্বর্যশালিনী হবে তার নিজের সভ্যতার অবিচ্ছিন্নতা অবদান যোগাবার জন্য বেঁচে থাকবে? ভারতবর্ষ পৃথিবীর কোন রাষ্ট্রজোটের অন্তর্ভুক্ত হওয়ার জন্য বেঁচে থাকবে না, ভারতবর্ষ বেঁচে থাকবে তার নিজস্ব অবদান যোগাবার জন্য.

The fate of India is indissolubly linked up with the fate of humanity. India freed, in all sense of the term, means humanity freed.

আজকে সেইভাবে আমাদের দেখতে হবে। আমরা ইণ্টারন্যাশনাল ডকুমেণ্টারীর প্রভৃতি দেখছি, এই পুস্তিকা বেরুলো ১৪ই জুন যে চাইনীজ কমিউনিস্ট দেশের নোট দিয়ে আজকে এনটায়ার

কমিউনিস্ট ক্যাম্প ভেঙ্গে গেছে। সোভিয়েট রাশিয়াতে চীনের এই ১৪ই জনের পুস্তিকা বিলি করবার জন্য ৩ জন কনসুলেট অফিসের লোককে বহিস্কার করে দিলেন। আপনারা দেখে থাকবেন চেকোশ্লোভাকিয়ায় গত সপ্তাহের আগের সপ্তাহে ৩ জন বিখ্যাত চাইনীজ কম্যুনিস্ট সাংবাদিককে তাঁরা বহিস্কার করে দিয়েছেন। আজকে সমগ্র কমিউনিস্ট দুনিয়া ভেঙ্গে গেছে চীনের এই চিঠির ভিত্তিতে। এই চিঠির ২।১টা জায়গা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পড়ে শোনাচ্ছি। যুদ্ধের সমর্থনে তাঁরা বলছেন আজ চীন দাঁড়িয়েছে—ওয়ার ইজ ইনএভিটেবল, সোভিয়েট ইউনিয়ন বলছে যুদ্ধ করলে চলবে না, সব শেষ হয়ে যাবে। আজকে আন আর্মড ভিকট্রীর প্রশ্ন উঠেছে, চীন বলছে লড়াই করতে হবে, কোটি কোটি মানুষের মৃতদেহের উপর হাজার গুণ নূতন সভ্যতা গড়ে তুলতে হবে। তারা বলছেন

Lenin said: It seems to me that the main thing that is usually forgotten on the question of war, which receives inadequate attention, the main reason why there is so much controversy, and I would say futile, hopeless and aimless controversy, is that people forget the fundamental question of the class character of the war why the war broke out; the classes that are watching it; the historical and historic economic conditions that gave rise to it.

আজকে তাই বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি আমার সময় সংক্ষেপ কিন্তু আমি বলছি আপনারা খুব মন দিয়ে পড়ুন চিঠিটা, আজ মার্ক্সিস্ট এটাকে সাপোর্ট করবেন কিনা ?

As Marxists-Leninists see it, war is the continuation of politics by other means, and every war is inseparable from the political system and the political struggle which give rise to it. If one departs from this scientific Marxist-Leninist proposition which has been confirmed by the entire history of class struggle, one will never be able to understand either the question of war or the question of peace.

আজকে সোভিয়েট ইউনিয়ন পারমিট করছে না—ইণ্ডিয়া একে পারমিট করছে। আজকে সোভিয়েট ইউনিয়নে ইমারজেন্সী নেই তবুও কেন এই চিঠিটা তারা ছাড়তে পারলেন না ? সোভিয়েট ইউনিয়নের ভয় কি ছিল ? সোভিয়েট ইউনিয়ন এটা চায় নি। দেশের মধ্যে একটা নৈরাশ্য দেখা দিয়েছে এবং এই নৈরাশ্য কেন ? আজকে কংগ্রেসের মধ্যে এমন শক্তি যারা দেশকে ঠিক পথে কিছুতেই চলতে দেবেন না। আমি এই হাউসে আগে বলেছিলাম মাননীয় স্পীকার মহাশয় যে সিটিজেন কমিটিতে আমাকে নেওয়া হয়েছিল ১৯৬২ সালের ডিসেম্বর মাসে। স্যার, আপনি বিশ্বাস করবেন কিনা জানি না যে এই সিটিজেন্স কমিটি হবার পর আমি একটি মাত্র ইনভিটেশন পেয়েছিলাম এবং তাতে কি বলা হোল ? আমাদের রাজ্যপালিকা শ্রীমতী পদ্মজা নাইডু তাঁর কতকগুলি আসবাবপত্র নিলামে বিক্রি করবেন—সেখানে আমাকে ইনভিটেশন করা হোল যে আপনি নিলাম দেখবেন আসুন।

As member of the Citizens Commitee that was the only thing I was asked to do; that was the only participation I was asked to have, and I loathed to have that participation.

আজকে কমিউনিস্ট বন্ধুদের এই কথা বলবো যে আমাদের তাদের বিরুদ্ধে ততো আক্রোশ নেই যতটা আছে এই কংগ্রেস দলের বিরুদ্ধে। এই পণ্ডিত নেহরুর নেতৃত্বে চালিত কংগ্রেস দলের বিরুদ্ধে। কালই তিনি বলেছেন যে জানি না যুদ্ধ হবে কিনা। গণতকারের কাছে গেলে তারা বলে যে যুদ্ধ হবে কিনা—কিন্তু এ সব কথা পরের কথা, হয় হবে না হয় না হবে। আমার বন্ধু নিখিল দাস বললেন যে মোরারজী দেশাই এই রকম বক্তৃতা করেছেন যে বর্ডার ডিসপিউট। সত্যিকারের আজকে এদের চক্রান্তের ফলে আজকে ইমারজেন্সি রথের চাকা বালিতে পড়ে গেছে—সেইজন্য এই রথের যারা সোয়ারী এই রথ যারা চালিত করছেন তাদের নামাতে হবে এটা ঠিক। এবং চাকা তুলে রথকে আবার দুর্নিবার গতিতে আগিয়ে নিয়ে যেতে হবে। আর একটা প্রশ্ন হচ্ছে এই রথ যখন ছুটে চলবে তখন এই রথের রসি টানতে হবে এবং সেই রথ হবে জগন্নাথের রথ—জনতার রথ—সেই রথ হয় টান দিতে হবে না হয় চাকায় পড়ে আমাদের মরতে হবে—নান্যোপন্থা বিদ্যতে......এ ছাড়া অন্য কোন পথ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা

দেখেছি যে বলে দেওয়া হোল যে সিভিল ডিফেন্স হোক এবং সিভিল ডিফেন্স কমিটিও হোল এবং তাতে ১০ হাজার ১১ হাজার টাকা ১৯৬৩ সালের জুন মাস পর্যন্ত খরচ হবার পর সিভিল ডিফেন্স কমিটি ওয়াইণ্ড আপ করে দেওয়া হোল। যেদিন সিভিল ডিফেন্স কমিটি হোল সেদিন পি. কে. সেনগুপ্ত বক্তৃতা করলেন যে কলকাতা থেকে ১০ হাজার লোককে কি করে সরিয়ে দেওয়া যায়। তিনি চিন্তা করতে লাগলেন লড়ায়ের আগে স: পলায়তি স: জীবতি—শুধু তাই নয় সেই সময়ে আমরা দেখছি যে আসামবাগে যে খ্যাতি একদিন তিনি অর্জন করেছিলেন তাঁর বেলায় যে তাঁর এয়ার কনডিসন করবার জন্য কি হোল? না তাতে জুন পর্যন্ত খরচ হয়েছে ৬০ হাজার টাকা। আমরা দেখেছি ৪০ হাজার টাকা খরচ করে দার্জিলিংয়ে ক্যাবিনেট মিটিং করা হোল—তাঁদের সেখানে টেলিফোন বিল হয়েছে ৪৫ হাজার টাকা—আমি বলছি সরকারী তথ্য থেকে—তাদের ২০ হাজার টাকা খরচ হয়েছে মন্ত্রীদের ক্রকারি ফার্নিচার কেনবার জন্য. এইভাবে আমরা দেখছি যে আপনারা বলছেন কচ্ছসাধন করো মানুষকে আর নিজেদের বেলায় তাঁরা লালসার মধ্যে ডুবে রয়েছেন। আর এইজন্যই দেশের মধ্যে উন্মাদনা জাগছে না। সেজন্য বলছি যে দেশের মানুষ কোন দিন এ জিনিস বরদাস্ত করবেন না—দেশের মানুষ পণ্ডিত জহরলাল নেহরুকেও কোন দিন ক্ষমা করবে না—ইতিহাসের কাঠগড়ায় তাঁকে এবং আপনাদের দাঁড় করাবেই যেমন দাঁড় করিয়েছে এই বাংলাদেশের মন্ত্রীসভাকে। সেজন্য আমি বলছি যে আজ দেশের মধ্যে একটা বিরাট সঙ্কট এসেছে। চীনের আজ কি উদ্দেশ্য তা বুঝতে হবে। আজকে সবাইয়ের কাছে শুনছি যে তাদের উদ্দেশ্য হচ্ছে সিকিম, ভূটান এবং আসাম এই তিনটিকে তারা আউট-ফ্ল্যাঙ্ক করে দিয়ে যাবে। আমি একথা বলবো যে চারটে হারাম আমাদের দেশের চারিধারে পূর্বসীমান্তে পাকিস্তান দাঁড়িয়ে গেছে এবং সেই পাকিস্তান যুদ্ধের জন্য প্রস্তুত। পাকিস্তান চীনের সঙ্গে হাওয়াই দোস্তী করেছে, চীনের সঙ্গে মিলে প্যাক্ট করেছে, কাশ্মীরের ১১ হাজার মাইল জমি চীনকে দিয়ে দিয়েছে। শুধু তাই নয় উত্তরে চীন তার আক্রমণের উদ্যত খড়্গ তুলে রেখেছে। আমাদের পশ্চিম দিকে পাকিস্তান কাশ্মীরে বসে রয়েছে, লাডাক অঞ্চলে চীন রয়েছে, এবং তার চেয়েও আর একটা মারাত্মক হচ্ছে যে দক্ষিণ ভারতে যেখানটা বিপদ মুক্ত ছিল সেখানে

A naval pact has been signed between Ceylon and China.

এই সিলোনের সংগে নৌচুক্তির ফলে সিংহল একটা বিরাট ঘাঁটি চীন পাবে সিংহল থেকে আক্রমণ করবার। এইভাবে সাড়াশীর মত ঘিরে ফেলেছে চার দিক থেকে—আর মাঝখানে রয়েছে ফিপ্‌থ কলমিষ্ট—তারা হচ্ছে এই কংগ্রেস—রাষ্ট্রদ্রোহী, এই ফিপ্‌থ কলমিষ্ট হচ্ছে চীনের বন্ধু—এই ফিপ্‌থ কলমিষ্ট হচ্ছে চোরাকারবারীর বন্ধু মুনাফাশিকারীর দল, কালোবাজারী ও লোলুপের দল যারা আজকে এইভাবে দেশকে গ্রাস করবার চেষ্টা করছে। দেশকে যদি গণতন্ত্রকে বাঁচাতে হয় তাহলে আসুন আমরা একযোগে এই পঞ্চম বাহিনীর বিরুদ্ধে দাঁড়াই এবং তাহলে গণতন্ত্র বাঁচবে, সমাজতন্ত্র বাঁচবে—শেষে শুধু এই কথাই বলবো যে

the lesson of history is that the tree of liberty can only bear fruit if it is planted with the hands of the people if it is watered with the blood of the martyrs and fenced about with the courage and patriotism of the citizens—Jai Hind

Ruling on the Privilege Motion

[4 20—4 30 p.m.]

Mr. Speaker : Honourable Members, before we further continue I will take one minute. Two notices raising a question of privilege have been receivded—one from Shri Jamini Bhusan Saha and the other from Shri Nikhil Das and Dr. Kanai Lal Bhattacharya in connection with the statement of the Hon'ble the Chief Minister in the course of supplementaries on the oral question No. 89, admitted question No. 518 asked on the 26th July last, relating to the cases of alleged starvation death in Purulia.

I have considered the matter and examined the proceedings. I do not think that any point of privilege is involved in the present case. The statement made

by the Hon'ble Chief Minister is based on a firm belief and on an enquiry and if therefore cannot amount to a breach of privilege. This is only a counter statement made by one member on enquiry on the statement of another member on the floor of the House.

Non-official Resolution

Shri Ananda Gopal Mukherjee :

মাননীয় স্পীকার মহোদয়, আমার বক্তব্য আরম্ভ হবার সংগে সংগেই দেখতে পেলাম মূল প্রস্তাব যিনি রেখেছেন সেই কম্যুনিষ্ট পার্টির বর্তমান নেতা নারায়ণবাবু পৃষ্ঠ প্রদর্শন করলেন।

(শ্রীদেবী বসু:—আমি আছি আপনার উত্তর দেবার জন্য।)

আমার প্রথমেই মনে হচ্ছে বলি, কর্ণ গেল, দ্রোণ গেল, গেল সব মহারথী...তারপরের টুকু বাদ রাখলাম। আজ বিধান সভার সামনে কম্যুনিষ্ট পার্টির তরফ থেকে ইমার্জেন্সি তুলে দেবার জন্য প্রস্তাব রাখা হয়েছে। এবারের বিধান সভা আরম্ভ হবার গোড়া থেকে যদি আমরা লক্ষ্য করে থাকি তাহলে দেখতে পাবো ভারতবর্ষে সম্রাজ্যবাদী চীনের হামলার পর থেকে জনসাধারণের চোখে, বিশেষ করে কম্যুনিষ্ট পার্টি যে অবস্থায় দাঁড়িয়েছে তাকে প্রাণপণ ফিরাবার জন্য কত রকমই না জলাকলা করে চলেছে। এই বিধান সভায় আমরা তাই বিভিন্ন আলোচনার মাধ্যমে দেখছি নিজেদের আবার রাজনৈতিক ক্ষেত্রে প্রতিষ্ঠা করতে চাচ্ছে। নো কনফিডেন্স মোশনের সময়, তার আগে খাদ্য সম্বন্ধে বিতর্কে এবং এই শেষ পর্যায় এসেছে এই ইমার্জেন্সি তুলে নেবার প্রস্তাব, এর মধ্যে দিয়ে তাদের সেই বিকৃত রূপই সকলের সামনে ধরা পড়েছে। রথী চলে যাবার পর, বিশেষ বস্তু যাকে বলি চামচিকা, নেতা হিসাবে এখানে দাঁড়িয়ে, শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষের মধ্যে নয়, বাংলা দেশের সামনে দাঁড়িয়ে বলুন যে ভারতবর্ষের উত্তর সীমান্তে ২৩ ডিভিশন সাম্রাজ্যবাদী কম্যুনিষ্ট চীনের সৈন্য সমাবেশ ঘটেনি।

সাম্রাজ্যবাদী কম্যুনিষ্ট চীনের সৈন্য সমাবেশ ঘটেনি, তারা সেখানে দাঁড়িয়ে বলুন জনসাধারণকে যে, পাকিস্থানের সাথে গোপন চুক্তি ঘটেনি, তারা সেখানে দাঁড়িয়ে বলুন যে, সিংহল-এর সংগে অত্যন্ত সাম্প্রতিক কালে কোন গোপন চুক্তি ঘটেনি। যারা ভারতবর্ষে যখন চক্রান্তের বেড়াজাল বিস্তার করে ভারতবর্ষের সার্বভৌমত্ব বিপন্ন করে কম্যুনিষ্ট চীন এগিয়ে আসছে তখন ভারতবর্ষের এই চীনের দালাল কম্যুনিষ্ট পার্টি ভারতবর্ষের মানুষদের বাংলার বিধান সভার মাধ্যমে এই কথা জানাতে চান যে দেশে কোন জরুরী পরিস্থিতি নেই। আজকে জনসাধারণের কাছে যারা এই সব বলছেন, বাংলার পল্লীতে পল্লীতে অবহেলিত এলাকায় দাঁড়িয়ে এই সব যুক্তি দিচ্ছেন। মাতৃভুমির প্রতি চরম বিশ্বাসঘাতকতা করছেন আজ তাদের কাছ থেকে ভয়পূর্ণ বক্তৃতা শুনে শুনে অতিষ্ঠ হয়ে উঠেছি। তারা আজ নানাভাবে ভারতবর্ষের অগ্রগতি ব্যাহত করছেন। আমি আপনার মাধ্যমে তাদের বলি গণতন্ত্রের সুযোগ নিয়ে তারা বড় বেশী ঔদ্ধত্যের পরিচয় দিচ্ছেন। গণতন্ত্রে মানুষ একক সময় পর্যন্ত অপেক্ষা করতে পারে। আর যদি দেশে গণতন্ত্রের সুযোগে সার্বভৌমত্বকে বিসর্জন দিতে চায়, বিনষ্ট করতে চায়, বলব গণতন্ত্রকে নমস্কার জানালাম। আমি জানি সেই সব ঘৃনিত মানুষদের বাংলা দেশের মানুষ ছেড়ে দেবে না—কুকুরের মত টুকরো টুকরো করে ফেলবে। আমি বিধান সভায় সারা বাংলার হয়ে একথা বলব আজ সারা বাংলা নয় সারা ভারতবর্ষের সার্বভৌমত্বের দিকে তাকিয়ে বলব—আজ দেশদ্রোহীদের চিনবার প্রয়োজন এসেছে। আমি দুঃখের সংগে লক্ষ্য করেছি আরও দু-একটি দল রাজনৈতিক স্বার্থে এখানে দাড়িয়ে অন্য কথা বলছেন—যেমন আর, এস, পি ও আর, সি, পি, আই। আমি জানি যেদিন তারা বিধান সভায় এই প্রস্তাব আলোচনা করছেন সেদিনের পরিস্থিতি ভেবে তারা আবার চিন্তা করুন। যদি রাজনৈতিক স্বার্থ জোটে কোন ভুল ত্রুটি থাকে সেটা ভেবে দেখুন। দেশের স্বার্থ যেন তারা ক্ষুন্ন না করেন। সারা ভারতবর্ষ যখন বিপদের সামনে তখন দলীয় স্বার্থ বুদ্ধির সংঘাত যদি বৈদেশিক শক্তির সামনে তুলে ধরা হয় তাহলে দেশের চরম ক্ষতি করা হবে কিনা সেটা যেন বিবেচনা করে নিজেদের বক্তব্য রাখেন। যদি মনে করেন এখনও সময় আছে তাদের প্রস্তাব প্রত্যাহার করে ভারতবর্ষের এই জরুরী পরিস্থিতি বজায় রাখার জন্য সম্পূর্ণ সমর্থন দিতে পারেন। আমরা এই জরুরী পরিস্থিতির সময় কি দেখে এসেছি, ভারত সরকার একদিকে দেশের যে বিরাট গঠনযজ্ঞ চলছে তাকে চালিয়ে

নেবার জন্য উদ্যোগে ত্রুটি রাখেন নি। আর এক দিকে ভারত সরকার এবং ভারতের ৪৪ কোটি মানুষ—কিন্তু দালাল বাদ দিয়ে ওই যুদ্ধ প্রচেষ্টাকে সার্থক করতে এগিয়ে চলেছে। কিন্তু তার বিরুদ্ধে দিনের পর দিন এখানকার কম্যুনিষ্টরা নিজেদের দুই দলে ভাগ করে একদিকে নরমপন্থী আর একদিকে চরমপন্থী হিসাবে বাংলার এবং ভারতের মানুষকে বিভ্রান্তির পথে চালাবার চেষ্টা করেছেন। দুই দলে পা দিয়ে রেখেছেন—একদল যদি ফেল করে, একদলকে মানুষ যদি শেষ করে আর একদল বেঁচে থাকবে। আমরা দেখেছি যারা আজকে রাশিয়ার সমর্থক বলে এই বিধান সভায় গণতন্ত্রের সুযোগ নিয়ে এখানে কথা বলে চলেছেন তারা কি নিয়ে কথা বলছেন।

[4-30—4-40 p.m.]

তাই আমরা দেখতে পাচ্ছি চীনাপন্থী বন্ধুরা যখন জেলের মধ্যে আটক আছেন, যারা আজকে রাশিয়ার সমর্থক বলে এই বিধান সভায় গণতন্ত্রের সুযোগ নিয়ে এখনও দাড়িয়ে কথা বলছেন তারা কি বলে চলেছেন—তারা দেশের কথা বলেন নি, ভারতবর্ষের যুদ্ধ প্রচেষ্টার কথা বলেন নি, দেশের অগ্রগতির কথা বলেন নি তাদের সামনে জরুরী পরিস্থিতি কি হল ঐ যারা জেলে আছে এখন পর্যন্ত তাদেরকে ডিভিশান ওয়ান দেওয়া হোক, তাদেরকে মুক্তি দেওয়া হউক, ইমারজেন্সী তুলে নেওয়া হক গণতন্ত্র একটা শেষ সহ্যের সীমায় এসে দাড়িয়েছে। তাই তাদেরকে বলি তারা যত চালাকী খাটান যত বুদ্ধি খাটান তাদেরকে ভারতবর্ষের মানুষ চেনে। আমি তাই অতীতের ইতিহাসের কথা বললে আবার কলঙ্ক আপনাদের মুখে ল্যাপা পড়বে। এই পার্টির ইতিহাস দেশদ্রোহিতার ইতিহাস, বিশ্বাসঘাতকতার ইতিহাস, ভারতবর্ষের স্বাধীনতার আগে এবং স্বাধীনতার পরে এই বিগত ২৫।৩০ বছরের ইতিহাস পর্যালোচনা করলে আমরা কি দেখতে পাই—ভারতবর্ষের স্বাধীনতা আনার পথে অন্তরায় এরা ছিল ভারতবর্ষের স্বাধীনতা রাখার পথে এরা অন্তরায়। আজ তাই বারংবার অনুরোধ করব যে এখনও পর্যন্ত যদি এই মায়ের অনুগ্রহণ করার যদি কোন ঋণ তাদের থাকে তাহলে এই দেশদ্রোহিতার পর্যায় ভুক্ত না হয়ে তারা দেশের মানুষের সামনে পরীক্ষা দিয়ে দাড়ান—তারা যদি ঠিক ভাবে আস্থা এবং বিশ্বাস অর্জন করতে পারেন দেশের মানুষ তাদেরকে বিশ্বাস করবে, লোকে বলে এ্যাপ্রেনটিস থাকা আমি তাই আপনাদের বলব যে আপনারা দেশের কাছে এ্যাপ্রেনটিস থাকুন এ্যাপ্রেনটিসিপের পরে আপনাদের এ্যাপ্রুভাল দেওয়া হবে কিনা দেশের মানুষ বিচার করবে। আর যারা ভুল পথে ভ্রান্ত চিন্তা নিয়ে বিধান সভায় দাঁড়িয়ে যদিও একমত পোষণ করেন না কিন্তু আজকে সমর্থন জানাচ্ছেন তাদেরকে আমি বলতে চাই যে তারা এই ভ্রান্ত চিন্তা থেকে সরে এসে আজ জাতীয় স্বার্থে ঐক্যবদ্ধ হয়ে দেশের যুদ্ধ প্রচেষ্টাকে জয়যুক্ত করে ভারতবর্ষকে সুখী সমৃদ্ধ করার জন্য সাহায্য করুন। মাননীয় স্পীকার মহোদয়, আমি এখানে স্মরণ করিয়ে করিয়ে দিতে চাই যে, ভারতবর্ষের মাটিতে বিশ্বাসঘাতকের জন্ম হয়েছে আবার যারা দেশের জন্যে হাসতে হাসতে প্রাণ দিয়েছে তাদের জন্ম হয়েছে একশ নয় হাজার নয় লাখে লাখে এই ভারতবর্ষের মাটিতে। আজ সেই ভারতবর্ষ ত্যাগের ভারতবর্ষ। যারা এই দেশের মাটিকে পরাধীনতার শৃঙ্খলমুক্ত করবার জন্য লাখে লাখে প্রাণ বলি দিয়েছেন তাদের মধ্যে অনেকে ঐ দলে বসে আছেন আজ তাদের সেই দেশপ্রীতি দেশাত্মবোধ তার কাছে আমি এই আবেদন জানাচ্ছি যে আপনারা ভ্রান্ত চিন্তাধারা ভুলে গিয়ে এগিয়ে আসুন সেই শহীদের কথা চিন্তা করে ঐ দেশদ্রোহীদের পথে না গিয়ে ভুল চক্রান্তের মধ্যে না গিয়ে দেশকে বিপদমুক্ত করুন। আর একটা কথা মনে রাখার প্রয়োজন আছে যারা এখন পর্যন্ত দেশের বিপদের কথা চিন্তা করতে পারছেন না, তাদের কারো বোধ হয় বাড়ীর কোন যুবক ঐ সীমান্তে ঐ হিম পর্বততে বুলেটে বুক দিয়ে রক্তে রাঙ্গা করে দেয়নি তাই তাদের কাছে ঐ চীনের লালরূপ এখনও পর্যন্ত আদরের বস্তু বলে মনে হচ্ছে। আমি তাই সীমান্ত রক্ষী সৈনিক যাদের বুকের তাজা রক্ত ঐ হিমালয়ের শুভ্র বরফকে লাল করে দিয়েছে তাদের কথা মনে রেখে শপথ নিয়ে বলতে বলব আজ জাতীর কথা মনে রেখে সিদ্ধান্তে পৌছাবেন, জাতীর কথা আগে মনে রেখে লক্ষ্যে পোছাবেন, দেশের স্বাধীনতাকে বিপন্ন হতে কিছুতেই দেবেন না। আর গণতন্ত্রের সুযোগ নিয়ে যারা বিধান সভায় দাড়িয়ে কথা বলছেন তাদেরকে আবার স্মরণ করাতে চাই যে ভারতের কম্যুনিষ্ট পার্টি ১৯৪২ সালের ঘটনা ভারতবর্ষের মানুষ এখন ভোলেনি। আজ গণতন্ত্রের সুযোগ নিয়ে এখনও সকলে চলাফেরা করে বেড়াচ্ছে কিন্তু এই গণতন্ত্র মানুষের ধৈর্য্যের শেষ সীমায় এসে পৌচেছে, আজ তাদের সে রূপ তারা খুলে দেবে। প্রত্যেকটা লোকের পিঠের চামড়া জনসাধারণ খুলে নেবে এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Anadi Das :

মাননীয় স্পীকার স্যার, আমি এখন যে প্রস্তাবটি আনছি কমিউনিস্ট পার্টির তরফ থেকে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তার একটা অ্যামেণ্ডমেণ্ট আমরা এনেছি। যদিও আমরা জরুরী অবস্থার প্রত্যাহারের প্রস্তাব সমর্থন করছি কিন্তু তবুও দৃষ্টিভঙ্গীর তফাৎ যে বহু আছে তা আমার এই অ্যামেণ্ডমেণ্ট থেকে পরিষ্কার বোঝা যায়। আমার পূর্বে আনন্দগোপাল মুখার্জী মহাশয়, তিনি বহু কথা বলেছেন, যে ভাবে তিনি কথা রেখেছেন সেই কথা কিন্তু আমাকে অন্তত কিছুতেই কনভিন্স করে না। মাননীয় স্পীকার মহাশয়, দেশপ্রেমে আর. সি. পি. আই. কোন দিনই পিছিয়ে ছিল না একথা এই সভায় বলা যেতে পারে যে বহু জায়গায় ১৯৪২ সালে এবং তারও আগে যে সব জায়গায় বিপ্লবী কমিউনিস্ট পার্টির সংগঠন ছিল, সেই সব জায়গায় কংগ্রেস নেতৃবৃন্দ কংগ্রেস সংগঠন এগিয়ে আসার আগে বিপ্লবী কমিউনিস্ট পার্টি তার সংগঠন নিয়ে তার দলবল নিয়ে তার সামর্থ নিয়ে বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তারা লড়তে নেমেছিল। এবং তার জন্য যত ত্যাগ করবার সে ত্যাগ তারা করে ছিল। স্যার, এই প্রস্তাব আজকে আনার— আমরা দেশপ্রেমের জন্যই এনেছি, আমরা দেখছি দেশকে রক্ষা করবার জন্য ইমারজেন্সীকে যে ভাবে প্রয়োগ করার প্রয়োজন সেই ভাবে এই সরকার প্রয়োগ করেনি এবং করবে না এই আমরা ধরে নিয়েছি। এটা আমরা বুঝে নিয়েছি। কাজেই কার হাতে আমরা ইমারজেন্সী দেব? এখানে আনন্দগোপালবাবু বলেছেন যে আমাদের দেশে দেশদ্রোহী আছে, দেশদ্রোহীদের দমন করবার জন্য এই ইমারজেন্সী শক্তির প্রয়োজন ছিল। কিন্তু তিনি সেই সঙ্গে সঙ্গে কারা দেশদ্রোহী তা ঠিকমত করে বলেন নি। যারা আমাদের দেশে মনোবল ভেঙ্গে দেয় যারা আমাদের দেশের দরিদ্র শ্রেণীকে নিষ্পেষিত করে যারা মানুষকে অনাহারে রেখে তাদের ধীরে ধীরে পরোক্ষভাবে খুন করে তারা দেশদ্রোহী নয় তাদের বিরুদ্ধে ইমারজেন্সী লাগান হবে না। ইনি যদি আজ এই কথা বলতেন কংগ্রেস তরফ থেকে সরকারী তরফ থেকে যে ইমারজেন্সী এই প্রতিটি ধারা মানুষের মনোবলকে রক্ষা করবার জন্য প্রযুক্ত হবে আমরা সানন্দে এই ইমারজেন্সীকে স্বীকার করে নিতাম এবং এটা প্রত্যাহার করবার প্রস্তাব আমরা আনতাম না। কিন্তু গত ৯ মাসে আমরা যা দেখেছি এই হয়েছে যে কেবল দরিদ্র জনসাধারণের হার্ড আনর্ড লিবার্টি, তাদের গণতান্ত্রিক অধিকার, তাদের মিটিং মিছিল করবার অধিকার এগুলি ক্রমাগত কেড়ে নেওয়া হচ্ছে, এই কেড়ে নেওয়াও আমরা সানন্দে গ্রহণ করতে পারতাম যদি সঙ্গে সঙ্গে এই রকম প্রস্তাব না আসত যে বাসের ভাড়া বাড়বে, যদি এই রকম প্রস্তাব না আসত যে চালের চোরাকারবার হচ্ছে না এবং আমরা চালের চোরাকারবারীদের বিরুদ্ধে ডি. আই. রুল লাগাব না, যদি এমন প্রস্তাব আসত যে যত জায়গায় লে-অফ হয়েছে লক-আউট হয়েছে যারা করেছে তাদের জায়গা আর বাইরে নাই জেলখানায় থাকবে এই রকম প্রস্তাব যদি আসত আমরা সানন্দে এই ইমারজেন্সীকে বরণ করে নিতাম। কিন্তু এই সরকার তা করেন নি। উল্টো-দিকে ক্রমাগত দিনের পর দিন লাভের অঙ্ক বাড়াবার জন্য যে ব্যবস্থা করা হয়েছে সেই ব্যবস্থার বিরুদ্ধে জনসাধারণের প্রতিবাদ করবার ক্ষমতাটুকু এরা কেড়ে নিচ্ছেন। তার ফলটা কি হচ্ছে, সৈন্য চাই অস্ত্র চাই কিন্তু কেবল সৈন্য দিয়ে দেশ রক্ষা হয় না।

[4-40—4-50 p.m.]

আমরা ভুলে গেছি আলজিরিয়ায় ফরাসী শক্তির কথা। তারা সেখানে সাম্রাজ্যবাদী শক্তির সাহায্যে অসংখ্য সৈন্য সমাবেশ করে আলজিরিয়াকে দমন করতে চেয়েছিল কিন্তু অস্ত্র না থাকলেও একমাত্র মনোবলের সাহায্যে স্বাধীনতা আকাঙ্খী দেশ লক্ষ লক্ষ প্রাণ বলি দিয়ে দেশকে স্বাধীন করেছে—বিরাট শক্তি ফরাসী সাম্রাজ্যবাদ তাকে আটকাতে পারে নি। আমরাও দেশে আজ সেই মনোবল সৃষ্টি করতে চাই। এঁরা আজকে দেশের সেই মনোবল সম্বন্ধে অনেক কথা বলেন কিন্তু এঁরা এঁদের বুকে হাত দিয়ে বলুক এগুলি এঁদের মনের কথা কিনা। ট্রামে, বাস-এ, কল-কারখানায় চালের দর বেড়েছে বললে সকলেই বলে কংগ্রেস সরকার ইমারজেন্সীর ভারি সুযোগ পেয়েছে। বাস-এর ভাড়া বৃদ্ধির কথা বললে সকলেই বলে কংগ্রেস সরকার ইমারজেন্সীর ভারি সুযোগ পেয়েছে। ছাঁটাইয়ের বিরুদ্ধে শ্রমিকরা যখন স্ট্রাইক করতে পারে না তখন তারা বলে কংগ্রেস সরকার ইমারজেন্সীর ভারি সুযোগ পেয়েছে। তাহলে এঁরা কি করেছে দেশের মানুষের মনোবল

রক্ষা করবার জন্য? শুধু তাই নয়, সীমান্তে যেসব জওয়ানরা সাদা বরফকে লাল করবার জন্য প্রস্তুত হচ্ছে তাদের মনোবল রক্ষা করবার জন্য এঁরা কি করছেন? সেই সব জওয়ানরা যখন শুনবে আমার বাবা-মা অনাহারে আছে, পাড়া প্রতিবেশী খেতে পারছে না, আমার ভাই স্কুলে পড়তে পারছে না তখন সে ভাববে তাহলে আমি কেন প্রাণ দিয়ে দেশ রক্ষা করব? কাজেই আজকে দেশের শত্রুতা কে করছে সেদিকে আনন্দগোপাল বাবু অঙ্গুলি নির্দেশ করলেন না। যাহোক, এই জরুরী আইন প্রত্যাহার করা হোক এই কথা বলে এ্যামেণ্ডমেণ্টসহ আমি যে প্রস্তাব করেছি সেটাই আমি রেখে আছি। স্যার, কাশীকান্তবাবু বলেছেন যে ১৩ ডিভিসন সৈন্য সীমান্তের একটা জায়গায় এসেছে এবং তিনি এঁদের এই বলে এ্যাকিউস করেছেন যে এই সরকার দেশের প্রফিটিয়ার্সদের সাহায্য করছেন। আজকে আমাদের প্রস্তাব প্রত্যাহার করে নেবার কথা বলা হচ্ছে, কিন্তু আমরা বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে সরকারের খাদ্যনীতি দেশের মানুষের মনোবল ভেঙ্গে দিচ্ছে এবং অন্যান্য নীতি দেশরক্ষার কাজে ব্যাঘাত সৃষ্টি করছে। আপনারা সকলেই জানেন যে, আমরা এখানে অনাস্থা প্রস্তাব এনেছিলাম, কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে সেই অনাস্থা প্রস্তাবের পরও এঁরা এঁদের পথ পরিবর্তন করেন নি। কাজেই আজকে দেশের লোকের মুখে ইমারজেন্সী প্রত্যাহার করা হোক এছাড়া আর কোন দ্বিতীয় কথা নেই। তারপর ভয়েস অব আমেরিকার সঙ্গে চুক্তি হওয়াতে আমরা দেখছি আমাদের দেশ সাম্রাজ্যবাদীদের ঘাঁটিতে পরিণত হচ্ছে। সাম্রাজ্যবাদী শক্তির সাহায্যের কথা বলা হয়েছে, কিন্তু এটা কেন করা হয়েছে আমরা তা বুঝতে পারছি না। আপনারা কি এটা জানেন না যে মাছকে ধরবার জন্য বড়সীতে যে টোপ ফেলা হয় সেই টোপ মাছকে খাওয়াবার জন্য নয়, সেটা মাছকে ধরবার জন্য ফেলা হয়। ঠিক সেই রকম আমেরিকা যে সাহায্য করছে সেই সাহায্যের মধ্যে টোপ আছে এবং সেইজন্যই আমি তার বিরোধিতা করছি। যাহোক, এখন আমার বক্তব্য হচ্ছে জরুরী অবস্থার অবসান করা হোক একথা বলে অ্যামেণ্ডমেণ্টসহ আমি যে প্রস্তাব করেছি সেটা গ্রহণ করা হোক।

Shri Sambhu Charan Ghosh :

স্যার, কমিউনিস্ট পার্টির তরফ থেকে যখন জরুরী অবস্থা তুলে দেওয়ার জন্য দাবী নিয়ে বেসরকারী প্রস্তাব আমাদের হাউসের সামনে আসল তখন অন্ততঃ আমরা আশা করে ছিলাম কমিউনিস্ট পার্টি থেকে যুক্তি এবং তর্কের অবতারণা করা হবে যার মধ্য দিয়ে তারা আমাদের বুঝাবার চেষ্টা করবেন যে অবস্থার এমন কিছু পরিবর্তন ঘটেছে যেখানে জরুরী অবস্থা প্রত্যাহার করা প্রয়োজন। আমি অত্যন্ত বিস্মিত হয়ে গেছি যখন দেখলাম আমার বাঁ পাশের আর. এস. পি. দলের বন্ধুরা একটি মাত্র যুক্তির অবতারণার চেষ্টা করেছেন যে যেহেতু কংগ্রেস প্রতিষ্ঠান এবং কংগ্রেস সরকার এই প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করতে ব্যর্থ হয়েছে সেজন্য জরুরী অবস্থা তুলে নেওয়া দরকার। আমার কাছে এটা ফ্যাণ্টাসটিক আরগুমেণ্ট বলে মনে হয়েছে। আমি সবিনয়ে জিজ্ঞাসা করছি কয়েকমাস আগে তেজপুর বর্ডারে যখন চীনা সৈন্য প্রবেশ করেছিল এবং তেজপুর থেকে সামরিক অফিসাররা পালিয়ে এসেছিল তখন কি সেখানে মানুষেরা এ দাবী তুলেছিল যে সেখানে অ্যাডমিনিস্ট্রেসন ফেইল করেছে তাই এমার্জেন্সী তুলে নাও? সেখানে কি দেখলাম যে, তেজপুর থেকে সামরিক অফিসাররা পালিয়ে এসেছিল কিন্তু সাধারণ মানুষকে হাতিয়ার ধরে দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে জোরদার করবার জন্য অগ্রণী হতে হয়েছিল, তেমনি ভাবে আমি বলছি এই জরুরী অবস্থায় কংগ্রেস সরকার এবং কংগ্রেস প্রতিষ্ঠান ব্যর্থতার লাভাস্রোতে তারা মিশে যাক কিন্তু সাধারণ মানুষ সকলে এক জাতি একপ্রাণ হয়ে একযোগে দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে গড়ে তুলবে। কাজে কাজেই কংগ্রেস প্রতিষ্ঠান, কংগ্রেস সরকার ব্যর্থ হয়েছে এই একটি মাত্র অজুহাতে জরুরী অবস্থা প্রত্যাহার করার যুক্তি খুঁজে পাই না। অপর দিকে আমাদের যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তাতে বলা হয়েছে দেশের মধ্যে জরুরী অবস্থা থাকা দরকার। কেন প্রয়োজন সে সম্পর্কে অত্যন্ত পরিষ্কারভাবে রাখতে চাই যে আন্তর্জাতিক ক্ষেত্রে আজকে এমন একটা কিছু পরিবর্তন হয়নি যাতে আমাদের দেশের বুক থেকে জরুরী অবস্থা তুলে নিতে হবে। আমরা দেখলাম চীন যখন ভারতবর্ষের সীমান্ত থেকে তার সৈন্য অপসারণ করল তার পরেও তার অ্যাটিচুড বা রাজনৈতিক যে

সিদ্ধান্ত তা অপরিবর্তিতই রয়েছে। সম্প্রতি মস্কোতে যে সম্মেলন হয়েছে তাতে দেখতে পাচ্ছি সোভিয়েট রাশিয়া এবং চীনের মধ্যে যে মতবিরোধ তা প্রকটভাবে ফুটে উঠেছে। সেই সম্মেলনে চীন পরিস্কারভাবে ঘোষণা করেছে যে পৃথিবীর বুকে সাম্যবাদকে প্রতিষ্ঠা করতে হলে, পৃথিবীর বুকে মার্ক্সবাদ লেনিনবাদের নিশানা উড়াতে হলে ইনএভিটেবলি যুদ্ধের কথা যুদ্ধের অপরিহার্যতার কথা স্বীকার করতে হবে। মার্ক্সবাদ-লেনিনবাদকে এই ভাবে বিট্রে করার মধ্যে দিয়ে পৃথিবীর প্রগতিশীল মানুষকে বিভ্রান্ত করার যে চেষ্টা চলেছে তার ফলে আমি মনে করি দেশের মানুষের সমস্যা আজকে আরও তীব্রতর হয়ে উঠেছে। তাই আন্তর্জাতিক ক্ষেত্রে গত অক্টোবর মাসে যে অবস্থা ছিল আজকে সে অবস্থা থেকে বিন্দুমাত্র সরেনি, অপর দিকে চীন আরও এগ্রেসিভ হয়েছে, চীনের সাথে সোভিয়েটের মতবিরোধ আরও তীব্রতর হয়েছে এবং সেটা ভয়ঙ্কর ভাবে ফুটে উঠেছে। দ্বিতীয় কথা হচ্ছে গত অক্টোবর মাসে দেশের বুকে যখন জরুরী অবস্থা ঘোষিত হয়েছিল তখনও আমাদের শিয়রে পাকিস্তান সমস্যার সৃষ্টি করেনি। কিন্তু সম্প্রতি যখন কাশ্মীর সমস্যাকে কেন্দ্র করে সমস্ত আলোচনা ব্যর্থ হয়ে গেছে সেখানে আজকে ভারত সীমান্তে পাকিস্তান নূতন সমস্যার সৃষ্টি করেছে, নূতনভাবে আজকে অভিযানের হুমকী প্রদর্শন করছে। কাজে কাজেই এই পরিপ্রেক্ষিতে দেশের জরুরী অবস্থা আরও সুঠামভাবে আরও শক্তভাবে ঘোষণা করা উচিত বলে মনে করি। তাছাড়া চীনের মতিগতিও অত্যন্ত প্রকাশভাবে ফুটে উঠেছে, পাকিস্তানই যে নূতন ভাবে সমস্যার সৃষ্টি করবার চেষ্টা করেছে তা নয়, গত বছর আমরা দেখলাম চীন যখন সীমান্ত থেকে সরে গেছল তখন কলম্বো সম্মেলন অনুষ্ঠিত হয়েছে তখন ভারতবর্ষের মানুষ, আমার দেশের মানুষ আশা করেছিল যে কলম্বো সম্মেলনে যোগদানকারী রাষ্ট্রগুলি ভারতবর্ষের প্রতি তাদের সহানুভূতি দেখাবে, ভারতবর্ষের প্রতি তাদের সমর্থন থাকবে কিন্তু আজকে লক্ষ্য করা গেছে যে ভারতবর্ষের প্রতিবেশী রাজ্যের অধিকাংশই আজকে ভারতবর্ষের পিছনে নাই বা রাজনৈতিক দিক থেকে কিংবা নৈতিক দিক থেকে তারা ভারতবর্ষকে সমর্থন করে না। সম্প্রতি সিংহলের মতিগতি সম্পর্কে দেখেছি এবং গতকাল সংবাদপত্রে দেখেছি চীনা সৈন্য ভারত সীমান্তে সমাবেশ করেছে একথা ভারত সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে কিন্তু সিংহল থেকে তার প্রতিবাদ করা হয়েছে। আমরা তাই মনে করি এই আন্তর্জাতিক অবস্থা: জরুরী অবস্থা তো প্রত্যাহার করা যেতে পারেই না বরং আরও মজবুত করা প্রয়োজন

[4-50—5 p.m.]

জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা ব্যবস্থাকে মজবুত করবার জন্য যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা উচিত আমি ব্যক্তিগতভাবে মনে করি এবং আমার পার্টি মনে করে যে সে দিক থেকে সরকার ব্যর্থ হয়েছে এবং সেই ব্যর্থতাকে সরিয়ে দেবার চেষ্টা করতে হবে এবং সরিয়ে দিতে পারে যদি দেশের সমস্ত মানুষ একসাথে এগিয়ে আসতে পারে। এখানে কংগ্রেস সরকারের প্রশ্ন নয়, এখানে আমাদের দেশের স্বাধীনতার প্রশ্ন। আমরা দেখছি যে দেশের জরুরী অবস্থাতে যেখানে দেশের মানুষের মনোবল আরো সুঠামভাবে গড়ে তোলা উচিত সেখানে কংগ্রেস সরকার বিভিন্ন প্রতিক্রিয়শীল নীতির মধ্য দিয়ে জনস্বাথ বিরোধী নীতির মধ্য দিয়ে সাধারণ মানুষের মনোবলকে ভেঙ্গে দিয়েছে। যখন চীন আমাদের দেশ প্রথম আক্রমণ করে ছিল তখন আমরা কি দেখি। আমরা লক্ষ্য করে ছিলাম দেশের সাধারণ মানুষ মুক্ত হস্তে দান করেছে, দেশের সাধারণ মানুষ তাদের দেশপ্রেমকে দেশের তহবিলে দিয়েছিল যে সরকারের পিছনে দেশের সমস্ত মানুষ আছে দেশের স্বাধীনতা, দেশের সার্বভৌমত্ব রক্ষা করার জন্য। কিন্তু তারপর যখন দেখা গেল যে বিভিন্ন প্রতিক্রিয়াশীল নীতির মধ্য দিয়ে সাধারণ মানুষের দেশপ্রেমের প্রতি বিশ্বাসঘাতকতা করা হল, সাধারণ মানুষের প্যাট্রিওটিজমকে বিট্রে করা হল তখন সাধারণ মানুষ কংগ্রেস সরকারের নীতির প্রতি আর তাদের আস্থা রাখতে পারছে না। আমরা বিশ্বাস করি যে আজকে যদি কংগ্রেস সরকার প্রতিক্রিয়াশীল নীতি থেকে ঘুরে সরে না দাঁড়ান, তাঁদের নীতি পরিবর্তন না করেন তাহলে আজকে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থায় ব্যাঘাত হবে, জরুরীকালীন অবস্থায় আমাদের যে জাতীয় কর্তব্য সেই কর্তব্য পালনের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করবে। এই প্রসঙ্গে আমি দুটো ঘটনার কথা উল্লেখ করতে চাই। প্রথম ঘটনাটি হচ্ছে এই যে প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য যেখানে সরকারের অত্যন্ত সুষ্ঠু কর্মসূচী গ্রহণ করা উচিত ছিল সেখানে আমরা দেখছি যে সরকার একজন মাত্র মানুষের স্বার্থকে চরিতার্থ করবার জন্য সমস্ত রকম

রাষ্ট্রদ্রোহিতাকে স্বীকার করে নিয়েছেন। আমি আচার্য বিনোবা ভাবেজীর কথা বলছি। আচার্য বিনোবা ভাবে কলকাতায় রাষ্ট্রীয় অতিথি হিসাবে ছিলেন এবং রাষ্ট্রীয় অতিথি হিসাবে থাকাকালীন সময়ে কলকাতার ময়দানে জনসভায় দাঁড়িয়ে তিনি আমাদের দেশের প্রতিরক্ষা ব্যবস্থার সমালোচনা করেছিলেন এবং সেই সমালোচনা, বক্রোক্তি বক্রোক্তি আমি মনে করি আমার দেশের স্বার্থের পরিপন্থী। তিনি বলেছিলেন সীমান্ত থেকে সৈন্যদল চীনী সরিয়ে নিয়ে এসে সেখানে শিশুর দলকে পাঠিয়ে দাও। অথচ তাঁর এই রাষ্ট্রদ্রোহিতামূলক কাজের বিরুদ্ধে সরকার কোনরকম তার ডিউটি পালন করেন নি। আমি জিজ্ঞাসা করতে চাই পশ্চিমবঙ্গ সরকার ভাবেজীর এই রাষ্ট্রদ্রোহিতামূলক কার্যকলাপের জন্য কেন তাঁকে গ্রেপ্তার করেন নি, কেন তাঁর বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা অবলম্বন করতে শঙ্কিত হয়েছিলেন? আর একটি ঘটনার কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেই ঘটনাটির কথা একদিন যখন আর একটা অনাস্থা প্রস্তাব আলোচনা প্রসঙ্গে উত্থাপন করে ছিলাম তখন তার প্রতিবাদ করতে গিয়ে মুখ্যমন্ত্রী অত্যন্ত কৌশলে মূল প্রশ্নটিকে এড়িয়ে গিয়েছিলেন। আমি ব্যক্তিগত ভাবে কোন ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই না যে ঘটনার সাথে মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত চরিত্রের প্রশ্ন জড়িত আছে। আমি ব্যক্তিগতভাবে সেই নীতির বিরোধী। আমার পার্টির নীতি বিরুদ্ধ বা আমার রুচির বিরুদ্ধে এমন কোন কথা এখানে আনতে চাই না। কিন্তু সেদিন যে ঘটনাটি উল্লেখ করেছিলাম সেই ঘটনার সাথে আমার দেশের নিরাপত্তার প্রশ্ন জড়িত, আমার দেশের সিকিউরিটির প্রশ্ন জড়িত। আমি মৃদুলা ব্যানার্জীর কথা বলেছিলাম। মৃদুলা ব্যানার্জীর কথা এইজন্য বলেছি যে মৃদুলা ব্যানার্জীর সাথে আমাদের দেশের সিকিউরিটির প্রশ্ন জড়িত আছে। মৃদুলা ব্যানার্জীর বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আনা হয়েছে সেই অভিযোগ যদি ভিত্তিহীন হয় তাহলে সেই সমস্ত ব্যক্তিদের সামনে দাঁড়িয়ে প্রমাণ করা হোক। আমি এখানে দাবি করছি যে

Sm. Mridula Banerji was picked up by the Chinese Embassy to secure information

চাইনিজ এমব্যাসি জানত যে কৃষ্ণমেনন এবং পি. সি. সেনের সাথে মৃদুলা ব্যানার্জীর ঘনিষ্ঠ যোগাযোগ আছে। এবং সেই সুযোগ নিয়ে মৃদুলা ব্যানার্জীকে [illegible] চেষ্টা করেছে, এঁকে তাদের এজেন্ট হিসাবে কাজে লাগাবার চেষ্টা করেছে [illegible] যখন সেই মৃদুলা ব্যানার্জীর বিরুদ্ধে সরকারের কাছে পুলিশ ইন্টেলিজেন্স রিপোর্ট [illegible] করেছিলেন তখন সেই রিপোর্ট চেপে দেওয়া হয়েছে; আমি এই সভায় আজকে দাবি করছি যে ডি. আই. জি. আই. বি., প্রসাদ বোসের রিপোর্টকে তলব করা হোক। যদি ঐ রিপোর্ট তলব করা হয় তাহলে দেখা যাবে যে মৃদুলা ব্যানার্জী এবং আমার দেশের নিরাপত্তার প্রশ্ন সম্পর্কে যে সমস্ত ঘটনা জড়িত আছে সেই ঘটনার মধ্যে বহু কলঙ্কজনক অধ্যায় আছে। আমি দাবি করছি আজকে মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে ঘোষণা করুন যে মৃদুলা ব্যানার্জী সম্পর্কে তিনি একটা জুডিসিয়াল এনকোয়ারী করবেন। জুডিসিয়াল এনকোয়ারী যদি করা যায় তাহলে দেখা যাবে যে এর মধ্য দিয়ে বহু কলঙ্কজনক অধ্যায় উদ্‌ঘাটিত হবে যার মধ্যে আমার দেশের নিরাপত্তার প্রশ্ন জড়িত আছে। কমন্স সভাতে আমরা যখন দেখেছিলাম যে কিলার প্রশ্ন উত্থাপিত হয়েছিল তখন প্রফুমো তাকে অসত্য বলে ঘোষণা করেছিলেন। কিন্তু পরবর্তী কালে সেই ঘোষণা অসত্য বলে প্রমাণিত হয়েছে এবং প্রফুমো পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। আজকে আমি বিশ্বাস করি জুডিসিয়াল এনকোয়ারী যদি করা হয় এবং সেই জুডিসিয়াল এনকোয়ারীর সামনে এই এই মানুষকে আহ্বান করা হয় যেমন ভি. কে. কৃষ্ণমেনন, বিজু পটনায়ক, বিজু পটনায়কের শ্বশুর এস. এন. কাপুর, ডি. আই. জি., আই. বি, প্রসাদ বোস, তপন চক্রবর্তী, বাম চক্রবর্তী, পুতুল বোস, দেবেন ভট্টাচার্য, ইণ্ডাস্ট্রিয়ালিস্ট, তাহলে আমি বিশ্বাস করি এনকোয়ারী কমিশান এই সমস্ত মানুষের স্বার্থ নিয়ে যে রিপোর্ট দেশবাসীর সামনে তুলে ধরবেন, যে কলঙ্কজনক যে ন্যক্কারজনক অধ্যায় দেশবাসীর সামনে উদ্‌ঘাটিত হবে তার মধ্য দিয়ে সরকারের দেশ প্রেমের চরিত্র দেশের মানুষের সামনে পরিস্কার হয়ে যাবে। দেশের মানুষ তখন প্রতিরক্ষা ব্যবস্থাকে গড়ে তোলার জন্য নিজেরাই এগিয়ে আসবে সরকারের কোনো রকম তোয়াক্কা না রেখে নিজেরাই সংঘবদ্ধ শক্তিতে প্রতিরক্ষা ব্যবস্থাকে গড়ে তোলার চেষ্টা করবে।

Shri Siddhartha Shankar Ray : Mr. Deputy Speaker, Sir, I had no desire whatever to take part in the discussion today. I had come here to vote against the resolution that was moved on behalf of the Communist Party. But after coming here I

has informed by an honourable member of the Communist Party as well as some other honourable members that the fertile brain of an honourable member from Cooch Behar had discovered a motive in so far as I was concerned, as to why I had supported the Sen Ministry when the no-confidence motion was being discussed. I have also just listened to the rather loud speech of a learned professor. He has shouted in this House and had tried to impress upon the members present about a certain lady who is supposed to be a Chinese spy. I am not ashamed to admit that she is my sister. She is also the grand-daughter of Desabandhu Chittaranjan Das. I would expect the learned professor and the young member from Cooch Behar, if honour means anything to them, if dignity means anything to them, if they claim to be genuine sons of Bengal, to give that lady an opportunity to defend herself. If she is guilty, she should go to jail. If she is not guilty, these two gentlemen should be proceeded against for maliciously making statements against her.

(Shri KAMAL KANTI GUHA: We accept the challenge.)

[Noise]. That is exactly what I am saying. I hope these two members will behave like ordinary gentlemen, like people who are used to ordinary gentlemanly behaviour. They should write letters, publish the matter outside, write letter to the Chief Minister or to me or to any other of the members, so that a suit can be field against them for defamation before the High Court. Will they do it? (A Voice: Let there be a judicial enquiry). Judicial enquiry is all right. [Noise and interruptions.] I do not know what the facts are. I am not here......(Shri **Kamal Kanti Guha:** See the Current.) The publication in the Current has been withdrawn by the editor with an apology. If they know it, they should know that. The publication in the Curent has been withdrawn with an apology. If Mr. Kamal Guha, who represents a seat from Cooch Behar, cared to look into the next issue of the Current, he would have found out that the Current editor, Mr. D. S. Karama, has withdrawn every word that he had said.

Be that as it may, I am not here to defend my sister. If my sister is a criminal, she should go to jail. If my sister is a spy, she should be punished; she should be sentenced to death. If my brother is a spy, if my brother is a criminal; if I am a spy, if I am a criminal, I should be sentenced to death, because traitors should not be tolerated in this country. But let the charge be made by them as gentlemen, not as mere agitators coming here in the cloistered atmosphere of the House to make wild and baseless allegations under the protection of this House. If they are gentlemen, if they have one regard for gentlemanly behaviour, they should immediately go out and write letters to any one of us, saying that these are the allegations that they make. Then I shall hand over that letter to my sister. If she does not take any steps against them, then, of course, you can say many things, certainly. But if she does, let the matter be tried by a High Court Judge—let it go up before the Calcutta High Court. Let there be a judicial enquiry. Let it be tried by High Court.

[5—5-10 p.m.]

[Noise and interruptions]

You write letters. Sir, I shall take time. They are interrupting. Sir, I request them that if they have any iota of respectability, they should behave like responsible and respectable legislators and write letters to various people—to all the members—saying these are the allegations which they have made so that the lady concerned can defend her honour, her family's honour and her own prestige. If she is guilty, she should go to jail. There is no doubt about it. Mr. Kamal Guha has stated I have motive in supporting the same Ministry. Sir, motive? Today I sat here listening to speeches castigating Communist Party. What did I say when I opposed the no-confidence motion? In substance, I said this. If the question today is before

the people whether I should support the Government formed by the Indian National Congress or support the Opposition whose backbone is anti-national Communist Party. I have no doubt the answer will be one thousand times I shall support the Government formed by the National Congress. There is no uncertainty about that. Sir, the question today is whether the emergency should continue or not. With regard to that I had hoped that allegations—such vile allegations—would not be introduced. But since you have introduced allegations and have tried to impute a motive upon me, may I ask Mr. Kamal Guha and through him my respected friend—I respect him, he should not have made such allegations—the Leader of the Forward Block, Mr. Hemanta Kumar Basu, is it not a fact that only about a month ago—it may be a fortnight ago, I do not remember it—I told him why he had come to my house? He came to my house and I appreciated it. Did he not come to my house with reference to a case in the High Court connected with the Forward Block? Did I not agree to do it free of charge? Motive? I do not do anything with motive. I do whatever I think best and I always stand on my own legs. Sir, if I have truth on my side, if I feel that I am all right—I might be wrong—who is going to stop me? I do not care for any favour. I do not care for any petty patronage. I do not care for anything. Motive with the least thing cannot in any way influence me in coming to any decision. I suppose many people will say that I am childish, many people will propose to say I am not mature. I shall accept that. I say this—I may be childish, I may be immature—but what I think is right I always follow it. Nothing can prevent me from following that. On the last occasion I tried to show that it is impossible to support the Opposition which has had as its main plank this Communist Party particularly of the West Bengal variety which, according to these gentlemen sitting here, is guilty of the most anti-national plans. I am sorry I cannot support it, and that is the reason why I have to support the Ministry formed by Chief Minister, Shri P. C. Sen. Sir, today let us take it analytically whether it is right or wrong. Here is one party—the Congress Party in West Bengal where I find unity is almost personified. Sir, the Forward Bloc here dare make these allegations against me and others. They talk of throwing out this Ministry, they talk of no-confidence motion against this Ministry. This is the Forward Bloc Party which wants to come to power during an emergency? There is the Proja Socialist Party—an intellectual Party. It has a brilliant member, Mr. Kashi Kanta Maitra. It is, I suppose, an honest party. It has an honesty of purpose. But everybody—almost all the leaders have different views on different subjects. In so far as the Forward Bloc is concerned they have made various allegations here. I do not belong to any political party, but I shall watch with interest what happens at the coming election that is going to take place in Cooch Behar, at the coming parliamentary election, to see what the people say in so far as the Forward Bloc is concerned.

I oppose this resolution because I feel that if anybody now says that the emergency should be lifted, he should not be trusted because he is trying to mislead the nation, because he is trying to say things which cannot be true and are not ture, and he says something blindly. Everybody sees reports in the newspapers. Does anybody say that these reports are false and should not be acted upon? In spite of the recent happenings, is not one surprised to find a resolution being moved in this sacred Legislative Assembly that the emergency should be lifted? Is there one argument, one logical reason in favour of such a resolution? In my respectful submission—No.

I thank you very much for giving me the time to speak. What I would like to say is that during this emergency I shall support the Government in so far as matters relating to the emergency are concerned; and, in this emergency we have, every one of us, a tremendous responsibility which has to be discharged properly in the interest of the nation and in the interest of the people; and this, perhaps, will continue for quite some time.

Shri Girish Chandra Mahato :

এই জরুরী আইন ভারতরক্ষা আইন আর রাখা উচিত কি না প্রশ্ন উঠেছে। ভারত সীমান্তে চীনের নতুন গতি বিধির সংবাদের পরিপ্রেক্ষিতে এই প্রশ্নটির গুরুত্বও নতুন ক'রে দেখা দিয়েছে। ভারত রক্ষার মূল কথা সীমান্তে আমাদের প্রস্তুতি। তার পরবর্তী সাবধানতার বিষয় এই যে দেশের ভেতর থেকে অন্তর্ঘাতী কার্যকলাপ যেন না চলতে পারে। দেশ রক্ষার সমস্ত ব্যবস্থায় ও সরবরাহের সুষ্ঠু কার্যধারায় বাধা না ঘটে দেশের জন জীবনের অসন্তোষ সমূহ প্রশমিত হ'য়ে যেন দেশরক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি হয়। এবং ব্যাপক জনজীবনে যেন বিরাট সংহত শক্তির প্রকাশ হয়। এই উদ্দেশ্যকে সামনে রেখে তথাকথিত এই ভারত রক্ষা আইন আবির্ভত হয়। এখন প্রশ্ন এই বিগত এই সুদীর্ঘ কয়েক মাসে এই উদ্দেশ্য সফল হয়েছে কিনা। ভারতরক্ষা আইন হাতে নিয়ে সরকারী আচরণ যা ঘটেছে এবং তার অসংখ্য প্রমাণ পরিচয় যা রয়েছে তাতে আজ স্পষ্টই ভাবেই বলা যেতে পারে যে, উদ্দেশ্য সমূহের জন্যে ভারত রক্ষা আইন সেই উদ্দেশ্য সমূহেরই সম্পূর্ণ বিপরীত অবস্থা ধারা সৃষ্টি করা হয়েছে এই আইনের দ্বারা। ক্ষমতায় অধিষ্ঠিত দল এই আইনের সুযোগ প্রয়োগ করে বিসদৃশভাবে একমাত্র সংকীর্ণ দলীয় স্বার্থ সাধনের নগ্ন অপচেষ্টাতেই আত্মনিয়োগ করেছেন। ফলে জাতীয় সংহতির মহান লক্ষ্য সম্পূর্ণ ভাবে বিঘ্নিত হয়েছে অন্যান্য বিভিন্ন রাজনৈতিক দলকে জাতীয় সংহতির নামে কংগ্রেসের এই কদর্য অপচেষ্টা ও জাতীয় অন্তর্ঘাতী কার্যকলাপের নীরব দর্শক থাকতে বলা হয়েছে। যার ফলে অন্যান্য রাজনৈতিক দলগুলির ঘৃনা এবং বিরূপনাই উদ্রেক করা হয়েছে। এহেন জাতীয় পরিস্থিতিতেও কংগ্রেসের বন্ধু চোরাকারবারী তথা লুণ্ঠন কারীদের ভারতরক্ষা আইনে সহায়তায় অবাধ লুণ্ঠনের ও বিঘ্নসৃষ্টির সুযোগ দেওয়া হয়েছে। যদিও এই আইনের মধ্যে বহু আপত্তিকর অবাঞ্ছিত বিধানধারা আছে তবুও সদিচ্ছা থাকলে একেও জনসংহতি ও অকল্যাণের কাজের উপযোগী করতে পারা যেতো। কিন্তু বিবেকহীন মস্তিষ্ক হীন কংগ্রেসের হাতে পড়ে এই আইন সম্পূর্ণ জনশত্রুতার কাজ করেছে। সেজন্য ভারত-রক্ষা ব্যবস্থার দৃষ্টিতেই এই অযোগ্য তথা অভিসন্ধীপ্রসূত আইনের অবসান হওয়া দরকার। বিশেষ এই নূতন চৈনিক উদ্যোগের সময়ে। একথা সত্য যে আজ জরুরী পরিস্থিতির অবস্থা বিদ্যমান রয়েছে। এই জরুরী পরিস্থিতির উপলব্ধি আজ প্রয়োজন এবং সেই উপলব্ধির ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের সমগ্ররূপের পরিবর্তন হয়ে যেমন জাতীয় সরকারের রূপান্তর হওয়া দরকার তেমনি জরুরী পরিস্থিতির নামে যে সমস্ত ব্যবস্থা ধারা হয়েছে তার অবসানের ভিত্তিতে উপযোগী ব্যবস্থা ধারা হওয়া প্রয়োজন। এর প্রশংসনীয় নজীর অন্য দেশের সাম্প্রতিক জরুরী পরিস্থিতির ইতিহাসেই রয়েছে। এবং অত্যন্ত দুঃখের কথা এই যে, কংগ্রেসের গঠনপ্রকৃতিই আজ এরূপ যে একমাত্র কংগ্রেস শাসনের দ্বারা আজ জরুরী পরিস্থিতির উপযুক্ত ব্যবস্থা করা সম্ভব নয়। অপরাধপ্রবণ শাসক কূলের দ্বারা বিশাল ক্ষমতা সম্পন্ন এহেন জরুরী আইন সমূহের অবাধ প্রয়োগ দেশের পক্ষে কখনই নিরাপদ নয়। দেশ জীবনে অন্তর্ঘাতী বিঘ্ন সৃষ্টি করতে তৎপর এমন কিছু লোকও আজ এই আইনের অবসান কামনা করবে—এ স্বাভাবিক, তাদের দৃষ্টিভঙ্গী ও লক্ষ্য ভিন্ন। এবং ভারতের নিরাপত্ত বিঘ্নকারীদের উপযুক্ত ভাবে দমন করতেও এই আইন অযোগ্যতার পরিচয় দিয়েছে। এবং এ বিষয়ে এর অপপ্রয়োগও বহু ঘটেছে একথাও নিঃসন্দেহে এই অযোগ্যতা ও অপপ্রয়োগের প্রতিকারের জন্যও নিরাপত্তার ব্যবস্থাও দৃষ্টিভঙ্গীর আমূল পরিবর্ত্তন চাই। মূল প্রশ্ন হচ্ছে সুদৃঢ় রক্ষা ব্যবস্থা তথা বিঘ্নসৃষ্টি কারীদের দমন করা। সে বিষয়ে সদিচ্ছা এবং সজাগতা না থাকলে আইন থেকেও কিছু লাভ নেই। সুতরাং সরকার অবহিত হোন যে, সরকারের ভেতরের যে দুষ্টক্ষাত সমূহের কারণে আজ জাতীয় নিরাপত্তা ঘোরতরভাবে বিঘ্নিত সেই দুষ্টক্ষাতের প্রতিকার ব্যবস্থা যেন অবিলম্বে হয়। সেই শুভবুদ্ধি যদি কংগ্রেসের হয় তবে কংগ্রেস সরকার সহজেই এই আমূল পরিবর্তনের দাবীর উপযোগিতা উপলব্ধি করবেন এবং তার ভিত্তিতে জরুরী অবস্থার উপযোগী জাতীয় সংহতি ও যথার্থ নিরাপত্তার ব্যবস্থা করতে সক্ষম হবেন।

[5-10—5-20 p.m.]

Shri Panchu Gopal Bhaduri :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এই প্রস্তাবের পক্ষে যে সমস্ত যুক্তি ধরা হয়েছে তা শান্তভাবে বিবেচনা করবার জন্য আমি চেষ্টা করছি একটা ঘটনা সম্প্রতি ঘটেছে যা আমাদের সকলকে উদ্বিগ্ন করেছে। আন্তর্জাতিক ক্ষেত্রে আনবিক চুক্তি চীন সরকার বিরোধিতা করেছে তা কাগজে পড়ে আমরা স্তম্ভিত হয়েছি এবং এছাড়াও চীন পাকিস্তান যুক্তি এবং আমাদের উত্তর সীমান্তে চীন ও পাকিস্তানের সৈন্যের সমাবেশের সংবাদ আমাদের দেশবাসীর সঙ্গে আমাদেরও নিশ্চয়ই উদ্বিগ্ন করেছে। সেজন্য আমরা গুরুত্ব দিয়ে ভাবছিলাম যে প্রস্তাব আমরা দাখিল করেছি জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহের শেষে সেটা আমরা প্রত্যাহার করব না রাখব। আমরা বিচার করে দেখলাম এই সম্পর্কে আপনাদের সঙ্গে আলোচনা করা দরকার। কেন আমরা এই প্রস্তাব দিয়েছি তার যুক্তি আমি উপস্থাপিত করছি। যখন জাতীয় এমারজেন্সী হয় শুধু আমাদের দেশেই নয়, কোন অবস্থায় জাতীয় এমারজেন্সী হয় সেটা আমাদের বিচার করে দেখতে হবে। সেই রকম অবস্থায় অক্টোবর থেকে আজ পর্যন্ত আছে কিনা এটা আমাদের বিচার করতে দেখতে হবে। ন্যাশনাল এমারজেন্সী বা স্টেট অব ওয়ার দেখা দিলে রাষ্ট্রপতি ন্যাশনাল এমারজেন্সী ঘোষণা করেন। আজকে আমাদের দেশে ঠিক সেই রকম এমারজেন্সী বজায় রাখার দরকার আছে কিনা আমাদের ভেবে দেখতে হবে। আপনারা জানেন যে, বাঙ্গালোরে আইন জীবীদের যে সেমিনার হয়ে গিয়েছে,—তারা কেউ কমিউনিস্ট নন, কিছু কিছু বিরোধী নেতা ছিলেন কিন্তু বেশির ভাগই কংগ্রেসের সমর্থক এবং তার মধ্যে শীতলবাদের মত ব্যক্তিও ছিলেন তাঁরা মনে করেছেন ন্যাশনাল এমার্জেন্সী প্রত্যাহার করা উচিত, তাঁরা মনে করেন ন্যাশনাল এমারজেন্সী অবস্থা বর্তমানে নাই। আপনি যদি এই হাউসের মতামত নেন তাহলেই দেখতে পারবেন কেউ বলতে পারবেন না যুদ্ধ আজ হবে কি কাল হবে। এখানে একজন মাননীয় বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় পণ্ডিত নেহরুর বক্তব্যে ক্ষোভ প্রকাশ করেছেন, ক্ষোভ প্রকাশ করার অধিকার তাঁর আছে, কিন্তু নানা গভর্নমেন্ট-এর প্রবক্তা স্পোকসম্যান তাদেরই কাছ থেকে আমাদের যুদ্ধের পরিস্থিতির সংবাদ শুনতে হবে। মনে করুন দেখি, কিউবাতে আমেরিকার কমেণ্ডার রেইড করছে, কিন্তু তৎসত্ত্বেও ন্যাশনাল এমারজেন্সী ঘোষণা করা হচ্ছে না, আমাদের ভারতবর্ষের ক্ষেত্রে দেখুন, ১৯৪৭ সাল থেকে কাশ্মীর দখল করে আছে পাকিস্তান এবং পাকিস্তানের সঙ্গে আমাদের মাঝে মাঝে শক্তি পরীক্ষাও হয়েছে, কিন্তু তথাপি ন্যাশনাল এমারজেন্সী ঘোষণা করা হয়নি। চীন বহুদিন ধরেই ভারতবর্ষের একটা অঞ্চল দখল করে ছিল, তার জন্য ন্যাশনাল এমারজেন্সী ঘোষণা করা হয়নি এবং এখনো পর্যন্ত ভারত সরকার চীনের সঙ্গে মিত্রাবস্থা বজায় রেখে এসেছেন—এর কারণ নিশ্চয়ই বিবেচনা করতে হবে। অনেকে মনে করেন ভারত সরকারের নীতি ভুলিয়ে গিয়েছে, কিন্তু তারা ভুলে যান যে আজকে আমাদের দেশে এমন কোন অবস্থা নেই যার জন্য এমারজেন্সী বজায় রাখতে হবে। তেমন পরিস্থিতির উদ্ভব হলে অল্পদিনের নোটিশেও এমারজেন্সী ঘোষণা করা যেতে পারে। আজকে দেশের প্রকৃত অবস্থার দিকে তাকিয়ে আমাদের শ্রেষ্ঠ আইন জীবীরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে বর্তমানে জাতীয় জরুরী অবস্থা রাখার দরকার নাই। দ্বিতীয় যে কথাটা আমি আপনার সামনে রাখতে চাচ্ছি সেটা হচ্ছে এখানে কিছু কিছু বক্তা তাঁদের বক্তব্যের ভিতর একটা ভুল তথ্য পরিবেশন করেছেন, যেমন কাশীকান্তবাবু বলেছেন ১০ই জুনের চীনের চিঠি যেন সোভিয়েট দেশ প্রকাশ করেনি। তার কারণ হচ্ছে, তখন চীনা ডেলিগেশন-এর সঙ্গে আলোচনা চলছিল, তাঁদের উত্তর যখন প্রকাশ করা হয়েছে তার পাশাপাশি চিঠিটাও প্রকাশ করেছে। তাঁদের উত্তর যখন প্রকাশ করা হয় তখনো চিঠিটা ব্যাপকভাবে প্রচারিত হয়নি, সুতরাং আগে পাবলিস জনসাধারণকে বিভ্রান্ত করতে যায়নি। কিছু কিছু কংগ্রেস বেঞ্চের বক্তার সম্পর্কে আমার মনে একটা সন্দেহ হয় তাঁরা কি তাঁদের সর্বভারতীয় প্রতিষ্ঠানকে মানেন। একথা

[5-20—5-30 p.m.]

এইজন্য বলছি যে,

তাদের ভিতর দুজন বল্লেন গণতন্ত্র বেশিদিন চলবে না, এমন কথাও তাঁরা বলেছেন যে দেশদ্রোহীদের—তাঁরা যাঁদের দেশদ্রোহী বলে মনে করেন তাঁদের ধরে ধরে পিঠের চামড়া তুলে নেবেন। তাঁদের এই সব কথাবার্তা নিখিল ভারত কংগ্রেসের যে নীতি ও আদর্শ তার সঙ্গে আদপেই খাপ খায় না। আজকে দেশরক্ষার ক্ষেত্রে কম্যুনিস্ট পার্টির কি ভূমিকা সে সম্পর্কে আমি তাঁদের অনুরোধ করব কংগ্রেস সভাপতি শ্রীসঞ্জীবায়া কলকাতা ময়দানে যে বক্তৃতা করেছেন সেটা অন্ততঃ তাঁরা স্মরণ করবেন—এটুকু শালীনতা বোধ তাঁদের কাছ থেকে আশা করি। ফেব্রুয়ারী মাসে বাজেট অধিবেশনে সময় আমরা বলেছিলাম ন্যাশনাল এমারর্জেন্সী দুটো উদ্দেশ্যের মধ্যে একটা হচ্ছে দেশের সমস্ত শক্তিকে কেন্দ্রীভূত করা। তারেকটা কথা আমরা বলেছিলাম যে, যারা দেশবাসীর মনোবল ভেঙ্গে দিচ্ছে এবং দুর্দশা চাপাচ্ছে তাদের উপর ন্যানশনাল এমারজেন্সী প্রয়োগ করা হোক। আজকেই কাগজে পড়লাম মাদ্রাজ গভর্নমেণ্ট সমস্ত কম্যুনিষ্ট রাজবন্দীদের ছেড়ে দিয়েছেন। আশ্চর্য্যের কথা। কিছুদিন আগে কেরল, অন্ধ্র সরকার ও সমস্ত রাজনৈতিক বন্দীদের ছেড়ে দিয়েছেন। সেখানেও কংগ্রেস গভর্নমেণ্ট আমরা বলেছিলাম যারা জনগণের শত্রু, যারা শোষণ চালিয়ে যাচ্ছে অকুণ্ঠভাবে তাদের বিরুদ্ধে জরুরী ব্যবস্থা প্রযোগ করা হোক।

কিন্তু গভর্নমেণ্ট সেই জিনিস করেনি। জরুরী অবস্থা যাদের বিরুদ্ধে প্রয়োগ করা কর্তব্য সেই খাদ্যের চোরাকারবারী, মজুতদারদের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে না এবং মুখ্যমন্ত্রী মহাশয় খাদ্যের কথা বলা সত্বেও খাদ্যের মূল্য ঠিক করলেন না। শুধু তাই নয়, ফেয়ার প্রাইস নির্ধারণ করা যেটা রাষ্ট্রের কর্তব্য সেটা করতে বা সে সম্বন্ধে কিছু বলতে তিনি সহস করেন নি। তিনি বলেছেন কেন্দ্রের হুকুম পেয়ে ফেয়ার প্রাইস নির্ধারণ করতে হবে, খাদ্যের চোরাকারবার কে আছে সেটা জানা যাবে এবং তাদের শাস্তি দেওয়া যাবে। স্যার, খাদ্যের এই চোরাকারবারের ব্যাপারে দেশের লোকের মনোবল ভেঙ্গে যাচ্ছে। অনাদি বাবু ঠিকই বলেছেন ফ্রণ্ট-এর লোকেরা যদি জানতে পারে তাদের বাবা মা খেতে পারছে না তাহলে লড়াইয়ের মনোবল তাদের অক্ষুণ্ণ কি করে থাকবে? কিন্তু আশ্চর্য্যের বিষয় এই সমস্ত জওয়ান যারা লড়াই করছে এবং যারা কলকারখানায় উৎপাদন বাড়িয়ে প্রতিরক্ষা ব্যবস্থাকে সফল করেছে তাদের মনোবল যারা ভাঙ্গছে তাদের বিরুদ্ধে কোন কথা এঁরা বলছেন না। স্যার, পিপলস এনিমিস এই কথা বলে সরকারী নীতির সহায়তায়, পুলিস কর্মচারীদের সহায়তায় স্থানীয় কিছু কিছু কংগ্রেস নেতারা বিরোধী পক্ষকে দমন করবার জন্য নানা রকম ভাবে কাজ করে চলেছেন। আমি একটি স্পেসিফিক কেস দিচ্ছি। শ্রীরাম-পুর কলোনীর ৪ ব্যক্তিকে ভারতরক্ষা আইনে ধরা হয় এবং অফিসার ইন চার্জ বললেন এদের বিরুদ্ধে টেস্টিমনি আছে—কোর্টে প্রমাণ হবে। তারা বলল আমরা কিছুই জানি না। তারপর একটা স্কুলের ইলেকসন হয়ে যাবার পর দেখলাম তারা সেই কেস থেকে ছাড়া পেয়ে গেল। স্যার, স্থানীয় প্রভাবশালী লোকের দ্বারা এই রকম কাজ করান হচ্ছে। শুধু তাই নয়, কাল-পরশু ডমজুর অঞ্চলে কংগ্রেস সমর্থক নয় একথা জেনে কিছু লোককে গ্রেপ্তার করা হয়েছে এবং সেকথা সেখানকার বিধানসভার সদস্য জানে। আমি সেই নামগুলি আপনার কাছে দিচ্ছি—তারা কমিউনিস্ট পার্টির লোক নয়, কংগ্রেসেরও লোক নয়। আগ্রাব আলি নস্কর নামক একজন লোককে ধরা হয়েছে। আসল ঘটনা হচ্ছে ওখানকার দুইটি পরিবারের মধ্যে ঝগড়া চলছে এবং তার মধ্যে একটি পরিবার কংগ্রেস সমর্থক নয় এই অজুহাতে তাকে ধরা হয়েছে। স্যার, শাসক পার্টি এইভাবে বড়দের স্বার্থে নয়, স্থানীয় চুনোপুটিদের স্বার্থে ইমারজেন্সীর অপব্যবহার করছেন। এবারে আমি আপনাকে দেখাচ্ছি কোর্টের রায়—অর্থাৎ সাব ডিভিসনাল কোর্ট পর্যন্ত জামিন দিতে সাহস করেনি। তাদের বিরুদ্ধে কোন সাক্ষীপ্রমাণ ছিল না কিন্তু তা সত্বেও এরকম কাজ করা হয়েছে। স্যার, যুদ্ধের অবস্থায় বা ন্যাসনাল ইমারজেন্সীতে দেশবাসীর দেশপ্রেম পরীক্ষিত হয়েছে এবং দেখা গেছে ভারতবর্ষের জনসাধারণ দেশরক্ষার ব্যাপারে একমত। আমরা গভর্নমেণ্ট বিরোধী হলেও দেশরক্ষার প্রয়োজনে তাঁদের সঙ্গে পুরোপুরি সহযোগিতা করতে চেয়েছি এবং এখনও করছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে ইমারজেন্সী দেশের

মানুষের মনোবলকে ক্ষুণ্ণ করছে এবং শত্রুকে সবল করছে সেই ইমারজেন্সী টিকিয়ে রাখার দরকার নেই। এঁরা ন্যাসনাল ইমারজেন্সীর কথা বলছেন কিন্তু ন্যাসন্যাল রিসোর্সেস সেই অলস সোনা আজও বিভিন্ন মজুতদারদের ঘরে সঞ্চিত রয়েছে যা নেওয়া হয়নি। কিন্তু আশ্চর্য্যের বিষয় স্থানীয় স্বর্ণশিল্পীদের বেকার করা হয়েছে যার ফলে গরীব বেচারারা মারা পড়ছে। ঠিক তেমনি চালের চোরাকারবারীরা, স্পেকুলেটররা ৫০।৬০ কোটি টাকা মুনাফা করেছে অথচ সাধারণ মানুষ দুঃখ ভোগ করছে। আমার বক্তব্য হচ্ছে রাষ্ট্রনেতাদের সহায়তায় এবং গভর্নমেন্ট-এর এক অংশের সহযোগিতায় এই যে কাজ চলেছে এবং মানুষের অপরিসীম দুঃখ হচ্ছে তার জন্য ইমারজেন্সীকে বজায় রাখার দরকার নেই। জরুরী অবস্থা বজায় রাখবার জন্য যে জিনিস দরকার তার লক্ষণমাত্র আমরা দেখতে পারছি না। পশ্চিমবাংলার কয়েকজন কমিউনিস্ট পার্টির লোককে আটক করে রাখলেই কি জরুরী অবস্থা বজায় থাকবে এটা কি অন্ধ্রে নেই, কেরালায় নেই বা ভারতবর্ষের অন্য কোথাও নেই?

[5-30—5-40 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রদ্ধেয় পাঁচুবাবু যখন আমাদের সামনে শেষ বক্তৃতা হিসাবে বক্তৃতা করলেন, আমি ভাবলাম তাঁর বুঝি শুভ বুদ্ধির উদয় হয়েছে এবং যে প্রস্তাব তাঁর পার্টির পক্ষ থেকে দেওয়া হয়েছে, সেটা তিনি প্রত্যাহার করবার প্রস্তাব করছেন। আমি তাঁর বক্তৃতা গভীর মনোযোগ সহকারে শুনলাম, তিনি বলেছেন যে দু ঘণ্টা এক ঘণ্টার মধ্যেই যখন ইমারজেন্সী ডিক্লেয়ার করা যায়, তখন এই ইমারজেন্সী পাওয়ার তুলে নেওয়া উচিত, এই দীর্ঘদিন ধরে কেন এই ইমার্জেন্সী রয়েছে? মাননীয় অধ্যক্ষ মহোদয় এই মূল প্রস্তাব যিনি এনেছেন স্মরণ রাখবেন তিনি কমিউনিস্ট পার্টির সদস্য। কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে যে প্রস্তাব এসেছে এখানে সে সম্বন্ধে আমি বিনা দ্বিধায় বিনা সংকোচে দৃঢ়তার সঙ্গে বলতে চাই, এই প্রস্তাব এখানে আনার উদ্দেশ্যই হচ্ছে আক্রমণকারী চীনের হস্ত দৃঢ় করা। ১৫ই জুলাই নাকি এই প্রস্তাব এখানে পেশ করা হয়েছিল, এই প্রস্তাব আজকে আলোচিত হচ্ছে। ইতিমধ্যে ভারতবর্ষের সমস্ত উত্তর প্রান্তে চীন পুনরায় নিপুনভাবে সৈন্য সমাবেশ করেছে, এঁরা বলতে পারেন ১৫ই জুলাই এ খবর কাগজে পাঠাননি। আমি জিজ্ঞাসা করি ইমারজেন্সী তুলে নেবার আগে, এই প্রস্তাব আনবার আগে কি চিন্তা করেছেন যে কলম্বো প্রস্তাব চীন সরাসরি মেনে নিয়েছিলেন কিনা? নিশ্চয়ই ভারত সরকার ইমার্জেন্সী তুলে নিতে পারতেন যদি সেদিন কলম্বো প্রস্তাব যা দেওয়া হয়েছিল তাদের সামনে, যে প্রস্তাব ভারতবর্ষের পক্ষ থেকে মেনে নেওয়া হয়েছিল, সেই প্রস্তাব চীন সরকার বিনা দ্বিধায় মেনে নিত। তাহলে আজকে চিন্তা করবার অবকাশ থাকত না এখন ইমার্জেন্সী রাখার প্রয়োজন আছে কিনা। পাঁচুবাবু বলেছেন ইমার্জেন্সী ডিক্লেয়ার হয় যখন [illegible] কনস্টিটিউশন খুলে দেখুন শুধু স্টেট অব ওয়ার নয় যদি থ্রেট টু সিকিউরিটি থাকে তাহলে সেটা নিশ্চয়ই ইমার্জেন্সী, এবং তাতে [illegible] পাওয়ার ডিক্লেয়ার করা হয়, এই যে ইমার্জেন্সী পাওয়ার ডিক্লেয়ার করা হয়েছে তাতে কি থ্রেট কিছু ছিল না? যেদিন চীন বর্বরের মত আক্রমণ করলো সেদিন থেকে কলম্বো প্রস্তাব পর্যন্ত [illegible] সরকার ধৈর্যের সঙ্গে লক্ষ্য করেছে, চীন নানা রকম করে টাল বাহানা করেছে, তাই কেন্দ্রীয় সরকার ভেবেছে আমাদের যে সমস্ত পরিকল্পনায় এত টাকা খরচ হচ্ছে তা ব্যাহত করার প্রয়োজন আছে কিনা এবং ইমার্জেন্সী রাখার প্রয়োজন হবে কিনা। যে মুহূর্তে কলম্বো প্রস্তাব রিজেক্টেড হয়েছে সেই মুহূর্তে ইমার্জেন্সী তোলার কোন অবকাশ ছিল না। আজকের দিনে যাঁরা একথা বলেন এ প্রস্তাব আনেন তাঁরা দেশদ্রোহী, উত্তর সীমান্তে যখন ভারতের নওজোয়ানরা গত নভেম্বর মাস থেকে প্রতি মুহূর্তে অতন্দ্র প্রহরায় রয়েছে, প্রতিরক্ষা যখন তারা ব্যাহত করেনি তখন শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে এঁরাই বলতে পারেন, প্রহরী, তোমার হস্ত নামিয়ে নাও।

জোয়ানদের প্রতি কমিউনিস্ট পার্টি এবং আর. সি. পি. আই. এর দরদ দেখলাম। তাঁরা বলেছেন জোয়ানদের মা বাবা না খেয়ে রয়েছে, তারা যুদ্ধ করবে কি করে? আমাদের দুর্ভাগ্য নয় যে ঐ ধরণের

লোকদের দিয়ে জোয়ান বাহিনী তৈরি হয়নি। আমাদের সৌভাগ্য, ঐ দরিদ্র নিরন্ন বাংলাদেশের সৌভাগ্য যে জোয়ানরা সেখানে গেছেন। তাঁরা যত দরিদ্র হন না কেন দেশের স্বাধীনতার আকাংখায় উদ্দীপ্ত হয়ে হিমালয়ের বরফের মধ্যে দাঁড়িয়ে তাঁদের মা বাপ না খেতে পেলেও দেশের কথা না ভুলে তাঁদের দেহের প্রতিটি রক্তবিন্দুকে পাত করছেন। আজকে এই সমস্ত পার্টি দরদের অছিলায় তাঁদের মনোবলকে ভেঙ্গে দিতে চান। যে আর. সি. পি. আই. চিরকাল পদে পদে কমিউনিস্ট পার্টির পা অনুসরণ করে চলেছেন তাঁরা আজকে কমিউনিস্টদের সঙ্গে এক ভাষায় কথা বলেন ওদের মনোবল ভেঙ্গে যায়। আপনারা তো তাই চান যাতে একটা জোয়ানও তার হাত সুদৃঢ় করে প্রতিরক্ষায় না দাঁড়াতে পারে। আপনারা তাই আজ হাহাকারের প্রশ্ন তুলেছেন, আজ তাই জোয়ানদের পরিবারের কথা তুলেছেন। কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিম বঙ্গের নাগরিক আজকে প্রতিটি জোয়ানের কথা ভোলেনি এবং সেই জোয়ানদের পরিবারের প্রতি আমাদের এই গরীব দেশ যতদূর সম্ভব তার দায়িত্ব পালন করেছে। আমি একথাও জানি যদি সেই কর্তব্য পালন করতে গিয়ে পয়সার অভাব হয় তাহলেও জোয়ানদের হাত কাঁপবেনা সেই কমিউনিস্ট চীনের বুকে গুলি ছোঁড়ার সময়। আমি একের পর এক দেখিয়ে দিতে পারি এই প্রস্তাব আনার পিছনে কি রাজনৈতিক খেলা আছে, কি অভিসন্ধি আছে। একটা পত্রের দিকে আপনাদের নজর দিতে বলি। এই চিঠিটা লিখেছিলেন শ্রীপ্রভাস সেনগুপ্ত, উইকলী নিউজ অ্যাণ্ড ভিউজ, ডেটেড ৫.৭.৬১, তাতে একটা অদ্ভুত তালিকা আছে কমিউনিস্ট দেশ থেকে কোন কোন কমিউনিস্ট নেতা মাসোহারা কত করে পান। সেই মাসোহারার তালিকা তিনি তুলে দিয়েছেন। এই তালিকাটা আপনাদের এখানে পড়ে শোনাব এবং ঐ কমিউনিস্ট পার্টি কমিউনিস্ট দেশের দালালী করে সেখান থেকে টাকা নিয়ে এসে হাত সুদৃঢ় করে ঐ কমিউনিস্ট পার্টির জেনারেল কাউন্সিলে প্রেসিডেণ্ট ডাঙ্গে সাহেব কি নির্দেশ দিচ্ছেন সেটা যদি মন দিয়ে শুনেন তাহলে বুঝতে পারবেন খাদ্য নিয়ে যে তিন দিন আলোচনা হল তার পিছনে কি রাজনীতি ছিল, এখানে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তার পিছনে কি রাজনীতি ছিল এবং আজকে এমারজেন্সী তুলে নেওয়ার যে প্রস্তাব এসেছে তার পিছনে কি রাজনীতি আছে। স্যার, আজকে আপনার সামনে সেটা তুলে ধরতে চাই।

Dange said "Funds are growing go ahead, organise unprecedented agitation in a very subtle way to make the Nehru Governments unpopular and gain ground for the party — therefore for China."

লজ্জার কথা, ঘৃণার কথা, যারা বিদেশ থেকে টাকা নিয়ে এসে নিজের হাতকে সুদৃঢ় করে। তারা আন্দোলনের নাম দিয়ে এখানে টাকা নিয়ে আসে। এ আমার লেখা নয়, আমি আপনাদের ভলিউম নাম্বার দিচ্ছি ভলিউম ৪, উইকলী নিউজ অ্যাণ্ড ভিউজ।

[তুমুল হট্টগোল]

শ্রীডাঙ্গে পাচ্ছেন ২ লক্ষ ৫৮ হাজার টাকা, এস, পি, ভাট পাচ্ছেন ৬০ হাজার টাকা।

ভয়েসেস ফ্রম অপজিসন বেঞ্চ: মিথ্যা কথা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা এই লিস্টকে মিথ্যা বলছেন। এটা তো কাগজে ছাপার হরফে বেরিয়েছে, অনুগ্রহ করে বাইরে তার প্রতিবাদ করুন। কথায় কথায় ময়দানে সভা করেন, সেই সভায় দাঁড়িয়ে প্রতিবাদ করুন যে প্রভাস সেন গুপ্ত মিথ্যা কথা বলেছেন।

[তুমুল হট্টগোল]

তারপর শ্রী এ, কে, গোপালন পাচ্ছেন ৯১ হাজার টাকা। শ্রীসেন গুপ্ত এই তালিকার মধ্যে স্পষ্ট ভাষায় এই কথা বলেছেন যে, এই সমস্ত টাকা নিয়ে ডাঙ্গে সাহেব নির্দেশ দিচ্ছেন ফাণ্ডস আর রেডি এ ভারতবর্ষের মাটি থেকে না এসে এসেছে বিদেশ থেকে। কোন বিদেশ থেকে, না, কম্যুনিস্ট চীন থেকে যে কম্যুনিস্ট চীন আজ ভারতবর্ষ আক্রমণ করেছে। কম্যুনিস্ট পার্টির পশ্চিমবঙ্গ শাখা ঐ কম্যুনিস্ট চীনের কাছ থেকে টাকা নিয়ে ইন এ ভেরি সাবটেল ওয়ে পপুলার গভর্নমেণ্টকে আনপপুলার করতে চাইছেন।

[5-40-5-50 p.m.]

আজকে তাই দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত চরিত্র নিয়ে এই শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে এই বিধানসভায় যেখানে আইনে কোন কিছু আটকায় না বলার তার সুযোগ নিয়ে তাঁরা কাদা ছুঁড়ছেন। এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের মুখ্যমন্ত্রী যিনি এখানকার পার্টির নেতা হিসাবে শুধু নন, পশ্চিম বঙ্গের নেতা হিসাবে তিনি আজ যে প্রতিরক্ষার ব্যবস্থা করছেন দেশের সেই প্রতিরক্ষা ব্যবস্থার পেছনে যে মানুষ রয়েছে তাঁদের মনকে ভেঙ্গে দেয়া এই উদ্দেশ্য নিয়েই তারা কাদা ছিটাচ্ছেন। আমি সেজন্য স্পষ্ট করে বলতে চাই শ্রীহেমন্ত বসু মহাশয়কে, তাঁকে আমরা কথায় কথায় বলি, আমরা যখনই তাঁর সম্বন্ধে কোন নাম রেফার করি বলে আমাদের সকলের পরম শ্রদ্ধেয় নেতা হেমন্তবাবু—সেই পরম শ্রদ্ধেয় নেতা হেমন্ত-বাবুকে জিজ্ঞাসা করি, যে কম্যুনিস্ট পার্টি চীনা আক্রমণের পরে গর্তে মুখ লুকিয়েছিল খাদ্য আন্দোলনের নামে আপনি তাদের আবার মুখ তুলতে সাহায্য করেছেন কিনা, আপনিই এই কম্যুনিস্ট পার্টিকে সাহায্য করেছেন, খাদ্য আন্দোলনের নামে আজকে তারা লোকের সামনে আসতে পারছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত বিরোধীদলকে স্মরণ করিয়ে দিতে চাই। যে কোন জিনিস আপনারা বিবেচনা করে দেখুন, গত ১৫ বছর ধরে কম্যুনিস্ট পার্টির সঙ্গে নূতন ফ্রন্ট করে যে কোন বিষয় আপনারা আন্দোলন করতে গেছেন, ফসল ঘরে তুলছে কম্যুনিস্ট পার্টি, আপনারা নয়, আপনারা নস্যাৎ হয়ে গেছেন। আজকে তাদের শুধু সেই সুযোগ করে দিয়েছেন এবং এখানে কম্যুনিস্ট পার্টির সেই প্রস্তাবকে সমর্থন জানাতে পারবো না বলে যখন ঐ ফরোয়ার্ড ব্লকের বেঞ্চ থেকে আপত্তি উঠেছিল তখন হেমন্ত-বাবু নিজে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করেছিলেন। আমি জানতে চাই হেমন্তবাবুর কাছে আজ নেতাজীর নাম ভাঙ্গিয়ে যিনি চলছেন, তাঁর কাছে কি আজ কম্যুনিস্ট পার্টির নীতি আরো বেশী বড় হয়েছে? যদি তাঁর এ সম্বন্ধে চৈতন্যের উদয় হয় তাহলে আমরা অনুগৃহিত হব, বাধিত হব। তিনি জেনে রাখুন চীনা আক্রমণের ফলে কোন কম্যুনিস্ট ক্ষমতা ছিলনা ঘর থেকে বেরুনোর। (কম্যুনিস্ট পার্টির বেঞ্চ হইতে তুমুল হট্টগোল) তাই তাদের প্রয়োজন ছিল কোন একটা ইস্যু নেবার এবং ডাঙ্গে সাহেবের নির্দেশ যেমন করে পায়। মানুষের মন ভেঙ্গে দাও এবং সেই মন ভেঙ্গে দেবার জন্য আজকে তারা নিজেদের নামে আন্দোলন করে লোক জোটাতে পারছেন না বলে তারা আপনার আশ্রয় নিচ্ছে এবং আপনি তাদের সেই সুযোগ দিয়ে তুলে দিয়েছেন বক্তৃতা মঞ্চ, আজ আপনারই পক্ষপুটে আশ্রয় নিয়ে তারা অগ্রসর হয়েছে। অতএব ফরোয়ার্ড ব্লকের রাজনৈতিক মতবাদ কি তা আপনারা স্পষ্ট বুঝে নেন। আর আর. এস. পির কথা কি বলবো, তাদের কোনদিন কোন ব্যক্তিগত স্বাতন্ত্র্য রক্ষার চেষ্টাই ছিল না।

যেদিন থেকে চীনের আক্রমণ হয়েছে, সেদিন থেকে সে আক্রমণকে কম্যুনিষ্ট পার্টি অভিনন্দন জানিয়েছে—অবশ্য প্রস্তাব নাই থাকুক কার্যতঃ তারা সফল করবার চেষ্টা করেছিল সেই দিন থেকে এই আর, এস, পি, পেছনে পেছনে গিয়ে কম্যুনিষ্ট পার্টির শক্তিকে মজবুত করেছে।

(নয়েজ)

শ্রীনির্মল দাস বলেছেন যে, এই ইমারজেন্সী এই সরকারের হাতে থাকুক তা চান না—কেন চান না? —যে সরকার জনসাধারণের ভোটে নির্বাচিত হয়েছেন, সে সরকারের বিরুদ্ধে আপনারা প্রস্তাব এনে গত একদিন আগে আপনারা ভোটে সেই প্রস্তাব পাস করাতে পারেন নি, সে সরকার এই সেদিন যে ৫টা উপনির্বাচন হয়ে গেলো তাতে, যাতে জনসাধারণের অধিকার ছিল, যদি এই সরকারকে তাঁরা না চান তাহলে তাঁদের পক্ষ থেকে কংগ্রেসের যারা প্রার্থী ছিলেন তাদের ভোট না দেওয়া —কিন্তু তাঁরা বিপুল ভোটাধিক্যে প্রমাণ করে দিয়েছে এই সরকারের উপর সম্পূর্ণ আস্থা রাখেন জন-সাধারণ। কম্যুনিষ্ট পার্টি বলছেন—যেমন দেবী বোস মহাশয় একটু আগে বললেন যে ভোটে জিতেছেন নাগরিকদের এরেষ্ট করে। কি শিশু নাবালকের দল—কয়টি লীডার শুধু জেলে আছেন বলে নির্বাচন তাঁদের পণ্ড হয়ে গেলো—নিজেদের শৈশবত্ব ও নাবালকত্ব তাঁরা এখনও কাটিয়ে উঠতে পারেন নি। তাই ১৫জন এম এল এ এবং এম এল সি জেলে থাকায় তাঁরা হেরে যান। তারা আবার বলেন যে জনসাধারণ তাঁদের বিশ্বাস করে। কংগ্রেস সরকারকে চায়। কেন তাঁরা এরেষ্ট হলেন?—বাংলাদেশের সরকার বলে দিয়েছিলেন যে "আমরা কাউকে এরেষ্ট করতে চাই না"।—তারপর কেন এই ১৩৫ জন লোককে ডিটিনসনে আনতে হোল তা জানতে চাই। যখন

তাঁদের সম্বন্ধে প্রত্যক্ষভাবে সরকারের বিরুদ্ধে সাহায্য করা প্রমাণিত হয় তখন তাদের ধরা হয়। তাঁরা কথায় কথায় বলেন ময়দানের সভাতে আমাদেরই সভাপতি তাঁদের ছেড়ে দিতে বলেছেন। হায় ভগবান? ওঁদের যে নাবালক বলছিলাম ওঁরা নাবালকও নয় একেবারে মাতৃক্রোড়ের শিশু। তাই কংগ্রেস সভাপতির সার্টিফিকেট নিয়ে আজ তাদের রাজনীতির আসরে নামতে হয়। কংগ্রেস সভাপতি বলেছিলেন—যে ছেড়ে দাও ওদের। আমরাও ছেড়েও দিতাম—কংগ্রেস সভাপতির সমস্ত নির্দেশ আমরা মাথাপেতে নিই—আমাদের সরকারের সংগে কংগ্রেসের নিবিড় সূত্র যোগ আছে —কিন্তু কেমন করে দেওয়া যাবে যদি দেখা যায় যে ওদের সংগে প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে চীনের পক্ষকে তারা সাহায্য করছে সেজন্য সম্ভব হয়নি। যারা বলছেন সে এই প্রতিরক্ষার ব্যবস্থাকে দুর্বল করেছে এই সরকার, মানুষের ভিতরে ডিফেন্স এর স্পিরিট নষ্ট করেছে। আমি জিজ্ঞাসা করি মাননীয় অধ্যক্ষ মহাশয়—যে তা কি করে হয়েছে? এবং এ ব্যাপারে আমি আপনাদের সামনে কতকগুলো তথ্য আনতে চাই এই সরকারের মুখ্যমন্ত্রী এবং এই দেশের যিনি রাজ্যপাল তাঁরা দুজনে প্রতিরক্ষা ব্যবস্থার জন্য ৪ কোটি ৭৫ লক্ষ্য ৭৭ হাজার ৬৪৯ টাকা যোগাড় করেছে। আপনারা বলবেন যে তা দিয়েছিল দেশপ্রেমিক নাগরিক। কিন্তু তা দেবার পর প্রতিরক্ষার কাজ ভাল ভাবে হচ্ছে না বলে তাদের মন ভেঙ্গে গিয়েছে—এবং তারা আর দিচ্ছে না। তাহলে আমি বলবো যে গত নভেম্বর অর্থাৎ ইমারজেন্সি ডিক্লেয়ার হবার পর থেকে আজ পর্যন্ত ন্যাশনাল সেভিং সার্টিফিকেট এবং স্মল সেভিং সার্টিফিকেটে মানুষ কত টাকা দিয়েছে তা দেখুন।

[5-50—6 p.m.]

আজকে এই মাসেও দিয়েছে। যদি তার প্রমাণ আপনাদের সামনে তুলে ধরি তাহলে দেখবেন মন ভাঙ্গাতো দূরের কথা সরকারের সুদৃঢ় করবার জন্য নিজেরা কষ্ট সহ্য করে তারা ইতিমধ্যেই ৪ কোটি ৫৪ লক্ষ টাকা সরকারকে দিয়েছে। যেখানে ১৯৫৯-৬০ সালে ওরা দিয়েছিল মাত্র ৯ কোটি ৮৫ লক্ষ টাকা সেখানে ১৯৬২-৬৩ সালে ১৪ কোটি ১৫ লক্ষ টাকা আমাদের ইতিমধ্যেই উঠে গিয়েছে এই জুলাই মাসের ২রা তারিখে। এবং আমি গর্বের সংগে জানাতে চাই সারা ভারতবর্ষের প্রতিটি রাজ্যে স্মল সেভিং এবং ন্যাশনাল সেভিংএ যে টাকা উঠেছে পশ্চিম বঙ্গ তার মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। অতএব যদি দেশের জনসাধারণ প্রতিরক্ষা ব্যবস্থায় আমাদের সংগে না থাকতো তাহলে দিতে পারতো না। দেখা থাক প্রডাকশন বেড়েছে কিনা। শ্রীনিখিল দাস বললেন প্রডাকশন তেত্রিশ পার্সেন্ট বেড়ে গিয়েছে। যদি বেড়ে থাকে তাহলে ইমার্জেন্সি আমরা মিস ইউজ করছি এ প্রশ্ন উঠে কেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার সময় খুব অল্প, সংক্ষেপে আমি দু চারটি কথা বলবো। যখন মাননীয় শ্রীমোহন ঠাকুর মহাশয়ের প্রস্তাবটি দেখলাম আমাদের এই জরুরী অবস্থা এখন তুলে দেবার জন্য আমার খানিকটা হাসি পেয়েছিল। জরুরী অবস্থা পশ্চিমবাংলা সরকার ঘোষণা করেনি, পশ্চিমবংগের মুখ্যমন্ত্রীও নয়, পশ্চিমবংগের মহামান্য রাজ্যপালও নয়, পশ্চিমবংগ সরকার রেকমেণ্ডও করেনি। ২৬শে অক্টোবর তারিখে আমাদের মহামান্য রাষ্টপতি জরুরী অবস্থা ঘোষণা করলেন। জরুরী অবস্থা ঘোষণা আমাদের কনস্টিটিউশন অনুসারে হয়। আর্টিকেল ৩৫২, ৩৫৩, ৩৫৪, যদি দেখেন তাহলে দেখবেন জরুরী অবস্থা কোন সময় হয়, কেন হয়, কখন হয়, এবং কার দ্বারা হয় সে নির্দেশে সেখানে দেওয়া আছে। আমাদের আর্টিকেল ৩৫২ তে বলা আছে

If the President is satisfied that a grave emergency exists whereby the security of India or of any part of the territory thereof is threatened, whether by war or external aggression or internal disturbance, he may, by Proclamation, make a declaration to that effect.

কিন্তু মহামান্য রাষ্ট্রপতি এই জরুরী অবস্থা ঘোষণা করলেই যে জরুরী অবস্থা চিরকাল থাকবে তা নয়। তার দুই মাসের মধ্যেই আমাদের পার্লামেন্টের কাছে—পার্লামেন্টের উভয় হাউসের কাছে —এটা উপস্থাপিত করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ২৬সে অক্টোবর ১৯৬১-৬২ সালে জরুরী অবস্থা ঘোষণা করবার পর দুই মাসের মধ্যেই আমাদের পার্লামেন্টের দুইটি হাউসেই এই জরুরী অবস্থাকে তাদের সমর্থন দিয়েছে। কাজে কাজেই আমাদের এখানে, আমাদের পশ্চিম বাংলার একটি কেন্দ্রের মাননীয় সদস্য, বর্দ্ধমান জেলার কেতুগ্রাম থানার একজন মাননীয় সদস্য

তিনি আমাদের ভারতবর্ষে এই জরুরী অবস্থায়, এই সংকটজনক অবস্থায় এই যে ইমার্জেন্সি তা প্রত্যাহার করতে বলেছেন তাতে আমার হাসি পেয়েছিল। কাণার হাতী দেখা যেমন এও ঠিক সেই রকম। আমাদের উত্তর সীমান্তের অবস্থা কি, আমাদের উত্তর-পশ্চিম সীমান্তের অবস্থা কি, চীন দেশের মনোভাব কি, পাকিস্থানের মনোভাব কি, এই সমস্ত বিষয় আলোচনা করে, এই সমস্ত জেনে আমাদের মহামান্য রাষ্ট্রপতি এই জররী অবস্থা ঘোষণা করেছিলেন।

পাকিস্থানের মনোভাব কি এই সমস্ত বিষয় আলোচনা করে এই সমস্ত বিষয় জেনে আমাদের মহামান্য রাষ্টপতি জরুরী অবস্থা ঘোষণা করেছিলেন। এই সমস্ত জিনিষগুলি বুঝে আমাদের পার্লামেন্টের উভয় হাউসই এটা সমথন করেছিলেন—অনুমোদন করেছিলেন। কাজে কাজেই আমরা এখানে এই প্রশ্ন নিয়ে আলোচনা করতে পারি কিনা সেটা ভেবে দেখা উচিৎ। এই ইমার্জেন্সি আমরা ঘোষণা করিনি। কাজে কাজেই আমরা এখানে আলোচনা করতে পারিনা এইটেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম। আবার ভেবেছিলাম যে ২৬শে অক্টোবর থেকে এই ইমার্জেন্সী ঘোষণা করার পর আমাদের পার্লামেন্টে ইমার্জেন্সী অনুমোদিত হবার পর আমাদের এখানে তার কয়েক দিন পরে ১৯শে নভেম্বর ১৯৬২ আমাদের সমস্ত দলের লোকেরা সর্বাদীসম্মতিক্রমে কংগ্রেসের আর, সি, পি, আই এর আর, এস, পি এর সব লোক কম্যুনিষ্ট পার্টি, ফরওয়ার্ড ব্লক, আর, এস, পি স্থানীয় সমস্ত দলের লোকেরা এক সংগে বসে নয়, হাত তুলে নয়, উঠে দাড়িয়ে তারা এই ইমার্জেন্সীর প্রতি সমর্থন জানিয়েছিলেন। আজকে হাউসে যখন এই বক্তৃতা শুনছিলাম বিভিন্ন বিরোধীপক্ষের বন্ধুদের তরফ থেকে। তখন দেখেছিলাম যে বিরুদ্ধপক্ষের বন্ধুরাও এবিষয়ে একমত নন। আজকে পি, এস, পি, বন্ধুরা তারা আমাদের গালি দিচ্ছেন আমরা ভাল নয়, আমাদের কাজ ঠিক নয়। কিন্তু আজকে একথা তারা বলেন নি যে ইমার্জেন্সী তুলে দাও—আমাদের ফরওয়ার্ড ব্লকের বন্ধুরা তারা অতুল্যবাবুর ঠাণ্ডা ঘর হয়েছে কিনা সরকারী খরচে—এই বিরাট একটা মস্তবড় জিনিস যাতে নাকি দেশের শান্তি শৃঙ্খলা ব্যাহত হয়ে যাবে সেই কথা তুলেছিলেন—সর্বনাশ হয়ে যাবে যদি অতুল্যবাবুর সেই বাঁকুড়া জেলার একটি গণ্ডগ্রামে একখানি ঘর হয় সেখানে এখনও বিদ্যুৎশক্তি যায়নি ঠাণ্ডা ঘরের কোন রূপ সেখানে নেই। শ্রীমতী মৃদুলা ব্যানার্জী যিনি দেশবন্ধুর দৌহিত্রী তাঁর সম্বন্ধে আমাদের ফরওয়ার্ড ব্লকের একজন বন্ধু বলেছেন

(নয়েজেস এ্যাণ্ড ইন্টারাপশনস)

Dr. Kanai Lal Bhattacharya :

আমাদের কথা উনি শুনেন নি, স্যার এখানে ভুল ভাবে রিপ্রেজেন্ট করলে ঠিক হবে না—ইউ উইল সি আওয়ার এমেণ্ডমেন্ট। আমরা ইমার্জেন্সী একেবারে তুলে দিতে বলিনি।

The Hon'ble Prafulla Chandra Sen :

সেই কথা বলুন। ফরওয়ার্ড ব্লকের বন্ধুরা ইমার্জেন্সী রাখতে বলছেন। কিন্তু এই সভাতে শ্রীযুক্তা মৃদুলা ব্যানার্জী কোথায় কি করেছেন সে কথা আসে কি করে। আমার মাননীয় বন্ধু শ্রী সিদ্ধার্থ রায় সে কথা বলেছেন অনুগ্রহ করে প্রফুল্লবাবুর কাছে চিঠি লিখে দিন। যদি লিখে দেন অনুসন্ধান নিশ্চয় করব। কিন্তু যা বলেছি—আমাকে লিখে দিতে হবে। সাহস যদি থাকে, চরিত্র বল যদি থাকে তাহলে তাদের লিখে দিতে হবে।

(নয়েজেস এ্যাণ্ড ইন্টারাপশনস)

[6—6-10 p.m.]

লিখে দেবেন, আমরা অনুসন্ধান করব, কিন্তু আপনাদের সেই সৎসাহস নেই। এখানে জঘন্য ভাষায় হীন মনোভাব নিয়ে যদি কোন ভদ্র মহিলার সম্পর্কে কোন কথা বলেন যিনি এখানে উপস্থিত হয়ে জবাব দিতে পারেন না,—সেই সব কথা অনুগ্রহ করে লিখে জানাবেন, ভারতের প্রধান মন্ত্রীর কাছেই না হয় লিখে জানাবেন। কিন্তু বড়ই দুঃখের বিষয় সেই সৎসাহস তাঁদের নাই।

আমার বন্ধু পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় খাদ্যের কথা বলেছেন। খাদ্য বিতর্কে তিনদিন পার হয়ে গিয়েছে। খাদ্যের মূল্য বৃদ্ধির জন্য এবং অন্যান্য খুচরা কারণের জন্য তাঁরা আমাদের এই মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাঁরা প্রত্যেকটি অনাস্থা প্রস্তাবে পরাজিত হয়েছেন। একটা অনাস্থা প্রস্তাবে তাঁরা পেয়েছেন ৫৬ ভোট, আমরা পেয়েছি ১৫০ ভোট, আরেকটা অনাস্থা প্রস্তাবে তাঁরা পেয়েছেন ৫৬ ভোট, আমরা পেয়েছি ১৫২। তৃতীয় অনাস্থা প্রস্তাবে

তাঁরা পেয়েছেন ৫৬ ভোট, আমরা পেয়েছি ১৫৯ ভোট। একটা কোন রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য তারা এই সব অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছিলেন, দেশের নিরাপত্তার জন্য তাঁদের কোন উদ্বেগ নাই।

পশ্চিমবাংলার কম্যুনিষ্ট পার্টি সম্বন্ধে আমি বিশেষ কিছু খুলে বলতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহোদয় অন্ধ্রেতে নয়, মহারাষ্ট্রে নয়, বোম্বেতে নয়, এমন কি আসামে পর্য্যন্ত ততদূর নয়, যতদূর কম্যুনিষ্ট পার্টি পশ্চিমবাংলার সংকট সৃষ্টি করেছেন। কেন? তাঁরা একমত নন—আমরা জানতাম কম্যুনিষ্ট পার্টি বুঝি একমত, কিন্তু তাঁরা একমত নন। তাদের মধ্যে দুটো ভাগ স্পষ্ট এবং আমার কাছে যেসব তথ্য আছে যার উপর ভিত্তি করে কম্যুনিষ্ট পার্টির চীনের পক্ষে যাঁরা, যাদের আমরা গ্রেপ্তার করেছি তাঁদের সংগে এখানে যাঁরা আছেন তাঁদের অনেকেরই মত মেলেনা বলেই আমরা তাঁদের গ্রেপ্তার করতে বাধ্য হয়েছি। শ্রীমতী ইলা মিত্রকে, শ্রীচৌবেকে আমরা ছেড়ে দিয়েছি। আমরা সকলকেই ছেড়ে দিতে রাজী আছি যদি আমরা বুঝি তাঁরা আমাদের দেশের নিরাপত্তা বিঘ্নিত করবেন না। আজকে সেজন্য কম্যুনিষ্ট পার্টির স্বরূপ কি আমাদের পরিস্কার ভাবে বুঝা উচিৎ। পশ্চিমবংগ অন্য কোন প্রদেশে দিকে তাকাবেনা, আমাদের প্রদেশের কথা আমরা ভালভাবে জানি। আমি আমাদের প্রদেশের দায়িত্ব নিয়েছি—(নয়েজ) যারা চেঁচিয়ে হাউসের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চান

Shri Jamini Bhusan Saha : On a point of order, Sir,

তিনি বল্লেন চেঁচিয়ে যারা হাউসের মধ্যে বাধা সৃষ্টি করতে চান—

Mr. Speaker : That is no point of order.

Shri Jamini Bhusan Saha :

এটা কি হাউসের প্রতি এ্যাসপারসন নয়?

Mr. Speaker :

এটা কোন পয়েন্ট অফ অর্ডার নয়। আপনি অনবরত ইন্টারাপ্ট করছেন।

The Hon'ble Prafulla Chandra Sen :

আমি পশ্চিমবাংলার কম্যুনিষ্ট পার্টির আভ্যন্তরীণ অবস্থা সম্পর্কে বলছিলাম—তাঁরা বুকে হাত দিয়ে বলুন তাঁদের মধ্যে কে চীনপন্থী। তাঁরা যদি পশ্চিমবংগের কম্যুনিষ্টদের কোন চীন পন্থী কেউ নাই তাহলে আমি বলব সেটা সত্য কথা নয়। আমাদের কাছে যে সব দলিলপত্র আছে তা থেকে আমরা জানি পশ্চিমবংগের কম্যুনিষ্টদের মধ্যে পরিস্কার দুটো ভাগ—একটা ভাগ হচ্ছে চীপনন্থী, আরেকটা ভাগ হচ্ছে সোভিয়েত রাশিয়ার পক্ষে। ভারতবর্ষ যে নীতি গ্রহণ করেছে—ভারতবর্ষ কারোর সংগে ঝগড়া করতে চায়না। ভারতবর্ষ সবসময় প্রস্তুত আছে একসঙ্গে বসে মিটমাট করবার জন্য, সেজন্য যখন কলম্বো প্রস্তাব হয় তখন ভারত সরকার রাজী হন আলোচনা করবার জন্য। এখনো রাজী আছেন, কিন্তু সোস্যালিষ্ট চীনা রাজী নয়, এটা সবাই জানেন। ভারতের নন্ এ্যালায়েনমেন্ট পলিসির মধ্যে তাঁওতা আছে অনেকে একথা বলেছেন, অনেকে একথাও বলেছেন ভারতবর্ষ আমেরিকার দিকে চলে গিয়েছে। যারা সোস্যালিষ্ট তাদের যে রাষ্ট্রনীতি, তাঁদের যে রাষ্ট্রনীতি তার সংগে আমাদের মিল নাই। কিন্তু আমরা সহাবস্থান নীতিতে বিশ্বাস করি, এবং আন্তরিকতার সংগে বিশ্বাস করি বলেই আজো রাশিয়াও আমাদের পক্ষে। আজকে চীন ছাড়া সমস্ত পৃথিবীর লোক ভারতবর্ষের পক্ষে।

আমরা খরচ করতে চাই না। বাধ্য হয়ে কেন্দ্রীয় সরকার ৮০০ কোটি টাকার অধিক ডিফেন্স বাজেট করেছেন। সোস্যালিষ্ট চীনা যদি আমাদের দেশ আক্রমণ না করত, এমনকি যদি কলম্বো প্রস্তাব মেনে নিত তাহলে অমাদের দেশবাসীর ট্যাক্স বসাতে হত না।

[6-10—6-21 p.m.]

আশ্চর্যের বিষয়। আজকে সমগ্র ভারতবর্ষের ধনী, দরিদ্র, মধ্যবিত্ত লোকেরা উৎপাদন বাড়াবার জন্য চেষ্টা করছে এবং চীনা হামলাকে প্রতিরোধ করবার জন্য এক হয়ে দাঁড়িয়েছে। এটা অবশ্য খুবই সত্য কথা যে আমাদের দেশে এমন জিনিস অনেক কিছু রয়েছে যার জন্য গরীব এবং মধ্যবিত্তদের কষ্ট হচ্ছে। অন্য দিকে বড়লোকরাও বলছে আমাদের ভয়ানক কষ্ট হচ্ছে কারণ আমরা যা লাভ

করি তার অধিকাংশ এবং এমন কি কোন কোন ক্ষেত্রে লাভের চেয়ে বেশী টাকা ট্যাক্স হিসেবে নেওয়া হচ্ছে। এখন আসল কথা হচ্ছে সকলকেই কষ্ট করতে হবে এবং অত্যন্ত গর্বের কথা হচ্ছে যে সকলেই হাসিমুখে সেই কষ্ট স্বীকার করছে। তা যদি না করত তাহলে আমার বিরোধী দলের বন্ধু হেমন্তবাবু অমরবাবু এবং কমিউনিস্ট পার্টি, আর, সি, পি আই এবং পি, এস, পি-র বন্ধুরা জানেন যে এর পূর্বে যেসব খাদ্য আন্দোলন হয়েছিল তাতে কিন্তু নেতাদের উপোস করতে হয়নি। অথচ এবারে উপোস করা সত্বেও লোক আসেনি। এত দুঃখ, এত কষ্ট, এত মূল্যবৃদ্ধি, এত ট্যাক্স এবং তারপর এত আন্দোলন কিন্তু দেশবাসী তাঁদের পেছনে নেই। আপনারা সকলে স্মরণ করুণ ১৯৫৯ সালে কি ভয়ানক খাদ্য আন্দোলন হয়েছিল এবং তাতে কি অবস্থা হয়েছিল। সেই যে খাদ্য আন্দোলন হয়েছিল তাতে একটা রহস্য ছিল এবং সেই রহস্যের কথা ফরওয়ার্ড ব্লক, পি.এস.পি., আর. সি.পি. আই. কেউ জানতেন না। ১৯৫৯ সালে কমিউনিষ্ট পার্টি যখন খাদ্য আন্দোলন আরম্ভ করল তখন লাডাকের ওখানে চীনা সৈন্য আক্রমণ করে এবং তারা ভেবেছিল ভারতবর্ষের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করে বিপ্লব আনবে। স্যার, পূরবী মুখার্জী কমিউনিষ্ট পার্টি সম্বন্ধে যে কথা বলেছেন তাতে তাঁরা রুষ্ট হয়েছেন, কিন্তু তাঁরাই আজকে খাদ্য আন্দোলন করবার জন্য কমিউনিষ্ট পার্টিকে সামনে আসতে দিয়েছেন। যাহোক, এখন কথা হচ্ছে খাদ্য সমস্যার সমাধান করবার জন্য আমরা চেষ্টা করছি। তবে খাদ্যের দাম বৃদ্ধি শুধু যে পশ্চিমবাংলায় হয়েছে তা নয়, সমস্ত প্রদেশেই হয়েছে—আসামে হয়েছে, ত্রিপুরায় হয়েছে। আমাদের প্রদেশে আমাদের কোন ত্রুটির জন্য বা আমাদের কোন অপরাধের জন্য খাদ্য সমস্যা সৃষ্টি হয়েছে তা নয়। সেদিন পাকিস্তান থেকে আমার একজন বন্ধু এসে বললেন যে, ৩৮ টাকার কম চাল পাওয়া যায় না এবং আরও বললেন যে এমন দুঃখ কষ্ট হচ্ছে যা দেখা যায় না। যাহোক, এখন কথা হচ্ছে আমাদের এখানে যে মূল্য বৃদ্ধি হয়েছে এটা হঠাৎ হয়নি বা পশ্চিমবঙ্গ সরকার করেনি—ভারতবর্ষের প্রায় প্রত্যেক প্রদেশেই এটা হয়েছে। তারপর ইমারজেন্সী তুলে দেবার কথা যা হয়েছে তাতে আমার বক্তব্য হচ্ছে যে ইমারজেন্সীর জন্য আমরা দায়ী নয়, কমিউনিষ্ট পার্টি দায়ী সেই ইমারজেন্সী আমরা ভুলতে পারি না। আমাদের অন্যান্য দোষত্রুটির দিকে ফরওয়ার্ড ব্লক, আর.এস.পি. এবং আর. সি.পি.আই-র তরফ থেকে যে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে সেটা আমরা কেমন করে ভুলতে পারি। তবে কমিউনিষ্ট পার্টি এই যে প্রস্তাব এনেছেন— অর্থাৎ তাঁদের তরফ থেকে শ্রীমোহন বাবুর এ প্রস্তাব এনেছেন সেটা আমি গ্রহণ করছি না এবং আমি মনে করি আমাদের যা কিছু দোষত্রুটি থাক না কেন কমিউনিষ্ট পার্টি বাদে বিরোধী দলের কোন পক্ষের লোক এই প্রস্তাবের পক্ষে ভোট দেবেন না এই কথা বলে এই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kamal Kanti Guha that in line 1, after the words "to move that" the following be added :

> "while there are sufficient reasons to believe that emergency should continue, it is no denying the fact that the Government, by its different anti-people policies, has failed to make the people emergency-minded. It can be said without the fear of contradiction that the Government is using the present situation for petty party interests and is allowing the profiteers and black-marketeers to exploit the situation in their own way."

was then put and lost.

The motion of Shri Kashi Kanta Maitra.—that in line 1 after the words "That in view of the changed circumstances" tabled by Shri Shreemohan Thakur, the following be substituted:

> "......... as evidenced by further accentuation of political and international crisis, created by the deliberate aggressiveness of Communist China and the reported aggravation of the border situation and the slogan raised by Communist China that war being the highest form of struggle is inevitable, and essential for establishing world communism and its denunciation of the theory of peaceful co-existence of different States and the existence of a third road, and in view of the deepening of the international crisis by reasons its blatant condemnation of the theoretical stand taken by Soviet Union and the Socialist Democratic forces in the world on the fundamental question of socialism and so-called inevitability of war, and in view of the

reported massing of Chinese troops and the military build-up by China all along the Himalayan border and the bellicose attitude of Red China and Pak Government signing of the Border Pact and Air Pact between Pakistan and Red China on the one hand, and the signing of a Naval Pact between Red China and Ceylon on the other, and in view of the protests voiced by different sections of the patriotic countrymen against the utter negligence and failure of the State and Union Governments to maintain conditions essential for sustaining an emergency and creating an atmosphere of national solidarity, and in view of gross abuse of emergency powers by the ruling party jeopardising the national interests, and the utter failure of the Union and State Governments to meet the national crisis and face the challenge by thorough reorientation of the economic and social policies so as to release forces of social change which could ensure enthusisstic participation of the people in the defence efforts and at the same time bringing about full mobilisation of human and economic resources of the country, failure to ensure social and economic justice to the working people, who have made unique contribution to defence efforts and who came forward gallantly to make supreme sacrifice to save their motherland from naked Chinese aggression, failure of the Government to root out corruption, failure to pursue with religious scrupulousness the stringent programme of austerity at the Governmental and administrative levels, failure to curtail the size of thi unweildy and expensive Council of Ministers of this State, and failure tos prevent waste, pomp, pageantry,.etc;

This House records its strong condemnation of these various acts of commission and omission and inefficiency of the Government at all levels and utilisation and exploitation of the situation prevailing in the country since after the proclamation of emergency by the ruling party to secure monopolisation of power and cymical disregard of the views of the Democratic Patriotic Nationalist Opposition in the State, and demands that conditions be immediately created to make the whole nation, particularly the people of this border State, feel that there is real national emergency in the background of latest developments and that emergency powers be invoked forthwith to crush anti-national, anti-social, anti-people forces in the country and smash the conspiracy of the industrial, commercial tycoons, monopolits the corrupt functionaries of the State, the food racketers, proffiteers, black-marketeers, smugglers, to hold the price line, enforce the Industrial Truce Resolution, punish the defaulting employers who are violating the said Resolution, to prevent retrenchment, unfair labour practice, etc., to stop all evictions from land of tenants and share-croppers and cultivators in general, to stop any Bus fare, Tram fare rise as has been threatened, to prevent imposition of unwarranted load of arbitrary Compulsory Saving Deposit on the working people and to secure rehabilitation of the gold artisans render unemployed by the Gold Control Order, to save the country from economic crisis and the present political demoralisation born of policy of keeping the nation divided into haves and have-nots, and to uphold the sovereignty, political and territorial integrity of the country and the liberty of the people;

This House further demands that a Consultative Body consisting of the the members of different political parties of this House be formed to examine working and implementation of emergency powers in this State".

was then put and lost.

The motion of Shri Anadi Das that in lines 1 and 2, for the words "in view of the changed circumstances in the country", the following be substituted:—

"whereas the vast powers assumed by the Government by the declaration of the Emergency have not been used either for strengthening the country against the external and the internal threat but only to strengthen the vested interests who are actually engaged in weakening the country's defence capability, production and above all destroying the morale of the people and indeed also of the armed forces by their unbridled profiteering, black-marketting, inflation and whereas Emergency powers are being used for furtherance of anti-national policy of leaning on reactionary and imperialist forces and whereas the Emergency powers are being used against the common people in all spheres of their lives and particularly against their hard earned rights and liberties."

was then put and lost.

The motion of Shri Nikhil Das that in lines 1 and 2, for the words "in view of the changed circumstances in the country" the following be substituted:

"in view of the Government's failure to hold the price line and to prevent profiteering of the capitalists and businessmen and also to check over-ambitious effort of the industrialists to inflict extreme hardship on the workers taking advantage of the Industrial Truce Resolution and in view of the failure of the Government to safeguard the interest of the common people"

was then put and lost.

The motion of Shri Jamini Bhusan Saha that in view of the changed circumstances in the country and in view of the demand voiced by the different sections of the public for lifting emergency the House requests the Government of West Bengal to urge upon the Government of India for immediate lifting of the emergency, was then put and a division taken with the following result:—

NOES—109

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abul Hashem, Shri
Adhikary, Shri Sailendra Nath
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Basu, Shri Abani Kumar
Basu, Shri Hementa Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee

Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Shri Sunil
Das Gupta, Dr. Susil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charu Shila
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamal Kanti
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Jagadish Chandra
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Kolay, The Hon'ble Jagannath
Kuiry, Shri Daman
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Padak
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Girish
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maitra, Shri Kashi Kanta
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Kundru
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Shiddheswar

Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Sekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Shukla, Shri Krishna Kumar
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Sinha, Kumar Jagadish Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Indu, Shrimati Tushar

AYES—22

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jagat
Bhaduri, Shri Panchu Gopal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Dhibar, Shri Radhika
Golam Yazdani, Dr.
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Mitra, Shrimati Ila
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Thakur, Shri Shreemohan

The Ayes being 22 and the Noes 109, the motion was lost.

Adjournment

The House then adjourned at 6-21 p.m. till 12 noon on Monday, the 5th August, 1963, at the Legislative Building, Calcutta.

Index to the

WEST BENGAL LAGISLATIVE ASSEMBLY PROCEEDINGS

(Official Report)

Vol. XXXVI—No. 1—Thirty-Sixth Session (July-September 1963)

(The 15th, 16th, 17th, 18th, 19th, 22nd, 23rd, 24th, 25th, 26th, 29th, 30th, and 31st July and 1st and 2nd August, 1963)

[(Q.) Stands for question.]

Abdul Bari Moktar, Shri

Debate on food situation: p. 237.

Abul Mansur Habibullah, Shri

Debate on No-confidence Motion: pp. 322-326.

Abul Mansur Habibullah, Shri Syed

Ratification of Constitution (Fifteenth Amendment) Bill, 1963: p. 428.

The West Bengal Zilla Parishads Bill, 1962: pp. 1068-1070.

Acharya Vinoba Bhabe

Expenditure in connection with the visit of—(Q): p. 851.

Acharya Vinoba Bhave's Tour

Expenditure on—in West Bengal, (Q): p. 60.

Acharya Vinoba Bhave

Tour of—in West Bengal (Q): p. 360.

Acharya Vinoba Bhabe Reception Committee of Calcutta, (Q):
p. 551.

Adhikary, Shri Sailendra Nath

Insistence to withdraw some objectionable remarks made on some fasting member of the House: p. 144.

Mayna Basin Scheme (Q): p. 661.

Non-official Resolution: pp. 641-642.

The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1963: p. 489.

The West Bengal Zilla Parishads Bill, 1962: pp. 593-595, 718-720, 786, 833.

The West Bengal Zilla Parishads Bill, 1963: pp. 882, 888, 891, 905.

Adjournment Motion(s)

